সম্প্রতি মদ্বৈরী হরির বধ সাধনবিষয়ে সহসা আমার কি কর্ত্তব্য? গর্ভস্থিত এই হরিকে বিনাশ করাও কর্ত্তব্য নহে, কারণ লোক স্বার্থপর হইলেও স্বপরাক্রম নষ্ট করে না, অধুনা ইহার বধে আমার বীরত্ব ও বিক্রম নাশ হইবে সন্দেহ নাই। অতএব এই গর্ভগত হরি গর্ভ হইতে বহির্গত হইয়া যথাসময়ে তরুণাবস্থা প্রাপ্ত হইলে ইহার সহিত সংগ্রাম করিয়া জয় বা পরাজয় হইলেও জগতে আমার বিক্রম বিদ্যমান থাকিবে, পরন্তু গর্ভ-বধে বিক্রম কিছুই নাই। কিংবা স্বার্থপর পুরুষেও আপন বিক্রম বিনষ্ট করে না, যদিও বিষ্ণু এখন দেবকার্য সাধনার্থ গর্ভমধ্যে অবস্থিতি করিতেছেন সত্য, তথাপি স্বপরাক্রম প্রকাশ করিয়া অবশ্যই আমার সহিত যুদ্ধ করিবে এবং আমার নিকট নিশ্চয়ই পরাভব হইবে, অতএব অধুনা গর্ভগত হরিকে বিনাশ করিলে আমার কেবল বিক্রম-হানিত্ব হইবে এমন নহে, পরন্তু ধর্ম্মাদিহানি পর্য্যন্তও হইবে, কারণ গর্ভবধে দেবকীর বধ অবশ্যম্ভাবী এবং দেবকী স্ত্রী-জাতি তাহাতে আবার ভগিনী, বিশেষতঃ গর্ভিণী, এই অবস্থায় ইহার বধ-সাধন সদ্যই আমার যশশ্রী ও আয়ু নষ্টের কারণ হইবে, অতএব আমি স্বার্থপর হইলেও আপন পরাক্রম পরিত্যাগ করিয়া দেবকীর বধ সাধনে প্রবৃত্ত হইতে পারি না।২১

যে ব্যক্তি অত্যন্ত ক্রূরভাব আবরণ দ্বারা জীবন ধারণ করে, সে জীবিত থাকিলেও মৃততুল্য। মনুষ্যসকল জীবদ্দশাতে বা মরণান্তে তাহাকে “রে পাপিন্! কুম্ভীপাক নরকে পতিত হও” এই বলিয়া অভিসম্পাত করিয়া থাকে। পরের অনিষ্ট করিয়া যে ব্যক্তি আপন দেহ পোষণ করে, সে দেহান্তে অন্ধতম নামক নরকে গমন করে।২২

ইতি ঘোরতমাদ্ভাবাৎ সন্নিবৃত্তঃ স্বয়ং প্রভুঃ।
আস্তে প্রতীক্ষংস্তজ্জন্ম হরের্বৈরানুবন্ধকৃৎ ॥২৩
আসীনঃ সংবিশংস্তিষ্ঠন্ ভুঞ্জানঃ পর্য্যটন্ মহীম্।
চিন্তয়ানো হৃষীকেশমপশ্যৎ তন্ময়ং জগৎ ॥২৪
ব্রহ্মা ভবশ্চ তত্রৈত্য মুনিভির্নারদাদিভিঃ।
দেবৈঃ সানুচরৈঃ সাকং গীর্ভির্বৃষণমৈড়য়ন্ ॥২৫

প্রভুঃ কংসঃ ইতি ঘোরতমাৎ ভাবাৎ স্বয়ং সন্নিবৃত্তঃ। বৈরানুবন্ধকৃৎ শত্রুতানির্ব্বন্ধপরঃ সন্ হরেঃ তৎ জন্ম প্রতীক্ষন্ আস্তে ॥২৩

আসীনঃ, সংবিশন্, তিষ্ঠন্, ভুঞ্জানঃ, পর্য্যটন্, পিবন্ হৃষীকেশং বিষ্ণুং চিন্তয়ানঃ কংসঃ জগৎ তন্ময়ং বিষ্ণুময়ম অপশ্যৎ ॥২৪

ব্রহ্মা, ভবঃ, রুদ্রঃ চ নারদাদিভিঃ মুনিভিঃ, সানুচরৈঃ দেবৈঃ চ সাকং সহ গীর্ভিঃ বাগ্‌ভিঃ বৃষণং কামবর্ষিণং বিষ্ণুম্ ঐড়য়ন্ তুষ্টুবুঃ ॥২৫

এই প্রকার বিচার করিয়া কংস ঐ গর্ভপাতাদি ঘোরতর সঙ্কল্প হইতে নিবৃত্ত হইল, যেহেতু সে স্বয়ংই রাজা, তাহাকে বাধা দিবার কেহ নাই, অতএব অন্যের মন্ত্রণাদি দ্বারা নিবৃত্ত না হইলেও অন্তর্য্যামী শ্রীভগবানের বশবর্ত্তী হইয়াই সম্প্রতি এই সাধুভাব অবলম্বন করিল বটে, কিন্তু ভগবান্ শ্রীহরির প্রতি বিদ্বেষভাব রাখিয়া মূঢ়তা-বশতঃ জন্মাদি বিবর্জ্জিত ও বৈরাদি অশেষ দোষহারী বা সর্ব্বমনোহর শ্রীহরির জন্ম প্রতীক্ষা করিতে লাগিল।২৩

বৈরানুবন্ধ-জনিত ভয়ে সেই কংস উপবেশন, শয়ন, অবস্থান, ভোজন, ভ্রমণ এবং পানাদি সর্ব্বাবস্থাতে সর্ব্ব ইন্দ্রিয়ের ঈশ্বর শ্রীভগবান্‌কে চিন্তা করিতে করিতে সমস্ত জগৎ বিষ্ণুময় দেখিতে লাগিল।২৪

সেই সময়ে ব্রহ্মা এবং মহেশ্বর, নারদ, সনক সনন্দপ্রভৃতি মুনিগণের সহিত এবং সানুচর (সগন্ধর্ব্বাদি) দেবগণের সহিত সেই স্থানে আগমন করিয়া বিবিধ রম্য বাক্যে সর্ব্বকামবর্ষী শ্রীভগবান্‌কে স্তব করিতে লাগিলেন।২৫

সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যং
সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে।
সত্যস্য সত্যমৃতসত্যনেত্রং
সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ ॥২৬

সত্যব্রতং সত্যপরং, ত্রিসত্যং কালত্রয়েঽপি সত্যং, সত্যস্য ক্ষিত্যাদীনাং যোনিং কারণং, সত্যে পৃথিব্যাদিষু নিহিতম্ অন্তর্য্যামিতয়া স্থিতং, সত্যস্য পৃথিব্যাদীনাং সত্যনাশেঽপি অবশিষ্যমাণম্ ঋতসত্যনেত্রম্ ঋতসত্যয়োঃ প্রবর্ত্তকং, সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ প্রাপ্তাঃ ॥২৬

ভগবান্ প্রতিশ্রুত বাক্য সত্য করিলেন, ইহাতে আনন্দিত হইয়া দেবগণ প্রথমতঃ সত্যস্বরূপে স্তব করিতে লাগিলেন—হে ভগবন্! আপনার ব্রত অর্থাৎ সঙ্কল্প সত্য; আপনি যাহা বলিবেন, তাহা মিথ্যা হইবার নয়; সত্য দ্বারাই আপনাকে লাভ করা যায়; আপনি তিনকালেই সত্য বলিয়া ত্রিসত্য অর্থাৎ আপনি এই প্রপঞ্চ জগৎ সৃষ্টির পূর্ব্বে ও পরে এবং স্থিতি সময়ে সত্যস্বরূপে বর্ত্তমান আছেন; কারণ, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও আকাশ এই পঞ্চভূতের আপনিই উৎপত্তি স্থান, আর ঐ পঞ্চভূতে লয় হইলেও আপনিই বর্ত্তমান থাকেন, সত্যবাক্য ও সর্ব্বত্র সমদর্শন এই উভয়ের আপনি প্রবর্ত্তক বা এই উভয়ই আপনার প্রাপক, আপনি সত্যস্বরূপ আমরা সর্ব্বান্তঃকরণে আপনার আশ্রয় গ্রহণ করিলাম।

অথবা আপনি যে বলিয়াছেন—যে ব্যক্তি "হে প্রভো! আমি তোমার হইলাম এই বলিয়া একবার মাত্রও যদি শরণাগত হয়, তাহাকে আমি সর্ব্বদা অভয় দান করিয়া থাকি" এই আমার ব্রত, অতএব আমরা শরণাগত হইয়াছিলাম বিধায় আমাদিগকে অভয় দান করিয়া আপনার ব্রত সত্য করিলেন।

একায়নোঽসৌ দ্বিফলস্ত্রিমূল-
শ্চতূরসঃ পঞ্চবিধঃ ষড়াত্মা।
সপ্তত্বগষ্টবিটপো নবাক্ষো
দশচ্ছদী দ্বিখগো হ্যাদিবৃক্ষঃ ॥২৭

(কিঞ্চ হে কৃষ্ণ!) অসৌ (সংসারঃ) আদিবৃক্ষঃ (এব যতঃ অয়ম্) একায়নঃ (প্রকৃত্যাশ্রয়ঃ) দ্বিফলঃ (সুখদুঃখফলঃ) ত্রিমূলঃ (গুণত্রয়মূলঃ) চতূরসঃ (ধর্ম্মার্থাদিরসঃ) পঞ্চবিধঃ পঞ্চেন্দ্রিয়-জ্ঞানপ্রকারঃ ষড়াত্মা (শোকমোহজরামৃত্যুক্ষুৎপিপাসাসমাবৃতঃ সপ্তত্বক্ (ত্বগাদিসপ্তধাতুত্বক্) অষ্টবিটপঃ (ভূতপঞ্চকমনো) বুদ্ধ্যহঙ্কারশাখঃ) নবাক্ষঃ (নবদ্বারচ্ছিদ্রঃ) দশচ্ছদী (দশপ্রাণপর্ণঃ) দ্বিখগঃ (জীবেশ্বরপক্ষিসহিতঃ) চ প্রতীয়তে ॥২৭

স্বভক্ত পালক অন্যান্য দেবতার ন্যায় আপনি অনিত্য অনুৎকৃষ্ট নহেন, কারণ আপনি সর্ব্বকালবর্ত্তী ও সর্ব্বদেশবর্ত্তী ও সর্ব্বকালশ্রেষ্ঠ। কিংবা "কৃষ্ণ সত্যে প্রতিষ্ঠিত হয়েন, কৃষ্ণে সত্য প্রতিষ্ঠিত হয়, সত্য হইতেও সত্য কৃষ্ণ, অতএব কৃষ্ণের নাম সত্য" এই বাক্যানুসারে আপনি সত্যনামক পরমেশ্বর আপনি ত্রিসত্য অর্থাৎ আপনার বুদ্ধি, বল ও কার্য্য সত্য। আপনার অংশসমূহও সত্য, কারণ আপনি মৎস্য-কূর্ম্মাদ্যবতারবৃন্দের উদগমস্থান বা অবতারী। আপনার ধামও নিত্য অর্থাৎ মথুরা-বৈকুণ্ঠাদি লোকে আপনি সর্ব্বদা স্থিত। আপনি সত্যের সত্য, আপনার বিগ্রহ নিত্য। অতএব হে নিত্যস্বরূপ! আমরা এতাদৃশ আপনার শরণাপন্ন হইলাম।২৬

হে প্রভো! আপনি যদি বলেন, "তোমরাও লোকেশ্বর ও মৎসদৃশ, অতএব আমার শরণাপন্ন হইতেছ কেন?" এইরূপ বলিবেন না, কারণ সর্ব্ব সৃষ্ট্যাদির কারণ প্রযুক্ত আপনিই একমাত্র সর্ব্বেশ্বর, আমরা আপনার আশ্রিত, লোকাদিরূপ দ্বৈত প্রপঞ্চ সমস্ত আপনা ভিন্ন কিছুই নাই, সমষ্টি ব্যষ্টি দেহরূপ এই সংসার, অনাদিকালপ্রসূত অথচ নিরন্তর পরিবর্ত্তনশীল বৃক্ষের ন্যায় প্রতীত হইতেছে। এই সংসাররূপ বৃক্ষের মূল বা আশ্রয় একমাত্র প্রকৃতি। সুখ ও দুঃখ এই দুটী ইহার ফল। সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটী গুণ ইহার মূলত্রয়, ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ইহার চারি রস,—শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা, নাসিকা এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ইহার জ্ঞান-প্রকার। জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, বিপরিণাম, অপক্ষয়, বিনাশ এই ছয়টি অথবা শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা এই ছয়টি ইহার স্বভাব। ত্বক্, মাংস, রুধির, মেদ, অস্থি, মজ্জা, শুক্র এই সাতটি ইহার ত্বক্ (বল্কল)। ভূমি, জল, তেজঃ বায়ু, আকাশ, মনঃ, বুদ্ধি, অহঙ্কার, এই আটটি ইহার শাখা। নয়টি ইন্দ্রিয়-ছিদ্র ইহার নয় অক্ষ অর্থাৎ কোটর। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম, কৃকর দেবদত্ত, ধনঞ্জয় এই দশটি বায়ু ইহার দশ পত্র। জীব ও ঈশ্বর এই দুটি এই সংসার বৃক্ষের পক্ষী।২৭

ত্বমেক এবাস্য সতঃ প্রসূতি-
স্ত্বং সন্নিধানং ত্বমনুগ্রহশ্চ।
ত্বন্মায়য়া সংবৃতচেতসস্ত্বাং
পশ্যন্তি নানা ন বিপশ্চিতো যে ॥২৮

অস্য সতঃ (সংসারবৃক্ষস্য) ত্বম্ একঃ এব প্রসূতিঃ (জন্মকারণং) ত্বং সন্নিধানং (লয়স্থানং) ত্বম্ অনুগ্রহঃ (পালকঃ) ত্বন্মায়য়া সংবৃতচেতসঃ ত্বাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ ইতি নানা পশ্যন্তি, যে বিপশ্চিতঃ তে তু তথা ন পশ্যন্তি ॥২৮

এই প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ সংসার-বৃক্ষের আপনিই একমাত্র উৎপত্তির কারণ। আপনিই ইহার লয়ের স্থান। আপনিই ইহার পালক। (যদি বলেন ব্রহ্মা, বিষ্ণু, শিব—ইহারা সৃষ্টি স্থিতি ও পালনের কর্ত্তা আমাকে কেন এইরূপ বলিতেছ; তদুত্তর এই—যাহাদিগের বুদ্ধি আপনার মায়াদ্বারা আচ্ছন্ন, তাহারাই আপনাকে ব্রহ্মাদি স্বতন্ত্র দেবতা

বিভর্ষি রূপাণ্যববোধ আত্মা
ক্ষেমায় লোকস্য চরাচরস্য।
সত্ত্বোপপন্নানি সুখাবহানি
সতামভদ্রাণি মুহুঃ খলানাম্ ॥২৯

ত্বয্যম্বুজাক্ষাখিলসত্ত্বধাম্নি
সমাধিনাবেশিতচেতসৈকে।
ত্বৎপাদপোতেন মহৎকৃতেন
কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিম্ ॥৩০

(এবংভূতঃ) অববোধঃ আত্মা সচ্চিদানন্দঘনৈকমূর্ত্তিঃ ত্বং চরাচরস্য লোকস্য ক্ষেমায় সতাং সুখাবহানি খলানাম্ অভদ্রাণি (বিঘ্নকরাণি) সত্ত্বোপপন্নানি (সাত্ত্বিকানি) রূপাণি মুহুঃ বিভর্ষি ধারয়সি ॥২৯

হে অম্বুজাক্ষ পদ্মপলাশলোচন! অমলসত্ত্বধাম্নি ত্বয়ি একে আবেশিতচেতসা সমাধিনা মহৎকৃতেন ত্বৎপাদপোতেন ভবাব্ধিং গোবৎসপদং কুর্ব্বন্তি ॥৩০

স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্
ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে
নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ ॥৩১

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥৩২

কিঞ্চ, হে দ্যুমন্ স্বপ্রকাশ! অদভ্রসৌহৃদাঃ তে ভীমং সুদুস্তরং ভবার্ণবং স্বয়ং সমুত্তীর্য্য ভবৎপদাম্ভোরুহ-নাবং ত্বৎ-চরণপোতম্ অত্র লোকতারণার্থং নিধায় (সংস্থাপ্য পারং) যাতাঃ। যতঃ ভবান্ হি সদনুগ্রহঃ ভক্তানুগ্রহকারী ॥৩১

হে অরবিন্দাক্ষ! ত্বয়ি (অস্তমতয়ঃ ভক্তিহীনাঃ অপি তু) বাদবিশুদ্ধবুদ্ধয়ঃ (তর্কনিপুণাঃ অতএব) বিমুক্তমানিনঃ যে অন্যে ন আদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ (ত্বদ্ভক্তিশূন্যাঃ তে) কৃচ্ছ্রেণ পরং মোক্ষসন্নিহিতং পদম্ আরুহ্য ততঃ অধঃ পতন্তি ॥৩২

বলিয়া দেখে, কিন্তু যাঁহারা বিদ্বান্, তাঁহারা সেইরূপ দেখেন না, একমাত্র আপনাকেই তত্তদ্রূপে অবস্থিত অবলোকন করিয়া থাকেন। অথবা যাঁহাদিগের চিত্ত আপনার মায়াদ্বারা আচ্ছন্ন নয়, সেই ভক্তগণ আপনাকে একরূপেই দর্শন করিয়া থাকেন, আর যাঁহারা জ্ঞানাভিমান বিদ্বান্ বলিয়া অভিমান করে, তাঁহারাই আপনাকে সন্দর্শন করিয়া থাকেন।২৮

আপনি এইরূপ বলিলেন না যে, আমি দেবকী-নন্দন আমাকে তোমরা এইরূপ বর্ণনা করিতেছ কেন? হে প্রভো! আপনি জ্ঞানস্বরূপ আত্মা, স্থাবর-জঙ্গমাত্মক এ-জগতের মঙ্গলার্থ ধার্ম্মিকগণের সুখকর ও অধার্ম্মিকদিগের নাশকর বিশুদ্ধ সত্ত্বময় রূপসকল ধারণ করিয়া থাকেন। অতএব আপনি কাহারও পুত্র নহেন।২৯

হে পদ্মপলাশলোচন! অখিল সত্ত্বগণের আশ্রয়-স্বরূপ আপনাতে সমাধিদ্বারা চিত্ত নিবেশবশতঃ মুখ্য বিবেকিগণ সেই চিত্তদ্বারা ভবদীয় চরণতরীকে সেব্যরূপে অঙ্গীকারপূর্ব্বক এই ভব-সাগরকে গোষ্পদ এবং তুচ্ছ মনে করিয়া অনায়াসে পার হইয়া যান।৩০

আপনি যদি বলেন, পূর্ব্বতন সাধুগণ মদীয় চরণতরী দ্বারা ভব-সাগর পার হইয়াছেন, তবে ইদানীন্তন ব্যক্তিসকলের ভব-পারের উপায় কি? তদুত্তরে বলিতেছি—হে দ্যুমন্! (হে স্বপ্রকাশক!) সর্ব্বভূতে প্রীতিযুক্ত ভক্তগণ আপনার চরণতরীর সামীপ্যমাত্র এই ভয়ানক দুস্তর ভবার্ণব বৎসপদতুল্য হওয়ায় অনায়াসে ভব সাগর পার হইয়াও পরবর্ত্তী লোকের উদ্ধারার্থ সেই চরণতরী এই কূলে রাখিয়া অর্থাৎ শিষ্যপরম্পরা দ্বারা ভক্তিপথের সম্প্রদায় প্রচার করিয়া ভব-পারে গমন করেন, যেহেতু আপনি আপনার ভক্তগণকে অনুগ্রহ করিয়া থাকেন। যে ব্যক্তি একবার আপনাকে আশ্রয় করিয়া থাকে, তাহার আর অন্য কিছুরই অপেক্ষা থাকে না, আপনি স্বয়ং তাহাদিগকে উদ্ধার করিয়া থাকেন।৩১

হে কমলনয়ন! যাহারা আপনাতে ভক্তি স্থাপন

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্-
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥৩৩

সত্ত্বং বিশুদ্ধং শ্রয়তে ভবান্ স্থিতৌ
শরীরিণাং শ্রেয় উপায়নং বপুঃ।

হে মাধব! ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ প্রেমযুক্তাঃ তে তাবকাঃ বৈষ্ণবাঃ তথা মার্গাৎ ক্বচিৎ ন ভ্রশ্যন্তি, (অপিতু) ত্বয়া অভিগুপ্তাঃ সমন্তাৎ পরিরক্ষিতাঃ (অতএব) নির্ভয়াঃ সন্তঃ বিনায়কানীকপমূর্দ্ধসু বিঘ্নগণেশ-সৈন্যপানাং মস্তকেষু পদং দত্ত্বা বিচরন্তি ॥৩৩

এবম্ভূতঃ ভবান্ (অস্য) স্থিতৌ শরীরিণাং শ্রেয়ঃ উপায়নং কর্ম্মফলপ্রদং বিশুদ্ধং সত্ত্বং বপুঃ শ্রয়তে, যেন বপুষা জনঃ

না করিয়া নিজকে বিমুক্তমানী বলিয়া অভিমান করে, আপনাতে ভক্তির অভাবপ্রযুক্ত মলিনচিত্ত সেই সকল মানব অতিকষ্টে বিষয় সুখ পরিত্যাগ-পূর্ব্বক তপস্যাদি সাধনদ্বারা মোক্ষসন্নিহিত সৎকুলে জন্মাদি পরমপদ প্রাপ্ত হইয়াও ভবদীয় পাদপদ্মের অনাদর করিয়া তাহা হইতে অধঃপতিত হইয়া থাকে।৩২

হে প্রভো! হে মাধব! যেমন স্বয়ং বিমুক্ত মানিগণ ভবদীয় চরণ অনাদর করিয়া অধঃপতিত হয়, তদ্রূপ তোমার ভক্তগণ ভক্তিমার্গ হইতে কদাপি ভ্রষ্ট হয় না, যদিও বিশেষ কোন দুরদৃষ্টবশতঃ আত্মতত্ত্বাদির জ্ঞানের অভাব, স্বধর্ম্মের পরিত্যাগ ও কথঞ্চিৎ পাতকগ্রস্ত হইয়া জন্মান্তর স্বীকার করিয়া থাকেন সত্য, তথাপি আপনাতে বদ্ধসৌহৃদ্য থাকে বলিয়া "ন মে ভক্তঃ প্রণশ্যন্তি অর্থাৎ আমার ভক্ত কখনও বিনষ্ট হয় না" এই প্রতিজ্ঞাকারী আপনা কর্তৃক সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের সেনানায়কের অর্থাৎ গুরুতর বিঘ্নসকলের মস্তকে পাদ প্রদান করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন।৩৩

আপনি বিশ্বপালনার্থে মানবগণের মঙ্গলপ্রদ

বেদক্রিয়াযোগতপঃ-সমাধিভি-
স্তবার্হণং যেন জনঃ সমীহতে ॥৩৪

সত্ত্বং ন চেদ্ধাতরিদং নিজং ভবেৎ
বিজ্ঞানমজ্ঞানভিদাপমার্জ্জনম্।
গুণপ্রকাশৈরনুমীয়তে ভবান্
প্রকাশতে যস্য চ যেন বা গুণঃ ॥৩৫

বেদক্রিয়াযোগসমাধিভিঃ তব অর্হণং পূজাং সমীহতে করোতি ॥৩৪

হে ধাতঃ! ইদং সত্ত্বং চেৎ (তব) নিজং বপুঃ ন ভবেৎ, তর্হি অজ্ঞানভিদাপমার্জ্জনং ভ্রমপ্রমাদনিবর্ত্তকম্ বিজ্ঞানং ন ভবেৎ। যস্য চ (সম্বন্ধিতে) যেন (বা প্রমাত্রা) গুণঃ বুদ্ধ্যাদি প্রকাশতে, (সঃ) ভবান্ গুণপ্রকাশৈঃ (সর্ব্বসাক্ষী ইতি) অনুমীয়তে ॥৩৫

(কর্ম্মফলদাতৃ) বিশুদ্ধ (মায়াতীত) সত্ত্ব (চিন্ময়) শরীর ধারণ করিয়া থাকেন; যে শরীর অবলম্বন করিয়া লোক বেদাধ্যয়নরূপ ব্রহ্মচারীর ধর্ম্ম, ক্রিয়াযোগরূপ গৃহস্থের ধর্ম্ম, বনবাসাদিরূপ বানপ্রস্থের ধর্ম্ম, এবং সমাধিরূপ যতির ধর্ম্ম—এই চতুর্ব্বিধ স্বধর্ম্ম দ্বারা আপনার পূজা করিয়া থাকে। আপনি শরীর ধারণ না করিলে পূজার অভাবে লোকের কর্ম্মফল সিদ্ধ হইত না।৩৪

হে ধাতঃ! সর্ব্বশক্তিধারিন্! আপনার বিশুদ্ধ সত্ত্বময় এই শরীর যদি প্রকটিত না হয়, তাহা হইলে ভজনের অভাবে "অজ্ঞান ও অজ্ঞানকৃত ভেদ" এই উভয়ের নিবর্ত্তক যে ভবদীয় সাক্ষাৎকারাত্মক বিজ্ঞান তাহাও হইতে পারে না। বুদ্ধ্যাদি জড়গুণ সকল প্রকাশ দ্বারা আপনকার সাক্ষিত্বাদি গুণ প্রকাশ হইতে পারে, কিংবা যাহার বাহ্য গুণ প্রকাশ পাইতেছে, তিনি ঈশ্বর এইরূপ আপনার অনুমান করা যাইতে পারে মাত্র। অথবা আপনি শরীর ধারণ করিয়াছেন বলিয়াই আপনার সম্বন্ধি প্রকাশ বাহুল্য এবং দুর্দ্ধর্ষত্বাদি গুণ, শ্রীদেবকী ও বসুদেবে প্রকাশ পাইতেছে, ঐ গুণের প্রকাশ দ্বারাই আপনি সত্য সঙ্কল্প প্রভৃতি গুণে পূর্ণ বলিয়া অনুমিত হয়েন।৩৫

ন নামরূপে গুণজন্মকর্ম্মভি-
　নিরূপিতব্যে তব তস্য সাক্ষিণঃ।
মনোবচোভ্যামনুমেয়বর্ত্মনা
　দেব ক্রিয়ায়াং প্রতিযন্ত্যথাপি হি ॥৩৬

শৃণ্বন্ গৃণন্ সংস্মরয়ংশ্চ চিন্তয়ন্
　নামানি রূপাণি চ মঙ্গলানি তে।
ক্রিয়াসু যস্ত্বচ্চরণারবিন্দয়ো-
　রাবিষ্টচেতা ন ভবায় কল্পতে ॥৩৭

তস্য সর্ব্বস্য সাক্ষিণঃ মনোবচোভ্যামনুমেয়বর্ত্মনঃ তব গুণকর্ম্মজন্মভিঃ নামরূপে ন নিরূপিতব্যে, (তথাপি) হে দেব! উপাসকাঃ ক্রিয়ায়াং ত্বাং প্রতিযন্তি সাক্ষাৎ কুর্ব্বন্তি॥৩৬

কিঞ্চ হে কৃষ্ণ! তে তব মঙ্গলানি নামানি রূপাণি চ শৃণ্বন্ গৃণন্ উচ্চারয়ন্, সংস্মরয়ন্ চিন্তয়ন্ চ ক্রিয়াসু উপাসনাসু যুষ্মচ্চরণারবিন্দয়োঃ আবিষ্টচিত্তঃ জনঃ ভবায় সংসারায় ন কল্পতে যোগ্যঃ ন ভবতি ॥৩৭

হে হরে! দিষ্ট্যা (ভাগ্যেনৈব) ঈশিতুঃ তব জন্মনা ভবতঃ

হে দেব! মন ও বাক্যদ্বারা আপনার বিষয় নিরূপণ করা দুঃসাধ্য, কেবল অনুমানই করা যায় সুতরাং গুণ, কর্ম্ম ও জন্মদ্বারা আপনার নাম ও রূপ নিরূপণ হয় না অর্থাৎ গুণদ্বারা ভক্তবৎসল ইত্যাদি নাম ও শ্যামসুন্দরাদি রূপ, কর্ম্মদ্বারা গোবর্দ্ধনোদ্ধরণ ইত্যাদি নাম ও বেণুবদন ত্রিভঙ্গ ললিত ইত্যাদি রূপ, জন্মদ্বারা শ্রীদেবকীনন্দন ইত্যাদি নাম ও শ্রীমৎস্যাদিরূপের নিরূপণ হয় না। কিংবা গুণ—শাস্ত্রাভ্যাসাদি, কর্ম্ম— সদাচার বা যম নিয়মাদি এবং জন্ম—সদ্‌বিপ্রকুলোৎপন্নত্বাদি দ্বারা আপনার নাম ও রূপ নিরূপণ হয় না; কারণ, মন ও বাক্যাদি যে সকল কারণ দ্বারা আপনার নাম ও রূপ প্রত্যক্ষ করিতে ইচ্ছা করা যায়, আপনি তাহাদিগের অগোচর সাক্ষিস্বরূপ বস্তু, যদিচ সাক্ষির তত্ত্ব, মন ও বাক্যের অগোচর

দিষ্ট্যা হরেঽস্যা ভবতঃ পদো ভুবো
　ভারোঽপনীতস্তব জন্মনেশিতুঃ।
দিষ্ট্যাঙ্কিতা ত্বৎপদকৈঃ সুশোভনৈ-
　র্দ্রক্ষ্যামি গাং দ্যাঞ্চ তবানুকম্পিতাম্ ॥৩৮

ন তেঽভবস্যেশ ভবস্য কারণং
　বিনা বিনোদং বত তর্কয়ামহে।
ভবো নিরোধঃ স্থিতিরপ্যবিদ্যয়া
　কৃতা যতস্ত্বয্যভয়াশ্রয়াত্মনি ॥৩৯

পদঃ ভুবঃ পাদভূতায়াঃ অস্যাঃ পৃথিব্যাঃ ভারঃ অপনীতঃ তথা দিষ্ট্যা এব, সুশোভনৈঃ ত্বৎপদকৈঃ পদলাঞ্ছিতধ্বজাদিভিঃ অঙ্কিতাং তব ত্বয়া গাং পৃথ্বীং, দ্যাং স্বর্গং চ অনুকম্পিতাং দ্রক্ষ্যামঃ ॥৩৮

বত হে ঈশ! অভবস্য অসংসারিণঃ তে ভবস্য জন্মনঃ কারণং বিনোদং ক্রীড়াং বিনা ন তর্কয়ামহে, (কিন্তু বক্তব্যং যতঃ জীবাত্মনঃ) ভবঃ নিরোধঃ (লয়ঃ) স্থিতিঃ অপি অভয়াশ্রয়াত্মনি ত্বয়ি (বিষয়ে) এব যা অবিদ্যা ত্বয়া এব কৃতা ॥৩৯

তথাপি উপাসনাদি ক্রিয়াতে আপনার ভক্তগণ আপনাকে প্রত্যক্ষ করিয়া থাকেন।৩৬-৩৮

হে ঈশ! আমাদের দ্বারা বিজ্ঞাপিত হইয়া আপনি আমাদিগের পালনার্থ অবতীর্ণ হইয়াছেন ইহা আমাদের অভিমানমাত্র, বাস্তবিক আপনার জন্ম, কর্ম্ম ও লীলা স্বভাবসিদ্ধ অতএব জীবের ন্যায় আপনার জন্মাদি নাই, কারণ আপনি অজন্মা অর্থাৎ জন্মরহিত, আপনার আবির্ভাবের কারণ ক্রীড়া (লীলা) ভিন্ন আর কিছুই আমরা মনে করিতে পারি না। হে অভয়াশ্রয়! (হে নিত্যমুক্ত) জীবাত্মাতে যে উৎপত্তি, লয় ও স্থিতি তাহাও অজ্ঞানকল্পিত, বস্তুতঃ জীবাত্মারও জন্মাদি নাই; তখন পরমাত্মাস্বরূপ আপনার যে জন্মাদির কারণ নাই—ইহাতে আর অধিক কি বলিব।৩৯

মৎস্যাশ্বকচ্ছপনৃসিংহবরাহহংস-
রাজন্যবিপ্রবিবুধেষু কৃতাবতারঃ।
ত্বং পাসি নস্ত্রিভুবনঞ্চ যথাধুনেশ
ভারং ভুবো হর যদূত্তম বন্দনং তে ॥৪০
দিষ্ট্যাম্ব তে কুক্ষিগতঃ পরঃ পুমা-
নংশেন সাক্ষাদ্ভগবান্ ভবায় নঃ।
মা ভূদ্ ভয়ং ভোজপতের্মুমূর্ষো-
র্গোপ্তা যদূনাং ভবিতা তবাত্মজঃ ॥৪১

শ্রীশুক উবাচ।

ইত্যভিষ্টূয় পুরুষং যদ্রূপমনিদং যথা।
ব্রহ্মেশানৌ পুরোধায় দেবাঃ প্রতিযযুর্দিবম্ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২

হে ঈশ। মৎস্যাশ্ব-কচ্ছপ-বরাহ-নৃসিংহ-হংস-রাজন্য-বিপ্র-বিবুধেষু কৃতাবতারঃ ত্বং নঃ অস্মান্ ত্রিভুবনং চ (অন্যদা যথা) পাসি, তথা অধুনাপি ভুবঃ ভারং হর। হে যদূত্তম। তে তুভ্যং বন্দনং শিরোভিঃ প্রণামঃ ॥৪০

হে অম্ব দেবকি। দিষ্ট্যা ভাগ্যাদেব, নঃ অস্মাকং ভবায় সাক্ষাৎ পরঃ পুমান্ ভগবান্ এব অংশেন তে তব কুক্ষিগতঃ। (অতঃ) মুমূর্ষোঃ ভোজপতেঃ কংসাৎ ভয়ং মাভূৎ। তব আত্মজঃ এব যদূনাং গোপ্তা ভবিতা ভবিষ্যতি ॥৪১

যথা অনিদং যদ্রূপং পুরুষম্ ইতি অভিষ্টূয় ব্রহ্মেশানৌ পুরোধায় পুরস্তঃ কৃত্বা দেবাঃ স্বর্গং প্রতিযযুঃ ॥৪২

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥

হে ঈশ। আপনি পূর্ব্বে মৎস্য, অশ্ব, কচ্ছপ, বরাহ, হংস, রাজন্য (শ্রীরামচন্দ্র), বিপ্র (পরশুরাম) ও বিবুধ (বামন) প্রভৃতিতে আবির্ভূত হইয়া যেরূপ আমাদিগকে ও ত্রিভুবনকে পালন করিয়াছেন, সেইরূপ অধুনা এই পৃথিবীর ভার হরণ করুন অর্থাৎ আপনি পূর্ব্বে শ্রীনৃসিংহাদি অবতারে যে হিরণ্যকশিপু ও কালনেমিপ্রভৃতির বিনাশ করিয়াছিলেন তাহারাই এই জন্মে পৃথিবীর ভারস্বরূপ হইয়াছে অতএব এক্ষণ এমত বিধান করুন যে, তাহাদিগের আর যেন সংসারে আগমন করিতে না হয়। হে যদূত্তম। অর্থাৎ আপনি শ্রীকৃষ্ণরূপত্ব প্রযুক্ত সাক্ষাৎ ভগবান্ সর্ব্বাংশী ও হতারিগতিদায়ক অতএব দুষ্টগণের মুক্তিদানে আপনিই সমর্থ, এই বলিয়া দেবগণ অবনতকায়ে স্ব-মস্তকদ্বারা প্রণাম করিলেন।৪০

এইরূপে (দেবগণ) অন্যের অলক্ষিতভাবে শ্রীভগবান্‌কে স্তব করিয়া শ্রীদেবকীকে আশ্বাস প্রদানপূর্ব্বক কহিতে লাগিলেন,—হে মাতঃ। সৌভাগ্যক্রমেই আমাদিগের মঙ্গলের নিমিত্ত পরমপুরুষ শ্রীভগবান্ অংশের (শ্রীবলরামের সহিত) আপনার গর্ভে প্রবেশ করিয়াছেন। যদিও কংসের দুশ্চেষ্টাভরে সর্ব্বদাই ভয়ে ব্যাকুলিতা থাকিতে হয় সত্য, কিন্তু অতঃপর মুমূর্ষু ভোজপতি কংস হইতে আর ভয়ের সম্ভাবনা নাই; আসন্ন মৃত্যুবশতঃ কংস এইরূপ অন্যায়াচরণ করিতেছে। আপনি আর কোন অনিষ্ট আশঙ্কা করিবেন না; কারণ, আপনার এই সন্তান যদুগণের রক্ষাকর্ত্তা অতএব আপনার বা শ্রীবসুদেবমহাশয়ের কিংবা অন্যান্য ভক্তগণেরও কোনরূপ ভয়ের সম্ভাবনা নাই।৪১

এই প্রকারে প্রপঞ্চাতীত (চিন্ময়) পরম পুরুষোত্তম অন্তর্য্যামী শ্রীভগবান্‌কে যথোচিত স্তব করিয়া দেবগণ ব্রহ্মা ও ঈশানকে অগ্রে লইয়া স্বর্গে গমন করিলেন।৪২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত দ্বিতীয়াধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতঃ প্রাদুর্ভাবঃ, বসুদেব-দেবকীভ্যাং ভগবতঃ স্তবনম্, ভগবদাদেশেন কংসভীতস্য বসুদেবস্য গোকুলং প্রতি স্বপুত্র-নয়নম্, ততো যশোদাসুতায়া আনয়নঞ্চ।]

শ্রীশুক উবাচ।

অথ সর্ব্বগুণোপেতঃ কালঃ পরমশোভনঃ।
যর্হ্যেবাজনজন্মর্ক্ষং শান্তর্ক্ষগ্রহতারকম্ ॥১
দিশঃ প্রসেদুর্গগনং নির্ম্মলোড়ুগণোদয়ম্।
মহী মঙ্গলভূয়িষ্ঠপুরগ্রামব্রজাকরা ॥২
নদ্যঃ প্রসন্নসলিলা হ্রদা জলরুহশ্রিয়ঃ।
দ্বিজালিকুলসন্নাদস্তবকা বনরাজয়ঃ ॥৩
ববৌ বায়ুঃ সুখস্পর্শঃ পুণ্যগন্ধবহঃ শুচিঃ।
অগ্নয়শ্চ দ্বিজাতীনাং শান্তাস্তত্র সমিন্ধত ॥৪
মনাংস্যাসন্ প্রসন্নানি সাধূনামসুরদ্রুহাম্।
জায়মানেঽজনে তস্মিন্ নেদুর্দুন্দুভয়ো দিবি ॥৫
জগুঃ কিন্নরগন্ধর্ব্বাস্তুষ্টুবুঃ সিদ্ধচারণাঃ।
বিদ্যাধর্য্যশ্চ ননৃতুরপ্সরোভিঃ সমং তদা ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। অথ যদা সর্ব্বগুণোপেতঃ অতএব পরমশোভনঃ শুভকালঃ আসীৎ, তথা যর্হি শান্তর্ক্ষগ্রহতারকম্ উগ্রদৃষ্টিরাহিত্যাদিনা অজনজন্মর্ক্ষং রোহিণীনক্ষত্রং শুভফলপ্রদম্ এব আসীৎ ॥১

যদা চ দিশঃ প্রসেদুঃ প্রসন্নাঃ বভূবুঃ, গগনং চ নির্ম্মলোড়ুগণোদয়ম্ উজ্জ্বলনক্ষত্রশোভিতম্ আসীৎ, মঙ্গলভূয়িষ্ঠপুরোগ্রামব্রজ-করা মঙ্গলপূর্ণ-গৃহপুরাদিবিশিষ্টা মহী আসীৎ ॥২

যদা প্রসন্নসলিলাঃ স্বচ্ছজলাঃ নদ্যঃ, জলরুহশ্রিয়ঃ পদ্মশোভিতাঃ হ্রদাঃ, দ্বিজালিকুলসন্নাদস্তবকাঃ পক্ষিভৃঙ্গসমূহানাং শব্দেন আনন্দময়াঃ তথা পুষ্পগুচ্ছবিশিষ্টাঃ বনরাজয়ঃ বনপংক্তয়ঃ আসন্ ॥৩

যদা পুণ্যগন্ধবহঃ শুচিঃ নির্ম্মলঃ সুখস্পর্শঃ শৈত্যাদিগুণবিশিষ্টঃ বায়ুঃ ববৌ, তথা দ্বিজাতীনাং শান্তাঃ অগ্নয়ঃ সমিন্ধত সম্যক্ প্রদীপ্তাঃ বভূবুঃ ॥৪

যদা চ অসুরদ্রুহাং অসুরোত্তেজিতানাম্ অপি সাধূনাং মনাংসি প্রসন্নানি আসন্, তস্মিন্ সময়ে অজনে শ্রীকৃষ্ণে

তৃতীয় অধ্যায়।

[শ্রীভগবানের প্রাদুর্ভাব, বসুদেব-দেবকী-কর্ত্তৃক ভগবানের স্তুতি, শ্রীভগবানের আদেশে কংসভীত বসুদেবের নিজ পুত্রকে গোকুলে নয়ন এবং সেখান হইতে যশোদা কন্যাকে আনয়ন।]

শ্রীশুকদেব কহিলেন,—(হে রাজন!) অনন্তর যখন সর্ব্বগুণসম্পন্ন পরম-রমণীয় সময় উপস্থিত হইল, প্রাকৃত জন্মরহিত শ্রীভগবানের জন্মনক্ষত্র (রোহিণী) উদিত হওয়ায় অশ্বিন্যাদি অপর নক্ষত্র গ্রহ ও তারাগণ প্রশান্তভাব ধারণ করিল।১

আর যখন দিক্‌সকল প্রসন্ন হইল, যখন গগনমণ্ডলে নির্ম্মল তারকাসমূহ উদিত হইল, যখন নগর, গ্রাম, ব্রজ ও আকরসমূহের বিবিধ মঙ্গলে পৃথিবী মঙ্গলময়ী হইলেন।২

যখন নদীসমূহ স্বচ্ছজলা হইল, হ্রদসমূহ পদ্মের শোভায় শোভিত হইল, পক্ষিকুল ও ভ্রমর নিকরের শব্দে পরিপূর্ণ যে সকল পুষ্পগুচ্ছ তাহা দ্বারা বনশ্রেণী শোভা পাইতে লাগিল।৩

যখন পবিত্র গন্ধবাহী, শীতলগুণবিশিষ্ট, সুখস্পর্শ ও ধূলিপ্রভৃতি রহিত নির্ম্মল বায়ু প্রবাহিত হইতেছিল সাগ্নিক বা যাজ্ঞিক ব্রাহ্মণগণের নির্ব্বাণ-প্রায় হোমাগ্নি উদ্দীপ্ত হইয়া উঠিল।৪

সেই সময় অসুরকর্ত্তৃক উত্তেজিত দেবগণের ও সাধুগণের মন প্রফুল্ল হইতে লাগিল এইরূপে সর্ব্বগুণ সুলক্ষণবিশিষ্ট সেই রমণীয় সময়ে জন্মরহিত ভগবান্ শ্রীকৃষ্ণের আবির্ভাবের উপক্রম হইলে তখন স্বর্গে যুগপৎ দুন্দুভি বাজিয়া উঠিল।৫

আর কিন্নর ও গন্ধর্ব্বগণ শ্রীভগবানের গুণগান করিতে লাগিলেন, বিদ্যাধরগণ অপ্সরাসকলের

মুমুচুর্ম্মুনয়ো দেবাঃ সুমনাংসি মুদান্বিতাঃ।
মন্দং মন্দং জলধরা জগর্জ্জুরনুসাগরম্ ॥৭
নিশীথে তম-উদ্ভূতে জায়মানে জনার্দনে।
দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয়ঃ।
আবিরাসীদ্ যথা প্রাচ্যাং দিশীন্দুরিব পুষ্কলঃ ॥৮
তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণং
চতুর্ভুজং শঙ্খগদার্য্যুদায়ুধম্।
শ্রীবৎসলক্ষ্মং গলশোভিকৌস্তুভং
পীতাম্বরং সান্দ্রপয়োদসৌভগম্ ॥৯

মহার্হবৈদূর্য্যকিরীটকুণ্ডল-
ত্বিষা পরিষ্বক্তসহস্রকুন্তলম্।
উদ্দামকাঞ্চ্যঙ্গদকঙ্কণাদিভি-
র্বিরোচমানং বসুদেব ঐক্ষত ॥১০
স বিস্ময়োৎফুল্লবিলোচনো হরিং
সুতং বিলোক্যানকদুন্দুভিস্তদা।
কৃষ্ণাবতারোৎসবসম্ভ্রমোঽস্পৃশ-
ন্মুদা দ্বিজেভ্যোঽযুতমাপ্লুতো গবাম্ ॥১১

জায়মানে সতি (দিবি) দুন্দুভয়ঃ সমং নেদুঃ। কিন্নরগন্ধর্ব্বাঃ জগুঃ, সিদ্ধচারণাঃ তুষ্টুবুঃ, অপ্সরোভিঃ সমং বিদ্যাধর্য্যঃ চ ননৃতুঃ। মুনয়ঃ দেবাঃ চ মুদান্বিতাঃ হৃষ্টাঃ সন্তঃ সুমনাংসি পুষ্পাণি মুমুচুঃ ববৃষুঃ। তমঃ উদ্ভূতে ঘনতমসি, নিশীথে রাত্রৌ, জনার্দ্দনে জায়মানে সতি জলধরাঃ মেঘাঃ, অনুসাগরং সাগরে মন্দং মন্দং জগর্জ্জুঃ। প্রাচ্যাং দিশি পুষ্কলঃ পূর্ণঃ, ইন্দুঃ ইব তদা সর্ব্বগুহাশয়ঃ সর্ব্বভূতহৃদয়চারী, বিষ্ণুঃ দেবরূপিণ্যাং শুদ্ধসত্ত্ববৃত্তিরূপায়াং দেবক্যাম্ আবিরাসীৎ প্রাদুর্ব্বভূব ॥৫-৮

বসুদেবঃ চ তম্ অম্বুজেক্ষণং পদ্মলোচনং চতুর্ভুজং শঙ্খচক্রগদাদ্যুদায়ুধং শ্রীবৎসলক্ষ্মং গলশোভিকৌস্তুভং কৌস্তুভকণ্ঠং, পীতাম্বরং সান্দ্রপয়োধ-সৌভাগ্যং মেঘাভং, মহার্হবৈদূর্য্যকিরীটকুণ্ডলত্বিষা পরিষ্বক্তসহস্রকুন্তলং স্ফুরৎকেশম্ উদ্দামকাঞ্চ্যঙ্গদকঙ্কণাদিভিঃ বিরোচমানং তম্ অদ্ভুতং বালকম্ ঐক্ষত দদর্শ ॥৯-১০

হরিং (কংসাদীনাং সর্ব্বজ্ঞানহরং ভগবন্তং) সুতং (পুত্রতাং প্রাপ্তং) বিলোক্য (সাক্ষাদ্দৃষ্ট্বা) বিস্ময়োৎফুল্ললোচনঃ আনন্দবিকসিতনেত্রঃ আনকদুন্দুভিঃ কৃষ্ণাবতারোৎসবসম্ভ্রমঃ (কৃষ্ণপ্রাদুর্ভাবোল্লাসেন উৎকলিতহৃদয়ঃ (অতএব) মুদা হর্ষেণ আপ্লুতঃ স্নাতঃ সন্ তদা তৎক্ষণমেব গবাম্ অযুতং দ্বিজেভ্যঃ অস্পৃশৎ মনসা দদৌ ॥১১

সহিত নৃত্য করিতে লাগিলেন।৬

দেবতা ও মুনিগণ হৃষ্টচিত্তে কুসুম বর্ষণ করিতে লাগিলেন। ঘোরান্ধকারাচ্ছন্ন অর্দ্ধরাত্র সময়ে শ্রীকৃষ্ণে আবির্ভাবের নিমিত্ত সর্ব্বজ্ঞ ভক্ত, মুনি ও দেবগণ "হে ভগবন্! এই সময়ে আবির্ভাব হও, আবির্ভাব হও" এই বলিয়া প্রার্থনা করিতে থাকিলে, সাগর-গর্জ্জনের সহিত জলধরসকল মন্দ মন্দ গর্জ্জন করিতে লাগিল।৭-৮

যিনি গুহাবৎ অগম্য ও দুর্ব্বিতর্ক্য, তিনি মথুরা, বৈকুণ্ঠ ও সর্ব্বজীবান্তঃকরণে সর্ব্বজনের পরোক্ষভাবে আক্ষোভিতভাবে নিরন্তর বিহার করিয়া থাকেন সেই সর্ব্বব্যাপক শ্রীভগবান্ সর্ব্বাংশে পরিপূর্ণ হইয়া পূর্ব্বদিকে পুষ্কল অর্থাৎ পূর্ণচন্দ্রের উদয়ের ন্যায় দেবরূপিণী শ্রীদেবকীতে আবির্ভূত হইলেন।৯

তখন শ্রীবসুদেব অপূর্ব্ব মূর্ত্তিধারী বালকস্বরূপে প্রতীয়মান শ্রীভগবান্‌কে দর্শন করিলেন। তাঁহার নেত্রযুগল নীল কমলসদৃশ, তিনি বাহু চতুষ্টয়ধারী এবং ঐ ভুজচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা, পদ্ম, এই উৎকৃষ্ট আয়ুধ বিদ্যমান রহিয়াছে। তাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসনামক দক্ষিণাবর্ত্ত সুবর্ণাকৃতি লোমাবলীতে চিহ্নিত, তাঁহার বর্ণ নব-জলধর হইতেও সুন্দর, মহামূল্য পরমোৎকৃষ্ট নীল ও পীত ছবি-বিশিষ্ট বৈদূর্য্যমণি নির্ম্মিত কিরীট ও কুণ্ডলের উর্দ্ধস্থ ও অধঃস্থ কান্তি দ্বারা অপরিমিত কুটিল কুন্তলগুলি শোভা পাইতেছে এবং তিনি অত্যুৎকৃষ্ট কাঞ্চী, অঙ্গদ ও কঙ্কণপ্রভৃতি অলঙ্কারে সমলঙ্কৃত পরন্তু স্বরূপ-লাবণ্যাদির নৈসর্গিক শোভায় স্বয়ং

অথৈনমস্তৌদবধার্য্য পুরুষং
পরং নতাঙ্গঃ কৃতধীঃ কৃতাঞ্জলিঃ।
স্বরোচিষা ভারত সূতিকাগৃহং
বিরোচয়ন্তং গতভীঃ প্রভাববিৎ ॥১২

বসুদেব উবাচ।
বিদিতোঽসি ভবান্ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।
কেবলানুভবানন্দস্বরূপঃ সর্ব্ববুদ্ধিদৃক্ ॥১৩

হে ভারত! কৃতধীঃ প্রভাববিৎ বসুদেবঃ অথ স্বরোচিষা স্বকীয়প্রভয়া সূতিকাগৃহং বিরোচয়ন্তম্ এনং বালকং পরং পুরুষম্ অবধার্য্য গতভীঃ, নতাঙ্গঃ নতকন্ধরঃ সন্ কৃতাঞ্জলিঃ ভূত্বা অস্তৌৎ ॥১২

বসুদেবঃ উবাচ। হে ঈশ! যঃ ত্বং প্রকৃতেঃ পরঃ সর্ব্ববুদ্ধিদৃক্ সর্ব্বান্তর্য্যামী কেবলানুভবানন্দঃ পরব্রহ্মাখ্যঃ আত্মা সঃ পুরুষঃ ভবান্ সাক্ষাৎ ময়া বিদিতঃ অসি ॥১৩

শোভা পাইতেছেন।১০-১১

তখন পরম ভাগ্যবান্ শ্রীবসুদেব মহাশয়, কংসাদি দুষ্ট অসুরদিগের সর্ব্বজ্ঞানহর শ্রীহরিকে পুত্ররূপে আবির্ভূত সন্দর্শন করিবামাত্র বিস্ময়ে তাঁহার নয়নযুগল উৎফুল্ল হইয়া উঠিল এবং কৃষ্ণাবতার জন্য স্বভাবসিদ্ধ উল্লাসে তাহার এইরূপ সম্ভ্রম জন্মিয়াছিল যে, আহা! সামান্য বালক জন্মিলে তাহার পিতা, দান ধ্যান প্রভৃতি কতই না আনন্দোৎসব করিয়া থাকে, কিন্তু সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ আমার পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন, অতএব এক্ষণে আমি কি উৎসব বিধান করিব ইত্যাদি সম্ভ্রম প্রাপ্ত হইয়া হর্ষাকুলিত মানসে ক্ষণকাল মুগ্ধজনের ন্যায় হইলেন। তখন "স্নান ব্যাতিরেকে দান করা এবং কংসপীড়িত, হৃতসর্ব্বস্ব ও বন্ধনাগ্রস্ত থাকায় দানবিষয়ক সঙ্কল্প বিধিসঙ্গত কিনা? এই বিষয়ে কোনরূপ বিচার না করিয়াই তৎক্ষণাৎ মনে মনে ব্রাহ্মণদিগের উদ্দেশ্যে দশ সহস্র গাভীদানের সঙ্কল্প করিলেন।১২

হে ভারত (পরীক্ষিৎ)! অনন্তর শুদ্ধমতি ভগবৎপ্রভাবজ্ঞ শ্রীবসুদেবমহাশয় অবনতমস্তকে কৃতাঞ্জলিপুটে স্বীয় প্রভা দ্বারা সূতিকাগৃহ উজ্জ্বলকারী ঐ বালককে পরিপূর্ণরূপে অবতীর্ণ পরমপুরুষ ভগবান্ মনে করিয়া নির্ভয়চিত্তে স্তব করিতে লাগিলেন।১৩

স এব স্বপ্রকৃত্যেদং সৃষ্ট্বাগ্রে ত্রিগুণাত্মকম্।
তদনু ত্বং হ্যপ্রবিষ্টঃ প্রবিষ্ট ইব ভাব্যসে ॥১৪

যথেমেঽবিকৃতা ভাবাস্তথা তে বিকৃতৈঃ সহ।
নানাবীর্য্যাঃ পৃথগ্ভূতা বিরাজং জনয়ন্তি হি ॥১৫

সন্নিপত্য সমুৎপাদ্য দৃশ্যন্তেঽনুগতা ইব।
প্রাগেব বিদ্যমানত্বান্ন তেষামিহ সম্ভবঃ ॥১৬

সঃ এব ত্বং স্বপ্রকৃত্যা বৈষ্ণবীশক্ত্যা অগ্রে ত্রিগুণাত্মকম্ ইদং জগৎ সৃষ্ট্বা তদনু অপ্রবিষ্টঃ অপি প্রবিষ্ট ইব ভাব্যসে লক্ষ্যসে ॥১৪

ইমে অবিকৃতাঃ ভাবাঃ (মহদাদয়ঃ) যথা, তথা তে বিকৃতৈঃ ষোড়শবিকারৈঃ সহ নানাবীর্য্যাঃ (পরস্পরবিসদৃশস্বরূপাঃ অপি) পৃথগ্ভূতাঃ অপি সন্নিপত্য মিলিতীভূয়, বিরাজং জনয়ন্তি। সমুৎপাদ্য চ (তত্র) অনুগতাঃ ইব প্রবিষ্টাঃ ইব দৃশ্যন্তে।

বসুদেব কহিলেন,—হে ভগবন! আমি আপনাকে জানিতে পারিলাম, আপনি প্রকৃতির ঈক্ষণকর্ত্তা বা গুণাতীত পরমপুরুষ, কেবল অনুভব ও আনন্দই আপনার স্বরূপ কিংবা আপনি কাহার গোচরীভূত না হইলেও আপনার অনুভবেই আনন্দ হয়, আপনি সর্ব্বান্তর্য্যামী পরমাত্মা হইয়াও সম্প্রতি আমার নয়নগোচর হইলেন, ইহা আমার পরম সৌভাগ্য।১৪

যদি বলেন—দেবকী জঠরপ্রবিষ্ট আমাকে এইরূপ অতিস্তুতি করিতেছ কেন? হে প্রভো! আপনি দেবকীর গর্ভে প্রবিষ্ট হইলেও আপনার স্বরূপ আমি অবগত হইয়াছি, সেই গুণাতীত আপনি সৃষ্টির পূর্ব্বে কারণার্ণবশায়িরূপে স্বীয়মায়া দ্বারা ত্রিগুণাত্মক এই ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া অপ্রবিষ্টভাবে থাকিলেও সর্ব্বভূতে প্রবিষ্ট বলিয়া প্রতীতি হয়েন।১৫

যেমন অবিকৃত মহত্তত্ত্ব প্রভৃতি, বিকৃত পৃথিব্যাদি

এবং ভবান্ বুদ্ধ্যনুমেয়লক্ষণৈ-
গ্রা্হৈ্যগু্ণৈঃ সন্নপি তদ্‌গুণাগ্রহঃ।
অনাবৃতত্বাদ্ বহিরন্তরং ন তে
সর্ব্বস্য সর্ব্বাত্মন আত্মবস্তনঃ ॥১৭

য আত্মনো দৃশ্যগুণেষু সন্নিতি
ব্যবস্যতে স্বব্যতিরেকতোঽবুধঃ।
বিনানুবাদং ন চ তন্মনীষিতং
সম্যগ্‌ যতস্ত্যক্তমুপাদদৎ পুমান্ ॥১৮

ত্বত্তোঽস্য জন্মস্থিতিসাংযমান্ বিভো
বদন্ত্যনীহাদগুণাদবিক্রিয়াৎ।
ত্বয়ীশ্বরে ব্রহ্মণি নো নিরুধ্যতে
ত্বদাশ্রয়ত্বাদুপচর্য্যতে গুণৈঃ ॥১৯

(অপি তু প্রাগেব বিদ্যমানত্বাৎ ইহ তেষাং সম্ভবঃ ন) ॥১৫-১৬

এবং ভবান্ গ্রাহ্যৈঃ গুণৈঃ বিষয়ৈঃ সহ সন্ বর্ত্তমানঃ অপি বুদ্ধ্যনুমেয়লক্ষণৈঃ রূপাদিজ্ঞানজনিতানুমেয়স্বরূপৈঃ ইন্দ্রিয়ৈঃ তদ্ গুণাগ্রহঃ গুণৈঃ সহ ন গৃহ্যসে। তথা সর্ব্বস্য সর্ব্বাত্মনঃ আত্মবস্তনঃ তে অনাবৃতত্বাৎ বহিরন্তরং ভেদঃ ন বিদ্যতে ॥১৭

আত্মনঃ স্বস্য দৃশ্যগুণেষু অনুভবনীয়-দেহাদিপদার্থেষু স্বব্যতিরেকতঃ (দ্রষ্টুর্ব্যতিরেকেণাপি পৃথক্ত্বেন অয়ং দেহাদিঃ) সন্ (উত্তমঃ) ইতি যঃ ব্যবস্যতে নিশ্চিনোতি, সঃ পুমান্ (অবস্তুত্বেন বেদৈঃ) ত্যক্তং বাধিতং বস্তু উপাদদৎ স্বীকুর্ব্বন্, অবুধঃ মূর্খঃ (এব) যতঃ তন্মনীষিতং তেন বিচারিতং, অনুবাদং বাচারম্ভণং বিনা ন সম্যক্ সমীচীনম্ ॥১৮

হে বিভো। (রজ আদি ত্রৈগুণ্যসম্বন্ধাভাবে)—অগুণাৎ, (স্বরূপান্যথাভাবে) অবিক্রিয়াৎ, (নিমিত্তহেতু বহিরন্তশ্চেষ্টাভাবে) অনীহাৎ, ত্বত্তঃ এব অস্য জগতঃ, জন্মস্থিতিসংযমান্ বদন্তি (ইতি নির্ব্বিকারপরমানন্দৈকরূপে) ব্রহ্মণি সর্ব্বাচিন্ত্যশক্তৌ ঈশ্বরে ত্বয়ি ন বিরুধ্যতে (যতঃ) ত্বদাশ্রয়ত্বাৎ গুণৈঃ (ত্বয়ি)

দ্রব্যের মধ্যে প্রবিষ্ট না হইয়াও প্রবিষ্টের ন্যায় প্রকাশ পায়, আপনিও তদ্রূপ। ঐ মহত্তত্ত্বাদি পদার্থসমূহ পৃথিবী প্রভৃতি ষোড়শ বিকারের সহিত মিলিত হইয়া ব্রহ্মাণ্ড উৎপাদন করিয়া থাকে উহারা সকলে পৃথক্ পৃথক হইলেও বিরুদ্ধ নানা স্বভাববশতঃ বিশেষ কোন একটি কার্য্য করিতে পারে না, সেইজন্য সকলে মিলিত হইয়া ব্রহ্মাণ্ড সৃষ্টি করত সৃষ্ট কার্যে প্রবিষ্ট বলিয়া বোধ হয় পরন্তু তাহা নহে; কারণ, উহারা সৃষ্টির পূর্ব্বেই কারণরূপে অবস্থান করে, অতএব সৃষ্টকার্য্যে উহাদের পশ্চাৎ প্রবেশ সম্ভব নাই।১৬-১৭

মহত্তত্ত্বাদির ন্যায় আপনিও কারণরূপেই কার্য্যে অবস্থান করেন। কিন্তু রূপাদির জ্ঞান দ্বারা অনুমেয়স্বরূপ যে ইন্দ্রিয়বান্ তদগ্রহণীয় বিষয়ের সহিত বিদ্যমান থাকিয়াও আপনি ইন্দ্রিয়গ্রাহ্য হয়েন না, যেমন চক্ষুঃ দ্বারা রূপ গ্রহণকালে রসাদির গ্রহণ অসম্ভব, তদ্রূপ বিষয়গ্রহণে আপনার গ্রহণও অসম্ভব। পক্ষিপ্রভৃতির বাসায় প্রবেশের ন্যায় পরিচ্ছন্ন (সীমাবিশিষ্ট) ব্যক্তিরই অন্যত্র প্রবেশ সম্ভব হয়, কিন্তু আপনি অনাবৃত (সর্ব্বব্যাপক) আপনার বাহির ও অন্তর ভেদ নাই, প্রবেশ কোথা হইতে হইবে? যেহেতু আপনি সর্ব্বস্বরূপ অতএব সর্ব্বময় বস্তুর আবরক কখনও সম্ভব নহে, আপনি সর্ব্বাত্মা ব্যাপক ও পরমার্থবস্তু আপনার আবরণ কিছুতেই হইতে পারেনা। এমন কি অন্তর্য্যামিস্বরূপে প্রবেশই আপনার মুখ্য নহে, তাহাতে দেবকীর গর্ভে প্রবেশ কিরূপে হইবে? অতএব কি আশ্চর্য্য! কেবল অনুভব ও আনন্দস্বরূপ আপনাকে আমি জানিতে পারিলাম—ইহাই আমার পরম সৌভাগ্য।১৮

যে পুরুষ নিজের দৃশ্যগুণ—ভোগ্য স্রক্ চন্দন বনিতা প্রভৃতির মধ্যে যে কোন বিষয়কে উত্তম পদার্থ বলিয়া নিশ্চয় করে, সে ব্যক্তি মূর্খ; কারণ নিজেতে ঐ সকল সর্ব্বদা বিদ্যমান থাকে না, বিশেষতঃ উহা শোক মোহাদিপ্রদ ও সংসার-প্রবাহের প্রাপক। যদিও মীমাংসকগণ, ভোগ স্রক্

স ত্বং ত্রিলোকস্থিতয়ে স্বমায়য়া
বিভর্ষি শুক্লং খলু বর্ণমাত্মনঃ।
সর্গায় রক্তং রজসোপবৃংহিতং
কৃষ্ণঞ্চ বর্ণং তমসা জনাত্যয়ে ॥২০
ত্বমস্য লোকস্য বিভো রিরক্ষিষু-
র্গৃহেঽবতীর্ণোঽসি মমাখিলেশ্বর।
রাজন্যসংজ্ঞাসুরকোটিযূথপৈ-
র্নির্ব্যূহ্যমানা নিহনিষ্যসে চমূঃ ॥২১

অয়ং ত্বসভ্যস্তব জন্ম নৌ গৃহে
শ্রুত্বাগ্রজাংস্তে ন্যবধীৎ সুরেশ্বর।
স তেঽবতারং পুরুষৈঃ সমর্পিতং
শ্রুত্বাধুনৈবাভিসরত্যুদায়ুধঃ ॥২২

শ্রীশুক উবাচ।
অথৈনমাত্মজং বীক্ষ্য মহাপুরুষলক্ষণম্।
দেবকী তমুপাধাবৎ কংসাদ্ ভীতা শুচিস্মিতা ॥২৩

উপচর্য্যতে এব ॥১৯

সঃ প্রসিদ্ধঃ ত্বং ত্রিলোকস্থিতয়ে স্বমায়য়া শুক্লং খলু আত্মনঃ বর্ণং সর্গায়, রজসা উপ-বৃংহিতং রক্তং, (তথা) জনাত্যয়ে তমসা উপবৃংহিতম্ কৃষ্ণং চ বর্ণং বিভর্ষি ॥২০

হে বিভো। অস্য লোকস্য রিরক্ষিষুঃ ত্বং মম গৃহে অবতীর্ণঃ অসি। হে অখিলেশ্বর। রাজন্যসংজ্ঞাসুরকোটিযূথপৈঃ নির্ব্যূহ্যমানাঃ চাল্যমানাঃ চমূঃ নিহনিষ্যসে ॥২১

হে সুরেশ্বর। অয়ম্ অসভ্যঃ খলঃ কংসঃ (নঃ অস্মাকং) গৃহে তব ভাবিজন্মনো বার্ত্তাং শ্রুত্বা তে অগ্রজান্ অভ্যহনৎ। অধুনা পুরুষৈঃ সমর্পিতং কথিতং তে অবতারং জন্ম শ্রুত্বা উদায়ুধঃ গৃহীতাস্ত্রঃ এব অভিসরতি আগচ্ছতি ॥২২

শ্রীশুকঃ উবাচ। অথ কংসাদ্ ভীতা দেবকী মহাপুরুষ-লক্ষণম্ এনম্ আত্মজং বীক্ষ্য সুবিস্মিতা যথা তথা উপাধাবৎ তুষ্টাব ॥২৩

চন্দনাদিকে উত্তম বস্তু বলিয়া আপনাকে পণ্ডিত বিবেচনা করিয়া থাকে সত্য, পরন্তু তাহাদিগের সেই পাণ্ডিত্য পণ্ডিতোচিত কার্য্য নহে। যে আপনার ভক্তগণ, যে বিষয়গুলি ঘৃণাস্পদ বলিয়া পরিহার করিয়া থাকেন, তাহারা ঐ গুলিই পরমাদরের সহিত গ্রহণ করিয়া থাকে। হে বিভো। আপনি অবিক্রিয়, গুণাতীত ও নিশ্চেষ্ট হইলেও শ্রুতিগণ "জগতের সৃষ্টি, স্থিতি ও পালনরূপকার্য্য আপনা হইতে হইয়া থাকে" এইরূপ বর্ণন করিয়া থাকেন। ইহা সর্ব্বব্যাপক পরমেশ্বর আপনাতে কিছুই বিরুদ্ধ নহে, কারণ আপনি নিখিল গুণাদির আশ্রয় বলিয়া যেমন ভৃত্যের গুণ রাজাতে আরোপ হয়, তদ্রূপ আপনাতে ঐ সকল আরোপিত হইয়া থাকে।১৯

আপনি উক্তস্বরূপ হইয়াও ত্রিভুবনের পালনার্থ স্বীয় কৃপা দ্বারা শুদ্ধ-বর্ণ বিষ্ণুরূপ, সৃষ্টির নিমিত্ত রাজগুণাত্মক রক্ত-বর্ণ ব্রহ্মারূপ ও সংহারার্থ তমো-গুণান্বিত কৃষ্ণবর্ণ রুদ্ররূপ ধারণ করিয়া থাকেন।২০

হে বিভো। আপনি এই জগতের সাধুগণকে রক্ষা করিবার নিমিত্ত আমার গৃহে অবতীর্ণ হইয়াছেন। হে অখিলেশ্বর। আপনি এই অবতারের রাজা নামধারী অসংখ্য অসুরবর্গের অধিপতিগণ কর্ত্তৃক সুরক্ষিত সেনাসমূহকে সংহার করিবেন।২১

হে সুরেশ্বর। এই অসভ্য কংস 'আমাদিগের গৃহে আপনি আবির্ভূত হইবেন আকাশ বাণীতে এই কথা শ্রবণ করিয়া আপনার অগ্রজাত মদীয় সন্তানগুলি সংহার করিয়াছে, এক্ষণে নিজ প্রতিহারি-গণের মুখে আপনার আবির্ভাবের কথা শুনিবামাত্র সশস্ত্রে এক্ষণই আগমন করিবে।২২

দেবক্যুবাচ।

রূপং যত্তৎ প্রাহুরব্যক্তমাদ্যং
ব্রহ্ম জ্যোতির্নির্গুণং নির্ব্বিকারম্।
সত্তামাত্রং নির্ব্বিশেষং নিরীহং
স ত্বং সাক্ষাদ্ বিষ্ণুরধ্যাত্মদীপঃ ॥২৪

নষ্টে লোকে দ্বিপরার্দ্ধাবসানে
মহাভূতেষ্বাদিভূতং গতেষু।
ব্যক্তেঽব্যক্তং কালবেগেন যাতে
ভবানেকঃ শিষ্যতেঽশেষসংজ্ঞঃ ॥২৫

যোঽয়ং কালস্তস্য তেঽব্যক্তবন্ধো
চেষ্টামাহুশ্চেষ্টতে যেন বিশ্বম্।
নিমেষাদির্ব্বৎসরান্তো মহীয়াং-
স্তং ত্বেশানং ক্ষেমধাম প্রপদ্যে ॥২৬

মর্ত্ত্যো মৃত্যুব্যালভীতঃ পলায়ন্
লোকান্ সর্বান্ নির্ভয়ং নাধ্যগচ্ছৎ।
ত্বৎপাদাব্জং প্রাপ্য যদৃচ্ছয়াদ্য
স্বস্থঃ শেতে মৃত্যুরস্মাদপৈতি ॥২৭

দেবকী উবাচ। (হে ভগবন্! বেদাঃ) অব্যক্তং নির্গুণং নির্ব্বিকারং নিরীহং নির্ব্বিশেষম্ আদ্যং সত্তামাত্রং যৎ ব্রহ্ম-জ্যোতিঃ প্রাহুঃ, তৎ (বস্তু) অধ্যাত্মদীপঃ স্বয়ং প্রকাশঃ, সাক্ষাৎ বিষ্ণুঃ সঃ ত্বম্ এব ॥২৪

দ্বিপরার্দ্ধাবসানে মহাপ্রলয়কালে, লোকে নষ্টে সতি, (তৎ যথা) মহাভূতেষু ক্ষিত্যাদিষু আদিভূতম্ অহঙ্কারং গতেষু প্রাপ্তেষু, তথা ব্যক্তে অহঙ্কারে কালবেগেন অব্যক্তং প্রধানং যাতে প্রাপ্তে সতি অশেষসংজ্ঞঃ অনন্তনামকঃ একঃ ভবান্ এব শিষ্যতে ॥২৫

হে অব্যক্তবন্ধো! যঃ অয়ং (সর্ব্বসংহারকঃ) নিমেষাদিঃ বৎসরান্তঃ (তথা বৎসরাবৃত্ত্যা) মহীয়ান্ (দ্বিপরার্দ্ধরূপঃ) কালঃ যেন চ কালেন বিশ্বং চেষ্টতে, বেদাঃ তং কালং তস্য তাদৃশস্য তে তব চেষ্টাম্ আহুঃ। (অতএব) ঈশানং সর্ব্বেশ্বরং, ক্ষেমধাম অভয়স্থানং, তং ত্বা ত্বাং প্রপদ্যে শরণং লভে ॥২৬

হে আদ্য! (অয়ং) মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ মৃত্যুব্যালভীতঃ সংসার-সর্প-ভীতঃ সর্ব্বান্ লোকান্ পলায়ন্ সন্ নির্ভয়ং (স্থানং) ন অধ্যগচ্ছৎ প্রাপ। (ততঃ) যদৃচ্ছয়া ত্বৎপাদাম্বুজং প্রাপ্য স্বস্থঃ শেতে। (যতঃ) অস্মাৎ পাদাব্জাৎ মৃত্যুঃ অপৈতি অপগচ্ছতি ॥২৭

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন,—এই প্রকারে শ্রীবসুদেবমহাশয়ের স্তব শেষ হইলে কংস ভয়ে ভীতা শ্রীদেবকী আপন পুত্রে মহাপুরুষের লক্ষণ সন্দর্শন পূর্ব্বক অতিবিস্মিত হইয়া তাহাকে স্তব করিতে লাগিলেন।২৩

শ্রীদেবকী দেবী কহিলেন,—হে প্রভো! বেদসকল যাহাকে অব্যক্ত (সর্ব্বাগোচর) সর্ব্বকারণ, বৃহৎ, চেতন, নির্গুণ, নির্ব্বিকার, সত্তামাত্র নির্ব্বিশেষ, ও নিশ্চেষ্ট বলিয়া থাকেন, আপনি সেই বুদ্ধ্যাদিকরণ-সমূহের প্রকাশক, সাক্ষাৎ বিষ্ণু।২৪

হে প্রভো! ব্রহ্মার আয়ুর অবসান কালের প্রবলবেগে মহাপ্রলয় উপস্থিত হইলে যখন চতুর্দ্দশ ভুবন বিলয় প্রাপ্ত হয়, তখন ক্ষিতি, অপ, তেজঃ, বায়ু ও আকাশ এই পঞ্চমহাভূত আদিভূত অহঙ্কার তত্ত্বে বিলয় প্রাপ্ত হইলে এবং সেই অহঙ্কার তত্ত্ব প্রকৃতিতত্ত্বে লয় হইলে, এক আপনিই অশেষ সংজ্ঞ হইয়া বিরাজ করেন।২৫

হে প্রকৃতিপ্রবর্ত্তক! এই যে নিমেষাদি বৎসরান্তে এবং পুনঃ পুনঃ বৎসরাবৃত্তি দ্বারা দ্বিপরার্দ্ধাত্মক কাল প্রবর্ত্তিত হইতেছে এবং যে কাল দ্বারা এই ব্রহ্মাণ্ড বিপরিণত হইতেছে, সে কাল আপনার লীলা—ইহাই পণ্ডিতগণ বলিয়া থাকেন। আপনি সর্ব্বেশ্বর ও অভয়ের আধার আমি আপনার শরণাপন্ন হইলাম।২৬

স ত্বং ঘোরাদুগ্রসেনাত্মজান্ন-
স্ত্রাহি ত্রস্তান্ ভৃত্যবিত্রাসহাসি।
রূপঞ্চেদং পৌরুষং ধ্যানধিষ্ণ্যং
মা প্রত্যক্ষং মাংসদৃশাং কৃষীষ্ঠাঃ ॥২৮
জন্ম তে ময্যসৌ পাপো মা বিদ্যান্মধুসূদন।
সমুদ্বিজে ভবদ্ধেতোঃ কংসাদহমধীরধীঃ ॥২৯

যতঃ ভৃত্যভয়হারী অসি, অতঃ সঃ ত্বং ঘোরাৎ মহাভীষণাৎ উগ্রসেনাত্মজাৎ কংসাৎ ত্রস্তান্ ভীতান্ নঃ অস্মান্ ত্রাহি। ভোঃ ভগবন্! ইদং ধ্যানধিষ্ণ্যং ধ্যানগোচরং পৌরুষম্ ঐশ্বরং রূপং মাংসদৃশাং মাংসচক্ষুষাম্ অজ্ঞানাং প্রত্যক্ষং মা কৃষীষ্ঠাঃ কুরু ॥২৮

হে মধুসূদন! ময়ি তে জন্ম অসৌ পাপঃ যথা ন বিদ্যাৎ তথা কুরু, যতঃ অধীরধীঃ অহং ভবদ্ধেতোঃ কংসাৎ সমুদ্বিজে বিভেমি ॥২৯

উপসংহর বিশ্বাত্মন্নদো রূপমলৌকিকম্।
শঙ্খচক্রগদাপদ্মশ্রিয়া জুষ্টং চতুর্ভুজম্ ॥৩০
বিশ্বং যদেতৎ স্বতনৌ নিশান্তে
যথাবকাশং পুরুষঃ পরো ভবান্।
বিভর্ত্তি সোঽয়ং মম গর্ভগোঽভূ-
দহো নৃলোকস্য বিড়ম্বনং হি তৎ ॥৩১

হে বিশ্বাত্মন্! শঙ্খ-চক্র-গদা-পদ্মশ্রিয়া জুষ্টম্ অলৌকিকং চতুর্ভুজম্ অদঃ রূপম্ উপসংহর গোপয় ॥৩০

যঃ পরঃ পুরুষঃ নিশান্তে প্রলয়ান্তে এতৎ যৎ বিশ্বং স্বতনৌ স্বকীয়দেহে যথাবকাশম্ অসংকোচতঃ এব বিভর্ত্তি, সঃ অয়ং ভবান্ মম গর্ভজঃ অভূৎ। অহো তৎ নৃলোকস্য বিড়ম্বনম উপহাস্যতা এব ॥৩১

হে সর্ব্বশ্রেষ্ঠ! মরণধর্ম্মশীল লোক মৃত্যুরূপ কালসর্পের ভয়ে নিতান্ত ভয়াকুলবশতঃ স্বয়ং রক্ষা পাইবার নিমিত্ত পলায়ন-পরায়ণ হইয়া ক্রমে ক্রমে সমস্ত লোকেই গমন করিয়া থাকে, কিন্তু কাল-সর্প পশ্চাৎ পশ্চাৎ গমন করে বলিয়া কোথায়ও নির্ভয় হইয়া থাকিতে পারে না, সর্ব্বদা অশান্তিতে অবস্থান করিয়া থাকে, তখন পরম দয়ালু ভবদীয় ভক্ত কাল-ভয়ে ভীত জীবের দুর্দ্দশা দেখিয়া কৃপাবলম্বনপূর্ব্বক ভক্তি প্রদান করেন, সেই ভক্তিবলে সে আপনার পাদপদ্মরূপ ধন্বন্তরি প্রাপ্ত হইয়া নির্ভয়ে অবস্থান করে, আর তাহার নিকটে কাল-সর্প আসিতে পারে না এবং মৃত্যুও তাহার নিকট হইতে দূরে পলায়ন করে।২৭

হে ভগবন্! আপনি ভৃত্যজনের ভয়হারী হইয়াও আমাদিগকে কেন এই মহাভয়গ্রস্থ করিতেছেন, আমরা উগ্রসেনাত্মজ দুর্দ্দান্ত প্রতাপশালী কংস হইতে বড়ই ভীত, অতএব আমাদিগকে ইহা হইতে পরিত্রাণ করুন এবং আপনার এই ধ্যানাস্পদ অলৌকিক পৌরুষরূপকে জ্ঞানচক্ষুঃহীন মানবদিগের চর্ম্ম-চক্ষুর গোচরীভূত করিবেন না।২৮

হে মধুসূদন! আমাতে আপনার জন্ম হইল—ঐ পাপ কংস যেন ইহা জানিতে না পারে। আর সে কংস আমার অপরাধ আশঙ্কা করিয়া আমাকে তাড়না করে করুক, আমি কেবল আপনার কল্যাণই আকাঙ্ক্ষা করিতেছি এবং আপনার নিমিত্ত কংস হইতে ভীত হইতেছি। যদিও আপনি মধুনামক দৈত্যকে বিনাশ করিয়াছেন বলিয়া এই ক্ষুদ্র কংস হইতে আপনার ভয়ের সম্ভাবনা নাই, কারণ আপনি অবলীলাক্রমে কংসকে বিনাশ করিতে পারেন সত্য; কিন্তু সেই ভূতপূর্ব্ব মধুদৈত্য হইতেও ইদানীন্তন এই কংস কোটিগুণ বলাধিক্য প্রযুক্ত আমার চিত্ত বড়ই অস্থির হইতেছে।২৯

হে বিশ্বাত্মন্! আপনি বিশ্বের অন্তর্য্যামী, আমিও বিশ্বমধ্যে রহিয়াছি, অতএব আমার অন্তরের মধ্যে বর্ত্তমান থাকিয়াও কেবল আমার চিত্তকে কেন চঞ্চল করিতেছেন? ইহা কি আপনার অসঙ্গত কার্য্য নহে? সে যাহা হউক, বর্ত্তমানে এই অলৌকিক শঙ্খ, চক্র, গদা ও পদ্মের শোভায়

শ্রীভগবানুবাচ।

ত্বমেব পূর্বসর্গেঽভূঃ পৃশ্নিঃ স্বায়ম্ভুবে সতি।
তদায়ং সুতপা নাম প্রজাপতিরকল্মষঃ ॥৩২

যুবাং বৈ ব্রহ্মণাদিষ্টৌ প্রজাসর্গে যদা ততঃ।
সন্নিয়ম্যেন্দ্রিয়গ্রামং তেপাথে পরমং তপঃ ॥৩৩

শ্রীভগবান্ উবাচ। হে সতি! স্বায়ম্ভুবে মন্বন্তরে পূর্ব্বসর্গে পূর্ব্বজন্মনি ত্বং পৃশ্নিঃ নাম অভূঃ। তদা অয়ং বসুদেবঃ অকল্মষঃ রাগদ্বেষাদিরহিতঃ প্রজাপতিঃ সুতপা নাম আসীৎ ॥৩২

যদা প্রজাসর্গে সন্তানোৎপত্তৌ ব্রহ্মণা বৈ যুবাম্ আদিষ্টৌ ততঃ ইন্দ্রিয়গ্রামং সংনিয়ম্য পরমম্ উৎকটং তপঃ তেপাথে ॥৩৩

বর্ষবাতাতপহিমঘর্মকালগুণান্ অনু সহমানৌ, শ্বাসরোধ-

শোভিত চতুর্ভুজরূপ সম্বরণ করুন (লৌকিক নর-বালকরূপ ধারণ করিলে অনায়াসে যে কোন স্থানে গোপনে রাখিতে পারিব)।৩০

আপনি পরম পুরুষ ভগবান্। প্রলয়াবসানে এই বিশ্বকে আপনি স্বীয় শরীরে অসঙ্কোচভাবে ধারণ করিয়া থাকেন, সেই আপনি আমার গর্ভে জন্মগ্রহণ করিয়াছেন—ইহা মনুষ্যলোকের বিড়ম্বনামাত্র; অতএব এতাদৃশ অলৌকিক পুত্রদ্বারা আমার প্রতিষ্ঠা দূরের কথা, বরঞ্চ উপহাসই অবশ্যম্ভাবী; কারণ প্রতিবেশিনীগণ বলিবে "ওরে মূঢ়ে দেবকি! অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের আধারস্বরূপ সেই ভগবান্ মানবী তোর গর্ভে আবির্ভূত হইয়াছেন, ইহা বলিতে কি লজ্জা বোধ হয় না।" এইরূপ কতই পরিহাস করিবে, অতএব এই রূপ সম্বরণ করুন।৩১

এইরূপে শ্রীভগবান্ বসুদেব ও দেবকীর স্তুতি-বাক্যে পরমানন্দিত হইয়া স্বীয় প্রসিদ্ধ আবির্ভাবের কারণ ও পূর্ব্ব দেহের বিবরণ বলিবার নিমিত্ত উভয়কে স্তবচ্ছলে সান্ত্বনাকরত স্নেহাধিক্যপ্রযুক্ত

বর্ষবাতাতপহিম-ঘর্ম্মকালগুণাননু।
সহমানৌ শ্বাসরোধ-বিনির্ধূতমনোমলৌ ॥৩৪
শীর্ণপর্ণানিলাহারাবুপশান্তেন চেতসা।
মত্তঃ কামানভীপ্সন্তৌ মদারাধনমীহতুঃ ॥৩৫
এবং বাং তপ্যতোস্তীব্রং তপঃ পরমদুষ্করম্।
দিব্যবর্ষসহস্রাণি দ্বাদশেয়ুর্মদাত্মনোঃ ॥৩৬

বিনির্ধূতমনোমলৌ প্রাণায়ামবিগতচিত্তমলৌ, শীর্ণপর্ণানিলাহারৌ গলিতপত্রবায়ুজীবিনৌ, মত্তঃ পুত্রভূতাৎ কামান্ জনকভাবোচিতসুখানি অভীপ্সন্তৌ যুবাম্ উপশান্তেন চেতসা নির্বৃতান্তঃকরণেন মম আরাধনম্ ঈহতুঃ কৃতবন্তৌ ॥৩৪-৩৫

হে ভদ্রে! এবং পরমদুষ্করং তপঃ তপ্যন্তৌ আচরন্তোঃ মদাত্মনোঃ মচ্চিত্তয়োঃ বাং যুবয়োঃ দ্বাদশদিব্যবর্ষসহস্রাণি ঈয়ুঃ গতানি ॥৩৬

শ্রীদেবকীকে সম্বোধন করিয়া কহিলেন—হে মাতঃ! আমি কেবল এই জন্মেই তোমার গর্ভগত হইয়াছি তাহা নহে, পরন্তু জন্মান্তরেও তোমার গর্ভগত হইয়া থাকি। অতএব তুমি আমার নিকট কেনই বা এতাদৃশ দীনভাব প্রকাশ করিতেছ, তুমি সামান্যা প্রাকৃতা মানুষী নও; হে সতি! স্বায়ম্ভুব মন্বন্তরে তুমিই পৃশ্নি নামে বিখ্যাত ছিলে এবং এই বসুদেবও তখন সর্ব্বদোষবিবর্জিত ও নিষ্পাপ সুতপা নামে প্রজাপতি ছিলেন।৩২

ঐ জন্মে যখন তোমরা প্রজাসৃষ্টির নিমিত্ত ব্রহ্মাকর্তৃক আদিষ্ট হইয়াছিলে, তখন স্ব স্ব ইন্দ্রিয়-সমূহ নিগ্রহ করিয়া কঠোর তপস্যাচরণ করিয়া-ছিলে।৩৩

তোমরা বর্ষা, বায়ু, আতপ, হিম ও ঘর্ম্মপ্রভৃতি স্বাভাবিক কামাদি মালিন্য বিদূরিত করিয়া গলিত পত্র ও বায়ুমাত্র আহার দ্বারা দেহধারণপূর্ব্বক আমার নিকট হইতে জনকভাবোচিত কামনায় মন্নিষ্ঠ হইয়া আমার আরাধনা করিয়াছিলে।৩৪-৩৫

তদা বাং পরিতুষ্টোঽহমমুনা বপুষানঘে।
তপসা শ্রদ্ধয়া নিত্যং ভক্ত্যা চ হৃদি ভাবিতঃ ॥৩৭
প্রাদুরাসং বরদরাড়্ যুবয়োঃ কামদিৎসয়া।
ব্রিয়তাং বর ইত্যুক্তে মাদৃশো বাং বৃতঃ সুতঃ ॥৩৮
অজুষ্টগ্রাম্যবিষয়াবনপত্যৌ চ দম্পতী।
ন বব্রাথেঽপবর্গং মে মোহিতৌ মম মায়য়া ॥৩৯

হে অনঘে নিষ্পাপে! বাং যুবয়োঃ তপসা শ্রদ্ধয়া ভক্ত্যা চ নিত্যং হৃদি ভাবিতঃ, (অতঃ) তদা পরিতুষ্টঃ সন্ যুবয়োঃ কামদিৎসয়া অভিলষিতপ্রদানার্থম্ বরং ব্রিয়তাম্ ইতি উক্তে (ময়ি) বাং যুবাভ্যাম্ অনপত্যাভ্যাং মাদৃশঃ সুতঃ বৃতঃ। অতঃ বরদরাট্ অহম্ অমুনা বপুষা প্রাদুরাসম্ ॥৩৭-৩৮

অজুষ্টগ্রাম্যবিষয়ৌ বিষয়সম্ভোগনিবৃত্তৌ পুত্রহীনৌ দম্পতী যুবাং মম মায়য়া (পুত্রস্নেহময্যা কৃপয়া এব) মোহিতৌ (তৃপ্তৌ) অপবর্গং মুক্তিং ন বব্রাথে বৃতবন্তৌ ॥৩৯

হে ভাগ্যবতি! এই প্রকারে কেবল আমাতেই চিত্ত সমর্পণ করিয়া পরম দুষ্কর তপস্যা করিতে করিতে তোমাদের দেব-পরিমাণে দ্বাদশ সহস্র বৎসর তখন অতিবাহিত হইয়াছিল।৩৬

হে নিষ্পাপে! তখন তোমরা প্রতিদিন মৎ-সন্তোষার্থ মদীয় ব্রতরূপ তপস্যা-জনিত সাধনভক্তি-বিষয়ক শ্রদ্ধা ও সেই শ্রদ্ধাজন্য ভক্তিদ্বারা বর্ত্তমান রূপবিশিষ্ট আমাকে হৃদয়ে প্রাপ্ত হইলে, আমিও তন্নিমিত্ত তোমাদিগের প্রতি অত্যন্ত প্রীত হইয়া এই চতুর্ভুজাদি-সমন্বিত শরীরে অভিলষিত বর প্রদান করিবার মানসে তোমাদিগের সমীপে আবির্ভূত হইলাম, কারণ আমি বরদাতাদিগের রাজা অর্থাৎ আমার নিকটে যে ব্যক্তি ভক্তিসহকারে যেমন প্রার্থনা করিবে, আমি তাহাকে ততোধিক বর প্রদান করিয়া থাকি। সে যাহা হউক, তখন "তোমারা বর গ্রহণ কর" আমি এই কথা বলিলে তোমরা মৎসদৃশ পুত্র প্রার্থনা করিয়াছিলে।৩৭-৩৮

হে মাতঃ! মদ্ভাবে ভাবিত-চিত্ত হইয়া তোমরা কেবল বিষয়ান্তরোৎপাদনে সমাদর কর নাই এমন নহে, পরন্তু মোক্ষাধিকারী হইয়াও তোমরা করতলগত মোক্ষ পর্য্যন্ত অনাদর করিয়াছিলে। তখন তোমরা স্ত্রী-পুরুষে গ্রাম্য বিষয়সুখ কিছুই উপভোগ কর নাই এবং তোমরা অনপত্যও ছিলে, অতএব মদীয় পুত্রস্নেহময়ী বৈষ্ণবী মায়াদ্বারা মোহিত হইয়া আমার নিকট মুক্তি প্রার্থনা কর নাই।৩৯

গতে ময়ি যুবাং লব্ধ্বা বরং মৎসদৃশং সুতম্।
গ্রাম্যান্ ভোগানভুঞ্জাথাং যুবাং প্রাপ্তমনোরথৌ ॥৪০
অদৃষ্ট্বান্যতমং লোকে শীলৌদার্য্যগুণৈঃ সমম্।
অহং সুতো বামভবং পৃশ্নিগর্ভ ইতি শ্রুতঃ ॥৪১
তয়োর্ব্বাং পুনরেবাহমদিত্যামাস কশ্যপাৎ।
উপেন্দ্র ইতি বিখ্যাতো বামনত্বাচ্চ বামনঃ ॥৪২

ময়ি গতে অন্তর্হিতে, যুবাং মৎসদৃশং পুত্রং বরং লব্ধ্বা প্রাপ্তমনোরথৌ সন্তৌ যুবাং গ্রাম্যান্ ব্যবায়াদীন্ ভোগান্ অভুঞ্জাথাম্ ॥৪০

শীলৌদার্য্যগুণৈঃ সমং সমতুল্যম্ অন্যং লোকে অদৃষ্ট্বা পৃশ্নিগর্ভঃ ইতি স্মৃতঃ এব অহং বাং যুবয়োঃ সুতঃ অভবম্ জাতঃ ॥৪১

অদিত্যাম্ অদিতিগর্ভে কশ্যপাৎ পিতুঃ (যঃ) পুত্রঃ উপেন্দ্রঃ আস, বামনত্বাৎ বামনঃ চ ইতি বিখ্যাতঃ, (সঃ অহম্) পুনঃ

সে যাহা হউক, আমি ঐ পুত্রবর প্রদান করিয়া অন্তর্ধান হইলে তোমরা উভয়ে মৎসদৃশ পুত্রবর লাভ করিয়া পূর্ণমনোরথ হইয়াছিলে বলিয়াই পশ্চাৎ গ্রাম্য বিষয়সকল ভোগ করিয়াছিলে।৪০

এই লোকে সচ্চরিত্র, উদারতা ও কারুণ্যাদি সর্ব্ববিধ গুণে পরিপূর্ণ আমার সমান অন্য কাহাকেও না দেখিয়া আমি স্বয়ংই তোমাদিগের পুত্র হইয়াছিলাম এবং পৃশ্নিগর্ভ এই নামে বিখ্যাত ত্রেতাযুগের অধিষ্ঠাতা ছিলাম।৪১

তৃতীয়েঽস্মিন্ ভবেঽহং বৈ তেনৈব বপুষাথ বাম্।
জাতো ভূয়স্তয়োরেব সত্যং মে ব্যাহৃতং সতি ॥৪৩
এতদ্ বাং দর্শিতং রূপং প্রাগ্ জন্মস্মরণায় মে।
নান্যথা মদ্ভবং জ্ঞানং মর্ত্ত্যলিঙ্গেন জায়তে ॥৪৪
যুবাং মাং পুত্রভাবেন ব্রহ্মভাবেন চাসকৃৎ।
চিন্তয়ন্তৌ কৃতস্নেহৌ যাস্যেথে মদ্গতিং পরাম্ ॥৪৫
(যদি কংসাদ্ বিভেষি ত্বং তর্হি মাং গোকুলং নয়।
মন্মায়ামানয়াশু ত্বং যশোদাগর্ভসম্ভবাম্ ॥)

শ্রীশুক উবাচ।
ইত্যুক্ত্বাসীদ্ধরিস্তূষ্ণীং ভগবানাত্মমায়য়া।
পিত্রোঃ সম্পশ্যতোঃ সদ্যো বভূব প্রাকৃতঃ শিশুঃ ॥৪৬
ততশ্চ শৌরির্ভগবৎপ্রচোদিতঃ
সুতং সমাদায় স সূতিকাগৃহাৎ।
যদা বহির্গন্তুমিয়েষ তর্হ্যজা
যা যোগমায়াজনি নন্দজায়য়া ॥৪৭

তয়োঃ প্রসিদ্ধয়োঃ বাং যুবয়োঃ এব আসম্ ॥৪২

হে সতি! (অধুনা) অস্মিন্ তৃতীয়ে ভবে জন্মনি অপি তেন বপুষা (পুত্ররূপেণ) তয়োঃ বাং যুবয়োঃ এব অথ ভূয়ঃ জাতঃ ইতি মে ব্যাহৃতং বচঃ সত্যং জানীহি ॥৪৩

প্রাগ্ জন্মস্মরণায় এতৎ পং মে ময়া বাং যুবাভ্যাং দর্শিতম্, অন্যথা মদ্ভবং মদ্বিষয়কং জ্ঞানং নির্ণয়ঃ মর্ত্ত্যলিঙ্গেন যুবয়োঃ মনুষ্যরূপেণ ন জায়তে। বা মদ্ভবং মম জন্মসম্বন্ধীয়ং জ্ঞানং প্রতীতিঃ মর্ত্ত্যলিঙ্গেন দ্বিভুজত্বাদিনা গূঢ়েন নরাকৃতিপরম-ব্রহ্মরূপেণ ন জায়তে ॥৪৪

হে পিতরৌ! মাং ব্রহ্মভাবেন সকৃৎ বারমেকং চিন্তয়ন্তৌ বা পুত্ররূপেণ সকৃৎ স্নেহবন্তৌ যুবাং পরাং সংসারাতীতাং মদ্গতিং বৈকুণ্ঠাখ্যাং যাস্যেথে। শ্রীশুকঃ উবাচ। ভগবান্ হরিঃ ইতি উক্ত্বা তূষ্ণীং নিস্তব্ধঃ বভূব, (তথা) পিত্রোঃ সংপশ্যতোঃ সদ্যঃ তৎক্ষণং (এব) প্রাকৃতঃ শিশুঃ বভূব ॥৪৫-৪৬

ততঃ ভগবৎপ্রচোদিতঃ শ্রীকৃষ্ণেন আজ্ঞপ্তঃ শৌরিঃ বসুদেবঃ যদা সুতং সমাদায় গৃহীত্বা সূতিকাগৃহাৎ বহিঃ গন্তুম্ ইয়েষ ঐচ্ছৎ, তদা চ যা অজা জন্মরহিতা যোগমায়া সা নন্দজায়য়া নিমিত্তভূতয়া যশোদয়া অজনি জাতা ॥৪৭

দ্বিতীয় জন্মে তুমি অদিতি ও এই বসুদেব কশ্যপরূপে আবির্ভূত হইলে, আমি তোমার গর্ভে কশ্যপ হইতে জন্ম গ্রহণ করিয়া উপেন্দ্র নামে বিখ্যাত হই। ঐ জন্মে মদীয় আকৃতি খর্ব্ব ছিল, সেইজন্য বামন বলিয়াও সুপ্রসিদ্ধ ছিলাম।৪২

অনন্তর অদিতি-কশ্যপরূপ তোমাদিগের এই তৃতীয় জন্মে পূর্ব্বকথিত চতুর্ভুজ মূর্ত্তিতে আমি স্বয়ং পুনর্ব্বার আবির্ভূত হইলাম। হে সতি! এই রূপে আমার বাক্য সত্য হইল।৪৩

আমার পূর্ব্বতন জন্ম স্মরণ করাইয়া দিবার নিমিত্ত তোমাদিগকে এই চতুর্ভুজাদিবিশিষ্ট অলৌকিক রূপ দেখাইলাম। অন্যথা অর্থাৎ আমি যদি না দেখাই, তাহা হইলে মনুষ্যচিহ্নদ্বারা মদ্বিষয়ক জ্ঞান জন্মিতে পারে না।৪৪

হে তাত! হে মাতঃ! আপনারা যদি আমাকে একবার মাত্র ব্রহ্মভাবে চিন্তা করেন বা পুত্রভাবে যদি স্নেহ করেন, তাহা হইলেই সংসার হইতে উত্তীর্ণ হইয়া উৎকৃষ্ট মদীয় বৈকুণ্ঠে আরোহণ করিবেন, সন্দেহ নাই।৪৫

শুকদেব বলিলেন,—ভগবান্ হরি জনক জননীকে এই রূপ প্রবোধ বাক্যে সান্ত্বনাকরত ক্ষণকাল নিস্তব্ধ হইলেন এবং তাঁহাদের সমক্ষেই স্বকীয় রূপ সম্বরণপূর্ব্বক প্রাকৃত শিশুরূপ ধারণ করিলেন।৪৬

অনন্তর "যদি কংস হইতে ভয় পাও, তাহা হইলে আমাকে নন্দগৃহে রাখিয়া মদীয় মায়া যশোদা-কন্যা হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন, তাঁহাকে আনয়ন কর" এই প্রকারে প্রথমতই ভগবৎ-বাক্যে প্রেরিত পরম ভাগ্যবান্ বসুদেব স্বীয়পাদনিগড় স্বয়ং স্খলিত দেখিয়া যখন পুত্রকে কোমল বস্ত্রাবৃত পেটিকার মধ্যে সুখে স্থাপনপূর্ব্বক মস্তকে লইয়া গৃহ হইতে বাহিরে যাইতে ইচ্ছা করিলেন, তখনই অজা নামে প্রসিদ্ধা যোগমায়া নন্দপত্নী শ্রীযশোদা হইতে

তয়া হৃতপ্রত্যয়সর্ববৃত্তিষু
দ্বাঃস্থেষু পৌরেষ্বপি শায়িতেষ্বথ।
দ্বারস্তু সর্বাঃ পিহিতা দুরত্যয়া
বৃহৎকপাটায়সকীলশৃঙ্খলৈঃ ॥৪৮

তাঃ কৃষ্ণবাহে বসুদেব আগতে
স্বয়ং ব্যবর্য্যন্ত যথা তমো রবেঃ।
ববর্ষ পর্জন্য উপাংশুগর্জ্জিতঃ
শেষোঽন্বগাদ্ বারি নিবারয়ন্ ফণৈঃ ॥৪৯

অথ তয়া যোগমায়য়া হৃতপ্রত্যয়সর্ববৃত্তিষু সমাচ্ছাদিতেন্দ্রিয়-বৃত্তিষু দ্বাঃস্থেষু দ্বারপালেষু পৌরেষু শায়িতেষু মোহাধিক্যাৎ নিদ্রিতেষু সৎসু বৃহৎকবাটায়স-কীল-শৃঙ্খলৈঃ চ পিহিতাঃ রুদ্ধাঃ দুরতিক্রমণীয়াঃ সর্ব্বাঃ দ্বারঃ ॥৪৮

রবেঃ সূর্য্যস্য (উদয়ে) তমো যথা তথা কৃষ্ণবাহে কৃষ্ণবাহকে বসুদেবে আগতে তাঃ সর্ব্বাঃ দ্বারঃ স্বয়ম্ এব ব্যবর্য্যন্ত বিবৃতাঃ বভুবুঃ। পর্জ্জন্যঃ মেঘঃ উপাংশুগর্জ্জিতঃ মন্দগর্জ্জিতঃ ববর্ষ, (তদৈব) শেষঃ অনন্তঃ ফণৈঃ বারি নিবারয়ন্ অনু পশ্চাৎ অগাৎ গতবান্ ॥৪৯

আবির্ভূতা হইলেন।৪৭

অনন্তর সেই যোগমায়ার অংশভূতা জনমোহিনী মায়াকর্ত্তৃক দ্বারপালসকলের জ্ঞান-কারণ ইন্দ্রিয়বৃত্তি-সমূহ অপহৃত হইলে, দ্বারপাল এবং পুরবাসিগণ নিদ্রাভিভূত হইয়া শয়ন করিলে বৃহৎ বৃহৎ কবাট, লৌহ নির্ম্মিত কীলক এবং লৌহময় শৃঙ্খলসমূহে দৃঢ়তর বদ্ধ হইলেও সূর্য্যের উদয়ে অন্ধকার যেমন স্বয়ংই অপগত হয়, তদ্রূপ শ্রীকৃষ্ণকে লইয়া বসুদেব বহির্গমনার্থ উদ্যত হইলে স্বয়ংই দ্বারসকল উন্মুক্ত হইয়া গেল। মেঘসকল মন্দ মন্দ গর্জ্জনপূর্ব্বক বারি বর্ষণ করিতে লাগিল। অনন্তদেব স্বীয় ফণাদ্বারা ঐ বারি নিবারণ করিবার নিমিত্ত শ্রীবসুদেব মহাশয়ের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন।৪৮-৪৯

মঘোনি বর্ষত্যসকৃদ্ যমানুজা
গম্ভীরতোয়ৌঘজবোর্ম্মিফেনিলা।
ভয়ানকাবর্তশতাকুলা নদী
মার্গং দদৌ সিন্ধুরিব শ্রিয়ঃ পতেঃ ॥৫০

নন্দব্রজং শৌরিরুপেত্য তত্র তান্
গোপান্ প্রসুপ্তানুপলভ্য নিদ্রয়া।
সুতং যশোদাশয়নে নিধায় তৎ-
সুতামুপাদায় পুনর্গৃহানগাৎ ॥৫১

মঘোনি ইন্দ্রে অসকৃৎ বর্ষতি সতি গম্ভীরতোয়ৌঘজবোর্ম্মি-ফেনিলা প্রচুরজলপ্রবাহজন্যতরঙ্গফেনবিশিষ্টা ভয়ানকাবর্ত্ত-শতাকুলা নদী যমানুজা যমুনা শ্রিয়ঃ পতেঃ সীতাপতেঃ সিন্ধুঃ ইব মার্গং দদৌ ॥৫০

ততঃ শৌরিঃ নন্দব্রজং গোকুলম্ উপেত্য তত্র তান্ গোপান্ নিদ্রয়া সুষুপ্তান্ উপলভ্য জ্ঞাত্বা যশোদাশয়নে শিশুং নিধায় সংস্থাপ্য তৎসুতাম্ উপাদায় পুনঃ গৃহান্ অগাৎ ॥৫১

দেবরাজ ইন্দ্র অনবরত বারি বর্ষণ করায় যমুনা-নদী গম্ভীরজল প্রবাহের বেগে তরঙ্গায়িত ফেনব্যাপ্ত ও ভয়ানক শত শত আবর্ত্ত বা ঘূর্ণী-সমূহে ব্যাপ্ত হইয়াও সাগর যেমন সীতাপতি শ্রীরামচন্দ্রকে পথ প্রদান করিয়াছিলেন, তদ্রূপ শ্রীবসুদেবকে পথ প্রদান করিলেন।৫০

শ্রীবসুদেবমহাশয় পথাদি অনবগত হইলেও দৈবসাহায্যবশতঃ নন্দভবনে উপনীত হইয়া যোগমায়ার প্রভাবে উন্মুক্ত দ্বার ও তত্রস্থ যাবতীয় গোপগণকে নিদ্রাভিভূত সন্দর্শনপূর্ব্বক নিজ শিশুকে শ্রীযশোদার শয্যায় নিধির ন্যায় গূঢ়ভাবে স্থাপন ও তাঁহার কন্যাকে কংস-বঞ্চনার্থ উপাদেয় রূপে গ্রহণ করিয়া পুনর্ব্বার স্বগৃহে প্রত্যাগত হইলেন।৫১

দেবক্যাঃ শয়নে ন্যস্য বসুদেবোঽথ দারিকাম্।
প্রতিমুচ্য পদোর্লোহমাস্তে পূর্ব্ববদাবৃতঃ ॥৫২

যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত।
ন তল্লিঙ্গং পরিশ্রান্তা নিদ্রয়াপগতস্মৃতিঃ ॥৫৩

অথ বসুদেবঃ দেবক্যাঃ শয়নে শয্যায়াং দারিকাং কন্যাং ন্যস্য স্থাপয়িত্বা পদোঃ পাদয়োঃ লৌহং নিগড়ং প্রতিমুচ্য বদ্ধা পূর্ব্ববৎ আবৃতঃ আস্তে স্ম আস ॥৫২

পরিশ্রান্তা নন্দপত্নী যশোদা জাতম্ এব পরম্ কেবলং ন তল্লিঙ্গং (পুত্রঃ কন্যা বা ইতি) অবুধ্যত, যতঃ নিদ্রয়া অপগতস্মৃতিঃ স্মরণরহিতা আসীৎ ॥৫৩

অনন্তর শ্রীবাসুদেবমহাশয় দেবকীর শোকাদি বৃদ্ধি হইবে এই আশঙ্কা করিয়া কন্যাটিকে তাহার ক্রোড়ে না দিয়া শয্যার উপরে রাখিয়া আপনার পদদ্বয়ে লৌহনিগড় বন্ধনপূর্ব্বক কবাটাদি বদ্ধ করিয়া পূর্ব্ববৎ অবস্থিত রহিলেন।৫২

নন্দপত্নী যশোদা যোগনিদ্রায় অপগতস্মৃতি এবং প্রসব-পীড়ায় পরিশ্রান্ত হওয়ায় "সন্তান জন্মিয়াছে" এইমাত্র জানিয়াছিলেন, কিন্তু কন্যা কি পুত্র তাহা বুঝিতে পারেন নাই।৫৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদ সহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ।

[জিঘাংসোঃ কংসস্য হস্তান্মুক্তায়া দেব্যা শ্রীভগবদবতারসূচনম্,
কংসস্য অনুতাপঃ, কুমন্ত্রিভিঃ সহ তস্য কুমন্ত্রণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

বহিরন্তঃপুরদ্বারঃ সর্ব্বাঃ পূর্ব্ববদাবৃতাঃ।
ততো বালধ্বনিং শ্রুত্বা গৃহপালাঃ সমুত্থিতাঃ ॥১

তে তু তূর্ণমুপব্রজ্য দেবক্যা গর্ভজন্ম তৎ।
আচখ্যুর্ভোজরাজায় যদুদ্বিগ্নঃ প্রতীক্ষতে ॥২

স তল্পাৎ তূর্ণমুত্থায় কালোঽয়মিতি বিহ্বলঃ।
সূতীগৃহমগাৎ তূর্ণং প্রস্খলন্মুক্তমূর্দ্ধজঃ ॥৩

তমাহ ভ্রাতরং দেবী কৃপণা করুণং সতী।
স্নুষেয়ং তব কল্যাণ স্ত্রিয়ং মা হন্তুমর্হসি ॥৪

বহবো হিংসিতা ভ্রাতঃ শিশবঃ পাবকোপমাঃ।
ত্বয়া দৈবনিসৃষ্টেন পুত্রিকৈকা প্রদীয়তাম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (যদা) সর্ব্বাঃ বহিরন্তঃপুরদ্বারঃ পূর্ব্ববৎ আবৃতাঃ লগ্নাঃ বভূবুঃ, ততঃ গৃহপালাঃ বালধ্বনিং (জাতমাত্রস্য স্বভাবতো রোদনশব্দম্) শ্রুত্বা সমুত্থিতাঃ লব্ধসংজ্ঞাঃ জাতাঃ ॥১

তে তু তূর্ণং সত্বরম্ উপব্রজ্য সমীপং গত্বা দেবক্যাঃ তৎ অষ্টমং গর্ভ জন্ম ভোজরাজায় কংসায় আচখ্যুঃ বিজ্ঞাপয়ামাসুঃ, যদুদ্বিগ্নঃ যস্মাৎ উৎকণ্ঠিতচিত্তঃ সন্ (সঃ) প্রতীক্ষতে ॥২

সঃ কংসঃ, অয়ম্ এব কালঃ (হননাবসরঃ বা মৃত্যুস্বরূপঃ) ইতি চিন্তয়িত্বা বিহ্বলঃ ভয়ব্যাকুলঃ সন্ তূর্ণং শীঘ্রং তল্পাৎ শয্যায়াঃ উত্থায় প্রস্খলন্মুক্তমূর্দ্ধজঃ বিকীর্ণকেশজালঃ যথা তথা সূতীগৃহং শীঘ্রম্ অগাৎ ॥৩

কৃপণা ভয়ব্যাকুলিতচিত্তা সতী দেবকী তং কংসং ভ্রাতরং করুণং (কাতর্য্যেণ) আহ, হে কল্যাণ। ইয়ং (মম কন্যা) তব স্নুষা পুত্রবধূঃ (ভবিষ্যতি অতঃ স্নেহার্হা, বিশেষতঃ) ত্বং স্ত্রিয়ং হন্তুং মা ন অর্হসি ॥৪

হে ভ্রাতঃ! দৈবনিসৃষ্টেন কালপ্রেরিতেন ত্বয়া পাবকোপমাঃ যে বহবঃ শিশবঃ হিংসিতাঃ হতাঃ, একা পুত্রিকা কন্যা

চতুর্থ অধ্যায়।

[বধ করিতে ইচ্ছুক কংসের হস্ত হইতে মুক্তা দেবী কর্ত্তৃক শ্রীভগবানের অবতারসূচন, কংসের অনুতাপ ও কুমন্ত্রিগণের সহিত তাহার কুমন্ত্রণা।]

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন, (হে রাজন্) বহির্ভাগস্থ ও অন্তঃপুরস্থ দ্বার সমুদয় মায়া-প্রভাবে স্বয়ংই পূর্ব্ববৎ আবৃত হইল। এতাবৎকাল পর্যন্ত বালিকা রোদন করেন নাই, এক্ষণে কার্য্যের অবসান বুঝিয়া সদ্যোজাত বালকের স্বভাবসিদ্ধ রোদন করিতে আরম্ভ করিলে প্রহরীগণ বালজাতির ধ্বনি শ্রবণ করিয়া অস্ত্র-শস্ত্র সমভিব্যাহারে উত্থিত হইল।১

ঐ প্রহরীগণ তৎক্ষণাৎ কংসসমীপে গমন করিয়া দেবকীর অষ্টম গর্ভজাত সন্তানের কথা তাহাকে জানাইল। কংস এতদিন উদ্বিগ্নচিত্তে যে গর্ভ-জন্ম প্রতীক্ষা করিতেছিল।২

তচ্ছ্রবণে কংস সত্বর শয্যা হইতে গাত্রোত্থান-পূর্ব্বক "বালক বধের এই উপযুক্ত সময় বা সাক্ষাৎ মৃত্যুই বুঝি এই আগত হইয়াছে" এই বিবেচনায় বিহ্বল হইয়া সংস্খলিত পদে মুক্ত কেশে অবিলম্বে সূতিকা গৃহে আগমন করিল।৩

কংসকে দর্শন করিয়া সতী দেবকীদেবী স্বপুত্রের গোপনবশতঃ অন্তরে হৃষ্টমানা হইলেও প্রিয়সখী যশোদার কন্যাবধের আশঙ্কা করিয়া দুঃখিত মনে সমাগত কংসকে করুণভাবে বলিতে লাগিলেন—হে কল্যাণ! হে আয়ুষ্মন্! এই কন্যা আপনার পুত্র-বধূ হইবে, ইহাকে বধ করিবেন না।৪

হে ভ্রাতঃ! কালকর্ত্তৃক প্রেরিত হইয়া আপনি অগ্নিতুল্য তেজস্বী অনেকগুলি সন্তান বিনষ্ট করিয়াছেন। এবার এই কন্যাটিকে আমায় প্রদান

নম্বহং তে হ্যবরজা দীনা হতসুতা প্রভো।
দাতুমর্হসি মন্দায়া অঙ্গেমাং চরমাং প্রজাম্ ॥৬

শ্রীশুক উবাচ।

উপগুহ্যাত্মজামেবং রুদত্যা দীনদীনবৎ।
যাচিতস্তাং বিনির্ভৎর্স্য হস্তাদাচিচ্ছিদে খলঃ ॥৭
তাং গৃহীত্বা চরণয়োর্জাতমাত্রাং স্বসুঃ সুতাম্।
অপোথয়চ্ছিলাপৃষ্ঠে স্বার্থোন্মূলিতসৌহৃদঃ ॥৮

সা তদ্ধস্তাৎ সমুৎপত্য সদ্যো দেব্যম্বরং গতা।
অদৃশ্যতানুজা বিষ্ণোঃ সায়ুধাষ্টমহাভুজা ॥৯
দিব্যস্রগম্বরালেপ-রত্নাভরণভূষিতা।
ধনুঃশূলেষুচর্ম্মাসি-শঙ্খচক্রগদাধরা ॥১০
সিদ্ধচারণগন্ধর্ব্বৈরপ্সরঃ-কিন্নরোরগৈঃ।
উপাহৃতোরুবলিভিঃ স্তূয়মানেদমব্রবীৎ ১১

প্রদীয়তাম্ ॥৫

নমু হে প্রভো! হতসুতা নষ্টপ্রজা দীনা অহং তে অবরজা কনিষ্ঠা ভগিনী। হে অঙ্গ! মন্দায়াঃ মে ইমাং চরমাং শেষভূতাং প্রজাং কন্যাং দাতুম্ অর্হসি ॥৬

শ্রীশুকঃ উবাচ। আত্মজাং কন্যাম্ উপগুহ্য স্বক্রোড়ে স্বদেহেনৈব আচ্ছাদ্য দীনদীনবৎ অতীবদুঃখিতা ইব রুদত্যা দেবক্যা এবং যাচিতঃ প্রার্থিতঃ (অপি সঃ) খলঃ কংসঃ তাং দেবকীং বিনির্ভৎর্স্য তিরস্কৃত্য হস্তাৎ (কন্যাং) আচিচ্ছিদে বলাৎ জগ্রাহ ॥৭

স্বার্থোন্মূলিতসৌহৃদঃ স্বার্থেন ত্যক্তস্নেহঃ কংসঃ স্বসুঃ ভগিন্যাঃ তাং জাতমাত্রাং গর্ভজলাদিক্লিন্নাং সুতাং চরণয়োঃ গৃহীত্বা শিলাপৃষ্ঠে অপোথয়ৎ বলেন চিক্ষেপ ॥৮

বিষ্ণোঃ শ্রীকৃষ্ণস্য অনুজা সা কন্যা তদ্ধস্তাৎ সমুৎপত্য নির্গত্য সদ্যঃ দেবী ভূত্বা অম্বরং গতা (সতী তত্র) সায়ুধাষ্ট-মহাভুজা অদৃশ্যত ॥৯

তথা দিব্যস্রগম্বরালেপরত্নাভরণভূষিতা অপূর্ব্বমাল্য-বসন-গন্ধমণি-কাঞ্চনাদিভূষিতা, ধনুঃশূলেষু-চর্ম্মাদি-শঙ্খ-চক্র-গদাধরা সায়ুধাষ্টকরাম্বুজা ॥১০

উপাহৃতোরুবলিভিঃ, দত্তবলিভিঃ সিদ্ধচারণগন্ধর্ব্বৈঃ অপ্সরঃ-কিন্নরোরগৈঃ স্তূয়মানা (সা) ইদম্ অব্রবীৎ ॥১১

করুন, আমাকে শূন্য-ক্রোড়া করিবেন না।৫

হে ভ্রাতঃ! আমি নিশ্চয়ই আপনার কনিষ্ঠা ভগিনী। সন্তানগুলি নিহত হওয়াতে আমি নিতান্ত কাতর হইয়া পড়িয়াছি। হে প্রভো! আপনি আমার অদেয় বস্তু দানেও সমর্থ; অতএব পুত্র ভাগ্যহীনা আমাকে সদ্যোজাত ও অনিষ্ট করিতে অক্ষমা এই শেষ কন্যাটিকে প্রদান করুন।৬

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন, দেবকী কন্যাটিকে বক্ষঃস্থলে দুই হস্তদ্বারা বেষ্টনপূর্ব্বক দীনা অপেক্ষাও দীনার ন্যায় রোদনপরায়ণা হইয়া ঐ প্রকার যাচ্ঞা করিতে লাগিলে দুরাত্মা কংস তাহাকে অত্যন্ত তিরস্কার করিয়া তদীয় হস্ত হইতে কন্যাটি কাড়িয়া লইল।৭

স্বার্থ-সিদ্ধির নিমিত্ত স্বজনস্নেহবিনাশকারী কংস ভগিনীর সদ্যোজাত গর্ভজলাদি-ক্লিন্না কন্যাটির চরণদ্বয় ধারণ করিয়া শিলার উপরে সজোরে নিক্ষেপ করিল।৮

শ্রীকৃষ্ণের কনিষ্ঠা ভগিনী সেই কন্যা, কংস-কর্তৃক অধঃক্ষিপ্তা হইলেও কংসাসুরের হস্ত হইতে উৎপতিতা হইয়া তৎক্ষণাৎ অষ্টভুজা দেবীমূর্ত্তি ধারণ পূর্ব্বক আকাশে গমন করিলেন এবং সেই বৃহৎ অষ্টভুজে ধনুঃ, শূল, বাণ, চর্ম্ম, খড়্গ, শঙ্খ, চক্র ও গদা এই আটটি আয়ুধ ধারণপূর্ব্বক স্বর্গীয় অপূর্ব্ব মাল্য, বস্ত্র, চন্দন ও বিবিধ রত্নাভরণ-সমূহে বিভূষিতা হইয়া কংসাদি সকলকে দর্শন প্রদান করিলেন।৯-১০

সিদ্ধ চারণ ও গন্ধর্ব্বগণ এবং অপ্সরা, কিন্নর ও উরগগণ ভূরি ভূরি উপহার প্রদানপূর্ব্বক স্তব করিতে প্রবৃত্ত হইলে সেই দেবী কংসকে সম্বোধিয়া কহিতে লাগিলেন।১১

কিং ময়া হতয়া মন্দ জাতঃ খলু তবান্তকৃৎ ।
যত্র ক্ব বা পূর্ব্বশত্রুর্মা হিংসীঃ কৃপণান্ বৃথা ॥১২
ইতি প্রভাষ্য তং দেবী মায়া ভগবতী ভুবি ।
বহুনামনিকেতেষু বহুনামা বভূব হ ॥১৩
তয়াভিহিতমাকর্ণ্য কংসঃ পরমবিস্মিতঃ ।
দেবকীং বসুদেবঞ্চ বিমুচ্য প্রশ্রিতোঽব্রবীৎ ॥১৪

হে মন্দ নির্দ্দয় ! ময়া হতয়া কিং ? তব অন্তকৃৎ বিনাশকারী পূর্ব্বশত্রুঃ যত্র কচিৎ অনির্দ্দিষ্টপ্রদেশে খলু নিশ্চয়ঃ জাতঃ। কৃপণান্ নিরপরাধান্ শিশূন্ বৃথা মা ন হিংসীঃ ঘাতয় ॥১২

ভগবতী দেবী মায়া তং কংসম্ ইতি এবং প্রভাষ্য আদিশ্য ভুবি বহুনামনিকেতেষু কামরূপাদিস্থানেষু বহুনামা (নানানামত্বেন পূজ্যা) বভূব হ ॥১৩

তয়া দেব্যা অভিহিতম্ উক্তম্ আকর্ণ্য শ্রুত্বা পরমবিস্মিতঃ কংসঃ দেবকীং বসুদেবং চ বিমুচ্য প্রশ্রিতঃ নম্রঃ সন্ অব্রবীৎ ॥১৪

হে ভগিনি ! হে ভাম ভগিনীপতে ! বত খেদে পুরুষাদঃ

রে মন্দমতে ! আমি ত্বৎকর্ত্তৃক যদি নিহতাও হইতাম, তাহা হইলে তোর কোন স্বার্থ সিদ্ধ হয় না; কারণ যিনি পূর্ব্বজন্মে তোকে বিনাশ করিয়াছিলেন, তিনি এই জন্মেও তোকে বিনাশ করিবেন বলিয়া যে কোন স্থানেই হউক নিশ্চয়ই আবির্ভূত হইয়াছেন, সেই জন্য অদ্য আমি তোকে বিনাশ করিলাম না, (সে যাই হউক) এই দুঃখিতা দেবকীকে বন্ধনাদি দ্বারা আর বৃথা কষ্ট প্রদান করিস্ না এবং পতির সহিত ইহার বন্ধন মোচন কর্ । (পাঠান্তরে) তুই বৃথা শিশু বা তৎসম্বন্ধি জনসকলকে বিনাশ করিস্ না ।১২

এই প্রকারে ভগবতী মায়াদেবী কংসকে আদেশ করিয়া পৃথিবীতলে বারাণসী প্রভৃতি বিবিধ স্থলে নানাবিধ নামে পূজিতা হইলেন ।১৩

কংস দেবীর বাক্য শ্রবণ করিয়া নিতান্তই বিস্ময়াপন্ন হইল; তখন দেবকী ও বসুদেবকে

অহো ভগিন্যহো ভাম ময়া বাং বত পাপ্মনা ।
পুরুষাদ ইবাপত্যং বহবো হিংসিতাঃ সুতাঃ ॥১৫
স ত্বহং ত্যক্তকারুণ্যস্ত্যক্তজ্ঞাতিসুহৃৎ খলঃ ।
কাঁল্লোকান্ বৈ গমিষ্যামি ব্রহ্মহেব মৃতঃ শ্বসন্ ॥১৬
দৈবমপ্যনৃতং বক্তি ন মর্ত্ত্যা এব কেবলম্ ।
যদ্বিশ্রম্ভাদহং পাপঃ স্বসুর্নিহতবান্ শিশূন্ ॥১৭

রাক্ষসঃ (স্বম্) অপত্যম্ ইব (যথা হিনস্তি তথা) পাপ্মনা পাপিষ্ঠেন ময়া সুহৃদোঃ স্বজনয়োঃ বাং যুবয়োঃ বহবঃ সুতাঃ হিংসিতাঃ বিনষ্টাঃ ॥১৫

সঃ ত্যক্তকারুণ্যঃ নির্দ্দয়ঃ ত্যক্তজ্ঞাতিসুহৃদ্ স্বজন-বান্ধবদ্বেষ্টা খলঃ ক্রূরমতিঃ অহং ব্রহ্মহা ইব মৃতঃ (ইমং দেহং পরিত্যজ্য) শ্বসন্ (দেহান্তরম্ উপলভ্য) কান্ অদ্ভুতবান্ লোকান্ গমিষ্যামি ইত্যহং ন জানে ॥১৬

(যতঃ) কেবলং মর্ত্ত্যাঃ মানবাঃ এব ন, দৈবম্ অপি অনৃতং বক্তি। যদ্বিস্রম্ভাৎ (যতঃ দৈববাণীং বিশ্বস্য এব) পাপঃ অহং স্বসুঃ ভগিন্যাঃ সুতান্ নিহতবান্ ॥১৭

বন্ধনমুক্ত করিয়া বিনীতভাবে বলিতে লাগিল ।১৪

হে ভগিনী ও ভগিনীপতে ! অতীব দুঃখের বিষয় যে, রাক্ষস যেমন নির্দ্দয়তা-প্রযুক্ত স্বীয় অপত্যের প্রাণ বধ করিয়া থাকে, দুর্ম্মতি পাপাত্মা আমিও সেইরূপ তোমাদের ন্যায় স্বজনের পুত্রগণকে অনায়াসে নিহত করিয়াছি ।১৫

ব্রহ্মঘাতী ব্যক্তির ন্যায় জ্ঞাতি-সুহৃদ্‌গণের দ্রোহকারী নির্দ্দয় ক্রূরমতি আমার ন্যায় ব্যক্তির মৃত্যুর পর যে দুঃখসঙ্কুল কোন্ ভয়ানক নরকার্ণবে নিপতিত হইতে হইবে তাহা কিছুই বুঝিতেছি না ।১৬

ঐ বিগর্হিত কার্য্য-বিষয়ে কেবল যে আমি সম্পূর্ণ দোষী, তাহাও বলিতে পারি না; দেবতা-গণকেও দোষী বলিতে হইবে, যেহেতু আমি মনে করিয়াছিলাম এ সংসারে মনুষ্যগুলিই বোধ হয় মিথ্যা বলিয়া থাকে, কিন্তু এখন দেখি তাহা নহে;

মা শোচতং মহাভাগাবাত্মজান্ স্বকৃতং ভুজঃ।
জন্তবো ন সদৈকত্র দৈবাধীনাস্তদাসতে ॥১৮
ভুবি ভৌমানি ভূতানি যথা যান্ত্যপযান্তি চ।
নায়মাত্মা তথৈতেষু বিপর্য্যেতি যথৈব ভূঃ ॥১৯

হে মহাভাগৌ! যুবাং স্বকৃতং ভুজঃ স্বাদৃষ্টফলভোগিনঃ আত্মজান্ পুত্রান্ মা ন অশোচতম্; (যতঃ) দৈবাধীনাঃ জন্তবঃ সদা একত্র সহ ন আসতে ॥১৮

ভুবি পৃথিব্যাম্ আশ্রিতানি ভৌমানি (ঘটাদীনি) যথা আয়ান্তি উৎপদ্যন্তে, অপযান্তি নশ্যন্তি চ, ভূতানি দেহাঃ (অপি তথা; কিঞ্চ) যথা ভূঃ (অপরিণামতয়া অবতিষ্ঠতে), তথা এব এতেষু দেহেষু (বর্ত্তমানঃ) অয়ম্ আত্মা ন বিপর্য্যেতি (জন্মাদি-বিক্রিয়াং ন প্রাপ্নোতি) ॥১৯

যথানেবংবিদো ভেদো যত আত্মবিপর্য্যয়ঃ।
দেহযোগবিয়োগৌ চ সংসৃতির্ন নিবর্ত্ততে ॥২০
তস্মাদ্ ভদ্রে স্বতনয়ান্ ময়া ব্যাপাদিতানপি।
মানুশোচ যতঃ সর্ব্বঃ স্বকৃতং বিন্দতেঽবশঃ ॥২১

যথা অনেবংবিদাম্ (দেহেষু বিক্রিয়মাণেষু অয়ম্ একরূপঃ আত্মা ন বিপর্য্যেতি ইতি অজানতাং পুংসাম্) আত্মবিপর্য্যয়ঃ দেহাত্মবুদ্ধিঃ (ভবতি), যতঃ ভেদঃ, তস্মাৎ চ দেহযোগ-বিয়োগৌ জন্মমরণে এব, অতঃ সংসৃতিঃ ন নিবর্ত্ততে ॥২০

অতঃ হে ভদ্রে! তস্মাৎ ময়া ব্যাপাদিতান্ বিনাশিতান্ অপি স্বতনয়ান্ মা অনুশোচ, যতঃ সর্ব্বপ্রাণী অবশঃ সন্ স্বকৃতং কর্ম্ম বিন্দতে ভজতে ॥২১

দেবতাগণও মিথ্যা বাক্য কহিয়া থাকে। কি আশ্চর্য্য? "সত্যমেব দেবাঃ, অনৃতং মনুষ্যাঃ" অর্থাৎ দেবতাগণই সত্য কহে এই শ্রুতিও বিরোধ হইল। আহা! আমি ঐ শ্রুতিবাক্যে নির্ভর রাখিয়া দৈববাক্যের উপর বিশ্বাস করিয়াই কিনা ভগিনীর শিশুসন্তানগুলি নিধন করিয়াছি, অতএব আমি নিতান্ত পাপিষ্ঠ; তাহা না হইলে ঐ অসত্য দেববাণী সত্য মানিয়া কেনই বা এতাদৃশ নিন্দিত কার্য্য করিব?১৭

যাহা হউক, তোমরা মহাভাগ, স্ব স্ব প্রারব্ধ কর্ম্মভোগকারী সন্তানদিগের নিমিত্ত শোক করিও না; সকল প্রাণীই দৈবাধীন বলিয়া সর্ব্বদা একস্থানে পরস্পর অবিচ্ছেদে অবস্থান করিতে পারে না, পরন্তু স্ব স্ব কর্ম্মার্জ্জিত লোকে পৃথক্‌ভাবে অবস্থান করিয়া থাকে।১৮

যেমন পৃথিবীতে ঘটাদি পার্থিব দ্রব্যসমূহ উৎপন্ন হয়, আবার ভাঙ্গিয়া যায়, তদ্রূপ আত্মাতে দেহসকল উৎপন্ন হয়, আবার ধ্বংস প্রাপ্ত হয়। অপর যেমন পার্থিক ঘটাদি দ্রব্যনিচয় বিকার প্রাপ্ত হইলেও পৃথিবীর বিকার হয় না, তদ্রূপ জন্মাদি দ্বারা দেহের বিকার হইলেও আত্মা জন্ম-মরণাদি ব্যাপারে বিকৃত হয়েন না, পরন্তু একরূপেই অবস্থান করিয়া থাকেন।১৯

দেহের বিকার হইলেও আত্মার বিকৃতি হয় না, ইহা যাহারা যথার্থরূপে অবগত নহে, তাহাদিগেরই দেহাদিতে আত্মবুদ্ধি হইয়া থাকে এবং ঐ বুদ্ধি হইতে ভেদ জ্ঞান হয়, আবার সেই জ্ঞান হইতে পুত্রাদি দেহের সহিত যোগে সুখের কারণ ও বিয়োগে দুঃখের কারণ হইয়া থাকে, সুতরাং তাহাদের সুখদুঃখাত্মক সংসার-নিবৃত্তি হয় না।২০

অতএব হে ভদ্রে! দেহের অনাত্মকত্ব প্রযুক্ত যদিও তোমার তনয়গুলি আমি নিধন করিয়াছি সত্য; কিন্তু অজ্ঞান দৃষ্টিতে মৎকর্ত্তৃক ত্বদীয় সন্তানসকল নিহত হইলেও তাহাদের নিমিত্ত আর বৃথা শোক করিও না, বিশেষতঃ আমি পঞ্চভূতাত্মক দেহ মাত্র বিনাশ করিয়াছি, অতএব মৎপ্রতি দোষ দৃষ্টিও অসঙ্গত। যদি বল "আমার আত্মতত্ত্বজ্ঞান নাই, সন্তানগুলির জন্য আমি বড়ই অধীরা হইয়াছি," তথাপি বলিতেছি—আর শোক করিও না, যেহেতু প্রাণিসকল অনিচ্ছাসত্ত্বেও স্বকৃত কর্ম্মের ফল ভোগ

যাবদ্ধতোঽস্মি হন্তাস্মীত্যাত্মানং মন্যতেঽস্বদৃক্।
তাবৎ তদভিমান্যজ্ঞো বাধ্যবাধকতামিয়াৎ ॥২২

ক্ষমধ্বং মম দৌরাত্ম্যং সাধবো দীনবৎসলাঃ।
ইত্যুক্ত্বাশ্রুমুখঃ পাদৌ শ্যালঃ স্বস্রোরথাগ্রহীৎ ॥২৩

মোচয়ামাস নিগড়াদ্ বিশ্রব্ধঃ কন্যকাগিরা।
দেবকীং বসুদেবঞ্চ দর্শয়ন্নাত্মসৌহৃদম্ ॥২৪

অহং (পরেণ) হতঃ, (অন্যস্য) অহং হন্তা বিনাশকারকঃ ইতি আত্মানং যাবৎ মন্যতে, তাবৎ অস্বদৃক্ অনাত্মদর্শী তদভিমানী দেহাত্মজ্ঞানী অজ্ঞঃ অনভিজ্ঞঃ সঃ বাধ্যবাধকতাং বন্ধনদশাম্ ইয়াৎ ব্রজেৎ ॥২২

হে বন্ধুবৎসলাঃ সাধবঃ! যূয়ং মম দৌরাত্ম্যং ক্ষমধ্বম্ ইতি উক্ত্বা শ্যালঃ কংসঃ অশ্রুমুখঃ সন্ স্বস্রোঃ দেবকী-বসুদেবয়োঃ পাদৌ অথ অগ্রহীৎ ববন্দ ॥২৩

ততঃ কন্যকাগিরা ভগবতীবাণ্যা বিশ্রব্ধঃ বিশ্বস্তঃ সন্ আত্মসৌহৃদং সৌজন্যং দর্শয়ন্ দেবকীং বসুদেবং চ নিগড়াৎ লৌহশৃঙ্খলাৎ মোচয়ামাস ॥২৪

করিয়া থাকে।২১

দেহাভিমানী ব্যক্তি যাবৎ পর্য্যন্ত আমি হন্তা (হনন-কর্ত্তা) বা আমি হত হইলাম এই প্রকারে আপনাকে বিবেচনা করে, তাবৎ পর্য্যন্ত সেই দেহাভিমানী অজ্ঞ, বাধ্য (হনন জন্য পাপ) ও বাধক (তৎফল) প্রাপ্ত হইয়া থাকে।২২

যদিও অজ্ঞতাবশতঃ আমাতে পুত্রহন্তৃত্ব আরোপ করিয়া রোদন কর, তাহা হইলে সত্য সত্যই আমি মহাদুষ্ট ও পাপী, তোমাদের কৃপা ব্যতিরেকে এ পাপের নিষ্কৃতি নাই; তোমরা বন্ধুবৎসল সাধু, অতএব আমার ঐ দৌরাত্ম্য ক্ষমা কর—এই বলিয়া কংস তৎক্ষণাৎ অশ্রুব্যাপ্ত বদনে ভগিনী ও ভগিনীপতির চরণদ্বয় ধারণ করিল।২৩

দেবীর বাক্যে বিশ্বস্ত হইয়া কংস এইরূপে প্রিয় বাক্যাদিদ্বারা আপন সৌহৃদ্য প্রদর্শন করিয়া দেবকী ও বসুদেবকে শৃঙ্খল হইতে মুক্ত করিয়া-ছিল।২৪

ভ্রাতুঃ সমনুতপ্তস্য ক্ষান্ত্বা রোষং চ দেবকী।
ব্যসৃজদ্ বসুদেবশ্চ প্রহস্য তমুবাচ হ ॥২৫

এবমেতন্মহাভাগ যথা বদসি দেহিনাম্।
অজ্ঞানপ্রভবাহংধীঃ স্ব-পরেতি ভিদা যতঃ ॥২৬

শোকহর্ষভয়দ্বেষ-লোভমোহমদান্বিতাঃ।
মিথো ঘ্নন্তং ন পশ্যন্তি ভাবৈর্ভাবং পৃথগ্ দৃশঃ ॥২৭

দেবকী সমনুতপ্তস্য সম্যক্ অপরাদ্ধস্য ভ্রাতুঃ কংসস্য (অপরাধম্) ক্ষান্ত্বা উপেক্ষ্য রোষং (শোকম্) ব্যসৃজৎ তত্যাজ, বসুদেবঃ চ প্রহস্য তং হ স্ফুটম্ উবাচ ॥২৫

হে মহারাজ! দেহিনাং (সম্বন্ধে) যথা বদসি, এতৎ এবম্ এব। অজ্ঞানপ্রভবা ভ্রান্তিমূলা এব অহংধীঃ, যতঃ অহংজ্ঞানাৎ হেতোঃ স্বঃ পরঃ ইতি ভিদা ভেদঃ জায়তে ॥২৬

শোকহর্ষভয়দ্বেষলোভমোহমদান্বিতাঃ পৃথগ্ দৃশঃ জনাঃ (নিমিত্তভূতৈঃ) ভাবৈঃ মিথঃ পরস্পরভাবান্ ঘ্নন্তং সংহরন্তং ভাবং পরমেশ্বরং ন পশ্যন্তি (কিন্তু অহমেব হন্তা হতশ্চেতি মন্যন্তে) ॥২৭

শ্রীদেবকী স্বকৃত পাপের জন্য সম্যগ্ অনুতপ্ত ভ্রাতা কংসের দৌরাত্ম্য ক্ষমা করিয়া তাহার প্রতি যে ক্রোধ ছিল, তাহা এবং সন্তান জন্য শোক পরিত্যাগ করিলেন। শ্রীবসুদেবও তাহাকে হাস্যসহকারে কহিতে লাগিলেন।২৫

হে মহারাজ! আপনি যাহা বলিলেন, তাহা এই প্রকারই বটে; মনুষ্যের আত্মবিষয়ক অজ্ঞান হইতে দেহাদিতে অহংবুদ্ধি হইয়া থাকে; যেহেতু সেই অহংবুদ্ধি হইতেই ইনি পর ইনি আপন এইরূপ ভেদজ্ঞান উৎপন্ন হয়।২৬

ভেদদর্শী প্রাণিসকল শোক, হর্ষ, ভয়, দ্বেষ, লোভ, মোহ ও মদান্বিত হইয়া নৃপ, ব্যাঘ্র ও রোগাদির দ্বারা, মনুষ্য, গো প্রভৃতিকে পরস্পর বিনষ্ট করেন এবং ঈশ্বরকে তাঁহারা দেখিতে পান না।২৭

শ্রীশুক উবাচ।

কংস এবং প্রসন্নাভ্যাং বিশুদ্ধং প্রতিভাষিতঃ।
দেবকীবসুদেবাভ্যামনুজ্ঞাতোঽবিশদ্ গৃহম্ ॥২৮

তস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং কংস আহূয় মন্ত্রিণঃ।
তেভ্য আচষ্ট তৎ সর্ব্বং যদুক্তং যোগনিদ্রয়া ॥২৯

আকর্ণ্য ভর্ত্তুর্গদিতং তমূচুর্দেবশত্রবঃ।
দেবান্ প্রতি কৃতামর্ষা দৈতেয়া নাতিকোবিদাঃ ॥৩০

এবং চেৎ তর্হি ভোজেন্দ্র পুরগ্রামব্রজাদিষু।
অনির্দ্দশান্নির্দশাংশ্চ হনিষ্যামোঽদ্য বৈ শিশূন্ ॥৩১

কিমুদ্যমৈঃ করিষ্যন্তি দেবাঃ সমরভীরবঃ।
নিত্যমুদ্বিগ্নমনসো জ্যাঘোষৈর্ধনুষস্তব ॥৩২

অস্যতস্তে শরব্রাতৈর্হন্যমানাঃ সমন্ততঃ।
জিজীবিষব উৎসৃজ্য পলায়নপরা যযুঃ ॥৩৩

কেচিৎ প্রাঞ্জলয়ো দীনা ন্যস্তশস্ত্রা দিবৌকসঃ।
মুক্তকচ্ছশিখাঃ কেচিদ্ভীতাঃ স্ম ইতি বাদিনঃ ॥৩৪

শ্রীশুকঃ উবাচ। প্রসন্নাভ্যাং দেবকীবসুদেবাভ্যাম্ এবং বিশুদ্ধং (অকপটং যথা স্যাৎ তথা) প্রতিভাষিতঃ অনুজ্ঞাতঃ চ কংসঃ গৃহং স্বপুরম্ অবিশৎ জগাম ॥২৮

(ততঃ) তস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং গতায়াং সত্যাং কংসঃ মন্ত্রিণঃ আহূয় যোগনিদ্রয়া যৎ উক্তং তৎ সর্ব্বং তেভ্যঃ আচষ্ট কথয়ামাস ॥২৯

দেবান্ প্রতি কৃতামর্ষাঃ দ্বেষবুদ্ধয়ঃ, ন অতিকোবিদাঃ অদীর্ঘদর্শনাঃ, দেবশত্রবঃ তে দৈতেয়াঃ অসুরাঃ ভর্ত্তুঃ কংসস্য গদিতং ভাষিতম্ আকর্ণ্য শ্রুত্বা তম্ ঊচুঃ ॥৩০

হে রাজেন্দ্র! এবং চেৎ, তর্হি পুরগ্রামব্রজাদিষু স্থিতান্ অনির্দ্দশান্ দশদিননূ্যনবয়স্কান্, নির্দ্দশান্ কতিপয়দিনাধিকবয়স্কান্ চ শিশূন্ অদ্য বৈ এব হনিষ্যামঃ ॥৩১

তব ধনুষঃ জ্যাঘোষৈঃ গুণশব্দৈঃ নিত্যম্ উদ্বিগ্নমনসঃ উৎকণ্ঠিতাঃ সমরভীরবঃ যুদ্ধবিমুখাঃ দেবাঃ উদ্যমৈঃ কিং করিষ্যন্তি ॥৩২

অস্যতঃ বিধ্যতঃ তে তব শরব্রাতৈঃ বাণসমূহৈঃ সমন্ততঃ ইতস্ততঃ হন্যমানাঃ জিজীবিষবঃ জীবিতুম্ ইচ্ছবঃ দেবাঃ (রণম্) উৎসৃজ্য পলায়নপরাঃ যযুঃ ॥৩৩

তত্র কেচিৎ ভীতাঃ দিবৌকসঃ দেবাঃ ন্যস্তশস্ত্রাঃ প্রাঞ্জলয়ঃ; কেচিৎ মুক্তকচ্ছশিখাঃ সন্তঃ (বয়ং) ভীতাঃ স্ম ইতি

দেবকী ও বসুদেব এইরূপে কংসের বিশ্বাসজনক প্রত্যুত্তর প্রদান করিলেন এবং কংসকে গৃহগমনে আদেশ করিলেন; কংস তাঁহাদের আজ্ঞানুসারে নিজ গৃহে প্রবেশ করিল।২৮

সেই রাত্রি অতিবাহিত হইলে কংস, প্রলম্ব, কেশী ও চাণূরপ্রভৃতি মন্ত্রিগণকে আহ্বান করিয়া কন্যারূপিণী মায়াদেবীর কথিত বাক্যসমূহ তাহাদিগকে বলিলেন।২৯

সেই মন্ত্রিস্বরূপ অজ্ঞ দৈত্যগণ স্বভাবতঃ দেবগণের শত্রু, বিশেষতঃ আপন প্রভু কংসের বাক্য শ্রবণে ক্রোধযুক্ত হইয়া তাহাকে বলিতে লাগিল।৩০

হে রাজেন্দ্র! যদি এইরূপই হইয়া থাকে, তবে পুর, গ্রাম ও ব্রজপ্রভৃতি স্থানে বর্ত্তমান দশ দিন বয়স্ক অথবা দশ দিনের অধিক বয়স্ক শিশুসকলকে অদ্যই বিনাশ করিব।৩১

যদি বলেন, তাহা হইলে দেবগণ যুদ্ধার্থ উদ্যম করিবে, তাহাতেই বলিতেছি; যাহারা ভবদীয় ধনুকের ছিলাশব্দে নিত্য উদ্বিগ্ন হইয়া থাকে, সেই সমরভীরু দেবগণ উদ্যম করিয়া কি করিবে?৩২

আপনি শরসমূহ দ্বারা দেবগণকে বিদ্ধ করিতে প্রবৃত্ত হইলে নিক্ষিপ্ত শরজাল বিদ্ধ হইয়া তাহারা জীবনাকাঙ্ক্ষায় যুদ্ধভূমি পরিত্যাগপূর্ব্বক চতুর্দ্দিকে পলায়নপর হইয়াছিল।৩৩

কতকগুলি দেবতা ভীত হইয়া অস্ত্রশস্ত্র পরিত্যাগ পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়াছিল। কেহ কেহ বা বসনাচ্ছাদন পরিহার করিয়া আলুলায়িত কেশে "আমরা ভীত" হইয়াছি এইরূপ কহিয়াছিল।৩৪

न त्वं विस्मृतशस्त्रास्त्रान् विरथान् भयसंवृतान्।
हंस्यन्यासक्तविमुखान् भग्नचापानयुध्यतः॥৩৫

বাদিনঃ (স্থ্যঃ) ॥৩৪

ত্বং তু বিস্মৃতশস্ত্রাস্ত্রান্ মূর্চ্ছিতান্ অন্যাসক্তবিমুখান্ অন্যেন সহ যুদ্ধে পরাঙ্মুখান্, ভগ্নচাপান্ ভয়সংযুতান্ অযুধ্যতঃ (ন যুধ্যতঃ) বিরথান্ (পলায়নপরান্ দেবান্ তদা) ন হংসি (ধার্ম্মিকত্বাৎ ন ব্যাপাদিতবান্ অসি) ॥৩৫

যে সকল দেবতা আপনার ভয়ে অস্ত্র শস্ত্র প্রয়োগে বিস্মৃত হইয়াছিল, সারথি প্রভৃতির বধে যাহারা বিরত হইয়াছিল, যাহারা ভয়াকুল হইয়াছিল, যাহারা যে কোন কারণে অন্য বিষয়ে আসক্ত বা যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছিল, আর যাহাদিগের ধনুঃ ভগ্ন হইয়াছিল এবং যাহারা যুদ্ধে প্রবৃত্ত হয় নাই, আপনি সেই সকল দেবতাদিগকে বধ করেন নাই। আপনি ধর্ম্মভাব অবলম্বন করাতে দেবগণ সংখ্যায় বৃদ্ধি পাইয়াছে, অতঃপর ধার্ম্মিকত্ব পরিত্যাগ করুন, কারণ এখন আর ধর্ম্মের কাল নাই।৩৫

যদি বলেন যুদ্ধে পরাজয় হওয়ায় অভিমানী হইয়া দেবতাগণ জীবন ধারণ করিতেছে, অতএব এক্ষণে বালকবধাদি অন্যায় কার্য্য দেখিয়া অবশ্য স্বীয় পরাক্রম প্রকাশ করিবে? হে প্রভো! তাহাদিগকে আমরা কিছুমাত্র ভয় করি না, কারণ যে দেবগণ নির্ভয় দেশেই স্বীয় বীরত্ব প্রকাশ করে এবং স্ত্রীর সমীপে আপন আপন শৌর্য্য-বীর্য্যাদির আবিষ্কার করিয়া থাকে, সেই দেবগণ হইতে কি ভয় হইতে পারে? যদি বলেন হরি ও শম্ভু হইতে ভয়ের সম্ভাবনা রহিয়াছে, তাহারা অবশ্য যুদ্ধ করিতে উদ্যম করিবে? হে রাজন্! তাহাদের বল,

किं क्षेमशूरैर्विबुधैरसंयुगविकत्थनैः।
रहोजुषा किं हरिणा शम्भुना वा वनौकसा।
किमिन्द्रेणाल्पवीर्य्येण ब्रह्मणा वा तपस्यता ॥৩৬

অসংযুগবিকত্থনৈঃ (স্ত্রীপার্শ্বদাদিস্থলে বিক্রমবদ্ভিঃ) ক্ষেমশূরৈঃ নির্ভয়স্থানে বীরত্ববিশিষ্টৈঃ বিবুধৈঃ কিং রহোজুষা একান্তবাসিনা হরিণা বা, বনৌকসা বনবাসিনা শম্ভুনা বা কিম্? বা অল্পবীর্য্যেণ ইন্দ্রেণ বা, তপস্যতা ধ্যানাধিষ্ঠেন ব্রহ্মণা বা কিম্?॥৩৬

বীর্য্যও আপনার তুল্য নহে, কারণ আপনার ভয়ে হরি সর্ব্বদাই নিভৃতে লোকের অন্তঃকরণে অবস্থান করিতেছে; যদি তাহার বল থাকিবে, তাহা হইলে প্রকাশ্যে আসিয়া যুদ্ধ করিত এবং শম্ভু আপনার ভয়ে এমন বনে বাস করিতেছে যে, সেখানে পুরুষ প্রবেশ করিলেই স্ত্রীলোক হইয়া যায়, অতএব যাহারা ভীত হইয়া লুক্কায়িত অবস্থায় থাকে, তাহাদিগের নিমিত্ত কি ভয় হইতে পারে?

যদিও ইন্দ্র বৃত্রাসুরকে বিনাশ করিয়াছে বলিয়া প্রসিদ্ধ, তথাপি সে অল্পবীর্য্য, নচেৎ বজ্রাদি প্রার্থনাই বা করিবে কেন? অতএব অল্পবীর্য্য ইন্দ্র হইতে কোন ভয়ের শঙ্কা নাই। ব্রহ্মা যদি ইন্দ্রের সহায়ও হয়, তাহা হইলেই বা কি হইবে? কারণ ব্রহ্মা তপস্বী; তাহার পরাক্রম কিছুই নাই, অভিশাপ প্রদান করিয়া আমাদিগের অনিষ্ট করিবে এই আশঙ্কাও নাই; যেহেতু অতিকষ্টে তপস্যার দ্বারা যে পুণ্য সঞ্চয় করিয়াছ—"শাপ প্রদান করিয়া সেই পুণ্য ক্ষয় হইবে" এই ভয়ে সে অভিশাপও প্রদান করিবে না, অতএব ব্রহ্মা ইন্দ্রেরই সহায় হইলেও কিছুই অনিষ্ট হইবে না।৩৬

তথাপি দেবাঃ সাপত্ন্যান্নোপেক্ষ্যা ইতি মন্মহে।
ততস্তন্মূলখননে নিযুঙ্‌ক্ষ্বাস্মানমুব্রতান্ ॥৩৭

যথাময়োঽঙ্গে সমুপেক্ষিতো নৃভি-
র্ন শক্যতে রূঢ়পদশ্চিকিৎসিতুম্।
যথেন্দ্রিয়গ্রাম উপেক্ষিতস্তথা
রিপুর্মহান্ বদ্ধবলো ন চাল্যতে ॥৩৮

তথাপি সাপত্ন্যাৎ বিপক্ষত্বাৎ দেবাঃ ন উপেক্ষ্যাঃ বর্জনীয়াঃ ইতি মন্মহে। তত্র অনুব্রতান্ চিন্তানুকারিণঃ অস্মান্ তন্মূলখননে দেবমূলোৎপাটনে নিযুঙ্‌ক্ষ্ব প্রযোজয় ॥৩৭

যথা অঙ্গে সমুপেক্ষিতঃ আময়ঃ রোগঃ রূঢ়পদঃ বদ্ধমূলঃ সন্ নৃভিঃ চিকিৎসিতুং ন শক্যতে, যথা উপেক্ষিতঃ ইন্দ্রিয়গ্রামঃ বা তথা (উপেক্ষিতঃ) মহান্ রিপুঃ বদ্ধবলঃ (চেৎ) ন চাল্যতে অভিভূয়তে ॥৩৮

(হে প্রভো) দেবানাং মূলং হি বিষ্ণুঃ, যত্র সনাতনঃ

যদিও দেবতারা উদ্যম করিয়া কিছুই করিতে পারিবে না সত্য, তথাপি নীতিশাস্ত্রের রীতি অনুসরণ করাই সঙ্গত। আমাদের মত এই যে, দেবগণ আমাদের অনিষ্ট করিতে অক্ষম হইলেও তাহারা আমাদের শত্রু, সুতরাং উপেক্ষণীয় নহে; অতএব ভবদীয় অনুগত আমাদিগকে ঐ মূলস্বরূপ বালক-রূপে গুপ্তভাবে অবতীর্ণ বিষ্ণুর হিংসায় নিযুক্ত করুন।৩৭

যেমন শরীরে যে কোন একটি রোগ উৎপন্ন হইলে যদি তাহাকে চিকিৎসা না করিয়া উপেক্ষা করা যায়, তবে সেই রোগ ক্রমে বদ্ধমূল হইয়া উঠিলে চিকিৎসা করা অসাধ্য হইয়া পড়ে এবং যেমন কামাদি ইন্দ্রিয়সমূহ প্রথম হইতে বশীকৃত না হইলে পরে দমন করা যায় না, তদ্রূপ শত্রুকে প্রথম উপেক্ষা করিলে সেই মহান্ রিপু দলবদ্ধ হইলে তাহাকে বিনাশ করা দূরের কথা, স্থান ভ্রষ্ট করাই যায় না।৩৮

মূলং হি বিষ্ণুর্দেবানাং যত্র ধর্ম্মঃ সনাতনঃ।
তস্য চ ব্রহ্মগোবিপ্রাস্তপোযজ্ঞাঃ সদক্ষিণাঃ ॥৩৯

তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ।
তপস্বিনো যজ্ঞশীলান্ গাশ্চ হন্মো হবির্দুঘাঃ ॥৪০

বিপ্রা গাবশ্চ বেদাশ্চ তপঃ সত্যং দমঃ শমঃ।
শ্রদ্ধা দয়া তিতিক্ষা চ ক্রতবশ্চ হরেস্তনূঃ ॥৪১

অনাদিসিদ্ধঃ ধর্ম্মঃ (তত্রৈব বিষ্ণুঃ বর্ত্ততে)। তস্য ধর্ম্মস্য (মূলং) ব্রহ্মগোবিপ্রাঃ তপঃ তথা সদক্ষিণাঃ যজ্ঞাঃ চ ॥৩৯

তস্মাৎ হে রাজন্। ব্রহ্মবাদিনঃ বেদপারগান্ তপস্বিনঃ যজ্ঞশীলান্ ব্রাহ্মণান্ হবির্দুঘাঃ যজ্ঞোপকারিণ্যঃ গাঃ চ সর্ব্বাত্মনা সর্ব্বতোভাবেন (বয়ম্) হন্মঃ ॥৪০

কিঞ্চ বিপ্রাঃ গাবঃ চ বেদাঃ চ তপঃ সত্যং দমঃ শ্রদ্ধা দয়া তিতিক্ষা চ ক্রতবঃ চ এতে হরেঃ তনুঃ অবয়বঃ এব ॥৪১

বিষ্ণুই দেবতাদিগের মূল, যেখানে অনাদিসিদ্ধ দেবপ্রতিপাদিত ধর্ম্ম, সেখানেই তিনি থাকেন। সেই ধর্ম্মের মূল—বেদ, গো, ব্রাহ্মণ, তপস্যা ও দক্ষিণা-সহিত যজ্ঞ।৩৯

বিষ্ণু নিভৃতে অবস্থান করিলেও তৎপরিকরগণের বিনাশে তাহার বিনাশ অবশ্যম্ভাবী। অতএব হে রাজন্! বেদবাদি-ব্রাহ্মণগণকে, স্বধর্ম্মাচরণশীল তপস্বি-গণকে, যাজ্ঞিকদিগকে ও হবির্দুঘা গাভীসকলকে সর্ব্বপ্রযত্নে হনন করিব; তাহা হইলে আমাদিগের তদ্ধর্ম্মোপমর্দ্দক পরম ধর্ম্ম লাভ হইবে।৪০

ব্রাহ্মণ প্রভৃতি কেবল যে হরির পরিবার তাহাও নহে, পরন্তু ব্রাহ্মণ, গো, বেদ, বেদাঙ্গ, তপঃ (স্বধর্ম্মাচরণ), সত্যভাষণ, দম (ইন্দ্রিয়নিগ্রহ), শম (অন্তঃকরণ নিগ্রহ), সর্ব্বত্র শ্রদ্ধা, নিখিলজীবে দয়া, ক্ষমা ও জ্যোতিষ্টোমাদি যজ্ঞ—এই সকল হরির শরীর।৪১

স হি সর্ব্বসুরাধ্যক্ষো হ্যসুরদ্বিড়্ গুহাশয়ঃ।
তন্মূলা দেবতাঃ সর্ব্বাঃ সেশ্বরাঃ সচতুর্ম্মুখাঃ।
অয়ং বৈ তদ্‌বধোপায়ো যদৃষীণাং বিহিংসনম্ ॥৪২

শ্রীশুক উবাচ।

এবং দুর্ম্মন্ত্রিভিঃ কংসঃ সহ সম্মন্ত্র্য দুর্ম্মতিঃ।
ব্রহ্মহিংসাং হিতং মেনে কালপাশাবৃতোঽসুরঃ ॥৪৩

সন্দিশ্য সাধুলোকস্য কদনে কদনপ্রিয়ান্।
কামরূপধরান্ দিক্ষু দানবান্ গৃহমাবিশৎ ॥৪৪

তে বৈ রজঃপ্রকৃতয়স্তমসা মূঢ়চেতসঃ।
সতাং বিদ্বেষমাচেরুরারাদাগতমৃত্যবঃ ॥৪৫

সঃ হি অসুরদ্বিট্ দৈত্যারিঃ গুহাশয়ঃ হরিঃ এব সর্ব্বসুরাধ্যক্ষঃ, তন্মূলাঃ বিষ্ণুমূলাঃ এব সর্ব্বাঃ সচতুর্ম্মুখাঃ ব্রহ্মাদ্যাঃ সেশ্বরাঃ লোকপালাদ্যাঃ দেবতাঃ, হি যতঃ অয়ম্ এব তদ্‌বধোপায়ঃ যৎ ঋষীণাং বিহিংসনম্ ॥৪২

শ্রীশুকঃ উবাচ। এবম্ ইতি দুর্ম্মতিঃ কংসঃ দুর্ম্মন্ত্রিভিঃ সহ সম্মন্ত্র্য কালপাশাবৃতঃ সঃ অসুরঃ কংসঃ ব্রহ্মহিংসাং (আত্মনঃ) হিতাং শ্রেয়স্করীং মেনে অবধারয়ামাস ॥৪৩

তথা সাধুলোকস্য কদনে পীড়নে বিনাশনে কদনপ্রিয়ান্ দ্রোহকারিণঃ কামরূপধরান্ দানবান্ দিক্ষু সন্দিশ্য গৃহম্ আবিশৎ যযৌ ॥৪৪

আরাৎ আগতমৃত্যবঃ সমীপং প্রাপ্তমৃত্যবঃ তমসা অজ্ঞানেন মূঢ়চেতসঃ অবিবেকিনঃ (যতঃ) রজঃপ্রকৃতয়ঃ তে দৈত্যাঃ বৈ সতাং বিদ্বেষং বিরুদ্ধম্ আচেরুঃ চক্রুঃ ॥৪৫

সেই বিষ্ণু নিখিল অসুরগণের দ্বেষী অথচ সর্ব্বদাই অদৃশ্যভাবে অবস্থান করে, সম্প্রতি পৃথিবীতে আবির্ভূত হইলেও দৃষ্ট হইতেছে না, অতএব পূর্ব্বোক্ত উপায়ে বিষ্ণু-হিংসায় দেবতাগণের হিংসা অবশ্যম্ভাবিনী, যে হেতু মহাদেব, ব্রহ্মা প্রভৃতি সমস্ত দেবতাদিগের বিষ্ণুই মূল স্বরূপ। অতএব ব্রহ্মবাদীপ্রভৃতির বিনাশই বিষ্ণুবিনাশের উপায়। তাহাদিগকে নিধন করিলে যজ্ঞাদির অভাবে বিষ্ণুর আর সত্তা থাকিবে না ॥৪২

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! কালপাশাবৃত কংসাসুর স্বয়ং দুর্ম্মতি বিশেষতঃ দুর্ম্মতি মন্ত্রিগণের সহিত পূর্ব্বোক্তরূপে মন্ত্রণা করিয়া ব্রহ্ম-হিংসাকেই হিতজনক বলিয়া মনে করিল ॥৪৩

তৎপর সাধুসকলের পীড়নার্থ কামরূপধারী (ইচ্ছানুসারে বিবিধরূপধারী) পরপীড়নের প্রিয় দানবগণকে চতুর্দ্দিকে প্রেরণ করিয়া নিজ ভবনে প্রবেশ করিলেন ॥৪৪

রজঃস্বভাবপ্রযুক্ত কুপথগামী বুদ্ধিশীল ও তমোগুণে বিমূঢ়-চিত্ত সেই দানবগণ সাধুদিগের প্রতি বিদ্বেষ করিতে লাগিল, যেহেতু তাহাদের মৃত্যু নিকটবর্ত্তী। হে রাজন্! সত্যের বিদ্বেষে মৃত্যু অবশ্যম্ভাবী ॥৪৫

আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥৪৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ।৪

(নিশ্চিতং) মহদতিক্রমঃ শ্রেষ্ঠাবমাননাদিঃ এব পুংসঃ আয়ুঃ শ্রিয়ং. যশঃ ধর্ম্মং, লোকান্ স্বর্গাদীন্, আশিষঃ মঙ্গলানি, সর্ব্বাণি শ্রেয়াংসি চ হন্তি॥৪৬

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ॥

সত্যের বিদ্বেষে কেবল মৃত্যুই যে হইয়া থাকে তাহা নহে; পরন্তু বহু বহু অনর্থও সংঘটিত হয়। তাহাই বলিতেছি—শ্রীভগবদ্ভক্তদিগকে বাক্যদ্বারাও যদি অতিক্রম করা হয়, তাহা হইলে মহদতিক্রমকারীর আয়ু, শ্রী, যশঃ, ধর্ম্ম, ধর্ম্মসাধ্য-স্বর্গাদিলোক ও স্বীয়বাঞ্ছিত বিষয় প্রভৃতি সাধ্যসাধন সর্ব্বপ্রকার কল্যাণ বিনষ্ট হইয়া থাকে।৪৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত চতুর্থ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ।

[গোকুলে শ্রীভগবতো জাতকর্ম্মাদিমহোৎসবঃ, নন্দস্য মথুরাগমনম্, তত্র নন্দ-বসুদেবসংলাপশ্চ।]

শ্রীশুক উবাচ।
নন্দস্ত্বাত্মজ উৎপন্নে জাতাহ্লাদো মহামনাঃ।
আহূয় বিপ্রান্ দৈবজ্ঞান্ স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ॥১
বাচয়িত্বা স্বস্ত্যয়নং জাতকর্ম্মাত্মজস্য বৈ।
কারয়ামাস বিধিবৎ পিতৃদেবার্চ্চনং তথা॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। আত্মজে পুত্রভূতে শ্রীকৃষ্ণে তু উৎপন্নে জাতে সতি জাতাহ্লাদঃ মহামনাঃ শ্রীকৃষ্ণাবিষ্টচিত্তঃ নন্দঃ স্নাতঃ শুচিঃ সন্ অলঙ্কৃতঃ (বস্ত্রাভরণাদিদানেন) বেদজ্ঞান্ বিপ্রান্ আহূয়॥১

তৈঃ স্বস্ত্যয়নং বাচয়িত্বা আত্মজস্য জাতকর্ম্ম তথা বৈ বিধিনা পিতৃদেবার্চ্চনং কারয়ামাস॥২

পঞ্চম অধ্যায়।

[গোকুলে শ্রীভগবানের জাতকর্ম্মাদিমহোৎসব, নন্দের মথুরায় গমন এবং সেখানে নন্দ ও বসুদেবের সংলাপ।]

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন—হে রাজন্! আত্মজ উৎপন্ন হইলে উদারচিত্ত শ্রীনন্দমহাশয়ও পরমানন্দিত হইলেন এবং বৈদিকবিধিজ্ঞ ব্রাহ্মণদিগকে আহ্বান করিয়া তাহাদিগকে যথাবিহিত অলঙ্কারে অলঙ্কৃত করিলেন। পরে স্নানান্তর বৈষ্ণবোচিত তিলকাচমনাদি দ্বারা বিশেষরূপে পবিত্র হইয়া আনন্দে বিহ্বল হইয়া ঐ ব্রাহ্মণগণের দ্বারা স্বস্তিবাচন করাইয়া পুত্রের জাতকর্ম্ম এবং নান্দীমুখ শ্রাদ্ধ দ্বারা পিতৃলোকের ও দেবলোকের অর্চ্চনা করাইলেন।১-২

ধেনূনাং নিযুতে প্রাদাদ্ বিপ্রেভ্যঃ সমলঙ্কৃতে।
তিলাদ্রীন্ সপ্ত রত্নৌঘ-শাতকৌম্ভাম্বরাবৃতান্ ॥৩
কালেন স্নানশৌচাভ্যাং সংস্কারৈস্তপসেজ্যয়া।
শুধ্যন্তি দানৈঃ সন্তুষ্ট্যা দ্রব্যাণ্যাত্মাত্মবিদ্যয়া ॥৪
সৌমঙ্গল্যগিরো বিপ্রাঃ সূতমাগধবন্দিনঃ।
গায়কাশ্চ জগুর্নেদুর্ভের্য্যো দুন্দুভয়ো মুহুঃ ॥৫

ততঃ নন্দঃ ধেনূনাং সমলঙ্কৃতে নিযুতে তথা রত্নৌঘশাতকৌম্ভাম্বরাবৃতান্ সপ্ত তিলাদ্রীন্ বিপ্রেভ্যঃ প্রাদাৎ ॥৩

(তত্র কারণং যতঃ) কালেন (ভূম্যাদি), স্নানশৌচাভ্যাং (দেহাদি, অমেধ্যলিপ্তাদি) সংস্কারৈঃ (গর্ভাদীনি) তপসা (ইন্দ্রিয়াদীনি) ইজ্যয়া যজ্ঞেন (ব্রাহ্মণাদীনি) দানৈঃ (ধনাদীনি) সন্তুষ্ট্যা (মনঃ) আত্মবিদ্যয়া স্বরূপজ্ঞানেন আত্মা জীবঃ চ ইতি দ্রব্যাণি শুধ্যন্তি ॥৪

ততঃ বিপ্রাঃ সূত-মাগধ-বন্দিনঃ সৌমঙ্গল্যগিরঃ স্বস্তিবাচনতৎপরাঃ বভূবুঃ, গায়কাঃ জগুঃ, ভেরীদুন্দুভয়ঃ চ মুহুঃ নেদুঃ ॥৫

তদনন্তর রৌপ্যখুর ও স্বর্ণশৃঙ্গাদিদ্বারা ভূষিত বিংশতি লক্ষ ধেনু এবং রত্নসমূহে ও সুবর্ণ রসাক্ত বসনে আবৃত সপ্ত তিলাদ্রি ব্রাহ্মণদিগকে দান করিলেন।৩

ইহাই দেখাইবার নিমিত্ত দৃষ্টান্তদ্বারা প্রতিনিয়ত দ্রব্যসমূহের শোধক বলিতেছেন—দেহাদি কোন কোন পদার্থ স্নানদ্বারা শুদ্ধ হয়, সংস্কারদ্বারা গর্ভাদি পবিত্র হয় তপস্যাদ্বারা ইন্দ্রিয়াদি শুদ্ধ হয়, যজ্ঞদ্বারা ব্রাহ্মণাদি পূত হয়েন, দানদ্বারা ধনাদি শুদ্ধ হয়, সন্তোষদ্বারা মনঃ-শুদ্ধি হয়, আত্মবিদ্যা স্বরূপ-জ্ঞান বা ভগবদ্ভক্তি দ্বারা আত্মা পবিত্র হয়েন।৪

সে যাহা হউক তখন বিপ্রগণ মুহুর্মুহুঃ শুভাশীর্ব্বাদ করিতে লাগিলেন; সূতগণ (পুরাণ-বক্তা সকল), মাগধ সকল (বংশ-কীর্ত্তকগণ) এবং বন্দিগণ (প্রস্তাবানুরূপ কথনশীল) পুনঃ পুনঃ গান করিতে লাগিলেন; ভেরী (ঢাক) ও দুন্দুভি (নাগরা) সকল মুহুর্মুহুঃ বাজিতে লাগিল।৫

ব্রজঃ সংমৃষ্টসংসিক্তদ্বারাজিরগৃহান্তরঃ।
চিত্রধ্বজপতাকাস্রক্চৈলপল্লবতোরণৈঃ ॥৬
গাবো বৃষা বৎসতরা হরিদ্রাতৈলরূষিতাঃ।
বিচিত্রধাতুবর্হস্রগ্বস্ত্রকাঞ্চনমালিনঃ ॥৭
মহার্হবস্ত্রাভরণ-কঞ্চুকোষ্ণীষভূষিতাঃ।
গোপাঃ সমাযযু রাজন্ নানোপায়নপাণয়ঃ ॥৮

সংমৃষ্ট-সংসিক্ত-দ্বারাজিরগৃহান্তরঃ সম্মার্জ্জিতসুধৌত-দ্বার-প্রাঙ্গণ-গৃহাভ্যন্তরবিশিষ্টঃ ব্রজঃ নন্দাবাসঃ চিত্রধ্বজপতাকা-স্রক্চৈলপল্লবতোরণৈঃ ভূষিতঃ (অভূৎ) ॥৬

গাবঃ বৃষাঃ চ বৎসাঃ চ হরিদ্রাতৈলরূষিতাঃ সন্তঃ বিচিত্রধাতুবর্হস্রগ্বস্ত্রকাঞ্চনমালিনঃ বিবিধময়ূরপুচ্ছপুষ্পমালাবস্ত্র-সুবর্ণ-হারাদিধারিণঃ বভূবুঃ ॥৭

হে রাজন্। মহার্হবস্ত্রাভরণ-কঞ্চুকোষ্ণীষভূষিতাঃ গোপাঃ চ নানোপায়নপাণয়ঃ বিবিধোপহারং করে গৃহীত্বা তত্র সমাযযুঃ ॥৮

হে রাজন্! ব্রজস্থ গৃহসমস্তের দ্বার, অঙ্গন ও গৃহাভ্যন্তরসকল প্রথমে মার্জ্জিত হইয়া পশ্চাৎ চন্দন, পুষ্পাদিরস (আতর) দ্বারা সংসিক্ত হইল। আর ইতস্ততঃ চিত্রবিচিত্র ধ্বজা, পতাকা এবং পুষ্পমালা, বস্ত্রখণ্ড ও পল্লব এই ত্রিবিধ তোরণে বিভূষিত হইল।৬

গাভীসকল, বৃষসকল ও বৎসসকলকে তৈল ও হরিদ্রায় বা হরিদ্রাযুক্ত তৈলদ্বারা লিপ্ত করিয়া বিচিত্র গৈরিকাদি ধাতু ময়ূরপুচ্ছ, পুষ্পমালা, বস্ত্র ও কাঞ্চন মালাদ্বারা বিভূষিত করা হইল।৭

হে রাজন্! গোপগণ গৃহে সুরক্ষিত মহামূল্য বসন, আভরণ, কঞ্চুক (জামা) ও উষ্ণীষদ্বারা ভূষিত হইয়া মহারত্নাদি বিবিধ উপায়ন হস্তে লইয়া স্ব স্ব গৃহে পূর্ব্বোক্ত মঙ্গলাচরণ প্রবর্ত্তিত করত নন্দ-গৃহে আগমন করিতে লাগিলেন।৮

গোপ্যশ্চাকর্ণ্য মুদিতা যশোদায়াঃ সুতোদ্ভবম্।
আত্মানং ভূষয়াঞ্চক্রুর্বস্ত্রাকল্পাঞ্জনাদিভিঃ ॥৯
নবকুঙ্কুমকিঞ্জল্ক-মুখপঙ্কজভূতয়ঃ।
বলিভিস্ত্বরিতং জগ্মুঃ পৃথুশ্রোণ্যশ্চলৎকুচাঃ ॥১০
গোপ্যঃ সুমৃষ্টমণিকুণ্ডলনিষ্ককণ্ঠ্য-
শ্চিত্রাম্বরাঃ পথি শিখাচ্যুতমাল্যবর্ষাঃ
নন্দালয়ং সবলয়া ব্রজতীর্বিরেজু-
র্ব্যালোলকুণ্ডলপয়োধরহারশোভাঃ ॥১১
তা আশিষঃ প্রযুঞ্জানাশ্চিরং পাহীতি বালকে।
হরিদ্রাচূর্ণতৈলাদ্ভিঃ সিঞ্চন্ত্যোঽজনমুজ্জগুঃ ॥১২
অবাদ্যন্ত বিচিত্রাণি বাদিত্রাণি মহোৎসবে।
কৃষ্ণে বিশ্বেশ্বরেঽনন্তে নন্দস্য ব্রজমাগতে ॥১৩

গোপ্যঃ চ যশোদায়াঃ সুতোদ্ভবং পুত্রজন্ম আকর্ণ্য মুদিতাঃ হৃষ্টাঃ সত্যঃ বস্ত্রাকল্পাঞ্জনাদিভিঃ অঙ্গরাগালঙ্কারাদিভিঃ আত্মানং ভূষয়াঞ্চক্রুঃ ॥৯

নবকুঙ্কুমকিঞ্জল্কমুখপঙ্কজভূতয়ঃ তদানীম্ অনুরাগাবেশেন অপূর্ব্বমুখশ্রীসম্পন্নাঃ পৃথুশ্রোণ্যঃ গুরুনিতম্বিন্যঃ চলৎকুচাঃ দ্রুতগমনাৎ চঞ্চলপয়োধরাঃ তাঃ স্ত্রিয়ঃ বলিভিঃ উপহারৈঃ সহ ত্বরিতং জগ্মুঃ ॥১০

এবং নন্দালয়ং ব্রজতীঃ ব্রজন্ত্যঃ সুমৃষ্টমণিকুণ্ডলনিষ্ককণ্ঠ্যঃ মণিময়কুণ্ডলপদকধারিণ্যঃ, চিত্রাম্বরাঃ বিচিত্রবসনাবৃতাঃ, শিখাচ্যুতমাল্যবর্ষাঃ দ্রুতগমনাৎ শিথিলকবরীচ্যুতপুষ্পাঃ ব্যালোলকুণ্ডলপয়োধরহারশোভাঃ (উৎকণ্ঠাতিশয়েন বেগগমনাৎ দোদুল্যমানকুণ্ডলহারাভ্যাং চঞ্চলপীনোন্নতস্তনযুগলাভ্যাং চ শোভাশালিন্যঃ) সবলয়াঃ কঙ্কণভূষিতাঃ গোপ্যঃ পথি মার্গে এবং বিরেজুঃ শুশুভিরে ॥১১

চিরং জীব ইতি বালকে আশিষঃ আশীর্ব্বাদং প্রযুঞ্জানাঃ তাঃ স্ত্রিয়ঃ হরিদ্রাচূর্ণতৈলাদ্ভিঃ (পরস্পরং) সিঞ্চন্ত্যঃ অজনং বিষ্ণুম্ উজ্জগুঃ মঙ্গলগীতবন্ধেন বালকমঙ্গলার্থম্ উচ্চৈঃ অকীর্ত্তয়ন্ ॥১২

বিশ্বেশ্বরে সর্ব্বপ্রভৌ, অনন্তে স্বরূপৈশ্বর্য্যমাধুর্য্যৈরপরিচ্ছিন্নে, কৃষ্ণে জগচ্চিত্তাকর্ষকে, নন্দস্য ব্রজম্ ঈয়ুষি উদয়ন্তি সতি (তত্র) মহোৎসবে বিচিত্রাণি বাদিত্রাণি অবাদ্যন্ত তানি স্বয়ং জনৈশ্চ বাদিতানি বভূবুঃ ॥১৩

অপুত্রা যশোদার জা প্রভৃতি গোপীসকল যশোদার পুত্র জন্মিয়াছে শ্রবণ করিয়া পরমানন্দিতা হইলেন এবং বসনভূষণ ও অঞ্জনাদির দ্বারা আপনাদিগের সর্ব্ব অঙ্গ ভূষিত করিতে লাগিলেন।৯

নবকুঙ্কুম হইতেও মুখপঙ্কজের শোভাশালিনী গোপীগণ স্ব স্ব বামহস্তে স্বর্ণপাত্রস্থ স্বর্ণমুদ্রা, রত্নহার, বহুমূল্য বস্ত্র, নারিকেলাদি ফল, তণ্ডুল, দূর্ব্বা চন্দন ও পুষ্পমালাদি উপায়ন গ্রহণ করিয়া বিপুল নিতম্বযুক্তা হইলেও দ্রুতপদে গমন করিতে লাগিলেন এবং গমনকালে তাহাদিগের স্তনযুগল কম্পিত হইতে লাগিল।১০

গোপীগণ কর্ণে উজ্জ্বল মণিময় কুণ্ডল, কণ্ঠে মনোহর পদক, করে অপূর্ব্ব কঙ্কণ ও বিচিত্র বসন পরিধান করিয়া যখন শ্রীব্রজরাজভবনে গমন করিতেছিলেন, তখন তাহাদিগের বেণীবদ্ধ যে পুষ্প মাল্য ছিল, তাহা স্খলিত হইয়া পতিত হওয়ায় বোধ হইতে লাগিল যেন পথিমধ্যে পুষ্পবর্ষণ হইতেছে; গমনবেগে চঞ্চল কুণ্ডল, পয়োধর ও হারের শোভায় তাঁহারা সকলই যেন চমৎকার শোভা পাইতে লাগিলেন।১১

ঐ গোপীগণ প্রথমতঃ সূতিকা গৃহমধ্যে প্রবেশ করিয়া "চিরজীবী হও" বলিয়া বালকের প্রতি আশীর্ব্বাদ বাক্য প্রয়োগান্তে হস্তস্থ উপায়নসকল সমর্পণপূর্ব্বক গৃহ হইতে বহির্গত হইয়া হরিদ্রা, তৈল, সুধাখ্য দ্রব্যপূর্ণ দধিমিশ্রিত জল দ্বারা পরস্পর পরস্পরকে সেচন করিতে করিতে উচ্চস্বরে শ্রীভগবানের গুণগান করিতে লাগিলেন।১২

বিশ্বেশ্বর (সর্ব্বপ্রভু) স্বরূপৈশ্বর্য্যমাধুর্য্যে অপরিচ্ছিন্ন শ্রীকৃষ্ণ নন্দব্রজে স্বয়ং অবতীর্ণ হইলে তন্নিমিত্তক মহোৎসবে বিচিত্র বাদ্যসকল বাদিত

গোপাঃ পরস্পরং হৃষ্টা দধিক্ষীরঘৃতাম্বুভিঃ।
আসিঞ্চন্তো বিলিম্পন্তো নবনীতৈশ্চ চিক্ষিপুঃ॥১৪

নন্দো মহামনাস্তেভ্যো. বাসোঽলঙ্কার-গো-ধনম্।
সূতমাগধবন্দিভ্যো যেঽন্যে বিদ্যোপজীবিনঃ॥১৫

তৈস্তৈঃ কামৈরদীনাত্মা যথোচিতমপূজয়ৎ।
বিষ্ণোরারাধনার্থায় স্বপুত্রস্যোদয়ায় চ॥১৬

রোহিণী চ মহাভাগা নন্দগোপাভিনন্দিতা।
ব্যচরদ্দিব্যবাসঃস্রক্‌কণ্ঠাভরণভূষিতা॥১৭

তত আরভ্য নন্দস্য ব্রজঃ সর্ব্বসমৃদ্ধিমান্।
হরের্নিবাসাত্মগুণৈ রমাক্রীড়মভূন্নৃপ॥১৮

গোপাঃ হৃষ্টাঃ (সন্তঃ) দধিক্ষীরঘৃতাম্বুভিঃ পরস্পরং আসিঞ্চন্তঃ নবনীতৈঃ বিলিম্পন্তঃ চ মিথঃ চিক্ষিপুঃ। মহামনাঃ অদীনাত্মা উদারচিত্তঃ নন্দঃ তেভ্যঃ গোপেভ্যঃ গোপীভ্যঃ চ তথা সূতমাগধবন্দিভ্যঃ বাসঃ অলঙ্কারগোধনম্ (প্রাদাৎ), অন্যে যে বিদ্যোপজীবনঃ (তত্র আগতাঃ তান্ অপি) বিষ্ণোঃ আরাধনার্থায় স্বপুত্রস্য উদয়ায় মঙ্গলায় যথোচিতং জাতিবয়োবিদ্যানুরূপং তৈঃ তৈঃ কামৈঃ যথা-প্রার্থিতবস্তুদানৈঃ অপূজয়ৎ সম্মানিতবান্॥১৪-১৬

নন্দগোপাভিনন্দিতা নন্দরাজেন সম্মানিতা মহাভাগা রোহিণী চ দিব্যবাসঃস্রক্‌কণ্ঠাভরণভূষিতা এব তত্র ব্যচরৎ ব্যাপারে বভ্রাম॥১৭

হে নৃপ! হরেঃ শ্রীকৃষ্ণস্য নিবাসাত্মগুণৈঃ নন্দস্য ব্রজঃ ততঃ আরভ্য সর্ব্বসমৃদ্ধিমান্ রমায়াঃ আক্রীড়ং বিহারস্থানম্ অভূৎ॥১৮

হইতে লাগিল।১৩

শ্রীনন্দের নন্দন হইয়াছে এই আনন্দে পুলকিত গোপগণ দধি ক্ষীর ঘৃত ও জলদ্বারা পরস্পর সেচন করিতে লাগিলেন, নবনীত দ্বারা পরস্পরের অঙ্গে লেপন করিতে লাগিলেন এবং বল পূর্ব্বক কিংবা প্রচ্ছন্নভাবে আসিয়া পরস্পরকে পিচ্ছিল পঙ্কে পাতিত করিতে লাগিলেন।১৪

মহাউদারমনাঃ শ্রীনন্দরাজ ঐ সব গোপ-গোপীদিগকে এবং সূত (পুরাণ-বক্তা), মাগধ (বংশবিবরণ-কথক), বন্দী (প্রস্তাবানুসারে বক্তা) ও অপরাপর নৃত্য-গীত-বাদ্য-শস্ত্র-শাস্ত্রাদি বিদ্যোপ-জীবী সকলকে বস্ত্র অলঙ্কার গো ও ধন প্রদান করিতে লাগিলেন।১৫

হে রাজন্! উদারচিত্ত ব্রজেশ্বর কেবল ঐরূপ দান করিয়াই পরিতৃপ্ত হইলেন না. পরন্তু শ্রীবিষ্ণুর সন্তোষ ও আপন পুত্রের মঙ্গলার্থে সমাগত জন-সকলের মধ্যে যে যাহা যাহা প্রার্থনা করিল, তাহাকে তত্তৎ বস্তু প্রদানপূর্ব্বক বিদ্যা বয়স ও গৌরবাদি অনুসারে যথোচিত মালা চন্দন তাম্বূল ও প্রোৎসাহনাদি বাক্যে সম্মান করিতে লাগিলেন।১৬

"হে রোহিণী! তোমার শুভাগমনেই আমার পুত্র হইয়াছে" ইত্যাদিরূপে ব্রজরাজকর্ত্তৃক অভিনন্দিতা হইয়া মহাভাগ্যবতী রোহিণীদেবী ব্রজদম্পতীপ্রদত্ত দিব্য বসন-ভূষণে বিভূষিতা হইয়া শ্রীনন্দ-নন্দনের জন্মোৎসবানন্দে পতির বন্ধনাদি দুঃখ ও আপনার সহিত পতির বিচ্ছেদাদি দুঃখ বিস্মৃত হওত সমাগত স্ত্রীজনের সম্মানার্থ ইতস্ততঃ বিচরণ করিতে লাগিলেন।১৭

হে রাজন্! যদি বল—তৎক্ষণাৎ বিংশতি লক্ষ ধেনুর সমলঙ্কৃত সপ্ততিলাদ্রি সম্পাদন, ব্রজস্থ অসংখ্য ধেনু-বৃষাদি অলঙ্করণ ও বহু বস্ত্র আবরণাদি প্রদান দ্বারা মনুষ্যসকলের অভিলাষ পূরণ, কুবেরেরও অসাধ্য তাহা ব্রজরাজ কি প্রকারে নিষ্পন্ন করিলেন, তদুত্তরে বলিতেছি এই যে—শ্রীভগবানের নিবাসভূত যে আত্মা তাঁহার স্বীয়-গুণসমূহের দ্বারা নন্দের ব্রজমণ্ডল, সদা সর্ব্বদা সমৃদ্ধিশালী হইলেও ভগবানের জন্মদিন হইতে সকল সম্পত্তির ক্রীড়াস্পদ হইয়াছিলেন। অতএব শ্রীনন্দভবন যদি সর্ব্ব সম্পত্তির ক্রীড়াস্থান হয়,

গোপান্ গোকুলরক্ষায়াং নিরূপ্য মথুরাং গতঃ।
নন্দঃ কংসস্য বার্ষিক্যং করং দাতুং কুরূদ্বহ ॥১৯
বসুদেব উপশ্রুত্য ভ্রাতরং নন্দমাগতম্।
জ্ঞাত্বা দত্তকরং রাজ্ঞে যযৌ তদবমোচনম্ ॥২০
তং দৃষ্ট্বা সহসোত্থায় দেহঃ প্রাণমিবাগতম্।
প্রীতঃ প্রিয়তমং দোর্ভ্যাং সস্বজে প্রেমবিহ্বলঃ ॥২১

পূজিতঃ সুখমাসীনঃ পৃষ্ট্বানাময়মাদৃতঃ।
প্রসক্তধীঃ স্বাত্মজয়োরিদমাহ বিশাম্পতে ॥২২
দিষ্ট্যা ভ্রাতঃ প্রবয়স ইদানীমপ্রজস্য তে।
প্রজাশায়া নিবৃত্তস্য প্রজা যৎ সমপদ্যত ॥২৩
দিষ্ট্যা সংসারচক্রেঽস্মিন্ বর্ত্তমানঃ পুনর্ভবঃ।
উপলব্ধো ভবানদ্য দুর্ল্লভং প্রিয়দর্শনম্ ॥২৪

হে কুরূদ্বহ! (অথ একদা) নন্দঃ গোকুলরক্ষায়াং গোপান্ নিরূপ্য কংসস্য বার্ষিক্যং করং দাতুং মথুরাং গতঃ ॥১৯

ততঃ বসুদেবঃ ভ্রাতরং সখায়ং, নন্দম্ আগতম্ উপশ্রুত্য রাজ্ঞে কংসায় দত্তকরং চ জ্ঞাত্বা তদবমোচনং কৃতাবাসস্থানং যযৌ ॥২০

(নন্দঃ) তং বসুদেবং দৃষ্ট্বা আগতং প্রাণং লব্ধ্বা দেহঃ ইব সহসা উত্থায় প্রীতঃ প্রেমবিহ্বলঃ প্রেমবিবশঃ সন্ প্রিয়তমং বসুদেবং দোর্ভ্যাং হস্তাভ্যাং সস্বজে আলিঙ্গিতবান্ ॥২১

হে বিশাম্পতে! ততঃ তেন পূজিতঃ অনাময়ং পৃষ্ট্বা আদৃতঃ সুখম্ আসীনঃ স্বাত্মজয়োঃ রাম-কৃষ্ণয়োঃ প্রসক্তধীঃ আকৃষ্টচিত্তঃ বসুদেবঃ ইদম্ আহ ॥২২

হে ভ্রাতঃ! অপ্রজস্য প্রবয়সঃ বৃদ্ধস্য, অতএব প্রজাশায়াঃ সন্তানলাভাকাঙ্ক্ষাবর্জ্জিতস্য তে তব ইদানীং সম্প্রতি যৎ যস্মাৎ প্রজা সমপদ্যত জাতা, তৎ দিষ্ট্যা সৌভাগ্যেনৈব ॥২৩

অস্মিন্ সংসারচক্রে বর্ত্তমানঃ ভবান্ পুনর্ভবঃ পুনর্জাতঃ ইব ময়া অদ্য উপলব্ধঃ, যতঃ দিষ্ট্যা এব তব ইদং দুর্লভং পুত্রপ্রাপ্তিরূপং জাতম্। বা অস্মিন্ সংসারচক্রে বন্ধনাদিক্লিষ্টস্য মম অয়ং বর্ত্তমানঃ পুনর্ভবঃ পুনর্জন্ম এব অদ্য অভূৎ, যতঃ দিষ্ট্যা এব দুর্ল্লভং প্রিয়দর্শনং ভবান্ অদ্য ময়া উপলব্ধঃ ॥২৪

তাহা হইলে দেয় বস্তুসকলের কিছুই অভাব হইতে পারে না।১৮

হে কুরুবংশধর! যেমন কুরুকুলের সন্তান মূলস্বরূপ তোমার রক্ষার নিমিত্ত শ্রীযুধিষ্ঠিরাদি পাণ্ডবগণ ব্যগ্র হইয়াছিলেন, তদ্রূপ শ্রীনন্দ মহারাজ পুত্র-রক্ষার্থ ব্যাকুল হইয়া দেশাধ্যক্ষ দুষ্ট নৃপতি কংসকে স্বর্ণমুদ্রা রত্ন ও বস্ত্রাদি উপহার প্রদানদ্বারা প্রসন্ন করিবার নিমিত্ত মথুরায় গমনে উদ্যত হইয়া স্বীয় বাসভূমি গোকুল রক্ষণাবেক্ষণ করিবার জন্য গোপগণকে নিযুক্ত করিয়া কংসের বার্ষিক রাজস্ব প্রদান করিবার নিমিত্ত মথুরায় গমন করিলেন।১৯

এদিকে শ্রীবসুদেবমহাশয় আপন ভ্রাতা নন্দমহারাজ রাজধানীতে আগমন করিয়াছেন জনপরম্পরায় ইহা শ্রবণ করিয়া এবং কংসকে বার্ষিক কর প্রদান করিয়াছেন স্বীয় অনুচর দ্বারা ইহা অবগত হইবামাত্র তাহার আবাসস্থলে গমন করিলেন।২০

কোন কারণবশতঃ মূর্চ্ছাগত দেহে প্রাণ আগত হইলে দেহ যদ্রূপ অকস্মাৎ উত্থিত হয়, তদ্রূপ কংস-ভয়ে আগমনের অসম্ভব হইলেও সহসা সমাগত বসুদেবকে দেখিবামাত্র নন্দমহারাজ গাত্রোত্থানপূর্ব্বক অতুল আনন্দ ও প্রেমবিহ্বল অর্থাৎ প্রেমবশতঃ পুলক-কম্পাদি-বিকারে আকুল হইয়া বাহুদ্বয় দ্বারা প্রিয়তম বসুদেবকে আলিঙ্গন করিলেন।২১

হে প্রজানাথ! অনন্তর শ্রীনন্দকর্ত্তৃক বসুদেব-মহাশয় পাদ্যাসনাদির দ্বারা সৎকৃত হইয়া সুখাসনে উপবেশন করিলে কুশল বার্ত্তা জিজ্ঞাসিত ও সবিনয় বচনাদির দ্বারা পরমাদৃত হইয়া স্বীয় পুত্রদ্বয়ে আসক্তচিত্ত হওত শ্রীনন্দকে বলিতে লাগিলেন।২২

হে ভ্রাতঃ! তুমি প্রথমতঃ অপুত্রক ছিলে ও বৃদ্ধ বলিয়া তোমার সন্তানপ্রাপ্তির বাঞ্ছা নিবৃত্ত হইয়াছিল, কিন্তু অধুনা তোমার যে পুত্র হইয়াছে, ইহাতে আমাদিগের মহানন্দ হইয়াছে।২৩

নিয়ত পরিবর্ত্তনশীল সংসাররূপ চক্র প্রাণিমাত্রের

নৈকত্র প্রিয়সংবাসঃ সুহৃদাং চিত্রকর্ম্মণাম্।
ওঘেন ব্যূহ্যমানানাং প্লবানাং স্রোতসো যথা ॥২৫
কচ্চিৎ পশব্যং নিরুজং ভূর্য্যম্বুতৃণবীরুধম্।
বৃহদ্বনং তদধুনা যত্রাস্সে ত্বং সুহৃদ্বৃতঃ ॥২৬
ভ্রাতর্মম সুতঃ কচ্চিন্মাত্রা সহ ভবদ্‌ব্রজে।
তাতং ভবন্তং মন্বানো ভবদ্ভ্যামুপলালিতঃ ॥২৭

হে প্রিয়! স্রোতসঃ ওঘেন বেগেন ব্যূহ্যমানানাং বিবিধং নীয়মানানাং প্লবানাং তৃণকাষ্ঠাদীনাং যথা ইব, তথা চিত্রকর্ম্মণাং সুহৃদাম্ একত্র সংবাসঃ স্থিতিঃ ন স্যাৎ ॥২৫

হে নন্দ! যত্র সুহৃদ্বৃতঃ সপুত্রঃ ত্বম্ আস্সে বর্ত্তসে, তৎ বৃহৎ বনং বৃন্দাবনম্ অধুনা পশব্যং পশুভ্যো হিতম্, নিরুজং রোগশূন্যং ভূর্য্যম্বুবীরুধং কচ্চিৎ ॥২৬

হে ভ্রাতঃ! ভবদ্‌ব্রজে তদীয়াবাসে মাত্রা সহ ভবদ্ভ্যাম্ উপলালিতঃ মম সুতঃ রোহিণী-নন্দনঃ বলরামঃ ভবন্তং তাতং মন্বানঃ কচ্চিৎ সুখী আস্তে ॥২৭

ক্ষণে ক্ষণে মৃত্যুর সম্ভাব হেতু তুমি এই সংসার চক্রে বিদ্যমান থাকিয়া পুনর্জন্মের ন্যায় মৎকর্ত্তৃক দৃষ্ট হইলে ইহা আমার পরম সৌভাগ্য; যেহেতু প্রিয় ব্যক্তির দর্শন বড়ই দুর্ল্লভ। কিংবা সংসারচক্রে বর্ত্তমান থাকিয়া তুমি এই জন্মেই পুত্ররূপে পুনরুৎপন্নের ন্যায় মৎকর্ত্তৃক পরিদৃষ্ট হইলে—ইহা আমার সৌভাগ্য, যেহেতু প্রিয়জনের দর্শন অত্যন্ত দুর্ল্লভ। অথবা কংস কারাগৃহে বন্ধনাদির দ্বারা ক্লিষ্ট আমার সৌভাগ্য-বশে অদ্য বর্ত্তমান এই পুনর্জন্মই হইল, যেহেতু তোমাকে দর্শন করিতে পাইলাম; এতদিন পর্য্যন্ত তোমাকে না দেখিয়া মৃততুল্য ছিলাম, তোমাকে দেখিয়া অদ্য পুনর্জন্ম লাভ করিলাম, কারণ প্রিয়জনের দর্শন বড়ই দুর্ল্লভ।২৪

যদি বল—তাহা হইলে আমরা একস্থানে বাস করি, তদুত্তরে বলিতেছি—নদীর স্রোতপ্রবাহে নীয়মান তৃণ কাষ্ঠপ্রভৃতি যেমন একস্থলে বহুক্ষণ থাকিতে পারে না, তদ্রূপ বিচিত্রকর্ম্ম সুহৃদ্বর্গের পরস্পর একত্র স্থিতি সম্ভবপর হয় না।২৫

এক্ষণে সুহৃদ্‌গণে পরিবৃত হইয়া তুমি যে স্থলে বাস করিতেছ, সেই বৃহদ্বন গো-মহিষাদি পশুগণের হিতকর ত? তথায় কোন রোগের প্রাদুর্ভাব ত নাই? আর জল, তৃণ, লতা বহুল পরিমাণে বিদ্যমান রহিয়াছে ত?২৬

হে ভ্রাতঃ! তোমাকে পিতা জ্ঞান করিয়া এবং যশোদা ও তোমাকর্ত্তৃক লালিত হইয়া আমার পুত্রটি তাহার জননী রোহিণীর সহিত তোমার ব্রজে কুশলে অবস্থান করিতেছে ত? অথবা তাহারা তোমার ব্রজে আছে কি না? দুষ্ট পাপাত্মা কংসের ভয়ে অন্য কোথাও গমন করিয়াছে?২৭

পুংসস্ত্রিবর্গো বিহিতঃ সুহৃদো হ্যনুভাবিতঃ।
ন তেষু ক্লিশ্যমানেষু ত্রিবর্গোঽর্থায় কল্পতে ॥২৮

নন্দ উবাচ।

অহো তে দেবকীপুত্রাঃ কংসেন বহবো হতাঃ।
একাবশিষ্টাবরজা কন্যা সাপি দিবং গতা ॥২৯

সুহৃদঃ বন্ধূন্ প্রতি অনুভাবিতঃ সম্পাদিতঃ পুংসঃ (যঃ) ত্রিবর্গঃ, সঃ এব হি শাস্ত্রে বিহিতঃ যুক্তঃ; তেষু ক্লিশ্যমানেষু সৎসু সঃ ত্রিবর্গঃ অর্থায় প্রয়োজনায় সুখায় ন কল্পতে ভবতি ॥২৮

নন্দগোপঃ বসুদেবম্ উবাচ। অহো তে বহবঃ দেবকী-পুত্রাঃ কংসেন হতাঃ; অবরজা কনিষ্ঠা কন্যা একা অবশিষ্টা, সা অপি দিবং গতা ॥২৯

হে ভ্রাতঃ! মিত্র পুত্র প্রভৃতিরও পালনাদি দ্বারা তুমি পরম কৃতার্থ; কিন্তু আমি এমন হতভাগ্য যে সম্প্রতি ধনাদিমান্ হইয়াও পুত্র কলত্র মিত্র প্রভৃতির দুঃখমোচনে অকৃতার্থ হইয়া রহিয়াছি; কারণ সুহৃদ্বর্গের নিমিত্ত সম্পাদিত যে ত্রিবর্গ (ধর্ম্ম অর্থ কাম) ইহাই পুরুষমাত্রের যুক্ত বা শাস্ত্র কথিত (অর্থাৎ সুহৃদ্বর্গের সুখ সম্পাদনের নিমিত্তই পুরুষের ত্রিবর্গ শাস্ত্রে বিহিত হইয়াছে); অতএব ঐ সুহৃদ্বর্গ ক্লেশ

নূনং হ্যদৃষ্টনিষ্ঠোহয়মদৃষ্টপরমো জনঃ।
অদৃষ্টমাত্মনস্তত্ত্বং যো বেদ ন স মুহ্যতি ॥৩০

বসুদেব উবাচ।
করো বৈ বার্ষিকো দত্তো রাজ্ঞে দৃষ্টা বয়ঞ্চ বঃ।
নেহ স্থেয়ং বহুতিথং সন্ত্যুৎপাতাশ্চ গোকুলে ॥৩১

নূনং নিশ্চিতম্ অয়ং জনঃ অদৃষ্টনিষ্ঠঃ অদৃষ্টমূলঃ, অদৃষ্টপরমঃ অদৃষ্টশেষঃ চ। যঃ আত্মনঃ তত্ত্বম্ অদৃষ্টং বেদ, সঃ (সুখদুঃখাদিনা) ন মুহ্যতি মোহং ন প্রাপ্নোতি ॥৩০

বসুদেবঃ উবাচ। হে নন্দ (ত্বয়া) রাজ্ঞে বার্ষিকঃ করঃ বৈ দত্তঃ। বঃ যুষ্মাভিঃ বয়ং চ দৃষ্টাঃ। ইতঃ পরম্ অত্র বহুতিথং বহুদিনং ন স্থেয়ং (যতঃ ইদানীং) গোকুলে উৎপাতাঃ চ সন্তি ॥৩১

পাইলে "ধর্ম্ম অর্থ কাম" এই ত্রিবর্গ সুখার্থ কল্পিত হয় না, বরঞ্চ দুঃখার্থ কল্পিত হইয়া থাকে, অতএব আমার গৃহাশ্রম বিফলই হইল।২৮

গোপরাজ শ্রীনন্দ বলিলেন—হে বসুদেব! তুমি যে ব্রজের কুশল জিজ্ঞাসা করিলে তদ্বিষয়ে আর কি বলিব? যে হেতু তোমার দুঃখেই আমি দুঃখী হইয়াছি। আহা! কংসকর্ত্তৃক তোমার দেবকীর গর্ভজাত অনেকগুলি সন্তান নিহত হইয়াছে; শেষে যাহাও একটি কন্যা অবশিষ্ট ছিল, সেও স্বর্গে গমন করিয়াছে।২৯

হে ভ্রাতঃ! এই দুষ্পারণীয় বিপৎ-সিন্ধু বিবেক-তরী দ্বারা উত্তীর্ণ হও, এই অভিপ্রায়ে বলি সংসারস্থ জীবমাত্রই অদৃষ্টনিষ্ঠ (অর্থাৎ পুত্রাদি সুখপ্রদ; অদৃষ্ট যখন তাহার হীন হয়, তখন আর পুত্রাদি থাকে না) আবার অদৃষ্টই তাহার পরম পদার্থ অর্থাৎ যদিও পুত্রাদি-বিয়োগ হয়, তথাপি সেই অদৃষ্ট পুনর্ব্বার মৃত পুত্রাদির সহিত মিলাইয়া দিয়া থাকে। এইরূপে যিনি অদৃষ্টকেই আপন সুখ-দুঃখের অব্যভিচারী কারণ বলিয়া জানেন, তিনি আর কিছুতেই মোহপ্রাপ্ত হয়েন না; অতএব তুমি আর অধুনা দুঃখভাবনা করিও না। আমাদিগের কালান্তরে পুত্রাদির সহিত বিয়োগ হইলেও কালান্তরে মৃতদিগের দর্শন ও বিযুক্তদিগের সহিত সংযোগের সম্ভাবনা আছে। তুমি মহাবিবেকী পুরুষ, অতএব তোমার যেন তদ্বিষয়ে মোহোৎপাদন না হয়।৩০

শ্রীনন্দমহারাজের ঐ সকল বাক্যে দুঃখ পরিত্যাগ পূর্ব্বক শ্রীবসুদেবমহাশয় যাহা বলিতে আগমন করিয়াছেন, তাহাই শ্রীনন্দকে বলিলেন হে মিত্র! তোমরা রাজাকে বার্ষিক কর প্রদান করিয়াছ এবং আমাদিগের সহিতও তোমাদিগের সাক্ষাৎকার হইল, এখন আর অধিক কাল এস্থলে থাকিও না, গোকুলে বিবিধ উৎপাত সকল ঘটিতেছে।৩১

শ্রীশুক উবাচ।
ইতি নন্দাদয়ো গোপাঃ প্রোক্তাস্তে শৌরিণা যযুঃ।
অনোভিরনডুদ্‌যুক্তৈস্তমনুজ্ঞাপ্য গোকুলম্ ॥৩২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫

শ্রীশুকঃ উবাচ। শৌরিণা বসুদেবেন ইতি প্রোক্তাঃ তে নন্দাদয়ঃ গোপাঃ তং বসুদেবম্ অনুজ্ঞাপ্য তদনুজ্ঞাম্ আদায়, অনডুদ্‌যুক্তৈঃ বৃষভযোজিতৈঃ অনোভিঃ শকটৈঃ গোকুলং যযুঃ ॥৩২

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন—বসুদেব এইপ্রকার বলিলে নন্দাদি গোপগণ তাঁহার অনুমতি লইয়া বৃষ যোজিত শকটে আরোহণ পূর্ব্বক গোকুলে প্রতিগমন করিলেন।৩২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত পঞ্চমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ।

[পূতনাবধবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।

নন্দঃ পথি বচঃ শৌরের্ন মৃষেতি বিচিন্তয়ন্।
হরিং জগাম শরণমুৎপাতাগমশঙ্কিতঃ ॥১

কংসেন প্রহিতা ঘোরা পূতনা বালঘাতিনী।
শিশূংশ্চচার নিঘ্নন্তী পুরগ্রামব্রজাদিষু ॥২

ন যত্র শ্রবণাদীনি রক্ষোঘ্নানি স্বকর্ম্মসু।
কুর্ব্বন্তি সাত্বতাং ভর্ত্তুর্যাতুধান্যশ্চ তত্র হি ॥৩

সা খেচর্য্যেকদোপেত্য পূতনা নন্দগোকুলম্।
যোষিত্বা মায়য়াত্মানং প্রাবিশৎ কামচারিণী ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। নন্দঃ শৌরেঃ বসুদেবস্য বচঃ ন মৃষা ইতি বিচিন্তয়ন্ উৎপাতাগমশঙ্কিতঃ সন্ পথি হরিং বিঘ্নহর্ত্তারং শরণং জগাম ॥১

(এতর্হি ইত্যবসরে), কংসেন প্রহিতা প্রেরিতা বালঘাতিনী পূতনা পুরগ্রামব্রজাদিষু শিশূন্ নিঘ্নন্তী সতী চচার ॥২

(হে নৃপ!) স্বকর্ম্মসু ইষ্টানিষ্টেষু (বর্ত্তমানাঃ জনাঃ) যত্র সাত্বতাং ভক্তানাং ভর্ত্তুঃ শ্রীকৃষ্ণস্য রক্ষোঘ্নানি শ্রবণাদীনি নামানি ন কুর্ব্বন্তি, তত্র হি নিশ্চিতং যাতুধান্যঃ রাক্ষস্যঃ প্রভবন্তি ॥৩

সা খেচরী বিমানবিহারিণী কামচারিণী স্বেচ্ছাচারিণী পূতনা একদা মায়য়া আত্মানং যোষিত্বা নারীবেশং কৃত্বা উৎপত্য আকাশ-মার্গেণ আগত্য নন্দগোকুলং প্রাবিশৎ ॥৪

ষষ্ঠ অধ্যায়।

[পূতনাবধবর্ণন।]

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন—"বসুদেবের বাক্য মিথ্যা নয়" এইরূপ চিন্তা করিতে করিতে শ্রীনন্দ মহারাজ ব্রজে বিবিধ উৎপাতাগমনবিষয়ে শঙ্কিত হইয়া পথিমধ্যে স্বীয়পুত্রের মঙ্গলার্থ সর্ব্বভয়হারী শ্রীহরির শরণাপন্ন হইলেন।

অথবা বসুদেবের বাক্য মিথ্যা নয়, অতএব মনোহর স্বতনয়কে বিশেষরূপে চিন্তা করত (অর্থাৎ না জানি গোকুলে কি দুর্ঘটনাই সংঘটিত হইয়া থাকিবে, এইরূপ চিন্তা করিতে করিতে) উৎপাতাগম-শঙ্কায় শঙ্কিত হইয়া নিজগৃহে গমন করিলেন।১

যদিও পূর্ব্বে (চতুর্থাধ্যায়ে) কংস-মন্ত্রিগণ ঋষিদিগেরই হিংসা নিশ্চয় করিয়াছিল বটে, কিন্তু দেববাক্যে অতিশয় ভীত হইয়া কংস পরে এই উপায় করিয়াছিল যে, প্রথমতঃ ঋষি-হিংসা অঙ্গীকার না করিয়া সাক্ষাৎ বালক-হিংসাতেই অনুমতি প্রদান করি,—এই অভিপ্রায়ে বলিতেছেন।

এদিকে ক্রূরস্বভাবা বালঘাতিনী পূতনা পূর্ব্বেই কংস-কর্ত্তৃক নিযুক্তা হইয়া পুরগ্রাম ও ব্রজ প্রভৃতি স্থানে শিশুগণ হত্যা করিয়া পরিভ্রমণ করিতে লাগিল।২

শিশুগণের হত্যার বার্ত্তা শুনিয়া শ্রীকৃষ্ণবিষয়ে আশঙ্কিত রাজা পরীক্ষিতের প্রতি শ্রীশুকদেব গোস্বামী কহিলেন,—হে রাজন্! অবিষয়ে প্রবৃত্তা রাক্ষসীই প্রাণত্যাগ করিবে, অতএব আশঙ্কা করিও না, কারণ যে যজ্ঞ প্রভৃতি কাম্য কর্ম্মে লোকসকল ভক্তবৎসল শ্রীভগবানের রাক্ষসবিনাশক লীলা নাম প্রভৃতি শ্রবণ-কীর্ত্তনাদি করে না, সেই স্থানেই রাক্ষসদিগের প্রভাব হইয়া থাকে; অতএব সাক্ষাৎ ভগবান্ যে স্থানে বিরাজমান সেখানে রাক্ষসের প্রভাব সম্ভবপর নয়; সুতরাং ভয়ের সম্ভাবনা কোথায়?।৩

তাং কেশবন্ধব্যতিষক্তমল্লিকাং
বৃহন্নিতম্বস্তনকৃচ্ছ্রমধ্যমাম্।
সুবাসসং কম্পিতকর্ণভূষণ-
ত্বিষোল্লসৎকুন্তলমণ্ডিতাননাম্ ॥৫

বল্গুস্মিতাপাঙ্গবিসর্গবীক্ষিতৈ-
র্মনো হরন্তীং বনিতাং ব্রজৌকসাম্।
অমংসতাম্ভোজকরেণ রূপিণীং
গোপ্যঃ শ্রিয়ং দ্রষ্টুমিবাগতাং পতিম্ ॥৬

কেশবন্ধব্যতিষক্তমল্লিকাং ধম্মিলসংসক্তমল্লিকাকুসুমাং, বৃহন্নিতম্বস্তনকৃচ্ছ্রমধ্যমাং গুরুনিতম্বাং পীনপয়োধরাং তন্বঙ্গীং, সুবাসসং সূক্ষ্মবস্ত্রপরিদধানাং, কম্পিতকর্ণভূষণত্বিষা আন্দোলিত কর্ণাভরণশোভয়া উল্লসৎকুণ্ডলমণ্ডিতাননাং বিকাশমানালকান্তিঃ রুচিরবদনাম্ ॥৫

বল্গুস্মিতাপাঙ্গবিসর্গবীক্ষিতৈঃ রম্যসহাস্যাপাঙ্গদৃষ্ট্যা ব্রজৌকসাং ব্রজবাসিনাং মনঃ হরন্তীং তাং বনিতাম্ (নারীবেশধরাং পূতনাম্) অম্ভোজকরেণ পদ্মহস্তেন লক্ষণেন পতিং লক্ষ্মীকান্তং দ্রষ্টুম্ আগতাং প্রাপ্তাং, রূপিণীং রূপধারিণীং (সাক্ষাৎ) শ্রিয়ং রমাম্ ইব তাং বনিতাং নারীবেশধরাং পূতনাং গোপ্যঃ অমংসত মেনিরে ॥৬

বালগ্রহস্তত্র বিচিন্বতী শিশূন্
যদৃচ্ছয়া নন্দগৃহেঽসদন্তকম্।
বালং প্রতিচ্ছন্ননিজোরুতেজসং
দদর্শ তল্পেঽগ্নিমিবাহিতং ভসি ॥৭

বিবুধ্য তাং বালকমারিকাগ্রহং
চরাচরাত্মা স নিমীলিতেক্ষণঃ।
অনন্তমারোপয়দঙ্কমন্তকং
যথোরগং সুপ্তমবুদ্ধিরজ্জুধীঃ ॥৮

তত্র গোকুলে শিশূন্ বিচিন্বতী মৃগয়মাণা বালগ্রহঃ পূতনা যদৃচ্ছয়া স্বৈরিতয়া (সহসা এব) নন্দগৃহে (আগত্য) ভসি ভস্মনি আহিতং লুকায়িতম্ অগ্নিম্ ইব প্রতিচ্ছন্ননিজোরুতেজসং তদাভিমুখ্যেন ছন্ননিজমহাপ্রভাবম্ অসদন্তকং দুষ্টদমনকারিণং বালং বাল্যমাধুরীম্ আবিষ্কুর্ব্বন্তং শ্রীকৃষ্ণং তল্পে শয্যায়াম্ আহিতং শয়ানং দদর্শ ॥৭

চরাচরাত্মা সঃ হরিঃ বালকমারিকাগ্রহং তাং বিবুধ্য জ্ঞাত্বা নিমীলিতেক্ষণঃ মুদ্রিতনয়নঃ (আস), অল্পবুদ্ধিঃ জনঃ রজ্জুধীঃ সন্ যথা সুপ্তং নিদ্রিতম্ উরগং সর্পং (গৃহ্লাতি), তথা (সা পূতনা) অন্তকং নিধনকারিণম্ অনন্তং বিষ্ণুম্ অঙ্কম্ আরোপয়ৎ উত্থাপয়মাস ॥৮

কামচারিণী সেই খেচরী পূতনা কোনদিন রাত্রি-কালে মায়াবলে আপনাকে সুন্দরী নারী-রূপিণী করিয়া আকাশপথে নন্দগোকুলে প্রবেশ করিল।৪

অলৌকিক স্ত্রীরূপধারিণী সেই পূতনার কেশবন্ধে মল্লিকাকুসুম সংযুক্ত ছিল, বৃহৎ নিতম্বদ্বয় ও স্থূলতর স্তনযুগল দ্বারা আক্রান্তের ন্যায় হওয়ায় তাহার মধ্যদেশ কৃশ হইয়াছিল; তাহার উত্তরীয় ও পরিধানীয় বসন অতি রমণীয় ছিল, ধৃত কর্ণ-ভূষণের কান্তি দ্বারা উল্লসিত অলকানিচয়ে তদীয় মুখমণ্ডল শোভা পাইতেছিল। রমণীয় হাস্য ও কটাক্ষবিক্ষেপান্বিত অবলোকনে যেন ব্রজবাসি-গণের মনোহরণ করিতেছিল। কোন পুণ্য-লক্ষণ-বিশিষ্ট জনকে নিজাশ্রয়ত্বরূপে বরণ করিবার নিমিত্ত অতি অনুরাগবতী কমলহস্তা রূপবতী জগৎ-সম্পত্তিই যেন সমাগত হইয়াছেন বলিয়া গোপীগণ বিবেচনা করিতে লাগিলেন। সর্ব্বোপরি ব্রজেন্দ্র-তনয়েই তাদৃশ লক্ষণ দৃষ্ট হইয়া থাকে এবং তাহাকেই বরণ করিবে বিবেচনায় কেহই গৃহগমনে নিবারণ করিলেন না।৫-৬

সেই বালঘাতিনী পূতনা গোকুলমধ্যে শিশুসকল অন্বেষণ করিতে করিতে যদৃচ্ছাক্রমে (অর্থাৎ শ্রীভগবানের তাদৃশ লীলাশক্তির প্রেরণে অনুসন্ধান ব্যতিরেকেও সহসা) শ্রীনন্দ-গৃহে আগমনপূর্ব্বক নিজ বিপুল তেজঃ প্রচ্ছন্ন করিয়া বাল্যমাধুরী আবিষ্কার করত শয্যায়-শয়ান দুষ্ট-দমনকারী ভগবান্‌কে ভস্মাচ্ছাদিত বহ্নির ন্যায় দর্শন করিল। অর্থাৎ ভস্ম মধ্যে স্থাপিত বহ্নিকে দর্শন করিতে না পাইয়া যেমন কেবল ভস্ম বলিয়া প্রতীয়মান হয়,

তাং তীক্ষ্ণচিত্তামতিবামচেষ্টিতাং
বীক্ষ্যান্তরা কোষপরিচ্ছদাসিবৎ।
বরস্ত্রিয়ং তৎপ্রভয়া চ ধর্ষিতে
নিরীক্ষমাণে জননী হ্যতিষ্ঠতাম্ ॥৯
তস্মিন্ স্তনং দুর্জরবীর্য্যমুল্বণং
ঘোরাঙ্কমাদায় শিশোর্দদাবথ।
গাঢ়ং করাভ্যাং ভগবান্ প্রপীড্য তৎ-
প্রাণৈঃ সমং রোষসমন্বিতোঽপিবৎ ॥১০
সা মুঞ্চ মুঞ্চালমিতি প্রভাষিণী
নিষ্পীড্যমানাখিলজীবমর্ম্মণি।
বিবৃত্য নেত্রে চরণৌ ভুজৌ মুহুঃ
প্রস্বিন্নগাত্রা ক্ষিপতী রুরোদ হ ॥১১

অথ কোষপরিচ্ছদাসিবৎ চর্ম্মাবৃতখড়্গাঃ ইব তীক্ষ্ণচিত্তাং বহির্দৃষ্ট্যা তু বামচেষ্টিতাং প্রিয়কারিণীং বরস্ত্রিয়ং তাম্ অন্তরা গৃহমধ্যে বীক্ষ্য দৃষ্ট্বা তৎপ্রভয়া পূতনাসৌন্দর্য্যেণ অবধর্ষিতে অভিভূতে জননী জনন্যৌ (যশোদা রোহিণী চ) নিরীক্ষ্যমাণে সংপশ্যমানে এব অতিষ্ঠতাম্ (ন নিবারিতবত্যৌ) ॥৯

তস্মিন্ স্থানে অঙ্কম্ আদায় সা ঘোরা পূতনা শিশোঃ (মুখে) দুর্জরবীর্য্যং তীব্রবীর্য্যম্ উল্বণং বিষং যস্মিন্ তং স্তনৌ দদে, অথ রোষসমন্বিতঃ ভগবান্ করাভ্যাং গাঢ়ং প্রপীড্য নিষ্পিষ্য প্রাণৈঃ সমং তৎ শুষ্মম্ অপিবৎ ॥১০

ততঃ মুঞ্চ মুঞ্চ, ত্যজ ত্যজ, অলম্ (যথেষ্টং ত্বয়া পীতম্) ইতি প্রভাষিণী ব্রুবতী যতঃ অখিলজীবমর্ম্মণি সমস্তজীবনাশ্রয়ে নিষ্পীড্যমানা নিহন্যমানা সা রাক্ষসী নেত্রে বিবৃত্য উন্মীল্য ভুজৌ চরণৌ চ মুহুঃ ক্ষিপতী নিস্বিন্নগাত্রা ঘর্ম্মাক্তকলেবরা সতী রুরোদ হ ॥১১

তদ্রূপ স্বীয় ঐশ্বর্য সংগোপন করায় পূতনা শ্রীকৃষ্ণকে সামান্য বালকরূপেই দর্শন করিল।৭

ঐ নারীরূপধারিণী পূতনাকে বালকঘাতিনী জানিতে পারিয়া চরাচর সকলের পরমাত্মাস্বরূপ ভগবান্ নয়নযুগল মুদ্রিত করিলেন। অনভিজ্ঞ ব্যক্তি অজ্ঞানবশে যেমন রজ্জু বুদ্ধি করিয়া নিদ্রিত সর্পকে তুলিয়া লয়, তদ্রূপ পূতনাও দুষ্টান্তক সেই অনন্তকে বালক জ্ঞান করিয়া ক্রোড়ে তুলিয়া লইল।৮

যদি বল—যশোদা বা রোহিণী কেন তাহাকে নিবারণ করিলেন না? তদুত্তরে বলিতেছি—চিত্র-চর্ম্মময় কোষাচ্ছাদিত অসির ন্যায় অন্তরে তীক্ষ্ণ অথচ বাহিরে মনোহর-চেষ্টা-যুক্তা দিব্য নারীরূপ-ধারিণী সেই পূতনাকে সহসা গৃহমধ্যে দর্শন করত তাহার মাতৃবৎ স্নেহ প্রাকট্য প্রভা দ্বারা অভিভূত হইয়া (অর্থাৎ "আমি বালকের জননী, না এই রূপবতীই বালকের জননী" এইরূপে মোহিত হইয়া, কিংবা আমার পুত্রের মঙ্গলের নিমিত্ত ইনি কি অম্বিকাদেবী অথবা ইনি কি ইন্দ্রাণী, না মূর্ত্তিমতী ত্রৈলোক্য-সম্পত্তি বাৎসল্যভরে আমার শিশুকে স্তন পান করাইতেছেন? ইত্যাদিরূপে মোহিত হইয়া) মা যশোমতী ও রোহিণী কেবল তাহার প্রতি চাহিয়াই রহিলেন, পরন্তু নিবারণ করিতে পারিলেন না।৯

অনন্তর ক্রূর-স্বভাব-সম্পন্না পূতনা সেইস্থানেই বালককে ক্রোড়ে লইয়া স্পর্শমাত্রে প্রাণনাশক দুর্জ্জয় বিষে সংলিপ্ত স্তন উহাকে পান করিতে দিল; অনন্তর ভগবান্ রোষসমন্বিত হইয়া দুই করে তাহার দুই স্তন গাঢ়ভাবে নিপীড়নপূর্ব্বক কেবল বিষ অপথ্য বিবেচনা করত পূতনার প্রাণের সহিত স্তন-পান করিতে লাগিলেন।১০

তখন সেই পূতনা জীবনের সমস্ত মর্ম্মস্থানে নিপীড়িতা হইয়া "ছাড় ছাড়, যথেষ্ট পান করা হইয়াছে, আর না" এই কথা মাত্র বলিয়া দুই চক্ষুঃ বিস্ফারিত করত মুহুর্মুহুঃ হস্ত পদ ইতস্ততঃ ক্ষেপণ করিতে করিতে ঘর্মাক্ত কলেবরে উচ্চৈঃস্বরে সরোদন আর্ত্তনাদ করিতে লাগিল।১১

তস্যাঃ স্বনেনাতিগভীররংহসা
সাদ্রির্মহী দ্যৌশ্চ চচাল সগ্রহা ।
রসা দিশশ্চ প্রতিনেদিরে জনাঃ
পেতুঃ ক্ষিতৌ বজ্রনিপাতশঙ্কয়া ॥১২
নিশাচরীত্থং ব্যথিতস্তনা ব্যসু-
র্ব্যাদায় কেশাংশ্চরণৌ ভুজাবপি ।
প্রসার্য্য গোষ্ঠে নিজরূপমাস্থিতা
বজ্রাহতো বৃত্র ইবাপতন্নৃপ ॥১৩

তস্যাঃ অতি গভীররংহসা প্রচণ্ডবেগেন স্বনেন চিৎকারধ্বনিনা সাদ্রিঃ সপর্বতা মহী, সগ্রহা গ্রহাদিসহিতা দ্যৌঃ অন্তরীক্ষঃ চ চচাল, রসাঃ রসাতলানি দিশঃ চ প্রতিনেদিরে, জনাঃ লোকাঃ বজ্রনিপাতশঙ্কয়া ক্ষিতৌ পেতুঃ ॥১২

হে নৃপ ! ইত্থং ব্যথিতস্তনা নিশাচরী ব্যসুঃ বিগতপ্রাণা সতী (মুখং) ব্যাদায় বিবৃত্য, কেশান্ চরণৌ ভুজৌ অপি প্রসার্য্য বিস্তার্য্য, নিজরূপং স্বস্য উলূকীস্বরূপম্ আস্থিতা অবলম্ব্য বর্ত্তমানা সা বজ্রাহতঃ বৃত্রঃ (অসুরঃ) ইব গোষ্ঠে অপতৎ ॥১৩

হে রাজেন্দ্র ! পতমানঃ অপি তদ্দেহঃ ত্রিগব্যূত্যন্তরদ্রুমান্

পূতনার অতি গভীর বেগান্বিত শব্দে পর্ব্বতের সহিত পৃথিবী ও আদিত্যাদি গ্রহ সহিত নভোমণ্ডল বিচলিত হইতে লাগিল, রসাতল সকল কম্পিত ও প্রতিধ্বনিত, দিক্ সকল প্রতিধ্বনিত হইতে লাগিল, অধিকন্তু লোকসকল বজ্র-পতনাশঙ্কায় ভূতলে পতিত হইল ।১২

হে রাজন্ ! এই প্রকারে ব্যথিতস্তনা নিশাচরী ঐ পূতনা মৃত্যু-পীড়ায় পীড়িতানিবন্ধন নিজ মায়া রক্ষা করিতে অসমর্থা হইয়া নিজ উলূকীরূপ ধারণানন্তর মুখ ব্যাদান এবং রোমাত্মক কেশনিচয়, পদদ্বয় ও পক্ষাত্মক ভুজযুগল প্রসারিত করিয়া বজ্রাহত বৃত্রাসুরের ন্যায় প্রাণত্যাগপূর্ব্বক গোষ্ঠ মধ্যে পতিতা হইল ।১৩

হে রাজেন্দ্র ! পূতনা জীবিতাবস্থাতেই যে

পতমানোঽপি তদ্দেহস্ত্রিগব্যূত্যন্তরদ্রুমান্ ।
চূর্ণয়ামাস রাজেন্দ্র মহদাসীৎ তদদ্ভুতম্ ॥১৪
ঈষামাত্রোগ্রদংষ্ট্রাস্যং গিরিকন্দরনাসিকম্ ।
গণ্ডশৈলস্তনং রৌদ্রং প্রকীর্ণারুণ-মূর্দ্ধজম্ ॥১৫
অন্ধকূপগভীরাক্ষং পুলিনারোহভীষণম্ ।
বদ্ধসেতুভুজোর্বঙ্ঘ্রি শূন্যতোয়হ্রদোদরম্ ॥১৬
সন্তত্রসুঃ স্ম তদ্ বীক্ষ্য গোপা গোপ্যঃ কলেবরম্ ।
পূর্ব্বন্তু তন্নিঃস্বনিতভিন্নহৃৎকর্ণমস্তকাঃ ॥১৭

ষট্ক্রোশমধ্যবর্ত্তিনঃ বৃক্ষান্ চূর্ণয়ামাস, তৎ মহৎ অদ্ভুতম্ আসীৎ॥১৪

ঈষামাত্রোগ্রদংষ্ট্রাস্যং লাঙ্গলদণ্ডপরিমিততীক্ষ্ণদন্তবিশিষ্টং মুখং, গিরিকন্দরনাসিকং গিরিগুহাবৎ নাসাবিষ্টং, গণ্ডশৈলস্তনং পর্বতচূড়াদ্বয়সদৃশস্তনবিশিষ্টং, রৌদ্রং প্রকীর্ণারুণমূর্দ্ধজম্ আলুলায়িতকেশজালম্ ॥১৫

অন্ধকূপগভীরাক্ষং পুলিনারোহভীষণং বদ্ধসেতুভুজোর্বঙ্ঘ্রি-শূন্যতোয়হ্রদোদরম্ ॥১৬

পূর্ব্বং তন্নিঃস্বনিত-ভিন্নহৃৎকর্ণমস্তকাঃ পূতনায়াঃ নাদেন ব্যথিতহৃৎকর্ণমস্তকাঃ গোপাঃ গোপ্যঃ চ (তদা) তৎকলেবরং বীক্ষ্য সংত্রস্তত্রসুঃ ভীতাঃ বভূবুঃ ॥১৭

কেবল প্রাণিগণের হিংসা করিত এমন নহে, পরন্তু মৃত্যুগ্রস্তা হইয়াও প্রাণিনাশ করিয়াছিল ; যেহেতু উহার দেহ পতনসময়েও ছয় ক্রোশ মধ্যবর্ত্তি কংসের আরামস্থ তদ্ভোগ্য-ফলশালি-বৃক্ষ-সকল চূর্ণ করিয়া ফেলিল (অন্তঃপুর হইতে উড্ডীয়মান হইয়া গ্রামোল্লঙ্ঘন পূর্ব্বক গ্রামের বাহিরে তদ্দেহ পতন ও কংসের উদ্যানস্থ কংসের ভোগ্য ফলশালী বৃক্ষসকল চূর্ণন অথচ গোকুলস্থ গাভীগণের উপভোগ্য তৃণাদিরও যথাবস্থিতি) ইহা অতীব আশ্চর্য্যজনক হইয়াছিল ।১৪

লাঙ্গলদণ্ডের পরিমিত উগ্রদন্তবিশিষ্ট বদন, পর্ব্বতগুহার ন্যায় নাসিকা-বিবর, ক্ষুদ্র পর্ব্বতসদৃশ স্তনদ্বয়, ভয়ঙ্কর ইতস্ততঃ বিক্ষিপ্ত অরুণ বর্ণ কেশকলাপ, অন্ধকূপের ন্যায় গভীর নেত্রদ্বয়, পুলিনসদৃশ জঘন

বালঞ্চ তস্যা উরসি ক্রীড়ন্তমকুতোভয়ম্।
গোপ্যস্তূর্ণং সমভ্যেত্য জগৃহুর্জাতসম্ভ্রমাঃ ॥১৮
যশোদারোহিণীভ্যাং তাঃ সমং বালস্য সর্ব্বতঃ।
রক্ষাং বিদধিরে সম্যগ্ গোপুচ্ছভ্রমণাদিভিঃ ॥১৯
গোমূত্রেণ স্নাপয়িত্বা পুনর্গোরজসার্ভকম্।
রক্ষাঞ্চক্রুশ্চ শকৃতা দ্বাদশাঙ্গেষু নামভিঃ ॥২০

গোপ্যঃ সমভ্যেত্য নিকটম্ এত্য জাতসংভ্রমাঃ সংত্রস্তাঃ সত্যঃ তস্যাঃ পূতনায়াঃ উরসি বক্ষঃস্থলে অকুতোভয়ং যথা স্যাৎ তথা ক্রীড়ন্তং বালং চ তূর্ণং সত্বরং জগৃহুঃ ॥১৮

তাঃ গোপ্যঃ যশোদারোহিণীভ্যাং সমং সর্ব্বশঃ সর্ব্বেষু অঙ্গেষু গোপুচ্ছভ্রমণাদিভিঃ বালস্য সম্যক্ রক্ষাং বিদধিরে চক্রুঃ ॥১৯

অর্ভকং বালকং পুনঃ গোমূত্রেণ স্নাপয়িত্বা গোরজসা শকৃতা গোময়েন চ (ললাটাদি) দ্বাদশাঙ্গেষু (কেশবাদি) দ্বাদশ-নামভিঃ রক্ষাং চক্রুঃ ॥২০

বশতঃ অতি ভীষণ বদ্ধসেতুর তুল্য ভুজদ্বয়, উরুদ্বয় ও পদদ্বয় এবং জলশূন্য হ্রদের ন্যায় উদরবিশিষ্ট পূতনার দেহ নিরীক্ষণ করিয়া ইতিপূর্ব্বেই উহার নিষ্ঠুরতা শব্দে গোপগোপীগণের হৃদয় কর্ণ ও মস্তক বিঘূর্ণিত হইয়াছিল, এক্ষণে মহাভীত হইয়া পড়িল।১৫-১৭

অনন্তর শ্রীযশোদার নিকটস্থ গোপীগণ বালক-হরণ বৃত্তান্ত অবগত হইয়া মূর্চ্ছাগতা যশোদা ও রোহিণীকে পরিত্যাগপূর্ব্বক দ্রুতপদে গমন করিয়া পর্ব্বতবৎ উচ্চ রাক্ষসীর বক্ষঃস্থলে শ্রীহস্তপদ-নর্ত্তনাদি দ্বারা অকুতোভয়ে ক্রীড়াকারী বালককে বিস্ময় ও হর্ষভরে গ্রহণ করিলেন এবং যশোদা ও রোহিণীর সহিত মিলিত হইয়া তাহারা বালকের সর্ব্বাঙ্গে গোপুচ্ছ ভ্রমণ, শর্ষপ নির্ম্মঞ্ছন ও সূর্প (কুলা)-স্পর্শাদি দ্বারা সম্যগ্রূপে রক্ষাবিধান করিতে লাগিলেন।১৮-১৯

বালককে প্রথমতঃ গোমূত্র দ্বারা পরে গোপদ-ধূলির দ্বারা স্নান করাইয়া পরে গোময় দ্বারা

গোপ্যঃ সংস্পৃষ্টসলিলা অঙ্গেষু করয়োঃ পৃথক্।
ন্যস্যাত্মন্যথ বালস্য বীজন্যাসমকুর্ব্বত ॥২১
অব্যাদজোঽঙ্ঘ্রি মণিমাংস্তবজান্বথোরূ
যজ্ঞোঽচ্যুতঃ কটিতটং জঠরং হয়াস্যঃ।
হৃৎ কেশবস্ত্বদুর ঈশ ইনস্তু কণ্ঠং
বিষ্ণুর্ভুজং মুখমুরুক্রম ঈশ্বরঃ কম্ ॥২২

অতঃ গোপ্যঃ সংস্পৃষ্টসলিলাঃ সত্যঃ আচম্য আত্মনি অঙ্গেষু করয়োঃ পৃথক্ ন্যস্য অঙ্গন্যাসং করন্যাসং কৃত্বা বালস্য বীজন্যাসম্ অকুর্ব্বত ॥২১

তদাহ—হে শ্রীকৃষ্ণ! অজঃ (তে) অঙ্ঘ্রী অব্যাৎ পাতু, মণিমান্ তব জানু জানুনী, অথ যজ্ঞঃ উরূ, অচ্যুতঃ তব কটিতটং, হয়াস্যঃ হয়গ্রীবঃ (তে) জঠরং, কেশবঃ হৃৎ হৃদয়ম্, ঈশঃ ত্বদুরঃ তব বক্ষঃ, ইনঃ সূর্য্যঃ তু কণ্ঠং, বিষ্ণুঃ ভুজম্, উরুক্রমঃ মুখম্, ঈশ্বরঃ তে কং মস্তকং পাতু ॥২২

ললাটাদি দ্বাদশ অঙ্গে কেশব প্রভৃতি দ্বাদশ নামে অর্থাৎ ললাটে—কেশবায় নমঃ, উদরে—নারায়ণায় নমঃ, বক্ষে—মাধবায় নমঃ, কণ্ঠে—গোবিন্দায় নমঃ, দক্ষিণ কুক্ষিতে—বিষ্ণবে নমঃ, দক্ষিণ বাহুতে—মধু-সূদনায় নমঃ, দক্ষিণ স্কন্ধে—ত্রিবিক্রমায় নমঃ, বাম পার্শ্বে—বামনায় নমঃ, বাম বাহুতে—শ্রীধরায় নমঃ, বাম স্কন্ধে—হৃষীকেশায় নমঃ, পৃষ্ঠে—পদ্মনাভায় নমঃ, কটিতে—দামোদরায় নমঃ এই প্রকারে রক্ষাবিধান করিলেন।২০

গোপীগণ অতি সম্ভ্রমবশতঃ প্রথমত আচমন না করিয়াই রক্ষাবিধান করিয়া পরে কিঞ্চিৎ আশ্বাস লাভ করিয়া বিধানানুসারে আচমনপূর্ব্বক স্বীয় অঙ্গসকলে ও করদ্বয়ে পৃথক্‌ভাবে অজ প্রভৃতি একাদশ বীজ ন্যাস করিয়া পরে বালকের চরণাদি অঙ্গেও ঐরূপ বীজন্যাস করিলেন।২১

যথা "অং নমঃ" অজনামক ভগবান্ তোমার চরণযুগল, "মং নমঃ" মণিমান্ নামক ভগবান্ তোমার জানুদ্বয়, "যং নমঃ" যজ্ঞরূপী বিষ্ণু

চক্র্যগ্রতঃ সহগদো হরিরস্তু পশ্চাৎ
তৎপার্শ্বয়োর্ধনুরসী মধুহাঽজনশ্চ।
কোণেষু শঙ্খ উরুগায় উপর্য্যুপেন্দ্র-
স্তার্ক্ষ্যঃ ক্ষিতৌ হলধরঃ পুরুষঃ সমন্তাৎ ॥২৩
ইন্দ্রিয়াণি হৃষীকেশঃ প্রাণান্ নারায়ণোঽবতু।
শ্বেতদ্বীপপতিশ্চিত্তং মনো যোগেশ্বরোঽবতু ॥২৪
পৃশ্নিগর্ভস্তু তে বুদ্ধিমাত্মানং ভগবান্ পরঃ।
ক্রীড়ন্তং পাতু গোবিন্দঃ শয়ানং পাতু মাধবঃ ॥২৫

চক্রী হরিঃ তে অগ্রতঃ অগ্রে অস্তু, সহগদঃ হরিঃ পশ্চাৎ অস্তু, ধনুরসী মধুহা অজনশ্চ তৎপার্শ্বয়োঃ, কোণেষু শঙ্খধরঃ উরুগায়ঃ, উপেন্দ্রঃ উপরি, তার্ক্ষ্যসহিতঃ হরিঃ ক্ষিতৌ, পুরুষঃ পুরুষোত্তমঃ হলধরঃ এব সমন্তাৎ সর্ব্বদিক্ষু অস্তু ॥২৩

হৃষীকেশঃ তে ইন্দ্রিয়াণি অবতু রক্ষতু, নারায়ণঃ প্রাণান্, শ্বেতদ্বীপপতিঃ চিত্তং, (তথা) যোগেশ্বরঃ তে মনঃ অবতু ॥২৪

তে বুদ্ধিং তু পৃশ্নিগর্ভঃ, আত্মানম্ অহঙ্কারং পরঃ ভগবান্ অবতু; ক্রীড়ন্তং ত্বাং গোবিন্দঃ পাতু, শয়ানং ত্বাং মাধবঃ পাতু ॥২৫

তোমার উরুদ্বয়, "অং নমঃ" অচ্যুত তোমার কটিদেশ, "হং নমঃ" হয়গ্রীব শ্রীভগবান্ তোমার জঠর, "কং নমঃ" কেশব তোমার হৃদয়, "ঈং নমঃ" ঈশ্বর তোমার বক্ষঃস্থল, "ইং নমঃ" ইন নামক ভগবান্ তোমার কণ্ঠ, "বিং নমঃ" বিষ্ণু তোমার মস্তক রক্ষা করুন।২২

চক্রধারী হরি তোমার অগ্রভাগে, গদাধারী হরি তোমার পশ্চাদ্ভাগে, ধনুর্দ্ধারী মধুসূদন তোমার দক্ষিণ পার্শ্বে, অসিধারী অজন নামক ভগবান্ তোমার চারিকোণে, উপেন্দ্র তোমার উপরিভাগে, গরুড়বাহন শ্রীহরি তোমার অধোভাগে, হলধারী পুরুষ তোমার সর্ব্বদিক রক্ষা করুন।২৩

হৃষীকেশ ইন্দ্রিয়-সমূহ ও নারায়ণ প্রাণ সকল রক্ষা করুন। শ্বেতদ্বীপপতি ভগবান্ চিত্ত এবং যোগেশ্বর তোমার মন রক্ষা করুন।২৪

পৃশ্নিগর্ভ ভগবান্ তোমার বুদ্ধি ও স্বয়ং ভগবান্ তোমার আত্মা রক্ষা করুন। গোবিন্দ ক্রীড়াকালে তোমাকে রক্ষা করুন, মাধব শয়নাবস্থায় তোমাকে রক্ষা করুন।২৫

ব্রজন্তমব্যাদ্ বৈকুণ্ঠ আসীনং ত্বাং শ্রিয়ঃ পতিঃ।
ভুঞ্জানং যজ্ঞভুক্ পাতু সর্বগ্রহভয়ঙ্করঃ ॥২৬
ডাকিন্যো যাতুধান্যশ্চ কুষ্মাণ্ডা যেঽর্ভকগ্রহাঃ।
ভূতপ্রেতপিশাচাশ্চ যক্ষরক্ষোবিনায়কাঃ ॥২৭
কোটরা-রেবতী-জ্যেষ্ঠা-পূতনা-মাতৃকাদয়ঃ।
উন্মাদা যে হ্যপস্মারা দেহপ্রাণেন্দ্রিয়দ্রুহঃ ॥২৮
স্বপ্নদৃষ্টা মহোৎপাতা বৃদ্ধবালগ্রহাশ্চ যে।
সর্বে নশ্যন্তু তে বিষ্ণোর্নামগ্রহণভীরবঃ ॥২৯

বৈকুণ্ঠঃ বৈকুণ্ঠনাথঃ ব্রজন্তং ত্বাং তথা আসীনং ত্বাং শ্রিয়ঃ পতিঃ অব্যাৎ, সর্ব্বগ্রহভয়ঙ্করঃ যজ্ঞভুক্ ভুঞ্জানং ত্বাং পাতু ॥২৬

ডাকিন্যঃ, যাতুধান্যঃ, কুষ্মাণ্ডাঃ যে চ অর্ভকগ্রহাঃ ভূত-মাতৃপিশাচাঃ যক্ষরক্ষোবিনায়কাঃ ॥২৭

কোটরা-রেবতী-জ্যেষ্ঠা-পূতনা-মাতৃকাদয়ঃ-উন্মাদাঃ যে হি দেহপ্রাণেন্দ্রিয়দ্রুহঃ ॥২৮

স্বপ্নদৃষ্টাঃ মহোৎপাতাঃ যে চ বৃদ্ধবালগ্রহাঃ বিষ্ণোঃ নামগ্রহণভীরবঃ তে সর্ব্বে (রক্ষাবিধিনা) নশ্যন্তু ॥২৯

গমনসময়ে বৈকুণ্ঠনাথ ও উপবেশন কালে লক্ষ্মীকান্ত তোমাকে রক্ষা করুন। ভোজনাবস্থায় সর্ব্বগ্রহ-ভয়ঙ্কর যজ্ঞভোক্তা হরি তোমায় রক্ষা করুন।২৬

ডাকিনীগণ (১) রাক্ষসীগণ, কুষ্মাণ্ডসকল (২) অর্ভকগ্রহগণ (৩) ভূতগণ পিশাচগণ (৪) যক্ষগণ (৫) রাক্ষসগণ, বিনায়কগণ (৬) কোটরা (৭) রেবতী (৮) জ্যেষ্ঠা (৯) পূতনা (১০) মাতৃকা (১১) বকী জ্বালামুখী গ্রাম্য দেবগণ, দেহ প্রাণ ও ইন্দ্রিয়-দ্রোহি-উন্মাদ ও অপস্মার প্রভৃতি এবং যে সকল স্বপ্নদৃষ্ট মহোৎপাত (১২) বৃদ্ধগ্রহ, বালগ্রহ সকল (১৩) বিদ্যমান রহিয়াছে, তাহারা শ্রীবিষ্ণুনামগ্রহণে ভীত হইয়া বিনাশ

শ্রীশুক উবাচ।

ইতি প্রণয়বদ্ধাভির্গোপীভিঃ কৃতরক্ষণম্।
পায়য়িত্বা স্তনং মাতা সংন্যবেশয়দাত্মজম্ ॥৩০

তাবন্নন্দাদয়ো গোপা মথুরায়া ব্রজং গতাঃ।
বিলোক্য পূতনাদেহং বভূবুরতিবিস্মিতাঃ ॥৩১

নূনং বতর্ষিঃ সংজাতো যোগেশো বা সমাস সঃ।
স এব দৃষ্টো হ্যুৎপাতো যদাহানকদুন্দুভিঃ ॥৩২

শ্রীশুকঃ উবাচ। প্রণয়বদ্ধাভিঃ স্নেহপ্লুতাভিঃ গোপীভিঃ ইতি এবংপ্রকারেণ কৃতরক্ষণম্ আত্মজং স্তনং পায়য়িত্বা মাতা যশোদা সংন্যবেশয়ৎ শায়য়ামাস ॥৩০

তাবৎ (কালেন) নন্দাদয়ঃ গোপাঃ মথুরায়াঃ ব্রজং গতাঃ এত্য পূতনাদেহং বিলোক্য দৃষ্ট্বা অতিবিস্মিতাঃ বভূবুঃ ॥৩১

(আহুঃ চ) বত বিস্ময়ে অহো নূনং নিশ্চিতং বসুদেবঃ ঋষিঃ সংজাতঃ, সঃ যোগেশঃ জ্ঞানী বা সং সম্যক্ আস। যতঃ আনকদুন্দুভিঃ যম্ আহ, সঃ এব হি উৎপাতঃ দৃষ্টঃ ॥৩২

প্রাপ্ত হউক।২৭-২৯

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন, হে রাজন্! স্নেহদ্বারা বশীকৃত হইয়া ধাত্রীরূপে সদাবস্থিত গোপীগণ এই প্রকারে রক্ষা বিধান করিলে মা যশোদা পুত্রকে স্তন পান করাইয়া শয়ন করাইলেন।৩০

সেই সময় শ্রীনন্দ প্রভৃতি গোপগণ ব্রজদর্শন-যোগ্য দেশে সমাগত হইয়া পর্ব্বতাকার পূতনার দেহ নিরীক্ষণপূর্ব্বক "একি! দেবরাজকর্ত্তৃক ছিন্নপক্ষ হইয়া কোন পর্ব্বত নভোমণ্ডল ব্যাপিয়া অত্রত্য বৃক্ষশ্রেণী চূর্ণ করত পতিত হইয়াছে? না আমরাই স্বাভাবিক ভ্রান্তিবশে কোন যোগিনী কর্ত্তৃক দেশান্তরে আনীত হইলাম? না ইহা কাহারও ঐন্দ্রজালিক কর্ম্ম?" এই প্রকারেও বসুদেবোক্তি সম্বন্ধে অতিশয় বিস্ময়াপন্ন হইলেন।৩১

অতিবিস্মিত শ্রীনন্দাদি গোপগণ পরস্পর কহিতে লাগিলেন, কি আশ্চর্য্য! সেই বসুদেব পূর্ব্বে এতাদৃশ গুণসম্পন্ন ছিল না, অধুনা নিশ্চয়ই

কলেবরং পরশুভিশ্ছিত্ত্বা তত্তে ব্রজৌকসঃ।
দূরে ক্ষিপ্ত্বাবয়বশো ন্যদহন্ কাষ্ঠধিষ্ঠিতম্ ॥৩৩

দহ্যমানস্য দেহস্য ধূমশ্চাগুরুসৌরভঃ।
উত্থিতঃ কৃষ্ণনির্ভুক্তসপদ্যাহতপাপ্মনঃ ॥৩৪

পূতনা লোকবালঘ্নী রাক্ষসী রুধিরাশনা।
জিঘাংসয়াপি হরয়ে স্তনং দত্ত্বাহপসদ্গতিম্ ॥৩৫

তে ব্রজৌকসঃ তৎ পূতনাকলেবরং দেহং পরশুভিঃ ছিত্ত্বা দূরে ক্ষিপ্ত্বা কাষ্ঠবেষ্টিতং কৃত্বা অবয়বশঃ খণ্ডশঃ নির্দ্দেহুঃ অদহন্ ॥৩৩

কৃষ্ণনির্ভুক্তঃ সপদ্যাহতঃ পাপ্মা যস্য তাদৃশস্য দহ্যমানস্য দেহস্য (দেহাৎ) অগুরুসৌরভঃ ধূমঃ উত্থিতঃ ॥৩৪

(জাত্যা) রাক্ষসী, (কর্ম্মণা) লোকবালঘ্নী, (স্বভাবেন) রুধিরাশনা পূতনা জিঘাংসয়া অপি হরয়ে (বিষমিশ্রিতং স্তনং দত্ত্বা) সদ্গতিং সতাং গতিং কৃষ্ণম্ আপ লেভে ॥৩৫

সে ঋষি হইয়াছে। কেন না ঋষিবাক্যই প্রামাণ্য হইয়া থাকে। কেহ বা বলিলেন—বসুদেব মহাশয়ের ঋষিত্বচিহ্ন কিছুই নাই, পরন্তু যোগেশ্বর অর্থাৎ অষ্টাঙ্গযোগাভ্যাসী হইয়াছেন, কেন না যোগনেত্রে ভাবিবৃত্তান্তদর্শী হইয়াছেন, যেহেতু তিনি উৎপাতের কথা পূর্ব্বে আমাদিগকে বলিয়াছিলেন, সেই উৎপাতই আমরা দেখিতেছি।৩২

শ্রীনন্দ প্রভৃতি গোপগণ এইরূপ বিতর্ক করিতে করিতে যে সময়ের মধ্যে নিকটে আসিতে লাগিলেন, সে সময়ের গোকুলরক্ষায় নিযুক্ত শ্রীউপানন্দাদি কর্ত্তৃক আদিষ্ট হইয়া কনিষ্ঠজাতীয় ব্রজবাসিগণ ঐ পূতনার মৃতদেহ কুঠার দ্বারা খণ্ড খণ্ড করিয়া গ্রামের বাহিরে লইয়া গিয়া কাষ্ঠবেষ্টিত করণানন্তর এক এক অবয়ব পৃথক্ পৃথক্ রূপে দগ্ধ করিতে লাগিলেন।৩৩

হে রাজন্! ঐ দেহ দাহন করিবার সময় ব্রজবাসিগণের অপর এক বিস্ময় উৎপন্ন হইয়াছিল। শ্রীকৃষ্ণ স্তন পান করায় পূতনাদেহ সদ্য নিষ্পাপ

কিং পুনঃ শ্রদ্ধয়া ভক্ত্যা কৃষ্ণায় পরমাত্মনে।
যচ্ছন্ প্রিয়তমং কিং নু রক্তাস্তন্মাতরো যথা ॥৩৬
পদ্ভ্যাং ভক্তহৃদিস্থাভ্যাং বন্দ্যাভ্যাং লোকবন্দিতৈঃ।
অঙ্গং যস্যাঃ সমাক্রম্য ভগবানপিবৎ স্তনম্ ॥৩৭
যাতুধান্যপি সা স্বর্গমবাপ জননীগতিম্।
কৃষ্ণভুক্তস্তনক্ষীরাঃ কিমু গাবো নু মাতরঃ ॥৩৮

কিং পুনঃ শ্রদ্ধয়া বিশ্বাসপূর্ব্বিকয়া ভক্ত্যা প্রেম্না পরমাত্মনে কৃষ্ণায় প্রিয়তমং যচ্ছন্ তন্মাতরঃ যথা তথা রক্তাঃ সদ্গতিং প্রাপ্নুবন্তি ইতি কিং বক্তব্যম্ ॥৩৬

লোকবন্দিতৈঃ ব্রহ্মাদিভিঃ বন্দ্যাভ্যাং ভক্তহৃদিস্থাভ্যাং পদ্ভ্যাং পূতনায়াঃ অঙ্গং সমাক্রম্য ভগবান্ স্তনম্ অপিবৎ ॥৩৭

সা পূতনা যাতুধানী অপি জননীগতিং স্বর্গম্ (যতঃ) অবাপ, কৃষ্ণভুক্তস্তনক্ষীরাঃ (কৃষ্ণেন ধৃতবৎসগোপালরূপেণ ভুক্তং স্তনসম্বন্ধিক্ষীরং যাসাং তাঃ) গাবঃ নু মাতরঃ চ স্বর্গং প্রাপ্নুবন্তি ইতি কিমু বক্তব্যম্ ॥৩৮

পয়াংসি যাসামপিবৎ পুত্রস্নেহস্নুতান্যলম্।
ভগবান্ দেবকীপুত্রঃ কৈবল্যাদ্যখিলপ্রদঃ ॥৩৯
তাসামবিরতং কৃষ্ণে কুর্বতীনাং সুতেক্ষণম্।
ন পুনঃ কল্পতে রাজন্ সংসারোঽজ্ঞানসম্ভবঃ ॥৪০
কটধূমস্য সৌরভ্যমবঘ্রায় ব্রজৌকসঃ।
কিমিদং কুত এবেতি বদন্তো ব্রজমাযযুঃ ॥৪১

কৈবল্যাদ্যখিলার্থদঃ ভগবান্ দেবকীপুত্রঃ যাসাং গোগোপীনাং পুত্রস্নেহস্নুতানি পুত্রবুদ্ধ্যা ক্ষরিতানি পয়াংসি অপিবৎ পপৌ ॥৩৯

হে রাজন্! কৃষ্ণে অবিরতং নিত্যং সুতেক্ষণং পুত্রজ্ঞানং কুর্ব্বতীনাং তাসাম্ অজ্ঞানসম্ভবঃ ভ্রমমূলঃ সংসারঃ জন্মান্তরপ্রাপ্তিঃ ন কল্পতে ॥৪০

কটধূমস্য শ্মশানধূমস্য সৌরভ্যম্ অবঘ্রায় জিঘ্রন্তঃ ব্রজৌকসঃ ইদং কিং কুতঃ এব ইতি বদন্তঃ ব্রজম্ আযযুঃ আজগ্মুঃ ॥৪১

হইয়াছিল, অতএব ঐ দেহ দগ্ধ হইবার সময় অগুরু হইতেও সুগন্ধযুক্ত ধূম উত্থিত হইতে লাগিল।৩৪

লোকের বালক-ঘাতিনী রুধিরাশনা রাক্ষসী পূতনা বিনাশ বাসনায় শ্রীহরিকে স্তন প্রদান করিয়াও সদগতি প্রাপ্ত হইল। আর যিনি শ্রদ্ধা (বিশ্বাস) ও ভক্তি (আদর) সহকারে অর্থাৎ প্রীতিপূর্ব্বক নিজের বা পরমাত্মা শ্রীকৃষ্ণের প্রিয়বস্তু প্রদান করেন, কিংবা যিনি অতিশয় প্রীতিপূর্ব্বক প্রিয়তর বস্তু প্রদান করেন বা যিনি অতি প্রীত্যতিশয়ে প্রিয়তম বস্তু প্রদান করেন, তিনি সদগতি প্রাপ্ত হইবেন, এই বিষয়ে অধিক বক্তব্য আর কি আছে? অপর যাঁহারা কৃষ্ণগতপ্রাণ ও কৃষ্ণসুখে সুখী সেই অনুরাগ-যুক্ত জন যাহা দান করেন তাহা দান করিলে, তাহাতে আবার মাতৃগণ যাহা দান করেন তাহা দান করিলে যে সদ্গতি প্রাপ্ত হইবে তদ্বিষয়ে বক্তব্য কি ?৩৫-৩৬

যদি বল—পূতনা মহা-দুষ্টা হইয়াও কিরূপে সদ্গতি প্রাপ্ত হইল? হে রাজন্। ভগবানের এতাদৃশ মহিমা দর্শনেই পরম আশ্চর্য্য বলিয়া মনে করিও না। পূতনার এই সদ্গতি বিষয়ে অপর বিশেষ আশ্চর্য রহিয়াছে এই যে—

ভগবানের যে চরণযুগল ভক্তগণের হৃদয়েই সদা অবস্থিত, পরন্তু তাহা সাক্ষাৎ সম্বন্ধে নয়নগোচর হয়েন না এবং সর্ব্ব সাধারণ লোকের বন্দিত শ্রীব্রহ্মা শিবাদি মহাভক্তগণ কর্ত্তৃকও উদ্দেশ্যমাত্রে যে পদদ্বয় বন্দনীয়, কিন্তু সাক্ষাৎ সেব্য নহেন, শ্রীভগবান্ সেই চরণযুগল দ্বারা যাহার অঙ্গ সম্যক্রূপে আক্রমণ করিয়া স্তন পান করিলেন, সেই পূতনা রাক্ষসী হইয়াও জননীগতি স্বর্গ লাভ করিল, আর তিনি যাহাদের অবিরত স্তনপান করিতেছেন, সেই মাতৃতুল্য গাভীগণ কিংবা গাভীগণ ও মাতৃগণ যে স্বর্গলাভ করিবেন, তাহাতে আর বক্তব্য কি হইতে পারে?৩৭-৩৮

হে রাজন্! কৈবল্য প্রভৃতি নিখিল অর্থের প্রদাতা দেবকীনন্দন ভগবান্ যে গাভী ও গোপী-

তে তত্র বর্ণিতং গোপৈঃ পূতনাগমনাদিকম্।
শ্রুত্বা তন্নিধনং স্বস্তি শিশোশ্চাসন্ সুবিস্মিতাঃ ॥৪২

নন্দঃ স্বপুত্রমাদায় প্রেত্যাগতমুদারধীঃ।
মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পরমাং মুদং লেভে কুরূদ্বহ ॥৪৩

তে নন্দাদয়াঃ গোপাঃ তত্র ব্রজে গোপৈঃ বর্ণিতং পূতনাগমনাদিকং তন্নিধনং শিশোঃ কৃষ্ণস্য চ স্বস্তি মঙ্গলং শ্রুত্বা সুবিস্মিতাঃ আসন্ বভূবুঃ॥৪২

হে কুরূদ্বহ পরীক্ষিৎ। প্রেত্যাগতঃ বিদেশাৎ আগতঃ উদারধীঃ সরলান্তঃকরণঃ নন্দঃ স্বপুত্রম্ (অঙ্কে) আদায়

গণের পুত্রস্নেহে বিগলিত স্তনদুগ্ধ সাদরে পান করিয়াছেন, শ্রীকৃষ্ণ নিত্যই পুত্রভাবকারিণী সেই গো ও গোপী সকলের অজ্ঞান-জন্য সংসার কখনই যোগ্য হয় না।৩৯-৪০

পূতনাবধের পূর্ব্বে যাঁহারা অন্যত্র গমন করিয়াছিলেন, সেই ব্রজবাসিগণ শ্মশানসম্বন্ধীয় ধূমের সৌরভ আঘ্রাণ করিয়াছিলেন, করিয়া "এ কি আশ্চর্য্য! কোথা হইতেই বা এ সুগন্ধ আসিতেছে? এই অগুরু ধূপধূম কি ইন্দ্রপুরী হইতে নিঃসৃত হইয়া ভূতল ভেদ করত সুতলে প্রবেশ করিতে উদ্যত হইয়াছে? না বলি-ভবন হইতে নির্গত হইয়া দেবলোকে যাইতেছে? কিংবা উত্তর দিকস্থ কুবেরপুরী হইতে আসিতেছে?" এইরূপ বলিতে বলিতে ব্রজে আগমন করিলেন।৪১

ইতিপূর্ব্বে যাঁহারা পূতনাদেহ দর্শনে বিস্মিত হইয়া ব্রজে আসিতেছিলেন, সেই শ্রীনন্দাদি গোপগণ সম্প্রতি ব্রজে আগমন করিয়া উপানন্দাদি গোপগণ কর্ত্তৃক পূতনাগমন, স্তনপান, মহা আর্ত্তনাদ,

য এতৎ পূতনামোক্ষং কৃষ্ণস্যার্ভকমদ্ভুতম্।
শৃণুয়াচ্ছ্রদ্ধয়া মর্ত্ত্যো গোবিন্দে লভতে রতিম্॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ॥৬

মূর্দ্ধ্নি অবঘ্রায় পরমাং মুদং হর্ষং লেভে॥৪৩

যঃ মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ এতৎ অদ্ভুতং পূতনামোক্ষং কৃষ্ণস্য অর্ভকং বালকচরিতং শ্রদ্ধয়া শৃণুয়াৎ, সঃ গোবিন্দে রতিং লভতে॥৪৪

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ॥

তন্নিধন ও শিশুর নিরাপদে অবস্থান শ্রবণ করত অত্যন্ত বিস্মিত হইলেন।৪২

হে কুরুকুলনন্দন! মথুরা প্রবাস করিয়া প্রত্যাগত উদারচিত্ত শ্রীনন্দ নিজ পুত্রকে ক্রোড়ে লইয়া তাহার মস্তক আঘ্রাণ করত পরমানন্দ লাভ করিলেন। "অহো! আমি প্রবাসে গিয়াছিলাম, এইরূপ অনর্থ সঙ্ঘটিত হইয়াছিল। নির্বুদ্ধি দ্বারপালগণের মধ্যে কেহ তাহাকে ত্রিপুরী প্রবেশ নিবারণ করিতে পারিল না" ইত্যাদি বলিয়া তাহাদিগের বুদ্ধির নিন্দা করিতে লাগিলেন।৪৩

হে রাজন্! পূতনা যে সাক্ষাৎ শ্রীভগবদঙ্গ সংস্পর্শাদি সম্বন্ধে সদগতি প্রাপ্ত হইল, ইহাতে বিশেষ আশ্চর্য্য কিছুই নাই। কারণ এই পূতনামোক্ষ-বৃত্তান্ত শ্রবণেই ভগবানে রতি হইয়া থাকে। মৃত্যুশীল যে কেহ এই পূতনার মোক্ষ অর্থাৎ সংসার ও তুচ্ছ ফলান্তর হইতে বহিষ্করণশালী অতএব অদ্ভুত শ্রীকৃষ্ণের বাল্যচরিত্র শ্রবণ করে, সে শ্রীগোবিন্দে সশ্রদ্ধা রতি লাভ করিয়া থাকে।৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ষষ্ঠ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তমঃ অধ্যায়ঃ।

[শকটভঞ্জনম্, তৃণাবর্ত্তবিনাশঃ, জৃম্ভমাণস্য শ্রীভগবতো মুখে যশোদয়াকাশাদিদর্শনঞ্চ।]

রাজোবাচ।

যেন যেনাবতারেণ ভগবান্ হরিরীশ্বরঃ।
করোতি কর্ণরম্যাণি মনোজ্ঞানি চ নঃ প্রভো ॥১

যচ্ছৃণ্বতোঽপৈত্যরতির্বিতৃষ্ণা
সত্ত্বং চ শুধ্যত্যচিরেণ পুংসঃ।
ভক্তির্হরৌ তৎপুরুষে চ সখ্যং
তদেব হারং বদ মন্যসে চেৎ ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে প্রভো শুকদেব! ভগবান্ ঈশ্বরঃ হরিঃ যেন যেন অবতারেণ নঃ অস্মাকং কর্ণরম্যাণি শ্রবণসুখকরাণি মনোজ্ঞানি প্রীতিপ্রদানি চ (কর্ম্মাণি) করোতি ॥১

(হে শুক) যৎ চরিতং শৃণ্বতঃ পুংসঃ অরতিঃ মনোগ্লানিঃ বিতৃষ্ণা বিবিধা বিষয়বাসনা অপৈতি অপগচ্ছতি, (তথা) সত্ত্বং চিত্তং চ অচিরেণ স্বল্পকালেনৈব শুধ্যতি, হরৌ ভক্তিঃ তৎপুরুষে ভগবদ্ভক্তে চ সখ্যং মিত্রভাবঃ (ভবতি, মাং চেৎ অধিকারিণম্) মন্যসে তৎ এব হারং হারবৎ স্পৃহয়া হৃদি ধার্য্যং, চরিতং বদ ॥২

অথান্যদপি কৃষ্ণস্য তোকাচরিতমদ্ভুতম্।
মানুষং লোকমাসাদ্য তজ্জাতিমনুরুন্ধতঃ ॥

শ্রীশুক উবাচ।

কদাচিদৌত্থানিককৌতুকাপ্লবে
জন্মর্ক্ষযোগে সমবেতযোষিতাম্।
বাদিত্রগীতদ্বিজমন্ত্রবাচকৈ-
শ্চকার সূনোরভিষেচনং সতী ॥৪

অন্বয়ঃ

অথ মানুষং লোকম্ আসাদ্য মর্ত্তলোকে অবতীর্য্য তজ্জাতিম্ অনুরুন্ধতঃ অনুকুর্বতঃ কৃষ্ণস্য অন্যৎ তোকাচরিতং বাল্যলীলাম্ অপি (বদ) ॥৩

শ্রীশুকঃ উবাচ। কদাচিৎ ঔত্থানিক- কৌতুকাপ্লবে (দৈবাৎ ঔত্থানিকং শিশোঃ অঙ্গপরিবর্ত্তনজনিতং যৎ কৌতুকং বৃত্তং তস্যাপ্লবে ব্যক্তৌ সত্যাং তত্র এব) জন্মর্ক্ষযোগে (করণীয়স্ত্রীপ্রধানোৎসবাভিষেকে) সমবেতযোষিতাং মিলিতস্ত্রীণাং (মধ্যে) সতী যশোদা বাদিত্রগীতদ্বিজমন্ত্রবাচকৈঃ সূনোঃ পুত্রস্য অভিষেচনং চকার ॥৪

সপ্তম অধ্যায়।

[শকটভঞ্জন, তৃণাবর্ত্তবধ ও জৃম্ভমাণ (মুখব্যাদানকারী) শ্রীভগবানের বদনবিবরে যশোদাকর্তৃক আকাশাদি দর্শন।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে প্রভো! ভগবান্ ঈশ্বর শ্রীহরি মৎস্যাদি যে যে অবতারে যে যে লীলা করেন, সে সমস্ত লীলাই আমাদিগের কর্ণসুখাবহ ও মনের প্রীতিকর, তথাপি যাহা শ্রবণ করিলে জীবমাত্রের ভগবৎ-কথা তৎক্ষণাৎ শ্রবণাদিতে যে অপ্রবৃত্তি তাহা নষ্ট হয় (অনর্থ নিবৃত্তিপূর্ব্বক নিষ্ঠা উৎপন্ন হইয়া থাকে) ও নানাবিধ যে বিষয় বাসনা তাহা অবিলম্বে দূরে যায় (অথচ রুচি উৎপন্নের পর শ্রবণাদিতে আকাঙ্ক্ষা হইয়া থাকে) এবং অচিরে দুর্ব্বাসনা নিবৃত্তিপূর্ব্বক চিত্ত ভক্তি-রসাস্বাদনে সমর্থ বা আসক্তি আবির্ভাবে রতি সমুদ্ভূত হইয়া থাকে; অপর শ্রীভগবানে প্রেম ও তদীয় ভক্তজনে সখ্য হয়। যদি মৎপ্রতি অনুগ্রহ হইয়া থাকে কিংবা যদি আপনার সম্মত হয়, তাহা হইলে নিখিল জীবের মনোহর শ্রীহরির বাল্যাদি চরিত্র বর্ণন করুন।১-২

অনন্তর মর্ত্ত্যলোকে অবতরণপূর্ব্বক মনুষ্যজাতির অনুকরণকারী ও লীলামাধুরী দ্বারা চিত্তাকর্ষক শ্রীকৃষ্ণের পরমাদ্ভুত বাল্যলীলাই কীর্ত্তন করুন।৩

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন, তিন মাস বয়ঃ-প্রকট হইলে উত্তানশায়ী বালকের তির্য্যগ্ভাবে

নন্দস্য পত্নী কৃতমজ্জনাদিকং
বিপ্রৈঃ কৃতস্বস্ত্যয়নং সুপূজিতৈঃ।
অন্নাদ্যবাসঃস্রগভীষ্টধেনুভিঃ
সংজাতনিদ্রাক্ষমশীশয়চ্ছনৈঃ ॥৫
ঔত্থানিকৌৎসুক্যমনা মনস্বিনী
সমাগতান্ পূজয়তী ব্রজৌকসঃ।

ততঃ নন্দস্য পত্নী যশোদা কৃতমজ্জনাদিকম্ অন্নাদ্যবাসঃ-স্রগভীষ্টধেনুভিঃ সুপূজিতৈঃ বিপ্রৈঃ কৃতস্বস্ত্যয়নং কৃতমঙ্গলং সংজাতনিদ্রাক্ষং নিদ্রাবেশেন নিমীলিতনেত্রং পুত্রং শনৈঃ (নিদ্রাভঙ্গশঙ্কয়া শকটাধঃ এব প্রেঙ্খে দোলায়াম্) অশীশয়ৎ শায়িতবতী ॥৫

ঔত্থানিকৌৎসুক্যমনা উৎসবোল্লাসিতহৃদয়া মনস্বিনী সহৃদয়া সা যশোদা সমাগতান্ উৎসবে প্রাপ্তান্ ব্রজৌকসঃ

শয়নের সামর্থ্যোদ্গম হইল তাহা দেখিবার নিমিত্ত ব্রজবাসিনীগণ কুতূহল-সমুদ্রে নিমজ্জিত হইয়া পড়িলেন। আবার ঐ দিনেই জন্মনক্ষত্র রোহিণী-যোগ হওয়াতে নন্দ-ভবনে পুর-স্ত্রীসকল সমবেত হইলেন। মা যশোমতী সেই সমস্ত পুরবাসীদিগকে লইয়া নানাবিধ বাদ্য, গীত ও ব্রাহ্মণদিগের যথাবিধি মন্ত্রপাঠ-পুরঃসর পুত্রের অভিষেক করিলেন।৪

অনন্তর নন্দপত্নী যশোদা পুত্রকে স্নান, গোরচনাতিলক ও বেশাদি করিয়া ভোজ্যদ্রব্য, বসন রত্নাদিমালা, নিজের বা বিপ্রগণের প্রিয়বস্তু ও গাভী প্রভৃতি দানে সুপূজিত ব্রাহ্মণগণ দ্বারা বালকের স্বস্তিবাচনাদি মাঙ্গলিক কার্য্য করাইলেন। এইরূপ কার্য্যাবসরে বালক যখন নিদ্রাবেশে নেত্র অর্দ্ধ-নিমীলিত করিতেছিল, তখন যশোদা নিদ্রাভঙ্গ আশঙ্কায় বালককে নিস্পন্দভাবে ক্রোড়ে লইয়া বৃহৎ প্রাঙ্গণের একদেশস্থ শকটের অধঃস্থিত পালঙ্কে ধীরে ধীরে বালককেও শয়ন করাইলেন।৫

নৈবাশৃণোদ্ বৈ রুদিতং সুতস্য সা
রুদন্ স্তনার্থী চরণাবুদক্ষিপৎ ॥৬
অধঃশয়ানস্য শিশোরনোঽল্পক-
প্রবালমৃদ্বঙ্ঘ্রিহতং ব্যবর্তত।
বিধ্বস্তনানারসকুপ্যভাজনং
ব্যত্যস্তচক্রাক্ষবিভিন্নকূবরম্ ॥৭

ব্রজবাসিনঃ জনান্ গন্ধমাল্যাভরণাদিভিঃ পূজয়তী সতী সুতস্য রুদিতং বৈ ন অশৃণোৎ, ততঃ স্তনার্থী কৃষ্ণঃ রুদন্ চরণৌ উৎ ঊর্দ্ধম্ অক্ষিপৎ চালিতবান্ ॥৬

অধঃশয়ানস্য শিশোঃ কৃষ্ণস্য প্রবালমৃদ্বঙ্ঘ্রিহতং প্রবালবৎ অতিকোমলপাদেন অপি স্পৃষ্টং সৎ বিধ্বস্তনানারসকুপ্যভাজনং ব্যত্যস্ত-চক্রাক্ষ-বিভিন্ন-কূবরম্ অনঃ শকটং ব্যবর্ত্তত বিপরীতং পপাত ॥৭

পরমোল্লাসময় পুত্রোৎসববিষয়ক কর্ম্ম পরিসমাপ্তির নিমিত্ত ব্যাকুলচিত্তা মনস্বিনী শ্রীযশোদা সমাগত ব্রজবাসীদিগকে গন্ধমাল্য-বস্ত্রালঙ্কারাদি দ্বারা পূজা করিতেছিলেন, অতএব তাহাদিগের সম্মান, বচন ও প্রতি-বচনাদিতে আবেশবশতঃ পুত্রের রোদন-শব্দ শ্রবণ করিতে পান নাই। এদিকে পুত্র স্তনপানার্থী হইয়া রোদন করিতে করিতে ঊর্দ্ধদিকে চরণযুগল সঞ্চালন করিতে লাগিলেন।৬

গৃহের বহির্ভাগে বৃহৎ শকটের নিম্নভাগে পালঙ্কোপরি শয়ান সেই শিশুর ক্ষুদ্র ও প্রবাল হইতেও কোমল একমাত্র চরণের দ্বারা আহত (হনন মুদ্রায় স্পর্শমাত্র) হইয়া ঐ শকট বিপরীত-ভাবে পড়িয়া গেল, অতএব নানাবিধ রসপূর্ণ কাংস্যাদি পাত্রগুলি চূর্ণ-বিচূর্ণ হইয়া পড়িল এবং তাহার চক্র, চক্রের মধ্যমণ্ডল ও যুগন্ধর (জোয়াল) ভগ্ন হইয়া গেল।৭

দৃষ্ট্বা যশোদাপ্রমুখা ব্রজস্ত্রিয়
ঔত্থানিকে কর্ম্মণি যাঃ সমাগতাঃ।
নন্দাদয়শ্চাদ্ভুতদর্শনাকুলাঃ
কথং স্বয়ং বৈ শকটং বিপর্য্যগাৎ ॥৮

উচুরব্যবসিতমতীন্ গোপান্ গোপীশ্চ বালকাঃ।
রুদতানেন পাদেন ক্ষিপ্তমেতন্ন সংশয়ঃ ॥৯

ঔত্থানিকে পর্ব্বণি সমাগতাঃ যাঃ যশোদাপ্রমুখাঃ ব্রজস্ত্রিয়ঃ নন্দাদয়ঃ চ সর্ব্বে (তৎ) দৃষ্ট্বা অদ্ভুত-দর্শনাকুলাঃ ব্যাকুলচিত্তাঃ (সন্তঃ) শকটং বৈ স্বয়ং কথং বিপর্য্যগাৎ ইতি উচুঃ ॥৮

বালকাঃ (তু) রুদতা অনেন কৃষ্ণেন পাদেন এব এতৎ শকটং ক্ষিপ্তং তত্র সংশয়ঃ ন অস্তি ইতি অব্যবসিতমতীন্ সংশয়চিত্তান্ গোপান্ গোপীঃ চ উচুঃ ॥৯

তে গোপাঃ বালভাষিতম্ ইতি (মত্বা) ন শ্রদ্দধিরে

শ্রীযশোদা প্রভৃতি গৃহস্থিত স্ত্রীগণ ও অঙ্গপরিবর্ত্তন উৎসবে সমাগত অন্যান্য ব্রজ-স্ত্রীসকল এবং শ্রীনন্দাদি গোপবৃন্দ ঐ শকট বিপর্য্যয় দর্শন করিয়া ও সেই অদ্ভুত ব্যাপার সন্দর্শনে ব্যাকুল হইয়া "কি প্রকারে এই বৃহত্তম শকটখানি আপনাপনি বিপর্য্যস্ত হইল" ইহা বলিতে লাগিলেন।৮

"একি কোন দৈত্যাদির কর্ম্ম? না, কোন দুষ্ট গ্রহাদির কর্ম্ম?" এইরূপে সংশয়াপন্ন গোপ ও গোপীগণকে তত্রত্য বালকসকল বলিলেন—এই বালক রোদন করিতে করিতে পাদচালনা দ্বারা এই শকটখানিকে উল্টাইয়া ফেলিয়াছে, ইহাতে কোন সংশয় নাই।৯

সেই শ্রীনন্দাদি গোপগণ শ্রীভগবানের পরমপ্রিয় প্রযুক্ত সর্ব্বজ্ঞান যোগ্যহইলেও বাৎসল্যপ্রেমে মোহ-

ন তে শ্রদ্দধিরে গোপা বালভাষিতমিত্যুত।
অপ্রমেয়ং বলং তস্য বালকস্য ন তে বিদুঃ ॥১০

রুদন্তং সুতমাদায় যশোদা গ্রহশঙ্কিতা।
কৃতস্বস্ত্যয়নং বিপ্রৈঃ সূক্তৈঃ স্তনমপায়য়ৎ ॥১১

পূর্ব্ববৎ স্থাপিতং গোপৈর্বলিভিঃ সপরিচ্ছদম্।
বিপ্রা হুত্বার্চ্চয়াংচক্রুর্দধ্যক্ষতকুশাম্বুভিঃ ॥১২

বিশ্বাসং ন জগ্মুঃ, উত অপি তেঃ তস্য বালকস্য অপ্রমেয়ং বলং তে ন বিদুঃ ॥১০

গ্রহশঙ্কিতা যশোদা বিপ্রৈঃ (কর্ত্তৃভিঃ) সূক্তৈঃ রক্ষোঘ্নমন্ত্রৈঃ কৃতস্বস্ত্যয়নং রুদন্তং সুতম্ আদায় স্তনম্ অপায়য়ৎ ॥১১

বলিভিঃ বলবদ্ভিঃ গোপৈঃ অনঃ পূর্ব্ববৎ সপরিচ্ছদং স্থাপিতং বিপ্রাঃ চ হুত্বা গ্রহাদিহোমং কৃত্বা দধ্যক্ষতকুশাম্বুভিঃ (অনঃ) অর্চ্চয়াঞ্চক্রুঃ পূজয়ামাসুঃ ॥১২

বশতঃ সেই বালকের অপ্রমেয় (তর্কাগোচর) বল জানিতেন না বলিয়া পুত্রভাবময় ও পুত্রপ্রেমানন্দ-মত্ত গোপগণ বালকদিগের বাক্য বিশ্বাস করিলেন না।১০

গৃহশঙ্কিতা শ্রীযশোদা রোদনকারী বালককে ক্রোড়ে লইয়া প্রথমতঃ ব্রাহ্মণগণ কর্ত্তৃক রক্ষোঘ্নমন্ত্র দ্বারা স্বস্ত্যয়ন করাইয়া পরে তাহাকে স্তনপান করাইতে লাগিলেন।১১

বলবান্ গোপগণ পরিচ্ছদ সমভিব্যাহারে শকটখানি পূর্ব্ববৎ স্থাপন করিল। ব্রাহ্মণগণ প্রথমতঃ অনিষ্ট-নিবৃত্তির নিমিত্ত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক ঘৃত দ্বারা সামান্যরূপে গ্রহ হোম সমাধান করিয়া পরে দধিমিশ্রিত তণ্ডুল ও কুশসমন্বিত প্রোক্ষণ জল দ্বারা ঐ শকটের পূজা করিলেন।১২

যেঽসূয়ানৃতদম্ভের্ষ্যাহিংসামানবিবর্জিতাঃ।
ন তেষাং সত্যশীলানামাশিষো বিফলাঃ কৃতাঃ ॥১৩

ইতি বালকমাদায় সামর্গ্যজুরুপাকৃতৈঃ।
জলৈঃ পবিত্রৌষধিভিরভিষিচ্য দ্বিজোত্তমৈঃ ॥১৪

বাচয়িত্বা স্বস্ত্যয়নং নন্দগোপঃ সমাহিতঃ।
হুত্বা চাগ্নিং দ্বিজাতিভ্যঃ প্রাদাদন্নং মহাগুণম্ ॥১৫

কিঞ্চ, অসূয়ানৃতদম্ভের্ষ্যাহিংসামানবিবর্জ্জিতাঃ যে, সত্যশীলানাং তেষাম্ আশিষঃ বিফলাঃ ব্যর্থাঃ ন কৃতাঃ ইতি অভিপ্রেত্য ॥১৩

বালকম্ আনীয় দ্বিজোত্তমৈঃ সামর্গ্যজুরুপাকৃতৈঃ বেদমন্ত্রৈঃ অভিমন্ত্রিতৈঃ জলৈঃ পবিত্রৌষধিভিঃ চ অভিপ্রেত্য ॥১৪

স্বস্ত্যয়নং স্বস্তিবাচনং বাচয়িত্বা সমাহিতঃ নন্দগোপঃ অগ্নিং চ হুত্বা দ্বিজাতিভ্যঃ মহাগুণম্ অন্নং প্রাদাৎ ॥১৫

বাসঃ স্রগ্রুক্মমালিনীঃ বস্ত্রমাল্যহেমমণ্ডিতাঃ সর্ব্বগুণোপেতাঃ

যাঁহারা অসূয়া (পরগুণে দোষারোপ), মিথ্যাবাক্য, দম্ভ, ঈর্ষ্যা, হিংসা ও অভিমান এই সকল দোষ বিবর্জিত, সেই সত্যশীল পরম বৈষ্ণবগণের আশীর্বাদ কখনও বিফল হয় না।১৩

এই অভিপ্রায়ে বালককে আনয়নপূর্ব্বক ব্রাহ্মণগণ কর্তৃক সাম, ঋক্ ও যজুর্ব্বেদোক্ত মন্ত্রে অভিমন্ত্রিত ও পবিত্র সর্ব্বোষধি মহৌষধিসমূহে মিশ্রিত জলদ্বারা অভিষেক ও স্বস্তিবাচন করাইয়া শ্রীনন্দমহারাজ সমাহিতচিত্তে অগ্নিতে আহুতি প্রদান করিলেন এবং ব্রাহ্মণগণকে নানাবিধ রসদ্রব্যবিশিষ্ট অন্নপ্রদান করিলেন।১৪-১৫

এবং আত্মজের সর্ব উপদ্রব শান্তিপূর্বক শ্রীবৃদ্ধির নিমিত্ত দুগ্ধবতী প্রভৃতি সর্ববিধ গুণযুক্ত ও বস্ত্র, পুষ্পমালা, স্বর্ণমালা দ্বারা ভূষিত গাভীসকল

গাবঃ সর্বগুণোপেতা বাসঃ স্রগ্রুক্মমালিনীঃ।
আত্মজাভ্যুদয়ার্থায় প্রাদাত্তে চান্বযুঞ্জত ॥১৬

বিপ্রা মন্ত্রবিদো যুক্তাস্তৈর্যাঃ প্রোক্তাস্তথাশিষঃ।
তা নিষ্ফলা ভবিষ্যন্তি ন কদাচিদপি স্ফুটম্ ॥১৭

একদারোহমারূঢ়ং লালয়ন্তী সুতং সতী।
গরিমাণং শিশোর্বোঢ়ুং ন সেহে গিরিকূটবৎ ॥১৮

পয়স্বিনীঃ গাবঃ চ আত্মজাভ্যুদয়ার্থায় পুত্রস্য সর্ব্বোপদ্রবশান্তয়ে প্রাদাৎ। তে (আশিষঃ) অন্বযুঞ্জত যুযুজুঃ ॥১৬

বিপ্রাঃ বেদবিদঃ বেদার্থাভিজ্ঞাঃ যুক্তাঃ সমাহিতাঃ ভক্তাঃ চ তৈঃ বিপ্রৈঃ যাঃ আশিষঃ প্রোক্তাঃ, তাঃ ধ্রুবং তথা এব বভূবুঃ; কদাচিৎ অপি নিষ্ফলাঃ ন ভবিষ্যন্তি ॥১৭

একদা আরোহম্ উৎসঙ্গম্ আরূঢ়ং সুতং শিশুং লালয়ন্তী সতী যশোদা গিরিকূটবৎ শিশোঃ গরিমাণং গুরুভারং বোঢ়ুং ন সেহে ॥১৮

প্রদান করিলেন। ঐ ব্রাহ্মণগণ ভোজনান্তে আশীর্ব্বাদ করিতে লাগিলেন।১৬

সেই ব্রাহ্মণগণ বেদার্থাভিজ্ঞ বলিয়া শ্রীভগবদ্ভক্ত ছিলেন, অতএব তাঁহারা যে সকল আশীর্বাদ করিলেন, তাহা শ্রীভগবানের ইচ্ছানুসারে যথাসময়ে ভগবানের দ্বারাই ব্যক্ত হইয়াছিল, কারণ ভগবদ্ভক্তের বাক্য কখনও নিষ্ফল হইবার নহে, ইহা নিশ্চিত।১৭

বালক এক বৎসর বয়সে পদার্পণ করিলে কোন একদিন সতী যশোদা তাহাকে ক্রোড়ে লইয়া মুখচুম্বন, স্তনপান, উত্তোলন, আন্দোলনাদি দ্বারা পালন করিতেছেন, সহসা বালক গিরিশিখরের ন্যায় ভারবোধ হওয়ায় তিনি ঐ ভার বহন করিতে অসমর্থ হইলেন।১৮

ভূমৌ নিধায় তং গোপী বিস্মিতা ভারপীড়িতা।
মহাপুরুষমাদধ্যৌ জগতামাস কর্ম্মসু ॥১৯

দৈত্যো নাম্না তৃণাবর্ত্তঃ কংসভৃত্যঃ প্রণোদিতঃ।
চক্রবাতস্বরূপেণ জহারাসীনমর্ভকম্ ॥২০

গোকুলং সর্বমাবৃণ্বন্ মুষ্ণংশ্চক্ষূংষি রেণুভিঃ।
ঈরয়ন্ সুমহাঘোরশব্দেন প্রদিশো দিশঃ ॥২১

মুহূর্ত্তমভবদ্ গোষ্ঠং রজসা তমসাঽবৃতম্।
সুতং যশোদা নাপশ্যত্তস্মিন্ ন্যস্তবতী যতঃ ॥২২

নাপশ্যৎ কশ্চনাত্মানং পরং চাপি বিমোহিতঃ।
তৃণাবর্ত্তনিসৃষ্টাভিঃ শর্করাভিরুপদ্রুতঃ ॥২৩

ইতি খরপবনচক্রপাংশুবর্ষে
সুতপদবীমবলাবিলক্ষ্য মাতা।
অতিকরুণমনুস্মরন্ত্যশোচদ্
ভুবি পতিতা মৃতবৎসকা যথা গৌঃ ॥২৪

ভারপীড়িতা বিস্মিতা গোপী যশোদা তং পুত্রং ভূমৌ নিধায় স্থাপয়িত্বা জগতাং মহাপুরুষম্ ঈশ্বরং আদধ্যৌ শরণং যযৌ (তথা) কর্ম্মসু স্বস্ত্যয়নাদিরূপবাৎসল্যময়েষু আস বভূব ॥১৯

(তাবতা কালেন) নাম্না তৃণাবর্ত্তঃ কংসভৃত্যঃ দৈত্যঃ প্রচোদিতঃ প্রেরিতঃ সন্ চক্রবাতস্বরূপেণ (এত্য) সর্ব্বং গোকুলং রেণুভিঃ আবৃণ্বন্ (তত্রত্যানাং) চক্ষূংষি চ মুষ্ণন্ অবরোধয়ন্ তথা সুমহাঘোরশব্দেন প্রদিশঃ দিশঃ ঈরয়ন্ নাদয়ন্ আসীনম্ উপবিষ্টম্ অর্ভকং বালকং জহার আকাশং নীতবান্ ॥২০-২১

মুহূর্ত্তং (স্বল্পকালেনৈব) গোষ্ঠং রজসা তমসা চ আবৃতম্ অভবৎ, যশোদা চ যতঃ যত্র বালকং ন্যস্তবতী স্থাপিতবতী তস্মিন্ স্থানে সুতং কৃষ্ণং ন অপশ্যৎ ॥২২

(অপি চ) তৃণাবর্ত্তবিসৃষ্টাভিঃ দৈত্যবিকীর্ণাভিঃ শর্করাভিঃ উপদ্রুতঃ উৎপীড়িতঃ অতঃ বিমোহিতঃ সন্ কশ্চন জনঃ আত্মানং পরং চ ন অপশ্যৎ ॥২৩

ইতি খরপবনচক্রপাংশুবর্ষে তীক্ষ্ণবায়ুচক্রাৎ ধূলিবর্ষে সতি অবলা মাতা যশোদা সুতপদবীং পুত্রমার্গম্ অবিলক্ষ্য অনধিগম্য মৃতবৎসকা গৌঃ যথা (তথা) অতি-করুণম্ অনুসংসরন্তী খেদং কুর্ব্বন্তী ভুবি পতিতা অশোচৎ ॥২৪

(যে ভগবান্ নিখিল জীবের প্রাণ, মন, বল প্রভৃতি সমস্ত হরণ করিতে সমর্থ, আজ তৃণাবর্ত্ত সেই ভগবান্‌কে হরণ করিবার নিমিত্ত উদ্যত হইয়াছে। এই বিষয়ে কারণ, ভগবান্ যেন বলিলেন, "মাতঃ! আমাকে কিঞ্চিৎ উত্তোলন কর, আমার গগনমণ্ডলে খেলা করিতে ইচ্ছা হইতেছে"; শ্রীহরির এই অভিপ্রায় বুঝিতে পারিয়া সত্যকামতা শক্তিই তৃণাবর্ত্ত অসুরকে আনয়ন করিলেন, নচেৎ তাঁহার ইচ্ছা ব্যতিরেকে তাঁহাকে হরণ করে এমন সাধ্য কাহারও নাই।)

যশোদা ঐরূপ গুরুতর ভাবে প্রপীড়িতা হইয়া "আমার বালকের অকস্মাৎ এতাদৃশ গুরুভার কিরূপে হইল? জানিনা কোন্ বালগ্রহের আবেশে এই ভার হইয়াছে" এইরূপ আশঙ্কায় বিস্ময়ান্তঃকরণে বালককে ভূমিতলে স্থাপনপূর্ব্বক বৈকুণ্ঠ লক্ষ্য করত ঊর্দ্ধদিকে অবলোকন করিয়া "হে ভগবন্! তুমি এই বালক অর্পণ করিয়াছ, তুমিই পালন কর" ইত্যাদি বাক্যে মহাপুরুষ শ্রীমন্নারায়ণকে ধ্যান করিতে লাগিলেন এবং তাহার স্বস্ত্যয়নাদি করিবার নিমিত্ত ব্রাহ্মণগণের আহ্বান কার্য্যে প্রবৃত্ত হইলেন।১৯

ঐ সময় কংসের ভৃত্য ও কংসকর্ত্তৃক প্রেরিত তৃণাবর্ত্ত নামক দৈত্য ঘূর্ণীবায়ুরূপে সমাগত হইয়া ধূলিদ্বারা সমস্ত গোকুল সমাচ্ছন্ন ও তত্রত্য লোক-সকলের চক্ষুর দৃষ্টি অবরোধ করিয়া সুমহাঘোর শব্দে দিগ্‌দিগন্ত নিনাদিত করত সমুপবিষ্ট ঐ বালককে হরণ করিল।২০-২১

মুহূর্ত্তকাল পর্য্যন্ত ব্রজধাম ধূলি ও তজ্জন্য অন্ধকার দ্বারা সমাবৃত হইল। মা যশোদা পুত্রকে যেখানে রাখিয়াছিলেন, সেস্থানে আর তাহাকে দেখিতে পাইলেন না।২২

তৃণাবর্ত্ত কর্ত্তৃক প্রক্ষিপ্ত ধূলি ও ক্ষুদ্র প্রস্তরখণ্ড

রুদিতমনুনিশম্য তত্র গোপ্যো
ভৃশমনুতপ্তধিয়োঽশ্রুপূর্ণমুখ্যঃ।
রুরুদুরনুপলভ্য নন্দসূনুং
পবন উপারতপাংশুবর্ষবেগে ॥২৫

তৃণাবর্তঃ শান্তরয়ো বাত্যারূপধরো হরন্।
কৃষ্ণং নভোগতো গন্তুং নাশক্নোদ্ ভূরিভারভৃৎ ॥২৬

তমশ্মানং মন্যমান আত্মনো গুরুমত্তয়া।
গলে গৃহীত উৎস্রষ্টুং নাশক্নোদদ্ভুতার্ভকম্ ॥২৭

গলগ্রহণনিশ্চেষ্টো দৈত্যো নির্গতলোচনঃ।
অব্যক্তরাবো ন্যপতৎ সহবালো ব্যসুর্ব্রজে ॥২৮

ততঃ পবনে বায়ৌ উপারতপাংশুবর্ষবেগে নিবৃত্তধূলিবিকীরণসামর্থ্যে সতি (যশোদায়াঃ) রুদিতম্ অনুনিশম্য গোপ্যঃ তত্র অনুতপ্তধিয়ঃ দুঃখিতহৃদয়াঃ অশ্রুপূর্ণমুখ্যঃ সত্যঃ তত্র নন্দসূনুম্ অনুপলভ্য অদৃষ্ট্বা রুরুদুঃ ॥২৫

বাত্যারূপধরঃ চক্রবাতস্বরূপঃ তৃণাবর্তঃ কৃষ্ণং হরন্ নভোগতঃ সন্ (কৃচ্ছাৎ) ভূরিভারভৃৎ (মহাভারবহনে সমর্থোঽপি) শান্তরয়ঃ নিবৃত্তবেগঃ সন্ (ততঃ) গন্তুং ন অশক্নোৎ ॥২৬

গুরুমত্তয়া অতিগৌরবেণ অশ্মানং পর্ব্বতপ্রায়ং মন্যমানঃ (দৈত্যঃ) আত্মনঃ স্বস্য গলে তেন গৃহীতং সন্তম্ অদ্ভুতার্ভকং তং বালকম্ উৎস্রষ্টুং ত্যক্তুং ন অশক্নোৎ ॥২৭

গলগ্রহণনিশ্চেষ্টঃ (তেনৈব) নির্গতলোচনঃ তথা অব্যক্তরাবঃ অস্ফুটধ্বনিবিশিষ্টঃ (ততঃ) ব্যসুঃ মৃতঃ সন্ সহবালঃ ব্রজে ন্যপতৎ পতিতবান্ ॥২৮

প্রভৃতি দ্বারা উৎপীড়িত ও কোন বিষয় অনুসন্ধান করিতে অসমর্থ হইয়া কোন ব্যক্তি কোন ব্যক্তিকে দর্শন করিতে বা আপন অঙ্গ দর্শন করিতে পারিলেন না, এমন কি কোন জনরবও শুনিতে পাইলেন না।২৩

উক্ত প্রকারে ঘূর্ণিত বায়ুবেগে ধূলিবর্ষণ হইতে লাগিলে জননী যশোদা কোনও লক্ষণ দ্বারা পুত্র-পদবী দর্শন করিতে না পারিয়া ও তদ্দর্শনোপায় যে কোন কর্ম্ম করিতে বা তদনুসন্ধানে অসমর্থা হইয়া কেবল মৃতবৎসা গাভীর ন্যায় ভূমিতে পড়িয়া পুত্রের অনুসরণপূর্ব্বক কাষ্ঠ, পাষাণ ও বজ্রাদি-বিদারক বিলাপ করিতে লাগিলেন।২৪

কিছুকাল পরে পবনের ধূলিবর্ষণবেগ নিবৃত্ত হইলে প্রতিবেশিনী গোপীগণ—শ্রীযশোদার গৃহে রোদন-ধ্বনি শ্রবণপূর্ব্বক তথায় গমনান্তে শ্রীনন্দনন্দনকে দর্শন করিতে না পারিয়া অত্যন্ত দুঃখিতচিত্তে রোদন করিতে লাগিলেন। আহা! রোদনজন্য অশ্রুজলে তাঁহাদিগের বদন পরিপূর্ণ হইতে লাগিল।২৫

তৃণাবর্ত্ত বায়ুরূপ ধারণপূর্ব্বক শ্রীকৃষ্ণকে হরণ করিয়া নভোমণ্ডলে সমাগত হইয়া শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আবিষ্কৃত ভূরিভারে আক্রান্ত হওয়ায় তাহার গমন-বেগ শান্ত হইয়া পড়িল, অতএব আর অন্যত্র গমন করিতে সমর্থ হইল না।২৬

এবং আপন হইতেও অতিশয় গুরুত্বহেতু বালককে নীলমণিপর্বতের ন্যায় মনে করিতে লাগিল, অতএব হরণ করিতে অসমর্থ হইয়া পরিত্যাগ করিবার নিমিত্ত ইচ্ছা সত্ত্বেও পরিত্যাগ করিতে সক্ষম হইল না; কারণ, যেমন কোন ব্যক্তি কোন বালকের হস্তদ্বয় ঊর্দ্ধ্বোত্তোলন করিলে সে বালক ভয়ে উত্তোলনকারীর গলদেশ দুই হস্তে ধারণ করে, তদ্রূপ লোকাতীত কৌতুকাবহ শ্রীকৃষ্ণ লৌকিক বাল্য লীলানুকরণ করিয়া ঐ তৃণাবর্ত্তের গলদেশ করদ্বয়ে দৃঢ়ভাবে ধারণ করিয়াছিলেন।২৭

গলে গ্রহণপ্রযুক্তই ঐ তৃণাবর্ত্ত হস্ত পাদাদি ক্ষেপণে অসমর্থ হইল ও নেত্রদ্বয় বহির্গত হইয়া পড়িলে সে অস্ফুট শব্দ করিতে করিতে প্রাণত্যাগ করত শ্রীবালগোপালের সহিত ব্রজমধ্যে উত্তানশায়ী

তমন্তরিক্ষাৎ পতিতং শিলায়াং
বিশীর্ণসর্ব্বাবয়বং করালম্।
পুরং যথা রুদ্রশরেণ বিদ্ধং
স্ত্রিয়ো রুদত্যো দদৃশুঃ সমেতাঃ ॥২৯
প্রাদায় মাত্রে প্রতিহৃত্য বিস্মিতাঃ
কৃষ্ণং চ তস্যোরসি লম্বমানম্।
তং স্বস্তিমন্তং পুরুষাদনীতং
বিহায়সা মৃত্যুমুখাৎ প্রমুক্তম্।
গোপ্যশ্চ গোপাঃ কিল নন্দমুখ্যা
লব্ধ্বা পুনঃ প্রাপুরতীব মোদম্ ॥৩০

তত্র সমেতাঃ শ্রীযশোদাপার্শ্বমিলিতাঃ রুদত্যঃ স্ত্রিয়ঃ রুদ্রশরেণ ভিন্নং পুরং ত্রিপুরং যথা, (তথা) অন্তরীক্ষাৎ আকাশমার্গাৎ শিলায়াং পতিতং (অতএব) বিশীর্ণসর্ব্বাবয়বং চূর্ণিতসর্ব্বাঙ্গং করালং রৌদ্রং তম্ (তৃণাবর্ত্তম্) অসুরং দদৃশুঃ ॥২৯

(ততঃ তাঃ) তস্য উরসি বক্ষসি লম্বমানং দোদুল্যমানং চ কৃষ্ণম্ আদায় গৃহীত্বা মাত্রে যশোদায়ৈ প্রতিহৃত্য সমর্প্য বিস্মিতাঃ বভূবুঃ। বিহায়সা গগনমার্গেণ পুরুষাদ-নীতং দৈত্যাপহৃতম্ অতঃ মৃত্যুমুখাৎ প্রমুক্তং তথাপি স্বস্তিমন্তং সুস্থং তং পুনঃ লব্ধ্বা গোপ্যঃ নন্দমুখ্যাঃ গোপাঃ কিল অতীব মোদং হর্ষং প্রাপুঃ ॥৩০

হইয়া পতিত হইল।২৮

শ্রীযশোদা প্রভৃতি গোপীগণ একত্র মিলিত হইয়া রোদন করিতে করিতে দেখিতে পাইলেন সেই ভীষণ দৈত্য তৃণাবর্ত্ত সহসা আকাশ হইতে রুদ্রবাণে আহত ত্রিপুরাসুরের ন্যায় শিলাতলে পতিত হইল এবং তাহার সর্ব্বাঙ্গ চূর্ণ হইয়া গেল।২৯

শ্রীকৃষ্ণ সেই তৃণাবর্ত্তের বক্ষঃস্থলে দোদুল্যমান ছিলেন। দৈত্য কর্ত্তৃক আকাশমার্গে অপহৃত ও মৃত্যুমুখ হইতে সুরক্ষিত এবং সর্ব্ব প্রকার কুশল অবস্থা দেখিয়া রমণীগণ শ্রীকৃষ্ণকে গ্রহণ করিয়া মা যশোদার নিকট সমর্পণ পূর্ব্বক বিস্মিত হইলেন।৩০

অহো বতাত্যদ্ভুতমেষ রক্ষসা
বালো নিবৃত্তিং গমিতোঽভ্যগাৎ পুনঃ।
হিংস্রঃ স্বপাপেন বিহিংসিতঃ খলঃ
সাধুঃ সমত্বেন ভয়াদ্ বিমুচ্যতে ॥৩১

কিং নস্তপশ্চীর্ণমধোক্ষজার্চনং
পূর্ত্তেষ্টদত্তমুত ভূতসৌহৃদম্।
যৎসম্পরেতঃ পুনরেব বালকো
দিষ্ট্যা স্ববন্ধূন্ প্রণয়ন্নুপস্থিতঃ ॥৩২

(আহুঃ চ) অহো বত পরমবিস্ময়ে এষঃ বালঃ রক্ষসা রাক্ষসেন নিবৃত্তিং মৃত্যুং গমিতঃ প্রাপিতঃ অপি পুনঃ অভ্যগাৎ অস্মদভিমুখং প্রাপ্তঃ, (যতঃ) হিংস্রঃ খলঃ অসুরঃ স্বপাপেন বিহিংসিতঃ নষ্টঃ, সাধুঃ কৃষ্ণঃ সমত্বেন ভয়াৎ প্রমুচ্যতে রক্ষিতঃ ॥৩১

নঃ অস্মাকং কিং তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি চীর্ণম্ অনুষ্ঠিতম্ অধোক্ষজার্চ্চনং বিষ্ণুসেবনং, পূর্ত্তেষ্টদত্তং বত ভূতসৌহৃদং (বা কৃতং), যৎ যস্মাৎ সংপেরতঃ মৃতঃ এব বালকঃ (অস্মাকং) দিষ্ট্যা সৌভাগ্যেনৈব স্ববন্ধূন্ অস্মান্ প্রণয়ন্ উপস্থিতঃ সমীপম্ আগতঃ ॥৩২

শ্রীযশোদা প্রভৃতি গোপীগণ ও নন্দাদি গোপসকল শ্রীকৃষ্ণকে এতাদৃশ অবস্থায় পুনর্ব্বার প্রাপ্ত হইয়া অতিশয় আনন্দ সহকারে পরস্পর কহিতে লাগিলেন—কি আশ্চর্য্য ! এই বালকটী খল রাক্ষস কর্ত্তৃক নিহত হইয়াছিল, তথাপি কুমার জীবিত হইয়া আসিল। পরের অনিষ্টকারী হিংস্র খল ব্যক্তি নিজ পাপে নষ্ট হইয়া থাকে, আর সাধু ব্যক্তি সর্ব্ব প্রাণীকে সমান দর্শন করাতে বিপদ হইতে মুক্ত হইয়া থাকেন।৩১

তাঁহারা পরস্পর বলিতে লাগিলেন—হায় ! আমরা কি পূর্ব্বজন্মে কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত, শ্রীবিষ্ণুর অর্চ্চনা, পুষ্করিণী প্রতিষ্ঠা ও যজ্ঞাদির

দৃষ্ট্বাদ্ভুতানি বহুশো নন্দগোপো বৃহদ্বনে।
বসুদেববচো ভূয়ো মানয়ামাস বিস্মিতঃ ॥৩৩
একদার্ভকমাদায় স্বাঙ্কমারোপ্য ভামিনী।
প্রস্নুতং পায়য়ামাস স্তনং স্নেহপরিপ্লুতা ॥৩৪
পীতপ্রায়স্য জননী সা তস্য রুচিরস্মিতম্।
মুখং লালয়তী রাজঞ্জৃম্ভতো দদৃশে ইদম্ ॥৩৫
খং রোদসী জ্যোতিরনীকমাশাঃ
সূর্য্যেন্দুবহ্নিশ্বসনাম্বুধীংশ্চ।
দ্বীপান্ নগাংস্তদ্দুহিতৄর্বনানি
ভূতানি যানি স্থিরজঙ্গমানি ॥৩৬
সা বীক্ষ্য বিশ্বং সহসা রাজন্ সঞ্জাতবেপথুঃ।
সম্মীল্য মৃগশাবাক্ষী নেত্রে আসীৎ সুবিস্মিতা ॥৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭

নন্দগোপঃ বৃহদ্বনে বৃন্দাবনে (তানি) অদ্ভুতানি চরিতানি বহুশঃ দৃষ্ট্বা বিস্মিতঃ সন্ বসুদেববচঃ ভূয়ঃ সত্যমিতি মানয়ামাস ॥৩৩

একদা ভামিনী যশোদা অর্ভকং কৃষ্ণম্ আদায় গৃহীত্বা স্বাঙ্কং নিজক্রোড়ম্ আরোপ্য স্নেহপরিপ্লুতা সতী স্তন্যং পায়য়ামাস ॥৩৪

হে রাজন্! জননী যশোদা পীতপ্রায়স্য প্রায়েণ পীতস্তন্যস্য (ততঃ) জৃম্ভতঃ মুখব্যাদানং কুর্ব্বতঃ তস্য রুচিরস্মিতং সহাস্যং মুখং লালয়তী লালয়ন্তী সতী মুখবিবরাস্তঃ ইদং বক্ষ্যমাণরূপং দদৃশে অপশ্যৎ ॥৩৫

(তদাহ) খম্ আকাশং, রোদসী দিবং ভূমিং চ, জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রম্, আশাঃ দিশঃ, সূর্য্যেন্দুবহ্নিশ্বসনাম্বুধীন্ চ দ্বীপান্ নগান্ তদ্দুহিতৄর্বনানি ভূতানি যানি স্থিরজঙ্গমানি ॥৩৬

সহসা বিশ্বং বীক্ষ্য মৃগশাবাক্ষী হরিণলোচনা সা মাতা সংজাতবেপথুঃ কম্পিতকলেবরা সতী নেত্রে নিমীল্য হে রাজন্! সুবিস্মিতা আসীৎ ॥৩৭

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥

অনুষ্ঠান এবং প্রাণিগণের প্রতি সখ্যভাব প্রদর্শন করিয়াছিলাম? যাহার পুণ্যবলে এই বালক মৃত্যুমুখে পতিত হইয়াও আমাদিগের সৌভাগ্য-বশতঃ আত্মীয় স্বজনগণের নিকট উপস্থিত হইয়া আনন্দিত করিল।৩২

গোপরাজ নন্দ মহাবনে বারম্বার এইরূপ অদ্ভুত ব্যাপার দর্শন করিয়া আশ্চর্যান্বিত হইলেন এবং পূর্ব্বোক্ত বসুদেববাক্য যথার্থ বোধ করিয়া পুনঃ পুনঃ স্মরণ করিতে লাগিলেন।৩৩

বাৎসল্যরসে পরিপূর্ণা নন্দকামিনী যশোদা একদিন কৃষ্ণকে গ্রহণ করিয়া নিজ ক্রোড়ে স্থাপন পূর্ব্বক স্নেহরসে আপ্লুত হইয়া ক্ষরিত স্তন্য দুগ্ধ পান করাইতেছিলেন।৩৪

বালক প্রকৃষ্টরূপে স্তন পান করিলে পর জননী তাহার সুন্দর হাস্যশোভিত মুখে আদর পূর্ব্বক চুম্বনাদি করিলেন। ইতিমধ্যে আলস্য-বশতঃ শ্রীকৃষ্ণ যখন মুখব্যাদানপূর্ব্বক জৃম্ভন করিলেন, তখন মা যশোদা ঐ বালকের মুখমধ্যে আকাশ, স্বর্গ, মর্ত্ত্য, জ্যোতিশ্চক্র, দিক্‌সকল, সূর্য্য, চন্দ্র, অগ্নি, বায়ু, সমুদ্র, দ্বীপ, পর্ব্বত, নদী, বন এবং স্থাবর-জঙ্গম প্রভৃতি যাবতীয় প্রাণী বিরাজ করিতেছে দেখিতে পাইলেন।৩৫-৩৬

হে মহারাজ! হরিণলোচনা যশোদা সহসা পুত্রের মুখে বিশ্ব নিরীক্ষণ করিয়া কম্পিতকলেবরা ও অতিশয় বিস্মিতা হইয়া নেত্রদ্বয় মুদ্রিত করিলেন।৩৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত সপ্তমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টমঃ অধ্যায়ঃ।

[মহর্ষে গর্গস্যাগমনম্, তেন যশোদা-রোহিণী সুতয়োর্নামকরণম্, যশোদা স্বপুত্র-শ্রীভগবদ্‌বদনে বিশ্বরূপস্য দর্শনম্, শ্রীভগবতো বাল্যলীলাকথনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

গর্গঃ পুরোহিতো রাজন্ যদূনাং সুমহাতপাঃ।
ব্রজং জগাম নন্দস্য বসুদেবপ্রচোদিতঃ ॥১

তং দৃষ্ট্বা পরমপ্রীতঃ প্রত্যুত্থায় কৃতাঞ্জলিঃ।
আনর্চাধোক্ষজধিয়া প্রণিপাতপুরঃসরম্ ॥২

সূপবিষ্টং কৃতাতিথ্যং গিরা সূনৃতয়া মুনিম্।
নন্দয়িত্বাব্রবীদ্ ব্রহ্মন্ পূর্ণস্য করবাম কিম্ ॥৩

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্।
নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা ক্বচিৎ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! যদূনাং পুরোহিতঃ সুমহাতপাঃ অনির্ব্বচনীয়ভাগ্যবান্ গর্গঃ বসুদেব-প্রচোদিতঃ বসুদেবেন প্রেরিতঃ সন্ নন্দস্য ব্রজং গোকুলং জগাম ॥১

পরমপ্রীতঃ (নন্দঃ) তং গর্গং দৃষ্ট্বা প্রত্যুত্থায় কৃতাঞ্জলিঃ সন্ অধোক্ষজধিয়া ঈশদৃষ্ট্যা প্রণিপাতপুরঃসরম্ (প্রণম্য) আনর্চ্চ পূজয়ামাস ॥২

সূপবিষ্টং (পাদপ্রক্ষালনাদিনা) কৃতাতিথ্যং (মধুপর্কাদ্যর্পণেন) মুনিং গর্গং সূনৃতয়া গিরা মিষ্টালাপেন নন্দয়িত্বা সম্ভাষ্য, হে ব্রহ্মন্! বেদার্থজ্ঞানেন বৃহত্তম! পূর্ণস্য শ্রীভগবদ্ভক্ত্যা সিদ্ধসর্ব্বার্থস্য ভবতঃ কিং করবাম ইতি অব্রবীৎ উবাচ ॥৩

হে ভগবন্ সর্ব্বজ্ঞ! মহদ্‌বিচলনং (ত্বদৃশাং মহতাম্ অন্যত্র গমনং ন স্বার্থং কিন্তু) গৃহিণাং জায়াপুত্রাদিহিত-ব্যগ্রাণাং (অতএব) দীনচেতসাং কৃপণবুদ্ধীনাং নৃণাং নিঃশ্রেয়সায় সর্ব্বমঙ্গলায় এব কল্পতে নিশ্চীয়তে, অন্যথা ক্বচিৎ ন ॥৪

অষ্টম অধ্যায়।

[মহর্ষি গর্গের, আগমন, তৎকর্ত্তৃক যশোদা ও রোহিণীপুত্রের নামকরণ, যশোদাকর্ত্তৃক নিজ পুত্র শ্রীভগবানের বদন মধ্যে বিশ্বরূপদর্শন এবং শ্রীভগবানের বাল্যলীলা কথন।]

(এই অষ্টমাধ্যায়ে শ্রীকৃষ্ণের নাম করণাদি-সংস্কার এবং বাল্যক্রীড়া মৃত্তিকাভক্ষণের অভিযোগ ও যশোদাকে তদীয় মুখমধ্যে বিশ্বরূপ দর্শন, তৎশ্রবণে গর্গবাক্যের সত্যত্বাবধারণ বর্ণিত হইয়াছে।) শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! যদুকুল পুরোহিত মহাতপস্বী গর্গাচার্য্য বসুদেব কর্ত্তৃক নিজ তনয়দ্বয়ের নামকরণাদি সংস্কারার্থ প্রেরিত হইয়া নন্দরাজের গোকুলে আগমন করিলেন।১

গোপরাজ নন্দ তাঁহাকে দর্শন করিয়া পরমানন্দিত হইলেন এবং প্রত্যুত্থান পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে সাক্ষাৎ বিষ্ণুবুদ্ধিতে প্রণাম করিয়া পূজা করিলেন।২

ঋষিবর গর্গাচার্য্য আতিথ্য গ্রহণের পর সুখে উপবেশন করিলে, গোপরাজ নন্দ মধুর সম্ভাষণাদি দ্বারা তুষ্ট করিয়া কহিলেন, হে ব্রাহ্মণ! আপনি ভগবৎ-প্রেম-লাভে সিদ্ধকাম হইয়াছেন, সুতরাং আমি আপনার কি প্রীতিকর কার্য্যের অনুষ্ঠান করিব জানি না।৩

হে ভগবন্! যাহারা গৃহাদিতে অতিশয় আসক্ত, স্ত্রী-পুত্রাদির ভরণ পোষণে অত্যন্ত ব্যগ্রচিত্ত, সেই সকল মানুষের একান্ত মঙ্গলসাধনের জন্য মহৎ ব্যক্তিরা আশ্রয় পরিত্যাগ করিয়া অন্যত্র গমন করিয়া থাকেন, অন্যথা তাঁহাদিগের নিজ প্রয়োজন জন্য গমন করেন না।৪

জ্যোতিষাময়নং সাক্ষাদ্ যত্তজ্ জ্ঞানমতীন্দ্রিয়ম্।
প্রণীতং ভবতা যেন পুমান্ বেদ পরাবরম্ ॥৫
ত্বং হি ব্রহ্মবিদাং শ্রেষ্ঠঃ সংস্কারান্ কর্তুমর্হসি।
বালয়োরনয়োর্নৃণাং জন্মনা ব্রাহ্মণো গুরুঃ ॥৬
গর্গ উবাচ।
যদূনামহমাচার্য্যঃ খ্যাতশ্চ ভুবি সর্বতঃ।
সুতং ময়া সংস্কৃতং তে মন্যতে দেবকীসুতম্ ॥৭

কংসঃ পাপমতিঃ সখ্যং তব চানকদুন্দুভেঃ।
দেবক্যা অষ্টমো গর্ভো ন স্ত্রী ভবিতুমর্হতি ॥৮
ইতি সংচিন্তয়ঞ্ছ্রুত্বা দেবক্যা দারিকাবচঃ।
অপি হন্তাগতাশঙ্কস্তর্হি তন্নোঽনয়ো ভবেৎ ॥৯
নন্দ উবাচ
অলক্ষিতোঽস্মিন্ রহসি মামকৈরপি গোব্রজে।
কুরু দ্বিজাতিসংস্কারং স্বস্তিবাচনপূর্ব্বকম্ ॥১০

অতীন্দ্রিয়ম্ ইন্দ্রিয়াগোচরং (অথচ) সাক্ষাৎ (ফলোপধায়ি) জ্ঞানং যৎ জ্যোতিষাং গ্রহাণাম্ অয়নং (জ্ঞানপ্রতিপাদকং শাস্ত্রম্) তৎ ভবতা প্রণীতং, যেন শাস্ত্রেণ পুমান্ (পূর্ব্বাপর-জন্মবৃত্তং ফলঞ্চ) বেদ জানাতি ॥৫

হিঃ যতঃ ত্বং (মহাভাগবতোত্তমত্বাৎ) ব্রহ্মবিদাং জ্ঞানিনাং শ্রেষ্ঠঃ, (অতঃ) অনয়োঃ বালয়োঃ রামকৃষ্ণয়োঃ সংস্কারান (নামকরণাদিজাত্যনুরূপান্) কর্ত্তুম্ অর্হসি। (যতঃ) ব্রাহ্মণঃ জন্মনা জাত্যা (এব) নৃণাং গুরুঃ ॥৬

গর্গঃ উবাচ। অহং যদূনাম্ আচার্য্যঃ সর্ব্বতঃ ভুবি খ্যাতঃ চ; ময়া সংস্কৃতং তে সুতং (কংসঃ) দেবকীপুত্রং (ইতি) মন্যতে (মন্যেত) ॥৭

দেবকীদারিকাবচঃ দেবক্যাঃ কন্যাবাক্যং শ্রুত্বা (উৎকণ্ঠিতঃ অতএব) দেবক্যাঃ অষ্টমঃ গর্ভঃ স্ত্রী ভবিতুং ন অর্হতি ইতি সঞ্চিন্তয়ন্ তব আনকদুন্দুভেঃ সখ্যং চ জ্ঞাত্বা পাপমতিঃ দুর্বৃত্তঃ কংসঃ আগতাশঙ্কঃ প্রাপ্তসন্দেহঃ সন্ অপি চেৎ হন্তা হনিষ্যতি, তৎ তর্হি নঃ অস্মাকং মহান্ অনয়ঃ অশুভঃ স্যাৎ ॥৮-৯

নন্দঃ উবাচ। হে গর্গ! ত্বম্ অস্মিন্ গোব্রজে রহসি একান্তে মামকৈঃ অপি অলক্ষিতঃ সন্ দ্বিজাতিসংস্কারং (কেবলং) স্বস্তিবাচনপূর্ব্বকং কুরু ॥১০

হে ভগবন্! অতীন্দ্রিয় জ্ঞানের সাধন অথচ সাক্ষাৎ ফলপ্রদ যে জ্যোতিঃশাস্ত্র, আপনি সাক্ষাৎ সেই জ্যোতিঃশাস্ত্র প্রণয়ন করিয়াছেন, ঐ জ্যোতিঃ-শাস্ত্রের দ্বারা মনুষ্য অন্যলোক ও জীবের পূর্ব্ব জন্ম ও পরজন্মের ভবিষ্যৎ ফল জানিতে পারে।৫

আপনি যে কেবল জ্যোতির্ব্বিদ্গণের শ্রেষ্ঠ তাহা নহে, পরন্তু ব্রহ্মবিদ্গণেরও শ্রেষ্ঠ। অতএব আমার সন্তানদ্বয়ের (রামকৃষ্ণের) নামকরণাদি সংস্কার কার্য্য সম্পাদন করুন; যেহেতু জন্মমাত্রেই ব্রাহ্মণ মনুষ্যদিগের গুরু।৬

মুনিবর গর্গ কহিলেন—গোপরাজ! আমি যদুবংশীয়দিগের আচার্য্য বলিয়া সর্ব্বত্রই বিখ্যাত, আমি যদি তোমার পুত্রের সংস্কার করি, তাহা হইলে পাপাত্মা কংস ইহাদিগকে দেবকীর পুত্র বলিয়া মনে করিবে।৭

আপনার সহিত বসুদেবের পরস্পর যে মিত্রতা আছে, পাপমতি কংস তাহা উত্তমরূপে জানে, বিশেষতঃ দেবকীর অষ্টম গর্ভে কখন কন্যা জন্মিতে পারে না—দেবকীদুহিতা মহামায়ার এই বাক্য তাহার মনে দিবারাত্র জাগরূক্ রহিয়াছে; অতএব সে যদি এক্ষণে মৎকৃত সংস্কারলক্ষণে উক্ত আশঙ্কাকেই দৃঢ়তর করিয়া তোমার পুত্রের প্রতি অত্যাচার করে, তাহা হইলে আমাদিগের মহান্ দুঃখের কারণ হইবে।৮-৯

নন্দ কহিলেন,—আপনি এই গোশালায় একান্ত নির্জন স্থানে গোপনে কেবল স্বস্তিবাচনটি করিয়া দ্বিজাতিযোগ্য সংস্কার সম্পাদন করুন। আপনাকে কেহই এমনকি আমাদিগের আত্মীয়স্বজনগণও দেখিতে পাইবে না।১০

শ্রীশুক উবাচ

এবং সম্প্রার্থিতো বিপ্রঃ স্বচিকীর্ষিতমেব তৎ।
চকার নামকরণং গূঢ়ো রহসি বালয়োঃ ॥১১

গর্গ উবাচ।

অয়ং হি রোহিণীপুত্রো রময়ন্ সুহৃদো গুণৈঃ।
আখ্যাস্যতে রাম ইতি বলাধিক্যাদ্ বলং বিদুঃ।
যদূনামপৃথগ্‌ভাবাৎ সংকর্ষণমুশন্ত্যত ॥১২

শ্রীশুকঃ উবাচ। এবং সংপ্রার্থিতঃ বিপ্রঃ গর্গঃ গূঢ়ঃ সন্ স্বচিকীর্ষিতং স্বস্য অভিপ্রেতম্ এব তৎ নামকরণং বালয়োঃ রহসি নির্জ্জনে চকার ॥১১

গর্গঃ উবাচ। অয়ং রোহিণীপুত্রঃ গুণৈঃ বৈ সুহৃদঃ রময়ন্ আনন্দয়ন্ রামঃ ইতি আখ্যাস্যতে, বলাধিক্যাৎ বলম্ ইতি লোকাঃ বিদুঃ। যদূনাং ভবদাদীনাং চ অপৃথগ্‌ভাবাৎ নির্ব্বিশেষপিতৃত্বাদিভাবাৎ (উভয়কুলস্যাপি আত্মনি আকর্ষণাৎ) সঙ্কর্ষণম্ অপি উশন্তি মন্যন্তে ॥১২

শুকদেব কহিলেন—মহারাজ! গর্গাচার্য্য নিজেই এই কার্য্য করিতে আগমন করিয়াছিলেন, এক্ষণে নন্দ মহারাজ কর্ত্তৃক প্রার্থিত হইয়া শ্রীরামকৃষ্ণের সেই নামকরণাদি সংস্কার নির্জনে সম্পাদন করিলেন।১১

গর্গ কহিলেন—এই রোহিণীনন্দন নিজগুণে সমস্ত বন্ধুবর্গকে আনন্দিত করিবে বলিয়া "রাম" এই নামে বিখ্যাত হইবে এবং অতিশয় বলশালী বলিয়া লোকে ইহাকে বল বলিয়া জানিবে। আবার কোন কারণে যাদবগণের মধ্যে বিবাদ হইলে ইনি তাঁহাদিগকে পরস্পর শিক্ষা দ্বারা সকলের ঐক্যমত সম্পাদনহেতু সঙ্কর্ষণ নামেও অভিহিত হইবেন।১২

যুগে যুগে লীলাতনুধারী শ্রীভগবান্ পূর্ব্বে শুক্ল,

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ।
শুক্লোরক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥১৩

প্রাগয়ং বসুদেবস্য ক্বচিজ্জাতস্তবাত্মজঃ।
বাসুদেব ইতি শ্রীমানভিজ্ঞাঃ সম্প্রচক্ষতে ॥১৪

বহূনি সন্তি নামানি রূপাণি চ সুতস্য তে।
গুণকর্ম্মানুরূপাণি তান্যহং বেদ নো জনাঃ ॥১৫

কিঞ্চ, অনুযুগং তনূঃ গৃহ্নতঃ অস্য হি পুত্রস্য শুক্লঃ রক্তঃ তথা পীতঃ ইতি ত্রয়ঃ বর্ণাঃ আসন্; ইদানীং কৃষ্ণতাং গতঃ; অতঃ কৃষ্ণঃ ইতি নাম স্যাৎ ॥১৩

তব অয়ম্ আত্মজঃ প্রাক্ কচিৎ অন্যত্র বসুদেবস্য জাতঃ; অতঃ শ্রীমান্ বাসুদেব ইতি অভিজ্ঞাঃ জনাঃ ইমং সংপ্রচক্ষতে বদন্তি ॥১৪

তে তব সুতস্য গুণকর্ম্মানুরূপাণি বহূনি নামানি রূপাণি চ সন্তি; তানি অহং বেদ, জনাঃ নো ন বিদুঃ ॥১৫

রক্ত এবং পীত এই বর্ণত্রয় ধারণ করিয়াছিলেন, সম্প্রতি কৃষ্ণবর্ণ স্বীকার করিয়াছেন, অতএব ইহার নাম কৃষ্ণ। অর্থাৎ সম্প্রতি এই সমস্ত রূপ কৃষ্ণেতে একত্রিত হইয়া শ্রীকৃষ্ণ পূর্ণরূপে আবির্ভূত হইয়াছেন।১৩

মহারাজ! আপনার এই শ্রীমান্ পুত্র কোন এক সময়ে বসুদেবের পুত্ররূপে জন্মগ্রহণ করিয়াছিলেন; এই জন্য অভিজ্ঞ ব্যক্তিরা বাসুদেব নামে অভিহিত করিয়া থাকেন।১৪

আপনার এই পুত্রের গুণ ও কর্ম্মানুরূপ বহুবিধ নাম এবং রূপ বিদ্যমান আছে, সে সকল আমি জানি, অন্য লোকে জানে না।১৫

এষ বঃ শ্রেয় আধাস্যদ্ গোপগোকুলনন্দনঃ।
অনেন সর্বদুর্গাণি যূয়মঞ্জস্তরিষ্যথ ॥১৬
পুরানেন ব্রজপতে সাধবো দস্যুপীড়িতাঃ।
অরাজকে রক্ষ্যমাণা জিগ্যুর্দস্যূন্ সমেধিতাঃ ॥১৭
য এতস্মিন্ মহাভাগাঃ প্রীতিং কুর্ব্বন্তি মানবাঃ।
নারয়োঽভিভবন্ত্যেতান্ বিষ্ণুপক্ষানিবাসুরাঃ ॥১৮
তস্মান্নন্দাত্মজোঽয়ং তে নারায়ণসমো গুণৈঃ।
শ্রিয়া কীর্ত্ত্যানুভাবেন গোপায়স্ব সমাহিতঃ ॥১৯

গোপগোকুলনন্দনঃ সর্ব্বেষাম্ আনন্দদায়কঃ এষঃ কৃষ্ণঃ বঃ যুষ্মাকং শ্রেয়ঃ মঙ্গলম্ আধাস্যৎ বিধাস্যতি। অনেন কৃষ্ণেন যূয়ং সর্ব্বদুর্গাণি অঞ্জঃ অনায়াসেন তরিষ্যথ ॥ ১৬

হে ব্রজপতে! পুরা জন্মান্তরে অরাজকে ইন্দ্রস্য পদচ্যুতৌ সত্যাং দস্যুপীড়িতাঃ দৈত্যবিদলিতাঃ সাধবঃ দেবাঃ অনেন রক্ষ্যমাণাঃ সমেধিতাঃ সন্তঃ দস্যূন্ জিগ্যুঃ পরাজিতবন্তঃ ॥১৭

যে মানবাঃ এতস্মিন্ মহাভাগে পরমপুণ্যবতি কৃষ্ণে প্রীতিং কুর্ব্বন্তি, অসুরাঃ বিষ্ণুপক্ষান্ ইব এতান্ কৃষ্ণপ্রীতান্ অরয়ঃ (বাহ্যাঃ প্রতিপক্ষজনাঃ, অন্তরাঃ কামাদয়ঃ চ) ন অভিভবন্তি ॥১৮

তস্মাৎ হে নন্দ! তে তব আত্মজঃ শ্রিয়া সম্পত্ত্যা, কীর্ত্ত্যা সংখ্যাত্যা, অনুভাবেন প্রতাপেন, গুণৈঃ নারায়ণ-সমঃ; (অতঃ ত্বং) সমাহিতঃ সন্ তং গোপায়স্ব প্রতিপালয় ॥১৯

গোপ, গোপী ও গোকুলের আনন্দদায়ক এই বালক শ্রীকৃষ্ণ আপনাদিগের মঙ্গল বিধান করিবেন, ইহার প্রভাবে আপনারা সমুদয় বিপদ হইতে উদ্ধার লাভ করিবেন।১৬

হে ব্রজপতে! পূর্ব্বে অরাজক সময়ে অর্থাৎ দৈত্য কর্ত্তৃক ইন্দ্র পরাজিত হইয়া রাজ্যচ্যুত হইলে দেবগণ প্রবল পরাক্রান্ত অসুর কর্ত্তৃক পীড়িত হওয়ায় ইনিই দেবগণকে পরাস্ত করেন।১৭

অসুরসকল যেমন বিষ্ণুপক্ষীয় কাহাকেও পরাজয় করিতে পারে না, সেইরূপে যে সকল মানব আপনার এই মহাভাগ্য পুত্রে প্রীতি করেন, তাহাদিগের প্রতি বাহিরের শত্রুগণ এবং অন্তরের কাম-ক্রোধাদি রিপুগণ কখনই অন্যায় আচরণ করিতে পারিবে না।১৮

হে নন্দ! তোমার এই পুত্র ভক্তবাৎসল্যাদি গুণে ঐশ্বর্য্যে কীর্ত্তিতেও পরাক্রমে নারায়ণের সমান; তুমি সাবধানে এই বালককে রক্ষা করিবে।১৯

ইত্যাত্মানং সমাদিশ্য গর্গে চ স্বগৃহং গতে।
নন্দঃ প্রমুদিতো মেনে আত্মানং পূর্ণমাশিষাম্ ॥২০
কালেন ব্রজতাল্পেন গোকুলে রাম-কেশবৌ।
জানুভ্যাং সহ পাণিভ্যাং রিঙ্গমাণৌ বিজহ্রতুঃ ॥২১
তাবঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য সরীসৃপন্তৌ
ঘোষপ্রঘোষরুচিরং ব্রজকর্দমেষু।
তন্নাদহৃষ্টমনসাবনুসৃত্য লোকং
মুগ্ধপ্রভীতবদুপেয়তুরন্তি মাত্রোঃ ॥২২

ইতি আত্মানং নন্দং সমাদিশ্য গর্গে স্বগৃহং গতে সতি নন্দঃ প্রমুদিতঃ সন্ আশিষাং পূর্ণম্ আত্মানং মেনে ॥২০

হে তাত বৎস! কালেন ব্রজতা গচ্ছতা, কালেন গোকুলে রামকেশবৌ জানুভ্যাং পাণিভ্যাং চ সহ রিঙ্গমাণৌ বিজহ্রতুঃ ॥২১

অঙ্ঘ্রিযুগ্মম্ অনুকৃষ্য দ্রুতাকর্ষণেন ব্রজকর্দ্দমেষু সরীসৃপন্তৌ চলন্তৌ, ঘোষপ্রঘোষরুচিরং কটিপাদ-ভূষণ-শব্দেন রুচিরং যথা স্যাৎ তথা, তন্নাদহৃষ্টমনসৌ তৌ রামকৃষ্ণৌ লোকম্ (মাত্রাদিস্বজনবোধেন) অনুসৃত্য অনুগম্য, মুগ্ধপ্রভীতবৎ মাত্রোঃ অন্তি নিকটম্ উপেয়তুঃ প্রাপতুঃ ॥২২

এই প্রকারে নন্দমহারাজকে আদেশ করিয়া গর্গাচার্য্য নিজ গৃহ মথুরায় গমন করিলেন, নন্দ পরমপ্রীত হইয়া নিজেকে সফলমনোরথ মনে করিতে লাগিলেন।২০

হে তাত! এই রূপে কিছুকাল গত হইলে ব্রজমধ্যে রাম-কৃষ্ণ জানু ও বাহুদ্বয় দ্বারা চলিতে আরম্ভ করিলেন।২১

কটিভূষণ ও পাদভূষণসকলের শব্দ দ্বারা মধুর-ভাবে পাদযুগল আকর্ষণ করিতে করিতে সর্পের ন্যায় গমনকারী এবং রাম-কৃষ্ণ পূর্ব্বোক্ত শব্দ দ্বারা হৃতচিত্ত চতুর্দিকে বিচরণশীল ব্রজবাসীদিগের পশ্চাৎ

তন্মাতরৌ নিজসুতৌ ঘৃণয়া স্নুবন্ত্যৌ
পঙ্কাঙ্গরাগরুচিরাবুপগুহ্য দোর্ভ্যাম্।
দত্ত্বা স্তনং প্রপিবতোঃ স্ম মুখং নিরীক্ষ্য
মুগ্ধস্মিতাল্পদশনং যযতুঃ প্রমোদম্ ॥২৩

যর্হ্যঙ্গনাদর্শনীয়কুমারলীলা-
বন্তর্ব্রজে তদবলাঃ প্রগৃহীতপুচ্ছৈঃ।
বৎসৈরিতস্তত উভাবনুকৃষ্যমাণৌ
প্রেক্ষন্ত্য উজ্‌ঝিতগৃহা জহৃষুর্হসন্ত্যঃ ॥২৪

ঘৃণয়া পুত্রবাৎসল্যোত্থকৃপয়া স্নুবন্তৌ দুগ্ধস্রাবিস্তনে সত্যৌ তন্মাতরৌ যশোদারোহিণ্যৌ পঙ্কাঙ্গরাগরুচিরৌ কর্দ্দমশোভিতৌ নিজসুতৌ দোর্ভ্যাং হস্তাভ্যাম্ উপগুহ্য গৃহীত্বা স্তনং দত্ত্বা প্রপিবতোঃ তনয়োঃ মুগ্ধস্মিতাল্পদশনং সুন্দর-হাস্যবিশিষ্টাল্প-দশনং মুখং নিরীক্ষ্য প্রমোদং হর্ষং যযতুঃ প্রাপতুঃ ॥২৩

যর্হি যদা অন্তর্ব্রজে ব্রজমধ্যে প্রগৃহীত-পুচ্ছৈঃ বৎসৈঃ ইতস্ততঃ আকৃষ্যমাণৌ অঙ্গনাদর্শনীয়-কুমার-লীলৌ উভৌ রামকৃষ্ণৌ প্রেক্ষন্ত্যঃ দৃষ্টবত্যঃ অতএব উজ্ঝিত-গৃহা গৃহকর্ম্ম-নিবৃত্তাঃ হসন্ত্যঃ অবলাঃ গোপ্যঃ জহৃষুঃ হৃষ্টাঃ আসন্ ॥২৪

গমন পূর্ব্বক অজ্ঞের ন্যায় অত্যন্ত ভীত হইয়া শীঘ্র জননীদ্বয়ের সমীপে প্রত্যাবর্ত্তন করিতেন।২২

স্নেহবশতঃ ক্ষরিতস্তনা জননীদ্বয় পঙ্করূপ অঙ্গরাগে সুন্দরদেহ নিজ পুত্র দুই-টিকে বাহুদ্বয় দ্বারা আলিঙ্গন ও স্তনদান করিয়া স্তনপাননিরত সেই বালকদ্বয়ের মনোহর-মন্দ হাস্যযুক্ত ও সূক্ষ্ম-দশনান্বিত মুখ অবলোকন পূর্ব্বক আনন্দ লাভ করিতেন।২৩

যখন কৃষ্ণ ও বলরাম অঙ্গনাগণের দর্শনীয় কৌমার-ক্রীড়াপরায়ণ হইলেন, তখন ব্রজমধ্যে ব্রজাঙ্গনাগণ ধৃতপুচ্ছ বৎসগণ কর্ত্তৃক ইতস্ততঃ অনুকৃষ্যমাণ ঐ বালকদ্বয়কে দর্শন করিয়া হাস্য করিতে করিতে গৃহাদি বিস্মৃত হইয়া সাতিশয়

শৃঙ্গ্যগ্নিদংষ্ট্র্যসিজলদ্বিজকণ্টকেভ্যঃ
ক্রীড়াপরাবতিচলৌ স্বসুতৌ নিষেদ্ধুম্।
গৃহ্যাণি কর্ত্তুমপি যত্র ন তজ্জনন্যৌ
শেকাত আপতুরলং মনসোঽনবস্থাম্ ॥২৫

কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে।
অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরঞ্জসা ॥২৬

ততস্তু ভগবান্ কৃষ্ণো বয়স্যৈর্ব্রজবালকৈঃ।
সহরামো ব্রজস্ত্রীণাং চিক্রীড়ে জনয়ন্ মুদম্ ॥২৭

ক্রীড়াপরৌ অতিচলৌ চপলৌ স্বসুতৌ শৃঙ্গ্যগ্নিদংষ্ট্র্য-সিজলদ্বিজকণ্টকেভ্যঃ নিষেদ্ধুং বারয়িতুং যত্র যদা তজ্জনন্যৌ গৃহ্যাণি গৃহোচিতানি কর্ম্মাণি অপি কর্ত্তুং ন শেকাতে (তদা জনন্যৌ) মনসঃ অলম্ অত্যন্তম্ অনবস্থাং দৌঃস্থ্যম্ আপতুঃ ॥২৫

হে রাজর্ষে! অল্পেন কালেন রামঃ কৃষ্ণঃ চ গোব্রজে অঘৃষ্টজানুভিঃ জানুঘর্ষণং বিনা পদ্ভিঃ এব ওজসা বেগেন বিক্রমতুঃ বিজহ্রতুঃ ॥২৬

ততঃ সহরামঃ ভগবান্ কৃষ্ণঃ বয়স্যৈঃ ব্রজবালকৈঃ সহ

আনন্দ অনুভব করিতেন।২৪

যখন মাতা যশোদা ও রোহিণী ক্রীড়ারত অতি চপল নিজ বালকদ্বয়কে গবাদি শৃঙ্গী, অগ্নি, বানরাদি-দংষ্ট্রী, সর্প, জল, পক্ষী ও কণ্টকাদি হইতে রক্ষা এবং গৃহকর্ম্ম—এক কালে এই উভয় সম্পাদন করিতে সমর্থ হইতেন না, তখন তাঁহা-দিগের অন্তঃকরণ অতিশয় অসুস্থ হইত।২৫

হে রাজর্ষে! অল্পকাল মধ্যেই রাম-কৃষ্ণ ব্রজপুরে জানু-ঘর্ষণ না করিয়া বলপূর্ব্বক সর্ব্বত্র পদদ্বারা বিচরণ করিতে লাগিলেন।২৬

তাহার পর ভগবান্ সমবয়স্ক ব্রজবালকদিগের সহিত ও বলরামের সহিত ক্রীড়া করিয়া ব্রজ-মহিলাগণের আনন্দ বর্দ্ধন করিতে লাগিলেন।২৭

কৃষ্ণস্য গোপ্যো রুচিরং বীক্ষ্য কৌমারচাপলম্।
শৃণ্বত্যাঃ কিল তন্মাতুরিতি হোচুঃ সমাগতাঃ ॥২৮

বৎসান্ মুঞ্চন্ ক্বচিদসময়ে ক্রোশসংজাতহাসঃ
স্তেয়ং স্বাদ্বত্ত্যথ দধিপয়ঃ কল্পিতৈঃ স্তেয়যোগৈঃ।
মর্কান্ ভোক্ষ্যান্ বিভজতি স চেন্নাত্তি ভাণ্ডং ভিনত্তি।
দ্রব্যালাভে স গৃহকুপিতো যাত্যুপক্রোশ্য তোকান্॥২৯

হস্তাগ্রাহ্যে রচয়তি বিধিং পীঠকোলূখলাদ্যৈ-
শ্ছিদ্রং হ্যন্তর্নিহিতবয়ুনঃ শিক্যভাণ্ডেষু তদ্বিৎ।
ধ্বান্তাগারে ধৃতমণিগণং স্বাঙ্গমর্থপ্রদীপং
কালে গোপ্যো যর্হি গৃহকৃত্যেষু সুব্যগ্রচিত্তাঃ ॥৩০

ব্রজস্ত্রীণাং মুদং হর্ষং জনয়ন্ চিক্রীড়ে ॥২৭

কৃষ্ণস্য রুচিরং মনোহরং কৌমারচাপলং বাল্যচাঞ্চল্যং বীক্ষ্য শৃণ্বত্যাঃ শৃণ্বন্ত্যাঃ তন্মাতুঃ (সমীপে গোপ্যঃ) সমাগতাঃ সত্যঃ কিল ইতি হ ঊচুঃ ॥২৮

(অয়ং কৃষ্ণঃ ক্বচিৎ) কুত্রচিৎ অসময়ে অদোহনকালে বৎসান্ মুঞ্চন্ ক্রোশসংজাতহাসঃ ভবতি (আক্রোশং দর্শয়িত্বা হসতি); গোপীনাং ক্রোশে সতি উচ্চৈঃ হসতি, কল্পিতৈঃ স্তেয়যোগৈঃ চৌর্য্যোপায়ৈঃ স্তেয়ং চৌর্য্যার্জ্জিতং স্বাদু দধিপয়ঃ অত্তি খাদতি; ভোক্ষ্যান্ মর্কান্ মর্কটান্ বিভজতি; (তত্র কোঽপি বানরঃ) ন অত্তি চেৎ, ভাণ্ডং ভিনত্তি, দ্রব্যালাভে গৃহকুপিতঃ সন্ তোকান্ বালান্ উপক্রোশ্য রোদয়িত্বা সঃ যাতি পলায়তে ॥২৯

অথ যর্হি কালে গোপ্যঃ গৃহকৃত্যেষু ব্যগ্রচিত্তাঃ ভবন্তি, তদা অন্তর্নিহিতবয়ুনঃ (অন্তরেব নিহিতং সংবৃত্তং ধৃতং বয়ুনং জ্ঞানং সর্ব্ববুদ্ধির্যেন সঃ শ্রীকৃষ্ণঃ) ধ্বান্তাগারে অন্ধকারাচ্ছন্ন-গৃহেঽপি ধৃতমণিগণং মণিশোভয়া উজ্জ্বলং স্বাঙ্গং স্বীয়ং শ্যামকলেবরম্ অর্থপ্রদীপং (চৌর্য্যসাধনে পরিকল্প্য গৃহং প্রবিশতি, তথা তত্র) হস্তাগ্রাহ্যে সতি পীঠকোলূখলাদ্যৈঃ বিধিং গ্রহণোপায়ং প্রকল্প্য তদ্বিৎ সর্ব্বজ্ঞঃ সঃ শিক্যভাণ্ডেষু উচ্চস্থপাত্রেষু (দ্রব্যলাভায়) ছিদ্রং রচয়তি ॥৩০

গোপীগণ কৃষ্ণের মনোহর বালকচাপল্য দর্শন করিয়া নন্দগৃহে আগমন পূর্ব্বক মাতা যশোদাকে শুনাইয়া স্পষ্টাক্ষরে এই সকল কথা বলিতে লাগিলেন।২৮

যশোদে! আমরা কার্য্যান্তরে ব্যাপৃত হইলে, তোমার এই পুত্র, গোদোহনের সময় না হইতেই গোবৎস সকল ছাড়িয়া দেয়, তাহাতে কেহ ক্রোধ করিলে হাস্য করিতে থাকে, আবার নানাবিধ চৌর্য্যোপায় রচনা করিয়া গৃহস্থিত দধি, নবনীত চুরি করিয়া ভক্ষণ করে; স্বয়ং ভক্ষণ করিয়া ক্ষান্ত হয় না, ভক্ষণ করিতে করিতে বানরদিগকে বিভাগ করিয়া দেয়; যদি কোন বানর উহা ভক্ষণ না করে, তাহা হইলে দ্রব্য খারাপ হইয়াছে বলিয়া ভাণ্ডসকল ভাঙ্গিয়া ফেলে। গৃহে প্রবেশ করিয়া কোন দ্রব্য না পাইলে ক্রুদ্ধ হইয়া গৃহস্থিত নিদ্রিত বালকদিগকে নখাঘাতাদির দ্বারা কাঁদাইয়া পলায়ন করে।২৯

যে সময় গোপীগণ গৃহকর্ম্মে অতিশয় ব্যস্ত থাকে, সেই সময়ে তোমার পুত্র দধ্যাদি যদি হস্ত দ্বারা গ্রহণ করিতে না পারে, তবে পীঠ ও উদূখল প্রভৃতির সাহায্যে ঐ সকল পাড়িয়া লইবার উপায় রচনা করিয়া লয়, আবার আমরা যদি শিকাস্থ কোন ভাণ্ডের মধ্যে দধ্যাদি কোন দ্রব্য লুকাইয়া রাখি, তোমার পুত্র সেই গোপনীয় বস্তুতত্ত্ববিৎ সর্ব্বজ্ঞ এই কৃষ্ণ তাহাও জানিতে পারে এবং জানিয়া ঐ ভাণ্ডে ছিদ্র করিয়া দেয়। অন্ধকারময় গৃহেও মণিময় অলঙ্কারে অলঙ্কৃত তদীয় অঙ্গ গোপনে রক্ষিত দধ্যাদি দ্রব্যের প্রকাশক প্রদীপের কার্য্য করিয়া থাকে।৩০

এবং ধার্ষ্ট্যান্যুশতি কুরুতে মেহনাদীনি বাস্তৌ
স্তেয়োপায়ৈর্বিরচিতকৃতিঃ সুপ্রতীকো যথাঽস্তে।
ইত্থং স্ত্রীভিঃ সভয়নয়নশ্রীমুখালোকিনীভি-
র্ব্যাখ্যাতার্থা প্রহসিতমুখী ন হ্যুপালব্ধুমৈচ্ছৎ ॥৩১
একদা ক্রীড়মানাস্তে রামাদ্যা গোপদারকাঃ।
কৃষ্ণো মৃদং ভক্ষিতবানিতি মাত্রে ন্যবেদয়ন্ ॥৩২

উশতি হে কমনীয়ে যশোদে! এবং (প্রকারেণ) ধার্ষ্ট্যানি প্রাগলভ্যাদীনি তথা বাস্তৌ স্বচ্ছিত্তে গৃহে মেহনাদীনি পুরীষোৎসর্গাদীনি কুরুতে। স্তেয়োপায়ৈঃ বিরচিতকৃতিঃ বিবিধকর্ম্মকারী কৃষ্ণঃ ত্বৎসমীপে যথা সুপ্রতীকঃ সাধুঃ ইব আস্তে। সভয়নয়নশ্রীমুখালোকিনীভিঃ স্ত্রীভিঃ ইত্থং ব্যাখ্যাতার্থা যশোদা প্রহসিতমুখী সতী (বালকং) উপালব্ধুম্ আক্ষেপ্তুং ন ॥৩১

অথ একদা ক্রীড়মানাঃ তে রামাদ্যাঃ গোপবালকাঃ কৃষ্ণঃ মৃদং ভক্ষিতবান্ ইতি মাত্রে যশোদায়ৈ ন্যবেদয়ন্ অকথয়ন্ ॥৩২

হে চারুশীলে শোভনে যশোদে! তোমার পুত্র এইরূপ চৌর্য্যোপায় দ্বারা স্বকার্য্য নিষ্পাদন পূর্ব্বক আবার ধৃষ্টতা করিয়া থাকে যে আমাদিগের পরিষ্কৃত গৃহমধ্যে মলমূত্র পরিত্যাগ করে; সম্প্রতি তোমার নিকট ঐ চঞ্চল কৃষ্ণ সাধুর ন্যায় বসিয়া আছে। গোপীগণ শ্রীকৃষ্ণের সভয় নয়নযুগল ও বদন দর্শন করিতে করিতে এইরূপ তাহার দুষ্কর্ম্ম সকল ব্যাখ্যা করিলেও মাতা যশোদা কিন্তু নিজ পুত্রকে ভর্ৎসনা করিতে ইচ্ছা করিলেন না, পরন্তু তাঁহার ভয় নিবারণের জন্য হাস্যমুখী হইলেন।৩১

অনন্তর একদিন কৃষ্ণের সহিত ক্রীড়া-পরায়ণ বলরাম প্রভৃতি গোপবালকগণ যশোদাকে বলিল, মা! কৃষ্ণ মৃত্তিকা ভক্ষণ করিয়াছে।৩২

সা গৃহীত্বা করে কৃষ্ণমুপালভ্য হিতৈষিণী।
যশোদা ভয়সম্ভ্রান্তপ্রেক্ষণাক্ষমভাষত ॥৩৩
কস্মান্মৃদমদান্তাত্মন্ ভবান্ ভক্ষিতবান্ রহঃ।
বদন্তি তাবকা হ্যেতে কুমারাস্তেঽগ্রজোঽপ্যয়ম্ ॥৩৪
শ্রীকৃষ্ণ উবাচ।
নাহং ভক্ষিতবানম্ব সর্বে মিথ্যাভিশংসিনঃ।
যদি সত্যগিরস্তর্হি সমক্ষং পশ্য মে মুখম্ ॥৩৫

সা হিতৈষিণী যশোদা করে গৃহীত্বা উপালভ্য (নির্ভর্ৎস্য) ভয়সম্ভ্রান্তপ্রেক্ষণাক্ষং ভয়ব্যাকুলনয়নং পুত্রম্ অভাষত উবাচ ॥৩৩

রে অদান্তাত্মন্ অনবস্থিতচিত্ত! কস্মাৎ ভবান্ রহঃ একান্তে মৃদং ভক্ষিতবান্; এতে তাবকাঃ ত্বৎপক্ষীয়াঃ কুমারাঃ বদন্তি, তথা তে অয়ম্ অগ্রজঃ অপি তথা বদতি ॥৩৪

ততঃ কৃষ্ণঃ আহ,—হে অম্ব মাতঃ! মৃদং নাহং ভক্ষিতবান্; তে সর্ব্বে মিথ্যাভিশংসিনঃ; যদি তে সত্যগিরঃ, তর্হি মে মুখং সমক্ষং প্রত্যক্ষং পশ্য অবলোকয় ॥৩৫

তখন হিতৈষিণী মাতা যশোদা পুত্রের হস্ত ধারণ পূর্ব্বক তাঁহাকে ভর্ৎসনা করিতে লাগিলেন এবং তজ্জন্য ভয়-চকিত-নয়ন দর্শন করিয়া বলিতে লাগিলেন।৩৩

যশোদা কহিলেন, রে চঞ্চলচিত্ত! কি জন্য নির্জ্জনে বসিয়া মৃত্তিকা ভক্ষণ করিলে? এ কথা মিথ্যা নয়, কারণ এই তোমার পক্ষীয় ব্রজবালকগণ এবং তোমার অগ্রজ রাম বলিতেছে।৩৪

কৃষ্ণ কহিলেন—হে মাতঃ! আমি মৃত্তিকা ভক্ষণ করি নাই; ইহারা সকলেই মিথ্যা বলিতেছে; ইহাদিগকে যদি সত্যবাদী বলিয়া মনে হয়, তবে তুমি স্বয়ং আমার মুখ দেখ।৩৫

যদ্যেবং তর্হি ব্যাদেহীত্যুক্তঃ স ভগবান্ হরিঃ।
ব্যাদত্তাব্যাহতৈশ্বর্য্যঃ ক্রীড়ামনুজবালকঃ ॥৩৬
সা তত্র দদৃশে বিশ্বং জগৎ স্থাস্নু চ খং দিশঃ।
সাদ্রিদ্বীপাব্ধিভূগোলং সবায়্বগ্নীন্দুতারকম্ ॥৩৭
জ্যোতিশ্চক্রং জলং তেজো নভস্বান্ বিয়দেব চ।
বৈকারিকাণীন্দ্রিয়াণি মনো মাত্রা গুণাস্ত্রয়ঃ ॥৩৮
এতদ্ বিচিত্রং সহ জীবকাল-
স্বভাবকর্ম্মাশয়লিঙ্গভেদম্।
সূনোস্তনৌ বীক্ষ্য বিদারিতাস্যে
ব্রজং সহাত্মানমবাপ শঙ্কাম্ ॥৩৯

এবং চেৎ যদি তর্হি (মুখং) ব্যাদেহি প্রসারয় (ইতি মাত্রা) উক্তঃ, সঃ অব্যাহতৈশ্বর্য্যঃ সর্ব্বৈশ্বর্য্যপূর্ণঃ ক্রীড়ামনুজবালকঃ লীলয়ৈব মানবকরূপধারী ভগবান্ হরিঃ (মুখং) ব্যাদত্ত প্রসারিতবান্ ॥৩৬

ততঃ সা তত্র মুখে জগৎ জঙ্গমং, স্থাস্নু স্থাবরং, খম্ অন্তরীক্ষলোকং, দিশঃ সাদ্রিদ্বীপাব্ধিভূগোলং সবায়্বগ্নীন্দুতারকং বিশ্বং দদৃশে ॥৩৭

তথা জ্যোতিশ্চক্রং, জলং, তেজঃ, নভস্বান্ নভস্বন্তং বিয়ৎ এব চ বৈকারিকাণি দেবান্, ইন্দ্রিয়াণি মনঃ মাত্রাঃ তামসাঃ শব্দাদয়ঃ, ত্রয়ঃ গুণাঃ সত্ত্বাদীন্ ত্রীন্ (অপি দদর্শ) ॥৩৮

(অপি চ) জীবকাল-স্বভাবকর্ম্মাশয়-লিঙ্গভেদং বিচিত্রম্ এতৎ বিশ্বং সহাত্মানং স্বসহিতং ব্রজং চ বিদারিতাস্যে

মাতা যশোদা বলিলেন,—যদি মৃত্তিকা ভক্ষণ না করিয়া থাক, তবে মুখব্যাদান কর। মাতা এই কথা বলিলে সর্ব্বৈশ্বর্য্য-পরিপূর্ণ লীলাময় নরবপুধারী ভগবান্ শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ বদন প্রসারণ করিলেন।৩৬

মাতা যশোদা সেই প্রসারিত মুখমধ্যে স্থাবর, জঙ্গম, অন্তরীক্ষ, দিক্ সকল, পর্ব্বত, দ্বীপ, সমুদ্র সহিত ভূলোক, প্রবহাদি বায়ু, অগ্নি, চন্দ্র, তারা সহিতও জ্যোতিশ্চক্র, স্বর্লোক, আকাশ, জল তেজ বায়ু, ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবতা ইন্দ্রিয়, মন, শব্দাদি বিষয় সকল, সত্ত্বাদি গুণত্রয় ইত্যাদি সমগ্র বিশ্ব দর্শন করিলেন।৩৭-৩৮

কিং স্বপ্ন এতদুত দেবমায়া
কিং বা মদীয়ো বত বুদ্ধিমোহঃ।
অথো অমুষ্যৈব মমার্ভকস্য
যঃ কশ্চনৌৎপত্তিক আত্মযোগঃ ॥৪০

অথো যথাবন্ন বিতর্কগোচরং
চেতোমনঃ-কর্ম্মবচোভিরঞ্জসা।
যদাশ্রয়ং যেন যতঃ প্রতীয়তে
সুদুর্বিভাব্যং প্রণতাস্মি তৎপদম্ ॥৪১

সূনোঃ পুত্রস্য তনৌ সহ একদা এব বীক্ষ্য শঙ্কাম্ অবাপ বিবিধাম্ আশঙ্কাম্ অকরোৎ ॥৩৯

(শঙ্কাম্ আহ) অহো এতৎ কিং স্বপ্নঃ উত বা দেবমায়া বত খেদে, কিংবা মদীয়ঃ বুদ্ধিমোহঃ, অথবা অমুষ্য মম অর্ভকস্য বালস্য কশ্চনঃ যঃ উৎপত্তিকঃ স্বাভাবিকঃ আত্মযোগঃ ঐশ্বর্য্যম্ এব ॥৪০

অথ চেতোমনঃ-কর্ম্মবচোভিঃ ন বিতর্কগোচরং সন্দেহাস্পদং, (অপিতু) যথাবৎ (যাথার্থ্যেন প্রতীতং জগৎ) যেন কর্ত্রা যতঃ হেতোঃ যদাশ্রয়ং যস্মিন্ আশ্রিতম্ অঞ্জসা প্রতীয়তে সাক্ষাৎ অনুভূয়তে, সুদুর্বিভাব্যং পরমাচিন্ত্যস্বরূপং তৎপদং তস্য দেবস্য পদং প্রণতাস্মি প্রণমামি ॥৪১

এইরূপ পুত্রের বদন মধ্যে এককালেই যে স্থানে ভোক্তা জীব, গুণ, জাতককাল, পরিণাম-হেতু স্বভাব, জন্মহেতু কর্ম্ম ও কর্ম্মজন্য সংস্কার দ্বারা চরাচর শরীরসকলের ভেদ হইতেছে, সেই বিচিত্র বিশ্ব এবং তদ্দেহস্থ আপনার ও আত্মজ কৃষ্ণের সহিত সমস্ত ব্রজমণ্ডল যুগপৎ সন্দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইলেন।৩৯

এবং মনে মনে বিতর্ক করিতে লাগিলেন—"এ কি স্বপ্ন? না শ্রীভগবানের মায়া? না আমারই কোন বুদ্ধি বিপর্য্যয় অথবা আমার এই শিশু সন্তানের কোন স্বাভাবিক ঐশ্বর্য্য?"৪০

অহং মমাসৌ পতিরেষ মে সুতো
ব্রজেশ্বরস্যাখিলবিত্তপা সতী।
গোপ্যশ্চ গোপাঃ সহগোধনাশ্চ মে
যন্মায়য়েত্থং কুমতিঃ স মে গতিঃ ॥৪২

ইত্থং বিদিততত্ত্বায়াং গোপিকায়াং স ঈশ্বরঃ।
বৈষ্ণবীং ব্যতনোন্মায়াং পুত্রস্নেহময়ীং বিভুঃ ॥৪৩

অহো যন্মায়য়া (যশোদা) অহম্, অসৌ নন্দঃ মম পতিঃ, এষঃ কৃষ্ণঃ মম সুতঃ, ব্রজেশ্বরস্য অখিলবিত্তপা সমস্তবিত্তাধিষ্ঠাত্রী অহং সতী জায়া, যে মদীয়া গোপ্যঃ গোপাঃ সহ সর্ব্বে গোধনাঃ চ, ইত্থং কুমতিঃ আস, সঃ মে গতিঃ শরণং স্যাৎ ॥৪২

ইত্থম্ এবং বিদিততত্ত্বায়াং জ্ঞাততত্ত্বায়াং গোপিকায়াং সঃ বিভুঃ সর্ব্বজ্ঞঃ ঈশ্বরঃ কৃষ্ণঃ পুত্রস্নেহময়ীং বৈষ্ণবীং মায়াং ব্যতনোৎ বিস্তারয়ামাস ॥৪৩

অহো! যিনি চিত্ত, মন, কর্ম্ম ও বাক্য দ্বারা যথার্থভাবে অনায়াসে তর্কের বিষয়ীভূত হয়েন না, যিনি এই বিশ্বের আশ্রয়, যিনি ইন্দ্রিয়াদির অধিষ্ঠাতা এবং যে চেতন পুরুষ হইতে বিশ্ব প্রকাশিত হয়, আমি সেই নিরতিশয় দুর্জ্ঞেয় পরম পুরুষের চরণারবিন্দে প্রণাম করি ।৪১

আমি যশোদা, ঐ ব্রজেশ্বর নন্দের যাবতীয় সম্পত্তির অধিষ্ঠাত্রী সতী পত্নী, উনি আমার পতি, ইনি আমার পুত্র, এই গোপী গোপ ও গোধন সমস্তই আমার, এই সকল কুমতি যাহার মায়া হইতে হইয়াছে, সেই শ্রীভগবান্ই আমার শরণ হউন ।৪২

যশোদা এইরূপে তত্ত্ববিদিত হইলে, বিভু ঈশ্বর শ্রীকৃষ্ণ পুত্রস্নেহময়ী বৈষ্ণবী মায়া বিস্তার করিলেন ।৪৩

তৎক্ষণাৎ পূর্ব্বোক্ত পরমেশ্বরজ্ঞানরূপা স্মৃতি বিনষ্ট হইলে, গোপী যশোদা পুত্রকে ক্রোড়ে লইয়া

সদ্যোনষ্টস্মৃতির্গোপী সারোপ্যারোহমাত্মজম্।
প্রবৃদ্ধস্নেহকলিলহৃদয়াসীদ্ যথা পুরা ॥৪৪
ত্রয্যা চোপনিষদ্ভিশ্চ সাংখ্যযোগৈশ্চ সাত্বতৈঃ।
উপগীয়মানমাহাত্ম্যং হরিং সামন্যতাত্মজম্ ॥৪৫

রাজোবাচ।

নন্দঃ কিমকরোদ্ ব্রহ্মন্ শ্রেয় এবং মহোদয়ম্।
যশোদা চ মহাভাগা পপৌ যস্যাঃ স্তনং হরিঃ ॥৪৬

সদ্যঃ তৎক্ষণম্ এব নষ্টস্মৃতিঃ বিস্মৃততত্ত্বা সা গোপী যশোদা আত্মজং পুত্রম্ আরোহম্ অঙ্কম্ আরোপ্য পুরা যথা পূর্ব্ববং প্রবৃদ্ধস্নেহকলিলহৃদয়া প্রবলস্নেহব্যাপ্তান্তরা আসীৎ ॥৪৪

কিঞ্চ সা যশোদা ত্রয্যা বেদাদিভিঃ উপনিষদ্ভিঃ সাংখ্যযোগৈঃ সাত্বতৈঃ ভক্তৈঃ চ উপগীয়মানমাহাত্ম্যং স্তূয়মানং হরিং শ্রীকৃষ্ণম্ আত্মজং স্বগর্ভোৎপন্নম্ তনয়ম্ অমন্যত অমংসত ॥৪৫

হৃদয়মধ্যে স্থাপন পূর্ব্বক পুনর্বার পূর্ব্বের ন্যায় স্নেহে অচেতন হইলেন ।৪৪

অহো মায়ার কি অদ্ভুত শক্তি! বেদত্রয় অর্থাৎ সংহিতাভাগে ইন্দ্রাদিরূপে এবং উত্তর ভাগে জ্ঞানকাণ্ডে ব্রহ্মরূপে, সাংখ্যে পুরুষরূপে, যোগে পরমাত্মরূপে, নারদ-পঞ্চরাত্র প্রভৃতি ভক্তিযোগ-শাস্ত্রে ভগবদ্রূপে ও পাশুপতাদি শাস্ত্রে শিবাদিরূপে যাঁহার মহিমা কীর্ত্তন করিয়া থাকেন, মা যশোদা সেই পরমপুরুষ শ্রীহরিকে নিজ গর্ভজাত পুত্র বলিয়া মনে করিতে লাগিলেন ।৪৫

পরীক্ষিৎ কহিলেন—হে মুনে! গোপরাজ নন্দ মহাপুণ্যজনক এমন কি মঙ্গল কার্য্য করিলেন, যে কারণে শ্রীকৃষ্ণকে পুত্র রূপে প্রাপ্ত হইলেন? আর মহাভাগা যশোদাই বা এমন কি পুণ্য কার্য্য করিয়াছিলেন, যাহার পুণ্যবলে শ্রীহরি তাঁহার পুত্রত্ব স্বীকার পূর্ব্বক স্তন পান করিলেন ।৪৬

পিতরৌ নান্ববিন্দেতাং কৃষ্ণোদারার্ভকেহিতম্।
গায়ন্ত্যদ্যাপি কবয়ো যল্লোকশমলাপহম্ ॥৪৭

শ্রীশুক উবাচ।
দ্রোণো বসূনাং প্রবরো ধরয়া সহ ভার্য্যয়া।
করিষ্যমাণ আদেশান্ ব্রহ্মণস্তমুবাচ হ ॥৪৮

জাতয়োর্নৌ মহাদেবে ভুবি বিশ্বেশ্বরে হরৌ।
ভক্তিঃ স্যাৎ পরমা লোকে যয়াঞ্জো দুর্গতিং তরেৎ ॥৪৯

অস্ত্বিত্যুক্তঃ স ভগবান্ ব্রজে দ্রোণো মহাযশাঃ।
জজ্ঞে নন্দ ইতি খ্যাতো যশোদা সা ধরাভবৎ ॥৫০
ততো ভক্তির্ভগবতি পুত্রীভূতে জনার্দনে।
দম্পত্যোর্নিতরামাসীদ্ গোপগোপীষু ভারত ॥৫১
কৃষ্ণো ব্রহ্মণ আদেশং সত্যং কর্ত্তুং ব্রজে বিভুঃ।
সহরামো বসংশ্চক্রে তেষাং প্রীতিং স্বলীলয়া ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮

বিষ্ণুরাতঃ পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! নন্দঃ এব মহোদয়ং মহাফলদায়কং কিং শ্রেয়ঃ মঙ্গলম্ অকরোৎ, তথা মহাভাগা যশোদা বা কিং কৃতবতী? যস্যাঃ স্তনং হরিঃ পপৌ ॥৪৬

লোকশমলাপহং পাপনাশনং যৎ কৃষ্ণোদারার্ভকেহিতং কৃষ্ণস্য অপূর্ব্ববাল্যলীলাং কবয়ঃ অদ্যাপি গায়ন্তি তৎ পিতরৌ ন অন্ববিন্দেতাম্ এবং শ্রেয়ঃ তাভ্যাং কিং কৃতম্ ॥৪৭

শ্রীশুকঃ উবাচ। বসূনাং প্রবরঃ দ্রোণঃ নাম ধরয়া ভার্য্যয়া সহ ব্রহ্মণঃ আদেশান্ করিষ্যমাণঃ তং ব্রহ্মাণম্ উবাচ হ॥৪৮

যয়া লোকঃ অঞ্জঃ অনায়াসেন দুর্গতিং তরেৎ, ভুবি জাতয়োঃ নৌ আবয়োঃ সতোঃ মহাদেবে বিশ্বেশ্বরে হরৌ সা পরমা ভক্তিঃ স্যাৎ (ইতি অনুগৃহাণ) ॥৪৯

সঃ এব মহাযশাঃ দ্রোণঃ অস্তু ইতি (ব্রহ্মণা) উক্তঃ সন্ ইহ ব্রজে নন্দঃ ইতি খ্যাতঃ জজ্ঞে; সা ধরা চ যশোদা অভবৎ ॥৫০

ততঃ হে ভারত! ভগবতি জনার্দ্দনে তয়োঃ পুত্রীভূতে সতি গোপগোপীষু (মধ্যে) তয়োঃ দম্পত্যোঃ ভক্তিঃ আসীৎ ॥৫১

ব্রহ্মণঃ আদেশং বরং সত্যং কর্ত্তুং সহরামঃ বিভুঃ শ্রীকৃষ্ণঃ ব্রজে বসন্ স্বলীলয়া তেষাং প্রীতিং চক্রে ॥৫২

ইতি শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ।

শ্রোতৃবর্গের ও বক্তৃগণের নিখিল পাপ বিনাশক যে যে মহৎ শ্রীকৃষ্ণের বাল্যলীলা অদ্যাপি আত্মশুদ্ধির জন্য জ্ঞানীসকল কীর্ত্তন করিয়া থাকেন, এবং যাহা পিতা বসুদেব ও মাতা দেবকীও অনুভব করিতে পান নাই, সেই বাল্য চরিত্র যাঁহারা সদা দর্শন করিলেন, সেই গোপরাজ নন্দ এবং ব্রজেশ্বরী মাতা যশোদা কি পুণ্যজনক কার্য্য করিয়াছিলেন?৪৭

শুকদেব কহিলেন, হে রাজন্! বসুগণের মধ্যে প্রধান-বসু দ্রোণ ধরানাম্নী পত্নীর সহিত মিলিত হইয়া ব্রহ্মার আদেশ পালন করিবার ইচ্ছা করিয়া ব্রহ্মাকে কহিলেন।৪৮

হে ভগবন্! যাহার দ্বারা জীবসকল অনায়াসে ভবসমুদ্র হইতে উত্তীর্ণ হয়, এমন মনুষ্য-দেহধারী সর্ব্বেশ্বর শ্রীভগবান্ শ্রীহরির প্রতি আমাদের পরমা ভক্তি হউক, সেই প্রকার বর প্রদান করুন।৪৯

হে রাজন্! সেই জন্যই তাঁহাদিগের প্রার্থনানুসারে ব্রহ্মা "তাহাই হউক" এই বর প্রদান করিলে সেই দ্রোণ-নামক বসু পৃথিবীতে নন্দ নামে খ্যাত হইয়া ব্রজে জন্মগ্রহণ করিলেন, আর সেই ধরা যশোদা নামে জন্মগ্রহণ করিলেন।৫০

ব্রহ্মার বর সত্য করিবার নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণ বলরামের সহিত ব্রজে অবস্থান পূর্ব্বক নিজ নিজ বাল্যলীলা দ্বারা যশোদার প্রীতি-বর্দ্ধন করিয়াছিলেন।৫২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণস্যোলূখলে বন্ধনম্।]

শ্রীশুক উবাচ।

একদা গৃহদাসীষু যশোদা নন্দগেহিনী।
কর্ম্মান্তরনিযুক্তাসু নির্ম্মমন্থ স্বয়ং দধি ॥১

যানি যানীহ গীতানি তদ্‌বালচরিতানি চ।
দধিনির্ম্মন্থনে কালে স্মরন্তী তান্যগায়ত ॥২

অন্বয়ঃ

একদা গৃহদাসীষু কর্ম্মান্তরনিযুক্তাসু নৈমিত্তিকরূপে কর্ম্মান্তরে ব্যাপৃতাসু সতীষু নন্দগেহিনী যশোদা স্বয়ং দধি নির্ম্মমন্থ ॥১

(তথা যানি) যানি তদ্বালচরিতানি ইহ গীতানি দধি-নির্ম্মন্থন-কালে তানি স্মরন্তী সা অগায়ত ॥২

ক্ষৌমং বাসঃ পৃথুকটিতটে
বিভ্রতী সূত্রনদ্ধং
পুত্রস্নেহস্নুতকুচযুগং
জাতকম্পং চ সুভ্রূঃ।
রজ্জ্বাকর্ষশ্রমভুজচলৎ-
কঙ্কণৌ কুণ্ডলে চ।
স্বিন্নং বক্ত্রং কবরবিগল-
ন্মালতী নির্ম্মমন্থ ॥৩

অন্বয়ঃ

সুভ্রূঃ যশোদা পৃথুকটিতটে সুন্দরমধ্যাঙ্গে সূত্রনদ্ধং কাঞ্চীবদ্ধং ক্ষৌমং (অতসীতন্তুগুণং বাল্কলং সচিত্রং পীতং) বাসঃ বস্ত্রং, রজ্জ্বাকর্ষশ্রমভুজচলৎকঙ্কণৌ (কর্ণয়োঃ) চলন্তী কুণ্ডলে চ (অতএব দেহহেলনেন) জাতকম্পং পুত্রস্নেহস্নুতকুচযুগং তথা স্বিন্নং বক্ত্রং বিভ্রতী সা কবরবিগলন্মালতী সতী নির্ম্মমন্থ ॥৩

নবম অধ্যায়।

শ্রীশ্রীকৃষ্ণের উলূখলে বন্ধন।

(নবমাধ্যায়ে মা যশোদা শ্রীকৃষ্ণকে দুগ্ধপান করাইতে করাইতে ক্রোড়দেশ হইতে ভূমিতে অবতরণ করাইয়া চুল্লীস্থ দুগ্ধরক্ষার জন্য গমন করিলে শ্রীকৃষ্ণ ক্রুদ্ধ হইয়া দধিভাণ্ড ভগ্ন করেন, এবং মা যশোদা কৃষ্ণকে রজ্জু দ্বারা বন্ধন করেন, এই সকল বর্ণিত হইয়াছে।)

শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্! একদা গৃহদাসীগণ কর্ম্মান্তরে নিযুক্ত হইলে নন্দপত্নী যশোদা স্বয়ং দধি মন্থন করিতে লাগিলেন।১

দধি মন্থন করিতে করিতে তদীয় যে সকল বালচরিত্র পুরাণাদিতে গীতচ্ছন্দে নিবদ্ধ আছে, সেই সকল স্মরণ করিয়া গীত গাহিতে লাগিলেন।২

তৎকালে সুন্দরী যশোদার ভ্রূযুগল অতিশয় শোভমান হইয়াছিল ও বিশাল নিতম্বদেশে কাঞ্চী দ্বারা বদ্ধ অতীব সূক্ষ্ম বিচিত্র কৌষেয় বসন পরিধান করিয়াছিলেন। পুত্রস্নেহবশতঃ দুগ্ধক্ষরণকারী তদীয় স্তনযুগল কম্পিত হইতেছিল, মন্থনরজ্জুর আকর্ষণ-হেতু শ্রমে ভুজযুগলস্থিত কঙ্কণদ্বয় শব্দায়মান হইতেছিল এবং শ্রবণযুগলে কুণ্ডলদ্বয়ও দুলিতেছিল, বদনমণ্ডল ঘর্ম্মাক্ত হইয়াছিল, কেশবন্ধ হইতে মালতীর মালা স্খলিত হইয়াছিল, তিনি এই প্রকারে দধি মন্থন করিতে লাগিলেন।৩

তাং স্তন্যকাম আসাদ্য মথ্নন্তীং জননীং হরিঃ।
গৃহীত্বা দধিমন্থানং ন্যষেধৎ প্রীতিমাবহন্ ॥৪
তমঙ্কমারূঢ়মপায়য়ৎ স্তনং
স্নেহস্নুতং সস্মিতমীক্ষতী মুখম্।
অতৃপ্তমুৎসৃজ্য জবেন সা যযা-
বুৎসিচ্যমানে পয়সি ত্বধিশ্রিতে ॥৫
সংজাতকোপঃ স্ফুরিতারুণাধরং
সংদশ্য দদ্ভির্দধিমন্থভাজনম্।
ভিত্ত্বা মৃষাশ্রুর্দৃষদশ্মনা রহো
জঘাস হৈয়ঙ্গবমন্তরং গতঃ ॥৬

উত্তার্য্য গোপী সুশৃতং পয়ঃ পুনঃ
প্রবিশ্য সংদৃশ্য য দধ্যমত্রকম্।
ভগ্নং বিলোক্য স্বসুতস্য কর্ম ত-
জ্জহাস তং চাপি ন তত্র পশ্যতী ॥৭

উলূখলাঙ্‌ঘ্রেরুপরি ব্যবস্থিতং
মর্কায় কামং দদতং শিচি স্থিতম্।
হৈয়ঙ্গবং চৌর্য্যবিশঙ্কিতেক্ষণং
নিরীক্ষ্য পশ্চাৎ সুতমাগমচ্ছনৈঃ ॥৮

(তদা) স্তন্যকামঃ হরিঃ মথ্নন্তীং জননীম্ আসাদ্য দধিমন্থানং মন্থনদণ্ডং গৃহীত্বা করেণ ধৃত্বা প্রীতিম (চাতুর্য্যপ্রকাশেন আনন্দম্) আবহন প্রাপয়ন্ তাং ন্যষেধয়ৎ নিবারয়ামাস ॥৪

সস্মিতং সহাস্যং মুখম্ ঈক্ষতী যশোদা অঙ্কম্ আরূঢ়ং তং কৃষ্ণং স্নেহস্নুতং স্তনম্ অপায়য়ৎ, (ইত্যবসরে) তু অধিশ্রিতে চুল্লীমারোপিতে পয়সি উৎসিচ্যমানে "অতিতাপেন উদ্রিচ্যমানে সতি" সা অতৃপ্তং বালকম্ উৎসৃজ্য ভূমৌ অবস্থাপ্য জবেন বেগেন যযৌ ॥৫

(তেনৈব) জাতকোপঃ ক্রুদ্ধঃ, মৃষাশ্রুঃ, কৃষ্ণ দদ্ভিঃ স্ফুরিতারুণাধরং সন্দশ্য দৃষদশ্মনা শিলাপুত্রেণ দধিমণ্ডভাজনং ভিত্ত্বা, অন্তরং গৃহান্তরং গতঃ সন্ রহঃ একান্তে হৈয়ঙ্গবং সদ্যোজাতনবনীতং জঘাস ভক্ষিতবান্ ॥৬

সুশৃতং সুপক্বং পয়ঃ উত্তার্য্য গোপী যশোদা পুনঃ (মন্থনগৃহং) প্রবিশ্য দধ্যমত্রকং দধিপাত্রং ভিন্নং সংদৃশ্য স্বসুতস্য তং কর্ম্ম বিলোক্য তঞ্চাপি তত্র ন পশ্যতী সতী জহাস ॥৭

উদূখলাঙ্‌ঘ্রেঃ পরিবর্ত্তিতস্য উদূখলস্য উপরি ব্যবস্থিতং শিচি স্থিতং শিক্যস্থং হৈয়ঙ্গবং নবনীতং মর্কায় বানরায় কামং যথেষ্টং দদতং চৌর্য্যবিশঙ্কিতেক্ষণং চৌর্য্যচপলনয়নং সুতং নিরীক্ষ্য শনৈঃ পশ্চাৎ আগমৎ ॥৮

শ্রীহরি কৃষ্ণ স্তন্যপানকামনায় দধি মন্থনকারিণী জননী যশোদার সমীপে উপস্থিত হইয়া মন্থনদণ্ড গ্রহণ করত তাঁহার আনন্দ বর্দ্ধন পূর্ব্বক দধিমন্থন নিবারণ করিতে লাগিলেন।৪

তখন মাতা যশোদা অঙ্কারূঢ় পুত্রের ঈষৎ হাস্যযুক্ত বদন দর্শন করিতে করিতে স্তন্যদুগ্ধ পান করাইতে লাগিলেন। ইতিমধ্যে অতিশয় উত্তাপে চুল্লীস্থিত দুগ্ধ উথলিয়া পড়িবার উপক্রম হইলে অতৃপ্ত তনয়কে শীঘ্র ক্রোড়দেশ হইতে ভূমিতলে অবতরণ করাইয়া দুগ্ধরক্ষার্থ সবেগে ধাবিত হইলেন।৫

সুতরাং কৃষ্ণ স্তন্যপান করিতে না পাইয়া কোপান্বিত হইয়া দন্তসমূহ দ্বারা কম্পমান অরুণবর্ণ অধর দংশন করিতে করিতে একটী শিলাখণ্ড দ্বারা দধিমন্থন ভাণ্ড ভাঙ্গিয়া ফেলিলেন এবং রোদন-পরায়ণ হইয়া গৃহমধ্যে প্রবেশ করিয়া তত্রস্থ সদ্যোজাত নবনীত সকল ভক্ষণ করিতে লাগিলেন।৬

অনন্তর যশোদা সুপক্ব দুগ্ধ চুল্লী হইতে নামাইয়া পুনর্ব্বার দধিমন্থন স্থানে প্রবিষ্ট হইয়া দধিভাণ্ড ভগ্ন রহিয়াছে দেখিয়া উহা নিজ পুত্রের কার্য্য জানিয়া হাস্য করিতে লাগিলেন এবং ঐ স্থানে শ্রীকৃষ্ণকে না দেখিয়া তাঁহাকে অন্বেষণ করিতে লাগিলেন।৭

তদনন্তর যশোদা অনুসন্ধান করিতে করিতে

তামাত্তযষ্টিং প্রসমীক্ষ্য সত্বর-
স্ততোঽবরুহ্যাপসসার ভীতবৎ।
গোপ্যন্বধাবন্ন যমাপ যোগিনাং
ক্ষমং প্রবেষ্টুং তপসেরিতং মনঃ ॥৯
অন্বঞ্চমানা জননী বৃহচ্চল-
চ্ছ্রোণীভরাক্রান্তগতিঃ সুমধ্যমা।
জবেন বিস্রংসিতকেশবন্ধন-
চ্যুতপ্রসূনানুগতিঃ পরামৃশৎ ॥১০

কৃতাগসং তং প্ররুদন্তমক্ষিণী
কষন্তমঞ্জন্মষিণী স্বপাণিনা
উদ্বীক্ষমাণং ভয়বিহ্বলেক্ষণং
হস্তে গৃহীত্বা ভিষয়ন্ত্যবাগুরৎ ॥১১
ত্যক্ত্বা যষ্টিং সুতং ভীতং বিজ্ঞায়ার্ভকবৎসলা।
ইয়েষ কিল তং বদ্ধুং দাম্নাতদ্বীর্য্যকোবিদা ॥১২
ন চান্তর্ন বহির্যস্য ন পূর্ব্বং নাপি চাপরম্।
পূর্ব্বাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ ॥১৩

(কৃষ্ণঃ তু) আত্তযষ্টিং ধৃতযষ্টিং তাং প্রসমীক্ষ্য ততঃ উদূখলাৎ অবরুহ্য সত্বরঃ ভীতবৎ অপসসার পলায়ত। তপসা ঈরিতম্ অতএব প্রবেষ্টুং ক্ষমং যোগিনাং মনঃ যং ন আপ, তং কৃষ্ণং গোপী অনু পশ্চাৎ অধাবৎ ॥৯

অন্বঞ্চমানা তদনুগচ্ছন্তী জবেন বেগেন বিস্রংসিতকেশ-বন্ধনচ্যুতপ্রসূনানুগতিঃ কবরীস্খলিতপুষ্পশ্রেণীবিশিষ্টা সুমধ্যমা তন্বঙ্গী জননী বৃহচ্চলচ্ছ্রোণীভরাক্রান্তগতিঃ গুরুনিতম্বভারেণ মন্দগতিঃ সতী কৃচ্ছ্রতঃ তং পরামৃশৎ ধৃতবতী ॥১০

ততঃ কৃতাগসং সাপরাধং প্ররুদন্তং ভয়বিহ্বলেক্ষণং তথা অঞ্জন্মষিণী কজ্জলব্যাপ্তে অক্ষিণী স্বপাণিনা স্ববামকরপৃষ্ঠেন কষন্তং সংমর্দ্দয়ন্তম্ উদ্বীক্ষমাণা সা সুতং হস্তে গৃহীত্বা ভীষয়ন্তী ভয়ম্ উৎপাদয়ন্তী অবাগুরৎ অভর্ৎসয়ৎ ॥১১

অর্ভকবৎসলা পুত্রস্নেহবতী যশোদা সুতং ভীতং বিজ্ঞায় যষ্টিং ত্যক্ত্বা অতদ্বীর্য্যকোবিদা কৃষ্ণপ্রভাবানভিজ্ঞা কিল তং বালং দাম্না রজ্জ্বা বন্ধুম্ ইয়েষ ঐচ্ছৎ ॥১২

যস্য শ্রীকৃষ্ণস্য (ব্যাপকত্বাৎ) অন্তঃ ন (অস্তি), বহিঃ ন (অস্তি), ন পূর্ব্বং নাপি চ অপরং, যঃ কৃষ্ণঃ এব জগতঃ পূর্ব্বাপরং বহিঃ অন্তঃ চ, যঃ (স্বয়ং কারণত্বাৎ) জগৎ এব ॥১৩

পরিবর্ত্তিত উদূখলের উপরি দণ্ডায়মান এবং শিক্যস্থিত সদ্যোজাত নবনীত যথেচ্ছাক্রমে বানরদিগকে প্রদান করিতেছেন এবং চৌর্য্যহেতু মধ্যে মধ্যে চঞ্চলনেত্রে ইতস্ততঃ দৃষ্টিপাত করিতেছেন, মাতা যশোদা দূর হইতে পুত্রের এবংবিধ কার্য্য দেখিয়া নিঃশব্দে পুত্রের পশ্চাদ্ভাগে আগমন করিলেন।৮

জননী ভয়-প্রদর্শনার্থ যষ্টি লইয়া আসিতেছেন দেখিয়া শ্রীকৃষ্ণ উদূখল হইতে শীঘ্র অবতরণ পূর্ব্বক ভীতের ন্যায় পলায়ন করিতে লাগিলেন। তপঃ-পরায়ণ যোগিগণের মনও যাঁহাকে প্রাপ্ত হয় না, যশোদা সেই কৃষ্ণকে বন্ধন করিবার জন্য তাহার অনুধাবন করিতে লাগিলেন।৯

মাতা যশোদা এইরূপে পশ্চাৎ ধাবিত হইলে তৎকালে তাঁহার বিশাল নিতম্বভারে গতি মন্দীভূত হইল এবং শিথিল কবরী হইতে পুষ্পদাম স্খলিত ও পতিত হইল। কিছুক্ষণ পরে সুমধ্যমা যশোদা কিয়দ্দূর অনুধাবন করিয়া পুত্রকে ধরিয়া ফেলিলেন।১০

কৃতাপরাধ শ্রীকৃষ্ণ ক্রন্দন করিতে করিতে নিজ হস্ত দ্বারা নেত্রদ্বয় মর্দ্দন করিতেছিলেন, সুতরাং তদীয় নেত্রস্থ অঞ্জন চতুর্দ্দিকে প্রসৃত হইতেছিল। মাতা যশোদা পুত্রকে ভয়বিহ্বলনেত্র দর্শন করিয়া তাঁহার হস্ত ধারণ পূর্ব্বক তিরস্কার সহকারে ভয়োৎপাদনপূর্ব্বক যষ্টি দ্বারা তাড়না করিতে লাগিলেন।১১

পুত্রবৎসলা যশোদা পুত্রকে ভীত দেখিয়া যষ্টি পরিত্যাগ পূর্ব্বক তদীয় প্রভাব বিষয়ে অনভিজ্ঞতাপ্রযুক্ত তাঁহাকে রজ্জু দ্বারা বন্ধন করিতে ইচ্ছা করিলেন।১২

যাঁহার অন্তর নাই, বাহির নাই, পূর্ব্ব নাই অপর নাই, যিনি জগতের পূর্ব্ব ও অপর, বাহির ও অন্তর এবং যিনিই জগৎ।১৩

তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্যলিঙ্গমধোক্ষজম্।
গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথা ॥১৪
তদ্দামবধ্যমানস্য স্বার্ভকস্য কৃতাগসঃ।
দ্ব্যঙ্গুলোনমভূত্তেন সংদধেঽন্যচ্চ গোপিকা ॥১৫
যদাসীত্তদপি ন্যূনং তেনান্যদপি সংদধে।
তদপি দ্ব্যঙ্গুলং ন্যূনং যদ্ যদাদত্তবন্ধনম্ ॥১৬
এবং স্বগেহদামানি যশোদা সংদধত্যপি।
গোপীনাং সুস্ময়ন্তীনাং স্ময়ন্তী বিস্মিতাভবৎ ॥১৭

গোপিকা অব্যক্তং তং মর্ত্যলিঙ্গং নররূপধরম্ অধোক্ষজম্ ইন্দ্রিয়াতীতম্ ঈশম্ আত্মজং সুতং মত্বা প্রাকৃতং যথা তথা উলূখলে দাম্না ববন্ধ ॥১৪

কৃতাগসঃ অতঃ তদ্দামবধ্যমানস্য স্বার্ভকস্য স্বতনয়স্য (বন্ধনে দাম) দ্ব্যঙ্গুলোনং দ্বাভ্যাম্ অঙ্গুলিভ্যাম্ অপূর্ণম্ অভূৎ, তেন হেতুনা গোপিকা যশোদা অন্যৎ দাম সন্দধে বন্ধনাভিনিবেশেন সন্ধানং কৃতবতী। যৎদাম আসীৎ, তৎ অপি ন্যূনং তেন হেতুনা অন্যৎ চ দাম সন্দধে, তৎ ইতি যৎ আদত্তবন্ধনং দাম তৎ অপি দ্ব্যঙ্গুলং ন্যূনম্ আসীৎ ॥১৫-১৬

সুস্ময়ন্তীনাং গোপীনাং (সমক্ষে) যশোদা এবং স্বগেহ-দামানি সন্দধতী অপি বিস্মিতা অভবৎ ॥১৭

কারুণ্যবশতঃ মনুষ্য শরীরধারী সেই অব্যক্ত প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর ভগবান্‌কে পুত্র মনে করিয়া গোপিকা যশোদা প্রাকৃত বালকের ন্যায় তাঁহাকে রজ্জুদ্বারা উদূখলে বন্ধন করিলেন।১৪

কৃতাপরাধ নিজ পুত্রকে বাঁধিতে প্রবৃত্ত হইয়া জননী যে রজ্জু গ্রহণ করিলেন, তাহা দুই অঙ্গুলি কম হইল। তখন গোপিকা ঐ রজ্জুর সহিত অপর রজ্জু সংযোগ করিলেন। যখন তাহাও কম হইল, তখন তিনি উহার সহিত অপর রজ্জু-সংযোগ করিলেন, সেই রজ্জুও দুই অঙ্গুলি করিয়া কম হইতে লাগিল।১৫-১৬

এই প্রকারে স্বগৃহস্থিত রজ্জুসকল সংযোগ করিয়াও যশোদা হাস্যপরায়ণা গোপীগণে পরি-বেষ্টিত হইয়া স্বয়ংও হাসিতে হাসিতে বিস্ময়াপন্ন হইলেন।১৭

স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ।
দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াঽসীৎ স্ববন্ধনে ॥১৮

এবং সংদর্শিতা হ্যঙ্গ হরিণা ভক্তবশ্যতা।
স্ববশেনাপি কৃষ্ণেন যস্যেদং সেশ্বরং বশে ॥১৯

নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপ্যঙ্গসংশ্রয়া।
প্রসাদং লেভিরে গোপী যত্তৎ প্রাপ বিমুক্তিদাৎ ॥২০

এবং স্বস্যাপরিচ্ছিন্নত্বং দর্শয়িত্বা প্রদর্শ্য দয়ালুত্বং দর্শয়তি স্বমাতুরিতি। এবং স্বিন্নগাত্রায়াঃ ঘর্মাক্তকলেবরায়াঃ বিস্রস্ত-কবরস্রজঃ স্বমাতুঃ যশোদায়াঃ পরিশ্রমং দৃষ্ট্বা কৃষ্ণঃ কৃপয়া প্রেম্না স্ববন্ধনে (দুর্ঘটে অপি) আসীৎ সংবদ্ধঃ বভূব ॥১৮

হে অঙ্গ নৃপ! ইদং সেশ্বরং সলোকপালং (বিশ্বং) যস্য বশে যদধীনং, স্ববশেন স্বতন্ত্রেণ হরিণা ভক্তদুঃখনাশকেন কৃষ্ণেন ভক্তবশ্যতা প্রেমাধীনতা এবং সন্দর্শিতা ॥১৯

বিমুক্তিদাৎ মোক্ষপ্রদাতুঃ হরেঃ সকাশাৎ যৎ (যং) প্রসাদং গোপী যশোদা (গোপেশ্বরী) প্রাপ, তৎ (তম্) ইমং প্রসাদং ন বিরিঞ্চঃ (পুত্রঃ) ব্রহ্মা, ভবঃ বৈষ্ণবাগ্রগণ্যঃ মহাদেবঃ, অঙ্গসংশ্রয়া (তদ্বক্ষোনিবাসিনী নিত্যপ্রেয়সী) শ্রীলক্ষ্মীঃ অপি ন লেভিরে ॥২০

শ্রীকৃষ্ণ জননীর কলেবর স্বেদযুক্ত ও তদীয় কেশবন্ধন স্খলিতমাল্য ও অতিশয় পরিশ্রান্ত দেখিয়া কৃপাপরবশ হইয়া স্বয়ং বন্ধন গ্রহণ করিলেন।১৮

হে রাজন্! এই প্রকারে মাতৃকৃত বন্ধন স্বীকার দ্বারা ঈশ্বরগণের সহিত এই বিশ্ব যাঁহার বশবর্ত্তী সেই স্বতন্ত্র শ্রীকৃষ্ণাখ্য শ্রীহরি কর্ত্তৃক ভক্তাধীনতাই প্রদর্শিত হইল।১৯

বিমুক্তিদাতা শ্রীকৃষ্ণ হইতে যে প্রসাদ গোপী যশোদা প্রাপ্ত হইলেন, সেই প্রসাদ ব্রহ্মা পুত্র হইয়া, শিব আত্মীয় হইয়া এবং লক্ষ্মী অঙ্গাশ্রিতা

নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ।
জ্ঞানিনাং চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ ॥২১

কৃষ্ণস্তু গৃহকৃত্যেষু ব্যগ্রায়াং মাতরি প্রভুঃ।
অদ্রাক্ষীদর্জ্জুনৌ পূর্ব্বং গুহ্যকৌ ধনদাত্মজৌ ॥২২

অয়ং গোপিকাসুতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ আত্মভূতানাং (সংসার-বারিধৌ আত্মানং ভগবন্তং পোতরূপেণ অবলম্বিনাম্) ভক্তিমতাম্ ইহ অস্মিন্ এব জন্মনি যথা সুখাপঃ অনায়াসেন লভ্যঃ, তথা (দেহাভিমানিনাং) দেহিনাং (বা আত্মভূতানাং জীবপরমাত্মনোঃ ঐক্যাবধারণেন) জ্ঞানিনাং মুক্তাভিমানিনাং চ ন ॥২১

ভার্য্যা হইয়াও লাভ করেন নাই।২০

এই গোপিকাসুত ভগবান্ শ্রীকৃষ্ণ এই সংসারে বর্ত্তমান ভক্তিমান্ ব্যক্তিদিগের যেরূপ সুখলভ্য, দেহাভিমানী তাপস-দিগের বা মুক্তাভিমানী আত্মজ্ঞানীদিগের তদ্রূপ সুখলভ্য নহে।২১

এইরূপে বন্ধন করিয়া জননী গৃহকার্য্যে ব্যস্ত

পুরা নারদশাপেন বৃক্ষতাং প্রাপিতৌ মদাৎ।
নলকূবরমণিগ্রীবাবিতি খ্যাতৌ শ্রিয়ান্বিতৌ ॥২৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥৯

(অথ) প্রভুঃ কৃষ্ণঃ তু মাতরি গৃহকৃত্যেষু ব্যগ্রায়াং সত্যাং পূর্ব্বং ধনদাত্মজৌ কুবেরপুত্রৌ গুহ্যকৌ ইদানীম্ অর্জ্জুনৌ বৃক্ষবিশেষৌ সন্তৌ এব অদ্রাক্ষীৎ ॥২২

শ্রিয়ান্বিতৌ নলকূবর-মণিগ্রীবৌ ইতি খ্যাতৌ (তৌ) মদাৎ হেতোঃ পুরা নারদশাপেন বৃক্ষতাং প্রাপিতৌ ॥২৩

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥

হইলে প্রভু শ্রীকৃষ্ণ পূর্ব্বজন্মের যক্ষদ্বয়কে শ্রীবৃন্দাবনে অর্জ্জুন নামক দুইটী বৃক্ষের আকারে অবস্থিত দেখিলেন।২২

উহারা পূর্ব্বজন্মে নলকূবর ও মণিগ্রীব নামে বিখ্যাত এবং ঐশ্বর্য্যশালী যক্ষ ছিল, এবং মদোন্মত্ততা-প্রযুক্ত দেবর্ষি নারদের শাপে বৃক্ষত্ব প্রাপ্ত হইয়াছিল।২৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত নবমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণেন যমলার্জ্জুনোদ্ধারঃ।]

রাজোবাচ।

কথ্যতাং ভগবন্নেতত্তয়োঃ শাপস্য কারণম্।
যত্তদ্ বিগর্হিতং কর্ম যেন বা দেবর্ষেস্তমঃ ॥১

শ্রীশুক উবাচ।

রুদ্রস্যানুচরৌ ভূত্বা সুদৃপ্তৌ ধনদাত্মজৌ।
কৈলাসোপবনে রম্যে মন্দাকিন্যাং মদোৎকটৌ ॥২

বারুণীং মদিরাং পীত্বা মদাঘূর্ণিতলোচনৌ।
স্ত্রীজনৈরনুগায়দ্ভিশ্চেরতুঃ পুষ্পিতে বনে ॥৩

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! যেন হেতুনা দেবর্ষেঃ নারদস্য তমঃ ক্রোধঃ আসীৎ, তয়োঃ শাপস্য কারণং যৎ এতৎ বিগর্হিতং নিন্দিতং কর্ম্ম তৎ কথ্যতাম্ ॥১

শ্রীশুকঃ উবাচ। রুদ্রস্য মহাদেবস্য অনুচরৌ পার্ষদৌ (অতএব) সুদৃপ্তৌ অহঙ্কৃতৌ ধনদাত্মজৌ কুবের-সুতৌ নলকূবর-মণিগ্রীবৌ বারুণীং মদিরাং পীত্বা মদোৎকটৌ মদমত্তৌ মদাঘূর্ণিতলোচনৌ ভূত্বা রম্যে কৈলাসোপবনে মন্দাকিন্যাং (তৎসমীপে) পুষ্পিতে বনে অনুগায়দ্ভিঃ স্ত্রীজনৈঃ সহ চেরতুঃ বিজহ্রতুঃ ॥২-৩

অন্তঃ প্রবিশ্য গঙ্গায়ামম্ভোজবনরাজিনি।
চিক্রীড়তুর্যুবতিভির্গজাবিব করেণুভিঃ ॥৪

যদৃচ্ছয়া চ দেবর্ষির্ভগবাংস্তত্র কৌরব।
অপশ্যন্নারদো দেবৌ ক্ষীবাণৌ সমবুধ্যত ॥৫

তং দৃষ্ট্বা ব্রীড়িতা দেব্যো বিবস্ত্রাঃ শাপশঙ্কিতাঃ।
বাসাংসি পর্য্যধুঃ শীঘ্রং বিবস্ত্রৌ নৈব গুহ্যকৌ ॥৬

অন্বয়ঃ

অম্ভোজ-বন-রাজিনি পদ্মবনশোভিতায়াং গঙ্গায়াম্ অন্তঃ মধ্যে প্রবিশ্য করেণুভিঃ সহ গজৌ ইব যুবতীভিঃ সহ চিক্রীড়তুঃ ॥৪

হে কৌরব! (তাবৎ) দেবর্ষিঃ ভগবান্ নারদঃ যদৃচ্ছয়া স্বৈরিতয়া তত্র (প্রাপ্তঃ সন্) তৌ দেবৌ অপশ্যৎ ক্ষীবাণৌ মত্তৌ চ সমবুধ্যত অবধারয়ামাস ॥৫

বিবস্ত্রাঃ দেব্যঃ তং নারদং দৃষ্টা ব্রীড়িতাঃ লজ্জিতাঃ শাপশঙ্কিতাঃ সত্যঃ শীঘ্রং বাসাংসি পর্য্যধুঃ, বিবস্ত্রৌ তৌ গুহ্যকৌ এব ন পর্য্যধত্তুঃ ॥৬

দশম অধ্যায়।

[শ্রীকৃষ্ণকর্তৃক যমলার্জ্জুনের উদ্ধার]

(নবম অধ্যায়ে দাসবদ্ধ শ্রীকৃষ্ণ বৃক্ষরূপী যমলার্জ্জুনদ্বয়কে মোচন করেন, এবং তাহারা দিব্যরূপ ধারণ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে স্তব করিতে করিতে স্বর্গে গমন করিতে থাকে, ইহাই বর্ণিত হইয়াছে।)

মহারাজ পরীক্ষিৎ শুকদেবকে কহিলেন, হে ভগবন্! যে কর্ম্মের দ্বারা পরম ভাগবত দেবর্ষি নারদেরও ক্রোধ জন্মিয়াছিল, কুবেরপুত্র নলকূবর ও মণিগ্রীবের শাপের কারণ সেই গর্হিত কর্ম্ম আমার নিকট বর্ণনা করুন, শ্রবণ করি।১

শ্রীশুকদেব কহিলেন, হে রাজন্ পরীক্ষিৎ! মহাদেবের অনুচরত্ব লাভান্তর অতিশয় গর্ব্বিত ও মদোন্মত্ত কুবেরের দুই পুত্র নলকূবর ও মণিগ্রীব বারুণী মদিরাপানে মত্ত ও ঘূর্ণিতলোচন হইয়া নৃত্য-গীতকারিণী স্ত্রীগণের সহিত মন্দাকিনীতীরে পরম রমণীয় কুসুমিত উপবনে কৈলাস পর্ব্বতে যথেচ্ছ বিচরণ করিতেছিল।২-৩

কমলবন শোভিতা গঙ্গামধ্যে হস্তিনীর সহিত হস্তী

তৌ দৃষ্ট্বা মদিরামত্তৌ শ্রীমদান্ধৌ সুরাত্মজৌ।
তয়োরনুগ্রহার্থায় শাপং দাস্যন্নিদং জগৌ ॥৭

নারদ উবাচ।
ন হ্যন্যো জুষতো জোষ্যান্ বুদ্ধিভ্রংশো রজোগুণঃ।
শ্রীমদাদাভিজাত্যাদির্যত্র স্ত্রী দ্যূতমাসবঃ ॥৮

(অথ নারদঃ) মদিরামত্তৌ (যতঃ) শ্রীমদান্ধৌ (যতঃ) সুরাত্মজৌ কুবেরতনয়ৌ তৌ দৃষ্ট্বা তয়োঃ অনুগ্রাহার্থায় শাপং দাস্যন্ ইদং কথিতবান্ ॥৭

(নারদঃ উবাচ)। জোষ্যান্ প্রিয়বিষয়ান্ জুষতঃ সেবমানস্য পুংসঃ শ্রীমদাৎ অন্যঃ আভিজাত্যাদিঃ রজোগুণঃ বুদ্ধিনাশকঃ নঃ যত্র শ্রীমদে স্ত্রীঃ দ্যূতম্ আসবঃ চ ঘটন্তে ॥৮

যত্র শ্রীমদে ইমং দেহম্ অজরামৃত্যুনশ্বরং নাশাদিবর্জ্জিতং মন্যমানৈঃ অজিতাত্মভিঃ প্রমত্তৈঃ নির্দ্দয়ৈঃ পুংভিঃ পশবঃ হন্যন্তে ॥৯

যে প্রকারে ক্রীড়া করিয়া থাকে, সেইরূপ যুবতীগণের সহিত ঐ গুহ্যকদ্বয় জলবিহার করিতে লাগিল।৪

হে কৌরব! সেই সময়ে পরম ভাগবত দেবর্ষি নারদ যদৃচ্ছাক্রমে ঐ স্থানে সমাগত হইয়া উহাদের দুই জনকে দেখিতে পাইলেন এবং দর্শনমাত্রেই উহাদিগকে মদোন্মত্ত বুঝিতে পারিলেন।৫

অপ্সরাগণ তৎকালে বিবস্ত্র ছিল, দেবর্ষি নারদকে দেখিয়া লজ্জিত ও শাপশঙ্কিত হইয়া শীঘ্র বস্ত্র পরিধান করিল, কিন্তু বিবস্ত্র মদোন্মত্ত গুহ্যকদ্বয় বস্ত্র পরিধান করিল না।৬

অনন্তর মদিরামত্ত ধনগর্বিত ঐ কুবের তনয়-দ্বয়কে দর্শন করিয়া দেবর্ষি নারদ উহাদিগের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত অভিসম্পাতচ্ছলে এই কথা বলিলেন।৭

নারদ কহিলেন, হায়! প্রিয়বিষয়সকলের সেবাকারী মানবের ঐশ্বর্য্যগর্ব্ব যে প্রকার বুদ্ধি-ভ্রংশকর হয়, এইরূপ আর অন্য রজোগুণসম্ভূত জাতি-

হন্যন্তে পশবো যত্র নির্দয়ৈরজিতাত্মভিঃ।
মন্যমানৈরিমং দেহমজরামৃত্যুনশ্বরম্ ॥৯
দেবসংজ্ঞিতমপ্যন্তে কৃমিবিড়্ভস্মসংজ্ঞিতম্।
ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ ॥১০
দেহঃ কিমন্নদাতুঃ স্বং নিষেক্তুর্মাতুরেব চ।
মাতুঃ পিতুর্বা বলিনঃ ক্রেতুরগ্নেঃ শুনোঽপি বা ॥১১

(ইদং) দেবসংজ্ঞিতং নৃপাদিসংজ্ঞিতম্ অপি অন্তে কৃমিবিড়্ভস্মসংজ্ঞিতং যৎ ভবতি তৎকৃতে (এবং ভূতং দেহার্থং যঃ) ভূতধ্রুক্ প্রাণিপীড়কঃ (ভবতি), যতঃ (ভূতদ্রোহাৎ) নিরয়ঃ নরকঃ চ (ভবতি) সঃ (তাদৃশঃ হিংসাকারী) কিং স্বার্থম্ আত্মহিতং বেদ জানাতি ?॥১০

অয়ং দেহঃ কিম্ অন্নদাতুঃ, বা নিষেক্তুঃ জনকস্য, মাতুঃ গর্ভধারিণ্যাঃ মাতুঃ, পিতুঃ মাতামহস্য, বা ক্রেতুঃ (পুত্রিকা-রূপেণ মূল্যং দত্বা গ্রহীতুঃ) অথবা বলিনঃ রাজাদেঃ, (জীবনান্তে) অগ্নেঃ, শুনঃ কুক্কুরস্য, অপি বা স্বং ধনম্ (ইতি অনিশ্চিতমেব) ॥১১

কুলাভিমান এবং নৃত্যগীতাদিজনিত অভিমানে পারে না। সম্পদের অভিমানে স্ত্রী, দ্যূত এবং মদ্যাদি অধর্ম্ম সহজেই উপস্থিত হয়।৮

সম্পদের গর্ব্বে গর্ব্বিত হইয়া অজিতাত্মা নির্দ্দয় ব্যক্তিসকল এই নশ্বর দেহকে জরা-মৃত্যুবর্জিত চিরস্থায়ী মনে করিয়া নিজ দেহপুষ্টির জন্য অনায়াসে প্রাণিহিংসা করিয়া থাকে।৯

হায়! এই নশ্বর দেহ জীবিতাবস্থায় নরদেব ও ভূদেব প্রভৃতি সংজ্ঞায় অভিহিত হইলেও মৃত্যুর পর বিষ্ঠা, ভস্ম বা কৃমিরূপে পরিণত হইয়া থাকে; অতএব ঐ দেহের নরকের হেতুভূত যে ব্যক্তি প্রাণিহিংসা করে, সে নিজের হিত কখনও জানে না, কারণ ভূতদ্রোহকারীর নরকযাতনা অবশ্য-ম্ভাবিনী।১০

এই দেহ কি স্বকীয়, কি অন্নদাতার, কি পিতা-মাতার, কিংবা পিতামহের, অথবা অর্থের দ্বারা ক্রয়কারী, কিংবা বলবান রাজাদির, বা অগ্নি

এবং সাধারণং দেহমব্যক্তপ্রভবাপ্যয়ম্।
কো বিদ্বানাত্মসাৎ কৃত্বা হন্তি জন্তূনৃতেঽসতঃ ॥১২
অসতঃ শ্রীমদান্ধস্য দারিদ্র্যং পরমঞ্জনম্।
আত্মৌপম্যেন ভূতানি দরিদ্রঃ পরমীক্ষতে ॥১৩
যথা কণ্টকবিদ্ধাঙ্গো জন্তোর্নেচ্ছতি তাং ব্যথাম্।
জীবসাম্যং গতো লিঙ্গৈর্ন তথাবিদ্ধকণ্টকঃ ॥১৪

এবং পূর্ব্বোক্তপ্রকারেণ সাধারণম্ অনির্ণীতস্বামিকম্, (অথচ) অব্যক্তপ্রভবাপ্যয়ং প্রকৃতিতঃ উৎপত্তি-বিনাশশীলং দেহং বিদ্বান্ জানন্ অসতঃ অজ্ঞান্ ঋতে বিনা কঃ (জনঃ তং দেহং) আত্মসাৎ কৃত্বা আত্মত্বেন অঙ্গীকৃত্য জন্তূন্ হন্তি ॥১২

শ্রীমদান্ধস্য ধনমদরোগগ্রস্তস্য অসতঃ দুর্বৃত্তস্য দারিদ্র্যম্ এব পরং শ্রেষ্ঠম্ অঞ্জনং রোগনিবারকম্ ঔষধং, (যতঃ) দরিদ্রঃ পরং কেবলং ভূতানি আত্মৌপম্যেন আত্মতুলনয়া ঈক্ষতে পশ্যতি ॥১৩

যথা কণ্টকবিদ্ধাঙ্গঃ জনঃ লিঙ্গৈঃ মুখম্লানাদিভিঃ জীবসাম্যং (নিজদুঃখানুস্মরণাৎ কৃপোদয়েন তুল্যাবস্থত্বং) গতঃ প্রাপ্তঃ সন্ জন্তোঃ পরস্য তাং কণ্টকবেধননিমিত্তাং ব্যথাং ন ইচ্ছতি, তথা অবিদ্ধকণ্টকঃ জনঃ ন ॥১৪

বা কুকুরের? তাহা কিছুই স্থির করা যায় না।১১

এই প্রকার সাধারণ সম্পত্তি এবং প্রকৃতি হইতে উৎপন্ন ও প্রকৃতিতে বিলয় দেহকে আত্মরূপে অঙ্গীকার করিয়া অজ্ঞানী বিনা কোন্ বিদ্বান্ ব্যক্তি প্রাণীদিগের হিংসা করে?১২

অবশীকৃতেন্দ্রিয় ও ধনমদে অন্ধ ব্যক্তির পক্ষে দারিদ্র্য একমাত্র অঞ্জান, কারণ দরিদ্র ব্যক্তি সর্ব্বথা নিজের দুঃখ তুলনায় অন্যের প্রতি অন্যায় আচরণ করিতে পারে না।১৩

যাহার দেহে কণ্টক বিদ্ধ হইয়াছে, সে পরের মুখম্লানাদি চিহ্ন দ্বারা নিজের দুঃখ অনুভব পূর্ব্বক পরের প্রতি কণ্টকবেধ-জনিত দুঃখ দিতে ইচ্ছা করে না, কিন্তু যাহার অঙ্গে কখনও কণ্টক বিদ্ধ হয় নাই, সে পরের কণ্টকবেধ-জনিত দুঃখ কখনও বুঝিতে পারে না।১৪

দরিদ্রো নিরহংস্তম্ভো মুক্তঃ সর্বমদৈরিহ।
কৃচ্ছ্রং যদৃচ্ছয়াপ্নোতি তদ্ধি তস্য পরং তপঃ ॥১৫
নিত্যং ক্ষুৎক্ষামদেহস্য দরিদ্রস্যান্নকাঙ্ক্ষিণঃ।
ইন্দ্রিয়াণ্যনুশুষ্যন্তি হিংসাপি বিনিবর্ত্ততে ॥১৬
দরিদ্রস্যৈব যুজ্যন্তে সাধবঃ সমদর্শিনঃ।
সদ্ভিঃ ক্ষিণোতি তং তর্ষং তত আরাদ্ বিশুধ্যতি ॥১৭

এবং নিরহংস্তম্ভঃ নিরহংকারঃ ইহ জন্মনি এব সর্ব্বমদৈঃ মুক্তঃ দরিদ্রঃ পুমান্ যদৃচ্ছয়া কৃচ্ছ্রং ক্লেশং যৎ আপ্নোতি, তৎ হি তস্য পরং তপঃ ॥১৫

নিত্যম্ অন্নকাঙ্ক্ষিণঃ ক্ষুৎক্ষামদেহস্য ক্ষুধয়া পীড়িতস্য দরিদ্রস্য ইন্দ্রিয়াণি শুষ্যন্তি অতঃ হিংসাপি বিনিবর্ত্ততে ॥১৬

দরিদ্রস্য এব সমদর্শিনঃ সাধবঃ যুজ্যন্তে (সাধুসঙ্গো ভবতি), সদ্ভিঃ সাধুসংসর্গৈঃ তম্ অন্নাদ্যভাবনিমিত্তং তর্ষং তৃষ্ণাং (দরিদ্রঃ স্বয়ম্ এব) ক্ষিণোতি ত্যজতি, ততঃ আরাৎ শীঘ্রম্ এব চ সিধ্যতি ॥১৭

এই সংসারে দরিদ্র ব্যক্তিগণ সর্ব্ব অহংকার হইতে মুক্ত। তাহার অহঙ্কাররূপ গর্ব্বও থাকে না। আরও প্রারব্ধবশে সে সকল কষ্ট সহ্য করে, ইন্দ্রিয়-সংযমন বিষয়ে তাহাই তাহার পরম তপস্যা।১৫

সর্ব্বদা অন্নাভাব ও ক্ষুধার দ্বারা জীর্ণদেহ দরিদ্রের ইন্দ্রিয়গণ অনায়াসেই শুষ্ক ও বাসনা-রহিত হয়, সুতরাং নরকাদির হেতুভূতা হিংসারও নিবৃত্তি হইয়া থাকে।১৬

সমদর্শী সাধুপুরুষগণ দরিদ্রের সহিত সহজে মিলিত হইয়া থাকেন, এইরূপে সাধুসঙ্গ হইলে সাধুসঙ্গের গুণে সেই দরিদ্র ব্যক্তির বিষয়-তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে, তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইলে শীঘ্র পরমানন্দ লাভ হয়।১৭

সাধূনাং সমচিত্তানাং মুকুন্দচরণৈষিণাম্।
উপেক্ষ্যৈঃ কিং ধনস্তম্ভৈরসদ্ভিরসদাশ্রয়ৈঃ ॥১৮

তদহং মত্তয়োর্মাধ্ব্যা বারুণ্যা শ্রীমদান্ধয়োঃ।
তমোমদং হরিষ্যামি স্ত্রৈণয়োরজিতাত্মনোঃ ॥১৯

যদিমৌ লোকপালস্য পুত্রৌ ভূত্বা তমঃপ্লুতৌ।
ন বিবাসসমাত্মানং বিজানীতঃ সুদুর্মদৌ ॥২০

মুকুন্দচরণৈষিণাং সমচিত্তানাং সাধূনাম্ অসদাশ্রয়ৈঃ ধনস্তম্ভৈঃ উপেক্ষ্যৈঃ অসদ্ভিঃ ধনগর্ব্বিতৈঃ পুংভিঃ কিং, ন কিমপি ॥১৮

তৎ তস্মাৎ অহং বারুণ্যা মাধ্ব্যা মত্তয়োঃ শ্রীমদান্ধয়োঃ স্ত্রৈণয়োঃ স্ত্রীলম্পটয়োঃ অজিতাত্মনোঃ অসংযমিতমনসোঃ, (অনয়োঃ) তমোমদম্ অজ্ঞানজং মদং হরিষ্যামি ॥১৯

যদি ইমৌ লোকপালস্য পুত্রৌ সুদুর্মদৌ তমঃপ্লুতৌ মোহান্ধৌ ভূত্বা আত্মানং বিবাসসং বিবস্ত্রং (অপি) ন বিজানীতঃ ॥২০

মুকুন্দচরণাভিলাষী প্রশান্তচিত্ত সাধুগণের ধনগর্ব্বিত অসৎ-সঙ্গ-পরায়ণ অজিতেন্দ্রিয় উপেক্ষাযোগ্য ধনবানের সহিত কি প্রয়োজন? অর্থাৎ যে সকল ব্যক্তি ভগবদ্ভাবে সুখী, তাহাদিগের আর ধনের মুখাপেক্ষী হইবার কোনই প্রয়োজন থাকে না।১৮

অতএব বারুণী নাম্নী সুরাপানে উন্মত্ত ধনমদগর্ব্বিত স্ত্রৈণ অজিতেন্দ্রিয় এই গুহ্যকদ্বয়ের অজ্ঞানকৃত গর্ব্ব নষ্ট করিব।১৯

যেহেতু এই গুহ্যকদ্বয় লোকপাল কুবেরের পুত্র হইয়াও অজ্ঞানান্ধ এবং অতীব উন্মত্ত হইয়াছে। ঐশ্বর্য্যগর্ব্ববশতঃ আপনাদিগের বিবস্ত্রাবস্থাও জানিতে পারিতেছে না।২০

অতএব পাপক্ষয়কারী অভিসম্পাতরূপ আমার

অতোঽর্হতঃ স্থাবরতাং স্যাতাং নৈবং যথা পুনঃ।
স্মৃতিঃ স্যান্মৎপ্রসাদেন তত্রাপি মদনুগ্রহাৎ ॥২১

বাসুদেবস্য সান্নিধ্যং লব্ধ্বা দিব্যশরচ্ছতে।
বৃত্তে স্বর্লোকতাং ভূয়ো লব্ধভক্তী ভবিষ্যতঃ ॥২২

শ্রীশুক উবাচ।

এবমুক্ত্বা স দেবর্ষির্গতো নারায়ণাশ্রমম্।
নলকূবরমণিগ্রীবাবাসতুর্যমলার্জুনৌ ॥২৩

অতঃ স্থাবরতাং বৃক্ষযোনিম্ অর্হতঃ, যথা এবম্ ঈদৃশৌ পুনঃ ন স্যাতাং, (অতঃ তত্রাপি) মৎপ্রসাদেন স্মৃতিঃ পূর্ব্বজন্মস্মরণং স্যাৎ। তত্রাপি মদনুগ্রহাৎ ॥২১

দিব্যশরচ্ছতে দেবপরিমিতশতসংবৎসরে বৃত্তে অতীতে সতি বাসুদেবস্য সান্নিধ্যং লব্ধ্বা লব্ধভক্তী সন্তৌ ভূয়ঃ স্বর্লোকতাং ভবিষ্যতঃ দেবত্বং প্রাপ্স্যতঃ ॥২২

শ্রীশুকঃ উবাচ। সঃ দেবর্ষিঃ নারদঃ এবম্ উক্ত্বা নারায়ণাশ্রমং গতঃ, নলকূবরমণিগ্রীবৌ যমলার্জ্জুনৌ সহজাতৌ অর্জ্জুনবৃক্ষৌ আসতুঃ ২৩

অনুগ্রহে ইহারা বৃক্ষযোনি প্রাপ্ত হউক। ঐ স্থাবর শরীর লাভে ও আমার প্রসাদে ইহাদিগের পূর্ব্বস্মৃতি থাকিবে।২১

অনন্তর দেবপরিমিত শত বৎসর অতীত হইলে ভগবান্ বাসুদেবের সান্নিধ্য লাভ করিয়া পুনশ্চ দেবত্ব ও নলকূবর-মণিগ্রীব স্বরূপলাভ পূর্ব্বক শ্রীভগবানের ভক্তিযুক্ত হইয়া পুনর্ব্বার স্বর্গলোক প্রাপ্ত হইবে।২২

শ্রীশুকদেব কহিলেন,—দেবর্ষি নারদ এই প্রকার বলিয়া নারায়ণাশ্রম অর্থাৎ বদরিকাশ্রমে গমন করিলেন। ঐ নলকূবর ও মণিগ্রীব নারদের বাক্যানুসারে ব্রজমণ্ডলে যমলার্জ্জুন বৃক্ষরূপে জন্ম গ্রহণ করিল।২৩

ঋষের্ভাগবতমুখ্যস্য সত্যং কর্ত্তুং বচো হরিঃ।
জগাম শনকৈস্তত্র যত্রাস্তাং যমলার্জ্জুনৌ ॥২৪
দেবর্ষির্মে প্রিয়তমো যদিমৌ ধনদাত্মজৌ।
তত্তথা সাধয়িষ্যামি যদ্গীতং তন্মহাত্মনা ॥২৫
ইত্যন্তরেণার্জ্জুনয়োঃ কৃষ্ণস্তু যময়োর্যযৌ।
আত্মনির্বেশমাত্রেণ তির্য্যগ্‌গতমুলুখলম্ ॥২৬
বালেন নিষ্কর্ষয়তান্বগুলুখলং তদ্
দামোদরেণ তরসোৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ ॥
নিষ্পেততুঃ পরমবিক্রমিতাতিবেপ-
স্কন্ধপ্রবালবিটপৌ কৃতচণ্ডশব্দৌ ॥২৭
তত্র শ্রিয়া পরময়া ককুভঃ স্ফুরন্তৌ
সিদ্ধাবুপেত্য কুজয়োরিব জাতবেদাঃ।
কৃষ্ণং প্রণম্য শিরসাখিললোকনাথং
বদ্ধাঞ্জলী বিরজসাবিদমূচতুঃ স্ম ॥২৮
কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিংস্ত্বমাদ্যঃ পুরুষঃ পরঃ।
ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং রূপং তে ব্রাহ্মণা বিদুঃ ॥২৯

হরিঃ শ্রীকৃষ্ণঃ ভাগবতমুখ্যস্য ভক্তশ্রেষ্ঠস্য ঋষেঃ নারদস্য বচঃ সত্যং কর্ত্তুং শনকৈঃ তত্র জগাম, যত্র যমলার্জ্জুনৌ সহজাতবৃক্ষৌ তঃ আস্তাম্ ॥২৪

দেবর্ষিঃ মে মম প্রিয়তমঃ, তৎ তস্মাৎ তেন মহাত্মনা (মহানুভাবেন) যৎ গীতং কথিতং যৎ যতঃ ইমৌ ধনদাত্মজৌ তৎ ততঃ তথা সাধয়িষ্যামি (স্থাবরযোনেঃ উদ্ধৃত্য পুনঃ স্বর্গং দত্ত্বা পরমভক্তিমন্তৌ করিষ্যামি) ॥২৫

ইতি (বিমৃষ্য) কৃষ্ণঃ তু যময়োঃ অর্জ্জুনয়োঃ অন্তরেণ যযৌ, আত্মনির্বেশমাত্রেণ (কৃষ্ণস্য তন্মধ্যে প্রবেশমাত্রেণ) উদূখলং তির্য্যগ্‌ গতম্ ২৬

তদ্দামোদরেণ বালেন কৃষ্ণেন অন্বক্ তিরশ্চীনম্ উদূখলং তরসা বেগেন নিষ্কর্ষতা সতা উৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ উৎপাটিত-মূলবন্ধৌ তৌ অর্জুনৌ পরমবিক্রমিতাতিবেপস্কন্ধ-প্রবালবিটপৌ কৃতচণ্ডশব্দৌ ভুবি নিপেততুঃ ॥২৭

তত্র পরময়া শ্রিয়া ককুভঃ দিশঃ স্ফুরন্তৌ বিরজসৌ নিরহংকারিণৌ নষ্টগর্ব্বৌ সিদ্ধৌ জাতবেদাঃ (পরস্পরমিলিতত্বাৎ একীভূয় অগ্নিরিব) কুজয়োঃ বৃক্ষয়োঃ সকাশাৎ উপেত্য নির্গম্য, বদ্ধাঞ্জলী সন্তৌ অখিললোকনাথং কৃষ্ণং শিরসা প্রণম্য ইদম্ ঊচতুঃ স্ম ॥২৮

হে কৃষ্ণ কৃষ্ণ! মহাযোগিন্ অচিন্ত্যপ্রভাব! ত্বং (প্রকৃতেঃ) পরঃ আদ্যঃ কারণভূতঃ পুরুষঃ। ব্যক্তাব্যক্তং স্থূলসূক্ষ্মম্ ইদং বিশ্বং ব্রাহ্মণাঃ তে তব রূপং বিদুঃ ॥২৯

ভাগবত-প্রধান দেবর্ষি নারদের বাক্য সত্য করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণ যে স্থানে সেই যমলার্জ্জুন বৃক্ষ অবস্থান করিতেছিল, ধীরে ধীরে সেই স্থানে গমন করিলেন ।২৪

যেহেতু ভগবান্ চিন্তা করিতে লাগিলেন—'দেবর্ষি নারদ আমার অতীব প্রিয়তম এবং কুবের-তনয়দ্বয়ও স্থাবরাবস্থায় অবস্থানের অযোগ্য, অতএব মহাত্মা নারদ ইহাদের সম্বন্ধে যাহা বলিয়াছেন, এই কুবের-তনয়দ্বয়ের প্রতি সেইরূপে কৃপা করিয়া বৃক্ষযোনি হইতে ইহাদিগকে উদ্ধার করিব ।২৫

এইরূপ মনে চিন্তা করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুন-বৃক্ষদ্বয়ের মধ্যে গমন করিলেন। শ্রীকৃষ্ণের তন্মধ্যে প্রবেশমাত্র উদূখলটী বক্রভাবে পতিত হইল ।২৬

নিখিল ব্রহ্মাণ্ডভাণ্ডোদর বালকরূপী শ্রীকৃষ্ণ নিজের কটিদেশে বদ্ধ পশ্চাতে স্থিত উদূখল অতি বেগে আকর্ষণ করায় উক্ত বৃক্ষদ্বয়ের মূল উৎপাটিত হইল। শ্রীকৃষ্ণের পরম বিক্রমে উহাদের স্কন্ধ, প্রবাল ও শাখা সকল কাঁপিতে কাঁপিতে প্রচণ্ড শব্দ সহকারে ভূমিতলে নিপতিত হইল ।২৭

সেইস্থানে বৃক্ষদ্বয়ের অভ্যন্তরস্থ মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় উজ্জ্বল ও মহতী কান্তি দ্বারা চতুর্দ্দিক্‌প্রকাশকারী পূর্ব্বস্বরূপ প্রাপ্ত কুবের-তনয়দ্বয় অখিল লোকনাথ শ্রীকৃষ্ণের সমীপবর্ত্তী হইয়া অবনত মস্তকে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে বক্ষ্যমাণ বিষয় বলিতে লাগিলেন ।২৮

ঐ দিব্য পুরুষদ্বয় বলিতে লাগিল,—হে কৃষ্ণ! হে মহাযোগিন্! আপনি প্রকৃতির পার, গুণাতীত,

ত্বমেকঃ সর্বভূতানাং দেহাস্বাত্মেন্দ্রিয়েশ্বরঃ।
ত্বমেব কালো ভগবান্ বিষ্ণুরব্যয় ঈশ্বরঃ ॥৩০
ত্বং মহান্ প্রকৃতিঃ সূক্ষ্মা রজঃসত্ত্বতমোময়ী।
ত্বমেব পুরুষোঽধ্যক্ষঃ সর্বক্ষেত্রবিকারবিৎ ॥৩১
গৃহ্যমাণৈস্ত্বমগ্রাহ্যো বিকারৈঃ প্রাকৃতৈগু ণৈঃ।
কো স্বিহার্হতি বিজ্ঞাতুং প্রাক্‌সিদ্ধং গুণসংবৃতঃ ॥৩২
তস্মৈ তুভ্যং ভগবতে বাসুদেবায় বেধসে।
আত্মদ্যোতগুণৈশ্ছন্নমহিম্নে ব্রহ্মণে নমঃ ॥৩৩

যস্যাবতারা জ্ঞায়ন্তে শরীরেষ্বশরীরিণঃ।
তৈস্তৈরতুল্যাতিশয়ৈর্বীর্যৈর্দেহিষ্বসংগতৈঃ ॥৩৪

স ভবান্ সর্বলোকস্য ভবায় বিভবায় চ।
অবতীর্ণোঽংশভাগেন সাম্প্রতং পতিরাশিষাম্ ॥৩৫

নমঃ পরমকল্যাণ নমঃ পরমমঙ্গল।
বাসুদেবায় শান্তায় যদূনাং পতয়ে নমঃ ॥৩৬

একঃ ত্বম্ এব সর্ব্বভূতানাং দেহাস্বাত্মেন্দ্রিয়েশ্বরঃ দেহ-প্রাণাহঙ্কারাদীনাম্ ঈশঃ, ত্বম্ এব ভগবান্ কালঃ প্রকৃতিক্ষোভকঃ অব্যয়ঃ সনাতনঃ, ঈশ্বরঃ সর্ব্বক্ষমঃ, বিষ্ণুঃ সর্ব্বব্যাপী, ত্বং মহান্ মহত্তত্ত্বং, (ত্বম্ এব) রজঃসত্ত্বতমোময়ী ত্রিগুণাত্মিকা সূক্ষ্মা উপাদানস্বরূপা প্রকৃতিঃ। ত্বম্ এব সর্ব্বক্ষেত্রবিকারবিৎ অন্তর্য্যামী অধ্যক্ষঃ নিয়ন্তা পুরুষঃ ॥৩০-৩১

প্রাকৃতৈঃ প্রকৃতিজন্যৈঃ গৃহ্যমাণৈঃ দৃশ্যত্বেন বর্ত্তমানৈঃ বিকারৈঃ গুণৈঃ বুদ্ধ্যহঙ্কারেন্দ্রিয়াদিভিঃ ত্বং নির্ব্বিকারঃ দ্রষ্টা অগ্রাহ্যঃ। গুণসংশ্রিতঃ দেহাদ্যাশ্রিতঃ কঃ নু (জীবঃ প্রাক্ সিদ্ধং স্বপ্রকাশতয়া বিদ্যমানং ত্বাং বিজ্ঞাতুম্ ইহ সংসারে অর্হতি ॥৩২

(অতঃ) তস্মৈ (স্বয়ং) ভগবতে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্নায় (মহা-নারায়ণায়) বাসুদেবায় চতুর্ব্ব্যূহপ্রথমায় বেধসে প্রকৃতস্রষ্টিকর্ত্রে আত্মদ্যোতৈঃ স্বপ্রকটিতৈঃ গুণৈঃ ছন্নমহিম্নে আবৃতস্বরূপায় ব্রহ্মণে পরমবৃংহত্তে তুভ্যং নমঃ ॥৩৩

যস্য তব তৈঃ অনির্ব্বচনীয়ৈঃ অসাধারণৈঃ দেহেষু জীবেষু অসঙ্গতৈঃ অঘটমানৈঃ বীর্য্যৈঃ প্রভাবৈঃ শরীরেষু মৎস্যাদিজাতিষু বর্ত্তমানাঃ অপি অশরীরিণঃ তদ্ধর্ম্মরহিতাঃ অবতারাঃ জ্ঞায়ন্তে ॥৩৪

আশিষাং (ভক্তকামিতানাং সর্ব্বাসাম্ এব) পতিঃ পরি-পূরকঃ সঃ ভবান্ সর্ব্বলোকস্য ভবায় বিভবায় ঐহিকামুষ্মি-কাশেষসম্পত্ত্যর্থং সাম্প্রতম্ (গোকুলক্রীড়াসময়ে) অংশভাগেন বলরামাদিরূপৈশ্বর্য্যসহিতেন অবতীর্ণঃ অসি। হে পরমকল্যাণ! তে তুভ্যং নমঃ, হে বিশ্বমঙ্গল! তে নমঃ; যদূনাং পতয়ে শান্তায় বাসুদেবায় তে নমঃ ॥৩৫-৩৬

আপনি আদিপুরুষ। স্থূল সূক্ষ্মাত্মক এই বিশ্ব প্রপঞ্চকে পণ্ডিত সকল ব্রহ্মস্বরূপ তোমার রূপ বলিয়া নির্দ্দেশ করেন।২৯

হে ভগবন্! আপনি একমাত্র সর্ব্বভূতের দেহ, প্রাণ, ইন্দ্রিয় ও অহঙ্কারের ঈশ্বর। আপনি গুণক্ষোভক শক্তিশালী কালরূপী, আপনি সনাতন, সর্ব্বব্যাপী অব্যয় ভগবান বিষ্ণু।৩০

আপনি মহত্তত্ত্ব, আপনিই সত্ত্ব, রজঃ, তমোময়ী ত্রিগুণাত্মিকা সূক্ষ্ম কারণস্বরূপা প্রকৃতি। আপনিই সর্ব্ব-জীবান্তর্য্যামী সর্ব্বনিয়ন্তা আদি পুরুষ।৩১

হে ভগবন্। আপনি প্রকৃতি-সম্ভূত বিষয়-গ্রাহ্য বুদ্ধি-অহঙ্কার ও ইন্দ্রিয়াদির দ্বারা বুদ্ধি প্রভৃতির আদি কারণ স্বরূপ হইলেও জীবের জ্ঞানের বিষয়ীভূত নন। এই সংসারে দেহাদি গুণাশ্রিত দ্বারা আবৃত কোন্ জীব সকলের আদি স্বয়ং-প্রকাশ-স্বরূপে বর্ত্তমান পরম পুরুষের সত্তা অবধারণে সমর্থ হয়?৩২

অতএব সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ আত্মা প্রকাশ্য গুণসমূহ অর্থাৎ নিজ মায়া দ্বারা সমাবৃত প্রভাববিশিষ্ট অদ্ভুত লীলাকারী বাসুদেব সর্ব্বকারণ-কারণ সেই পরব্রহ্ম যে আপনি, আপনাকে নমস্কার।৩৩

হে ভগবন্। আপনার শরীর নাই বটে, কিন্তু যে সকল অতুল আতিশয্য-সম্পন্ন বীর্য্য দেহীর পক্ষে অসম্ভব, সেই সকল বীর্য্য দর্শন করিয়া দেহীদিগের মধ্যে আপনার অবতার জ্ঞানিগণ জানিতে পারেন।৩৪

অনুজানীহি নৌ ভূমংস্তবানুচরকিঙ্করৌ।
দর্শনং নৌ ভগবত ঋষেরাসীদনুগ্রহাৎ ॥৩৭

বাণী গুণানুকথনে শ্রবণৌ কথায়াং
হস্তৌ চ কর্ম্মসু মনস্তব পাদয়োর্নঃ।
স্মৃত্যাং শিরস্তব নিবাসজগৎপ্রণামে
দৃষ্টিঃ সতাং দর্শনেঽস্তু ভবত্তনূনাম্ ॥৩৮

হে ভূমন্ পরমেশ্বর। তব অনুচরকিঙ্করৌ নৌ আবাম্ (প্রতি) অনুজানীহি আজ্ঞাং বিধেহি। নৌ আবাভ্যাং (তব) দর্শনং ভগবতঃ পরমদয়ালোঃ ঋষেঃ নারদস্য অনুগ্রহাৎ (এব) আসীৎ॥৩৭

হে হরে! নঃ অস্মাকম্ ইয়ং বাণী তব গুণানুকথনে অস্তু, শ্রবণৌ কথায়াং, হস্তৌ কর্ম্মসু, মনঃ তব পাদয়োঃ স্মৃত্যাং, তব নিবাসভূতজগৎপ্রণামে শিরঃ অস্তু, ভবত্তনূনাম্ অর্চ্চারূপাণাং বা নির্ব্বিশেষাণাং সতাং দর্শনে অস্তু ॥৩৮

ধর্ম্মাদি পুরুষার্থ চতুষ্টয়ের অধিপতি সকলের বাঞ্ছাপূর্ণকারী সেই সর্ব্বশক্তিমান্ আপনি জীবের ইহ পরকালের প্রকৃত মঙ্গল বিধানার্থ সম্প্রতি পরিপূর্ণরূপে অবতীর্ণ হইয়াছেন।৩৫

হে পরম কল্যাণ! হে বিশ্বমঙ্গল! আপনাকে নমস্কার। আপনি সর্ব্বব্যাপী বাসুদেব শান্ত ও যদুপতি আপনাকে নমস্কার।৩৬

হে ভূমন্ সর্ব্বব্যাপিন্! আমরা দুইজন আপনার ভক্ত শ্রীশঙ্করের কিংবা শ্রীনারদের কিঙ্কর অথবা কুবেরের দাস, আজ্ঞা করুন কি করিতে হইবে, আমরা যে আপনার দর্শন পাইলাম ইহা শ্রীদেবর্ষি নারদের অনুগ্রহেই জানিবেন।৩৭

আমাদিগের বাণী আপনার ভক্ত-বাৎসল্যাদি গুণে, কর্ণদ্বয়—কথাশ্রবণে, করদ্বয়—মন্দির মার্জ্জনাদি কর্ম্মে, মন—চরণযুগলের স্মরণে, মস্তক ভবদীয় নিবাসভূত শ্রীবৈষ্ণবগণের প্রণাম, নয়ন—আপনার দেহস্বরূপ শ্রীনারদাদি ভক্তগণের শ্রীমূর্ত্তি দর্শনে রত হউক।৩৮

শ্রীশুক উবাচ।
ইত্থং সংকীর্ত্তিতস্তাভ্যাং ভগবান্ গোকুলেশ্বরঃ।
দাম্না চোলূখলে বদ্ধঃ প্রহসন্নাহ গুহ্যকৌ ॥৩৯

শ্রীভগবানুবাচ।
জ্ঞাতং মম পুরৈবৈতদৃষিণা করুণাত্মনা।
যচ্ছ্রীমদান্ধয়োর্বাগ্‌ভির্বিভ্রংশোঽনুগ্রহঃ কৃতঃ ॥৪০
সাধূনাং সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাম্।
দর্শনান্নো ভবেদ্ বন্ধঃ পুংসোঽক্ষ্ণোঃ সবিতুর্যথা ॥৪১

শ্রীশুকঃ উবাচ। উদূখলে দাম্না বদ্ধ গোকুলেশ্বরঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ তাভ্যাম্ ইত্থং সঙ্কীর্ত্তিতঃ সন্ প্রহসন্ গুহ্যকৌ আহ ॥৩৯

শ্রীভগবান্ উবাচ। শ্রীমদান্ধয়োঃ যুবয়োঃ বাগ্‌ভিঃ বিভ্রংশঃ অভিসম্পাতঃ এব অনুগ্রহঃ করুণাত্মনা ঋষিণা কৃতঃ, এতৎ মম (ময়া) পুরা এব জ্ঞাতম্ ॥৪০

সবিতুঃ সূর্য্যস্য উদয়ে অক্ষ্ণোঃ অদর্শনাভাবঃ যথা, তথা সমচিত্তানাং সুতরাং মৎকৃতানাম্ ঈশ্বরার্পিতহৃদয়ানাং সাধূনাং দর্শনাৎ পুংসঃ জনস্য বন্ধঃ ন ভবেৎ ॥৪১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন,—এইরূপে সেই নলকূবর ও মণিগ্রীবকর্ত্তৃক সংস্তুত হইয়া মা যশোদার প্রেমবশে রজ্জুদ্বারা উদূখলে বদ্ধ ভগবান্ শ্রীগোকুলেশ্বর হাসিতে হাসিতে তাহাদিগকে বলিতে লাগিলেন।৩৯

শ্রীভগবান্ কহিলেন—ঐশ্বর্য্যমদে অতি গর্ব্বিত তোমাদিগের দুইজনের প্রতি কৃপালু শ্রীনারদ ঋষি অভিসম্পাত করিয়াছিলেন, তাহা তোমাদের প্রতি তিনি অত্যন্ত অনুগ্রহই করিয়াছেন; ইহা আমি তোমাদিগের বিজ্ঞাপনের পূর্ব্বেই অবগত হইয়াছি।৪০

রবির উদয়ে যেমন চক্ষুর নিকট কোন বস্তুর অদৃশ্যভাব থাকে না, তদ্রূপ সর্ব্বত্র সমচিত্ত আত্মজ্ঞ ও মদর্পিতচিত্ত স্বধর্ম্মবর্ত্তী সাধুদিগের দর্শনেও পুরুষের বন্ধন থাকে না।৪১

তদ্‌গচ্ছতং মৎপরমৌ নলকূবর সাদনম্ ।
সঞ্জাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমোঽভবঃ ॥৪২

শ্রীশুক উবাচ ।

ইত্যুক্তৌ তৌ পরিক্রম্য প্রণম্য চ পুনঃ পুনঃ ।
বদ্ধোলূখলমামন্ত্র্য জগ্মতুর্দিশমুত্তরাম্ ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥১০

হে নলকূবর ! ময়ি বাং যুবয়োঃ পরমঃ উৎকৃষ্টঃ অভবঃ সংসারবিরোধী ভাবঃ প্রেম জাতঃ, তৎ তস্মাৎ মৎপরমৌ সন্তৌ সাদনং স্বস্থানং গচ্ছতম্ ॥৪২

শ্রীশুকঃ উবাচ । শ্রীকৃষ্ণেন ইতি উক্তৌ কথিতৌ তৌ নলকূবরমণিগ্রীবৌ বদ্ধোলূখলং তং কৃষ্ণং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য পুনঃ পুনঃ প্রণম্য আমন্ত্র্য অভিবাদ্য চ উত্তরাং দিশং জগ্মতুঃ ॥৪৩

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে দশমোঽধ্যায়ঃ।

অতএব হে নলকূবর ! তোমরা শ্রীনারদানুগ্রহে কৃতার্থ হইয়াছ, সুতরাং মচ্চিন্তাপরায়ণ হইয়া স্বগৃহে গমন কর। তোমাদিগের সংসারবিরোধী অভিলষিত পরম প্রেম জন্মিয়াছে ।৪২

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন,—শ্রীকৃষ্ণকর্তৃক এই প্রকারে কথিত হইয়া নলকূবর ও মণিগ্রীব উদূখলবদ্ধ সেই শ্রীকৃষ্ণকে পুনঃ পুনঃ প্রণাম, প্রদক্ষিণ ও অনুজ্ঞা লইয়া উত্তরাভিমুখে গমন করিলেন ।৪৩

শ্রীমম্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

একাদশঃ অধ্যায়ঃ।

[গোপানাং গোকুলং পরিত্যজ্য বৃন্দাবনে আগমনম্, তত্র শ্রীকৃষ্ণেন বৎসাসুরবকাসুরয়োর্বধশ্চ।]

শ্রীশুক উবাচ।

গোপা নন্দাদয়ঃ শ্রুত্বা দ্রুময়োঃ পততো রবম্।
তত্রাজগ্মুঃ কুরুশ্রেষ্ঠ নির্ঘাতভয়শঙ্কিতাঃ ॥১

ভূম্যাং নিপতিতৌ তত্র দদৃশুর্যমলার্জ্জুনৌ।
বভ্রমুস্তদবিজ্ঞায় লক্ষ্যং পতনকারণম্ ॥২

উলূখলং বিকর্ষন্তং দাম্না বদ্ধং চ বালকম্।
কস্যেদং কুত আশ্চর্য্যমুৎপাত ইতি কাতরাঃ ॥৩

বালা ঊচুরনেনেতি তির্য্যগ্‌গতমুলূখলম্।
বিকর্ষতা মধ্যগেন পুরুষাবপ্যচক্ষ্মহি ॥৪

ন তে তদুক্তং জগৃহুর্ন ঘটেতেতি তস্য তৎ।
বালস্যোৎপাটনং তর্বোঃ কেচিৎ সংদিগ্ধচেতসঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ হে কুরুশ্রেষ্ঠ! নন্দাদয়ঃ গোপাঃ পততোঃ দ্রুময়োঃ রবং শ্রুত্বা নির্ঘাতভয়শঙ্কিতাঃ (মেঘং বিনা বজ্রপাতম্ অনুমত্য শব্দভীতাঃ সন্তঃ) তত্র আজগ্মুঃ উপতস্থিরে ॥১

তত্র ভূমৌ যমলার্জ্জুনৌ নিপাতিতৌ দদৃশুঃ, তৎ লক্ষ্যং (লক্ষয়িতুং শক্যম্ অপি) পতনকারণম্ অবিজ্ঞায় (তে গোপাঃ) বভ্রমুঃ সন্দিদিহুঃ ॥২

দাম্না রজ্জ্বা বদ্ধম্ উলূখলং বিকর্ষন্তং স্ববালকং (লক্ষ্যম্

অন্বয়ঃ

অপি) কস্য (কেন) ইদম্ আশ্চর্য্যং (কৃতম্), (অহো) কুতঃ উৎপাতঃ জাতঃ ইতি কাতরাঃ ব্যাকুলাঃ বভূবুঃ ॥৩

(বৃক্ষয়োঃ) মধ্যগেন মধ্যগতেন তিরশ্চীনং তির্য্যগ্‌গতম্ উলূখলং বিকর্ষতা অনেন শ্রীকৃষ্ণেন (বৃক্ষদ্বয়ম্ উৎপাটিতম্) (অপরঞ্চ বৃক্ষাভ্যাং বিনির্গতৌ) পুরুষৌ অপি বয়ম্ অচক্ষ্মহি দৃষ্টবন্তঃ ইতি বালাঃ ঊচুঃ ॥৪

তস্য বালস্য (বালেন শ্রীকৃষ্ণেন) তৎ তর্বোঃ বৃক্ষয়োঃ উৎপাটনং ন ঘটেত সম্ভবেৎ ইতি সন্দিগ্ধচেতসঃ কেচিৎ তে তদুক্তং বালভাষিতং ন সত্যম্ ইতি জগৃহুঃ ॥৫

একাদশ অধ্যায়।

[গোপগণের গোকুল পরিত্যাগ করিয়া বৃন্দাবনে আগমন এবং সেখানে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বৎসাসুর ও বকাসুর বধ।]

হে কুরুশ্রেষ্ঠ! শ্রীনন্দাদি গোপগণ সেই যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের পতনশব্দ শ্রবণপূর্ব্বক বিনা মেঘে বজ্রাঘাত রূপ উৎপাত বিশেষে বা দৈত্যাদি কর্ত্তৃক কোনরূপ উপদ্রবে শঙ্কিত হইয়া সেই স্থানে আগমনের জন্য দ্রুতপদে প্রস্থান করিলেন।১

সেই নন্দাদি গোপগণ দূর হইতে ভূমিতলে নিপতিত যমলার্জ্জুন বৃক্ষদ্বয় দর্শন করিলেন। রজ্জু দ্বারা বদ্ধ উদূখল আকর্ষণকারী ও বৃক্ষদ্বয় পতনের কারণীভূত দূরস্থ প্রযুক্ত সম্ভ্রান্তবশতঃ বা পতিত সেই বৃক্ষদ্বয়ের শাখাদিদ্বারা ব্যবহিত থাকায় তাহা অনুভব করিতে না পারিয়া সন্দেহ করিতে লাগিলেন। ক্রমে নিকটবর্ত্তী হইয়াও শাখাদি দ্বারা ব্যবহিত বালককে না দেখিয়া বলিতে লাগিলেন—ইহা কাহার কর্ম্ম? অর্থাৎ কোন্ ব্যক্তি এই বিস্ময়াবহ অকার্য্য করিল? অথবা কোথা হইতে এই উৎপাত উপস্থিত হইল, এইরূপ বলিতে বলিতে অতিশয় ব্যাকুল হইয়া পড়িলেন।২-৩

তদনন্তর শ্রীযশোদা কর্ত্তৃক কৃষ্ণসংরক্ষণে নিযুক্ত তত্রত্য কতিপয় বালক শ্রীনন্দাদি গোপগণকে শাখাদি দ্বারা ব্যবহিত কৃষ্ণকে দর্শন করাইয়া বলিতে লাগিলেন। এই কৃষ্ণ বৃক্ষদ্বয়ের মধ্যে প্রবেশ করিয়া বক্রভাবে আপতিত উদূখল আকর্ষণ করিতে করিতে বৃক্ষদ্বয় উৎপাটিত করিয়াছে, ইহা আমরা স্বচক্ষে দেখিয়াছি। (এতচ্ছ্রবণে

উলূখলং বিকর্ষন্তং দাম্না বদ্ধং স্বমাত্মজম্।
বিলোক্য নন্দঃ প্রহসদ্বদনো বিমুমোচ হ ॥৬
গোপীভিঃ স্তোভিতোঽনৃত্যদ্ ভগবান্ বালবৎ ক্বচিৎ।
উদ্গায়তি ক্বচিন্মুগ্ধস্তদ্বশো দারুযন্ত্রবৎ ॥৭
বিভর্ত্তি ক্বচিদাজ্ঞপ্তঃ পীঠকোন্মানপাদুকম্।
বাহুক্ষেপং চ কুরুতে স্বানাং চ প্রীতিমাবহন্ ॥৮

দাম্না বদ্ধম্ উলূখলং বিকর্ষন্তং স্বম্ আত্মজং বিলোক্য প্রহসদ্বদনঃ নন্দঃ (তং) বিমুমোচ হ ॥৬

গোপীভিঃ স্তোভিতঃ প্রোৎসাহিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ বালবৎ ক্বচিৎ অনৃত্যৎ। দারুযন্ত্রবৎ (সূত্রবদ্ধা পুত্তলিকেব) তদ্বশঃ গোপীবশঃ মুগ্ধঃ ইব ক্বচিৎ উদ্গায়তি (স্ম) ॥৭

ক্বচিৎ (ঐশ্বর্য্যবীর্য্যজ্ঞাপনার্থম্) আজ্ঞপ্তঃ সন্ পীঠকোন্মান-

দর্শয়ংস্তদ্বিদাং লোক আত্মনো ভৃত্যবশ্যতাম্।
ব্রজস্যোবাহ বৈ হর্ষং ভগবান্ বালচেষ্টিতৈঃ ॥৯

ক্রীণীহি ভোঃ ফলানীতি শ্রুত্বা সত্বরমচ্যুতঃ।
ফলার্থী ধান্যমাদায় যযৌ সর্বফলপ্রদঃ ১০

পাদুকং বিভর্ত্তি তদ্বিদাং স্বানাং জ্ঞাতীনাং গোপজাতীনাং লোকে ভৃত্যবশ্যতাং ভক্তাধীনতাং দর্শয়ন্ বোধয়ন্ প্রীতিম্ আবহন্ আনন্দং বর্দ্ধয়ন্ বাহুক্ষেপং করচালনং চ কুরুতে। ইত্থং ভগবান্ শ্রীকৃষ্ণঃ বালচেষ্টিতৈঃ ব্রজস্য ব্রজবাসিনঃ হর্ষং বৈ উবাহ। (ইত্যবসরেণ) ভোঃ ফলানি ক্রীণীহি ইতি শব্দং শ্রুত্বা সর্ব্বফলপ্রদঃ অচ্যুতঃ ফলার্থী সন্ ধান্যম্ আদায় (ফলবিক্রয়িণ্যাঃ সমীপম্) সত্বরং যযৌ ॥৮-৯-১০

গোপগণ তাহা বিশ্বাস না করায় পুনর্ব্বার তাঁহাদিগকে বলিলেন) কেবল বৃক্ষদ্বয়ের পতন দর্শন করিয়া এমত নহে; অপিচ এই পতিত বৃক্ষদ্বয়ের মধ্য হইতে দুইটি দিব্য অর্থাৎ স্বর্গীয় মহাপুরুষকেও আমরা দর্শন করিয়াছি।৪

সেই বালকের এতাদৃশ বৃক্ষের উৎপাটন কখনও সম্ভবপর নহে এই বলিয়া কৃষ্ণে মমতার্দ্রচিত্ত ও তৎপ্রভাব অনুসন্ধানে বিরত শ্রীনন্দাদি গোপগণ ঐ বালকদের বাক্য সত্য বলিয়া বিশ্বাস করিলেন না। কিন্তু "নারায়ণের সমান গুণ" এই গর্গ-বাক্য স্মরণ করিয়া ও স্বাভাবিক প্রেমোদয়বশতঃ কেহ কেহ বা ঐ কথায় সন্দিগ্ধচিত্ত হইলেন।৫

শ্রীনন্দ মহারাজ রজ্জু দ্বারা বদ্ধ উদূখল আকর্ষণকারী নিজ পুত্রকে বিলোকন অর্থাৎ তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ প্রভৃতি বিশেষরূপে দর্শন করিয়া বদ্ধ ও ভীত বালকের উল্লাসার্থ সহর্ষে ও হাস্যমুখে তাঁহার বন্ধন বিশেষরূপে মোচন করিয়া দিলেন।৬

[এই প্রকারে শ্রীকৃষ্ণ কেবল পরম বাৎসল্যময় জনকজননীরই যে প্রেমে বশতাপন্ন হইয়াছেন, তাহা নহে; পরন্তু ব্রজস্থিত অন্যান্য গোপগোপী প্রভৃতির প্রেমাধীনও হইয়াছেন তাহাই দেখাইবার নিমিত্ত প্রাক্তন বাল্যচরিত্র বলিতেছেন]

ভগবান্ অখিল ঐশ্বর্য্যসম্পন্ন হইলেও অন্য প্রাকৃত বালকের ন্যায় গোপীগণের বাৎসল্যপ্রেমের অধীন বাল্যলীলার অভিনিবেশবশতঃ স্বীয় ঐশ্বর্য্য বিস্মৃত হইয়া গোপীগণ কর্তৃক স্তোভিত অর্থাৎ "রে কৃষ্ণ! যদি নৃত্য কর, তবে তোমাকে এই খণ্ড-লড্ডুক প্রদান করিব" এই প্রকারে প্রোৎসাহিত হইয়া কিংবা করতালাদি দ্বারা উত্তেজিত হইয়া এবং তাহাদিগের প্রেমমুগ্ধ ও সূত্রগ্রথিত নৃত্যাদিপরা পুত্তলিকার ন্যায় গোপীদিগের বশবর্ত্তী হইয়া কখন কখন নৃত্য করিতেন, কখন কখন বা গান করিতেন।৭

কৃষ্ণের কি পরিমিত বল হইয়াছে—ইহা জানিবার নিমিত্ত গোপীগণ প্রথমে কৃষ্ণকে বলিলেন—কৃষ্ণ! পাদুকা আনয়ন কর, [অনন্তর তাহা হইতে অধিক ভার] ধান্যাদি পরিমাণ পাত্র আনয়ন কর, [তৎপরে তাহা হইতেও প্রচুর ভার] পীঠ আনয়ন কর, ইত্যাদি প্রকারে আদেশ করিলে শ্রীকৃষ্ণ পাদুকা ধান্যাদি, পরিমাণ পাত্র ও পীঠ আনয়নপূর্ব্বক স্বীয়

ফলবিক্রয়িণী তস্য চ্যুতধান্যং করদ্বয়ম্।
ফলৈরপূরয়দ্ রত্নৈঃ ফলভাণ্ডমপূরি চ ॥১১

সরিত্তীরগতং কৃষ্ণং ভগ্নার্জুনমথাহ্বয়ৎ।
রামং চ রোহিণী দেবী ক্রীড়ন্তং বালকৈর্ভৃশম্ ॥১২

ফলবিক্রয়িণী তস্য চ্যুতধান্যকরদ্বয়ং চ্যুতানি ধান্যানি যস্মাৎ তাদৃশং করদ্বয়ং রত্নৈঃ ফলৈঃ অপূরয়ৎ তদ্‌বিনিময়েন ফলভাণ্ডম্ অপি চতুর্বর্গফলৈঃ অপূরি চ ॥১১

দেবী রোহিণী অথ সরিত্তীরগতং ভগ্নার্জ্জুনং ভগ্নৌ অর্জ্জুনৌ যেন তং কৃষ্ণং রামং চ বালকৈঃ সহ ভৃশং ক্রীড়ন্তম্ আহ্বয়ৎ।

মৃদুল জঠরোপরি ধারণ করিলেন এবং স্বীয় পরাক্রম-দর্শনে আত্মীয়গণের প্রীতি-সম্পাদনার্থ তত্তৎ কর্ম্মে মুহুর্মুহুঃ বাহুদ্বয় ক্ষেপণ করিতে লাগিলেন।৮

এই লীলার আনুষঙ্গিক প্রয়োজন এই যে, ইহ-লোকে ভৃত্যবশ্যতা-অনভিজ্ঞ অথচ কেবল ভগবদৈশ্বর্য্যাভিজ্ঞ ব্রহ্মাদি দেবগণকে নিজের ভৃত্যাধীনতা সাক্ষাৎ সম্বন্ধে জানাইবার নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণ বাল্যলীলাসমূহের দ্বারা ব্রজবাসি-সকলের আনন্দবিধান করিতেন, ইহাই প্রসিদ্ধ আছে।৯

[হে রাজন্, শ্রীকৃষ্ণ স্বীয় আত্মীয়গণের প্রীতি প্রদান করিয়াছিলেন—এই বিষয় আর অধিক কি বর্ণনা করিব; আহা! ব্রজের অদূরবর্ত্তী পুলিন্দ (ম্লেচ্ছজাতিবিশেষ) জাতিদিগেরও অপার আনন্দ-বিধান করিয়াছিলেন, তাহাই বলিতেছেন।]

হে ব্রজবাসিন্! কেহ কি ফল ক্রয় করিবে? ফল-বিক্রয়িণীর এই বাক্য শ্রবণ করিয়া অচ্যুত সর্ব্বার্থ-পরিপূর্ণ হইয়াও অগ্রস্থিত ধান্যমাত্র গ্রহণ করিয়া সত্বর গমন করিলেন, কিন্তু ক্ষুদ্রতর হস্তধৃত অল্পমাত্র এই ধান্য তাহা বিচার করিলেন না।১০

কৃষ্ণ গৃহাভ্যন্তর হইতে ধান্য লইয়া দ্রুতপদে বহির্গমন করিলেন বটে, কিন্তু পথিমধ্যেই তদীয় করস্থ ধান্যসকল প্রায় পতিত হইল, পরন্তু কেবল

নোপেয়াতাং যদাহূতৌ ক্রীড়াসঙ্গেন পুত্রকৌ।
যশোদাং প্রেষয়ামাস রোহিণী পুত্রবৎসলা ॥১৩

ক্রীড়ন্তং সা সুতং বালৈরতিবেলং সহাগ্রজম্।
যশোদাঽজোহবীৎ কৃষ্ণং পুত্রস্নেহস্নুতস্তনী ॥১৪

যদা রামকৃষ্ণৌ ন আহূতৌ পুত্রকৌ উপেয়াতাং, তদা পুত্রবৎসলা রোহিণী যশোদাং প্রেষয়ামা ॥১২-১৩

পুত্রস্নেহস্নুতস্তনী সা যশোদা সহাগ্রজং বলরামসহিতং সুতং কৃষ্ণং বালৈঃ সহ অতিবেলং বেলামতিক্রম্য ক্রীড়ন্তং বীক্ষ্য অজোহবীৎ পুনঃ পুনঃ আজুহাব ॥১৪

দুটি কি তিনটি ধান্যযুক্ত অঞ্জলিকেই তিনি "লও লও" বলিয়া ফলপাত্রে ন্যস্ত করিলে তদ্দর্শনে সমুৎপন্ন মহাস্নেহযুক্তা ফলবিক্রয়িণী রত্নাকর পীলু প্রভৃতি পাত্রস্থ সমস্ত ফলের দ্বারা বিগলিত ধান্য তদীয় করদ্বয় পূর্ণ করিয়াছিল, এবং বিগলিত ধান্যযুক্ত কর হইলেও ভগবানের স্বাভাবিক সর্ব্বফলপ্রদত্ব শক্তি দ্বারা স্বয়ং আবির্ভূত নানাবিধ রত্ন কর্ত্তৃক তাহার ফলভাণ্ড পরিপূর্ণ হইয়াছিল বটে, কিন্তু ভগবানের মাধুর্য্যবশে বিবশেন্দ্রিয়তা-প্রযুক্ত সেই ফল বিক্রয়িণী তাহা জানিতে না পারিয়া স্বগৃহে প্রবেশকাল পর্য্যন্ত লাভালাভাদি বিস্মৃত হইয়া গৃহেই গমন করিল।১১

(সখি রোহিণী! তুমি যমুনা-তীরগত রাম-কৃষ্ণকে আনয়ন কর। এইরূপে শ্রীযশোদা কর্ত্তৃক প্রেরিতা হইয়া) শ্রীরোহিণী দেবী তথায় গমনান্তে যমলার্জ্জুন-ভঞ্জনকারী শ্রীকৃষ্ণকে "কৃষ্ণ, কানাই, গোপাল, দামোদর, অধোক্ষজ" ইত্যাদি নামে ও বলরামকে বলাই, রাম ইত্যাদি নামে আহ্বান করিতে লাগিলেন।

এইরূপে আহূত হইয়াও পুত্রদ্বয় বালকগণের সহিত ক্রীড়াতে অত্যন্ত আসক্তিবশতঃ যখন আগমন করিলেন না, তখন যমুনাতীরে নানা উপদ্রব আশঙ্কায় ও পুত্রদ্বয়ের স্নান-ভোজনাভিলাষে পুত্রবৎসলা রোহিণী-দেবী প্রত্যাবর্ত্তন পূর্ব্বক বাৎসল্যাধিক্যপ্রযুক্ত শীঘ্র

কৃষ্ণ কৃষ্ণারবিন্দাক্ষ তাত এহি স্তনং পিব।
অলং বিহারৈঃক্ষুৎক্ষান্তঃক্রীড়াশ্রান্তোঽসি পুত্রক॥১৫
হে রামাগচ্ছ তাতাশু সানুজঃ কুলনন্দন।
প্রাতরেব কৃতাহারস্তদ্ ভবান্ ভোক্তুমর্হতি ॥১৬

হে অরবিন্দাক্ষ কৃষ্ণ! হে তাত কৃষ্ণ! ত্বম্ এহি, স্তনং পিব, বিহারৈঃ অলং, (অধুনা) ক্ষুৎক্ষান্তঃ ভবান্ ভোক্তুম্ অর্হতি। হে কুলনন্দন তাত রাম! সানুজঃ আশু আগচ্ছ। হে পুত্রক! প্রাতঃ এব কৃতাহারঃ, অতঃ অধুনা ক্রীড়াশ্রান্তঃ অসি ॥১৫-১৬

হে দাশার্হ! ভোক্ষ্যমাণঃ ব্রজাধিপঃ ত্বাং প্রতীক্ষতে,

পুত্রদ্বয়ের আনয়নে সমর্থা শ্রীব্রজেশ্বরীকে তথায় প্রেরণ করিলেন।১২-১৩

পুত্রস্নেহে ক্ষরিতস্তনী সেই যশোমতী বহুক্ষণ ব্যাপিয়া অর্থাৎ অনেক সময় পর্য্যন্ত বালকদিগের সহিত ক্রীড়ারত অগ্রজের (বলরামের) সহিত পুত্রকে (কৃষ্ণকে) দেখিয়া "হঠাৎ নিকটে গমন করিলে পলায়ন করিতে পারে" এই আশঙ্কায় দূর হইতেই আহ্বান করিতে লাগিলেন।১৪

হে কৃষ্ণ ভোঃ কৃষ্ণ! হে অরবিন্দাক্ষ! হে তাত! আগমন কর, স্তন পান কর, তুমি ক্ষুধায় কাতর হইয়াছ, অতএব ভোজন কর, এক্ষণে আর ক্রীড়ার প্রয়োজন নাই।১৫

নানারূপ আহ্বানেও পুত্রকে অনাগত দেখিয়া শ্রীযশোমতী ভাবিলেন—অগ্রজ বলরাম আমার বাক্য প্রতিপালক, সে অবশ্য বলপূর্ব্বক কৃষ্ণকে ধরিয়া আনিবে; এই আশায় শ্রীরামকে ডাকিতে লাগিলেন—হে কুলনন্দন তাত রাম! কনিষ্ঠ ভ্রাতার সহিত সত্বর আমার কাছে আগমন কর। হে পুত্র! তুমি প্রাতঃকালে আহার করিয়া আসিয়াছ এবং বহুক্ষণ যাবৎ খেলা করিয়া অত্যন্ত পরিশ্রান্ত হইয়াছ।১৬

প্রতীক্ষতে ত্বাং দাশার্হ ভোক্ষ্যমাণো ব্রজাধিপঃ।
এহ্যাবয়োঃ প্রিয়ং ধেহি স্বগৃহান্ যাত বালকাঃ ॥১৭
ধূলিধূসরিতাঙ্গস্ত্বং পুত্র মজ্জনমাবহ।
জন্মর্ক্ষং তেঽদ্য ভবতো বিপ্রেভ্যো দেহি গাঃ শুচিঃ॥১৮

(অত্র) এহি আগচ্ছ, আবয়োঃ প্রিয়ং ধেহি কুরু সাধয়। রে বালকাঃ! স্বগৃহান্ যাত ॥১৭

হে তাত! ধূলিধূসরিতাঙ্গঃ ত্বং মজ্জনং স্নানম্ আবহ বিধিবৎ কুরু। অদ্য তে তব জন্মর্ক্ষং ভবতি, শুচিঃ সন্ বিপ্রেভ্যঃ গাঃ দেহি ॥১৮

ব্রজেশ্বর ভোজন করিতে গিয়া তোমার অপেক্ষায় বসিয়া আছেন, হে দাশার্হ! মিত্র-পুত্র হেতু পরম অপেক্ষণীয় তোমা ব্যতিরেকে তাঁহার কখনই ভোজন হইতে পারে না। অতএব তোমা ভিন্ন ভোজনে অসমর্থ পিতাকে কি ক্ষুধায় কষ্ট প্রদান করিবে? (ইত্যাদি বাক্যেও অনাগত দেখিয়া আবার বলিলেন) এস আমাদিগের অর্থাৎ তোমার ছোট মা ও আমার অথবা ব্রজেশ্বর মহোদয়ের প্রিয়াচরণ কর। (ক্রীড়াসক্ত শ্রীকৃষ্ণের প্রেমে আসক্তি-বশতঃ বলরামকেও ক্রীড়াভিনিবিষ্ট দেখিয়া খেলা হইতে বালকসকলকে নিবারণ করিতে লাগিলেন) হে বালকগণ! তোমরাও নিজগৃহে গমন কর। তোমাদের মাতাপিতাও আমাদিগের ন্যায় ক্লেশানুভব করিতেছে, অতএব গৃহে গমন পূর্ব্বক তাঁহাদিগের সুখবিধান কর।১৭

বালকদিগকেও কৃষ্ণপ্রণয়াসক্তহেতু খেলা হইতে অনিবৃত্ত দেখিয়া মিথ্যা প্রয়োজন বিশেষ প্রদর্শন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে আহ্বান করিতেছেন—হে বৎস! তুমি ধূলিদ্বারা ধূসরিতাঙ্গ হইয়াছ, সুতরাং বিধিবৎ স্নান কর, অদ্য তোমার জন্ম-নক্ষত্র উপস্থিত, অতএব পবিত্র হইয়া ব্রাহ্মণদিগকে গাভী-সকল প্রদান কর।১৮

পশ্য পশ্য বয়স্যাংস্তে মাতৃমৃষ্টান্ স্বলঙ্কৃতান্।
ত্বং চ স্নাতঃ কৃতাহারো বিহরস্ব স্বলঙ্কৃতঃ ॥১৯
ইত্থং যশোদা তমশেষশেখরং
মত্বা সুতং স্নেহনিবদ্ধধীর্নৃপ।
হস্তে গৃহীত্বা সহরামমচ্যুতং
নীত্বা স্ববাটং কৃতবত্যথোদয়ম্ ॥২০
গোপবৃদ্ধা মহোৎপাতাননুভূয় বৃহদ্বনে।
নন্দাদয়ঃ সমাগম্য ব্রজকার্য্যমমন্ত্রয়ন্ ॥২১

তত্রোপনন্দনামাহ গোপো জ্ঞানবয়োঽধিকঃ।
দেশকালার্থতত্ত্বজ্ঞঃ প্রিয়কৃদ্ রামকৃষ্ণয়োঃ ॥২২
উত্থাতব্যমিতোঽস্মাভির্গোকুলস্য হিতৈষিভিঃ।
আয়ান্ত্যত্র মহোৎপাতা বালানাং নাশহেতবঃ ॥২৩
মুক্তঃ কথঞ্চিদ্ রাক্ষস্যা বালঘ্ন্যা বালকো হ্যসৌ
হরেরনুগ্রহান্নূনমনশ্চোপরি নাপতৎ ॥২৪

মাতৃমৃষ্টান্ স্বলঙ্কৃতান্ স্নানান্তরং কেশভূষাদিনা সজ্জীকৃতান্ তে তব বয়স্যান্ পশ্য পশ্য; ত্বং চ স্নাতঃ কৃতাহারঃ স্বলঙ্কৃতঃ সন্ বিহরস্ব ॥১৯

হে নৃপ! স্নেহনিবদ্ধধীঃ স্নেহবিবশান্তঃকরণা যশোদা ইত্থম্ অশেষশেখরম্ অনন্তপূজিতং শ্রীকৃষ্ণং সুতং তনয়ং মত্বা সহরামং রামেণ সমম্ অচ্যুতং হস্তে গৃহীত্বা করে ধৃত্বা স্ববাটং নিজমন্দিরং নীত্বা অথ উদয়ং স্নপনভোজনালঙ্কারাদি-মঙ্গলং কৃতবতী ॥২০

নন্দাদয়ঃ গোপবৃদ্ধাঃ বৃহদ্বনে মহোৎপাতান্ অনুভূয় সমাগম্য সর্ব্বে মিলিত্বা ব্রজকার্য্যং ব্রজহিতম্ অমন্ত্রয়ন্ পরামমর্শুঃ ॥২১

তত্র উপনন্দঃ নাম রামকৃষ্ণয়োঃ প্রিয়কৃৎ হিতকারী দেশকালার্থতত্ত্বজ্ঞঃ (দেশাদীনাং ত্রয়াণাম্ একৈকেষাং মিলিতানাং চ যত্তত্ত্বং জানাতি সঃ) জ্ঞানবয়োধিকঃ (জ্ঞানেন বয়সা চ অধিকঃ) কশ্চিৎ গোপঃ আহ ॥২২

গোকুলস্য গোকুলবাসিনঃ হিতৈষিভিঃ অস্মাভিঃ ইতঃ স্থানাৎ উত্থাতব্যম্ অন্যত্র গন্তব্যম্। যতঃ অত্র বালানাং নাশহেতবঃ মহোৎপাতাঃ আয়ান্তি ॥২৩

যতঃ অসৌ বালকঃ রাক্ষস্যাঃ বালঘ্ন্যাঃ পূতনায়াঃ সকাশাৎ কথঞ্চিৎ (কেনাপ্যনির্ব্বচনীয়েনৈব কারণেন ইত্যর্থঃ) হি মুক্তঃ, ততঃ অস্য উপরি অনঃ শকটঃ যৎ ন অপতৎ, এতৎ হরেঃ অনুগ্রহাদেব ॥২৪

ইতিমধ্যে খেলা করিতে সমাগত অন্যান্য বালকদিগকে দেখাইয়া মাৎসর্য্য উৎপাদন পূর্ব্বক প্রেমজন্য কোপ বা খেদের সহিত বলিতেছেন,—দেখ, দেখ, তোমার এই বয়স্যগণ নিজ নিজ জননীকর্ত্তৃক প্রথমে স্নানাদির দ্বারা নির্ম্মলীকৃত হইয়া পশ্চাৎ সুন্দর সুন্দর অলঙ্কারে ভূষিত হইয়াছে, তুমিও স্নান আহার ও অলঙ্কার পরিধান করিয়া ক্রীড়া কর।১৯

হে রাজন্! এইরূপ সলালন বাক্য বলিতে বলিতে ধীরে ধীরে নিকটে যাইয়া বাৎসল্যপূর্ণ-হৃদয়া শ্রীযশোমতী সকলের চূড়ামণির ন্যায় শিরো-ধার্য্য শ্রীকৃষ্ণকে "আমার এই পুত্র" এইরূপ মনে জানিয়া অথবা পুত্রকে স্বীয় কুলের চূড়ামণি মনে করিয়া রামের সহিত কৃষ্ণকে হস্তে ধারণ করত নিজগৃহে লইয়া গিয়া তৎক্ষণাৎ স্নান, ভোজন ও অলঙ্কারাদি মঙ্গলকর্ম্ম সম্পাদন করিলেন।২০

জ্ঞান-বৃদ্ধ শ্রীনন্দাদি গোপগণ মহাবনে পূতনাগমনাদি নানাবিধ মহোৎপাতসমূহ অনুভব করিয়া যমলার্জ্জুন-ভঙ্গ ও ইন্দ্রযজ্ঞ সমাপনান্তে সকলে সভামধ্যে মিলিত হইয়া ব্রজের হিতার্থ মন্ত্রণা করিতে লাগিলেন।২১

সম্মিলিত গোপবৃন্দের মধ্যে জ্ঞানে ও বয়সে সকলের প্রধান, দেশ, কাল ও অর্থ বিচার পূর্ব্বক কার্য্য বিচারে নিপুণ ও শ্রীরাম-কৃষ্ণের প্রিয়কারী উপনন্দনামক গোপমহাশয় মহোৎপাতাদি অনুভব করিয়া রাম-কৃষ্ণের ভাবী অনিষ্ট আশঙ্কায় বলিতে লাগিলেন।২২

গোকুলবাসীমাত্রের হিতাভিলাষী আমাদের (শীঘ্রই) এই স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র গমন

চক্রবাতেন নীতোঽয়ং দৈত্যেন বিপদং বিয়ৎ।
শিলায়াং পতিতস্তত্র পরিত্রাতঃ সুরেশ্বরৈঃ ॥২৫
যন্ন ম্রিয়েত দ্রুময়োরন্তরং প্রাপ্য বালকঃ।
অসাবন্যতমো বাপি তদপ্যচ্যুতরক্ষণম্ ॥২৬

অয়ং বালকঃ চক্রবাতেন তৃণাবর্ত্তেন দৈত্যেন বিপদং নিরাশ্রয়ং যথা স্যাৎ তথা বিয়ৎ আকাশং নীতঃ, তথাপি ততঃ শিলায়াং পতিতঃ তত্র শিলাপৃষ্ঠে সুরেশ্বরৈঃ (অচ্যুত-পার্ষদৈঃ) এব পরিত্রাতঃ রক্ষিতঃ ॥২৫

দ্রুময়োঃ অর্জ্জুনয়োঃ অন্তরং মধ্যং প্রাপ্য অসৌ কৃষ্ণঃ অন্যতমঃ বালকঃ অপি বা যৎ ন ম্রিয়তে, তত্র অচ্যুতরক্ষণম্ অচ্যুতেন বিষ্ণুনা রক্ষণম্ অপি কারণম্ আসীৎ ॥২৬

যাবদৌৎপাতিকোঽরিষ্টো ব্রজং নাভিভবেদিতঃ।
তাবদ্ বালানুপাদায় যাস্যামোঽন্যত্র সানুগাঃ ॥২৭
বনং বৃন্দাবনং নাম পশব্যং নবকাননম্।
গোপগোপীগবাং সেব্যং পুণ্যাদ্রিতৃণবীরুধম্ ॥২৮

ঔৎপাতিকঃ উৎপাতজঃ অরিষ্টঃ অনর্থঃ ব্রজং যাবৎ ন অভিভবেৎ নশ্যেৎ, তাবৎকালেন সানুগাঃ বয়ং বালান্ উপাদায় ইতঃ স্থানাৎ অন্যত্র যাস্যামঃ ॥২৭

কিঞ্চ বৃন্দাবনং নাম গোপগোপীগবাং সেব্যং সম্ভোগার্হং, যতঃ পুণ্যাদ্রিতৃণবীরুধং পুণ্যাঃ প্রসন্নাঃ এবাদ্রয়স্তৃণা বীরুধশ্চ যত্র নবকাননং পশব্যং পশুভ্যো হিতং সর্ব্বোপদ্রবরহিতং বনম্ অস্তি। ২৮

করা কর্ত্তব্য; কারণ, এই স্থানে বালকদিগের বিনাশক মহা উৎপাতসকল উপস্থিত হইতেছে।২৩

(তখন উপনন্দ সমস্ত বালকদিগকে উপলক্ষ্য করিয়াই যেন মহা উৎপাত জন্য অনুতাপ প্রকাশ পূর্ব্বক ও কৌতুক-বশতঃ স্বয়ং সভায় সমাগত শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া স্নেহ সহকারে দৃষ্টান্ত দেখাইয়া বলিতেছেন) সকলেই দেখিয়াছ—এই বালক সেই বালঘাতিনী রাক্ষসী পূতনা হইতে কোনও অনির্ব্বচনীয় কারণে মুক্ত হইরাছে। আর নিশ্চয় বোধহয় শ্রীনারায়ণের অনুগ্রহেই ইহার উপরে শকটও পতিত হয় নাই।২৪

এই বালক, তৃণাবর্ত্ত দৈত্যকর্ত্তৃক পক্ষিকুলের বিহারস্থান আকাশমার্গে নীত হয়, পরে আকাশ হইতে শিলাপৃষ্ঠে পতিত হইয়াও অচ্যুত-প্রেরিত তৎপার্ষদরূপ সুরেশ্বরগণ কর্ত্তৃক সংরক্ষিত হইয়াছিল।২৫

(মৃত্যুশব্দ প্রয়োগ করা অবক্তব্য হইলেও দুঃখের সহিত সজল নয়নে গদগদ স্বরে বলিতেছেন) যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের মধ্যে থাকিয়াও যে এই শ্রীকৃষ্ণ অথবা অন্য কোন বালক মৃত্যুমুখে পতিত হয় নাই, তাহাও অচ্যুত কর্ত্তৃক রক্ষা বলিতে হইবে।২৬

[দেখ গোপগণ! পূর্ব্বে এই নগরে ভগবান্ শ্রীবিষ্ণুর কথা কীর্ত্তন, দর্শন ও পরিচর্য্যাদি বহুতর হইত, যেদিন হইতে নন্দের এই বালক ভূমিষ্ঠ হইয়াছে; সেইদিন হইতে হাটে মাঠে ঘাটে গোষ্ঠে গৃহে কিংবা সভাস্থলে সর্ব্বত্রই এই বালকের কথা কীর্ত্তন ও তদ্দর্শনাদি নিরন্তর হইতেছে। অতএব যে পরমেশ্বর অবিরত রক্ষাবিধান করিতেছেন; তাদৃশ ভগবানের ভজন, আমাদিগের কোথা হইতে হইবে? যেহেতু তিনি সর্ব্বদা আমাদিগকে রক্ষা করিবেন। আমাদিগের সে পরমেশ্বরের ভজন করা অসম্ভব বিধায় তৎকর্ত্তৃক আদিষ্ট নীতিশাস্ত্রানুসারে এই উৎপাত-স্থান সত্বর পরিত্যাগ করাই ন্যায়সঙ্গত, অতএব যে পর্য্যন্ত উৎপাতজনিত অনর্থ এই ব্রজভূমিকে নষ্ট না করে, তাহার পূর্ব্বেই গোধন-ভৃত্যাদি সমভিব্যাহারে বালকদিগকে লইয়া আমরা এই স্থান হইতে অন্য কোথাও গমন করিব।২৭

যদি বল আমাদিগের প্রাচীন রাজধানী নন্দীশ্বরে গমন করা কর্তব্য; তাহাও হইতে পারে না, কারণ যেই অরিষ্টাসুরের ভয়ে নন্দীশ্বর হইতে পলায়ন করিয়া এই মহাবনে আমরা আবাসভূমি করিয়াছিলাম সেই অরিষ্ট অধুনাও সেই নন্দীশ্বরেই রহিয়াছে, অতএব তথায় যাওয়া হইবে না এবং ব্রজভূমি পরিত্যাগ করিয়াও অন্যত্র যাইবার বাসনা

তত্তত্রাদ্যৈব যাস্যামঃ শকটান্ যুঙ্ক্ত মা চিরম্।
গোধনান্যগ্রতো যান্তু ভবতাং যদি রোচতে ॥২৯

তচ্ছ্রুত্বৈকধিয়ো গোপাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
ব্রজান্ স্বান্ স্বান্ সমাযুজ্য যযু রূঢ়পরিচ্ছদাঃ ॥৩০

বৃদ্ধান্ বালান্ স্ত্রিয়ো রাজন্ সর্বোপকরণানি চ।
অনঃস্বারোপ্য গোপালা যত্তা আত্তশরাসনাঃ ॥৩১

গোধনানি পুরস্কৃত্য শৃঙ্গাণ্যাপূর্য্য সর্ব্বতঃ।
তূর্য্যঘোষেণ মহতা যযুঃ সহপুরোহিতাঃ ॥৩২

গোপ্যো রূঢ়রথা নূত্নকুচকুঙ্কুমকান্তয়ঃ।
কৃষ্ণলীলা জগুঃ প্রীতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ ॥৩৩

তথা যশোদারোহিণ্যাবেকং শকটমাস্থিতে।
রেজতুঃ কৃষ্ণরামাভ্যাং তৎকথাশ্রবণোৎসুকে ॥৩৪

যদি ভবতাং রোচতে, তৎ তদা অদ্যৈব তত্র যাস্যামঃ, চিরং মা বিলম্বেন অলং, শকটান্ যুঙ্ক্ত, গোধনানি অগ্রতঃ যান্তু ॥২৯

তৎ শ্রুত্বা সাধু সাধু ইতি বাদিনঃ একধিয়ঃ আপত্তি-শূন্যাঃ গোপাঃ স্বান্ ব্রজান্ ব্রজবর্ত্তিগবাদীন্ সমাযুজ্য মেলয়িত্বা রূঢ়পরিচ্ছদাঃ রূঢ়াঃ পরিহিতাঃ পরিচ্ছদাঃ যৈঃ তে ॥৩০

হে রাজন্! গোপালাঃ যত্তাঃ কৃতপ্রযত্নাঃ, আত্তশরাসনাঃ আত্তং গৃহীতং শরাসনং যৈঃ গৃহীতাস্ত্রাঃ তে বৃদ্ধান্ বালান্ স্ত্রিয়ঃ সর্ব্বোপকরণানি চ অনঃসু শকটেষু আরোপ্য ॥৩১

গোধনানি পুরস্কৃত্য সর্ব্বতঃ মহতা তূর্য্যঘোষেণ শৃঙ্গাণি চ আপূর্য্য সহপুরোহিতাঃ পুরোহিতেন সহ যযুঃ। নিষ্ককণ্ঠ্যঃ পদকধারিণ্যঃ সুবাসসঃ নূত্নকুচকুঙ্কুমকান্তয়ঃ কুচযুগলে অভিনব-কুঙ্কুমরাগরঞ্জিতাঃ রূঢ়রথাঃ রূঢ়াঃ রথাঃ যাভিঃ তাঃ গোপ্যঃ প্রীতাঃ সত্যঃ কৃষ্ণলীলাং জগুঃ গীতবত্যঃ ॥৩২-৩৩

তথা কৃষ্ণরামাভ্যাং সহ তৎকথাশ্রবণোৎসুকে যশোদা-রোহিণ্যৌ একং শকটম্ আস্থিতে সত্যৌ রেজতুঃ ॥৩৪

নাই; যেহেতু অন্যস্থল আমাদের প্রীতিকর নহে। অতএব নন্দীশ্বর ও মহাবনের মধ্যবর্ত্তী স্থানটিই বাসের উপযুক্ত) তথায় পবিত্র পর্ব্বত, তৃণ ও লতা-দ্বারা পরিপূর্ণ, নবকাননান্বিত আরোগ্যাদিপ্রদ জল ও তৃণাদিপ্রযুক্ত পশুগণের হিতকর এবং গোপ, গোপী, গোসকলের বাসোপযোগী বৃন্দাবন নামে একটি বন আছে।২৮

অতএব অদ্যই তথায় আমরা সকলে গমন করি। যদি তোমাদিগের অভিমত হয়, তবে অনতিবিলম্বেই শকটসমূহ যোজনা কর আর গাভীগুলি অগ্রেই গমন করুক অর্থাৎ গাভীসকল অগ্রেই প্রেরণ কর।২৯

উপনন্দের উক্তবাক্য শ্রবণ করিয়া কৃষ্ণগত-চিত্ত বা একমতাবলম্বি গোপগণ সাধুবাদ প্রদান-পূর্ব্বক ইতস্ততঃ স্থিত ব্রজবর্ত্তি গাভী প্রভৃতি একত্র করিয়া নিজ নিজ শকটগুলি যোজনান্তর তদুপরি নানাবিধ উপকরণ সকল সাজাইয়া গমন করিতে লাগিলেন।৩০

হে রাজন্! গোপগণ অতিযত্নে বৃদ্ধ, বালক ও স্ত্রীসকলকে এবং অন্যান্য গৃহোপকরণসমূহ শকটোপরি আরোহণ করাইয়া গোধনাদি অগ্রে লইয়া তাহাদিগের রক্ষাবিধানার্থ শরাসন ধারণপূর্ব্বক চতুর্দিকে মহান্ তূর্য্যধ্বনি ও শৃঙ্গধ্বনি করিতে করিতে পুরোহিতবর্গের সহিত গমন করিতে লাগিলেন।৩১-৩২

রথারূঢ় গোপীগণ পরমানন্দে কৃষ্ণ-চরিত্র গান করিতে লাগিলেন। তাঁহাদিগের পয়োধর-যুগলে অভিনব কুঙ্কুম বিলেপিত থাকায় কমনীয় কান্তি হইয়াছিল। তাঁহারা কণ্ঠদেশে কণ্ঠভূষণ ও নানারূপ চিত্র বিচিত্র সুন্দর বসন পরিধান করিয়াছিলেন।৩৩

অন্যান্য গোপীগণের ন্যায় শ্রীযশোদা ও রোহিণী পরস্পর পুত্রদ্বয়ের বিরহসহনে অসমর্থা হইয়া একখানি শকটে আরোহণপূর্ব্বক রাম-কৃষ্ণের লীলা-কথা অথবা রামকৃষ্ণের মুখোচ্চারিতা কথা শ্রবণে সমুৎসুকা হইয়া রামকৃষ্ণের সহিত শোভা পাইতে লাগিলেন।৩৪

বৃন্দাবনং সম্প্রবিশ্য সর্বকালসুখাবহম্।
তত্র চক্রুর্ব্রজাবাসং শকটৈরর্ধচন্দ্রবৎ ॥৩৫
বৃন্দাবনং গোবর্ধনং যমুনাপুলিনানি চ।
বীক্ষ্যাসীদুত্তমা প্রীতী রামমাধবয়োর্নৃপ ॥৩৬
এবং ব্রজৌকসাং প্রীতিং যচ্ছন্তৌ বালচেষ্টিতৈঃ।
কলবাক্যৈঃ স্বকালেন বৎসপালৌ বভূবতুঃ ॥৩৭
অবিদূরে ব্রজভুবঃ সহ গোপালদারকৈঃ।
চারয়ামাসতুর্বৎসান্ নানাক্রীড়াপরিচ্ছদৌ ॥৩৮

(তে সর্ব্বে) সর্ব্বকালসুখাবহং সর্ব্বেষু কালেষু সুখম্ আবহতি যৎ সর্ব্বর্ত্তুসুখপ্রদং বৃন্দাবনং সংপ্রবিশ্য শকটৈঃ অর্দ্ধচন্দ্রবৎ ব্রজাবাসং গোকুলবাসং চক্রুঃ ॥৩৫

হে নৃপ! বৃন্দাবনং, গোবর্দ্ধনং গিরিং, যমুনাপুলিনানি চ বীক্ষ্য রামমাধবয়োঃ বলকেশবয়োঃ উত্তমা প্রীতিঃ আসীৎ ॥৩৬

এবং বালচেষ্টিতৈঃ, বাল্যলীলাভিঃ কলবাক্যৈঃ মধুরভাষণৈঃ, ব্রজৌকসাং ব্রজবাসিনাং প্রীতিম্ আনন্দং যচ্ছন্তৌ তৌ স্বকালেন উপযুক্তবয়সা বৎসপালৌ বভূবতুঃ ॥৩৭

নানাক্রীড়াপরিচ্ছদৈঃ নানাবিধাঃ বেণুবেত্রশৃঙ্গবীণাকন্দুকাদয়ঃ ক্রীড়াঃ পরিচ্ছদাঃ সাধনানি যয়োঃ তৌ রামকৃষ্ণৌ গোপালবালকৈঃ সহ ব্রজভুবঃ অবিদূরে সমীপে আহ্বানপ্রাপ্যপ্রদেশে বৎসান্ চারয়ামাসতুঃ ॥৩৮

এইরূপে তাঁহারা সকলে সর্বকাল-সুখাবহ শ্রীবৃন্দাবনে প্রবেশ করিয়া শকটসমূহের দ্বারা অর্দ্ধচন্দ্রের ন্যায় ব্রজবাসীর বসতি-স্থান নির্ম্মাণ করিলেন।৩৫

হে রাজন্! বৃন্দাবন, গোবর্দ্ধন ও যমুনাপুলিন-সকল দর্শন করিয়া শ্রীরাম-কৃষ্ণের অতিশয় প্রীতি হইতে লাগিল।৩৬

উক্তপ্রকার বাল্যলীলা ও মনোহর বচনসমূহ দ্বারা ব্রজবাসিদিগের প্রীতিবিধানপূর্ব্বক রাম ও কৃষ্ণ কৌমারের মধ্যাবস্থায়ই বৎসপালক হইয়া উঠিলেন।৩৭

শ্রীকৃষ্ণ ও বলরাম বেণু, বেত্র, শৃঙ্গ, বীণা ও কন্দুকাদি বিবিধ ক্রীড়াসামগ্রী গ্রহণ করিয়া গোপ বালকদিগের সহিত ব্রজভূমির অনতিদূরে বৎসচারণ করিতে লাগিলেন।৩৮

ক্বচিদ্ বাদয়তো বেণুং ক্ষেপণৈঃ ক্ষিপতঃ ক্বচিৎ।
ক্বচিৎ পাদৈঃ কিঙ্কিণীভিঃ ক্বচিৎ কৃত্রিমগোবৃষৈঃ ॥৩৯

বৃষায়মাণৌ নর্দন্তৌ যুযুধাতে পরস্পরম্।
অনুকৃত্য রুতৈর্জন্তূংশ্চেরতুঃ প্রাকৃতৌ যথা ॥৪০

কদাচিদ্ যমুনাতীরে বৎসাংশ্চারয়তোঃ স্বকৈঃ।
বয়স্যৈঃ কৃষ্ণবলয়োর্জিঘাংসুর্দৈত্য আগমৎ ॥৪১

ক্বচিৎ কস্মিংশ্চিৎ কালে দেশে বা (তৌ) বেণুং বাদয়তঃ, ক্বচিৎ ক্ষেপণৈঃ যন্ত্রাদিভিঃ লোষ্ট্রাদিকং ক্ষিপতঃ, ক্বচিৎ কিঙ্কিণীভিঃ কিঙ্কিণীযুক্তৈঃ পাদৈঃ (নৃত্যতঃ), কচিৎ কৃত্রিম-গোবৃষৈঃ (স্বস্বযূথীকৃতৈঃ বালকৈঃ সহ স্বয়ম্ অপি) বৃষায়মাণৌ তদনুকৃতবন্তৌ নর্দ্দন্তৌ শব্দান্ কুর্ব্বন্তৌ (তথা) পরস্পরং যুযুধাতে প্রাকৃতৌ লৌকিকবালকৌ যথা, তথা রুতৈঃ শব্দৈঃ জন্তূন্ হংসময়ূরাদীন্ অনুকৃত্য তদনুকারি-শব্দান্ কুর্ব্বন্তৌ চেরতুঃ বিজহ্রতুঃ। কদাচিৎ স্বকৈঃ প্রিয়তমৈঃ বয়স্যৈঃ সহ যমুনাতীরে বৎসান চারয়তোঃ কৃষ্ণবলয়োঃ কৃষ্ণং বলরামং জিঘাংসুঃ হন্তুম্ ইচ্ছুঃ (কশ্চিৎ) দৈত্যঃ (তত্র) আগমৎ ॥৩৯-৪০-৪১

কোথাও বেণু-বাদন করিতে লাগিলেন, কখন রজ্জুনির্মিত যন্ত্রবিশেষ দ্বারা ফলাদিবন্ধন করিয়া ক্ষেপণ করিতে লাগিলেন, কখনও কিঙ্কিণীযুক্ত চরণে নৃত্য করিতে লাগিলেন, কখন বা কম্বলাদি দ্বারা আচ্ছাদিত কৃত্রিম বৃষের আকারধারী বালকগণের সহিত বৃষাকার ধারণপূর্ব্বক তদনুকারী শব্দ করিতে করিতে পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইলেন। কখন বা হংস, ময়ূর ও বানরাদির শব্দ অনুকরণ করিয়া প্রাকৃত বালকের ন্যায় ভ্রমণ করিতে লাগিলেন।৩৯-৪০

একদা রামকৃষ্ণ যমুনাতীরে মমতাস্পদ প্রিয়তম বয়স্যগণের সহিত বৎসচারণ করিতেছেন, এমন সময়ে রাম-কৃষ্ণের নিধনকামনায় এক দৈত্য আসিয়া

তং বৎসরূপিণং বীক্ষ্য বৎসযূথগতং হরিঃ।
দর্শয়ন্ বলদেবায় শনৈর্মুগ্ধ ইবাসদৎ ॥৪২
গৃহীত্বাপরপাদাভ্যাং সহলাঙ্গূলমচ্যুতঃ।
ভ্রাময়িত্বা কপিত্থাগ্রে প্রাহিণোদ্ গতজীবিতম্।
স কপিত্থৈর্মহাকায়ঃ পাত্যমানৈঃ পপাত হ ॥৪৩
তং বীক্ষ্য বিস্মিতা বালাঃ শশংসুঃ সাধু সাধ্বিতি।
দেবাশ্চ পরিসন্তুষ্টা বভূবুঃ পুষ্পবর্ষিণঃ ॥৪৪

বৎসযূথগতং বৎসরূপিণং তং দৈত্যং বীক্ষ্য দৃষ্ট্বা (দুষ্টানাং প্রাণহরণাৎ শিষ্টানাং চ মনোহরণাৎ) হরিঃ শ্রীকৃষ্ণঃ বলদেবায় দর্শয়ন্ সঙ্কেতেন জ্ঞাপয়ন্ স্বয়ং মুগ্ধঃ অজানন্ ইব শনৈঃ আসদৎ সমীপং জগাম ॥৪২

তথা অচ্যুতঃ অপ্রচ্যুতস্বভাবঃ শ্রীকৃষ্ণঃ (তস্য) অপরপাদাভ্যাং পশ্চাৎপাদাভ্যাং সহলাঙ্গূলং যথা ভবতি তথা গৃহীত্বা ভ্রাময়িত্বা চ গতজীবিতং মৃতং তং কপিত্থাগ্রে প্রাহিণোৎ প্রাক্ষিপৎ। পাত্যমানৈঃ কপিত্থৈঃ ফলৈঃ সহ সঃ মহাকায়ঃ দৈত্যঃ হ পপাত, বালাঃ তং বীক্ষ্য বিস্মিতাঃ সন্তঃ সাধু সাধু ইতি (কৃষ্ণং) শশংসুঃ প্রশংসাং চক্রুঃ, দেবাঃ চ পরিসন্তুষ্টাঃ সন্তঃ পুষ্পসন্ততিং ববৃষুঃ ॥৪৩-৪৪

উপস্থিত হইল।৪১

দুষ্টের প্রাণহারী ও শিষ্টের মনোহারী শ্রীকৃষ্ণ বৎসযূথমধ্যে বৎসরূপে প্রবিষ্ট সেই অসুরকে দর্শনপূর্ব্বক ইঙ্গিত দ্বারা বলদেবকে জানাইয়া স্বয়ং মুগ্ধের ন্যায় ধীরে ধীরে তাহার সমীপে গমন করিলেন।৪২

ভগবান্ শ্রীকৃষ্ণ উহার পশ্চাৎ পদদ্বয়ের সহিত লাঙ্গূলটি ধারণ করিয়া ঘুরাইতে ঘুরাইতে প্রাণবায়ু বহির্গত হইলে ক্রীড়োপযোগী কপিত্থফল (কদবেল) পাতনার্থ কপিত্থবৃক্ষের উপরিভাগে নিক্ষেপ করিলেন।৪৩

সেই মহাকায় বৎসাসুর পতনশীল কপিত্থবৃক্ষসকলের সহিত পতিত হইল, তাহাকে দেখিয়া বালকগণ বিস্মিত হইয়া সাধু সাধু বলিয়া শ্রীকৃষ্ণকে প্রশংসা করিতে লাগিলেন এবং দেবতারাও পরমসন্তুষ্ট হইয়া শ্রীকৃষ্ণের প্রতি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন।৪৪

তৌ বৎসপালকৌ ভূত্বা সর্বলোকৈকপালকৌ।
সপ্রাতরাশৌ গোবৎসাংশ্চারয়ন্তৌ বিচেরতুঃ ॥৪৫

স্বং স্বং বৎসকুলং সর্বে পায়য়িষ্যন্ত একদা।
গত্বা জলাশয়াভ্যাসং পায়য়িত্বা পপুর্জলম্ ॥৪৬

তে তত্র দদৃশুর্বালা মহাসত্ত্বমবস্থিতম্।
তত্রসুর্বজ্রনির্ভিন্নং গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্ ॥৪৭

সর্ব্বলোকৈকপালকৌ সর্ব্বেষাং লোকানাং ভুবনানাম্ একৌ এব পালকৌ মুখ্যপালকৌ (ইদানীম্) বৎসপালকৌ তৌ রামকৃষ্ণৌ সপ্রাতরাশৌ প্রাতর্ভোজনকারিণৌ সন্তৌ (প্রাতর্ভোজ্যমন্নং তৎসহিতৌ তৎগৃহীত্বেত্যর্থঃ) গোবৎসান্ চারয়ন্তৌ বিচেরতুঃ ॥৪৫

স্বং স্বং বৎসকুলং পায়য়িষ্যন্তঃ সর্ব্বে শ্রীকৃষ্ণাদয়ঃ একদা জলাশয়াভ্যাসং জলাশয়স্য (নন্দীশ্বরগিরেঃ পূর্ব্বতঃ স্থিতস্য) অভ্যাসং সমীপং গত্বা (বৎসান্) জলং পায়য়িত্বা স্বয়ং জলং পপুঃ ॥৪৬

তে বালাঃ তত্র বজ্রনির্ভিন্নং বজ্রেণ নির্ভিন্নং ছিন্নং চ্যুতং পতিতং গিরেঃ পর্ব্বতস্য শৃঙ্গং চূড়াম্ ইব অবস্থিতং তং মহাসত্ত্বং দদৃশুঃ, তত্রসুঃ ভীতাঃ চ বভূবুঃ ॥৪৭

সেই রাম-কৃষ্ণ সর্ব্বলোকের মুখ্যপালক হইলেও ভক্তবাৎসল্যহেতু বৎসপালক হইয়া [কিংবা স্বভাবত বৎসপালক হইয়াও বৎসাসুরাদি বধদ্বারা দেবলোকাদি পালনহেতু সর্ব্বলোকের একমাত্র পালক হইয়া] প্রাতঃকালীন ভোজন সমাধানান্তে [অথবা প্রাতঃকালের ভোজন সঙ্গে লইয়া] গোবৎস চারণ করিতে করিতে পূর্ব্বাপেক্ষা কিঞ্চিৎ দূরদেশে গমনাদি দ্বারা সমগ্র দিবসই ভ্রমণ করিতে লাগিলেন।৪৫

একদা শ্রীকৃষ্ণ প্রভৃতি গোপবালকগণ আপন আপন বৎসগুলিকে জলপান করাইবার ইচ্ছায়

স বৈ বকো নাম মহানসুরো বকরূপধৃক্।
আগত্য সহসা কৃষ্ণং তীক্ষ্ণতুণ্ডোঽগ্রসদ্ বলী ॥৪৮

কৃষ্ণং মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ।
বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচেতসঃ ॥৪৯

তং তালুমূলং প্রদহন্তমগ্নিবদ্-
গোপালসূনুং পিতরং জগদ্গুরোঃ।
চচ্ছর্দ সদ্যোঽতিরুষাক্ষতং বক-
স্তুণ্ডেন হন্তুং পুনরভ্যপদ্যত ॥৫০

তমাপতন্তং স নিগৃহ্য তুণ্ডয়ো-
র্দোর্ভ্যাং বকং কংসসখং সতাং পতিঃ।
পশ্যৎসু বালেষু দদার লীলয়া
মুদাবহো বীরণবদ্ দিবৌকসাম্ ॥৫১

তীক্ষ্ণতুণ্ডঃ বকরূপধৃক্ বকো নাম মহান্ বলী সঃ বৈ অসুরঃ তরসা বেগেন আগত্য কৃষ্ণম্ অগ্রসীৎ ॥৪৮

কৃষ্ণং মহাবকেন গ্রস্তং দৃষ্ট্বা রামাদয়ঃ (রামং বিনা তে) অর্ভকাঃ বালকাঃ প্রাণং বিনা ইন্দ্রিয়াণি ইব বিচেতসঃ বিমুগ্ধাঃ বভূবুঃ ॥৪৯

তালুমূলম্ অগ্নিবদ্ প্রদহন্তং জগদ্গুরোঃ ব্রহ্মণঃ পিতরং জনকং গোপালসূনুং গোপ-তনয়ং তং শ্রীকৃষ্ণম্ অক্ষতং ক্ষতরহিতং সদ্যঃ তৎক্ষণম্ এব (সঃ) বকঃ চচ্ছর্দ নিজমুখাৎ বহিঃ ববাম, পুনঃ অপি তং তুণ্ডেন হন্তুম্ অভ্যপদ্যত উদ্যতোঽভূৎ ॥৫০

দিবৌকসাং দেবানাং মুদাবহঃ আনন্দপ্রদঃ, সতাং সাধূনাং গতিঃ আশ্রয়ঃ সঃ কৃষ্ণঃ দোর্ভ্যাং হস্তাভ্যাং তুণ্ডয়োঃ চঞ্চ্বোঃ নিগৃহ্য নিতরাং গৃহীত্বা আপতন্তম্ অভিধাবন্তং তং বকং বীরণবৎ শরপত্রবৎ লীলয়া অনায়াসেন বালেষু পশ্যৎসু দদার বিদারয়ামাস ॥৫১

নন্দীশ্বর গিরির পূর্ব্বদিকে প্রসিদ্ধ বকস্থল নামক স্থানের নিকটবর্ত্তী জলাশয়ের সমীপে গমনকরত বৎসসকলকে জল পান করাইয়া আপনারাও জলপান করিলেন।৪৬

সেই গোপনন্দনগণ ঐ জলাশয়ের নিকট বজ্রদ্বারা নির্ভিন্ন হইয়া ভূমিতে পতিত পর্ব্বত শৃঙ্গের ন্যায় অবস্থিত অতি স্থূল প্রাণী বিশেষ দর্শন করিলেন এবং তদ্দর্শনে অতিশয় ভীত হইলেন।৪৭

বৃহৎ বকরূপধারী তীক্ষ্ণচঞ্চুবিশিষ্ট মহাবলশালী ঐ বকনামক অসুর, অতিবেগে নিকটে আসিয়া শ্রীকৃষ্ণকে গ্রাস করিল মাত্র, কিন্তু অন্য কোন অনিষ্ট করিতে সমর্থ হইল না।৪৮

রাম ভিন্ন বালকগণ কিংবা রাখালাদি বালক সকল শ্রীকৃষ্ণকে মহাবক কর্ত্তৃক গ্রস্ত দর্শন করিয়া তৎক্ষণাৎ বকাসুরবিনাশে সমর্থ হইলেও এবং শ্রীকৃষ্ণের কোনরূপ অনিষ্ট হইবে না, ইহা অবগত থাকিলেও অতুল সখ্যরসনিষ্ঠ স্নেহবশে আকুলতা-প্রযুক্ত সর্ব্বজ্ঞান, ক্রিয়া ও শক্তিরহিত হইয়া প্রাণাভাবে ইন্দ্রিয়গণ যেমন নিষ্ক্রিয় হয়, সেইরূপ চেতনাশূন্য হইলেন।৪৯

কোনও অংশে অর্থাৎ প্রদ্যুম্নরূপে জগদ্গুরু ব্রহ্মার জনক সেই শ্রীনন্দনন্দন ভগবান্ কৌতুকবশতঃ তাহার মুখমধ্যে প্রবিষ্ট হইলেও গলাধঃকৃত না হইয়া তালুমূলেই অবস্থান করিতেছিলেন এবং স্বীয় সংহারিকা শক্তির প্রভাবে বকাসুরের তালুমূল অগ্নির ন্যায় দহন করিতে লাগিলেন। অতএব সেই অসুর তাঁহাকে অবিলম্বেই বমন করিয়া ফেলিয়া পরে শ্রীকৃষ্ণকে অক্ষতবিগ্রহ দেখিয়া পুনর্ব্বার মহাক্রোধে হিতাহিতবিচারশূন্য হইয়া চঞ্চুদ্বারা আহত করিবার নিমিত্ত তাঁহার সম্মুখে আগমন করিল।৫০

সাধুগণের গতি ও দেবগণের আনন্দপ্রদ ভগবান্ শ্রীকৃষ্ণ দুই হস্তে সমাগত কংস-প্রিয় বকাসুরের দুই চঞ্চু নিপীড়ন পূর্ব্বক দর্শনকারী বালকদিগের

তদা বকারিং সুরলোকবাসিনঃ
সমাকিরন্ নন্দনমল্লিকাদিভিঃ।
সমীড়িরে চানকশঙ্খসংস্তবৈ-
স্তদ্বীক্ষ্য গোপালসুতা বিসিস্মিরে ॥৫২

মুক্তং বকাস্যাদুপলভ্য বালকা
রামাদয়ঃ প্রাণমিবৈন্দ্রিয়ো গণঃ।
স্থানাগতং তং পরিরভ্য নির্বৃতাঃ
প্রণীয় বৎসান্ ব্রজমেত্য তজ্জগুঃ ॥৫৩

শ্রুত্বা তদ্ বিস্মিতা গোপা গোপ্যশ্চাতিপ্রিয়াদৃতাঃ।
প্রেত্যাগতমিবৌৎসুক্যাদৈক্ষন্ত তৃষিতেক্ষণাঃ ॥৫৪

অহো বতাস্য বালস্য বহবো মৃত্যবোঽভবন্।
অপ্যাসীদ্ বিপ্রিয়ং তেষাং কৃতং পুর্বং যতো ভয়ম্ ॥৫৫

তদা সুরলোকবাসিনঃ দেবা বকারিং কৃষ্ণং নন্দনমল্লিকাদিভিঃ নন্দনকাননস্থ পুষ্পৈঃ সমাকিরন্ ব্যাপ্তং চক্রুঃ, আনকশঙ্খসংস্তবৈঃ আনকৈঃ শঙ্খৈঃ অন্যৈঃ সংস্তবৈঃ চ সমীড়িরে তুষ্টুবুঃ, গোপালসুতাঃ তৎ বীক্ষ্য বিসিস্মিরে মিত্রাভ্যুদয়জপরমানন্দময়ং বিস্ময়ং প্রাপুঃ ॥৫২

রামাদয়ঃ দারকাঃ বালাঃ বকাস্যাৎ বকমুখাৎ মুক্তং উপলভ্য দৃষ্ট্বা ইন্দ্রিয়ো গণঃ স্থানাগতং স্বস্থানপ্রাপ্তং প্রাণম্ ইব কৃষ্ণম্ উপলভ্য পরিরভ্য সমালিঙ্গ্য নির্বৃতাঃ সন্তঃ বৎসান্ প্রণীয় (দিনান্তরবৎ কালমনপেক্ষ্য সর্ব্বান পরাবৃত্ত্য ইতস্ততো গতান্ মেলয়িত্বা) ব্রজম্ এত্য প্রাপ্য তৎ বকবধং জগুঃ কথয়ামাসুঃ ॥৫৩

অতিপ্রিয়াদৃতাং অতিপ্রিয়েণ কৃষ্ণেন আদৃতাঃ সম্মানিতাঃ গোপাঃ গোপ্যঃ চ তৎ শ্রুত্বা বিস্মিতাঃ তৃষিতেক্ষণাঃ অতৃপ্ত-নয়নাঃ প্রেত্যাগতং কালসদনাৎ পুনরাগতম্ ইব অত্যৌৎসুক্যাৎ শ্রীকৃষ্ণম্ ঐক্ষন্ত দদৃশুঃ ॥৫৪

অহো আশ্চর্য্যে বত খেদে অস্য বালকস্য বহবঃ মৃত্যু-কারণানি অভবন্ অপি যতঃ ভয়ং পূর্ব্বং কৃতং চিন্তিতং তেষাম্ এব বিপ্রিয়ম্ অনিষ্টম্ আসীৎ ॥৫৫

সমক্ষে বীরণনামক গ্রন্থিশূন্য তৃণবিশেষের পত্রের ন্যায় অবলীলাক্রমে বিদারণ করিয়া ফেলিলেন।৫১

সেই সময় দেবগণ পরমপ্রিয় নন্দনকাননস্থিত মল্লিকা পারিজাত প্রভৃতি পুষ্প-সমূহের দ্বারা বকারি শ্রীকৃষ্ণকে আচ্ছাদন করিলেন অর্থাৎ শ্রীকৃষ্ণের উপর পুষ্পবর্ষণ করিতে লাগিলেন এবং ঢক্কা, ভেরী, মৃদঙ্গ ও শঙ্খাদি বাদ্য-সহকারে পুরুষসূক্তাদি প্রাচীন মন্ত্রসমূহ দ্বারা স্তব করিতে লাগিলেন।

গোপনন্দনসকল ইন্দ্রাদি দেবগণকৃত সেই ব্যাপার সন্দর্শন পূর্ব্বক শ্রীকৃষ্ণের অভ্যুদয় জন্য পরমানন্দময় বিস্ময় প্রাপ্ত হইলেন।৫২

প্রাণকে স্বস্থানে প্রাপ্ত হইলে যেমন আনন্দ হইয়া থাকে, তদ্রূপ বকাসুরের মুখ হইতে বিমুক্ত ও স্বস্থানে আগত প্রাণের ন্যায় শ্রীকৃষ্ণকে সমীপে প্রাপ্ত হইয়া বালকগণ স্নেহোদ্রেক বশতঃ দৃঢ়ালিঙ্গন-পূর্ব্বক পরম সন্তুষ্ট মনে দিনান্তরবৎ কালক্ষেপ না করিয়া ইতস্ততঃগত বৎসগুলিকে একত্র সম্মিলন পূর্ব্বক স্ব স্ব গৃহে গমনান্তর সেই বৎস বক-বধাদি নিখিল বৃত্তান্ত বর্ণন করিলেন।৫৩

অতিপ্রিয় শ্রীকৃষ্ণ কর্ত্তৃক স্বীয় দর্শন দান দ্বারা আদৃত গোপ ও গোপীগণ ঐ বৃত্তান্ত শ্রবণ পূর্ব্বক অতিশয় বিস্মিত হইয়া তৃষিত নয়নে ও পরমৌৎসুক্য-সহকারে লোকান্তর (যমভবন) হইতে আগত প্রিয়তমের ন্যায় শ্রীকৃষ্ণকে দেখিতে লাগিলেন।৫৪

হায় হায়! কি আশ্চর্য্যের বিষয়! এই বালক কৃষ্ণের বহু বহু মৃত্যুর কারণ উপস্থিত হইলেও, যাহারা ইহার হননেচ্ছু তাহাদিগেরই অনিষ্ট হইল। যেহেতু, ঐ অনিষ্টকারীরা পূর্ব্বে অন্যের ভয়োৎপাদন করিয়াছিল, সেই হেতু এই জন্মে উহাদিগের দ্বারা ইহার ভয় হইতেছে।৫৫

অথাপ্যভিভবন্ত্যেনং নৈব তে ঘোরদর্শনাঃ।
জিঘাংসয়ৈনমাসাদ্য নশ্যন্ত্যগ্নৌ পতঙ্গবৎ ॥৫৬
অহো ব্রহ্মবিদাং বাচো নাসত্যাঃ সন্তি কর্হিচিৎ।
গর্গো যদাহ ভগবানন্বভাবি তথৈব তৎ ॥৫৭
ইতি নন্দাদয়ো গোপাঃ কৃষ্ণরামকথাং মুদা।
কুর্বন্তো রমমাণাশ্চ নাবিন্দন্ ভববেদনাম্ ॥৫৮

ঘোরদর্শনাঃ বিকটমূর্ত্তয়ঃ এতে এনং বালকং ন অভিভবন্তি অপি তু জিঘাংসয়া এনম্ আসাদ্য প্রাপ্য অগ্নৌ পতঙ্গবৎ নশ্যন্তি ম্রিয়ন্তে ॥৫৬

অহো ব্রহ্মবিদাং ব্রহ্মজ্ঞানিনাং বাচঃ কর্হিচিৎ অসত্যাঃ মিথ্যা ন সন্তি ভবন্তি। যতঃ ভগবান্ গর্গঃ যৎ আহ, তৎ তথৈব অনু পশ্চাৎ অন্বভাবি ॥৫৭

ইতি মুদা হর্ষেণ কৃষ্ণরামকথাঃ কুর্বন্তঃ পরস্পরং কীর্ত্তয়ন্তঃ

মৃত্যুর হেতুভূত ঐ অসুরাদি যদিও ঘোরদর্শন, তথাপি শ্রীকৃষ্ণকে অভিভব করিতে সমর্থ হয় নাই; পরন্তু বিনাশ-বাসনায় ইহার নিকটে আসিয়া অগ্নিতে পতঙ্গ-রাশির ন্যায় স্বয়ংই বিনষ্ট হইয়াছে।৫৬

অহো! বেদার্থ-তত্ত্বজ্ঞ ভক্তি-নিষ্ঠগণের বাক্য কখনও মিথ্যা হয় না। তত্ত্বজ্ঞ গর্গ মহাশয় এই বালক উদ্দেশে "নারায়ণের সমানগুণ" ইত্যাদি যাহা যাহা বলিয়া গিয়াছেন, আমরা ঠিক তদ্বাক্যানু-রূপই অনুভব করিতেছি।৫৭

এইরূপে শ্রীনন্দাদি গোপগণ সভামধ্যে উপবেশন করিয়া আনন্দ সহকারে রাম কৃষ্ণের বাল্য-চাপল্য ও

এবং বিহারৈঃ কৌমারৈঃ কৌমারং জহতুর্ব্রজে
নিলায়নৈঃ সেতুবন্ধৈর্মর্কটোৎপ্লবনাদিভিঃ ॥৫৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

তস্যাং কথায়াং রমমাণাঃ গোপ্য ভববেদনাং ন অবদন্ ॥৫৮

এবম্ ইত্থম্প্রকারেণ নিলীয়ন্তে পরস্পরেভ্য ইতি ক্রীড়াদিভিঃ, সেতুবন্ধৈঃ — স্বদেহাদিভির্মৃত্তিকাভির্বা-জলরোধকরণক্রীড়াভিঃ, মর্কটবদুল্লম্ফনাদিভঃ কৌমারৈঃ কৌমারসুলভৈর্বিহারৈঃ ক্রীড়াদিভিঃ (তৌ রামকৃষ্ণৌ) ব্রজে কৌমারং বাল্যবয়সং জহতুঃ অতিবাহিতং চক্রতুঃ ॥৫৯

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ

বৎসবকাদি-বধবিষয়ক ভূত বা ভাবিনী কথা পুনঃ পুনঃ আলোচনা করিতেন এবং কখন বা শ্রীকৃষ্ণের সহিত ক্রীড়া করিতেন বলিয়া ভববেদনা অর্থাৎ সাংসরিক দুঃখ যথাকথঞ্চিৎ উপস্থিত হইলেও জানিতে পারিতেন না।৫৮

শ্রীকৃষ্ণ ও শ্রীবলরাম ব্রজধামে অবস্থান পূর্ব্বক উক্ত প্রকারে লুকোচুরি, হস্ত ও শরীর কিংবা মৃত্তিকা দ্বারা জলনিবারণরূপ সেতুবন্ধ এবং বানরের ন্যায় লম্ফ-ঝম্ফ প্রভৃতি বালকোচিত লীলায় খেলার কাল অতিবাহিত করিলেন।৫৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একাদশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ।

[ভগবতা শ্রীকৃষ্ণেন অঘাসুরস্য বধঃ।]

শ্রীশুক উবাচ

ক্বচিদ্ বনাশায় মনো দধদ্ ব্রজাৎ
প্রাতঃ সমুত্থায় বয়স্যবৎসপান্।
প্রবোধয়ঞ্ছৃঙ্গরবেণ চারুণা
বিনির্গতো বৎসপুরঃসরো হরিঃ ॥১

তেনৈব সাকং পৃথুকাঃ সহস্রশঃ
স্নিগ্ধাঃ সুশিগ্বেত্রবিষাণবেণবঃ।
স্বান্ স্বান্ সহস্রোপরিসংখ্যয়ান্বিতান্
বৎসান্ পুরস্কৃত্য বিনির্যযুর্মুদা ॥২

কৃষ্ণবৎসৈরসংখ্যাতৈর্যূথীকৃত্য স্ববৎসকান্।
চারয়ন্তোঽর্ভলীলাভির্বিজহ্রুস্তত্র তত্র হ ॥৩

ফলপ্রবালস্তবকসুমনঃ-পিচ্ছধাতুভিঃ।
কাচগুঞ্জামণিস্বর্ণভূষিতা অপ্যভূষয়ন্ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ক্বচিৎ বনাশায় বনে ভোজনং কর্তুং মনো দধৎ দৃঢ়েচ্ছাং কুর্ব্বন্ হরিঃ প্রাতঃ সমুত্থায় চারুণা মনোহরেণ শৃঙ্গরবেণ বয়স্যবৎসপান্ প্রবোধয়ন্ বৎস-পুরঃসরঃ সন্ বিনির্গতঃ ॥১

(ততঃ) তেন কৃষ্ণেন এব সাকং সহস্রশঃ স্নিগ্ধাঃ স্নেহযুক্তাঃ সুশিগ্বেত্রবিষাণ-বেণবঃ সুরম্যং শিক্যং বেত্রং বিষাণং বেণুঃ (বাদ্যবিশেষঃ) যেষাম্ তাদৃশাঃ পৃথুকাঃ বালকাঃ স্বান্ স্বান্ সহস্রোপরিসংখ্যয়ান্বিতান্ সহস্রাধিক-সংখ্যাযুতান্ বৎসান্ পুরস্কৃত্য মুদা হর্ষেণ বিনির্যযুঃ ॥২

অসংখ্যাতৈঃ কৃষ্ণবৎসৈঃ স্বকান্ স্বকান্ বৎসান্ যূথীকৃত্য একীকৃত্য চারয়ন্তঃ, অর্ভলীলাভিঃ বাল্যলীলাভিঃ তত্র তত্র বিজহ্রুঃ ॥৩

(মাতৃভিঃ) কাচমুক্তামণিস্বর্ণভূষিতাঃ স্বর্ণাদিভিঃ ভূষিতা অপি (তে বালকাঃ) ফলপ্রবালস্তবকসুমনঃ-পিচ্ছধাতুভিঃ (ফলম্ আমলকাদি-ধাতুর্গৈরিকং প্রবালস্তবকাঃ পুষ্পগুচ্ছাঃ সুমনসঃ পুষ্পাণি, তাভিঃ) আত্মনঃ অভূষয়ন্ ভূষয়াঞ্চক্রুঃ ॥৪

দ্বাদশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক অঘাসুর বধ।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন হে রাজন্! একদিন শ্রীকৃষ্ণ বনমধ্যে প্রাতঃকালীন ভোজন করিবার অভিলাষে প্রভাতে গাত্রোত্থান করিয়া রাত্রিবাস-বস্ত্র পরিত্যাগপূর্ব্বক শ্রীমুখাদি প্রক্ষালন করিলেন। পরে মনোহর বসন ভূষণ পরিধান করিয়া গৃহ হইতে বাহির হইবার সময় সুখে নিদ্রিত জনের নিদ্রাভঙ্গকারী মনোহর শৃঙ্গধ্বনি দ্বারা বৎসপালক বয়স্যদিগকে জাগরিত করিয়া এবং বৎস সকল অগ্রে লইয়া ব্রজ হইতে স্বয়ং বিনির্গত হইলেন।১

শৃঙ্গরব শুনিবামাত্র সেই শৃঙ্গরবের সহিত কিংবা শ্রীকৃষ্ণের সহিত স্নেহান্বিত সহস্র সহস্র বালকগণ সুন্দর শিক্যবেত্র (ভোজ্য দ্রব্যের পাত্রবাহক শিকা), বিষাণ [শৃঙ্গ] ও বেণু ধারণ-পূর্ব্বক সহস্রাধিক আপন আপন বৎসগুলি অগ্রে লইয়া পরমানন্দে বিনির্গত হইতে লাগিলেন।২

অসখ্য কৃষ্ণ-বৎসের সহিত আপন আপন পরার্দ্ধ-সখ্যাক বৎসগুলি পৃথক্ পৃথক্ যূথবদ্ধ করিয়া চরাইতে চরাইতে বৎসচারণযোগ্য তত্তৎ প্রদেশে বিবিধ বাল্যলীলা দ্বারা পরমানন্দে বিহার করিতে আরম্ভ করিলেন।৩

তাঁহারা স্ব স্ব জননী কর্তৃক কাচ, গুঞ্জা, মণি ও স্বর্ণ দ্বারা ভূষিত হইলেও বনে আসিয়া বনজাত ফল, প্রবাল, স্তবক [পুষ্পগুচ্ছ] পুষ্প, ময়ূরপুচ্ছ ও

মুষ্ণন্তোঽন্যোন্যশিক্যাদীন্ জ্ঞাতানারাচ্চ চিক্ষিপুঃ।
তত্রত্যাশ্চ পুনর্দূরাদ্ধসন্তশ্চ পুনর্দদুঃ ॥৫

যদি দূরং গতঃ কৃষ্ণো বনশোভেক্ষণায় তম্।
অহং পূর্বমহং পূর্বমিতি সংস্পৃশ্য রেমিরে ॥৬

কেচিদ্ বেণূন্ বাদয়ন্তো ধ্মান্তঃ শৃঙ্গাণি কেচন।
কেচিদ্ ভৃঙ্গৈঃ প্রগায়ন্তঃ কূজন্তঃ কোকিলৈঃ পরে ॥৭
বিচ্ছায়াভিঃ প্রধাবন্তো গচ্ছন্তঃ সাধু হংসকৈঃ।
বকৈরুপবিশন্তশ্চ নৃত্যন্তশ্চ কলাপিভিঃ ॥৮
বিকর্ষন্তঃ কীশবালানারোহন্তশ্চ তৈর্দ্রুমান্।
বিকুর্বন্তশ্চ তৈঃ সাকং প্লবন্তশ্চ পলাশিষু ॥৯

জ্ঞাতান্ অন্যোন্যশিক্যাদীন্ মুষ্ণন্তঃ চোরয়ন্তঃ বালান্ আরাৎ দূরাদেব চিক্ষিপুঃ, তত্রত্যাঃ (নিক্ষিপ্তস্থানস্থিতাঃ বালাঃ) চ পতিতশিক্যাদীন্ ততঃ স্থানাৎ দূরাৎ দূরে (নিক্ষিপ্য) হসন্তঃ চ পুনঃ অধিকারি-বালকেভ্যঃ দদুঃ ॥৫

কিঞ্চ কৃষ্ণঃ বনশোভেক্ষণায় বনশোভায়াঃ ঈক্ষণায় দর্শনায় যদি দূরং গতঃ ভবেৎ, তর্হি অহং পূর্বম্ (ইতি উক্ত্বা) তং সংস্পৃশ্য রেমিরে ॥৬

কেচিৎ গোপবালাঃ বেণূন্ বাদয়ন্তঃ, কেচন শৃঙ্গাণি ধ্মান্তঃ বাদয়ন্তঃ, কেচিৎ ভৃঙ্গৈঃ সহ প্রগায়ন্তঃ, পরে কোকিলৈঃ সহ কূজন্তঃ ॥৭

কেচিৎ বিচ্ছায়াভিঃ বীনাং পক্ষিণাং ছায়াভিঃ প্রধাবন্তঃ, কেচন হংসকৈঃ স্বরূপং সাধু গচ্ছন্তঃ, বকৈঃ বকসাদৃশ্যৈঃ উপবিশন্তঃ চ কলাপিভিঃ ময়ূরৈঃ চ নৃত্যন্তঃ ॥৮

(কেচিৎ) কীশবালান্ বানরশিশূন্ বিকর্ষন্তঃ, কে চ তৈঃ পুচ্ছৈঃ (লাঙ্গুলং ধৃত্বা) দ্রুমান্ আরোহন্তঃ, কে চ তৈঃ মর্কটৈঃ সহ বিকুর্বন্তঃ (দন্তদর্শনাদিভিঃ), পলাশিষু বৃক্ষেষু শাখায়াঃ শাখান্তরং প্লবন্তঃ উদ্গচ্ছন্তঃ ॥৯

গৈরিকাদি ধাতু দ্বারা আপন আপন অঙ্গ বিভূষিত করিতে লাগিলেন।৪

বালকগণ পরস্পর বেত্র শৃঙ্গ বেণু প্রভৃতি অপহরণ করিলে যাঁহাদের বস্তু তাঁহারা অবগত হইয়া বলপূর্ব্বক তাহা লইতে আসিতেছে দেখিয়া ঐ অপহরণকারিগণ সেই বস্তু নিকটবর্ত্তী অন্য বালকদিগের নিকট নিক্ষেপ করিতে লাগিলেন, আবার তাঁহারা ঐ বস্তু লইতে আসিলে যাঁহাদের সমীপে ঐ বস্তু রহিয়াছে, তাঁহারা তাহা হইতে দূরবর্ত্তি-স্থানে নিক্ষেপ করিলেন। পরে যাহাদের বস্তু অপহৃত হইয়াছে, তাহাদিগের মধ্যে কেহ আপন বস্তুর প্রাপ্তিবিষয়ে নিরাশ হইয়া রোদন করিতে আরম্ভ করিলে হাসিতে হাসিতে তাহাদিগের বস্তু তাঁহারা অর্পণ করিলেন।৫

শ্রীকৃষ্ণ যদি কখনও দুই একটি বয়স্যের সহিত বন শোভা সন্দর্শনের নিমিত্ত দূরবর্ত্তি-বনে গমন করিতেন; এখন অন্যান্য বয়স্যেরা পরস্পর বলিতেন "কে অগ্রে কৃষ্ণকে স্পর্শ করিতে পারে" এই বলিয়া "আমি অগ্রে স্পর্শ করিব, আমি অগ্রে স্পর্শ করিব" এই কথা বলিতে বলিতে দ্রুতপদে গমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে আলিঙ্গনাদি দ্বারা স্পর্শ করিয়া ক্রীড়া করিতে লাগিলেন [অথবা আমি আগে কৃষ্ণ স্পর্শ করিয়াছি, তুমি নও, তুমি নও] ইত্যাদি কোলাহল করিতে লাগিলেন।৬

কোন কোন বালকগণ বেণুবাদন করিতে করিতে, কেহ কেহ শৃঙ্গ বাদন করিতে করিতে, কতিপয় বালক ভৃঙ্গগণের সহিত গান করিতে করিতে, কতকগুলি বালক ময়ূরগণের সহিত তাহাদিগের রব করিতে করিতে বিহার করিতে লাগিলেন।৭

আবার কতিপয় বালক গগনে উড্ডীয়মান পক্ষি-সকলের ভূমিগত মণ্ডলাকার ছায়ার সহিত দ্রুত গমন, হংসের সহিত তদনুরূপ সুন্দর গমন, জল-সমীপে বকের সহিত তদাকারে উপবেশন এবং ময়ূরগণের সহিত নৃত্য করিতে লাগিলেন।৮

কোন কোন বালক বৃক্ষশাখাবস্থিত বানর-শিশুগণের লম্বমান লাঙ্গুল আকর্ষণ করিয়া দৃঢ়ভাবে ধারণ করিলে ঐ বানর-শিশুগণও শাখা ছাড়িয়া

সাকং ভেকৈর্বিলঙ্ঘন্তঃ সরিৎপ্রস্রবসংপ্লুতাঃ।
বিহসন্তঃ প্রতিচ্ছায়াঃ শপন্তশ্চ প্রতিস্বনান্ ॥১০

ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা
দাস্যং গতানাং পরদৈবতেন।
মায়াশ্রিতানাং নরদারকেণ
সাকং বিজহ্রুঃ কৃতপুণ্যপুঞ্জাঃ ॥১১

যৎপাদপাংশুর্বহুজন্মকৃচ্ছ্রতো
ধৃতাত্মভির্যোগিভিরপ্যলভ্যঃ।
স এব যদ্দৃগ্বিষয়ঃ স্বয়ং স্থিতঃ
কিং বর্ণ্যতে দিষ্টমতো ব্রজৌকসাম্ ॥১২

অথাঘনামাভ্যপতন্মহাসুর-
স্তেষাং সুখক্রীড়নবীক্ষণাক্ষমঃ।
নিত্যং যদন্তর্নিজজীবিতেপ্সুভিঃ
পীতামৃতৈরপ্যমরৈঃ প্রতীক্ষ্যতে ॥১৩

(কেচিৎ) ভেকৈঃ সাকং সরিৎ প্রস্রবসংপ্লুতাঃ সরিতাং প্রস্রবেণ গির্য্যাদিনির্ঝরেণ সংপ্লুতাঃ পূরিতাঃ সরিতঃ বিলঙ্ঘন্তঃ তত্র প্রতিচ্ছায়াঃ স্বপ্রতিবিম্বানি বিহসন্তঃ মুখবৈকৃত্যাদিপূর্ব্বকম্ অনুকুর্ব্বন্তঃ প্রতিস্বনান্ প্রতিধ্বনীন্ শপন্তঃ শ্লেষোক্তিভিঃ বর্ণয়ন্তঃ ॥১০

ইত্থম্ এবং কৃতপুণ্যপুঞ্জাঃ কৃতাঃ পুণ্যানাং পুঞ্জাঃ রাশয়ঃ যৈঃ তে গোপবালকাঃ সতাং জ্ঞানিনাং ব্রহ্মসুখানুভূত্যা ব্রহ্ম চ স্বপ্রকাশ-পরমানন্দস্বরূপেণ দাস্যং গতানাং ভক্তানাং পরদৈবতেন সর্ব্বৈশ্বর্য্যরূপেণ ইষ্টদেবেন মায়াশ্রিতানি কর্ম্মিণাং নরদারকেণ প্রাকৃতমনুষ্যবালকতয়া প্রতীয়মানেন কৃষ্ণেন সার্দ্ধং সহ বিজহ্রুঃ ॥১১

(কিঞ্চ হে রাজন্ !) ধৃতাত্মভিঃ সংযতেন্দ্রিয়ৈঃ যোগিভিঃ বহুজন্মকৃচ্ছ্রতঃ বহুভিঃ জন্মভিঃ কৃচ্ছ্রতঃ কৃচ্ছ্রেণ ক্লেশসাধ্য-যোগেন অপি যৎপাদপাংশুঃ যস্য পাদরেণুঃ অলভ্যঃ দুষ্প্রাপ্যঃ, সঃ এব স্বয়ং শ্রীকৃষ্ণঃ যদ্দৃগ্বিষয়ঃ (মনোহরশ্যামসুন্দরমূর্ত্ত্যা যেষাং নয়নগোচরঃ) তাদৃশানাং ব্রজৌকসাং ব্রজবাসিনাং দিষ্টং সৌভাগ্যম্ অহো কিং বর্ণ্যতে ॥১২

পীতামৃতৈঃ পীতম্ অমৃতং যৈঃ তাদৃশৈঃ অমরৈঃ অপি নিজজীবিতেপ্সুভিঃ সদ্ভিঃ যদন্তর্ যস্য অঘাসুরস্য অন্তর্ ছিদ্রং মারণোপায়ং নিত্যং প্রতীক্ষ্যতে অন্বিষ্যতে, অথ স অঘনামা মহাসুরঃ তেষাং সুখক্রীড়নবীক্ষণাক্ষমঃ সুখক্রীড়নস্য বীক্ষণে (ঈর্ষয়া) অক্ষমঃ অসহিষ্ণুঃ সন্ অভ্যপতৎ অভ্যধাবত ॥১৩

বৃক্ষে আরোহণ করিতে লাগিলে বালকগণও তাহাদিগের সহিত বৃক্ষে আরোহণ করিতে আরম্ভ করিলেন, তাহা দেখিয়া বানর-শিশু-সকল স্বীয় স্বাভাবিক মুখ-ভঙ্গী ভ্রূবিক্ষেপাদি করিতে থাকিলে বালকগণও মুখভঙ্গী ভ্রূভঙ্গী করিতে লাগিলেন এবং বৃক্ষোপরি এক শাখা হইতে শাখান্তরে গমনকারী বানরগণের সহিত তদনুরূপ গমন করিতে লাগিলেন।৯

কেহ কেহ ভেকগণের সহিত-নির্ঝর-পরিপ্লুত অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র জলপ্রবাহ-সকল উল্লঙ্ঘন করিতে লাগিলেন। কোন কোন বালক আপন ছায়াকে বাহু উত্তোলনাদি দ্বারা উপহাস করিতে লাগিলেন। কেহ কেহ স্ব স্ব প্রতিধ্বনির প্রতি আক্রোশ করিতে লাগিলেন।১০

এই প্রকারে অতিশয় সৌভাগ্যশালী গোপকুমার-সকল জ্ঞানীদিগের সম্বন্ধে ব্রহ্মসুখানুভবস্বরূপ, দাস্য-ভাবে ভজনকারী ভক্তগণের সম্বন্ধে পরমারাধ্য দেবতারূপ ও মায়াশ্রিত ব্যক্তিগণের সম্বন্ধে প্রাকৃত নরবালকরূপে প্রতীয়মান শ্রীকৃষ্ণের সহিত বিহার করিতে লাগিলেন।১১

হে রাজন্! শ্রীকৃষ্ণের সহিত ইহাদিগের নিরন্তর বিচিত্র বিহারাদি সৌভাগ্যমহিমা দূরের কথা, ব্রজবাসিমাত্রের কেবল কৃষ্ণ-দর্শন সৌভাগ্য মহিমা কিংবা তৎসম্বন্ধে বস্তু মাত্রও যে পরম মহদ্গণ কর্ত্তৃক অলভ্য, তাহাই বলিতেছি—

বহু জন্মে বহু ক্লেশে যম নিয়ম প্রত্যাহারাদি দ্বারা একাগ্রীকৃত-চিত্ত সমাধিযুক্ত যোগিগণও যে শ্রীকৃষ্ণের কুত্রাপি পতিত চরণরেণুও লাভ করিতে পারেন না কিংবা যে শ্রীকৃষ্ণের বিহারাস্পদীভূত বৃন্দাবনীয় কদম্বাদি বৃক্ষসমূহের এক কিরণ-ছটাও

দৃষ্ট্বার্ভকান্ কৃষ্ণমুখানঘাসুরঃ
কংসানুশিষ্টঃ স বকী-বকানুজঃ।
অয়ং তু মে সোদরনাশকৃত্তয়ো-
র্দ্বয়োর্মমৈনং সবলং হনিষ্যে ॥১৪
এতে যদা মৎসুহৃদোস্তিলাপঃ
কৃতাস্তদা নষ্টসমা ব্রজৌকসঃ।

বকী-বকানুজঃ (বকী পূতনা, বকাসুরঃ, তয়োঃ অনুজঃ ভ্রাতা) কংসানুশিষ্টঃ কংসেন আজ্ঞপ্তঃ সঃ অঘাসুরঃ কৃষ্ণমুখান্ (কৃষ্ণঃ মুখঃ প্রধানং যেষাং তান্) অর্ভকান্ দৃষ্ট্বা অয়ং তু কৃষ্ণঃ মে মম সোদরনাশকৃৎ ভ্রাতৃহন্তা অতঃ তয়োঃ সহোদরয়োঃ বকী-বকয়োঃ হন্তারম্ এনং কৃষ্ণং সবলং যথা স্যাৎ তথা হনিষ্যে ॥১৪

(এতে কৃষ্ণাদয়ঃ বালাঃ যদা যতঃ) মৎসুহৃদোঃ বকা-বকয়োঃ তিলাপঃ তিলযুক্তাঃ আপঃ কৃতাঃ নিরূপিতাঃ (তদা তয়োঃ দ্বয়োঃ নিমিত্তয়োঃ তদ্বৈরগ্রহণার্থম্) ব্রজৌকসঃ নষ্টসমাঃ মৃতপ্রায়াঃ এব হি, যতঃ যে তে প্রজাসবঃ প্রজাঃ

হৃদয়ে ধারণ করিতে অসমর্থ কিংবা বহু দূর হইতে প্রেমিক ভক্তগণের কিরণ-ছটা লাভ করিতে পারেন না, আহা! সেই শ্রীভগবান্ সাক্ষাৎ যাঁহাদিগের নয়নগোচর হইয়া নিরন্তর অবস্থান করিতেছেন সেই ব্রজবাসিসকলের ভাগ্য কিংবা বিচিত্রোৎসব আমি কি বর্ণন করিব? অর্থাৎ আমি কিছুই বর্ণন করিতে সমর্থ হইতেছি না।১২

অনন্তর যে দেবগণ অমৃতপানে অমরত্ব প্রাপ্ত হইয়াও মরণভয়ে নিজ প্রাণ রক্ষার বাসনায় অবিরত যাহার বিনাশ অর্থাৎ কখন কি প্রকারে মরিবে ইহা প্রতীক্ষা করিয়া থাকেন, সেই অঘনামা মহাসুর, রাম-কৃষ্ণ প্রভৃতি বালকদিগের তাদৃশী বাল্য লীলাদর্শনে অসহিষ্ণু হইয়া সহসা তাহাদের অভিমুখে আগমন করিল।১৩

কংস-কর্তৃক প্রেরিত পূতনা ও বকাসুরের কনিষ্ঠ ভ্রাতা সেই অঘাসুর শ্রীকৃষ্ণ প্রভৃতি বালকগণকে দর্শন করিয়া এই কৃষ্ণ আমার সহোদরা ভগিনী ও ভ্রাতাকে বিনাশ করিয়াছে, অতএব সহোদরাদ্বয়ের পিণ্ডদান করিবার নিমিত্ত বৎস বালকাদির সহিত এই কৃষ্ণকে বিনাশ করিব।১৪

প্রাণে গতে বর্ষ্মসু কা নু চিন্তা
প্রজাসবঃ প্রাণভৃতো হি যে তে ॥১৫
ইতি ব্যবস্যাজগরং বৃহদ্ বপুঃ
স যোজনায়ামমহাদ্রিপীবরম্।
ধৃত্বাদ্ভুতং ব্যাত্তগুহাননং তদা
পথি ব্যশেত গ্রসনাশয়া খলঃ ॥১৬

পুত্রাঃ এব অসবঃ প্রাণাঃ যেষাং তাদৃশাঃ প্রাণভৃতঃ প্রাণান্ বিভ্রতি যে তে জীবাঃ। প্রাণে গতে সতি বর্ষ্মসু শূন্যদেহেষু কা চিন্তা।১৫

ইতি ব্যবস্য নিশ্চিত্য সঃ খলঃ যোজনায়ামং যোজনবিস্তৃতং মহাদ্রিবৎ পীবরং স্থূলং, ব্যাত্তগুহাননং ব্যাত্তং প্রসারিতং গুহা ইব আননং মুখবিবরং যস্মিন্ তাদৃশম্ অদ্ভুতম্ অত্যাশ্চর্য্যং বৃহৎ আজগরং সার্পং বপুঃ দেহং ধৃত্বা গ্রসনাশয়া ভোজনেচ্ছয়া তদা পথি ব্যশেত অস্পন্দত্বাদিনা অশেত ॥১৬

এই বৎসাদির সহিত কৃষ্ণ প্রভৃতি বালকগণ যদি আমার ভগ্নী ও ভ্রাতার প্রেত তর্পণ করিবার নিমিত্ত তিলোদকরূপে কল্পিত হয়, তাহা হইলে নন্দাদি ব্রজবাসী সকলে মৃতপ্রায় বা মৃত্যুমুখেই পতিত হইবে। যেহেতু, প্রাণধারি-ব্যক্তির পুত্রই প্রাণতুল্য, অতএব সেই প্রাণ বিনষ্ট হইলে দেহের বিনাশে আর ভাবনা কি? অর্থাৎ নন্দাদি ব্রজবাসীর পুত্রই প্রাণ, সেই পুত্ররূপ প্রাণ গত হইলে দেহরূপ নন্দাদি ব্রজবাসী যে স্বয়ংই বিনষ্ট হইবে, তাহাতে আর চিন্তা কি?১৫

এই প্রকার নিশ্চয় করিয়া দুষ্ট অঘাসুর যোজন-পরিমিত দীর্ঘ মহাপর্ব্বতের ন্যায় স্থূল, বিস্তৃত গুহার ন্যায় বদন-বিশিষ্ট অতি অদ্ভুত বৃহৎ এক সর্প শরীর ধারণ করিয়া বৎস-বালকাদির সহিত শ্রীকৃষ্ণকে গ্রাস করিবার অভিলাষে পূর্ব্বমুখী হইয়া শয়ন করিয়া রহিল।১৬

ধরাধরোষ্ঠো জলদোত্তরোষ্ঠো
দর্য্যাননান্তো গিরিশৃঙ্গদংষ্ট্রঃ।
ধ্বান্তান্তরাস্যো বিততাধ্বজিহ্বঃ
পরুষানিলশ্বাসদবেক্ষণোষ্ণঃ ॥১৭

দৃষ্ট্বা তং তাদৃশং সর্বে মত্বা বৃন্দাবনশ্রিয়ম্।
ব্যাত্তাজগরতুণ্ডেন হ্যুৎপ্রেক্ষন্তে স্ম লীলয়া ॥১৮

কথম্ভূতঃ সঃ, ধরাধরৌষ্ঠঃ ধরায়াম্ অধরৌষ্ঠঃ যস্য জলদোত্তরোষ্ঠঃ জলদেষু মেঘেষু উত্তরোষ্ঠঃ যস্য, দর্য্যাননান্তঃ দর্যৌ গিরিকন্দরৌ ইব আননস্যান্তৌ সৃক্কণী যস্য, গিরিশৃঙ্গদংষ্ট্রঃ গিরিশৃঙ্গবদ্ দন্তপংক্তিবিশিষ্টঃ, ধ্বান্তান্তরাস্যঃ ধ্বান্তং তমঃ অন্তরাস্যে মুখবিবরে যস্য, বিতাধ্বজিহ্বঃ বিস্তৃতপথবৎ জিহ্বাবিশিষ্টঃ, পরুষা-নিলাশ্বাসদবেক্ষণোষ্ণঃ পরুষানিলবৎ শ্বাসঃ তথা দাবাগ্নিবৎ ঈক্ষণম্ এতয়োঃ উষ্ণঃ ভাবঃ যস্য, তাদৃশঃ স পথি অশেত ইতি ॥১৭

তাদৃশম্ অজগরং দৃষ্ট্বা সর্বে বালকাঃ বৃন্দাবনশ্রিয়ং বৃন্দাবনস্য ঐশ্বর্য্যং মত্বা ভ্রমেণ বুদ্ধ্বা লীলয়া নির্ভয়ং যথা স্যাৎ তথা ব্যাত্তাজগরতুণ্ডেন প্রসৃতমহাসর্পবদনেন সহ তম্ উৎপ্রেক্ষন্তে উপমীয়ন্তে স্ম ॥১৮

এতাদৃশ অবস্থায় শয়ন করিল যে তাহার নিম্ন-ওষ্ঠ ধরাতলে ও উর্দ্ধ-ওষ্ঠ মেঘমণ্ডলে সংলগ্ন হইল, ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগ গিরি-গহ্বরের ন্যায়, দন্তগুলি পর্ব্বতশৃঙ্গের সদৃশ, মুখমধ্যে ঘোর অন্ধকারতুল্য জিহ্বা বিস্তীর্ণ পথের মত, নিশ্বাস খরতর বায়ুর ন্যায় ও চক্ষুর্দ্বয়ের দৃষ্টি দাবানল ন্যায় অতিশয় উগ্র প্রতীয়মান হইতে লাগিল।১৭

তাদৃশ অঘাসুরকে দেখিয়া মহাসর্পবোধে পলায়নোন্মুখ কোন কোন বালককে আশ্বাস প্রদান পূর্ব্বক অন্যান্য বালকগণ বলিলেন—রে মূঢ়গণ! এতাদৃশ বৃহৎ সর্প কখনও সম্ভব হইতে পারে না, ইহা বিধাতা শ্রীবৃন্দাবনের শোভা বিশেষের নিমিত্ত কোন জন্তু বিশেষ গঠিত করিয়া রাখিয়াছেন, পরন্তু মহাসর্পের বিস্তৃত তুণ্ডের সাদৃশ্য বটে, এইরূপ নিশ্চয় করিয়া বৃহৎ সর্পের প্রসারিত ওষ্ঠের সহিত উৎপ্রেক্ষা (উপমা) করিতে লাগিলেন।১৮

অহো মিত্রাণি গদত সত্ত্বকূটং পুরঃ স্থিতম্।
অস্মৎসংগ্রসনব্যাত্তব্যালতুণ্ডায়তে ন বা ॥১৯

সত্যমর্ককরারক্তমুত্তরাহনুবদ্-ঘনম্।
অধরাহনুবদ্-রোধস্তৎপ্রতিচ্ছায়য়ারুণম্ ॥২০

প্রতিস্পর্দ্ধেতে সৃক্কাভ্যাং সব্যাসব্যে নগোদরে।
তুঙ্গশৃঙ্গালয়োঽপ্যেতাস্তদ্দংষ্ট্রাভিশ্চ পশ্যত ॥২১

অহো মিত্রাণি! গদত ব্রূত, পুরঃস্থিতম্ এতৎ সত্ত্বকূটং ন বা; অস্মৎসংগ্রসনব্যাত্তব্যালতুণ্ডায়তে অস্মাকং সংগ্রসনায় ব্যাত্তং প্রসারিতং যৎ ব্যালতুণ্ডং সর্পমুখং তদ্বৎ আচরতি ন বা ॥১৯

অহো মিত্রাণি! সত্যম্ এব অস্য উত্তরাহনুবদ্ উত্তরৌষ্ঠবৎ অর্ককরারক্তং রবিকিরণৈঃ রক্তিমাভং ঘনং মেঘং তথা তৎ-প্রতিচ্ছায়য়া অরুণং রোধঃ স্থলম্ অস্য অধরোষ্ঠবৎ পশ্যত ॥২০

সব্যাসব্যে দক্ষিণ-বামপার্শ্বস্থিতে নগোদরে গিরিদর্য্যৌ অস্য সৃক্কাভ্যাম্ ওষ্ঠপ্রান্তাভ্যাং প্রতিস্পর্দ্ধেতে তুল্যতয়া রূপ্যেতে, এতাঃ তুঙ্গশৃঙ্গালয়ঃ উন্নতগিরিচূড়াশ্রেণ্যঃ অস্য দংষ্ট্রাভিঃ তুল্যাঃ পশ্যত ॥২১

অল্প-বয়স্ক বালকগণ স্ব স্ব উৎপ্রেক্ষার প্রমাণার্থ অর্থাৎ আমরা যাহা নিশ্চয় করিয়াছি তাহা সত্য কিনা তাহা জানিবার নিমিত্ত কোন কোন বয়োজ্যেষ্ঠ সখাগণের প্রতি সম্বোধন করিয়া কহিতে লাগিলেন—অহে মিত্রগণ! বল দেখি, আমাদের অগ্রবর্ত্তী একটি কোনও নিশ্চল প্রাণিবিশেষ কিনা? আর আমাদিগকে গ্রাস করিবার নিমিত্ত বিস্তৃত সর্প মুখের ন্যায় বোধ হইতেছে কি না?১৯

জ্যেষ্ঠ বালক বলিলেন—হাঁ, তোমার যাহা মনে করিয়াছ ইহা তাহাই বটে, ঐ দেখ সূর্য্যকিরণে আরক্ত মেঘ যেন উহার উপরোষ্ঠের ন্যায় এবং ঐ মেঘের প্রতিচ্ছায়ার অরুণিত স্থল যেন উহার নিম্নোষ্ঠের সদৃশ হইয়াছে।২০

ঐ দেখ, বাম ও দক্ষিণ দিকস্থ গিরিকন্দর দুইটি যেন ইহার ওষ্ঠ প্রান্তদ্বয়ের ন্যায় রহিয়াছে (এবং অঙ্গুলি দ্বারা দেখাইয়া বলিতেছেন) ঐ দেখ পর্ব্বতের

আস্তৃতায়ামমার্গোঽয়ং রসনাং প্রতি গর্জতি।
এষামন্তর্গতং ধ্বান্তমেতদপ্যন্তরাননম্ ॥২২
দাবোষ্ণখরবাতোঽয়ং শ্বাসবদ্ ভাতি পশ্যত।
তদ্দগ্ধসত্ত্বদুর্গন্ধোঽপ্যন্তরামিষগন্ধবৎ ॥২৩
অস্মান্ কিমত্র গ্রসিতা নিবিষ্টা-
নয়ং তথা চেদ্ বকবদ্ বিনঙ্ক্ষ্যতি।
ক্ষণাদনেনেতি বকার্য্যুশন্মুখং
বীক্ষ্যোদ্ধসন্তঃ করতাড়নৈর্যযুঃ ॥২৪

অয়ম্ আস্তৃতায়ামমার্গঃ দীর্ঘপন্থাঃ রসনাং প্রতি গর্জ্জতি স্পর্দ্ধতে, এষাং শৃঙ্গাণাম্ অন্তর্গতম্ এতৎ ধ্বান্তম্ অপি এতস্য আননং পশ্যত ॥২২

দাবোষ্ণখরবাতঃ দাবেন বনাগ্নিনা উষ্ণঃ অয়ং খরবাতঃ প্রখরবায়ুঃ শ্বাসবৎ ভাতি, তদ্দগ্ধসত্ত্বদুর্গন্ধঃ তত্র দগ্ধসত্ত্বদুর্গন্ধঃ অপি অস্য অন্তরামিষগন্ধবৎ ভাতি ইতি পশ্যত ॥২৩

অত্র বিলে নিবিষ্টান্ অস্মান্ কিম্ অয়ং গ্রসিতা গ্রসিষ্যতি, তথা চেৎ অনেন কৃষ্ণেন তদা ক্ষণাৎ এব বিনঙ্ক্ষ্যতি ইতি উক্ত্বা বকার্য্যুশন্মুখং বকারেঃ কৃষ্ণস্য উশৎ কমনীয়ং মুখং বীক্ষ্য দৃষ্ট্বা উদ্ধসন্তঃ উচ্চৈঃ হসন্তঃ করতাড়নৈঃ করতালী কৃত্বা যযুঃ প্রবিবিশুঃ ॥২৪

ইত্থং মিথোঽতথ্যমতজ্জ্ঞভাষিতং
শ্রুত্বা বিচিন্ত্যেত্যমৃষা মৃষায়তে।
রক্ষো বিদিত্বাখিলভূতহৃৎস্থিতঃ
স্বানাং নিরোদ্ধুং ভগবান্ মনো দধে ॥২৫
তাবৎ প্রবিষ্টাস্ত্বসুরোদরান্তরং
পরং ন গীর্ণাঃ শিশবঃ সবৎসাঃ।
প্রতীক্ষমাণেন বকারিবেশনং
হতস্বকান্তস্মরণেন রক্ষসা ॥২৬

অখিলভূতহৃৎস্থিতঃ অখিলানাং ভূতানাং হৃদি স্থিতঃ পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণঃ ইত্থং স্বানাং বয়স্যবালকানাম্ অতজ্জ্ঞভাষিতং (ন তৎ জানন্তি ইতি অতজ্জ্ঞাঃ তেষাং ভাষিতম্ অতএব) অতথ্যম্ অযথার্থং শ্রুত্বা যতঃ অমৃষা (সত্যম্ এব ব্যাঘ্রাজগরতুণ্ডমপি) মৃষায়তে (বৃন্দাবনশ্রীত্বেন ভাবতে) ইতি বিচিন্ত্য (কিঞ্চ অঘনামা অয়ম্) রক্ষঃ রাক্ষসঃ ইতি বিদিত্বা (তান্) নিরোদ্ধুং (যাবৎ) মনো দধে ইচ্ছাম্ অকরোৎ ॥২৫

তাবৎ সবৎসাঃ শিশবঃ অসুরোদরান্তরম্ অঘাসুরবদনং প্রবিষ্টাঃ পরং তু হতস্বকান্তস্মরণেন নষ্টস্বজনৌ বকীবকৌ মনসি ভাবয়তা (অতএব) বকারিবেশনং কৃষ্ণপ্রবেশং প্রতীক্ষমাণেন রক্ষসা ন গীর্ণাঃ মুখসঙ্কোচেন ন গিলিতাঃ ॥২৬

অত্যুচ্চ শৃঙ্গগুলি যেন ইহা দন্তশ্রেণীর সহিত তুলনীয় হইতেছে।২১

আর এই বিস্তৃত ও দীর্ঘ পথটি যেন ইহার জিহ্বার তুল্য। এবং এই শৃঙ্গ সকলের মধ্যস্থিত অন্ধকার যেন ইহার মুখমধ্যবর্ত্তী অন্ধকারের সদৃশ হইয়াছে।২২

ঐ দেখ! দাবানল দ্বারা উষ্ণ এই পবন যেন ইহার শ্বাসের ন্যায় প্রকাশ পাইতেছে এবং ঐ দাবানলে দগ্ধীভূত প্রাণিগণের দুর্গন্ধও যেন উহার উদরমধ্যগত আমিষের গন্ধের ন্যায় অনুভব হইতেছে।২৩

একত্র সম্মিলিত বালকগণ কিঞ্চিৎ সভয়ে বলিলেন —ইহা যদি সত্য সত্যই সর্প হয়, তবে ইহার মুখমধ্যে প্রবিষ্ট হইলে আমাদিগকে গ্রাস করিবে কি? তন্মধ্যে কোন কোন বালক উহাদিগকে আশ্বাস করিয়া কহিলেন—ভাল, তাই যদি হয়, তবে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বকাসুরের ন্যায় ইহা ক্ষণকাল মধ্যেই বিনষ্ট হইবে এই বলিয়া দূরস্থিত শ্রীকৃষ্ণের কমনীয় মুখমণ্ডল দর্শন-পূর্ব্বক 'ঐ দেখ ভাই কানাই আমাদিগের দৃষ্টিপথেই অবস্থিত রহিয়াছে, অতএব আর চিন্তা কি?' এইরূপে বিশ্বস্ত-হৃদয় বালকগণ উচ্চ হাস্য করিতে করিতে 'হে সখাগণ! সম্ভবত এই গর্ত্তমধ্যে কোনও আশ্চর্য্য বস্তু রহিয়াছে, অতএব অবশ্য তাহা দেখিতে হইবে' এবম্বিধ বাল্য-চাপল্য-নিবন্ধন কৌতুক-বশতঃ আপন আপন নির্ভয়ত্ব ও বীরত্ব জানাইবার নিমিত্ত কিংবা লৌকিক রীতি অনুসারে সর্পাপসরণার্থই যেন করতালি প্রদান করিয়া মুখমধ্যে প্রবেশ করিলেন এবং বৎস-সকলও পুচ্ছ উঠাইয়া

তান্ বীক্ষ্য কৃষ্ণঃ সকলাভয়প্রদো
হ্যনন্যনাথান্ স্বকরাদপচ্যুতান্।
দীনাংশ্চ মৃত্যোর্জঠরাগ্নিঘাসান্
ঘৃণার্দিতো দিষ্টকৃতেন বিস্মিতঃ ॥২৭
কৃত্যং কিমত্রাস্য খলস্য জীবনং
ন বা অমীষাং চ সতাং বিহিংসনম্।
দ্বয়ং কথং স্যাদিতি সংবিচিন্ত্য তজ্
জ্ঞাত্বাবিশত্তুণ্ডমশেষদৃগ্ঘরিঃ ॥২৮
তদা ঘনচ্ছদা দেবা ভয়াদ্ধাহেতি চুক্রুশুঃ।
জহৃষুর্যে চ কংসাদ্যাঃ কৌণপাস্ত্বঘবান্ধবাঃ ॥২৯
তচ্ছ্রুত্বা ভগবান্ কৃষ্ণস্ত্বব্যয়ঃ সার্ভবৎসকম্।
চূর্ণীচিকীর্ষোরাত্মানং তরসা ববৃধে গলে ॥৩০

সকলাভয়প্রদঃ সর্ব্বভয়হারী কৃষ্ণঃ স্বকরাৎ নিজাভয়হস্ততঃ অপচ্যুতান্ দূরগতান্ (অতঃ) মৃত্যোঃ মৃত্যুতুল্যাঘস্থরস্য জঠরাগ্নিঘাসান্ (জঠরাগ্নৌ অত্যন্তদাহ্যতামিব গতান্) দীনান্ বিপন্নান্ তথা অনন্যনাথান্ তদেকশরণান্ (বালকান্) বীক্ষ্য ঘৃণার্দ্দিতঃ কৃপান্বিতঃ বিস্মিতঃ কৃষ্ণঃ ॥২৭

অশেষদৃক্ সর্ব্বজ্ঞঃ হরিঃ অস্য খলস্য জীবনং ন ভবেৎ তথা অমীষাং সতাং চ বিহিংসনং ন (ভবেৎ) অত্র কিং কৃত্যং করণীয়ং, কথং দ্বয়ম্ উভয়ং স্যাৎ ইতি সংবিচিন্ত্য মনসি বিচার্য্য জ্ঞাত্বা (উপায়ং) তু তুণ্ডম্ অবিশৎ ॥২৮

তদা ঘনচ্ছদাঃ মেঘান্তরিতাঃ দেবাঃ ভয়াৎ হা হা ইতি চুক্রুশুঃ, অঘবান্ধবাঃ কংসাদ্যাঃ যে কৌণপাঃ রাক্ষসাঃ তে তু জহৃষুঃ মুমুদিরে ॥২৯

অব্যয়ঃ ভগবান্ কৃষ্ণঃ তু তৎ শ্রুত্বা সার্ভবৎসকম্ আত্মানং চূর্ণীচিকির্ষোঃ মুখসংবরণাদিনা (চূর্ণং কর্ত্তুম্ ইচ্ছোঃ) গলে আত্মানং তরসা বেগেন ববৃধে ॥৩০

বালকদিগের অনুগমন করিল।২৪

(অন্তর্য্যামী হেতু) নিখিল প্রাণীর হৃদয়স্থিত ভগবান্ বকারি শ্রীকৃষ্ণ অঘাসুরের পরিচয়-বিষয়ে অজ্ঞের ন্যায় বয়স্যগণের ঐ প্রকার পরস্পরোক্ত অসত্য বাক্য শ্রবণ করিয়া 'হায় হায়! বাস্তবিক প্রসারিত সর্প তুণ্ডই আমার আত্মীয় বয়স্যসকলের সম্বন্ধে শ্রীবৃন্দাবনীয় শোভারূপে প্রতীয়মান হইতেছে,' এইরূপ বিচারপূর্ব্বক "এই জন্তু কেবল সর্পও নহে, পরন্তু অঘাসুর নামে রাক্ষস" ইহা অবগত হইয়া তদীয় মুখমধ্যে প্রবেশ করিতে উদ্যত তাঁহাদিগকে নিবারণ করিবার নিমিত্ত ইচ্ছা করিলেন।২৫

তখনই বয়স্যসকল, বৎসগণের সহিত অঘাসুরের মুখমধ্যে প্রবিষ্ট হইলেন বটে, পরন্তু তৎকর্ত্তৃক তাঁহারা গিলিত হয়েন নাই; কারণ, সে অঘনামক রাক্ষস আপনার আত্মীয় ভ্রাতা বকাসুর ও ভগিনী পূতনার নিধন স্মরণ করিয়া তাহাদিগের শত্রুরূপী শ্রীকৃষ্ণের প্রতীক্ষা করিতেছিল।২৬

বিশ্বস্থ নিখিল প্রাণিগণের অভয়দাতা ভগবান্ শ্রীকৃষ্ণ আপন হস্ত হইতে অকস্মাৎ মৃত্যুমুখে পতিত হইয়া মৃত্যুরূপী অঘাসুরের জঠরানলে তৃণতুল্য পতনোন্মুখ বয়স্যদিগকে মরণ-ভয়ে নিজ দর্শনাদির বিচ্ছেদাশঙ্কায় সকাতর ও অনন্যাশ্রয় দর্শন করিয়া কৃপাপীড়িত এবং লীলাশক্তির অনুকূল কালকৃত তৎকর্ম্ম দ্বারা বিস্মিত হইলেন।২৭

এই সঙ্কটে কি করা কর্ত্তব্য? এই খলের জীবন বিনাশ হয় অথচ এই সাধু বয়স্যগণের রক্ষা হয়; এতদুভয় কর্ম্ম কি প্রকারে সমাধান হইতে পারে এই প্রকারে ভাবিয়া ও সহসা ইহার উপায় অবধারণপূর্ব্বক সর্ব্বদর্শী শ্রীহরি অঘাসুরের মুখমধ্যে প্রবেশ করিলেন।২৮

তখন মেঘান্তরিত ইন্দ্রাদি দেবগণ কংস বা অঘাসুরের ভয়ে হাহাকার করিতে লাগিলেন। আর অঘাসুরের বান্ধব রাক্ষসগণ ও কংসাদি দৈত্যগণ অতিশয় আনন্দিত হইল।২৯

এই প্রকারে সাধু দেবগণের শোকশব্দ ও অসাধু

ততোঽতিকায়স্য নিরুদ্ধমার্গিণো
হ্যুদ্গীর্ণদৃষ্টের্ভ্রমতস্ত্বিতস্ততঃ।
পূর্ণোঽন্তরঙ্গে পবনো নিরুদ্ধো
মূর্ধন্ বিনিষ্পাট্য বিনির্গতো বহিঃ ॥৩১

তেনৈব সর্বেষু বহির্গতেষু
প্রাণেষু বৎসান্ সুহৃদঃ পরেতান্।
দৃষ্ট্যা স্বয়োত্থাপ্য তদন্বিতঃ পুন-
র্বক্ত্রান্মুকুন্দো ভগবান্ বিনির্যযৌ ॥৩২

পীনাহিভোগোত্থিতমদ্ভুতং মহ-
জ্জ্যোতিঃ স্বধাম্না জ্বলয়দ্ দিশো দশ।
প্রতীক্ষ্য খেঽবস্থিতমীশনির্গমং
বিবেশ তস্মিন্ মিষতাং দিবৌকসাম্ ॥৩৩

ততোঽতিহৃষ্টাঃ স্বকৃতোঽকৃতার্হণং
পুষ্পৈঃ সুরা অপ্সরসশ্চ নর্তনৈঃ।
গীতৈঃ সুগা বাদ্যধরাশ্চ বাদ্যকৈঃ
স্তবৈশ্চ বিপ্রা জয়নিঃস্বনৈর্গণাঃ ॥৩৪

ততঃ অনন্তরম্ অতিকায়স্য (কায়ম্ অতীত্য বৃহৎসর্পদেহেন অবস্থিতস্য অঘাসুরস্য) নিরুদ্ধমার্গিণঃ (কণ্ঠস্থিতেন প্রবৃদ্ধকৃষ্ণদেহেন প্রতিরুদ্ধঃ বায়োঃ মার্গভূতঃ কণ্ঠঃ যস্য) অতএব হি উদ্গীর্ণদৃষ্টেঃ উদ্গীর্ণে বহির্নির্গতে দৃষ্টী লোচনে যস্য, অতঃ ইতস্ততঃ (বৈচিন্ত্যাৎ) ভ্রমতঃ অঘাসুরস্য পূর্ণঃ পবনঃ নিরুদ্ধঃ সন্ মূর্দ্ধন্ মূর্দ্ধনি ব্রহ্মরন্ধ্রং বিনির্ভিদ্য বহিঃবিনির্গতঃ যাতঃ ॥৩১

তেন পবনেন সহ সর্ব্বেষু প্রাণেষু বহির্গতেষু সৎসু পরেতান্ মৃতান্ সুহৃদঃ বৎসান্ চ স্বয়া (অমৃতবর্ষিণ্যা) দৃষ্ট্যা উত্থাপ্য তদন্বিতঃ তৈঃ মিলিতঃ সন্ ভগবান্ মুকুন্দঃ বক্ত্রাৎ পুনঃ বিনির্যযৌ ॥৩২

পীনাহিভোগস্থিতং স্থূলসর্পকলেবরস্থিতম্ অদ্ভুতম্ অনির্ব্বচনীয়ং মহজ্জ্যোতিঃ স্বধাম্না স্বেন তেজসা দশ দিশঃ উজ্জ্বালয়ন্ প্রকাশয়ন্ ঈশনির্গমং প্রতীক্ষ্য খে আকাশে অবস্থিতং সৎ মিষতাং পশ্যতাং দিবৌকসাং স্বর্গবাসিনাং (সমক্ষে এব) তস্মিন্ কৃষ্ণে বিবেশ ॥৩৩

ততঃ সুরাঃ পুষ্পৈঃ, অপ্সরসঃ সুনর্ত্তনৈঃ, সুগাঃ গন্ধর্ব্বাদয়ঃ গীতৈঃ, বাদ্যধরাঃ বাদ্যকৈঃ, বিপ্রাঃ স্তবৈঃ, জয়নিঃস্বনৈঃ চ গণাঃ—এতে সর্ব্বে অতিহৃষ্টাঃ সন্তঃ স্বকৃতঃ কৃষ্ণস্য অর্হণং পূজাম্ অকৃত ॥৩৪

দৈত্যগণের হর্ষধ্বনি শ্রবণ করিয়া অক্ষুণ্নবিগ্রহ ভগবান্ শ্রীকৃষ্ণ বালক ও বৎসসকলের সহিত শ্যামসুন্দরস্বরূপ আপনাকে উদরস্থ করিয়া মুখসংবরণ ও গাত্রমোচনাদি দ্বারা চূর্ণ করিতে অভিলাষী সেই অঘাসুরের গলদেশে সহসা বৃদ্ধি প্রাপ্ত হইলেন।৩০

শ্রীকৃষ্ণের বর্দ্ধনহেতু সেই অতি স্থূলকায় অঘাসুরের কণ্ঠ রোধ হওয়ায় চক্ষুর্দ্বয় বহির্গত হইয়া পড়িল। কোথায় থাকিব, কোথায় বা যাইব ইত্যাদি বিবেচনায় ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিল; ইতিমধ্যে দেহমধ্যে নিরুদ্ধ প্রাণবায়ু নির্গমন পথের অভাবে পূর্ণ (অভিভূত) হইয়া ব্রহ্মরন্ধ্র ভেদপূর্ব্বক বহির্গত হইল।৩১

ঐ প্রাণবায়ুর সহিত কিংবা সেই ব্রহ্মরন্ধ্র দ্বার দ্বারা ইন্দ্রিয়সকল বহির্গত হইলে স্বীয় বিরহে ও অসুরের জঠরানলের জ্বালায় মূর্চ্ছিত বালক ও বৎসসকলকে নিজ অমৃতবর্ষিণী দৃষ্টি দ্বারা সচেতন করিয়া জগতের হিতার্থ স্বয়ং অবতীর্ণ ভগবান্ মুকুন্দ তাহাদিগের সহিত মিলিত হইয়া পুনর্ব্বার সেই অঘাসুরের মুখ হইতে বহির্গত হইলেন।৩২

তখন ঐ বৃহৎ সর্পদেহস্থিত শুদ্ধ সত্ত্বময় অনির্ব্বচনীয় একটি মহৎ জ্যোতি অঘাসুরের দেহ হইতে বহির্গত হইয়া স্বীয় তেজে দশদিক্ উজ্জ্বলকরত আকাশে অবস্থিত হইল এবং শ্রীকৃষ্ণের বহির্গমন প্রতীক্ষা করিতে লাগিল। ভগবান্ বৎস ও বালকগণের সহিত সেই সর্পোদর হইতে বহির্গত হইবামাত্র দর্শনকারী দেবগণ সমক্ষেই সেই জ্যোতি শ্রীকৃষ্ণবিগ্রহে প্রবেশ করিল।৩৩

অনন্তর অঘাসুর বিনাশে অতিহৃষ্ট দেবগণ

তদদ্ভুতস্তোত্রসুবাদ্যগীতিকা-

জয়াদিনৈকোৎসবমঙ্গলস্বনান্।

শ্রুত্বা স্বধাম্নোঽন্ত্যজ আগতোঽচিরাদ্

দৃষ্ট্বা মহীশস্য জগাম বিস্ময়ম্ ॥৩৫

রাজন্নাজগরং চর্ম শুষ্কং বৃন্দাবনেঽদ্ভুতম্।

ব্রজৌকসাং বহুতিথং বভূবাক্রীড়গহ্বরম্ ॥৩৬

তৎ অদ্ভুতস্তোত্রসুবাদ্য-গীতিকাজয়াদিনৈকোৎসবমঙ্গলস্বনান্ সুকুমারগীতবাদ্যাদিসহিতবিবিধমঙ্গলোৎসবস্তবজয়াদিধ্বনীন্ স্বধাম্নঃ সত্যলোকস্য অন্তি সমীপে শ্রুত্বা অজঃ ব্রহ্মা অচিরাৎ আগতঃ সন্ ঈশস্য শ্রীকৃষ্ণস্য মহি মহিমানং দৃষ্ট্বা বিস্ময়ং জগাম প্রাপ ॥৩৫

হে রাজন্! অদ্ভুতম্ (তৎ) আজগরং চর্ম শুষ্কং সৎ বহুতিথং বহুকালং বৃন্দাবনে ব্রজৌকসাং ক্রীড়া-গহ্বরং বভূব ॥৩৬

পুষ্পবৃষ্টি দ্বারা, অপ্সরাসকল নৃত্যদ্বারা, গন্ধর্ব্ব গীত দ্বারা, বিদ্যাধরসমূহ বাদ্যদ্বারা, শ্রীনারদপ্রভৃতি বিপ্রগণ স্তব দ্বারা ও শ্রীগরুড়াদি ভক্তগণ জয়ধ্বনি দ্বারা স্ব স্ব স্রষ্টারূপী শ্রীকৃষ্ণের পূজা করিতে লাগিলেন।৩৪

তখন ব্রহ্মা নিজধাম সত্যলোকের সমীপে সেই অদ্ভুত স্তোত্র, উৎকৃষ্ট বাদ্য, সুললিত সঙ্গীত ও জয়ধ্বনিপ্রভৃতি নানারূপ মঙ্গলময় শব্দ শ্রবণ করিয়া অবিলম্বে তথায় আগমন করিলেন এবং “অঘাসুরের দেহস্থ জ্যোতিঃ বৈকুণ্ঠের দিকে গমন করিতেছে” এতাদৃশী শ্রীকৃষ্ণ-মহিমা দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইলেন।৩৫

(শ্রীকৃষ্ণের স্পর্শপ্রভাবে সেই অসুর কৃতার্থ হইয়াছিল এই বিষয়ে অধিক আর কি বলিব, তাহার পাঞ্চভৌতিক দেহটীও পূতনাদির ন্যায় সুগন্ধ যুক্ত হইয়া সকলের মনোহর হইয়াছিল)।

হে রাজন্! শ্রীবৃন্দাবনে সেই অদ্ভুত সর্পের চর্ম্ম শুষ্ক হইয়া বহুকাল পর্য্যন্ত ব্রজবাসী বালকগণের ক্রীড়াগহ্বর অর্থাৎ ক্রীড়ার নিমিত্ত সুমহান্ ছিদ্রপ্রায় হইয়াছিল।৩৬

এতৎ কৌমারজং কর্ম হরেরাত্মাহিমোক্ষণম্।

মৃত্যোঃ পৌগণ্ডকে বালা দৃষ্ট্বোচুর্বিস্মিতা ব্রজে ॥৩৭

নৈতদ্ বিচিত্রং মনুজার্ভমায়িনঃ

পরাবরাণাং পরমস্য বেধসঃ।

অঘোঽপি যৎস্পর্শনধৌতপাতকঃ

প্রাপাত্মসাম্যং ত্বসতাং সুদুর্লভম্ ॥৩৮

মৃত্যোঃ সকাশাৎ আত্মাহিমোক্ষণম্ আত্মনাম্ অহেঃ চ মোক্ষণং হরেঃ কৌমারজং পঞ্চাব্দকৃতং কর্ম্ম দৃষ্ট্বা বিস্মিতাঃ বালাঃ অস্য পৌগণ্ডকে ষষ্ঠে অব্দে অদ্যৈব কৃতম্ ইত্যূচুঃ॥৩৭

হে নৃপ! মনুজার্ভমায়িনঃ মনুষ্যলীলয়া অবতীর্ণস্য পরাবরাণাম্ অংশিনাম্ অংশানাং চ সর্ব্বেষাং পরমস্য বেধসঃ তত্তদাবির্ভাবকর্ত্তুঃ স্বয়ং ভগবতঃ এতৎ কার্য্যং ন বিচিত্রম্ আশ্চর্য্যং; যতঃ পাপঃ অপি অঘাসুরঃ যৎস্পর্শনধৌতপাতকঃ যস্য কৃষ্ণস্য স্পর্শেন ধৌতঃ পাতকঃ যস্য সঃ তাদৃশঃ সন্ অসতাং সুদুর্ল্লভম্ আত্মসাম্যং প্রাপ ॥৩৮

হে রাজন্! আরও এক আশ্চর্য্য শ্রবণ কর; বালকগণ মৃত্যু হইতে অঘাসুরের মোচনরূপ শ্রীকৃষ্ণের এই পঞ্চ বৎসর কৃত কর্ম্ম দেখিয়া ষষ্ঠবর্ষে “অদ্য এই কর্ম্ম হইল” এইরূপে বিস্মিত হইয়া স্ব স্ব গৃহে গমনান্তর আপন আপন জননীপ্রভৃতির নিকট বলিয়াছিলেন।৩৭

অঘাসুরও যাঁহার স্পর্শে ধৌতপাতক অর্থাৎ নিষ্পাপ হইয়া অসুরদিগের সুদুর্ল্লভ ভগবৎ-সমানরূপত্ব প্রাপ্ত হইল, সেই নিখিল অংশ ও অংশীর প্রধান এবং তাঁহাদিগের প্রাদুর্ভাব কর্ত্তা পরম দয়ালু শ্রীনন্দনন্দনের এই কর্ম্ম বিচিত্র নহে।৩৮

সকৃদ্ যদঙ্গপ্রতিমান্তরাহিতা
মনোময়ী ভাগবতীং দদৌ গতিম্ ।
স এব নিত্যাত্মসুখানুভূত্যভি-
ব্যুদস্তমায়োঽন্তর্গতো হি কিং পুনঃ ॥৩৯

সূত উবাচ ।

ইত্থং দ্বিজা যাদবদেবদত্তঃ
শ্রুত্বা স্বরাতুশ্চরিতং বিচিত্রম্ ।
পপ্রচ্ছ ভূয়োঽপি তদেব পুণ্যং
বৈয়াসকিং যন্নিগৃহীতচেতাঃ ॥৪০

রাজোবাচ ।

ব্রহ্মন্ কালান্তরকৃতং তৎকালীনং কথং ভবেৎ ।
যৎ কৌমারে হরিকৃতং জগুঃ পৌগণ্ডকেঽর্ভকাঃ ॥৪১

তদ্ ব্রূহি মে মহাযোগিন্ পরং কৌতূহলং গুরো ।
নূনমেতদ্ধরেরেব মায়া ভবতি নান্যথা ॥৪২

বয়ং ধন্যতমা লোকে গুরোঽপি ক্ষত্রবন্ধবঃ ।
যৎ পিবামো মুহুস্ত্বত্তঃ পুণ্যং কৃষ্ণকথামৃতম্ ॥৪৩

হে অঙ্গ শোভন ! মনোময়ী যদঙ্গপ্রতিমা যস্য প্রতিকৃতিঃ সকৃৎ বারমেকম্ এব অন্তরাহিতা মনসি আনীতা সতী ভাগবতীং গতিং দদৌ। নিত্যাত্মসুখানুভূত্যভিব্যুদস্তমায়ঃ আত্মনঃ নিত্যানন্দানুভাবেন মায়ারহিতঃ পরমঃ সর্ব্বশ্রেষ্ঠঃ সঃ সাক্ষাৎ অন্তর্গতঃ ততঃ পুনঃ কিম্ ॥৩৯

সূতঃ উবাচ। হে দ্বিজাঃ যাদবদেবদত্তঃ যাদবদেবেন শ্রীকৃষ্ণেন উত্তরায়ৈ দত্তঃ পরীক্ষিৎ স্বরাতুঃ আত্মদাতুঃ কৃষ্ণস্য বিচিত্রং চরিতং শ্রুত্বা যন্নিগৃহীতচেতাঃ যেন শ্রবণেন বশীকৃতচিত্তঃ সন্ তদেব পুণ্যং চরিত্রং বৈয়াসিকং শুকং ভূয়ঃ পুনঃ অপি পপ্রচ্ছ ॥৪০

রাজা উবাচ। হে ব্রহ্মন্। কালান্তরকৃতং পূর্ব্বকালীনং কর্ম্ম তৎকালীনং সদ্যঃ কালদৃষ্টং কথং ভবেৎ সম্ভবেৎ ; যতঃ অর্ভকাঃ যৎ কৌমারে হরিকৃতং তৎ পৌগণ্ডকে উচুঃ ॥৪১

হে মহাযোগিন্ গুরো ! মে মম পরং কৌতূহলং জাতং, তৎ ব্রূহি। নূনং নিশ্চিতম্ এতৎ হরেঃ মায়া এব, অন্যথা ন ভবতি ॥৪২

হে গুরো ! ক্ষত্রবন্ধবঃ নিন্দিতক্ষত্রিয়াঃ অপি বয়ং লোকে ধন্যতমাঃ, যৎ যস্মাৎ পুণ্যং পবিত্রং কৃষ্ণকথামৃতং ত্বৎ-সকাশাৎ মুহুঃ পিবামঃ ॥৪৩

হে রাজন্ ! যাঁহার জগন্নাথ মদনগোপাল ও গোবিন্দাদি শ্রীমূর্ত্তি কেবল মনের দ্বারা চিন্তিত হইয়া থাকেন, সেই শ্রীমূর্ত্তি বলপূর্ব্বক একবার হৃদয়ে স্থাপিতা হইয়া খট্টাঙ্গ ও প্রহ্লাদ প্রভৃতিকে ভাগবতী গতি প্রদান করিয়াছেন ; অতএব সেই নিত্য-বিগ্রহ, সুখানুভূতি ও মায়া নিরসনকারী পরম-পুরুষ শ্রীভগবান্ যাহার অন্তর্গত হইয়াছেন তাহাকে মুক্তি দিবেন, ইহাতে আর আশ্চর্য্য কি হইতে পারে ?৩৯

সূতমহাশয় বলিলেন—হে শৌনকাদি বিপ্রগণ ! শ্রীকৃষ্ণ কর্ত্তৃক যিনি মাতৃগর্ভে প্রাণে রক্ষিত হইয়া জননী উত্তরার কিংবা পিতামহ যুধিষ্ঠিরের প্রতি প্রদত্ত হইয়াছিলেন, সেই মহারাজ পরীক্ষিৎ স্বীয় রক্ষাকর্ত্তা শ্রীকৃষ্ণের এই চরিত্র উক্ত প্রকারে শ্রবণ করিয়া পুনর্ব্বারও পুণ্যজনক সেই শ্রীকৃষ্ণচরিত, শ্রীশুকদেব গোস্বামীর নিকট জিজ্ঞাসা করিলেন ; যেহেতু তচ্চরিত্র শ্রবণ করিয়া মহারাজের চিত্ত বশীকৃত হইয়াছিল ।৪০

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্ ! অঘাসুরাদি-মোচনরূপ শ্রীহরির কৌমার-কৃত কর্ম্ম অর্থাৎ পঞ্চমবর্ষীয় কর্ম্ম বালকগণ ব্রজে গিয়া পৌগণ্ড অর্থাৎ ষষ্ঠ বৎসরে বর্ণনা করিয়াছিলেন, ইহাতে আশঙ্কা হইতেছে যে—কালান্তর কৃত কর্ম্ম (পূর্ব্বকাল নিষ্পাদিত কর্ম্ম) তৎকালীন (সদ্য কালদৃষ্ট) অর্থাৎ "অদ্যই দেখিয়াছি" এইরূপ বলা কি প্রকারে সম্ভব হইতে পারে ?৪১

হে মহাযোগিন্ (হে পরম ভক্তিযুক্ত ! শ্রীভগবানের বৃত্তান্ত আপনার অজ্ঞাত কিছুই নাই ; আপনি সকলই বিদিত আছেন) হে গুরো ! (তাহা পরম গুহ্য হইলেও শিষ্যের নিকট কিছুই গোপনীয়

সূত উবাচ।

ইত্থং স্ম পৃষ্টঃ স তু বাদরায়ণি-

স্তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়ঃ।

কৃচ্ছ্রাৎ পুনর্লব্ধবহির্দৃশিঃ শনৈঃ

প্রত্যাহ তং ভাগবতোত্তমোত্তম ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ।১২॥

শ্রীসূতঃ উবাচ। হে ভাগবতোত্তমোত্তম ভক্তপ্রধান শৌনক! তৎ স্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়ঃ শ্রীহরিস্মরণেন আকৃষ্টসর্ব্বেন্দ্রিয়ঃ সঃ বাদরায়ণিঃ শুকঃ রাজ্ঞা ইত্থং পৃষ্টঃ সন্ কৃচ্ছ্রাৎ পুনঃ লব্ধবহির্দৃশিঃ বাহ্যসংজ্ঞাং প্রাপ্য শনৈঃ তং রাজানং প্রত্যাহ ॥৪৪

ইতি শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ।

থাকে না) বোধ হয় ইহা নিশ্চয়ই শ্রীকৃষ্ণের মায়া; অন্যথা নিত্য-পরিকর ব্রজ-বালকদিগের এইরূপ ভ্রম হইতে পারে না। অতএব তাহার পূর্ব্বকাল কৃত কর্ম্মের বর্ত্তমানকাল জ্ঞানের কারণ বর্ণন করুন, তচ্ছ্রবণে আমার অত্যন্ত কৌতূহল হইয়াছে।৪২

হে গুরো! আমরা ক্ষত্রিয়াধম হইলেও এই সংসারে ধন্যতম হইলাম, যেহেতু আপনার নিকট হইতে মনোজ্ঞ কৃষ্ণকথামৃত পুনঃ পুনঃ পান করিতেছি।৪৩

সূত বলিলেন—হে ভাগবতোত্তমোত্তম শৌনক! মহারাজ পরীক্ষিৎ শ্রীশুকদেব গোস্বামীকে উক্ত প্রকারে জিজ্ঞাসা করিলে, তদীয় প্রশ্নবিশেষের দ্বারা তত্তদ্‌বিষয়ক অর্থাৎ তৃণবহুল প্রদেশে ভোজনাদি ও তত্তদবিষয়ে অনন্ত ঐশ্বর্য্য মাধুরী প্রদর্শক শ্রীকৃষ্ণ স্মরণ হওয়ায় তাঁহার কৃষ্ণপ্রেমভরে তদেক পরিস্ফূর্ত্তি হেতু নিখিল ইন্দ্রিয়বৃত্তি অপহৃত হইয়া পড়িল। তখন করতালি, শঙ্খ, ভেরী, দুন্দুভি ও বিষাণ প্রভৃতি বাদ্যের সহিত শ্রীনারদ-ব্যাসাদি মুনি-কৃত উচ্চৈঃস্বরে ভগবন্নাম কীর্ত্তন ধ্বনি দ্বারা বহুল প্রয়াসে পুনর্ব্বার তাঁহার বাহ্যজ্ঞান লাভ হইলে তিনি ধীরে ধীরে তদীয় প্রশ্নোত্তর দানার্থ মহারাজের প্রতি বলিতে লাগিলেন।৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত দ্বাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ অধ্যায়ঃ।

[হংসরূপধারিণা শ্রীভগবতা ব্রহ্মণে জ্ঞানস্যোপদেশঃ।]

শ্রীশুক উবাচ।

সাধু পৃষ্টং মহাভাগ ত্বয়া ভাগবতোত্তম।
যন্নূতনয়সীশস্য শৃণ্বন্নপি কথাং মুহুঃ ॥১

সতাময়ং সারভৃতাং নিসর্গো
যদর্থবাণীশ্রুতিচেতসামপি।
প্রতিক্ষণং নব্যবদচ্যুতস্য যৎ
স্ত্রিয়া বিটানামিব সাধু বার্তা ॥২

শৃণুষ্বাবহিতো রাজন্নপি গুহ্যং বদামি তে।
ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুত ॥৩

তথাঘবদনান্মৃত্যো রক্ষিত্বা বৎসপালকান্।
সরিৎপুলিনমানীয় ভগবানিদমব্রবীৎ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে মহাভাগ! হে মহাত্মন্ ভাগবতোত্তম! ভাগবতশ্রেষ্ঠ! ত্বয়া সাধু যথা স্যাৎ তথা পৃষ্টং জিজ্ঞাসিতম্। যৎ যস্মাৎ ঈশস্য কথাং ভগবদগুণানুকীর্ত্তনং মুহুঃ পুনঃ পুনঃ শৃণ্বন্ অপি আকর্ণয়ন্নপি (অশ্রুতপূর্ব্বামিব) নূতনয়সি নবীকরোষি ॥১

হে রাজন্! যদর্থবাণীশ্রুতিচেতসাং যদর্থানি ভগবদ্বার্ত্তা-প্রয়োজনানি বাণীশ্রুতিচেতাংসি বাক্যকর্ণচিত্তানি যেষাং তেষাং সারভৃতাং সারগ্রাহিণাং সতাং সাধূনাম্ অয়ং নিসর্গঃ স্বভাবঃ যৎ বিটানাং স্ত্রৈণানাং স্ত্রিয়াঃ কামিন্যাঃ বার্ত্তা ইব অচ্যুতস্য সাধুবার্ত্তা প্রতিক্ষণং নিরন্তরং নব্যবৎ অভিনবানন্দবৎ ভবতি ॥২

অতঃ তে গুহ্যম অতিশয়গোপ্যম্ অপি বদামি, অবহিতঃ স্থিরচিত্তঃ সন্ শৃণুষ্ব। উত ভোঃ! গুরবঃ গুহ্যমপি স্নিগ্ধস্য শিষ্যস্য প্রিয়শিষ্যস্য (শিষ্যং শিষ্যায় বা) ব্রূয়ুঃ কথয়েয়ুঃ ॥৩

অথ ভগবান্ অচ্যুতঃ মৃত্যোঃ কালরূপিণঃ অঘবদনাৎ অঘাসুরমুখাৎ বৎসপালকান্ বৎসান্ গোপবালকান্ চ রক্ষিত্বা সরঃপুলিনং সরোবর-তটম্ আনীয় ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ অকথয়ৎ ॥৪

ত্রয়োদশ অধ্যায়।

[হংসরূপধারী শ্রীভগবান্ কর্ত্তৃক ব্রহ্মাকে জ্ঞানের উপদেশ।]

হে ভাগবতোত্তম! মহাভাগ! তুমি অতি অপূর্ব্ব প্রশ্ন করিয়াছ; যেহেতু নিজ প্রভুর কথা বার বার শ্রবণ করিয়াও তাহা নূতনের ন্যায় করিতেছ অর্থাৎ শ্রুত ও মুহুর্মুহুঃ আস্বাদিত কথাকেও অশ্রুতচরীর ন্যায় করিতেছ।১

(হে রাজন্! অশ্রুত বিষয় নূতন করিতেছ ইহাতে আর কি বক্তব্য থাকে; যেহেতু বারংবার শ্রুত বিষয়কেও নূতনের ন্যায় করিতেছ, ইহা তোমার মত কৃষ্ণপ্রাণ ব্যক্তির সমুচিত কার্য্যই হইয়াছে, বটে কারণ) শ্রীকৃষ্ণ—কথাই যাঁহাদিগের বাক্য, কর্ণ ও বিষয়, অথবা শ্রীকৃষ্ণই যাঁহাদিগের বাক্য, শ্রুতি ও চিত্তের বিষয় হইয়াছে, তাদৃশ কৃষ্ণ-পদারবিন্দ-ধ্যানরত ভক্তিমান্ সাধুদিগের স্বভাবই এই প্রকার হইয়া থাকে; যেহেতু যুবতিবিষয়ক বাক্য শ্রুত কীর্ত্তিত ও নিরন্তর চিন্তিত হইয়াও কামুক যুবকদিগের পক্ষে প্রতিক্ষণ নূতন ও পরম সুখপ্রদ হয়, তদ্রূপ ভক্তিনিষ্ঠ সাধুদিগের সম্বন্ধে শ্রীকৃষ্ণগুণানুবাদ ক্ষণে ক্ষণে নূতনের ন্যায় হইয়া থাকে।২

হে রাজন্! বক্ষ্যমাণ বিষয় অতিশয় দুর্ব্বোধ-প্রযুক্ত স্থিরচিত্ত হইয়া শ্রবণ কর। শ্রীভগবান্ ব্রহ্মাতেও যাহা অসম্ভব এতাদৃশ নানাবিধ আশ্চর্য্যই বর্ণন হইবে যে, তাহা সর্ব্ব সাধারণের বোধগম্য না হইলেও আমি সেই অতি রহস্য ও বর্ণন করিতেছি। যেহেতু মনে বিচার করিয়া দেখিলাম—গুরুগণ প্রেমিক শিষ্যের নিকট অতি গুহ্য বিষয়ও ব্যক্ত করিয়া থাকেন।৩

অহোঽতিরম্যং পুলিনং বয়স্যাঃ
স্বকেলিসম্পন্মৃদুলাচ্ছবালুকম্।
স্ফুটৎসরোগন্ধহৃতালিপত্রিক-
ধ্বনিপ্রতিধ্বানলসদ্দ্রুমাকুলম্ ॥৫

অত্র ভোক্তব্যমস্মাভির্দিবা রূঢ়ং ক্ষুধার্দিতাঃ।
বৎসাঃ সমীপেঽপঃ পীত্বা চরন্তু শনকৈস্তৃণম্ ॥৬

হে বয়স্যাঃ বালাঃ! অহো স্বকেলিসম্পন্মৃদুলাচ্ছবালুকং ক্রীড়োপযোগিসামগ্রীবিশিষ্টং পরিষ্কৃতব লুকাময়ং চ স্ফুটৎসরোগন্ধ-হৃতালিপত্রিক-ধ্বনি-প্রতিধ্বান-লসদ্দ্রুমাকুলং বিকসিত-পদ্মগন্ধাকৃষ্টভৃঙ্গাণাং গুঞ্জনেন প্রতিধ্বনিতসরোবরতটস্থপাদপম্ ইদম্ অতি মনোহরং পুলিনং দৃশ্যতে ॥৫

যতো দিবা রূঢ়ং দিনমুচ্ছ্রিতং, ভোজনবেলা অতীতা, অতো বয়ং ক্ষুধার্দ্দিতাঃ, ততঃ অস্মাভিঃ অত্র পুলিনে এব ভোক্তব্যং; বৎসাঃ অপঃ পীত্বা সমীপে এব শনকৈঃ তৃণং চরন্তু ॥৬

তথেতি পায়য়িত্বার্ভা বৎসানারুধ্য শাদ্বলে।
মুক্ত্বা শিক্যানি বুভুজুঃ সমং ভগবতা মুদা ॥৭

কৃষ্ণস্য বিষ্বক্ পুরুরাজিমণ্ডলৈ-
রভ্যাননাঃ ফুল্লদৃশো ব্রজার্ভকাঃ।
সহোপবিষ্টা বিপিনে বিরেজু-
শ্ছদা যথাম্ভোরুহকর্ণিকায়াঃ ॥৮

তথা ইতি (কৃষ্ণোক্তিং মন্যমানাঃ) অর্ভাঃ বালকাঃ বৎসান্ জলং পায়য়িত্বা শাদ্বলে হরিততৃণসঙ্কুলপ্রদেশে আরুধ্য নিবেশ্য শিক্যানি (স্বকীয়ানি) মুক্ত্বা ভগবতা কৃষ্ণেন সমং মুদা হর্ষেণ বুভুজুঃ ভোজনং চক্রুঃ ॥৭

অম্ভোরুহকর্ণিকায়াঃ কমলকর্ণিকায়াঃ পরিতঃ ছদাঃ পত্রাণি যথা তথা কৃষ্ণস্য বিষ্বক্ পরিতঃ পুরুরাজিমণ্ডলৈঃ মণ্ডলাকারপংক্তিভিঃ অভ্যাননাঃ অভিমুখবদনাঃ, ফুল্লদৃশঃ বিকসিতনয়নাঃ, সহোপবিষ্টাঃ একত্রাবস্থিতাঃ, ব্রজার্ভকাঃ ব্রজবালকাঃ বিপিনে বিরেজুঃ শুশুভিরে ॥৮

পূর্ব্বোক্ত প্রকারে ভগবান্ শ্রীকৃষ্ণ মৃত্যুস্বরূপ অঘাসুরের বদন হইতে কিংবা অঘাসুরের মৃত্যু হইতে বৎস ও বালকগণকে রক্ষা করিয়া যমুনা-পুলিনে আনয়ন পূর্ব্বক বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।৪

হে বয়স্যগণ! আহা! অতিশয় রমণীয় পুলিন, আমাদিগের ক্রীড়ার সম্পদ্স্বরূপ হইয়াছে; যেহেতু, ঐ পুলিন কোমল অথচ নির্ম্মল বালুকাময়, আর যমুনাস্থ বিকসিত পদ্মসমূহের সৌরভে বিমোহিত ভ্রমর ও পক্ষিসকল আগমন করায় জলগত তাহাদিগের কলধ্বনির প্রতিশব্দে বিলসিত বৃক্ষগণ দ্বারা পরিবৃত হইয়াছে।৫

অতএব এইস্থলেই আমরা ভোজন করিব; কারণ, অঘাসুরের তুণ্ডমধ্যে প্রবেশ করায় ভোজন বেলাও অতীত হইয়াছে, সুতরাং আমরা সকলেই ক্ষুধায় কাতর হইয়াছি, কিংবা বৎসগুলি ক্ষুধায় অতিশয় পীড়িত হইয়াছে, অতএব বৎসসকলও জলপান করিয়া আমাদিগের সুখ-ভোজন-নির্ব্বাহার্থ এক্ষণে নিকটেই ধীরে ধীরে তৃণ ভোজন করুক; তৎপর যথেচ্ছ স্থানে তৃণ ভক্ষণ করিবে, অতএব এই নিকটবর্ত্তি-স্থানে বৎসগুলি অবরোধ করিয়া রাখ।৬

শ্রীকৃষ্ণের ঐ কথায় গোপবালকেরা তাহাই হউক বলিয়া বৎসগুলিকে জলপান করাইয়া সূক্ষ্ম দূর্ব্বাদিময় প্রচুর তৃণযুক্ত প্রদেশে তাহাদিগকে অবরোধ করত স্ব স্ব গৃহানীত ভোজ্যময় শিক্য সকল মোচন পূর্ব্বক পরমানন্দে শ্রীকৃষ্ণের সহিত ভোজন করিতে লাগিলেন।৭

পদ্মের কর্ণিকার চারিদিকে তৎপত্রগুলি যেমন শোভা পাইয়া থাকে, তদ্রূপ মণ্ডলাকার বহু পঙ্‌ক্তির দ্বারা শ্রীকৃষ্ণের চতুর্দ্দিকে উপবিষ্ট ও তাঁহার প্রতি সম্মুখীন হইয়া ব্রজবালকগণ প্রফুল্লনয়নে সেই অরণ্যে শোভা পাইতে লাগিলেন।৮

কেচিৎ পুষ্পৈর্দলৈঃ কেচিৎ পল্লবৈরঙ্কুরৈঃ ফলৈঃ।
শিগ্‌ভিস্ত্বগ্‌ভির্দৃদ্ভিশ্চ বুভুজুঃ কৃতভাজনাঃ ॥৯
সর্বে মিথো দর্শয়ন্তঃ স্বস্বভোজ্যরুচিং পৃথক্।
হসন্তো হাসয়ন্তশ্চাভ্যবজহ্রুঃ সহেশ্বরাঃ ॥১০
বিভ্রদ্‌-বেণুং জঠরপটয়োঃ শৃঙ্গবেত্রে চ কক্ষে
বামে পাণৌ মসৃণকবলং তৎফলান্যঙ্গুলীষু।
তিষ্ঠন্ মধ্যে স্বপরিসুহৃদো হাসয়ন্ নর্মভিঃ স্বৈঃ
স্বর্গে লোকে মিষতি বুভুজে যজ্ঞভুগ্ বালকেলিঃ ॥১১

ভারতৈবং বৎসপেষু ভুঞ্জানেষ্বচ্যুতাত্মসু।
বৎসাস্ত্বন্তর্বনে দূরং বিবিশুস্তৃণলোভিতাঃ ॥১২

তত্র কেচিৎ পুষ্পৈঃ দলৈঃ পল্লবৈঃ অঙ্কুরৈঃ ফলৈঃ, কেচিৎ শিগ্‌ভিঃ ত্বগ্‌ভিঃ বল্কলৈঃ দৃষদ্ভিঃ পাষাণখণ্ডৈঃ কৃতভাজনাঃ ভোজ্যাদ্যাধারপাত্রাণি সংকল্প্য বুভুজুঃ ॥৯

সর্বে সহেশ্বরাঃ কৃষ্ণসহিতাঃ তে বালকাঃ মিথঃ পরস্পরং স্বস্বভোজ্যরুচিং স্বস্বভোজ্যস্য স্বাদুতাবিশেষং পৃথক্ (মুখভঙ্গ্যাদিনা) দর্শয়ন্তঃ প্রকাশয়ন্তঃ (তেন) স্বয়ং হসন্তঃ অন্যান্ চ হাসয়ন্তঃ অভ্যবজহ্রুঃ বুভুজিরে ॥১০

যজ্ঞভুক্ যজ্ঞাধিষ্ঠাতা (অপি অধুনা) বাললীলঃ কৃষ্ণঃ মধ্যে বালকানাং মধ্যস্থঃ সন্ জঠরপটয়োঃ উদরবস্ত্রয়োঃ মধ্যে বেণুং দধৎ, বামে কক্ষে শৃঙ্গবেত্রে দধৎ, বামে পাণৌ মসৃণকবলং দধ্যোদনগ্রাসং, তৎফলানি তদুচিতানি ফলানি অঙ্গুলিষু অঙ্গুলিসন্ধিষু ধৃত্বা স্বপরিসুহৃদঃ পরিবেষ্টিতান্ সখীন্ স্বৈঃ নর্মভিঃ পরিহাসবাক্যৈঃ হাসয়ন্ আনন্দীকুর্বন্ স্বর্গে লোকে স্বর্গবাসিনি জনে মিষতি পশ্যতি সতি বুভুজে ॥১১

হে ভারত! অচ্যুতাত্মসু বৎসপেষু এবং ভুঞ্জানেষু সৎসু বৎসাঃ তৃণলোভিতাঃ সন্তঃ অন্তর্বনে বনমধ্যে দূরং বিবিশুঃ ॥১২

কোন কোন বালক পুষ্পদ্বারা, কোন বালক পদ্মপত্র দ্বারা কিংবা কেহ কেহ পুষ্পস্থ পত্রসমূহ দ্বারা, কেহ বা পল্লব অর্থাৎ কোমল অথচ অরুণ বর্ণ আম্রাদি পত্র দ্বারা, কেহ বা অঙ্কুর অর্থাৎ পল্লবের পূর্ব্বাবস্থময় মৃদুল পত্র দ্বারা, কোন কোন বালক বা ফলসমূহ দ্বারা, কেহ কেহ বা শিকাগুলি দ্বারা, কেহ কেহ ভূর্জ্জাদি বৃক্ষবল্কল দ্বারা ও কোন কোন বালক পাষাণ দ্বারা পাত্র রচনা করিয়া ভোজন করিতে লাগিলেন।৯

শ্রীকৃষ্ণের সহিত বালকসকল অর্থাৎ শ্রীকৃষ্ণাদি বালকগণ নিজ নিজ গৃহ হইতে আনীত প্রশ্ন ব্যঞ্জনাদির আস্বাদ পৃথক্ পৃথক্ দর্শন করাইয়া হাস্য পরিহাস করিতে করিতে ভোজন করিতে লাগিলেন।১০

[অনন্তর বালকদিগের সহিত ভগবানের ভোজন লীলা বর্ণন করিয়া আবার তাহা হইতে বিশেষ শ্রীকৃষ্ণের ভোজনলীলা বলিতেছেন]

হে রাজন্! যিনি সর্ব্ব-যজ্ঞ-ভোক্তা অর্থাৎ যজ্ঞে উদ্দেশমাত্রে সমর্পিত মন্ত্রপূত হবিঃ স্বীকার মাত্রেই তদ্ভোক্তা বলিয়া আরোপিত হইয়া থাকেন; কিংবা নানাবিধ প্রযত্নসহকারে সমর্পিত যজ্ঞ ভাগ ও যিনি ভোজন করেন না, সেই শ্রীকৃষ্ণ লৌকিক বালকের ন্যায় বাল্যলীলাপরায়ণ হইয়া বালকদিগের মধ্যস্থলে কমলকর্ণিকাকারে উপবেশন করিয়া ভোজন করিতে লাগিলেন এবং তিনি ভোজন সময়ে উদর ও পরিধেয় বসনের মধ্যস্থলে বেণু, বাম কক্ষে শৃঙ্গ [বংশীবৎ বাদ্যবিশেষ] ও বৎসতাড়ন বেত্র, বামহস্তের দধি-মিশ্রিত অন্নের বৃহদ্‌কবল এবং ঐ বামহস্তের অঙ্গুলীর সন্ধিসকলে অর্থাৎ অঙ্গুলীদ্বয়ের মধ্যে মধ্যে ভোজনোপযোগী রুচিজনক ফলসমূহ [আচার বা চাটনি সমূহ] ধারণ করিয়া নিজের চতুর্দ্দিকে মণ্ডলাকারে উপবিষ্ট বয়স্যদিগকে পরিহাস বাক্যদ্বারা হাস্য করাইতে লাগিলেন। তখন স্বর্গলোকবাসী সকলে পরমাশ্চর্য্যান্বিত হইয়া ঐ লীলা অবলোকন করিতেছিলেন।১১

দুঃখ সহকারে বলিলেন—হে ভারত! কৃষ্ণগত-চিত্ত বালকসকল পূর্ব্বোক্তানুসারে ভোজন করিতে লাগিলে বৎসগণ স্বয়ংই তৃণলোভে কিংবা ব্রহ্মা কর্তৃক

তান্ দৃষ্ট্বা ভয়সংত্রস্তানূচে কৃষ্ণোঽস্য ভীভয়ম্।
মিত্রাণ্যাশান্মা বিরমতেহানেষ্যে বৎসকানহম্ ॥১৩

ইত্যুক্ত্বাদ্রিদরীকুঞ্জগহ্বরেষ্বাত্মবৎসকান্।
বিচিন্বন্ ভগবান্ কৃষ্ণঃ সপাণিকবলো যযৌ ॥১৪

অম্ভোজন্মজনিস্তদন্তরগতো মায়ার্ভকস্যেশিতু-
র্দ্রষ্টুং মঞ্জুমহিত্বমন্যদপি তদ্বৎসানিতো বৎসপান্।
নীত্বান্যত্র কুরূদ্বহান্তরদধাৎ খেঽবস্থিতো যঃ পুরা
দৃষ্ট্বাঘাসুরমোক্ষণং প্রভবতঃ প্রাপ্তঃ পরং বিস্ময়ম্ ॥১৫

ততো বৎসানদৃষ্ট্বৈত্য পুলিনেঽপি চ বৎসপান্।
উভাবপি বনে কৃষ্ণো বিচিকায় সমন্ততঃ ॥১৬

কাপ্যদৃষ্ট্বান্তর্বিপিনে বৎসান্ পালাংশ্চ বিশ্ববিৎ।
সর্বং বিধিকৃতং কৃষ্ণঃ সহসাবজগাম হ ॥১৭

অস্য (বিশ্বস্য যা) ভীঃ (তস্যা অপি) ভয়ং যস্তঃ সঃ কৃষ্ণঃ ভয়সংত্রস্তান্ ভীতান্ দৃষ্ট্বা তান উচে—হে মিত্রাণি! আশাৎ ভোজনাৎ মা বিরমত, বৎসকান্ অহম্ ইহ আনেষ্যে ॥১৩

ইতি উক্ত্বা অদ্রিদরীকুঞ্জেষু পর্ব্বতগিরিগুহাসঙ্কটস্থানেষু বৎসকান্ বিচিন্বন্ অন্বেষয়ন্ সপাণিকবলঃ খাদ্যহস্তঃ এব কৃষ্ণঃ যযৌ ॥১৪

হে কুরূদ্বহ! পুরা প্রভবতঃ কৃষ্ণাৎ অঘাসুরমোক্ষণং দৃষ্ট্বা পরং বিস্ময়ং প্রাপ্তঃ সন্ খে আকাশে এব অবস্থিতঃ যঃ সঃ অম্ভোজন্মজনিঃ কমলযোনিঃ ব্রহ্মা মায়ার্ভকস্য ঈশিতুঃ ঈশ্বরস্য অন্যং অপি মঞ্জুমহিত্বং মনোহরমহিমানং দ্রষ্টুং তদন্তরগতঃ তস্মিন্নবসরে তত্র আগতঃ সন্ ইতঃ স্থানাৎ বৎসান্ বৎসপান্ চ অন্যত্র নীত্বা অন্তরধাৎ তিরোবভূব ॥১৫

ততঃ কৃষ্ণঃ (বনে) বৎসান্ অদৃষ্ট্বা পুনরপি তত্র পুলিনে এত্য বৎসান্ চ অদৃষ্ট্বা বনে সমন্ততঃ সর্ব্বত্র উভৌ বৎসান্ বৎসপাংশ্চ বিচিকায় অন্বেষয়ামাস ॥১৬

বিশ্ববিৎ কৃষ্ণঃ কাপি অন্তর্বিপিনে বৎসান্ পালাংশ্চ অদৃষ্ট্বা সর্ব্বং (এতৎ অপহরণম্) বিধিকৃতং ব্রহ্মণা কৃতম্ ইতি সহসা এব হ অবজগাম জ্ঞাতবান্ ॥১৭

তৃণদ্বারা লোভিত হইয়া দূরবর্তি বনমধ্যে প্রবেশ করিল।১২

বয়স্যসকলকে বৎসগণের অদর্শনজন্য শঙ্কায় ত্রাসান্বিত দর্শনপূর্ব্বক ভয়ের কারণ হইতে তাহাদিগের ভয় নিবারণ করিয়া কিংবা ভবভয়ের ভয়প্রদ অর্থাৎ স্বভাবতই সকলের অভয়-দাতা শ্রীকৃষ্ণ বলিতে লাগিলেন,—হে মিত্রগণ! তোমরা ভোজন হইতে বিরত হইও না, আমিই একাকী সমস্ত বৎসগুলি এই স্থানে আনয়ন করিব।১৩

এই বলিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ খাদ্যগ্রাস হস্তে লইয়াই গোবর্দ্ধন পর্ব্বতে বা পর্ব্বত গুহায়, কুঞ্জে ও গহ্বরে সকলে আপন বৎসগুলির অন্বেষণ করিবার নিমিত্ত কিংবা অন্বেষণ করিতে করিতে গমন করিতে লাগিলেন।১৪

হে কুরূদ্বহ! যে বিধাতা ইতিপূর্ব্বে গগন-মার্গে অবস্থিত হইয়া শ্রীকৃষ্ণ কর্তৃক অঘাসুরের মোচন দর্শনপূর্ব্বক অত্যন্ত বিস্ময়ান্বিত হইয়াছিলেন, সেই পদ্মযোনি ব্রহ্মা—মহাপুরুষের নাভিকমল হইতে সমুদ্ভব বিধায় স্বভাবতঃ সর্ব্বজ্ঞ হইলেও মায়াদ্বারা বালকরূপী শ্রীভগবানের অন্য মনোহর মহিমা দর্শন করিবার নিমিত্ত ইত্যবসরে সমাগত হইয়া তথা হইতে সেই মায়াকল্পিত বৎসগুলিকে ও পুলিন হইতে মায়াকল্পিত বালক সকলকে অন্যত্র স্থাপন করিয়া স্বয়ং চোরের ন্যায় অন্তর্হিত হইলেন।১৫

তারপর শ্রীকৃষ্ণ পর্ব্বতাদি স্থানে বৎসগণকে দেখিতে না পাইয়া পুনর্ব্বার পুলিনে আসিয়া তথায় বৎসপালক বয়স্যদিগকে না দেখিয়া সমস্ত বনমধ্যে বৎস ও বয়স্য সকলকে অন্বেষণ করিতে লাগিলেন।১৬

সর্ব্বজ্ঞ হইয়াও শ্রীকৃষ্ণ বনমধ্যে কোনস্থলেও বৎস ও বালকগণকে দেখিতে না পাইয়া এই সমস্ত ব্রহ্মার কার্য্য ইহা সহসা অবগত হইলেন।১৭

ততঃ কৃষ্ণো মুদং কর্ত্তুং তন্মাতৄণাং চ কস্য চ।
উভয়ায়িতমাত্মানং চক্রে বিশ্বকৃদীশ্বরঃ ॥১৮

যাবদ্ বৎসপবৎসকাল্পকবপুর্যাবৎ করাঙ্‌ঘ্র্যাদিকং
যাবদ যষ্টিবিষাণবেণুদলশিগ্ যাবদ্ বিভূষাম্বরম্।
যাবচ্ছীলগুণাভিধাকৃতিবয়ো যাবদ্বিহারাদিকং
সর্ব্বং বিষ্ণুময়ং গিরোঽঙ্গবদজঃ সর্ব্বস্বরূপো বভৌ ॥১৯

স্বয়মাত্মাত্মগোবৎসান্ প্রতিবার্য্যাত্মবৎসপৈঃ।
ক্রীড়ন্নাত্মবিহারৈশ্চ সর্ব্বাত্মা প্রাবিশদ্ ব্রজম্ ॥২০

ততঃ বিশ্বকৃৎ ব্রহ্মাণ্ডরচনাকারী ঈশ্বরঃ কৃষ্ণঃ তন্মাতৄণাং বৎসবালকমাতৄণাং, কস্য ব্রহ্মণঃ চ মুদং হর্ষং কর্ত্তুম্ আত্মানম্ উভয়ায়িতং বৎসবৎসপাঃ চ ইত্যেবং স্বয়ং তদ্বদাচরন্তং চক্রে ॥১৮

তদাহ—বৎসপবৎসকাল্পকবপুঃ যাবৎ করাঙ্ঘ্র্যাদিকং যাবৎ যষ্টিবিষাণবেণুদলশিগ্ যাবৎ বিভূষাম্বরং যাবৎ তথা শীল-গুণাভিধাকৃতিবয়ঃ যাবৎ চ বিহারাদিকং সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ ইতি গিরঃ বেদস্য অঙ্গবৎ অবয়ববৎ অজঃ শ্রীকৃষ্ণঃ সর্ব্বস্বরূপঃ বৎসবৎসপাদিসর্ব্বরূপঃ বভৌ বিররাজ ॥১৯

স্বয়মাত্মা হরিঃ এবং সর্ব্বাত্মা সর্ব্বরূপঃ সন্ আত্মবৎসপৈঃ আত্মস্বরূপৈঃ বৎসপৈঃ আত্মবৎসপান্ আত্মরূপান্ গোবৎসান্ প্রতিবার্য্য প্রযোজ্য আত্মবিহারৈঃ ক্রীড়ন্ (সর্ব্বরূপেণ স্বয়ং হি) ব্রজং প্রাবিশৎ ॥২০

অনন্তর মহৎ স্রষ্টাদিরও ঈশ্বর শ্রীকৃষ্ণ, সেই বৎস ও বালকগণের জননী গাভী ও গোপীসকলের এবং ব্রহ্মার পরমানন্দ সম্পাদন করিবার নিমিত্ত আপনাকেই বৎস ও বালকরূপে রচনা করিলেন।১৮

"এই সচরাচর বিশ্ব বিষ্ণুময়" এই বেদ বাক্যের স্বরূপ প্রত্যক্ষ করাইতেই যেন ভগবান্ শ্রীকৃষ্ণ বৎস ও বালকদিগের মধ্যে যাহার যেরূপ যষ্টি, শৃঙ্গ, বেণু, পত্র ও শিকা, যেমন বস্ত্র, যেমন অলঙ্কার, যেমন চরিত্র, যেমন গুণ, যেমন নাম, যেমন রূপ, যেমন আকৃতি, যেমন বয়স যেমন গমনাগমন ও যেমন যেমন ব্যবহার, ঠিক সেই রূপ ভাব প্রভৃতি ধারণ করিয়া শোভা পাইতে লাগিল।১৯

এইরূপে সর্ব্বস্বরূপ শ্রীকৃষ্ণ আপনিই প্রযোজক হইয়া আত্মস্বরূপ গোবৎসসকলকে আত্মস্বরূপ বৎসপালগণের দ্বারা চালনা করিয়া আত্মস্বরূপ বালকদিগের সহিত বেণুপ্রভৃতি বাজাইতে বাজাইতে নানাবিধ ক্রীড়ন-পুরঃসর ব্রজে প্রবেশ করিলেন।২০

তত্তদ্বৎসান্ পৃথঙ্ নীত্বা তত্তদ্গোষ্ঠে নিবেশ্য সঃ
তত্তদাত্মাভবদ্ রাজংস্তত্তৎসদ্ম প্রবিষ্টবান্ ॥২১

তন্মাতরো বেণুরবত্বরোত্থিতা
উত্থাপ্য দোর্ভিঃ পরিরভ্য নির্ভরম্।
স্নেহস্নুতস্তন্যপয়ঃসুধাসবং
মত্বা পরং ব্রহ্ম সুতানপায়য়ন্ ॥২২

হে রাজন্! ততঃ তত্তদ্বৎসান্ পৃথক্ নীত্বা তত্তদ্গোষ্ঠে নিবেশ্য সংস্থাপ্য তত্তদাত্মা তত্তদ্বালভাবং স্বীকৃত্য অভবৎ আশ্রিতঃ শ্রীকৃষ্ণঃ তত্তৎ সদ্ম গৃহং প্রবিষ্টবান্ ॥২১

বেণুরবত্বরোত্থিতাঃ বেণুরবেণ ত্বরয়া উত্থিতাঃ অতএব তন্মাতরঃ দোর্ভিঃ উত্থাপ্য অঙ্কে গৃহীত্বা নির্ভরং গাঢ়ং পরিরভ্য আলিঙ্গ্য পরং ব্রহ্মসুতান্ মত্বা সুধাসবম্ অমৃতোপমং স্নেহস্নুতস্তন্যপয়ঃ প্রেমাতিশয়েন ক্ষরিতস্তন্যদুগ্ধম্ অপায়য়ন্ পায়য়ামাসুঃ ॥২২

হে রাজন্! শ্রীদামাদির রূপধারী ভগবান্ শ্রীকৃষ্ণ বৎসগুলিকে যে পথে যেখানে যাইবে, তাহাকে দূর হইতেই পৃথক্ করিয়া যাহার যে গোষ্ঠ তাহাকে সেই গৃহে প্রবেশ করাইয়া যে বালকের যে গৃহ স্বয়ং সেই গৃহে প্রবেশ করিলেন।২১

সেই শ্রীদাম-সুদামাদির জননীগণ আপন আপন বালকের বেণু রব শ্রবণ মাত্রে সত্বর উত্থিত হইয়া শ্রীদামাদির রূপধারী পরব্রহ্ম শ্রীকৃষ্ণকে নিজ নিজ পুত্র মনে করিয়া কিংবা আপন আপন পুত্রকে পরব্রহ্ম

ততো নৃপোন্মর্দনমজ্জলেপনা-
লঙ্কাররক্ষাতিলকাশনাদিভিঃ।
সংলালিতঃ স্বাচরিতৈঃ প্রহর্ষয়ন্
সায়ং গতো যামযমেন মাধবঃ ॥২৩
গাবস্ততো গোষ্ঠমুপেত্য সত্বরং
হুঙ্কারঘোষৈঃ পরিহূতসঙ্গতান্।

স্বকান্ স্বকান্ বৎসতরানপায়য়ন্
মুহুর্লিহন্ত্যঃ স্রবদৌধসং পয়ঃ ॥২৪

গোগোপীনাং মাতৃতাস্মিন্ আসীৎ স্নেহর্দ্ধিকাং বিনা।
পুরোবদাস্বপি হরেস্তোকতা মায়য়া বিনা ॥২৫

ততঃ হে নৃপ! এবং যামযমেন যামানাং দিনান্তপ্রহরাণাং যমেন উপরমেণ সায়ং প্রদোষে (ব্রজম্) গতঃ মাধবঃ শ্রীকান্তঃ স্বাচরিতৈঃ স্বস্য শোভনব্যবহারৈঃ মাতৄঃ প্রহর্ষয়ন্ আনন্দয়ন্ তাভিঃ মাতৃভিঃ চ মজ্জলেপনালঙ্কাররক্ষাতিলকাশনাদিভিঃ (উন্মর্দ্দনং তৈলাদিনা, মজ্জঃ স্নপনং, লেপনং চন্দনাদিনা) সংলালিতঃ সম্যক্ লালিতঃ চ বভূব ॥২৩

ততঃ গাবঃ সত্বরং গোষ্ঠম্ উপেত্য পরিহূতসঙ্গতান্ আহ্বানানন্তরং সমীপে সমাগতান্ স্বকান্ বৎসতরান্ হুঙ্কারঘোষৈঃ মুহুঃ লিহন্ত্যঃ সত্যঃ স্রবদৌধসং স্নেহাধিক্যাৎ গলিতং পয়ঃ অপায়য়ন্ ॥২৪

(হে রাজন্!) অস্মিন্ কৃষ্ণে গোগোপীনাং মাতৃতা মাতৃভাবঃ স্নেহর্দ্ধিকাং স্নেহাধিক্যং বিনা পুরোবৎ পূর্ব্ববদেব আসীৎ। আসু গোগোপীষু অপি হরেঃ তোকতা বালভাবঃ পূর্ব্ববৎ মায়য়া বিনা আসীৎ ॥২৫

তুল্য মনে করিয়া হস্তদ্বারা উত্থাপনান্তে গাঢ়ালিঙ্গন পূর্ব্বক স্নেহবশতঃ ক্ষরিত সুধা-সদৃশ সুস্বাদু ও আসবতুল্য মাদক স্তনদুগ্ধ পান করাইতে লাগিলেন।২২

হে নৃপ! যে যে কালে যে-যে ক্রীড়া হইত, তাহা সমাধান করিয়া শ্রীকৃষ্ণ দিবসের অন্ত্যপ্রহরে গৃহগমনের নিয়মানুসারে গৃহে গমনানন্তর বালকদিগের পূর্ব্ব আচরণের ন্যায় আচরণ দ্বারা মাতৃগণকে আনন্দিত করিয়া মাতৃগণ কর্ত্তৃক সুগন্ধিতৈল মর্দ্দন, স্নান, চন্দনাদিলেপন, অলঙ্করণ, রক্ষাবন্ধন, তিলক, ভোজন, গোষ্ঠাদি বিষয়ক বার্ত্তা ও শয়নাদি দ্বারা সম্যক্ রূপে লালিত হইতে লাগিলেন।২৩

যে গাভী সকল তৃণ ভক্ষণ করিবার নিমিত্ত স্থানান্তরে গমন করিয়াছিল, তাহারা গোষ্ঠে আসিবামাত্র আপন আপন জাতীয় হুঙ্কার শব্দে আহূত হইয়া শক্ত স্তন্য স্ব স্ব বৎসগণ আগমন করিলে তাহাদিগকে মুহুর্ম্মুহুঃ লেহন করিতে লাগিল এবং স্তনমণ্ডল হইতে স্বয়ংই ক্ষরিত দুগ্ধ পান করাইতে লাগিল।২৪

হে রাজন্! বৎসবালকরূপী শ্রীকৃষ্ণে গাভী ও গোপীদিগের মাতৃভাব পূর্ব্ববালকগণের ন্যায়ই ছিল। কিন্তু এক্ষণে স্নেহাধিক্য দৃষ্টি হইতে লাগিল অর্থাৎ পূর্ব্বে স্ব স্ব বালকে স্নেহের আধিক্য দৃষ্ট হইতে লাগিল এবং শুদ্ধ মাতৃভাব, গো ও গোপীসকলের শ্রীকৃষ্ণের বালভাবও পূর্ব্ববৎ ছিল; পরন্তু পূর্ব্বে মায়া ছিল না; ইদানীং "ইনি আমার মাতা, আমি ইহার পুত্র" এই প্রকার মায়া দৃষ্ট হইতে লাগিল অর্থাৎ যশোদার নিকট আমি কৃষ্ণ এই প্রকার সত্য প্রতিপাদন ও সাক্ষাৎ কৃষ্ণরূপ প্রকাশ আর গোপীদিগের নিকট আমি শ্রীদাম, আমি সুদাম এই প্রকার ছদ্ম প্রতিপাদন ও রূপান্তর প্রকাশ রূপমায়া প্রকাশ পাইতে লাগিল।

অথবা শ্রীযশোদা নন্দনের প্রতি গো-গোপী সকলের উপলালনাদিময় মাতৃভাব পূর্ব্বের ন্যায় ছিল, কিন্তু পূর্ব্বে শ্রীদাম সুদামাদি স্ব স্ব পুত্র হইলে যশোদানন্দনে অধিক স্নেহ ছিল, এক্ষণে সেই যশোদা-নন্দন আপন আপন পুত্ররূপী হইয়াছেন বলিয়া যশোদাপুত্রে ও স্ব স্ব পুত্রে তুল্য স্নেহ দৃষ্ট হইতে লাগিল এবং গো-গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণের

ব্রজৌকসাং স্বতোকেষু স্নেহবল্ল্যাব্দমন্বহম্।
শনৈর্নিঃসীম ববৃধে যথা কৃষ্ণে ত্বপূর্ব্ববৎ ॥২৬
ইত্থমাত্মাত্মনাত্মানং বৎসপালমিষেণ সঃ।
পালয়ন্ বৎসপো বর্ষং চিক্রীড়ে বনগোষ্ঠয়োঃ ॥২৭
একদা চারয়ন্ বৎসান্ সরামো বনমাবিশৎ।
পঞ্চষাসু ত্রিয়ামাসু হায়নাপূরণীষ্বজঃ ॥২৮

এবম্ আব্দং বর্ষপর্য্যন্তং স্বতোকেষু নিজতনয়েষু ব্রজৌকসাং স্নেহবল্লী স্নেহলতা অন্বহং নিত্যং ববৃধে, কৃষ্ণে তু অপূর্ব্ববৎ যথা (তথা) নিঃসীম ববৃধে আসীৎ ॥২৬

ইত্থম্ এবম্প্রকারেণ বৎস-বৎসপ-রূপধরঃ সঃ আত্মা অদ্বিতীয়ঃ শ্রীকৃষ্ণঃ আত্মনা স্বেনৈব বৎসপালমিষেণ বালকরূপেণ বৎসপঃ ভূত্বা বৎসস্বরূপমেব আত্মানং পালয়ন্ বর্ষং যাবৎ বনগোষ্ঠয়োঃ বনে গোষ্ঠে চ চিক্রীড়ে ক্রীড়িতবান্ ॥২৭

অথ পঞ্চষাসু পঞ্চসু ষট্সু বা ত্রিযামাসু রাত্রিষু হায়নাপূরণীষু হায়নস্য বর্ষস্য আপূরণীষু পূরকতয়া অবশিষ্টাসু সতীষু সরামঃ অজঃ কৃষ্ণঃ একদা বৎসান্ চারয়ন্ বনম্ আবিশৎ বিবেশ ॥২৮

পুত্রভাবও পূর্ব্বমতই ছিল; অধুনা ব্রহ্মমোহন দিনাবধি স্বয়ং কৃষ্ণই শ্রীদাম সুদামাদির রূপধারী হইয়া তাহাদিগের পুত্র হইয়াছেন, অতএব কৃষ্ণের পুত্রভাব যথার্থই দৃষ্ট হইতে লাগিল।২৫

এইরূপে একবৎসর পর্য্যন্ত ব্রজবাসী গো গোপীদিগের স্নেহলতা যেমন কৃষ্ণে তেমন স্ব সন্তানের প্রতি সীমাতিক্রম করিয়া দিন দিন ক্রমশঃ বৃদ্ধি হইতে লাগিল সত্য, কিন্তু যশোদানন্দন শ্রীকৃষ্ণে তাহাদিগের স্নেহলতা পূর্ব্বে পুত্রাপেক্ষা সমধিক ছিল, অধুনা স্বপুত্রেও কৃষ্ণ তুল্যই হইল। আপন আপন পুত্রগণ কৃষ্ণরূপত্ব প্রযুক্ত স্নেহবৃদ্ধি উভয়ই সমান দৃষ্ট হইতে লাগিল, তথাপি যশোদানন্দনের প্রতি সেই স্নেহ সর্ব্বশক্তি, সৌন্দর্য্য ও বৈদগ্ধ্যাদিগুণ-যুক্ত প্রযুক্ত ও সর্ব্বাংশিত্ব হেতু নিত্য নূতন প্রতীয়মান হইতেছিল।২৬

এই প্রকারে সেই বৎস-বালকরূপধারী সর্ব্বস্বরূপ শ্রীকৃষ্ণ বৎসপালকচ্ছলে বৎসপালক হইয়া বৎসপালক

ততো বিদূরাচ্চরতো গাবো বৎসানুপব্রজম্।
গোবর্দ্ধনাদ্রিশিরসি চরন্ত্যো দদৃশুস্তৃণম্ ॥২৯
দৃষ্ট্বাথ তৎস্নেহবশোঽস্মৃতাত্মা
স গোব্রজোঽত্যাত্মপদুর্গমার্গঃ।
দ্বিপাৎ ককুদ্গ্রীব উদাস্যপুচ্ছো-
ঽগাদ্ধুঙ্কৃতৈরাস্রুপয়া জবেন ॥৩০

ততঃ বিদূরাৎ গোবর্দ্ধনশিরসি চরন্ত্যঃ গাবঃ উপব্রজং (গোবর্দ্ধনৈশানকোণকোটিস্থারিষ্টমর্দ্দনকুণ্ডসমীপ-প্রায়-প্রদেশে) ব্রজসমীপে তৃণং চরতঃ বৎসান্ দদৃশুঃ ॥২৯

(বৎসান্) দৃষ্ট্বা চ তৎস্নেহবশঃ বৎসস্নেহাকৃষ্টঃ (অতএব) অস্মৃতাত্মা আত্মবিস্মৃতঃ সঃ গোব্রজঃ গোসমূহঃ জবেন রহংসা অত্যাত্মপদুর্গমার্গঃ অতি অতিক্রান্তাঃ আত্মপাঃ গোপাঃ দুর্গাঃ দুর্গমাঃ মার্গাঃ চ যেন সঃ দ্বিপাৎ (পরস্পরযুক্তাভ্যাং পদ্ভ্যাং ধাবন দ্বিপাদিব প্রতীয়মানঃ) ককুদ্গ্রীবঃ উদাস্যপুচ্ছঃ উন্নমিতমুখপুচ্ছঃ আস্রুপয়াঃ আ সর্ব্বতঃ স্রবন্তি পয়াংসি যস্য সঃ তথাবিধঃ সন্ হুঙ্কৃতৈঃ ব্রজসমীপম্ অগাৎ ॥৩০

বালকরূপে আপনদ্বারা বৎসরূপ আপনাকে পালন পূর্ব্বক এক বৎসর পর্য্যন্ত বনে ও গোষ্ঠে ক্রীড়া করিতে লাগিলেন।২৭

বৎসর পূর্ণ হইবার পাঁচ কি ছয় রাত্রি অবশিষ্ট থাকিতে একদিন শ্রীকৃষ্ণ অগ্রজের সহিত বৎসচারণ করিতে করিতে বন মধ্যে প্রবেশ করিলেন।২৮

অনন্তর অতি দূরবর্ত্তী গোবর্দ্ধন পর্ব্বতের শিখরদেশে গাভীগণ তৃণ ভক্ষণ করিতে করিতে ব্রজের সমীপে তৃণভোজনকারী মুক্ত-স্তন্য বৎসগুলি দর্শন করিতে পাইল।২৯

দর্শন করিবামাত্র ঐ গাভীগণ সেই বৎসসকলের স্নেহবশে আকৃষ্ট হইয়া আত্মবিস্মৃত হওয়ায় আপনাদিগের পালক গোপদিগকে ও বহু কণ্টকাকীর্ণ দুর্গম পথসমূহ অতিক্রম করিয়া হুঙ্কার শব্দে দ্রুতপদে চলিতে লাগিল। দুইপদ একত্রিত করিয়া ধাবমান হওয়ায় দূর হইতে দ্বিপদ বিশিষ্ট পশুর ন্যায় প্রতীয়মান হইতে লাগিল। আর গমনকালে

সমেত্য গাবোঽধো বৎসান্ বৎসবত্যোঽপ্যপায়য়ন্ ।
গিলন্ত্য ইব চাঙ্গানি লিহন্ত্যঃ স্বৌধসং পয়ঃ ॥৩১
গোপাস্তদ্রোধনায়াসমৌঘ্যলজ্জোরুমন্যুনা ।
দুর্গাধ্বকৃচ্ছ্রতোঽভ্যেত্য গোবৎসৈর্দদৃশুঃ সুতান্ ॥৩২
তদীক্ষণোৎপ্রেমরসাপ্লুতাশয়া
জাতানুরাগা গতমন্যবোঽর্ভকান্ ।

ততঃ অধঃ সমেত্য আগম্য বৎসবত্যঃ অপি পুনঃ প্রসূতাপি (পুনঃ প্রসূতানাং নূতনাপেক্ষয়া পূর্ব্ববৎসেষু ন স্নেহাধিক্যম্, আসাং তু ন তথেত্যর্থঃ) (তথা বৎসানাম্ অঙ্গানি (স্নেহাধিক্যাৎ) গিলন্তঃ ইব লিহন্তঃ গাবঃ বৎসান্ স্বৌধসং স্বস্য ওধসম্ উধোভ্যঃ স্বয়মেব স্রবৎ পয়ঃ অপায়য়ন্ ॥৩১

গোপাঃ চ তদ্রোধনায়াসমৌঘ্যলজ্জোরুমন্যুনা গোরোধন-প্রয়াসস্য বৈফল্যাৎ সংজাতক্রোধেন দুর্গাধ্বকৃচ্ছ্রতঃ বিষম-পথগমনক্লেশেন চ অভ্যেত্য অভিমুখম্ এত্য গোবৎসৈঃ সহ সুতান্ দদৃশুঃ ॥৩২

ততঃ তদীক্ষণোৎপ্রেমরসাপ্লুতাশয়াঃ বালকদর্শন-জনিত-

তাহাদিগের আকুঞ্চিত গ্রীবা, ককুদে [স্কন্ধের ঝুঁটিতে] সংলগ্ন হইল। মুখ ও পুচ্ছ উন্নমিত করিয়া আসিতেছিল এবং সকলের স্তন হইতে দুগ্ধ নির্গত হইতে লাগিল ।৩০

গাভীগণ দুই চারি দিনের বৎসবতী হইলেও গোবর্দ্ধনের অধোদেশে ব্রজসমীপে তৃণভক্ষণকারী পূর্ব্বপ্রসূত বৎসগুলির সহিত মিলিত হইয়া তাহাদিগের অঙ্গসমূহ বাৎসল্যাতিশয়তাপ্রযুক্ত গিলনের ন্যায় যেন লেহন করিতে লাগিল এবং স্বীয় মাধুর্য্যাদিগুণে অসাধারণ স্তনমণ্ডল হইতে স্বয়ংই ক্ষরিত দুগ্ধ পান করাইতে লাগিল ।৩১

গোপগণ গাভীগণের অবরোধার্থ পরিশ্রমের নিষ্ফলহেতু লজ্জাযুক্ত ও অতিশয় ক্রোধান্বিত হইয়া অতিক্লেশে দুর্গম মার্গ অতিক্রমপূর্ব্বক নিকটা-গমনানন্তর গাভী ও বৎসগণের সহিত আপন আপন পুত্রদিগকে দর্শন করিলেন ।৩২

গাভীসকলের নিরোধে অসমর্থ হেতু লজ্জিত ও

উদুহ্য দোর্ভিঃ পরিরভ্য মূর্ধনি
ঘ্রাণৈরবাপুঃ পরমাং মুদং তে ॥৩৩
ততঃ প্রবয়সো গোপাস্তোকাশ্লেষসুনির্বৃতাঃ ।
কৃচ্ছ্রাচ্ছনৈরপগতাস্তদনুস্মৃত্যুদশ্রবঃ ॥৩৪
ব্রজস্য রামঃ প্রেমর্দ্ধের্বীক্ষ্যৌৎকণ্ঠ্যমনুক্ষণম্ ।
মুক্তস্তনেষ্বপত্যেষ্বপ্যহেতুবিদচিন্তয়ৎ ॥৩৫

স্নেহার্দ্রহৃদয়াঃ (অতএব) গতমন্যবঃ ক্রোধশূন্যাঃ (প্রত্যুত) জাতানুরাগাঃ সঞ্জাতহর্ষাঃ তে গোপাঃ দোর্ভিঃ অর্ভকান্ বালকান্ উদ্গৃহ্য উত্থাপ্য পরিরভ্য আলিঙ্গ্য মূর্দ্ধ্নি ঘ্রাণৈঃ পরমাং মুদং হর্ষম্ আপুঃ লেভিরে ॥৩৩

ততঃ তোকাশ্লেষসুনির্বৃতাঃ বালকালিঙ্গনানন্দভরেণ সম্পন্নাঃ বৃদ্ধাঃ বিবেকিনঃ গোপাঃ কৃচ্ছ্রাৎ গোচারণানুরোধাৎ এব শনৈঃ আশ্লেষাৎ বিযুজ্য অপগতাঃ সন্তঃ তদনুস্মৃত্যুদশ্রবঃ তেষাং বৎসানাম্ অনুস্মৃত্যা উদ্গতাশ্রবঃ আসন্ ॥৩৪

অথ রামঃ ব্রজস্য গোব্রজস্য মুক্তস্তনেষু অপি অপত্যেষু প্রেমর্দ্ধেঃ হেতোঃ অনুক্ষণম্ ঔৎকণ্ঠ্যং বীক্ষ্য দৃষ্ট্বা অহেতুবিদ্

ক্রোধান্বিত হইয়া বালকদিগকে তাড়না করিবার নিমিত্ত সমাগত গোপগণ পুত্রসকলের দর্শন-জনিত প্রেমরসে নিমগ্নচিত্ত হওয়ায় তাঁহাদের ক্রোধ বিদূরিত হইয়া গেল, বরঞ্চ পরমানুরাগের সহিত বালকদিগকে বাহুদ্বারা কোলে তুলিয়া আলিঙ্গনপূর্ব্বক মস্তকাঘ্রাণ করিয়া পরমানন্দ লাভ করিতে লাগিলেন ।৩৩

তদনন্তর বৃদ্ধগোপগণ পুত্রসকলের আলিঙ্গনে পরমানন্দ লাভ করত গোচারণানুরোধে অতিকষ্টে ঐ আলিঙ্গন-ব্যাপার হইতে বিরত হইয়া বনে গমন করিলেন বটে, কিন্তু গমনকালে নিরন্তর বালকদিগের স্মরণ হওয়ায় তাহাদের নয়নাশ্রু উদ্গত হইতে লাগিল ।৩৪

যে সকল বৎস স্তন পরিত্যাগ করিয়াছিল, তাহাদিগের প্রতি নব প্রসূতা বৎসতরী গাভীগণের এবং বালকদিগের প্রতি গোপ-গোপীসকলের দিন দিন প্রেমাধিক্যহেতু উৎকণ্ঠা বা প্রেম সমৃদ্ধির

কিমেতদদ্ভুতমিব বাসুদেবেঽখিলাত্মনি।
ব্রজস্য সাত্মনস্তোকেষ্বপূর্বং প্রেম বর্ধতে ॥৩৬
কেয়ং বা কুত আয়াতা দৈবী বা নার্য্যুতাসুরী।
প্রায়ো মায়াস্তু মে ভর্ত্তুর্নান্যা মেঽপি বিমোহিনী ॥৩৭
ইতি সঞ্চিন্ত্য দাশার্হো বৎসান্ সবয়সানপি।
সর্বানাচষ্ট বৈকুণ্ঠং চক্ষুষা বয়ুনেন সঃ ॥৩৮

নৈতে সুরেশা ঋষয়ো ন চৈতে
ত্বমেব ভাসীশ ভিদাশ্রয়েঽপি।
সর্বং পৃথক্‌ত্বং নিগমাৎ কথং বদে-
ত্যুক্তেন বৃত্তং প্রভুণা বলোঽবৈৎ ॥৩৯

হেতুমজানন্ অচিন্তয়ৎ॥ ৩৫

তদাহ—অহো এতং কিম্ অদ্ভুতম্ অখিলাত্মনি বাসুদেবে ইব সাত্মনঃ মৎসহিতস্য ব্রজস্য যথা প্রেম আসীৎ, তথা স্বতোকেষু (অধুনা) অপূর্ব্বং প্রেম বর্দ্ধতে ॥৩৬

ইয়ং কা কিং লক্ষণা মায়া, এষা কিং দৈবী দেবতা-সম্বন্ধিনী বা নারী নরাণাম্ উত আসুরী অসুরসম্বন্ধিনী কুতঃ আয়াতা বা। যতঃ ইয়ং মে মমাপি বিমোহিনী, অতঃ প্রায়ঃ মে ভর্ত্তুঃ এব অস্তু, অন্যা তু ন ॥৩৭

সঃ দাশার্হঃ বলরামঃ ইতি সংচিন্ত্য বয়ুনেন জ্ঞানময়েন চক্ষুষা সর্ব্বান্ বৎসান্ সবয়সান্ সখীন্ অপি বৈকুণ্ঠং শ্রীকৃষ্ণম্ এব অচষ্ট অপশ্যৎ ॥৩৮

(ততঃ কৃষ্ণং দৃষ্ট্বাহ হে কৃষ্ণ!) এতে তাবৎ বৎসপাঃ ন সুরেশাঃ দেবাংশাঃ। এতে বৎসাঃ ন ঋষয়ঃ ঋষ্যংশাঃ। কিন্তু হে ঈশ! ভিদাশ্রয়ে বিবিধভেদাস্পদে বৎসবালাদি-সমূহে ত্বম্ একঃ এব ভাসি প্রতীয়সে, পৃথক্ সংবিভক্তং সর্ব্বং ত্বং কথং বৃত্তং তৎ নিগমাৎ সংক্ষেপতঃ বদ ইতি উক্তেন পৃষ্টেন প্রভুণা কৃষ্ণেন বলঃ সর্ব্বং ব্রহ্মমোহনাদিবৃত্তম্ অবৈৎ জ্ঞাতবান্ ॥৩৯

আতিশয্য অবলোকন পূর্ব্বক তৎকারণ জানিতে না পারিয়া শ্রীবলদেব চিন্তা করিতে লাগিলেন।৩৫

একি আশ্চর্য্য? নিখিল ব্রহ্মাণ্ডের পরমাত্মা সর্ব্বাশ্রয় বাসুদেবে পূর্ব্বে যেমন প্রেম ছিল, অধুনা ব্রজবাসী গোপাদি সকলের আপন আপন সন্তানের প্রতি তদ্রূপ প্রেমের বৃদ্ধি হইতেছে, ইহার কারণই বা কি?৩৬

বালকাদিতে প্রেমবর্দ্ধিনী দুর্ঘটঘটনী এক কোন্ মায়া? কোন্ দেশ হইতে কি হেতু কেনই বা আসিল? ব্রহ্মাদি দেবগণ ঐশ্বর্য্য পরীক্ষা করিবার নিমিত্ত বৎস ও বালক হইয়া আমাদের চিত্তে তাঁহাদিগের প্রতি প্রীতি উৎপাদন করিবার অভিলাষে এই মায়া বিস্তার করিয়াছে কি? [কিংবা বালকাদির পিতা কর্ত্তৃক উপাসিত দেবগণই কি আপন মহাপ্রভাবে এই মায়া বিস্তার করিল?] অথবা ঋষিগণই কি জ্ঞানপরীক্ষা করিবার নিমিত্ত এই বৎস বালক হইয়াছে? না না, শ্রীকৃষ্ণের ন্যায় নিজ নিজ পুত্রাদিতে ব্রজবাসিগণের প্রেমবর্দ্ধনরূপ স্পর্দ্ধা কখনও সম্ভবপর হইতে পারে না। তবে কি কংসাদি অসুরগণই স্বীয় বলে পরাভব করিতে না পারিয়া ছলক্রমে আমাদিগের হিংসা করিবার বাসনায় বৎস বালকরূপ ধারণ করিয়াছে? [কিংবা স্ব স্ব সন্তানেও শ্রীকৃষ্ণসদৃশ স্নেহবর্দ্ধন দ্বারা ব্রজবাসি-গণের কৃষ্ণবিষয়ক ভাব-বিশেষের লাঘব করিয়া কৃষ্ণের মাহাত্ম্য-সঙ্কোচাদির নিমিত্ত কংসাদি অসুরেরা এই মায়া বিস্তার করিল? যেহেতু পুতনা ও বৎসাসুরেতে মনোমোহিনী মায়া দৃষ্ট হইয়াছিল।] না, না; ইহা কখনও হইতে পারে না, কারণ আমার অংশভূত মহৎস্রষ্টা পুরুষের মায়া দ্বারাই ব্রহ্মাদি নিখিল জগৎ মোহিত হইয়া থাকে, অতএব সেই ব্রহ্মাদি মায়া দ্বারা আমার মোহ কখনও সম্ভবপর হইতে পারে না, তবে নিশ্চয়ই বোধ হয়, মদীয় ভর্ত্তা শ্রীকৃষ্ণেরই যোগমায়া নাম্নী অসাধারণী শক্তির এই প্রভাব, যেহেতু তাঁহার অধিকার,—মায়ানিয়ন্তা ও বিশুদ্ধঘনচিৎস্বরূপ

তাবদেত্যাত্মভূরাত্মমানেন ত্রুট্যনেহসা।
পুরোবদব্দং ক্রীড়ন্তং দদৃশে সকলং হরিম্ ॥৪০

যাবন্তো গোকুলে বালাঃ সবৎসাঃ সর্ব এব হি।
মায়াশয়ে শয়ানা মে নাদ্যাপি পুনরুত্থিতাঃ ॥৪১

অথ আত্মভূঃ ব্রহ্মা তাবৎ বর্ষে গতে আত্মমানেন ব্রহ্মপরিমাণেন ত্রুট্যনেহসা ত্রুটিমাত্রেণ কালেন ততঃ এত্য আগত্য পুরোবৎ পূর্ব্ববৎ আব্দং বর্ষপর্য্যন্তং ক্রীড়ন্তং সকলং কলাভিঃ সহিতং সানুচরং হরিং দদৃশে দৃষ্টবান্ ব্যতর্কয়ৎ ॥৪০

অহো গোকুলে যাবন্তঃ সবৎসাঃ বালাঃ বৎসপালরূপাঃ আসন্, তাবন্তঃ সর্ব্বে এব হি মে মম মায়াশয়ে মায়াতল্পে শয়ানাঃ পুনঃ অদ্যাপি ন উত্থিতাঃ ॥৪১

ইত এতেঽত্র কুত্রত্যা মন্মায়ামোহিতেতরে।
তাবন্ত এব তত্রাব্দং ক্রীড়ন্তো বিষ্ণুনা সমম্ ॥৪২

এবমেতেষু ভেদেষু চিরং ধ্যাত্বা স আত্মভূঃ।
সত্যাঃ কে কতরে নেতি জ্ঞাতুং নেষ্টে কথঞ্চন ॥৪৩

ইতঃ এভ্যঃ মন্মায়ামোহিতেতরে মন্মায়ামোহিতেভ্যঃ অন্যে তত্র অব্দং বর্ষং ব্যাপ্য বিষ্ণুনা সমং সহ ক্রীড়ন্তঃ তাবন্তঃ তৎসমসংখ্যকাঃ এব এতে অত্র কুত্রত্যাঃ কুতঃ আগতাঃ ॥৪২

এবম্ উক্তপ্রকারেণ চিরং বহুক্ষণং ধ্যাত্বা বিচিন্ত্য সঃ আত্মভূঃ ব্রহ্মা এতেষু বিপরীতভাবেন অবস্থিতেষু ভেদেষু বিতর্কবিষয়েষু কে সত্যাঃ কতরে চ ন সত্যাঃ ইতি জ্ঞাতুং

আমাদিগের প্রতিও রহিয়াছে বলিয়া আমি তদ্দ্বারাই মোহিত হইয়াছি।৩৭

শ্রীবলরাম এই প্রকার চিন্তা করিয়া অনুসন্ধানাত্মক জ্ঞানময় নয়ন দ্বারা বৎস ও বয়স্যদিগকে শ্রীকৃষ্ণস্বরূপেই দর্শন করিতে লাগিলেন।৩৮

[এই প্রকার বৎস ও বালকদিগকে সামান্যতঃ শ্রীকৃষ্ণরূপে অবস্থিত দেখিয়া শ্রীকৃষ্ণের নিকট জিজ্ঞাসা করত কৃষ্ণোপদেশে বলদেব সর্ব্বতত্ত্ব অবগত হইয়াছিলেন। বলদেব বলিলেন ।]

হে ঈশ! আমি পূর্ব্বে জানিতাম—এই বালক সকল দেবাংশ ও এই বৎসসকল ঋষির অংশ; এক্ষণে দেখিতেছি বালকসকল দেবগণের অংশ নহে ও বৎসগুলি ঋষিদিগের অংশ নহে; এই প্রকার বিবিধ ভেদাস্পদীভূত বৎস বালাদিরূপে একমাত্র তুমিই প্রকাশ পাইতেছ। একমাত্র তোমারই এই বৎস বালকদিগের রূপ কেন হইল? ইহার তত্ত্ব সংক্ষেপে বর্ণন কর অর্থাৎ তুমি এক হইয়াও বিবিধ প্রকারে বর্ত্তমান রহিয়াছ; সুতরাং এই সকল বৎসাদিরূপ কি কারণে হইল ইহা বল। এইরূপে শ্রীবলরাম কর্তৃক জিজ্ঞাসিত হইয়া শ্রীকৃষ্ণ, বনভোজনাদি বৃত্তান্ত বর্ণন করিলে শ্রীবলরাম সেই বৃত্তান্ত সমস্ত অবগত হইলেন।৩৯

এইরূপে নরলোকের একবর্ষ গত হইলে ব্রহ্মা আপন পরিমাণে ত্রুটি কাল [নিমেষ মাত্র কাল কিংবা অঙ্গুলিস্ফোটন মাত্র কাল] পরে আগমন পূর্ব্বক দেখিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণ এক বৎসর ব্যাপিয়া সকল অর্থাৎ অনুচরগণের সহিত ক্রীড়া করিতেছেন।৪০

[ব্রহ্মা ভাবিতে লাগিলেন] গোকুলে যত সংখ্যক বালক ছিল, তাহারা সকলেই বৎসগণের সহিত মদীয় মায়াশয্যায় অর্থাৎ আমার মায়ায় মোহিত হইয়া শয়ান আছেন, অদ্যাপি তাহাদের পুনরুত্থান হয় নাই। আর এই স্থানের কিয়ৎ দূরে [ঐ দেখা যায়] আমার মায়ামোহিত বৎস বালক ভিন্ন ঠিক্ তৎসংখ্যক এই বৎস বালক সকল বিরাজমান হইয়া বৎসরাবধি শ্রীকৃষ্ণের সহিত ক্রীড়া করিতেছেন; অতএব মায়ায় মোহিত বৎস বালক ভিন্ন এই সকল বৎস বালক কোথা হইতে আসিল?৪১-৪২

উক্ত প্রকারে সেই ব্রহ্মা উভয়বিধ বালকাদির বিষয়ে বহুক্ষণ চিন্তা করিয়া এই বৎস বালকাদিই প্রকৃত? না কৃষ্ণসৃষ্ট কিংবা এইগুলিই কৃষ্ণ সৃষ্ট? পরন্তু প্রকৃত বৎস বালকদিগকে কৃষ্ণ কোনও ব্রহ্মাকে রক্ষা করিয়াছেন কিংবা কৃষ্ণই বৎস বালকগুলিকে প্রকাশ দ্বয়ে বিভক্ত করায় উভয়ই প্রকৃত, অথবা

এবং সম্মোহয়ন্ বিষ্ণুং বিমোহং বিশ্বমোহনম্।
স্বয়ৈব মায়য়াজোঽপি স্বয়মেব বিমোহিতঃ ॥৪৪
তম্যাং তমোবন্নৈহারং খদ্যোতার্চিরিবাহনি।
মহতীতরমায়ৈশ্যং নিহন্ত্যাত্মনি যুঞ্জতঃ ॥৪৫

তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ ॥
ব্যদৃশ্যন্ত ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসসঃ ॥৪৬
চতুর্ভুজাঃ শঙ্খচক্রগদারাজীবপাণয়ঃ।
কিরীটিনঃ কুণ্ডলিনো হারিণো বনমালিনঃ ॥৪৭

কথঞ্চন ন ইষ্টে পারয়ামাস ॥৪৩

এবং বিশ্বমোহনং স্বতঃ বিমোহং বিষ্ণুং সর্ব্বব্যাপকং সম্মোহয়ন্ মোহয়িতুং প্রবৃত্তোঽপি অজঃ ব্রহ্মা স্বয়া এব মায়য়া স্বয়মেব বিমোহিতঃ মোহং প্রাপ্তঃ ॥৪৪

তম্যাং তমিস্রায়াং রাত্র্যাং নৈহারং হিমকণোদ্ভূতং তমঃ-বৎ (যথা তমীং ন আবৃণোতি কিন্তু তচ্চ স্বয়মেব তত্র লীনং সৎ তমীতমঃ সান্দ্রীকৃত্য নীহারমেবাবৃণোতি) তথা, অহনি দিবা সূর্য্যকিরণে যথা খদ্যোতার্চ্চিঃ লীয়তে, তথা মহতি বিষ্ণৌ ইতরমায়া ন প্রভবতি, অপি তু যুঞ্জতঃ পুংসঃ ঐশ্বর্য্যং সামর্থ্যম্ আত্মনি এব নিহন্তি সংযময়তি ॥৪৫

অজস্য ব্রহ্মণঃ পশ্যতঃ (তদ্দৃষ্টিশক্তিম্ অনপেক্ষ্যৈব) তাবৎ সর্ব্বে বৎসপালাঃ (বালকাঃ বৎসাঃ যষ্টিবিষাণাদয়শ্চ) তৎ-ক্ষণাৎ ঘনশ্যামাঃ শ্যামসুন্দরমূর্ত্তয়ঃ পীতকৌশেয়বাসসঃ পীতাম্বর-ধারিণঃ ব্যদৃশন্ত তদ্দৃষ্টিগোচরাঃ অভবন্নিত্যর্থঃ ॥৪৬

তথা চতুর্ভুজাঃ শঙ্খচক্রগদারাজীবপাণয়ঃ হস্তচতুষ্টয়ে শঙ্খচক্রগদাপদ্মধারিণঃ, কিরীটিনঃ কুণ্ডলিনঃ, হারিণঃ মণিময়-হারবিশিষ্টাঃ বনমালিনঃ পঞ্চবরণপুষ্পমাল্যশোভিনঃ ॥৪৭

আমি মদায় মায়া-মোহিত বৎস-বালকাদি দেখিতে গমন করিলে শ্রীকৃষ্ণ এইগুলিকেই সেই স্থানে লইয়া যান, আবার আমি ক্রীড়াকারী বালকাদি দেখিতে আগমন করিলে কৃষ্ণ সে সকল বৎস বালকাদি এই স্থলে আনয়ন করেন? সে যাহাই হউক, আমি উভয় স্থানেই সমভাবে বৎস বালকাদি দর্শনপূর্ব্বক 'স্বীয় সর্ব্বজ্ঞতা-শক্তি-বলে অবশ্য যথার্থ তত্ত্ব জানিতে পারিব বিবেচনায় বহু সমাধি দ্বারাও জানিতে পারিলেন না অর্থাৎ উভয় স্থানে স্থিত বৎস বালকাদির মধ্যে কোন্‌গুলি সত্য (ভগবৎ স্বরূপকৃত) আর কোন্‌গুলি মিথ্যা (বহিরঙ্গ মায়া সৃষ্ট) ইহা কোন প্রকারেই কিছুই নিশ্চয় করিতে পারিলেন না।৪৩

এইরূপে ব্রহ্মা মোহরহিত অথচ জগন্মোহন সর্ব্বব্যাপী শ্রীকৃষ্ণকে নিজ মায়া দ্বারা বৎসবালকাদি আচ্ছাদনপূর্ব্বক মোহিত করিতে ইচ্ছা করিয়া আপনারই মায়ায় আপনিই বিমোহিত হইলেন।৪৪

অন্ধকার রাত্রিতে হিমকণ সমুদ্ভূত অন্ধকার যেমন রাত্রিকে আবরণ করিতে পারে না, পরন্তু সে নিজেই তাহাতে লীন হইয়া রাত্রিগত অন্ধকারকে ঘনীভূত করিয়া হিমকল্যাণকেই আবরণ করিয়া থাকে এবং দিবসে খদ্যোত-প্রভা যেমন পৃথকরূপে বস্তু প্রকাশ করিতে পারে না, বরঞ্চ সূর্য্য-কিরণেই লীন হইয়া যায়, তদ্রূপ মহান্ পুরুষে মায়া প্রয়োগকারী নিকৃষ্ট পুরুষের ন্যায় মহচ্ছক্তিকে আবরণ করিতে বা ভাবান্তরের বিক্ষেপ করিতে অসমর্থা হইয়া মায়াপ্রয়োগকারীর স্বীয় ঐশ্বর্য্যই নষ্ট করিয়া থাকে।৪৫

ব্রহ্মা এই প্রকার বিতর্ক করিতেছেন ইত্যবসরে কৃষ্ণস্বরূপ-ভূত বৎসগণ ও বালক সকল এবং তাহাদিগের যষ্টিবেত্রাদি সমস্তই দর্শনকারী ব্রহ্মাকে ("রে সত্যালোকবাসিন্ অজ! তুমি সত্যই অজ বটে, ভাল! ঈদৃশী বুদ্ধির দ্বারাই বোধ হয় বিশ্ব সৃজন করিয়া থাক, যেহেতু আমাদিগকে মায়াদ্বারা মোহিত করিতে বাসনা করিয়াছ, আমরা কে ইহা তুমি কি কোন প্রকারে জানিতে পারিতেছ না, অতএব দেখ আমরা কে" এতাদৃশ বাক্যেই যেন) অনাদর করিয়া তৎক্ষণাৎ শ্যাম-সুন্দর মূর্ত্তি, পীত-কৌশেয় বসনধারী, চতুর্ভুজ, শঙ্খ চক্র- গদা-পদ্মহস্ত, কিরীটধারী, মণিময় হার ও বনমালাধারীরূপে স্বয়ংই ব্রহ্মার দৃষ্টিপথে প্রকাশ পাইতে লাগিলেন।৪৬-৪৭

[ষষ্ঠবর্ষ, ভাদ্র, ১৩৭৪] [তৃতীয় সংখ্যা—দক্ষিণপার্শ্বীয়া যাত্রা]

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

প্রভুপাদ-শ্রীশচীনন্দনগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্মূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্. ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত।
১৫ই ভাদ্র, ১৩৭৪।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পুজক—আর্য্যশাস্ত্র

শ্রীবৎসাঙ্গদদোরত্নকম্বুকঙ্কণপাণয়ঃ ।
নূপুরৈঃ কটকৈর্ভাতাঃ কটিসূত্রাঙ্গুরীয়কৈঃ ॥৪৮
আঙ্ঘ্রিমস্তকমাপূর্ণাস্তুলসীনবদামভিঃ ।
কোমলৈঃ সর্বগাত্রেষু ভূরিপুণ্যবদর্পিতৈঃ ॥৪৯
চন্দ্রিকাবিশদস্মেরৈঃ সারুণাপাঙ্গবীক্ষিতৈঃ ।
স্বকার্থানামিব রজঃসত্ত্বাভ্যাং স্রষ্টৃপালকাঃ ॥৫০

শ্রীবৎসাঙ্গদদোরত্নকম্বুকঙ্কণপাণয়ঃ উরসি দক্ষিণাবর্ত্ত-রোম-(শ্রীঃ) চিহ্নম্ অঙ্গভূষণম্ ঊর্দ্ধবাহুষু রত্নং নিম্নবাহুষু বলয়াঃ কঙ্কণানি যেষাং তে নূপুরৈঃ কটকৈঃ পাদবলয়ৈঃ কটিসূত্রাঙ্গুরীয়কৈঃ ভাতাঃ শোভিতাঃ ॥৪৮

ভূরিপুণ্যবদর্পিতৈঃ জন্মার্জ্জিতবহুপুণ্যবিশিষ্টৈঃ ভক্তৈঃ অর্পিতৈঃ কোমলৈঃ নবোদ্গতৈঃ তুলসীনবদামভিঃ আঙ্ঘ্রিমস্তকং তথা সর্ব্বাঙ্গেষু আপূর্ণাঃ ॥৪৯

চন্দ্রিকাবিশদস্মেরৈঃ (চন্দ্রিকাবৎ বিশদং যথা স্যাৎ তথা স্মেরৈঃ স্ময়মানৈঃ) সারুণাপাঙ্গবীক্ষিতৈঃ অরুণকটাক্ষপাতৈঃ রজঃসত্ত্বাভ্যাং (সত্ত্বং বিশদং পালকং চ রজোঽরুণং সৃষ্টিঃ চ অতঃ) স্বকার্থানাং স্বভক্তমনোরথানাং স্রষ্টৃপালকাঃ ইব ॥৫০

এবং সকলেরই দক্ষিণ-স্তনের উপরিভাগে দক্ষিণাবর্ত্ত সূক্ষ্ম রোমাবলী কিংবা লক্ষ্মীরেখাযুক্ত বক্ষঃস্থল, বাহুতে অঙ্গদ, ত্রিরেখাঙ্কিত কণ্ঠে কৌস্তুভ, হস্তে কঙ্কণ অথবা বাহুতে শ্রীবৎসপ্রভাযুক্ত বলয়, হস্তে শঙ্খমধ্যস্থ ত্রিধারান্বিত মণিময় কঙ্কণ কিংবা হস্তে মণিময় বলয় ও কঙ্কণ, এবং পদ বলয়, নূপুর, কটিসূত্র ও অঙ্গুরীয়কাদি দ্বারা শোভিত হইয়াছে ।৪৮

ব্রহ্মার দৃষ্টিপথে আরও প্রকাশ পাইতে লাগিল যে শ্রবণ-কীর্ত্তনাদির দ্বারা ভজন-পরায়ণ ভক্তগণ কর্ত্তৃক অর্পিত কোমল তুলসীর নবমালায় তাঁহাদিগের আপাদ মস্তক সমস্ত দেহ ব্যাপ্ত হইয়া রহিয়াছে।

আর অরুণ-বর্ণযুক্ত কটাক্ষ-দৃষ্টি দ্বারা এবং চন্দ্র-সদৃশ বিশদ হাস্য দ্বারা বোধ হইতে লাগিল যেন রজঃ ও সত্ত্বগুণে স্বীয় ভক্তগণের মনোরথসমূহের সৃজন ও পালন করিতেছেন অর্থাৎ রজঃগুণ সদৃশ অরুণ বর্ণসমন্বিত অপাঙ্গ দৃষ্টির দ্বারা স্বভক্তদিগের মনোরথচয়ের স্রষ্টা এবং সত্ত্বগুণতুল্য চন্দ্রনিভ বিশদ হাস্য দ্বারা আপন ভক্তগণের মনোরথসকলের পালকরূপে প্রকাশ পাইতে লাগিলেন ।৪৯-৫০

আত্মাদিস্তম্বপর্য্যন্তৈর্মূর্ত্তিমদ্ভিশ্চরাচরৈঃ ।
নৃত্যগীতাদ্যনেকার্হৈঃ পৃথক্ পৃথগুপাসিতাঃ ॥৫১
অণিমাদ্যৈর্মহিমভিরজাদ্যাভির্বিভূতিভিঃ ।
চতুর্বিংশতিভিস্তত্ত্বৈঃ পরীতা মহদাদিভিঃ ॥৫২
কালস্বভাবসংস্কারকামকর্মগুণাদিভিঃ ।
স্বমহিধ্বস্তমহিভির্মূর্ত্তিমদ্ভিরুপাসিতাঃ ॥৫৩

মূর্ত্তিমদ্ভিঃ আত্মাদিস্তম্বপর্য্যন্তৈঃ (ব্রহ্মাদিতৃণপর্য্যন্তৈঃ) চরৈঃ অচরৈঃ নৃত্যগীতাদ্যনেকার্হণোপকরণৈঃ পৃথক্ পৃথক্ উপাসিতাঃ ॥৫১

অণিমাদ্যৈঃ মহিমভিঃ ঐশ্বর্য্যৈঃ অজাদ্যাভিঃ (মায়া-বিদ্যাদিভিঃ) বিভূতিভিঃ (শক্তিভিঃ) মহদাদিভিঃ চতুর্ব্বিংশতিভিঃ তত্ত্বৈঃ (জগৎকারণৈঃ) পরীতাঃ (বেষ্টিতাঃ) ॥৫২

কাল-স্বভাব-সংস্কার-কাম-কর্ম্ম-গুণাদিভিঃ (কালঃ ক্ষোভকঃ, স্বভাবঃ পরিণামহেতুঃ, সংস্কারঃ উদ্বোধকঃ, কামঃ কর্ম্ম এতৈরাদিভিঃ স্বমহিধ্বস্তমহিভিঃ (ভগবন্মহিম্না তিরস্কৃত-স্বাতন্ত্র্যৈঃ) মূর্ত্তিমদ্ভিঃ পূর্ব্বোক্তৈঃ উপাসিতাঃ ॥৫৩

আরও ব্রহ্মার নয়নগোচর হইল এই যে, ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত স্থাবর কি জঙ্গম, সকলেই শরীর ধারণ পূর্ব্বক স্ব স্ব দক্ষতা অনুসারে নৃত্য গীত বাদ্যাদি নানাবিধ পূজোপকরণ দ্বারা পৃথক্ পৃথক্ ভাবে তাঁহাদিগের উপাসনা করিতেছে।

অপরঞ্চ অণিমাদি অষ্টৈশ্বর্য্য শ্রীদেবী প্রভৃতি নবশক্তি বা দ্বাদশ শক্তি ও মহদাদি চতুর্ব্বিংশতি তত্ত্বসকলে তাঁহারা পরিবেষ্টিত হইয়া রহিয়াছে ।৫১-৫২

শ্রীভগবানের মহিমা দ্বারা যাহাদের স্বতন্ত্রভাব তিরস্কৃত হইয়া থাকে কিংবা যাহারা আপন আপন

সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয়ঃ।
অস্পৃষ্টভূরিমাহাত্ম্যা অপি হ্যুপনিষদ্দৃশাম্ ॥৫৪
এবং সকৃদ্ দদর্শাজঃ পরব্রহ্মাত্মনোঽখিলান্।
যস্য ভাসা সর্বমিদং বিভাতি সচরাচরম্ ॥৫৫
ততোঽতিকুতুকোদ্‌বৃত্য স্তিমিতৈকাদশেন্দ্রিয়ঃ।
তদ্ধাম্নাভূদজস্তূষ্ণীং পূর্দেব্যন্তীব পুত্রিকা ॥৫৬

উপনিষদ্দৃশাং (আত্মজ্ঞানচক্ষুষামপি) হি নিশ্চিতং সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয়ঃ সত্যজ্ঞানাদিব্রহ্মমূর্ত্তয়ঃ অস্পৃষ্টভূরিমাহাত্ম্যাঃ ন স্পর্শযোগ্যভূরিমাহাত্ম্যাঃ অনির্দ্দেশ্যবিভূতিবিশিষ্টাঃ সন্তঃ সর্ব্বে ব্যদৃশ্যন্ত ॥৫৪

এবংপ্রকারেণ অজঃ ব্রহ্মা পরব্রহ্মাত্মনো ব্রহ্মস্বরূপান্ অখিলান্ রূপান্ সকৃৎ একদৈব দদর্শ, যস্য পরব্রহ্মণো হরেঃ ভাসা (দীপ্ত্যা) ইদং সচরাচরং সর্ব্বং জগৎ বিভাতি ॥৫৫

ততঃ অতিকুতুকোদ্ধৃত্য (সর্ব্বান্ বিষ্ণুময়ান্ দৃষ্ট্বা আশ্চর্য্যেণ দৃষ্টীঃ পরাবৃত্ত্য) অজঃ ব্রহ্মা পূর্দেব্যন্তী ব্রজাধিষ্ঠাত্র্যাঃ দেব্যাঃ সমীপে পুত্রিকা চতুর্মুখী কৃতপ্রতিমেব তদ্ধাম্না

প্রভাবে অপরের মহিমা ন্যক্কৃত করিয়া থাকে, এতাদৃশ কাল, স্বভাব, সংস্কার, কাম, কর্ম্ম ও গুণাদি সকলে মূর্ত্তিমান্ হইয়া তাঁহাদিগের উপাসনা করিতেছে, ব্রহ্মা তাহা দেখিতে লাগিলেন।৫৩

সত্য, জ্ঞান, অনন্ত, আনন্দমাত্র বা বিজাতীয় ভেদরহিত ও সদা একমূর্ত্তিধারী বৎস ও পালক সকলের যে প্রভূত মাহাত্ম্য, তাহা আত্মজ্ঞানরূপ দৃষ্টিশালী জ্ঞানিগণেরও স্পর্শের অযোগ্যরূপে প্রতিভাত হইতে লাগিল অর্থাৎ সেই বালকদিগের মূর্ত্তিসকল কালেরও কারণত্ব ও আশ্রয়ত্ব প্রযুক্ত অকল্পিত বলিয়া সত্য, স্বপ্রকাশত্ব নিবন্ধন জড়তারহিত-প্রযুক্ত জ্ঞানরূপ, যাহা প্রায় পরিচ্ছিন্ন সীমাবদ্ধ হইলেও অচিন্ত্য শক্তিপ্রভাবে ব্যাপকত্বহেতু অনন্ত, যে মূর্ত্তির সর্ব্ব অংশগুলি নিরুপাধি পরম প্রেমাস্পদ বলিয়া আনন্দমাত্র, ও যাহা একরস অর্থাৎ কালের কারণত্ব ও আশ্রয়ত্ব নিবন্ধন অকম্পিত হেতু সদা

ইতীরেশেঽতর্ক্যে নিজমহিমনি স্বপ্রমিতিকে
পরত্রাজাতোঽতন্নিরসনমুখব্রহ্মকমিতৌ।
অনীশেঽপি দ্রষ্টুং কিমিদমিতি বা মুহ্যতি সতি
চচ্ছাদাজো জ্ঞাত্বা সপদি পরমোঽজাজবনিকাম্ ॥৫৭

ভগবত্তেজসা স্তিমিতৈকাদশেন্দ্রিয়ঃ সন তূষ্ণীম্ অভূৎ ॥৫৬

হে নৃপ ! ইতি এবম্ ইরেশে সরস্বতীস্বামিনি ব্রহ্মণি অতর্ক্যে তর্কাতীতে যতঃ অজাতঃ প্রকৃতেঃ পরত্র পরস্মিন্ তথা অতন্নিরসনমুখব্রহ্মকমিতৌ অতন্নিরসনমুখেন তন্ন তন্ন ইতি দৃশ্যবাধন্যায়েন ব্রহ্মকৈঃ উপনিষদ্ভিঃ মিতিঃ জ্ঞানং যস্মিন্ তাদৃশে স্বপ্রমিতিকে স্বয়ং প্রকাশমুখস্বরূপে নিজমহিমনি দ্রষ্টুম অপি অনীশে অসমর্থে সতি তথা ইদং কিং বা ইতি চিন্তয়িত্বা মুহ্যতি সতি পরমঃ অজঃ শ্রীকৃষ্ণঃ তৎ জ্ঞাত্বা সপদি তৎক্ষণমেব অজাজবনিকাং মায়াবরণং চছাদ অপসারিতবান্ ॥৫৭

একরূপবিশিষ্ট সেই কৃষ্ণরূপী বৎসবালকগণের যে অনন্ত মাহাত্ম্য, তাহা আত্মদর্শি-জ্ঞানিসকল মনে ধারণা করা দূরের কথা, মনের দ্বারা স্পর্শ করিতেও সক্ষম নহেন; এতাদৃশ রূপসকল ব্রহ্মার সমীপে দৃশ্যমান হইতে লাগিলেন।৫৪

এই প্রকারে ব্রহ্মা, যে পরব্রহ্মের প্রকাশ্যে এই স্থাবর-জঙ্গমাত্মক বিশ্ব প্রকাশ পাইতেছে, সেই পরব্রহ্মস্বরূপ শ্রীকৃষ্ণের পরব্রহ্মাত্মক নিখিল বৎস ও বালকসকলকে এক সময়েই দর্শন করিলেন।৫৫

অনন্তর ব্রহ্মা অতি আশ্চর্য্যহেতু চতুর্দ্দিক্‌স্থিত নয়ন দ্বারা পর্য্যায়ক্রমে তাহা দর্শন করিয়া অলৌকিক সেই বৎস বালকদিগের তেজে তাঁহার একাদশ ইন্দ্রিয় সমস্তই স্তব্ধ হইলে, বোধ হইল যেন ব্রজাধিষ্ঠাত্রী দেবীর সমীপে একটি কনকময়ী প্রতিমা অবস্থান করিতেছে।

অথবা ব্রহ্মা, তাহা দর্শন করায় অতি কুতূহল-

ততোঽর্বাক্ প্রতিলব্ধাক্ষঃ কঃ পরেতবদুত্থিতঃ।
কৃচ্ছ্রাদুন্মীল্য বৈ দৃষ্টীরাচষ্টেদং সহাত্মনা॥৫৮

সপদ্যেবাভিতঃ পশ্যন্ দিশোঽপশ্যৎ পুরঃস্থিতম্।
বৃন্দাবনং জনাজীব্যদ্রুমাকীর্ণং সমাপ্রিয়ম্ ॥৫৯

ততঃ তদনন্তরম্ অর্বাক্ প্রতিলব্ধাক্ষঃ বাহ্যজ্ঞানসম্পন্নঃ কঃ ব্রহ্মা পরেতবদুত্থিতঃ মৃতঃ যথা পুনরুত্থিতঃ তথা সন্ কৃচ্ছ্রাৎ অতিকষ্টেন দৃষ্টীঃ নেত্রাণি উন্মীল্য আত্মনা সহ ইদং জগৎ (মমতাস্পদম্) আচষ্ট অপশ্যৎ ॥৫৮

সপদি এব দিশঃ অভিতঃ পশ্যন্ সন্ (ব্রহ্মা) পুরঃস্থিতং সম্মুখস্থিতং বৃন্দাবনম্ অপশ্যৎ, (কিম্ভূতং বৃন্দাবনং) জনাজীব্যদ্রুমাকীর্ণং জনানাম্ আজীব্যৈঃ দ্রুমৈঃ আকীর্ণং, (পুনঃ কিম্ভূতং) সমাপ্রিয়ং সম্যগাসমন্তাৎ পরস্পরং প্রিয়ম্ ॥৫৯

নৈসর্গদুর্বৈরাঃ স্বাভাবিক-বৈরবন্তোঽপি নরাঃ সিংহাদয়শ্চ

যত্র নৈসর্গদুর্বৈরাঃ সহাসন্ নৃমৃগাদয়ঃ।
মিত্রাণীবাজিতাবাসদ্রুতরুট্‌তর্ষকাদিকম্ ॥৬০

তত্রোদ্বহৎ পশুপবংশশিশুত্বনাট্যং
ব্রহ্মাদ্বয়ং পরমনন্তমগাধবোধম্।
বৎসান্ সখীনিব পুরা পরিতো বিচিন্বদেকং সপাণিকবলং পরমেষ্ঠ্যচষ্ট ॥৬১

মিত্রাণি ইব যত্র সহ এব আসন্, অজিতস্য (ভগবতঃ) আবাসেন দ্রুতাঃ পলায়িতাঃ রুট্ তর্ষাদয়ঃ ক্রোধ-লোভাদয়ঃ যস্মাৎ তথাভূতং বৃন্দাবনম্ অপশ্যৎ ॥৬০

তত্র বৃন্দাবনে পরমেষ্ঠী ব্রহ্মা উৎ সর্ব্বোৎকৃষ্টতয়া বহৎ বিভ্রৎ পশুপ-বংশ-শিশুত্ব-নাট্যম্ (শ্রীগোপরাজকুমারলীলত্বং) অদ্বয়ং দ্বিতীয়রহিতং পরং শ্রেষ্ঠম্ অনন্তং দেশ-কাল-বস্তুতঃ অন্ত-রহিতম্ অগাধবোধং জ্ঞানাধারং পুরা পূর্ব্বদেব পুলিনাদৌ বৎসান্ সখীন্ চ বিচিন্বৎ সৎ সপাণিকবলং হস্তে গৃহীতভোজনগ্রাসম্ একম্ এব নরবেশধারিণং ব্রহ্ম অচষ্ট অপশ্যৎ ॥৬১

বশতঃ একাদশ ইন্দ্রিয়সকল আনন্দে স্তব্ধ হইল এবং তাহাদিগের তেজে অভিভূত হইয়া কোন বাক্য-বর্ণনে বা হস্ত-পদাদি সঞ্চালনে অসমর্থ হইলে, বোধ হইল যেন বহুজন কর্ত্তৃক পূজিতা গ্রাম্য-দেবতার সমীপে বালককর্ত্তৃক খেল্যমানা অপূজিতা ক্ষুদ্রা মৃণ্ময়ী পুত্তলিকা অবস্থান করিতেছে।৫৬

যাঁহার মহিমা তর্কের অগোচর কিংবা যিনি তর্কের অগোচর ও যাঁহার অসাধারণ মহিমা আর যিনি স্বপ্রকাশ সুখস্বরূপ প্রকৃতির অতীত ও "তন্ন তন্ন" এইরূপ নিরসন দ্বারা উপনিষদ্-সমূহ কর্ত্তৃক প্রমাণীকৃত হইয়াছেন, সেই শ্রীভগবানের বিষয়ে ব্রহ্মা এমন ভাবে মুগ্ধ হইলেন যে "ইহা কি" এইরূপে কিছুই নিশ্চয় করিতে পারিলেন না; এমন কি ঐ শ্রীমূর্ত্তি দর্শন করিতেও অসমর্থ হইয়া পড়িলেন। তাহা অবগত হইয়া পরমপুরুষ শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ যোগমায়ারূপ যবনিকা অপসারিত করিলেন অর্থাৎ যে মায়া পুলিনে ভোজনকারী বালকগণকে ও তৃণ-ভক্ষণকারী বৎসগুলিকে আর বৎস-অন্বেষণকারী আপনাকে আচ্ছাদন করিয়া স্বরূপভূত ও বৎস বালকাদি দেখিয়াই আবার তাহাদিগকেই চতুর্ভুজাদি রূপে প্রদর্শন করাইয়াছিলেন, সেই যোগমায়াকে অপসারিত করিলেন।৫৭

মায়া অপসারিত হইলে ব্রহ্মা বহির্দৃষ্টি লাভ করিয়া মৃতপ্রায় ব্যক্তি যেমন কোন সৌভাগ্য-বশতঃ উত্থিত হয়, তদ্রূপ হংস-পৃষ্ঠ হইতে উত্থিত হইয়া অতিকষ্টে নেত্রগুলি উন্মীলনপূর্ব্বক অহঙ্কারাস্পদ দেহের সহিত মমতাস্পদ বিশ্ব দর্শন করিতে লাগিলেন।৫৮

সহসা সর্ব্বদিক্ অবলোকন করিতে করিতে সম্মুখস্থিত শ্রীবৃন্দাবন দর্শন করিতে পাইলেন; ঐ বৃন্দাবন, জীবের জীবনোপায়স্বরূপ বহুবিধ ফলবান্ বৃক্ষসমূহে সমাকীর্ণ ও সর্ব্বস্থানেই প্রীতিপ্রদ অথবা শ্রীরাধার প্রিয় কিংবা আত্মরামদিগেরও সম্যক্ প্রিয় অথবা লক্ষ্মীপ্রিয় শ্রীকৃষ্ণের সহিত বিদ্যমান ছিল।৫৯

দৃষ্ট্বা ত্বরেণ নিজধোরণতোঽবতীর্য্য
পৃথ্ব্যাং বপুঃ কনকদণ্ডমিবাভিপাত্য।
স্পৃষ্ট্বা চতুর্মুকুটকোটিভিরঙ্ঘ্রিযুগ্মং
নত্বা মুদশ্রুসুজলৈরকৃতাভিষেকম্ ॥৬২

উত্থায়োত্থায় কৃষ্ণস্য চিরস্য পাদয়োঃ পতন্।
আস্তে মহিত্বং প্রাগ্দৃষ্টং স্মৃত্বা স্মৃত্বা পুনঃ পুনঃ ॥৬৩

শনৈরথোত্থায় বিমৃজ্য লোচনে
মুকুন্দমুদ্বীক্ষ্য বিনম্রকন্ধরঃ।
কৃতাঞ্জলিঃ প্রশ্রয়বান্ সমাহিতঃ
সবেপথুর্গদ্গদয়ৈলতেলয়া ॥৬৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

(সর্ব্বমূলভূতং নরাকৃতিং হরিং) দৃষ্ট্বা ব্রহ্মা নিজধোরণতঃ স্ববাহনাৎ হংসাৎ ত্বরেণ বেগেন অবতীর্য্য কনকদণ্ডম্ ইব বপুঃ দেহং পৃথ্ব্যাম্ অভিপাত্য চতুর্মুকুটকোটিভিঃ মুকুটাগ্রৈঃ অঙ্ঘ্রিযুগ্মং পাদদ্বয়ং স্পৃষ্ট্বা নত্বা মুদশ্রুসুজলৈঃ আনন্দাশ্রুভিঃ (পাদয়োঃ) অভিষেকম্ অকরোৎ ॥৬২

ততঃ সঃ প্রাগ্দৃষ্টং মহিত্বং মহিমানং পুনঃ পুনঃ স্মৃত্বা উত্থায় উত্থায় কৃষ্ণস্য পাদয়োঃ চিরস্য চিরং পতন্ আস্তে স্ম ॥৬৩

অথ শনৈঃ উত্থায় (বাহুভ্যাম্) লোচনে বিমৃজ্য মুকুন্দম্ উদ্বীক্ষ্য সবেপথুঃ কম্পিত-কলেবরঃ সমাহিতঃ কৃষ্ণৈকপ্রাণঃ প্রশ্রয়বান্ বিনীতঃ বিনম্রকন্ধরঃ যথা তথা কৃতাঞ্জলিঃ সন্ গদ্গদয়া ঈলয়া বাচা ঐলত অস্তৌৎ ॥৬৪

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

শ্রীকৃষ্ণের নিবাসহেতু ক্রোধ-লোভাদি-বিরহিত শ্রীবৃন্দাবনে স্বভাবতঃ বৈরি-ভাবাপন্ন মনুষ্য-ব্যাঘ্রাদি পশুগণ পরস্পর মিত্রের ন্যায় একত্র অবস্থান করিতেছেন।৬০

সেই বৃন্দাবনে পূর্ব্ববৎ গোপবংশীয় শিশুর ভাব ধারণপূর্ব্বক ইতস্ততঃ বৎস ও বয়স্যদিগকে অন্বেষণে রত, এক হস্তে গ্রাসযুক্ত অদ্বয় [স্বতুল্য বস্তু রহিত] অপরিচ্ছিন্ন জ্ঞানস্বরূপ অনন্ত পরব্রহ্ম শ্রীকৃষ্ণকে ব্রহ্মা দর্শন করিতে লাগিলেন।৬১

এইরূপে কৃষ্ণ-দর্শনানন্তর অবিলম্বে নিজবাহন হংস-পৃষ্ঠ হইতে অবতীর্ণ হইয়া কনকদণ্ডের ন্যায় স্বীয় কলেবরকে ভূতলে পাতিত করিয়া মুকুট চতুষ্টয়ের অগ্রভাগ দ্বারা তদীয় চরণযুগল স্পর্শ করণানন্তর বাক্যের দ্বারা প্রণামকরত আনন্দাশ্রু জলে অভিষেক করিতে লাগিলেন।৬২

আর শ্রীকৃষ্ণের পূর্ব্বদৃষ্ট মহিমা পুনঃ পুনঃ স্মরণ করিয়া বারংবার উত্থানপূর্ব্বক অনেকক্ষণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণের চরণযুগলোপরি পড়িয়া রহিলেন।৬৩

অনন্তর ধীরে ধীরে গাত্রোত্থানপূর্ব্বক সজল নয়নদ্বয় মর্দ্দন করিয়া শ্রীকৃষ্ণকে বিশেষরূপে দর্শনপূর্ব্বক অপরাধ ভয় ও লজ্জাদিবশতঃ আনত স্কন্ধে অবস্থিত হইলেন, পরে কৃতাঞ্জলিপুটে সবিনয় ও কম্পিত কলেবরে গদ্গদ বচনে স্তব করিতে লাগিলেন।৬৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ত্রয়োদশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ।

[ব্রহ্মণা ভগবতঃ শ্রীকৃষ্ণস্য স্তুতিঃ, বৎস-বৎসপালানাম্ আনয়নঞ্চ।]

ব্রহ্মোবাচ।

নৌমীড্য তেঽভ্রবপুষে তড়িদম্বরায়
গুঞ্জাবতংসপরিপিচ্ছলসন্মুখায়।
বন্যস্রজে কবলবেত্রবিষাণবেণু-
লক্ষ্মশ্রিয়ে মৃদুপদে পশুপাঙ্গজায়॥১

অস্যাপি দেব বপুষো মদনুগ্রহস্য
স্বেচ্ছাময়স্য ন তু ভূতময়স্য কোঽপি।
নেশে মহি ত্ববসিতুং মনসান্তরেণ
সাক্ষাত্তবৈব কিমুতাত্মসুখানুভূতেঃ॥২

অন্বয়ঃ

ব্রহ্মা উবাচ। হে ঈড্য স্তত্য! অভ্রবপুষে (আপো বিভর্ত্তি ইত্যব্ভ্রং নবীনশ্যামমেঘস্তদ্বৎ স্নিগ্ধং কৃষ্ণকান্তি বপুর্যস্য তস্মৈ মেঘশ্যামায়), তড়িদম্বরায় (তড়িদ্বৎ অম্বরে পীতে বাসসী যস্য তস্মৈ), গুঞ্জাবতংস-পরিপিচ্ছলসন্মুখায় (গুঞ্জাভিঃ গুঞ্জফলৈঃ রচিতৌ অবতংসৌ কর্ণভূষণে তথা পরিপিচ্ছং বর্হাপীড়াং তৈর্লসং শোভমানং মুখং যস্য তস্মৈ), বন্যস্রজে (বন্যানি বনভবানি নানাবর্ণপত্রপুষ্পাদীনি তদ্রচিতা স্রক্ মালা যস্য তস্মৈ), কবলবেত্রবিষাণবেণুলক্ষ্মশ্রিয়ে (করধৃতদধ্যোদনাদিভিঃ লক্ষ্মীভিঃ শ্রীঃ শোভা যস্য তস্মৈ), মৃদুপদে (মৃদূ পাদৌ যস্য পাদয়োর্মৃদুত্বং প্রণামবশাৎ স্পর্শেন জ্ঞাতং কীর্ত্ত্যতে), পশুপাঙ্গজায় (পশুপস্য শ্রীনন্দস্য অঙ্গজায় পুত্রায়) তে তুভ্যং নৌমি স্তৌমি॥১

হে দেব! অস্যাপি ভূতময়স্য বিরাড্রূপস্য স্বেচ্ছাময়স্য স্বক্রীড়ার্থং স্বেচ্ছয়া প্রকটিতস্য মদনুগ্রহস্য (মম ব্রহ্মাণ্ডবিগ্রহস্য তথা জীবস্যানুগ্রহো ভোগসম্পত্তিঃ যেন তস্য) তব বপুষঃ কোঽপি ব্রহ্মাহমপি আন্তরেণ অন্তর্মুখীকৃতেনাপি মনসা মহি মহিমানম্ অবসিতুং জ্ঞাতুং ন ঈশে ন সমর্থঃ, (তদা তু) সাক্ষাৎ আত্মসুখানুভূতেঃ সচ্চিদাত্মকস্য ন তু ভূতময়স্য অচিন্ত্য-শুদ্ধসত্ত্বাত্মকস্য তব (মহিমানম্ অবসিতুং নেশে ইতি তু) কিমুত কিমু বক্তব্যমিত্যর্থঃ॥২

চতুর্দ্দশ অধ্যায়।

[ব্রহ্মা কর্ত্তৃক ভগবান্ শ্রীকৃষ্ণের স্তুতি এবং বৎস ও বৎসপালগণের আনয়ন।]

ব্রহ্মা স্তব করিবার মানসে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া স্বকৃত অপরাধভয়ে থর থর কাঁপিতে লাগিলেন, ভয়ে বিস্মৃতচিত্ত হওয়ায় ভগবানের মহিমা নির্দ্ধারণ করিতে না পারিয়া বিহ্বলান্তঃ-করণে যাহা দেখিতেছেন, তাহাই বলিতেছেন; আর ভয়ে ত্রস্তবশতঃ ভগবানের রূপ না দেখিয়াই যেন প্রথমতঃ নৌমি অর্থাৎ প্রণাম করি, এইরূপ বলিলেন; তৎপর পূর্ব্ববৃত্তান্ত স্মরণ হওয়ায় ঈড্য বলিয়া সম্বোধন করিলেন, তাহাতে বোধ হয় অন্যমুখী ভগবান্‌কে সম্মুখীন করিতে আহ্বান করিয়া ভগবান্‌কে হঠাৎ সম্মুখীন দেখিয়া প্রথমতঃ অঙ্গকান্তি দৃষ্ট হওয়ায় তাহাই বিশেষণরূপে অগ্রে বর্ণনা করিয়া ক্রমে মস্তকাদি চরণ পর্য্যন্ত ধ্যানস্বরূপ স্তব করিতে লাগিলেন—

হে ঈড্য! নীলমেঘের ন্যায় আপনার শ্রীমূর্ত্তি, আর মেঘমধ্যস্থিত সৌদামিনীর ন্যায় আপনার উত্তরীয়, পরিধান বসন থাকায় বোধ হইতেছে যে প্রখর রবিকিরণে অত্যন্ত সন্তাপিত ব্যক্তি যেমন নবজলধর-দর্শনে ও বর্ষণে সন্তাপ দূর করিয়া থাকে, কিংবা পিপাসায় রুদ্ধকণ্ঠ চাতক যেমন নবনীরদের অবলোকনে বা বর্ষণে জীবন প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ ভবদাবানলে অত্যন্ত সন্তপ্ত জীবের সন্তাপ-হরণ ও ভক্তচাতকের জীবন প্রদান করিতেছেন। আর গুঞ্জার কর্ণভূষণ ও চূড়াগ্রবর্ত্তী শিখিপুচ্ছে আপনার বদনমণ্ডল অতিশয় শোভমান হইয়াছে।

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্তাম্।
স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্ ॥৩

শ্রেয়ঃস্রুতিং ভক্তিমুদস্য তে বিভো
ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে
নান্যদ্ যথা স্থূলতুষাবঘাতিনাম্ ॥৪

জ্ঞানে জ্ঞাননিমিত্তং প্রয়াসং শ্রমম্ উদপাস্য দূরতস্ত্যক্ত্বা স্থানে সতাং নিবাসস্থানে স্থিতাঃ সন্মুখরিতাং (সদ্ভিঃ ভগবদ্ভক্তৈঃ মুখরিতাং স্বভাবতঃ এব নিত্যং প্রকটিতাং) শ্রুতিগতাং শ্রবণপ্রাপ্তাং ভবদীয়বার্তাং কথাং যে তনুবাঙ্মনোভিঃ নমন্তঃ সৎকুর্ব্বন্তো জীবন্তি, হে অজিত! (কালকর্ম্মাদিভিঃ অজিতোঽপি) প্রায়শঃ ত্রিলোক্যাং তৈঃ ত্বং জিতোঽসি বশীকৃতোঽসি। (ধর্ম্মাদি-চতুর্ব্বিধ-পুরুষার্থপ্রদো ভবান্ যেষাং প্রসন্নস্তেষাং জ্ঞানাদিকং কি দুর্ল্লভং, কথং বা সংসার ইতি ভাবঃ) ॥৩

হে বিভো! শ্রেয়ঃস্রুতিং (শ্রেয়সাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং স্রুতিঃ সরণং যস্যাঃ তাং) তে তব ভক্তিম্ উদস্য ত্যক্ত্বা যে কেবলবোধলব্ধয়ে (ভক্তিনিরপেক্ষজ্ঞানাবাপ্তয়ে) ক্লিশ্যন্তি (শাস্ত্রাভ্যাসাদিক্লেশং কুর্ব্বন্তি) স্থূলতুষাবঘাতিনাং (ধান্যং পরিত্যজ্য কণহীনান্ স্থূলধান্যাভাসান্ তুষানবঘ্নতাং তদন্তস্তণ্ডুলাভাবাৎ অবহননজনিতহস্তক্লেশঃ এব ভবতি ন তণ্ডুললাভঃ) যথা, তথা তেষাম্ অসৌ (শাস্ত্রাভ্যাসজনিতঃ)

আপনার গলদেশে বৃন্দাবনোদ্ভব নানাবর্ণের পত্র-পুষ্পাদিময়ী মালা রহিয়াছে। আপনার বামহস্তে দধ্যোদনগ্রাস, বামকক্ষে বেণু ও শৃঙ্গ, জঠরগত বসনের সন্ধিস্থলে বেণু থাকায় অপূর্ব্ব শোভা হইয়াছে এবং আপনার চরণযুগল অতি সুকোমল ও নিরুপম সৌন্দর্যে সুশোভিত। হে প্রভো! আপনি শ্রীনন্দের নন্দন, আপনাকে সুপ্রসন্ন করিবার নিমিত্ত বা প্রাপ্ত হইবার জন্য আমি নমস্কার করিতেছি।১

হে দেব! আমার প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত স্বেচ্ছানুসারে প্রকটিত ভবদীয় নিয়ম্য ভূতময় বিরাট্ পুরুষের মহিমাই যখন অন্তর্ম্মুখী মনঃদ্বারা আমি ব্রহ্মা হইয়াও জানিতে সমর্থ হইলাম না, তখন সাক্ষাৎ অসাধারণ নিয়ম্য নিয়ন্তৃরহিত সচ্চিদানন্দাত্মক আপনার মহিমা যে অবগত হইতে সমর্থ নহি, তদ্বিষয়ে আর বক্তব্য কি হইতে পারে?

অথবা, হে দেব! স্থূলতত্ত্বরূপে প্রকাশিত ব্রহ্মাণ্ডদেহরূপী মদীয় সৃষ্টির পালকত্বহেতু মদনুগ্রহরূপে ও স্বীয় ভক্তগণের ইচ্ছানুসারে প্রকটশীল অচিন্ত্য শুদ্ধসত্ত্বাত্মক মহিমা নিরুদ্ধ মনের দ্বারাও আমি জানিতে সমর্থ হইলাম না এবং অন্য কেহও সমর্থ হয় নাই। অতএব কেবল স্ব-সুখানুভব অবতারী গুণাতীত স্বয়ং ভগবান্ আপনার মহিমা যে আমি জানিতে অসমর্থ, তদ্বিষয়ে অধিক আর কি বলিব!

অথবা এই দেবাকার অর্থাৎ অধুনাই আপনা-কর্ত্তৃক প্রদর্শিত বাসুদেব মূর্ত্তি চতুঃশ্লোকী ভাগবতের উপদেষ্টারূপে মৎপ্রতি অনুগ্রহকারী ও অংশস্বরূপ আপনার ইচ্ছায় সম্পাদিত হইলেও এই চিন্ময় বিগ্রহের মহিমা বিশুদ্ধ মনের দ্বারাও আমি জানিতে পারিলাম না, তখন দধিচৌর্য্য গোপিকাস্তনপান বৎসাচরণ ও বাল-চাপল্যাদি স্বীয় অবতারান্তর অসাধারণ সুখানুভূতি নরবপুঃ সর্ব্বাংশী স্বয়ং ভগবান্ আপনার মহিমা জানিতে পারি নাই, ইহাতে বক্তব্য কি হইতে পারে।

অথবা, হে দেব! এই বাল্য চেষ্টাময় মুগ্ধভাবাপন্ন আপনার শ্রীবিগ্রহের মহিমাই যখন জানিতে সমর্থ হইলাম না, তখন ভাবী প্রকটনশীল কৈশোর লীলায় মহাচাতুর্য্যময় বিগ্রহের মহিমা যে জানিতে সমর্থ নহি, তাহাতে আর কি বক্তব্য, এবং নিরতিশয় সানন্দময় হইয়াও বৎসচারণাদি দ্বারা মনে যে সুখ অনুভব করিয়া থাকেন, তাহাও ভবদীয় সহচরগণের মানসিক সুখানুভূতির মহিমা জানিতে যে অসমর্থ

পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিন-
স্ত্বদর্পিতেহা নিজকর্মলব্ধয়া।
বিবুধ্য ভক্ত্যৈব কথোপনীতয়া
প্রপেদিরেঽঞ্জোঽচ্যুত তে গতিং পরাম্ ॥৫

ক্লেশলঃ ক্লেশঃ এব অবশিষ্যতে, অন্যৎ ন ॥৪

হে ভূমন্ অপরিচ্ছিন্নমাহাত্ম্য। ইহ (লোকে) বহবঃ পুরা প্রথমং যোগিনঃ (ভক্তিব্যতিরিক্তানেকোপায়বন্তঃ) অপি (অকৃতার্থাঃ সন্তঃ পশ্চাৎ) ত্বদর্পিতেহাঃ ত্বয়ি সমর্পিতচিত্তাঃ নিজকর্মলব্ধয়া (বর্ণাশ্রমবিহিতনিত্যনৈমিত্তিককর্মপ্রাপিতয়া) কথোপনীতয়া (লীলাকথয়া ত্বৎসমীপং প্রাপিতয়া) ভক্ত্যা এব বিবুধ্য (বিশ্বব্যাপকম্ আত্মানং বিজ্ঞায়) হে অচ্যুত! অঞ্জঃ সুখেন তে তব পরাং গতিং পরং তত্ত্বং প্রপেদিরে প্রাপ্তাঃ ॥৫

তদ্বিষয়ে আর কি বলিব।২

অতএব ভক্তগণ আপনার অন্বেষণের নিমিত্ত অন্য কোনরূপ পরিশ্রম না করিয়া কেবল অহৈতুকী ভক্তিবিশেষ দ্বারা ভবদীয় গুণ ও লীলা কথাই শ্রবণ করেন ও তদ্দ্বারা আপনাকে বশীভূতও করিয়া থাকেন। তাহাই বলিতেছি—

যাঁহারা জ্ঞানের নিমিত্ত কিছুমাত্র প্রয়াস না করিয়া কিংবা ভবদীয় স্বরূপৈশ্বর্য্য বিচারে বা জ্ঞান ও যোগোপাসনায় পরিশ্রম পরিত্যাগ করিয়া সাধুগণের বাসস্থানে অথবা স্ব স্ব বর্ণাশ্রমের অনুরূপ ধর্ম্মানুষ্ঠানে অবস্থিত হইয়া সাধুদিগের মুখোচ্চারিত অর্থাৎ স্বভাবতঃই সাধুজন কর্ত্তৃক প্রকাশিত ও তৎসন্নিধিমতে আপনা হইতেই শ্রুতি-পথে প্রবিষ্ট বেদ প্রতিপাদ্য ভবদীয় চরিত্রবার্ত্তা কিংবা আপনার নিত্যপরিকর প্রভৃতির কথাকেই কায়মনোবাক্যে সৎকার পূর্ব্বক জীবন ধারণ করেন তাঁহারা যদিও অন্য কোন কর্ম্ম না করুন, তথাপি— হে অজিত! আপনি ত্রিলোক মধ্যে অন্যান্য সকলের কর্ত্তৃক অজিত হইলেও তাঁহাদিগের কর্ত্তৃক প্রায়ই জিত বা বশীভূত হইয়া থাকেন।৩

শ্রবণাদি ভক্তিই ভবপারের পরমোপায়,

তথাপি ভূমন্ মহিমাগুণস্য তে
বিবোদ্ধুমর্হত্যমলান্তরাত্মভিঃ।
অবিক্রিয়াৎ স্বানুভবাদরূপতো
হ্যনন্যবোধ্যাত্মতয়া ন চান্যথা ॥৬

হে ভূমন্! তথাপি (বিষয়বাসনাদূষিতান্তঃকরণানাং দুর্জ্ঞেয়ম্ অপি) অগুণস্য গুণাতীতস্য তে মহিমা তত্ত্বম্ অমলান্তরাত্মভিঃ (প্রবচনাদিভিঃ নিরস্তনিখিলবাসনাদোষৈঃ অন্তরাত্মভিঃ অন্তঃকরণবৃত্তিভিঃ) অনন্যবোধ্যাত্মতয়া (অন্যৈঃ ইন্দ্রিয়াদিভি র্ন বোধ্যঃ আত্মস্বরূপং যস্য তস্য ভাবঃ তয়া যতঃ) অবিক্রিয়াৎ (ব্রহ্মণঃ জন্মাদিবিক্রিয়ারহিতত্বাৎ) স্বানুভবাৎ স্বপ্রকাশত্বাৎ অরূপতঃ আকারবিশেষরহিতত্বাৎ বিবোদ্ধুং বোধগোচরীভবিতুম্ অর্হতি, অন্যথা চ ন ভবতি ইত্যন্বয়ঃ ॥৬

কেবলাত্মজ্ঞান অতিশয় ক্লেশকর, অতএব যে ব্যক্তি জ্ঞানের নিমিত্ত যত্ন করিয়া থাকেন, তিনি পুরুষার্থ-সাধন-বিষয়ে ভ্রান্তচিত্ত; কারণ, হে বিভো! যাঁহারা আপনার নিখিল মঙ্গলের মার্গভূত শ্রবণাদি ভক্তিকে অনাদর করিয়া কেবল জ্ঞান লাভের জন্য তদুচিত শ্রবণ মননাদির অভিলাষে ইতস্ততঃ গমনাদি, যম নিয়মাদি ও চিত্তশুদ্ধি প্রভৃতি পরিশ্রম করিয়া থাকেন কিংবা শাস্ত্রাভ্যাসাদি ক্লেশ স্বীকার করিয়া থাকেন, তাঁহাদিগের স্থূল তূষাবঘাতী লোকের ন্যায় ঐ ক্লেশই অবশিষ্ট হইয়া থাকে; অন্য জ্ঞানাদি কিছুই লাভ হয় না। অর্থাৎ অল্প প্রমাণ তণ্ডুল পরিত্যাগ পূর্ব্বক যথা তথা হইতে অতি কষ্টে আনীত পর্ব্বতপ্রমাণ স্থূল তূষরাশি সংগ্রহ করিয়া অন্তঃকণহীন ধান্যাভাসের অবঘাতনে যেমন সেই স্থূল তূষ কেবল হস্তাদি বেদনামাত্র ফল প্রদান করিয়া থাকে, পরন্তু অন্য কোন ফলপ্রদ হয় না, তদ্রূপ একাঙ্গ হইলেও ভক্তিকে তুচ্ছ করিয়া কেবল জ্ঞান-প্রাপ্তির নিমিত্ত যত্নকারী ব্যক্তিসকলের কিঞ্চিৎমাত্র ফল লাভ হয় না, কিন্তু ক্লেশ মাত্রই অবশিষ্ট হইয়া থাকে।৪

ভূমন্ অচ্যুত! এই জগতে পুরাকালে বহু বহু

গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।
কালেন যৈর্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূপাংসবঃ খে মিহিকা দ্যুভাসঃ ॥৭

হে ভগবন্! কালেন বহুকালক্রমেণ যৈঃ সুকল্পৈঃ অতি নিপুণৈঃ (জনৈঃ) ভূপাংশবঃ ভূপরমাণবঃ (তথা) খে আকাশে মিহিকাঃ হিমকণাঃ (তথা) দ্যুভাসঃ (দিবিনক্ষত্রাদিকিরণ-পরমাণবঃ) চ বিমিতাঃ বিশেষেণ গণিতাঃ অপি কে জনাঃ অস্য বিশ্বস্য হিতাবতীর্ণস্য হিতায় পালনায় অবতীর্ণস্য গুণাত্মনঃ গুণাধিষ্ঠাতুঃ তে তব গুণান্ বিমাতুং (এতাবন্ত ইতি গণয়িতুম্) সমর্থাঃ বভূবুঃ ॥৭

ভক্তিযোগ-সাধকগণ আপনার ভক্তি-প্রাপ্তির নিমিত্ত আপনাতে বর্ণাশ্রমোচিত ধর্ম্মানুষ্ঠানরূপ সর্ব্বেন্দ্রিয়-ব্যাপার অর্পণ করিয়া বর্ণাশ্রমোচিত সৎকর্ম্ম দ্বারা ও অবিরত ভবদীয় কথা শ্রবণাদি জন্য প্রত্যক্ষরূপে লব্ধ-প্রেম-লক্ষণা ভক্তি দ্বারাই আপনার রূপ, গুণ ও লীলাদি অনুভব করত বা পরমাত্মস্বরূপ আপনাকে অবগত হইয়া অনায়াসে ভবদীয় অন্তরঙ্গ পার্ষদত্ব-লক্ষণ গতি লাভ করিয়াছেন।

হে ভূমন্, হে অচ্যুত! এই সংসারে অনেকানেক মনুষ্য বহুকাল যোগসাধনে যোগী হইয়াও যোগ দ্বারা জ্ঞানলাভ করিতে না পারিয়া সেই কেবলযোগ নিষ্ফল বিবেচনায় আপনাতে লৌকিকী ও বৈদিকী কর্ম্মসমূহ অর্পণ ও চিত্তশুদ্ধি প্রভৃতি নানাবিধ ভবদীয় কথা শ্রবণ বা আদরজনিত লব্ধ জ্ঞানমিশ্র ভক্তি দ্বারাই আপনাকে বিদিত হইয়া পরমসুখে সংসারনিবৃত্তি পূর্ব্বক আপনার সাম্যরূপা গতি প্রাপ্ত হইয়াছেন।৫

আপনার গুণানুবাদ শ্রবণ দ্বারাই আপনাকে প্রাপ্ত হওয়া যায়, অন্য কোন প্রকারে প্রাপ্ত হওয়া যায় না, এই পূর্ব্বোক্ত বর্ণনানুসারে সগুণ নির্গুণ এই উভয়ের জ্ঞানই দুর্ঘট বলা হইয়াছে। অধুনা যদিও সগুণ নির্গুণ উভয়েরই অবিশেষে দুর্জ্ঞেয়ত্ব

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্ ॥৮

তৎ তস্মাৎ (হে ভগবন্! যঃ) তে তব অনুকম্পাং কৃপাং সুসমীক্ষমাণঃ প্রতীক্ষমাণঃ (তাবৎ) আত্মকৃতং স্বার্জ্জিতং বিপাকং কর্ম্মফলং (অনাসক্তঃ এব) ভুঞ্জানঃ সন্ হৃদ্বাগ্বপুর্ভিঃ তে তুভ্যং নমঃ বিদধৎ (ভক্তিং কুর্ব্বন্) জীবেত, সঃ মুক্তিপদে দায়ভাক্ (যথা পিতৃদায়প্রাপ্তৌ পুত্রস্য পিতৃভজনম্ অপেক্ষিতং; তথা ভক্তস্য বিমুক্তিপ্রাপ্তৌ ভগবদ্ভজনং প্রয়োজনম্) ॥৮

বলা হইয়াছে তথাপি নির্গুণ [গুণাতীত] আপনার জ্ঞান কোনও প্রকারে হইতে পারে; পরন্তু অচিন্ত্য অনন্ত-গুণত্ব-প্রযুক্ত সগুণ আপনার জ্ঞান কোন প্রকারেই হইতে পারে না, ইহাই বলিতেছি।

যদিও নির্গুণ-ব্রহ্ম ও সগুণ-ভগবান্ আপনিই এবং "ব্রহ্ম-স্বরূপ ও ভগবৎ-স্বরূপ" এই উভয় স্বরূপেই আপনার দুর্জ্ঞেয়ত্ব সমান, তথাপি হে ভূমন্! কোনও ব্যক্তি অমল অন্তঃকরণে নির্গুণ স্বরূপ আপনার মহিমা বা ব্রহ্মস্বরূপ কথঞ্চিৎ প্রকারে জ্ঞানগোচর করিতে যোগ্য হইয়া থাকেন; কিন্তু সগুণস্বরূপ আপনার মহিমা অচিন্ত্য অনন্ত বলিয়া কেহও বুদ্ধিগোচর করিতে পারেন না। (যদি বলেন নিরুদ্ধ অন্তঃকরণ দ্বারা নির্গুণস্বরূপ আমার ভগবানের মহিমা বা ব্রহ্ম জ্ঞানগোচর কিরূপে করিতে পারে? তাহার হেতু কি? তাহাই বলিতেছি।)

স্বানুভবহেতু অর্থাৎ সেই মহিমা বা ব্রহ্ম আত্মাকার অন্তঃকরণের সাক্ষাৎকার হইয়া থাকে বলিয়া জ্ঞানগোচর হয়। (যদি বলেন আমার (ভগবানের) মহিমা আত্মাকারে আকারিত সেই অন্তঃকরণের সাক্ষাৎকার হয়, সেই অন্তঃকরণ ও সবিকার বস্তুকেই বিষয় করিয়া থাকে; কারণ

পশ্যেশ মেঽনার্য্যমনন্ত আদ্যে
পরাত্মনি ত্বয্যপি মায়িমায়িনি।
মায়াং বিতত্যেক্ষিতুমাত্মবৈভবং
হ্যহং কিয়ানৈচ্ছমিবার্চিরগ্নৌ ॥৯

হে ঈশ স্বামিন্! মে মম অনার্য্যং দৌর্জ্জন্যং মূঢ়ত্বং পশ্য। (যতঃ) হি নিশ্চিতম্। অগ্নৌ অর্চ্চিঃ ইব (অগ্নেঃ উদ্ভূতা জ্বালা ইব যদগ্রে) কিয়ান্ ন কিঞ্চিৎ অপি অহং পরমাত্মনি সর্ব্বনিয়ন্তরি অনন্তে বিনাশরহিতে আদ্যে সর্ব্বকারণভূতে পূর্ব্বাবধিরহিতে মায়িমায়িনি মায়িনাম্ অপি মায়িনি মোহকে ত্বয়ি শ্রীকৃষ্ণে মায়াং বিতত্য প্রসার্য্য

অনুভবটি অন্তঃকরণের বৃত্তি, অতএব সেই অন্তঃকরণের আত্মাকারতা কিরূপ হইতে পারে? অর্থাৎ অন্তঃকরণ সূক্ষ্মদেহ বিকারময় হইয়া নির্ব্বিকার ব্রহ্মকে কি প্রকারে জ্ঞানগোচর করিতে সমর্থ হয়? তদুত্তরে বলিতেছি) অবিক্রিয়াহেতু [বিশেষাকার-রহিত্ব-হেতু] অর্থাৎ অন্তঃকরণের বিবিধ আকার শূন্য হইলেই আত্মাকারতা হইয়া থাকে বলিয়া আপনার মহিমা আত্মাকার অন্তঃকরণের সাক্ষাৎকার হইয়া থাকে। [যদি বলেন—ব্রহ্মন্! যাহা বলিয়াছ, তাহা সত্য; কিন্তু নিবিষয় যে আত্মা, সে যদি অন্তঃকরণের সাক্ষাৎকারের বা অনুভবের বিষয় হইল, তাহা হইলে কি করিয়া আত্মার অনাত্মত্ব-প্রসঙ্গ হইতে পারে? তদুত্তরে বলিতেছি] অরূপ-হেতু (রূপ-রসাদি-বিষয়-শূন্য-হেতু) অর্থাৎ সেই আত্মা বা ব্রহ্ম-রূপাদি. বিষয়াকাররহিত বলিয়া অন্তঃকরণ সাক্ষাৎকারের বিষয়ে বা ব্রহ্মাকারে অনুভবের বিষয় হইলেও দোষাবহ নহে; কারণ, আত্মা বা ব্রহ্ম নির্ব্বিষয় চিত্তের বিষয় হইয়া থাকে, পরন্তু বিষয়াকার চিদাভাসযুক্ত বিষয়ত্ব, আত্মা বা ব্রহ্মে হইতে পারেন না। যেমন বিষয়াকার অনুভবই রূপ-রসাদিকে বিষয় করিয়া থাকে, কিন্তু ব্রহ্মকে অনুভব করিতে পারে না; তদ্রূপ ব্রহ্মাকার অনুভবও ব্রহ্মকেই বিষয় করিয়া থাকে, পরন্তু রূপ-রসাদি অনুভব করিতে পারে না। [যদি বলেন—তাহা না হইলে সেই ব্রহ্মের বিনাশ কি প্রকারে হইতে পারে? তদুত্তর এই] স্ব-প্রকাশত্ব অর্থাৎ অন্য কাহারও দ্বারা প্রকাশিত না হইয়া স্বয়ংই প্রকাশমান হইয়া থাকেন পরন্তু, "তাহা এইরূপ" ঈদৃশ বিষয়স্বরূপে প্রতীয়মান হন না।৬

হে দুর্জ্ঞেয়! আপনি স্বরূপভূত গুণে গুণী অথবা গুণাধিষ্ঠাতা কিংবা এই ত্রিগুণময় জগৎ পালন করিবার নিমিত্ত আপনি বাসনাময় হইয়াছেন; অতএব এই বিশ্বের হিতার্থ বহুবার বহু গুণ আবিষ্কার-পূর্ব্বক অবতীর্ণ হইয়াছেন। অথবা সত্ত্বাদি ত্রিগুণের পরিণাম স্বরূপ এই বিশ্বের বা বিশ্বস্থ জীবের সংসার-রোগ নিবৃত্ত করিবার নিমিত্ত অবতীর্ণ আপনার দয়াদাক্ষিণ্যাদি গুণসমূহ নির্দ্দিষ্ট করিয়া গণনা করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? অতিনিপুণ শ্রীসঙ্কর্ষণ প্রভৃতি যথেষ্ট কালে পার্থিব পরমাণু সকল সূক্ষ্মানুসূক্ষ্ম গণনা করিতে সমর্থ হয়েন সত্য, কিন্তু তাঁহারাও অদ্যাপি আপনার গুণগণনা দূরের কথা, মুহুর্মুহু গান করিয়াও সীমা করিতে পারিলেন না।৭

ভক্তি ব্যতীত আপনার মহিমা বা আপনাকে অবগত হওয়া যায় না, অতএব যে ব্যক্তি "আপনার কবে দয়া হইবে" এইরূপ প্রতীক্ষা করিয়া স্বীয় উপার্জ্জিত বিবিধ কর্ম্মফল অনাসক্ত হইয়া ভোগ-করত কায়মনোবাক্যে আপনার নমস্কার বা সভক্তি ভজনাদি করিয়া জীবিত থাকেন, তিনিই মুক্তিপদে দায়ভাগী হইয়া থাকেন।

(অথবা) অতএব যে ব্যক্তি আত্মকৃত ভক্তির

অতঃ ক্ষমস্বাচ্যুত মে রজোভুবো
হ্যজানতস্ত্বৎ পৃথগীশমানিনঃ।
অজাবলেপান্ধতমোঽন্ধচক্ষুষ
এষোঽনুকম্প্যো ময়ি নাথবানিতি॥১০

আত্মবৈভবং স্বপ্রভাবম্ ঈক্ষিতুং দ্রষ্টুম্ ঐচ্ছম্ অভিলষিতবান্ ॥৯

ময়ি নাথে সতি নাথবান্ মদ্‌ভৃত্যঃ এষঃ এব, অতঃ অনুকম্প্যঃ মৎকৃপাযোগ্যঃ ইতি মত্বা হে অচ্যুত! ত্বৎপৃথগীশ-মানিনঃ (ত্বত্তঃ পৃথক্ অহম্ এব ঈশঃ ইতি অভিমানবতঃ) অজাবলেপান্ধতমোঽন্ধচক্ষুষঃ (অজা জন্মায়া তস্যাঃ যঃ অবলেপঃ সম্বন্ধঃ তেন যৎ অন্ধতমঃ গাঢ়ম্ অজ্ঞানং তেন অন্ধং চক্ষুঃ বিবেকহেতুঃ অন্তঃকরণং যস্য তস্য) রজোভুবঃ (রজোগুণোৎপন্নস্য হি যস্মাৎ) অজানতঃ ত্বৎপ্রভাবম্

অবান্তর ফল সুখ ও ভক্তি-বিষয়ক অপরাধে ফলরূপ দুঃখ ভোগ করিয়াও তাহা আপনার অনুকম্পা মনে করিয়া থাকেন অর্থাৎ যথাসময়ে প্রাপ্ত "সুখ ও দুঃখ" ইহা আপনার অনুকম্পা-ফল এই অবগত হইয়া—পিতা যেমন স্বীয় পুত্রের প্রতি কৃপাবশতঃ সময়ে তাহাকে আলিঙ্গনপূর্ব্বক চুম্বন ও সময়ে স্বহস্তে প্রহারও করিয়া থাকেন, এইরূপ "পিতা পুত্রের ন্যায় আমার হিতাহিত আমার প্রভুই বিদিত আছেন, আমি কিছুই অবগত নহি, পরন্তু ভবদীয় ভক্ত আমাতে কোন কর্ম্মাদি কাহারও অধিকার নাই; আপনি কৃপাবশতঃ সুখ দুখ ভোগ করাইয়া থাকেন" এইরূপ বিচার করিয়া "পিতা যেমন স্বয়ং বালকের হিতাচরণ করিয়া থাকেন, তদ্রূপও আপনি আমার অভীষ্ট পূরণে কৃতযত্ন হউন" এইরূপে ভগবান্‌কে বিজ্ঞাপনকরত কায়মনোবাক্যে প্রণত হইয়া জীবন ধারণ করেন, তিনি মুক্তিপদে (সংসার-মুক্তি-বিষয়ে) কিংবা ভবদীয় চরণ সেবায় দায় ভাগী হইয়া থাকেন।৮

হে ঈশ্বর! আমার দুর্জ্জনতা ও মূঢ়তা অবলোকন করুন (এবং তদনুসারে দণ্ড বা ক্ষমা না করিলে মাদৃশ অজ্ঞের দৌর্জ্জন্য ও মূঢ়তা দিন দিন বৃদ্ধি হইবে সন্দেহ নাই। যদি বলেন সেই দুর্জ্জনতা মূঢ়তা কি? তাহাতেই বলিতেছি)—আপনি আদ্য সর্ব্বকারণভূত পূর্ব্বাবধিরহিত বিশেষতঃ মদীয় জন্মের কারণ প্রযুক্ত পিতা, অনন্ত (অপরিচ্ছিন্ন ঐশ্বর্য্যশালী) পরমাত্মা ও মায়াবিদিগের বিমোহনকারী হইলেও আপনাতে আমি মায়া-বিস্তারপূর্ব্বক আত্মৈশ্বর্য্য দর্শন করিতে গিয়া অগ্নিতে স্ফুলিঙ্গের ন্যায় আপনার নিকট অতি তুচ্ছ হইয়াও আমি আপনাতে স্বপ্রভাব প্রকাশ করিয়াছিলাম অর্থাৎ অগ্নির স্ফুলিঙ্গ যেমন অগ্নিতে কোনরূপ স্বপ্রভাব বিস্তার করিতে সমর্থ নহে, তদ্রূপ আপনা হইতে উদ্ভূত আমিও আপনাতে কোন্ প্রভাব বিস্তার করিতে সমর্থ হইব? পরন্তু কোনও প্রভাব বিস্তার করিতে পারিলাম না।৯

হে অচ্যুত! (আপনি মহাকৃপালুত্বাদি গুণ হইতে চ্যুতরহিত হইয়াছেন, অতএব) আপনি অতি মহৎ, আর আমি অতি তুচ্ছ ক্ষুদ্রাদপি ক্ষুদ্র; কারণ, আপনার মায়াশক্তির বিন্দুমাত্র রজোগুণ হইতে আমার জন্ম হওয়ায় আমি ভবদীয় মাহাত্ম্য জ্ঞানে অজ্ঞ, সুতরাং আপনা হইতে পৃথক্ ঈশ্বর বা সৃষ্টিকর্ত্তা বলিয়া অভিমান করিয়া থাকি; যেহেতু আপনার মায়াশক্তির সম্পর্কে গাঢ় তমোগুণে আমার নেত্রদ্বয় অন্ধীভূত হইয়াছে; কিম্বা জগৎকর্ত্তা বলিয়া যে গর্ব্ব, তদ্দ্বারা নিজের নয়নযুগল অন্ধীভূত হওয়ায় অন্যান্যের প্রভু বলিয়া অভিমান করিতেছি। অতএব অন্যত্র প্রভুস্বরূপে বর্ত্তমান থাকিলেও "এই ব্রহ্মা আমারই দাস, আমারই অনুকম্পনীয়" মনে করিয়া ক্ষমা করুন।১০

কাহং তমোমহদহং খচরাগ্নিবার্ভূ-
সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তিকায়ঃ।
ক্বেদৃগ্বিধাবিগণিতাণ্ডপরাণুচর্য্যা-
বাতাধ্বরোমবিবরস্য চ তে মহিত্বম্ ॥১১

উৎক্ষেপণং গর্ভগতস্য পাদয়োঃ
কিং কল্পতে মাতুরধোক্ষজাগসে।
কিমস্তিনাস্তিব্যপদেশভূষিতং
তবাস্তি কুক্ষেঃ কিয়দপ্যনন্তঃ ॥১২

জগৎত্রয়ান্তোদধিসংপ্লবোদে
নারায়ণস্যোদরনাভিনালাৎ।
বিনির্গতোঽজস্ত্বিতি বাঙ্ ন বৈ মৃষা
কিং ত্বীশ্বর ত্বন্ন বিনির্গতোঽস্মি ॥১৩

অজানতঃ মে মম ক্ষমস্ব ॥১০

তমোমহদহংখচরাগ্নিবার্ভূসংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তিকায়ঃ (তমঃ প্রকৃতিঃ, মহান্ মহত্তত্ত্বম্, অহম্ অহঙ্কারঃ, খম্ আকাশং, চরঃ বায়ুঃ, অগ্নিঃ তেজঃ, বাঃ জলং, ভূঃ পৃথিবী, এতৈঃ প্রকৃত্যাদি-পৃথিব্যন্তৈঃ সংবেষ্টিতঃ যঃ অণ্ডঘটঃ ব্রহ্মাণ্ডরূপঃ ঘটঃ স এব (তস্মিন্ বা) স্বমানেন সপ্তবিতস্তিকায়ঃ যস্য সঃ) অহং ক, ঈদৃগ্বিধাবিগণিতাণ্ডপরাণুচর্য্যাবাতাধ্বরোমবিবরস্য ঈদৃগ্বিধানি এবং প্রকারকাণি যানি অগণিতানি অণ্ডানি তানি এব পরমাণবঃ তেষাং চর্য্যা পরিভ্রমণং তদর্থং বাতাধ্বানঃ গবাক্ষাঃ ইব রোমবিবরাণি যস্য তস্য) তে তব মহিত্বং চ ক ॥১১

হে অধোক্ষজ! গর্ভগতস্য (শিশোঃ) পাদয়োঃ উৎক্ষেপণং কিং মাতুঃ আগসে অপরাধায় কল্পতে ভবতি (ন ভবতীতি যথা তথা), অস্তিনাস্তিব্যপদেশভূষিতং (ব্যপদেশাভ্যাং ভাবাভাবশব্দাভ্যাং ভূষিতম্ অভিহিতং বস্তু) তব কুক্ষেঃ অনন্তঃ (বহিঃ) কিয়ৎ অপি কিঞ্চিন্মাত্রমপি অস্তি কিম্? (অতঃ মমাপি ত্বৎকুক্ষিগতস্য মাতৃবৎ অপরাধঃ সোঢ়ব্যঃ) ॥১২

জগত্রয়ান্তোদধিসংপ্লবোদে (জগত্রয়স্য অন্তে প্রলয়ে উদধীনাং সংপ্লবঃ সংশ্লেষঃ তস্মিন্ উদে উদকে শয়ানস্য) নারায়ণস্য উদরনাভিনালাৎ (উদরনাভিতঃ জাতং যৎ নালং কমলং তস্মাৎ) অজঃ ব্রহ্মা তু বিনির্গতঃ জাতঃ ইতি বাক্ বৈ (অবধারণে) যদা ন মৃষা, (তদা) নু হে ঈশ্বর! ত্বৎ ত্বত্তঃ কিং (অহম্) ন বিনির্গতঃ অস্মি? ॥১৩

হে জগদীশ! কোথায় আমি প্রকৃতি মহৎ, অহঙ্কার, আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথিবী এই সমস্ত দ্বারা নির্ম্মিত যে ব্রহ্মাণ্ডরূপ দেহ তাহাতে আত্মপরিমাণে সার্দ্ধ ত্রিহস্ত পরিমিত হইয়াছি। আর কোথায় এই প্রকার অসংখ্য ব্রহ্মাণ্ডরূপ পরমাণু সকলের নিষ্ক্রমণ ও প্রবেশরূপ পরিভ্রমণের পথস্বরূপ গবাক্ষের ন্যায় রোম-বিবরবিশিষ্ট আপনার মহিমা! অতএব অতি তুচ্ছ বলিয়া আমাকে অনুকম্পা করুন।১১

হে অধোক্ষজ! গর্ভমধ্যস্থ শিশু জননীজঠরে পাদ-সঞ্চালন বা পদাঘাত করিয়া থাকে; তাহাতে কি জননীর নিকট অপরাধ করা হয়? অর্থাৎ গর্ভজাত শিশু যাতনায় আক্রান্ত বা যে কোনও কারণে গর্ভে পদ তাড়ন করিলে জননী তাহাতে ক্রোধ করেন না, পরন্তু গর্ভজাত শিশু জীবিত আছে মনে করিয়া পরমানন্দ লাভ করিয়া থাকেন। (যদি বলেন শিশু জননীর উদরগত থাকিয়া স্থানাভাবে ও অনবধানতাবশতঃ পদাঘাত করিলেও করিতে পারে, পরন্তু তুমি কি আমার উদরে বিরাজ করিতেছে? এই আশঙ্কায় বলিতেছি) হে প্রভো! ভাল মন্দ সৎ অসৎ যত কিছু বস্তু, তাহা কি আপনার কুক্ষির বাহিরে বিদ্যমান রহিয়াছে? বস্তুতঃ, বাহিরে কিছুই নাই, সমস্ত বস্তুই আপনার কুক্ষিগত, সুতরাং আমিও আপনার কুক্ষিগত আছি; অতএব মাতা যেমন গর্ভগত বালকের অপরাধ গ্রহণ করে না, তদ্রূপ আমার অপরাধ, আপনার গ্রাহ্য নয়।১২

হে ঈশ্বর! এই সাবরণ ব্রহ্মাণ্ডের প্রাকৃত প্রলয়াবসানে সমস্ত সাগরের সম্মিলনে একাকার হইয়া গর্ভোদক নামক একার্ণবে পরিণত হয়, সেই একার্ণবের সলিলে শয়নকারী শ্রীনারায়ণের উদরস্থ নাভি-নাল বা নাভি-কমল হইতে ব্রহ্মা বিনির্গত

নারায়ণস্ত্বং ন হি সর্বদেহিনা-
মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী।
নারায়ণোঽঙ্গং নরভূজলায়নাৎ
তচ্চাপি সত্যং ন তবৈব মায়া ॥১৪

হে অধীশ! সর্ব্বদেহিনাম্ আত্মা অখিললোকসাক্ষী হি ত্বং (কিম্) নারায়ণঃ ন ? নর-ভূ-জলায়নাৎ (নরঃ পরমাত্মা তস্মাৎ ভূতং যৎ জলং তদয়নাৎ যঃ প্রসিদ্ধঃ) নারায়ণঃ (সোঽপি তবৈব) অঙ্গঃ মূর্ত্তিঃ, তৎ (তব পরিচ্ছিন্নত্বমপি) ন সত্যং যথার্থং, কিন্তু তব মায়া লীলা এব ॥১৪

তব জলস্থং জগদ্বপুঃ জগদাশ্রয়ভূতম্ অঙ্গং চেৎ সৎ

হইয়াছে—এই যে প্রসিদ্ধ প্রবাদ রহিয়াছে, তাহা মিথ্যা নহে, তাহা হইলেও কি আমি আপনার হইতে বিনির্গত হই নাই ? অবশ্য আপনা হইতেই আমি উদ্ভূত হইয়াছি।১৩

আপনি নারায়ণ নহেন ? অবশ্যই আপনি নারায়ণ, যেহেতু আপনি নিখিল প্রাণীর অর্থাৎ আপনি নিখিল জীবসমূহের আশ্রয়, এই অর্থে জীবগণের আত্মরূপী নারায়ণ আপনি হইয়াছেন। হে অধীশ! "আপনি ঈশ্বর সকলেরও অধিপতি বলিয়া সর্ব্বপ্রবর্ত্তক অর্থাৎ জীবসমূহের তত্ত্ব প্রবর্ত্তক" এই অর্থেও আপনি নারায়ণ। বিশেষতঃ আপনি অখিল লোক-সাক্ষী "অর্থাৎ লোক সকলের সাক্ষাৎ দর্শনকারী বলিয়া জীবসমূহকে জানেন" এই অর্থে আপনিই নারায়ণ। (যদি বলেন এইরূপে নারায়ণ শব্দের অর্থ করিলে বস্তুতঃ আমিই নারায়ণ হই বটে, কিন্তু নার অর্থাৎ জলই যাঁহার আশ্রয়—এই প্রকার ভিন্ন ব্যুৎপত্তিতে সেই নারায়ণ আমা হইতে অবশ্য ভিন্ন হইবে এই আশঙ্কায় বলিতেছি) নর অর্থাৎ পরমাত্মা হইতে উদ্ভূত মহদাদি এবং তাহা হইতে জাত—জল এই উভয় যাঁহার আশ্রয় সেই প্রসিদ্ধ নারায়ণও আপনারই অঙ্গ (শ্রীমূর্ত্তি)। যদি বলেন—আমার মূর্ত্তি সর্ব্বব্যাপক হেতু, জলাদি তাহার আশ্রয় কিরূপে সম্ভবপর হইতে পারে ?

তচ্চেজ্জলস্থং তব সজ্জগদ্বপুঃ
কিং মে ন দৃষ্টং ভগবংস্তদৈব।
কিং বা সুদৃষ্টং হৃদি মে তদৈব
কিং নো সপদ্যেব পুনর্ব্যদর্শি ॥১৫

(পরমার্থতঃ সত্যং স্যাৎ তর্হি) হে ভগবন্! তদা (কমল-নালমার্গেণান্তঃপ্রবেশান্বেষণসময়ে) এব (সমষ্টিজীবতয়া সর্ব্বজগদাত্মকেনাপি) মে ময়া তৎ অঙ্গং হি কিং ন দৃষ্টং (তথা বাহ্যদৃষ্টম্ অপি অন্তঃকরণদৃশ্য চেৎ তদা) কিং হৃদি হৃদয়েঽপি নো ব্যদর্শি ন দৃষ্টং, কিন্তু তপঃকরণান্তরং সপদি এবং সুদৃষ্টম্। কিম্বা বহির্বৃত্তৌ সত্যাং ন ব্যদর্শি॥১৫

তত্ত্বতর—সেই পরিচ্ছিন্নও যথার্থ নহে, পরন্তু আপনার লীলামাত্র; কিংবা নারায়ণ নামক আপনার যে মূর্ত্তি তাহা সত্য, কিন্তু মূর্ত্তির ব্যাপকত্ব-হেতু ইহা মায়া কল্পিত নহে।১৪

হে ভগবন্ (হে অচিন্ত্যযোগমায়ৈশ্বর্য্যশালিন্!) জগতের আশ্রয়ভূত আপনার সেই শ্রীনারায়ণ-মূর্ত্তি যদি জলস্থ বলিয়া পরিচ্ছিন্নই [সীমাবিশিষ্টই] হইবে, তাহা হইলে নারায়ণের নাভি-কমলে হইতে মদীয় জন্মের অব্যবহিত পরে আমি সেই নাভি-পদ্মে অবস্থিত হইয়া অপর কাহাকেও দেখিতে না পাইয়া ভাবিলাম "এই পদ্ম যে স্থানে হইতে বহির্গত হইয়াছে সে স্থানে কেহ থাকিবেন" এই মনে করিয়া সেই নারায়ণের নাভি-কমলের নালরূপ পথে ক্রমশঃ প্রবেশপূর্ব্বক একশত বৎসর পর্য্যন্ত অন্বেষণ করিয়াও কিছুই দেখিতে পাইলাম না কেন ? [যদি বলেন—জলেই আমি অবস্থিত ছিলাম, কিন্তু তুমি অজ্ঞান-বশতঃ দেখিতে পাও নাই ; ইহাও বলিতে পারেন না কারণ তাহা হইলে] তখনই আমি বিহ্বলান্তঃকরণে আপনার ধ্যান-পরায়ণ হইয়া হৃদয়াভ্যন্তরে ভবদীয় শ্রীমূর্ত্তিকে কি প্রকারে সেই সুন্দররূপে দর্শন করিয়াছিলাম ? আবার তৎক্ষণাৎ সেই স্থলেই সেই মূর্ত্তি দর্শন করিতে পাইলাম না কেন ? অতএব সর্ব্বব্যাপক আপনার ইচ্ছানুসারে মৎকর্ত্তৃক

অত্রৈব মায়াধমনাবতারে
হ্যস্য প্রপঞ্চস্য বহিঃস্ফুটস্য।
কৃৎস্নস্য চান্তর্জঠরে জনন্যা
মায়াত্বমেব প্রকটীকৃতং তে ॥১৬

যস্য কুক্ষাবিদং সর্বং সাত্মং ভাতি যথা তথা।
তত্ত্বয্যপীহ তৎ সর্বং কিমিদং মায়য়া বিনা ॥১৭

হে মায়াধমন ভক্তজনমোহনিবারক! অত্র অস্মিন্ এব অবতারে অস্য বহিঃস্ফুটস্য প্রত্যক্ষসিদ্ধস্য কৃৎস্নস্য অপি প্রপঞ্চস্য চ অন্তর্জঠরে উদরমধ্যে জনন্যাঃ (যশোদায়াঃ প্রদর্শনেন) মায়াত্বম্ (স্বেচ্ছাধীনলীলামাত্রত্বম্ এব তে ত্বয়া প্রকটীকৃতং স্ফুটীকৃতম্) ॥১৬

ইহ বহিঃ জগতি ইদং সর্ব্বং যথা ভাতি, তথৈব যস্য তব কুক্ষৌ অপি সাত্মং (আত্মনা ত্বয়া সহিতং) সর্ব্বং তৎ ভাতি, তৎ ইদং ভানং ত্বয়ি মায়য়া ত্বদিচ্ছয়া বিনা (কিং কথং ঘটেত) ॥১৭

ঐরূপ সময়ে দর্শন ও সময়ে অদর্শন হইয়াছিল, বস্তুতঃ আপনি পরিচ্ছিন্ন (সীমাবিশিষ্ট) নহেন; জলাবস্থানে পরিচ্ছিন্ন হইলেও অচিন্ত্য-শক্তি-প্রভাবে নিজের কুক্ষিতে জগৎ ধারণ করায় অপরিচ্ছিন্নও হইয়া থাকেন। বস্তুতঃ সর্ব্বত্র সর্ব্বদেশে সর্ব্বকালে বর্ত্তমানে থাকিলেও ভবদীয় যোগমায়া কর্ত্তৃক আবরণ প্রকাশ দ্বারা দৃশ্য ও অদৃশ্য হইয়া থাকেন।১৫

যদি বলেন—যে জগতের মধ্যবর্ত্তী জল মধ্যে সেই মূর্ত্তি অবস্থিত, সেই জগৎ সেই মূর্ত্তির কুক্ষিতে রহিয়াছে ইহা অসঙ্গত; কারণ গৃহের মধ্যবর্ত্তী ঘটমধ্যে কখনও গৃহ থাকিতে পারে না। অতএব সেই শুদ্ধসত্ত্ব বিগ্রহে এই মায়িক জগদতিরিক্ত অপর অমায়িক জগৎ অবস্থান করিতেছে, ইহা নিশ্চয়ই হইলেও তুমি আমার কুক্ষিগত। জগৎ ও বহির্গত জগতের ঐক্য বলিবার নিমিত্তই মায়িকত্ব প্রতিপাদন করিয়া বলিতেছেন—হে মায়ানিবারক! আপনি এই অবতারেই এই প্রত্যক্ষ সিদ্ধ সাফল্য জগৎ নিজের উদরে দেখাইবার নিমিত্ত মা শ্রীযশোমতীর প্রতি মায়িকত্ব প্রকট করিয়াছিলেন, অতএব ত্বদন্তর্ব্বর্ত্তী যোগমায়াই আপনার বিগ্রহ, জগদন্তর্ব্বর্ত্তী হইলেও সর্ব্বজগদ্ব্যাপক এবং সর্ব্ব জগদ্-ব্যাপক হইলেও জগদন্তর্ব্বর্ত্তী প্রকাশ করাইয়াছিলেন।১৬

যদি বলেন—হে ব্রহ্মন্! বহিঃস্থিত জগৎ প্রপঞ্চই আমার জঠরমধ্যে প্রতিবিম্বিত হইতেছে অতএব, ইহা মায়িকত্ব হইবে কেন? তদুত্তরে বলিতেছি—এই বহির্জগতে আপনার সহিত এই সমস্ত যে প্রকারে প্রকাশ পায়, তদ্রূপ আপনার কুক্ষিতেও সেই সমস্তই প্রকাশ পাইয়া থাকে; ইহাতে কিছুই বৈলক্ষণ্য নাই। অতএব ঐ প্রকাশ মায়া ব্যতিরেকে কি কখন আপনাতে সম্ভবপর হইতে পারে?

অথবা আপনার কুক্ষিতে যেমন এই বিশ্ব ও আপনার জননী প্রকাশ পাইয়াছিলেন, তদ্রূপ ঐ বিশ্ব ও জননী বাহিরেও প্রকাশ পাইয়াছিলেন। অয়ি শ্রীকৃষ্ণ! সেই সমস্ত মায়া ভিন্ন হইয়াছিল কি? অর্থাৎ তৎসর্ব্ব মায়াবৈভব বলিতে হইবে।১৭

অদ্যৈব ত্বদৃতেঽস্য কিং মম ন তে
মায়াত্বমাদর্শিত-
মেকোঽসি প্রথমং ততো ব্রজসুহৃদ্-
বৎসাঃ সমস্তা অপি।
তাবন্তোঽসি চতুর্ভুজাস্তদখিলৈঃ
সাকং ময়োপাসিতা-

ত্বদৃতে ত্বাং বিনা অস্য বিশ্বস্য মায়াত্বং স্বেচ্ছাধীনত্বং তে ত্বয়া কিম্ অদ্যৈব মম (মহ্যং) ন প্রদর্শিতম্। (তথাহি) প্রথমং (যদা ময়া বৎসাদয়ো নাপহৃতাঃ তদা ত্বং) একঃ (শ্রীকৃষ্ণরূপঃ) আসীঃ। (ততঃ বৎসবালাদি-হরণানন্তরং) ব্রজসুহৃদ্বৎসাঃ সমস্তাঃ (বেণুবিষাণাদয়শ্চ) অপি ত্বম্ এব, (ততঃ) ময়া সাকং সহ অখিলৈঃ তত্ত্বাদিভিঃ উপাসিতাঃ সেবিতাঃ তাবন্তঃ তাবৎসংখ্যকাঃ চতুর্ভুজাঃ (ত্বম্ অভূঃ), ততঃ চ তাবন্তি এব জগন্তি ব্রহ্মাণ্ডানি ত্বম্ অভূঃ, অন্তে তদ্

কেবল জননীকেই এইরূপ মায়া দেখাইয়াছিলেন তাহা নহে, আমাকেও তদ্রূপ দেখাইয়াছিলেন; আপনা ভিন্ন এই বিশ্বের মায়াত্ব আপনি অদ্যই কি আমাকে দর্শন করান নাই? পরন্তু অদ্যই আমাকে দর্শন করাইয়াছেন; তাহার নিদর্শন এই—যখন বৎস ও বালকদিগকে হরণ করি, তখন আপনি একরূপ ছিলেন, কিংবা বৎসাদি হরণের পূর্ব্বে আপনি কৃষ্ণরূপে একমাত্র ছিলেন, তৎপর বৎসাদি-হরণের অব্যবহিত পরে বৎস, বালক ও তাহাদের বেণু-বেত্রাদি সমস্তই আপনি হইলেন, তদনন্তর আমার সহিত নিখিল তত্ত্বাদি কর্ত্তৃক উদ্ভাসিত হইয়া তাবৎ সংখ্যক ব্রহ্মাণ্ড দেখাইয়াছিলেন, অতএব অপরিমিত পরিপূর্ণ এক আপনি মাত্র অবশেষ রূপে দৃষ্ট হইতে লাগিলেন।১৮

স্তাবন্ত্যেব জগন্ত্যভূস্তদমিতং
ব্রহ্মাদ্বয়ং শিষ্যতে ॥১৮
অজানতাং ত্বৎপদবীমনাত্ম-
ন্যাত্মাত্মনা ভাসি বিতত্য মায়াম্।
সৃষ্টাবিবাহং জগতো বিধান
ইব ত্বমেষোঽন্ত ইব ত্রিনেত্রঃ ॥১৯

অদ্বয়ম্ অমিতং ব্রহ্ম এব একঃ ভবান্ শিষ্যতে অবশিষ্টঃ অসি ॥১৮

জগতঃ সৃষ্টৌ (রজোগুণেন) অহং ব্রহ্মা ইব, বিধানে পালনে (সত্ত্বেন) এষঃ ত্বং বিষ্ণুঃ ইব, অন্তে সংহারে (তমসা) ত্রিনেত্রঃ রুদ্রঃ ইব, অনাত্মনি দেহাদৌ আত্মনা আত্মাভিমানেন ত্বৎপদবীং তৎস্বরূপম্ অজানতাম্ ইব আত্মা (শুদ্ধঃ বুদ্ধঃ নিত্যঃ মুক্তঃ সত্যস্বরূপঃ ত্বম্) আত্মনা বিবেকেন মায়াং (অঘটন-ঘটন-পটীয়সীং) বিতত্য (স্বাধীনে বিস্তার্য্য)

দুর্গম মহিমান্বিত ভবদীয় চিন্ময় জগতের কথা দূরে থাকুক, কেবল জ্ঞানী অভিমানী বহির্মুখদিগের মতে আপনিও মায়োপাধিবিশিষ্ট মায়াময় হইয়া থাকেন তাহাই বলিতেছি, যাহারা আপনার প্রাপক ভক্তিযোগে অনভিজ্ঞ, এতাদৃশ জ্ঞানি-মানিগণের মত আত্মস্বরূপ আপনিই প্রকৃতিস্থ হইয়া স্বাতন্ত্র্যভাবে নিজ মায়া বিস্তারপূর্ব্বক জগতের সৃষ্টি বিষয়ে রজোগুণ দ্বারা আমি ব্রহ্মা, পালনে আপনি বিষ্ণু ও সংহার বিষয়ে রুদ্ররূপী হইয়া প্রকাশ পাইতেছেন অর্থাৎ তাঁহারা বলেন নিরাকার আত্মা হইতে যেমন মায়িকাকার ব্রহ্মা, বিষ্ণু, শিব হইয়াছেন, তদ্রূপ জলস্থ নারায়ণ এবং যাবতীয় অবতার সমস্ত মায়িকরূপ ও মায়াদ্বারাই বৎস বালকাদি চতুর্ভুজরূপ ক্ষণিককালের জন্য দেখাইয়াছিলেন।১৯

সুরেষ্বৃষিষ্বীশ তথৈব নৃষ্বপি
তির্য্যক্ষু যাদঃস্বপি তেঽজনস্য।
জন্মাসতাং দুর্মদনিগ্রহায়
প্রভো বিধাতঃ সদনুগ্রহায় চ ॥২০

কো বেত্তি ভূমন্ ভগবন্ পরাত্মন্
যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্।
ক বা কথং বা কতি বা কদেতি
বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্ ॥২১

তস্মাদিদং জগদশেষমসৎস্বরূপং
স্বপ্নাভমস্তধিষণং পুরুদুঃখদুঃখম্।
ত্বয্যেব নিত্যসুখবোধতনাবনন্তে
মায়াত উদ্যদপি যৎ সদিবাবভাতি ॥২২

অনাত্মনি যোগমায়ায়াম্ এব ভাসি ॥১৯

হে প্রভো বিধাতঃ ঈশ। অসতাং দুষ্টানাং দুর্মদ-নিগ্রহায় মদ-নাশায় তথা, সদনুগ্রহায় সাধূনাং হিতার্থায় চ অজনস্য কর্ম্মাধীনজন্মরহিতস্য অপি। তে তব সুরেষু (বামনরূপেণ), ঋষিষু (পরশুরামাদিরূপেণ), নৃষু (রামকৃষ্ণাদিরূপেণ), তির্য্যক্ষু (বরাহাদিরূপেণ), যাদঃসু জলচরেষু (মৎস্যাদিরূপেণ) জন্ম অভূৎ ॥২০

হে পরমাত্মন্। (আশ্চর্য্যরূপাং) যোগমায়াং বিস্তারয়ন্ যদা ত্বং ক্রীড়সি, তদা ত্রিলোক্যাং হে যোগেশ্বর। (অনন্ত-রূপেণ ক্রীড়তঃ) হে ভূমন্ (সর্ব্বব্যাপকস্য)। হে ভগবন্। (ষড়্‌গুণসম্পন্নস্য) ভবতঃ উতীঃ লীলাঃ ক (কুত্র) কথং (কেন প্রকারেণ) কতি (কতিবিধাঃ) কদা বা (ভবন্তি) ইতি কঃ বেত্তি জানাতি ॥২১

তস্মাৎ অনন্তে দেশপরিচ্ছেদ-রহিতে নিত্যসুখ-বোধ-তনৌ নিত্যানন্দজ্ঞানবিগ্রহে ত্বয়ি ইদং (অজ্ঞদৃষ্ট্যা প্রতীয়মানং) স্বপ্নাভম্ (স্বপ্নদৃষ্টপদার্থস্য আভা উপমা যস্য তৎ) অস্তধিষণং বুদ্ধিলোপকরং পুরুদুঃখদুঃখম্ অশেষক্লেশপ্রদম্, অসৎ-স্বরূপং মিথ্যারূপং, জগৎ মায়াতঃ মায়য়া অশেষম্ উদ্যৎ সৃষ্টম্

অতএব জ্ঞানিগণ কর্ত্তৃক স্বীয়ভক্ত সকলের পরাভব-দূরীকরণার্থে স্বপদবী-জ্ঞাপন করিবার নিমিত্তই প্রায় আপনার অবতার সমস্ত হইয়া থাকে, হে অচিন্ত্যঐশ্বর্য্যশালিন্। হে পরমস্বতন্ত্র! হে বিধাতঃ! আপনি অনন্ত অবতারের কর্ত্তা স্বরূপ হইয়াছেন। আপনি অসাধু সকলের "আমি সিদ্ধ" ইত্যাদি দুর্ম্মদ নিরাস করিবার নিমিত্ত ও ভক্তগণের প্রতি স্বীয় সচ্চিদানন্দময় রূপ, গুণ, লীলাদি অনুভব দ্বারা অনুগ্রহ বিতরণার্থ জন্মরহিত হইয়াও দেবতামধ্যে বামনরূপে, ঋষিমধ্যে পরশুরাম-রূপে, মনুষ্যমধ্যে রামরূপে, তির্য্যক্ জাতিতে বরাহরূপে, ও জলজন্তু মধ্যে মৎস্য ও কূর্ম্মরূপে আবির্ভাব হইয়া থাকেন। তাহা না হইলে কোন্ ব্যক্তিই বা আপনাকে জানিতে সক্ষম হয়? আর কেই বা হিতকর উপদেশাদি উপদেশ করিতে পারে? অতএব জ্ঞানিগণ ও ভবদীয় অবতার চরিত্রাদি দর্শনে "আমি জ্ঞানী" এই অভিমান পরিত্যাগ করিয়া সৎপথে অনুসরণপূর্ব্বক পরম কৃতার্থতা লাভ করিয়া থাকেন।২০

হে ভূমন্! আপনি দেশ ও কাল দ্বারা অপরিচ্ছিন্ন বা বিশ্বব্যাপক মূর্ত্তি, তাহাতে আবার ভগবান্ অচিন্ত্য ষড়ৈশ্বর্য্য সম্পন্ন হইলেও পরাত্মা পরমাত্মস্বরূপ। হে যোগেশ্বর! আপনি আপনার যোগমায়া কর্ত্তৃক সংশ্লিষ্ট থাকায় ঐ বিশ্ব ব্যাপকাদি গুণে অচিন্ত্য মহা মহা ঐশ্বর্য্যশালী হইয়াছেন; অতএব আপনি মহাস্বরূপশক্তি যোগমায়া বিস্তার করিয়া যখন ক্রীড়া করিয়া থাকেন, তখন ত্রিলোক মধ্যে কোন্ ব্যক্তি আপনার জন্মাদি লীলা, কোন্ দেশে, কোন্ সময়ে, কি কারণে, কত সংখ্যক হইয়া থাকে তাহা জানিতে সমর্থ হয়? পরন্তু কেহই জানিতে পারে না।২১

আহা! আপনার অবতার সকল ও তত্তৎ অবতারের যে যে লীলাসমূহ তাহার সত্যতাদি বিষয়ে অধিক আর কি বলিব, যেহেতু এই মিথ্যাদিরূপ জগৎ প্রপঞ্চও আপনার সম্বন্ধে সত্যাদিরূপে প্রতীয়মান হইয়া থাকে, কারণ আপনি

একস্ত্বমাত্মা পুরুষঃ পুরাণঃ
সত্যঃ স্বয়ংজ্যোতিরনন্ত আদ্যঃ।
নিত্যোঽক্ষরোঽজস্রসুখো নিরঞ্জনঃ
পূর্ণোঽদ্বয়ো মুক্ত উপাধিতোঽমৃতঃ ॥২৩

এবংবিধং ত্বাং সকলাত্মনামপি
স্বাত্মানমাত্মাত্মতয়া বিচক্ষতে।
গুর্ব্বর্কলব্ধোপনিষৎসুচক্ষুষা
যে তে তরন্তীব ভবানৃতাম্বুধিম্ ॥২৪

আত্মানমেবাত্মতয়াবিজানতাং
তেনৈব জাতং নিখিলং প্রপঞ্চিতম্।
জ্ঞানেন ভূয়োঽপি চ তৎ প্রলীয়তে
রজ্জ্বামহের্ভোগভবাভবৌ যথা ॥২৫

অপি যৎ (নশ্যেৎ), তৎ সৎ ইব অবভাতি ॥২২

একঃ ত্বং সত্যঃ (পরমার্থভূতঃ) আত্মা অবিষয়ঃ আদ্যঃ বিকারাদিশূন্যঃ সর্ব্বকারণকারণঃ (যতঃ) পুরাণঃ (কার্য্যাৎ প্রপঞ্চাৎ পূর্ব্বমপি বর্ত্তমানঃ) পুরুষঃ (সদৈব পূর্ণরূপেণাবস্থানাৎ পুরি শয়নাৎ চ) নিত্যঃ সনাতনঃ অনন্তঃ দেশ-কালাদি-পরিচ্ছেদ-রহিতঃ, অজস্রসুখঃ অনিয়মিত-সুখ-স্বরূপঃ, অক্ষয়ঃ অপক্ষয়রহিতঃ, অমৃতঃ বিনাশরহিতঃ, পূর্ণঃ অদ্বয়ঃ, স্বয়ং-জ্যোতিঃ স্বপ্রকাশঃ, নিরঞ্জনঃ নির্ম্মলঃ, (যতঃ) উপাধিতঃ মুক্তঃ চ ॥২৩

গুর্ব্বর্কলব্ধোপনিষৎসুচক্ষুষা (গুরুরেবার্কঃ সূর্য্যবদজ্ঞানান্ধকার-নিরাসেন পরমার্থপ্রকাশকঃ তস্মাল্লব্ধা উপনিষৎ উপনিষজ্জন্যং জ্ঞানমেব সুচক্ষুস্তেন) যে এবম্বিধং সকলাত্মনাং সকল-জীবাত্মনাম্ অপি স্বাত্মানং স্বরূপভূতং ত্বাম্ আত্মাত্মতয়া স্বাভেদেন বিচক্ষতে পশ্যন্তি, তে ভবানৃতাম্বুধিং (ভবতীতি ভবঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদাবাত্মাধ্যাসঃ স এব মিথ্যাত্বাৎ দুস্তরত্বাৎ অনৃতাম্বুধিং দুঃখসাগরং) তরন্তি ইব ॥২৪

রজ্জ্বাম্ অহেঃ সর্পস্য ভোগভবাভবৌ (শরীরস্য ভবাভবৌ অধ্যাসাপবাদৌ) যথা (অজ্ঞানজ্ঞানাভ্যাম্ এব ভবতঃ তথা) আত্মানং জীবস্বরূপম্ আত্মতয়া জ্ঞানানন্দত্বেন অবিজানতাং জনানাং তেন অজ্ঞানেন এব নিখিলং প্রপঞ্চিতং জাতং, (অতঃ) ভূয়ঃ পুনরপি জ্ঞানেন তৎ প্রপঞ্চিতং সর্ব্বং প্রলীয়তে ॥২৫

যোগমায়া বিস্তার করিয়া ক্রীড়া করিয়া থাকেন এই নিমিত্ত অসৎ [সার্ব্বকালিকসত্তারহিত যাহার স্বরূপ] যাহা স্বপ্নতুল্য অল্পকাল স্থায়ী ও অবিদ্যা দ্বারা বুদ্ধি লোপ হওয়ায় অশেষ দুঃখপ্রদ, এতাদৃশ এই নিখিল জগৎ, নিত্য সুখ জ্ঞানময় বিগ্রহ অনন্ত ও অধিষ্ঠানভূত যে আপনি আপনাতে ইচ্ছা-শক্তি প্রকাশিকা নাম্নী যোগমায়া হইতে আবির্ভাব ও তাহাতে তিরোভাব হইলেও নিত্যস্বরূপেই প্রকাশ পাইয়া থাকে।২২

যদিও আপনার অবতার সমস্ত নিত্য এবং যদ্যপি অধুনা সৎসন্নিধানে আপনি নিত্যজ্ঞান-সুখস্বরূপ বিগ্রহে বৎসবালকাদি নানাপ্রকারে দৃষ্ট হওয়ায় আপনার অনন্তমূর্ত্তি হইলেও আপনি অচিন্ত্যশক্তিপ্রভাবে এক মূর্ত্তিতেই প্রকাশ পাইয়া থাকেন, যেহেতু এখনই দেখিতে পাইলাম যে, সেই বৎস ও বালকাদি সকলকে অন্তর্হিত করিয়া আপনি একাকীই বিরাজ করিতেছেন; অতএব আপনি স্বজাতীয় বিজাতীয় ও দ্বৈতশূন্য বিধায় একরূপেই বিরাজমান থাকেন, যে হেতু আপনি এক পরমাত্মা।২৩

যাঁহারা গুরুরূপ সূর্য্য হইতে অধিগত উপনিষৎ-তত্ত্ব-রহস্যস্বরূপ সুনির্ম্মল চক্ষু দ্বারা এবম্বিধ নিখিল জীবের কিংবা পূর্ব্বোক্ত পুরুষ আত্মা অর্থাৎ সাকারত্ব-নিবন্ধন মন ও নয়নের আহ্লাদকত্ব প্রযুক্ত পরম-পুরুষ আপনাকে পরমাত্মরূপ অথবা বিস্ময়-বিগ্রহ-রূপে অনুভব করিয়া থাকেন, তাঁহারা জন্ম-মরণাদি-দুঃখময় সংসাররূপ মিথ্যাসাগর হইতে উত্তীর্ণ হইয়া থাকেন।২৪

আপনার শ্রীবিগ্রহকে যাহারা চিৎস্বরূপ বলিয়া বিদিত নহে, তাহাদেরই সংসার হইয়া থাকে সত্য, কিন্তু চিৎস্বরূপত্ব জ্ঞান বা আত্মতাজ্ঞান দ্বারা পুনর্ব্বার তাহাদিগের সংসার বিলীন হইয়া যায়।

অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ
দ্বৌ নাম নান্যৌ স্ত ঋতজ্ঞভাবাৎ।
অজস্রচিত্যাত্মনি কেবলে পরে
বিচার্য্যমাণে তরণাবিবাহনী ॥২৬

ত্বামাত্মানং পরং মত্বা পরমাত্মানমেব চ।
আত্মা পুনর্বহির্মৃগ্য অহোঽজ্ঞজনতাজ্ঞতা ॥২৭

তজ্জভাবাৎ (ঋতঃ অবাধিতশ্চাসৌ জ্ঞশ্চিদাত্মকশ্চ যো ভাবঃ পরমার্থভূতঃ আত্মা তস্মাৎ) অন্যৌ অজ্ঞানসংজ্ঞৌ (অজ্ঞানেন সংজ্ঞামাত্রম্ এব যয়োস্তৌ) ভববন্ধমোক্ষৌ নাম দ্বৌ তরণৌ রবৌ অহনী রাত্র্যহনী ইব অজস্রচিত্যাত্মনি নিত্যজ্ঞানরূপে কেবলে অদ্বিতীয়ে পরে প্রকৃতিবিলক্ষণে (আত্মনি) বিচার্য্যমাণে সতি ন স্তঃ ॥২৬

(স্বস্ত) আত্মানং ত্বাং পরং (স্বতো ভিন্নং) মত্বা (তথা) পরং (স্বতো ভিন্নং কার্য্যকারণসঙ্ঘাতরূপং দেহাদি) চ আত্মানং (মত্বা) আত্মা পরমাত্মানং পুনঃ (স্বস্মাৎ) বহিঃ এব মৃগ্যঃ অন্বেষণীয়ঃ ইতি অহো আশ্চর্য্যম্ অজ্ঞজনতাজ্ঞতা

যেমন রজ্জুতে আপাততঃ রজ্জুজ্ঞান না হইয়া "এইটি সর্প" এইরূপ প্রতীতি হয়, কিন্তু বিশেষরূপে অনুসন্ধানের পরে রজ্জু-জ্ঞান হইলে পূর্ব্ব অজ্ঞানকৃত রজ্জুতে সর্পারোপ বিষয়ে অবশ্য অপ্রতীতি হইয়া থাকে, তদ্রূপ শুদ্ধ জ্ঞানানন্দঘন ভবদীয়বিগ্রহে আপাততঃ অজ্ঞতাবশতঃ এই বিগ্রহ এইরূপ জ্ঞান হয়, তখন সেই ভ্রান্তি বিদূরিত হইয়া থাকে; কারণ প্রমা-ভ্রান্তি দ্বারাই সংসার ও প্রমা-জ্ঞানেই সংসার-নাশ হইয়া থাকে।২৫

অজ্ঞান দ্বারা লব্ধ-সংজ্ঞ সংসারবন্ধন ও সংসার-মোচন [অর্থাৎ অহন্তামমতাত্মক অধ্যাসময় সংসার-রূপ বন্ধন ও তাহা হইতে মুক্তি ' এই [সংসারবন্ধন ও সংসার-মোক্ষ] দুইটি নাম জীবের সম্বন্ধে প্রসিদ্ধ থাকিলেও তাহা মায়াবৃত্তি অব্যভিচারী জ্ঞানপদার্থ বা যথার্থ জ্ঞান হইতে পৃথক্ ভাবে রহিয়াছে। কারণ অব্যভিচারিজ্ঞান-স্বরূপ বা সত্যজ্ঞান-স্বরূপ দেহাদি সঙ্গরহিত শুদ্ধ জীবাত্মাতে বন্ধন ও মোক্ষ-বিষয়ক সম্বন্ধ আছে কিনা ইহা বিচার করিলে নিত্যশুদ্ধ নিত্যসিদ্ধ জীবাত্মার বন্ধন ও মোক্ষ সম্ভবপর হয় না; যেমন দিবাকরের সম্বন্ধে দিবা ও রাত্রি কিছুই নাই, তদ্রূপ জীবাত্মার বন্ধন ও মোক্ষ কিছুই নাই। অর্থাৎ দিবাকরের উদয়ে দিন ও তদভাবে রাত্রি হইয়া থাকে, পরন্তু "সেই দিন ও রাত্রির সহিত দিবাকরের সম্বন্ধ আছে কি? বস্তুতঃ কালের বৃত্তিরূপত্বহেতু দিবাকরের পৃথক্‌ভাবে দিন ও রাত্রি হয় না" ইত্যাদি বিচার করিলে যেমন দিবাকরের পৃথক্‌রূপে দিন ও রাত্রি থাকে না, তদ্রূপ নিত্যমুক্ত জীবাত্মারও পৃথক ভাবে অজ্ঞানকল্পিত বন্ধন ও মোক্ষ অসম্ভব।২৬

(হে প্রভো! যাহারা স্থাবর-জঙ্গমাত্মক নিখিল ও পদার্থের আত্মাস্বরূপ আপনাকে কেবল আত্ম-মাত্রস্বরূপে অবগত হইয়া থাকে, তাহারাই অতি মূর্খ; তাহাই বলিতেছি।)

প্রথমতঃ যদি কেহ আপনাকে কেবল জীবের শুদ্ধস্বরূপ জানিয়া তৎপরে তাহা হইতে উৎকর্ষাবস্থা প্রাপ্ত হইয়া আপনাকে পরমাত্মা অন্তর্য্যামিমাত্র জ্ঞান করিয়া পুনর্ব্বার আপনা হইতে ভিন্নরূপে আত্মার অন্বেষণ করিয়া থাকে, তাহা হইলে সেই অন্বেষণকারী অজ্ঞজনের অজ্ঞতামাত্রই পর্য্যবসিত হইয়া থাকে।২৭

অন্তর্ভবেঽনন্ত ভবন্তমেব
হ্যতত্ত্যজন্তো মৃগয়ন্তি সন্তঃ।
অসন্তমপ্যন্ত্যহিমন্তরেণ
সন্তং গুণং তং কিমু যন্তি সন্তঃ॥২৮
অথাপি তে দেব পদাম্বুজদ্বয়-
প্রসাদলেশানুগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্ মহিম্নো
ন চান্য একোঽপি চিরং বিচিন্বন্॥২৯
তদস্তু মে নাথ স ভূরিভাগো
ভবেঽত্র বান্যত্র তু বা তিরশ্চাম্।
যেনাহমেকোঽপি ভবজ্জনানাং
ভূত্বা নিষেবে তব পাদপল্লবম্॥৩০

(অজ্ঞজনানাং সমূহঃ অজ্ঞজনতা তস্য অজ্ঞতা)॥২৭

হে অনন্ত! সর্বস্বরূপ! অতত্ত্যজন্তঃ (অতৎ ত্বদ্ব্যতিরিক্তম্ আত্মতয়া অধ্যস্তং প্র কৃতং দেহাদিকংত্যজন্তঃ অপবদন্তঃ এব) সন্তঃ বিবেকিনঃ ভবন্তম্ (ভবদভিন্নম্ আত্মানং) এব হি নিশ্চিতম্, অন্তর্ভবে (ভবতীতি ভবঃ শরীরাদিসঙ্ঘাতঃ তন্মধ্যে) মৃগয়ন্তি অন্বিষ্য জানন্তি, যতঃ অসন্তম্ অবিদ্যমানম্ অপি অহিং সর্পম্ অন্তরেণ (তদপবাদং বিনা) অন্তি সমীপে সন্তং বিদ্যমানম্ অপি তং প্রত্যক্ষং গুণম্ অধিষ্ঠানরজ্জুং সন্তঃ বিবেকিনঃ অপি কিমু যন্তি (ন জানন্তি। অতএব বিবেকিনঃ স্বদেহে তদভিন্নত্বেনাত্মানং মৃগয়ন্তি ইতি ন্যায্যম্)॥২৮

তথাপি হে দেব! (নানাবিধসৃষ্ট্যাদিক্রীড়াপরস্য) তে তব পদাম্বুজদ্বয়প্রসাদলেশানুগৃহীতঃ এব হি পুমান্ ভগবন্মহিম্নঃ (ভগবতঃ তব মহিম্নঃ) তত্ত্বং জানাতি) অন্যঃ ত্বদ্ভক্তিহীনস্তু একঃ নির্জ্জনে দেশে একাকী স্থিতোঽপি চিরং বহুকালং বিচিন্বন্ (অতদংশাপবাদেন শাস্ত্রবলেন বিচারয়ন্) অপি নৈব জানাতি॥২৯

(যস্মাৎ ত্বদ্ভক্তিহীনস্য ন পুরুষার্থসিদ্ধিঃ) তৎ তস্মাৎ হে নাথ! অত্র ভবে অস্মিন্ ব্রহ্মজন্মনি, বা অন্যত্র (কর্ম্মবশাৎ অন্যস্মিন্) বা তিরশ্চাং (পশ্বাদীনাং মধ্যে যজ্জন্ম তস্মিন্) সঃ ভূরিভাগঃ মহদ্ভাগ্যং মে অস্তু, যেন ভাগ্যেন অহং ভবজ্জনানাং (মধ্যে) একঃ অপি ভূত্বা তব পাদপল্লবং নিষেবে নিতরাং সেবে॥৩০

হে অনন্ত! [হে সর্ব্বব্যাপিন্! আপনি সকলের অন্তরে ও বাহিরে বিদ্যমান রহিয়াছেন] যে হেতু মহাত্মা বিবেকিসকল এই সমষ্টি-ব্যষ্টিরূপে জগতের মধ্যে আপনা ব্যতিরিক্ত অন্যান্য সমস্ত বস্তুতে পরিতুষ্ট না হওয়ায় তাহা পরিত্যাগপূর্ব্বক সর্ব্বদোষ-বিবর্জ্জিত সর্ব্বগুণান্বিত বস্তু প্রাপ্ত হইবার নিমিত্ত অভিলাষী হইয়া শ্রীকৃষ্ণরূপী আপনাকে অন্বেষণ করিয়া থাকেন।

(সেই শ্রীকৃষ্ণরূপী স্বয়ং ভগবান্ আপনিই বটেন। বস্তুতঃ রজ্জুতে সর্প না থাকিলেও অবিদ্যমান সর্পের অপবাদ নিরাকরণ না করিলে) সাধারণ বিবেকিগণসমীপে বিদ্যমান রজ্জুকে জানিতে পারে কি? রজ্জুতে সর্পভ্রম থাকে বলিয়া "ইহা রজ্জু" এইরূপ নিশ্চয়স্বরূপে জানিতে পারে না, ইহা অবশ্য বলিতে হইবে, অতএব রজ্জুতে সর্পভ্রম হইলে যেমন বিচারদ্বারা সর্পাপবাদ দূর করিয়া বাস্তবিক রজ্জু জানিতে পারা যায়, তদ্রূপ সাধুগণ "তন্ন তন্ন" ইত্যাদি নিরসন বাক্য দ্বারা আপনাকে অন্বেষণ করিয়া প্রাপ্ত হন।২৮

হে দেব! (হে সর্ব্বপ্রকাশক বৃন্দাবন-বিহারিন্) উক্ত প্রকারে আপনার তত্ত্বানুসন্ধান করিলেও ভবদীয় পাদপদ্মের যৎকিঞ্চিৎ অনুগ্রহে অনুগৃহীত ব্যক্তি কিংবা আপনার শ্রীচরণকমলার্পিত তুলসী প্রভৃতি মহাপ্রসাদের কণামাত্রে অনুগৃহীত ব্যক্তিই আপনার মহিমার তত্ত্ব (স্বরূপ) কথঞ্চিৎ অনুভব করিয়া থাকেন ইহা নিশ্চয়, অন্যথা তদ্ব্যতীত অন্য কোনও ব্যক্তি নিঃসঙ্গভাবে অবস্থিত হইয়া "আপনার তত্ত্ব কি প্রকারে ও কি পরিমাণ" ইহা বহুকাল শাস্ত্রাভ্যাস দ্বারা বিচার করিয়া ও যোগা-ভ্যাসের দ্বারা অন্বেষণ করিয়াও জানিতে পারে

অহোঽতিধন্যা ব্রজগোরমণ্যঃ
স্তন্যামৃতং পীতমতীব তে মুদা।
যাসাং বিভো বৎসতরাত্মজাত্মনা
যত্তৃপ্তয়েঽদ্যাপি ন চালমধ্বরাঃ ॥৩১
অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাম্।
যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্ ॥৩২

হে বিভো! যত্তৃপ্তয়ে (যস্য তব তৃপ্তয়ে) অদ্যাপি অনাদিকালতঃ প্রবৃত্তাঃ অথ অধ্বরাঃ যজ্ঞাঃ ন অলং সমর্থাঃ তে (তেন ত্বয়া) বৎসতরাত্মজাত্মনা (বৎসানাং বালকানাং স্বরূপেণ) যাসাং গোগোপীনাং স্তন্যামৃতম্ অতীব অত্যর্থং মুদা হর্ষেণ পীতম্, অহো তাঃ ব্রজগোরমণ্যঃ ব্রজস্থাঃ গাবঃ গোপ্যঃ চ অতিধন্যাঃ অতিকৃতার্থাঃ ॥৩১

হে প্রভো! নন্দগোপব্রজৌকসাং (নন্দগোপস্য যঃ ব্রজঃ তদোকসাং তদ্বাসিনাং সর্ব্বেষাং) অহো ভাগ্যং (আদরাতিশয়ে দ্বিরুক্তিঃ), (যতঃ) পরমানন্দং সনাতনং পূর্ণং ব্রহ্ম যন্মিত্রং (যেষাং মিত্রতয়া বর্ত্ততে) ॥৩২

এষাং তু ভাগ্যমহিমাচ্যুত তাবদাস্তা-
মেকাদশৈব হি বয়ং বত ভূরিভাগাঃ।
এতদ্ধৃষীকচষকৈরসকৃৎ পিবামঃ
শর্ব্বাদয়োঽঙ্ঘ্র্যুদজমধ্বমৃতাসবং তে ॥৩৩

কিঞ্চ হে অচ্যুত! এষাং ব্রজবাসিনাং তু ভাগ্যমহিমা ভাগ্যস্য মহিমা তাবৎ আস্তাং (কস্তং বক্তুং শক্নোতি) বত (হর্ষে) শর্ব্বাদয়ঃ (শর্ব্বঃ রুদ্রঃ আদির্যেষাং তে) শর্ব্ব-ব্রহ্ম-চন্দ্র-দিগ্‌বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রাঃ একাদশেন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবতাঃ এব হি বয়ং ভূরিভাগাঃ মহাভাগ্যবন্তঃ; (যতঃ) এতদ্ধৃষীকচষকৈঃ (এতেষাং ব্রজবাসিনাং হৃষীকাণি ইন্দ্রিয়াণি এব চষকাণি পানপাত্রাণি তৈঃ) তে তব অঙ্ঘ্র্যুদজমধ্বমৃতাসবং (অঙ্ঘ্রী এব উদজে কমলে তয়োঃ মধু মকরন্দস্তদেবামৃতং তদ্বৎ স্বাদু আসবম্ অন্যবিস্মৃতিকারকং মাদকং) অসকৃৎ মুহুঃ পিবামঃ ॥৩৩

না।২৯

যে হেতু আপনার পাদপদ্মের প্রসাদ ব্যতিরেকে কোন ব্যক্তিই ভবদীয় তত্ত্ব অবগত হইতে পারে না, সুতরাং হে নাথ! (হে সর্ব্বকামপরিপূরক) এই ব্রহ্মজন্মে কিংবা অন্য কোনও পশুপক্ষি প্রভৃতি জন্মেই হউক, আমার সেইরূপ মহদ্ভাগ্য হউক, যাহাতে আমি আপনার ভক্তমধ্যে যে কোন একজন হইয়া ভবদীয় পাদপল্লব সেবা করিতে পারি।৩০

হে বিভো! বেদ অনাদি হেতু, বেদবিহিত যজ্ঞাদিও অনাদিকাল হইতে অদ্য পর্য্যন্ত প্রচলিত রহিয়াছে, সুতরাং অনাদিকাল হইতে অদ্যাবধিও অস্মদাদি কর্ত্তৃক অনুষ্ঠিত যজ্ঞসকল আপনার পরিতোষ জন্মাইতে সমর্থ হইল না; কি আশ্চর্য্য! সেই সচ্চিদানন্দ-স্বরূপ আপনি গাভীগণের বৎস ও গোপীসকলের পুত্ররূপ ধারণ করিয়া অতিশয় আনন্দভরে যেই গোগোপীগণের স্তনামৃত পান করিতেছেন সেই ব্রজবাসী গোগোপীসকল অতিশয় ধন্য, অর্থাৎ তাঁহারা কৃতার্থতার পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছেন।৩১

হে প্রভো! শ্রীনন্দমহারাজ, গোপগণ ও ব্রজস্থ অন্যান্য পশুপক্ষি প্রভৃতি সকলের অত্যাশ্চর্য্য ভাগ্য। আহা! শ্রীনন্দমহারাজের ভাগ্যের কথা অধিক আর কি বলিব? তত্রস্থ গোপগণের, এমনকি পশু-পক্ষিগুলিরও পরমভাগ্য; যেহেতু পূর্ণব্রহ্ম আপনি যাঁহাদের মিত্রস্বরূপে নিত্য বর্ত্তমান থাকিয়া বিবিধ আপদ্ হইতে উদ্ধার করিয়া থাকেন। কেবল তাহাই নহে, অধিকন্তু আপনি তাঁহাদিগের পরমানন্দ-স্বরূপও হইয়াছেন।৩২

হে অচ্যুত! এই ব্রজবাসিসকলের ভাগ্যমহিমার কথা দূরে থাকুক; আহা! শঙ্কর-আদি একাদশ ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা একাদশ দেবতা আমরাও মহা ভাগ্যশালী হইয়াছি, যেহেতু আমরা এই ব্রজবাসিসকলের চক্ষুঃ-আদি ইন্দ্রিয়রূপ পান-

তদ্ ভূরিভাগ্যমিহ জন্ম কিমপ্যটব্যাং
যদ্ গোকুলেঽপি কতমাঙ্ঘ্রিরজোঽভিষেকম্।
যজ্জীবিতং তু নিখিলং ভগবান্ মুকুন্দ-
স্ত্বদ্যাপি যৎপদরজঃ শ্রুতিমৃগ্যমেব ॥৩৪

যৎপদরজঃ যস্য মুকুন্দস্য পদরজঃ অদ্যাপি অনাদিকালতঃ এব শ্রুতিমৃগ্যং শ্রুতিভিঃ অন্বেষণীয়ং ন তু সাক্ষাৎ দৃষ্টং, (সঃ) ভগবান্ মুকুন্দঃ যজ্জীবিতং যেষাং নিখিলং জীবিতং (তৎ) কতমাঙ্ঘ্রিরজোঽভিষেকং (কতমস্য স্বজনস্য অঙ্ঘ্রিরজোঽভিষেকম্ যস্মিন্ তৎ) জন্ম চেৎ ইহ মনুষ্যলোকে যৎ গোকুলে অপি কিং বনে অপি (ভবেৎ), তৎ এব ভূরিভাগ্যম্ ॥৩৪

হে দেব! সকুলা বকাসুরাদিসহিতা পূতনা অপি সদ্বেশাৎ মাতৃবেশাৎ ইব (এব) ত্বাম্ এব (যতঃ) আপিতা প্রাপিতা (ততঃ) যদ্ধামার্থসুহৃৎপ্রিয়াত্মতনয়প্রাণাশয়াঃ

পাত্র দ্বারা ভবদীয় পদারবিন্দের মকরন্দরূপ অমৃততুল্য সুস্বাদু আসব (অন্যবিস্মৃতিকারক মাদক) নিরন্তর পান করিতেছি, কিংবা মুক্তগণেরও পরমমাদক-স্বরূপ ভবদীয় শ্রীচরণারবিন্দ-মকরন্দ মুহুর্মুহুঃ পান করিতেছি (তাৎপর্য্য এই—যদি চক্ষুরাদি প্রত্যেক ইন্দ্রিয়াধিষ্ঠাত্রভিমানী আমরা ব্রজবাসিদিগের চক্ষুঃ-আদি ইন্দ্রিয়সমূহ দ্বারা প্রত্যেকে পৃথক্‌রূপে আপনার রূপাদি এক এক বিষয়ের সেবা করিয়াও কৃতার্থ বা ভাগ্যবান্ হইতেছি, তাহা হইলে যাঁহারা সমস্ত ইন্দ্রিয়-নিচয় দ্বারা আপনার রূপাদি সর্ব্ববিষয়ে সেবা করিতেছেন, সেই ব্রজবাসিগণের ভাগ্যমহিমা কে বর্ণন করিতে সমর্থ হইবে?)।৩৩

হে প্রভো! শ্রুতিসকল অনাদিকাল হইতে আজ পর্য্যন্ত আপনার যে পদরজঃ অন্বেষণ করিতেছেন পরন্তু অদ্যাবধি সন্দর্শন করিতে পান নাই, সেই মাদৃশ-জনের দুর্ল্লভ মুক্তিপ্রদ বিশেষত্ব নিজ অতুলৈশ্বর্য্য প্রকটনশীলকে আপনি গোকুলবাসি-

এষাং ঘোষনিবাসিনামুত ভবান্ কিং দেব রাতেতি ন-
শ্চেতো বিশ্বফলাৎ ফলং ত্বদপরং কুত্রাপ্যয়ন্ মুহ্যতি।
সদ্বেষাদিব পূতনাপি সকুলা ত্বামেব দেবাপিতা
যদ্ধামার্থসুহৃৎপ্রিয়াত্মতনয়প্রাণাশয়াস্ত্বৎকৃতে ॥৩৫

(যেষাং ধাম গৃহম্, অর্থো বলং, সুহৃদঃ মিত্রাণি, প্রিয়াঃ প্রীতিবিষয়াঃ, আত্মা দেহঃ, তনয়াঃ পুত্রাঃ, প্রাণাঃ ইন্দ্রিয়াণি, মুখ্যপ্রাণাঃ জীবিতঞ্চ, আশয়োঽন্তঃকরণম্) অপি ত্বৎকৃতে ত্বদর্থম্ এব এষাং ঘোষনিবাসিনাং গোকুলবাসিনাং জনানাম্ উত (প্রশ্নে) হে দেব (বহুধা দ্যোতমান বিশ্বরূপিন্! সর্ব্বং কর্ত্তুং সর্ব্বং দাতুং সমর্থোঽপি ভবান্ কিং ফলত্বেন) রাতা দাস্যতি, ইতি বিশ্বফলাৎ ত্বৎ ত্বত্তঃ, অপরং ফলং কুত্রাপি অয়ৎ গচ্ছৎ বিচারয়ৎ অদৃষ্টা নঃ অস্মাকং চেতঃ মুহ্যতি ॥৩৫

মাত্রের জীবন ও গৃহ, বিত্ত, পুত্র, কলত্র, এমন কি সর্ব্বস্ব ধনস্বরূপ হইয়াছেন, সেই গোকুলবাসীর মধ্যে যে কোনও ব্যক্তির পদধূলি দ্বারা অভিষেকযোগ্য এরূপ যে কোন জন্ম, তাহাই মহদ্ভাগ্য। অতএব মনুষ্যলোকে কিংবা শ্রীবৃন্দাবনস্থ তৃণাদিমধ্যে অথবা গোকুলে বৎসাদিমধ্যে আমার সেইরূপ কোন জন্ম হউক।৩৪

হে দেব! আপনি সর্ব্বপ্রকারে সর্ব্বকার্য্য করিতে কিংবা সর্ব্বপ্রদান করিতে সমর্থ হইলেও এই ব্রজবাসীদিগকে কি বস্তু প্রদান করিবেন? সম্ভবতঃ ইহাদিগের ভক্তির অনুরূপ দেয় বস্তু আপনার কিছুই নাই। এই ব্রজবাসিসকল সর্ব্বফলস্বরূপ আপনা হইতেও পরমোৎকৃষ্ট ফল পাইবার উপযুক্ত; যেহেতু জননীর বেশমাত্র ধারণ করিয়াই দুষ্টা পাপিষ্ঠা বালঘাতিনী পূতনাও যখন আপনার কৃপায় আপনাকে প্রাপ্ত হইয়াছে, তখন ব্রজবাসিগণ আপনা হইতেও উৎকৃষ্ট ফল পাইবার যোগ্য হইয়াছেন।৩৫

তাবদ্ রাগাদয়ঃ স্তেনাস্তাবৎ কারাগৃহং গৃহম্।
তাবন্মোহোঽঙ্‌ঘ্রি নিগড়ো যাবৎ কৃষ্ণ ন তে জনাঃ ॥৩৬
প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপি বিড়ম্বয়সি ভূতলে।
প্রপন্নজনতানন্দসন্দোহং প্রথিতুং প্রভো ॥৩৭

জানন্ত এব জানন্তু কিং বহূক্ত্যা ন মে প্রভো।
মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরঃ ॥৩৮
অনুজানীহি মাং কৃষ্ণ সর্বং ত্বং বেৎসি সর্বদৃক্।
ত্বমেব জগতাং নাথো জগদেতত্তবার্পিতম্ ॥৩৯

হে কৃষ্ণ! জনাঃ লোকাঃ যাবৎ তে তব (ত্বদীয়াঃ ভক্তাঃ) ন জাতাঃ, তাবৎ তেষাং রাগাদয়ঃ, স্তেনাঃ চৌরাঃ, গৃহং তাবৎ কারাগৃহং বন্ধনাগারং, মোহঃ তাবৎ অঙ্‌ঘ্রি নিগড়ঃ পাদবন্ধনশৃঙ্খলো ভবতি। (ত্বদনুগৃহীতানাং রাগমোহাদয়ঃ উপকারিণঃ এব) ॥৩৬

হে বিভো! নিষ্প্রপঞ্চোঽপি প্রপঞ্চাস্পৃষ্টলীলোঽপি (ত্বং) প্রপন্নজনতানন্দসন্দোহং শরণাগতভক্তজনানাম্ আনন্দং প্রকটয়িতুং ভূতলে অবতীর্য্য প্রপঞ্চং পুত্রাদিভাবং বিড়ম্বয়সি অনুকরোষি ॥৩৭

যে জানন্তে (জানীম ইতি বদন্তি ত এব) জানন্তু, বহূক্ত্যা (তেষাং বহুনিন্দাবচনেন) কিং (প্রয়োজনং); হে প্রভো! তব বৈভবং মম মনসঃ বপুষঃ বাচঃ চ ন গোচরঃ বিষয়ঃ ॥৩৮

হে সর্ব্বদৃক্ কৃষ্ণ! ত্বম্ এব জগতাং নাথঃ, এতৎ শরীরং জগচ্চ তব ত্বয়ৈব (অর্পিতম্), ত্বং সর্ব্বং বেৎসি জানাসি

হে কৃষ্ণ [পরমানন্দপ্রদ!] যে পর্য্যন্ত জীবসকল আপনার ভক্তজনের অনুগ্রহ-ভাজন হইয়া ভবদীয় ভক্ত না হয় অর্থাৎ আপনার দ্বারা স্বকীয়ত্বরূপে অঙ্গীকৃত না হয়, তাবৎ পর্য্যন্ত তাহাদিগের ক্রোধাদি ছয়রিপু বিবেকাদিহারী তস্করস্বরূপ হইয়া থাকে; অর্থাৎ চোরসকল যেমন কোষাগারস্থ ধনাদি অপহরণ করে, তদ্রূপ ক্রোধ প্রভৃতি চোরগণ বিবেকাদিরূপ ধনসমূহ অপহরণ করিয়া থাকে; আর সেই পর্য্যন্ত তাহাদিগের গৃহ কারাগৃহ বা বন্ধনাগার তুল্য এবং তাহাদিগের মোহই পাদবন্ধন শৃঙ্খলস্বরূপ হইয়া থাকে।

তাৎপর্য্যার্থ এই—যেমন চোরসকল রাজপরিবার ভিন্ন অন্য লোকেরই উপদ্রব করিয়া থাকে, পরন্তু রাজানুগৃহীত জনের আনুগত্যরূপে সেবাই করিয়া থাকে; তদ্রূপ ক্রোধাদি ছয়রিপু আপনার বিমুখিজনের উপদ্রবকারী হইলেও ভবদীয় অনুগৃহীতজনের ক্রোধ-মোহাদি আপনার ভজন-বিরোধী ব্যক্তির বিষয়ীভূত হওয়ায় তাহাদের সংসার দুঃখ-বিমোচকস্বরূপে বরঞ্চ উপকারীই হইয়া থাকে। অতএব কেবল বিরাগী সন্ন্যাসী হইতে আপনার ভক্তগণের ভজনাধিক্য আছে বলিয়া সন্ন্যাসীসদৃশ ফল-প্রাপ্তি ব্রজবাসিগণের পর্য্যন্ত হইতে পারে না।৩৬

হে প্রভো! আপনার তত্ত্ব কোন্ ব্যক্তি অবগত হইতে পারে? যেহেতু আপনি প্রভু অর্থাৎ কোন কার্য্য করিতে অথবা না করিতে কিংবা অন্যথা করিতে আপনি সমর্থবান্ হইয়াছেন, তথাপি যৎকিঞ্চিৎ বলিতেছি—যে আপনা হইতে অন্যের প্রপঞ্চ পর্য্যন্ত দূরীভূত হইয়া যায়, সেই সচ্চিদানন্দ লীলামাত্রকারী আপনি, ব্রজবাসিগণের দ্বারা এই সংসারস্থ জীবের আনন্দ বিস্তার করিবার নিমিত্ত ভূতলে লৌকিক ব্যবহার অনুকরণ করিয়া থাকেন।৩৭

হে প্রভো! (আপনি বিচিত্র অচিন্ত্য অনন্ত মহাপ্রভাবশালী হইয়াছেন) আমি উক্ত প্রকারেই আপনার মহিমা অবগত হইয়াছি। যাহারা এতদ্ব্যতীত অন্য তত্ত্ব জানি বলিয়া অভিমান করিয়া থাকে, তাহারা তাহাই জানুক, তাহাদিগকে কুৎসাবাক্যে নিন্দা করিবার প্রয়োজন নাই। অচিন্ত্য অনন্তগুণসম্পন্ন আপনার মহিমা অচিন্ত্যহেতু আমার মনেরও অনন্তহেতু আমার বাক্যের গোচর নহে এবং সাক্ষাৎ দৃশ্যমান আপনার রূপও আমার চক্ষুরাদি ইন্দ্রিয়ের বিষয়ীভূত নহে।

ভাবার্থ এই—আমি দেবগর্ভ বিশেষতঃ এই

শ্রীকৃষ্ণ বৃষ্ণিকুলপুষ্করজোষদায়িন্
ক্ষ্মানির্জরদ্বিজপশূদধিবৃদ্ধিকারিন্।
উদ্ধর্মশার্বরহর ক্ষিতিরাক্ষসধ্রু-
গাকল্পমার্কমর্হন্ ভগবন্ নমস্তে ॥৪০

শ্রীশুক উবাচ।
ইত্যভিষ্টূয় ভূমানং ত্রিঃ পরিক্রম্য পাদয়োঃ।
নত্বাভীষ্টং জগদ্ধাতা স্বধাম প্রত্যপদ্যত ॥৪১
ততোঽনুজ্ঞাপ্য ভগবান্ স্বভুবং প্রাগবস্থিতান্।
বৎসান্ পুলিনমানিন্যে যথাপূর্বসখং স্বকম্ ॥৪২

অতঃ অধুনা মাম্ অনুজানীহি অনুজ্ঞাং দেহি ॥৩৯

হে ক্ষ্মানির্জ্জরদ্বিজপশূদধিবৃদ্ধিকারিন্ (ক্ষ্মা চ পৃথিবী, নির্জরাঃ দেবাঃ, দ্বিজাঃ ব্রাহ্মণাঃ চ, পশবঃ গাবঃ চ তে এব উদধয়ঃ তেষাং বৃদ্ধিকারিন্ চন্দ্রসদৃশ), বৃষ্ণিকুলপুষ্করজোষদায়িন্ (বৃষ্ণয়ঃ যাদবাঃ, তেষাং কুলম্ এব পুষ্করং কমলং তস্য জোষঃ বিকাশঃ তস্য দায়িন্ সূর্য্য-সদৃশ), উদ্ধর্ম্মশার্ব্বরহর পাষণ্ডধর্ম্মরূপ-নৈশান্ধকারহারিন্, (তথা) কংসাদিদৈত্যনিসূদন, আর্কম্ অর্হন্ (অর্কম্ অভিব্যাপ্য সর্ব্বপূজ্য) ভগবন্ শ্রীকৃষ্ণ! আকল্পং কল্পপর্য্যন্তং তে তুভ্যং নমঃ অস্তু ॥৪০

শ্রীশুকঃ উবাচ। জগদ্ধাতা ব্রহ্মা ইতি এবং ভূমানং সর্ব্বব্যাপকম্ অপি অল্পরূপেণ বিরাজমানং কৃষ্ণম্ অভিষ্টূয় স্তুত্বা ত্রিঃ পরিক্রম্য (তৎ) পাদয়োঃ নত্বা অভীষ্টং বাঞ্ছনীয়ং স্বধাম সত্যলোকং প্রত্যপদ্যত জগাম ॥৪১

ভগবান্ এবং স্বভুবং স্বপুত্রং ব্রহ্মাণং (সত্যলোকগমনায় অনুজ্ঞাপ্য) প্রাগবস্থিতান্ বৎসান্ যথা পূর্ব্বসখং পূর্ব্বপরিচিতং স্বকং স্বক্রীড়াকারকং পুলিনম্ আনিন্যে। (ব্রহ্মধারা তেষাম্ আনয়নে পুনরপি পূর্ব্ববৎ সংবৎসরো ব্যতীতঃ স্যাৎ) ॥৪২

প্রাকৃত ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্তা, অতএব এই ব্রহ্মাণ্ডে আমা অপেক্ষা অধিক জ্ঞানবান্ অন্য কেহ নাই, সুতরাং আমিই যখন ভবদীয়-মহিমা জানিতে পারিলাম না, তখন মৎসৃষ্ট জীবগণ ভগবত্তত্ত্ব অবগত আছি বলিয়া যে অভিমান করিয়া থাকে, তাহারা কেবল সেই অভিমানেই ভ্রান্তচিত্ত হইয়াছে।৩৮

হে কৃষ্ণ! আমাকে অনুমতি করুন, আমি গৃহে গমন করি। আপনি সর্ব্বদ্রষ্টা ও এই চরাচর জগতের একমাত্র অধিপতি, অতএব আপনি আমাদিগের জ্ঞান ও বল প্রভৃতি সকলই বিদিত আছেন। এই স্থাবর জঙ্গমাত্মক সংসার আপনারই সৃষ্ট, অতএব এই জগৎ ও শরীর আপনারই; সুতরাং আপনাতেই সমর্পণ করিলাম।৩৯

হে কৃষ্ণ! আপনি বৃষ্ণিকুলরূপ কমলের বিকাশক সূর্য্যস্বরূপ। আপনি পৃথিবী, দেবতা, ব্রাহ্মণ ও গো-সকলরূপ উদধির বৃদ্ধিকারী চন্দ্র-স্বরূপ। আপনি পাষণ্ডধর্মরূপ নৈশান্ধহারি বহ্নিস্বরূপ। ভূ ভারস্বরূপ অসুরদিগেরও সংহারকারী, আপনি সূর্য্যাদি দেবগণেরও পূজ্য, আপনাকে কল্পকাল পর্য্যন্ত আমি নমস্কার করি।৪০

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! সৃষ্টি-কর্ত্তা ব্রহ্মা এক প্রকারে সর্ব্বব্যাপক অথচ জগতের হিতার্থ পরিচ্ছিন্নরূপে বিরাজমান শ্রীকৃষ্ণকে স্তব করিয়া তিনবার প্রদক্ষিণপূর্ব্বক চরণযুগলে নমস্কার করিয়া সর্ব্বোৎকৃষ্ট স্বীয় অভিপ্রেত কিংবা সর্ব্বাভিপ্রেত সত্যলোকবর্ত্তি-নিজগৃহে প্রত্যাগমন করিলেন।৪১

ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রহ্মাকে স্বগৃহ গমনে অনুজ্ঞা প্রদান করিয়া কিংবা "এখনই বৎসাদি আনয়ন করিতেছি" এই বলিয়া সহাস্যেই যেন ব্রহ্মাকে জিজ্ঞাসা করত পূর্ব্ববৎ অবস্থিত বৎসগুলিকে পূর্ব্ববৎ অবস্থিত সখাগণের ভোজনস্থান পুলিনে আনয়ন করিলেন।৪২

একস্মিন্নপি যাতেঽব্দে প্রাণেশং চান্তরাত্মনঃ।
কৃষ্ণমায়াহতা রাজন্ ক্ষণার্দ্ধং মেনিরেঽর্ভকাঃ ॥৪৩

কিং কিং ন বিস্মরন্তীহ মায়ামোহিতচেতসঃ।
যন্মোহিতং জগৎ সর্বমভীক্ষ্ণং বিস্মৃতাত্মকম্ ॥৪৪

হে রাজন্! কৃষ্ণমায়াহতাঃ অর্ভকাঃ স্বস্য প্রাণেশং অন্তর্য্যামিণং প্রিয়তমং শ্রীকৃষ্ণম্ অন্তরা বিনা একস্মিন্ অব্দে যাতে ব্যতীতে অপি ক্ষণার্দ্ধং পল-পঞ্চকং মেনিরে ॥৪৩

মায়ামোহিতচেতসঃ (মায়য়া মোহিতং চেতো যেষাং তে) ইহ সংসারে কিং কিং ন বিস্মরন্তি। (সর্ব্বমেব পর্য্যায়েণ কিং বহুনা) সর্ব্বম্ এব জগৎ প্রাণিমাত্রং যন্মোহিতং (যয়া মায়য়া মোহিতং সৎ) অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ শাস্ত্রাচার্য্যৈঃ প্রবোধিতমপি) বিস্মৃতাত্মকং (বিস্মৃতঃ আত্মা স্বরূপং যেন তৎ তথা ভবতি) ॥৪৪

(মোহেন ক্ষণার্দ্ধাভিমানাৎ এব তে) সুহৃদঃ গোপবালাঃ,

হে রাজন্! আপনাদের আত্মস্বরূপ শ্রীকৃষ্ণ ব্যতিরেকে একবৎসর কাল অতিবাহিত হইলেও বালকগণ যোগমায়ামোহিত হইয়া একবৎসর কালকে ভুলক্রমে ক্ষণার্দ্ধ সময় মনে করিয়াছিলেন।৪৩

রাজন্! এই সংসারে যাহারা মায়া-মোহিতচিত্ত হইয়াছে, তাহারা কি না ভুলিয়া থাকে। অধিক কি বলিব, এই নিখিল জগতস্থ প্রাণিমাত্র যে মায়ামোহিত হইয়া পুনঃপুনঃ শাস্ত্রাচার্য্যগণ কর্ত্তৃক স্ব-স্বরূপ বিষয়ে প্রবোধিত হইয়াও আপন স্বরূপই ভুলিয়া রহিয়াছে।৪৪

অতএব সেই বালকগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন—কৃষ্ণ! তুমি অতি শীঘ্র এই সকল বৎসগুলি লইয়া আগমন করিয়াছ; আমরা বিচার করিয়াছিলাম যে অতি দুরবর্ত্তী বৎস প্রভৃতি আনয়নে সম্ভবতঃ এক ঘটিকা সময় অবশ্য লাগিবে, কিন্তু তুমি

ঊচুশ্চ সুহৃদঃ কৃষ্ণং স্বাগতং তেঽতিরংহসা।
নৈকোঽপ্যভোজি কবল এহীতঃ সাধু ভুজ্যতাম্ ॥৪৫

ততো হসন্ হৃষীকেশোঽভ্যবহৃত্য সহার্ভকৈঃ।
দর্শয়ংশ্চর্মাজগরং ন্যবর্তত বনাদ্ ব্রজম্ ॥৪৬

তে ত্বয়া অতিরংহসা অতিবেগেন স্বাগতং সম্যগাগতম্ অস্মাভিঃ তু তাবৎ, একঃ অপি কবলঃ গ্রাসঃ (ত্বাং বিনা) ন অভোজি ন ভুক্তঃ, অতঃ ইতঃ অস্মিন্ স্বোপবেশস্থানে এহি উপবিশ, সাধু (যথা ভবতি তথা বৎসানাং প্রাপ্তত্বাৎ অপি ক্ষেমেণ) ভুজ্যতাম্ ইতি কৃষ্ণং চ ঊচুঃ॥ ৫

ততঃ মোহপ্রযুক্তত্বাবাক্যশ্রবণানন্তরং হৃষীকেশঃ সর্ব্বান্তর্য্যামী শ্রীকৃষ্ণঃ হসন্ (তৈঃ) অর্ভকৈঃ সহ অভ্যবহৃত্য ভুক্ত্বা আজগরম্ অঘাসুর-শরীরজং চর্ম্ম (তেষাং) দর্শয়ন্ বনাৎ ব্রজং প্রতিন্যবর্ত্তত প্রত্যাজগাম ॥৪৬

ক্ষণার্দ্ধ মধ্যেই বৎস সমভিব্যাহারে সুখাগমন করিয়াছ। আমরা তোমাকে রাখিয়া এক গ্রাসও ভোজন করি নাই (কিংবা হস্তে দধ্যোদনকবল দেখিয়া বলিলেন) তুমি এক গ্রাসও ভোজন কর নাই; অতএব আমাদিগের মণ্ডল-মধ্যস্থানে পূর্ব্ববৎ আগমন কর বা উপবেশন কর এবং সুখে ভোজন কর।৪৫

অনন্তর যোগমায়া-মোহিত বয়স্যসকলের সেই সমস্ত বাক্য শ্রবণ করিয়া, দেহেন্দ্রিয় প্রাণ মনঃ প্রভৃতির নিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাদিগের আনন্দ দর্শন কিংবা তাহাদিগের দুঃখাদিব্যঞ্জক বাক্য শ্রবণে হাস্য করিতে করিতে বয়স্যগণের সহিত ভোজন করিয়া, 'সখাগণ! দেখ দেখ অদ্য এই সর্প মৃত হইয়াছে', বা ইত্যাদি বাক্য বলিয়া সেই সর্পরূপী অঘাসুরের চর্ম্ম বয়স্যগণকে দেখাইতে দেখাইতে বন হইতে ব্রজে প্রত্যাগমন করিতে লাগিলেন।৪৬

বর্হপ্রসূননবধাতুবিচিত্রিতাঙ্গঃ
প্রোদ্দামবেণুদলশৃঙ্গ-রবোৎসবাঢ্যঃ।
বৎসান্ গৃণন্নমুগগীতপবিত্রকীর্ত্তি-
র্গোপীদৃগুৎসবদৃশিঃ প্রবিবেশ গোষ্ঠম্ ॥৪৭

অদ্যানেন মহাব্যালো যশোদানন্দসূনুনা।
হতোঽবিতা বয়ং চাস্মাদিতি বালা ব্রজে জগুঃ ॥৪৮

বর্হৈঃ ময়ূরপুচ্ছৈঃ প্রসূনৈঃ পুষ্পৈঃ নবধাতুভির্বর্ণৈঃ বিচিত্রিতানি অঙ্গানি যস্য তথাভূতঃ। অত্যুৎকটাঃ যে বেণ্বাদিরবাঃ শব্দাঃ তৈঃ যঃ উৎসবঃ তেন আঢ্যঃ সম্পন্নঃ বৎসান্ গৃণন্ (উপলালন-নামভিঃ আহ্বয়ন্) অনুগগীতপবিত্রকীর্ত্তিঃ (অনুগৈঃ গোপৈঃ দেবৈঃ বা গীতা পবিত্রা কীর্ত্তিঃ যস্য সঃ) গোপীদৃগুৎসবদৃশিঃ (গোপীনাং দৃশাম্ উৎসবরূপা দৃশিঃ দর্শনং যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ গোষ্ঠং ব্রজং প্রবিবেশ ॥৪৭

তত্র কেচিৎ আহুঃ। অনেন নন্দসূনুনা অদ্য মহাব্যালঃ মহাসর্পঃ হতঃ, (তথা) বয়ং চ অস্মাৎ মহাব্যালাৎ অবিতা রক্ষিতাঃ ইতি বালাঃ ব্রজে জগুঃ উচুঃ ॥৪৮

এই প্রকারে নিজ প্রিয় সহচর বালকসকল ও বৎসগণের সঙ্গজনিত হর্ষভরে শ্রীকৃষ্ণ বন্যবেশাদি বিশেষ দ্বারা ব্রজবাসিনী স্ত্রীসকলের নেত্রানন্দ বিধান করত ব্রজমধ্যে গমন করিতে লাগিলেন, গমনকালে শ্রীকৃষ্ণের ময়ূরপুচ্ছ, নানাবিধ পুষ্প ও গৈরিকাদি বনজ ধাতুদ্বারা অঙ্গসকল বিভূষিত হইয়াছিল। তিনি বেণুদল ও শৃঙ্গসকলের অত্যুচ্চ ধ্বনিতে পরম-সমৃদ্ধিমান্ কিংবা বেণুদল, শৃঙ্গধ্বনি ও নৃত্যক্রীড়া-গীতাদিরূপ উৎসব দ্বারা অন্বিত হইয়াছিলেন, আর তখন তিনি বালকবৃন্দের কিংবা দেবগণের আনন্দ-ভরে সুস্বর তালাদির সহিত উচ্চ কীর্ত্তনে ও অঘাসুরাদি বধবিষয়ক প্রশংসাবাক্যে সমলঙ্কৃত হইলেন। এইরূপে শ্রীযশোদাদি গোপীগণের নেত্রানন্দ-বর্দ্ধনকারী শ্রীকৃষ্ণ উপনামনাদিময় বাক্যে বৎসগণকে আহ্বান করিতে করিতে গোষ্ঠে প্রবেশ করিলেন ।৪৭

বালকগণ স্ব স্ব গৃহে গমনপূর্ব্বক আপন আপন জননী প্রভৃতির নিকট বলিতে লাগিলেন—অদ্য যশোদা ও নন্দের নন্দন বনে গিয়া একটা প্রকাণ্ডকায় সর্প বিনাশ করিয়াছে এবং তাহা হইতে আমাদিগেরও প্রাণরক্ষা করিয়াছে ।৪৮

রাজোবাচ।
ব্রহ্মন্ পরোদ্ভবে কৃষ্ণে ইয়ান্ প্রেমা কথং ভবেৎ।
যোঽভূতপূর্বস্তোকেষু স্বোদ্ভবেষ্বপি কথ্যতাম্ ॥৪৯

শ্রীশুক উবাচ।
সর্বেষামপি ভূতানাং নৃপ স্বাত্মৈব বল্লভঃ।
ইতরেঽপত্যবিত্তাদ্যাস্তদ্বল্লভতয়ৈব হি ॥৫০

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! স্বোদ্ভবেষু নিজতনয়েষু অপি অভূতপূর্ব্বঃ যঃ ইয়ান্ প্রেমা পরোদ্ভবে পরকীয়তনয়ে কৃষ্ণে কথং ভবেৎ (তত্র উৎপত্তিঃ) কথ্যতাম্ ॥৪৯

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! সর্ব্বেষাম্ অপি ভূতানাং স্বাত্মা স্বস্য এব বল্লভঃ নিরুপাধিকাত্তিপ্রীতিবিষয়ঃ, ইতরে অপত্যবিত্তাদ্যাঃ তু তদ্বল্লভতয়া (তস্য) আত্মনঃ সুখসাধনতয়া এব বল্লভাঃ ন স্বতঃ এব ॥৫০

মহারাজ পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন—হে ব্রহ্মন্! ত্রয়োদশ অধ্যায়ের ২৬ শ্লোকে আপনি স্ব স্ব পুত্র হইতেও পরোদ্ভব পুত্র শ্রীকৃষ্ণে ব্রজবাসিগণের স্নেহাধিক্য বর্ণন করিয়াছেন। সেই বাক্যে আমার আশঙ্কা এই যে, ব্রজবাসী সকলের স্ব স্ব পুত্রের প্রতি যাদৃশ প্রেম ব্রহ্মমোহনের পূর্ব্বে দৃষ্ট হয় নাই, সেইব্রজবাসিসকলের তাদৃশ প্রেম ব্রহ্ম-মোহনের পরে পরোদ্ভব কৃষ্ণে কেন হইল ? তাহা বর্ণন করুন।

তাৎপর্য্য এই, সংসারে অতি গুণবত্তম পরপুত্র হইতেও গুণহীন নিজ পুত্রে প্রেমের আধিক্য দৃষ্ট হইয়া থাকে ; পরন্তু ব্রজবাসিগণের যে প্রেম স্ব-পুত্রেও পূর্ব্বে ছিল না, সেই অত্যুৎকট প্রেম পরোদ্ভব কৃষ্ণে কেন হইল ? ইহা লোকবিরুদ্ধ হেতু জিজ্ঞাসা করিলাম ।৪৯

তদ্ রাজেন্দ্র যথা স্নেহঃ স্বস্বকাত্মনি দেহিনাম্।
ন তথা মমতালম্বিপুত্রবিত্তগৃহাদিষু ॥৫১
দেহাত্মবাদিনাং পুংসামপি রাজন্যসত্তম।
যথা দেহঃ প্রিয়তমস্তথা ন হ্যনু যে চ তম্ ॥৫২

হে রাজেন্দ্র। তৎ তস্মাৎ দেহিনাং প্রাণিনাং স্বস্বকাত্মনি অহঙ্কারাস্পদে দেহে যথা স্নেহঃ তথা মমতাবলম্বি পুত্রবিত্ত-গৃহাদিষু মমতাস্পদে পুত্রাদৌ স্নেহঃ ন ভবতি ॥৫১

হে রাজন্যসত্তম। দেহাত্মবাদিনাং (দেহঃ এব আত্মা ইতি বদিতুং শীলং যেষাং তেষাং পুংসাং) দেহঃ যথা প্রিয়তমঃ, তথা তং দেহম্ অনু যে গৃহাপত্যাদয়ঃ তে হি প্রিয়তমাঃ ন ভবন্তি ॥৫২

মহারাজের প্রশ্নবাক্য শ্রবণ করিয়া শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—রাজন্! পরমাত্মাস্বরূপ শ্রীকৃষ্ণই সকলের প্রিয়, সুতরাং আত্মারও অধিক প্রিয়। অতএব সুখপ্রদ আত্মীয়গণ হইতে শ্রীকৃষ্ণ অধিক প্রিয় একথা আর অধিক কি বলিব। আত্মাই প্রথমতঃ স্বভাবতঃ সকলের প্রিয়, অন্যের সম্বন্ধে ঔপাধিক প্রিয়ত্বমাত্র অর্থাৎ "মমতাস্পদ পুত্রাদি অপেক্ষা অহন্তাস্পদ আত্মাতে প্রেমাধিক্য দৃষ্ট হইয়া থাকে" এই লৌকিক রীতি প্রথমতঃ অবলোকন কর; পরে ইহার সিদ্ধান্ত হইবে—এই অভিপ্রায়ে বলিতেছেন—

হে রাজন্! যেমন অপ্রমত্ত যোগিগণ ব্যগ্র হইয়া বেদমার্গানুসারে গমন করত তত্তৎ উপাধির নিরাকরণ পূর্ব্বক পরমতত্ত্ব অন্বেষণ করিয়া থাকেন, তদ্রূপ সেই গোপীগণ গোচারণ-পথে গো ও গোপীগণের পদ চিহ্নের মধ্যে মধ্যে শ্রীকৃষ্ণের ধ্বজ, বজ্র, যব, অঙ্কুশ ও পদ্মযুক্ত পদচিহ্ন সন্দর্শন করিতে করিতে ত্বরান্বিত হইয়া গমন করিতে লাগিলেন।১৮

গোপ ও গোপীসকল যমুনাতীরে গমন করিয়া দূর হইতেই দেখিতে পাইলেন যে শ্রীকৃষ্ণ কালিয়-হ্রদমধ্যে কালিয়-শরীর দ্বারা বেষ্টিত হইয়া নিশ্চেষ্টভাবে অবস্থান করিতেছেন এবং যমুনাতীরে গোপবালকগণ মূর্চ্ছিত হইয়া পড়িয়া রহিয়াছেন, আর তথায় ইতস্ততঃ গো-মহিষাদি পশুসকল স্ব স্ব জাতীয় স্বরে আর্ত্তনাদ করিতেছে; সুতরাং তদ্দর্শনে তাঁহারা অতিশয় পীড়িত হইয়া মূর্চ্ছা প্রাপ্ত

গোপ্যোঽনুরক্তমনসো ভগবত্যনন্তে
তৎসৌহৃদস্মিতবিলোকগিরঃ স্মরন্ত্যঃ।
গ্রস্তেঽহিনা প্রিয়তমে ভৃশদুঃখতপ্তাঃ
শূন্যং প্রিয়ব্যতিহৃতং দদৃশুস্ত্রিলোকম্ ॥২০

তাঃ কৃষ্ণমাতরমপত্যমনুপ্রবিষ্টাং
তুল্যব্যথাঃ সমনুগৃহ্য শুচঃ স্রবন্ত্যঃ।
তাস্তা ব্রজপ্রিয়কথাঃ কথয়ন্ত্য আসন্
কৃষ্ণাননেঽর্পিতদৃশো মৃতকপ্রতীকাঃ ॥২১

সন্তঃ পরমকশ্মলং মূর্চ্ছাম্ আপুঃ ॥১৯

অনন্তে অনন্তগুণপূর্ণে ভগবতি অনুরক্তমনসঃ (অনুরক্তং মনো যাসাং তাঃ) তৎসৌহৃদস্মিতবিলোকগিরঃ (তস্য সৌহৃদং প্রেমস্মিতং চ বিলোকং চ গিরঃ প্রিয়বচনানি) স্মরন্ত্যঃ গোপ্যঃ তস্মিন্ প্রিয়তমে কৃষ্ণে অহিনা গ্রস্তে গৃহীতে সতি ভৃশদুঃখতপ্তাঃ অত্যন্তদুঃখেন সন্তপ্তাঃ সত্যঃ প্রিয়েণ কৃষ্ণেন ব্যতিহৃতং বিরহিতং ত্রিলোকং শূন্যং দদৃশুঃ ॥২০

অপত্যম্ অনুপ্রতপ্তাং (অনু লক্ষীকৃত্য প্রতপ্তাং শোক-মূর্চ্ছিতাম্ অনুপ্রবিষ্টাম্ ইতি পাঠে অনুপ্রবেষ্টুং ধাবন্তীং) কৃষ্ণমাতরং সমনুগৃহ্য হস্তেন ধৃত্বা তুল্যব্যথাঃ (তুল্যা ব্যথা যাসাং তাঃ) অতএব শুচঃ অশ্রূণি স্রবন্ত্যঃ উদ্গিরন্ত্যঃ তাঃ গোপ্যঃ (তস্যাঃ প্রতিবোধার্থং) ব্রজপ্রিয়কথাঃ (ব্রজপ্রিয়স্য কৃষ্ণস্য কথাঃ) তাঃ তাঃ (পূতনানিধন-যমলার্জ্জুন-ভঙ্গাদিকথাঃ) কথয়ন্ত্যঃ কৃষ্ণাননে অর্পিতদৃশঃ (অর্পিতা স্থাপিতা দৃক্

হইলেন।১৯

এই প্রকার সামান্যরূপে সকলের দুরবস্থা বর্ণনপূর্ব্বক গোপীগণের দুর্দ্দশা বিশেষ প্রকারে বলিতেছি—হে রাজন্! ষড়ৈশ্বর্য্যশালী ভগবান্ অনন্তে স্বাভাবিক নিরন্তর প্রেমবতী গোপীগণ প্রিয়তম শ্রীকৃষ্ণ সর্পগ্রস্ত হইলে অতিশয় দুঃখসন্তপ্ত হইয়া তদীয় সপ্রেম হাস্য অবলোকন বা বাক্য স্মরণ করিয়া প্রিয়রহিত ত্রৈলোক্য শূন্য দর্শন করিতে লাগিলেন।২০

শ্রীযশোদার সমান দুঃখে দুঃখিতা তদীয় সখী-স্বরূপ গোপীসকল পরম স্নেহপাত্র পুত্রকে লক্ষ্য করিয়া যমুনা-হ্রদে প্রবেশোদ্যতা শ্রীযশোমতীকে সযত্নে দৃঢ়ভাবে অনুক্ষণ ধারণ করিয়া "হায় হায়! এখনও ইহার শরীরে প্রাণ রহিয়াছে, অতএব এই দেহকে পরিত্যাগ করা উচিত নহে" এই বিবেচনায় দুই বাহু দ্বারা যশোদাকে ক্রোড়ে লইয়া শীতল সলিলে তাঁহার অশ্রু ও লালা-ক্লিন্ন বদন মুহুর্মুহুঃ প্রক্ষালনপূর্ব্বক নদীর প্রবাহের ন্যায় শোকাশ্রু-পাত করিতে লাগিলেন, এবং তাহার চেতনার্থ ব্রজের প্রিয়কথা, কিংবা ব্রজ-প্রিয় শ্রীকৃষ্ণের কথা অর্থাৎ "হা যশোদে! তোমার কি স্মরণ হয় না? তুমি কি বিস্মৃত হইয়াছ? রাক্ষসী পূতনা ও তৃণাবর্ত্তপ্রভৃতি হইতে ৺দেব নারায়ণ এই সন্তানকে রক্ষা করিয়াছেন, আর তুমি কি ইহার প্রভাব কিছুই জান না যে ইতিপূর্ব্বে বৎসাসুর ও বকাসুরপ্রভৃতিকে এই বালকই নিধন করিয়াছে। এমন কি, এই বালক এতাদৃশ বহু বহু মহাদুষ্ট বিনাশ করিয়াছে, যদিও এই সর্প তন্মধ্যে এক মহাদুষ্টই বটে, তথাপি ইহার নিকট অতি তুচ্ছ। দেখিবে এই মহাপাপিষ্ঠ সর্পকে এখনই বিনাশ করিয়া তোমার প্রাণের গোপাল ক্রোড়ে আসিবে,' ইত্যাদি সকল ব্যক্ত করিতে করিতে শ্রীকৃষ্ণের প্রতি এক দৃষ্টিতে চাহিয়া রহিলেন এবং ক্ষণকাল পরে সকলে মৃততুল্য হইয়া পড়িয়া রহিলেন।২১

কৃষ্ণপ্রাণান্ নির্বিশতো নন্দাদীন্ বীক্ষ্য তং হ্রদম্ ।
প্রত্যষেধৎ স ভগবান্ রামঃ কৃষ্ণানুভাববিৎ ॥২২
ইত্থং স্বগোকুলমনন্যগতিং নিরীক্ষ্য
সস্ত্রীকুমারমতিদুঃখিতমাত্মহেতোঃ ।
আজ্ঞায় মর্ত্যপদবীমনুবর্তমানঃ
স্থিত্বা মুহূর্তমুদতিষ্ঠদুরঙ্গবন্ধাৎ ॥২৩

তৎপ্রথ্যমানবপুষা ব্যথিতাত্মভোগ-
স্ত্যক্ত্বোন্নময্য কুপিতঃ স্বফণান্ ভুজঙ্গঃ ।
তস্থৌ শ্বসঞ্ছ্বসনরন্ধ্রবিষাম্বরীষ-
স্তব্ধেক্ষণোল্মুকমুখো হরিমীক্ষমাণঃ ॥২৪

দৃষ্টির্যাভিস্তাঃ) মৃতকপ্রতীকাঃ শবতুল্যাঃ মূর্চ্ছিতাঃ আসন্ ॥২১

কৃষ্ণানুভাববিৎ সঃ ভগবান্ রামঃ তং হ্রদং নির্বিশতঃ বীক্ষ্য দৃষ্ট্বা কৃষ্ণ-প্রাণান্ নন্দাদীন্ প্রত্যষেধৎ নিবারয়ামাস ॥২২

ইত্থম্ (মুহূর্ত্তমাত্রং বন্ধনে স্থিতঃ শ্রীকৃষ্ণঃ) আত্মহেতোঃ আত্মকারণাৎ সস্ত্রীকুমারং স্ত্রীভিঃ চ সহিতং স্বগোকুলং গোকুলবাসিজনম্ অতিদুঃখিতং নিরীক্ষ্য তথা অনন্যগতিং (ন বিদ্যতে অন্যা গতিঃ রক্ষকঃ যস্য তম্) আজ্ঞায় মর্ত্ত্যপদবীং মনুষ্যলীলাম্ অনুবর্ত্তমানঃ স্বেচ্ছয়া অনুকুর্ব্বন্ মুহূর্ত্তং (বন্ধনে) স্থিত্বা উরঙ্গবন্ধাৎ কালিয়কৃতবেষ্টনরূপাৎ উদতিষ্ঠৎ নিঃসরণার্থং স্বদেহং প্রথিতবান্ ॥২৩

তৎপ্রথ্যমানবপুষা (তস্য কৃষ্ণস্য প্রথ্যমানেন সংবর্দ্ধমানেন বপুষা) ব্যথিতাত্মভোগঃ (ব্যথিতঃ আত্মনঃ ভোগঃ দেহো যস্য সঃ) ভুজঙ্গঃ কালিয়ঃ তং ত্যক্ত্বা শ্বসন্ শ্বাসান্ বিমুঞ্চন্ কুপিতঃ এব স্বফণান্ উন্নময্য উত্থাপ্য শ্বসনরন্ধ্রবিষাম্বরীষ-স্তব্ধেক্ষণোল্মুকমুখঃ (শ্বসনরন্ধ্রেষু নাসাবিবরেষু বিষং যস্য তথা অম্বরীষঃ ভ্রাষ্ট্রঃ তদ্বৎ সন্তপ্তানি প্রদীপ্তানি ঈক্ষণানি যস্য তথা উল্মুকানি অগ্নিকণানি মুখেষু যস্য সঃ) হরিম্ ঈক্ষমাণঃ এব তস্থৌ ॥২৪

পরব্রহ্মমূর্ত্তি শ্রীকৃষ্ণের অনুভাবজ্ঞ সেই ভগবান্ শ্রীবলরাম কৃষ্ণৈকজীবন শ্রীনন্দাদি সমস্ত ব্রজবাসীদিগকে কথঞ্চিৎ মোহোপশমান্তে কালিয়হ্রদে প্রবেশ করিতে উদ্যত দেখিয়া নিবারণ করিতে লাগিলেন অর্থাৎ "হে আর্য্যপাদগণ। আপনারা এই কৃষ্ণদ্বারা সর্ব্ববিধ বিপদ হইতে উত্তীর্ণ হইবেন" এই গর্গমহাশয়ের বাক্য কি বিস্মৃত হইয়াছেন? "ইহার এতাদৃশ বিপদুত্তরণ কিছুই আশ্চর্য্যকর নহে" ইহা বিবেচনা করিয়া ধৈর্য্যাবলম্বন করুন; বিশেষতঃ যদি আপনারা এই প্রবেশ করিয়া প্রাণ ত্যাগ করেন, তাহা হইলে বলুন দেখি, আমার ভাই কানাই যখন নির্ব্বিঘ্নে আগমন করিবে, তখন কে তাহাকে লালনপালনাদি করিবে? আরও বিশেষ বক্তব্য এই—"সাবধানে বালককে রক্ষা করিও, গর্গমহর্ষির এই আদেশই বা কি প্রকারে লঙ্ঘন করিতে প্রবৃত্ত হইয়াছেন" ইত্যাদি বাক্য দ্বারা নিষেধ করিলেন ।২২

মর্ত্ত্যপদবী (অর্থাৎ যাহার প্রতি দণ্ডবিধান করিতে হয় তাহার দোষ যাবতীয় লোক সকলকে দেখাইতে হয়, এই মানবোচিত নীতির অনুবর্ত্তী) শ্রীকৃষ্ণ স্বয়ং ভুজঙ্গ হইতে উত্থিত না হইলে স্ত্রী ও বালকবৃন্দের সহিত স্বীয় গোকুলবাসিগণ জীবন পরিত্যাগ করিবেন, যেহেতু তাহাদিগের অন্য রক্ষক অন্য কেহ নাই; সুতরাং নিশ্চয়ই ইহারা হ্রদমধ্যে প্রবেশ করিবেন এই প্রকারে ব্রজবাসীদিগের যমুনাপ্রবেশের চেষ্টাদি নিশ্চয় করিয়া এবং গোকুলবাসী সকল নিজের জন্য দুঃখের পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছে ইহা জ্ঞাত হইয়া ঘটিকাদ্বয় স্তব্ধভাবে অবস্থানপূর্ব্বক "হে কালিয়! তুই স্বীয় বিক্রম সমস্ত আমাকে দেখাইয়াছিস্, সম্প্রতি এই গোপবালক কিঞ্চিৎ বিক্রম দেখাইতেছে—দেখ" এই বলিয়া সেই কালিয়-বন্ধন হইতে উত্থিত হইলেন ।২৩

শ্রীকৃষ্ণের কিঞ্চিৎ পরিবর্দ্ধিত শরীর দ্বারা পীড়িত-দেহ কালিয় কুপিত হইয়া তাহাকে পরিত্যাগ পূর্ব্বক স্বীয় ফণা উত্তোলন করিয়া দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিতে করিতে শ্রীকৃষ্ণের প্রতি একদৃষ্টে চাহিয়া

তং জিহ্বয়া দ্বিশিখয়া পরিলেলিহানং
দ্বে স্বক্কণী হ্যতিকরালবিষাগ্নিদৃষ্টিম্ ।
ক্রীড়ন্নমুং পরিসসার যথা খগেন্দ্রো
বভ্রাম সোঽপ্যবসরং প্রসমীক্ষমাণঃ ॥২৫

এবং পরিভ্রমহতৌজসমুন্নতাংস-
মানম্য তৎপৃথুশিরঃস্বধিরূঢ় আদ্যঃ ।

হরিঃ চ ক্রীড়ন্ এবম্ অমুং দ্বিশিখয়া জিহ্বয়া (প্রতিমুখং) দ্বে স্বক্কণী ওষ্ঠপ্রান্তৌ পরিলেলিহানম্ আস্বাদয়ন্তম্, অতিকরালবিষাগ্নিদৃষ্টিং তং কালিয়ং খগেন্দ্রঃ গরুড়ঃ যথা তথা পরিসসার সর্ব্বতো বভ্রাম, সঃ অপি কালিয়ঃ দংশনাবসরং প্রসমীক্ষমাণঃ তম্ অনু বভ্রাম ॥২৫

এবং পরিভ্রমহতৌজসম্ (পরিভ্রমণেণ হতম্ ওজঃ দেহেন্দ্রিয়াদিসামর্থ্যং যস্য তম্) উন্নতাংসম্ (উন্নতাঃ অংসাঃ ফণাঃ যস্য তম্) আনম্য (হস্তেন নম্রং কৃত্বা) তৎপৃথুশিরঃ-

রহিল। তৎকালে ঐ কালিয়ের নাসাবিবর দ্বারা অজস্র বিষ বিনির্গত হইতে লাগিল। নয়নগুলি বিষভর্জ্জন পাত্রের ন্যায় সন্তপ্ত ও স্তব্ধ হইয়া উঠিল এবং মুখ সকল হইতে প্রজ্বলিত অগ্নিকণা নিঃসৃত হইতে লাগিল।২৪

শ্রীকৃষ্ণও ক্রীড়নপর হইয়া শিখাদ্বয়যুক্ত জিহ্বা দ্বারা প্রতিমুখগত ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগ মুহুর্মুহুঃ লেহনকারী, অতিকরালবিষাগ্নিদৃষ্টি ঐ কালিয়নাগকে গরুড়ের ন্যায় বেষ্টন করিয়া ভ্রমণ করিতে লাগিলেন এবং সেই কালিয়ও শ্রীকৃষ্ণকে দংশন করিবার নিমিত্ত অবসর প্রতীক্ষা করিয়া নিরন্তর ভ্রমণ করিতে লাগিল।২৫

এই প্রকার পরিভ্রমণে হতবল অথচ উন্নতফণ কালিয়কে শ্রীকৃষ্ণ একহস্ত দ্বারা অবনত করিয়া উহার বিস্তৃত মস্তকোপরি আরোহণ করিলেন।

তন্মূর্ধরত্ননিকরস্পর্শাতিতাম্র-
পাদাম্বুজোঽখিলকলাদিগুরুর্ননর্ত ॥২৬

তং নর্ত্তুমুদ্যতমবেক্ষ্য তদা তদীয়-
গন্ধর্বসিদ্ধসুরচারণদেববধ্বঃ ।
প্রীত্যা মৃদঙ্গপণবানকবাদ্যগীত-
পুষ্পোপহারনুতিভিঃ সহসোপসেদুঃ ॥২৭

স্বধিরূঢ়ঃ, অতএব তন্মূর্ধরত্ননিকরস্পর্শাতিতাম্রপাদাম্বুজঃ (তস্য মূর্দ্ধসু যে রত্ননিকরাঃ রত্নসমূহাঃ তেষাং স্পর্শেন অতিতাম্রম্ অত্যরুণং পাদাম্বুজং যস্য সঃ) আদ্যঃ অখিলকলাদিগুরুঃ অখিলানাং কলানাং নৃত্যাদিকৌশলানাম্ আদিগুরুঃ প্রবর্ত্তকঃ কৃষ্ণঃ ননর্ত্ত ॥২৬

তদা তং নর্ত্তুম্ উদ্যতম্ আবেক্ষ্য জ্ঞাত্বা তদীয়গন্ধর্ব্বসিদ্ধমুনিচারণদেববধ্বঃ প্রীত্যা প্রণয়েন মৃদঙ্গপণবানকবাদ্যগীতপুষ্পোপহারনুতিভিঃ সহসা ঝটিতি উপসেদুঃ সেবিতবন্তঃ ॥২৭

অতএব কালিয়ের মস্তকস্থ রত্ননিকরের স্পর্শে তাঁহার পাদপদ্ম অতিশয় অপূর্ব্ব অরুণ বর্ণ হইয়া শোভা পাইতে লাগিল এবং তখন নানা প্রকার নৃত্য-বিশেষের আদিগুরু সর্ব্বকারণ-কারণ শ্রীকৃষ্ণ তদীয় ফণোপরি নৃত্য করিতে আরম্ভ করিলেন।২৬

শ্রীকৃষ্ণকে নৃত্য করিতে উদ্যত দেখিয়া শ্রীগরুড়াদি পার্ষদসকল কিংবা বৈকুণ্ঠবর্ত্তী গন্ধর্ব্ব, সিদ্ধ, মুনি, চারণ, দেবতা ও দেবতাদিগের বধূগণ পরমপ্রীতি সহকারে মৃদঙ্গ, পণব, আনকবাদ্য, গীত, পুষ্প, বিবিধ সুগন্ধিচূর্ণাদি ও স্তব পাঠ দ্বারা তাঁহার সেবা করিতে লাগিলেন অর্থাৎ গন্ধর্ব্বগণ সঙ্গীত দ্বারা, সিদ্ধগণ বিবিধ গন্ধ-সুগন্ধিচূর্ণাদি উপহার দ্বারা, মুনিসকল স্তব দ্বারা, চারণগণ মৃদঙ্গাদি বাদ্য দ্বারা, দেবগণ ও দেবীগণ পুষ্প দ্বারা আরাধনা করিতে প্রবৃত্ত হইলেন।২৭

যদ্ যচ্ছিরো ন নমতেঽঙ্গ শতৈকশীর্ষ্ণ-
স্তত্তন্মমর্দ্দ খরদণ্ডধরোঽঙ্ঘ্রিপাতৈঃ।
ক্ষীণায়ুষো ভ্রমত উল্বণমাস্যতোঽসৃঙ্-
নস্তো বমন্ পরমকশ্মলমাপ নাগঃ ॥২৮

তস্যাক্ষিভির্গরলমুদ্বমতঃ শিরঃসু
যদ্ যৎ সমুন্নমতি নিঃশ্বসতো রুষোচ্চৈঃ।
নৃত্যন্ পদানুনময়ন্ দময়াম্বভূব
পুষ্পৈঃ প্রপূজিত ইবেহ পুমান্ পুরাণঃ ॥২৯

তচ্চিত্রতাণ্ডববিরুগ্ণফণাতপত্রো
রক্তং মুখৈরুরু বমন্ নৃপ ভগ্নগাত্রঃ
স্মৃত্বা চরাচরগুরুং পুরুষং পুরাণং
নারায়ণং তমরণং মনসা জগাম ॥৩০

কৃষ্ণস্য গর্ভজগতোঽতিভরাবসন্নং
পার্ষ্ণিপ্রহারপরিরুগ্ণফণাতপত্রম্।
দৃষ্ট্বাহিমাদ্যমুপসেদুরমুষ্য পত্ন্য
আর্ত্তাঃ শ্লথদ্বসনভূষণকেশবন্ধাঃ ॥৩১

হে অঙ্গ রাজন্! শতৈকশীর্ষ্ণঃ (শতম্ একানি মুখ্যানি শীর্ষাণি যস্য তস্য) ক্ষীণায়ুষঃ ক্ষীণবলতয়া মৃতপ্রায়স্য (ক্রোধবশাৎ) ভ্রমতঃ কালিয়স্য যৎ যৎ শিরঃ ন নমতে স্তব্ধতাং ন জহাতি স্ম, তৎ তৎ (নৃত্যচ্ছলেন) অঙ্ঘ্রিপাতৈঃ খলদণ্ডধরঃ কৃষ্ণঃ মমর্দ্দ। তদা চ সঃ নাগঃ আস্যতঃ মুখেভ্যঃ নস্তঃ নাসাবিবরেভ্যঃ চ উল্বণম্ বিষমিশ্রত্বেন ভয়ঙ্করম্ অসৃক্ রুধিরং বমন্ পরমকশ্মলং মহতীং মূর্চ্ছাম্ আপ ॥২৮

রুষা উচ্চৈঃ নিশ্বসতঃ শ্বাসান্ বিমুঞ্চতঃ অক্ষিভিঃ গরলং বিষম্ উদ্বমতঃ তস্য কালিয়স্য শিরঃসু যৎ যৎ শিরঃ সমুন্নমতি উচ্চীভবতি, তত্তৎ নৃত্যন্ পদা পদাঘাতেন অনুনময়ন্ প্রহ্বীকুর্ব্বন্ ভগবান্ দময়াম্বভূব দমনং চকার। ইহ ইত্যবসরে পুরাণঃ পুমান্ শেষাসনঃ শ্রীনারায়ণঃ ইব শ্রীকৃষ্ণঃ পুষ্পৈঃ প্রপূজিতঃ (অভূৎ) ॥২৯

হে নৃপ। তচ্চিত্র-তাণ্ডব-বিরুগ্ণফণাসহস্রঃ (তস্য কৃষ্ণস্য চিত্রেণ অলৌকিকেন তাণ্ডবেন বিশেষতো রুগ্ণং সংজাতব্রণং ফণাসহস্রং যস্য সঃ) ভগ্নগাত্রঃ (ভগ্নানি গাত্রাণি যস্য সঃ) মুখৈঃ উরু প্রচুরং রক্তং বমন্ উদ্গিরন্ (কালিয়ঃ) চরাচরগুরুং পুরাণং পুরুষং নারায়ণং স্মৃত্বা মনসা তম্ অরণং শরণং জগাম ॥৩০

গর্ভজগতঃ (গর্ভে জগন্তি ব্রহ্মাণ্ডানি যস্য তস্য) কৃষ্ণস্য অতিভরাবসন্নং (অতিভরেণ অবসন্নং) তথা পার্ষ্ণিপ্রহার-পরিরুগ্ণফণাতপত্রং (পার্ষ্ণিঃ পাদপৃষ্ঠং, তৎপ্রহারেণ পরিরুগ্ণ-ফণাতপত্রম্) অহিং কালিয়ং দৃষ্ট্বা অমুষ্য পত্ন্যঃ আর্ত্তাঃ অতএব শ্লথদ্বসনভূষণকেশবন্ধাঃ (শ্লথন্তো বিস্রংসমানাঃ বসন-ভূষণকেশবন্ধাঃ যাসাং তাঃ) আদ্যং শ্রীকৃষ্ণম্ উপসেদুঃ তৎসমীপং

হে রাজন্! একশত প্রধানমস্তকধারী কালিয় হতবীর্য্য বা মৃতপ্রায় হইলেও পুনঃ পুনঃ ভ্রমণ করিতেছিল; তাহার যে যে মস্তক অবনত না হইয়াছিল, সেই সেই মস্তকে সহসা আরোহণ করিয়া খলদণ্ডধারী শ্রীকৃষ্ণ নৃত্যচ্ছলে চরণাঘাতে তাহা মর্দ্দন করিতে লাগিলেন। তখন সেই কালিয় মুখদ্বারা রাশি রাশি অত্যুষ্ণ রুধির বমন করিতে করিতে অত্যন্ত দুঃখ কিংবা মোহপ্রাপ্ত হইল।২৮

পুনর্ব্বারও ক্রোধে দীর্ঘ নিঃশ্বাস ও নেত্রদ্বারা উদ্গিরণকারী কালিয়ের মস্তকগুলির মধ্যে যে যে মস্তক উন্নত হইতে লাগিল, শ্রীকৃষ্ণ নৃত্য করিতে করিতে সেই সেই মস্তকও পদাঘাতে অবনত করিয়া দমন করিতে লাগিলেন। সেই সময়ে গন্ধর্ব্বাদি সকলে হৃষ্ট হইয়া পুষ্প দ্বারা পুরাণপুরুষের ন্যায় শ্রীযশোদানন্দনকে পূজা করিতে লাগিলেন।২৯

হে রাজন্। শ্রীকৃষ্ণের অনির্ব্বচনীয় বিবিধ নৃত্যে তাহার সহস্রফণাগুলি বিশেষরূপে আহত হওয়ায় সেই কালিয় ভগ্নগাত্র হইয়া সহস্রমুখে অবিশ্রান্ত রুধির বমন করিতে করিতে শ্রীকৃষ্ণকে সর্ব্বপ্রাণীর নিয়ন্তা পুরাণপুরুষ মনে করিয়া মনে মনে তাঁহার শরণাপন্ন হইল।৩০

যাঁহার উদরমধ্যে অনন্তকোটি ব্রহ্মাণ্ড বিরাজ করিতেছে, সেই শ্রীকৃষ্ণের দেহভারে অবসন্ন ও তাঁহার পদাঘাতে স্বপতির ফণারূপ আতপত্রগুলি সর্ব্বতোভাবে

তাস্তং সুবিগ্নমনসোঽথ পুরস্কৃতার্ভাঃ
কায়ং নিধায় ভুবি ভূতপতিং প্রণেমুঃ।
সাধ্ব্যঃ কৃতাঞ্জলিপুটাঃ শমলস্য ভর্তু-
র্মোক্ষেপ্সবঃ শরণদং শরণং প্রপন্নাঃ ॥৩২

জগ্মুঃ ॥৩১

সুবিগ্নমনসঃ বিহ্বলচিত্তাঃ সাধ্ব্যঃ পতিব্রতাঃ (ভগবতো দয়োৎপাদনায়) পুরস্কৃতার্ভাঃ (পুরস্কৃতাঃ অগ্রেকৃতাঃ অর্ভাঃ বালাঃ যাভিঃ) তাঃ নাগপত্ন্যঃ ভুবি কায়ং নিধায় দণ্ডবৎ শরীরং নিপাত্য ভূতপতিং প্রণেমুঃ, তথা শমলস্য কৃতাপরাধস্য ভর্ত্তুঃ মোক্ষেচ্ছবঃ কৃতাঞ্জলিপুটাঃ সত্যঃ শরণদম্ আশ্রয়প্রদং শরণং প্রপন্নাঃ গতাঃ ॥৩২

আহত দর্শনপূর্ব্বক কালিয়ের পত্নীসকল অত্যন্ত দুঃখিত হইয়া স্খলিত বসন, বিগলিত ভূষণ ও আলুলায়িত কেশে আদিপুরুষ শ্রীকৃষ্ণের চরণসমীপে উপস্থিত হইলেন।৩১

অনন্তর পতির মরণাশঙ্কায় কিংবা তদপরাধ আশঙ্কায় অতিভীত বা অতি দুঃখিতচিত্ত নাগপত্নীগণ "শিশু সন্তান দর্শনে শ্রীকৃষ্ণের কৃপা হইবে" ইহা মনে করিয়া শিশুসকল অগ্রে লইয়া স্বামীর অপরাধ ক্ষমা করাইবার অভিলাষে কৃতাঞ্জলিপুটে আশ্রয়প্রদ প্রাণিমাত্রের পতি শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইয়া পৃথিবীতে শরীর স্থাপনপূর্ব্বক অর্থাৎ সাষ্টাঙ্গে শ্রীকৃষ্ণকে প্রণিপাত করিলেন।৩২

নাগপত্নীগণ বলিলেন—(হে প্রভো!) এই কালিয় শ্রীগরুড়, শ্রীযমুনা ও বৃন্দাবনস্থ, সর্ব্ব সাধারণ জীব-সমূহ, এমন কি আপনার নিকট পর্য্যন্ত অপরাধ করিয়াছে; অতএব এতাদৃশ নাগরাজের প্রতি আপনি যাহা দণ্ড বিধান করিলেন, তাহা ন্যায়সঙ্গতই

নাগপত্ন্য ঊচুঃ।
ন্যায্যো হি দণ্ডঃ কৃতকিল্বিষেঽস্মিং-
স্তবাবতারঃ খলনিগ্রহায়।
রিপোঃ সুতানামপি তুল্যদৃষ্টে-
র্ধৎসে দমং ফলমেবানুশংসন্ ॥৩৩

নাগপত্ন্যঃ ঊচুঃ। হে শ্রীকৃষ্ণ! অস্মিন্ কৃতকিল্বিষে (কৃতং কিল্বিষং দংশনপরিবেষ্টনাদ্যপরাধো যেন অস্মিন্) সর্পে (ত্বয়া কৃতো) দণ্ডঃ ন্যায্যঃ এব, যতঃ তবাবতারঃ খলনিগ্রহায় খলানাং পরোদ্বেজকানাং নিগ্রহায়! রিপোঃ (স্ব) সুতানাম্ অপি তুল্যদৃষ্টিঃ ত্বং ফলম্ এব অনুশংসন্ আলোচয়ন্ দমং ধৎসে ॥৩৩

হইয়াছে; যেহেতু আপনি সাধুদ্রোহী খলগণের নিগ্রহ ও সাধুসকলের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত অবতার স্বীকার করিয়া থাকেন। আপনি দুষ্টদমন ও শিষ্টানুগ্রহকারক হইলেও আপনার বৈষম্য দৃষ্টি নাই; কারণ শত্রু ও পুত্রে আপনার তুল্য দৃষ্টি রহিয়াছে, অথবা রিপুর পুত্রে ও স্বীয় পুত্রে আপনার সমান দৃষ্টি অর্থাৎ শত্রুপুত্র শিষ্ট প্রহ্লাদ মহাশয়কে সর্ব্ববিধ বিপদ হইতে রক্ষা করিয়াছেন অথচ স্বীয় পুত্র নরকাসুরকে বিনাশ করিয়াছেন; ইহাতেই জানা যায়—আপনার আত্মা ও পর কেহ নাই, আপনি সকলকেই সমদৃষ্টিতে দেখিয়া থাকেন। (যদি বলেন—আপনি নিগ্রহ বিষয়ে কৃপাশূন্য দৃষ্ট হইয়া থাকি। তদুত্তরে বলিতেছি) আপনি জীবের কর্ম্মফল আলোচনা করিয়া অর্থাৎ নানাবিধ নরকাদি দুঃখের হেতুভূত খলত্ব উপশমনপূর্ব্বক নিত্য সুখময় মোক্ষ-লক্ষণ ফল প্রদানের অভিপ্রায়ে খলের প্রতি দণ্ড-বিধান করিয়া থাকেন।৩৩

অনুগ্রহোঽয়ং ভবতঃ কৃতো হি নো
দণ্ডোঽসতাং তে খলু কল্মষাপহঃ।
যদ্ দন্দশূকত্বমমুষ্য দেহিনঃ
ক্রোধোঽপি তেঽনুগ্রহ এব সম্মতঃ ॥৩৪

তপঃ সুতপ্তং কিমনেন পূর্ব্বং
নিরস্তমানেন চ মানদেন।
ধর্ম্মোঽথ বা সর্বজনানুকম্পয়া
যতো ভবাংস্তুষ্যতি সর্বজীবঃ ॥৩৫

কস্যানুভাবোঽস্য ন দেব বিদ্মহে
তবাঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ।
যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো
বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতা ॥৩৬

ভবতা নঃ অস্মাকম্ অয়ং দণ্ড-অনুগ্রহঃ কৃতঃ, হি যস্মাৎ তে ত্বয়া (কৃতঃ দণ্ডঃ) খলু নিশ্চয়েন অসতাং দুষ্টানাং কল্মষাপহঃ সর্ব্বদোষনিবারকঃ; যৎ যস্মাৎ অমুষ্য এতদবস্থিতস্য দেহিনঃ দেহাবচ্ছিন্নজীবস্বরূপস্য দন্দশূকত্বং সর্পযোনিত্বং (তথা ক্রোধঃ জাতিস্বভাবঃ) ক্রোধঃ অপি তে ত্বয়া অনুগ্রহে এব সম্মতঃ ॥৩৪

পূর্ব্বং পূর্ব্বজন্মনি নিরস্তমানেন মানরহিতেন তথা (পরেভ্যঃ) মানদেন চ অনেন কিং তপঃ সুতপ্তং সুষ্ঠু আচরিতম্, অথবা সর্ব্বজনানুকম্পয়া ধর্ম্মঃ আচরিতঃ, যতঃ (যাভ্যাং তপোধর্ম্মাভ্যাং) সর্ব্বজীবঃ (সর্ব্বান্ জীবয়তি ইতি) ভবান্ তুষ্যতি ॥৩৫

হে দেব! অস্য নীচস্যাপি কালিয়স্য তব অঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ (অঙ্ঘ্র্যোঃ রেণুস্পর্শে অধিকারঃ) কস্য তপআদেঃ সুকৃতস্য অনুভাবঃ ফলং, (ইতি বিশেষেণ বয়ং) ন বিদ্মহে (জানীমহে), যদ্বাঞ্ছয়া (যস্য ত্বদঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারস্য বাঞ্ছয়া) ব্রহ্মাদিভিঃ উপাস্যা শ্রীঃ লক্ষ্মীঃ ললনা উত্তমা স্ত্রীঃ ইব সর্ব্বান্ কামান্ বিহায় ধৃতব্রতা গৃহীতাহারশয়নাদিনিয়মা সুচিরং দীর্ঘকালাদরনৈরন্তর্য্যেণ তপঃ অচরৎ অনুষ্ঠিতবতী ॥৩৬

আপনি আমাদিগের প্রতি এই দণ্ড বিধান করিলেন, ইহা আপাততঃ দণ্ডস্বরূপে পরিদৃশ্যমান হইলেও বস্তুতঃ তাহা অনুগ্রহই করিয়াছেন, কারণ এতাদৃশ দণ্ড নিশ্চয়ই দুষ্টগণের পূর্ব্বকৃত বিবিধ পাপ-নিবারক হইয়া থাকে; যেহেতু ঐ প্রকার পাপ-কর্ম্মদ্বারা নানা-দেহ-ধারী এই দেহী বা জীবের সম্প্রতি সর্পযোনি হইয়াছে এবং আপনাকর্ত্তৃক ক্রোধ জন্য দণ্ডও এই দেহীর প্রতি অনুগ্রহ রূপেই সম্মত হইয়াছে।৩৪

এই আমাদিগের পতি নাগরাজ গর্বশূন্যত্বহেতু অন্যকৃত সম্মানে অনভিলাষী ও অন্যের প্রতি সম্মানপ্রদ হইয়া পূর্বজন্মে কি কৃচ্ছ্রাদি তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন? অথবা সর্ব্বজীবের হিতাচরণপূর্বক কি ধর্ম্মানুষ্ঠানই বা করিয়াছেন? আহা! যে তপস্যা ও যে ধর্ম্মের প্রভাবে ইঁহার প্রতি সর্ব-জীব-জীবন আপনি পরম সন্তোষ লাভ করিলেন।৩৫

হে প্রভো! এই ভাগ্যোদয়ের প্রতি কেবল তপস্যাদিও কারণ নহে; পরন্তু আপনার অতর্ক্য কৃপাবৈভবকেও কারণ বলিতে হইবে। যেহেতু, হে দেব! ব্রহ্মাদি দেবগণও যাঁহার প্রসাদ অভিলাষ করিয়া থাকেন, সেই শ্রীলক্ষ্মী শ্রীনারায়ণরূপী আপনার ললনা হইয়া শ্রীগোপালরূপী আপনার চরণরেণুর স্পর্শাধিকার বাসনায় সর্বকামনা পরিত্যাগপূর্বক বদ্ধনিয়মা হইয়া বহুকাল তপস্যা করিয়াছিলেন, তথাপি আপনাকে প্রাপ্ত হন নাই। আপনার সেই চরণরেণুর সর্বাধিকার এই নাগরাজের হইল, অতএব এই মহানীচ নাগের ইহা কোন্ সুকৃতের ফল, তাহা আমরা জানি না।৩৬

ন নাকপৃষ্ঠং ন চ সার্বভৌমং
ন পারমেষ্ঠ্যং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
বাঞ্ছন্তি যৎপাদরজঃ প্রপন্নাঃ ॥৩৭

তদেষ নাথাপ দুরাপমন্যৈ-
স্তমোজনিঃ ক্রোধবশোঽপ্যহীশঃ।
সংসারচক্রে ভ্রমতঃ শরীরিণো
যদিচ্ছতঃ স্যাদ্ বিভবঃ সমক্ষঃ ॥৩৮

নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে।
ভূতাবাসায় ভূতায় পরায় পরমাত্মনে ॥৩৯

জ্ঞানবিজ্ঞাননিধয়ে ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
অগুণায়াবিকারায় নমস্তেঽপ্রাকৃতায় চ ॥৪০

যৎপাদরজঃ প্রপন্নাঃ (যস্য তব পাদরজঃ এব শরণং প্রাপ্তাঃ) ভক্তজনাঃ ন নাকপৃষ্ঠং (কং সুখং, ন কম্ ইতি অকং দুঃখং যত্র তৎ নাকং দুঃখরহিতস্থানং তস্য পৃষ্ঠম্ উপরিতলং স্বর্গমিতি), ন চ সার্ব্বভৌমং সর্ব্বভূমিরাজ্যং, ন পারমেষ্ঠ্যং ব্রহ্মপদং, ন রসাধিপত্যং পাতালাদিবিলস্বর্গরাজ্যং, ন যোগসিদ্ধীঃ অণিমাদ্যৈশ্বর্য্যলাভম্ অপুনর্ভবং লয়াত্মকং মোক্ষং বা বাঞ্ছন্তি ॥৩৭

হে নাথ! যৎ তব চরণরজঃ ইচ্ছতঃ প্রার্থয়তঃ সংসারচক্রে ভ্রমতঃ শরীরিণঃ সমক্ষঃ প্রত্যক্ষঃ বিভবঃ স্যাৎ, তমোজনিঃ (তমোগুণাঃ যোনির্যস্য সঃ) এষঃ অহীশঃ ক্রোধবশঃ অপি অন্যৈঃ ব্রহ্মাদিভিঃ দুরাপং তৎ আপ ॥৩৮

অতঃ তুভ্যং ভগবতে অচিন্ত্যানন্তৈশ্বর্য্যাদিগুণনিধয়ে পুরুষায় (পুর্ষু অন্তঃকরণেষু নিয়ামকতয়া শয়ানায়) মহাত্মনে (মহতাং ব্রহ্মাদীনামপি নিয়ন্ত্রে) ভূতাবাসায় (ভূতাদেঃ আকাশাদি প্রাণিনশ্চ আবাসায়) ভূতায় পূর্ব্বমপি সদ্রূপেণ বিদ্যমানায় পরায় প্রকৃতিবিলক্ষণায় পরমাত্মনে কারণাতীতায় নমঃ ॥৩৯

জ্ঞানবিজ্ঞাননিধয়ে (জ্ঞানম্ শাস্ত্রীয়ং বিজ্ঞানম্ অনুভবঃ তয়োর্নিধয়ে কারণায়) ব্রহ্মণে ব্যাপকায়, অনন্তশক্তয়ে (অনন্তাঃ অপরিমিতাঃ বিদ্যাবিদ্যাদয়ঃ শক্তয়ঃ যস্য তস্মৈ), অগুণায় গুণাতীতায়, অবিকারায় জন্মাদিবিকারশূন্যায়, প্রাকৃতায়

আপনার চরণরেণুর শরণাগত হইয়া ভক্তগণ তাহা ভিন্ন স্বর্গলোক বাসনা করেন না, পৃথিবীর একাধিপত্য প্রার্থনা করেন না, ব্রহ্মপদপ্রাপ্তির অভিলাষ করেন না, রসাতলের আধিপত্য চাহেন না, যোগসিদ্ধি বাঞ্ছা করেন না, এমনকি নির্বাণ মোক্ষ পর্য্যন্ত প্রার্থনা করেন না।৩৭

হে নাথ! যে পদরজঃ "আমার সেব্য হউক" এই প্রকারে প্রার্থনা করিয়া সংসারচক্রে পরিভ্রমণকারী জীবের তৎক্ষণাৎ অপেক্ষিত সম্পদ লাভ হইয়া থাকে, ব্রহ্মাদি দেবগণের সুদুর্ল্লভ সেই পদরজঃ মহাপরাধী, তমোগুণোদ্ভব, ক্রোধ-স্বভাব-সম্পন্ন হইয়াও এই নাগরাজ প্রাপ্ত হইল।৩৮

আপনি সর্ব্বদেহে অন্তর্য্যামিস্বরূপে বর্ত্তমান হইলেও সর্ব্বব্যাপক হইয়াছেন; যেহেতু আপনি আকাশাদির আশ্রয়স্বরূপ হইয়াছেন। কারণ, আকাশাদির পূর্ব্বেও আপনি বিদ্যমান রহিয়াছেন; যেহেতু আপনি আকাশাদির কারণ অথচ কারণাতীত, অচিন্ত্য ঐশ্বর্য্যাদি গুণযুক্ত; শ্রীভগবান্ আপনাকে নমস্কার করিতেছি।৩৯

আপনি জ্ঞান-জ্ঞপ্তি, ও বিজ্ঞান-বিচ্ছক্তির নিধি অর্থাৎ জ্ঞান ও বিজ্ঞান-পরিপূর্ণ, আপনি স্বজাতীয়-বিজাতীয়াদি ভেদ-রহিত অথচ অনন্ত অচিন্ত্যশক্তি সমুদ্র, আপনি প্রাকৃত গুণ-রহিত, আপনি নির্ব্বিকার, আপনি প্রকৃতির প্রবর্ত্তক কিংবা অপ্রাকৃত অনন্ত শক্তিযুক্ত; আপনাকে নমস্কার।৪০

কালায় কালনাভায় কালাবয়বসাক্ষিণে।
বিশ্বায় তদুপদ্রষ্ট্রে তৎকর্ত্রে বিশ্বহেতবে ॥৪১

ভূতমাত্রেন্দ্রিয়-প্রাণমনোবুদ্ধ্যাশয়াত্মনে।
ত্রিগুণেনাভিমানেন গূঢ়স্বাত্মানুভূতয়ে ॥৪২

প্রকৃতিপ্রবর্ত্তকায় তে তুভ্যং নমঃ ॥৪০

কালায় কালস্বরূপায়, কালনাভায় কালশক্ত্যাশ্রয়ায়, কালাবয়বসাক্ষিণে (কালাবয়বানাং সৃষ্ট্যাদিসমবায়ানাং নিমেষাদি-পরার্দ্ধান্তানাং সাক্ষিণে), বিশ্বায় বিশ্বরূপায়, তদুপদ্রষ্ট্রে বিশ্বসাক্ষিণে, তৎকর্ত্রে বিশ্বকর্ত্রে, বিশ্বহেতবে কারণাদি-সর্ব্ব-কারকরূপায় ॥৪১

ভূতমাত্রেন্দ্রিয়প্রাণমনোবুদ্ধ্যাশয়াত্মনে (ভূতানি আকাশাদীনি, মাত্রাঃ শব্দাদয়ঃ পঞ্চ, প্রাণাঃ ৮ দশবিধাঃ, ইন্দ্রিয়াণি জ্ঞানকর্ম্মোভয়াত্মকানি দশ, মনশ্চ বুদ্ধিশ্চ আশয়ঃ চিত্তঞ্চ, আত্মা অহঙ্কারশ্চ তদ্রূপায়) ত্রিগুণেন গুণত্রয়হেতুকেন অভিমানেন গূঢ়স্বাত্মানুভূতয়ে (গূঢ়া আচ্ছন্না স্বাংশভূতানাম্ আত্মনাং জীবানাম্ অনুভূতিঃ বিবেকজ্ঞানং যেন তস্মৈ) ॥৪২

আপনি কালস্বরূপ ও কালশক্তির আশ্রয় হইলেও সৃষ্ট্যাদি সমবায়ের সাক্ষিস্বরূপ, সুতরাং কাল ও কালশক্তিতে অসংলগ্ন। আপনি বিশ্বরূপ, বিশ্বের দ্রষ্টা, বিশ্বের কর্ত্তা এবং বিশ্বের সর্ব্বকারণ হইয়াছেন, আপনাকে নমস্কার।৪১

আপনি আকাশাদি পঞ্চভূত, শব্দাদি পঞ্চমাত্রা, শ্রোত্রাদি দশেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, কিংবা দশপ্রাণ, মনঃ বুদ্ধি চিত্ত বা বাসনায় চেতয়িতা বা জ্ঞানপ্রদ এবং সৃষ্টিকার্য্যে যে ত্রিগুণাত্মক অভিমান তদ্দ্বারা স্বাংশভূত জীবাত্মার তত্ত্বজ্ঞান আবরণকারী হইয়াছেন, আপনাকে নমস্কার।৪২

আপনি অহঙ্কার দ্বারা অপরিচ্ছিন্ন বলিয়া অনন্ত বা পরমমহান্ অথচ অদৃশ্য বলিয়া সূক্ষ্মও হইয়াছেন। আপনি উপাধিকৃত বিকারশূন্য বলিয়া কূটস্থ বা নির্ব্বিকার অথচ বিচিত্র বৈদগ্ধ্যগুরু, আপনি মায়াপ্রভাবে "অস্তি-নাস্তি, সর্ব্বজ্ঞ, কিঞ্চিজ্জ্ঞ,

নমোঽনন্তায়-সূক্ষ্মায় কূটস্থায় বিপশ্চিতে।
নানাবাদানুরোধায় বাচ্যবাচকশক্তয়ে ॥৪৩

নমঃ প্রমাণমূলায় কবয়ে শাস্ত্রযোনয়ে।
প্রবৃত্তায় নিবৃত্তায় নিগমায় নমো নমঃ ॥৪৪

অনন্তায় দেশকালবস্তুপরিচ্ছেদরহিতায়, সূক্ষ্মায় দুর্জ্ঞেয়ায়, কূটস্থায় সংসর্গদোষরহিতায়, বিপশ্চিতে সর্ব্বসাক্ষিণে, নানাবাদানুরোধায় (হস্তপাদাদিবিশিষ্টঃ তদবিশিষ্টঃ, একঃ অনেকঃ সর্ব্বজ্ঞঃ কিঞ্চিজ্জ্ঞঃ ইত্যাদীন্ নানাবাদান্ অনুরুণদ্ধি অনুবর্ত্ততে যঃ তস্মৈ), বাচ্যবাচকশক্তয়ে (বাচ্যানাম্ অর্থানাং, বাচকানাং শব্দানাং শক্তয়ঃ যস্ম তস্মৈ) ॥৪৩

নমঃ প্রমাণমূলায় (প্রমাণানাং প্রত্যক্ষানুমানাগমানাং বা প্রমাপকাণাম্ ইন্দ্রিয়াণাং মূলায় প্রকাশকায়), অতঃ কবয়ে ক্রান্তদর্শিনে শাস্ত্রযোনয়ে (শাস্ত্রস্য বেদস্য যোনয়ে উৎপাদকায়), প্রবৃত্তায় বিধিরূপায়, নিবৃত্তায় নিষেধাত্মকায়, নিগমায় বেদরূপায় নমো নমঃ ॥৪৪

বদ্ধ, মুক্ত, এক ও অনেক" ইত্যাদি নানাবাদের অনুবর্ত্তী হইয়া থাকেন, অতএব আপনার ইচ্ছানুসারে বিবাদী পণ্ডিতগণ ও সংবাদী পণ্ডিতগণ পরস্পর শব্দকেই প্রমাণ করিয়া থাকেন, যেহেতু আপনা হইতে বাচ্য (অর্থ) ও বাচক অর্থাৎ শব্দের নানাবিধ শক্তি হইয়া থাকে। কিংবা আপনি বাচ্যশক্তি (অভিধেয়শক্তি) ও বাচকশক্তি (অভিধানশক্তি) ভেদেও নানারূপে প্রতীয়মান হয়েন, আপনাকে নমস্কার।৪৩

আপনি শ্রীভাগবত-শাস্ত্র-সংগ্রহ যে বেদ, সেই বেদের মূল কারণ কিংবা আশ্রয়স্বরূপ বা শ্রীভাগবত স্বরূপ অথবা চক্ষুরাদি ইন্দ্রিয়ের ইন্দ্রিয়াদিস্বরূপ; অতএব স্বতঃসিদ্ধ জ্ঞান-বিশিষ্ট অথচ সর্ব্বশাস্ত্রের যোনি অর্থাৎ বেদ সকল আপনার নিঃশ্বাস, আপনি প্রবৃত্তাত্মক শাস্ত্র ও নিবৃত্তাত্মক শাস্ত্রের মূলীভূত নিগম শাস্ত্রস্বরূপ হইয়াছেন; আপনাকে নমস্কার।৪৪

নমঃ কৃষ্ণায় রামায় বসুদেবসুতায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ ॥৪৫

নমো গুণপ্রদীপায় গুণাত্মচ্ছাদনায় চ।
গুণবৃত্ত্যুপলক্ষ্যায় গুণদ্রষ্ট্রে স্বসংবিদে ॥৪৬

অব্যাকৃতবিহারায় সর্বব্যাকৃতসিদ্ধয়ে।
হৃষীকেশ নমস্তেঽস্তু মুনয়ে মৌনশীলিনে ॥৪৭

পরাবরগতিজ্ঞায় সর্বাধ্যক্ষায় তে নমঃ।
অবিশ্বায় চ বিশ্বায় তদ্দ্রষ্ট্রেঽস্য চ হেতবে ॥৪৮

নমঃ রামায় (সঙ্কর্ষণায় অহঙ্কারে উপাস্যায়) বসুদেবসুতায় (বসুদেবস্য শুদ্ধসত্ত্বরূপস্য চিত্তস্য সুতায় তত্র পুত্রত্বেন প্রকাশমানায় উপাস্যায়), প্রদ্যুম্নায় (বুদ্ধৌ উপাস্যায়), অনিরুদ্ধায় (মনসি উপাস্যায়) সাত্বতাং ভক্তানাং পালকায় (এবং চতুর্মূর্ত্তয়ে) কৃষ্ণায় তে নমঃ ॥৪৫

গুণপ্রদীপায় (গুণান্ গুণকার্য্যাণি অন্তঃকরণানি প্রদীপয়তি তস্মৈ) গুণাত্মাচ্ছাদনায় (গুণৈঃ অহঙ্কারাদিভিঃ এব আত্মনঃ আচ্ছাদনং যস্য তস্মৈ) গুণবৃত্ত্যুপলক্ষ্যায় (গুণানাং চিত্তাদীনাং চেতনাধ্যবসায়াদিবৃত্তিভিরুপলক্ষ্যায় তৎপ্রবর্ত্তকত্বেনানুমেয়ায়) গুণদ্রষ্ট্রে (গুণানাং দ্রষ্ট্রে প্রকাশকত্বেনানুমেয়ায়) স্বসংবিদে স্বয়ংপ্রকাশরূপায় তে নমঃ ॥৪৬

অব্যাকৃতবিহারায় (অব্যাকৃতঃ অপ্রকটঃ বিহারো যস্য তে তস্মৈ প্রপঞ্চাতীতলীলায়), সর্ব্বব্যাকৃতসিদ্ধয়ে (সর্ব্বেষাং ব্যাকৃতানাং তত্ত্বানাং সিদ্ধিঃ উৎপত্তিঃ যস্মাৎ তস্মৈ) হে হৃষীকেশ। (হৃষীকাণি ইন্দ্রিয়াণি তেষামীশ প্রবর্ত্তক) মৌনশীলিনে (মৌনম্ আত্মারামতা শীলং স্বভাবো যস্য তস্মৈ) মুনয়ে মননশীলায় তে তুভ্যং নমঃ ॥৪৭

পরাবরগতিজ্ঞায় (পরে ব্রহ্মাদয়ঃ, অবরে অস্মদাদয়ঃ তেষাং গতিং কর্ম্মানুরূপফলভূতামবস্থাং জানাতি ইতি তস্মৈ) যতঃ সর্ব্বাধ্যক্ষায় সাক্ষিনে (সর্ব্বেষাম্ অধ্যক্ষায় সাক্ষিণে) অতঃ অবিশ্বায় (বিশ্বতৈজসাদ্যবস্থারহিতায়) তথাপি বিশ্বায় সর্ব্বাত্মকরূপায় তদ্দ্রষ্ট্রে অস্য হেতবে চ তে তুভ্যং নমঃ ॥৪৮

আপনি উপাসকদিগের পতি অর্থাৎ সালোক্যাদি মুক্তি প্রদান করিয়া তাহাদিগের পালক হইয়াছেন, এবং আপনি শুদ্ধসত্ত্ব চিত্তে প্রকাশমান বাসুদেব, অহঙ্কারাধিষ্ঠাতা সঙ্কর্ষণ, বুদ্ধির অধিপতি প্রদ্যুম্ন এবং মনের অধিষ্ঠাতা অনিরুদ্ধ, এই চারি মূর্ত্তিস্বরূপ শ্রীকৃষ্ণরূপী আপনাকে নমস্কার।৪৫

আপনি যদিও ভক্তগণের প্রতি স্বরূপভূত ঐশ্বর্য্যাদিগুণের প্রকাশক অথচ অভক্ত সকলের প্রতি প্রাকৃত গুণদ্বারা নিজৈশ্বর্য্য আবরণ করিয়া থাকেন সত্য, তথাপি আপনি পূর্ব্বে জড়গুণের প্রবৃত্তি দ্বারা তৎপ্রবর্ত্তকত্বরূপে অনুমেয় হইয়া থাকেন, যেহেতু দর্শনমাত্রেই তৎসাক্ষীস্বরূপ হইয়াছেন, পরন্তু আপনি স্বয়ং স্বপ্রকাশ স্বরূপভূত গুণস্বরূপী; আপনাকে নমস্কার।৪৬

হে হৃষীকেশ। আপনার বিহার বা লীলা প্রপঞ্চাতীত, অথচ তত্ত্বলীলা দ্বারা তাহা সর্ব্বত্র প্রসিদ্ধ রহিয়াছে। আপনি মুনি অর্থাৎ আত্মারাম, অথচ তদ্বিপরীত শ্রীগোকুলানন্দন লীলা দ্বারা অমনঃশীল হইয়াছেন, আপনাকে নমস্কার।৪৭

তাদৃশ অতর্ক্যলীলত্বের কারণ এই যে, আপনি স্থূল ও সূক্ষ্মভূত সমূহের গতি জানেন কিংবা ভক্তগণের ও ভক্তদিগের প্রাপ্য বিষয় অবগত আছেন; যেহেতু আপনি সর্ব্বফলাধ্যক্ষ সুতরাং সর্ব্বফলাধ্যক্ষ বলিয়া তাঁহাদিগের তত্তৎ সমুচিত ফলপ্রদাতাও হইয়াছেন, কর্ম্মফল-দাতা হইলেও আপনার কর্ম্ম-সম্বন্ধ নাই, কারণ আপনি প্রপঞ্চাতীত কিংবা আপনাতে বিশ্ব বর্ত্তমান না থাকিলেও স্বীয় উদরে বিশ্ব দেখাইয়াছিলেন। আপনি বিশ্বের সাক্ষিস্বরূপ এবং চতুর্ভুজাদিরূপে এই বিশ্বের সৃষ্ট্যাদির কারণ হইয়াছেন; আপনাকে নমস্কার।৪৮

ত্বং হ্যস্য জন্মস্থিতিসংযমান্ প্রভো
গুণৈরনীহোঽকৃতকালশক্তিধৃক্।
তত্তৎস্বভাবান্ প্রতিবোধয়ন্ সতঃ
সমীক্ষয়ামোঘবিহার ঈহসে ॥৪৯
তস্যৈব তেঽমূস্তনবস্ত্রিলোক্যাং
শান্তা অশান্তা উত মূঢ়যোনয়ঃ।

হে প্রভো! সর্ব্বসমর্থ! অকৃতকালশক্তিধৃক্ (অকৃতা অনাদিসিদ্ধা কালরূপা শক্তিস্তাং ধারয়তি যঃ) ত্বম্ অনীহঃ নিঃস্পৃহঃ অপি সমীক্ষয়া ঈক্ষণমাত্রেণ সতঃ (সংস্কাররূপেণ বিদ্যমানান্ তত্তৎস্বভাবান্ ঘোরত্বাদীন্) প্রতিবোধয়ন্ গুণৈঃ অস্য বিশ্বস্য, জন্মস্থিতিসংযমান্ ঈহসে করোষি। অমোঘবিহারঃ (অমোঘো জীবানাং চতুর্ব্বিধপুরুষার্থহেতুঃ বিহারঃ সৃষ্ট্যাদিলীলা যস্য সঃ) ॥৪৯

তস্য জগজ্জন্মাদিকর্ত্তুঃ তে তব ত্রিলোক্যাম্ অমূঃ শান্তাঃ

হে প্রভো! (যদি বলেন—এই সর্পরাজের এই বিষয়ে দোষ কি? পরন্তু সর্পদেহ-প্রদাতা ঈশ্বররূপী আমারই দোষ বলিতে হইবে, তদুত্তরে বলিতেছি) হে সর্ব্বেশ্বর! আপনি অনাদিসিদ্ধা কাল-শক্তিকে ধারণ করিতেছেন। আপনি অব্যর্থ লীলাকারী ও সমস্ত বিষয়ে অভিলাষশূন্য হইয়াও প্রকৃতিতে লীলাপ্রাপ্ত পূর্ব্বকল্পগত সাধক ভক্তবৃন্দের কর্ম্মসমূহ উদ্বোধনের নিমিত্ত ও তাঁহাদিগকে দেখিবার জন্যই প্রকৃতির প্রতি ঈক্ষণ দ্বারা সত্ত্বাদি-গুণোপলক্ষিত তদীয় পূর্ব্ব সংস্কার জাগরিত করিয়া এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয় করিয়া থাকেন, অতএব কর্ম্মানুবর্ত্তী এই নাগরাজেরই সম্পূর্ণ দোষ, পরন্তু আপনার কিছুই দোষ নাই। যিনি ঈশ্বর, তিনি সমদৃষ্টি হইয়া পর্জ্জন্যবৎ দৃষ্ট হইয়া থাকেন।৪৯

ত্রিলোকে বর্ত্তমান সাত্ত্বিক, রাজসিক ও তামসিক পর্য্যন্ত নিখিল জীবগণ যদিও বিশ্বের পরমকারণ তত্ত্বপ্রযুক্ত বিশ্বরূপী আপনারই ক্রীড়ার উপকরণ স্বরূপ হইয়াছে, তথাপি ঐ ত্রিবিধ জীবের মধ্যে

শান্তাঃ প্রিয়াস্তে হ্যধুনাবিতুং সতাং
স্থাতুশ্চ তে ধর্মপরীপ্সয়েহতঃ ॥৫০

অপরাধঃ সকৃদ্ভর্ত্রা সোঢ়ব্যঃ স্বপ্রজাকৃতঃ।
ক্ষন্তুমর্হসি শান্তাত্মন্ মূঢ়স্য ত্বামজানতঃ ॥৫১

সাত্ত্বিকাঃ, অশান্তাঃ রাজসাঃ, মূঢ়যোনয়ঃ তামসাঃ উত অপি তনবঃ দেহাঃ এব। তথাপি সতাং ধর্ম্মপরীপ্সয়া ধর্ম্মপালনেচ্ছয়া ঈহতঃ প্রবর্ত্তমানস্য অতএব তান্ অবিতুং রক্ষিতুং স্থাতুঃ স্থিতস্য তে তব অধুনা যে শান্তাঃ তনবঃ এব প্রিয়াঃ ॥৫০

হে শান্তাত্মন্! যতঃ স্বপ্রজাকৃতঃ অপরাধঃ ভর্ত্রা স্বামিনা সকৃৎ সোঢ়ব্যঃ (ইতি লোকরীতিঃ), অতঃ ত্বাম্ ঈশ্বরম্ অজানতঃ (তামসত্বাৎ) মূঢ়স্য কালিয়স্য অপরাধং ক্ষন্তুম্ অর্হসি ॥৫১

সাত্ত্বিক গুণাবলম্বী সাধুগণই আপনার প্রিয়, যেহেতু আপনি সাধুসকলের ধর্ম্ম-প্রতিপালনেচ্ছায় প্রবৃত্ত হইয়া তাঁহাদিগকে রক্ষা করিবার নিমিত্ত অবস্থিত হইয়াছেন।৫০

লোকরীতিও দেখা যায় যে, নিজ সন্তান যদি কোন প্রকার অপরাধ করে, তাহা হইলে পিতা তাহা প্রথমতঃ একবার ক্ষমা করিয়া থাকেন অতএব এই নাগরাজের সাধুজন বিপ্রিয় জন্য অপরাধ হইলেও স্বপুত্রকৃত অপরাধ একবার সহ্য করেন। অধুনা পণ্ডিত হইয়া এই নাগরাজ শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন। অতএব যদি ভবদীয় সাধুগণের প্রতি পুনর্ব্বার কোনরূপ অপরাধ করে, তাহা হইলে তখন আর সহ্য করিবেন না।

হে শান্তাত্মন্! এই নাগরাজ তামসজাতিগত স্বভাব-বশতঃ জ্ঞানহীন, যেহেতু আপনার অত্যাশ্চর্য্য লীলাদর্শন করিয়াও আপনাকে জানিতে পারিতেছে না; অতএব অজ্ঞানকৃত ইহার অপরাধ ক্ষমা করিতে হইবে।৫১

অনুগৃহ্লীষ্ব ভগবন্ প্রাণাংস্ত্যজতি পন্নগঃ।
স্ত্রীণাং নঃ সাধুশোচ্যানাং পতিপ্রাণঃ প্রদীয়তাম্॥৫২
বিধেহি তে কিঙ্করীণামনুষ্ঠেয়ং তবাজ্ঞয়া।
যচ্ছ্রদ্ধয়ানুতিষ্ঠন্ বৈ মুচ্যতে সর্বতো ভয়াৎ॥৫৩

হে ভগবন্! যস্মাদয়ং পন্নগঃ প্রাণান্ ত্যজতি, অতঃ অনুগৃহ্লীষ্ব (অনুগ্রহং কৃত্বা এনং মুঞ্চ)। সাধুশোচ্যানাং (পরাধীনতয়া সাধুভিঃ শোচ্যানাং) স্ত্রীণাং নঃ অস্মাকং পতিপ্রাণঃ প্রদীয়তাম্ ॥৫২

তে তব কিঙ্করীণাম্ আজ্ঞাধীনানাং (অস্মাকং যদনুষ্ঠেয়ং) তৎ বিধেহি আজ্ঞাপয়। যৎ যস্মাৎ তবাজ্ঞয়া শ্রদ্ধয়া অনুতিষ্ঠন্ (কর্ম্মাণি কুর্ব্বন্ জনঃ) সর্ব্বতো ভয়াৎ সংসারাৎ বৈ মুচ্যতে ॥৫৩

যদি বলেন—গর্ব্বরোগাক্রান্ত ইহার চিকিৎসা উত্তম প্রকারে করিতেছি, বিশেষতঃ রোগ প্রায় নিঃশেষ হইয়াছে, কিন্তু রোগ-শেষ-দূরীকরণার্থ সাতটি কি আটটি পদক হার মাত্র অবশেষ রহিয়াছে; অতএব তোমরা সম্মতি প্রদান কর, আমি ইহার রোগ নিঃশেষ করিয়া দিব, তদুত্তরে বলিতেছি) হে ভগবন্! অনুগ্রহ করুন, অনুগ্রহামৃত প্রদান করিয়াই অবশিষ্ট সেই গর্ব্বরোগ বিদূরিত করিবেন, পরঞ্চ দণ্ডরূপ তীব্র ঔষধ পান করাইয়া আর রোগ মুক্ত করিতে হইবে না। যেহেতু এই সর্প প্রাণত্যাগ করিতেছে। (যদি বলেন—ইহার প্রাণ পরিত্যাগ করাই সঙ্গত মনে করিতেছি, কারণ এই বিগর্হিত সর্প-শরীর দ্বারা কি হইবে? যেহেতু অতঃপর দিব্য দেহধারী মস্তকই হইবে, তদুত্তরে বলিতেছি)—

হে প্রভো! আমরা সুন্দরী, বিশেষতঃ বৈধব্য-দশাপ্রাপ্ত হইলে অন্য কোন পাপিষ্ঠ সর্প খল পূর্ব্বক সতীত্ব ধর্ম্ম নিশ্চয়ই নষ্ট করিবে—এই ভয়ে আমরা কাতর হইয়াছি। বিশেষতঃ এই নাগরাজ সম্প্রতি পরম বৈষ্ণব হইয়াছেন বলিয়া আমাদের প্রাণতুল্য প্রিয় হইয়াছেন অতএব পতিপ্রাণ প্রদান করুন।৫২

(ভগবন্! যদি বলেন—তোমাদিগের পতিপ্রাণ প্রদান করিলে আমি যাহা বলিব তাহা পালন করিবে কি? এই বাক্যেই যেন সম্ভ্রম-সহকারে নাগপত্নীগণ বলিতেছেন—অবশ্যই পালন করিব) আপনার কিঙ্করীস্বরূপা আমাদিগের যাহা কর্ত্তব্য, তাহা আমাদিগের প্রতি আদেশ করুন। যেহেতু আপনার অনুমতি অনুসারে শ্রদ্ধাসহকারে যে ব্যক্তি কর্ম্ম করিয়া থাকে, সেই জন সর্ব্ববিধ ভয় হইতে কিংবা সর্ব্ববিষয়ে ভয় হইতে মুক্ত হইয়া থাকে, ইহা প্রসিদ্ধ রহিয়াছে।৫৩

শ্রীশুক উবাচ।

ইত্থং স নাগপত্নীভির্ভগবান্ সমভিষ্টুতঃ।
মূর্চ্ছিতং ভগ্নশিরসং বিসসর্জাঙ্ঘ্রিকুট্টনৈঃ॥৫৪

শ্রীশুকঃ উবাচ। নাগপত্নীভিঃ ইত্থং সমভিষ্টুতঃ (সম্যক্ স্তুতি-বিনতিভিঃ প্রার্থিতঃ) সঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ অঙ্ঘ্রি-কুট্টনৈঃ পাদপ্রহারৈঃ ভগ্নশিরসং (ভগ্নানি শিরাংসি যস্য তম্ অতএব) মূর্চ্ছিতং কালিয়ং বিসসর্জ্জ তত্যাজ ॥৫৪

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—উক্ত প্রকারে নাগপত্নীগণ কর্ত্তৃক স্তুতিপ্রভৃতি দ্বারা প্রার্থিত হইয়া স্তুতিমাত্রে প্রীত কিংবা পরদুঃখকাতর ভগবান্ শ্রীকৃষ্ণ চরণপ্রহারে ভগ্নশিরাঃ সুতরাং মূর্চ্ছিত-প্রায় কালিয়কে পরিত্যাগ করিলেন। হরি তাহার মস্তক হইতে সহসা নিম্নে অবতীর্ণ হইয়া তৎসম্মুখে অবস্থান করিলেন।৫৪

প্রতিলব্ধেন্দ্রিয়প্রাণঃ কালিয়ঃ শনকৈর্হরিম্।
কৃচ্ছ্রাৎ সমুচ্ছ্বসন্ দীনঃ কৃষ্ণং প্রাহ কৃতাঞ্জলিঃ ॥৫৫

কালিয় উবাচ।

বয়ং খলাঃ সহোৎপত্ত্যা তামসা দীর্ঘমন্যবঃ।
স্বভাবো দুস্ত্যজো নাথ লোকানাং যদসদ্গ্রহঃ ॥৫৬

ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং ধাতর্গুণবিসর্জনম্।
নানাস্বভাববীর্য্যৌজোযোনিবীজাশয়াকৃতি ॥৫৭

তত্তঃ শনকৈঃ প্রতিলব্ধেন্দ্রিয়প্রাণঃ (প্রতিলব্ধানি ইন্দ্রিয়াণি প্রাণাঃ চ যেন) সঃ কৃচ্ছ্রাৎ কষ্টেন উচ্ছ্বসন্ উর্দ্ধশ্বাসান বিমুঞ্চন্ দীনঃ কৃতাঞ্জলিঃ সন্ হরিং কৃষ্ণং প্রাহ ॥৫৫

কালিয়ঃ উবাচ। হে নাথ! বয়ম্ উৎপত্ত্যা সহজাতিস্বভাবেনৈব তামসাঃ দীর্ঘমন্যবঃ (দীর্ঘো মহান্ মন্যুঃ ক্রোধো যেষাং তে তথা) খলাঃ পরোদ্বেজকাঃ। হে নাথ ঈশ্বর! ভূতানাং লোকানাং স্বভাবঃ সহজো ধর্ম্মঃ দুস্ত্যজঃ যৎ যস্মাৎ অসদ্গ্রহঃ (অসন্ অসমীচিনঃ গ্রহঃ অহন্তা মমতারূপো দেহাদাবাগ্রহো ভবতি) ॥৫৬

হে ধাতঃ পিতঃ! গুণবিসর্জ্জনং (গুণৈঃ বিবিধপ্রকারেণ সৃজ্যতে ইতি) ইদং নানাস্বভাববীর্য্যৌজোযোনি-বীজাশ্রয়াকৃতি (নানাঃ বিবিধাঃ স্বভাবাঃ শান্তত্বঘোরত্বাদয়ঃ, বীর্য্যং দেহশক্তিঃ, ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, যোনিঃ মাতৃশক্তিঃ, বীজং শুক্রং পিতৃশক্তিঃ, আশয়োঃ বাসনা এব আকৃতিঃ স্বরূপং যস্য) তৎ বিশ্বং ত্বয়া এব সৃষ্টম্ ॥৫৭

তদনন্তর কালিয় ক্রমে ক্রমে ইন্দ্রিয়শক্তি ও প্রাণ লাভ করিয়া অতিকষ্টে নিঃশ্বাস পরিত্যাগ করিতে করিতে নিরভিমানী হইয়া কৃতঞ্জলিপুটে নিজ দুর্মদাদিহারী শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন।৫৫

কালিয় বলিলেন,—হে নাথ! আমরা জন্মাবধি বা জাতি-স্বভাব দ্বারাই খল, জ্ঞানশূন্য ও অতিশয় ক্রোধী হইয়াছি, যেহেতু প্রাণীমাত্রের দুষ্ট পিশাচতুল্য কিংবা দেহগেহাদিতে দুরাগ্রহরূপ স্বভাব অতি যত্নেও পরিত্যাগ করা যায় না।৫৬

হে ধাতঃ! আপনি শান্ত ও উগ্র প্রভৃতি বিবিধ স্বভাব, দেহশক্তি, ইন্দ্রিয়শক্তি, মাতৃশক্তি, পিতৃশক্তি, বাসনা ও আকৃতি-বিশিষ্ট এবং গুণাদি দ্বারা বিবিধ-প্রকারে নির্ম্মিত এই বিশ্বের সৃষ্টি করিয়া থাকেন।৫৭

বয়ং চ তত্র ভগবন্ সর্পা জাত্যুরুমন্যবঃ।
কথং ত্যজামস্ত্বন্মায়াং দুস্ত্যজাং মোহিতাঃ স্বয়ম্ ॥৫৮
ভবান্ হি কারণং তত্র সর্বজ্ঞো জগদীশ্বরঃ।
অনুগ্রহং নিগ্রহং বা মন্যসে তদ্ বিধেহি নঃ ॥৫৯

শ্রীশুক উবাচ।

ইত্যাকর্ণ্য বচঃ প্রাহ ভগবান্ কার্য্যমানুষঃ।
নাত্র স্থেয়ং ত্বয়া সর্প সমুদ্রং যাহি মা চিরম্।
স্বজ্ঞাত্যপত্যদারাঢ্যো গোনৃভির্ভুজ্যতে নদী ॥৬০

তত্র তস্মিন্ হে ভগবন্। বয়ং সর্পাজাত্যুরুমন্যবঃ (জাত্যা জন্মনা এব উরুঃ মন্যুর্যেষাং তে); অতঃ হে ভগবন্! দুস্ত্যজাং ত্বন্মায়াং কথং ত্যজামঃ, যয়া মায়য়া স্বয়ং মোহিতাঃ ভবামঃ ॥৫৮

তত্র শান্তত্বঘোরত্বাদিস্বভাবে সর্ব্বজ্ঞঃ জগদীশ্বরঃ ভবান্ এব কারণম্; অতঃ অত্র অনুগ্রহং বা নিগ্রহং যৎ নঃ অস্মান্ প্রতি কর্ত্তব্যং মন্যসে, তৎ বিধেহি সম্পাদয় ॥৫৯

শ্রীশুকঃ উবাচ। কার্য্যমানুষঃ (কার্য্যার্থম্ অবিদ্যাকামকর্ম্মভিঃ সংসারে ভ্রাম্যমানানামুদ্ধরণার্থং শ্রবণাদিযোগ্য-লীলাকরণার্থং চ

হে ভগবন্! সেই বিশ্বমধ্যে আমরা জন্মাবধি অতিক্রোধী সর্পজাতি হইয়াছি, অতএব আপনার মায়াদ্বারা বিমোহিত আমরা ভবদীয় দুস্ত্যজ মায়া স্বয়ং কি প্রকারে পরিত্যাগ করিব।৫৮

যেহেতু ভবদীয় পরিত্যাগ বিষয়ে সর্ব্বজ্ঞ জগদীশ্বর আপনিই কারণ অর্থাৎ আপনার কৃপা ভিন্ন আপনার মায়া ত্যাগ হইতে পারে না। অতএব আমাদিগের প্রতি অনুগ্রহই হউক অথবা নিগ্রহ হউক, যাহা আপনি ভালো বিবেচনা করেন, তাহাই করুন।৫৯

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন, হে রাজন্! জগতের হিতের নিমিত্ত যিনি মানুষরূপে প্রকট হইয়া থাকেন, সেই শ্রীভগবান্ কালিয়ের ঐ

য এতৎ সংস্মরেন্মর্ত্যস্তুভ্যং মদনুশাসনম্।
কীর্তয়ন্নুভয়োঃ সন্ধ্যোর্ন যুষ্মদ্ভয়মাপ্নুয়াৎ ॥৬১
যোঽস্মিন্ স্নাত্বা মদাক্রীড়ে দেবাদীংস্তর্পয়েজ্জলৈঃ।
উপোষ্য মাং স্মরন্নর্চেৎ সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৬২
দ্বীপং রমণকং হিত্বা হ্রদমেতমুপাশ্রিতঃ।
যদ্ভয়াৎ স সুপর্ণস্ত্বাং নাদ্যান্মৎপাদলাঞ্ছিতম্ ॥৬৩

শ্রীশুক উবাচ।

এবমুক্তো ভগবতা কৃষ্ণেনাদ্ভুতকর্মণা।
তং পূজয়ামাস মুদা নাগপত্ন্যশ্চ সাদরম্ ॥৬৪
দিব্যাম্বরস্রঙ্মণিভিঃ পরার্ধ্যৈরপি ভূষণৈঃ।
দিব্যগন্ধানুলেপৈশ্চ মহত্যোৎপলমালয়া ॥৬৫

মানুষতয়া প্রতীয়মানঃ) ভগবান্ শ্রীকৃষ্ণঃ ইতি বচঃ আকর্ণ্য প্রাহ। হে সর্প! যতঃ গোনৃভিঃ যমুনা ভুজ্যতে, অতস্ত্বয়া বিষধরেণ অত্র নত্বাং ন স্থেয়ং, মা চিরং শীঘ্রমেব স্বজ্ঞাত্যপত্য-দারাঢ্যঃ সমুদ্রং (সমুদ্র-মধ্যস্থং রমণকং দ্বীপং) যাহি গচ্ছ ॥৬০

তুভ্যং মদনুশাসনম্ এতৎ যঃ সংস্মরেৎ তথা উভয়োঃ সন্ধ্যোঃ কীর্ত্তয়ন্ (কীর্ত্তয়েৎ), সঃ যুষ্মদ্ভয়ং ন আপ্নুয়াৎ ॥৬১

যঃ প্রাণী উপোষ্য তীর্থোপবাসং কৃত্বা অস্মিন্ মদাক্রীড়ে (মম ক্রীড়া যস্মিন্ তস্মিন্ তীর্থবরে) স্নাত্বা মাং স্মরন্ জলৈঃ দেবাদীন্ তর্পয়েৎ মাম্ অর্চ্চেৎ চ, সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৬২

যদ্ভয়াৎ (যস্য গরুড়স্য ভয়াৎ) ত্বং রমণকং স্বস্থানং দ্বীপং হিত্বা পরিত্যজ্য এতম্ যমুনাহ্রদম্ উপাশ্রিতঃ, সঃ সুপর্ণঃ গরুড়ঃ মৎপাদলাঞ্ছিতং (বজ্রাঙ্কুশাদিযুক্তেন মৎপাদেন লাঞ্ছিতং চিহ্নিতং) ত্বাং ন অদ্যাৎ খাদেৎ ॥৬৩

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! অদ্ভুতকর্ম্মণা (অদ্ভুতং ব্রজস্থং জীবানাং কালিয়স্য চ কল্যাণকরং কর্ম্ম যস্য তেন) ভগবতা কৃষ্ণেন মুক্তঃ পরিত্যক্তঃ নাগঃ কালিয়ঃ মুদা হর্ষেণ তং শ্রীকৃষ্ণং দিব্যোপহারৈঃ পূজয়ামাস, তস্য পত্ন্যঃ চ সাদরং পূজয়ামাসুঃ ॥৬৪

দিব্যাম্বরস্রঙ্মণিভিঃ পরার্দ্ধ্যৈঃ অপি দিব্যগন্ধানুলেপৈঃ মহত্যা উৎপলমালয়া চ পূজয়িত্বা গরুড়ধ্বজং জগন্নাথং

প্রকার বাক্য শ্রবণ করিয়া বলিলেন—হে কালিয়! তুমি আর এই স্থানে থাকিতে পারিবে না; কারণ গাভী ও মানুষগণ এই নদীর জল ব্যবহার করিয়া থাকে; তোমাদের বিষে এই নদীর জল অব্যবহার্য্য হইতেছে; অতএব তুমি স্বীয় পুত্র, কলত্র ও বন্ধুবর্গের সহিত অবিলম্বে সমুদ্রে গমন কর।৬০

যে ব্যক্তি উভয় সন্ধ্যায় তোমার প্রতি আমার এই অনুশাসন স্মরণ ও কীর্ত্তন করিবে, সে তোমাদিগের হইতে ভয় প্রাপ্ত হইবে না।৬১

আর যে ব্যক্তি মদীয় বিহার স্থান এই হ্রদে স্নান করত জলদ্বারা দেবগণ, ঋষিগণ ও পিতৃগণের তর্পণ করিবে এবং তীর্থোচিত উপবাস করিয়া আমাকে স্মরণপূর্ব্বক যে জন এই হ্রদস্থ জলে আমার অর্চনা করিবে, সে ব্যক্তি সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হইবে।৬২

তুমি যে গরুড়ের ভয়ের রমণক দ্বীপ পরিত্যাগ করিয়া এই হ্রদে আশ্রয় গ্রহণ করিয়াছ, সেই গরুড় মৎপাদলাঞ্ছিত তোমাকে ভক্ষণ করিবে না।৬৩

সর্ব্বদর্শী শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! অত্যদ্ভুতকর্ম্মা ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক বিমুক্ত হইয়া কালিয় ও তদীয় পত্নীগণ পরমাদর সহকারে প্রেমপূর্ব্বক শ্রীকৃষ্ণকে পূজা করিতে লাগিলেন।৬৪

হে রাজন্! যদি বল—কি কি বস্তু দ্বারা পূজা করিলেন তাহাই বলিতেছি—কালিয় ও তৎপত্নীগণ দিব্যবসন, মাল্য, মণি; পরমোৎকৃষ্ট ভূষণ, দিব্য গন্ধ অনুলেপন ও মহতী উৎপলমালা দ্বারা

পূজয়িত্বা জগন্নাথং প্রসাদ্য গরুড়ধ্বজম্।
ততঃ প্রীতোঽভ্যনুজ্ঞাতঃ পরিক্রম্যাভিবন্দ্য তম্ ॥৬৬

সকলত্রসুহৃৎপুত্রো দ্বীপমব্ধের্জগাম হ।
তদৈব সামৃতজলা যমুনা নির্বিষাভবৎ।
অনুগ্রহাদ্ ভগবতঃ ক্রীড়ামানুষরূপিণঃ ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

(স্তুতিভিঃ) প্রসাদ্য (তেন) অভ্যনুজ্ঞাতঃ (সুখং গচ্ছ ইতি দত্তাজ্ঞঃ স্বয়মপি) প্রীতঃ সন্ তং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য ততঃ স্থানাৎ ॥৬৫-৬৬

সকলত্রসুহৃৎপুত্রঃ কলত্রাদিভিঃ সহিতঃ অব্ধেঃ সমুদ্রস্য দ্বীপং রমণকং হ জগাম। তদৈব তদ্দিনাদারভ্য ক্রীড়ামানুষরূপিণঃ ভগবতঃ অনুগ্রহাৎ সা যমুনা নির্ব্বিষা বিষশূন্যা অমৃতজলা (অমৃতং স্বাদু জলং যস্যাঃ সা বা অমৃতং স্নানাচমনপানাদি-মাত্রেণাপি জন্মাদিহেতুদোষনিরাসেন মরণ-নিবর্ত্তকং মোক্ষপ্রদং জলং যস্যাঃ) সা তাদৃশী চাভবৎ ॥৬৭

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে ষোড়শোঽধ্যায়ঃ॥

জগৎপতি শ্রীকৃষ্ণকে পূজা করিলেন এবং কালিয় পূজা দ্বারা গরুড়ধ্বজ শ্রীভগবান্‌কে সুপ্রসন্ন করিয়া সন্তুষ্টমনে তাঁহাকে পরিক্রমা ও অভিবাদন পূর্ব্বক শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অনুমোদিত হইয়া স্ত্রী-পুত্র ও বন্ধুবান্ধবের সহিত রমণকাখ্য সমুদ্রদ্বীপে গমন করিলেন ॥৬৫-৬৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ষোড়শ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তদশঃ অধ্যায়ঃ।

[কালিয়স্য যমুনাহ্রদে নিবাসস্য কারণবর্ণনম্, হ্রদান্নির্গতেন শ্রীকৃষ্ণেন ব্রজবাসিনাং দাবানলাদ্ রক্ষা চ।]

রাজোবাচ।

নাগালয়ং রমণকং কস্মাত্তত্যাজ কালিয়ঃ।
কৃতং কিং বা সুপর্ণস্য তেনৈকেনাসমঞ্জসম্ ॥১

শ্রীশুক উবাচ।

উপহার্য্যৈঃ সর্পজনৈর্মাসি মাসীহ যো বলিঃ।
বানস্পত্যো মহাবাহো নাগানাং প্রাঙ্ নিরূপিতঃ ॥২

স্বং স্বং ভাগং প্রযচ্ছন্তি নাগাঃ পর্ব্বণি পর্ব্বণি।
গোপীথায়াত্মনঃ সর্ব্বে সুপর্ণায় মহাত্মনে ॥৩

বিষবীর্য্যমদাবিষ্টঃ কাদ্রবেয়স্তু কালিয়ঃ।
কদর্থীকৃত্য গরুড়ং স্বয়ং তং বুভুজে বলিম্ ॥৪

তচ্ছ্রুত্বা কুপিতো রাজন্ ভগবান্ ভগবৎপ্রিয়ঃ।
বিজিঘাংসুর্মহাবেগঃ কালিয়ং সমুপাদ্রবৎ ॥৫

অন্বয়ঃ

রাজা উবাচ। কালিয়ঃ নাগালয়ং রমণকং কথং তত্যাজ; একেন তেন কালিয়েন সুপর্ণস্য গরুড়স্য কিম্ অসমঞ্জসম্ অপ্রিয়ং বা কৃতম্ ॥১

শ্রীশুকঃ উবাচ। হে মহাবাহো! উপহার্য্যৈঃ গরুড়-ভক্ষ্যৈঃ সর্প-জনৈঃ মাসি মাসি বানস্পত্যঃ (পুষ্পং বিনৈব ফলিনঃ অশ্বত্থাদেঃ মূলে দেয়ঃ) যঃ বলিঃ (নাগানাং বাধপরিহারায় ইহ রমণক-দ্বীপে প্রাক্ পূর্ব্বমেব নিরূপিতঃ উপকল্পিতঃ ॥২

এবং সর্ব্বে নাগাঃ আত্মনঃ গোপীথায় সংরক্ষণায় পর্ব্বণি পর্ব্বণি প্রত্যেকামাবস্যায়াং স্বং স্বং (দেয়ত্বয়া স্বীকৃতং তৎ) ভাগং মহাত্মনে ভগবদ্ভক্তায় সুপর্ণায় প্রযচ্ছন্তি ॥৩

বিষবীর্য্যমদাবিষ্টঃ কাদ্রবেয়ঃ কদ্রুপুত্রঃ কালিয়ঃ তু গরুড়ং কদর্থীকৃত্য অবিগণয্য স্বয়ং (তস্মৈ বলিং ন প্রাযচ্ছৎ, প্রত্যুত অন্যদত্তমপি) তু বলিং স্বয়ং বুভুজে ॥৪

হে রাজন্! ভগবৎপ্রিয়ঃ ভগবান্ গরুড়ঃ তৎ (কালিয়-কৃতং বলি-ভক্ষণং) শ্রুত্বা কুপিতঃ, অতঃ মহাবেগঃ সন্

সপ্তদশ অধ্যায়।

[যমুনাহ্রদে কালিয়ের নিবাসের কারণ বর্ণন এবং হ্রদনির্গত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক ব্রজবাসিগণকে দাবানল হইতে রক্ষা।]

(মহারাজ পরীক্ষিৎ যে লীলা শ্রবণ করিতে বাসনা করিয়া শ্রীশুকদেব গোস্বামীকে জিজ্ঞাসা করিয়াছিলেন, সেই অভীষ্ট লীলার শ্রবণ-সিদ্ধির দ্বারা ও শ্রীভগবানের অভ্যুদয় দর্শন দ্বারা শ্রীব্রজস্থ প্রাণিমাত্রের সুস্থতা দর্শন পূর্ব্বক স্বয়ং সুস্থ ও প্রীত হইয়া শ্রীশুকদেবের কথ্যমান কথামধ্যেই কথা-সৌষ্ঠবার্থ তৎপূর্ব্ব বৃত্ত জিজ্ঞাসা করিতে লাগিলেন) শ্রীপরীক্ষিৎ মহারাজ বলিলেন—(হে প্রভো!) কালিয় কি নিমিত্ত সর্পগণের বসতিস্থান রমণকনামক দ্বীপ পরিত্যাগ করিয়াছিল? এবং একাকী সেই কালিয় নাগ শ্রীগরুড় মহাশয়ের কি অপ্রিয় কার্য্যানুষ্ঠান করিয়াছিল?১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে মহাবাহো! পুরাকালে সেই রমণক-দ্বীপে নাগগণের আয়ত্ত সুতরাং ভক্ষণীয় লোকসকল (অর্থাৎ নাগগণ লোকসকলকে অনিয়মিতভাবে ভক্ষণ করিতে লাগিল দেখিয়া তদানীন্তন মনুষ্যসকল) নাগগণের উপদ্রব নিবারণমানসে প্রতিমাসে অশ্বত্থাদি বৃক্ষের মূলদেশে নাগগণের ভক্ষ্যদ্রব্য স্থাপন করিতেন।২

সেই নাগসকল আপনাদের রক্ষার নিমিত্ত সর্পায়ত্ত জন-কর্ত্তৃক দত্ত স্ব স্ব ভাগ প্রতি পঞ্চদশীতে মহাত্মা গরুড় মহাশয়কে প্রদান করিতেন।৩

কিন্তু বিষজনিত ও বীর্য্যজনিত মদে আবিষ্টচিত্ত কালিয় গরুড়মহাশয়কে গণ্য না করিয়া স্বয়ংই

তমাপতন্তং তরসা বিষায়ুধঃ
প্রত্যভ্যয়াদুচ্ছ্রিতনৈকমস্তকঃ।
দদ্ভিঃ সুপর্ণং ব্যদশদ্ দদায়ুধঃ
করালজিহ্বোচ্ছ্বসিতোগ্রলোচনঃ ॥৬

তং তার্ক্ষ্যপুত্রঃ স নিরস্য মন্যুমান্
প্রচণ্ডবেগো মধুসূদনাসনঃ।
পক্ষেণ সব্যেন হিরণ্যরোচিষা
জঘান কদ্রুসুতমুগ্রবিক্রমঃ ॥৭

সুপর্ণপক্ষাভিহতঃ কালিয়োঽতীব বিহ্বলঃ।
হ্রদং বিবেশ কালিন্দ্যাস্তদগম্যং দুরাসদম্ ॥৮

তত্রৈকদা জলচরং গরুড়ো ভক্ষ্যমীপ্সিতম্।
নিবারিতঃ সৌভরিণা প্রসহ্য ক্ষুধিতোঽহরৎ ॥৯

কালিয়ং বিজিঘাংসুঃ সমুপাদ্রবৎ ॥৫

আপতন্তং তং গরুড়ং বিষায়ুধঃ (বিষম্ আয়ুধম্ অস্ত্রং যস্য সঃ) উচ্ছ্রিতনৈক-মস্তকঃ উন্নমিতানেকফণঃ কালিয়ঃ তরসা বেগেন প্রত্যভ্যয়াৎ যোদ্ধুং সম্মুখম্ অগমৎ, করাল-জিহ্বোচ্ছ্বসিতোগ্রলোচনঃ (করালা জিহ্বা যস্য স চাসৌ উচ্ছ্বসিতানি উজ্জৃম্ভিতানি উগ্রাণি লোচনানি যস্য স) দদায়ুধঃ দদ্ভিঃ সুপর্ণং ব্যদশৎ ॥৬

তং কদ্রোঃ সুতং কালিয়ং নিরস্য তিরস্কৃত্য সঃ প্রসিদ্ধঃ উগ্রবিক্রমঃ মন্যুনা ক্রোধেন প্রচণ্ডবেগঃ যতঃ মধুসূদনাসনঃ তার্ক্ষ্যপুত্রঃ কশ্যপ-নন্দনঃ গরুড়ঃ সব্যেন বামেন হিরণ্যরোচিষা সুবর্ণ-বর্ণেন পক্ষেণ তং কালিয়ং জঘান ॥৭

সুপর্ণপক্ষাভিহতঃ (সুপর্ণস্য গরুড়স্য পক্ষেণ অভিহতঃ অতএব) অতীববিহ্বলঃ ব্যাকুলঃ কালিয়ঃ তদগম্যং (তস্য গরুড়স্য অগম্যং) দুরাসং দুষ্প্রবেশং কালিন্দ্যাঃ যমুনায়াঃ হ্রদং বিবেশ ॥৮

তত্র যমুনায়াম্ একদা ক্ষুধিতঃ গরুড়ঃ সৌভরিণা মুনিনা নিবারিতঃ অপি প্রসহ্য বলাদেব ঈপ্সিতম্ অভিলষিতং ভক্ষ্যং জলচরম্ অহরৎ ॥৯

সমস্ত বলিভোজন করিত।৪

হে রাজন্! শ্রীভগবানের প্রিয় পার্ষদ-প্রবর সর্ব্বশক্তিসমন্বিত শ্রীগরুড়মহাশয় সেই কালিয়ের কর্ম্ম তত্রত্য কর্ণেজপ সর্পমুখে শ্রবণপূর্ব্বক অত্যন্ত কুপিত হইয়া কালিয়কে বিনাশ করিবার অভিলাষে মহাবেগে ভয়ঙ্কর ধ্বনি করিতে করিতে কালিয়ের সমীপে উপস্থিত হইলেন।৫

তখন কালিয়সমীপে গরুড়কে আগমন করিতে দেখিয়া ফণাসমস্ত উন্নত করিয়া দূর হইতেই ফুৎকারাদি দ্বারা বিষত্যাগ করিতে করিতে অতিবেগে গরুড়ের সহিত যুদ্ধ করিবার নিমিত্ত সম্মুখীন হইল এবং সেই দন্তরূপ অস্ত্রধারী কালিয় ভয়ঙ্কর জিহ্বা প্রসারণ পূর্ব্বক ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ ও উগ্র দৃষ্টিতে তাহার নিকটবর্ত্তী হইয়া দন্তদ্বারা দংশন করিতে লাগিল।৬

প্রচণ্ডবেগসম্পন্ন শ্রীমধুসূদনের বাহন মহা-পরাক্রমশালী কশ্যপ-নন্দন শ্রীগরুড়মহাশয় ক্রোধাবিষ্ট হইয়া কদ্রুনন্দন কালিয়কে ইতস্ততঃ ক্ষেপণপূর্ব্বক সুবর্ণসদৃশ দেদীপ্যমান বামপক্ষ দ্বারা আঘাত করিতে লাগিলেন।৭

শ্রীগরুড়ের পক্ষ দ্বারা আহত হইয়া অতিবিহ্বল কালিয় তাঁহার অগম্য ও অগাধজলত্বহেতু অন্যের দুষ্প্রবেশ্য কালিন্দীর হ্রদে প্রবেশ করিল।৮

তথায় গরুড়ের অগম্যত্বের কারণ এই—

একদা (চতুর্বিংশতি যুগের পূর্ব্বে শ্রীরঘুনাথের পূর্ব্বজাত মান্ধাতা মহারাজ যখন পৃথিবী শাসন করেন, তখন) শ্রীগরুড়মহাশয় ক্ষুধিত হইয়া সেই যমুনা-হ্রদে গমন পূর্ব্বক আপনার ঈপ্সিত ভক্ষ্য বৃহৎ মীনকে ধরিতে উদ্যত হইলে তত্রত্য সৌভরি মুনি তাঁহাকে ঐ মৎস্য ভক্ষণ করিতে নিবারণ করিলেও গরুড়মহাশয় বলপূর্ব্বক ঐ মৎস্যকে হরণ করিলেন।৯

মীনান্ সুদুঃখিতান্ দৃষ্ট্বা দীনান্ মীনপতৌ হতে।
কৃপয়া সৌভরিঃ প্রাহ তত্রত্যক্ষেমমাচরন্ ॥১০

অত্র প্রবিশ্য গরুড়ো যদি মৎস্যান্ স খাদতি।
সদ্যঃ প্রাণৈর্বিযুজ্যেত সত্যমেতদ্ ব্রবীম্যহম্ ॥১১

তং কালিয়ঃ পরং বেদ নান্যঃ কশ্চন লেলিহঃ।
অবাৎসীদ্ গরুড়াদ্ ভীতঃ কৃষ্ণেন চ বিবাসিতঃ ॥১২

কৃষ্ণং হ্রদাদ্ বিনিষ্ক্রান্তং দিব্যস্রগ্‌গন্ধবাসসম্।
মহামণিগণাকীর্ণং জাম্বূনদপরিষ্কৃতম্ ॥১৩

উপলভ্যোত্থিতাঃ সর্বে লব্ধপ্রাণা ইবাসবঃ।
প্রমোদনিভৃতাত্মানো গোপাঃ প্রীত্যাভিরেভিরে ॥১৪

যশোদা রোহিণী নন্দো গোপ্যো গোপাশ্চ কৌরব।
কৃষ্ণং সমেত্য লব্ধেহা আসঁল্লব্ধমনোরথাঃ ॥১৫

মীনপতৌ হতে সতি (তদধীনান্) মীনান্ দীনান্ সুদুঃখিতান্ দৃষ্ট্বা কৃপয়া তত্রত্য ক্ষেমং নির্ভয়ত্বম্ আচরন্ কুর্ব্বন্ সৌভরিঃ প্রাহ ॥১০

অত্র যমুনায়াং প্রবিশ্য সঃ গরুড়ঃ যদি মৎস্যান্ খাদতি (ভক্ষয়িষ্যতি), তদা সদ্যঃ তৎক্ষণমেব প্রাণৈঃ বিযুজ্যেত ম্রিয়েত ; এতৎ তথ্যং সত্যম্ এব অহং ব্রবীমি ॥১১

তং সৌভরি-শাপং কালিয়ঃ পরং কেবলং বেদ, অন্যঃ লেলিহঃ সর্পঃ কশ্চন ন বেদ। গরুড়াৎ ভীতঃ সন্ সঃ কালিয়ঃ তত্র অবাৎসীৎ, কৃষ্ণেন চ বিবাসিতঃ নিষ্কাশিতঃ ॥১২

দিব্যস্রগ্‌গন্ধবাসসং মহামণিগণাকীর্ণং (মহামণীনাং গণৈঃ আকীর্ণং সর্ব্বতঃ সমলঙ্কৃতং) জাম্বূনদপরিষ্কৃতং (জাম্বূনদেন সুবর্ণেন পরিষ্কৃতম্ অলঙ্কৃতং) হ্রদাৎ বিনিষ্ক্রান্তং নির্গচ্ছন্তং কৃষ্ণম্ ॥১৩

উপলভ্য দৃষ্ট্বা সর্ব্বে গোপাঃ লব্ধপ্রাণাঃ অসবঃ ইন্দ্রিয়াণি ইব উত্থিতাঃ সন্তঃ প্রমোদনিভৃতাত্মনঃ (প্রমোদেন আনন্দেন নিভৃতাঃ আত্মানঃ মনাংসি যেষাং তে তাদৃশাঃ সন্তঃ) প্রীত্যা প্রণয়েন অভিরেভিরে সর্ব্বতঃ আলিঙ্গিতবন্তঃ ॥১৪

হে কৌরব! যশোদা, রোহিণী, নন্দঃ, গোপ্যঃ, গোপাঃ চ কৃষ্ণং সমেত্য সংগত্য লব্ধেহাঃ প্রাপ্তমনোরথাঃ আসন্ বভূবুঃ ॥১৫

গরুড়মহাশয় সর্ব্বমীনরক্ষক বৃহৎ মৎস্যটি হরণ করিলে সৌভরি মুনি মীনসকলকে দীন ও সুদুঃখিত দর্শন করিয়া তাহাদিগের প্রতি কৃপাবশতঃ তত্রত্য জীবমাত্রের মঙ্গলাকাঙ্ক্ষায় বলিতে লাগিলেন।১০

শ্রীভগবৎপার্ষদ-প্রবর হইলেও মদ্বাক্য অবমানকারী সেই গরুড় এই হ্রদে প্রবেশ পূর্ব্বক যদি মৎস্যসকল ভক্ষণ করে, তাহা হইলে তৎক্ষণাৎ তাহার প্রাণবিয়োগ হইবে, এই সত্য বলিলাম।১১

সৌভরি মুনির এই শাপ-বৃত্তান্ত কালিয়ই কেবল জানিত, অপর কোন সর্প তাহা অবগত ছিল না। অতএব গরুড় হইতে ভীত হইয়া কালিয় ঐ হ্রদে বাস করিতেছিল এবং শ্রীকৃষ্ণ তাহাকে সে স্থান হইতে নির্ব্বাসিত করিয়াছিলেন।১২

এদিকে দিব্য মাল্য, গন্ধ ও বসনবিশিষ্ট, অনর্ঘ মণিসমূহে ও দিব্য সুবর্ণালঙ্কারে সমলঙ্কৃত শ্রীকৃষ্ণকে বিনির্গত হইতে দর্শন করিয়া বিগতপ্রাণ পুনর্ব্বার প্রাণ প্রাপ্ত হইলে ইন্দ্রিয়গণ যেমন হয়, তদ্রূপ আনন্দপূর্ণ মানসে সখাসকল উত্থিত হইয়া প্রীতিসহকারে তাঁহাকে আলিঙ্গন করিতে লাগিলেন।১৩-১৪

হে কৌরব! তদনন্তর যশোদা, রোহিণী, নন্দ, এবং অপরাপর গোপীগণ ও গোপগণ শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া আলিঙ্গনাদি চেষ্টাবিশিষ্ট হইলেন অর্থাৎ সকলে ক্রমে ক্রমে তাঁহাকে আলিঙ্গন ও চুম্বনাদি করিতে লাগিলেন।১৫

রামশ্চাচ্যুতমালিঙ্গ্য জহাসাস্যানুভাববিৎ।
নগা গাবো বৃষা বৎসা লেভিরে পরমাং মুদম্ ॥১৬
নন্দং বিপ্রাঃ সমাগত্য গুরবঃ সকলত্রকাঃ।
ঊচুস্তে কালিয়গ্রস্তো দিষ্ট্যা মুক্তস্তবাত্মজঃ ॥১৭
দেহি দানং দ্বিজাতীনাং কৃষ্ণনির্মুক্তিহেতবে।
নন্দঃ প্রীতমনা রাজন্ গাঃ সুবর্ণং তদাদিশৎ ॥১৮

অস্য কৃষ্ণস্য অনুভাববিৎ (অনুভাবং স্বরূপং বেত্তীতি তত্ত্বজ্ঞঃ) রামঃ অচ্যুতম্ আলিঙ্গ্য জহাস। (তথা) তং কৃষ্ণম্ অঙ্কম্ আরোপ্য প্রেম্না পুনঃ পুনঃ উদৈক্ষত। শুষ্কাঃ নগাঃ বৃক্ষাঃ অপি (কৃষ্ণং দৃষ্ট্বা পরমাং মুদং লেভিরে) গাবঃ বৃষাঃ বৎসতর্য্যঃ (কৃষ্ণং দৃষ্ট্বা) পরমাং মুদং লেভিরে ॥১৬

যে চ সকলত্রকাঃ স্ত্রীসহিতাঃ গুরবঃ বিপ্রাঃ তে সমাগম্য ঊচুঃ—ভো নন্দ! কালিয়গ্রস্তঃ তব আত্মজঃ দিষ্ট্যা সৌভাগ্যেন এব (কালিয়াৎ) মুক্তঃ ॥১৭

কৃষ্ণনির্মুক্তিহেতবে কৃষ্ণস্য সর্পগ্রাসাৎ মুক্তিকারণাৎ দ্বিজাতীনাং ব্রাহ্মণেভ্যঃ দানং দেহি। হে রাজন্! প্রীতমনাঃ হৃষ্টচিত্তঃ নন্দঃ তদা (দানায়) গাঃ সুবর্ণম্ (চ) আদিশৎ ॥১৮

শ্রীকৃষ্ণের ইচ্ছামাত্রেই নিখিল কার্য্য সমাধান হইতে পারে ইত্যাদিরূপ অনুভাবজ্ঞ শ্রীবলরামও পূর্ব্বে ব্রজবাসীদিগের শোকে অন্তঃশুষ্ক হইয়াছিলেন, পশ্চাৎ কৃষ্ণ-দর্শনে লব্ধ-চেষ্টা হইয়া অচ্যুতকে আলিঙ্গন করিয়া "ধন্য ভাই! তুমি এই প্রকার করিতেই উপযুক্ত হইয়াছ" ইহা বলিয়াই যেন হাস্য করিলেন এবং স্নেহবশতঃ শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া পুনঃ পুনঃ নিরীক্ষণ করিতে লাগিলেন এবং এমন কি পূর্ব্বে যে সকল বৃক্ষ, কৃষ্ণকে না দেখিয়া শোকবশতঃ শুষ্ক হইয়াছিল তাহারা পুনর্ব্বার শ্রীকৃষ্ণ দর্শন করিয়া অপূর্ব্ব পল্লব পুষ্পাদি দ্বারা পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইয়া উঠিল। গাভিগণ, বৃষগণ ও বৎসগণও পরমানন্দ লাভ করিলেন।১৬

যে সমস্ত পরম বৈষ্ণব ভাগুরি প্রভৃতি পুরোহিতগণ ও অন্যান্য বিপ্রগণ সস্ত্রীক হইয়া পূর্ব্বেই শ্রীনন্দ মহারাজের সহিত ব্রজ হইতে নির্গত হইয়াছিলেন, তাঁহারা তখন সন্নিকটে আগমন পূর্ব্বক বলিতে লাগিলেন, হে ব্রজেশ্বর! আপনার পুত্র কালিয় কর্ত্তৃক গ্রস্ত হইয়া আপনার আমাদিগের ভাগ্যবলে তাহা হইতে বিমুক্ত হইয়াছে।১৭

হে রাজন্! অতএব ব্রাহ্মণদিগকে দান করুন ইত্যাদি প্রকারে ব্রাহ্মণগণ কর্ত্তৃক আদিষ্ট নন্দ মহারাজ প্রীতমনে কৃষ্ণাগমন-জন্য আনন্দে ব্রাহ্মণদিগকে গাভী ও সুবর্ণ দান করিলেন।১৮

যশোদাপি মহাভাগা নষ্টলব্ধপ্রজা সতী।
পরিষ্বজ্যাঙ্কমারোপ্য মুমোচাশ্রুকলাং মুহুঃ ॥১৯
তাং রাত্রিং তত্র রাজেন্দ্র ক্ষুত্তৃড়্ভ্যাং শ্রমকর্শিতাঃ।
ঊষুর্ব্রজৌকসো গাবঃ কালিন্দ্যা উপকূলতঃ ॥২০
তদা শুচিবনোদ্ভূতো দাবাগ্নিঃ সর্ব্বতো ব্রজম্।
সুপ্তং নিশীথ আবৃত্য প্রদগ্ধুমুপচক্রমে ॥২১

নষ্ট-লব্ধ-প্রজা (নষ্টা অদর্শনং গতা পুনর্লব্ধা প্রজা যয়া তথাভূতা) সতী মহাভাগা যশোদা চ কৃষ্ণং পরিষ্বজ্য আলিঙ্গ্য অঙ্কম্ আরোপ্য মুহুঃ অশ্রুকলাম্ আনন্দাশ্রু মুমোচ ॥১৯

হে রাজেন্দ্র! ক্ষুত্তৃড়্ভ্যাং শ্রমকর্ষিতাঃ ব্রজৌকসঃ গাবঃ তত্র কালিন্দ্যাঃ যমুনায়াঃ উপকূলতঃ কূলপ্রান্তে এব তাং রাত্রিম্ ঊষুঃ ॥২০

তদা তস্যাং রাত্রৌ তত্র নিশীথে অর্দ্ধরাত্র-সময়ে শুচিবনোদ্ভূতঃ (শুচিঃ গ্রীষ্মঃ তৎসম্বন্ধি যৎ বনং তস্মাৎ উদ্ভূতঃ) দাবাগ্নিঃ সুপ্তং ব্রজং (গবাদিসহিতং ব্রজবাসিজনং) সর্ব্বতঃ আবৃত্য প্রদগ্ধুম্ উপচক্রমে ॥২১

মহাভাগ্যবতী সতী যশোমতী নষ্টপ্রায় পুত্রকে প্রাপ্ত হইয়া তাহাকে আলিঙ্গনপূর্ব্বক ক্রোড়ে লইয়া মুহুর্মুহুঃ আনন্দাশ্রুকলা পরিত্যাগ করিতে লাগিলেন।১৯

(লীলাবর্ণনের ক্রমানুসারে অন্য আশ্চর্য্য লীলা বলিতেছেন) হে রাজেন্দ্র! ক্ষুধায়, তৃষ্ণায় ও রোদনাদি শ্রমে দৌর্বল্যপ্রাপ্ত হইয়া ব্রজবাসী গোপ, গোপী, গাভী প্রভৃতি সকলে সেই রাত্রিতে

তত উত্থায় সম্ভ্রান্তা দহ্যমানা ব্রজৌকসঃ।
কৃষ্ণং যযুস্তে শরণং মায়ামনুজমীশ্বরম্ ॥২২
কৃষ্ণ কৃষ্ণ মহাভাগ হে রামামিতবিক্রম।
এষ ঘোরতমো বহ্নিস্তাবকান্ গ্রসতে হি নঃ ॥২৩
সুদুস্তরান্নঃ স্বান্ পাহি কালাগ্নেঃ সুহৃদঃ প্রভো।
ন শক্নুমস্ত্বচ্চরণং সংত্যক্তুমকুতোভয়ম্ ॥২৪

ততঃ দহ্যমানাঃ ব্রজৌকসঃ উত্থায় সম্ভ্রান্তাঃ দিগ্‌দেশ-কালাদি-জ্ঞান-রহিতাঃ অন্যদুপায়মপশ্যন্তঃ এব তে মায়ামনুজং (মায়য়া স্বেচ্ছয়া মানুষতয়া প্রতীয়মানম্) ঈশ্বরং কৃষ্ণং শরণং যযুঃ ॥২২

হে কৃষ্ণ! হে মহাভাগ কৃষ্ণ! হে অমিতবিক্রম রাম! এষঃ ঘোরতরঃ বহ্নিঃ তাবকান্ (তব ইমান্ ইতি) ভবদীয়ান্ নঃ অস্মান্ হি গ্রসতে প্রদহতি ॥২৩

হে প্রভো! সুদুস্তরাৎ কালাগ্নেঃ মৃত্যুরূপাদগ্নেঃ সকাশাৎ স্বান্ স্বকীয়ান্ সুহৃদঃ নঃ অস্মান্ পাহি। অকুতোভয়ং (নাস্তি ভক্তানাং কুতোঽপি ভয়ং যস্মাৎ তৎ) ত্বচ্চরণং সংত্যক্তুং ন শক্নুমঃ পারয়ামঃ ॥২৪

যমুনার কূলসমীপে অর্থাৎ কিঞ্চিৎ দূরবর্ত্তী বনমধ্যে বাস করিলেন।২০

সেই রাত্রিতে নিশীথসময়ে (অর্দ্ধরাত্রে) গ্রীষ্ম-সময়সম্বন্ধী শুষ্ক অরণ্যে উদ্ভূত দাবাগ্নি নিদ্রিত ব্রজবাসিগণকে চতুর্দ্দিক বেষ্টন করিয়া দগ্ধ করিতে উপক্রম করিল।২১

তদনন্তর দহ্যমান সেই ব্রজবাসিগণ গাত্রোত্থান-পূর্ব্বক হঠাৎ তাহার কোনরূপ প্রতিকারাদি বিষয়ে অজ্ঞানবশতঃ কেবল ব্যাকুলচিত্ত হইয়া কিংবা পরিবেষ্টিত বহ্নি হইতে নিঃসরণার্থ ইতস্ততঃ পরিভ্রমণ করিয়া মায়া-মনুজ-বিগ্রহ শ্রীকৃষ্ণের শরণাগত হইলেন।২২

হে মহাভাগ! হে কৃষ্ণ! হে কৃষ্ণ! হে অনন্ত বলশালিন্ রাম! এই ঘোরতর বহ্নি তোমার আশ্রিত আমাদিগকে নিশ্চয়ই গ্রাস করিতে উদ্যত হইয়াছে।২৩

হে প্রভো! তুমি সর্ব্বসাধনে সমর্থ; আমরা তোমার জ্ঞাতি ও সুহৃদ; আমাদিগকে সুদুস্তর কালরূপ অগ্নি হইতে রক্ষা কর। আমরা তোমার অভয়প্রদপদ ক্ষণকালের জন্যও পরিত্যাগ করিতে সমর্থ নই।২৪

ইত্থং স্বজনবৈক্লব্যং নিরীক্ষ্য জগদীশ্বরঃ।
তমগ্নিমপিবত্তীব্রমনন্তোঽনন্তশক্তিধৃক্ ॥২৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭

অনন্তশক্তিধৃক্ অনন্তঃ দেশকালাদ্যপরিচ্ছিন্নঃ জগদীশ্বরঃ শ্রীকৃষ্ণঃ ইত্থং স্বজনবৈক্লব্যং (স্বজনানাং ব্যাকুলতাং) নিরীক্ষ্য তং তীব্রম্ অগ্নিম্ অপিবৎ মুখেন অন্তর্ধাপয়ামাস ॥২৫

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥

শ্রীকৃষ্ণ এই প্রকারে আত্মীয়গণের স্বপ্রেমমূলক অনেক কাকুতিপূর্ব্বক ব্যাকুলতা দর্শন করিয়া সেই ভীষণ দাবানল পান করিলেন। (যদি বল—সুকুমার গোপবালকরূপী শ্রীকৃষ্ণ কি প্রকারে সেই দুঃসহ অগ্নিপান করিলেন? তদুত্তরে বলিতেছি) যিনি অনন্ত অর্থাৎ অদৃশ্য বিগ্রহ হইলেও ব্যাপকত্ব প্রযুক্ত স্বয়ংই সর্ব্বত্র প্রকাশমান, বিশেষতঃ অনন্ত-শক্তিধারী হইয়াছেন, সুতরাং তাঁহার সংহারিকা শক্তিই ঐ দাবাগ্নি পান করিলেন, শক্তিমান্ শ্রীকৃষ্ণে অগ্নিপান আরোপমাত্র হইল।২৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত সপ্তদশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাদশঃ অধ্যায়ঃ।

[প্রলম্বাসুরবিনাশঃ।]

শ্রীশুক উবাচ।

অথ কৃষ্ণঃ পরিবৃতো জ্ঞাতিভির্মুদিতাত্মভিঃ।
অনুগীয়মানো ন্যবিশদ্ ব্রজং গোকুলমণ্ডিতম্ ॥১

ব্রজে বিক্রীড়তোরেবং গোপালচ্ছদ্মমায়য়া।
গ্রীষ্মো নামর্তুরভবন্নাতিপ্রেয়াঞ্ছরীরিণাম্ ॥২

স চ বৃন্দাবনগুণৈর্বসন্ত ইব লক্ষিতঃ।
যত্রাস্তে ভগবান্ সাক্ষাদ্ রামেণ সহ কেশবঃ ॥৩

যত্র নির্ঝরনির্হ্রাদনিবৃত্তস্বনঝিল্লিকম্।
শশ্বত্তচ্ছীকরর্জীষদ্রুমমণ্ডলমণ্ডিতম্ ॥৪

সরিৎসরঃ-প্রস্রবণোর্মিবায়ুনা
কহ্লারকঞ্জোৎপলরেণুহারিণা।
ন বিদ্যতে যত্র বনৌকসাং দবো
নিদাঘ-বহ্ন্যর্কভবোঽতিশাদ্বলে ॥৫

অন্বয়ঃ

ভক্তিসিদ্ধ জনগণ যেরূপ অন্তসময় উপস্থিত হইলে প্রাপ্য পার্ষদদেহ লাভ করিয়া থাকেন, তদ্রূপ বর্ষাপ্রযুক্ত স্বকার্য্যে অক্ষম বণিক্‌গণ, যতিগণ, রাজসকল ও সমস্ত ব্রহ্মচারী স্ব-স্ব স্থান হইতে নির্গত হইয়া বাণিজ্য, স্বাচ্ছন্দ্য, দিগ্বিজয় ও বিদ্যাদি লাভ করিতে লাগিলেন।৪৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত বিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একবিংশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতঃ শ্রীকৃষ্ণস্য বংশীবাদনম্, তদীয়-মধুরবংশীধ্বনিশ্রবণেন গোপীভিস্তদ্‌গুণগানঞ্চ।]

শ্রীশুক উবাচ।
ইত্থং শরৎস্বচ্ছজলং পদ্মাকরসুগন্ধিনা।
ন্যবিশদ্ বায়ুনা বাতং সগোগোপালকোঽচ্যুতঃ ॥১

কুসুমিতবনরাজিশুষ্মিভৃঙ্গ-
দ্বিজকুলঘুষ্টসরঃসরিন্মহীধ্রম্।
মধুপতিরবগাহ্য চারয়ন্ গাঃ
সহপশুপালবলশ্চুকূজ বেণুম্ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইত্থং শরৎ-স্বচ্ছজলং (শরদা স্বচ্ছানি জলানি যস্য তৎ) পদ্মাকরসুগন্ধিনা (পদ্মসমূহ-সম্পর্কাৎ সুগন্ধিনা) বায়ুনা ব্যাপ্তং বনং সগোগোপপালকঃ হরিঃ ন্যবিশৎ ॥১

সহপশুপালবলঃ (পশুপালৈঃ বলেন চ সহিতঃ) মধুপতিঃ কৃষ্ণঃ কুসুমিতবনরাজি-শুষ্মিভৃঙ্গদ্বিজকুলঘুষ্টসরঃসরিন্মহীধ্রং (কুসুমিতাসু বনরাজিষু শুষ্মিণঃ মত্তাঃ ভৃঙ্গাঃ দ্বিজাঃ পক্ষিণঃ চ তেষাং কুলৈঃ ঘুষ্টাঃ নাদিতাঃ সরাংসি সরিতঃ মহীধ্রাঃ পর্ব্বতাঃ যস্মিন্ তৎ) বনম্ অবগাহ্য প্রবিশ্য গাঃ চারয়ন্ বেণুং চুকূজ অবাদয়ৎ ॥২

একবিংশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের বংশীবাদন এবং তাঁহার মধুর বংশীধ্বনি শ্রবণ করত গোপীগণ কর্ত্তৃক তাঁহার গুণগান।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—গাভীগণ ও গোপগণের সহিত শ্রীকৃষ্ণ এবম্ভূত শরদাগমে সুনির্ম্মল সলিল ও পদ্মাকর দ্বারা সংস্পৃষ্ট সুগন্ধ পবন প্রবাহিত শ্রীবৃন্দাবন মধ্যে প্রবেশ করিলেন।১

গোপগণ ও শ্রীবলরামের সহিত মধুপতি শ্রীকৃষ্ণ গাভীসকল চারণ করাইতে করাইতে

তদ্ ব্রজস্ত্রিয় আশ্রুত্য বেণুগীতং স্মরোদয়ম্।
কাশ্চিৎ পরোক্ষং কৃষ্ণস্য স্বসখীভ্যোঽন্ববর্ণয়ন্ ॥৩
তদ্‌বর্ণয়িতুমারব্ধাঃ স্মরন্ত্যঃ কৃষ্ণচেষ্টিতম্।
নাশকন্ স্মরবেগেন বিক্ষিপ্তমনসো নৃপ ॥৪
বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্‌বাসঃ কনককপিশং বৈজয়ন্তীং চ মালাম্।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্ গীতকীর্ত্তিঃ ॥৫

স্মরোদয়ং (স্মরস্য উদয়ঃ যস্মাৎ) তং বেণুগীতম্ আশ্রুত্য কাশ্চিৎ ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণস্য পরোক্ষং স্বসখীভ্যঃ অন্ববর্ণয়ন্ ॥৩

হে নৃপ! স্মরবেগেন (স্মরস্য কামস্য বেগেন) বিক্ষিপ্তমনসঃ (বিক্ষিপ্তং মনো যাসাং তাঃ ব্রজস্ত্রিয়ঃ) তৎ-কৃষ্ণচেষ্টিতং স্মরন্ত্যঃ বর্ণয়িতুম্ আরব্ধাঃ আরব্ধবত্যঃ (অপি) ন অশকন্ (সমর্থাঃ ন জাতাঃ) ॥৪

বর্হাপীড়ং (বর্হাণাং ময়ূরপিচ্ছানাম্ আপীড়ং শিরোভূষণং যত্র তথাভূতং) নটবরবপুঃ (তথা) কর্ণয়োঃ কর্ণিকারং পুষ্পং কনক-কপিশং (কনকবৎ কপিশং পীতং) বাসঃ, বৈজয়ন্তীং পঞ্চবর্ণপুষ্পগ্রথিতাং মালাং চ বিভ্রৎ, অধর-সুধয়া মুখ-বায়ুনা বেণোঃ রন্ধ্রান্ পূরয়ন্ (বেণুং বাদয়ন্ ইত্যর্থঃ) গোপবৃন্দৈঃ (গোপানাং বৃন্দৈঃ সমূহৈঃ) গীতকীর্ত্তিঃ (গীতা কীর্ত্তিঃ যশঃ যস্য সঃ কৃষ্ণঃ) স্বপদরমণং (স্বপদৈঃ পাদচিহ্নৈঃ রমণং রতিজনকং) বৃন্দারণ্যং প্রাবিশৎ ॥৫

কুসুমিত মেঘসমূহ মধ্যে মত্ত ভ্রমর ও পক্ষিকুল কর্ত্তৃক শব্দিত সরোবর, নদী ও পর্ব্বতবিশিষ্ট সেই শ্রীবৃন্দাবনাভ্যন্তরে প্রবেশ করিয়া বেণুধ্বনি করিতে লাগিলেন।২

শ্রীকৃষ্ণভাবে বিভাবিতমতি শ্রীরাধাপ্রভৃতি ব্রজদেবীগণ মদনোদ্ভবকারী শ্রীকৃষ্ণের সেই বেণু-গীত শ্রবণ করিয়া পরোক্ষভাবে আপন আপন সখী ললিতাদির নিকট নিরন্তর বর্ণন করিতে লাগিলেন।৩

হে নৃপ! সেই বেণুগীত বর্ণন করিতে প্রবৃত্ত হইলে সর্ব্বচিত্তাকর্ষক শ্রীকৃষ্ণের তদ্বেণুগীতময়-চেষ্টিত

ইতি বেণুরবং রাজন্ সর্বভূতমনোহরম্।
শ্রুত্বা ব্রজস্ত্রিয়ঃ সর্বা বর্ণয়ন্ত্যোঽভিরেভিরে ॥৬

গোপ্য ঊচুঃ।

অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ
সখ্যঃ পশূননুবিবেশয়তোর্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণুজুষ্টং
যৈর্বা নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষম্ ॥৭

হে রাজন্! সর্ব্বভূতমনোহরং (সর্ব্বেষাং ভূতানাং মনোহরং) বেণুরবং শ্রুত্বা সর্ব্বাঃ ব্রজস্ত্রিয়ঃ (কৃষ্ণস্বরূপমাধুর্য্য-চরিতাদিকং) বর্ণয়ন্ত্যঃ (সত্যঃ পদে পদে কৃষ্ণং) অভিরেভিরে (পদে পদে পরমানন্দমূর্ত্তিং তং পরিরব্ধবত্যঃ আলিঙ্গ্য ঊচুঃ চ) ॥৬

গোপ্যঃ ঊচুঃ। হে সখ্যঃ! বয়স্যৈঃ সখিভিঃ সহ পশূন্ অনুবিবেশয়তোঃ (বনাৎ বনান্তরং প্রবেশয়তোঃ) ব্রজেশসুতয়োঃ (ব্রজেশস্য নন্দস্য সুতয়োঃ রামকৃষ্ণয়োঃ অনুবেণু (বেণুমনু-বর্ত্তমানং তম্ অবাদয়ৎ) অনুরক্তকটাক্ষমোক্ষং (অনুরক্তেষু জনেষু কটাক্ষস্য মোক্ষঃ বিসর্গঃ যস্মিন্ তৎ) বক্ত্রং মুখং যৈঃ নিপীতম্ (অক্ষিভৃঙ্গৈস্তন্মাধুর্য্যম্ অনুভূতং) অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং জুষ্টং সেবিতম্ ইদম্ এব ফলম্, অতঃ পরম্ অন্যৎ উৎকৃষ্টং ফলং বয়ং ন বিদামঃ বিদ্মঃ ॥৭

অনুসন্ধান পূর্ব্বক কন্দর্পবেগে ব্যাকুলিতচিত্ত হইয়া তাহা বর্ণন করিতে অসমর্থ হইলেন।৪

শিখিপুচ্ছরচিত শিরোভূষণযুক্ত নটবরসদৃশ বপু, কর্ণযুগলে পীতবর্ণ উৎপলাকার পুষ্প; কনকতুল্য পীতবর্ণ বসন ও বৈজয়ন্তী মালাধারী গোপবৃন্দ কর্ত্তৃক গীতকীর্ত্তি শ্রীকৃষ্ণ অধরসুধাদ্বারা বেণুর রন্ধ্রসমূহ পূর্ণ করিতে করিতে স্বীয় অসাধারণ পদে সর্ব্বত্র অঙ্কিত থাকায় রতিজনক শ্রীবৃন্দাবনে প্রবেশ করিলেন।৫

হে রাজন্! উক্ত প্রকারে সর্ব্বপ্রাণীর মনোহর বেণুধ্বনি শ্রবণ করিয়া ব্রজসুন্দরীগণ সেই কৃষ্ণ

চূতপ্রবালবর্হস্তবকোৎপলাব্জ-

মালানুপৃক্তপরিধানবিচিত্রবেশৌ।

মধ্যে বিরেজতুরলং পশুপালগোষ্ঠ্যাং

রঙ্গে যথা নটবরৌ ক্ব চ গায়মানৌ ॥৮

চূতপ্রবালবর্হস্তবকোৎপলাব্জমালানুপৃক্তপরিধানবিচিত্রবেশৌ (চূতস্য আম্রস্য প্রবালঃ, বর্হস্তবকাঃ ময়ূরপুচ্ছগুচ্ছানি (শিরসি), উৎপলাব্জানাং মালা কণ্ঠে, তৈঃ অনুপৃক্তে মিলিতে পরিধানে নীল-পীতাম্বরে, তাভ্যাং বিচিত্রঃ বেশো যয়োঃ তৌ রামকৃষ্ণৌ) ক্ব চ কদাচিৎ পশুপালগোষ্ঠ্যাং (পশুপালানাং গোষ্ঠ্যাং সভায়াং) রঙ্গে গায়মানৌ নটবরৌ যথা তথা মধ্যে অলম্ অত্যর্থং বিরেজতুঃ ॥৮

চেষ্টিত বিষয় বর্ণন করিতে করিতে ভাববিশেষোদয়-স্বভাবহেতু পরস্পর আলিঙ্গন করিতে লাগিলেন কিংবা হৃদয়ে আক্রান্ত শ্রীকৃষ্ণকে ভাবনা দ্বারা আলিঙ্গন করিতে লাগিলেন।৬

গোপীগণ বলিতে লাগিলেন—হে সখীগণ! বয়স্যগণ সমভিব্যাহারে গাভী প্রভৃতি পশুসকলকে বনান্তরে প্রবেশনকারী ব্রজরাজতনয় রামকৃষ্ণের বেণুবাদনরত স্নিগ্ধ-কটাক্ষনিক্ষেপান্বিত বদনমণ্ডল যাহারা সম্যক্‌রূপে দর্শন করিয়াছে, তাহাদিগেরই নেত্রাদির সাফল্য, অপর কাহার নেত্রাদির সাফল্য আছে কিনা আমরা জানি না।৭

অন্যান্য ব্রজসুন্দরীগণ কহিলেন—হে গোপীগণ! রঙ্গস্থলে নটবরযুগল যেরূপ শোভা পাইয়া থাকে, তদ্রূপ শ্রীকৃষ্ণ ও বলরাম কোন সময়ে গোপগণের সভামধ্যে মস্তকধৃত চূড়োপরি আম্রমুকুল, কর্ণযুগলে উৎপলের মধ্যস্থিত কোষদ্বয়, দক্ষিণহস্তে নীলকমল, গলদেশে মালা, শোভানুরূপ গাত্র-সংলগ্ন পরিধান-যোগ্য নাট্যোচিত রক্ত, পীত ও নীল বসন দ্বারা বিচিত্র বেশ ধারণ করিয়া বিবিধ প্রকারে অতিশয় শোভা পাইতে লাগিলেন।৮

গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণু

র্দামোদরাধরসুধামপি গোপিকানাম্।

ভুঙ্‌ক্তে স্বয়ং যদবশিষ্টরসং হ্রদিন্যো

হৃষ্যত্ত্বচোঽশ্রু মুমুচুস্তরবো যথার্য্যাঃ ॥৯

হে গোপ্যঃ! অয়ং বেণুঃ কিং কুশলং পুণ্যং স্ম (আশ্চর্য্যে) আচরৎ কৃতবান্, যৎ যস্মাৎ গোপিকানাম্ অপি দুর্লভাং দামোদরাধর-সুধাং (দামোদরস্য অধর-সুধাং) স্বয়ং স্বাতন্ত্র্যেণ অবশিষ্ট-রসং কেবলং রসমাত্রং যথা ভবতি তথা যথেষ্টং ভুঙ্‌ক্তে। অত্র আর্য্যাঃ কুলবৃদ্ধাঃ যথা (তথা অস্য বেণোঃ মাতৃতুল্যাঃ) হ্রদিন্যঃ হৃষ্যত্ত্বচঃ তথা তরবঃ অশ্রু মুমুচুঃ ॥৯

হে গোপীগণ! শ্রীকৃষ্ণের এই নীরস কাষ্ঠময় বেণু এই জন্মে কিংবা পূর্ব্বজন্মে কি আশ্চর্য্য বা অনির্ব্বচনীয় পুণ্যাচরণ করিয়াছে বলিতে পারি না, তাহা জানিতে পারিলে আমরাও সেই পুণ্যাচরণে যত্ন করিতাম। যেহেতু ঐ বেণু আমাদিগের ভোগযোগ্য শ্রীকৃষ্ণের অধরসুধা স্বয়ং যথেষ্টভাবে নিঃশেষরূপে পান করিতেছে, তাহাতে কিছুমাত্রও রস অবশিষ্ট রাখে নাই। এই বেণুর আরও সৌভাগ্য দেখ—যাহাদের জলে উহা পুষ্ট হইয়াছিল, সেই মাতৃতুল্য হ্রদিনীসকলও বিকসিত কমলদলে রোমাঞ্চিত লক্ষিত হইতেছে এবং যাহাদের বংশে ঐ বেণু উৎপন্ন হইয়াছে সেই সকল তরুগণও মধু-ধারাচ্ছলে যেরূপ পিতৃগণ স্ববংশে ভগবৎ-সেবক দর্শন করিয়া রোমাঞ্চিত হয়েন, সেইরূপ আনন্দাশ্রুপাত করিতেছে।৯

বৃন্দাবনং সখি ভুবো বিতনোতি কীর্ত্তিং
যদ্দেবকীসুতপদাম্বুজলব্ধলক্ষ্মি।
গোবিন্দবেণুমনু মত্তময়ূরনৃত্যং
প্রেক্ষ্যাদ্রিসান্বপরতান্যসমস্তসত্ত্বম্ ॥১০

ধন্যাঃ স্ম মূঢ়মতয়োঽপি হরিণ্য এতা
যা নন্দনন্দনমুপাত্তবিচিত্রবেষম্।
আকর্ণ্য বেণুরণিতং সহকৃষ্ণসারাঃ
পূজাং দধুর্বিরচিতাং প্রণয়াবলোকৈঃ ॥১১

কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীলং
শ্রুত্বা চ তৎকণিতবেণুবিচিত্রগীতম্।
দেব্যো বিমানগতয়ঃ স্মরনুন্নসারা
ভ্রশ্যৎপ্রসূনকবরা মুমুহুর্বিনীব্যঃ ॥১২

হে সখি! যৎ যস্মাৎ গোবিন্দবেণুম্ (গোবিন্দস্য বেণুম্) অনু বেণুনিনাদং শ্রুত্বা মন্দগর্জ্জিতং নীলমেঘং মত্বা মত্তময়ূর-নৃত্যং (মত্তাঃ যে ময়ূরাস্তেষাং নৃত্যং) প্রেক্ষ্য অদ্রিসান্ব-পরতান্যসমস্তসত্ত্বং (অদ্রিসানুষু অপরতানি উপরত-ব্যাপারাণি অন্যানি সমস্তানি সত্ত্বানি জন্তবঃ যস্মিন্ তৎ) তথা দেবকীসুত-পদাম্বুজ-লব্ধলক্ষ্মি (দেবকীসুতস্য পদাম্বুজৈঃ তত্র তত্রাঙ্কিতৈঃ লব্ধা লক্ষ্মীঃ শোভা যেন তৎ) বৃন্দাবনং ভুবঃ কীর্ত্তিং বিতনোতি বিস্তারয়তি ॥১০

(হে সখি!) (মূঢ়মতয়ঃ ইত্যপি পাঠ) বিবেকহীনাঃ অপি এতাঃ হরিণ্যঃ ধন্যাঃ কৃতার্থাঃ স্ম এব, যাঃ বেণুরণিতম্ (বেণুরিফিতং ইত্যপি পাঠঃ) বেণুনাদম্ আকর্ণ্য শ্রুত্বা উপাত্ত-বিচিত্র-বেশং (উপাত্তঃ বিচিত্রঃ বেশো যেন তং) নন্দ-নন্দনং প্রতি প্রণয়াবলোকৈঃ সহকৃষ্ণসারাঃ স্বপতিসহিতাঃ এব বিরচিতাং পূজাং সম্মানং দধুঃ কৃতবত্যঃ ॥১১

(হে গোপ্যঃ!) বনিতোৎসব-শীলরূপং (বনিতানাম্ উৎসবো যস্মাৎ তথাভূতং রূপশীলং যস্য তং) কৃষ্ণং নিরীক্ষ্য তৎ কণিত-বেণুগীতং (তেন কণিতস্য বাদিতস্য বেণোঃ বিচিত্রং গীতং) চ শ্রুত্বা বিমানগতয়ঃ (বিমানৈঃ গচ্ছন্ত্যঃ) দেব্যঃ দেবাঙ্গনাঃ স্মরনুন্নসারাঃ (স্মরেণ নুন্নঃ পরিক্ষিপ্তঃ সারঃ ধৈর্য্যং যাসাং তাঃ) তথা ভ্রশ্যৎপ্রসূনকবরাঃ (ভ্রশ্যৎপ্রসূনাঃ কবরাঃ চূড়াঃ যাসাং তাঃ তথাভূতাঃ) বিনীব্যঃ (বিগতাঃ স্খলিতাঃ নীব্যঃ বাসাংসি যাসাং তাঃ) মুমুহুঃ ॥১২

হে সখি! এই বৃন্দাবন বৈকুণ্ঠ অপেক্ষাও পৃথিবীর কীর্ত্তি বিশেষরূপে বিস্তার করিতেছে, যেহেতু শ্রীযশোদা-নন্দনের পাদপদ্ম দ্বারা সর্ব্বশোভা ও সর্ব্ব-সম্পত্তি লাভ করিয়াছে। তাহাছাড়া গোবিন্দের বেণুবাদ্য শ্রবণান্তর মন্দ মন্দ গর্জ্জনবোধে তাঁহাকে নীলমেঘ মনে করিয়া যে-সকল ময়ূর মত্ত হইল, তাহাদিগের নৃত্য দেখিয়া গিরিগুহাপ্রবিষ্ট অপরাপর প্রাণিসকল ক্রিয়াশূন্য দৃষ্ট হইতেছে। এই ব্যাপার অন্য কোথাও নাই, সুতরাং পৃথিবীর কীর্ত্তি বিস্তার করিতেছে।১০

হে সখি! কৃষ্ণপ্রিয় সর্ব্বজীবাশ্রয় শ্রীবৃন্দাবনের মাহাত্ম্যবার্ত্তা দূরে থাকুক, বৃন্দাবনাশ্রিত পশুজাতি-দিগেরও ভাগ্যমহিমা কি বর্ণন করিব? যে হেতু, এই বনচারিণী হরিণীগণ বিবেকহীনমতি হইলেও ইহারা ধন্য; আহা! আমাদিগের ঈদৃশ ভাগ্য হইল না। কারণ, যে হরিণী বেণু-নাদ শ্রবণ করিয়া আপন আপন পতিগণের সহিত মিলিতা হইয়া বনমালা, ময়ূরপুচ্ছ, গুঞ্জাবতংসাদি বিচিত্র বেশধারী শ্রীনন্দ-নন্দনের প্রণয়াবলোকন দ্বারা পূজা সম্পাদন করিতেছে।১১

আহা! শ্রীকৃষ্ণসমীপে বিচরণশীলা বৃন্দাবনবর্ত্তিনী হরিণীদিগের মাহাত্ম্যবর্ণন দূরে থাকুক, গগনচারিণী দেবীগণের ভাগ্যমহিমা কি বর্ণন করিব? তাহা বর্ণন করা অসম্ভব; কারণ, কৃষ্ণানুরাগযোগ্যা স্ত্রীজাতিদিগের পরমানন্দপ্রদ রূপ-ও সু-স্বভাবযুক্ত শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়াও শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাদিত বেণুর অসঙ্কীর্ণ বা বিশুদ্ধ গীত শ্রবণ করিয়া বিমানচারিণী দেবীগণ স্ব-স্ব পতি-ক্রোড়ে অবস্থিতা হইয়াও কামদ্বারা ধৈর্য্যচ্যুতা হওয়ায় মোহপ্রাপ্ত হইলেন। এমনভাবে মুগ্ধ হইলেন যে তাঁহাদিগের কবরীস্থ কুসুমগুলি ভ্রষ্ট এবং কটি-বসন স্খলিত হইয়া পড়িতে লাগিল; তথাপি তাঁহাদিগের

গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত-
পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।
শাবাঃ স্নুতস্তনপয়ঃকবলাঃ স্ম তস্থু-
র্গোবিন্দমাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ ॥১৩

গোবিন্দং দৃশা নেত্রমার্গেণ আত্মনি মনসি স্পৃশন্ত্যঃ আলিঙ্গন্ত্যঃ, (অতএব) অশ্রুকলাঃ (অশ্রূণাং কলাঃ লেশাঃ লোচনয়োঃ যাসাং তাঃ) গাবঃ কৃষ্ণমুখনির্গতবেণু-গীতপীযূষম্ (কৃষ্ণমুখাৎ নির্গতং বেণুগীতম্ এব পীযূষম্ অমৃতং ক্ষরণশঙ্কয়া) উত্তভিত-কর্ণপুটৈঃ উন্নমিতশ্রবণবিবরৈঃ পিবন্ত্যঃ তথা শাবাঃ বৎসাঃ স্নুতস্তনপয়ঃকবলাঃ (স্নুতং স্তনেভ্যঃ ক্ষরিতং স্তনপয়ঃ স্তন্যং কবলে গ্রাসে যেষাং তে তথাভূতাঃ এব) তস্থুঃ স্ম ॥১৩

বাহ্যদৃষ্টি নাই। আহা! পরমমূঢ়া হরিণীদিগের ও পরমবিদগ্ধ দেবরমণীগণের পর্যন্ত এবম্ভুত মোহন হইয়া থাকে, আর আমরা এমন অভাগিনী যে, সর্ব্বসৌভাগ্যামৃতসিন্ধু শ্রীকৃষ্ণের দর্শন পর্য্যন্ত প্রাপ্ত হইতে পারি না। অতএব আমাদিগকে ধিক্ কিংবা শ্রীবৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণের তাদৃশ দর্শনাদি অভাবে আমরা অকৃতার্থ, কিন্তু উহারা ধন্যা হইতেছেন। অথবা ভাবার্থ এই—পরমবিদগ্ধ সূক্ষ্মধী দেবগণ তাহা অবগত হইয়াও আপন আপন স্ত্রীদিগের দ্বেষ করেন না, পরন্তু আপন সৌভাগ্য মনে করিয়া প্রতিদিন তাহাদিগকে শ্রীকৃষ্ণ দেখাইবার নিমিত্ত বিমানে আরোহণ করাইয়া আনয়ন করেন, কিন্তু আমাদিগের পতিগণ কৃষ্ণ দেখাইতে আনা দূরে থাকুক, বরঞ্চ সর্ব্বদা দ্বেষ করিয়া থাকেন, অতএব নিকৃষ্টা মৃগী ও উৎকৃষ্টা দেবী সকলই ধন্যা; মধ্যস্থা মানবী আমরাই কেবল হতভাগ্যবতী হইয়াছি।১২

গাভীগণ উন্নমিত কর্ণরূপ পানপাত্র দ্বারা কৃষ্ণমুখ নির্গত বেণু-গীতরূপ অমৃত পান করিতে করিতে এবং বৎসসকল স্তন-পানে প্রবৃত্ত হইয়া বেণুগীত শ্রবণপূর্ব্বক ঐ গীতামৃত, উন্নমিত কর্ণপাত্রে পান করিতে করিতে কেবল স্তন-ক্ষরিত ক্ষীর-গ্রাস মুখমধ্যে ধারণ করিয়া স্তনপান-বিষয়ে বিস্মৃত হইয়া অবস্থান করিতে লাগিল, কারণ উহারা দৃষ্টি দ্বারা মনোমধ্যে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছে, অতএব উহাদিগের নয়নে অশ্রুকলা দৃষ্ট হইতেছে।১৩

প্রায়ো বতাম্ব বিহগা মুনয়ো বনেঽস্মিন্
কৃষ্ণেক্ষিতং তদুদিতং কলবেণুগীতম্।
আরুহ্য যে দ্রুমভুজান্ রুচিরপ্রবালান্
শৃণ্বন্ত্যমীলিতদৃশো বিগতান্যবাচঃ ॥১৪

(অন্যাঃ আহুঃ) হে অম্ব মাতঃ! অস্মিন্ বনে যে বিহগাঃ পক্ষিণঃ তে প্রায়ঃ প্রায়েণ মুনয়ঃ এব, যে (বিহগাঃ) রুচিরপ্রবালান্ (রুচিরাঃ প্রবালাঃ পল্লবাঃ যেষাং তান্) দ্রুমভুজান্ তরুশাখাঃ আরুহ্য কৃষ্ণেক্ষিতং যথা ভবন্তি তথা মীলিতদৃশঃ বিগতান্যবাচঃ সন্তঃ তদুদিতং (কৃষ্ণেন উদিতং প্রকটিতং) কলবেণুগীতং শৃণ্বন্তি ॥১৪

আহা! শ্রীকৃষ্ণ কর্তৃক পাল্যমান গাভীগণের কৃতার্থতার বিষয় বর্ণন করা দূরে থাকুক, বন্য পক্ষিগণেরও ভাগ্য কি প্রকারে বর্ণন করিব, তাহাও বর্ণনাতীত; কারণ হে মাতঃ! এই বনের পক্ষিকুল প্রায়ই মুনিগণ, যেহেতু তাহারা শ্রীকৃষ্ণদর্শন-যোগ্য মনোহর প্রবালশালী বৃক্ষশাখায় আরোহণপূর্ব্বক অর্দ্ধনিমীলিত নয়নে নিঃশব্দে শ্রীকৃষ্ণকর্তৃক বাদিত সুমধুর বেণুগীত শ্রবণ করিতেছে।১৪

নদ্যস্তদা তদুপধার্য্য মুকুন্দগীত-
মাবর্তলক্ষিতমনোভবভগ্নবেগাঃ।
আলিঙ্গনস্থগিতমূর্ম্মিভুজৈর্ম্মুরারে-
র্গৃহ্ণন্তি পাদযুগলং কমলোপহারাঃ ॥১৫

দৃষ্ট্বাতপে ব্রজপশূন্ সহ রামগোপৈঃ
সঞ্চারয়ন্তমনুবেণুমুদীরয়ন্তম্।
প্রেমপ্রবৃদ্ধ উদিতঃ কুসুমাবলীভিঃ
সখ্যুর্ব্যধাৎ স্ববপুষাম্বুদ আতপত্রম্ ॥১৬

পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়পদাব্জরাগ-
শ্রীকুঙ্কুমেন দয়িতাস্তনমণ্ডিতেন।
তদ্দর্শনস্মররুজস্তৃণরূষিতেন
লিম্পন্ত্য আননকুচেষু জহুস্তদাধিম্ ॥১৭

তদা (বেণুনাদসময়ে) তৎ মুকুন্দগীতম্ উপধার্য্য শ্রুত্বা আবর্ত্তলক্ষিতমনোভব-ভগ্নবেগাঃ (আবর্ত্তৈঃ পরিভ্রমৈঃ লক্ষিতেন সূচিতেন মনোভবেন কামেন ভগ্নো বেগো যাসাং তাঃ) নদ্যঃ উর্ম্মিভুজৈঃ (উর্ম্ময়ঃ এব ভুজাঃ তৈঃ) কমলোপহারাঃ (কমলানি উপহরন্তি যাঃ তাঃ সত্যঃ) মুরারেঃ আলিঙ্গনস্থগিতং (তৈরেব উর্ম্মিভিঃ আলিঙ্গনেন স্থগিতম্ আবৃতং বা) পাদযুগলং গৃহ্ণন্তি ॥১৫

আতপে ঘর্ম্মে রামগোপৈঃ (রামেণ গোপৈঃ চ) সহ-ব্রজপশূন্ সঞ্চারয়ন্তম্ অনু (গবাং পশ্চাদ্ভাগে) বেণুম্ উদীরয়ন্তং (শ্রীকৃষ্ণং) দৃষ্ট্বা (প্রথমং) উদিতঃ (পুনঃ) প্রেমপ্রবৃদ্ধঃ (প্রেম্না প্রবৃদ্ধঃ চ) অম্বুদঃ মেঘঃ কুসুমাবলীভিঃ পুষ্পবৃষ্টিভিঃ সহ সখ্যুঃ (লোকার্ত্তিহরণশীলত্বশ্যামত্বাদিসাম্যাৎ মেঘস্য কৃষ্ণসখিত্বং বোধ্যম্) স্ববপুষা কৃষ্ণস্য আতপত্রং ছত্রং ব্যধাৎ বিহিতবান্ ॥১৬

পুলিন্দ্যঃ শবরাঙ্গনাঃ পূর্ণাঃ কৃতার্থাঃ (এব যতঃ) দয়িতাস্তনমণ্ডিতেন (দয়িতানাং প্রিয়াণাং স্তনেষু মণ্ডিতেন অনুলিপ্তেন পুনশ্চ তাভিঃ ক্রীড়াসময়ে) উরুগায়পদাব্জরাগশ্রীকুঙ্কুমেন (উরুগায়স্য উরুধা গীয়তে ইতি উরুগায়ঃ শ্রীকৃষ্ণঃ তস্য পদাব্জয়োঃ রাগেণ আরুণ্যেন শ্রীঃ কান্তিঃ যস্য তেন কুঙ্কুমেন) তদ্দর্শনস্মররুজঃ (তস্য তৃণলগ্নস্য কুঙ্কুমস্য দর্শনেন স্মরকৃতা রুক্ পীড়া তাপো যাসাং তাঃ) তৃণরূষিতেন কুঙ্কুমেন আননকুচেষু চ লিম্পন্ত্যঃ তদাধিং কামব্যথাং জহুঃ ॥১৭

হে সখি! সচেতনের কথা কি বলিব? অচেতন নদীগুলিও সময়ে সর্ব্বানন্দ-শিরোমণি নিজ সঙ্গম দ্বারা সর্ব্ববিধ দুঃখ হইতে মুক্তি-প্রদাণকারী শ্রীকৃষ্ণের পরমানন্দজনিত রাগময় বেণুগীত শ্রবণ করিয়া আলিঙ্গন দ্বারা যেরূপে আচ্ছাদিত হয়, তদ্রূপে তরঙ্গরূপ হস্ত দিয়া শ্রীকৃষ্ণের পাদ-কমলে কমল উপহার ধারণ করিতেছে। হে সখিগণ! ঐ নদী-সকলের পরিভ্রমণ দ্বারা সূচিত বা লক্ষিত হইতেছে যে, তাহারা বোধ হয় কন্দর্পে পীড়িত হইয়া ভগ্ন-বেগবতী হইয়াছে।১৫

হে সখি! আমাদিগের হৃদয় পাষাণতুল্য, যেহেতু বনে গোচারণরত সুতরাং আতপ-তাপিত শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়াও বিদীর্ণ হইতেছে না, আহা! আমরা তাঁহার অনুকূল সেবা করিতে সমর্থা হইতেছি না, কিন্তু মেঘগণের সহিত তাঁহার কি স্নেহানুবন্ধ যে, তাহারা তৎকালোচিত সেবা করিতেছে; পরন্তু আমরা মন্দভাগ্যা বলিয়া কৃষ্ণ-সেবায় বঞ্চিতা হইতেছি। (তাহাই বলিতেছে)—জলধর স্বয়ং যেরূপ লোকের ক্লেশনাশ করিয়া থাকে, তদ্রূপ শ্রীকৃষ্ণও লোকার্ত্তিহারী হইয়াছেন, অতএব শ্রীকৃষ্ণ জলধরের বন্ধু; কারণ মেঘ নিজবপু স্বরূপ শ্রীকৃষ্ণকে রাম ও গোপগণ সহিত রৌদ্রে রৌদ্রে পশুচারণ করিতে এবং গাভীগণের পশ্চাদ্‌বর্ত্তী হইয়া বেণুবাদনরত দর্শন করিয়া তদুপরি উদিত হইয়া পুনর্ব্বার প্রেমাধিক্যবশতঃ যে প্রকারে গো-গোপ-সহিত শ্রীকৃষ্ণের আতপ-নিবারণ হয়, তদনুরূপ বৃদ্ধি প্রাপ্ত হইয়া যেখানে যেখানে তিনি গমন করেন ও তত্তৎস্থলে গমনপূর্ব্বক কুসুমসমূহ-তুল্য তুষার সহ আপন শরীর দ্বারা সখা শ্রীকৃষ্ণের সম্বন্ধে পুত্রের কার্য্য সম্পাদন করিতেছে।১৬

হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যো
যদ্ রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ।
মানং তনোতি সহগোগণয়োস্তয়োর্যৎ
পানীয়সূয়বসকন্দরকন্দমূলৈঃ ॥১৮

হে অবলাঃ! হন্ত ইতি হর্ষে। অয়ম্ অদ্রিঃ (গোবর্দ্ধনঃ এবং) হরিদাসবর্য্যঃ (হরিদাসেষু শ্রেষ্ঠঃ), যতঃ রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ (রামকৃষ্ণয়োঃ চরণস্পর্শেন প্রমোদো যস্য সঃ) গোগণয়োঃ (গোভিঃ গণেন সখিসমূহেন সহবর্ত্তমানয়োঃ) তয়োঃ (রামকৃষ্ণয়োঃ) পানীয়সূযবসকন্দরকন্দমূলৈঃ (পানীয়ৈঃ জলৈঃ, সূযবসৈঃ শোভনতৃণৈঃ, কন্দরৈঃ কন্দৈঃ মূলৈশ্চ) মানং সৎকারং তনোতি ॥১৮

হে সখিগণ! কৃষ্ণসখা মেঘের ভাগ্য-মহিমা বর্ণন করা দূরে থাকুক, অন্ত্যজ-জাতীয় স্ত্রীসকলের সৌভাগ্য কি বর্ণন করিব! আহা! তাহারাই ধন্য। কারণ, প্রিয়তমার স্তনযুগলে অনুলিপ্ত যে কুঙ্কুম দিবসগত বিলাস-সময়ে শ্রীকৃষ্ণের পাদপদ্মের অরুণিমায় কান্তিবিশিষ্ট এবং বনপরিভ্রমণহেতু তৃণসমূহে লিপ্ত হইয়াছিল, সেই কুঙ্কুমদ্বারা আপন আপন বদন ও কুচমণ্ডলে লেপন করিয়া সেই কুঙ্কুম-দর্শনজন্য তাহাদিগের যে কন্দর্প-তাপ জন্মিয়াছিল, তাহা উপশম করিতে লাগিল; অতএব তাহারাই পূর্ণা; পরন্তু আমরা অপূর্ণা।১৭

হে সখিগণ! এই শ্রীগোবর্দ্ধন নিশ্চয়ই হরিদাসগণের মধ্যে শ্রেষ্ঠ, যেহেতু এই গিরি শ্রীরামকৃষ্ণের চরণস্পর্শে রোমাঞ্চ, ঘর্ম্ম ও আনন্দাশ্রুরূপ তৃণাদির উদগম, আর্দ্রতা ও জলবিন্দু-স্রাবাদি লক্ষণযুক্ত হইয়া পানীয়, শোভন তৃণ, কন্দর, কন্দ ও মূল দ্বারা গো ও গোপগণের সহিত শ্রীরামকৃষ্ণের পূজা বিস্তার করিতেছে।১৮

গা গোপকৈরনুবনং নয়তোরুদার-
বেণুস্বনৈঃ কলপদৈস্তনুভৃৎসু সখ্যঃ।
অস্পন্দনং গতিমতাং পুলকস্তরূণাং
নির্যোগপাশকৃতলক্ষণয়োর্বিচিত্রম্ ॥১৯

কিঞ্চ হে সখ্যঃ! গোপকৈঃ সহ অনুবনং গাঃ নয়তোঃ নির্যোগপাশকৃতলক্ষণয়োঃ (নির্যোগা এব পাশাঃ তৈঃ কৃতং লক্ষণং গোপচিহ্নং যয়োঃ রামকেশবয়োঃ) কলপদৈঃ (কলানি মধুরাণি পদানি যেষু তৈঃ) উদারবেণুস্বনৈঃ (উদারৈঃ শ্রোতৄণাং পরমানন্দপ্রদৈঃ বেণুস্বনৈঃ) তনুভৃৎসু দেহধারিষু গতিমতাম্ অস্পন্দনং (স্থাবরধর্ম্মঃ তথা) তরূণাং পুলকঃ (রোমাঞ্চঃ জঙ্গমধর্ম্মঃ অভূৎ ইতি তু) বিচিত্রম্ ॥১৯

হরিদাস-শ্রেষ্ঠহেতু সার্থকনামা এই গিরিরাজের মহিমা অধিক আর কি বলিব, এই গিরিরাজস্থিত নিখিল চরাচর সকলপ্রাণীই পরমধন্য। তাহাই বলিতেছি—হে সখিগণ! গোপসকলের সহিত বনে বনে গোচারণকারী এবং দোহনকালীন গোসমূহের পাদ-বন্ধন রজ্জু ও দুষ্ট গোগণের বন্ধন রজ্জু চিহ্নিত অর্থাৎ মস্তকে তাহাদিগের পাদবন্ধন রজ্জু ও স্কন্ধে পাশ স্থাপন করিয়া গোপাধিপতির শোভায় বিরাজমান শ্রীরামকৃষ্ণের সুমধুর পদসম্বলিত শ্রবণানন্দদায়ক বেণুরব শ্রবণে দেহধারিদিগের মধ্যে যাহারা গমনশীল, তাহাদিগের স্থাবরধর্ম্ম ও বৃক্ষাদি স্থিতিশীল দেহিদিগের পুলকরূপ জঙ্গমধর্ম্ম প্রতিভাত হইতে লাগিল, তাহা অতীব বিচিত্র।১৯

এবংবিধা ভগবতো যা বৃন্দাবনচারিণঃ।
বর্ণয়ন্ত্যো মিথো গোপ্যঃ ক্রীড়াস্তন্ময়তাং যযুঃ ॥২০

বৃন্দাবনচারিণঃ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য এবংবিধাঃ যাঃ ক্রীড়াঃ, তাঃ মিথঃ পরস্পরং বর্ণয়ন্ত্যঃ গোপ্যঃ তন্ময়তাং কৃষ্ণৈকপরতাং যযুঃ ॥২০

শ্রীবৃন্দাবনচারী নিজ অশেষ মাধুর্য্য প্রকটনশীল ভগবান্ শ্রীকৃষ্ণের এবংবিধ অন্যান্য যে ক্রীড়া, গোপীগণ সেই সকল পরস্পর বর্ণন করিতে করিতে তন্ময়তা অর্থাৎ ক্রীড়াময়তা কিংবা কৃষ্ণৈকানুসন্ধানু-পরতা লাভ করিলেন।২০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে একবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একবিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশঃ অধ্যায়ঃ।

[বস্ত্রহরণলীলাবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।
হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।
চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চনব্রতম্ ॥১

আপ্লুত্যাম্ভসি কালিন্দ্যা জলান্তে চোদিতেঽরুণে।
কৃত্বা প্রতিকৃতিং দেবীমানর্চুর্নৃপ সৈকতীম্ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হেমন্তে ঋতৌ প্রথমে (মার্গশীর্ষে) মাসি নন্দব্রজকুমারিকাঃ (নন্দস্য ব্রজরাজস্য যে বশবর্ত্তিনঃ গোপাঃ তেষাং কুমারিকাঃ) হবিষ্যং ভুঞ্জানাঃ সত্যঃ কাত্যায়ন্যর্চ্চন-ব্রতং (কাত্যায়ন্যাঃ অর্চ্চনং ব্রতং) চেরুঃ চক্রুঃ ॥১

অন্বয়ঃ

হে নৃপ! অরুণে উদিতে (অরুণোদয়বেলায়াং) কালিন্দ্যাঃ যমুনায়াঃ অম্ভসি জলে আপ্লুত্য = স্নাত্বা জলান্তে জলস্য তীরে সৈকতীং বালুকাময়ীং প্রতিকৃতিং কাত্যায়নীপ্রতিমাং কৃত্বা (তাং) দেবীং গন্ধপুষ্পাদিভিঃ

দ্বাবিংশ অধ্যায়।

[বস্ত্রহরণলীলা বর্ণন।]

শ্রীশুকদেব গোস্বামী শরৎকাল-বর্ণনপ্রসঙ্গে বৃঢ়া গোপীগণের পূর্ব্বানুরাগ বর্ণন করিয়া হেমন্ত ঋতু বর্ণন উপলক্ষে কুমারীদিগের পূর্ব্বানুরাগ-প্রক্রিয়া বলিতে লাগিলেন—

শ্রীশুকদেব বলিলেন—(হে রাজন্!) হেমন্তের প্রথম অগ্রহায়ণ মাসে শ্রীনন্দমহারাজের ব্রজস্থিত কুমারীসকল হবিষ্য-ভোজনপরায়ণা হইয়া কাত্যায়নী-দেবীর অর্চ্চনারূপ ব্রত আরম্ভ করিলেন।১

গন্ধৈর্মাল্যৈঃ সুরভিভির্বলিভির্ধূপদীপকৈঃ।
উচ্চাবচৈশ্চোপহারৈঃ প্রবালফলতণ্ডুলৈঃ ॥৩
কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ।
ইতি মন্ত্রং জপন্ত্যস্তাঃ পূজাং চক্রুঃ কুমারিকাঃ ॥৪
এবং মাসং ব্রতং চেরুঃ কুমার্য্যঃ কৃষ্ণচেতসঃ।
ভদ্রকালীং সমানর্চুর্ভূয়ান্নন্দসুতঃ পতিঃ ॥৫

আনর্চ্চুঃ পূজয়ামাসুঃ। গন্ধৈঃ চন্দনাদিভিঃ সুরভিভিঃ নারিকেলাদিভিঃ উচ্চাবচৈঃ উত্তমমধ্যমৈঃ চ উপহারৈঃ প্রবাল-ফলতাম্বূলৈঃ পূজয়ামাসুঃ ॥২-৩

হে মহামায়ে (ভগবতোঽচিন্ত্য-কার্য্যসম্পাদন-শক্তিরূপে) মহাযোগিনি অধিশ্বরি দেবি কাত্যায়নি! নন্দগোপসুতং মে মম পতিং কুরু; তে তুভ্যং নমঃ। ইতি মন্ত্রং জপন্ত্যঃ তাঃ কুমারিকাঃ পূজাং চক্রুঃ ॥৪

এবম্ উক্তপ্রকারেণ মাসং (ব্যাপ্য) ব্রতম্ আহারাদি-নিয়মং চেরুঃ। নন্দসুতঃ পতিঃ ভূয়াৎ (ইতি মনসি সংপ্রার্থ্য) কৃষ্ণচেতসঃ কুমার্য্যঃ ভদ্রকালীং সমানর্চ্চুঃ পূজয়ামাসুঃ ॥৫

হে নৃপ! অরুণোদয়কালে তাঁহারা স্নান করিয়া যমুনার জলসমীপে বালুকাময়ী প্রতিমা স্থাপনপূর্ব্বক সুগন্ধি চন্দন, মাল্য, ধূপ, দীপ, বস্ত্র, ভূষণ ও নৈবেদ্যাদি নানাবিধ উপহার এবং ফল, প্রবাল, তণ্ডুলদ্বারা কাত্যায়নী দেবীর পূজা করিতে লাগিলেন।২-৩

পরে প্রার্থনাপুরঃসর কুমারীগণ প্রত্যেকে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া পূজা করিতে লাগিলেন— "হে কাত্যায়নি! হে মহামায়ে! হে মহাযোগিনি! হে অধিশ্বরি! হে দেবি! শ্রীনন্দগোপের পুত্রকে আমার পতি করুন, আপনাকে নমস্কার করিতেছি" এই মন্ত্র জপ করিয়া পূজা করিতে লাগিলেন।৪

শ্রীকৃষ্ণাসক্তচিত্ত কুমারীগণ এই প্রকারে একমাস কাল ব্রতাচরণ করিয়াছিলেন এবং নন্দসুত আমাদিগের পতি হউন, এইরূপ সঙ্কল্প করিয়া ভদ্রকালী দেবীর অর্চনা করিয়াছিলেন।৫

উষস্যুত্থায় গোত্রৈঃ স্বৈরন্যোন্যাবদ্ধবাহবঃ।
কৃষ্ণমুচ্চৈর্জগুর্যান্ত্যঃ কালিন্দ্যাং স্নাতুমন্বহম্ ॥৬
নদ্যাং কদাচিদাগত্য তীরে নিক্ষিপ্য পূর্ববৎ।
বাসাংসি কৃষ্ণং গায়ন্ত্যো বিজহ্রুঃ সলিলে মুদা ॥৭
ভগবাংস্তদভিপ্রেত্য কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ।
বয়স্যৈরাবৃতস্তত্র গতস্তৎকর্মসিদ্ধয়ে ॥৮

অন্বহং প্রতিদিনম্ উষসি প্রাতঃকালে উত্থায় স্বৈঃ গোত্রৈঃ বর্গৈঃ নামভিঃ সহ অন্যোন্যাঃ বদ্ধবাহবঃ পরস্পরং গৃহীতহস্তাঃ কালিন্দ্যাং স্নাতুং যান্ত্যঃ গচ্ছন্ত্যঃ তাঃ উচ্চৈঃ কৃষ্ণং জগুঃ ॥৬

কদাচিৎ পূর্ব্ববৎ নদ্যাম্ আগত্য তীরে বাসাংসি নিক্ষিপ্য সংস্থাপ্য মুদা হর্ষেণ কৃষ্ণং গায়ন্ত্যঃ সলিলে বিজহ্রুঃ বিহারং চক্রুঃ ॥৭

যোগেশ্বরেশ্বরঃ [যোগেশ্বরাণাম্ অপি ঈশ্বরঃ] ভগবান্ কৃষ্ণঃ তৎ [স্বপ্রাপ্ত্যর্থং ব্রতাচরণপূর্ব্বকং দেব্যারাধনম্] অভিপ্রেত্য জ্ঞাত্বা তৎ কর্ম্মসিদ্ধয়ে (তাসাং কর্ম্মসিদ্ধয়ে) বয়স্যৈঃ বৃতঃ সন্ তত্র আগতঃ ॥৮

তাঁহারা ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থান করিয়া 'অয়ি ধন্যে! কোথায় আছ, কেন বিলম্ব করিতেছ?' ইত্যাদি প্রকারে পরস্পর স্ব স্ব নাম দ্বারা আহূত হইয়া প্রত্যেকে প্রত্যেকের হস্তধারণপূর্ব্বক যমুনায় স্নান করিতে যাইবার সময় উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণের গুণাদি গান করিতেন।৬

সেই অগ্রহায়ণী পূর্ণিমার ব্রতপূর্ণ দিবসে যমুনাতীরে আগমন করিয়া অন্যান্য দিবসের ন্যায় তত্তীরে বসন স্থাপনপূর্ব্বক শ্রীকৃষ্ণের গুণগান করিতে করিতে পরমানন্দসহকারে জলক্রীড়া করিয়াছিলেন।৭

লব্ধ-সার্ব্বজ্ঞাদি-সিদ্ধি যোগেশ্বরদিগের আরাধ্য নিত্য স্বাভাবিক-সর্ব্বজ্ঞাদি-শক্তি ভগবান্ শ্রীকৃষ্ণ সেই ব্রতের অভিপ্রায়ে অর্থাৎ আপনার প্রাপ্তির

তাসাং বাসাংস্যুপাদায় নীপমারুহ্য সত্বরঃ।
হসদ্ভিঃ প্রহসন্ বালৈঃ পরিহাসমুবাচ হ ॥৯

অত্রাগত্যাবলাঃ কামং স্বং স্বং বাসঃ প্রগৃহ্যতাম্।
সত্যং ব্রবাণি নো নর্ম যদ্ যূয়ং ব্রতকর্শিতাঃ ॥১০

(ততঃ) তাসাং বাসাংসি উপাদায় গৃহীত্বা সত্বরঃ নীপং কদম্বম্ আরুহ্য হসদ্ভিঃ বালৈঃ সহ প্রহসন্ পরিহসন্ উবাচ ॥৯

হে অবলাঃ! অত্র আগত্য কামং (স্বেচ্ছয়ৈব) স্বং স্বং বাসঃ প্রগৃহ্যতাম্, ইদং সত্যম্ এব ব্রবাণি, নো নর্ম পরিহাসং, যৎ যস্মাৎ যূয়ং ব্রতকর্শিতাঃ ব্রতেন কর্শিতাঃ শ্রান্তাঃ, এবম্ভূতাসু নর্মবচনং নোচিতমিত্যাশয়ঃ ॥১০

হে সুমধ্যমাঃ! ময়া অনৃতং ন উদিতপূর্ব্বং বা (পূর্ব্বং কদাপি অনৃতং ন উক্তম্) এব, তৎ ইমে গোপাঃ বিদুঃ জানন্তি, (অতঃ) একৈকশঃ (অত্রাগত্য) উত অথবা সহৈব

নিমিত্ত ব্রত করিতেছে, স্ব-বিষয়ক তদীয় গানাদি-রীতি বিশেষ দ্বারা অনুমান করিয়া তাঁহাদিগের কর্ম্মফল প্রদান করিবার নিমিত্ত দাম, সুদাম, বসুদাম ও কিঙ্কিণি এই চারিটি বয়স্য পরিবৃত হইয়া সেই যমুনাতীরে আগমন করিলেন।৮

বালকদিগের সহিত ভীতের ন্যায় ত্বরাযুক্ত হইয়া পরস্পর তূষ্ণীম্ভাব অবলম্বনপূর্ব্বক তাঁহাদিগের বসনগুলি উপাদেয়রূপে গ্রহণ করিয়া কদম্ববৃক্ষোপরি আরোহণ করিলেন। তদ্দর্শনে হাস্যকারী বালক-গণের সহিত স্বয়ং হাস্য করিতে করিতে কুমারীদিগের প্রতি 'চিরকাল কি প্রকারে এই শীতল সলিলে কম্পমানা হইয়া অবস্থান করিবে? জল হইতে উত্থিত হইয়া আর্দ্র বসন পরিত্যাগপূর্ব্বক শুষ্ক বস্ত্র পরিধান কর' ইত্যাদি পরিহাস বাক্য পরিস্ফুট রূপে বলিতে লাগিলেন।৯

হে অবলাগণ! তোমরা সকলে এখানে আগমন করিয়া যথেচ্ছাক্রমে আপন আপন বসন গ্রহণ

ন ময়োদিতপূর্ব্বং বা অনৃতং তদিমে বিদুঃ।
একৈকশঃ প্রতীচ্ছধ্বং সহৈবোত সুমধ্যমাঃ ॥১১
তস্য তৎ ক্ষ্বেলিতং দৃষ্ট্বা গোপ্যঃ প্রেমপরিপ্লুতাঃ।
ব্রীড়িতাঃ প্রেক্ষ্য চান্যোন্যং জাতহাসা ন নির্যযুঃ ॥১২
এবং ব্রুবতি গোবিন্দে নর্ম্মণাক্ষিপ্তচেতসঃ।
আকণ্ঠমগ্নাঃ শীতোদে বেপমানাস্তমব্রুবন্ ॥১৩

আগত্য বাসাংসি প্রগৃহ্যতাম্ ॥১১

তস্য তৎ বস্ত্র-হরণাদিরূপং ক্ষ্বেলিতং পরিহাসোক্তিং দৃষ্ট্বা জ্ঞাত্বা প্রেমপরিপ্লুতাঃ প্রেমব্যাপ্তাঃ তথা অন্যোন্যং প্রেক্ষ্য ব্রীড়িতাঃ লজ্জিতাঃ জাতহাসাঃ (জাতঃ হাসঃ যাসাং তাঃ) গোপ্যঃ (জলাৎ বহিঃ) ন নির্যযুঃ ॥১২

(অপিতু) গোবিন্দে এবং ব্রুবতি সতি নর্ম্মণা পরিহাস-বাক্যেন আক্ষিপ্তচেতসঃ (আক্ষিপ্তম্ আকৃষ্টং চেতো যাসাং তাঃ) শীতোদে শীতলজলে আকণ্ঠমগ্নাঃ (অতএব) বেপমানাঃ সঞ্জাতকম্পাঃ (গোপ্যঃ) তং কৃষ্ণম্ অব্রুবন্ ॥১৩

কর। আমি সত্য বলিতেছি—পরিহাস নহে; যেহেতু তোমরা ব্রতশ্রান্তা হইয়াছ।১০

যদি বল—পরিহাসোক্তির অসত্যতাই বোধ হইতেছে, তদুত্তরে বলিতেছি—আমার পূর্ব্ব পূর্ব্ব বাক্য কখনও মিথ্যা হয় নাই কিংবা আমি কখনও পূর্ব্বে মিথ্যা বলি নাই অর্থাৎ এই জন্মে এতাবৎ বয়স পর্য্যন্ত মিথ্যা কি তাহা জানি না, এই বালকগণ তাহা অবগত আছে। অতএব হে সুমধ্যমাগণ! তোমরা একে একে কিংবা সকলে একত্রে মিলিয়া আগমনপূর্ব্বক বসন গ্রহণ কর।১১

শ্রীকৃষ্ণের এই প্রকার রহস্য-পরিহাস অবগত হইয়া কুমারীগণ স্বভাবতঃ প্রেমবিশেষব্রতী হইলেও সম্প্রতি সমধিক প্রেমরসে নিমগ্ন হইলেন এবং পরস্পর পরস্পরকে অবলোকনপূর্ব্বক লজ্জিতা হইয়া "অয়ি কমলেক্ষণে! তোমাকেই ইনি আহ্বান করিতেছেন"—তদুত্তরে "অয়ি সুধামুখি! তুমিই গমন কর ও সুধাপান কর" ইত্যাদি বাক্যে কেবল

মাহনয়ং ভোঃ কৃথাস্ত্বাস্তু নন্দগোপসুতং প্রিয়ম্।
জানীমোঽঙ্গ ব্রজশ্লাঘ্যং দেহি বাসাংসি বেপিতাঃ ॥১৪

শ্যামসুন্দর তে দাস্যঃ করবাম তবোদিতম্।
দেহি বাসাংসি ধর্মজ্ঞ নো চেদ্ রাজ্ঞে ব্রুবাম হে ॥১৫

ভোঃ অঙ্গ! অনয়ম্ অন্যায্যং মা ন কৃথাঃ; ত্বাং ব্রজশ্লাঘ্যং নন্দগোপসুতং প্রিয়ং (কৃষ্ণম্ ইতি) জানীমঃ; (নঃ) বাসাংসি দেহি, (যতঃ বয়ং) বেপিতাঃ ॥১৪

হে শ্যামসুন্দর! (বয়ং চ তব) দাস্যঃ (অতঃ) তব উদিতং ত্বদুক্তং করবাম। হে ধর্ম্মজ্ঞ! বাসাংসি দেহি, নোচেৎ হে (কৃষ্ণ)! রাজ্ঞে নন্দরাজায় (ইদং বৃত্তং) ব্রুবাম হে

হাসিতেই লাগিলেন, পরন্তু বসনানয়নে কেহই গমন করিলেন না।১২

শ্রীকৃষ্ণ উক্ত প্রকারে পুনঃপুনঃ নানাবিধ পরিহাস-বাক্য বলিতে থাকিলে পরিহাসে আক্ষিপ্তচিত্তা কুমারীগণ শীত সলিলে কণ্ঠ পর্য্যন্ত নিমগ্ন করিয়া শীত-প্রযুক্ত কম্পান্বিত শরীরে শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন।১৩

মুগ্ধাগণ বলিলেন—হে কৃষ্ণ! অন্যায্য কার্য্য করিও না, আমরা তোমাকে শ্রীনন্দগোপের পুত্র ব্রজবাসি-মাত্রের শ্লাঘ্য ও তাহাদিগের প্রিয় বলিয়া জানি, অতএব তুমি গোপকুমার, আমরাও গোপ-কুমারী; সুতরাং আমাদিগের প্রতি এতাদৃশ অন্যায্য কার্য্য করা তোমার উপযুক্ত হয় না। আমাদিগের বস্ত্রগুলি প্রদান কর, আমরা শীতে কাঁপিতেছি।১৪

প্রৌঢ়াগণ বলিলেন—হে সুন্দর! আমরা তোমার দাসী; অতএব যাহা বলিবে, তাহাই করিব। হে ধর্ম্মজ্ঞ! নগ্নস্ত্রীদর্শনে ও পরধনহরণাদি দ্বারা ধর্ম্ম নষ্ট করিও না, আমাদিগের বসনগুলি প্রদান কর। যদি প্রদান না কর, তাহা হইলে রাজার নিকট

শ্রীভগবানুবাচ।

ভবত্যো যদি মে দাস্যো ময়োক্তং বা করিষ্যথ।
তত্রাগত্য স্ববাসাংসি প্রতীচ্ছন্তু শুচিস্মিতাঃ।
নোচেন্নাহং প্রদাস্যে কিং ক্রুদ্ধো রাজা করিষ্যতি ॥১৬

ততো জলাশয়াৎ সর্ব্বা দারিকাঃ শীতবেপিতাঃ।
পাণিভ্যাং যোনিমাচ্ছাদ্য প্রোত্তেরুঃ শীতকর্শিতাঃ ॥১৭

কথয়িষ্যামঃ। শ্রীভগবান্ উবাচ। শুচিস্মিতাঃ ভবত্যঃ যদি মে দাস্যঃ ময়া উক্তং বা যদি করিষ্যথ, তর্হি অত্র আগত্য স্ব-বাসাংসি প্রতীচ্ছত প্রতীচ্ছন্তু গৃহ্নন্তু। নোচেৎ অহং (বাসাংসি) ন প্রদাস্যে, রাজা ক্রুদ্ধঃ সন্ কিং করিষ্যতি। শীতবেপিতাঃ (বহিঃ শীতেন বেপিতাঃ কম্পিতাঃ) শীতকর্শিতাঃ (অন্তঃ শীতেন কর্শিতাঃ ক্লিষ্টাঃ) সর্ব্বাঃ দারিকাঃ পাণিভ্যাং যোনিম্ আচ্ছাদ্য ততঃ জলাশয়াৎ প্রোত্তেরুঃ নির্জগ্মুঃ ॥১৫-১৭

আমরা বলিয়া দিব।১৫

শ্রীভগবান্ বলিলেন—হে শুচিস্মিতা অবলাগণ, (ঈদৃশ বিমলহাস্য দ্বারা স্পষ্টই বোধ হইতেছে, তোমাদিগের শীতাদি দুঃখ নাই এবং কপটতা দ্বারাই কম্পন ভাব দেখাইতেছ) যদি তোমরা আমার দাসী হইলে (আমি বলিতেছি) এইস্থলে আগমন পূর্ব্বক স্ব স্ব বসন গ্রহণ কর, তাহা না হইলে আমি প্রদান করিব না। গোপরাজ ক্রুদ্ধ হইয়াও আমাকে কি করিবেন, পরন্তু আমাতে মোহাধিক্যপ্রযুক্ত কিছুই করিবেন না। (এই বলিয়া তাঁহাদিগের কতকগুলি বসনে নিজের আসন, কতকগুলি বসনে শয্যারচনা, কতকগুলি বসন ধ্বজ, পতাকা ও বিতানাদি রূপে কদম্বশাখা ও উপ-শাখাদিতে আবদ্ধ, কতকগুলি বসন দ্বারা দোলা রচনা করিয়া দেখিতে লাগিলেন এবং কতকগুলি বসন বৃক্ষোপরি ইতস্ততঃ ক্ষেপণ করিতে লাগিলেন)।১৬

তদনন্তর তাঁহারা আপন আপন সখীদিগকে বলিলেন, হে সখীগণ! আমরা আপন বাক্যেই পরাভূতা হইলাম,। এখন যদি বিলম্ব করি, তাহা হইলে

ভগবানাহতা বীক্ষ্য শুদ্ধভাবপ্রসাদিতঃ।
স্কন্ধে নিধায় বাসাংসি প্রীতঃ প্রোবাচ সস্মিতম্ ॥১৮

যূয়ং বিবস্ত্রা যদপো ধৃতব্রতা
ব্যগাহতৈতত্তদু দেবহেলনম্।

(তাসাং) শুদ্ধভাবেন প্রসাদিতঃ প্রীতিযুক্তঃ ভগবান্ আহতাঃ (কুমারিকাঃ) বীক্ষ্য বাসাংসি স্কন্ধে কদম্বস্কন্ধে নিধায় সস্মিতং যথা স্যাৎ তথা প্রীতঃ প্রোবাচ ॥১৮

ধৃতব্রতাঃ অপি যূয়ং বিবস্ত্রাঃ সত্যঃ যৎ অপো ব্যগাহত বিশেষেণ আলোড়িতবত্যঃ, তৎ এতৎ দেবহেলনং(ব্রতবৈগুণ্য-সম্পাদকঃ অপরাধঃ এব) কৃতম্, অতঃ অংহসঃ পাপস্য

ইতিমধ্যেই যদি অন্য কোনও পুরুষ আগমন করে, তবে নিশ্চয় জানিও—ইহা হইতেও মহাবিড়ম্বনাসাগরে পতিত হইব, বিশেষতঃ ইহার অঙ্গস্পর্শপ্রাপ্তির আশা মহাবলবতী হইয়াছে, যে আশা আমাদিগকে এই যমুনাজলে নিমজ্জিতা হইয়া মরিতেও দিতেছে না, অতএব বিধাতা আমাদিগের কপালে ইহাই লিখিয়াছেন; তাহা না হইলে এইরূপ হইত না। সুতরাং এই প্রিয়তমের হঠই অগ্রে করিয়া আপন হঠ রসাতলে পাঠাইয়া লজ্জায় জলাঞ্জলি দিয়া নেত্র মুদ্রিত করিলে প্রাপ্ত অন্ধকার দ্বারা স্ব স্ব দেহ আচ্ছাদন পূর্বক এই জল হইতে তটে গমন করি। সকলে এই মন্ত্রণা দৃঢ় করিয়া শ্রীকৃষ্ণ-সমীপে গমন করিয়াছিলেন, তাহাই বলিতেছি—অনন্তর শ্রীকৃষ্ণের এইরূপ আগ্রহ দেখিয়া শীতকম্পিতকলেবরা সেই সমস্ত বালাগণ শীতদ্বারা হীনবলা হইয়াও আপন আপন হস্তযুগল দ্বারা যোনি আচ্ছাদন করিয়া যমুনা হইতে উত্থিত হইলেন।১৭

তাঁহাদিগের বিশুদ্ধ প্রেমে প্রসাদিত ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে আহতা অর্থাৎ আগতা কিংবা শীতপীড়িতা অথবা সম্যক্ প্রকারে মৃতার ন্যায় অবলোকন পূর্বক প্রীত হইয়া বস্ত্রগুলি বৃক্ষ স্কন্ধে কিংবা স্বীয় স্কন্ধে রাখিয়া হাস্য করিতে করিতে বলিতে লাগিলেন।১৮

বদ্ধ্বাঞ্জলিং মূর্দ্ধ্ন্যপনুত্তয়েঽংহসঃ
কৃত্বা নমোঽধো বসনং প্রগৃহ্যতাম্ ॥১৯

ইত্যচ্যুতেনাভিহিতং ব্রজবালা
মত্বা বিবস্ত্রাপ্লবনং ব্রতচ্যুতিম্।
তৎপূর্ত্তিকামাস্তদশেষকর্ম্মণাং
সাক্ষাৎকৃতং নেমুরবদ্যমৃগ্ যতঃ ॥২০

অপনুত্তয়ে নিবৃত্তয়ে মূর্দ্ধ্নি অঞ্জলিং বদ্ধ্বা অধঃ নমঃ কৃত্বা বসনং প্রগৃহ্যতাম্ ॥১৯

ইতি এবম্ অচ্যুতেন শ্রীকৃষ্ণেন অভিহিতং কথিতং (শ্রুত্বা) বিবস্ত্রাপ্লবনং নগ্নস্নানং ব্রতচ্যুতিং মত্বা তৎপূর্ত্তিকামাঃ (তস্য ব্রতস্য পূর্ত্তিকামাঃ) তদশেষকর্ম্মণাং সাক্ষাৎকৃতং ফলস্বরূপং তং কৃষ্ণং নেমুঃ, যতঃ যস্মাৎ সঃ এব অবদ্যমৃক্ পাপনিবর্ত্তকঃ ॥২০

হে বালাগণ! তোমরা ব্রতপরায়ণা হইয়া বিবসনাবস্থায় যেহেতু জলে অবগাহন করিয়াছ, তাহাতেই তোমাদিগের জলাধিষ্ঠাতা বরুণ কিংবা নারায়ণের অবহেলন বা অপরাধ হইয়াছে, সেই পাপের অপনোদন করিবার নিমিত্ত মস্তকোপরি অঞ্জলি বদ্ধ করিয়া অধোভাগে প্রণামপুরঃসর বসন গ্রহণ কর কিংবা প্রণাম করত পরিধান-বস্ত্রই গ্রহণ কর; পরন্তু তাহা করিলেও উত্তরীয় বসন পাইবে না।১৯

ব্রজবালাগণ এই প্রকারে দোষস্বরূপে অচ্যুত কর্তৃক কথিত বিবস্ত্র-স্নানকে ব্রতভঙ্গের কারণ মনে করিয়া সেই ব্রতের পূর্ণত্ব-কামনায় সেই ব্রতের ও অন্যান্য অশেষ কর্ম্মের সাক্ষাৎ সাধু ফলস্বরূপ শ্রীকৃষ্ণকে প্রণাম করিলেন, যেহেতু তাহা হইতেই সর্বদোষ নিবৃত্তি হইয়া থাকে।২০

তাস্তথাবনতা দৃষ্ট্বা ভগবান্ দেবকীসুতঃ।
বাসাংসি তাভ্যঃ প্রাযচ্ছৎ করুণস্তেন তোষিতঃ ॥২১
দৃঢ়ং প্রলব্ধাস্ত্রপয়া চ হাপিতাঃ
প্রস্তোভিতাঃ ক্রীড়নবচ্চ কারিতাঃ।
বস্ত্রাণি চৈবাপহৃতান্যথাপ্যমুং
তা নাভ্যসূয়ন্ প্রিয়সঙ্গনির্বৃতাঃ ॥২২

পরিধায় স্ববাংসাসি প্রেষ্ঠসঙ্গমসজ্জিতাঃ।
গৃহীতচিত্তা নো চেলুস্তস্মিন্ লজ্জায়িতেক্ষণাঃ ॥২৩
তাসাং বিজ্ঞায় ভগবান্ স্বপাদস্পর্শকাম্যয়া।
ধৃতব্রতানাং সঙ্কল্পমাহ দামোদরোঽবলাঃ ॥২৪
সঙ্কল্পো বিদিতঃ সাধ্ব্যো ভবতীনাং মদর্চ্চনম্।
ময়ানুমোদিতঃ সোঽসৌ সত্যো ভবিতুমর্হতি ॥২৫

তথা স্বোক্তপ্রকারেণ অবনতাঃ তাঃ কুমারিকাঃ দৃষ্ট্বা তেন প্রণামেন তোষিতঃ ভগবান্ দেবকীসুতঃ তাভ্যঃ বাসাংসি প্রাযচ্ছৎ প্রদদৌ ॥২১

দৃঢ়ম্ অত্যর্থং, প্রলব্ধাঃ অধিক্ষিপ্তাঃ, ত্রপয়া লজ্জয়া অবহাপিতাঃ, ত্যাজিতাঃ (অত্রাগত্য) স্ববাসাংসি প্রতীচ্ছন্তু ইতি) প্রস্তোভিতাঃ উপহাসিতাঃ ক্রীড়নবৎ চ কারিতাঃ (বদ্ধাঞ্জলিমিত্যাদিনা) বস্ত্রাণি বাসাংসি চ তাসাম্ অপহৃতানি এব তথাপি প্রিয়সঙ্গনির্বৃতাঃ (প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য সঙ্গেন নির্বৃতাঃ পরমানন্দযুক্তাঃ) তাঃ কুমারিকাঃ অমুং কৃষ্ণং ন অভ্যসূয়ন্ উক্তদোষদৃষ্ট্যা ন অপশ্যন্ ॥২২

ততঃ স্ববাসাংসি পরিধায় তস্মিন্ লজ্জায়িতেক্ষণাঃ (লজ্জায়িতম্ ঈক্ষণং যাসাং তথাভূতাঃ) গৃহীতচিত্তাঃ (গৃহীতং বশীকৃতং চিত্তং যাসাং তাঃ) প্রেষ্ঠসঙ্গমসজ্জিতাঃ (প্রেষ্ঠস্য অতিপ্রিয়পাত্রস্য কৃষ্ণস্য সঙ্গমেন সজ্জিতাঃ বশীকৃতাঃ) সত্যঃ ততঃ স্থানাৎ নো ন চেলুঃ ॥২৩

স্বপাদস্পর্শকাম্যয়া ধৃতব্রতানাং (ধৃতং ব্রতং যাভিঃ তাসাং) সংকল্পম্ অভিপ্রায়ং বিজ্ঞায় ভগবান্ দামোদরঃ অবলাঃ প্রতি আহ ॥২৪

হে সাধ্ব্যঃ! মদর্চ্চনং (মৎপ্রাপ্ত্যর্থং কাত্যায়ন্যর্চ্চনং তথা) ভবতীনাং সংকল্পঃ (পতিত্বেন ময়া সহ রমণং) ময়া বিদিতঃ (অকথিতোঽপি) অনুমোদিতঃ অঙ্গীকৃতঃ চ ; অথ সঃ অসৌ সংকল্পঃ সত্যঃ যথার্থঃ সফলঃ ভবিতুম্ অর্হতি ॥২৫

শ্রীদেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে স্বীয় কথিত বাক্যানুসারে অবনত দর্শন করিয়া এবং সেই প্রণাম দ্বারা তোষিত ও করুণান্বিত হইয়া কদম্ববৃক্ষের অধোভাগ হইতে কিঞ্চিৎ অবতরণ পূর্ব্বক সপ্রেম সম্বোধনাদি দ্বারা কুমারীদিগকে সমস্ত বসন অর্পণ করিলেন।২১

সেই কুমারীগণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক "তোমরা বিবস্ত্রা হইয়া জলাবগাহনে অপরাধিনী হইয়াছ" ইত্যাদি বাক্যে অত্যন্ত বঞ্চিতা, "এখানে আসিয়া আপন আপন বসন গ্রহণ কর" ইত্যাদি আগ্রহে লজ্জা বিসর্জ্জন, "আমি সত্য বলিতেছি মিথ্যা কথা নহে" ইত্যাদি বাক্য উপহসিতা "মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া প্রণাম করত" "ইত্যাদি প্রায়শ্চিত্তচ্ছলে ক্রীড়নকবৎ বা পুত্তলিকার ন্যায় কৃত হইয়া ও অপহৃত-বসনা হইয়াও তাঁহাকে দোষদৃষ্টিতে দর্শন করিলেন না, যেহেতু প্রিয়তমের সঙ্গ দ্বারা তাঁহারা পরম নিবৃত্তা হইয়াছিলেন অর্থাৎ প্রিয়ত্বহেতু প্রিয়কৃত দুঃখ-প্রদানকেও সুখস্বরূপে অনুভব করিয়াছিলেন।২২

অনন্তর ব্রজসুন্দরীগণ নিজ নিজ বসন, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক পরিবর্ত্তনপূর্ব্বক প্রদত্ত হইলেও পরিচয়ান্তর পরস্পর আপন আপন বস্ত্রই পরিধান করিয়া প্রিয়-সঙ্গমে বশীভূত সুতরাং গৃহীতচিত্ত হইয়া সেইস্থান হইতে বিচলিতা হইলেন না, গৃহীতচিত্তা হইবার কারণ এই যে, শ্রীকৃষ্ণের প্রতি তাঁহাদিগের লজ্জা-বিলসিত দৃষ্টি হইয়াছিল।২৩

শ্রীভগবান্ দামোদর স্বপাদস্পর্শ কামনায় ধৃতব্রতা কুমারীগণের সঙ্কল্প অবগত হইয়া সেই অবলাদিগের প্রতি বলিতে লাগিলেন।২৪

হে সাধ্বীগণ! তোমাদিগের মদীয় সুখোৎপাদক মদ্‌বিষয়ক আরাধনারূপ সঙ্কল্প কিংবা মদ্‌বিষয়ক পতিগতময় প্রেমরূপ সঙ্কল্প তোমরা লজ্জাবশতঃ বিজ্ঞাপন করিলেও আমি তাহা অবগত হইয়াছি।

ন ময্যাবেশিতধিয়াং কামঃ কামায় কল্পতে।
ভর্জ্জিতা ক্বথিতা ধানা প্রায়ো বীজায় নেষ্যতে ॥২৬
যাতাবলা ব্রজং সিদ্ধা ময়েমা রংস্যথ ক্ষপাঃ।
যদুদ্দিশ্য ব্রতমিদং চেরুরার্য্যার্চ্চনং সতীঃ ২৭

শ্রীশুক উবাচ।

ইত্যাদিষ্টা ভগবতা লব্ধকামাঃ কুমারিকাঃ।
ধ্যায়ন্ত্যস্তৎপদাম্ভোজং কৃচ্ছ্রান্নির্বিবিশুর্ব্রজম্ ॥২৮

অথ গোপৈঃ পরিবৃতো ভগবান্ দেবকীসুতঃ।
বৃন্দাবনাদ্গতো দূরং চারয়ন্ গাঃ সহাগ্রজঃ ॥২৯

নিদাঘার্কাতপে তিগ্মে ছায়াভিঃ স্বাভিরাত্মনঃ।
আতপত্রায়িতান্ বীক্ষ্য দ্রুমানাহ ব্রজৌকসঃ ॥৩০

যথা। ভর্জ্জিতাঃ দগ্ধাঃ ক্বথিতাঃ রন্ধিতাঃ বা ধানা যবাদিরূপাঃ বীজাঃ প্রায়ঃ বীজায় পুনরঙ্কুরোৎপাদনায় ন ঈশতে (সমর্থাঃ ভবন্তি তথা।) ময়ি আবেশিতধিয়াং মদাবেশিতচিত্তানাং কামঃ বিষয়ভোগসংকল্পঃ কামায় পুনঃ সংসারবিষয়ভোগায় ন কল্পতে ॥২৬

হে অবলাঃ যূয়ং ব্রজং যাত গচ্ছত, যতঃ সিদ্ধাঃ পূর্ণমনোরথাঃ। হে সতীঃ সত্যঃ! যৎ ময়া সহ রমণম্ উদ্দিশ্য সংকল্প্য ইদম্ আর্য্যার্চ্চনং (আর্য্যায়াঃ কাত্যায়ন্যাঃ অর্চ্চনং) চেরুঃ কৃতবত্যঃ তৎ ইমাঃ আগমিনীঃ ক্ষপাঃ শরদ্রাত্রীঃ ময়া সহ রংস্যথ রমণং প্রাপ্স্যথ ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং ভগবতা আদিষ্টাঃ আজ্ঞপ্তাঃ, লব্ধকামাঃ প্রাপ্তমনোরথাঃ কুমারিকাঃ তৎপদাম্ভোজং ধ্যায়ন্ত্যঃ কৃচ্ছ্রাৎ অতিকষ্টেন ব্রজং নির্বিবিশুঃ ॥২৮

অথ সহাগ্রজঃ সবলঃ ভগবান্ দেবকীসুতঃ গোপৈঃ বৃতঃ সন্ গাঃ চারয়ন্ বৃন্দাবনাৎ দূরং গতঃ ॥২৯

তিগ্মে নিদাঘার্কতপে স্বাভিঃ ছায়াভিঃ আত্মনঃ স্বস্য আতপত্রায়িতান্ ছত্রাকারেণ স্থিতান্ দ্রুমান্ বীক্ষ্য ভগবান্ ব্রজৌকসঃ গোপান্ প্রতি আহ ॥৩০

তোমাদিগের সেই সঙ্কল্প আমি অনুমোদন করিলাম এবং মদনুমোদিত হেতু তাহা সত্য হইবার যোগ্য।২৫

আমাতে আবেশিত চিত্ত অর্থাৎ কেবল মন দ্বারা আমার সেবাপরায়ণ ব্যক্তি মাত্রের যে রাজ্যাদি কামনা তাহা কামভোগার্থ কল্পিত হয় না, যেহেতু যবসমূহ ভর্জ্জিত (দগ্ধ) ও ক্বথিত (রন্ধিত) হইলে তাহা প্রায়ই অঙ্কুর উদ্গমনে সমর্থ হয় না।২৬

হে অবলাগণ। তোমরা সিদ্ধা হইয়াছ অতএব এখন ব্রজে গমন কর ; আগামিনী শারদীয়া রজনী-সমূহে আমার সহিত ক্রীড়া করিতে পাইবে। হে সতীগণ! দেবতা আরাধনা কখনও মিথ্যা হইতে পারে না ; যেহেতু আমার সহিত ক্রীড়া করিবার উদ্দেশ্য করিয়া তোমরা কাত্যায়নী অর্চ্চনরূপ এই ব্রতাচরণ করিয়াছ।২৭

শ্রীশুকদেব কহিলেন,—(হে রাজন্!) শ্রীভগবান্ কর্ত্তৃক "ব্রজে গমন কর" এই প্রকারে আদিষ্ট হইয়া লব্ধকামা কুমারীগণ শ্রীকৃষ্ণের পাদপদ্ম ধ্যান করত অতিকষ্টে ব্রজে গমন করিলেন।২৮

(অধুনা গোপকন্যাদিগের প্রসাদ বর্ণন করিয়া তৎপ্রস্তাবসাদৃশ্য হেতু পত্নীগণের প্রতি প্রসাদ বলিতে আরম্ভ করিলেন।)

অনন্তর নিদাঘসময়ে দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রজ বলরামের সহিত গোপগণে পরিবৃত হইয়া গোচারণ করিতে করিতে শ্রীবৃন্দাবন হইতে দূরবর্ত্তি-স্থানে গমন করিলেন।২৯

গ্রীষ্মকালীন সূর্য্যের প্রখর আতপে আপন আপন ছায়া দ্বারা আতপত্রতুল্য বৃক্ষসমূহ দর্শন করিয়া শ্রীকৃষ্ণ বয়স্য গোপগণকে বলিলেন।৩০

হে স্তোককৃষ্ণ হে অংশো শ্রীদামন্ সুবলার্জ্জুন।
বিশালর্ষভ তেজস্বিন্ দেবপ্রস্থ বরূথপ ॥ ৩১
পশ্যতৈতান্ মহাভাগান্ পরার্থৈকান্তজীবিতান্।
বাতবর্ষাতপহিমান্ সহন্তো বারয়ন্তি নঃ ॥৩২
অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবনম্।
সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ ॥৩৩

পত্র-পুষ্প-ফলচ্ছায়া-মূল-বল্কল-দারুভিঃ।
গন্ধ-নির্য্যাস-ভস্মাস্থি-তোক্মৈঃ কামান্ বিতন্বতে ॥৩৪
এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু।
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় এবাচরেৎ সদা ॥৩৫
ইতি প্রবালস্তবক-ফলপুষ্পদলোৎকরৈঃ।
তরূণাং নম্রশাখানাং মধ্যেন যমুনাং গতঃ ॥৩৬

(তত্র গোপান্ তন্নাম্না সম্বোধয়তি) হে স্তোককৃষ্ণ, হে অংশো শ্রীদামন্, সুবল, অর্জ্জুন, বিশাল, ঋষভ, তেজস্বিন্ বরূথপ ॥৩১

পরার্থৈকান্তজীবিতান্ (পরার্থম্ এব একান্তেন নিশ্চয়েন জীবিতং যেষাং তান্) এতান্ মহাভাগান্ বৃক্ষান্ পশ্যত (যতঃ স্বয়ং বাতবর্ষাহিমাতাপান্ সহন্তঃ সহমানাঃ অপি ন অস্মাকং বাতাদীন্ বারয়ন্তি ॥৩২

যেষাম্ অর্থিনঃ জনাঃ বিমুখাঃ নিষ্ফলাঃ বৈ ন যান্তি তাদৃশানাম্ এষাং বৃক্ষাণাং (পরোপকারিণাং) সর্ব্বপ্রাণ্যুপজীবনং (সর্ব্বেষাং প্রাণিনাম্ উপজীবনং জীবিকাসাধনং) জন্ম সুজনস্য কৃপালোঃ ইব অহো বরং শ্রেষ্ঠম্ এব ॥৩৩

এতে পত্রপুষ্পফলচ্ছায়ামূলবল্কলদারুভিঃ গন্ধনির্য্যাস-ভস্মাস্থিতোক্মৈঃ (নির্য্যাসঃ ঘনরসঃ অস্থিঃ সারাংশঃ তোক্মাঃ পল্লবাদঙ্কুরাঃ তৈঃ) (জনানাং) কামান্ মনোরথান্ বিতন্বতে পূরয়ন্তি ॥৩৪

যৎ প্রাণৈঃ (প্রাণিনাম আদরণকর্ম্মভিঃ) অর্থৈঃ (ধনাদিভিঃ) ধিয়া (হিতচিন্তনেন) বাচা (হিতোপদেশেন) দেহিষু সদা শ্রেয়ঃ) আচরণং শ্রেয়সঃ আচরণম্ (এতাবৎ দেহিনাম্ ইহ দেহেষু জন্মসাফল্যম্ (জন্মনঃ সাফল্যম্) এব ॥৩৫

ইতি (এবং বৃক্ষান্ অভিনন্দন্ ভগবান্) প্রবালস্তবকফল-পুষ্পদলোৎকরৈঃ (ফলপুষ্পাদীনাম্ উৎকরৈঃ সমূহৈঃ) নম্রশাখানাং (নম্রাঃ শাখাঃ যেষাং) তেষাং তরূণাং মধ্যতঃ মধ্যবর্ত্তিমার্গেণ যমুনাং গতঃ ॥৩৬

হে স্তোককৃষ্ণ! হে অংশো! হে শ্রীদাম! হে সুবল! হে অর্জ্জুন! হে বিশাল! হে বৃষভ! হে ওজস্বিন্! হে দেবপ্রস্থ! হে বরূথপ পরোপকারার্থেই একমাত্র জীবনধারী এই মহাভাগ্যশালী বৃক্ষসমূহ দর্শন কর, ইহারা স্বয়ং বাত, বর্ষা আতপ ও হিম সহ্য করিয়া বাতাদি-জন্য আমাদের ক্লেশ নিবারণ করিতেছে।৩১-৩২

(কেবল যে বাতাদি দুঃখ হইতে রক্ষা করিতেছে তাহা নহে, পরন্তু সর্ব্বার্থও সম্পাদন করিতেছে তাহাই বলিতেছি)

আহা! কি আশ্চর্য্য! ইহাদিগের জন্ম, মানুষ জন্ম হইতেও শ্রেষ্ঠ, কারণ ইহাদিগের জন্ম—সর্ব্ব প্রাণীর জীবিকা হেতুভূত হইয়াছে। কৃপালু ব্যক্তির নিকট যাচকদের ন্যায় অর্থাৎ দয়ালুর নিকট প্রার্থিজন যেমন বিমুখী হয় না, তদ্রূপ ইহাদিগের নিকট হইতে প্রাণিগণ কখনও বিমুখ হয় না পরন্তু ছায়া ও ফলাদি দ্বারা সৎকৃত হইয়া থাকে—ইহা প্রসিদ্ধ আছে।৩৩

তাহাই বলিতেছি ইহারা পত্র, পুষ্প, ফল, ছায়া, মূল, বল্কল, কাষ্ঠ, গন্ধ, নির্য্যাস (ঘনরস) ভস্ম, অস্থি (সারাংশ) ও পল্লবাদি অঙ্কুর দ্বারা প্রার্থিগণের কামনা বিস্তাররূপে প্রদান করিয়া থাকে।৩৪

এই সংসারে দেহিদিগের প্রাণ, ধন, বুদ্ধি (সদুপায়চিন্তা) উপদেশাদিবাক্য দ্বারা দেহিগণের প্রতি যে নিরন্তর হিতাচরণ করা, তাহাই জন্মের ফল।৩৫

বৃক্ষসমূহকে এই প্রকারে অভিনন্দন করিতে প্রবাল (কোমলপত্র) স্তবক, ফল, পুষ্প ও পত্রসমূহে নতশাখা বৃক্ষগণের মধ্যবর্ত্তি-পথে যমুনায় গমন করিতে লাগিলেন।৩৬

তত্র গাঃ পায়য়িত্বাপঃ সুমৃষ্টাঃ শীতলাঃ শিবাঃ।
ততো নৃপ স্বয়ং গোপাঃ কামং স্বাদু পপুর্জ্জলম্ ॥৩৭
তস্যা উপবনে কামং চারয়ন্তঃ পশূন্ নৃপ।
কৃষ্ণরামাবুপাগম্য ক্ষুধার্ত্তা ইদমব্রুবন্ ॥৩৮

হে নৃপ! তত্র যমুনায়াং গোপাঃ গাঃ সুমৃষ্টাঃ স্বচ্ছাঃ শিবাঃ আরোগ্যকরাঃ শীতলাঃ আপঃ পায়য়িত্বা ততঃ তদনন্তরং স্বয়ম্ অপি স্বাদু জলং কামং যথেষ্টং পপুঃ ॥৩৭

তস্যাঃ যমুনায়াঃ উপবনে কামং যথেচ্ছং পশূন্ চারয়ন্তঃ

হে নৃপ! সেই যমুনাতে গাভী-সকলকে শীতল, আরোগ্যকর ও স্বচ্ছ জল পান করাইয়া তদনন্তর শ্রীকৃষ্ণাদি গোপগণ স্বয়ং সেই সুমিষ্টত্বাদি-গুণযুক্ত জল যথেষ্ট প্রকারে পান করিতে লাগিলেন।৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

ক্ষুধার্ত্তাঃ গোপাঃ কৃষ্ণরামৌ উপাগম্য ইদং বক্ষ্যমাণম্ অব্রুবন্ ॥৩৮

শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ।

হে নৃপ! সেই যমুনার উপবনে গোপগণ পশুসকলের ইচ্ছানুসারে পশুচারণ করিতে করিতে ক্ষুধার্ত্ত হইয়া শ্রীরামকৃষ্ণের সমীপে আগমনপূর্ব্বক বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।৩৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত দ্বাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ।

[অন্নযাচ্ঞাচ্ছলেন শ্রীভগবতো দ্বিজপত্নীষ্বনুগ্রহঃ।]

গোপা ঊচুঃ।

রাম রাম মহাবীর্য্য কৃষ্ণ দুষ্টনিবর্হণ।
এষা বৈ বাধতে ক্ষুন্নস্তচ্ছান্তিং কর্ত্তুমর্হথঃ ॥১

শ্রীশুক উবাচ।

ইতি বিজ্ঞাপিতো গোপৈর্ভগবান্ দেবকীসুতঃ।
ভক্তায়া বিপ্রভার্য্যায়াঃ প্রসীদন্নিদমব্রবীৎ ॥২

অন্বয়ঃ

গোপাঃ ঊচুঃ। হে রাম মহাবাহো রাম! হে দুষ্টনিবর্হণ কৃষ্ণ! এষা ক্ষুৎ নঃ অস্মান্ বাধতে পীড়য়তি, তচ্ছান্তিম্ (অতঃ তস্যাঃ শান্তিং নিবৃত্তিং কর্ত্তুং যুবাম্) অর্হথঃ ॥১

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং গোপৈঃ বিজ্ঞাপিতঃ ক্ষুন্নিবৃত্ত্যর্থং প্রার্থিতঃ ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ ভক্তায়াঃ বিপ্রভার্য্যায়াঃ প্রসীদন্ ইদম্ অব্রবীৎ ॥২

ত্রয়োবিংশ অধ্যায়।

[অন্নযাচ্ঞাচ্ছলে দ্বিজপত্নীগণের উপর শ্রীভগবানের অনুগ্রহ]

গোপগণ বলিলেন,—হে রাম! হে রাম মহাবীর্য্যশালিন্! হে কৃষ্ণ দুষ্টদমনকারিন্! এই ক্ষুধা আমাদিগকে পীড়া দিতেছে, অতএব ক্ষুধার শান্তি করিতে যোগ্য হও।১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন,—(হে রাজন্!) গোপগণ কর্ত্তৃক উক্ত প্রকারে বিজ্ঞাপিত হইয়া জগদীশ্বর শ্রীকৃষ্ণ সর্ব্বশক্তিসম্পন্ন হইলেও নিজ ভক্তা বিপ্র-ভার্য্যা-সকলের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।২

(তপস্যা, বিদ্যা ও ধর্ম্মাদিবিশিষ্ট বিপ্র হইলেও ভক্তির অভাব প্রযুক্ত তাহারা মদীয় অনুগ্রহের ভাজন হইতে পারে না। তপস্যাদিরহিত তৎপত্নীগণে

প্রয়াত দেবযজনং ব্রাহ্মণা ব্রহ্মবাদিনঃ।
সত্রমাঙ্গিরসং নাম হ্যাসতে স্বর্গকাম্যয়া ॥৩

তত্র গত্বৌদনং গোপা যাচতাস্মদ্বিসর্জ্জিতাঃ।
কীর্ত্তয়ন্তো ভগবত আর্য্যস্য মম চাভিধাম্ ॥৪

অন্বয়ঃ

(হে গোপাঃ!) ব্রহ্মবাদিনঃ বেদার্থোপদেষ্টারঃ ব্রাহ্মণাঃ স্বর্গকাম্যয়া স্বর্গপ্রাপ্তীচ্ছয়া আঙ্গিরসং নাম সত্রং যাগং হি আসতে অনুতিষ্ঠন্তি, তৎ দেবযজনং যজ্ঞবাটং প্রযাত গচ্ছত ॥৩

হে গোপাঃ! তত্র গত্বা অস্মদ্বিসর্জ্জিতাঃ আবাভ্যাং প্রহিতাঃ যূয়ং ভগবতঃ আর্য্যস্য রামস্য মম চ অভিধাং নাম কীর্ত্তয়ন্তঃ ওদনম্ অন্নং যাচত যাচধ্বম্ ॥৪

ভক্তির সদ্ভাবহেতু তাহারা আমার কৃপাপাত্রী—এই অর্থদ্বয় এক ব্রাহ্মণ জাতিতেই ক্রমে জ্ঞাপন করিবার নিমিত্ত প্রথমতঃ গোপদিগকে ব্রাহ্মণদিগের নিকটে প্রস্থাপন-পুরঃসর বলিতে লাগিলেন)—হে গোপগণ! ব্রহ্মবাদি-ব্রাহ্মণসকল স্বর্গকামনা করিয়া আঙ্গিরস নামে এক যজ্ঞানুষ্ঠান করিতেছেন, সেই যজ্ঞবাটে গমন কর।৩

সেই স্থানে গমনপূর্ব্বক "আমাদিগের প্রেরিত হইয়াছ" এই কথা বলিয়া অন্ন প্রার্থনা করিয়া আনয়ন কর, তোমাদের তাহাতে লজ্জা কি? যদি বল অপাত্র মনে করিয়া আমাদিগকে অন্ন দিবেন না, তদুত্তরে বলিতেছি—ভগবান্ আর্য্য বলরামের ও আমার নাম কীর্ত্তন করিও, তাহা হইলে নিশ্চয়ই অন্ন পাইবে।৪

ইত্যাদিষ্টা ভগবতা গত্বাযাচন্ত তে তথা।
কৃতাঞ্জলিপুটা বিপ্রান্ দণ্ডবৎ পতিতা ভুবি ॥৫

হে ভূমিদেবাঃ শৃণুত কৃষ্ণস্যাদেশকারিণঃ।
প্রাপ্তাঞ্জানীত ভদ্রং বো গোপান্ নো রামচোদিতান্॥৬

ইতি এবং ভগবতা আদিষ্টাঃ আজ্ঞপ্তাঃ তে গোপাঃ তত্র গত্বা কৃতাঞ্জলিপুটাঃ ভূত্বা (প্রথমং) দণ্ডবৎ ভুবি পতিতাঃ (ততঃ) তথা ভগবদুক্ত্যনুসারেণ বিপ্রান্ অযাচন্ত ॥৫

হে ভূমিদেবাঃ বিপ্রাঃ! শৃণুত বঃ যুষ্মাকং ভদ্রং কল্যাণং (ভবিষ্যতি), কৃষ্ণস্য আদেশকারিণঃ রামচোদিতান্ (যুষ্মৎ-সন্নিধৌ) প্রাপ্তান্ নঃ অস্মান্ গোপান্ জানীত ॥৬

ভগবান্ শ্রীকৃষ্ণকর্তৃক এই প্রকার আদিষ্ট হইয়া গোপগণ যজ্ঞস্থলে গমনপূর্ব্বক যাজ্ঞিক ব্রাহ্মণদিগকে (স্বীয় ব্রজস্থ ব্রাহ্মণ অপেক্ষা অতি তেজস্বী মনে করত) ভূতলে দণ্ডবৎ পতিত হইয়া কৃতাঞ্জলিপুটে ভিক্ষাপ্রাপ্তির নিমিত্ত বিপ্রগণের নিকট প্রার্থনা করিতে লাগিলেন।৫

হে ভূদেবগণ! শ্রবণ করুন, শ্রীকৃষ্ণের আদেশকারী ও বলরামকর্তৃক প্রেরিত গোপসকল আপনাদের নিকট সমাগত হইয়াছি বলিয়া আমাদিগকে জানিবেন। আপনাদের মঙ্গল হউক।৬

হে ধর্ম্মবিত্তম দ্বিজগণ! এই স্থানের অদূরে গোচারণকারী রাম ও কৃষ্ণ বুভুক্ষিত হইয়া আপনাদের নিকট অন্ন প্রার্থনা করিতেছেন; অতএব অন্ন-প্রার্থী তাঁহাদিগের প্রতি যদি আপনাদের শ্রদ্ধা থাকে, তাহা হইলে অন্নপ্রদান করুন, নচেৎ বলুন আমরা ফিরিয়া যাই।৭

গাশ্চারয়ন্তাববিদূর ওদনং
রামাচ্যুতৌ বো লষতো বুভুক্ষিতৌ।
তয়োর্দ্বিজা ওদনমর্থিনোর্যদি
শ্রদ্ধা চ বো যচ্ছত ধর্ম্মবিত্তমাঃ ॥৭

দীক্ষায়াঃ পশুসংস্থায়াঃ সৌত্রামণ্যাশ্চ সত্তমাঃ।
অন্যত্র দীক্ষিতস্যাপি নান্নমশ্নন্ হি দুষ্যতি ॥৮

ইতঃ অবিদূরে নিকটে এব গাঃ চারয়ন্তৌ বুভুক্ষিতৌ রামাচ্যুতৌ বঃ যুষ্মাকম্ ওদনম্ অন্নং লষতঃ অভিলষন্তঃ বর্ত্তমানৌ। অতঃ হে ধর্ম্মবিত্তমাঃ দ্বিজাঃ! বঃ যুষ্মাকং যদি শ্রদ্ধা চ অস্তি, তর্হি অন্নার্থিনোঃ তয়োঃ ওদনম্ অন্নং যচ্ছত ॥৭

হে সত্তমাঃ! সৌত্রামণ্যাঃ অন্যত্র দীক্ষায়াঃ দীক্ষানন্তরং পশুসংস্থায়াঃ পশুসংস্থানানন্তরং দীক্ষিতস্যাপি অন্নম্ অশ্নন্ হি ন দুষ্যতি ॥৮

যদি বলেন "দীক্ষিত ব্যক্তির অন্ন ভক্ষণ করিবে না" এই বাক্যানুসারে দীক্ষিত আমাদিগের অন্ন অভোজ্য, তদুত্তরে বলিতেছি—হে সত্তমসকল! যজ্ঞীয় দীক্ষানন্তর আগ্নীষোমীয় পশুমারণের পূর্ব্বেই দীক্ষিত ব্যক্তির অন্নগ্রহণে দোষ হইয়া থাকে; পরন্তু আগ্নীষোমীয় পশুমারণের পর দীক্ষিত ব্যক্তির অন্ন-ভক্ষণে দোষ নাই; অতএব আপনাদের যজ্ঞে পশুঘাতন কার্য্যও শেষ হইয়াছে; সুতরাং আপনাদিগের অন্ন-ভক্ষণে দোষ হইতে পারে না এবং সৌত্রামণি হইতে অন্য-দীক্ষিত ব্যক্তির অন্ন ভোজন করিলে দোষ হয় না, কিন্তু সৌত্রামণিতেই দোষ হইয়া থাকে; অতএব অন্যান্য সময় ও অসময়াদি বিচার জানিয়াই আমরা প্রার্থনা করিতেছি।৮

ইতি তে ভগবদ্‌যাচ্ঞাং শৃণ্বন্তোঽপি ন শুশ্রুবুঃ।
ক্ষুদ্রাশা ভূরিকর্ম্মাণো বালিশা বৃদ্ধমানিনঃ ॥৯
দেশঃ কালঃ পৃথগ্‌দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ।
দেবতা যজমানশ্চ ক্রতুধর্ম্মশ্চ যন্ময়ঃ ॥১০
তং ব্রহ্ম পরমং সাক্ষাদ্ ভগবন্তমধোক্ষজম্।
মনুষ্যদৃষ্ট্যা দুষ্প্রজ্ঞা মর্ত্ত্যাত্মানো ন মেনিরে ॥১১

ইতি (এবং গোপমুখেন) ভগবদ্‌-যাচ্ঞাং (ভগবতঃ যাচ্ঞাং প্রার্থনাং) শৃণ্বন্তঃ অপি ক্ষুদ্রাশাঃ (ক্ষুদ্রে স্বর্গাদৌ আশা যেষাং তে) ভূরিকর্ম্মাণঃ (ভূরীণি কর্ম্মাণি যেষাং তে মহৎসু কর্ম্মসু এব শ্রদ্ধাযুক্তাঃ যতঃ) বালিশাঃ অজ্ঞাঃ বৃদ্ধমানিনঃ (জ্ঞানবৃদ্ধাঃ ইতি অভিমানবন্তঃ) তে ব্রাহ্মণাঃ ন শুশ্রুবুঃ (দত্তচিত্তাঃ ন জাতাঃ) ॥৯

(কিঞ্চ হে রাজন্!) দেশঃ কালঃ পৃথগ্‌দ্রব্যং (চরুপুরোডাশাদিদ্রব্যং) মন্ত্রতন্ত্রর্ত্বিজঃ (তন্ত্রঃ প্রয়োগঃ) অগ্নয়ঃ, দেবতাঃ যজমানঃ চ ক্রতুঃ অপূর্ব্বং চ যন্ময়ঃ যদ্বিভূতিরূপঃ পরমং ব্রহ্ম অধোক্ষজম্ ইন্দ্রিয়জন্যজ্ঞানাগোচরং, সাক্ষাৎ

সেই ব্রাহ্মণসকল এই প্রকারে শ্রীভগবানের যাচ্ঞা শ্রবণ করিয়াও শ্রবণ করিল না। (যদি বল—তাঁহারা শাস্ত্রজ্ঞ হইয়াও কেন ভগবদ্‌যাচ্ঞা শ্রবণ করিলেন না? তদুত্তরে বলিতেছি, তাঁহারা বস্তুতঃ শাস্ত্রজ্ঞ নহেন, পরন্তু শাস্ত্র অধ্যয়ন ও অধ্যাপনা করিয়া মূর্খই রহিয়াছেন) কারণ ক্ষুদ্র স্বর্গাদিতে তাহাদিগের আশামাত্র থাকিলেও তাহারা ক্লেশাধিক কর্ম্মই করিত, যেহেতু অল্পবুদ্ধিশালী হইয়াও আপনাদিগকে বৃথা জ্ঞানবৃদ্ধ বলিয়া মনে করিত।৯

(যদি বল—শাস্ত্রবিহিত দেশ, কাল ও পাত্রাদির ক্রম উল্লঙ্ঘন করিয়া অপরের নিমিত্ত কল্পিত অন্ন অন্যকে কি প্রকারে প্রদান করিবে, তদুত্তরে বলিতেছি—) দেশ, কাল, চরুপুরোডাশাদি বহুবিধ দ্রব্য, মন্ত্র, তন্ত্র (প্রয়োগ) ঋত্বিক্, অগ্নি, দেবতা, যজমান, যজ্ঞ ও ধর্ম্ম (অপূর্ব্ব) এই সকল যাঁহার অংশাংশবিভূতি-রূপ হইয়াছে।১০

বিচারহীন সেই ব্রাহ্মণগণ সেই সাক্ষাৎ পর-

ন তে যদোমিতি প্রোচুর্ন নেতি চ পরন্তপ।
গোপা নিরাশাঃ প্রত্যেত্য তথোচুঃ কৃষ্ণরাময়োঃ ॥১২

তদুপাকর্ণ্য ভগবান্ প্রহস্য জগদীশ্বরঃ।
ব্যাজহার পুনর্গোপান্ দর্শয়ন্ লৌকিকীং গতিম্ ॥১৩

(কৃপয়া আবির্ভূতং) ভগবন্তম্ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণং তং কৃষ্ণং দুষ্প্রজ্ঞাঃ দুর্বুদ্ধয়ঃ মর্ত্ত্যাত্মানঃ (মর্ত্ত্যে দেহে আত্মাভিমানিনঃ) মনুষ্যদৃষ্ট্যা (মনুষ্যোঽয়ম্) ইতি দৃষ্ট্যা ন মেনিরে ন আদৃতবন্তঃ। হে পরন্তপ! যদা তে ব্রাহ্মণাঃ ওম্ দাস্যামঃ ইতি নাপি ন ইতি (ন দাস্যাম ইতি) ন প্রোচুঃ, তদা নিরাশাঃ গোপাঃ প্রত্যেত্য প্রত্যাগত্য রামকৃষ্ণয়োঃ রামকৃষ্ণৌ তথা উচুঃ ॥১০-১২

তৎ (গোপৈঃ বর্ণিতং ব্রাহ্মণচেষ্টিতং) উপাকর্ণ্য শ্রুত্বা জগদীশ্বরঃ ভগবান্ (শ্রীকৃষ্ণঃ) লৌকিকীং গতিং লোকস্থিতিং দর্শয়ন্ প্রহস্য গোপান্ পুনঃ ব্যাজহার উক্তবান্ ॥১৩

ব্রহ্মভূত ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ অধোক্ষজ অর্থাৎ ইন্দ্রিয়ের অগোচর হইলেও কৃপাপূর্ব্বক প্রত্যক্ষীভূত শ্রীকৃষ্ণকে মনুষ্য দৃষ্টি করিয়া মানিল না বা গ্রাহ্য করিল না, কারণ তাহারা দেহাভিমানী, অর্থাৎ আমরা ব্রাহ্মণ আমরা মহৎ এই অভিমানে উন্মত্ত ছিল, সুতরাং কেবল প্রকৃত মনুষ্য বলিয়াই মনে করিল।১১

হে পরন্তপ! ব্রাহ্মণগণ যখন তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া হাঁ না কিছুই বলিল না, তখন গোপগণ নিরাশ হইয়া প্রত্যাগমনপূর্ব্বক শ্রীরাম-কৃষ্ণের সমীপে নিজ উক্ত্যাদি ও বিপ্রগণের চেষ্টিত বিষয় বর্ণন করিলেন।১২

ভগবান্ জগদীশ্বর শ্রীকৃষ্ণ সেই বাক্য শ্রবণ-পূর্ব্বক হাস্য করিয়া লৌকিকী গতি অর্থাৎ কার্য্যার্থী লোক ক্ষুব্ধ হইবে না এবং কোন যাচক পরাভূত না হয় ইত্যাদি লোকস্থিতি দেখাইয়া পুনর্ব্বার গোপগণকে বলিতে লাগিলেন।১৩

মাং জ্ঞাপয়ত পত্নীভ্যঃ সসঙ্কর্ষণমাগতম্।
দাস্যন্তি কামমন্নং বঃ স্নিগ্ধা ময্যুষিতা ধিয়া ॥১৪

গত্বাথ পত্নীশালায়াং দৃষ্ট্বাসীনাঃ স্বলঙ্কৃতাঃ।
নত্বা দ্বিজসতীর্গোপাঃ প্রশ্রিতা ইদমব্রুবন্ ॥১৫

নমো বো বিপ্রপত্নীভ্যো নিবোধত বচাংসি নঃ।
ইতোঽবিদূরে চরতা কৃষ্ণেনেহেষিতা বয়ম্ ॥১৬

গাশ্চারয়ন্ স গোপালৈঃ সরামো দূরমাগতঃ।
বুভুক্ষিতস্য তস্যান্নং সানুগস্য প্রদীয়তাম্ ॥১৭

শ্রুত্বাচ্যুতমুপায়াতং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ।
তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ ॥১৮

(তত্র) আগতং সসঙ্কর্ষণং মাং (ক্ষুধিতং) পত্নীভ্যঃ জ্ঞাপয়ত, ময়ি এব ধিয়া চিত্তেন উষিতাঃ আসক্তচিত্তাঃ স্নিগ্ধাঃ প্রেমার্দ্রাঃ তাঃ ব্রাহ্মণস্ত্রিয়ঃ বঃ যুষ্মভ্যং কামং যথেষ্টম্ অন্নং দাস্যন্তি ॥১৪

অথ ভগবদাজ্ঞানন্তরং (তে গোপাঃ যজ্ঞবাটং গত্বা তত্র) পত্নীশালায়াম্ আসীনাঃ উপবিষ্টাঃ স্বলঙ্কৃতাঃ দ্বিজসতীঃ ব্রাহ্মণপত্নীঃ নত্বা প্রশ্রিতাঃ সন্তঃ ইদং বচনম্ অব্রুবন্ ॥১৫

বিপ্রপত্নীভ্যঃ বঃ যুষ্মভ্যং নমঃ, নঃ অস্মাকং বচাংসি নিবোধত শৃণুত, ইতঃ অবিদূরে সমীপে চরতা বিহরতা কৃষ্ণেন বয়ম্ ইহ যুষ্মৎ-সমীপে ইষিতাঃ প্রেরিতাঃ স্ম ॥১৬

গোপালৈঃ সহ সরামঃ সঃ কৃষ্ণঃ গাঃ চারয়ন্ (গৃহাৎ) দূরম্ (অত্র) আগতঃ, (অতঃ) সানুগস্য (অস্মদাদ্যনুগৈঃ সহিতস্য) বুভুক্ষিতস্য তস্য অন্নং প্রদীয়তাম্ ॥১৭

অচ্যুতং কৃষ্ণম্ উপায়াতং সমীপমাগতং শ্রুত্বা নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ (তস্য দর্শনে উৎসুকাঃ) তাঃ স্ত্রিয়ঃ তৎকথাক্ষিপ্তমনসঃ (তস্য কথায়াম্ আক্ষিপ্তম্ আকৃষ্টং মনো যাসাং তাঃ) জাতসংভ্রমাঃ অনবস্থিতচিত্তাঃ বভূবুঃ ॥১৮

হে বয়স্যগণ! শ্রীবলরাম সহিত আমি আগমন করিয়াছি—ইহা দ্বিজপত্নীদিগের নিকট গিয়া বিজ্ঞাপন কর, ভোজনেচ্ছা কিংবা অন্ন যাচ্ঞাদি করিও না; বুভুক্ষালক্ষণ মদ্দুঃখ শ্রবণে তৎক্ষণাৎ অতিশয় সন্তপ্ত হইবে যদি বল ভোজনেচ্ছা না করিলে তাহারা অন্ন প্রদান করিবে কেন, তদুত্তরে বলিতেছি—তাহারা কেবল দেহ দ্বারাই গৃহে বাস করিতেছে; পরন্তু মনঃদ্বারা আমাকেই চিন্তা করিতেছে) যেহেতু আমাতে অতিশয় স্নেহবতী অতএব তোমাদিগকে যথেষ্টরূপে অন্ন প্রদান করিবে।১৪

শ্রীভগবদ্বচনানন্তর গোপগণ পত্নীশালায় গমন করিয়া সধবার যোগ্য ব্যবহারে অলঙ্কৃতা বিশেষতঃ শ্রীভগবৎপ্রেমাবেশময় পুলকাদি দ্বারা সুন্দররূপে অলঙ্কৃতা হইয়া পতি-পারবশ্যহেতু আবশ্যকীয় পাকাদি-কার্য্যাবসানে স্নানাদি সম্পাদনপূর্ব্বক পরস্পর ভগবৎ-কথাবেশে নিশ্চলভাবে উপবিষ্টা দ্বিজ-পত্নীদিগকে প্রণাম করিয়া বিনীত মস্তকে বলিতে লাগিলেন।১৫

হে বিপ্রপত্নীগণ! আপনাদিগকে প্রণাম করি আমাদিগের বাক্য শ্রবণ করুন, এস্থানে অনতিদূরে বিচরণকারী শ্রীকৃষ্ণকর্তৃক আমরা প্রেরিত হইয়াছি।১৬

সেই শ্রীকৃষ্ণ বলরাম ও গোপগণের সহিত গোচারণ করিতে করিতে ব্রজ হইতে দূরে আসিয়া পড়িয়াছেন; অধুনা অনুচরবর্গের সহিত তাঁহার ক্ষুধা হইয়াছে, অতএব অন্ন প্রদান করুন।১৭

হে রাজন্! পূর্ব্ব হইতেই বিপ্রপত্নীগণের চিত্ত শ্রীকৃষ্ণের লীলাদি কথায় আকৃষ্ট বা আহৃত হইয়াছে; অতএব নিত্যই শ্রীকৃষ্ণদর্শনে তাঁহারা সমুৎসুকা থাকিতেন, এখন "শ্রীকৃষ্ণ নিকটে আসিয়াছেন" এই কথা শ্রবণ করিয়া তাঁহারা অত্যন্ত আনন্দিত হইলেন।১৮

চতুর্ব্বিধং বহুগুণমন্নমাদায় ভাজনৈঃ।
অভিসস্রুঃ প্রিয়ং সর্ব্বাঃ সমুদ্রমিব নিম্নগাঃ ॥ ১৯
নিষিধ্যমানাঃ পতিভির্ভ্রাতৃভির্বন্ধুভিঃ সুতৈঃ।
ভগবত্যুত্তমঃশ্লোকে দীর্ঘশ্রুতধৃতাশয়াঃ ॥২০
যমুনোপবনেঽশোক-নবপল্লবমণ্ডিতে।
বিচরন্তং বৃতং গোপৈঃ সাগ্রজং দদৃশুঃ স্ত্রিয়ঃ ॥২১

বহুগুণং চতুর্ব্বিধম্ অন্নং ভাজনৈঃ পৃথক্‌পাত্রৈঃ আদায় নিম্নগাঃ নদ্যঃ সমুদ্রম্ ইব (প্রতিবন্ধান্ উল্লঙ্ঘ্য) উত্তমঃশ্লোকে ভগবতি দীর্ঘশ্রুতধৃতাশ্রয়া (দীর্ঘং বহুকালং শ্রুতেন যশঃ-শ্রবণেন ধৃতঃ আশয়ঃ চিত্তং যাভিঃ তাঃ) সর্ব্বাঃ পতিভিঃ ভ্রাতৃভির্বন্ধুভিঃ নিষিধ্যমানাঃ বার্য্যমাণাঃ অপি প্রিয়ং কৃষ্ণং অভিসস্রুঃ। অশোকনবপল্লবমণ্ডিতে (অশোকবৃক্ষাণাং নব পল্লবৈঃ মণ্ডিতে) শোভিতে যমুনোপবনে (যমুনায়াঃ উপবনে) গোপৈঃ বৃতং পরিবেষ্টিতং, বিচরন্তং সাগ্রজং কৃষ্ণং তাঃ স্ত্রিয়ঃ দদৃশুঃ ॥১৯-২১

[কথম্ভূতং তং] শ্যামং (মেঘবৎশ্যামবর্ণম্) হিরণ্যপরিধিং (হিরণ্যবৎ পরিধিঃ পরিধানং যস্য তং পীতাম্বরম্) বনমাল্য-বর্হধাতুপ্রবালনটবেশং (বনমাল্যৈঃ কণ্ঠস্থিতপুষ্পমালাভিঃ বর্হৈঃ শিরসি ধারিতৈঃ ময়ূরপিচ্ছৈঃ ধাতুভিঃ গৌরিকাদিভিঃ

সেই দ্বিজপত্নীসকল বহু বহু ভোজন পাত্রে কিংবা পাকপাত্রে সংস্কার বিশেষ দ্বারা রস-সৌরভ্যাদি বহুগুণযুক্ত চর্ব্ব, চূষ্য, পেয় ও লেহ্য ভেদে চতুর্ব্বিধ অন্ন গ্রহণ করিয়া নদীসকল যেরূপ অপ্রতিবন্ধ-ভাবে সমুদ্রের প্রতি গমন করে, তদ্রূপ পতি, পিতা, ভ্রাতা ও বন্ধুগণ কর্ত্তৃক "কৃষ্ণকে যদি অন্ন দিতে হয়, তাহা হইতে গোপবালকদিগের দ্বারা পাঠাও, পরন্তু স্বয়ং যাইও না" ইত্যাদি বলিয়া নিবারিত হইয়াও শ্রীকৃষ্ণের অভিমুখে গমন করিতে লাগিলেন ; কারণ বহুকাল অবধি তদ্‌গুণাদি শ্রবণে উত্তমঃশ্লোক ভগবানে স্ব স্ব চিত্ত ধারণ করিয়াছিলেন।১৯-২০

শ্যামং হিরণ্যপরিধিং বনমাল্যবর্হ-
ধাতুপ্রবালনটবেষমনুব্রতাংসে।
বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জং
কর্ণোৎপলালককপোলমুখাব্জহাসম্ ॥২২
প্রায়ঃ শ্রুতপ্রিয়তমোদয়কর্ণপূরৈ-
র্যস্মিন্নিমগ্নমনসস্তমথাক্ষিরন্ধ্রৈঃ।
অন্তঃ প্রবেশ্য সুচিরং পরিরভ্য তাপং
প্রাজ্ঞং যথাভিমতয়ো বিজহুর্নরেন্দ্র ॥২৩

প্রবালৈঃ শিরস্যেব ধারিতৈঃ কোমলপত্রৈঃ চ নটবৎ বেষো যস্য তম্) অনুব্রতাংসে (অনুব্রতস্য সখ্যুঃ অংসে স্কন্ধে) বিন্যস্তহস্তম্ (বিন্যস্তঃ হস্তঃ যেন তং) ইতরেণ হস্তেন (লীলয়া) অব্জং ধুনানং ভ্রাময়ন্তং কর্ণোৎপলালককপোলমুখাব্জহাসং (কর্ণয়োঃ উৎপলে যস্য অলকাঃ কপোলয়োর্যস্য মুখাব্জে হাসো যস্য তং) দদৃশুঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২২

হে নরেন্দ্র! প্রায়ঃ বহুশঃ শ্রুতপ্রিয়তমোদয়কর্ণপূরৈঃ (শ্রুতাঃ যে প্রিয়তমস্য কৃষ্ণস্য উদয়াঃ উৎকর্ষাঃ তে এব কর্ণপূরাঃ কর্ণাভরণভূতাঃ তৈঃ) যস্মিন্ শ্রীকৃষ্ণনিমগ্নমনসঃ আবিষ্টচিত্তাঃ বিপ্রভার্য্যাঃ অথ দর্শনানন্তরম্ অক্ষিরন্ধ্রৈঃ (দ্বারভূতৈর্লোচনছিদ্রৈঃ) তং কৃষ্ণম্ অন্তঃ অন্তঃকরণে প্রবেশ্য সুচিরং পরিরভ্য উপগুহ্য অভিমতয়ঃ অহংবৃত্তয়ঃ প্রাজ্ঞং সুষুপ্তিসাক্ষিণং (পরিরভ্য তস্মিন্ লয়ং প্রাপ্য) যথা (তাপং ত্যজন্তি তথা) তাপং সংসারদুঃখং জহুঃ ত্যক্তবত্যঃ ॥২৩

দ্বিজপত্নীসকল অশোকের নবপল্লবমণ্ডিত যমুনা-সমীপবর্ত্তি-বনে শ্রীরামের সহিত গোপগণে পরিবৃত হইয়া ক্রীড়াপরায়ণ তাঁহাকে দেখিতে পাইলেন—তাঁহার শ্যামবর্ণ বিগ্রহ, পরিধানে পীতবসন, বনমালা, ময়ূরপুচ্ছ, গৈরিকাদি ধাতু ও প্রবালসমূহে নটবৎ বেষ, তিনি পার্শ্বস্থ কোন বয়স্যের স্কন্ধে হস্ত বিন্যস্ত করিয়া দক্ষিণ হস্তে লীলাকমল ঘুরাইতেছেন, এবং তাঁহার কর্ণদ্বয়ে উৎপল, কপোলযুগলে অলকাবলী ও বদন-কমলে মৃদুমধুর হাস্য।২১-২২

হে নরেন্দ্র! বহুদিন যাবৎ প্রিয়তম শ্রীকৃষ্ণের উৎকর্ষ-শ্রবণে কর্ণযুগল কৃতার্থ হওয়ায় তদ্দ্বারা

তাস্তথা ত্যক্তসর্ব্বাশাঃ প্রাপ্তা আত্মদিদৃক্ষয়া।
বিজ্ঞায়াখিলদৃগ্‌দ্রষ্টা প্রাহ প্রহসিতাননঃ ॥২৪

শ্রীভগবানুবাচ।

স্বাগতং বো মহাভাগা আস্যতাং করবাম কিম্।
যন্নো দিদৃক্ষয়া প্রাপ্তা উপপন্নমিদং হি বঃ ॥২৫

নন্বদ্ধা ময়ি কুর্ব্বন্তি কুশলাঃ স্বার্থদর্শিনাঃ।
অহৈতুক্যব্যবহিতাং ভক্তিমাত্মপ্রিয়ে যথা ॥২৬

প্রাণবুদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ।
যৎসম্পর্কাৎ প্রিয়া আসংস্ততঃ কো ন্বপরঃ প্রিয়ঃ॥২৭

তদ্ যাত দেবযজনং পতয়ো বো দ্বিজাতয়ঃ।
স্বসত্রং পারয়িষ্যন্তি যুষ্মাভির্গৃহমেধিনঃ ॥২৮

অখিলদৃগ্‌দ্রষ্টা সর্ব্ববুদ্ধিসাক্ষী প্রহসিতাননঃ (কৃষ্ণঃ) আত্মদিদৃক্ষয়া (আত্মনঃ স্বস্য দিদৃক্ষয়া দর্শনেচ্ছয়া এব) প্রাপ্তাঃ আগতাঃ তাঃ ত্যক্তসর্ব্বাশাঃ (ত্যক্তাঃ সর্ব্বাঃ গৃহাপত্যপত্যাদি বিষয়াঃ আশাঃ যাভিঃ তাঃ) স্ত্রিয়ঃ বিজ্ঞায় প্রাহ ॥২৪

শ্রীভগবান্ উবাচ। হে মহাভাগাঃ! বঃ যুষ্মাকং স্বাগতং শুভাগমনম্, আস্যতাং (অত্র ক্ষণং বিশ্রাম্যতাং, যুষ্মাকং কার্য্যং) কিং করবাম (তদুচ্যতাম্), হি যস্মাৎ নঃ অস্মাকং দিদৃক্ষয়া যৎপ্রাপ্তাঃ, (তৎ) ইদং বঃ যুষ্মাকম্ উপপন্নং যুক্তম্ (এব) ॥২৫

নন্থ নিশ্চিতং স্বার্থদর্শিনঃ (স্বস্য আত্মনঃ অর্থং ফলং পশ্যন্তি যে তে) কুশলাঃ নিপুণাঃ আত্মপ্রিয়ে (আত্মনি প্রিয়ে চ) ময়ি যথা যথাবৎ (বা আত্মপ্রিয়ে দেহপত্যাদৌ যথা তথা) অদ্ধা সাক্ষাৎ ময়ি অহৈতুক্যব্যবহিতাং (অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাম্ অব্যবহিতাং নিরন্তরাম্) ভক্তিং প্রীতিং কুর্ব্বন্তি ॥২৬

প্রাণবুদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ যৎসম্পর্কাৎ সম্বন্ধাৎ প্রিয়াঃ আসন্, ততঃ (সকাশাৎ অপরঃ) কো নু প্রিয়ঃ স্যাৎ ॥২৭

তৎ তস্মাৎ যূয়ং দেবযজনং যজ্ঞবাটং যাত গচ্ছত। বঃ যুষ্মাকং গৃহমেধিনঃ গৃহস্থাঃ দ্বিজাতয়ঃ পতয়ঃ তত্র গতাভিঃ যুষ্মাভিঃ স্বসত্রং পারয়িষ্যন্তি সমাপয়িষ্যন্তি ॥২৮

(উৎকর্ষ শ্রবণ দ্বারা) তাঁহাতে বিপ্র-পত্নীদিগের চিত্ত আবিষ্ট করিয়া মনঃদ্বারা স্বেচ্ছাক্রমে সুদৃঢ় আলিঙ্গনপূর্ব্বক তাঁহাতে লয়প্রাপ্ত হইয়া যেরূপ তাপ দূর করিয়া থাকেন, তদ্রূপ দ্বিজপত্নীগণ শ্রীকৃষ্ণাঙ্গস্পর্শাভাবজনিত ক্লেশ পরিত্যাগ করিলেন।২৩

তখন সর্ব্বান্তর্য্যামী শ্রীকৃষ্ণ কেবল আপনার দর্শনেচ্ছায় সর্ব্বাভিলাষ পরিত্যাগপূর্ব্বক দ্বিজপত্নীগণ সমাগত হইয়াছে, ইহা অবগত হইয়া হাস্য করিতে করিতে বলিতে লাগিলেন।২৪

শ্রীভগবান্ কৃষ্ণ বলিলেন,—হে ভাগ্যবতীগণ! তোমাদিগের শুভাগমন হইয়াছে; যেহেতু ভর্ত্তাদি প্রতিবন্ধসমূহ অতিক্রম করিয়া আমাদিগকে দেখিবার নিমিত্ত আগমন করিয়াছ, ইহা তোমাদিগের সমুচিত কার্য্যই হইয়াছে বটে, পরন্তু আমাকর্ত্তৃক তোমাদিগের কার্য্যের প্রত্যুপকারে অসমর্থ হেতু কিছুই উপপন্ন হইবে না। অতএব তোমাদিগের কি উপকার করিব, সম্ভবতঃ কোন উপকারেই সমর্থ হইব না, কেবল তোমাদিগের নিকট ঋণীই রহিলাম, সে যাহা হউক ক্ষণকাল মদ্দর্শনার্থ এই স্থলে উপবেশন কর।২৫

হে বিপ্রপত্নীগণ! স্বপ্রয়োজনাভিজ্ঞ আত্মদর্শী বিবেকিসকল আত্মপ্রিয় আমাতে সাক্ষাৎ ফলানুসন্ধান রহিত অহৈতুকী ভক্তি যথোচিত ভাবে করিয়া থাকে। কিংবা সাধারণ ব্যক্তিসকল যেরূপ দেহে ও পুত্রাদিতে মমতা করিয়া থাকে, তদ্রূপ স্বার্থদর্শক বিবেকিগণ আমাতে নিষ্কপট ভক্তি করিয়া থাকে। অথবা বিবেকিগণ যেমন আমাতে মহানুভাবময়ী ভক্তি করিয়া থাকে, তেমন তোমরাও করিয়াছ।২৬

হে দ্বিজপত্নীগণ! পরমাত্মাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, কারণ যাঁহার সম্পর্কে প্রাণ, বুদ্ধি, মনঃ, দেহ কিংবা জ্ঞাতি, জীব, স্ত্রী এবং ধনাদি প্রিয় হইয়া থাকে, সেই পরমাত্মা হইতে জীবের আর কে প্রিয়তম হইতে পারে?২৭

পত্ন্য ঊচুঃ।

মৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং
সত্যং কুরুষ্ব নিগমং তব পাদমূলম্।
প্রাপ্তা বয়ং তুলসিদাম পদাবসৃষ্টং
কেশৈর্নিবোঢ়ুমতিলঙ্ঘ্য সমস্তবন্ধূন্ ॥২৯

পত্ন্যঃ ঊচুঃ। হে বিভোঃ! এবং নৃশংসং পরুষং গদিতুং বক্তুং ভবান্ মা ন অর্হতি যোগ্যো ভবতি। নিগমং (স্বাজ্ঞারূপং "ন স পুনরাবর্ত্ততে" ইতি "ন মে ভক্তঃ প্রণশ্যতি" ইতি বা বাক্যং) সত্যং কুরুষ্ব। সমস্তবন্ধূন্ পতিপুত্রাদীন্ অভিলঙ্ঘ্য তিরস্কৃত্য পদা অবসৃষ্টম্ অবজ্ঞয়াপি দত্তং তুলসীদাম বয়ং কেশৈঃ নিবোঢ়ুং (দাসীভবিতুং) তব পাদমূলং প্রাপ্তাঃ আগতাঃ ॥২৯

(সেই পরমাত্মা আমিই, সম্ভবতঃ তোমরা গর্গ ঋষি মুখে ইহা শ্রুত হইয়া থাকিবে। আমিই তোমাদিগের সর্ব্বাঙ্গ আলিঙ্গনপূর্ব্বক সর্ব্বদাই অবস্থিত আছি, অতএব তোমরা এক্ষণে যজ্ঞস্থলে গমন কর। যদি বল—তাহা হইলেও পরমাত্মার সাক্ষাৎ মূর্তি আপনাকে ত্যাগ করিয়া গৃহে যাইব কেন? তদুত্তরে বলিতেছি যে) তোমাদিগের পতি ব্রাহ্মণগণ গার্হস্থ্য-ধর্ম্মপরায়ণ হইয়াছে; সুতরাং তাঁহারা তোমাদিগের সহিত একত্র হইয়া অর্থাৎ সস্ত্রীক হইয়া স্ব স্ব যজ্ঞ সমাপন করিবেন।২৮

বিপ্রপত্নীগণ বলিলেন, হে বিভো! আপনি বহির্ব্যাপক ও অন্তর্ব্যাপক, সুতরাং আমাদিগের বাহ্যিক ও আভ্যন্তরিক সমস্তই আপনি বিদিত আছেন; অতএব আপনি এইরূপ নৃশংস (ক্রুর) বাক্য বলিতে যোগ্য নহেন। "যে, যে ভাবে

গৃহ্ণন্তি নো ন পতয়ঃ পিতরৌ সুতা বা
ন ভ্রাতৃবন্ধুসুহৃদঃ কুত এব চান্যে।
তস্মাদ্ভবৎপ্রপদয়োঃ পতিতাত্মনাং নো
নান্যা ভবেদ্ গতিররিন্দম তদ্বিধেহি ॥৩০

নঃ অস্মান্ পতয়ঃ পিতরৌ সুতাঃ বা ন গৃহ্ণন্তি গ্রহিষ্যন্তি, অতঃ ভ্রাতৃবন্ধুসুহৃদঃ অন্যে চ অপরিচিতাঃ জনাঃ এব কুতঃ অস্মান্ গৃহ্ণীয়ুঃ। তস্মাৎ ভবৎপ্রপদয়োঃ ভবতঃ পাদাগ্রয়োঃ পতিতানাং পতিতদেহানাম্ অস্মাকং ত্বত্তঃ অন্যা গতিঃ ন ভবেৎ, অতঃ হে অরিন্দম! তৎ দাস্যম্ এব বিধেহি সম্পাদয় ॥৩০

আমাকে ভজে, আমি তাহাকে সেইভাবে ভজি" এই যে ভবদীয় বাক্য তাহা সত্য করুন; আমরা পতিপুত্রাদি সমস্ত বন্ধু-বান্ধব পরিত্যাগপূর্ব্বক আপনাকর্ত্তৃক অবজ্ঞাত হইয়াও আপনার প্রদত্ত চরণ-তুলসী-দাম স্ব স্ব মস্তকে বহু সম্মান-পুরঃসর বহন করিবার নিমিত্ত সমাগতা হইয়াছি।২

হে অরিন্দম! (হে কাম-লোভ-পাপাদি-দমন!) নিজনিষেধবাক্য উল্লঙ্ঘনহেতু পতি, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভ্রাতা, বন্ধু ও সুহৃদ্গণ—আমাদিগকে গৃহে গমন করিলেও গ্রহণ করিবে না; অন্যান্য প্রতিবাসিগণ গ্রহণ করিবে না, তাহা আর কি বলিব; তাহারা আমাদিগের সহিত বাক্যাদি দ্বারাও সম্ভাষণ করিবে না; অতএব আপনার পাদাগ্রসমীপে পতিতা কিংবা অনন্যগতিত্বহেতু ভবদাশ্রিতাদিগের আমাদিগের স্বর্গাদি গতিও যেভাবে হয়, তাহা বিধান অর্থাৎ আপনার দাস্য প্রদান করুন।৩০

শ্রীভগবানুবাচ।

পতয়ো নাভ্যসূয়েরন্ পিতৃভ্রাতৃসুতাদয়ঃ।
লোকাশ্চ বো ময়োপেতা দেবা অপ্যনুমন্বতে ॥৩১
ন প্রীতয়েঽনুরাগায় হ্যঙ্গসঙ্গো নৃণামিহ।
তন্মনো ময়ি যুঞ্জানা অচিরান্মামবাপ্স্যথ ॥৩২
[শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ।
ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্ ॥]

শ্রীভগবান্ উবাচ। ময়া উপেতাঃ ভক্তত্বয়াঙ্গীকৃতাঃ বঃ যুষ্মান্ পতয়ঃ পিতৃভ্রাতৃসুতাদয়ঃ লোকাঃ জনাঃ চ ন অভ্যসূয়েরন্ দোষারোপেণ পশ্যেয়ুঃ, (অপি তু যজ্ঞভাগিনঃ) দেবাঃ অনুমন্বতে নির্দোষবত্তয়া অঙ্গীকরিষ্যন্তি ॥৩১

হি যস্মাৎ ইহ সংসারে অঙ্গসঙ্গঃ দেহানাং নিকটবর্ত্তিত্বং নৃণাং প্রীতয়ে সুখায়, অনুরাগায় স্নেহবৃদ্ধয়ে ন ভবতি; তৎ তস্মাৎ ময়ি মনঃ যুঞ্জানাঃ যূয়ং অচিরাৎ মাম্ অবাপ্স্যথ ॥৩২

[শ্রবণাৎ দর্শনাৎ ধ্যানাৎ তথা অনুকীর্ত্তনাৎ ময়ি যথা ভাবঃ ভবতি, সন্নিকর্ষেণ তথা ন ভবতি; ততঃ গৃহান্ প্রতিযাত।]

শ্রীভগবান্ বলিলেন—হে বিপ্রপত্নীগণ! তোমরা আমাতে প্রেমবতী, সুতরাং মৎসুখপরা হইয়াছ। অতএব আমার অনভিপ্রেত কার্য্য করিতে যোগ্যা নও, নিজ হঠকারিতা পরিত্যাগপূর্ব্বক গৃহে গমন কর। তচ্ছ্রবণে বিপ্রপত্নীগণ কহিলেন—হে অভিজ্ঞ শিরোমণি! অসূর্য্যম্পশ্যা কুলবতী পতিপ্রভৃতির বাক্যোল্লঙ্ঘন-হেতু যাহাদিগকে তৃণতুল্য জ্ঞান করিয়া পুর হইতে বহির্গতা হইয়া এতাবৎ দূর-প্রদেশস্থিত ব্রজে লম্পটস্বরূপে বিখ্যাত আপনার সমীপে আগমন করিয়াছি; এখন যদি সেই পুরীতে গমন করি, তাহা হইলে সেই পতিপ্রভৃতি বন্ধুগণ আমাদিগকে পুরীতে প্রবেশ করিতে দেওয়া দূরে থাকুক, পরন্তু তাহারা ক্রোধাবিষ্ট হওয়ায় অদ্য আমাদিগকে নিশ্চয় নিধন করিবে; তদুত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন—তোমরা তোমাদের পতি এবং পিতা, ভ্রাতা ও পুত্রাদি সকলও তোমাদিগের প্রতি দোষদৃষ্টিও করিবে না, কেন বৃথা অনিষ্টাশঙ্কা করিতেছ; কারণ মৎকর্ত্তৃক তোমরা অনুজ্ঞাতা কিংবা আমার সমীপে সঙ্গত হইয়াছ; অতএব "আমি ঈশ্বর" ইহা তাহারা জ্ঞাত আছে; বিশেষতঃ ঐ দেখ যজ্ঞোপলক্ষে সমাগত প্রত্যক্ষীকৃত দেবগণও তোমাদিগকে অনুমোদন করিতেছেন।৩১

যদি বল—আমাদিগের প্রার্থিত বিষয়ের সম্বন্ধে কি বলিলেন?—তদুত্তরে বলিতেছি—এই ব্রাহ্মণজন্মে তোমাদিগের সহিত মদীয় অঙ্গসঙ্গ অর্থাৎ তোমাদিগের অভিপ্রেত দাস্যময় সান্নিধ্য জীবমাত্রের প্রীতি কিংবা অনুরাগের নিমিত্ত হইবে না। অতএব বাহ্যদৃষ্টিতে লোকবিদ্বেষ নিবারণ-হেতু আমাতে নিজভাবে মনোনিবেশ করিতে থাক, অচিরাৎ দেহান্তে আমাকে প্রাপ্ত হইবে।৩২

[শ্রবণ, দর্শন, ধ্যান বা নিরন্তর কীর্ত্তনে আমাতে যেমন ভক্তি জন্মিয়া থাকে, নিকটে থাকিলে তেমন হয় না; অতএব তোমরা গৃহে গমন কর।]

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তা মুনিপত্ন্যস্তা যজ্ঞবাটং পুনর্গতাঃ।
তে চানসূয়বঃ স্বাভিঃ স্ত্রীভিঃ সত্রমপারয়ন্ ॥৩৩
তত্রৈকা বিধৃতা ভর্ত্রা ভগবন্তং যথাশ্রুতম্।
হৃদোপগুহ্য বিজহৌ দেহং কর্ম্মানুবন্ধনম্ ॥৩৪

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং প্রকারেণ উক্তাঃ কথিতাঃ তাঃ দ্বিজপত্ন্যঃ পুনঃ যজ্ঞবাটং গতাঃ, তে চ ব্রাহ্মণাঃ তাসু অনসূয়বঃ স্বাজ্ঞোল্লঙ্ঘনাদিদোষদৃষ্টিরহিতাঃ এব তাভিঃ স্ত্রীভিঃ (সহ) সত্রম্ অপারয়ন্ সম্পাদয়ামাসুঃ ॥৩৩

তত্র যজ্ঞবাটে (পূর্ব্বগমনসময়ে এব) একা ব্রাহ্মণী ভর্ত্রা বিধৃতা গৃহীতা সতী যথাশ্রুতম্ ভগবন্তং হৃদা মনসা উপগুহ্য কর্ম্মানুবন্ধনং, (কর্ম অনুবন্ধনং যস্য তং) দেহং বিজহৌ (বিহায়

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! এই সকল দ্বিজপত্নী শ্রীভগবান্ কর্ত্তৃক এই প্রকারে কথিতা হইয়া পুনর্ব্বার যজ্ঞস্থলে গমন করিলেন।

ভগবানপি গোবিন্দস্তেনৈবান্নেন গোপকান্।
চতুর্ব্বিধেনাশয়িত্বা স্বয়ঞ্চ বুভুজে প্রভুঃ ॥৩৫
এবং লীলানরবপুর্নৃলোকমনুশীলয়ন্।
রেমে গোগোপগোপীনাং রময়ন্ রূপবাক্কৃতৈঃ ॥৩৬

শুদ্ধস্বরূপেণ ভগবন্তং প্রাপ্তাইতি জ্ঞেয়ম্) ॥৩৪

ভগবান্ প্রভুঃ গোবিন্দঃ তেনৈব চতুর্ব্বিধেন অন্নেন গোপকান্ আশয়িত্বা ভোজয়িত্বা স্বয়ং চ বুভুজে ॥৩৫

লীলানরবপুঃ (লীলার্থং স্বীকৃতনরবপুঃ) শ্রীকৃষ্ণঃ এবং নৃলোকম্ অনুশীলয়ন্ গোগোপগোপীনাং রূপবাক্কৃতৈঃ (রূপেণ বাচা চরিতৈঃ) রময়ন্ রময়িতুং রেমে ॥৩৬

সেই বিপ্রগণও তাঁহাদিগের প্রতি দোষদৃষ্টি না করিয়া নিজ নিজ স্ত্রীর সহিত একত্রিত হইয়া যজ্ঞকার্য্য সমাপন করিলেন।৩৩

সেখানে ব্রাহ্মণপত্নীগণ যখন শ্রীকৃষ্ণাদিদর্শনে গমন করেন, তখন তাঁহাদিগের সকলের পশ্চাদ্গামিনী এক বিপ্রপত্নী তাঁহার পতিকর্তৃক বলপূর্ব্বক ধৃতা হইয়াছিলেন। তিনি শ্রীকৃষ্ণের রূপাদির কথা যেমন শুনিয়াছিলেন, সেইরূপে শ্রীকৃষ্ণকে প্রেমময় বলিয়া সঙ্কল্পসিদ্ধরূপে মনোময় দেহান্তর দ্বারা "ভয়ার্ত্তহেতু সঙ্কোচ পরিত্যাগপূর্ব্বক শরণাগতা আমাকে রক্ষা কর" এই বলিয়া গ্রহণ করিয়া অথবা মনে মনে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিয়া কর্ম্মায়ত্ত দেহ পরিত্যাগ করিলেন। অতএব পতিসম্বন্ধি-দেহ পতিকে প্রদান করিয়া শ্রীভগবৎ-প্রেমসিদ্ধ দেহে গোলোক নামে প্রসিদ্ধ গোকুলের স্থানান্তরবিশেষে শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলেন।৩৪

(এই প্রকারে দ্বিজপত্নীগণের ভক্তিবিশেষ প্রকাশ হইল এবং তাঁহাদিগের প্রতি শ্রীকৃষ্ণের যে অনুগ্রহবিশেষ, তাহাই বলিতেছি।)

সর্ব্বশক্তিমান্ ভগবান্ শ্রীগোবিন্দও সেই চতুর্বিধ অন্নদ্বারাই গোপগণকে ভোজন করাইয়া ভোজনের অনিচ্ছাসত্বেও স্বয়ং ভোজন করিলেন।৩৫

অথানুস্মৃত্য বিপ্রাস্তে অন্বতপ্যন্ কৃতাগসঃ।
যদ্বিশ্বেশ্বরয়োর্যাচ্ঞামহন্ম নৃবিড়ম্বয়োঃ ॥৩৭
দৃষ্ট্বা স্ত্রীণাং ভগবতি কৃষ্ণে ভক্তিমলৌকিকীম্।
আত্মানঞ্চ তয়া হীনমনুতপ্তা ব্যগর্হয়ন্ ॥৩৮

অথ অনন্তরং যৎ যস্মাৎ নৃবিড়ম্বয়োঃ নরানুকরণবতোঃ বিশ্বেশ্বরয়োঃ যাচ্ঞাম্ অহন্ম হতবন্তঃ, অতঃ কৃতাগসঃ (বয়ম্ ইতি) অনুস্মৃত্য তে বিপ্রাঃ অন্বতপ্যন্ ॥৩৭

স্ত্রীণাং ভগবতি কৃষ্ণে অলৌকিকীং ভক্তিং দৃষ্ট্বা তয়া ভক্ত্যা হীনম্ আত্মানং চ (দৃষ্ট্বা) অনুতপ্তাঃ সন্তঃ (আত্মানং) ব্যগর্হয়ন্ অনিন্দন্ ॥৩৮

লীলার্থ নরবিগ্রহধারী শ্রীকৃষ্ণ এত প্রকারে নানাবিধ লীলাদ্বারা মনুষ্যলোকে নিজভক্তি প্রবর্ত্তিত করিবার নিমিত্ত নিরুপম রূপ, মধুর সম্ভাষণ ও অলৌকিক চরিত্রদ্বারা গো, গোপ ও গোপীদিগকে ক্রীড়া করাইবার নিমিত্ত স্বয়ং ক্রীড়া করিতে লাগিলেন।৩৬

("পতিগণ তোমাদিগের প্রতি দোষ দৃষ্টি করিবেন না" ইত্যাদি ভগবদ্বাক্যে লব্ধানুগ্রহবতী পত্নীগণের সঙ্গপ্রভাবে তাঁহাদিগের পতিগণেরও সদ্বুদ্ধি হইয়াছিল ; সুতরাং বিপ্রপত্নীদিগের মাহাত্ম্য দেখাইবার নিমিত্ত বলিতেছেন-) অনন্তর বিপ্রগণের বোধ হইলে এই যে,—আমরা লৌকিক লীলা-বিস্তারকারী বিশ্বেশ্বর শ্রীরামকৃষ্ণের প্রার্থনা অগ্রাহ্য করিয়াছি বলিয়া কৃতাপরাধ হইয়াছি। ইহা স্মরণ করিয়া সেই বিপ্রগণ দুরভিমানগ্রস্ত হইলেও অত্যন্ত অনুতাপ করিতে লাগিলেন।৩৭

নিজ অশেষৈশ্বর্য্যপ্রকটনশীল সর্ব্বচিত্তাকর্ষক সাক্ষাৎ পরমেশ্বরের প্রতি স্ত্রীগণের অলৌকিক ভক্তি এবং নিজেরা সেই ভক্তিবিহীন দর্শন করিয়া অনুতাপে তপ্ত হইয়া আত্মনিন্দা করিতে লাগিলেন।৩৮

ধিগ্ জন্ম নস্ত্রিবৃদ্ বিদ্যাং ধিগ্ ব্রতং ধিগ্ বহুজ্ঞতাম্।
ধিক্কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে ॥৩৯
নূনং ভগবতো মায়া যোগিনামপি মোহিনী।
যদ্বয়ং গুরবো নৃণাং স্বার্থে মুহ্যামহে দ্বিজাঃ ॥৪০
অহো পশ্যত নারীণামপি কৃষ্ণে জগদ্গুরৌ।
দুরন্তভাবং যোঽবিধ্যন্মৃত্যুপাশান্ গৃহাভিধান্ ॥৪১

অধোক্ষজে (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ তস্মিন্) অতীন্দ্রিয়ে শ্রীকৃষ্ণে যে বিমুখাঃ, (তেষাং) নঃ অস্মাকং যৎ ত্রিবৃৎ (শৌক্রং সাবিত্রং দৈক্ষম্ ইতি ত্রিগুণিতং) জন্ম তৎ ধিক্ অকিঞ্চিৎকরম্। যৎ ব্রতং ব্রহ্মচর্য্যং তৎ ধিক্ বহুজ্ঞতাং ধিক্, কুলং ধিক, ক্রিয়াদাক্ষ্যং ধিক্ ॥৩৯

নূনং নিশ্চিতম্ এতৎ ভগবতঃ মায়া যোগিনাম্ অপি মোহিনী, যৎ যস্মাৎ দ্বিজাঃ বয়ং নৃণাং গুরবঃ অপি স্বার্থে স্বপ্রয়োজনে মুহ্যামহে মুহ্যামঃ ॥৪০

অহো! আশ্চর্য্যমেতৎ নারীণাম্ অপি জগদ্গুরৌ ব্রহ্মাদি-সর্ব্বপূজ্যে কৃষ্ণে দুরন্তভাবং (অস্মাভিঃ প্রতিরোধে কৃতেঽপি অপ্রতিবদ্ধং) ভাবং পশ্যত, যঃ ভাবঃ গৃহাভিধান্ গৃহসংজ্ঞান্ মৃত্যুপাশান্ অবিধ্যৎ অচ্ছিনৎ ॥৪১

বিপ্রগণ বলিলেন—যে আমরা অধোক্ষজ পরমাত্মাতে বিমুখ হইয়াছি, সেই আমাদের যে জন্ম ধিক্ অর্থাৎ শুক্র, সাবিত্রী ও দীক্ষা এই তিন প্রকারে আমাদের যে জন্ম হইয়াছে, সেই ত্রিবিধ জন্মে ধিক্, আমাদের ব্রহ্মচর্য্যব্রতে ধিক্, আমাদের বহুজ্ঞতায় ধিক্, আমাদের বংশপরম্পরা কুলে ধিক্, আমাদের কর্ম্মে ধিক্ ও আমাদের দক্ষতায় ধিক্।৩৯

(শ্রীভগবদ্ভক্তিই ভগবানের মায়াতরণের মুখ্য কারণ, উক্ত জন্মাদি নহে,—এই অভিপ্রায়ে বলিতেছেন) ভগবানের মায়া নিশ্চয়ই অষ্টাঙ্গযোগকারী যোগিগণেরও মোহিনী হইয়াছে, কর্ম্মশীল আমাদিগের কথা কি বলিব? যেহেতু আমরা উক্ত জন্মাদি-বিশিষ্ট দ্বিজ হইয়াও এবং মনুষ্যসকলের গুরু হইয়াও আপন হিতবিষয়ে কেবল মুগ্ধ হইয়াছি।৪০

(হায়! আমরা পতি ও শ্বশুরাদিরূপে যাহাদিগের গুরু হইয়াছি, সেই এই স্ত্রীগণ কৃতার্থ হইয়াছে; আর আমরা অন্ধকূপতুল্য সংসারে পতিই রহিলাম, তাহাই বলিতেছি।)

যে প্রেমভগবন্মায়াপ্রযুক্ত গৃহসংজ্ঞক মৃত্যুপাশ ছেদন করিয়া থাকে, কি আশ্চর্য্য! জগদ্গুরু শ্রীকৃষ্ণে নারীগণের সেই সর্ব্বাধিক প্রেম দর্শন কর।৪১

নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ ॥৪২
অথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।
ভক্তির্দৃঢ়া ন চাস্মাকং সংস্কারাদিমতামপি ॥৪৩
ননু স্বার্থবিমূঢ়ানাং প্রমত্তানাং গৃহেহয়া।
অহো নঃ স্মারয়ামাস গোপবাক্যৈঃ সতাং গতিঃ ॥৪৪

কিন্তু আসাং দ্বিজাতিসংস্কারঃ উপনয়নং ন, গুরৌ গুরুগৃহে নিবাসঃ ব্রহ্মচারিধর্ম্মঃ ন, তপো বনস্থধর্ম্মঃ ন, আত্মমীমাংসা আত্মবিচারঃ যতিধর্ম্মঃ ন, শৌচং শুদ্ধতা ন, শুভাঃ ক্রিয়াঃ সন্ধ্যোপাসনযজ্ঞাদিরূপাঃ যদ্যপি ন সন্তি ॥৪২

তথাপি তাসাং যোগেশ্বরেশ্বরে (যোগেশ্বরাণামপীশ্বরে) উত্তমঃশ্লোকে অবিদ্যানিবর্ত্তকযশসি কৃষ্ণে দৃঢ়া ভক্তিঃ অস্তি, সংস্কারাদিমতাম্ অপি নঃ অস্মাকং চ সা ভক্তিঃ নাস্তি ইত্যাশ্চর্য্যম্ ॥৪৩

অহো নূনং নিশ্চিতং স্বার্থবিমূঢ়ানাং (স্বস্য অর্থে প্রয়োজনে বিমূঢ়ানাম্ অজ্ঞানাম্ অতএব) গৃহেহয়া (গৃহস্য ঈহয়া ব্যাপারেণ) প্রমত্তানাং বিচারেঽপ্যসমর্থানাং নঃ অস্মাকং সতাং গতিঃ কৃপালুঃ কৃষ্ণঃ গোপবাক্যৈঃ এতৎ স্মারয়ামাস ॥৪৪

আশ্চর্য্যত্ব এই—এই স্ত্রীসকলের উপনয়নাদি সংস্কার নাই, গুরুকুলে বাসাদিরূপ ব্রহ্মচর্য্য নাই, বানপ্রস্থধর্ম্ম তপস্যার অনুষ্ঠান নাই, যতিধর্ম্ম আত্মবিচার নাই, শৌচ (শুদ্ধতা) নাই এবং গার্হস্থ্য-ধর্ম্ম সন্ধ্যোপাসনাদি নাই; তথাপি যোগেশ্বরেশ্বর উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণে ইহাদিগের অচলা ভক্তি হইয়াছে, আর উপয়নাদি সর্ব্ব ক্রিয়ান্বিত আমাদিগের সেই ভগবদ্-ভক্তি হইল না।৪২-৪৩

আহা! নিশ্চয়ই বোধ হইতেছে স্ব স্ব অধিকার

অন্যথা পূর্ণকামস্য কৈবল্যাদ্যাশিষাং পতেঃ।
ঈশিতব্যৈঃ কিমস্মাভিরীশস্যৈতদ্ বিড়ম্বনম্ ॥৪৫
হিত্বান্যান্ ভজতে যং শ্রীঃ পাদস্পর্শাশয়াসকৃৎ।
আত্মদোষাপবর্গেণ তদ্‌যাচ্ঞা জনমোহিনী ॥৪৬
দেশঃ কালঃ পৃথগ্‌ দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ।
দেবতা যজমানশ্চ ক্রতুর্দ্ধর্ম্মশ্চ যন্ময়ঃ ॥৪৭

স এষ ভগবান্ সাক্ষাৎ বিষ্ণুর্যোগেশ্বরেশ্বরঃ।
জাতো যদুষ্বিত্যশৃণ্ম হ্যপি মূঢ়া ন বিদ্মহে ॥৪৮
অহো বয়ং ধন্যতমা যেষাং নস্তাদৃশীঃ স্ত্রিয়ঃ।
ভক্ত্যা যাসাং মতির্জাতা অস্মাকং নিশ্চলা হরৌ ॥৪৯
নমস্তুভ্যং ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে।
যন্মায়ামোহিতধিয়ো ভ্রমামঃ কর্ম্মবর্ত্মসু ॥৫০

অন্যথা (অস্মৎপ্রয়োজনং বিনা) কৈবল্যাদ্যাশিষাং মোক্ষাদি-চতুর্ব্বিধ-পুরুষার্থানাং পতেঃ ঈশস্য পূর্ণকামস্য ভগবতঃ ঈশিতব্যৈঃ (তৎপরবশতয়া অসমর্থৈঃ শাসনীয়ৈঃ অস্মাভিঃ এতৎ বিড়ম্বনম্) অন্নযাচ্ঞয়া কিং প্রয়োজনম্ ॥৪৫

অন্যান্ ব্রহ্মাদীন্ হিত্বা স্বাত্মদোষাপবর্গেণ (স্বাত্মনঃ যে দোষাঃ চাঞ্চল্যগর্ব্বাদয়ঃ তেষাম্ অপবর্গেণ ত্যাগেন) শ্রীঃ লক্ষ্মীঃ পাদস্পর্শাশয়া চরণসেবামনোরথেন যং শ্রীহরিম্ অসকৃৎ নিরন্তরং ভজতে, তদ্‌যাচ্ঞা তস্য যা অন্নপ্রার্থনা সা জনমোহিনী বিজ্ঞজনানাম্ অপি মোহিনী।॥৪৬

দেশঃ কালঃ পৃথক্ দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ দেবতাঃ যজমানঃ ক্রতুঃ যজ্ঞঃ ধর্ম্মঃ অপূর্ব্বাদি প্রত্যেকপদার্থঃ যন্ময়ঃ যস্য বিভূতিরূপঃ ॥৪৭

সঃ এব যোগেশ্বরেশ্বরঃ সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুঃ যদুষু জাতঃ ইতি অশৃণ্ম সর্ব্বত্র শ্রুতবন্তঃ অপি বয়ং মূঢ়াঃ মূর্খাঃ ন বিদ্মহে অনুসন্ধানং ন কৃতবন্তঃ ॥৪৮

যাসাং ভক্ত্যা যৎকর্তৃকভক্ত্যা হেতুভূতয়া অস্মাকং নিশ্চলা মতিঃ হরৌ জাতা, যেষাং নঃ অস্মাকং তাদৃশীঃ তাদৃশ্যঃ স্ত্রিয়ঃ, তে বয়ং ধন্যতমাঃ ॥৪৯

তস্মৈ অকুণ্ঠমেধসে (অকুণ্ঠা সর্ব্বত্র প্রসৃতা মেধা বুদ্ধির্যস্য তস্মৈ) ভগবতে কৃষ্ণায় নমঃ, যন্মায়ামোহিতধিয়ঃ (যস্য মায়য়া মোহিতা বিবেকরহিতা ধীর্যেষাং তে বয়ং) কর্ম্মবর্ত্মসু কর্ম্মমার্গেষু ভ্রমামঃ ॥৫০

প্রাপ্ত বেদোক্ত কার্য্যে তৎপর সাধুগণের গতি শ্রীকৃষ্ণ গোপজনোচিত বাক্য দ্বারা নিজ প্রয়োজন বোধে অত্যন্ত অজ্ঞ ও গৃহকার্য্যে অনবহিত আমাদিগের প্রতি আপনাকে স্মরণ করাইয়াছিলেন।৪৪

(যদি বল—গোপবাক্যদ্বারা আমাদিগের নিকট অন্নই প্রার্থনা করিয়াছিলেন বটে, পরন্তু স্মরণ করান নাই; তাহাতে বলিতেছি)

অন্যথা (অনুগ্রহময় আত্মস্মরণ ব্যতিরেকে) পূর্ণকাম, মোক্ষ বা প্রেমাদি ফলপ্রদ, ও তত্তৎ প্রসাদনে সমর্থ শ্রীকৃষ্ণের কোনও কার্য্যসাধনে অশক্ত আমাদিগের দ্বারা কিছুই প্রয়োজন নাই, তথাপি এই অন্ন-প্রার্থনা তাঁহার বিড়ম্বনা মাত্র।৪৫

শ্রীলক্ষ্মীদেবী যে শ্রীভগবানের পাদস্পর্শ প্রত্যাশায় ব্রহ্মাদি দেবগণকে পরিত্যাগপূর্ব্বক স্বীয় চাঞ্চল্য ও গর্ব্বাদি পরিহার করিয়া নিরন্তর যাঁকে ভজনা করিতেছেন, সেই শ্রীভগবানের যাচ্ঞা করা কোন প্রকারেও সম্ভব হয় না; তথাপি তাঁহার যে যাচ্ঞা, তাহা অস্মদ্বিধ নিখিল জীবের মোহকারিণী অর্থাৎ "ইনি ঈশ্বর নহেন" এই প্রকারে মোহোৎপাদনকারিণী হইয়াছে; অতএব আমরা মুগ্ধ হইয়াই তাহা স্মরণ করি নাই।৪৬

মুগ্ধ হওয়ার কারণ এই যে—দেশ, কাল, চরু-পুরোডাশাদি বহুবিধ দ্রব্য, মন্ত্র, তন্ত্র (প্রয়োগ), ঋত্বিক্, অগ্নি, দেবতা, যজমান, যজ্ঞ ও ধর্ম্ম এই সকল যাঁহার অংশাংশবিভূতিস্বরূপ সেই যোগেশ্বরগণের ঈশ্বর সর্ব্বব্যাপক সাক্ষাৎ ভগবান্ যদুকুলে অবতীর্ণ হইয়াছেন, ইহা শ্রুত হইলেও আমরা এমন মূঢ় যে তাঁহাকে জানিতে পারি নাই।৪৭-৪৮

যাহাদিগের ভক্তিপ্রভাবে শ্রীকৃষ্ণে আমাদিগেরও নিশ্চলা ভক্তি জন্মিল, সেই স্ত্রীগণ আমাদিগের ভার্য্যা, আহা আমরা অতিশয় ধন্য হইলাম।৪৯

স বৈ ন আদ্যঃ পুরুষঃ স্বমায়ামোহিতাত্মনাম্ ।
অবিজ্ঞাতানুভাবানাং ক্ষন্তুমর্হত্যতিক্রমম্ ॥৫১
ইতি স্বাঘমনুস্মৃত্য কৃষ্ণে তে কৃতহেলনাঃ ।
দিদৃক্ষবোঽপ্যচ্যুতয়োঃ কংসাদ্ভীতা ন চাচলন্ ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

সঃ বৈ সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধঃ আদ্যঃ সর্ব্বকারণভূতঃ পুরুষঃ সর্ব্বান্তর্য্যামী (শ্রীকৃষ্ণঃ) স্বমায়ামোহিতধিয়াং (স্বমায়য়া মোহিতা ধীর্যেষাং তাদৃশানাং) অতঃ অবিজ্ঞাতানুভাবানাং (অবিজ্ঞাতঃ অনুভাবঃ যৈঃ তেষাং) নঃ অস্মাকম্ অতিক্রমং স্বাজ্ঞোল্লঙ্ঘনাপরাধং ক্ষন্তুম্ অর্হতি ॥৫১

কৃষ্ণে কৃতহেলনাঃ (কৃতং হেলনম্ অবজ্ঞানং যৈস্তে) ব্রাহ্মণাঃ ইতি এবং স্বাঘং স্বস্য অপরাধম্ অনুস্মৃত্য অচ্যুতয়োঃ (রামকৃষ্ণৌ) দিদৃক্ষবঃ দ্রষ্টুমিচ্ছবোঽপি কংসাদ্ভীতাঃ সন্তঃ ন অচলন্ দর্শনার্থং নৈব জগ্মুঃ ॥৫২

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥

যাঁহার মায়ায় বিমোহিত হইয়া আমরা কর্ম্মপথে পুনঃ পুনঃ পরিভ্রমণ করিয়া তাহাতেই অভিনিবেশ প্রাপ্ত হইতেছি, পরন্তু জলাবর্ত্তে পতিত তৃণাদির ন্যায় কখনও তাহা হইতে নির্গমন করিতে সমর্থ হইতেছি না, সেই অলুপ্তজ্ঞান অচিন্ত্য অনন্তৈশ্বর্য্য ভগবান্ শ্রীকৃষ্ণকে নমস্কার করিতেছি ।৫০

সেই শ্রীকৃষ্ণই নিশ্চয় আদি (সর্ব্বশ্রেষ্ঠ) পুরুষ ; অতএব তাঁহার নিজমায়ায় মোহিত-চিত্ত সুতরাং তদীয় মাহাত্ম্যজ্ঞানে অজ্ঞ আমাদিগের অপরাধ ক্ষমা করুন। এইরূপে কৃষ্ণবিষয়ে অবজ্ঞাকারী তাঁহারা নিজ অপরাধ স্মরণ করিয়া রামকৃষ্ণকে দর্শন করিতে ইচ্ছুক হইলেও কংসভয়ে ভীত হওয়ায় স্বস্থান হইতে কেহই গমন করিলেন না, কিন্তু তদ্ধ্যানপরায়ণ হইয়া স্বস্থানেই বিরাজ করিতে লাগিলেন ।৫১-৫২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতা ইন্দ্রযাগস্য ভঙ্গঃ।]

শ্রীশুক উবাচ।

ভগবানপি তত্রৈব বলদেবেন সংযুতঃ।
অপশ্যন্ নিবসন্ গোপানিন্দ্রযাগকৃতোদ্যমান্ ॥১

তদভিজ্ঞোঽপি ভগবান্ সর্ব্বাত্মা সর্বদর্শনঃ।
প্রশ্রয়াবনতোঽপৃচ্ছদ্ বৃদ্ধান্ নন্দপুরোগমান্ ॥২

কথ্যতাং মে পিতঃ কোঽয়ং সম্ভ্রমো ব উপাগতঃ।
কিং ফলং কস্য চোদ্দেশঃ কেন বা সাধ্যতে মখঃ ॥৩

এতদ্ ব্রূহি মহান্ কামো মহ্যং শুশ্রূষবে পিতঃ।
ন হি গোপ্যং হি সাধূনাং কৃত্যং সর্ব্বাত্মনামিহ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। বলদেবেন সংযুতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ অপি অত্র গোকুলে এব নিবসন্ ইন্দ্রযাগকৃতোদ্যমান্ (ইন্দ্রযাগায় কৃতঃ উদ্যমো যৈঃ তান্) গোপান্ অপশ্যৎ ॥১

সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ ভগবান্ (কৃষ্ণঃ) অভিজ্ঞঃ অপি উদ্যোগকারণং জানন্ অপি প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ নম্রঃ সন্) নন্দপুরোগমান্ নন্দপ্রমুখান্ বৃদ্ধান্ অপৃচ্ছৎ ॥২

হে পিতঃ! বঃ যুষ্মাকম্ অয়ং কঃ সম্ভ্রমঃ (সম্যক্ ভ্রমঃ যত্র সঃ সম্ভ্রমঃ) উৎসববিশেষঃ উপাগতঃ, সঃ কথ্যতাম্; অস্য কিং ফলং, কস্য চ দেব-বিশেষস্য উদ্দেশঃ (কং দেববিশেষম্ উদ্দিশ্য এতৎ কর্ম্ম প্রবৃত্তম্), কেন বা সাধনেন অধিকারিণা অয়ং মখঃ যাগঃ সাধ্যতে ॥৩

হে পিতঃ! মহান্ কামঃ (শ্রবণে মহতী ইচ্ছা বর্ত্ততে অতঃ) শুশ্রূষবে মহ্যম্ এতৎ ব্রূহি। হি যস্মাৎ ইহ ব্যবহার-ভূমৌ

চতুর্বিংশ অধ্যায়।

[শ্রীভগবান্ কর্ত্তৃক ইন্দ্রযাগ ভঙ্গ।]

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন—(হে রাজন্!) গোপগণ যাগযোগ্য গোষ্ঠনিকটবর্ত্তিস্থানবিশেষে একত্র মিলিত হইয়া অবস্থানপূর্ব্বক যজ্ঞানুষ্ঠানে উদ্যমযুক্ত হইয়াছিলেন, তথায় শ্রীভগবান্ ও শ্রীবলদেবের সহিত অবস্থানপূর্ব্বক গোপদিগকে ইন্দ্র-যাগার্থ উদ্যোগযুক্ত দেখিতে পাইলেন।১

নিখিলজীবের পরমাত্মা ও স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তন-কারী শ্রীভগবান্ গোপগণের উদ্যোগের কারণ সমস্ত অবগত হইলেও বিনয়াবনত হইয়া শ্রীনন্দ প্রভৃতি বৃদ্ধ গোপগণকে জিজ্ঞাসা করিলেন।২

হে পিতঃ! আপনাদিগের সকলের কোন্ বিষয়ে এই সম্ভ্রম উপস্থিত হইয়াছে—আমাকে বলুন, বৃথা সম্ভ্রম সম্ভব হইতে পারে না। যদি বলেন—যজ্ঞার্থ এই সম্ভ্রম উপস্থিত হইয়াছে, তদ্বিষয়ে জিজ্ঞাসা করি যে ইহাতে কি ফল হইবে এবং কোন্ দেবতার উদ্দেশে অর্থাৎ এই যজ্ঞে কোন্ কোন্ দেবতা পূজ্যস্বরূপে নির্দ্দিষ্ট হইয়াছে? আর কি প্রকার ব্যক্তিই বা এই যজ্ঞের অধিকারী কিম্বা কি প্রকার সাধনপ্রণালীতেই বা এই যজ্ঞ সাধিত হইয়া থাকে?৩

আপনারা যদি বলেন—তুমি বালক, অতএব তোমার এই সমস্ত প্রশ্নদ্বারা প্রয়োজন কি? তদুত্তরে বলিতেছি—হে পিতঃ! এই বিষয়ে আমার অত্যন্ত অভিলাষ হইয়াছে, সুতরাং শ্রবণাভিলাষী আমার প্রীত্যুৎপাদনার্থ তাহা বর্ণন করুন। (পিতাকে তুষ্ণীম্ভূত থাকিতে দর্শন করিয়া পুনর্ব্বার বলিলেন—পিতঃ!) যে হেতু এই জগতে সর্ব্বত্র আত্মদর্শী ইনি আপন—ইনি পর—এই প্রকার ভেদজ্ঞানরহিত মিত্র উদাসীন ও শত্রুবিহীন সাধুদিগের কোন কার্য্যও গোপনীয় থাকে না, ইহা নিশ্চয় বলিতে হইবে। (যদি বলেন—আমরা গৃহস্থ, সুতরাং

অন্তস্বপরদৃষ্টীনামমিত্রোদাস্তবিদ্বিষাম্।
উদাসীনোঽরিবদ্ বর্জ্য আত্মবৎ সুহৃদুচ্যতে ॥৫

জ্ঞাত্বাঽজ্ঞাত্বা চ কর্ম্মাণি জনোঽয়মনুতিষ্ঠতি।
বিদুষঃ কর্ম্মসিদ্ধিঃ স্যাৎতথা নাবিদুষো ভবেৎ ॥৬

সর্ব্বাত্মনাং সর্ব্বত্রৈকাত্মদৃষ্টীনাম্ অন্তঃস্বপরদৃষ্টীনাং (অন্তা নিরস্তা স্ব-পর-ইতি দৃষ্টিঃ যেষাম্) অতএব অমিত্রোদাস্তবিদ্বিষাং (ন বিদ্যতে মিত্রম্ উদাস্তঃ উদাসীনঃ বিদ্বিট্ চ তেষাং) সাধূনাং কৃত্যং কর্ম্ম হি নিশ্চিতং ন গোপ্যং ভবেৎ। (ভেদদর্শনে বিদ্যমানে সতি) উদাসীনঃ (মন্ত্রভঙ্গভয়াৎ) অরিবৎ বর্জ্যঃ, সুহৃৎ মিত্রং তু আত্মবৎ স্বতুল্য এব উচ্যতে ॥৪-৫

অয়ং জনঃ জ্ঞাত্বা (সুহৃদ্ভিঃ সহ বিচার্য্য তথা) অজ্ঞাত্বা অবিচার্য্যৈব চ কর্ম্মাণি অনুতিষ্ঠতি; (কিন্তু) বিদুষঃ তত্র যথা কর্ম্মসিদ্ধিঃ স্যাৎ; অবিদুষঃ তথা (ফলং) ন ভবেৎ ॥৬

সাধুগণের ন্যায় হইতে পারি নাই; তথাপি আমার প্রতি ইহা গোপন করা সঙ্গত নহে; কারণ মন্ত্রভঙ্গের সম্ভাবনা থাকায়) উদাসীন ব্যক্তিই শত্রুর ন্যায় পরিত্যাজ্য হয়, আর সুহৃৎজনকে আপনার আত্মার তুল্য মনে করাই কর্ত্তব্য, আমি পুত্র, সুতরাং সুহৃৎ হইতেও অন্তরঙ্গ; অতএব উক্ত সাধুলক্ষণাক্রান্ত আপনাদিগের আমার নিকট কোন বিষয় গোপন করা সঙ্গত নহে।৪-৫

এই সংসারস্থ জনসকলের মধ্যে কেহ কেহ সুহৃদ্গণসহ পরামর্শপূর্ব্বক জানিয়া এবং কেহবা অবিচারপূর্ব্বক দৃষ্টপরম্পরায় কর্ম্মসমূহের অনুষ্ঠান করিয়া থাকেন সত্য; কিন্তু তন্মধ্যে বিজ্ঞজনের যেরূপ কার্য্যসিদ্ধি হয়, তদ্রূপ অজ্ঞ ব্যক্তির কার্য্যসিদ্ধি হয় না।৬

অতএব জিজ্ঞাসা করি, সেই সমূহের মধ্যে

তত্র তাবৎ ক্রিয়াযোগো ভবতাং কিং বিচারিতঃ।
অথবা লৌকিকস্তন্মে পৃচ্ছতঃ সাধু ভণ্যতাম্ ॥৭

নন্দ উবাচ।

পর্জ্জন্যো ভগবানিন্দ্রো মেঘাস্তস্যাত্মমূর্ত্তয়ঃ।
তেঽভিবর্ষন্তি ভূতানাং প্রীণনং জীবনং পয়ঃ ॥৮

তং তাত বয়মন্যে চ বার্ম্মুচাং পতিমীশ্বরম্।
দ্রব্যৈস্তদ্রেতসা সিদ্ধৈর্যজন্তে ক্রতুভির্নরাঃ ॥৯

তত্র তাবৎ ভবতাং ক্রিয়াযোগঃ কিং (সুহৃদ্ভিঃ সহ শাস্ত্রতশ্চ) বিচারিতঃ, অথবা লৌকিকঃ আচারপ্রাপ্তঃ বা তৎ পৃচ্ছতঃ মে মম সাধু সত্যং ভণ্যতাং কথ্যতাম্ ॥৭

নন্দঃ উবাচ। ভগবান্ ইন্দ্রঃ পর্জ্জন্যঃ বর্ষাধিপতিঃ, যতঃ মেঘাঃ তস্য ইন্দ্রস্য আত্মমূর্ত্তয়ঃ (আত্মবৎ প্রিয়স্বরূপাঃ), তে মেঘাঃ ভূতানাং প্রাণিনাম্ আপ্যায়নকরং জীবনং প্রাণদং পয়ঃ জলম্ অভিবর্ষন্তি ॥৮

হে তাত! বয়ং বৈশ্যাঃ অন্যে চ ব্রাহ্মণাদয়ঃ নরাঃ তং বার্ম্মুচাং মেঘানাং পতিম্ ঈশ্বরম্ ইন্দ্রং তদ্রেতসা (তস্য জলেন) সিদ্ধৈঃ সম্পাদিতৈঃ ক্রতুভিঃ যজন্তে আরাধয়ন্তি ॥৯

আপনাদের যে ক্রিয়াযোগ (কর্ম্মানুষ্ঠান প্রকার) তাহা কি শাস্ত্রীয় প্রমাণানুসারে বিচারপূর্ব্বক প্রবর্ত্তিত হইয়াছে, না লৌকিক আচার অনুসারে লোকপরম্পরায় প্রাপ্ত হইয়াছে? এতদ্বিষয়ে আমার নিকট যুক্তিপূর্ব্বক বর্ণন করুন।৭

শ্রীনন্দ মহারাজ বলিলেন—ভগবান্ ইন্দ্র বর্ষাধিদেবতা, মেঘসকল ইন্দ্রের স্বশরীরতুল্য প্রিয়মূর্ত্তি, সেই মেঘ সমস্ত প্রাণিগণের সন্তর্পক বা প্রীতিজনক এবং মৃতপ্রায়তৃণাদির প্রাণপ্রদ বারি বর্ষণ করিয়া থাকেন।৮

হে তাত! গোপালনার্থ কেবল আমরা নহে, অন্যান্য ব্রাহ্মণাদি সকলেই মেঘসকলের অধীশ্বর দেবরাজ ইন্দ্রকে তাঁহারই বর্ষণজন্য বারিসমূহে সুসম্পন্ন নানাবিধ দ্রব্যসাধক যজ্ঞ দ্বারা অর্চ্চনা করিয়া থাকে।৯

তচ্ছেষেণোপজীবন্তি ত্রিবর্গফলহেতবে।
পুংসাং পুরুষকারাণাং পর্জ্জন্যঃ ফলভাবনঃ ॥১০

য এবং বিসৃজেদ্ধর্ম্মং পারম্পর্য্যাগতং নরঃ।
কামাল্লোভাদ্ভয়াদ্ দ্বেষাৎ স বৈ নাপ্নোতি শোভনম্॥১১

(যতঃ) পর্জ্জন্যঃ (এব) পুংসাং পুরুষকারাণাং কৃষ্যাদি-ব্যাপারাণাং ফলভাবনং ফলসাধকঃ, অতঃ ত্রিবর্গফলহেতবে ধর্ম্মার্থকামসিদ্ধয়ে, তচ্ছেষেণ ইন্দ্রযাগাবশিষ্টেন (অন্নাদিনা নরাঃ) উপজীবন্তি জীবিকাং কল্পয়ন্তি ॥১০

যঃ নরঃ কামাৎ দ্বেষাৎ ভয়াৎ লোভাৎ বা পারম্পর্য্যাগতম্ এবং ধর্ম্মং বিসৃজেৎ ত্যজেৎ, সঃ বৈ শোভনং সুখং ন আপ্নোতি ॥১১

যদি বল—তাহা হইলে তদ্দ্বারা আমাদিগের কি উপকার? তাহাতেই বলিতেছি—ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ-প্রাপক দেবগণের মধ্যে ইন্দ্রই যাবতীয় লোকের মধ্যে ত্রিবর্গার্থ উদ্যমশীল ব্যক্তিদিগের ফলোৎপাদক; অতএব মানবগণ ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গরূপ ফলসিদ্ধির নিমিত্ত তদীয় যজ্ঞাবশিষ্ট অন্ন দ্বারা জীবিকা কল্পনা করিয়া থাকে অর্থাৎ পর্জ্জন্য হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে অন্ন, অন্ন হইতে জীবিকা, জীবিকা হইতে ধর্ম্ম এবং ধর্ম্ম হইতে উদ্যম; সুতরাং পর্জ্জন্যই ত্রিবর্গের মূলহেতু, তাহাকেই অর্চ্চনা করিবে।১০

অন্যথা যে ব্যক্তি কাম, (অদৃষ্টবিষয় কিংবা স্বেচ্ছা-ক্রমে) দ্বেষ (দেবতাবিষয়ক কিংবা তদুপাসনাবিষয়ক দ্বেষ), ভয় (বিরোধিজনহেতুকভয়) ও লোভ অর্থাৎ দৃষ্টবিষয় কিংবা দ্রব্যব্যয়াভাববিষয়ক লোভহেতু বৃদ্ধগণের পারম্পর্য্যাগত ধর্ম্ম পরিত্যাগ করিয়া থাকে, তাহার ইহকালে ও পরকালে কখনই কল্যাণ হয় না।১১

শ্রীশুক উবাচ।
বচো নিশম্য নন্দস্য তথান্যেষাং ব্রজৌকসাম্।
ইন্দ্রায় মন্যুং জনয়ন্ পিতরং প্রাহ কেশবঃ ॥১২

শ্রীভগবানুবাচ।
কর্ম্মণা জায়তে জন্তুঃ কর্ম্মণৈব বিলীয়তে।
সুখং দুঃখং ভয়ং ক্ষেমং কর্ম্মণৈবাভিপদ্যতে ॥১৩

শ্রীশুকঃ উবাচ। নন্দস্য তথা অন্যেষাং ব্রজৌকসাং বচঃ নিশম্য শ্রুত্বা কেশবঃ (কঃ ব্রহ্মা ঈশঃ রুদ্রঃ তয়োঃ বং সুখং যস্মাৎ সঃ কেশবঃ) ইন্দ্রায় (ইন্দ্রস্য) মন্যুং জনয়ন্ পিতরং নন্দং প্রাহ ॥১২

শ্রীভগবান্ উবাচ। অয়ং জন্তুঃ কর্ম্মণা এব জায়তে, কর্ম্মণা এব প্রলীয়তে, সুখং দুঃখং ভয়ং ক্ষেমং বা কর্ম্মণা এব অভিপদ্যতে প্রাপ্নোতি ॥১৩

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—কেশব অর্থাৎ যিনি ব্রহ্মা ও রুদ্রকে স্বীয় মহিমা দ্বারা সমাচ্ছন্ন করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ শ্রীনন্দের ও অন্যান্য ব্রজবাসিগণের তাদৃশ বাক্য শ্রবণ পূর্ব্বক দেবরাজ ইন্দ্রের কোপজনন দ্বারা তাঁহাকে গর্ব্বরূপ পর্ব্বত হইতে অবতরণ করাইবার নিমিত্ত পিতা শ্রীনন্দ মহারাজকে বলিতে লাগিলেন।১২

(আমার পিতা শ্রীনন্দ প্রভৃতি নিত্যপরিকরগণের পূজাগ্রহণে ইন্দ্র কি প্রকারে সমর্থ হইবে? তাহার মদ হরণ করা যদিও আমার মনে রহিয়াছে, যথাপি নরলীলা পালনার্থ তাহা উদ্‌ঘাটন না করিয়া সর্ব্বত্র অতি প্রসিদ্ধ কর্ম্মবাদের মতাবলম্বন পূর্ব্বক প্রথমতঃ জনকোক্ত বাক্যের খণ্ডন করিতেছেন—)

শ্রীভগবান্ কহিলেন—হে পিতঃ! জীব কর্ম্মদ্বারাই উৎপন্ন হয় এবং কর্ম্ম দ্বারাই বিলয় প্রাপ্ত হইয়া থাকে। সুখ, দুঃখ, ভয় ও মঙ্গল কর্ম্মদ্বারাই প্রাপ্ত হইয়া থাকে।১৩

[ষষ্ঠবর্ষ, আশ্বিন, ১৩৭৪]　　[চতুর্থ সংখ্যা—বামপার্শ্বিকা যাত্রা]

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

প্রভুপাদ-শ্রীশচীনন্দনগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পূজক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫.০০ টাকা　　[প্রতি সংখ্যা ১.৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্. ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত।
১৫ই আশ্বিন, ১৩৭৪।

কার্য্যালয় :—
৬৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫.০০, প্রতি সংখ্যা ১.৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০.০০, প্রতি সংখ্যা ২.০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

৺৭শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

অস্তি চেদীশ্বরঃ কশ্চিৎ ফলরূপ্যন্যকর্ম্মণাম্।
কর্ত্তারং ভজতে সোঽপি নহ্যকর্ত্তুঃ প্রভুর্হি সঃ ॥১৪
কিমিন্দ্রেণেহ ভূতানাং স্ব-স্বকর্ম্মানুবর্ত্তিনাম্।
অনীশেনান্যথা কর্ত্তুং স্বভাববিহিতং নৃণাম্ ॥১৫
স্বভাবতন্ত্রো হি জনঃ স্বভাবমনুবর্ত্ততে।
স্বভাবস্থমিদং সর্ব্বং সদেবাসুরমানুষম্ ॥১৬

অন্যকর্ম্মণাং (অন্যেষাং কর্ম্মণাং) ফলরূপী (ফলং রূপয়তি কল্পয়তি দদাতি যঃ সঃ) কশ্চিৎ ঈশ্বরঃ অস্তি চেৎ, তর্হি সঃ অপি কর্ত্তারম্ এব ভজতে, হি যতঃ সঃ অকর্ত্তুঃ কর্ম্মাকর্ত্তুঃ হি প্রভুঃ ফলদাতা ন (ভবতি) ॥১৪

নৃণাং স্বভাববিহিতম্ (স্বভাবেন পূর্ব্বসংস্কারেণ বিহিতং কারিতং কর্ম্ম, তদধীনং সুখদুঃখাদিকং চ) অন্যথাকর্ত্তুং বিপরিবর্ত্তয়িতুম্ অনীশেন অসমর্থেন ইন্দ্রেণ স্ব স্ব কর্ম্মানুবর্ত্তিনাং ভূতানাম্ ইহলোকে কিং প্রয়োজনম্ ॥১৫

জনঃ প্রাণিমাত্রঃ স্বভাবতন্ত্রঃ স্বভাবাধীনঃ, হি অতঃ স্বভাবম্ এব অনুবর্ত্ততে। সদেবাসুরমানুষং সর্ব্বম্ ইদং জগৎ স্বভাবস্থম্ এব ॥১৬

অন্যজনকৃত কর্ম্মের ফলদাতা যদি কোন ঈশ্বর থাকেন, তাহা হইলে তিনিও কর্ম্মকর্ত্তার অনুসরণ করেন অর্থাৎ জীব যেমন কর্ম্ম করিবে, সেই কর্ম্মানুসারেই ফল দান করিবেন ; যেহেতু সেই ঈশ্বর যে কর্ম্ম না করে, তাহার তিনি প্রভু হইতে পারেন না ; কারণ তাহার সম্বন্ধে কর্ম্মফলদানে তিনি অসমর্থ।১৪

এই সংসারে প্রাক্তন কর্ম্মানুসারে সুখ-দুঃখ-ভোগশীল প্রাণিগণের পক্ষে ইন্দ্রের দ্বারা কিছুই ফল হয় না। কর্ম্মান্তর-উপার্জ্জক জীবসকলের নিজ নিজ স্বভাব বিহিত কর্ম্মের অন্যথা করিতে সেই ইন্দ্র বা অন্য কোন দেবতারই ক্ষমতা নাই, ফল কথা—প্রাক্তন সংস্কার দ্বারা বিহিত কর্ত্তব্যত্বে উপস্থাপিত যে কর্ম্ম, তাহা করিতেই অন্তর্যামী জীবকে প্রেরণ করেন ; কিন্তু তাহার অন্যথা করিতে অসমর্থ ইন্দ্রের পূজা দ্বারা কি হইবে ? বস্তুতঃ কোনই ফল নাই।১৫

জীবমাত্রই স্বভাবের অধীন (প্রাক্তন সংস্কারাধীন), যেহেতু স্বভাবেরই অনুবর্ত্তী হয়; সুতরাং দেব অসুর মনুষ্য সহ এই চরাচর বিশ্ব স্বভাবে অবস্থিত অর্থাৎ সাত্বিক দেবগণ, রাজসিক অসুরগণ, তামসিক মনুষ্যগণ এই ত্রিবিধ জীবের সহিত এই জগৎ স্বভাবে অবস্থিত রহিয়াছে। জীবমাত্রের প্রবৃত্তি সংস্কারাধীন হইয়া থাকে, অতএব অন্তর্য্যামী দ্বারা কি হইবে ? যাহার যেমন স্বভাব, সে তেমনই করিবে ; তাহা কিছুতেই অন্যথা হইবার নহে।১৬

দেহানুচ্চাবচান্ জন্তুঃ প্রাপ্যোৎসৃজতি কর্ম্মণা।
শত্রুর্ম্মিত্রমুদাসীনঃ কর্ম্মৈব গুরুরীশ্বরঃ ॥১৭
তস্মাৎ সম্পূজয়েৎ কর্ম্ম স্বভাবস্থঃ স্বকর্ম্মকৃৎ।
অঞ্জসা যেন বর্ত্তেত তদেবাস্য হি দৈবতম্ ॥১৮
আজীব্যৈকতরং ভাবং যস্ত্বন্যমুপজীবতি।
ন তস্মাদ্ বিন্দতে ক্ষেমং জারং নার্য্যসতী যথা ॥১৯

জন্তুঃ জীবঃ কর্ম্মণা উচ্চাবচান্ উৎকৃষ্টাপকৃষ্টান্ দেহান্ প্রাপ্য (কর্ম্মসমাপ্তৌ) উৎসৃজতি পরিত্যজতি, তথা শত্রুঃ মিত্রম্ উদাসীনঃ গুরুঃ ঈশ্বরঃ চ সর্ব্বং কর্ম্ম এব ॥১৭

তস্মাৎ (জন্মাদেঃ কর্ম্মাধীনত্বাৎ) স্বভাবস্থঃ সন্ স্বকর্ম্মকৃৎ জনঃ কর্ম্ম এব সম্পূজয়েৎ, হি যতঃ যেন কর্ম্মণা অঞ্জসা সুখেন বর্ত্তেত জীবেৎ তৎ এব অস্য দৈবতং সেব্যম্ যঃ তু (পুরুষঃ) একতরং ভাবং দেবতাবিশেষম্ আজীব্য জীবনোপায়ত্বেন উপসেব্য (তত্র অপরিতোষাৎ) অন্যম্ উপজীবতি সেবতে (সঃ তু) অসতী পুংশ্চলী নারী যথা জারাৎ ন সুখং প্রাপ্নোতি (পতিপরিত্যাগদর্শনেন বিশ্বাসানাস্পদত্বাৎ) তথা তস্মাৎ সেবিতাৎ অন্যস্মাৎ ক্ষেমং সুখং ন বিন্দতে (তস্য যস্মিন্ বিশ্বাসাভাবাৎ ॥১৮-১৯

জীবগণ কর্ম্মদ্বারাই উত্তম অধম নানাবিধ কর্ম্মানুরূপ দেহ লাভ করিয়া থাকে আবার কর্ম্মদ্বারাই তাহা ত্যাগ করে। কর্ম্মই জীবের শত্রু,

বর্ত্তেত ব্রহ্মণা বিপ্রো রাজন্যো রক্ষয়া ভুবঃ।
বৈশ্যস্তু বার্ত্তয়া জীবেচ্ছূদ্রস্তু দ্বিজসেবয়া ॥২০
কৃষিবাণিজ্যগোরক্ষাকুসীদং তুর্য্যমুচ্যতে।
বার্ত্তা চতুর্ব্বিধা তত্র বয়ং গোবৃত্তয়োঽনিশম্ ॥২১

বিপ্রঃ ব্রহ্মণা বেদাধ্যয়নাদিনা বর্ত্তেত জীবিকাং সম্পাদয়েৎ, রাজন্যঃ ভুবঃ রক্ষয়া, বৈশ্যঃ তু বার্ত্তয়া কৃষ্যাদিনা, শূদ্রঃ তু দ্বিজসেবয়া জীবেৎ ॥২০

কৃষিবাণিজ্যগোরক্ষাকুসীদম্ (কুসীদং বৃদ্ধিজীবনং) এবং তুর্য্যং চতুর্বিধা বার্ত্তা উচ্যন্তে। তত্র তাসু অনিশং সর্ব্বদৈব বয়ং গোবৃত্তয়ঃ (গোপালনম্ এব বৃত্তিঃ যেষাং তে) ॥২১

মিত্র ও উদাসীন (মধ্যস্থ); যেহেতু এক জীবেরই কখন শত্রু, কখন মিত্র ও কখন উদাসীনতার দর্শন হইয়া থাকে। কর্ম্মই সকলের গুরু, কারণ শুভাদৃষ্ট ভিন্ন গুরূপদেশ প্রাপ্ত হইতে পারে না, অতএব উপদেশ প্রাপ্ত হইলেই তৎফলাদি সিদ্ধি হয়। কর্মই ঈশ্বর অর্থাৎ ঈশ্বরেরও কর্ম্মাধীনত্বহেতু কর্ম্মেরই তাদৃশ শক্তি স্বীকার করিতে হইবে।১৭

যেহেতু কর্ম্মই গুরু, কর্মই ঈশ্বর; সুতরাং স্বভাবস্থ (ব্রাহ্মণাদিবর্ণস্থ) হইয়া স্ব স্ব বিহিত কর্মকারী ব্যক্তি কর্ম্মকেই সম্মান না করিলে বহিরঙ্গ অন্য দেবাদির সম্মানে প্রয়োজন নাই; যেহেতু যে যাহার দ্বারা সুখে জীবিত থাকে, সেই তাহার দেবতা অর্থাৎ মান্য।১৮

যে ব্যক্তি এক প্রকার ভাব অবলম্বনপূর্ব্বক অসতী নারীর উপপতিসেবার ন্যায় অন্য ভাব সেবা করে, তাহার ঐভাব হইতে কখনই মঙ্গল হয় না অর্থাৎ যে ব্যক্তি জীবিকা-সাধনার্থ এক দেবতার আরাধনা করিয়া অতৃপ্তিবশতঃ অন্য দেব অবতার সেবা করে, সে ব্যক্তি অসতী নারী যেরূপ পতিপরিত্যাগ করিয়া উপপতির প্রতি আসক্তা হইয়াও সুখ পায় না, তদ্রূপ অন্য দেবতাসেবীও সেই দেবতা হইতে সুখ পায় না। ফলতঃ তাহার উভয়

সত্ত্বং রজস্তম ইতি স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ।
রজসোৎপদ্যতে বিশ্বমন্যোন্যং বিবিধং জগৎ ॥২২
রজসা চোদিতা মেঘা বর্ষন্ত্যম্বূনি সর্ব্বতঃ।
প্রজাস্তৈরেব সিধ্যন্তি মহেন্দ্রঃ কিং করিষ্যতি ॥২৩

সত্ত্বং রজঃ তমঃ ইতি (ত্রয়ো গুণাঃ এব) স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ, তত্র রজসা গুণেন অন্যোন্যং পরস্পরসম্বন্ধেন বিবিধং বিশ্বং জগৎ উৎপদ্যতে ॥২২

রজসা চোদিতা মেঘাঃ সর্ব্বতঃ সর্ব্বত্র নদীপর্ব্বতাদিষু অম্বূনি বর্ষন্তি, তৈঃ অম্বুভিঃ এব প্রজাঃ সিধ্যন্তি (অন্নাদিভিঃ সম্পন্নাঃ ভবন্তি); এবং সতি মহেন্দ্রঃ কিং করিষ্যতি ॥২৩

দিকই বিনষ্ট হয়।১৯

অতএব ব্রাহ্মণগণ বেদ অধ্যয়ন ও অধ্যাপনা দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে, সুতরাং বেদশাস্ত্রই ইহার দেবতা। ক্ষত্রিয়সকল প্রজাপালনরূপ পৃথিবী রক্ষা দ্বারা, বৈশ্যগণ (কৃষিবাণিজ্যাদি দ্বারা) দ্বিজ অর্থাৎ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য—এই তিন বর্ণের সেবা দ্বারা শূদ্রগণ জীবিকা নির্ব্বাহ করিবে।২০

বৈশ্যগণের কৃষি, বাণিজ্য, গোরক্ষা ও কুসীদ (সুদ গ্রহণে অর্থ বৃদ্ধি করা) এই চারিপ্রকার বৃত্তি কথিত হইয়াছে; তন্মধ্যে আমাদিগের সর্ব্বদাই গোপালন বৃত্তি; কখনও কোনও আপৎকালেও কৃষি-বাণিজ্যাদি আমরা করি না; অতএব গোগণই আমাদিগের দেবতাহেতু পূজ্য।২১

সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিবিধ গুণই—এই জগতের সৃষ্টি, স্থিতি, প্রলয়ের ত্রিবিধ হেতু। তন্মধ্যে রজোগুণ দ্বারাই স্ত্রী-পুরুষাদি যোগে পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মানুসারে বিবিধ জগৎ উৎপন্ন হইতেছে।২২

রজোগুণ দ্বারা মেঘসমূহ চালিত হইয়া সমুদ্র, পর্ব্বত, শিলা উষরাদি সর্ব্বত্র স্থলে বারিবর্ষণ করিয়া থাকে। প্রজাগণ ঐ মেঘ দ্বারাই জীবিত থাকে অর্থাৎ মেঘবর্ষণ-জলে শস্যাদি পুষ্ট হয়, তাহাতে জীবগণ জীবন রক্ষা করে, সুতরাং রজো-

ন নঃ পুরো জনপদা ন গ্রামা ন গৃহা বয়ম্।
বনৌকসস্তাত নিত্যং বনশৈলনিবাসিনঃ ॥২৪

তস্মাদ্ গবাং ব্রাহ্মণানামদ্রেশ্চারভ্যতাং মখঃ।
য ইন্দ্রযাগসম্ভারাস্তৈরয়ং সাধ্যতাং মখঃ ॥২৫

পচ্যন্তাং বিবিধাঃ পাকাঃ সূপান্তাঃ পায়সাদয়ঃ।
সংযাবাপূপশষ্কুল্যঃ সর্ব্বদোহশ্চ গৃহ্যতাম্ ॥২৬

তথা হে তাত নন্দ! নঃ অস্মাকং পুরঃ জনপদাঃ গ্রামাঃ গৃহাঃ ন সন্তি, বয়ং বনৌকসঃ নিত্যং বনশৈলনিবাসিনঃ এব ॥২৪

(যস্মাৎ ইন্দ্রেণ ন কশ্চিদুপকারঃ) তস্মাৎ (জীবনহেতূনাং) গবাং (প্রত্যক্ষভূদেবানাং) ব্রাহ্মণানাম্ (কন্দমূলফলতৃণ-জলাদিভিঃ নিত্যং যোগক্ষেমনির্ব্বাহকস্য) অদ্রেঃ গোবর্দ্ধনস্য মখঃ আরভ্যতাম্, যে ইন্দ্রমখসম্ভারাঃ তৈঃ এব মখঃ সাধ্যতাম্ ॥২৫

সূপান্তাঃ পায়সাদয়ঃ বিবিধাঃ পাকাঃ পচ্যন্তাং, সংযাবাঃ অপূপশষ্কুল্যঃ সর্ব্বদোহশ্চ দুগ্ধদধ্যাদিঃ চ গৃহ্যতাম্ ॥২৬

গুণই এবিষয়ে কর্ত্তা। দেবরাজ ইন্দ্র কি করিবে? সেই ইন্দ্র কোন উপকার বা কোন অপকার করিতে পারিবে না।২৩

হে পিতঃ! আমাদিগের পুর, দেশ, গ্রাম ও গৃহ পর্য্যন্ত নাই, আমরা বনবাসী, বনে ও পর্ব্বতাদিতেই বাস করিয়া থাকি; অতএব বন ও পর্ব্বতাদি মাত্র আমাদিগের যোগক্ষেম-হেতু।২৪

অতএব আমাদিগের জীবিকার প্রধান উপায় স্বরূপ গাভীগণ, ব্রাহ্মণগণ ও তৃণ-জলাদি দ্বারা পরোপকারী শ্রীগোবর্দ্ধন পর্ব্বত; সুতরাং তাঁহাদিগের পূজা বা যাগ আরম্ভ করুন। ইন্দ্র-যজ্ঞার্থ যে সমস্ত দ্রব্য সংগৃহীত হইয়াছে, তদ্দ্বারাই এই যজ্ঞ সম্পন্ন হউক।২৫

হূয়ন্তামগ্নয়ঃ সম্যগ্ ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ।
অন্নং বহুবিধং তেভ্যো দেয়ং বো ধেনুদক্ষিণাঃ ॥২৭
অন্যেভ্যশ্চাশ্বচাণ্ডাল-পতিতেভ্যো যথার্হতঃ।
যবসঞ্চ গবাং দত্ত্বা গিরয়ে দীয়তাং বলিঃ ॥২৮
স্বলঙ্কৃতা ভুক্তবন্তঃ স্বনুলিপ্তাঃ সুবাসসঃ।
প্রদক্ষিণঞ্চ কুরুত গোবিপ্রানলপর্ব্বতান্ ॥২৯
এতন্মম মতং তাত ক্রিয়তাং যদি রোচতে।
অয়ং গোব্রাহ্মণাদ্রীণাং মহ্যঞ্চ দয়িতো মখঃ ॥৩০

ব্রহ্মবাদিভিঃ বেদজ্ঞৈঃ ব্রাহ্মণৈঃ অগ্নয়ঃ (আহবনীয়াদয়ঃ) সম্যক্ হূয়ন্তাং, বঃ যুষ্মাভিঃ তেভ্যঃ ব্রাহ্মণেভ্যঃ বহুগুণং ষড়্-রসোপেতম্ অন্নং দেয়ং, ধেনুদক্ষিণাঃ চ দেয়াঃ, অন্যেভ্যঃ আশ্বচাণ্ডালপতিতেভ্যঃ (শ্বাচাণ্ডালপতিতান্ অভিব্যাপ্য সর্ব্বেভ্যঃ) যথার্হতঃ যথাযোগ্যম্ অন্নং দেয়ং, তথা গবাং যবসং তৃণং দত্ত্বা গিরয়ে গোবর্দ্ধনায় বলিঃ নৈবেদ্যং পকান্নাদিকং দীয়তাম্। তথা যূয়ং স্বলঙ্কৃতাঃ ভুক্তবন্তঃ স্বনুলিপ্তাঃ সুবাসসঃ সন্তঃ গোবিপ্রানলপর্ব্বতান্ প্রদক্ষিণং চ কুরুত। হে তাত! মম এতৎ মতং যদি ভবতাং রোচতে, তর্হি ক্রিয়তাম্, গোব্রাহ্মণাদ্রীণাম্ অয়ং মখঃ মম চ দয়িতঃ প্রিয়ঃ ॥২৭-৩০

পায়সাদি সূপান্ত (ব্যঞ্জনান্ত) ভর্জন, জলপক্ব, তৈল, ঘৃত, দুগ্ধ ও দধি প্রভৃতি দ্বারা বিবিধ প্রকার পাক হউক এবং গোধূমাদির বিকার সংযাব, পিষ্টক ও শষ্কুলী প্রস্তুত হউক; আর সমস্ত ব্রজবাসীদিগের গাভীপ্রভৃতির দুগ্ধ-দধিসমূহ গ্রহণ করা হউক।২৬

বেদাভ্যাসরত ব্রাহ্মণগণ অগ্নিতে সম্যক্ প্রকারে হোম করুন, আপনারা তাঁহাদিগকে ষড়্রসান্বিত অন্ন এবং ধেনুসহিত দক্ষিণা কিংবা ধেনুই দক্ষিণা প্রদান করুন।২৭

বিপ্র, বৈষ্ণব, দীন ও যাচক, এমন কি কুক্কুর চণ্ডাল ও পতিত প্রভৃতি প্রাণিসকলকে যথাযোগ্য অন্নাদি প্রদান করা যাউক এবং গোসকলকে তৃণ প্রদান করিয়া শ্রীগোবর্দ্ধনকে গন্ধ-পুষ্পাদি বিবিধ উপচার সমর্পণ করুন।২৮

শ্রীশুক উবাচ।

কালাত্মনা ভগবতা শক্রদর্পং জিঘাংসতা।
প্রোক্তং নিশম্য নন্দাদ্যাঃ সাধ্বগৃহ্ণন্ত তদ্বচঃ ॥৩১

তথা চ ব্যদধুঃ সর্ব্বং যথাহ মধুসূদনঃ।
বাচয়িত্বা স্বস্ত্যয়নং তদ্দ্রব্যেণ গিরিদ্বিজান্ ॥৩২

উপহৃত্য বলীন্ সর্ব্বানাদৃতা যবসং গবাম্।
গোধনানি পুরস্কৃত্য গিরিং চক্রুঃ প্রদক্ষিণম্ ॥৩৩

অনাংস্যনডুদ্‌যুক্তানি তে চারুহ্য স্বলঙ্কৃতাঃ।
গোপ্যশ্চ কৃষ্ণবীর্য্যাণি গায়ন্ত্যঃ সদ্বিজাশিষঃ ॥৩৪

কৃষ্ণস্ত্বন্যতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ।
শৈলোঽস্মীতি ব্রুবন্ ভূরিবলিমাদদ্ বৃহদ্‌বপুঃ ॥৩৫

তস্মৈ নমো ব্রজজনৈঃ সহ চক্রেঽত্মনাত্মনে।
অহো পশ্যত শৈলোঽসৌ রূপী নোঽনুগ্রহং ব্যধাৎ ॥৩৬

এষোঽবজানতো মর্ত্ত্যান্ কামরূপী বনৌকসঃ।
হন্তি হ্যস্মৈ নমস্যামঃ শর্ম্মণে আত্মনো গবাম্ ॥৩৭

শ্রীশুকঃ উবাচ। শক্রদর্পজিঘাংসতা ইন্দ্রদর্পহন্ত্রা কালাত্মনা ভগবতা কৃষ্ণেন প্রোক্তং বচনং নিশম্য শ্রুত্বা নন্দাদ্যাঃ সাধু (সাদরং যথা ভবতি তথা) তদ্বচঃ অগৃহ্ণন্ত অঙ্গীকৃতবন্তঃ, তথা মধুসূদনঃ যৎ আহ, তৎ সর্ব্বং তথা ব্যদধুঃ কৃতবন্তঃ। ব্রাহ্মণৈঃ স্বস্ত্যয়নং (পুণ্যাহং) বাচয়িত্বা তদ্দ্রব্যেণ ইন্দ্রযাগার্থসম্পাদিত-পকান্নাদিনা গিরিদ্বিজান্ (প্রতি) বলীন্ নৈবেদ্যানি তথা গবাং যবসং চ উপহৃত্য সমর্প্য সম্যক্ আদৃতাঃ আদরযুক্তাঃ সদ্বিজাশিষঃ লব্ধব্রাহ্মণাশীর্ব্বাদাঃ তে নন্দাদয়ঃ গোপাঃ কৃষ্ণ-বীর্য্যাণি গায়ন্ত্যঃ স্বলঙ্কৃতাঃ গোপ্যঃ চ গোধনানি পুরস্কৃত্য অগ্রে কৃত্বা অনডুদ্‌যুক্তানি অনাংসি শকটানি আরুহ্য গিরেঃ প্রদক্ষিণং চক্রুঃ ॥৩১-৩৪

কৃষ্ণঃ তু গোপবিশ্রম্ভণম্ (গোপানাং বিশ্রম্ভণং গোবর্দ্ধনে দৈবতবিশ্বাসকরং) অন্যতমং রূপান্তরং গতঃ প্রাপ্তঃ, (অতএব) বৃহদ্‌বপুঃ সন্ (গিরেঃ মূর্দ্ধি স্থিতঃ) শৈলঃ (শৈলাভিমানী দেবঃ) অস্মি ইতি ব্রুবন্ (গোপৈঃ অর্পিতং) বলিং ভূরি প্রচুরম্ অদাৎ অভক্ষয়ৎ ॥৩৫

অহো (আশ্চর্য্যং) পশ্যত; অসৌ শৈলঃ রূপী প্রত্যক্ষ-স্বরূপঃ সন্ নঃ অস্মান্ প্রতি অনুগ্রহং ব্যধাৎ। এষঃ গিরিঃ কামরূপী যথেষ্টরূপগ্রহণসমর্থঃ অবজানতঃ অবজ্ঞাং কুর্ব্বাণান্ বনৌকসঃ মর্ত্ত্যান্ মনুষ্যান্ (সিংহ-ব্যাঘ্র-সর্পাদিরূপেণ) হন্তি; হি (যস্মাদেবং তস্মাৎ) আত্মনঃ গবাং চ শর্ম্মণে ক্ষেমায় অস্মৈ গোবর্দ্ধনদেবায় নমস্যামঃ (ইতি বদন্) ব্রজজনৈঃ সহ (শ্রীকৃষ্ণঃ) আত্মনা স্বয়মেব তস্মৈ গৃহীতাভিনবস্বরূপায় আত্মনে নমশ্চক্রে ইতি দ্বয়োরন্বয়ঃ। আত্মনে ইত্যাকারলোপ আর্ষঃ ॥৩৬-৩৭

আপনারা ভোজন-কার্য্য সমাধানান্তে উত্তমরূপে অলঙ্কৃত ও শোভন বসনে বিভূষিত এবং চন্দনাদি দ্বারা অনুলিপ্ত হইয়া গো, ব্রাহ্মণ, অগ্নি, পর্ব্বত এই সকলকে প্রদক্ষিণ করুন।২৯

হে পিতঃ! আমার এই অভিমত যদি আপনাদের ইচ্ছা হয়, তাহা হইলে এই প্রকার সমাধান করুন। এই মদুক্ত যজ্ঞ গো, বিপ্র, গোবর্দ্ধনও আমার প্রিয় কিংবা এই গো, ব্রাহ্মণ ও পর্ব্বতের পূজাই আমার প্রিয় জানিবেন।৩০

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! ইন্দ্রের দর্প চূর্ণ করিবার বাসনায় কাল-প্রবর্ত্তক শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ যাহা বলিলেন, তাহা শ্রবণ করিয়া শ্রীনন্দপ্রভৃতি গোপগণ সেই শ্রীকৃষ্ণের বাক্য উত্তম বলিয়া অঙ্গীকার করিলেন।৩১

মধুসূদন শ্রীকৃষ্ণ যাহা যাহা বলিলেন, শ্রীনন্দ প্রভৃতি গোপগণ তদনুসারে সেই সমস্ত বিধান পূর্ব্বক সমাধান করিলেন এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া সেই ইন্দ্রযাগ জন্য যে সকল দ্রব্য আয়োজন হইয়াছিল, তদ্দারা গোবর্দ্ধন ও ব্রাহ্মণ-দিগকে নৈবেদ্যাদি প্রদান এবং গাভী-সকলকে নব তৃণ প্রদান করিয়া পরমাদরে গাভীগণকে অগ্রে লইয়া শ্রীগোবর্দ্ধন প্রদীক্ষণ করিতে লাগিলেন।৩২-৩৩

তখন শ্রীনন্দপ্রভৃতি গোপগণ বৃষভযুক্ত শকট-সমূহে আরোহণ করিয়া এবং নানাবিধ অলঙ্কারে

ইত্যদ্রিগোদ্বিজমখং বাসুদেবপ্রণোদিতাঃ।
যথা বিধায় তে গোপাঃ সহকৃষ্ণা ব্রজং যযুঃ ॥৩৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪॥

ইতি এবং বাসুদেবপ্রচোদিতাঃ (কৃষ্ণেন প্রণোদিতাঃ) তে গোপাঃ অদ্রিগোদ্বিজমখং যথা যথাবদ্ বিধায় সহকৃষ্ণাঃ কৃষ্ণেন সহিতাঃ ব্রজং যযুঃ গতাঃ ॥৩৮

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ॥

সুশোভিত গোপীগণ ও ব্রাহ্মণদিগের আশীর্ব্বাদ লাভ করিয়া শকটসমূহে আরোহণপূর্ব্বক শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন যজ্ঞ-প্রবর্ত্তকপ্রভৃতি লীলা গান করিতে করিতে গোবর্দ্ধন পর্ব্বত অতিক্রম করিতে লাগিলেন।৩৪

"অচেতন পর্ব্বত কি প্রকারে পূজোপকরণ গ্রহণ করিবে আর সেই পর্ব্বত আমাদিগকে কি প্রকারে অনুগ্রহ করিবে" নন্দাদির এই আশঙ্কা অপনোদন-পূর্ব্বক শ্রীকৃষ্ণ গোপদিগের বিশ্বাসজনক অন্যতমরূপ অর্থাৎ গোবর্দ্ধনপর্ব্বতোপরি দ্বিতীয় পর্ব্বতের ন্যায় বৃহদ্বপু ধারণপূর্ব্বক "আমি পর্ব্বত, আমিই এতদ্দেশাধিপতি হইয়াছি, তোমাদিগের ভক্তি দ্বারা প্রসন্ন হইয়া অদ্য প্রাদুর্ভূত হইলাম, অতএব তোমরা স্ব স্ব অভিমত বর গ্রহণ কর" এই বলিতে বলিতে দূরস্থ, নিকটস্থ কিংবা ধ্যান দ্বারা অর্প্যমাণ নৈবেদ্যগুলি সহস্রকোটি হস্তে তত্তৎ-স্থল হইতে অতি দীর্ঘ ও ক্ষুদ্র হস্তসমূহ দ্বারা গ্রহণপূর্ব্বক আনন্দসহকারে ভোজন করিতে লাগিলেন।৩৫

কি আশ্চর্য্য! দেখ, এই পর্বত সাক্ষাৎ প্রত্যক্ষ হইয়া আমাদিগকে অনুগ্রহ করিয়াছেন। এই কামরূপী স্বেচ্ছানুসারে যথেপ্সিত সর্পাদিরূপ ধারণে সমর্থ গিরিরাজ আপনাকে অবজ্ঞাকারী বনবাসী মনুষ্যসকলকে সিংহ-ব্যাঘ্রাদিরূপে বিনাশ করিয়া থাকেন; অতএব আমরা আমাদিগের ও গাভীগণের মঙ্গলার্থ এই শ্রীগিরিরাজ গোবর্দ্ধনকে প্রণাম করি, এই বলিয়া ব্রজবাসিদিগের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণ স্বয়ংই দেহ দ্বারা সেই অন্যতম নিজ রূপকেই প্রণাম করিলেন।৩৬-৩৭

এই প্রকারে শ্রীকৃষ্ণের প্রেরণানুসারে সেই গোপগণ গোবর্দ্ধনগিরি, গাভীগণ ও ব্রাহ্মণসকলের যজ্ঞ বা অর্চ্চনা যথাবিধি সমাধান করিয়া শ্রীকৃষ্ণের সহিত আনন্দিত চিত্তে ব্রজে গমন করিলেন।৩৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত চতুর্বিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশঃ অধ্যায়ঃ।

[ক্রুদ্ধস্যেন্দ্রস্য মুসলধারাবর্ষণাদ্ ব্রজবাসিনাং রক্ষণায় ভগবতঃ শ্রীকৃষ্ণস্য গোবর্ধনধারণম্।]

শ্রীশুক উবাচ।

ইন্দ্রস্তদাত্মনঃ পূজাং বিজ্ঞায় বিহতাং নৃপ।
গোপেভ্যঃ কৃষ্ণনাথেভ্যো নন্দাদিভ্যশ্চুকোপ সঃ ॥১

গণং সাংবর্ত্তকং নাম মেঘানাং চান্তকারিণাম্।
ইন্দ্রঃ প্রাচোদয়ৎ ক্রুদ্ধো বাক্যঞ্চাহেশমান্যুত ॥২

অহো শ্রীমদমাহাত্ম্যং গোপানাং কাননৌকসাম্।
কৃষ্ণং মর্ত্ত্যমুপাশ্রিত্য যে চক্রুর্দ্দেবহেলনম্ ॥৩

যথাদৃঢ়ৈঃ কর্ম্মময়ৈঃ ক্রতুভির্নামনৌনিভৈঃ।
বিদ্যামান্বীক্ষিকীং হিত্বা তিতীর্ষন্তি ভবার্ণবম্ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ। ইন্দ্রঃ দেবরাজঃ আত্মনঃ পূজাং (গোপৈঃ) বিহতাং ত্যক্তাং বিজ্ঞায় কৃষ্ণনাথেভ্যঃ (কৃষ্ণঃ নাথো রক্ষকঃ যেষাং তেভ্যঃ) নন্দাদিভ্যঃ গোপেভ্যঃ চুকোপ হ ॥১

ঈশমানী ইন্দ্রঃ উত ক্রুদ্ধঃ সন্ অন্তকারিণাং মেঘানাং সাংবর্ত্তকং (সংবর্ত্তঃ প্রলয়ঃ নাম তৎকর্ত্তারং মেঘগণং প্রাচোদয়ৎ ব্রজনাশার্থং প্রেরয়ামাস, বাক্যং চ আহ যথা ॥২

মর্ত্ত্যং মানবদেহধারিণং কৃষ্ণম্ উপাশ্রিত্য যে দেবহেলনং চক্রুঃ, তেষাং কাননৌকসাং বনবাসিনাং গোপানাং শ্রীমদ-মাহাত্ম্যম্ অহো আশ্চর্য্যং পশ্যত ॥৩

যথা আন্বীক্ষিকীম্ আত্মানুসন্ধানরূপাং বিদ্যাং হিত্বা নামনৌনিভৈঃ (নামমাত্রেণ অক্ষয্যং হ বৈ চাতুর্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যর্থবাদমাত্রেণ এব নৌনিভৈঃ সংসারতারকত্বেন শ্রুতে র্ন তু বস্তুতস্তেষাং তারকত্বম্) অদৃঢ়ৈঃ অসমর্থৈঃ নশ্বরৈঃ কর্ম্মময়ৈঃ ক্রিয়ানির্বর্ত্ত্যৈঃ ক্রতুভিঃ (এব কেচিৎ) ভবার্ণবং যথা তিতীর্ষন্তি তর্ত্তুমিচ্ছন্তি ॥৪

পঞ্চবিংশ অধ্যায়।

[ক্রুদ্ধ ইন্দ্রের মুসলধারাবর্ষণ হইতে ব্রজবাসিগণকে রক্ষা করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণের গোবর্দ্ধনপর্ব্বত ধারণ।]

শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্। গোপগণ গোকুল-গমনসময়ে দেবরাজ ইন্দ্র আপনার পূজা শ্রীকৃষ্ণকর্ত্তৃক নিবারিত হইয়াছে অবগত হইয়া যাঁহাদিগের রক্ষক শ্রীকৃষ্ণ সেই নন্দাদি গোপগণের প্রতি অতিশয় কুপিত হইলেন, তদনুরূপ ব্যবহারহেতু তাহা স্পষ্টতই লক্ষিত হইয়াছিল।১

"আমি ঈশ্বর" এইরূপ অভিমানদৃপ্ত ইন্দ্র ক্রুদ্ধ হইয়া প্রলয়কারী মেঘগণের মধ্যে সাংবর্ত্তক নামক মেঘগণকে প্রেরণ করিয়া বলিতে লাগিল।২

বনবাসী গোপগণের ধনসম্পত্তি হেতু মদের কি আশ্চর্য্য মাহাত্ম্য! যেহেতু তাহারা মনুষ্য কৃষ্ণকে আশ্রয় করিয়া দেবরাজ যে আমি, আমাকে অবমাননা করিল।৩

যেমন অবিবেকী পুরুষেরা আত্মানুস্মৃতিরূপা আন্বীক্ষিকী বিদ্যা পরিত্যাগপূর্বক নামমাত্রে তরণ-সাধন নৌকাসদৃশ ও ক্ষয়শীল ফলপ্রদ কর্মময় যজ্ঞ দ্বারা ভবসাগর পার হইতে বাসনা করিয়া থাকে, তেমনি মনুষ্য কৃষ্ণকে আশ্রয় করিয়া গোপগণ আমার অপ্রিয় কার্য্য করিয়াছে।৪

বাচালং বালিশং স্তব্ধমজ্ঞং পণ্ডিতমানিনম্।
কৃষ্ণং মর্ত্ত্যমুপাশ্রিত্য গোপা মে চক্রুরপ্রিয়ম্ ॥৫

এষাং শ্রিয়াবলিপ্তানাং কৃষ্ণেনাধ্মাপিতাত্মনাম্।
ধুনুত শ্রীমদস্তম্ভং পশূন্ নয়ত সংক্ষয়ম্ ॥৬

অহঞ্চৈরাবতং নাগমারুহ্যানুব্রজে ব্রজম্।
মরুদ্গণৈর্মহাবীর্য্যৈর্নন্দগোষ্ঠজিঘাংসয়া ॥৭

এবং বাচালং বহুভাষিণং বালিশং শিশুং স্তব্ধম্ অনম্রম্, অজ্ঞং মূর্খং, পণ্ডিতমানিনং পণ্ডিতম্মন্যং, মর্ত্ত্যং মরণধর্ম্মশীলং, কৃষ্ণম্ উপাশ্রিত্য সুখার্থং গোপাঃ মে (দেবস্য) অপ্রিয়ম্ চক্রুঃ ॥৫

শ্রিয়া সম্পদা অবলিপ্তানাং গর্ব্বিতানাং, কৃষ্ণেন ধ্মাপিতাত্মনাম্ (ধ্মাপিতাঃ সংবর্দ্ধিতাঃ আত্মানঃ মনাংসি যেষাং তেষাং গোপানাম্) এষাং শ্রীমদস্তম্ভং ধনগর্ব্বং ধুনুত অপনয়ত; পশূন্ সংক্ষয়ং নয়ত ॥৬

অহং চ মহাবেগৈঃ মহাবীর্য্যৈঃ মরুদ্গণৈঃ সহ ঐরাবতং নাগম্ আরুহ্য নন্দগোষ্ঠজিঘাংসয়া ব্রজং অনুব্রজে যুষ্মৎপৃষ্ঠতঃ এব গমিষ্যামি ॥৭

(আরও দেখ) বাচাল (মীমাংসা ও সাংখ্যের অনভিমত বিরুদ্ধ বহুভাষী) মূর্খ, স্তব্ধ (দুর্ব্বিনীত) অজ্ঞ (নিত্য গোচারণশীল সুতরাং কিছুই জানে না) অথচ পণ্ডিতাভিমানী মনুষ্য কৃষ্ণকে আশ্রয় করিয়া গোপগণ আমার অপ্রিয় কার্য্য করিল।৫

এই গোপগণ কৃষ্ণ-প্রভাবে পশুসমূহরূপ সম্পত্তিদ্বারা মত্ত এবং বর্দ্ধিতদেহ হইয়াছে কিংবা ইহারা স্বভাবত ধনমদে মত্ত বিশেষতঃ কৃষ্ণকর্ত্তৃক বর্দ্ধিত দেহ হইয়াছে; সুতরাং তোমরা ইহাদের ধনমদজনিত গর্ব্ব অপনয়ন কর এবং ইহাদিগের পশুসকলকে বিনাশ কর।৬

আমিও প্রবল বেগসম্পন্ন একোনপঞ্চাশৎ বায়ুগণের সহিত নন্দের গোষ্ঠ বিধ্বংসন করিবার নিমিত্ত ঐরাবত হস্তীতে আরোহণপূর্ব্বক তোমাদিগের পশ্চাৎ ব্রজে গমন করিতেছি।৭

শ্রীশুক উবাচ।

ইত্থং মঘবতাজ্ঞপ্তা মেঘা নির্ম্মুক্তবন্ধনাঃ।
নন্দগোকুলমাসারৈঃ পীড়য়ামাসুরোজসা ॥৮

বিদ্যোতমানা বিদ্যুদ্ভিঃ স্তনন্তঃ স্তনয়িত্নুভিঃ।
তীব্রৈর্মরুদ্গণৈর্নুন্না ববৃষুর্জলশর্করাঃ ॥৯

স্থূণাস্থূলাবর্ষধারা মুঞ্চৎস্বভ্রেষ্বভীক্ষ্ণশঃ।
জলৌঘৈঃ প্লাব্যমানা ভূর্নাদৃশ্যত নতোন্নতম্ ॥১০

শ্রীশুকঃ উবাচ। মঘবতা ইন্দ্রেণ ইত্থম্ আজ্ঞপ্তাঃ অতঃ নির্ম্মুক্তবন্ধনাঃ (নির্ম্মুক্তং বন্ধনং যেষাং তথাভূতাঃ) মেঘাঃ নন্দগোকুলম্ (আসাদ্য) ওজসা বলেন আসারৈঃ জলধারাসংঘাতৈঃ পীড়য়ামাসুঃ ॥৮

বিদ্যুদ্ভিঃ বিদ্যোতমানাঃ স্তনয়িত্নুভিঃ অশনিভিঃ স্তনন্তঃ গর্জন্তঃ তীব্রৈঃ মহাবেগৈঃ মরুদ্গণৈঃ নুন্নাঃ প্রেরিতাঃ সন্তঃ জলশর্করাঃ জলোপলান্ ববৃষুঃ ॥৯

অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ স্থূণাস্থূলাঃ (স্থূণাবৎ স্তম্ভবৎ স্থূলাঃ) বর্ষধারাঃ অভ্রেষু মেঘেষু মুঞ্চৎসু সৎসু জলৌঘৈঃ (জলস্য ওঘৈঃ প্রবাহৈঃ) প্লাব্যমানাঃ সতী ভূঃ নতোন্নতং (যথা ভবতি তথা) ন অদৃশ্যত ॥১০

শ্রীশুকদেব কহিলেন—হে রাজন্! দেবরাজ ইন্দ্রকর্ত্তৃক এই প্রকারে আদিষ্ট মেঘসকল নির্ম্মুক্তবন্ধন হইয়া নন্দব্রজে গমনপূর্ব্বক প্রবলবেগে বৃষ্টিধারাপাতে ব্রজধামকে প্রপীড়িত করিতে লাগিল।৮

বিদ্যুৎ দ্বারা প্রকাশমান এবং বজ্রপাত ধ্বনিতে শব্দায়মান মেঘসকল প্রবল আবহ-প্রবাহাদি বায়ুসমূহ দ্বারা চালিত হইয়া শিলাবৃষ্টি করিতে লাগিল।৯

মেঘসকল মুহুর্ম্মুহুঃ গৃহস্তম্ভের ন্যায় স্থূল বর্ষাধারা বর্ষণ করিতে থাকিলে ধরাতল জলসমূহ প্লাবিত হইল, সুতরাং কোন্ স্থান নিম্ন ও কোন্ স্থান উন্নত তাহাও দৃষ্ট হইল না; কিংবা পৃথিবী বারিরাশিতে প্লাবিতা হইয়া সর্ব্বসাধারণের অদৃশ্যভাব ধারণ করিল, অতএব তাহার নিম্নস্থল ও উন্নত স্থল দৃষ্ট হইল না।১০

অত্যাসারাতিবাতেন পশবো জাতবেপনাঃ।
গোপা গোপ্যশ্চ শীতার্ত্তা গোবিন্দং শরণং যযুঃ ॥১১
শিরঃ সুতাংশ্চ কায়েন প্রচ্ছাদ্যাসারপীড়িতাঃ।
বেপমানা ভগবতঃ পাদমূলমুপাযযুঃ ॥১২
কৃষ্ণ কৃষ্ণ মহাভাগ ত্বন্নাথং গোকুলং প্রভো।
ত্রাতুমর্হসি দেবান্নঃ কুপিতাদ্ভক্তবৎসল ॥১৩

পশবঃ গোপাঃ গোপ্যঃ চ অত্যাসারাতিবাতেন শীতার্ত্তাঃ জাতকম্পাঃ সন্তঃ গোবিন্দং শরণং যযুঃ ॥১১

আসারপীড়িতাঃ অতঃ বেপমানাঃ তে কায়েন শিরঃ সুতাংশ্চ প্রচ্ছাদ্য ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পাদমূলম্ উপাযযুঃ ॥১২

হে মহাভাগ কৃষ্ণ! হে ভক্তবৎসল প্রভো কৃষ্ণ! ত্বন্নাথং গোকুলং গবাং কুলং সমূহং ; নঃ অস্মান্ চ কুপিতাৎ দেবাৎ ইন্দ্রাৎ ত্রাতুং রক্ষিতুম্ অর্হসি ॥১৩

শিলাবর্ষাতিবাতেন (শিলাবর্ষস্য অতিবাতেন নিষ্ঠুরপাতেন) হন্যমানম্ অতএব অচেতনং জড়ীকৃতং (গোকুলং) নিরীক্ষ্য

পশুসকল, গোপগণ ও গোপীগণ অতিশয় বারিধারাপতন ও প্রবল বায়ু দ্বারা কম্পিত-কলেবর ও শীতার্ত্ত হইয়া শ্রীগোবিন্দের শরণাপন্ন হইলেন।১১

বারিবর্ষণ ও বায়ুবেগে পশুপ্রভৃতির যে দুঃখ হইয়াছিল, শ্রীভগবানের ব্রজজনের প্রেমবর্দ্ধন-রূপ গোবর্দ্ধনধারণ ক্রীড়ার ইচ্ছা ও ইন্দ্রাদির ঐশ্বর্য্যমদের পরম অনর্থহেতুত্ব সন্দর্শনেচ্ছা দ্বারাই হইয়াছিল ; অন্যথা ভগবৎপরিজন সেই পশুপ্রভৃতির তাদৃশ দুঃখ প্রাপ্তি নিতান্ত অসম্ভব। পশুগণ বারি-ধারাপাতে পীড়িত হইয়া আপন আপন শরীর দ্বারা মস্তক ও বৎসসকলকে অতি যত্নে আচ্ছাদন পূর্ব্বক শ্রীভগবানের পাদমূলে অর্থাৎ অত্যন্ত নিকটে আগমন করিল।১২

আর গোপ ও গোপীসকল আগমন করিয়া বলিতে লাগিলেন—হে কৃষ্ণ! হে মহাভাগ! হে ভক্তবৎসল! হে প্রভো! কোপান্বিত দেবরাজ হইতে আপনার পালিত এই গোকুল ও আমা-দিগকে রক্ষা করুন।১৩

শিলাবর্ষনিপাতেন হন্যমানমচেতনম্।
নিরীক্ষ্য ভগবান্ মেনে কুপিতেন্দ্রকৃতং হরিঃ ॥১৪
অপর্ত্ত্বত্যুল্বণং বর্ষমতিবাতং শিলাময়ম্।
স্বযাগে বিহতেঽস্মাভিরিন্দ্রো নাশায় বর্ষতি ॥১৫
তত্র প্রতিবিধিং সম্যগাত্মযোগেন সাধয়ে।
লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তমঃ ॥১৬

ভগবান্ হরিঃ আশ্রিতজনদুঃখহর্ত্তা কৃষ্ণঃ কুপিতেন্দ্রকৃতং (কুপিতেন্দ্রেণ কৃতম্ উপদ্রবম্) মেনে ॥১৪

অস্মাভিঃ স্বযাগে ইন্দ্রযাগে বিহতে সতি ইন্দ্রঃ নাশায় (ব্রজনাশায়) অপর্ত্তু (অপগতঃ ঋতুঃ যস্য তৎ) অত্যুল্বণং ভয়ঙ্করম্ অতিবাতং (অতিশয়িতো বাতো যস্মিন্ তৎ) শিলাময়ং বর্ষং বর্ষতি ॥১৫

তত্র এবং সতি আত্মযোগেন স্বসামর্থ্যেন সম্যক্ প্রতিবিধিং পীড়াপ্রতিকারং সাধয়ে সাধয়িষ্যামি, তথা মৌঢ্যাৎ লোকেশমানিনাম্ ইন্দ্রাদীনাং শ্রীমদং তমঃ হনিষ্যে হরিষ্যামি ॥১৬

গোপ ও গোপীগণের নিবেদনের পূর্ব্বেই ভগবান্ শ্রীকৃষ্ণ শিলাবর্ষণযুক্ত অতিবাতে অর্থাৎ প্রচুর শিলাবর্ষণ ও প্রবল বায়ুসঞ্চারে গোকুলবাসী-দিগকে তাড়িত ও মূর্চ্ছিতপ্রায় অবলোকন করিয়া অনুমান করিলেন যে ইন্দ্র কুপিত হইয়া এই সকল উপদ্রব করিতেছে।১৪

কুপিত ইন্দ্রকৃত ঐ কার্য্য মনে করিয়া শ্রীভগবান্ স্বগত বলিতে লাগিলেন—আমরা ইন্দ্রের যজ্ঞ রহিত করায় ইন্দ্র আমাদিগকে নিধন করিবার মানসে বর্ষাঋতু অপগত হইলেও অতি ভয়াবহ বায়ু-সমন্বিত প্রচুর শিলা বর্ষণ করিতেছে।১৫

অতএব আমি যোগমায়ানাম্নী স্বাভাবিক শক্তি দ্বারা সম্যক্ প্রকারে এই বিষয়ের প্রতীকার করিব। আর লোকপালাভিমানিদিগের মূর্খতা-প্রযুক্ত শ্রীমদজনিত যে গর্ব্ব তাহাও খর্ব্ব করিব।১৬

ন হি সদ্ভাবযুক্তানাং সুরাণামীশবিস্ময়ঃ।
মত্তোঽসতাং মানভঙ্গঃ প্রশমায়োপকল্পতে ॥১৭
তস্মান্মচ্ছরণং গোষ্ঠং মন্নাথং মৎপরিগ্রহম্।
গোপায়ে স্বাত্মযোগেন সোঽয়ং মে ব্রত আহিতঃ ॥১৮
ইত্যুক্ত্বৈকেন হস্তেন কৃত্বা গোবর্দ্ধনাচলম্।
দধার লীলয়া কৃষ্ণশ্ছত্রাকমিব বালকঃ ॥১৯

সদ্ভাবযুক্তানাং (পাঠান্তরে সত্ত্বাবযুক্তানাং) সুরাণাম্ ঈশবিস্ময়ঃ হি ন (যুক্তঃ, অতঃ) অসতাং তেষাং মত্তঃ মম-সকাশাৎ মানভঙ্গঃ প্রশমায় সর্ব্বানর্থনিবৃত্তয়ে উপকল্পতে পর্য্যবস্যতি ॥১৭

তস্মাৎ অহং স্বাত্মযোগেন স্বসামর্থ্যেন মচ্ছরং (অহম্ এব শরণং রক্ষকো যস্য তৎ), মন্নাথং (অহমেব নাথঃ স্বামী যস্য তৎ), মৎপরিগ্রহং (ময়া স্বকীয়ত্বেন পরিগ্রহো যস্য তৎ মৎক্রীড়োপকরণভূতং) গোষ্ঠং গোপায়ে রক্ষয়ামি, সোঽয়ং ব্রতং মে ময়া আহিতঃ কৃতঃ ॥১৮

ইতি উক্ত্বা বিষ্ণুঃ শ্রীকৃষ্ণঃ বালকঃ (ছত্রাকমিব ছত্রাকং যথা অনায়াসেন ধরতি তথা) ইব গোবর্দ্ধনাচলং কৃত্বা উৎকৃত্য একেন (বামেন) হস্তেন লীলয়া অনায়াসেন দধার ॥১৯

সত্ত্ব গুণান্বিত কিংবা সদ্ভক্তিযুক্ত দেবগণের পক্ষে "আমরা ঈশ্বর" এই প্রকার অভিমান থাকা উপযুক্ত হয় না, অতএব আমা হইতে সেই অভিমানী অসদ্‌বৃত্তি দেবগণের গর্ব খর্ব হইয়া থাকে অর্থাৎ আমিই যে তাহাদিগের গর্ব খর্ব করিয়া থাকি, তাহা তাহাদিগের গর্ব্বরোগ উপশান্তির নিমিত্ত কল্পিত হইয়া থাকে।১৭

অতএব একমাত্র আমি যে গোকুলের রক্ষক ও ঈশ্বর এবং যে গোকুল আমার প্রিয়, সেই গোকুলকে আমি নিজের অসাধারণ স্বাভাবিক প্রভাব দ্বারা রক্ষা করিব ; এই ব্রতই আমি অবলম্বন করিয়াছি।১৮

শ্রীকৃষ্ণ এই প্রকার কহিয়া একহস্তে গোবর্দ্ধন পর্ব্বত উৎপাটন করিয়া বালক যেমন ছত্র ধারণ করে, তদ্রূপ অবলীলাক্রমে তাহাকে ধারণ করিলেন।১৯

অথাহ ভগবান্ গোপান্ হেঽম্ব তাত ব্রজৌকসঃ।
যথোপজোষং বিশত গিরিগর্ত্তং সগোধনাঃ ॥২০
ন ত্রাস ইহ বঃ কার্য্যো মদ্ধস্তাদ্রিনিপাতনে।
বাতবর্ষভয়েনালং তত্ত্রাণং বিহিতং হি বঃ ॥২১
তথা নির্বিবিশুর্গর্ত্তং কৃষ্ণাশ্বাসিতমানসাঃ।
যথাবকাশং সধনাঃ সব্রজাঃ সোপজীবিনঃ ॥২২

অথ ভগবান্ হে অম্ব! হে তাত! হে ব্রজৌকসঃ! যথোপজোষং যথাসুখং সগোধনাঃ যূয়ং গিরিগর্ত্তং বিশত ইতি গোপান্ প্রতি আহ ॥২০

ইহ গিরিগর্ত্তে স্থিতৈঃ বঃ যুষ্মাভিঃ মদ্ধস্তাদ্রিনিপাতনাৎ ত্রাসঃ ন কার্য্যঃ, বাতবর্ষাভয়েন অপি অলং ন কর্ত্তব্যং, হি যস্মাৎ তত্ত্রাণং (ততো ভয়াৎ ত্রাণং রক্ষণং) বঃ যুষ্মাকং ময়া বিহিতং নির্দ্ধিষ্টম্ ॥২১

তথা কৃষ্ণাশ্বাসিতমানসাঃ (কৃষ্ণেন আশ্বাসিতং মানসং যেষাং তে) সধনাঃ সগোধনাঃ, সব্রজাঃ শকটারোপিতোপকরণ-সহিতাঃ, সোপজীবিনঃ ভৃত্যপুরোহিতাদিবর্গসহিতাঃ সর্ব্বে ব্রজবাসিনঃ যথাবকাশং (অসঙ্কীর্ণং যথা ভবতি তথা) গিরিগর্ত্তং নির্বিবিশুঃ ॥২২

অনন্তর শ্রীভগবান্ গোপদিগকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন—হে মাতঃ! হে পিতঃ! হে ব্রজবাসিগণ! আপনারা গাভীসকলের সহিত যথাসুখে গিরিগর্ত্তে প্রবেশ করুন।২০

এই গর্ত্তে প্রবেশ করিলে আমার হস্ত হইতে পর্ব্বত পতিত হইবে কিংবা ইন্দ্র এই পর্ব্বতকে কোন প্রকারে পাতিত করিবে—এইরূপ অনিষ্টাশঙ্কা আপনারা করিবেন না। আর আপনাদিগের বাত-বর্ষার ভয় করিতে হইবে না, যেহেতু আমি "বাত ও বর্ষাভয় হইতে আপনাদিগকে রক্ষা করিব" ইহা নির্দ্ধারিত করিয়াছি।২১

ঐ প্রকার উক্তিচাতুর্য্য ও সাক্ষাৎ বামকরে

ক্ষুত্তৃড়্ব্যথাং সুখাপেক্ষাং হিত্বা তৈর্ব্রজবাসিভিঃ।
বীক্ষ্যমাণো দধাবদ্রিং সপ্তাহং নাচলৎ পদাৎ ॥২৩
কৃষ্ণযোগানুভাবং তং নিশাম্যেন্দ্রোঽতিবিস্মিতঃ।
নিস্তম্ভো ভ্রষ্টসঙ্কল্পঃ স্বান্ মেঘান্ সংন্যবারয়ৎ ॥২৪
খং ব্যভ্রমুদিতাদিত্যং বাতবর্ষঞ্চ দারুণম্।
নিশাম্যোপরতং গোপান্ গোবর্দ্ধনধরোঽব্রবীৎ ॥২৫

(তদ্দর্শনানন্দেন) ক্ষুত্তৃড়্ব্যথাং, (নিদ্রাদিজনিতাং) সুখাপেক্ষাং হিত্বা বিসৃত্য তৈঃ ব্রজবাসিভিঃ বীক্ষ্যমাণঃ ভগবান্ সপ্তাহম্ অদ্রিং দধার, পদাৎ (তদুদ্ধারসময়ে যত্রৈব পাদৌ স্থাপিতৌ ততঃ স্থানাৎ) ন অচলৎ ॥২৩

তং কৃষ্ণযোগানুভাবং (কৃষ্ণস্য যোগানুভাবং সামর্থ্যং) নিশম্য দৃষ্ট্বা অতিবিস্মিতঃ নিস্তম্ভঃ গতমদঃ, ভ্রষ্টসংকল্পঃ (ভ্রষ্টঃ বিহিতঃ ব্রজবিনাশবিষয়কঃ সঙ্কল্পঃ যস্য সঃ) ইন্দ্রঃ স্বান্ স্বকীয়ান্ মেঘান্ (বর্ষাতঃ) সংন্যবারয়ৎ ॥২৪

দারুণং বাতবর্ষম্ উপরতং নিবৃত্তং, ব্যভ্রং বিগতমেঘম্, উদিতাদিত্যং (উদিতঃ প্রকাশমানঃ আদিত্যঃ যস্মিন্ তথাভূতং) খম্ আকাশং চ নিশম্য দৃষ্ট্বা গোবর্দ্ধনধরঃ শ্রীকৃষ্ণঃ গোপান্ অব্রবীৎ ॥২৫

অনায়াসে গিরিধারণকারী, সর্ব্বচিত্তাকর্ষক অদ্ভুত অনন্তলীলাশালী শ্রীকৃষ্ণকর্ত্তৃক আশ্বাসিতচিত্ত ব্রজবাসিগণ গাভীসকল, অন্যান্য বিবিধ দ্রব্যসমূহ ও শকটমণ্ডলী—সমভিব্যাহারে ভৃত্য প্রভৃতি আত্মীয়গণে আবৃত হইয়া অসঙ্কীর্ণভাবে গিরিগর্ত্তে প্রবেশ করিলেন।২২

ক্ষুধাতৃষ্ণাজনিত ক্লেশ এবং শয়নাদিজনিত সুখাপেক্ষা পরিত্যাগ করিয়া তদেকজীবন ব্রজবাসী গোপ, গোপী ও গাভীপ্রভৃতি কর্ত্তৃক পরিদৃশ্যমান হইয়া শ্রীকৃষ্ণ সপ্তাহকাল পর্য্যন্ত গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিলেন, অথচ স্বস্থান হইতে এক পদও বিচলিত হইলেন না।২৩

এদিকে শ্রীকৃষ্ণের স্বাভাবিক শক্তিবিশেষের প্রভাবময় সেই গিরি-ধারণ ব্যাপার সন্দর্শনপূর্ব্বক অতিশয় চমৎকৃত হইয়া হতগর্ব্ব ও গোষ্ঠবিনাশে ভ্রষ্টসঙ্কল্প ইন্দ্র সংবর্ত্তক নামক মেঘসকলকে ও বায়ুসমূহকে তত্তৎ কার্য্য হইতে নিবারণ করিলেন।২৪

তখন আকাশ মেঘশূন্য হওয়ায় দিবাকর দৃষ্টিগোচর হইলেন এবং ভীষণ বাত ও বর্ষণ নিবৃত্ত হইল, ইহা দর্শন করিয়া গোবর্দ্ধনধারী শ্রীকৃষ্ণ গোপসকলকে বলিতে লাগিলেন।২৫

নির্যাত ত্যজত ত্রাসং গোপাঃ সস্ত্রীধনার্ভকাঃ।
উপারতং বাতবর্ষং ব্যুদপ্রায়াশ্চ নিম্নগাঃ ॥২৬
ততস্তে নির্যযুর্গোপাঃ স্বং স্বমাদায় গোধনম্।
শকটোঢ়োপকরণং স্ত্রীবালস্থবিরাঃ শনৈঃ ॥২৭
ভগবানপি তং শৈলং স্বস্থানে পুর্ব্ববৎ প্রভুঃ।
পশ্যতাং সর্ব্বভূতানাং স্থাপয়ামাস লীলয়া ॥২৮

হে গোপাঃ! (যতঃ) বাতবর্ষম্ উপারতং নিবৃত্তং, নিম্নগাঃ নদ্যঃ অপি ব্যুদপ্রায়াঃ নিরুদকপ্রায়াঃ সন্তি, (অতঃ) ত্রাসং বর্ষভয়ং ত্যজত, সস্ত্রীধনার্ভকাঃ (স্ত্রীভিঃ ধনৈঃ অর্ভকৈঃ চ সহিতাঃ) ইতো গোবর্দ্ধনগর্ত্তাৎ নির্গচ্ছত ॥২৬

ততঃ ভগবদ্ব্যাক্যানন্তরং তে স্ত্রীবালস্থবিরাঃ (স্ত্রীভিঃ বালৈঃ স্থবিরৈঃ বিশিষ্টাঃ) গোপাঃ শনৈঃ স্বং স্বং গোধনং শকটোঢ়োপকরণম্ (শকটৈঃ উঢ়ম্ উপকরণং) চ আদায় (গিরিগর্ত্তাৎ) নির্যযুঃ নির্জগ্মুঃ ॥২৭

প্রভুঃ সমর্থঃ ভগবান্ কৃষ্ণঃ অপি সর্ব্বভূতানাং পশ্যতাম্ এব লীলয়া অনায়াসেন তং শৈলং পূর্ব্ববৎ স্বস্থানে যথাস্থানে স্থাপয়ামাস ॥২৮

হে গোপগণ! বাত ও বর্ষা নিবৃত্ত হইয়াছে, নদীসকল অল্পসলিলা হইয়াছে, অতএব স্ত্রী, বালক ও গোধনাদি সমভিব্যাহারে গিরিগর্ত্ত হইতে নির্গত হও এবং বাত ও বর্ষণ জন্য ভয় পরিত্যাগ কর।২৬

তাদৃশ গিরিধারণরত শ্রীকৃষ্ণের উক্ত বচনানন্তর তদেকজীবন সেই গর্ত্তান্তর্বর্ত্তী গোপগণ স্ব স্ব

তং প্রেমবেগান্নিভৃতা ব্রজৌকসো
যথা সমীয়ুঃ পরিরম্ভণাদিভিঃ।
গোপ্যশ্চ সস্নেহমপূজয়ন্ মুদা
দধ্যক্ষতাদ্ভির্যুযুজুঃ সদাশিষঃ ॥২৯

যশোদা রোহিণী নন্দো রামশ্চ বলিনাং বরঃ।
কৃষ্ণমালিঙ্গ্য যুযুজুরাশিষঃ স্নেহকাতরাঃ ॥৩০

নিভৃতাঃ পূর্ণমনোরথাঃ ব্রজৌকসঃ প্রেমবেগাৎ পরিরম্ভণাদিভিঃ তং কৃষ্ণং যথা যথোচিতং সমীয়ুঃ সম্যক্ মিলিতবন্তঃ, গোপ্যশ্চ দধ্যক্ষতাদ্ভিঃ সস্নেহং মুদা অপূজয়ন্, (তথা বৃদ্ধব্রাহ্মণাদয়ঃ) সদাশিষঃ (সতীঃ আশিষঃ) আশীর্ব্বাদান্ যুযুজুঃ যোজয়ামাসুঃ ॥২৯

স্নেহকাতরাঃ (স্নেহেন কাতরাঃ ব্যাকুলচিত্তাঃ সর্ব্বে) যশোদা রোহিণী নন্দঃ বলিনাং বরঃ শ্রেষ্ঠঃ রামশ্চ কৃষ্ণম্ আলিঙ্গ্য আশিষঃ যুযুজুঃ ॥৩০

দিবি দেবগণাঃ সাধ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বচারণাঃ।
তুষ্টুবুর্মুমুচুস্তুষ্টাঃ পুষ্পবর্ষাণি পার্থিব ॥৩১

শঙ্খদুন্দুভয়ো নেদুর্দিবি দেবপ্রণোদিতাঃ।
জগুর্গন্ধর্ব্বপতয়স্তুম্বুরুপ্রমুখা নৃপ ॥৩২

দিবি স্বর্গে দেবগণাঃ সিদ্ধাঃ সাধ্যাঃ গন্ধর্ব্বচারণাঃ সন্তুষ্টাঃ সন্তঃ হে পার্থিব। (তং কৃষ্ণং) তুষ্টুবুঃ পুষ্পবর্ষাণি মুমুচুঃ চ ॥৩১

হে নৃপ। দিবি দেবপ্রচোদিতাঃ (দেবৈঃ প্রণোদিতাঃ) শঙ্খদুন্দুভয়ঃ নেদুঃ, তুম্বুরুপ্রমুখাঃ গন্ধর্ব্বপতয়ঃ জগুঃ ॥৩২

গোধন ও শকটোপরি নানাবিধ গৃহোপকরণসমূহ গ্রহণ করিয়া গিরিগুহা হইতে বহির্গত হইলেন এবং স্ত্রীগণ, বালকগণ ও বৃদ্ধগণ সকলেই তথা হইতে ধীরে ধীরে নির্গত হইলেন।২৭

সর্ব্বশক্তিমান্ শ্রীভগবান্ও বিস্ময় ও আনন্দ সহকারে দর্শনকারী ব্রজস্থ ও স্বর্গস্থ সর্বভূতের সমক্ষে (সর্ব মনোহরণ) অনায়াসচেষ্টা দ্বারা সেই পর্ব্বতকে পূর্ববৎ স্বস্থানে সংস্থাপন করিলেন।২৮

অধুনা পরমহর্ষে শ্রীভগবানের সহিত তত্রস্থ গোপাদি সকলের সমাগম বলিবার নিমিত্ত প্রেমোৎকণ্ঠ্যবশতঃ সঙ্গীতের ন্যায়ই যেন বলিতেছেন—

পরিপূর্ণাভীষ্ট ব্রজবাসী গোপগণ, ভৃত্যবর্গ ও পুরোহিতসকল প্রেমোদ্রেকবশতঃ যথাযোগ্য আলিঙ্গন, শুভাশীর্বাদ, মস্তকাঘ্রাণ, চুম্বন, পাদগ্রহণ, বামবাহু-সম্মর্দ্দন প্রভৃতি দ্বারা গোষ্ঠরক্ষার্থ গিরি-ধারণকারী শ্রীহরির নিকট উপস্থিত হইতে লাগিলেন অর্থাৎ সমীপস্থ হইয়া আলিঙ্গনাদি করিতে লাগিলেন। আর গোপীগণ অতুল স্নেহ-সহকারে পরমহর্ষে দধি, অক্ষত ও পবিত্র সলিল সিঞ্চনাদি দ্বারা তাঁহার সম্মানজনক মঙ্গলময় কার্য্য করিতে লাগিলেন এবং সর্বদা দুষ্ট দমন কর, শিষ্ট পালন কর, জনক-জননীর আনন্দ বর্দ্ধন কর ও ধন-ঐশ্বর্য্য সম্পন্ন হও" ইত্যাদি আশীর্বাদ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন।২৯

গোপ ও গোপীপ্রভৃতির অপেক্ষায় পশ্চাৎ অবস্থিত পরমস্নেহ-যুক্তা জননী প্রভৃতির সমাগম বলিতেছেন, যশোদা, রোহিণী, নন্দ মহারাজ ও মহাবলী শ্রীরাম ইঁহারা সকলে স্নেহব্যাকুলচিত্তে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিয়া "চিরদিন এইরূপে আমাদিগকে পালন কর, সর্বদা সুখী হও, নিত্য পূর্ণ-মনোরথ হও" ইত্যাদি আশীর্বাদ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন।৩০

কেবল যে ব্রজবাসিগণেরই আনন্দ হইয়াছিল, তাহাও নহে, পরন্তু যাবতীয় দেবগণেরও অপার আনন্দ হইয়াছিল, তাহাই বলিতেছেন—

হে রাজন্! স্বর্গে দেবগণ, সাধ্যসকল (দেবতাবিশেষ) এবং সিদ্ধ, গন্ধর্ব্ব ও চারণগণ পরম সন্তুষ্ট হইয়া শ্রীকৃষ্ণের প্রতি স্তব ও পুষ্পবর্ষণ করিতে লাগিলেন।৩১

হে নৃপ। স্বর্গে দেবগণ কর্ত্তৃক বিচিত্ররূপে

ততোঽনুরক্তৈঃ পশুপৈঃ পরিশ্রিতো
রাজন্ স গোষ্ঠং সবলোঽব্রজদ্ধরিঃ।
তথাবিধান্যস্য কৃতানি গোপিকা
গায়ন্ত্যা ঈয়ুর্মুদিতা হৃদিস্পৃশঃ ॥৩৩

হে রাজন্! ততঃ তদনন্তরম্ অনুরক্তৈঃ পশুপৈঃ গোপৈঃ পরিশ্রিতঃ পরিবৃতঃ সবলঃ হরিঃ স্বগোষ্ঠম্ অব্রজৎ। হৃদিস্পৃশঃ (প্রেম্না কৃষ্ণস্য হৃদি স্পৃশন্তীতি তথাবিধাঃ) মুদিতাঃ গোপিকাঃ অস্য কৃষ্ণস্য তথাবিধানি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি গায়ন্ত্যঃ গোষ্ঠম্ ঈয়ুঃ ॥৩৩

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥

বাদিত হইয়া শঙ্খ ও দুন্দুভিসমূহের শব্দ হইতে লাগিল এবং তুম্বুরুপ্রভৃতি গন্ধর্বপতিগণ গান করিতে লাগিলেন।৩২

হে রাজন্! অনন্তর শ্রীহরি শ্রীবলরাম এবং অনুরক্ত গোপগণে পরিবৃত হইয়া নিজ গোষ্ঠ অভিমুখে গমন করিলেন। প্রেমার্দ্রহৃদয়া গোপিকাগণ আনন্দিত মনে ভগবান্ শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন-পর্বতধারণাদি লীলা গান করিতে করিতে গোষ্ঠে আগমন করিলেন।৩৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত পঞ্চবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশঃ অধ্যায়ঃ।

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য দিব্যং প্রভাবং দৃষ্ট্বা বিস্মিতান্ গোপান্ প্রতি নন্দস্য মহামুনিগর্গবাক্যকথনম্।]

শ্রীশুক উবাচ।
এবংবিধানি কর্ম্মাণি গোপাঃ কৃষ্ণস্য বীক্ষ্য তে।
অতদ্বীর্য্যবিদঃ প্রোচুঃ সমভ্যেত্য সুবিস্মিতাঃ ॥১

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। এবংবিধানি গোবর্দ্ধনোদ্ধরণসদৃশানি অতিমানুষানি কৃষ্ণস্য কর্ম্মাণি বীক্ষ্য সুবিস্মিতাঃ আশ্চর্য্যযুক্তাঃ (যতঃ) অতদ্বীর্য্যবিদঃ (ন তস্য বীর্য্যম্ ঐশ্বর্য-প্রভাবং বিদন্তীতি) তে গোপাঃ (নন্দং) সমভ্যেত্য অভিগম্য প্রোচুঃ ॥১

বালকস্য যদেতানি কর্ম্মাণ্যত্যদ্ভুতানি বৈ।
কথমর্হত্যসৌ জন্ম গ্রাম্যেষ্বাত্মজুগুপ্সিতম্ ॥২

অন্বয়ঃ

বৈ (অবধারণে) যৎ যস্মাৎ বালকস্য সতঃ এতানি কর্ম্মাণি অত্যদ্ভুতানি এব তস্মাৎ অসৌ আত্মজুগুপ্সিতং (আত্মনঃ স্বস্য জুগুপ্সিতম্ অযোগ্যং) গ্রাম্যেষু গোপেষু অস্মাসু জন্ম কথম্ অর্হতি ॥২

ষড়্‌বিংশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের দিব্যপ্রভাব দেখিয়া বিস্মিত গোপগণের প্রতি শ্রীনন্দকর্ত্তৃক মহামুনি গর্গের বাক্যকথন।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! শ্রীকৃষ্ণ ষড়ৈশ্বর্য্যশালী হইলেও তদীয় ঐশ্বর্য্যানুসন্ধানে অনভিলাষী ও তৎ স্নেহানুগত গোপগণ, শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন-উত্তোলনের ন্যায় পূতনাদি-বধাত্মক অন্যান্য অমানুষিক কার্যকলাপ অবলোকন বা অনুস্মরণপূর্ব্বক অত্যন্ত বিস্মিতচিত্তে গোপরাজ শ্রীনন্দ মহাশয়ের সমীপে সমাগত হইয়া ভক্তি-সহকারে প্রণিপাতপুরঃসর বলিতে আরম্ভ করিলেন।১

যঃ সপ্তহায়নো বালঃ করেণৈকেন লীলয়া।
কথং বিভ্রদ্ গিরিবরং পুষ্করং গজরাড়িব ॥৩

তোকেনামীলিতাক্ষেণ পূতনায়া মহৌজসঃ।
পীতঃ স্তনঃ সহ প্রাণৈঃ কালেনেব বয়স্তনোঃ ॥৪

হিন্বতোঽধঃ শয়ানস্য মাস্যস্য চরণাবুদক্।
অনোঽপতদ্ বিপর্য্যস্তং রুদতঃ প্রপদাহতম্ ॥৫

একহায়ন আসীনো হ্রিয়মাণো বিহায়সা।
দৈত্যেন যস্তৃণাবর্ত্তমহন্ কণ্ঠগ্রহাতুরম্ ॥৬

কচিদ্ধৈয়ঙ্গবস্তৈন্যে মাত্রা বদ্ধ উলূখলে।
গচ্ছন্নর্জ্জুনয়োর্মধ্যে বাহুভ্যাং তাবপাতয়ৎ ॥৭

বনে সঞ্চারয়ন্ বৎসান্ সরামো বালকৈর্বৃতঃ।
হন্তুকামং বকং দোর্ভ্যাং মুখতোঽরিমপাটয়ৎ ॥৮

যঃ সপ্তহায়নঃ সপ্তবর্ষমাত্রবয়াঃ বালঃ কথম্ একেন করেণ লীলয়া অনায়াসেন পুষ্করং কমলং গজরাট্ ইব গিরিবরং বিভ্রৎ স্থিতঃ ॥৩

অমীলিতাক্ষেণ তোকেন অতিবালেন মহৌজসঃ মহাবলায়াঃ পূতনায়াঃ তনোঃ শরীরস্য বয়ঃ যৌবনম্ আয়ুঃ বা যথা কালেন পীয়তে তথৈব প্রাণৈঃ সহ স্তনঃ কথং পীতঃ ॥৪

(শকটস্য) অধঃ শয়ানস্য মাস্যস্য (মাসত্রয়মাত্রং বাপ্য জাতবলস্য) রুদতঃ উদক্ ঊর্দ্ধং চরণৌ হিন্বতঃ প্রক্ষিপতঃ প্রপদা পাদাগ্রেণ হতম্ অতএব বিপর্য্যস্তং সৎ অনঃ শকটং কথম্ অপতৎ ॥৫

যঃ একহায়নঃ একবার্ষিকঃ অতএব আসীনঃ উপবিষ্টঃ (চলনেঽপি অসমর্থঃ অতএব) দৈত্যেন তৃণাবর্ত্তেন বিহায়সা আকাশমার্গেণ, হ্রিয়মাণঃ সঃ কথং তৃণাবর্ত্তং কণ্ঠগ্রহাতুরং (কণ্ঠগ্রহণেন আতুরং বিবশং কৃত্বা) অহন্ ॥৬

কচিৎ কদাচিৎ হৈয়ঙ্গবস্তৈন্যে নবনীতচৌর্য্যে সতি মাত্রা যশোদয়া উদূখলে বদ্ধঃ বাহুভ্যাম্ অর্জ্জুনয়োঃ মধ্যে গচ্ছন্ রিঙ্গন্ তৌ অর্জ্জুনৌ কথম্ অপাতয়ৎ ॥৭

সরামঃ রামেণ সহিতঃ বালকৈঃ বৃতঃ বনে বৎসান্ সঞ্চারয়ন্ (আত্মানং) হন্তুকামম্ অরিং বকং (বকবেশম্ অসুরং) দোর্ভ্যাং ভুজাভ্যাং মুখতঃ (মুখং) চঞ্চুং গৃহীত্বা কথম্ অপাটয়ৎ ॥৮

হে ব্রজরাজ ! যেহেতু বালক শ্রীকৃষ্ণের পূতনা-বধাদি এই কার্য্যসকল অতিশয় আশ্চর্য্যকর, সুতরাং (যদি বল—এই কৃষ্ণ প্রাকৃত বালক নহে কিন্তু ঈশ্বর, তদুত্তরে বলিতেছি তাহা হইলেও) সেই বালক গোপকুলে স্বীয় নিন্দাস্পদ গোপজন্ম ধারণ করিতে কি প্রকারে যোগ্য হইল ? কারণ, নিজের নিন্দনীয় কার্য্যে নিকৃষ্ট ব্যক্তিও প্রবৃত্ত হয় না।২

যে বালক সপ্ত বৎসর বয়ঃপ্রাপ্ত হইয়াছে, সেই বালক একহস্তে অনায়াসে গজেন্দ্রের কমল-ধারণের ন্যায় গিরিরাজ গোবর্দ্ধনকে ধারণ করিয়া কি প্রকারে অবস্থিত হইয়াছিল।৩

কাল যেরূপ দেহের আয়ুঃ কিংবা যৌবন পান করিয়া থাকে, তদ্রূপ এই বালক ঈষন্মুদ্রিত নেত্রে অবস্থানপূর্ব্বক মহাবলক্রান্তা পূতনার পঞ্চপ্রাণের সহিত কি প্রকারে তাহার স্তন-পান করিয়াছিল ?৪

হে ব্রজরাজ ! যখন এই বালকের তিন মাস বয়ঃক্রম ছিল, তখন একদিন ব্রজেশ্বরী শ্রীযশোদা শকটের অধোভাগে ইহাকে শয়ন করাইয়া অন্য কার্য্যে ব্যস্তা ছিলেন, বালক স্তনপ্রার্থী হইয়া রোদন করিতে করিতে চরণযুগল ঊর্দ্ধদেশে চালন করিয়াছিল, যে সময় বালকের চরণাগ্রের আঘাতে অতি বৃহৎ শকটটি বিপর্য্যস্ত হইয়া কি প্রকারে পতিত হইয়াছিল ?৫

যখন এই বালকের এক বৎসর বয়স ছিল, তখন এই বালক অন্যত্র গমনাদি করিতে অসমর্থ হইলেও তৃণাবর্ত্তনামক দৈত্য ইহাকে হরণ করিয়া আকাশ পথে লইয়া যাইতেছিল, তাহা দেখিয়া এই বালক কণ্ঠ গ্রহণমাত্রেই বিহ্বল তৃণাবর্ত্তকে কি প্রকারে বিনাশ করিয়াছিল ?৬

কোন দিবস এই বালক নবনীত অপহরণ করিলে জননী যশোমতী ইহাকে উদূখলে বন্ধন করিয়াছিলেন, তখন ঐ বালক করযুগলের সাহায্যে

বৎসেষু বৎসরূপেণ প্রবিশন্তং জিঘাংসয়া।
হত্বা ন্যপাতয়ৎ তেন কপিত্থানি চ লীলয়া ॥৯
হত্বা রাসভদৈতেয়ং তদ্বন্ধূংশ্চ বলান্বিতঃ।
চক্রে তালবনং ক্ষেমং পরিপক্বফলান্বিতম্ ॥১০
প্রলম্বং ঘাতয়িত্বোগ্রং বলেন বলশালিনা।
অমোচয়দ্ ব্রজপশূন্ গোপাংশ্চারণ্যবহ্নিতঃ ॥১১

জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া বৎসরূপেণ বৎসেষু প্রবিশন্তং প্রবিষ্টং বৎসাসুরং লীলয়া ভ্রামণরূপয়া হত্বা তেন মৃতদৈত্যশরীরেণ চ কপিত্থানি ন্যপাতয়ৎ ॥৯

বলান্বিতঃ (বলদেবেন অন্বিতঃ শ্রীকৃষ্ণঃ) রাসভদৈত্যেয়ং ধেনুকাসুরং তদ্বন্ধূন্ চ হত্বা পরিপক্বফলান্বিতং (পরিপক্বৈঃ ফলৈঃ অন্বিতং) তালবনং ক্ষেমং (নির্ভয়ত্বেন সর্ব্বৈঃ প্রবেষ্টুং যোগ্যং) চক্রে ॥১০

বলশালিনা বলেন উগ্রম্ ভয়ঙ্করং প্রলম্বং ঘাতয়িত্বা (স্বয়ং) ব্রজপশূন্ গোপান্ চ আরণ্যবহ্নিতঃ অমোচয়ৎ ॥১১

যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের মধ্যদেশে গমনপূর্ব্বক সেই বৃক্ষদ্বয়কে কি প্রকারে পাতিত করিয়াছিল ? ৭

একদিন শ্রীবলরামের সহিত শ্রীকৃষ্ণ বয়স্যগণে পরিবৃত হইয়া বৎসচারণ করিতেছিল, তখন বিনাশ-বাসনায় সমাগত পরম শত্রু বকাসুরকে করযুগল দ্বারা ধারণপূর্ব্বক মুখ অবধি পুচ্ছপর্য্যন্ত কি প্রকারে বিদীর্ণ করিয়াছিল ?৮

অপর একদিন আপনাদিগের হননেচ্ছায় বৎস-রূপধারণ পূর্ব্বক বৎসমণ্ডলীমধ্যে প্রবিষ্ট বৎসাসুরকে অবলীলাক্রমে বিনাশ করিয়া তাহার সেই অতি-বৃহৎ দেহদ্বারা অর্থাৎ বৃহৎ বৃক্ষের উপরিভাগে নিক্ষেপপূর্ব্বক কপিত্থ ফলসমূহও পাতিত করিয়া-ছিল।৯

একদিন শ্রীবলরাম-সমন্বিত শ্রীকৃষ্ণ ধেনুকাসুর ও তাহার বন্ধুবর্গকে বিনাশ করিয়া পরিপক্ব ফলান্বিত তালবনকে নির্ভয় অর্থাৎ সর্ব্বোপভোগ্য করিয়া-ছিল।১০

কোনদিন মহাবলী শ্রীবলদেব দ্বারা উদ্ধত-স্বভাবাপন্ন প্রলম্বাসুরকে বিনাশ করাইয়া তাহা হইতে এবং দাবাগ্নি হইতে ব্রজস্থিত পশুগণ ও গোপসকলকে মোচন করিয়াছিল।১১

আশীবিষতমাহীন্দ্রং দমিত্বা বিমদং হ্রদাৎ।
প্রসহ্যোদ্বাস্য যমুনাং চক্রেঽসৌ নির্ব্বিষোদকাম্ ॥১২
দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাম্।
নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথম্ ॥১৩
ক্ব সপ্তহায়নো বালঃ ক্ব মহাদ্রিবিধারণম্।
ততো নো জায়তে শঙ্কা ব্রজনাথ তবাত্মজে ॥১৪

আশীবিষতমাহীন্দ্রং (আশীবিষতমঃ অতিক্রূরবিষঃ চাসৌ অহীন্দ্রঃ তং) কালীয়ং বিমদং যথা স্যাৎ তথা দমিত্বা প্রসহ্য বলাৎ হ্রদাৎ উদ্বাস্য নিষ্কাস্য যমুনাং নির্ব্বিষোদকাং চক্রে ॥১২

হে নন্দ! সর্ব্বেষাং পশুপক্ষ্যাদিসহিতানাং নঃ অস্মাকং ব্রজৌকসাম্ অস্মিন্ তে তব তনয়ে কৃষ্ণে দুস্ত্যজঃ অনুরাগঃ তথা অস্মাসু তস্য ঔৎপত্তিকঃ স্বাভাবিকঃ অনুরাগঃ কথম্ ॥১৩

ক্ব সপ্তহায়নঃ বালঃ, ক্ব চ মহাদ্রিবিধারণম্ (মহাদ্রেঃ বিধারণং), অতঃ অস্মাৎ হে ব্রজনাথ! তব আত্মজে নঃ অস্মাকং শঙ্কা পরমেশ্বরত্বশঙ্কা জায়তে ॥১৪

এই শ্রীকৃষ্ণ একদিন অতিক্রূর বিষধারী নাগরাজ কালিয়ের গর্ব্ব খর্ব্ব যে রূপে হয়, সেই প্রকারে তাহাকে দমন করিয়া বলপূর্ব্বক তদীয় হ্রদ হইতে বহির্গত করিয়াছিল এবং যমুনাকে তদবধি বিষশূন্য-সলিলা করিয়াছিল।১২

হে নন্দ! তোমার এই তনয় শ্রীকৃষ্ণের প্রতি আমাদিগের সমস্ত ব্রজ-বাসিগণের দুস্ত্যজ অনুরাগ (প্রতিক্ষণে নবনবায়মানা বর্দ্ধমানা প্রীতি) হইতেছে কেন ? আর এবংবিধ অমানুষিক চেষ্টাসম্পন্ন শ্রীকৃষ্ণেরও আমাদিগের প্রতি জন্মদিন অবধি স্বাভাবিক অনুরাগ দেখা যায় কেন ? আমাদিগের বোধ হয় ইনি সকলের আত্মা হইয়া থাকিবেন।১৩

হে ব্রজনাথ! কোথায় সপ্তম বর্ষের বালক, আর কোথায় তৎকর্তৃক অবলীলাক্রমে গিরিরাজ গোবর্দ্ধন ধারণ! এক শ্রীকৃষ্ণে পরস্পর বিরোধী

নন্দ উবাচ।

শ্রূয়তাং মে বচো গোপা ব্যেতু শঙ্কা চ বোঽর্ভকে।
এনং কুমারমুদ্দিশ্য গর্গো মে যদুবাচ হ ॥১৫
বর্ণাস্ত্রয়ঃ কিলাস্যাসন্ গৃহ্নতোঽনুযুগং তনূঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥১৬
প্রাগয়ং বসুদেবস্য কচিজ্জাতস্তবাত্মজঃ।
বাসুদেব ইতি শ্রীমানভিজ্ঞাঃ সম্প্রচক্ষতে ॥১৭

নন্দঃ উবাচ। হে গোপাঃ! এনং কুমারম্ উদ্দিশ্য গর্গঃ মে মহ্যং যৎ উবাচ হ, মে মম তাঃ বাচঃ শ্রূয়তাম্ অর্ভকে বালকে যা বঃ যুষ্মাকং শঙ্কা সা ব্যেতু অপগচ্ছতু ॥১৫

অনুযুগং তনূঃ অবতারান্ গৃহ্নতঃ অস্য শুক্লঃ রক্তঃ তথা পীতঃ ইতি কিল ত্রয়ঃ বর্ণাঃ আসন্, ইদানীং সঃ কৃষ্ণতাং গতঃ প্রাপ্তঃ ॥১৬

অয়ং শ্রীমান্ তব আত্মজঃ প্রাক্ কচিৎ কদাচিৎ বসুদেবস্য সুতঃ জাতঃ, অতঃ বাসুদেবঃ ইতি অভিজ্ঞাঃ সম্প্রচক্ষতে ॥১৭

তে তব সুতস্য গুণকর্ম্মানুরূপাণি বহূনি নামানি রূপাণি

ধর্ম্ম-দ্বয় বর্ত্তমান থাকায় তোমার আত্মজ শ্রীকৃষ্ণের প্রতি আমাদিগের শঙ্কা (বিপ্রতিপত্তিজন্য সংশয় কিংবা 'এই বালক পরমবিলক্ষণ কোন দেবতাদি হইবেন এইরূপ আশঙ্কা) হইতেছে।১৪

শ্রীনন্দ মহারাজ গোপগণের এবংবিধ আশঙ্কাময় বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন—হে গোপগণ! এই সুকুমার বালক শ্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া শ্রীগর্গ মহাশয় আমাকে স্পষ্টতঃ যে সকল বাক্য বলিয়া গিয়াছেন, তোমরা আমার নিকট হইতে সেই সমস্ত বাক্য শ্রবণ করিলে তোমাদিগের এই বালকের প্রতি আশঙ্কা বিদূরিত হইবে।১৫

যুগে যুগে বিগ্রহধারী এই বালকের শুক্ল, রক্ত ও পীত এই তিনটি বর্ণ হইয়াছিল, অধুনা দ্বাপরযুগে কৃষ্ণবর্ণত্ব প্রাপ্ত হইয়াছে সুতরাং; ইহার

বহূনি সন্তি নামানি রূপাণি চ সুতস্য তে।
গুণকর্ম্মানুরূপাণি তান্যহং বেদ নো জনাঃ ॥১৮
এষ বঃ শ্রেয় আধাস্যদ্ গোপগোকুলনন্দনঃ।
অনেন সর্ব্বদুর্গাণি যূয়মঞ্জস্তরিষ্যথ ॥১৯
পুরানেন ব্রজপতে সাধবো দস্যুপীড়িতাঃ।
অরাজকে রক্ষ্যমাণা জিগ্যুর্দস্যূন্ সমেধিতাঃ ॥২০

চ সন্তি; তানি নামরূপাণি অহং বেদ, অন্যে জনাঃ তু ন বিদুঃ ॥১৮

গোপগোকুলনন্দনঃ (গোপানাং গোকুলস্য চ আনন্দকরঃ) এষঃ পুত্রঃ বঃ যুষ্মাকং শ্রেয়ঃ পারলৌকিকং সুখম্ আধাস্যৎ করিষ্যতি, অনেন যূয়ং সর্ব্বদুর্গাণি ঐহিকানি অঞ্জঃ অনায়াসেন তরিষ্যথ ॥১৯

হে ব্রজপতে! পুরা অরাজকে দস্যুপীড়িতাঃ (দস্যুভিঃ পীড়িতাঃ) সাধবঃ অনেন রক্ষ্যমাণাঃ সমেধিতাঃ সংবর্দ্ধিতাঃ চ সন্তঃ দস্যূন্ জিগ্যুঃ জিতবন্তঃ ॥২০

নাম কৃষ্ণ হইল, ইহা নিশ্চয়ই জানিও।১৬

(আরও বলিয়াছেন) তোমার এই তনয় পূর্ব্বজন্মে কোন সময়ে শ্রীবসুদেব হইতে জন্ম গ্রহণ করিয়াছিল, অতএব পণ্ডিতগণ, "শ্রীবাসুদেব" এই নাম বলিবেন।১৭

তোমার পুত্রের গুণানুরূপ ও কর্ম্মানুরূপ বহুবিধ নাম রহিয়াছে, তাহা আমি অবগত, অপরে নহে।১৮

গোপ ও গোকুলের (অর্থাৎ তত্রত্য সর্ব্ব প্রাণীর) আনন্দবর্দ্ধনকারী এই বালক তোমাদিগের সমস্ত ব্রজবাসীরই ঐহিক ও পারলৌকিক মঙ্গল বিধান করিবে, আর এই বালককর্ত্তৃক তোমরা সকলে সকল প্রকার বিপদ্ হইতে অনায়াসে সমুত্তীর্ণ হইবে।১৯

হে ব্রজপতে! জন্মান্তরে অরাজকে (দেবরাজ

য এতস্মিন্ মহাভাগাঃ প্রীতিং কুর্ব্বন্তি মানবাঃ।
নারয়োঽভিভবন্ত্যেতান্ বিষ্ণুপক্ষানিবাসুরাঃ ॥২১

তস্মান্নন্দ কুমারোঽয়ং নারায়ণসমো গুণৈঃ।
শ্রিয়া কীর্ত্ত্যানুভাবেন তৎকর্ম্মসু ন বিস্ময়ঃ ॥২২

ইত্যদ্ধা মাং সমাদিশ্য গর্গে চ স্বগৃহং গতে।
মন্যে নারায়ণস্যাংশং কৃষ্ণমক্লিষ্টকারিণম্ ॥২৩

মহাভাগাঃ (অনেকজন্মানুষ্ঠিতসুকৃতাঃ) মানবাঃ এতস্মিন্ (মহাভাগে ইত্যপি পাঠঃ) প্রীতিং কুর্ব্বন্তি। অসুরাঃ যথা বিষ্ণুপক্ষান্ (ন অভিভবন্তি তথা ইব) এতান্ অরয়ঃ শত্রবঃ ন অভিভবন্তি ॥২১

তস্মাৎ হে নন্দ! অয়ং তে কুমারঃ গুণৈঃ শ্রিয়া কীর্ত্ত্যা অনুভাবেন চ নারায়ণ সমঃ, তস্মাৎ (অস্য) কর্ম্মসু (যুষ্মাভিঃ) বিস্ময়ঃ ন কার্য্যঃ ॥২২

ইন্দ্রের পদচ্যুতিসময়ে) দস্যুপীড়িত সাধুগণ (দেবগণ) এই বালককর্ত্তৃক রক্ষিত ও বর্দ্ধিত হইয়া দস্যুসকলকে পরাজয় করিয়াছিল।২০

যেমন অসুরগণ শ্রীবিষ্ণুপক্ষাশ্রিত দেবগণকে অভিভব করিতে পারে না, তদ্রূপ যে মহাভাগগণ তোমার এই পুত্রের প্রতি প্রীতি করেন, তাঁহাদিগকে শত্রুগণ কখনও পরাভব করিতে পারেন না।২১

অতএব হে নন্দ! এই কুমার শ্রী, কীর্ত্তি (সৎখ্যাতি), প্রতাপ ও দয়াদি গুণসমূহ দ্বারা শ্রীনারায়ণের তুল্য হইবে, সুতরাং হে গোপগণ! তোমরা কৃষ্ণের কার্য্যে বিস্মিত হইও না।২২

শ্রীগর্গমহাশয় সাক্ষাৎ সম্বন্ধে আমাকে এইরূপ আদেশ করিয়া স্বগৃহে গমন করিলে আমাদিগেরে

ইতি নন্দবচঃ শ্রুত্বা গর্গগীতং ব্রজৌকসঃ।
(দৃষ্টশ্রুতানুভাবাস্তে কৃষ্ণস্যামিততেজসঃ)।
মুদিতা নন্দমানর্চ্চুঃ কৃষ্ণঞ্চ গতবিস্ময়াঃ ॥২৪

দেবে বর্ষতি যজ্ঞবিপ্লবরুষা
বজ্রাশ্মপরুষানিলৈঃ
সীদৎপালপশুস্ত্রি আত্মশরণং
দৃষ্ট্বানুকম্প্যুৎস্ময়ন্।

ইতি অদ্ধা সাক্ষাৎ মাং সমাদিশ্য গর্গে স্বগৃহং গতে সতি অহম্ অক্লিষ্টকারিণং (অক্লিষ্টানি ভক্তজনক্লেশনিবর্ত্তকানি কর্ম্মাণি করোতি তম্) কৃষ্ণং নারায়ণস্য অংশং মন্যে। ইতি গর্গগীতং নন্দবচঃ শ্রুত্বা গতবিস্ময়াঃ আশ্চর্য্যরহিতাঃ মুদিতাঃ জাতহর্ষাঃ চ ব্রজৌকসঃ কৃষ্ণং (তৎপিতরং) নন্দং চ আনর্চ্চুঃ ॥২৩-২৪

যজ্ঞবিপ্লবরুষা (স্বযজ্ঞস্য বিপ্লবেন প্রতিরোধেন যা রুট্

কষ্ট দূরীকরণে যত্নশীল কৃষ্ণকে আমি শ্রীনারায়ণের অংশ অর্থাৎ নারায়ণের শক্ত্যাবেশ বলিয়া মনে করিতেছি।২৩

অচিন্ত্য-প্রভাবশালী শ্রীকৃষ্ণের প্রভাবদর্শী ও শ্রবণকারী ঐ ব্রজবাসী গোপগণ এই প্রকারে শ্রীনন্দের বাক্য ও তদ্দ্বারা গর্গগীত শ্রবণপূর্ব্বক বিগতসংশয় হইয়া পরমানন্দে শ্রীনন্দ ও শ্রীকৃষ্ণকে স্ব স্ব গৃহানীত গন্ধ চন্দন বস্ত্র ও ভূষণাদিদ্বারা অর্চ্চনা বা সম্মান করিতে লাগিলেন।২৪

যজ্ঞনাশজন্য ক্রুদ্ধ দেবরাজ ইন্দ্র বর্ষণ আরম্ভ করিলে বজ্র, প্রস্তর খণ্ড ও তীব্রবায়ু দ্বারা অবসন্ন গোপগণ, পশুগণ ও স্ত্রীসকলকে নিজের শরণাপন্ন দর্শনপূর্ব্বক অনুকম্পান্বিত হৃদয়ে যিনি

উৎপাট্যৈককরেণ শৈলমবলো
লীলোচ্ছিলীন্ধ্রং যথা
বিভ্রদ্গোষ্ঠমপান্মহেন্দ্রমদভিৎ
প্রীয়ান্ন ইন্দ্রো গবাম্ ॥২৫

ক্রোধঃ তয়া) দেবে ইন্দ্রে বর্ষতি সতি বজ্রাশ্মপরুষানিলৈঃ অশনিজলশর্করাতীব্রবায়ুভিঃ সীদৎপালপশুস্ত্রী (সীদন্তঃ পালাঃ পশবঃ স্ত্রিয়ঃ চ যস্মিন্ তথাভূতং) আত্মশরণম্ (আত্মা স্বয়মেব শরণং রক্ষকো যস্য তৎ) গোষ্ঠং ব্রজং দৃষ্ট্বা অনুকম্পী জাতকৃপঃ উৎস্ময়ন্ প্রহসন্ শৈলং গোবর্দ্ধনম্ উৎপাট্য উৎকৃত্য

ঈষৎ হাস্যকরত গোবর্দ্ধনপর্ব্বতকে উৎপাটন করিয়া যেমন বালক অবলীলাক্রমে ছত্র ধারণ করিয়া থাকে, তদ্রূপ একহস্তে সেই পর্ব্বতকে ধারণ করিয়া গোকুলবাসী সকলকে রক্ষা করিয়াছিলেন, সেই ইন্দ্র-

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥২৬॥

একেন করেণ অবলঃ বালঃ উচ্ছিলীন্ধ্রং ছত্রাকং যথা তথা লীলয়া বিভ্রৎ দধৎ যঃ গোষ্ঠম্ অপাৎ পালিতবান্, মহেন্দ্রমদভিৎ ইন্দ্রদর্পহারী সঃ গবাম্ ইন্দ্রিয়াণাম্ ইন্দ্রঃ নেতা (কৃষ্ণঃ) নঃ অস্মান্ বক্তৃশ্রোত্রাদীন্ প্রীয়াৎ প্রীয়তাম্ ॥২৫
ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ॥

গর্ব্বহারী গোবিন্দ আমাদিগের অর্থাৎ আমার প্রতি, তোমার প্রতি ও এই শ্রোতৃমণ্ডলীর প্রতি প্রসন্ন হউন।২৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ষড়্‌বিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তবিংশঃ অধ্যায়ঃ।

[বিগতদর্পস্য পুরন্দরস্য শ্রীকৃষ্ণসমীপে ক্ষমাপ্রার্থনম্, কামধেনু-দেবেন্দ্রাভ্যাং শ্রীকৃষ্ণস্যাভিষেকশ্চ।]

শ্রীশুক উবাচ।

গোবর্দ্ধনে ধৃতে শৈল আসারাদ্ রক্ষিতে ব্রজে।
গোলোকাদাব্রজৎ কৃষ্ণং সুরভিঃ শক্র এব চ ॥১
বিবিক্ত উপসঙ্গম্য ব্রীড়িতঃ কৃতহেলনঃ।
পস্পর্শ পাদয়োরেনং কিরীটেনার্কবর্চ্চসা ॥২
দৃষ্টশ্রুতানুভাবোঽস্য কৃষ্ণস্যামিততেজসঃ।
নষ্টত্রিলোকেশমদ ইন্দ্র আহ কৃতাঞ্জলিঃ ॥৩

ইন্দ্র উবাচ।

বিশুদ্ধসত্ত্বং তব ধাম শান্তং
তপোময়ং ধ্বস্তরজস্তমস্কম্।
মায়াময়োঽয়ং গুণসম্প্রবাহো
ন বিদ্যতে তেঽগ্রহণানুবন্ধঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। গোবর্দ্ধনে শৈলে (কৃষ্ণেন) ধৃতে (অতঃ) আসারাৎ ব্রজে রক্ষিতে (সতি) কৃষ্ণং (ক্ষমাপয়িতুং) শক্রঃ (অভিষিক্তুং) সুরভিঃ চ গোলোকাৎ (তত্র) আব্রজৎ এব ॥১

কৃতহেলনঃ (বর্ষাদিনা কৃতাপরাধঃ) অতএব ব্রীড়িতঃ লজ্জিতঃ ইন্দ্রঃ বিবিক্তে একান্তে উপসংগম্য অর্কবর্চ্চসা (অর্কবৎ বর্চ্চঃ যস্য তেন) কিরীটেন এনং কৃষ্ণং পাদয়োঃ পস্পর্শ নমশ্চকার ॥২

অমিততেজসঃ (অমিতং তেজঃ প্রভাবো যস্য তস্য) অস্য কৃষ্ণস্য দৃষ্টশ্রুতানুভাবঃ (দৃষ্টঃ গোবর্দ্ধনোদ্ধরণরূপঃ শ্রুতঃ পূতনানিধনাদিরূপঃ অনুভাবো যেন সঃ) অতএব নষ্টত্রিলোকেশমদঃ (নষ্টঃ অপগতঃ ত্রিলোকেশমদঃ যস্য সঃ ইন্দ্রঃ) কৃতাঞ্জলিঃ সন্ ইদম্ আহ ॥৩

ইন্দ্রঃ উবাচ। হে দেব! তব ধাম স্বরূপং শান্তং রাগলোভাদিবিকাররহিতং (যতঃ) তপোময়ং জ্ঞানপ্রচুরং (যতঃ) বিশুদ্ধসত্ত্বং ধ্বস্তরজস্তমস্কং (ধ্বস্তে অবিদ্যমানে রজস্তমসী যস্মিন্ তৎ) অতএব গ্রহণানুবন্ধঃ (গ্রহণেন প্রাকৃতদেহাদৌ আত্মাধ্যাসেন অনুবধ্যতে যঃ সঃ) মায়াময়ঃ প্রাকৃতঃ গুণসং-

সপ্তবিংশ অধ্যায়।

[গতদর্প ইন্দ্রের শ্রীকৃষ্ণ-সমীপে ক্ষমা প্রার্থনা এবং কামধেনু ও ইন্দ্রের কর্তৃক শ্রীকৃষ্ণের অভিষেক।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! শ্রীকৃষ্ণকর্তৃক গোবর্দ্ধন পর্ব্বত ধৃত হইলে এবং গোবর্দ্ধনধারণ দ্বারা বর্ষণ হইতে ব্রজস্থ মনুষ্য, পশু-পক্ষ্যাদি প্রাণিগণ রক্ষিত হইলে গোলোক হইতে সুরভি ও ইন্দ্র শ্রীকৃষ্ণসমীপে আগমন করিলেন।১

যজ্ঞধ্বংস জন্য ক্রোধে শ্রীকৃষ্ণের প্রতি অবজ্ঞা-সূচক বাক্য প্রয়োগ করায় দেবরাজ বিশেষ লজ্জাপ্রাপ্ত হইয়া নির্জ্জনে শ্রীকৃষ্ণ-সমীপে আগমন-পূর্ব্বক সূর্য্যতুল্য প্রভাশালী কিরীট দ্বারা শ্রীকৃষ্ণের চরণযুগলে নমস্কার করিলেন।২

দেবরাজ অপরিমিত-তেজঃসম্পন্ন বাল-গোপাল-রূপী নরাকৃতি পরব্রহ্ম সেই শ্রীকৃষ্ণের অলৌকিক প্রভাব পূর্বে ব্রহ্মাদিমুখে যেরূপ শ্রুত হইয়াছিলেন তাহা প্রত্যক্ষ অবলোকন করিয়া (কিংবা শ্রীগোবর্দ্ধনধারণ সাক্ষাৎ অবলোকনপূর্ব্বক এবং পূতনাবধাদি অলৌকিক প্রভাব শ্রীব্রহ্মাদিমুখে শ্রুত হইয়া) "আমি ত্রিভুবনেশ্বর" এই গর্ব্ব খর্ব্ব হইলে কৃতাঞ্জলিপুটে শ্রীকৃষ্ণকে বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।৩

ইন্দ্র বলিলেন—(হে প্রভো!) আপনার স্বরূপ,

কুতো নু তদ্ধেতব ঈশ তৎকৃতা
লোভাদয়ো যেঽবুধলিঙ্গভাবাঃ।
তথাপি দণ্ডং ভগবান্ বিভর্ত্তি
ধর্ম্মস্য গুপ্ত্যৈ খলনিগ্রহায় ॥৫

পিতা গুরুস্ত্বং জগতামধীশো
দুরত্যয়ঃ কাল উপাত্তদণ্ডঃ।
হিতায় স্বেচ্ছাতনুভিঃ সমীহসে
মানং বিধুন্বন্ জগদীশমানিনাম্ ॥৬

যে মদ্বিধাজ্ঞা জগদীশমানিন-
স্ত্বাং বীক্ষ্য কালেঽভয়মাশু তন্মদম্।
হিত্বার্য্যমার্গং প্রভজন্ত্যপস্ময়া
ঈহা খলানামপি তেঽনুশাসনম্ ॥৭

প্রবাহঃ (গুণৈঃ সংপ্রোহ্যতে ইতি সংসারঃ) তে তব ন বিদ্যতে ॥৪

(যদ্যেবং তদা) হে ঈশ। তৎকৃতাঃ দেহাত্মাধ্যাসকৃতাঃ তদ্ধেতবঃ পুনরন্যদেহগ্রহণস্য হেতবঃ অবুধলিঙ্গভাবাঃ যে লোভাদয়ঃ কুতঃ স্যুঃ, তথাপি লোভাদ্যভাবেঽপি ভগবান্ ঐশ্বর্য্যাদিপূর্ণঃ ভবান্ ধর্ম্মস্য গুপ্ত্যৈ রক্ষায়ৈ খলনিগ্রহায় (খলানাং পরোদ্বেজকানাং মানভঙ্গাদিনা নিগ্রহায় বশীকরণার্থং) দণ্ডং বিভর্ত্তি ॥৫

জগতাং প্রাণিনাং ত্বং পিতা জনকঃ, গুরুঃ উপদেষ্টা, অধীশঃ নিয়ন্তা, চ (তস্মাৎ) উপাত্তদণ্ডঃ সংকল্পিতদণ্ডঃ দুরত্যয়ঃ দুরতিক্রমণীয়ঃ কালঃ সন্ জগদীশমানিনাং (অস্মাকং) হিতায় মানং মদং বিধুন্বন্ দূরীকুর্ব্বন্ চ স্বেচ্ছাতনুভিঃ লীলাবতারৈঃ সমীহসে চেষ্টসে ॥৬

যে মদ্বিধাজ্ঞাঃ মৎসদৃশাঃ অজ্ঞাঃ জগদীশমানিনঃ (আত্মানং জগদীশং মন্যমানাঃ তে) কালে ভয়কালে অপি ত্বাম্ অভয়ং ভয়রহিতং দণ্ডধরং বীক্ষ্য তন্মদং (জগদীশাভিমানপ্রযুক্তং মদম্) আশু হিত্বা অপস্ময়াঃ অপগতগর্ব্বাঃ সন্তঃ আর্য্যমার্গং (সতাং বর্ম্ম ত্বদ্ভক্তিং) প্রভজন্তি অনুবর্ত্তন্তে, (অতঃ) তে তব ঈহা লীলা খলানাম্ অনুশাসনং শিক্ষা এব ॥৭

বিশুদ্ধসত্ত্ব (অপ্রাকৃতচিদানন্দময়), শান্ত (ক্ষোভরহিত), তপোময় (জ্ঞানস্বরূপ) এবং রজোগুণ ও তমোগুণবিহীন হইয়াছে; সুতরাং মনুষ্যাদি জীবে পরিদৃশ্যমান মায়াময় এই গুণপ্রবাহ সংসার আপনার নাই।৪

যদিও আপনার স্বরূপ গুণপ্রবাহ ও গ্রহণানুবন্ধাদিশূন্য হইয়াছে, তথাপি হে নিরুপাধিক সর্ব্বেশ্বর! শরীরগ্রহণ দ্বারা কৃত এবং অন্য শরীর-গ্রহণে হেতুভূত ও দেহাত্মভ্রমশালীর চিহ্নস্বরূপ পদার্থভূত যে ক্রোধাদি, তাহা আপনার নাই; সুতরাং নিত্য স্বীয় যাথার্থ্য-অনুভব স্বরূপ আপনার রাগাদির সম্ভাবনা কি প্রকারে হইতে পারে? তাহা হইতে পারে না, অতএব (রাগাদির অভাব হইলেও) হে ভগবন্! ধর্ম্মের সংরক্ষার্থ ও খলগণের নিগ্রহ করিবার নিমিত্ত আপনি দণ্ড ধারণ করিয়া থাকেন।৫

আপনি সর্ব্বজগতের জনক, হিতোপদেষ্টা, নিয়ন্তা ও নিরতিশয়, দুরতিক্রম হইয়াছেন; সুতরাং উদ্ধতস্বভাবাপন্ন জগদ্বাসিজন-সকলের প্রতি যথাসময়ে দণ্ডধারণ করিয়া থাকেন, যেহেতু জগতে প্রসিদ্ধ আছে যে, পিতাপ্রভৃতি গুরুবর্গ উৎপথগামী পুত্রদিগকে শিক্ষাপ্রদান দ্বারা সৎপথে প্রবর্ত্তন করিতে সমর্থ হইয়া কখনও উপেক্ষা করেন না; অতএব আপনি খলগণের প্রতি দণ্ডবিধান করিলেও আপনার বৈষম্য দৃষ্টি নাই; কারণ সর্বজগতের জনকত্বাদিসম্বন্ধবিশিষ্ট আপনা কর্ত্তৃক ফল-নিগ্রহার্থ দণ্ডবিধান উপযুক্তই হইয়া থাকে সুতরাং আপনি জগদীশ্বরাভিমানী মাদৃশজনের গর্ব্ব খর্ব্ব করিয়া আমাদিগের পরম মঙ্গল বিধানার্থই স্বেচ্ছায় তনু অর্থাৎ লীলাবতার স্বীকারপূর্বক (কিংবা আপন ইচ্ছানুসারে অপ্রাকৃত দিব্যবিগ্রহে উপলক্ষিত হইয়া) লীলা করিয়া থাকেন।৬

হে প্রভো! জগদীশ্বরাভিমানী মাদৃশ যে সকল অজ্ঞ ব্যক্তি, তাহারাও যথাসময়ে আপনাকে ভয়ঙ্কর

স ত্বং মমৈশ্বর্য্যমদপ্লুতস্য
কৃতাগসস্তেঽবিদুষঃ প্রভাবম্।
ক্ষন্তুং প্রভোঽথার্হসি মূঢ়চেতসো
মৈবং পুনর্ভূন্মতিরীশ মেঽসতী ॥৮

তবাবতারোঽয়মধোক্ষজেহ
স্বয়ম্ভরাণামুরুভারজন্মনাম্।
চমূপতীনামভবায় দেব
ভবায় যুষ্মচ্চরণানুবর্ত্তিনাম্ ॥৯

নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে।
বাসুদেবায় কৃষ্ণায় সাত্বতাং পতয়ে নমঃ ॥১০

স্বচ্ছন্দোপাত্তদেহায় বিশুদ্ধজ্ঞানমূর্ত্তয়ে।
সর্ব্বস্মৈ সর্ব্ববীজায় সর্ব্বভূতাত্মনে নমঃ ॥১১

অথ হে প্রভো! সঃ সর্ব্বেশ্বরঃ ত্বম্ ঐশ্বর্য্যমদপ্লুতস্য (ঐশ্বর্য্যেণ ইন্দ্রাধিপত্যেন যো মদস্তেন প্লুতস্য ব্যাপ্তস্য), তে তব প্রভাবম্ অবিদুষঃ অজানতঃ, মূঢ়চেতসঃ (মূঢ়ম্ অবিজ্ঞয়া বিবেকহীনং চেতঃ যস্য), কৃতাগসঃ (বর্ষাদিনা কৃতাপরাধস্য) মম (অপরাধং তথা) ক্ষন্তুম্ অর্হসি, যথা হে ঈশ! মে অসতী দুষ্টা অভিমানরূপা মতিঃ এবং পুনঃ মা ভূৎ ॥৮

হে দেব অধোক্ষজ (অধঃ অক্ষজম্ ইন্দ্রিয়জং জ্ঞানং যস্মাৎ তৎসম্বোধনে)! ইহ ভূমৌ স্বয়ংভরাণাং স্বপ্রাণমাত্র-পোষকাণাম্ উরুভারজন্মনাং (উরূণাং বহূনাং ভারাণাং জন্ম যেভ্যঃ তেষাং) চমূপতীনাং রাজ্ঞাম্ অভবায় বিনাশায় তথা যুষ্মচ্চরণানুবর্ত্তিনাং ত্বদ্ভক্তানাং ভবায় (যথোচিতং) ধর্ম্মাদিপুরুষার্থলাভায় তব অয়ম্ অবতারঃ ॥৯

তুভ্যং ভগবতে ঐশ্বর্য্যাদিষড়্‌গুণপূর্ণায় পুরুষায় সর্ব্বান্তর্য্যামিণে মহাত্মনে অপরিচ্ছিন্নায় বাসুদেবায় বসুদেবনন্দনায় কৃষ্ণায় সদানন্দরূপায় সাত্বতাং যাদবানাং পতয়ে নমঃ ॥১০

স্বচ্ছন্দোপাত্তদেহায় (স্বেচ্ছয়া স্বীকৃতদেহায়) বিশুদ্ধজ্ঞানমূর্ত্তয়ে (বিশুদ্ধং জ্ঞানম্ এব মূর্ত্তিঃ যস্য তস্মৈ) সর্ব্বস্মৈ সর্ব্বরূপায় সর্ব্ববীজায় সর্ব্বোপাদানায় সর্ব্বভূতাত্মনে (সর্ব্বেষাং ভূতানাম্ আত্মনে সাক্ষিণে) নমঃ ॥১১

দণ্ডধর দেখিয়া (কিংবা তাহারা ভয়কালে অর্থাৎ অধুনা মৎকর্ত্তৃক অনুষ্ঠিত প্রবলবর্ষণে ভয়রহিত আপনাকে দর্শন করিয়া) জগদীশ্বরাভিমানপ্রযুক্ত যে গর্ব তাহা অবিলম্বে পরিত্যাগপূর্বক গর্বশূন্য হইয়া ভবদীয় ভক্তিলক্ষণ সাধুগণের পথানুসরণ করিয়া থাকে; সুতরাং আপনার লীলাও খলগণের শিক্ষাস্বরূপই হইয়া থাকে।৭

অতএব হে প্রভো! (আপনি অস্মদাদি সমস্ত দেবতার ঈশ্বর।) আপনি জগতের হিতকারী, সুতরাং আমি অপরাধী হইলেও অপরাধ ক্ষমা করিতে যোগ্য হন। যেহেতু—আমি আপনার মাহাত্ম্যজ্ঞানে অজ্ঞ, কারণ আমি কর্ত্তব্যাকর্ত্তব্যে বিচারশূন্য; বিশেষতঃ এযাবৎ ঐশ্বর্য্যমদে মত্ত হইয়াছিলাম। হে ঈশ! (অধুনা প্রার্থনা এই) এতাদৃশী দুষ্টমতি পুনর্বার যেন আমার না হয়।৮

হে অধোক্ষজ! (হে ইন্দ্রিয়জ্ঞানের অগোচর)! হে দেব! (হে পূজ্য!) যাহারা নিজেই পৃথিবীর ভারস্বরূপ এবং অপর বহুতর ভারের উৎপত্তির হেতুস্বরূপ হইয়াছে, সেই চমূপতি রাজন্যবর্গের বিনাশার্থ (কিংবা সংসারাভাবার্থ দণ্ডদ্বারা মুক্তি প্রদান করিবার নিমিত্ত) ও ভবদীয়চরণসেবী ভক্তগণের মঙ্গলার্থ (কিংবা উত্তরোত্তর অনুবৃত্তি বৃদ্ধির নিমিত্ত) এই অবনীতলে আপনার আবির্ভাব হইয়াছে, অতএব আমি অত্যন্ত অপরাধী হইলেও আমার অপরাধ ক্ষমা করুন।৯

আপনি অশেষ ঐশ্বর্য্য প্রকটন দ্বারা সর্বচিত্তাকর্ষক সাক্ষাৎ পরমেশ্বর শ্রীভগবান্; সুতরাং আপনাকে নমস্কার। আপনি অন্তর্য্যামী অথচ অপরিচ্ছিন্ন; যেহেতু আপনি সর্বজগন্নিবাসভূত এবং যাদবগণের পতি। আপনাকে নমস্কার।১০

যদি বলেন—তাহা হইলে আমি কি যাদব? তদুত্তরে বলিতেছি—আপনি যাদব নহেন, পরন্ত

মযেদং ভগবন্ গোষ্ঠনাশায়াসারবায়ুভিঃ।
চেষ্টিতং বিহতে যজ্ঞে মানিনা তীব্রমন্যুনা ॥১২
ত্বয়েশানুগৃহীতোঽস্মি ধ্বস্তস্তম্ভো বৃথোদ্যমঃ।
ঈশ্বরং গুরুমাত্মানং ত্বামহং শরণং গতঃ ॥১৩

শ্রীশুক উবাচ।

এবং সঙ্কীর্ত্তিতঃ কৃষ্ণো মঘোনা ভগবানমুম্।
মেঘগম্ভীরয়া বাচা প্রহসন্নিদমব্রবীৎ ॥১৪

শ্রীভগবানুবাচ।

ময়া তেঽকারি মঘবন্ মখভঙ্গোঽনুগৃহ্নতা।
মদনুস্মৃতয়ে নিত্যং মত্তস্যেন্দ্রশ্রিয়া ভৃশম্ ॥১৫

মামৈশ্বর্য্যশ্রীমদান্ধো দণ্ডপাণিং ন পশ্যতি।
তং ভ্রংশয়ামি সম্পদ্ভ্যো যস্য চেচ্ছাম্যনুগ্রহম্ ॥১৬

হে ভগবন্! যজ্ঞে বিহতে সতি মানিনা ত্রিলোকেশ-মানিনা অতঃ তীব্রমন্যুনা ময়া আসার-বায়ুভিঃ গোষ্ঠনাশায় ইদম্ অকৃত্যং চেষ্টিতং কৃতম্ ॥১২

তথাপি হে ঈশ! হতোদ্যমঃ (হতঃ উদ্যমঃ ব্রজবিনাশ-বিষয়কঃ যস্য সঃ) ধ্বস্তস্তম্ভঃ (ধ্বস্তঃ স্তম্ভঃ অবিনয়ঃ যস্য সঃ অহম্) ত্বয়া অনুগৃহীতঃ অস্মি, ইদানীম্ অন্তর্য্যামিণং গুরুম্ উপদেষ্টারম্ ঈশ্বরং ত্বাং শরণং গতঃ প্রাপ্তঃ ॥১৩

শ্রীশুকঃ উবাচ। মঘোনা ইন্দ্রেণ এবং সংকীর্ত্তিতঃ সংস্তুতঃ ভগবান্ কৃষ্ণঃ মেঘগম্ভীরয়া মেঘবৎ মধুরয়া বাচা অমুম্ ইন্দ্রং প্রহসন্ ইদম্ অব্রবীৎ ॥১৪

শ্রীভগবান্ উবাচ। হে মঘবন্! ইন্দ্রশ্রিয়া ভৃশম্ অত্যর্থং মত্তস্য তে তব নিত্যং মদনুস্মৃতয়ে অনুগৃহ্নতা ময়া মখভঙ্গঃ অকারি কৃতঃ ॥১৫

হি যতঃ ঐশ্বর্য্যমদান্ধঃ (ঐশ্বর্য্যমদেন অন্ধঃ বিবেকরহিতঃ জনঃ) দণ্ডপাণিং দণ্ডধরং কালং মাং ন পশ্যতি, অতঃ যস্য অনুগ্রহম্ অহং বাঞ্ছামি, তং সম্পদ্ভ্যঃ ভ্রংশয়ামি ॥১৬

ভক্তগণের ইচ্ছানুরূপ বিগ্রহ স্বীকার করিয়া থাকেন; সেই বিগ্রহ মায়াদ্বারা জগদ্রূপী; যেহেতু আপনি সকলের কারণ মহাপুরুষস্বরূপ হইয়াছেন, অতএব সর্বভূতের অন্তর্য্যামী আপনাকে নমস্কার।১১

(মহাপরাধী ব্যক্তিতেও যে আপনার পরম অনুগ্রহ, ইহাই সর্বাপেক্ষা মহাবিশেষ; তাহাই বলিতেছি)—হে ভগবন্! মদীয় যজ্ঞ আপনাকর্ত্তৃক বিহত হইলে দেহাত্মাভিমানী আমি অত্যন্ত ক্রোধ-পরবশ হইয়া বারিবর্ষণ ও প্রলয়বায়ু দ্বারা গোষ্ঠ-নাশার্থ চেষ্টা করিয়াছিলাম।১২

হে ঈশ! (সর্বনিয়ামক!) যদিচ তৎক্ষণেই আমার প্রতি দণ্ডবিধান করিতে সমর্থ ছিলেন, তথাপি আপনাকর্ত্তৃক আমি হতগর্ব ও বিফলোদ্যম হইয়া অনুগৃহীত হইয়াছি; অতএব আমি সর্ব-নিয়ন্তা, জগদ্গুরু ও সর্বমূলস্বরূপ আপনার শরণাগত হইলাম।১৩

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! দেবরাজ কর্ত্তৃক এই প্রকারে সংস্তুত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ হাস্য করিতে করিতে মেঘগম্ভীর স্বরে ইন্দ্রকে বক্ষ্যমাণ বাক্য কহিতে লাগিলেন।১৪

শ্রীভগবান্ বলিলেন—হে ইন্দ্র! তুমি দেবরাজ্য লাভ করিয়া অত্যন্ত মত্ত হইয়াছিলে; সুতরাং যাহাতে তোমার নিত্য নিরন্তর মৎস্মৃতি লাভ হয়, তন্নিমিত্ত কৃপাবলম্বনপূর্বক আমি তদীয় যজ্ঞ ভঙ্গ করিয়াছি।১৫

যে ব্যক্তি প্রভুত্ব ও ধনাদি সম্পদের গর্ব্বে অন্ধ (অশেষ জ্ঞানশূন্য) হইয়া দণ্ডপাণি আমাকে দেখিতে পায় না, আমি যদি তাহাকে অনুগ্রহ করিতে ইচ্ছা করি, তাহা হইলে তাহাকে সম্পদ্ হইতে ভ্রষ্ট করিয়া থাকি অর্থাৎ তাহার ঐশ্বর্য্য-হেতুক যে ধনাদি সম্পত্তি তাহা হরণ করি, কিন্তু তোমার তাহাতে অসহিষ্ণুতা দেখিয়া তাদৃশ কার্য্য করি নাই; পরন্ত যৎসামান্য যজ্ঞভঙ্গই করিয়াছি।১৬

গম্যতাং শক্র ভদ্রং বঃ ক্রিয়তাং মেঽনুশাসনম্।
স্থীয়তাং স্বাধিকারেষু যুক্তৈর্বঃ স্তম্ভবর্জ্জিতৈঃ ১৭

অথাহ সুরভিঃ কৃষ্ণমভিবন্দ্য মনস্বিনী।
স্বসন্তানৈরুপামন্ত্র্য গোপরূপিণমীশ্বরম্ ॥১৮

সুরভিরুবাচ।

কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বসম্ভব।
ভবতা লোকনাথেন সনাথা বয়মচ্যুত ॥১৯

ত্বং ন পরমকং দৈবং ত্বং ন ইন্দ্রো জগৎপতে।
ভবায় ভব গোবিপ্র-দেবানাং যে চ সাধবঃ ॥২০

ইন্দ্রং নস্ত্বাভিষেক্ষ্যামো ব্রহ্মণা নোদিতা বয়ম্।
অবতীর্ণোঽসি বিশ্বাত্মন্ ভূমের্ভারাপনুত্তয়ে ॥২১

শ্রীশুক উবাচ।

এবং কৃষ্ণমুপামন্ত্র্য সুরভিঃ পয়সাত্মনঃ।
জলৈরাকাশগঙ্গায়া ঐরাবতকরোদ্ধৃতৈঃ ॥২২

হে শক্র। স্বর্গং গম্যতাম্, মে অনুশাসনং ক্রিয়তাম্। তেন বঃ যুষ্মাকং ভদ্রং ভবিষ্যতি। স্তম্ভবর্জ্জিতৈঃ গর্ব্ব-রহিতৈঃ যুক্তৈঃ (স্বকর্ত্তব্যে সাবধানৈঃ) বঃ যুষ্মাভিঃ স্বাধিকারেষু স্থীয়তাম্ ॥১৭

অথ স্বসন্তানৈঃ স্বাপত্যৈঃ গোভিঃ সহ মনস্বিনী প্রশস্ত-মনস্কা সুরভিঃ গোপরূপিণম্ ঈশ্বরং কৃষ্ণম্ উপামন্ত্র্য সম্বোধ্য অভিবন্দ্য চ আহ ॥১৮

সুরভিঃ উবাচ। হে কৃষ্ণ! কৃষ্ণ। মহাযোগিন্। বিশ্বাত্মন্! বিশ্বসম্ভব! অচ্যুত! লোকনাথেন ভবতা বয়ং সনাথাঃ কৃতাঃ॥১৯

হে জগৎপতে। (যতঃ) ত্বং নঃ অস্মাকং পরমেকং সর্ব্বোৎকৃষ্টং দৈবং, (অতঃ) ত্বং গোবিপ্র-দেবানাং (গবাং বিপ্রাণাং দেবানাং চ) যে চ অন্যে সাধবঃ তেষাং নঃ অস্মাকং ভবায় অভ্যুদয়ায় ইন্দ্রঃ রাজা ভব ॥২০

ব্রহ্মণা চোদিতাঃ প্রেরিতাঃ বয়ং ন অস্মাকম্ ইন্দ্রং ত্বাম্ অভিষেক্ষ্যামঃ, হে বিশ্বাত্মন্! ভূমেঃ ভারাপনুত্তয়ে ত্বম্ অবতীর্ণঃ অসি ॥২১

শ্রীশুকঃ উবাচ। সুরভিঃ এবং কৃষ্ণম্ উপামন্ত্র্য সংপ্রার্থ্য আত্মনঃ পয়সা তথা দেবমাতৃভিঃ আদিত্যাদিভিঃ চোদিতঃ প্রেরিতঃ ইন্দ্রঃ সুরর্ষিভিঃ সুরৈঃ ঋষিভিঃ চ সাকং সহিতঃ ঐরাবতকরোদ্ধৃতৈঃ

হে দেবরাজ! স্বর্গে গমন কর, তোমাদিগের যাহাতে মঙ্গল হয় তাহাই হউক। (ইন্দ্রকে গমনে অভিলাষী দেখিয়া বলিলেন—) স্বর্গে গমন করিয়া আমার আজ্ঞা প্রতিপালন করিও, এইস্থলে বাসের অনধিকারী তোমার পক্ষে অত্রাবস্থানে নিশ্চয় অপরাধ হইবে সন্দেহ নাই, সুতরাং স্বর্গে গমন করাই সঙ্গত। তথায় অপ্রমত্ত কিংবা ভক্তিমান্ ও গর্ব্বরহিত হইয়া তোমরা আপন আপন অধিকারেই অবস্থিত হও, অন্যের অধিকারে অথবা মদীয় অন্তরঙ্গ পরিকর শ্রীব্রজবাসিপ্রভৃতিতে অধিকার বিস্তার করিও না।১৭

অনন্তর ধীরচিত্তা সুরভি, স্বীয় সন্তানগণের সহিত গোপরূপী পরমেশ্বর শ্রীকৃষ্ণকে "কৃষ্ণ! কৃষ্ণ!" ইত্যাদি সম্বোধনে নিজের অবধান প্রার্থনা করিয়া স্তুতিপাঠপূর্ব্বক নিবেদন করিতে লাগিলেন।১৮

সুরভি বলিলেন—হে কৃষ্ণ! হে কৃষ্ণ! হে মহাযোগিন্! (হে স্বীয় অসাধারণ-কল্যাণ-গুণ-শালিন্!) হে বিশ্বাত্মন্! (আপনি প্রাকৃতাপ্রকৃত যাবতীয় পদার্থের মূলস্বরূপ।) হে বিশ্বসম্ভব! (হে তৎকারণরূপ) হে অচ্যুত! লোকনাথ! আপনা কর্ত্তৃক আমরা সনাথা হইলাম।১৯

হে জগৎপতে! আপনি আমাদিগের পরমক অর্থাৎ পরম সুখস্বরূপ দেবতা। আপনি গো-বিপ্র ও দেবগণের এবং অন্য যে সকল সাধুগণ, তাঁহাদিগের ও আপনাদিগের অভ্যুদয়ার্থ ইন্দ্র হউন।২০

ব্রহ্মার আদেশানুসারে আমরা আপনাকে ইন্দ্রত্বে অভিষিক্ত করিব। হে বিশ্বাত্মন্! ভূভারহরণার্থ আপনি অবতীর্ণ হইয়াছেন।২১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—সুরভি এই প্রকারে শ্রীকৃষ্ণের নিকট তদীয় ইন্দ্রত্ব-স্বীকারার্থ প্রার্থনা করিলে যদিও শ্রীভগবান্ লজ্জাদিবশে সাক্ষাৎ সম্বন্ধে তদ্বিষয়ে অনুমোদন করেন নাই সত্য,

ইন্দ্রঃ সুরর্ষিভিঃ সাকং নোদিতো দেবমাতৃভিঃ।
অভ্যষিঞ্চত দাশার্হং গোবিন্দ ইতি চাভ্যধাৎ ॥২৩

তত্রাগতাস্তুম্বুরুনারদাদয়ো
গন্ধর্ববিদ্যাধরসিদ্ধচারণাঃ।
জগুর্যশো লোকমলাপহং হরেঃ
সুরাঙ্গনাঃ সংননৃতুর্মুদান্বিতাঃ ॥২৪

(ঐরাবতস্য হস্তিনঃ করেণ শুণ্ডেন উদ্ধৃতৈঃ) আকাশগঙ্গায়াঃ মন্দাকিন্যাঃ জলৈঃ দাশার্হং কৃষ্ণম্ অভিষিক্তবান্, তথা গোবিন্দঃ ইতি অভ্যধাৎ অভিধাং চকার ॥২২-২৩

তত্র ভগবতঃ অভিষেকস্থানে আগতাঃ তুম্বুরু-নারদাদয়ঃ গন্ধর্ববিদ্যাধরসিদ্ধচারণাঃ হরেঃ লোকমলাপহং (লোকস্য বক্তৃশ্রোতৃস্মর্তৃজনস্য মলানি পাপাদীনি হন্তি যৎ) তৎ যশঃ জগুঃ, তথা মুদান্বিতাঃ সুরাঙ্গনাঃ রম্ভাদয়ঃ অপ্সরসঃ ননৃতুঃ ॥২৪

তং শ্রীকৃষ্ণং দেবনিকায়কেতবঃ (দেবনিকায়েষু সমূহেষু যে কেতবঃ দর্শনীয়াঃ মুখ্যাঃ তে) তুষ্টুবুঃ, তথা অদ্ভুত-পুষ্প-

তথাপি "মৌনং সম্মতিলক্ষণং" এই ন্যায়ানুসারে শ্রীকৃষ্ণের অভিপ্রায় অবগত হইয়া স্বীয়-হস্ত দ্বারা তাঁহার অভিষেক করিলেন। ইন্দ্র তদ্বিষয়ে স্বয়ং অপ্রবৃত্ত হইলেও তথায় সাক্ষাৎ সমাগত অদিতিপ্রভৃতি দেবমাতাসকল কর্তৃক "এই শ্রীকৃষ্ণ ভগবান্, কৃপার্দ্রচিত্ত ও শরণাগতবৎসল বিশেষতঃ তাহার প্রিয়বর্গের সহিত তুমি আগত হইয়াছ আর এই সময় অতি প্রশস্ত, সুতরাং ভয় না করিয়া ভক্তিসহকারে মহোৎসব বিধান কর" ইত্যাদি বাক্যে প্রেরিত হইয়া দেবতা ও ঋষি কিংবা দেবর্ষিগণের সহিত ঐরাবত-করোদ্ধৃত অর্থাৎ স্বনাম প্রসিদ্ধ ঐরাবতের শুণ্ডদ্বারা মণিময় কুম্ভাদিতে পরিপূর্ণ করিয়া আনীত আকাশগঙ্গা মন্দাকিনীর জলে শ্রীকৃষ্ণকে অভিষিক্ত করিলেন এবং "গোবিন্দ" এই নাম রাখিলেন ।২২-২৩

সেই প্রসিদ্ধ গোবর্দ্ধনপ্রদেশে তম্বুরু ও নারদ-

তং তুষ্টুবুর্দেবনিকায়কেতবো
হ্যবাকিরংশ্চাদ্ভুতপুষ্পবৃষ্টিভিঃ।
লোকাঃ পরাং নির্বৃতিমাপ্নুবংস্ত্রয়ো
গাবস্তদা গামনয়ন্ পয়োদ্রুতাম্ ॥২৫

নানারসৌঘাঃ সরিতো বৃক্ষা আসন্ মধুস্রবাঃ।
অকৃষ্টপচ্যৌষধয়ো গিরয়োঽবিভ্রদুন্মণীন্ ॥২৬

বৃষ্টিভিঃ (অদ্ভুতানাং পুষ্পাণাং বৃষ্টিভিঃ) ব্যবাকিরন্ আচ্ছাদিতবন্তঃ। ত্রয়ো লোকাঃ ত্রিলোকস্থাঃ জনাঃ পরাং নির্বৃতিং পরমানন্দম্ আপ্নুবন্, তদা গাবঃ গাং পৃথ্বীং পয়োদ্রুতাং (পয়োভিঃ দ্রুতাং সিক্তাং) আনয়ন্ চক্রুঃ ॥২৫

সরিতঃ নানারসৌঘাঃ ক্ষীরাদিবাহিন্যঃ জাতাঃ, বৃক্ষাঃ মধুস্রবাঃ (মধূনি স্রবন্তীতি) আসন্, অকৃষ্টপচ্যৌষধয়ঃ (অকৃষ্টপচ্যাঃ কর্ষণং বিনৈব পক্কাঃ ওষধয়ঃ ব্রীহ্যাদয়ঃ আসন্) তথা গিরয়ঃ উন্মণীন্ (উৎ উদ্গতান্ বাহিঃ প্রকটিতান্ মণীন্) অবিভ্রন্ অবিভরুঃ ॥২৬

প্রভৃতি গন্ধর্ব (গায়ক), বিদ্যাধর (বাদক), সিদ্ধ (অদ্ভুতপ্রদর্শক) ও চারণ (পুরুষ-নর্তক) সকল উপস্থিত হইয়া সানন্দে শ্রীহরির লোকমলাপহ যশোগান করিতে আরম্ভ করিলেন এবং রম্ভা-প্রভৃতি দেবাঙ্গনাগণ পরমানন্দে নৃত্য করিতে লাগিলেন ।২৪

বরুণাদি প্রধান প্রধান দেবতাসকল শ্রীগোবিন্দকে স্তব ও অদ্ভুত পুষ্পবর্ষণ দ্বারা সমাচ্ছন্ন করিলেন। তখন ত্রিভুবনবর্ত্তী লোক সমস্তই পরমানন্দ লাভ করিলেন এবং সেই সময়ে গাভীগণ নিজ নিজ পয়োধারায় ধরাকে আর্দ্র করিতে লাগিলেন ।২৫

নদীসকল ঘৃতাদি নানাবিধ রসবাহিনী হইল। বৃক্ষসমূহ মধুক্ষরণ করিতে লাগিল। ব্রীহিপ্রভৃতি শস্যনিচয় কর্ষণ ব্যতিরেকেই পরিপক্ক হইয়া উঠিল। পর্ব্বতসকল স্বগর্ভস্থিত মণিসমূহ বাহিরে প্রকাশ করিতে লাগিল ।২৬

কৃষ্ণেঽভিষিক্ত এতানি সত্ত্বানি কুরুনন্দন।
নির্ব্বৈরাণ্যভবংস্তাত ক্রূরাণ্যপি নিসর্গতঃ ॥২৭

ইতি গোগোকুলপতিং গোবিন্দমভিষিচ্য সঃ।
অনুজ্ঞাতো যযৌ শক্রো বৃতো দেবাদিভির্দিবম্ ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥২৭

হে তাত কুরুনন্দন! কৃষ্ণে (ইন্দ্রদ্বয়া) অভিষিক্তে সতি নিসর্গতঃ স্বভাবতঃ ক্রূরাণি অপি এতানি সর্ব্বাণি সর্পব্যাঘ্রাদীনি নির্ব্বৈরাণি অভবন্ ॥২৭

ইতি এবং গোগোকুলপতিং (গবাং গোকুলস্য ব্রজস্য পতিং) কৃষ্ণং গোবিন্দম্ অভিষিচ্য (কৃষ্ণেন) অনুজ্ঞাতঃ সঃ শক্রঃ দেবাদিভিঃ বৃতঃ সন্ দিবং স্বর্গং যযৌ ॥২৮

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমে স্কন্ধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥

কেবল যে গুণসমূহই প্রকাশ পাইয়াছিল তাহা নহে, পরন্তু দোষসকলও বিনষ্ট হইয়াছিল; তাহাই বলিতেছি :—

হে কুরুনন্দন! তাত! শ্রীকৃষ্ণ অভিষিক্ত হইলে যে সকল প্রাণী স্বভাবতঃ পরস্পর হিংসায় রত সেই অহিনকুলাদি সমস্ত প্রাণিগণ পরস্পর বৈরভাব পরিত্যাগ করিতে লাগিল।২৭

হে রাজন্! ইন্দ্র এই প্রকারে গো ও গোকুলের পতি শ্রীগোবিন্দকে অভিষেক করিয়া শ্রীগোবিন্দের আজ্ঞানুসারে দেবগণে পরিবৃত হইয়া স্বর্গলোকে গমন করিলেন।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত সপ্তবিংশাধ্যায়ের
অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশঃ অধ্যায়ঃ।

[আসুরবেলায়ামবগাহনাদ্ বরুণদূতেন কেনচিদসুরেণ বরুণালয়ং নীতস্য নন্দস্য শ্রীভগবতা পুনরানয়নম্ ।]

শ্রীশুক উবাচ ।

একাদশ্যাং নিরাহারাঃ সমভ্যর্চ্চ্য জনার্দ্দনম্ ।
স্নাতুং নন্দস্তু কালিন্দ্যা দ্বাদশ্যাং জলমাবিশৎ ॥১

তং গৃহীত্বানয়দ্ ভৃত্যো বরুণস্যাসুরোঽন্তিকম্ ।
অবিজ্ঞায়াসুরীং বেলাং প্রবিষ্টমুদকং নিশি ॥২

চক্রুশুস্তমপশ্যন্তঃ কৃষ্ণরামেতি গোপকাঃ ।
ভগবাংস্তদুপশ্রুত্য পিতরং বরুণাহৃতম্ ।
তদন্তিকং গতো রাজন্ স্বানামভয়দো বিভুঃ ॥৩

প্রাপ্তং বীক্ষ্য হৃষীকেশং লোকপালঃ সপর্য্যয়া ।
মহত্যা পূজয়িত্বাহ তদ্দর্শনমহোৎসবঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ । একাদশ্যাং নিরাহারঃ নন্দঃ জনার্দ্দনং সমভ্যর্চ্চ্য দ্বাদশ্যাং কালিন্দ্যাং স্নাতুং জলম্ আবিশৎ ॥১

আসুরীম্ অসুর-সঞ্চারবিশিষ্টাং বেলাম্ অবজ্ঞায় নিশি উদকং প্রবিষ্টং তং নন্দং গৃহীত্বা কশ্চিৎ বরুণস্য অসুরঃ ভৃত্যঃ বরুণস্য অন্তিকং সমীপম্ অনয়ৎ। তম্ অপশ্যন্তঃ গোপকাঃ কৃষ্ণ! রাম! ইতি সম্বোধ্য চুক্রুশুঃ। স্বানাং ভক্তানাম্ অভয়দঃ বিভুঃ সর্ব্বসমর্থঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ কৃষ্ণঃ তৎ আক্রোশনম্ উপশ্রুত্য পিতরং নন্দং, বরুণাহৃতং (বরুণেন আহৃতং) জ্ঞাত্বা হে রাজন্! তদন্তিকং (তস্য বরুণস্য) অন্তিকং সমীপং গতঃ ॥২-৩

হৃষীকেশং (হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশং নিয়ন্তারং শ্রীকৃষ্ণং) প্রাপ্তম্ আগতং বীক্ষ্য তদ্দর্শনমহোৎসবঃ (তস্য দর্শনেন মহান্ উৎসবঃ যস্য সঃ) লোকপালঃ বরুণঃ মহত্যা সপর্য্যয়া পূজাসাধনেন পূজয়িত্বা আহ ॥৪

অষ্টাবিংশ অধ্যায়।

[আসুরী বেলায় অবগাহন করায় কোন এক অসুর বরুণদূতের দ্বারা বরুণালয়ে নীত শ্রীনন্দকে শ্রীভগবান্ কর্ত্তৃক পুনঃ আনয়ন।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! একদা একমাত্র শ্রীনন্দ মহারাজ একাদশীতে উপবাস করিয়া পরম ভাগবতাগ্রগণ্যত্বহেতু শ্রীজনার্দ্দনের সম্যক্ প্রকারে অর্চ্চনা বিধানপূর্ব্বক কলামাত্র অবশিষ্ট দ্বাদশীতে পারণা-সিদ্ধির নিমিত্ত অরুণোদয়ের পূর্ব্বেই স্নানার্থ যমুনার জলে প্রবেশ করিয়াছিলেন।১

বরুণের ভৃত্য কোন অসুর, আসুরী বেলা অনাদর করিয়া অরুণোদয়ের পূর্ব্বে নিশীথ সময়ে জলমধ্যে প্রবিষ্ট শ্রীনন্দ মহারাজকে লইয়া জলাধিপ বরুণের সমীপে গমন করিল।২

শ্রীনন্দ মহারাজের চতুর্দিক্ রক্ষক ভৃত্যগণ জলপ্রবিষ্ট শ্রীনন্দকে দেখিতে না পাইয়া হে কৃষ্ণ! হে রাম! বলিয়া চীৎকার কিংবা রোদন বা আহ্বান করিতে লাগিলেন।

হে রাজন্! (হে পরীক্ষিৎ।) গোপজাতিমাত্রের অভয়প্রদ সর্ব্বব্যাপক ভগবান্ শ্রীকৃষ্ণ দূরবর্ত্তি-কুসুম-শয্যায় শয়ান থাকিলেও সর্ব্ব দেশবর্ত্তিত্বহেতু সমীপেই ঐ শব্দ শ্রবণপূর্ব্বক পিতা, বরুণকর্ত্তৃক হৃত হইয়াছেন অবগত হইয়া রক্ষক গোপগণের সমীপে আগমনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন—কোথায় আমার পিতা অবগাহন করিতেছিলেন? তখন গোপগণ, শ্রীকৃষ্ণকে সেই অবগাহন স্থান প্রদর্শন করাইলে, তট হইতে ঝম্প প্রদানপূর্ব্বক সেই স্থলেই জলমগ্ন হইয়া বরুণসমীপে গমন করিলেন।৩

লোকপাল বরুণ, সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তক শ্রীকৃষ্ণকে ইন্দ্রিয়বৃত্তির গোচরস্বরূপে নিকটে সমাগত অবগত হইয়া তৎসমীপে গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণের সন্দর্শনে অপার আনন্দান্বিত হইয়া বহুবিধ মহার্ঘপূজোপকরণ দ্বারা পূজা করিয়া বলিতে লাগিলেন।৪

বরুণ উবাচ।

অদ্য মে নিভৃতো দেহোঽদ্যৈবার্থোঽধিগতঃ প্রভো।
ত্বৎপাদভাজো ভগবন্নবাপুঃ পারমধ্বনঃ ॥৫

নমস্তুভ্যং ভগবতে ব্রহ্মণে পরমাত্মনে।
ন যত্র শ্রূয়তে মায়া লোকসৃষ্টিবিকল্পনা ॥৬

বরুণঃ উবাচ। হে প্রভো স্বামিন্! অদ্য অধুনা মে ময়া দেহঃ নিভৃতঃ ধৃতঃ (ত্বদ্দর্শনার্চনাদিনা মম জন্মসাফল্যং জাতম্)। অদ্যৈব অর্থঃ পরমপুরুষার্থঃ অধিগতঃ প্রাপ্তঃ। হে ভগবন্! ত্বৎপাদভাজঃ ত্বচ্চরণভক্ত্যাঃ অধ্বনঃ জন্মমরণাদিলক্ষণস্য সংসারমার্গস্য পারং ত্বাম্ অবাপুঃ ॥৫

যত্র ভবদ্বিগ্রহে লোকসৃষ্টিবিকল্পনা (লোকানাং জনানাং দেবমনুষ্যাদিশরীরং বিকল্পয়তি যা সা) মায়া প্রকৃতিঃ (নিয়ামকতয়া) ন শ্রূয়তে তস্মৈ ভগবতে (বৈষ্ণবসিদ্ধান্তসিদ্ধায়)

বরুণ বলিলেন হে প্রভো! অদ্য আমার দেহ-ধারণ সফল হইল; এতাবৎকালপর্য্যন্ত বৃথাই কেবল সহস্র সহস্র দেহ ধারণ করিয়াছি, কারণ—এতদিন তত্তৎদেহে আপনার দর্শনে বঞ্চিত ছিলাম, যখন আপনার দর্শনলাভ হইয়া থাকে তখনই দেহের সাফল্য বলিতে হইবে। কিংবা পুনঃ পুনঃ দেহধারণের ফল যে পরমার্থ, তাহাও অদ্যই প্রাপ্ত হইলাম। আমি সর্ব্বরত্নাকরের অধিপতি হইয়াও ইহার পূর্ব্বে এবংবিধ অর্থপ্রাপ্ত হই নাই। হে ভগবন্! যাঁহারা ভবদীয় চরণ ভজনা করিয়া থাকেন, তাঁহারাই সংসারের পার অর্থাৎ মোক্ষপ্রাপ্ত হইয়া থাকেন। আহা আমার ভাগ্যের পরিসীমা নাই যেহেতু—আমি তাদৃশ চরণ দর্শনপ্রাপ্ত হইলাম।৫

যাঁহাতে লোকসৃষ্টি (অর্থাৎ দেবতা মনুষ্য-প্রভৃতির বিষয়ে নানাবিধ কল্পনাকারিণী মায়া)

অজানতা মামকেন মূঢ়েনাকার্য্যবেদিনা।
আনীতোঽয়ং তব পিতা তদ্ভবান্ ক্ষন্তুমর্হতি ॥৭

মমাপ্যনুগ্রহং কৃষ্ণ কর্ত্তুমর্হস্যশেষদৃক্।
গোবিন্দ নীয়তামেষ পিতা তে পিতৃবৎসল ॥৮

ব্রহ্মণে (শ্রুতিসিদ্ধান্তসিদ্ধায়) পরমাত্মনে (স্মৃতিসিদ্ধায়) তুভ্যং (প্রত্যক্ষপ্রমাণসিদ্ধায়) নমঃ ॥৬

মূঢ়েন মূর্খেন, অকার্য্যবেদিনা কর্ত্তব্যজ্ঞানরহিতেন অজানতা (ত্বৎপ্রভাবানভিজ্ঞেন) মামকেন মদ্ভৃত্যেন অয়ং তব পিতা আনীতঃ, তৎ তস্মাৎ হে প্রভো! মদপরাধং ক্ষন্তুম্ অর্হসি ॥৭

হে পিতৃবৎসল! গোবিন্দ এষ তে পিতা; ত্বয়া নীয়তাম্। হে অশেষদৃক্ সর্ব্বসাক্ষিন্ কৃষ্ণ! মমাপি অনুগ্রহং কর্ত্তুম্ অর্হসি ॥৮

অবস্থান করিতে পারে না, সেই ব্রহ্ম (পরিপূর্ণ) পরমাত্মা (সর্ব্বজীবনিয়ন্তা) ভগবান্ আপনাকে নমস্কার।৬

(অতএব আমার মহাপরাধ হইলেও আপনি তাহা ক্ষমা করিতে যোগ্যই হইয়াছেন) হে প্রভো! কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনাশূন্য মূর্খ (ভগবদ্ধর্ম্মহীন) আমার ভৃত্য, "আপনার পিতা" ইহা না জানিয়া (কিংবা দ্বাদশী অল্পত্বে অরুণোদয়ের পূর্ব্বেই জলে প্রবেশ করিবে" এই ভক্তিশাস্ত্র না জানিয়া এই আপনার পিতাকে আনয়ন করিয়াছে. অতএব আপনার পিতার হরণ করায় যে অপরাধ হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা হয়।৭

অনন্তর তখনই সেই গৃহে আনয়নপূর্ব্বক শ্রীনন্দ মহারাজকে দেখাইয়া বলিলেন—হে পিতৃ-বৎসল! গোবিন্দ! হে সর্ব্বসাক্ষিন্ কৃষ্ণ। এই আপনার পিতাকে গ্রহণ করুন।৮

শ্রীশুক উবাচ।

এবং প্রসাদিতঃ কৃষ্ণো ভগবানীশ্বরেশ্বরঃ।
আদায়াগাৎ স্বপিতরং বন্ধূনাঞ্চাবহন্ মুদম্ ॥৯
নন্দস্ত্বতীন্দ্রিয়ং দৃষ্ট্বা লোকপালমহোদয়ম্।
কৃষ্ণে চ সন্নতিং তেষাং
জ্ঞাতিভ্যো বিস্মিতোঽব্রবীৎ ॥১০
তে ত্বৌৎসুক্যধিয়ো রাজন্ মত্বা গোপাস্তমীশ্বরম্।
অপি নঃ স্বগতিং সূক্ষ্মামুপাধাস্যদধীশ্বরঃ ॥১১

শ্রীশুকঃ উবাচ। এবং বরুণেন প্রসাদিতঃ প্রসন্নীকৃতঃ অখিলেশ্বরঃ ভগবান্ কৃষ্ণঃ স্বপিতরম্ আদায় বন্ধূনাং মুদং চ আবহন্ (ব্রজম্) অগাৎ ॥৯

নন্দঃ তু অতীন্দ্রিয়ম্ অদৃষ্টপূর্ব্বং লোকপালমহোদয়ং (লোকপালস্য বরুণস্য মহোদয়ম্ ঐশ্বর্য্যং) দৃষ্ট্বা তথা তেষাং বরুণাদীনাং কৃষ্ণে সন্নতিং ভৃত্যতাং চ দৃষ্ট্বা বিস্মিতঃ সন্ জ্ঞাতিভ্যঃ উপানন্দাদিভ্যঃ অব্রবীৎ ॥১০

অতঃ হে রাজন্! তে তু গোপাঃ ঈশ্বরং মত্বা (তদ্বৈভবদর্শনায়) ঔৎসুক্যধিয়ঃ সন্তঃ অয়ম্ অধীশ্বরঃ অপি কি সূক্ষ্মাম্ অদৃষ্টপূর্ব্বাং স্বগতিং স্ববিভূতিং নঃ অস্মান্ উপাধাস্যৎ দর্শয়িষ্যতি ইতি মনোরথং কৃতবন্তঃ ॥১১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! এই প্রকার ব্যবহার, বাক্য ও ব্যবসায় দ্বারা বরুণদেব কর্ত্তৃক প্রসাদিত হইয়া অখিলেশ্বর (জীবমাত্রের প্রবর্ত্তক) ভগবান্ শ্রীকৃষ্ণ স্ব-পিতা শ্রীনন্দকে লইয়া ব্রজবাসীদিগের সন্তোষোৎপাদন পূর্ব্বক সূর্য্যোদয়ের পূর্ব্বেই ব্রজে উপস্থিত হইলেন।৯

শ্রীনন্দ মহারাজ ইন্দ্রিয়নিচয়ের চমৎকারকারী কিংবা অদৃষ্টপূর্ব্ব শ্রীবরুণদেবের ঐশ্বর্য্য এবং বরুণাদি লোকবাসিগণের শ্রীকৃষ্ণের প্রতি নম্রতা অবলোকন পূর্ব্বক বিস্মিত হইয়া সেই সমস্ত বৃত্তান্ত উপনন্দাদি জ্ঞাতিসকলের সমীপে বলিলেন।১০

সেই গোপগণ তাদৃশ নিত্য পরিকর হইলেও বাৎসল্য প্রেমাধিক্যবশতঃ আমরা শ্রীকৃষ্ণের বান্ধব গোপজাতি বলিয়া মনে অভিমান করিয়া থাকেন, সুতরাং এক্ষণে তাঁহারা শ্রীকৃষ্ণকে ঈশ্বর মনে করিয়া ঔৎসুক্যচিত্তে "অর্থাৎ লোকপালসকলের তাদৃশ লোকাদি বৈভব রহিয়াছে, আর আমাদিগেরও অধীশ্বর এই শ্রীকৃষ্ণের না জানি কীদৃশ বৈভব রহিয়াছে" ইত্যাদি বিষয়ে উৎকণ্ঠিত চিত্ত হইয়া এই অধীশ্বর শ্রীকৃষ্ণ আমাদিগকে মায়াতীত ব্রহ্মানন্দস্বরূপ কিংবা বৈকুণ্ঠপ্রাপ্তিরূপ স্বস্থান দেখাইবে কি? কিংবা প্রাপ্ত করাইবে কি? এইরূপ সঙ্কল্প করিতে লাগিলেন।১১

ইতি স্বানাং স ভগবান্ বিজ্ঞায়াখিলদৃক্ স্বয়ম্।
সঙ্কল্পসিদ্ধয়ে তেষাং কৃপয়ৈতদচিন্তয়ৎ ॥১২
জনো বৈ লোক এতস্মিন্নবিদ্যাকামকর্ম্মভিঃ।
উচ্চাবচাসু গতিষু ন বেদ স্বাং গতিং ভ্রমন্ ॥১৩
ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মহাকারুণিকো হরিঃ।
দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরম্ ॥১৪
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্ম জ্যোতিঃ সনাতনম্।

ইতি এবং স্বানাং ভক্তানাম্ (অভিপ্রায়ং) স্বয়ং বিজ্ঞায় সঃ অখিলদৃক্ সর্ব্বসাক্ষী ভগবান্ তেষাং সংকল্পসিদ্ধয়ে মনোরথপূরণায় কৃপয়া এব এতৎ বক্ষ্যমাণম্ অচিন্তয়ৎ ॥১২

এতস্মিন্ লোকে সংসারে, জনঃ অবিদ্যাকামকর্ম্মভিঃ (অবিদ্যা স্বরূপাজ্ঞানং, ততঃ কামঃ শব্দাদিবিষয়ভোগাভিলাষঃ তত্তত্তৎপ্রাপ্ত্যনুগুণকর্ম্মাণি তৈঃ) বৈ নিশ্চয়ে, উচ্চাবচাসু উৎকৃষ্টাপকৃষ্টাসু, গতিষু দেব-তির্যঙ্-মনুষ্যাদিযোনিষু ভ্রমন্ গচ্ছন্ স্বাং গতিং স্বপরমার্থভূতং মৎস্বরূপং ন বেদ জানাতি ॥১৩

ইতি এবং সঞ্চিন্ত্য মহাকারুণিকঃ ভগবান্ বিভুঃ সর্ব্ব-সমর্থঃ হরিঃ আশ্রিতজনদুঃখহরণশীলঃ (শ্রীকৃষ্ণঃ) গোপানাং তমসঃ পরং প্রাকৃতপ্রপঞ্চাতীতং স্বং স্বরূপং লোকং বৈকুণ্ঠাখ্যং দর্শয়ামাস ॥১৪

অখিলদর্শী সেই শ্রীভগবান্ জ্ঞাতিগণের এবম্ভূত সকল সঙ্কল্প স্বয়ংই অবগত হইয়া সেই জ্ঞাতিবর্গের

যদ্ধি পশ্যন্তি মুনয়ো গুণাপায়ে সমাহিতাঃ ॥১৫
তে তু ব্রহ্মহ্রদং নীতা মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতাঃ।
দদৃশুর্ব্রহ্মণো লোকং যত্রাক্রূরোঽধ্যগাৎ পুরা ॥১৬
নন্দাদয়স্তু তং দৃষ্ট্বা পরমানন্দনির্বৃতাঃ।
কৃষ্ণঞ্চ তত্র ছন্দোভিঃ স্তূয়মানং সুবিস্মিতাঃ ॥১৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

(তৎ স্বরূপং হি) সত্যং পরমার্থভূতং, জ্ঞানং চৈতন্যরূপম্, অনন্তং দেশকালপরিচ্ছেদ-রহিতং, সনাতনং শশ্বৎসিদ্ধং, জ্যোতিঃ স্বপ্রকাশং, যৎ (বেদপ্রসিদ্ধং) ব্রহ্ম গুণাপায়ে (গুণানাম্ অপায়ে নিরাসে সতি) সমাহিতাঃ সাবধানাঃ মননশীলাঃ জ্ঞানিনঃ যৎ ব্রহ্মস্বরূপং হি পশ্যন্তি (তৎ স্বরূপং দর্শয়ামাস ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥১৫

তে গোপাঃ যত্র যমুনাহ্রদে অক্রূরঃ অধ্যগাৎ বৈকুণ্ঠাদিকং পুরা দৃষ্টবান্, তং ব্রহ্মহ্রদং নীতাঃ প্রাপিতাঃ, তস্মিন্ মগ্নাঃ চ (পুনঃ) কৃষ্ণেন উদ্ধৃতাঃ সন্তঃ ব্রহ্মণঃ রূপং তস্যৈব লোকং বৈকুণ্ঠাখ্যং দদৃশুঃ ॥১৬

নন্দাদয়ঃ গোপাঃ তু লোকং (তথা) লোকে ছন্দোভিঃ মূর্ত্তিমদ্ভির্বেদৈঃ কৃষ্ণং চ দৃষ্ট্বা পরমানন্দনির্বৃতাঃ (পরমানন্দেন নির্বৃতাঃ সম্পন্নাঃ) পুনঃ সুবিস্মিতাঃ চ বভূবুঃ ॥১৭

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ॥

সঙ্কল্পসিদ্ধির নিমিত্ত কৃপাবলম্বনপূর্ব্বক বক্ষ্যমাণ বিষয় চিন্তা করিতে লাগিলেন।১২

মৎপিত্রাদি ব্রজবাসিগণ সম্প্রতি এই প্রাপঞ্চিক লোকে স্বীয় অবতার অঙ্গীকার করিয়া অবিদ্যা (আমার লীলাবেশাতিরিক্ত অন্য বিষয় অনমুসন্ধান) কাম (মদ্‌বিষয়ক বিচিত্র মনোরথ) ও কর্ম্ম (মদীয় আনুকূল্যময় ক্রিয়া) দ্বারা নানাবিধ প্রেমপ্রবাহবেগে অনাদিসিদ্ধ পরম গোলোকাদি বৈভবরূপা স্বীয় গতি বিস্মৃত হইয়া তাহা জানিতে পারিতেছেন না।১৩

মহাকারুণিক বিভু ভগবান্ এই প্রকার চিন্তা করিয়া "অর্থাৎ ব্রজবাসীদিগকে ব্রহ্মসুখ ও বৈকুণ্ঠ-সুখ অনুভব করাইয়া নিত্যাস্পদ শ্রীবৃন্দাবনের যে সর্ব্বোৎকর্ষ তাহা জানাইব" এইরূপ বিচারপূর্ব্বক গোপদিগকে প্রকৃতির পর যে ব্রহ্মস্বরূপ এবং বৈকুণ্ঠলোক তাহা দর্শন করাইলেন।১৪

যদি বল প্রকৃতির পর অপর কি বস্তু আছে? এই আশঙ্কায় প্রকৃতির পর যে বস্তু আছে, তাহা সামান্যরূপে নিরূপণপূর্ব্বক বলিতেছি—

সমাধিনিষ্ঠ মুনিগণ—ত্রিগুণাত্মক প্রকৃতির সম্বন্ধ নিবৃত্তির পরে যাহা দর্শন করিয়া থাকেন সেই নিত্য (নির্বিকার), জ্ঞান (অজড়), অনন্ত (অপরিচ্ছিন্ন), জ্যোতিঃ (স্বপ্রকাশ), সনাতন যে ব্রহ্ম রহিয়াছেন, শ্রীকৃষ্ণ কৃপাবলম্বন পূর্ব্বক গোপ-দিগকে সেই প্রকৃতির অতীত ব্রহ্ম দেখাইলেন।১৫

শ্রীকৃষ্ণকর্ত্তৃক সেই ব্রজবাসিগণ ব্রহ্মরূপ হ্রদে নীত (স্বশক্তি প্রভাবে তদনুসন্ধানপ্রাণিত) হইয়া তাহাতে মগ্ন হইলেন এবং পুনর্ব্বার তাঁহারা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তদীয় অতর্ক্য-শক্তি প্রভাবে সেই ব্রহ্ম-সাযুজ্য হইতে উত্থাপিত হইয়া ব্রহ্মলোক-বৈকুণ্ঠ দর্শন করিয়াছিলেন (যদি বলা যায় ব্রহ্মে মগ্ন হইয়া পুনর্ব্বার তাহাদিগের ইহলোক দর্শন করা কিরূপে সম্ভব হইতে পারে? তদুত্তরে বলিতেছি) নিমিত্তস্বরূপ শ্রীকৃষ্ণের অনুগ্রহে অক্রূরও পূর্ব্বে ব্রহ্মলোক দর্শন করিয়াছিলেন সুতরাং শ্রীকৃষ্ণের ইচ্ছায় অসম্ভব কিছুই হইতে পারে না।১৬

শ্রীনন্দাদি গোপগণ সেই শ্রীকৃষ্ণলোক সন্দর্শন পূর্ব্বক স্বভাবসিদ্ধ পরমানন্দই লাভ করিলেন এবং তত্রস্থ মূর্ত্তিমান্ বেদসকল কর্ত্তৃক স্তূয়মান শ্রীকৃষ্ণকে দেখিয়া সুবিস্মিত হইলেন।১৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত অষ্টাবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশঃ অধ্যায়ঃ।

[বংশীধ্বনিং শ্রুত্বা সমাগতানাং গোপীনাং শ্রীকৃষ্ণেন সহ কথোপকথনম্, রাসলীলারম্ভঃ, তাসাং মানাপনোদনায় শ্রীভগবতোঽন্তর্ধানঞ্চ।]

শ্রীশুক উবাচ।

ভগবানপি তা রাত্রীঃ শরদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ ॥১

তদোড়ুরাজঃ ককুভঃ করৈর্মুখং
প্রাচ্যা বিলিম্পন্নরুণেন শন্তমৈঃ।
স চর্ষণীনামুদগাচ্ছুচো মৃজন্
প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ ॥২

দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং
রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎ কোমলগোভিরঞ্জিতং
জগৌ কলং বামদৃশাং মনোহরম্ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (তত্র ইন্দ্রাদিদর্পহরণপ্রসঙ্গেন মদনদর্প-হরণম্ অত্যাশ্চর্য্যকরং বক্তুং তাবৎ শৃঙ্গারোদ্দীপনমাহ ভগবানিতি) যোগমায়াং (যুজ্যতে কার্য্যার্থং নিযুজ্যতে সা যোগা এমভূতা যা মায়া অঘটিতঘটনাপটীয়সী স্বাচিন্ত্যশক্তিঃ তাম্) উপাশ্রিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ অপি শরদোৎফুল্লমল্লিকাঃ (শরদা হেতুনা, উৎফুল্লাঃ মল্লিকাঃ যাসু তাঃ) তাঃ রাত্রীঃ বীক্ষ্য রন্তুং মনঃ চক্রে ॥১

তদা তস্মিন্ এব ক্ষণে উড়ুরাজঃ নক্ষত্রাধিপতিঃ চন্দ্রঃ অরুণেন উদয়-রাগেণ প্রাচ্যাঃ ককুভঃ দিশঃ মুখং বিলিম্পন্ দীর্ঘদর্শনঃ (দীর্ঘেণ কালেন দর্শনং যস্য প্রোষ্যাগতঃ) প্রিয়ঃ ভর্ত্তা যথা প্রিয়ায়াঃ (মুখম্ অরুণেন রাগাত্মকেন বিলিম্পন্) ইব শন্তমৈঃ সুখতমৈঃ করৈঃ কিরণৈঃ চর্ষণীনাং স্থাবরজঙ্গমাত্মক-প্রাণিনাং শুচঃ তাপান্ মৃজন্ অপনয়ন্ উদগাৎ উদিতো বভূব ॥২

কুমুদ্বন্তম্ (কুমুদ্ কুমুদং বিকসনীয়ং বিদ্যতে যস্য তং) অখণ্ডমণ্ডলং (অখণ্ডং সম্পূর্ণং মণ্ডলং যস্য তং) রমাননাভম্ (রময়াঃ লক্ষ্যাঃ আননস্য ইব আভা যস্য তং) নবকুঙ্কুমারুণং (নব-কুঙ্কুমবৎ অরুণং চন্দ্রং তথা) তৎকোমলগোভিরঞ্জিতং (তস্য কোমলৈঃ স্বল্পপ্রকাশৈঃ গোভিঃ অভিতঃ রঞ্জিতং রমণীয়ং কৃতং) বনং চ দৃষ্ট্বা বামদৃশাং (বামা মনোহরা দৃক্ দৃষ্টিঃ যাসাং তাসাং) মনোহরাং (মনসঃ আকর্ষণং যথা ভবতি তথা) কলং মধুরং জগৌ বেণুনাদং কৃতবান্ ॥৩

একোনত্রিংশ অধ্যায়।

[বংশীধ্বনি শ্রবণ করিয়া সমাগতা গোপীদিগের শ্রীকৃষ্ণের সহিত কথোপকথন, রাসলীলারম্ভ এবং তাহাদিগের মান অপনোদনের জন্য শ্রীভগবানের অন্তর্ধান।]

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! অনন্তর ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি ও বরুণপ্রভৃতির অহঙ্কার উপশমিত করিয়া, সর্ব্বজীবজয়ী কন্দর্পের নিদারুণ দর্প খর্ব্ব করিবার নিমিত্ত এককালীন শতকোটি পূর্ণযৌবনা ও ভুবনমোহিনী রমণীগণের সহিত মিলিত হইয়া রাসাখ্য লাস্য (নৃত্য-গীতাদি) করিবার বাসনায় শ্রীকৃষ্ণ একদা স্বীয় অচিন্ত্য যোগবৈভব বিস্তার করিয়াছিলেন, তাহাই বলিতেছি-শ্রবণ কর—

শ্রীব্রজসুন্দরীগণ—অনুরাগে চঞ্চলচিত্ততা প্রযুক্ত পূর্ব্ব হইতেই এতাবৎ কাল পর্যন্ত শ্রীকৃষ্ণের সহিত বিহার করিবার নিমিত্ত বাসনা করিয়াছিলেন; কিন্তু শ্রীভগবান্ জাতানুরাগ হইলেও ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক সময় বিশেষ প্রতীক্ষা করিয়া এতদিন তাঁহাদিগের সহিত বিহার করেন নাই, সম্প্রতি শ্রীভগবান্‌ও সেই রাত্রিসকলকে শরৎহেতু বিকসিত মল্লিকান্বিতা সন্দর্শন পূর্ব্বক যোগমায়াকে উপাশ্রয় (সমীপে অবলম্বন পূর্ব্বক) ক্রীড়া করিবার নিমিত্ত বাসনা করিলেন অর্থাৎ এইক্ষণে এই লীলা সম্পাদন করিব বলিয়া নিশ্চয় করিলেন।১

যখন শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতে বাসনা করিলেন ঠিক সেই সময়েই শারদীয় নক্ষত্রপতি চন্দ্র বহুকালগতে প্রবাসাগত প্রিয়ব্যক্তি যেমন স্বকরধৃত অরুণ বর্ণ

নিশম্য গীতং তদনঙ্গবর্দ্ধনং
ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ
স যত্র কান্তো জবলোলকুণ্ডলাঃ ॥৪
দুহন্ত্যোঽভিযযুঃ কাশ্চিদ্দোহং হিত্বা সমুৎসুকাঃ।
পয়োঽধিশ্রিত্য সংযাবমনুদ্বাস্যাপরা যযুঃ ॥৫

অনঙ্গবর্দ্ধনং (অনঙ্গস্য কামস্য বর্দ্ধনম্ উদ্দীপকং) তৎগীতং নিশম্য শ্রুত্বা কৃষ্ণগৃহীতমানসাঃ (কৃষ্ণেন গৃহীতানি আকৃষ্টানি মানসানি দেহেন্দ্রিয়াদিপ্রবর্ত্তকানি মনাংসি যাসাং তাঃ অপিতু অসাপত্ন্যায়) অন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ (অন্যোন্যম্ অলক্ষিতঃ ন জ্ঞাপিতঃ উদ্যমঃ গমনোদ্যোগো যাভিঃ তাঃ) (ত্বরান্বিতত্বাৎ) জবলোলকুণ্ডলাঃ (জবেন বেগেন লোলানি চঞ্চলানি কুণ্ডলানি যাসাং তাঃ) স্ত্রিয়ঃ যত্র বনে সঃ কান্তঃ কমনীয়তয়া পতিত্বেন স্বীকৃতঃ কৃষ্ণঃ অস্তি তত্র আজগ্মুঃ ॥৪

কাশ্চিৎ সমুৎসকাঃ গোপ্যঃ গাঃ দুহন্ত্যঃ দোহং হিত্বা অর্দ্ধদুগ্ধপূর্ণপাত্রং হিত্বা অভিযযুঃ কৃষ্ণাভিমুখং যযুঃ, তথা অন্যাঃ (চুল্ল্যাং পযঃ অধিশ্রিত্য (কাথম্ অপ্রতীক্ষমাণাঃ) যযুঃ,

কুঙ্কুম দ্বারা স্ব-প্রিয়ার মুখমণ্ডল বিলিপ্ত করিয়া থাকে ; তদ্রূপ স্বীয় সুখতম করধৃত (কিরণধৃত) অরুণোদয়রাগে পূর্ব্বদিকের মুখমণ্ডল বিলিপ্ত বা অরুণিত করিয়া লোকসকলের ; এমন কি ওষধিসমূহের পর্য্যন্ত রবিতাপ জন্য গ্লানি অথবা মনোদুঃখ নিবারণ পূর্ব্বক উদিত হইলেন ।২

নব কুঙ্কুম-পিণ্ডসদৃশ অরুণবর্ণ, রমাবদনের আভার ন্যায় আভাযুক্ত, ষোড়শ কলায় পরিপূর্ণ সেই কুমুদ্বান্ (কুমুদ বিকাসনশীল, কিংবা পৃথিবীর হর্ষোৎপাদনকারী) চন্দ্রকেও তদীয় কোমল কিরণে (প্রথমোদয়বশতঃ অল্পমাত্র প্রকাশকারী কিরণ দ্বারা) সমস্ত বন্য (রঞ্জিতকৃত কিংবা অনুরাগ বিষয়ীকৃত) অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণ (বংশীদ্বারা) মনোহর-নয়না ভাববতী শ্রীব্রজসুন্দরীগণের মনোহর (মনোমুগ্ধকর) মধুর সঙ্গীত করিতে লাগিলেন ।৩

পরিবেষয়ন্ত্যস্তদ্ধিত্বা পায়য়ন্ত্যঃ শিশূন্ পয়ঃ।
শুশ্রূষন্ত্যঃ পতীন্ কাশ্চিদশ্নন্ত্যোঽপাস্য ভোজনম্ ॥৬
লিম্পন্ত্যঃ প্রমৃজ্যন্ত্যোঽন্যা অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ ॥৭

অপরাঃ সংযাবম্ অনুদ্বাস্য যযুঃ ॥৫

কাশ্চিৎ তু পরিবেষয়ন্ত্যঃ (পত্যাপত্যাদীন্ ভোজনার্থম্ অন্নাদিক্ পাত্রেষু দদত্যঃ) তৎ পরিবেষনং হিত্বা তথা কাশ্চিৎ শিশূন্ পয়ঃ পায়য়ন্ত্যঃ তদ্ধিত্বা, তথা কাশ্চিৎ পতীন্ শুশ্রূষন্ত্যঃ সেবমানাঃ তাং শুশ্রূষাং হিত্বা, কাশ্চিৎ অশ্নন্ত্যঃ ভোজনম্ অপাস্য ত্যক্ত্বা অভিযযুঃ ॥৬

অন্যাস্ত লিম্পন্ত্যঃ (শরীরে চন্দনাদিলেপনং হিত্বা), প্রমৃজন্ত্যঃ (অঙ্গোদ্বর্ত্তনাদিকং কুর্ব্বত্যঃ তদ্ধিত্বা) কাশ্চ লোচনে অঞ্জন্ত্যঃ অঞ্জনং হিত্বা, ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ (ব্যত্যস্তানি স্থানতঃ স্বরূপতঃ চ উর্দ্ধাধো ধারণেন বিপর্য্যয়ং প্রাপ্তানি বস্ত্রাণি আভরণানি যাসাং তাঃ) কাশ্চিৎ কৃষ্ণস্য অন্তিকং যযুঃ ॥৭

পূর্ব্ব হইতেই পরমাকর্ষক শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আকৃষ্ট-হৃদয় কিংবা সভাবতঃ শ্রীকৃষ্ণে আবিষ্টচিত্ত ব্রজ-যুবতীগণ আনন্দবর্দ্ধন (শ্রীভগবৎ-সম্বন্ধি-মন্মথোদ্দীপক) সেই বেণুরব শ্রবণপূর্ব্বক পরস্পরের গমনোদ্যম বিজ্ঞাপিত না করিয়াই যেখানে সেই পরমমোহন বেণু গায়ক কান্ত (স্বামী কিংবা নিজ মনোহর বা রমণ) বিরাজ করিতেছেন ; গীতধ্বনি মার্গে সেই পরম সুখময়স্থানে আগমন করিতে লাগিলেন। গমনের বেগবশতঃ কুণ্ডলসমূহ দোলিত হইতে লাগিল ।৪

কোন কোন ব্রজাঙ্গনাগণ ভ্রাতাপ্রভৃতি দ্বারা গাভি দোহন করাইতেছিলেন (তখন বেণুগীত শ্রবণ মাত্রে) উৎকট উৎকণ্ঠাবতী বা গোদোহনের কাল বিলম্বসহনে অসমর্থা হইয়া সেই দোহন কিংবা দুগ্ধ পরিত্যাগ পূর্ব্বক গোদোহন স্থান হইতে (গৃহে-পুনর্ব্বার না আসিয়া তথা হইতে যথাবস্থিত বেশেই)

তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভির্ভ্রাতৃবন্ধুভিঃ।
গোবিন্দাপহৃতাত্মানো ন ন্যবর্ত্তন্ত মোহিতাঃ ॥৮

গোবিন্দাপহৃতাত্মানঃ (গাঃ ইন্দ্রিয়াণি নিয়ম্যতয়া বিন্দতি ইতি গোবিন্দঃ তেন অপহৃতঃ আত্মা অন্তঃকরণং যাসাং তাঃ) অতএব মোহিতাঃ বাহ্যজ্ঞানশূন্যাঃ তাঃ স্ত্রিয়ঃ পতিভিঃ পিতৃভিঃ ভ্রাতৃবন্ধুভিঃ বার্য্যমাণাঃ অপি ন ন্যবর্ত্তন্ত কিন্তু কৃষ্ণান্তিকং যযুঃ ॥৮

অন্তর্গৃহগতাঃ কাশ্চিদ্ গোপ্যোঽলব্ধবিনির্গমাঃ।
কৃষ্ণং তদ্ভাবনাযুক্তা দধ্যুর্মীলিতলোচনাঃ ॥৯

কাশ্চিৎ গোপ্যঃ অন্তর্গৃহগতাঃ গৃহমধ্য এব স্থিতাঃ (অতঃ পত্যাদিভির্দ্বারপিধানাদিনা) অলব্ধবিনির্গমাঃ (ন লব্ধঃ বিশেষঃ নির্গমঃ যাভিঃ তাঃ) তদ্ভাবনাযুক্তাঃ (অতএব দুঃখেন) মীলিতে লোচনে যাভিঃ তাঃ) কৃষ্ণং দধ্যুঃ ॥৯

সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।

কোন কোন ব্রজদেবীগণ—স্থালীস্থ দুগ্ধ, চুল্লীর উপরিভাগে স্থাপন পূর্ব্বক তাহা উত্তারণের কালের প্রতীক্ষা না করিয়াই সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।

কোন কোন কৃষ্ণ-প্রিয়াগণ চুল্লীর উপরিভাগে দুগ্ধ অধ্যারোহণ করিয়া তাহা পক্ব হইলেও অবতরণ না করিয়া এবং গোধূমকণান্ন চুল্লীর উপরে রাখিয়া পক্ব হইলেও তাহা না নামাইয়া সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।৫

কোন কোন গোপী, বন্ধু ও ভৃত্যপ্রভৃতির প্রতি অন্নাদি বিভাগ করিয়া অর্পণ করিতেছিলেন সেই কর্ম্ম পরিত্যাগ করিয়া গমন করিলেন।

কেহ কেহ বা শিশু অর্থাৎ ভগ্নী-পুত্র ও যাতৃ পুত্রগণকে গোদুগ্ধ পান করাইতেছিলেন; কিন্তু বেণুগীত শ্রবণমাত্রে সেই শিশুদিগের দুগ্ধপান করান পরিত্যাগ করিয়া গমন করিলেন।

কোন কোন গোপী, পতিগণকে স্নানাদির নিমিত্ত উষ্ণজল প্রদানাদি দ্বারা সেবা করিতেছিলেন সেই পতিসেবা পরিত্যাগ পূর্ব্বক গমন করিলেন। কোন কোন ব্রজযুবতী ভোজন করিতেছিলেন বেণু-গীত শ্রবণমাত্রেই সেই ভোজন ত্যাগ করিয়া তদবস্থাতেই বেণুগীতাভিমুখে ধাবিত হইলেন।৬

কোন কোন ব্রজসুন্দরীগণ, চন্দনাদি দ্বারা স্ব-স্ব দেহ অনুলেপন করিতেছিলেন, কেহ কেহ বা শরীর উন্মার্জ্জন, কিংবা গৃহাদি সম্মার্জ্জন অথবা ভাণ্ডসমূহ মার্জ্জন করিতেছিলেন। কোন কোন গোপী—মসীদ্বারা নয়নে অঞ্জন প্রদান করিতেছিলেন, তাহা পরিত্যাগ করিয়া কৃষ্ণান্তিকে গমন করিলেন।

কোন কোন গোপী বসন ও ভূষণ বিপর্য্যস্তভাবে ধারণপূর্ব্বক (অর্থাৎ পরিধেয় বসন—উত্তরীয় করিয়াছেন, উত্তরীয় বসন হয়ত পরিধান করিয়াছেন, কর্ণের অলঙ্কার নাসিকার অলঙ্কার কর্ণে এবং যে অলঙ্কারের মুখ ঊর্দ্ধদিকে থাকিবে, তাহার মুখ নিম্নদিকে ধারণ করিয়া) পরমাকর্ষ শ্যামসুন্দর শ্রীব্রজেন্দ্রনন্দনের সমীপে গমন করিলেন (পরন্তু লজ্জাদি দ্বারা কিংবা বিঘ্নাদি দ্বারা দূরে অবস্থিতা হন নাই; যেহেতু তাঁহারা বংশীগীত শ্রবণ করিয়া মোহিত হইয়াছিলেন)।৭

পতি পিতা ভ্রাতা ও বন্ধুগণ—ব্রজসুন্দরীদিগকে "রাত্রিতে কোথায় বহির্গত হইতেছ" ইত্যাদি বলিয়া আগ্রহসহকারে বারংবার নিবারণ করিলেও কিংবা ধর্ম্মপ্রদর্শনাদি দ্বারা ও হস্ত ধারণাদি গমন বিষয়ে নিরোধ করিলেও তাঁহারা প্রত্যাবৃত্ত হইলেন না কিন্তু গমন করিতেই লাগিলেন; যেহেতু তাঁহারা মোহিতা অর্থাৎ হতবিবেকা হইয়াছিলেন, কারণ গোকুলেন্দ্র (কিংবা ঈশ্বরত্বপ্রযুক্ত নিখিল ইন্দ্রিয়গ্রাহী শ্রীকৃষ্ণ) তাঁহাদিগের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন।৮

কোন কোন গোপীগণ পতিশুশ্রূষার্থ গৃহাভ্য-ন্তরস্থিতা হইয়াই পত্যাদিকর্ত্তৃক আগ্রহসহকারে দ্বারাদি নিরোধহেতু, কিংবা পিতা প্রভৃতির দ্বারদেশে উপবেশন হেতু কোন প্রকারেই গৃহ হইতে বহি-র্গমনের পথ না পাইয়া শ্রীকৃষ্ণ-চিন্তায় নিমগ্ন

দুঃসহপ্রেষ্ঠবিরহ-তীব্রতাপধুতাশুভাঃ
ধ্যানপ্রাপ্তাচ্যুতাশ্লেষ-নির্বৃত্যা ক্ষীণমঙ্গলাঃ ॥১০

তমেব পরমাত্মানং জারবুদ্ধ্যাপি সঙ্গতাঃ।
জহুর্গুণময়ং দেহং সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ ॥১১

দুঃসহপ্রেষ্ঠবিরহতীব্রতাপধুতাশুভাঃ (দুঃখেনাপি সোঢ়ুমশক্যঃ দুঃসহঃ যঃ প্রেষ্ঠস্য কৃষ্ণস্য বিরহঃ অগ্নিরূপঃ তস্য তীব্রতাপঃ তেন ধুতানি বিনষ্টানি অশুভানি পাপানি যাসাং তাঃ) ধ্যানপ্রাপ্তাচ্যুতাশ্লেষনির্বৃত্যা (ধ্যানেন প্রাপ্তঃ যঃ অচ্যুতস্য আশ্লেষঃ তেন যা নির্বৃতিঃ আনন্দঃ তয়া) ক্ষীণমঙ্গলাঃ (ক্ষীণানি মঙ্গলানি পুণ্যানি যাসাং তাঃ) ইতি পরেণান্বয়ঃ ॥১০

জারবুদ্ধ্যা অপি তম্ এব পরমাত্মানং সঙ্গতাঃ সাযুজ্যং প্রাপ্তাঃ (অতএব) সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ (প্রকর্ষেণ সহবাসতঃ ক্ষীণং বন্ধনং যাসাং তাঃ) গুণময়ং দেহং জহুঃ ॥১১

হইলেন এবং তখন তাঁহারা অৰ্দ্ধমুদ্রিতনেত্রে (কিংবা দুঃখ বিশেষে বা ধ্যানাবেশে মীলিতলোচনে অথবা অন্য অশেষজ্ঞান অন্তর্হিতাবস্থায়) নিজচিত্তাকর্ষক বা পরমানন্দ ঘনমূর্ত্তি শ্রীকৃষ্ণকে বিশেষরূপে চিন্তা করিতে লাগিলেন।৯

দুঃসহ প্রিয়-বিরহ জন্য তীব্রতাপে সেই গোপীগণের যাবতীয় অশুভ কৰ্ম্ম ক্ষয় ও ধ্যানযোগে অচ্যুতের আলিঙ্গনে অপার আনন্দ লাভ হওয়ায় তাঁহাদিগের সমস্ত অশুভকর্ম্ম-ক্ষয় হইল, অতএব সংসারবন্ধনের কারণীভূত শুভাশুভ কৰ্ম্মাত্মক বন্ধন কিংবা 'বৰ্ত্তমান দেহেই রাসাদি কেলি প্রাপ্ত হইব' এই আশাবন্ধন নষ্ট হওয়ায় সেই গোপীসকল পরমাত্মা শ্রীকৃষ্ণে উপপতি বুদ্ধি দ্বারা আসক্তি প্রাপ্ত হইয়া গুণময় দেহ ত্যাগ করিলেন, কিন্তু গুণাতীত নিত্য ভগবৎপ্রেম-সঙ্গতিযোগ্য দেহ প্রাপ্ত হইলেন। কিংবা গুণময় (সর্ব্বসদ্‌গুণময়) দেহ সদ্যই ত্যাগ করিলেন, অর্থাৎ পতিপ্রভৃতি কর্তৃক গৃহাভ্যন্তরে অবরুদ্ধ দেহে শ্রীকৃষ্ণকে প্রাপ্তি হইতে না পারিয়া কৃষ্ণ-প্রাপ্তি যোগ্য অন্য দেহদ্বারা পরমাত্মা পরমপ্রিয় সেই শ্রীব্রজেন্দ্র কিশোরকেই উপপতিরূপে প্রাপ্ত হইলেন।১০-১১

রাজোবাচ।
কৃষ্ণং বিদুঃ পরং কান্তং ন তু ব্রহ্মতয়া মুনে।
গুণপ্রবাহোপরমস্তাসাং গুণধিয়াং কথম্ ॥১২
শ্রীশুক উবাচ।
উক্তং পুরস্তাদেতৎ তে চৈদ্যঃ সিদ্ধিং যথা গতঃ।
দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়াঃ ॥১৩

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মুনে! (এতাঃ স্ত্রিয়স্তু) কৃষ্ণং পরং কেবলং কান্তম্ (জারবুদ্ধ্যা কমনীয়ং) এব বিদুঃ ব্রহ্মতয়া তু ন; অতঃ তাসাং গুণধিয়াং গুণপ্রবাহোপরমঃ (গুণপ্রবাহস্য সংসারস্য উপরমঃ নিবৃত্তিঃ কথং ঘটতে) ॥১২

শ্রীশুকঃ উবাচ। (যৎ অত্র উত্তরং বক্তব্যং) তৎ এতৎ তে তুভ্যং পুরস্তাৎ সপ্তমস্কন্ধে এব উক্তং; যদি হৃষীকেশম্ ইন্দ্রিয়াদিনিয়ন্তারং কৃষ্ণং দ্বিষন্ অপি চৈদ্যঃ শিশুপালঃ, যথা যথাবৎ, সিদ্ধিং ভগবৎসাযুজ্যং গতঃ প্রাপ্তঃ, তদা অধোক্ষজপ্রিয়াঃ (অধোক্ষজস্য অতীন্দ্রিয়স্য প্রিয়াঃ প্রীতিবিষয়াঃ গোপ্যঃ সাযুজ্যং গতাঃ প্রাপ্তাঃ তত্র) কিম্ উত আশ্চর্য্যম্ ॥১৩

শ্রীপরীক্ষিৎ কহিলেন,—হে মুনে (সর্ব্বজ্ঞ)! এই গোপীগণ শ্রীকৃষ্ণকে কেবল কান্ত (সর্ব্বৈশ্চর্য্য গুণ ও মনোহরত্বরূপে পরমশ্রেষ্ঠ) বলিয়া জানিতেন, পরন্তু নির্গুণ ভগবানের আবির্ভাব বিশেষ বলিয়া জানিতেন না, সুতরাং ব্রহ্ম-নিষ্ঠার ত্যাজকরূপে প্রসিদ্ধ তাদৃশ গুণসমূহে অভিভূত অন্তঃকরণ গোপীদিগের (কিংবা স্ব-দুঃখাদিতে বুদ্ধিবিশিষ্টা তাঁহাদিগের সংশয় নিবৃত্তি কি প্রকারে হইল? অর্থাৎ সর্ব্ব পুরুষার্থশিরোমণি মোক্ষ কি প্রকারে সংঘটিত হইল।১২

শ্রীশুকদেব বলিলেন—শিশুপাল যখন শ্রীকৃষ্ণকে দ্বেষ করিয়াও সিদ্ধি (নিজাভীষ্ট পার্ষদত্বগতি) লাভ করিয়াছে, তখন অধোক্ষজ-প্রিয়া-গোপীগণ যে সিদ্ধিলাভ করিবেন ইহাতে আর বক্তব্য কি আছে?১৩

নৃণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নৃপ।
অব্যয়স্যাপ্রমেয়স্য নির্গুণস্য গুণাত্মনঃ ॥১৪

কামং ক্রোধং ভয়ং স্নেহমৈক্যং সৌহৃদমেব চ।
নিত্যং হরৌ বিদধতো যান্তি তন্ময়তাং হি তে ॥১৫

হে নৃপ! নৃণাং নিঃশ্রেয়সার্থায় মোক্ষার্থম্ এবম্ অব্যয়স্য বিকারশূন্যস্য, নির্গুণস্য গুণপারতন্ত্র্যরহিতস্য, অপ্রমেয়স্য বুদ্ধ্যগোচরস্য, গুণাত্মকস্য সত্ত্বাদিগুণনিয়ামকস্য, ভগবতঃ ব্যক্তিঃ প্রাকট্যং (স্বেচ্ছয়ৈব, ন তু কর্ম্মাধীনা ইতি) ॥১৪

কামং, ক্রোধং, ভয়ং, স্নেহম্, ঐক্যং, সৌহৃদম্ এব চ হরৌ নিত্যং বিদধতঃ কুর্ব্বন্তঃ (পুমাংসঃ যে), তে হি তন্ময়তাং তৎসাযুজ্যং যান্তি প্রাপ্নুবন্তি ॥১৫

এবম্ভূতে অজে জন্মাদিরহিতে যোগেশ্বরেশ্বরে (যোগেশ্বরাণাম্

হে নৃপ! জীবমাত্রের নিঃশ্রেয়সার্থই অব্যয়, অপ্রমেয় (অপরিচ্ছিন্ন), নির্গুণ (মায়াগুণাতীত), গুণাত্মা (মায়াগুণসমূহের প্রবর্ত্তক) শ্রীভগবানের অভিব্যক্তি হইয়া থাকে; (তাহা না হইলে ভ্রূজৃম্ভণমাত্রে কোটি কোটি ব্রহ্মাণ্ডসংহারে সমর্থ শ্রীভগবানের কেবল ভূভারহরণার্থ আবির্ভাব—ইহার উপপত্তি হয় না; সুতরাং যিনি জীবমাত্রের মঙ্গলার্থ অবতীর্ণ হন, তিনি যে স্বপার্ষদ শিশুপাল ও স্বপ্রিয়াদিগের সাহায্য করিবেন, তাহাতে অধিক আর কি বক্তব্য আছে)।১৪

যাঁহারা নিত্য যথাকথঞ্চিৎ সম্বন্ধমাত্রেও যদি সর্ব্বচিত্তাকর্ষক বা সর্ব্বদোষহারী শ্রীহরিতে কাম, ক্রোধ, ভয়, স্নেহ, ঐক্য অথবা সৌহার্দ্দ বিধান করেন, তাঁহারা নিশ্চয়ই তন্ময়তা অর্থাৎ তত্তদ্ভাবসমুচিত আবির্ভাব ও তদেকস্ফূর্ত্তি কিংবা তদাসক্ততা

ন চৈবং বিস্ময়ঃ কার্য্যো ভবতা ভগবত্যজে।
যোগেশ্বরেশ্বরে কৃষ্ণে যত এতদ্ বিমুচ্যতে ॥১৬

তা দৃষ্ট্বান্তিকমায়াতা ভগবান্ ব্রজযোষিতঃ।
অবদদ্ বদতাং শ্রেষ্ঠো বাচঃ পেশৈর্বিমোহয়ন্ ॥১৭

অপি ঈশ্বরে) ভগবতি কৃষ্ণে ভবতা চ এবং (মোক্ষদানে অসম্ভাবনারূপো) বিস্ময়ঃ ন কার্য্যঃ, যতঃ কৃষ্ণাৎ এতৎ (কৃপাপাত্রং স্থাবরজঙ্গমপ্রাণিমাত্রং) বিমুচ্যতে ॥১৬

তাঃ (বেণুনাদশ্রবণেন আত্মনঃ) অন্তিকং সমীপম্ আয়াতাঃ ব্রজযোষিতঃ দৃষ্ট্বা বদতাং কবীনাং শ্রেষ্ঠঃ ভগবান্ কৃষ্ণঃ বাচঃ পেশৈঃ বাগ্‌বিলাসৈঃ বিমোহয়ন্ (স্ববিষয়কং ভাবং দৃঢ়ীকর্ত্তুং) অবদৎ ॥১৭

প্রাপ্ত হইয়া থাকেন।১৫

যে শ্রীকৃষ্ণ হইতে স্থাবর-জঙ্গমাদি পর্য্যন্ত বিমুক্ত হইয়া থাকে, সেই ভগবান্ (অশেষ ঐশ্বর্য্যযুক্ত) অজ (অর্থাৎ জীববৎ জন্মশূন্য হইয়া স্বেচ্ছানুসারেই ভক্তবাৎসল্যাদি দ্বারা স্বয়ং আবির্ভাবশীল) যোগেশ্বরেশ্বর শ্রীকৃষ্ণের প্রতি আপনি পুনর্ব্বার ঈদৃশ বিস্ময়—সন্দেহ কিংবা আশ্চর্য্য বুদ্ধি করিবেন না।১৬

নিখিল বাক্য ও বৈদগ্ধ্যবেত্তাদিগের শ্রেষ্ঠ ভগবান্ শ্রীকৃষ্ণ সেই বেণু-গীতে আকৃষ্টা পরমবিহ্বলা ব্রজনারীদিগকে নিকটে সমাগত সন্দর্শনপূর্ব্বক বাগ্‌বিলাস দ্বারা বিমোহিত করিয়া (অর্থাৎ বিশেষরূপে চিত্ত হরণ করিয়া বা বিবেক হরণ করিয়া) স্ব-বিষয়ক ভাব বর্দ্ধন করিবার নিমিত্ত বলিতে লাগিলেন।১৭

শ্রীভগবানুবাচ।

স্বাগতং বো মহাভাগাঃ প্রিয়ং কিং করবাণি বঃ।
ব্রজস্যানাময়ং কচ্চিদ্ ব্রূতাগমনকারণম্ ॥১৮

রজন্যেষা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা।
প্রতিযাত ব্রজং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ সুমধ্যমাঃ ॥১৯

মাতরঃ পিতরঃ পুত্রা ভ্রাতরঃ পতয়শ্চ বঃ।
বিচিন্বন্তি হ্যপশ্যন্তো মা কৃধ্বং বন্ধুসাধ্বসম্ ॥২০

দৃষ্টং বনং কুসুমিতং রাকেশকররঞ্জিতম্।
যমুনানিললীলৈজত্তরুপল্লবশোভিতম্ ॥২১

তদ্ যাত মা চিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীঃ।
ক্রন্দন্তি বৎসা বালাশ্চ তান্ পায়য়ত দুহ্যত ॥২২

শ্রীভগবান্ উবাচ। হে মহাভাগাঃ! বঃ যুষ্মাকং স্বাগতম্ আগমনং শোভনং, বঃ যুষ্মাকং প্রিয়ং কিং করবাণি, কচ্চিৎ ব্রজস্য অনাময়ং মঙ্গলম্ অস্তি চেৎ, তর্হি আগমনকারণং (আগমনস্য কারণম্) ব্রূত ॥১৮

হে সুমধ্যমাঃ সুকুমার্য্যঃ! এষা রজনী রাত্রিঃ ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা (ঘোরসত্ত্বৈঃ ভয়ঙ্করপ্রাণিভিঃ ব্যাঘ্রসর্পাদিভিঃ নিষেবিতা), ইহ বনে স্ত্রীভিঃ ন স্থেয়ম, অতঃ ব্রজং প্রতিযাত ॥১৯

কিঞ্চ বঃ যুষ্মাকং মাতরঃ, পিতরঃ, পুত্রাঃ, ভ্রাতরঃ, পতয়ঃ চ বঃ যুষ্মান্ অপশ্যন্তঃ বিচিন্বন্তি মৃগয়ন্তে, (অতঃ) বন্ধুসাধ্বসং (বন্ধূনাং সাধ্বসম্ অদর্শনজন্যং ভয়ং) মা কৃধ্বং ন উৎপাদয়ত ॥২০

কিঞ্চ ইদং রাকেশ-কর-রঞ্জিতং (রাকেশস্য পূর্ণচন্দ্রস্য করৈঃ কিরণৈঃ রঞ্জিতং প্রকাশিতং) যমুনানিল-লীলৈজত্তরুপল্লব-শোভিতং (যমুনাস্পর্শিনঃ অনিলস্য লীলা মন্দগতি তয়া এজন্তঃ কম্পমানাঃ তরূণাং পল্লবাঃ তৈঃ শোভিতং) কুসুমিতং নানাবিধ-সুগন্ধিপুষ্পযুক্তং বনং যুষ্মাভিঃ দৃষ্টম্ এব ॥২১

তৎ তস্মাৎ গোষ্ঠং ব্রজং যাত, মা চিরং বিলম্বো মা কার্য্যঃ। তত্র পতীন্ শুশ্রূষধ্বম্। হে সতীঃ সত্যঃ! বৎসাঃ বালাঃ চ ক্ষুধার্ত্তাঃ ক্রন্দন্তি, তান্ (দুগ্ধং) পায়য়ত গাঃ চ দুহ্যত ॥২২

শ্রীভগবান্ বলিলেন—হে মহাভাগাসকল! তোমাদের ত সুখে আগমন হইল? আমি তোমাদিগের কি প্রিয় করিব? (সকলে সসম্ভ্রমে আগমন করিতেছে দেখিয়া যেন ভয় সহকারে বলিতেছেন) ব্রজের কুশল ত? আগমনের কারণ বল।১৮

হে সুমধ্যমাগণ! এই প্রত্যক্ষা রজনী ঘোররূপা (তামস স্বভাবের অভিব্যক্তিবিশিষ্টা) ও ঘোরসত্ত্ব-নিষেবিতা (ঘোরতর প্রাণিগণ কর্তৃক ব্যাপ্তা); অতএব ব্রজে ফিরিয়া যাও। এই বনে স্ত্রীলোকের অবস্থিতি উচিত নয়।১৯

আমার বোধহয় তোমাদের মাতা, পিতা, পুত্র, ও পতিগণ তোমাদিগকে গৃহে কিংবা বনমধ্যে দর্শন না করিতে পাইয়া ইতস্ততঃ অন্বেষণ করিতেছেন; যদি তাঁহারা কখনও এখানে আগমনপূর্ব্বক মৎ-সন্নিধানে তোমাদিগকে দেখিতে পান, তাহা হইলে তোমাদিগের ও আমার লজ্জা ও ভয় সঙ্ঘটিত হইবে; সুতরাং এস্থলে অবস্থিতি করিয়া স্ব স্ব বন্ধুগণ হইতে আমার ও আপনাদের ভয়োৎপাদন করিও না।২০

বিবিধকুসুমসমাকীর্ণ এবং পূর্ণচন্দ্রের কিরণ-নিকরে রঞ্জিত ও যমুনাসংস্পর্শী পবনের মৃদু সঞ্চারণে কম্পমান তরুপল্লবে সুশোভিত এই বন দর্শন-যোগ্যই বটে; যাই হউক, তোমাদের সেই বন দর্শন হইল; অতএব শীঘ্র ব্রজে ফিরিয়া যাও।২১

বনশোভাসন্দর্শনে স্ব স্ব মনোরথ পূর্ণ হইয়াছে, অতএব অবিলম্বে ঘোষে বা গোষ্ঠে গমন কর। (সেই স্থানেই তোমাদের সর্ব্ববিধ সামগ্রী রহিয়াছে; সুতরাং সেই স্থানেই গমন করা তোমাদের সঙ্গত।) হে সতীগণ! তথায় গমন করিয়া পতিগণের সেবা কর, অন্যথা সতীত্বধর্ম্ম ভঙ্গ হইবে; অতএব পরপুরুষ আমার পার্শ্বে তোমাদের অবস্থান করা যুক্তিযুক্ত

অথবা মদভিস্নেহাদ্ভবত্যো যন্ত্রিতাশয়াঃ।
আগতা হ্যুপপন্নং বঃ প্রীয়ন্তে ময়ি জন্তবঃ॥২৩

ভর্ত্তুঃ শুশ্রূষণং স্ত্রীণাং পরো ধর্ম্মো হ্যমায়য়া।
তদ্বন্ধূনাঞ্চ কল্যাণ্যঃ প্রজানাঞ্চানুপোষণম্॥২৪

অথবা মদভিস্নেহাৎ (ময়ি যঃ অভিতঃ স্নেহঃ তস্মাৎ) যন্ত্রিতাশয়াঃ (যন্ত্রিতঃ বশীকৃতঃ আশয়ঃ অন্তঃকরণং যাসাং তাঃ) তথা ভবত্যঃ আগতাঃ, তর্হি তৎ এতৎ যুষ্মাকম্ উপপন্নং যুক্তমেব; হি যস্মাৎ মম ময়ি জন্তবঃ প্রাণিনঃ প্রীয়ন্তে॥২৩

হে কল্যাণ্যঃ। অমায়য়া কাপট্যপরিত্যাগেন শুশ্রূষণং তদ্বন্ধূনাং ভর্ত্তুঃ বন্ধূনাং পিত্রাদীনাং চ শুশ্রূষণং (তেষাং) প্রজানাং পুত্রভৃত্যাদীনাম্ অনুপোষণং হি এব স্ত্রীণাং পরঃ উৎকৃষ্টঃ ধর্ম্মঃ॥২৪

দুঃশীলঃ (দুষ্টং শীলং যস্য সঃ দ্যূতস্তেয়াদিব্যসনবান্), দুর্ভগঃ

নহে)। (যদি বল—হে পরমসেব্য! সংসারে তুমিই একমাত্র সকলের সেবনীয়। যে পতিগণ অস্মৎকৃত তোমার সেবা সহ্য করিতে অসমর্থ হইয়া সর্ব্বদা অসূয়া প্রকাশ করিয়া থাকে, সেই দুষ্টতর পতি-সকলকে আমরা পরিত্যাগ করিয়াছি এবং পাতিব্রত্য ধর্ম্মকেও তোমার পাদপদ্মের নির্ম্মঞ্ছন করিয়া সুদূরে প্রক্ষিপ্ত করিয়াছি, তদুত্তরে বলিতেছি)—বৎস ও বালকগণ ক্রন্দন করিতেছে; অতএব বৎসগণকে দুগ্ধপান করাও ও বালকদিগের জন্য দুগ্ধদোহন করাও।২২

আপনারা যদি আমার প্রতি অতিস্নেহবশতঃ বশীকৃতচিত্তা হইয়া আগমন করিয়া থাকেন, তাহা হইলে সেই আগমন উপযুক্তই হইয়াছে; যেহেতু আমার প্রতি প্রাণিমাত্রই প্রীত হইয়া থাকে, কিংবা প্রীতি করিয়া থাকে; ইহা আমার স্বাভাবিক সৌভাগ্য, পরন্তু ঔপাধিক নহে। সুতরাং আপনারা আমার প্রতি প্রীতিসামান্য যুক্তই হইয়াছেন, কিন্তু কামোপাধিক প্রীতিবিশেষ সম্পন্ন নহেন।২৩

হে কল্যাণীগণ। অমায়ায়—অকাপট্য অর্থাৎ

দুঃশীলো দুর্ভগো বৃদ্ধো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী॥২৫

অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্।
জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র ঔপপত্যং কুলস্ত্রিয়াঃ॥২৬

নিষ্ফলোদ্যমঃ, বৃদ্ধঃ বিকলেন্দ্রিয়ঃ, জড়ঃ মূর্খঃ, রোগী মহারোগগ্রস্তঃ, অধনঃ দরিদ্রঃ, (এবম্ভূতোঽপি) অপাতকী পতিঃ লোকেপ্সুভিঃ পুণ্যলোকমিচ্ছন্তীভিঃ স্ত্রীভিঃ ন হাতব্যঃ ত্যক্তব্যঃ॥২৫

কুলস্ত্রিয়াঃ ঔপপত্যম্ (পরপুরুষসম্বন্ধঃ উপপতিঃ তজ্জন্যং সুখম্ ঔপপত্যং) অস্বর্গ্যং স্বর্গরোধকম্, অযশস্যং যশোনাশকং সর্ব্বত্র লোকে শাস্ত্রে চ জুগুপ্সিতং নিন্দিতং কৃচ্ছ্রং কষ্টসাধ্যং, ফল্গু তুচ্ছং ক্ষণভঙ্গুরং, (তথাপি ভোগকালে অপি) ভয়াবহম্ ভয়মেব আবহতি হি এব॥২৬

শুদ্ধান্তঃকরণে কিংবা একমাত্র ধর্ম্মাপেক্ষায় ভর্ত্তা এবং শ্বশ্রূ ও শ্বশুরাদির শুশ্রূষা, তথা পুত্র ও ভৃত্য প্রভৃতির অনুপোষণ করা স্ত্রীসকলের উৎকৃষ্ট ধর্ম্ম-নিশ্চয়, পরন্তু তদিতর আমাদিগের শুশ্রূষা করা কখনও শ্রেষ্ঠ নহে, সুতরাং ভর্ত্তা প্রভৃতির সেবা অন্য ধর্ম্ম অপেক্ষা শ্রেষ্ঠ।২৪

পতি যদি অপাতকী হন, তাহা হইলে ইহলোক ও পরলোকাভিলাষিণী স্ত্রীগণ দুঃশীল (চৌর্য্যাদিরত), দুর্ভগ (ভাগ্যাদিহীন, নিষ্ফলোদ্যম বা কুরূপী), বৃদ্ধ (জরাগ্রস্ত), জড় (কর্ম্মাদিকরণে সামর্থ্যহীন), রোগী (মহারোগগ্রস্ত), অধন (অতি দরিদ্র, এমনকি নিজের উদরভরণে অসমর্থ হইলেও সেই) পতিকে ত্যাগ করিবে না।২৫

কুলস্ত্রীগণের ঔপপত্য (উপপতি-সংক্রান্ত যে সুখ তাহা) অস্বর্গ্য (স্বর্গপ্রাপ্তির প্রতিকূল কিংবা পূর্ব্ব-পুণ্যার্জ্জিত স্বর্গনাশক), অযশস্য (পূর্ব্বসঞ্চিত যশোনাশক), অচিরস্থায়িত্বহেতু অতি তুচ্ছ, দুঃখসাধ্য, পতি প্রভৃতি কিংবা নরকাদি হইতে ভয়প্রাপক এবং স্বদেশে বা পরদেশে কিংবা ব্যবহারে বা

শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ।
ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্ ॥২৭

শ্রীশুক উবাচ।

ইতি বিপ্রিয়মাকর্ণ্য গোপ্যো গোবিন্দভাষিতম্।
বিষণ্ণা ভগ্নসঙ্কল্পাশ্চিন্তামাপুর্দুরত্যয়াম্ ॥২৮

কৃত্বা মুখান্যব শুচঃ শ্বসনেন শুষ্যদ্-
বিম্বাধরাণি চরণেন ভুবং লিখন্ত্যঃ।

শ্রবণাৎ, দর্শনাৎ, ধ্যানাৎ, অনুকীর্ত্তনাৎ চ ময়ি ভাবঃ স্নেহাতিশয়ঃ (যথা ভবতি), তথা তাদৃশঃ সন্নিকর্ষেণ অঙ্গসম্বন্ধেন ন ভবতি। ততঃ তস্মাৎ যূয়ং গৃহান্ প্রতিযাত ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ভূতং বিপ্রিয়ং গৃহগমনবিষয়কং গোবিন্দভাষিতম্ (গোবিন্দস্য ভাষিতং) আকর্ণ্য শ্রুত্বা বিষণ্ণাঃ বিষাদং প্রাপ্তাঃ, ভগ্নসংকল্পাঃ (ভগ্নঃ ভগবতা সহ রমণবিষয়কঃ সংকল্পঃ মনোরথঃ যাসাং তাঃ) গোপ্যঃ দুরত্যয়াং (তদনুগ্রহং বিনা অনিবর্ত্ত্যাং) চিন্তাম্ আপুঃ ॥২৮

শুচঃ শোকাৎ (উদ্গতেন) শ্বসনেন উষ্ণবাতেন শুষ্যদ্বিম্বাধরাণি (শুষ্যন্তঃ বিম্বফলসদৃশাঃ অধরাঃ যেষু তানি) মুখানি অব অবাঞ্চি কৃত্বা, তথা চরণেন পাদাঙ্গুষ্ঠেন ভুবং লিখন্ত্যঃ (বিবরং

পরমার্থ প্রভৃতি বিষয়ে নিন্দিত, ইহা নিশ্চয়।২৬

আমার কথা প্রভৃতির শ্রবণ, আমার শ্রীমূর্ত্ত্যাদির দর্শন কিংবা দূর হইতে সাক্ষাৎ আমার দর্শন এবং আমার ধ্যান ও নিরন্তর মন্নাম-প্রধান কীর্ত্তন দ্বারা আমাতে যেমন ভাবোদয় হয়, তেমন সন্নিকর্ষ অর্থাৎ অঙ্গসঙ্গ দ্বারা হয় না (যেহেতু বিরহাবস্থায় সম্যক্ উৎকণ্ঠাবশতঃ অতি সত্বর ভাববৃদ্ধি দেখা যায়, আর সংযোগে উৎকণ্ঠার শৈথিল্য হইয়া থাকে); সুতরাং বলিতেছি স্ব স্ব গৃহে গমন কর।২৭

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—(হে রাজন্!) গোপীগণ শ্রীগোবিন্দের বিপ্রিয়-ভাষিত শ্রবণপূর্ব্বক ভগ্নসঙ্কল্প ও বিষণ্ণ হইয়া দুরত্যয় চিন্তা প্রাপ্ত হইলেন।২৮

অতিশয় দুঃখভারে আক্রান্তচিত্ত গোপীসকলের

অস্রৈরুপাত্তমষিভিঃ কুচকুঙ্কুমানি
তস্থুর্মৃজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীম্ ॥২৯

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং
কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।

নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ-
সংরম্ভগদ্গদগিরোঽব্রুবতানুরক্তাঃ ॥৩০

প্রার্থয়ন্ত্যঃ ইব) উপাত্তমসিভিঃ গৃহীতকজ্জলৈঃ অস্রৈঃ অশ্রুভিঃ কুচকুঙ্কুমানি মৃজন্ত্যঃ ক্ষালয়ন্ত্যঃ উরুদুঃখভরাঃ (উরুঃ দুঃখভরঃ যাসাং তাঃ) তূষ্ণীম্ এব তস্থুঃ স্মেত্যবধারণে ॥২৯

কিঞ্চ তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ (তস্য প্রাপ্ত্যর্থম্ এব বিশেষেণ নিশ্চয়েন নিবর্ত্তিতাঃ ত্যক্তাঃ সর্ব্বে কামাঃ বিষয়াঃ যাভিঃ তাঃ) অনুরক্তাঃ গোপ্যঃ রুদিতোপহতে (রুদিতেন রোদনেন উপহতে শোকাশ্রুপূর্ণতয়া লুপ্তদর্শনে) নেত্রে প্রমৃজ্য প্রোঞ্ছিতেন শোধয়িত্বা কিঞ্চিৎ সংরম্ভ-গদ্গদগিরঃ (সংরম্ভেণ কোপাবেশেন গদ্গদাঃ স্খলিতাক্ষরাঃ গিরঃ যাসাং তাঃ) সত্যঃ প্রিয়তরং প্রতিকূলাচারিণম্ ইব প্রতিভাষমাণং (স্বমনোরথ-প্রত্যাখ্যানং কুর্ব্বন্তং বস্তুতঃ) শ্রেষ্ঠম্ অতীব প্রিয়ং কৃষ্ণম্ অব্রুবত ঊচুঃ ॥৩০

শোক জন্য সুদীর্ঘ উষ্ণশ্বাসে বিম্বাধর শুষ্ক হইয়া গিয়াছে, তাই তাহারা বদন অবনত করিয় বামপদাঙ্গুষ্ঠে ভূমি খনন ও কজ্জলাক্ত নেত্র-সলিলের ধারাসমূহে স্তনগত কুঙ্কুম প্রক্ষালন করিতে করিতে নির্ব্বাক্ হইয়া দাঁড়াইয়া রহিলেন।২৯

গোপীগণ শ্রীকৃষ্ণের প্রাপ্তির নিমিত্ত কিংবা অনির্ব্বচনীয় সুগোপ্য ক্রীড়া বিশেষের নিমিত্ত সর্ব্ববিধ বিষয়ভোগ অথবা তদতিরিক্ত অশেষ অভিলাষ পরিত্যাগ করিয়াছিলেন; যেহেতু শ্রীকৃষ্ণেই তাঁহারা অনুরাগযুক্ত; সুতরাং তাদৃশ বাক্যজনিত মহাদুঃখে অশ্রুসলিলপরিপ্লুত লোচনযুগল মার্জ্জনা করিয়া কিঞ্চিৎ কোপাবেশবশতঃ গদ্গদ-বচনে অপ্রিয়বৎ প্রত্যাখ্যানকারী প্রিয়তম শ্রীকৃষ্ণকে বলিতে আরম্ভ করিলেন।৩০

গোপ্য ঊচুঃ।

মৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং
সন্ত্যজ্য সর্ব্ববিষয়াংস্তব পাদমূলম্।
ভক্তা ভজস্ব দুরবগ্রহ মা ত্যজাস্মান্
দেবো যথাদিপুরুষো ভজতে মুমুক্ষূন্ ॥৩১

যৎ পত্যপত্যসুহৃদামনুবৃত্তিরঙ্গ
স্ত্রীণাং স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়োক্তম্।
অস্ত্বেবমেতদুপদেশপদে ত্বয়ীশে
প্রেষ্ঠো ভবাংস্তনুভৃতাং কিল বন্ধুরাত্মা ॥৩২

কুর্ব্বন্তি হি ত্বয়ি রতিং কুশলাঃ স্ব আত্মন্
নিত্যপ্রিয়ে পতিসুতাদিভিরার্ত্তিদৈঃ কিম্।
তন্নঃ প্রসীদ পরমেশ্বর মাস্ম ছিন্দ্যা
আশাং ভৃতাং ত্বয়ি চিরাদরবিন্দনেত্র ॥৩৩

গোপ্যঃ ঊচুঃ। হে বিভো! হে দুরবগ্রহ! এবম্ উক্তপ্রকারকপ্রত্যাখ্যানাত্মকং নৃশংসং ক্রূরং ঘাতুকং বচনং গদিতুং ব্যক্তত্বয়া বক্তুং ভবান্ মা ন অর্হতি। (যতঃ) সর্ব্ববিষয়ান্ সংত্যজ্য তব পাদমূলং ভক্তাঃ সেবিতবতীঃ অস্মান্ মা ন ত্যজ, কিন্তু আদিপুরুষঃ পুরুষোত্তমঃ দেবঃ সর্ব্বভজনীয়ঃ ভগবান্ যথা মুমুক্ষূন্ ভজতে (তদভিলষিতং মুক্তিং সম্পাদয়তি চ তথা অস্মান্) ভজস্ব, অস্মদভিলষিতং সম্পাদয় ॥৩১

হে অঙ্গ! পত্যপত্যসুহৃদাম্ (পতিঃ অপত্যানি সুহৃদঃ বান্ধবঃ তেষাং) অনুবৃত্তিঃ (শুশ্রূষণম্ এব) স্ত্রীণাম্ স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়া যৎ উক্তং, তৎ উপদেশপদে (শুশ্রূষণীয়ত্বেন উপদিশ্যমানানাং পত্যাদীনাং পদে) ত্বয়ি ঈশে এব মে মম (অনুবৃত্তিঃ) অস্তু, (যতঃ) তনুভৃতাং দেহধারিণাং কিল ভবান্ প্রেষ্ঠঃ প্রিয়তমঃ বন্ধুঃ হিতকর্ত্তা আত্মা চ ॥৩২

কুশলাঃ শাস্ত্রনিপুণাঃ হি স্বে স্বকীয়ে, আত্মন্ আত্মনি, অতিপ্রিয়ে ত্বয়ি এব রতিং প্রীতিং কুর্ব্বন্তি, আর্ত্তিদৈঃ দুঃখদৈঃ পতিসুতাদিভিঃ কিম্। তস্মাৎ হে বরদ বাঞ্ছিতপ্রদ! ঈশ্বর গোকুলস্বামিন্! নঃ প্রসীদ প্রসন্নঃ ভব। চিরাৎ বহুকালম্ আরভ্য ত্বয়ি ধৃতাং নিবদ্ধাম্ আশাং হে অরবিন্দনেত্র! মাস্ম

শ্রীগোপীগণ কহিলেন, হে বিভো! (হে অস্মৎ-প্রাণনাথ)! হে দুরবগ্রহ! (স্বৈরশিরোমণে!) আমাদিগের প্রতি এতাদৃশ নৃশংস (বজ্রসারতুল্য কাঠিন্যহেতু হৃদয়বিদারক কিংবা সাক্ষাৎ জীবন-বিনাশক) বচন ব্যক্তরূপে প্রয়োগ করা তোমার পক্ষে যোগ্য হয় না; কারণ, আমরা পত্যাদিরূপ যাবতীয় বিষয় সমস্ত সম্যক্‌রূপে ত্যাগ করিয়া তোমার পাদমূল ভজনা করিয়াছি; অতএব আমাদিগকে পরিত্যাগ করিও না; পরন্তু আদি-পুরুষ যেরূপ মুমুক্ষুদিগের প্রতি তদীপ্সিত মুক্তি সম্পাদন করিয়া থাকেন, তদ্রূপ তুমিও আমাদিগের মনোরথ পরিপূরণ কর।৩১

হে অঙ্গ! হে কৃষ্ণ! তুমি ধর্ম্মবেত্তা হইয়া পতি পুত্র বন্ধু বান্ধবদিগের অনুবৃত্তি করা স্ত্রীসকলের স্বধর্ম্ম যাহা বলিলে ভর্ত্তাদির শুশ্রূষণাত্মক এই উপদেশ বাক্য উপদেশাস্পদ ও ঈশ্বর তোমাতেই থাকুক। তুমি নিশ্চয়ই প্রাণিমাত্রের প্রেষ্ঠ (চিত্তাকর্ষক) ও বন্ধু (সর্ব্বাভিলষিত হিতকারী); অতএব আত্মা অর্থাৎ তুমি পরমাত্মরূপে হৃদয়ে অধিষ্ঠিত কিংবা তৎপ্রেরক হইয়াছ, সুতরাং আমাদের কোনও দোষ নাই, পরন্তু তোমারই দোষ, তোমাকেই তাদৃশ দোষ পরিহারের নিমিত্ত উপদেশ দেওয়া কর্ত্তব্য।৩২

হে আত্মন্! হে নিত্য! শাস্ত্রকুশল ব্যক্তিগণ স্বপ্রিয় তোমাতে প্রীতি করিয়া থাকেন, সুতরাং আর্ত্তিপ্রদ পতিসুতাদি দ্বারা প্রয়োজন কি? কিছুই প্রয়োজন নাই। একারণে বলিতেছি—হে বরদ! হে ঈশ্বর! কিম্বা হে বরদেশ্বর! (হে বরপ্রদ সকলের ঈশ্বর!) আমরা তোমার ভক্ত, আমাদিগের প্রতি প্রসন্ন হও অর্থাৎ আমাদিগের বাক্যস্বীকাররূপ অনুগ্রহ বিধান কর। হে অরবিন্দনেত্র! (কমল-লোচন!) পরমসুন্দর! জ্ঞানোদয়ের পূর্ব্বাবধি কিংবা জন্মাবধি তোমাতে যে নিশ্চল রত্যাশা করিয়াছি, তাহা ছেদন করিও না, পরন্তু সেই আশার সফলতা সম্পাদন কর।৩৩

চিত্তং সুখেন ভবতাপহৃতং গৃহেষু
যন্নির্ব্বিশত্যুত করাবপি গৃহ্যকৃত্যে।
পাদৌ পদং ন চলতস্তব পাদমূলাদ্-
যামঃ কথং ব্রজমথো করবাম কিংবা ॥৩৪
সিঞ্চাঙ্গ নস্ত্বদধরামৃতপূরকেণ
হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিম্।

ছিন্দ্যাঃ ন ছিন্ধি ॥৩৩

যৎ অস্মাকং চিত্তং গৃহেষু নির্বিশতি, তৎ ভবতা সুখেন অপহৃতং গৃহ্যকৃত্যে নিবিষ্টৌ করৌ অপি (ভবতা হৃতৌ), তব পাদমূলাৎ অস্মাকং পাদৌ অপি পদং পদমাত্রং ন চলতঃ, অথ ব্রজং কথং যামঃ কিংবা করবাম ॥৩৪

হে অঙ্গ! হে সখে! ত্বদধরামৃতপূরকেণ নঃ অস্মাকং তব হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিং (হাসপূর্ব্বকঃ অবলোকঃ কলগীতং মধুরবেণুনাদশ্চ তাভ্যাং জাতঃ যঃ হৃচ্ছয়ঃ কামঃ স এব অগ্নিঃ তং) সিঞ্চ প্রশময়, নো চেৎ বিরহজাগ্ন্যুপযুক্তদেহাঃ

আমাদিগের যে চিত্ত এতকাল পরমসুখে গৃহকার্য্যে নিবিষ্ট ছিল, তাহা তুমি অপহরণ করিয়াছ (কিংবা যে চিত্ত গৃহে "গৃহকার্য্যে ব্যাপৃত ছিল, তাহা সুখস্বরূপ তুমি হরণ করিয়াছ); যে করযুগল গৃহকার্য্যে লিপ্ত ছিল, তাহাও তুমি অপহরণ করিয়াছ। আবার যে পাদদ্বয় গৃহকার্য্যে কিংবা গমনকার্য্যে ব্যাপৃত ছিল, সেই পাদযুগলও তোমার চরণমূল হইতে একপদও চলিতে পারিতেছে না; অতএব কিরূপে ব্রজে যাইব, ব্রজে যাইয়াই বা কি করিব ?৩৪

হে কৃষ্ণ! তোমার অধরামৃতধারায় তোমার সহাস্য অবলোকন এবং মোহন গীত প্রভৃতি দ্বারা আমাদিগের উদ্দীপিত কামাগ্নিকে নির্ব্বাপিত কর। যদি এই অগ্নি নির্ব্বাপিত না কর, তাহা হইলে হে সখে!

নো চেদ্ বয়ং বিরহজাগ্ন্যুপযুক্তদেহা
ধ্যানেন যাম পদয়োঃ পদবীং সখে তে ॥৩৫
যর্হ্যম্বুজাক্ষ তব পাদতলং রমায়া
দত্তক্ষণং ক্বচিদরণ্যজনপ্রিয়স্য।
অস্প্রাক্ষ্ম তৎ প্রভৃতি নান্যসমক্ষমঙ্গ
স্থাতুং ত্বয়াভিরমতা বত পারয়ামঃ ॥৩৬

(বিরহেণ জাতঃ যোঽগ্নিঃ তেন উপযুক্তদেহাঃ দগ্ধশরীরাঃ সত্যঃ) বয়ং ধ্যানেন তে তব পদয়োঃ চরণয়োঃ পদবীং সন্নিধানং যাম প্রাপ্নুয়াম ॥৩৫

হে অম্বুজাক্ষ! কৃপাদৃষ্ট্যৈব সর্ব্বসন্তাপনিবারক! হে অঙ্গ শ্রীকৃষ্ণ! যর্হি যদা কচিৎ অরণ্যজনপ্রিয়স্য (অরণ্যজনাঃ ব্রজবাসিনঃ প্রিয়াঃ যস্য তস্য তব) রমায়া দত্তক্ষণং দত্তোৎসবং পাদতলম্ অস্প্রাক্ষ্মং স্পৃষ্টবত্যাঃ ত্বয়া অভিরমিতাঃ আনন্দিতাঃ সত্যঃ তৎ প্রভৃতি তদারভ্য অন্যস্য পত্যুঃ সমক্ষং সম্মুখম্ অপি স্থাতুং হে অঙ্গ! বত ন পারয়ামঃ ॥৩৬

আমরা তোমার বিরহাগ্নিতে দেহ সমর্পণপূর্ব্বক যোগীর ন্যায় ধ্যান-যোগে তোমার পদ লাভ করিবার পন্থায় আরোহণ করিব।৩৫

হে অম্বুজাক্ষ! আমাদিগের কোন অনির্ব্বচনীয় পুণ্যোদয়ের সময়ে কোন দুর্লভ প্রদেশে তোমা কর্তৃক নিজভাব ব্যঞ্জনা দ্বারা অভিরমিত হইয়া অরণ্যজনপ্রিয় তোমার চরণতল যাহা লক্ষ্মীরও উৎসবপ্রদ, তাহা স্পর্শ করিয়াছিলাম, সেই অবধি আমরা অন্যসমক্ষে অনায়াসে অবস্থান করিতে পারি না অর্থাৎ পত্যাদি পুরুষান্তরের সমক্ষে অবস্থানও করিতে পারিতেছি না; তাহারা অতিতুচ্ছ, সুতরাং তাহারা আমাদের রুচিপ্রদ নহে, পরন্তু বলপূর্ব্বকই তাহাদিগের সমীপে বাস করিয়া থাকি।৩৬

শ্রীর্যৎ পদাম্বুজরজশ্চকমে তুলস্যা
লব্ধ্বাপি বক্ষসি পদং কিল ভৃত্যজুষ্টম্।
যস্যাঃ স্ববীক্ষণকৃতেঽন্যসুরপ্রয়াস-
স্তদ্বদ্ বয়ঞ্চ তব পাদরজঃ প্রপন্নাঃ ॥৩৭

তন্নঃ প্রসীদ বৃজিনার্দ্দন তেঽঙ্ঘ্রিমূলং
প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।
ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-
তপ্তাত্মনাং পুরুষভূষণ দেহি দাস্যম্ ॥৩৮

বীক্ষ্যালকাবৃতমুখং তব কুণ্ডলশ্রী-
গণ্ডস্থলাধরসুধং হসিতাবলোকম্।
দত্তাভয়ঞ্চ ভুজদণ্ডযুগং বিলোক্য
বক্ষঃ শ্রিয়ৈকরমণঞ্চ ভবাম দাস্যঃ ॥৩৯

যস্যাঃ শ্রিয়ঃ স্ববীক্ষণে (শ্রীঃ অস্মান্ বিলোকয়তু ইত্যেতদর্থং) উত অন্যসুরপ্রয়াসঃ (অন্যেষাং সুরাণাং ব্রহ্মাদীনাং প্রয়াসঃ যত্নঃ ভবতি), সা শ্রীঃ (তব) বক্ষসি পদম্ একান্তস্থানং কিল লব্ধ্বা অপি তুলস্যা সহ ভৃত্যজুষ্টং (ভৃত্যৈঃ ভক্তৈঃ জুষ্টং সেবিতং) পদাম্বুজরজঃ চকমে, তদ্বদ্ বয়ং চ তব পাদরজঃ প্রাপ্ত্যর্থং প্রপন্নাঃ আগতাঃ ॥৩৭

যস্মাৎ ত্বদুপাসনাশাঃ (ত্বদুপাসনে ত্বৎসেবনে এব আশা অভিলাষো যাসাং তাঃ তথাভূতাঃ সত্যঃ বয়ং) বসতীঃ পতিসুতাদিসহিতান্ গৃহান্ বিসৃজ্য ত্যক্ত্বা তে তব অঙ্ঘ্রি-মূলং প্রাপ্তাঃ) তৎ তস্মাৎ হে বৃজিনার্দ্দন দুঃখনাশন! হে পুরুষভূষণ সৌন্দর্য্যনিধে! ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-তপ্তাত্মনাং (তব সুন্দরস্মিতং তৎবিলসিতং যন্নিরীক্ষণং তেন জাতঃ যঃ তীব্রঃ দুঃসহবেগঃ কামঃ তেন তপ্তঃ আত্মা অন্তঃ-করণং যাসাং তাসাং) নঃ অস্মাকং প্রসীদ প্রসন্নো ভব; দাস্যং দাস্যপূর্ব্বকং রমণং দেহি সম্পাদয় ॥৩৮

অলকাবৃতমুখং (অলকৈঃ কেশৈঃ আবৃতং মুখং) কুণ্ডলশ্রী-গণ্ডস্থলাধরসুধং (কুণ্ডলয়োঃ শ্রীঃ শোভা যয়োঃ তে গণ্ডস্থলে যস্মিন্ অধরে সুধা যস্মিন্ তৎ) হসিতাবলোকং (হাসযুতঃ অবলোকঃ যত্র তৎ মুখং) বীক্ষ্য দত্তাভয়ং (দত্তং ভক্তেভ্যঃ সংসারাদভয়ং যেন তথাভূতং চ) ভুজদণ্ডযুগং তথা শ্রিয়ৈ-করমণং (শ্রিয়ঃ লক্ষ্যাঃ একং মুখ্যং রমণং রতিজনকং) তব বক্ষঃ চ বিলোক্য দাস্যঃ ভবাম ॥৩৯

যে লক্ষ্মীর নিজাবলোকনে তদ্ব্যতিরিক্ত বিষ্বক্সেন, গরুড় ও ব্রহ্মাদি যাবতীয় দেবগণেরই প্রয়াস, সেই লক্ষ্মী শ্রীনারায়ণের বক্ষঃস্থলে স্থান লাভ করিয়াও তুলসীর সহিত তোমার পাদপদ্মের ভৃত্যগণ-সেবিত রজঃকণা কামনা করিয়া থাকেন—(প্রেয়সী সমুচিত সেবাভিলাষ বিশেষ পরিত্যাগ পূর্ব্বক দাসোচিত সেবাই অভিলাষ করিয়া থাকেন)। আমরাও তদ্বৎ তোমার পাদরজের শরণাপন্না হইয়াছি ।৩৭

হে দুঃখহরণ! আমরা তোমার ভজনেই আশা ধারণপূর্ব্বক সমস্ত বন্ধু, বান্ধব ও সপরিচ্ছদ গৃহ পরিত্যাগ করিয়া তোমার চরণ-মূল প্রাপ্ত হইয়াছি। হে পুরুষভূষণ! (হে পুরুষরত্ন!) তোমার সুন্দর হাস্যসমন্বিত অবলোকন দ্বারা তীব্র স্মর-তাপে আমাদিগের মন কিংবা দেহ অভিতপ্ত হইয়াছে অতএব আমাদিগকে অনুগ্রহ কর এবং দাস্য প্রদান কর ।৩৮

তোমার কুণ্ডলযুগলের শোভাসম্পন্ন গণ্ডস্থল, সুধামিশ্রিত অধর এবং সহাস অবলোকন-বিশিষ্ট বদন ও অভয়প্রদ ভুজদণ্ডযুগল, অপিচ লক্ষ্মীর সর্ব্বদা রমণস্থল বক্ষঃস্থল দর্শন করিয়া আমরা দাসী হইব—এই প্রকার অভিলাষ হইতেছে ।৩৯

কা স্ত্র্যঙ্গ তে কলপদায়তবেণুগীত-
সম্মোহিতার্যচরিতান্ন চলেৎ ত্রিলোক্যাম্।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥৪০

ব্যক্তং ভবান্ ব্রজভয়ার্ত্তিহরোঽভিজাতো
দেবো যথাদিপুরুষঃ সুরলোকগোপ্তা।
তন্নো নিধেহি করপঙ্কজমার্ত্তবন্ধো
তপ্তস্তনেষু চ শিরঃসু চ কিঙ্করীণাম্ ॥৪১

হে অঙ্গ শ্রীকৃষ্ণ! তে তব কলপদায়তবেণুগীতসম্মোহিতা (কলানি মধুরাণি পদানি যস্মিন্ তৎ আয়তং দীর্ঘং মূর্চ্ছিতং চ যৎ বেণুগীতং তেন সম্মোহিতা আকৃষ্টচিত্তা সতী) ত্রৈলোক্য-সৌভগম্ (ত্রৈলোক্যস্য সৌভগং সৌন্দর্য্যাতিশয়যুক্তং) ইদং রূপং নিরীক্ষ্য ত্রিলোক্যাং কা সা স্ত্রী যা আর্য্যচরিতাৎ সদাচারাৎ স্বধর্ম্মাৎ ন চলেৎ, যৎ যাভ্যাং বেণুগীতশ্রবণরূপ-দর্শনাভ্যাং গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকানি অবিভ্রন্ অবিভরুঃ ॥৪০

হে আর্ত্তবন্ধো! আদিপুরুষঃ দেবঃ ভগবান্ যথা সুর-লোকগোপ্তা (রক্ষার্থম্ উপেন্দ্রাদিরূপেণ অবতরতি তথা) ভবান্ অপি ব্রজভয়ার্ত্তিহরঃ (ব্রজস্য সর্ব্বস্য ভয়ার্ত্তিহরঃ) সন্ অভিজাতঃ ইতি ব্যক্তং নিশ্চিতং স্পষ্টম্ এব; তস্মাৎ (তব) কিঙ্করীণাং নঃ অস্মাকং তপ্তস্তনেষু শিরঃসু চ করপঙ্কজং নিধেহি সংস্থাপয় ॥৪১

হে অঙ্গ কৃষ্ণ! এই ত্রিলোকমধ্যে বর্ত্তমান কোন্ স্ত্রী তোমার কলপদ-সম্বলিত দীর্ঘমূর্চ্ছিত (স্বরালাপ)-যুক্ত বেণুগানে বিমোহিতা হইয়া এবং ত্রৈলোক্য-সৌভাগ্য এই রূপ সন্দর্শন করিয়া আর্য্যচরিত (স্বধর্ম্ম) হইতে বিচলিত না হয়? পরন্তু সকল নারীই বিচলিত হয়। যে গীত ও রূপ শ্রবণ ও দর্শন দ্বারা গো, মৃগ, পক্ষী ও বৃক্ষগণ পুলকিতভাব ধারণ করিয়াথাকে, অতএব তাহার দ্যোতক শব্দ শ্রবণমাত্রেই তির্য্যক্জাতিসকলেরও নিজ নিজ ধর্ম্মত্যাগ দেখা যায়, সুতরাং আমাদের কথা কি বলিব ?৪০

আদিপুরুষ দেব নারায়ণ যেমন আপন ইচ্ছা-নুসারে সুর লোকবাসিমাত্রের রক্ষিতা হইয়া অদিতি প্রভৃতিতে আবির্ভূত হন, তদ্রূপ তুমিও ব্রজের ভয়ার্ত্তিহারী হইয়া নিশ্চয়ই সৎকুলে আবির্ভূত হইয়াছ; অতএব হে আর্ত্তবন্ধো (হে কাতরদুঃখ-ভঞ্জন)! স্বাভাবিক সুশীতল সন্তাপহারী ও আনন্দ-রসস্রাবী তাদৃশ তোমার করপঙ্কজ প্রথমতঃ কিঙ্করী আমাদিগের তপ্ত স্তনমণ্ডলে (স্মরজ্বরাক্রান্ত স্তনমণ্ডলে) এবং পশ্চাৎ মস্তকে সংস্থাপন কর।৪১

শ্রীশুক উবাচ।
ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ।
প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোঽপ্যরীরমৎ ॥৪২

তাভিঃ সমেতাভিরুদারচেষ্টিতঃ
প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিরচ্যুতঃ।
উদারহাসদ্বিজকুন্দদীধিতি-
র্ব্যরোচতৈণাঙ্ক ইবোড়ুভির্বৃতঃ ॥৪৩

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং তাসাং বিক্লবিতং পারবশ্য-প্রলপিতং শ্রুত্বা আত্মারামঃ নিজানন্দপরিপূর্ণঃ অপি যোগেশ্বরে-শ্বরঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ সদয়ং যথা ভবতি তথা প্রহস্য গোপীঃ অরীরমৎ রময়ামাস ॥৪২

প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিঃ (প্রিয়স্য ঈক্ষণেন কৃপাদৃষ্ট্যা উৎফুল্লানি মুখানি যাসাং তাভিঃ) সমেতাভিঃ সঙ্গতাভিঃ তাভিঃ (পরিবেষ্টিতঃ সন্) উড়ুভিঃ তারাভিঃ বৃতঃ এণাঙ্কঃ চন্দ্রঃ ইব উদারহাসদ্বিজকুন্দদীধিতিঃ (উদারেণ মহতা সুখপ্রদেন হাসেন দ্বিজেষু দন্তেষু কুন্দকুসুমবৎ দীধিতিঃ প্রকাশো যস্য সঃ) উদারচেষ্টিতঃ (উদারং মনোরথপূরকং চেষ্টিতং লীলা যস্য সঃ) অচ্যুতঃ চ্যুতিরহিতঃ শ্রীকৃষ্ণঃ ব্যরোচত অশোভত ॥৪৩

শ্রীশুকদেব বলিলেন—যোগেশ্বরেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ গোপাঙ্গনাগণের প্রার্থনা ও উপেক্ষাময়াত্মক প্রেমবৈক্লব্যময় রোষ ও দৈন্যোক্ত বাক্য শ্রবণ করিয়া আত্মারাম হইলেও (স্বকীয় বচনানুরূপ প্রতিবচন-শ্রবণে চিত্তের বিকাশ হওয়ায়

উপগীয়মান উদ্গায়ন্ বনিতাশতযূথপঃ।
মালাং বিভ্রদ্ বৈজয়ন্তীং ব্যচরন্মণ্ডয়ন্ বনম্ ॥৪৪

নদ্যাঃ পুলিনমাবিশ্য গোপীভির্হিমবালুকম্।
রেমে তত্তরলানন্দিকুমুদামোদবায়ুনা ॥৪৫

বাহুপ্রসারপরিরম্ভকরালকোরু-
নীবীস্তনালভননর্ম্মনখাগ্রপাতৈঃ।
ক্ষ্বেল্যাবলোকহসিতৈর্ব্রজসুন্দরীণা-
মুত্তম্ভয়ন্ রতিপতিং রময়াঞ্চকার ॥৪৬

এবং ভগবতঃ কৃষ্ণাল্লব্ধমানা মহাত্মনঃ।
আত্মানং মেনিরে স্ত্রীণাং মানিন্যোঽভ্যধিকং ভুবি॥৪৭

বনিতাশতযূথপঃ (বনিতাশতযূথানি পাতীতি সঃ শ্রীকৃষ্ণঃ) তাভিঃ উপগীয়মানঃ (স্বয়ং চ) উদ্গায়ন্ বৈজয়ন্তীং পাঞ্চবর্ণপুষ্প-গ্রথিতাং মালাং বিভ্রৎ বনং মণ্ডয়ন্ অলংকুর্ব্বন্ ব্যচরৎ ॥৪৪

তত্তরলানন্দকুমুদামোদবায়ুনা (তস্যাঃ যমুনায়াঃ তরলৈঃ তরঙ্গৈঃ আনন্দী সুখবিহারী চ অসৌ কুমুদানাম্ আমোদো যস্মিন্ স চ তেন) বায়ুনা জুষ্টং সেবিতং হিমবালুকং (হিমাঃ শৈত্যযুক্তাঃ বালুকাঃ যস্মিন্ তথাভূতং) নদ্যাঃ যমুনায়াঃ পুলিনম্ আবিশ্য গোপীভিঃ সহ রেমে ইত্যন্বয়ঃ ॥৪৫

বাহুপ্রসারপরিরম্ভকরালকোরুনীবীস্তনালভননর্ম্মনখাগ্রপাতৈঃ (বাহুপ্রসারণং, পরিরম্ভঃ বলাদাকৃষ্যালিঙ্গনং, করাভ্যাম্ অলকাদীনাম্ আলভনং স্পর্শশ্চ, নর্ম্মঃ পরিহাসঃ, নখাগ্রপাতশ্চ তৈঃ) ক্ষ্বেল্যাবলোকহসিতৈঃ (ক্ষ্বেল্যা ক্রীড়য়া অবলোকাঃ হসিতানি চ তৈঃ) ব্রজসুন্দরীণাং রতিপতিং কামম্ উত্তম্ভয়ন্ উদ্দীপয়ন্ রময়াঞ্চকার তাঃ রময়ামাস ॥৪৬

এবং মহাত্মনঃ অনাসক্তচিত্তাৎ ভগবতঃ কৃষ্ণাৎ লব্ধমানাঃ গোপ্যঃ ভুবি বর্ত্তমানানাং স্ত্রীণাং মধ্যে আত্মানম্ অত্যধিক-

রসশাস্ত্র-প্রসিদ্ধ ভাববিশেষ লাভ করিয়া) হাস্য করিতে করিতে আহ্লাদের সহিত সদয়ভাবে গোপপত্নীদিগকে বিহারে প্রবর্ত্তিত করিলেন অর্থাৎ স্বয়ংই অধিক আগ্রহ প্রকাশ করিলেন ।৪২

পূর্ণচন্দ্র যেরূপ তারকাগণে পরিবৃত হইয়া অধিক শোভাধারণ করেন, সেরূপ প্রিয়তমের দর্শনে প্রফুল্লাননা সমাবেতা গোপাঙ্গনাগণে পরিবেষ্টিত উদারচেষ্টিত (ভক্তগণের অভীষ্টদায়ক ভগবান্) অচ্যুত উদার-হাস্যে বিকশিত মল্লিকাসদৃশ দন্ত-পঙ্ক্তির কিরণ দ্বারা সমধিক শোভিত হইতে লাগিলেন ।৪৩

শত শত রমণীগণের নায়ক ভগবান্ শ্রীকৃষ্ণ (শ্রীবৃন্দাবনের শোভা সম্পাদন পূর্ব্বক) উচ্চৈঃস্বরে (সহর্ষে ভাবের উদ্বোধক চন্দ্রাদিকে) গান করিতে করিতে গোপাঙ্গনা কর্ত্তৃক উপগীত হইয়া বৈজয়ন্তী মালা ধারণ পূর্ব্বক বনরাজি অলঙ্কৃত করিয়া ভ্রমণ করিতে লাগিলেন ।৪৪

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ তরঙ্গসঙ্গে সুখবিহারী (শ্রমাপনোদক অথচ মনোরম) বিকশিতকমল-পরিমলবাহী সমীরণে (পরিষেবিত) শীতল বালুকাময় রতিযোগ্য যমুনাপুলিনে গোপাঙ্গনাদিগকে লইয়া (বৈদগ্ধীবিশেষ দ্বারা) রমণে প্রবৃত্ত হইলেন ।৪৫

শ্রীভগবান্ বাহু প্রসারণ, পরিরম্ভ (আলিঙ্গন) কর-গ্রহণ, অলক, উরু, নীবী (বস্ত্রগ্রন্থি) ও স্তন ইত্যাদির স্পর্শ এবং পরিহাস, নখাগ্রপাত, নানাবিধ ক্রীড়া অবলোকন ও হাস্য দ্বারা ব্রজসুন্দরীদিগের রতিপতি অর্থাৎ কাম বর্দ্ধিত করাইয়া রমণে প্রবৃত্ত করাইলেন ।৪৬

এইরূপে শ্রীব্রজসুন্দরীগণ মহাত্মা (অনাসক্ত-চিত্ত) স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট সম্মানলাভে এবং প্রণয়লাভে অভিমানিনী হইয়া এই ভূমণ্ডলে বর্ত্তমান যাবতীয় স্ত্রীগণের মধ্যে এবং যমুনা-পুলিনস্থ রমণীগণের মধ্যে আপনাকে অধিক বলিয়া মনে করিতে লাগিলেন; সুতরাং শ্রীকৃষ্ণের প্রতি মানিনী

তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ।
প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত ॥৪৮

মানিন্যঃ অতিশ্রেষ্ঠং মেনিরে ॥৪৭

তাসাং গোপীনাং তৎ সৌভাগ্যমদং মানং সৌন্দর্য্যাভিমানং চ বীক্ষ্য কেশবঃ (কঃ ব্রহ্মা ঈশঃ রুদ্রঃ বয়ন্তে বশয়তি যঃ সঃ কেশবঃ শ্রীকৃষ্ণঃ) প্রসাদায় (পরমানন্দমনুভাবয়িতুং) প্রশমায়

হইলেন এবং যাবতীয় স্ত্রীগণের প্রতি গর্ব্বিতচিত্তা হইলেন ।৪৭

কেশব সেই ব্রজসুন্দরীদিগের ও শ্রীবৃষভানু-কুমারীর সৌভাগ্যমদ ও মান অর্থাৎ শ্রীব্রজসুন্দরী-গণের সেই সৌভাগ্যহেতুক গর্ব্ব এবং শ্রীবৃষভানু-নন্দিনীর মান, ইহা বিশেষরূপে দর্শনপূর্ব্বক গর্ব্ব-

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯

গর্ব্ব-বিনাশায় তত্রৈব পুলিনে অন্তরধীয়ত অন্তর্হিতবান্ ॥৪৮

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥

প্রশমনে যুক্ত্যন্তর অসাধ্য মনে করিয়া এবং মানপক্ষে অনুনয়াদি করিয়াও তাহার প্রসন্নতা সম্পাদনে অসাধ্য দেখিয়া ব্রজসুন্দরীদিগের সেই সৌভগমদ প্রশমন করিবার নিমিত্ত (এবং মানিনী বৃষভানু-নন্দিনীর প্রসন্নতাসম্পাদন করিবার নিমিত্ত) সেই স্থলেই অন্তর্হিত হইলেন ।৪৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একোনত্রিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশঃ অধ্যায়ঃ ।

[গোপীভিঃ শ্রীভগবতোঽনুসন্ধানম্, যমুনাপুলিনে তদাগমনপ্রতীক্ষণঞ্চ।]

শ্রীশুক উবাচ।
অন্তর্হিতে ভগবতি সহসৈব ব্রজাঙ্গনাঃ।
অতপ্যংস্তমচক্ষাণাঃ করিণ্য ইব যূথপম্ ॥১

গত্যানুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈ-
র্মনোরমালাপবিহারবিভ্রমৈঃ।
আক্ষিপ্তচিত্তাঃ প্রমদা রমাপতে-
স্তাস্তা বিচেষ্টা জগৃহুস্তদাত্মিকাঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। এবং সহসা এব অকস্মাৎ ভগবতি কৃষ্ণে অন্তর্হিতে সতি তম্ অচক্ষাণাঃ অপশ্যন্ত্যঃ ব্রজাঙ্গনাঃ যূথপং গজরাজম্ অপশ্যন্ত্যঃ করিণ্যঃ ইব অতপ্যন্ পরিতাপং চক্রুঃ ॥১

অন্বয়ঃ

গত্যা অনুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈঃ (অনুরাগঃ স্মিতং চ তাভ্যাং বিভ্রমেক্ষিতানি সবিলাসনিরীক্ষণানি তৈঃ) মনোরমালাপ-বিহার-বিভ্রমৈঃ (মনোরমাঃ আলাপাঃ বিহারাঃ

ত্রিংশ অধ্যায়।

[গোপীগণকর্তৃক শ্রীভগবানের অনুসন্ধান এবং যমুনা-পুলিনে তাঁহার আগমনের জন্য প্রতীক্ষা।]

শ্রীশুকদেব বলিলেন—শ্রীভগবান্ সহসা অন্তর্হিত হইলে শ্রীব্রজাঙ্গনাগণ তাঁহাকে দর্শন করিতে না পাইয়া যূথপতি মত্ত গজেন্দ্রের অদর্শনে করিণীগণের ন্যায় সন্তাপ করিতে লাগিলেন ।১

প্রমদাগণ রমাপতি শ্রীকৃষ্ণের সাধারণ গতি এবং অনুরাগ (স্ব-বিষয়ক কান্ত-যোগ্য ভাব) ও হাস্য

গতিস্মিতপ্রেক্ষণভাষণাদিষু
প্রিয়াঃ প্রিয়স্য প্রতিরূঢ়মূর্ত্তয়ঃ।
অসাবহন্ত্বিত্যবলাস্তদাত্মিকা
ন্যবেদিষুঃ কৃষ্ণবিহারবিভ্রমাঃ ॥৩

গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা
বিচিক্যুরুন্মত্তকবদ্ বনাদ্ বনম্।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহি-
র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্ ॥৪

দৃষ্টো বঃ কচ্চিদশ্বত্থ প্লক্ষ ন্যগ্রোধ নো মনঃ।
নন্দসূনুর্গতো হৃত্বা প্রেমহাসাবলোকনৈঃ ॥৫

কচ্চিৎ কুরবকাশোক-নাগপুন্নাগচম্পকাঃ।
রামানুজো মানিনীনামিতো দর্পহরস্মিতঃ ॥৬

ক্রীড়াঃ, বিভ্রমাঃ মোহিকাশ্চেষ্টাঃ তৈঃ) আক্ষিপ্তচিত্তাঃ (আক্ষিপ্তানি আকৃষ্টানি চিত্তানি যাসাং তাঃ) তদাত্মিকাঃ প্রাপ্ত-তদভেদাভিমানাঃ প্রমদাঃ গোপ্যঃ রমাপতেঃ কৃষ্ণস্য তাঃ তাঃ বিচেষ্টাঃ পূতনা-পয়ঃপানাদি-লীলাঃ জগৃহুঃ কৃতবত্যঃ ॥২

প্রিয়স্য কৃষ্ণস্য গতিস্মিতপ্রেক্ষণভাষণাদিষু প্রতিরূঢ়-মূর্ত্তয়ঃ (প্রতিরূঢ়াঃ আবিষ্টাঃ মূর্ত্তয়ঃ চেতাংসি যাসাং তাঃ) তদাত্মিকাঃ প্রিয়াঃ অবলাঃ গোপ্যঃ তু কৃষ্ণবিহারবিভ্রমাঃ (কৃষ্ণস্য এব বিহার-বিভ্রমাঃ ক্রীড়াবিলাসাঃ যাসাং তাঃ) অহম্ অসৌ কৃষ্ণঃ ইতি (পরস্পরং) ন্যবদিষুঃ নিবেদিতবত্যঃ ॥৩

কিঞ্চ সংহতাঃ মিলিতাঃ সত্যঃ উচ্চৈঃ গায়ন্ত্যঃ বনাৎ বনান্তরং গচ্ছন্ত্যঃ অমুং শ্রীকৃষ্ণম্ এব উন্মত্তকবৎ বিচিক্যুঃ অমৃগয়ন্। (যতঃ) আকাশবৎ ভূতেষু চরাচরেষু বহিঃ অন্তরং ব্যাপ্য সন্তং বর্ত্তমানং পুরুষং পূর্ণং (অপি শ্রীকৃষ্ণং) বনস্পতীন্ পপ্রচ্ছুঃ জিজ্ঞাসয়ামাসুঃ ॥৪

হে অশ্বত্থ প্লক্ষ ন্যগ্রোধ! বঃ যুষ্মাভিঃ কচিৎ নন্দসূনুঃ দৃষ্টঃ, (যঃ) প্রেমহাসাবলোকনৈঃ নঃ অস্মাকং মনঃ হৃত্বা (চৌরঃ ইব) গতঃ ॥৫

হে কুরবকাশোক-নাগ-পুন্নাগ-চম্পকাঃ! মানিনীনাং গর্ব্ব-বতীনাম্ অস্মাকং দর্পহরস্মিতঃ (দর্পহরং স্মিতং যস্য সঃ) রামানুজঃ কৃষ্ণঃ ইতঃ (অনেন মার্গেণ) কচিৎ গতঃ (বঃ দৃষ্টঃ) ॥৬

দ্বারা বিভ্রমেক্ষিত এবং মনোরম আলাপ, বিহার (শৃঙ্গারচেষ্টা) ও বিভ্রম (শৃঙ্গারভাব-বিশেষ) দ্বারা আকৃষ্ট চিত্তা ও কৃষ্ণমনা বা কৃষ্ণময়ী হইয়া পূর্ব্বোক্ত তত্তৎ বিবিধ চেষ্টা গ্রহণ করিলেন।২

শ্রীকৃষ্ণাত্মিকা শ্রীকৃষ্ণপ্রিয়া অবলাগণ প্রিয়তমের যে গতি, মধুর-হাস্য, মনোহর-দর্শন, মধুর-সম্ভাষণ, বিহার ও বিভ্রম তাহাতে প্রতিরূঢ়মূর্ত্তি (আবিষ্টচিত্তা) ও শ্রীকৃষ্ণবিহারবিভ্রমা হইয়া "আমিই সেই কৃষ্ণ, কিংবা সেই কৃষ্ণই আমি" এই প্রকারে পরস্পর নিবেদন করিতে লাগিলেন।৩

ব্রজাঙ্গনাগণ শ্রীকৃষ্ণকে ইতস্ততঃ অন্বেষণ করিবার নিমিত্ত পরস্পর মিলিত হইয়া শ্রীকৃষ্ণকেই উচ্চৈঃস্বরে গান করিতে করিতে উন্মত্তের ন্যায় বন হইতে বনান্তরে অন্বেষণ করিতে লাগিলেন, এবং আকাশবৎ অর্থাৎ আকাশ যেমন অন্তরে বাহিরে ব্যাপিয়া থাকে, তদ্রূপ সর্ব্বজীবের অন্তরে বাহিরে অবস্থিত পরম পুরুষ শ্রীকৃষ্ণের কথা বনস্পতিগণকে জিজ্ঞাসা করিতে লাগিলেন।৪

হে অশ্বত্থ! হে প্লক্ষ! (হে পাকুড় বৃক্ষ!) হে ন্যগ্রোধ! (হে বট!) নন্দ-নন্দন শ্রীগোবিন্দ সপ্রেম হাস্যাবলোকন দ্বারা আমাদিগের মনোহরণ করিয়া গিয়াছেন। তোমরা কি তাঁহাকে দেখিয়াছ?৫

হে কুরবক! হে অশোক! হে নাগ! হে পুন্নাগ! হে চম্পক! যাঁহার সুমধুর হাস্যে মানিনী-দিগের দর্প চূর্ণ হয়, সেই রামানুজ শ্রীকৃষ্ণ কি এই পথে গমন করিয়াছেন? তোমরা কি তাঁহাকে দেখিয়াছ? কিংবা এখানেই কি কোন স্থানে লুক্কায়িত হইয়া রহিয়াছেন?৬

কচ্চিৎ তুলসি কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে।
সহ ত্বালিকুলৈর্বিভ্রৎ দৃষ্টস্তেঽতিপ্রিয়োঽচ্যুতঃ ॥৭

মালত্যদর্শি বঃ কচ্চিন্মল্লিকে জাতি যূথিকে।
প্রীতিং বো জনয়ন্ যাতঃ করস্পর্শেন মাধবঃ ॥৮

চূতপ্রিয়ালপনসাসনকোবিদার-
জম্বর্কবিল্ববকুলাম্রকদম্বনীপাঃ।
যেঽন্যে পরার্থভবকা যমুনোপকূলাঃ
শংসন্তু কৃষ্ণপদবীং রহিতাত্মনাং নঃ ॥৯

কিং তে কৃতং ক্ষিতি তপো বত কেশবাঙ্ঘ্রি-
স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রিসম্ভব উরুক্রমবিক্রমাদ্ বা
আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন ॥১০

হে গোবিন্দ-চরণ-প্রিয়ে কল্যাণি তুলসি। অলিকুলৈঃ সহ ত্বা ত্বাং বিভ্রৎ অতিপ্রিয়ঃ অচ্যুতঃ কৃষ্ণঃ তে ত্বয়া দৃষ্টঃ ॥৭

হে মালতি মল্লিকে জাতি যূথিকে। করস্পর্শেন বঃ যুষ্মাকং প্রীতিং জনয়ন্ মাধবঃ কৃষ্ণঃ কচিৎ যাতঃ, যুষ্মাভিঃ অদর্শি দৃষ্টঃ ॥৮

হে চূত-প্রিয়াল-পনসাসন-কোবিদার-জম্ব্বর্ক-বিল্ব-বকুলাম্র-কদম্ব-নীপাঃ। যে অন্যে পরার্থভবকাঃ (পরার্থং ভবঃ জন্ম যেষাং তে) যমুনোপকূলাঃ যমুনাকূলসমীপে বর্ত্তমানাঃ বৃক্ষাঃ তীর্থবাসিনঃ রহিতাত্মনাং (কৃষ্ণাকৃষ্টত্বেন শূন্যাত্মনাং শূন্যচেতসাং) নঃ অস্মাকং কৃষ্ণপদবীং কৃষ্ণপ্রাপ্তিমার্গং শংসন্তু কথয়ন্তু ॥৯

হে ক্ষিতি ক্ষিতে। তে ত্বয়া কিং তপঃ কৃতং, বত (যতঃ) কেশবাঙ্ঘ্রিস্পর্শোৎসবা (কেশবস্য কৃষ্ণস্য অঙ্ঘ্রিস্পর্শেন উৎসবঃ যস্যাঃ তথাভূতা ত্বং) বিভাসি, তথা অঙ্গরুহৈঃ হরিত-তৃণাদিভিঃ উৎপুলকিতা রোমাঞ্চিতা বিভাসি শোভসে। (অয়ম্ উৎসবঃ কিম্) অঙ্ঘ্রিসম্ভবঃ (ইদানীং তব একদেশ-তদঙ্ঘ্রিস্পর্শসম্ভূতঃ অপি উরুক্রমবিক্রমাৎ (পূর্ব্বমেব ত্রিবিক্রমস্য পদা সর্ব্বাক্রমণাৎ) বা আহো অথবা (ততোঽপি পূর্ব্বং বরাহাবতারস্য তস্য বপুষঃ) পরিরম্ভণেন ॥১০

হে কল্যাণি! (হে জগমঙ্গলকারিণি কিংবা হে পরম সৌভাগ্যবতি!) হে গোবিন্দচরণপ্রিয়ে তুলসি! যিনি অলিকুলের সহিত বর্ত্তমান তোমাকে ইতিপূর্ব্বে বৈজয়ন্তীমালার অন্তর্গতস্বরূপে কিংবা অধুনাই চয়ন করিয়া মালাদিরূপে ধারণ করিয়াছেন, সেই তোমার অতিপ্রিয় অচ্যুতকে কি দর্শন করিয়াছ?৭

হে মালতি! হে মল্লিকে! হে জাতি! হে যূথিকে! শ্রীমাধব করস্পর্শ দ্বারা তোমাদিগের প্রীতি-উৎপাদন করিয়া এই দিক্ দিয়া গমন করিয়াছেন কি? তোমরা তাঁহাকে দেখিয়াছ কি?৮

হে চূত! হে প্রিয়াল! হে পনস! হে অসন! হে কোবিদার! হে জম্বো! হে অর্ক! হে বিল্ব! হে বকুল! হে আম্র! হে কদম্ব! হে নীপ! হে নারিকেল! হে গুবাকাদি অন্যান্য তরুগণ! তোমরা পরের উপকার সাধন করিবার নিমিত্ত বৃক্ষজন্ম গ্রহণ করিয়া যমুনার উপকূলে আশ্রয় লইয়া তীর্থবাসী হইয়াছ। আমরা কৃষ্ণ-বিরহে আত্মহারা হইয়াছি, সুতরাং শ্রীকৃষ্ণ কোন্ পথে গমন করিয়াছেন, তাহা আমাদিগের নিকট বর্ণন কর।৯

হে ধরিত্রি! হায়! তুমি কি তপস্যা করিয়াছ যে স্নিগ্ধ দূর্ব্বাঙ্কুরচ্ছলে পুলকধারণপূর্ব্বক শ্রীভগবানের পাদপদ্ম স্পর্শসঞ্জাত আনন্দে আনন্দিতা হইয়া শোভিতা হইতেছ। এই আনন্দ কি তোমার অঙ্গে শ্রীভগবানের চরণতলস্পর্শজাত? কিংবা শ্রুতি-বর্ণিত ত্রিবিক্রমের চরণনিক্ষেপ দ্বারা সর্ব্বক্রম-সম্ভূত, অথবা-বরাহ-অবতারে বরাহবপুর আলিঙ্গন দ্বারা হইয়াছে? তাহা বর্ণন কর।১০

অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ-
স্তন্বন্ দৃশাং সখি সুনির্বৃতিমচ্যুতো বঃ।
কান্তাঙ্গসঙ্গকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ
কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ ॥১১
বাহুং প্রিয়াংস উপধায় গৃহীতপদ্মো
রামানুজস্তুলসিকালিকুলৈর্মদান্ধৈঃ।
অন্বীয়মান ইহ বস্তরবঃ প্রণামং
কিং বাভিনন্দতি চরন্ প্রণয়াবলোকৈঃ ॥১২

হে সখি এণপত্নি হরিণপত্নি! গাত্রৈঃ সুন্দর-মুখাদিভিঃ বঃ যুষ্মাকং দৃশাং সুনির্বৃতিং সুখং বিতন্বন্ বিস্তারয়ন্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ প্রিয়য়া সহ কিম্ উপগতঃ সমীপং প্রাপ্তঃ, যতঃ কুলপতেঃ গোকুলপতেঃ কৃষ্ণস্য কান্তাঙ্গ-সঙ্গ-কুচ-কুঙ্কুম-রঞ্জিতায়াঃ (কান্তায়াঃ অঙ্গসঙ্গেন আলিঙ্গনেন তৎ-কুচ-কুঙ্কুমেন রঞ্জিতায়াঃ) কুন্দস্রজঃ কুন্দ-কুসুমস্রজঃ গন্ধঃ ইহ বাতি আগচ্ছতি ॥১১

হে তরবঃ! গৃহীতপদ্মঃ (গৃহীতং [দক্ষিণপাণিনা] লীলা-পদ্মং যেন সঃ) মদান্ধৈঃ (মদেন অন্ধৈঃ) তুলসিকালিকুলৈঃ (তুলসিকায়াঃ অলিকুলৈঃ) অন্বীয়মানঃ অনুগম্যমানঃ রামানুজঃ শ্রীকৃষ্ণঃ প্রিয়াংসে (প্রিয়ায়াঃ অংসে স্কন্ধে) বামবাহুম্ উপধায় ইহ চরন্ বিচরন্ প্রণয়াবলোকৈঃ প্রণয়সহিতৈঃ অবলোকৈঃ বঃ

সখি হরিণপত্নী! ভগবান্ শ্রীকৃষ্ণ প্রিয়তমার সহিত মনোহর স্বীয় অঙ্গদ্বারা তোমাদিগের নেত্রের নিরতিশয়-আনন্দ বিধান করত এইবনে আসিয়াছেন কি? যেহেতু এইস্থানে গোকুলপতি শ্রীকৃষ্ণের প্রিয়তমার অঙ্গস্পর্শে তাহার স্তনতটলিপ্ত কুঙ্কুমদ্বারা রঞ্জিত কুন্দপুষ্প গ্রথিত মালার গন্ধ বহিতেছে।১১

হে তরুগণ! ভগবান্ শ্রীরামানুজ প্রিয়ার স্কন্ধে বাহু নির্ভরপূর্ব্বক তুলসীর রসপান মদে অন্ধ-ভ্রমর-কুলে অনুগম্যমান হইয়া পদ্মগ্রহণ পূর্ব্বক এই স্থানে বিচরণ করত সপ্রণয় দর্শনে তোমাদের প্রণতির অভিনন্দন করিয়াছেন কি?১২

হে সখিগণ! কৃষ্ণ-সঙ্গের চিহ্নধারিণী এই লতা সকলকে জিজ্ঞাসা কর। (যদি বল—ইহারা

পৃচ্ছতেমা লতা বাহূনপ্যাশ্লিষ্টা বনস্পতেঃ।
নূনং তৎকরজস্পৃষ্টা বিভ্রত্যুৎপুলকান্যহো ॥১৩
ইত্যুন্মত্তবচো গোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ।
লীলা ভগবতস্তাস্তা হ্যনুচক্রুস্তদাত্মিকাঃ ॥১৪
কস্যাশ্চিৎ পূতনায়ন্ত্যাঃ কৃষ্ণায়ন্ত্যপিবৎ স্তনম্।
তোকায়িত্বা রুদত্যন্যা পদাহন্ শকটায়তীম্ ॥১৫
দৈত্যায়িত্বা জহারান্যামেকা কৃষ্ণার্ভভাবনাম্।
রিঙ্গয়ামাস কাপ্যঙ্ঘ্রী কর্ষন্তী ঘোষনিঃস্বনৈঃ ॥১৬

যুষ্মাকং প্রণামং কিম্ অভিনন্দতি বা ॥১২

হে সখ্যঃ! ইমাঃ লতাঃ পৃচ্ছত, যতঃ বনস্পতেঃ স্বপতেঃ বাহূন্ স্কন্ধান্ আশ্লিষ্টাঃ অপি এতাঃ নূনং নিশ্চিতং তৎ. করজ-স্পৃষ্টাঃ (তত্র কৃষ্ণস্য পুষ্পাবচয়ং কুর্ব্বতো করজৈঃ নখৈঃ স্পৃষ্টাঃ), যতঃ অহো! উৎপুলকানি বিভ্রতি ॥১৩

ইতি এবম্ উন্মত্তবচঃ (উন্মত্তস্য ইব বচাংসি যাসাং তাঃ) গোপ্যঃ কৃষ্ণান্বেষণ-কাতরাঃ অতিবিহ্বলাঃ তদাত্মিকাঃ তদভেদাভিমানবত্যঃ চ সত্যঃ তাঃ তাঃ ভগবতঃ লীলাঃ হি অনুচক্রুঃ অনুকৃতবত্যঃ ॥১৪

পূতনায়ন্ত্যাঃ পূতনাবদাচরন্ত্যাঃ কস্যাশ্চিৎ গোপ্যাঃ স্তনং কৃষ্ণায়ন্তী কৃষ্ণবদাচরন্তী গোপী অপিবৎ। তোকায়িত্বা (শিশুবৎ আত্মানং কৃত্বা) রুদতী সতী অন্যা গোপী শকটায়তীং

স্ব স্ব পতিসঙ্গতা হইয়া বিরাজ করিতেছে, সুতরাং ইহাদের কৃষ্ণসঙ্গতি অসম্ভব? তদুত্তরে বলিতেছি) ইহাদের কি সৌভাগ্য? যেহেতু স্বপতি বনস্পতির স্কন্ধরূপ বাহু আলিঙ্গন করিয়াও শ্রীকৃষ্ণের নখর দ্বারা স্পৃষ্টা হইয়া নিশ্চয়ই উৎপুলক ধারণ করিতেছে।১৩

এই প্রকারে উন্মত্তবচনা গোপীগণ শ্রীকৃষ্ণান্বেষণে অতিকাতরা (বিরহদুঃখে তদন্বেষণ করিতেও অসমর্থা) ও তদাত্মিকা হইয়া সময়ে সময়ে শ্রীকৃষ্ণের পূতনা-বধাদি তত্তৎ (অর্থাৎ ৪র্থ শ্লোকোক্ত যে যে লীলাসকল উচ্চৈঃস্বরে গান করিতেছিলেন, সেই সেই) লীলাসমূহ অনুকরণ করিতে লাগিলেন।১৪

শ্রীকৃষ্ণের ন্যায় আচরণকারিণী কোন গোপাঙ্গনা

কৃষ্ণরামায়িতে দ্বে তু গোপায়ন্ত্যশ্চ কাশ্চন।
বৎসায়তীং হন্তি চান্যা তত্রৈকা তু বকায়তীম্ ॥১৭
আহূয় দূরগা যদ্বৎ কৃষ্ণস্তমনুবর্ত্ততীম্।
বেণুং কণন্তীং ক্রীড়ন্তীমন্যাঃ শংসন্তি সাধ্বিতি ॥১৮

কস্যাঞ্চিৎ স্বভুজং ন্যস্য চলন্ত্যাহাপরা নমু।
কৃষ্ণোঽহং পশ্যত গতিং ললিতামিতি তন্মনাঃ ॥১৯
মা ভৈষ্ট বাতবর্ষাভ্যাং তত্ত্রাণং বিহিতং ময়া।
ইত্যুক্ত্বৈকেন হস্তেন যতন্ত্যুন্নিদধেঽম্বরম্ ॥২০

গোপীং পদা অহন্ তত্তাড় ॥১৫

একা গোপী দৈত্যায়িত্বা (তৃণাবর্ত্ত-দৈত্যবদাত্মানং কৃত্বা) কৃষ্ণার্ভ-ভাবনাম্ (কৃষ্ণস্য অর্ভং বাল্যং ভাবয়তি যা তাং) অন্যাং জহার; কাপি ঘোষনিঃস্বনৈঃ (ঘোষাঃ কিঙ্কিন্যঃ তাসাং নিঃস্বনৈঃ, সহিতো) অঙ্ঘ্রী কর্ষন্তী কাচিৎ রিঙ্গয়ামাস জানু-পাণিনা চচাল ॥১৬

দ্বে গোপ্যৌ তু কৃষ্ণরামায়িতে কৃষ্ণরামবৎ জাতে, কাশ্চন গোপ্যঃ গোপয়ন্ত্যঃ গোপবালবজ্জাতাঃ, তত্র তাসু গোপীষু মধ্যে বৎসায়তীং বৎসাসুরবৎ চরন্তীং গোপীম্ অন্যা কৃষ্ণবৎ বর্ত্তমানা হন্তি, তথা একা বকায়তীং বকাসুরবৎ আচরন্তীম্ অন্যা হন্তি চ ॥১৭

যদ্বৎ যথা কৃষ্ণঃ (গাঃ আহ্বয়তি তথা) দূরগাঃ দূরে বর্ত্তমানাঃ গাঃ আহূয় তং কৃষ্ণম্ অনুকুর্ব্বতি। অন্যাঃ গোপবাল-ভাবনা-যুক্তাঃ বেণুং কণন্তীং ক্রীড়ন্তীং সাধু সাধ্বিতি শংসন্তি প্রশশংসুঃ ॥১৮

কাচিৎ তু তন্মনাঃ কৃষ্ণাভেদাভিমান-যুক্তা কস্যাঞ্চিৎ স্বভুজম্ অন্যস্যাঃ ভুজে ন্যস্য নিধায় চলন্তী পাদন্যাসং কুর্ব্বতী সতী হে সখ্যঃ! অহং কৃষ্ণ! মমললিতাং সুন্দরাং গতিং পশ্যত ইতি অপরা আহ ॥১৯

কাচিৎ বাতবর্ষাভ্যাং মা ভৈষ্ট ভয়ং মা কার্ষ্ট; যতঃ তত্ত্রাণং তাভ্যাং বাতবর্ষাভ্যাং ত্রাণং রক্ষণং ময়া বঃ যুষ্মাকং বিহিতম্ ইতি উক্ত্বা যতন্তী প্রযত্নং কুর্ব্বন্তী একেন হস্তেন অম্বরম্ উত্তরীয়ং

পূতনার ন্যায় আচরণকারিণী অপর কোন গোপাঙ্গনার দুগ্ধ পান করিতে লাগিলেন, অর্থাৎ দুগ্ধ-পানের অনুকরণমাত্র করিতে লাগিলেন। কেহ বা আপনাকে বালকের ন্যায় করিয়া শকটের ন্যায় আচরণকারিণী অপর গোপাঙ্গনাকে পাদ দ্বারা প্রহার করিতে লাগিলেন।১৫

কোন এক গোপী আপনাকে তৃণাবর্ত্ত দৈত্যের ন্যায় আচরণ করিয়া শ্রীকৃষ্ণের বাল্যভাবনাবতী কিংবা শ্রীকৃষ্ণের বাল্যবাসনাযুক্তা কোন গোপীকে হরণ করিলেন অর্থাৎ তদভয়াবেশে তৎ হরণের অনুকরণ মাত্র করিয়া দেখাইলেন।

কিঙ্কিণীধ্বনিযুক্তা কোন গোপী চরণযুগল আকর্ষণ করিতে করিতে রিঙ্গণ ক্রীড়া করিতে প্রবৃত্তা হইলেন অর্থাৎ হামাগুড়ি দিয়া চলিতে লাগিলেন।১৬

অন্যা দুই গোপী শ্রীকৃষ্ণ ও রামের ন্যায় ক্রীড়া করিতে লাগিলেন, অপর কতগুলি গোপী গোপ-বালকদিগের ন্যায় এবং বৎসদিগের ন্যায় ক্রীড়া করিতে লাগিলেন।

তখন সেই স্থলে কৃষ্ণসদৃশ আচরণকারিণী কোন গোপী বৎসাসুরের ন্যায় আচরণকারিণী অন্যা গোপীকে গ্রহণ ও ভ্রামণ পূর্ব্বক হননের অনুকরণ করিতে লাগিলেন।১৭

যেরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ বংশীধ্বনি দ্বারা দূরস্থিত গাভীদিগকে আহ্বান করেন, সেইরূপ শ্রীকৃষ্ণের অনুকরণকারিণী কোন গোপাঙ্গনা বেণুরব দ্বারা গোসকলকে আহ্বান করিয়া ক্রীড়া করিতে লাগিলেন, গোপম্মন্যা অন্যা গোপীগণ কৃষ্ণানুকারিণী ঐ গোপীকে "সাধু সাধু" বলিয়া প্রশংসা করিতে লাগিলেন।১৮

শ্রীকৃষ্ণরূপিণী কোন গোপিকা অপর কোন গোপিকার স্কন্ধদেশে স্বকীয় ভুজলতা সমর্পণ করিয়া চলিতে চলিতে বলিতে লাগিলেন, হে সখীগণ আমি শ্রীকৃষ্ণ, তোমরা আমার মনোরম গমন অবলোকন কর। (আমি রূপ ও গুণাদিদ্বারা সম্পূর্ণরূপে কৃষ্ণ হইয়াছি, অতএব "আমার আশ্রয়ভূতা ললিতানাম্নী গোপীকে অবলোকন কর" এই

আরুহৈকা পদাক্রম্য শিরস্যাহাপরাং নৃপ।
দুষ্টাহে গচ্ছ জাতোঽহং খলানাং ননু দণ্ডধৃক্ ॥২১
তত্রৈকোবাচ হে গোপা দাবাগ্নিং পশ্যতোল্বণম্।
চক্ষূংষ্যাশ্বপিদধ্বং বো বিধাস্যে ক্ষেমমঞ্জসা ॥২২
বদ্ধান্যয়া স্রজা কাচিৎ তন্বী তত্র উলূখলে।
ভাতা সুদৃক্ পিধায়াস্যং ভেজে ভীতিবিড়ম্বনম্ ॥২৩

এবং কৃষ্ণং পৃচ্ছমানা বৃন্দাবনলতাস্তরূন্।
ব্যচক্ষত বনোদ্দেশে পদানি পরমাত্মনঃ ॥২৪
পদানি ব্যক্তমেতানি নন্দসূনোর্মহাত্মনঃ।
লক্ষ্যন্তে হি ধ্বজাম্ভোজ-বজ্রাঙ্কুশযবাদিভিঃ ॥২৫
তৈস্তৈঃ পদৈস্তৎপদবীমন্বিচ্ছন্ত্যোঽগ্রতোঽবলাঃ।
বধ্বাঃ পদৈঃ সুপৃক্তানি বিলোক্যার্তাঃ সমব্রুবন্ ॥২৬

বস্ত্রম্ উন্নিদধে ঊর্দ্ধং ধৃতবতী ॥২০

হে নৃপ। একা কৃষ্ণবদ্ বর্ত্তমানা পদা শিরসি আক্রম্য আরুহ্য অপরাং তাং কালিয়বৎ বর্ত্তমানাং প্রতি হে দুষ্টাহে। গচ্ছ ইতো হ্রদাদপসর। ননু খলানাং দণ্ডধৃক্ এব অহং জাতঃ। তত্র গোপীষু মধ্যে একা (কৃষ্ণায়িতা গোপবদ্বর্ত্তমানাং প্রতি আহ) রে গোপাঃ উল্বণং ভয়ঙ্করং দাবাগ্নিং পশ্যত। আশু চক্ষূংষি অপিদধ্বং নিমীলয়ত, বঃ যুষ্মাকং ক্ষেমং নির্ভয়ত্বম্ অহম্ অঞ্জসা অনায়াসেন বিধাস্যে করিষ্যামি (ইতি উবাচ) ॥২২

তথা কাচিৎ তন্বী কোমলাঙ্গী কৃষ্ণবদ্বর্ত্তমানা অন্যয়া যশোদাবদ্ বর্ত্তমানয়া স্রজা মালয়া হৈয়ঙ্গবং নবনীতম্ উদস্ত ইতি ভাণ্ডভেত্তারম্ উদূখলে বধ্নামি ইতি বদ্ধা অতএব ভীতা সুদৃক্ (শোভনে দৃশৌ নেত্রে যস্মিন্ তৎ) আস্যং মুখং পিধায় হস্তাভ্যাম্ আচ্ছাদ্য ভীতিবিড়ম্বনং ভয়ানুকরণং ভেজে চকার ॥২৩

এবং কৃষ্ণলীলাঃ কুর্ব্বন্ত্যঃ পুনঃ বৃন্দাবনলতাস্তরূন্ কৃষ্ণং পৃচ্ছমানাঃ গোপ্যঃ বনোদ্দেশে বনপ্রদেশে পরমাত্মনঃ কৃষ্ণস্য পদানি (ভূমৌ রজসি) চিহ্নতয়া উদ্ধৃতানি ব্যচক্ষত অপশ্যন্ ॥২৪

মহাত্মনঃ উদারচিত্তস্য, নন্দ-সূনোঃ (নন্দস্য সূনুঃ পুত্রঃ তস্য) কৃষ্ণস্য এতানি পদানি হি ধ্বজাম্ভোজ-বজ্রাঙ্কুশ-যবাদিভিঃ ব্যক্তং স্পষ্টং লক্ষ্যন্তে ॥২৫

এবং তৈঃ তৈঃ ধ্বজাদিচিহ্নিতৈঃ পদৈঃ তৎপদবীম্ (তস্য

শ্রীকৃষ্ণের উক্তি তোমাদের মনে পড়ে কি ?)১৯

শ্রীকৃষ্ণের ন্যায় আচরণকারিণী কোন গোপিকা বলিলেন, "তোমরা বায়ু ও বর্ষার জন্য ভয় করিও না, যেহেতু আমিই তোমাদের বায়ু বর্ষা হইতে রক্ষা করিতেছি" এই কথা বলিয়া ঐ গোপিকা অতিযত্নে এক হস্ত দ্বারা স্বকীয় উত্তরীয় বস্ত্র ঊর্দ্ধে বিস্তার করিয়া ধরিলেন।২০

হে রাজন্! অপরা কোন গোপী শ্রীকৃষ্ণের রূপ ধারণ করিয়া কালিয়রূপিণী কোন গোপীর মস্তকে পদ দ্বারা আরোহণ করিয়া বলিতে লাগিলেন—অরে দুষ্ট কালিয়! তুমি এ স্থান হইতে দূরীভূত হও, অন্যথা আমি তোমার দণ্ডবিধান করিব ; যেহেতু আমি খলনিগ্রহের জন্য জন্ম গ্রহণ করিয়াছি।২১

হে গোপগণ! তোমরা দুঃসহ দাবাগ্নি দেখিতে পাইতেছ ; অতএব শীঘ্র নিজ নিজ চক্ষু নিমীলিত কর, আমি অতি শীঘ্রই তোমাদের মঙ্গল বিধান করিতেছি।২২

গোপীগণের মধ্যে শ্রীব্রজেশ্বরী যশোদার অনুকরণকারিণী কোন গোপিকা, "আমি দধিমন্থন-ভাণ্ড-ভগ্নকারী এই নবনীত চোরকে বন্ধন করি" এই কথা বলিয়া উদূখলানুকারিণী কোন গোপীতে কোন গোপীকে স্বকীয় মাল্য দ্বারা বন্ধন করিতে লাগিলে, বিরহদুঃখে কৃশতাপ্রাপ্তা কৃষ্ণের ন্যায় অনুকরণকারিণী সেই গোপিকা ভাবনায় ভীতা হইয়া করযুগলে সুলোচন বদন আচ্ছাদন করিয়া ভয়ানুকরণ অর্থাৎ দেহকম্পনাদি এবং ঈষৎ রোদন ও বাক্যাদির অণুকরণ করিতে লাগিলেন।২৩

এইরূপে (অর্থাৎ তত্তৎ-লীলার পুনঃ পুনঃ গান ও অনুকরণকরত) সকল গোপাঙ্গনা বৃন্দাবনস্থ বৃক্ষ-লতাদিকে শ্রীকৃষ্ণের কথা জিজ্ঞাসা করিতে করিতে বনের একদেশে সকলের মূলস্বরূপ পরমাত্মার পাদচিহ্নসকল দেখিতে পাইলেন।২৪

তদ্দর্শনে ব্রজসুন্দরীগণ পরস্পর বলিতে লাগিলেন—

কস্যাঃ পদানি চৈতানি যাতায়া নন্দসূনুনা।
অংসন্যস্তপ্রকোষ্ঠায়াঃ করেণোঃ করিণা যথা ॥২৭

অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্ রহঃ ॥২৮

ধন্যা অহো অমী আল্যো গোবিন্দাঙ্‌ঘ্র্যব্জরেণবঃ।
যান্ ব্রহ্মেশৌ রমা দেবী দধুর্মূর্দ্ধ্ন্যঘনুত্তয়ে ॥২৯

তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ।
যৈকাপহৃত্য গোপীনাং রহো ভুঙ্‌ক্তেঽচ্যুতাধরম্ ॥৩০

কৃষ্ণস্য পদবীং স্থিতিম্) অবিচ্ছিন্নাঃ অন্বেষয়ন্ত্যঃ অবলাঃ গোপ্যঃ অগ্রতঃ কস্যাশ্চিৎ বধ্বাঃ পদৈঃ সুপৃক্তানি অন্তরান্তরা সম্মিলিতানি তৎপদানি বিলোক্য আর্ত্তাঃ দুঃখিতাঃ সত্যঃ সমব্রুবন্ পরস্পরম্ উচুঃ ॥২৬

করিণা সহ গচ্ছন্ত্যাঃ করেণোঃ যথা তথা নন্দসুনুনা সহ যাতায়াঃ অংসন্যস্তপ্রকোষ্ঠায়াঃ (অংসে স্কন্ধে ন্যস্তঃ স্থাপিতঃ প্রকোষ্ঠঃ যস্যাঃ তস্যাঃ) কস্যাঃ চ এতানি পদানি ইতি ॥২৭

নূনং নিশ্চিতম্ অনয়া ভগবান্ ঈশ্বরঃ হরিঃ (ভক্তদুঃখহর্ত্তা) আরাধিতঃ, যৎ যস্মাৎ নঃ অস্মান্ বিহায় প্রীতঃ সন্ গোবিন্দঃ যাং রহঃ একান্তে অনয়ৎ ॥২৮

আল্যঃ হে সখ্যঃ! অমী গোবিন্দাঙ্‌ঘ্র্যব্জরেণবঃ (গোবিন্দস্য অঙ্‌ঘ্রিরেব অব্জং তস্য রেণবঃ) অহো ধন্যাঃ পুরুষার্থপ্রদাঃ যান্ রেণূন্ অঘনুত্তয়ে পুরুষার্থপ্রতিবন্ধকদোষনিবৃত্তয়ে ব্রহ্মেশৌ রমাদেবী চ মূর্দ্ধ্না দধুঃ ॥২৯

গোপীনাং ধনম্ (সর্ব্বস্বং) অচ্যুতাধরং কৃষ্ণাধরামৃতম্ একা এব অপহৃত্য (রহঃ এ [ ]ন্তে ইত্যপি পাঠঃ) যা ভুঙ্‌ক্তে, তস্যাং যৎ যানি অমূনি পদানি (তানি) নঃ অস্মাকম্ উচ্চৈঃ ভৃশং ক্ষোভং দুঃখং কুর্ব্বন্তি ॥৩০

পরমপুরুষোত্তম নন্দ-নন্দনের এই চরণ-চিহ্ন যেহেতু এই পদ্ম, বজ্র অঙ্কুশ ও যবাদি চিহ্ন দ্বারা স্পষ্টই পরিলক্ষিত হইতেছে। (কিংবা প্রসিদ্ধ ধ্বজাদি চিহ্ন দ্বারা স্পষ্টতঃ লক্ষিত হইতেছে)।২৫

গোপীগণ সেই সেই ধ্বজাদি লক্ষিত পদচিহ্নের অনুসরণে শ্রীকৃষ্ণের গমন পথ অন্বেষণ করত অবলা হইলেও পুরোভাগে বধূ শ্রীরাধার পদচিহ্ন সংমিশ্র শ্রীকৃষ্ণের পদচিহ্ন বিশেষ রূপে দর্শন করিয়া দুঃখিত-ভাবে সম্যগ্ বিবেচনাপূর্ব্বক পরস্পর বলিতে লাগিলেন।২৬

তখন সাধারণ গোপীসকল বলিতে লাগিলেন—করীর অনুগামিনী করিণীর ন্যায় নন্দ-নন্দন শ্রীকৃষ্ণের সহিত গমনকারিণী কোন্ রমণীর এই সকল পদচিহ্ন? তাহা তোমরা নির্দ্ধারণ কর। শ্রীকৃষ্ণ স্বয়ং যাহার বাহু স্বকীয় স্কন্ধে সংস্থাপিত করিয়াছেন।২৭

সেই রমণী নিশ্চয়ই ভগবান্ (ব্রহ্মা) হরি (বিষ্ণু) ও ঈশ্বর অর্থাৎ মহাদেবকে আরাধনা করিয়াছেন; যেহেতু এই দেবত্রয়ের বরে গোবিন্দ আমাদিগকে পরিত্যাগপূর্ব্বক প্রীতমনে তাহাকে লইয়া নির্জনে গমন করিয়াছেন।২৮

তটস্থ গোপীগণ শ্রীকৃষ্ণের পদচিহ্ন দর্শন করিয়াই বলিতে লাগিলেন—হে সখিগণ! অহো! শ্রীকৃষ্ণের শ্রীচরণের সংস্পর্শে রজঃসমূহই ধন্য। যেহেতু ব্রহ্মা, মহেশ্বর এবং রমাদেবী বিরহাদি দুঃখ অপনোদনের জন্য যাহাদিগকে মস্তকে ধারণ করিয়া থাকেন।২৯

প্রতিপক্ষ গোপীগণ বলিলেন—
সেই কামিনীর পদচিহ্নসকল আমাদের মহাদুঃখ জন্মাইতেছে; কারণ সকল গোপিকার ভোগ্য শ্রীকৃষ্ণের অধরামৃত হরণ করিয়া নির্জনে একাকিনীই ভোগ করিতেছে।৩০

ন লক্ষ্যন্তে পদান্যত্র তস্যা নূনং তৃণাঙ্কুরৈঃ।
খিদ্যৎসুজাতাঙ্ঘ্রিতলামুন্নিন্যে প্রেয়সীং প্রিয়ঃ ॥৩১

ইমান্যধিকমগ্নানি পদানি বহতো বধূম্।
গোপ্যঃ পশ্যত কৃষ্ণস্য ভারাক্রান্তস্য কামিনঃ ॥৩২

অত্রাবরোপিতা কান্তা পুষ্পহেতোর্মহাত্মনা।
অত্র প্রসূনাবচয়ঃ প্রিয়ার্থে প্রেয়সা কৃতঃ।
প্রপদাক্রমণে এতে পশ্যতাসকলে পদে ॥৩৩

কেশপ্রসাধনং ত্বত্র কামিন্যাঃ কামিনা কৃতম্।
তানি চূড়য়তা কান্তামুপবিষ্টমিহ ধ্রুবম্ ॥৩৪

রেমে তয়া চাত্মরত আত্মারামোঽপ্যখণ্ডিতঃ।
কামিনাং দর্শয়ন্ দৈন্যং স্ত্রীণাঞ্চৈব দুরাত্মতাম্ ॥৩৫

অত্র তস্যাঃ বধ্বাঃ পদানি ন লক্ষ্যন্তে দৃশ্যন্তে, অতঃ নূনং নিশ্চিতং তৃণাঙ্কুরৈঃ খিদ্যৎসুজাতাঙ্ঘ্রিতলাং (খিদ্যতী সুজাতে অঙ্ঘ্রিতলে যস্যাঃ তাং) প্রেয়সীং প্রিয়ঃ শ্রীকৃষ্ণঃ উন্নিন্যে স্কন্ধম্ আরোপিতবান্ ॥৩১

হে গোপ্যঃ! বধূং বহতঃ (যতঃ) কামিনঃ (অতঃ) ভারাক্রান্তস্য কৃষ্ণস্য ইমানি পদানি অধিকমগ্নানি ভূমৌ অধিকং প্রবিষ্টানি পশ্যত। (পুনশ্চ অগ্রে বধ্বাঃ পদচিহ্নং দৃষ্ট্বা আহুঃ) অত্র মহাত্মনা (ভক্তজন-মনোরথ-পূরকাত্যুদার-স্বভাবেন কৃষ্ণেন) পুষ্পহেতোঃ পুষ্পাবচয়ার্থং কান্তা অবরোপিতা স্কন্ধাদবতারিতা ; অত্র প্রেয়সা কৃষ্ণেন প্রিয়ার্থে (তাং প্রিয়াম্ অলংকর্ত্তুং) প্রসূনাবচয়ং (প্রসূনানাম্ অবচয়ঃ অবতারণং) কৃতঃ, (যতঃ) প্রপদাক্রমণে (প্রপদাভ্যাং পাদাগ্রাভ্যাম্ উচ্চ-প্রসূনাবতরণার্থম্ আক্রমণং ক্ষৌণীতল-সংমর্দ্দনং যয়োঃ অতএব) অসকলে অর্দ্ধলগ্নে এতে পদে পাদৌ পশ্যত ॥৩২-৩৩

অত্র তু কামিনা কৃষ্ণেন কামিন্যাঃ হি তস্যাঃ কেশপ্রসাধনং (কেশানাং প্রসাধনম্ ইতস্ততঃ বিস্রস্তানাং পুনঃ সীমন্ত-সমীকরণাভ্যাং বন্ধনং) কৃতং তথা কান্তাং (অধিকৃত্য) তানি প্রসূনানি চূড়য়তা চূড়ানুকরণেন বধ্নতা কৃষ্ণেন ইহ ধ্রুবং নিশ্চিতম্ উপবিষ্টম্ ॥৩৪

এবং আত্মারামঃ (নিজানন্দে এব রমমাণঃ) অখণ্ডিতঃ স্ত্রীবিভ্রমাদিভিরনাকৃষ্টচিত্তঃ যতঃ আত্মরতঃ (স্বরূপানন্দ-লাভেনৈব সন্তুষ্টচিত্তঃ শ্রীকৃষ্ণঃ) কামিনাং বিষয়াসক্তচিত্তানাং দৈন্যং পারবশ্যং স্ত্রীণাং দুরাত্মতাং দৌর্জ্জন্যং চ দর্শয়ন্ দর্শয়িতু-

এই স্থানে আর সেই রমণীর পদচিহ্ন লক্ষিত হইতেছে না ; কারণ প্রিয়তমার কোমল ও সুন্দর চরণতল তৃণাঙ্কুরে বিদ্ধ হইতে লাগিলে তদীয় প্রিয়তম শ্রীকৃষ্ণ তাহাকে উন্নয়নপূর্ব্বক (স্কন্ধে করিয়া) লইয়া গিয়াছিলেন।৩১

হে গোপীগণ! কৃষ্ণ নিতান্ত কামুক। তাহার প্রমাণ দেখ, প্রিয়াকে স্কন্ধে করায় ভারাক্রান্ত হইয়াছিলেন বলিয়া এই স্থানের পদ-চিহ্ন সকল অধিকতর গভীর হইয়াছে, আবার এই স্থানে পুষ্প-চয়ন মানসে মহাত্মা শ্রীকৃষ্ণ প্রিয়াকে অবরোপিত করিয়াছেন।

অন্য সখীগণ বলিতে লাগিলেন—প্রিয়তম শ্রীকৃষ্ণ প্রিয়াকে অলঙ্কৃত করিবার জন্য এইস্থানে পুষ্পনিচয় চয়ন করিয়াছেন, কারণ—দেখ এই স্থানে চরণের অগ্রভাগ দ্বারা ভূতল আক্রমণ করিয়া দণ্ডায়মান হইবার চিহ্ন সকল পরিলক্ষিত হইতেছে।৩২-৩৩

কামুক শ্রীকৃষ্ণ এই স্থানে সেই কামিনীর কেশ প্রসাধন করিয়া দিয়াছিলেন (চুল বাঁধিয়া দিয়াছিলেন); আর এই স্থানে তিনি পূর্ব্বচয়িত কুসুমরাজি দ্বারা প্রিয়ার চূড়াবন্ধন করিয়া দিবার জন্য নিশ্চয় উপবিষ্ট হইয়াছিলেন।৩৪

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! যে শ্রীকৃষ্ণ স্বাত্মরত (আপনার দ্বারাই আপনি পূর্ণকাম) আত্মারাম (স্বরূপানন্দের আবেশে তৎপর) ও অখণ্ডিত অর্থাৎ লব্ধ সমস্ত-কামত্বহেতু স্ত্রীবিভ্রম-দ্বারা অখণ্ডিত (অনাসক্ত-চিত্ত) হইয়াও সংসা-রস্থকামিগণের অর্থাৎ মল মূত্রাদি যাহাদের পরিণাম, তাদৃশ অন্ন-জলাদি দ্বারা তর্প্যমাণ যে দেহ, তাহারই তৃপ্তিসাধনেচ্ছারূপ কামই যাহাদের স্বভাব, তাদৃশ কামিদিগের) দৈন্য (দুর্গতত্ব বা

ইত্যেবং দর্শয়ন্ত্যস্তাশ্চেরুর্গোপ্যো বিচেতসঃ।
যাং গোপীমনয়ৎ কৃষ্ণো বিহায়ান্যাঃ স্ত্রিয়ো বনে ॥৩৬
সা চ মেনে তদাত্মানং বরিষ্ঠং সর্ব্বযোষিতাম্।
হিত্বা গোপীঃ কাময়ানা মামসৌ ভজতে প্রিয়ঃ ॥৩৭
ততো গত্বা বনোদ্দেশং দৃপ্তা কেশবমব্রবীৎ।
ন পারয়েঽহং চলিতুং নয় মাং যত্র তে মনঃ ॥৩৮

এবমুক্তঃ প্রিয়ামাহ স্কন্ধ আরুহ্যতামিতি।
ততশ্চান্তর্দধে কৃষ্ণঃ সা বধূরন্বতপ্যত ॥৩৯
হা নাথ রমণ প্রেষ্ঠ ক্বাসি ক্বাসি মহাভুজ।
দাস্যাস্তে কৃপণায়া মে সখে দর্শয় সন্নিধিম্ ॥৪০
অন্বিচ্ছন্ত্যো ভগবতো মার্গং গোপ্যোঽবিদূরতঃ।
দদৃশুঃ প্রিয়বিশ্লেষমোহিতাং দুঃখিতাং সখীম্ ॥৪১

যেব তয়া চৈব (অন্যাভিশ্চ) রেমে ॥৩৫

ইতি এবম্ উক্তপ্রকারেণ প্রলপন্ত্যঃ প্রলাপম্ অনর্থকং বচঃ কুর্ব্বত্যঃ (দর্শয়ন্ত্যঃ ইত্যপি পাঠে মিথস্তচিহ্নানি দর্শয়ন্ত্যঃ) বিচেতসঃ উন্মত্তসদৃশাঃ গোপ্যঃ চেরুঃ। অন্যাঃ স্ত্রিয়ঃ বনে বিহায় অনাদৃত্য যাং গোপীং কৃষ্ণঃ অনয়ৎ ॥৩৬

সা তদা (যতঃ) কাময়ানাঃ গোপীঃ হিত্বা পরিত্যজ্য অসৌ প্রিয়ঃ মাম্ এব ভজতে অনুবর্ত্ততে, অতঃ সর্ব্বযোষিতাং মধ্যে আত্মানম্ এব বরিষ্ঠং শ্রেষ্ঠং মেনে ॥৩৭

ততো বনোদ্দেশং কিঞ্চিৎ দূরবন-প্রদেশং গত্বা দৃপ্তা (স্বশ্রেষ্ঠত্বাভিমানেন গর্ব্বিতা) সা কেশবং (প্রতি ইতঃ অগ্রে) চলিতুম্ অহং ন পারয়ে শক্নোমি, অতঃ যত্র তে মনঃ জিগমিষতি তত্র মাম্ (স্কন্ধাদিনা নয়) ইতি অব্রবীৎ ॥৩৮

এবম্ উক্তঃ সন্ ভগবান্ (এবং চেৎ তর্হি মম) স্কন্ধে আরুহ্যতাম্ ইতি প্রিয়াম্ আহ। ততঃ (তস্যাং স্কন্ধারোহণোদ্যতায়াং সত্যাং) কৃষ্ণঃ অন্তর্দ্দধে, ততশ্চ সা বধূঃ অন্বতপ্যত ॥৩৯

হা রমণ প্রেষ্ঠ মহাভুজ নাথ। ক্বাসি ক্বাসি। কৃপণায়াঃ দীনায়াঃ তে তব দাস্যাঃ মে হে সখে। সন্নিধিং দর্শয় ॥৪০

এবং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য মার্গম্ অন্বিচ্ছন্ত্যঃ মৃগয়মাণাঃ গোপ্যঃ প্রিয়বিশ্লেষাৎ মোহিতাং ব্যাকুলিতাং দুঃখিতাং সখীম্ অবিদূরতঃ সমীপে এব দদৃশুঃ ॥৪১

দৌর্ভাগ্য) এবং স্ত্রীগণের (অর্থাৎ উক্তানুরূপ মল-মূত্রাদিলক্ষণাক্রান্ত স্ত্রীগণের) দুরাত্মতা (তাদৃশ দুর্ভাগ্য নায়ককে বশীভূত করিয়া হর্ষ-গর্ব্বাদি দুষ্ট স্বভাব) দেখাইবার নিমিত্তই গোপীগণ কর্ত্তৃক কল্পিত সেই রমণীর সহিত গমন করিয়াছিলেন।৩৫

এই প্রকারে গোপীগণ পরস্পর শ্রীভগবল্লীলা-সমূহ অনুকরণ করিতে করিতে কিংবা পদচিহ্ন সকল দেখাইতে দেখাইতে উন্মত্তা হইয়া বিচরণ করিতে লাগিলেন।৩৬

এদিকে শ্রীকৃষ্ণ অপরাপর গোপীগণকে বনমধ্যে পরিত্যাগপূর্ব্বক যে গোপীকে লইয়া আসিয়াছিলেন, সেই গোপিকা সেই সময়ে ব্রজ-সুন্দরীগণের মধ্যে আপনাকে শ্রেষ্ঠ মনে করিয়াছিলেন, কারণ ঐ গোপী মনে করিয়াছিলেন যে ঐ অনির্ব্বচনীয় বিচিত্র-মাহাত্ম্যশালী পরমদুর্ল্লভ প্রিয়তম শ্রীকৃষ্ণ কামবৃত্তিচরিতার্থ করিবার নিমিত্ত সমাগতা গোপী-দিগকে পরিত্যাগ করিয়া কেবলমাত্র আমারই অনুবর্ত্তন করিতেছেন।৩৭

এই প্রকার অভিমান হওয়ার পর শ্রীকৃষ্ণের সহিত বনপ্রদেশে অগ্রে গমন করিয়া গর্ব্বিতা হইয়া শ্রীরাধা শ্রীকেশবকে বলিলেন, আমি বহু ভ্রমণহেতু অত্যন্ত পরিশ্রান্তা হইয়া পড়িয়াছি, অতএব আর চলিতে পারিতেছিনা ; সুতরাং তোমার মন যেই স্থানে যাইতে ইচ্ছা করে, তুমি আমাকে ক্রোড়ে করিয়া সেই স্থানে লইয়া চল।৩৮

শ্রীকৃষ্ণ এই প্রকারে শ্রীরাধা কর্ত্তৃক কথিত হইয়া প্রিয়তমাকে বলিলেন—হে প্রিয়ে! আমার স্কন্ধে কিংবা বক্ষে আরোহণ কর—এই বলিয়া পরমানন্দঘনমূর্ত্তি শ্রীকৃষ্ণ আনন্দবিশেষের নিমিত্ত সে স্থান হইতে কিংবা শ্রীরাধার নিকট হইতে অন্তর্হিত হইলেন। অনন্তর তদ্দর্শনৈকজীবনা বধূ শ্রীরাধা মুহু-

তয়া কথিতমাকর্ণ্য মানপ্রাপ্তিঞ্চ মাধবাৎ।
অবমানঞ্চ দৌরাত্ম্যাদ্ বিস্ময়ং পরমং যযুঃ ॥৪২
ততোঽবিশন্ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্ বিভাব্যতে।
তমঃপ্রবিষ্টমালক্ষ্য ততো নিববৃতুঃ স্ত্রিয়ঃ ॥৪৩
তন্মনস্কাস্তদালাপাস্তদ্বিচেষ্টাস্তদাত্মিকাঃ।
তদ্গুণানেব গায়ন্ত্যো নাত্মাগারাণি সস্মরুঃ ॥৪৪
পুনঃ পুলিনমাগত্য কালিন্দ্যাঃ কৃষ্ণভাবনাঃ।
সমবেতা জগুঃ কৃষ্ণং তদাগমনকাঙ্ক্ষিতাঃ ॥৪৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

ততশ্চ মাধবাৎ মানপ্রাপ্তিং তথা দৌরাত্ম্যাৎ (আত্মনঃ দৌর্জ্জন্যাৎ হেতোঃ অন্তর্ধানেন পরিত্যাগাত্মকং) অবমানং চ তয়া কথিতম্ আকর্ণ্য তাঃ গোপ্যঃ পরমং বিস্ময়ম্ আশ্চর্য্যং যযুঃ প্রাপুঃ ॥৪২

ততঃ যাবৎ চন্দ্রজ্যোৎস্না বিভাব্যতে প্রকাশ্যতে (তাবৎ তয়া সহ গোপ্যঃ কৃষ্ণান্বেষণার্থং বনম্ আবিশন্ ততঃ) অগ্রে তমঃপ্রবিষ্টং (ঘনতরুচ্ছায়ারূঢেন তমসা প্রবিষ্টং ব্যাপ্তং) বনম্ আলক্ষ্য (হরেরন্বেষণাৎ) স্ত্রিয়ঃ নিববৃতুঃ নিবৃত্তাঃ জাতাঃ ॥৪৩

কিঞ্চ তন্মনস্কাঃ (তস্মিন্ কৃষ্ণে এব মনো যাসাং তাঃ) তদালাপাঃ (তস্যৈব আলাপো ভাষণং যাসাং তাঃ) তদ্বিচেষ্টাঃ (তস্যৈব বিবিধাঃ চেষ্টাঃ যাসাং তাঃ) তদাত্মিকাঃ (সঃ এব আত্মা যাসাং তাঃ) স্ত্রিয়ঃ তদ্গুণান্ (তস্য গুণান্ ভক্তবাৎসল্যাদীন্) গায়ন্ত্যঃ আত্মাগারাণি (আত্মনাং দেহম্ আগারং গৃহং চ) ন সস্মরুঃ ॥৪৪

সমবেতাঃ সংমিলিতাঃ (সর্ব্বাঃ এব গোপ্যঃ যত্র পূর্ব্বং কৃষ্ণেন সঙ্গতাঃ তদেব) কালিন্দ্যাঃ পুলিনং পুনঃ আগত্য কৃষ্ণভাবনাঃ কৃষ্ণধ্যানপরাঃ যতঃ তদাগমনকাঙ্ক্ষিতাঃ (তস্য আগমনং কাঙ্ক্ষিতং যাসাং তাঃ তথা সত্যঃ) কৃষ্ণম্ এব জগুঃ ॥৪৫

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ত্রিংশোঽধ্যায়ঃ ॥

মুহুঃ বিলাপ করিতে লাগিলেন।৩৯

হা নাথ! হা রমণ! হা প্রিয়তম! হা মহাভুজ হে সখে! তুমি কোথায়? তুমি কোথায়? এই দীনা দাসীকে তোমার নিকটে লইয়া যাও।৪০

শ্রীভগবানের অন্বেষণ করিতে করিতে নিকটেই গোপীগণ প্রিয়-বিরহে দুঃখিতা সুতরাং মূর্চ্ছিতা হইয়া ভূমিতে পতিতা সেই সখীকে দেখিতে পাইলেন। (যাহাকে লইয়া শ্রীভগবান্ অন্তর্হিত হইয়াছিলেন)।৪১

অনন্তর গোপীগণ শ্রীরাধার নিকটে উপস্থিত হইয়া তাঁহার রোদনের কারণ জিজ্ঞাসা করিলেন; তৎকর্ত্তৃক কথিত শ্রীকৃষ্ণের নিকট সম্মানপ্রাপ্তি এবং (স্বকীয়) দৌরাত্ম্য (ভগবৎকর্ত্তৃক নিজের) অপমান শ্রবণ করিয়া গোপীগণ অতিশয় বিস্মিত হইলেন।৪২

অনন্তর তাঁহার নিকট সমস্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া গোপস্ত্রীগণ বনের যত দূর পর্য্যন্ত চন্দ্রের জ্যোৎস্না নিপতিত হইয়াছিল, তত দূর অন্বেষণ করিতে করিতে বনের অভ্যন্তরে প্রবেশ করিলেন, কিন্তু অনেক অন্বেষণে কৃষ্ণের পদচিহ্নাদি দ্বারা শ্রীকৃষ্ণ অন্ধকারময় গহন বনে প্রবিষ্ট হইয়াছেন বুঝিয়া অথবা গহন বনের নিবিড়তায় চন্দ্রালোকের প্রতিবন্ধকতাবশতঃ অন্ধকার উপস্থিত হইয়াছে দেখিয়া তাঁহারা প্রতিনিবৃত্তা হইলেন।৪৩

তাঁহারা তন্মনস্কা, তদালাপা, তদ্বিচেষ্টা ও তদাত্মিকা হইয়া তাঁহারই গুণসমূহ গান করিতে করিতে স্ব স্ব গৃহ পর্য্যন্ত বিস্মৃত হইয়া যাইলেন।৪৪

অনন্তর পুনরায় গোপীগণ শ্রীভগবানের ভাবনা ভাবিতে ভাবিতে যমুনার পুলিনে উপস্থিত ও মিলিত হইয়া তাঁহার আগমনের আকাঙ্ক্ষায় তাঁহারই বিষয়ক গান করিতে লাগিলেন।৪৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশঃ অধ্যায়ঃ।

[গোপীগীতম্—বিরহার্তগোপীনাং ভগবদ্দর্শনলাভায় প্রার্থনম্।]

গোপ্য উচুঃ।

জয়তি তেঽধিকং জন্মনা ব্রজঃ
শ্রয়ত ইন্দিরা শশ্বদত্র হি।
দয়িত দৃশ্যতাং দিক্ষু তাবকা-
স্ত্বয়ি ধৃতাসবস্ত্বাং বিচিন্বতে ॥১

শরদুদাশয়ে সাধুজাতসৎ-
সরসিজোদরশ্রীমুষা দৃশা।
সুরতনাথ তেঽশুল্কদাসিকা
বরদ নিঘ্নতো নেহ কিং বধঃ ॥২

বিষজলাপ্যয়াদ্ ব্যালরাক্ষসাদ্-
বর্ষমারুতাদ্ বৈদ্যুতানলাৎ।
বৃষময়াত্মজাদ্ বিশতো ভয়াদ্
ঋষভ তে বয়ং রক্ষিতা মুহুঃ ॥৩

অন্বয়ঃ

গোপ্যঃ উচুঃ। হে দয়িত! তে তব জন্মনা (নিমিত্তেন) ব্রজঃ (বৈকুণ্ঠাদিলোকাৎ অপি) অধিকং (যথা তথা) জয়তি উৎকর্ষেণ বর্ত্ততে। হি যস্মাৎ (তব জন্মারভ্য) ইন্দিরা লক্ষ্মীঃ অত্র ব্রজে শশ্বৎ নিত্যমেব শ্রয়তে ব্রজমলংকৃত্য বর্ত্ততে। (অধুনা তু) ত্বয়ি ধৃতাসবঃ (ধৃতাঃ অসবঃ প্রাণাঃ যৈঃ তে) তাবকাঃ ত্বদীয়াঃ গোপীজনাঃ ত্বাং দিক্ষু বিচিন্বতে মৃগয়ন্তে, অতঃ ত্বয়া দৃশ্যতাম্ অস্মাকং প্রত্যক্ষীভূয়তাম্ ॥১

হে সুরতনাথ! বরদ! শরদুদাশয়ে (শরদি শরৎকালীনে উদাশয়ে সরসি পুষ্করিণ্যাং) সাধুজাতসৎসরসিজোদরশ্রীমুষা (সাধু সম্যক্‌জাতং যৎ সৎ সুবিকসিতং সুন্দরং সরসিজং কমলং তস্য উদরে যা শ্রীঃ শোভা তাং মুষ্ণাতি হরতি তিরস্করোতি যা তয়া) দৃশা নেত্রেণ অশুল্কদাসিকাঃ অমূল্যদাসীঃ নঃ নিঘ্নতঃ প্রাণাপহারেণ নিঘ্নতঃ মারয়তঃ তে তব (ত্বয়া ক্রিয়মাণঃ) ইহলোকে বধঃ কিং বধঃ ন ভবতি ॥২

হে ঋষভ! বিষজলাপ্যয়াৎ (বিষজলং কালিয়হ্রদজলং তস্মাৎ যোঽপ্যয়ঃ মৃত্যুঃ তস্মাৎ), ব্যালরাক্ষসাৎ অঘাসুরাৎ, বর্ষমারুতাৎ (ইন্দ্রকৃতাৎ), বৈদ্যুতানলাৎ বিদ্যুৎপাতজাদগ্নেঃ, বৃষময়াত্মজাৎ (বৃষঃ অরিষ্টঃ তস্মাৎ ময়াত্মজাৎ ব্যোমাসুরাৎ), বিশ্বতঃ অন্যস্মাৎ অপি সর্ব্বতো ভয়াৎ তে ত্বয়া বয়ং মুহুঃ রক্ষিতাঃ স্ম (কিমিদানীমুপেক্ষসে ইতি) ॥৩

একোত্রিংশ অধ্যায়।

[গোপীগীতি—ভগবদ্দর্শনের আকাঙ্ক্ষায় বিরহবিধুর গোপীদিগের প্রার্থনা।]

গোপীগণ কহিলেন,—হে প্রিয়! তোমার জন্ম হেতু এই ব্রজ পূর্ব্বাপেক্ষা, সর্ব্বাপেক্ষা কিংবা শ্রীবৈকুণ্ঠাদি হইতেও সমধিকরূপে জয়যুক্ত হইতেছে; অর্থাৎ যাবতীয় লোক হইতে পরমোৎকর্ষে বিরাজমান হইতেছে; যেহেতু (তুমি এই ব্রজে জন্ম গ্রহণ করিয়াছ বলিয়া) ইন্দিরা মহালক্ষ্মী এই ব্রজধাম অলঙ্কৃত করিয়া নিরন্তর বিদ্যমান রহিয়াছেন।১

হে সুরতনাথ! হে বরদ! তোমার যে চক্ষুঃ সরোবরে সম্যক্‌জাত এবং বিকসিত পদ্মের আভ্যন্তরীণ শোভাকে হরণ করিয়াছে, সেই চক্ষু দ্বারা তোমার বিনামূল্যের দাসী আমাদিগকে যে বধ করিতেছ, ইহা কি বধ বলিয়া গণ্য হয় না? শস্ত্রদ্বারা বধই কি বধ? চক্ষুদ্বারা বধ কি বধ নহে? (অবশ্যই তাহা বধ শব্দ বাচ্য)। অতএব তোমার দৃষ্টি দ্বারা অপহৃত আমাদিগের প্রাণ প্রত্যর্পণের নিমিত্তও একবার দেখা দাও।২

হে সর্ব্বশ্রেষ্ঠ! বিষজল হইতে (অর্থাৎ কালিয়-হ্রদের জলপানে মৃত্যুমুখে গো ও গোপসকলকে বিষপান জনিত মৃত্যু হইতে), শরীর-গ্রাসিত্ব হেতুক রাক্ষসতুল্য সর্পরূপী অঘাসুরের করাল কবল হইতে,

ন খলু গোপিকানন্দনো ভবান্
অখিলদেহিনামন্তরাত্মদৃক্ ।
বিখনসার্থিতো বিশ্বগুপ্তয়ে
সখ উদেয়িবান্ সাত্বতাং কুলে ॥৪

বিরচিতাভয়ং বৃষ্ণিধুর্য্য তে
চরণমীয়ুষাং সংসৃতের্ভয়াৎ ।
করসরোরুহং কান্ত কামদং
শিরসি ধেহি নঃ শ্রীকরগ্রহম্ ॥৫

ব্রজজনার্ত্তিহন্ বীর যোষিতাং
নিজজনস্ময়ধ্বংসনস্মিত ।
ভজ সখে ভবৎকিঙ্করীঃ স্ম নো
জলরুহাননং চারু দর্শয় ॥৬

প্রণতদেহিনাং পাপকর্শনং
তৃণচরানুগং শ্রীনিকেতনম্ ।
ফণিফণার্পিতং তে পদাম্বুজং
কৃণু কুচেষু নঃ কৃন্ধি হৃচ্ছয়ম্ ॥৭

হে সখে! ভবান্ খলু গোপিকানন্দনঃ যশোদাসুতঃ ন (ভবতি), কিন্তু অখিলদেহিনাং সর্ব্বপ্রাণিনাম অন্তরাত্মদৃক্, (অন্তরাত্মা অন্তঃকরণং তং পশ্যতীতি) বিখনসা ব্রহ্মণা অর্থিতঃ প্রার্থিতঃ সন্ বিশ্বগুপ্তয়ে (বিশ্বস্য গুপ্তয়ে পালনায়) সাত্বতাং যাদবানাং ভক্তানাং কুলে উদেয়িবান্ (স্বেচ্ছয়া ত্বম্ অবতীর্ণোঽসি) ॥৪

হে বৃষ্ণিধুর্য্য! চরণমীয়ুষাং শরণাগতানাং ভক্তানাং সংসৃতেঃ ভয়াৎ বিরচিতাভয়ং (বিরচিতং দত্তম্ অভয়ং যেন তৎ) কামদং মনোরথ-পূরকং কর-সরোরুহং তাপনিবর্ত্তকং, তে তব শ্রীকরগ্রহং হে কান্ত! নঃ অস্মাকং শিরসি ধেহি স্থাপয় ॥৫

হে ব্রজজনার্ত্তিহন্ বীর! নিজ-জন-স্ময়-ধ্বংসন-স্মিত (নিজজনানাং স্ময়ো গর্ব্বস্তং ধ্বংসয়তীতি তথাভূতং স্মিতং যস্য তৎ সম্বোধনে) হে সখে! ভবৎকিঙ্করীঃ নঃ অস্মান্ ভজ অনুবর্ত্তস্ব চারু মনোহরং জলরুহাননং মুখকমলং যোষিতাম্ অস্মাকং দর্শয় ॥৬

কিঞ্চ হে সখে! প্রণত-দেহিনাং (প্রণতানাং শরণাগতানাং দেহিনাং) পাপকর্শনং পাপাপহং, তৃণচরানুগং (তৃণচরান্ গবাদীন্ পশূন্ অনুগচ্ছতি ইতি) শ্রীনিকেতনং লক্ষ্ম্যাঃ আশ্রয়ভূতং ফণিফণার্পিতং (ফণিনঃ কালিয়স্য ফণাসু অর্পিতং) তে পদাম্বুজং নঃ অস্মাকং কুচেষু কৃণু স্থাপয়, (তেন) হৃচ্ছয়ং কামং কৃন্ধি ছিন্ধি ॥৭

বৎসাসুর ও ব্যোমাসুর হইতে এবং সর্ব্ববিধ ভয় হইতে বারংবার তুমি আমাদিগকে রক্ষা করিয়াছ।৩

হে সখে! আপনি গোপিকা যশোদার নন্দন নহেন, তাহা হইলে আপনার ঈদৃশ প্রভাব থাকিত না; অতএব আপনি সর্ব্বপ্রাণীর অন্তরাত্মদর্শী—বুদ্ধিসাক্ষী। যদি বল—অন্তরাত্মদর্শী কখনও নেত্রগোচর হন না? তদুত্তরে বলিতেছি—আত্মরূপী আপনি ব্রহ্মকর্ত্তৃক প্রার্থিত হইয়া সাত্বতকুলে (ভক্তকুলে) সমুদিত হইয়াছেন।৪

হে যদুকুলশ্রেষ্ঠ! হে প্রিয়! সংসারের ভয়ে ভীত হইয়া তোমার চরণে শরণাগত প্রাণিগণের অভয়প্রদ, অভিলষিতপ্রদ ও শ্রীলক্ষ্মীদেবীর করগ্রহণশীল তোমার সেই করকমল আমাদিগের মস্তকে সমর্পণ কর।৫

হে ব্রজজনার্ত্তিবিনাশন! হে বীর! তুমি ঈষৎহাস্য দ্বারাই নিজজনের গর্ব্ব নাশ কর। হে সখে আমরা তোমার কিঙ্করী আমাদিগকে ভজনা কর এবং তোমার মনোহর মুখকমল দর্শন করাও।৬

শরণাগত জনগণের কলুষনাশন, তৃণাশন গবাদি পশুর অনুগামী, লক্ষ্মীর আশ্রয়ভূত এবং কালিয়নাগের ফণাতে স্থাপিত তোমার চরণকমলদ্বন্দ্ব আমাদের পয়োধরমণ্ডলে স্থাপিত কর এবং হৃদয়গত কাম ছেদন কর।৭

মধুরয়া গিরা বল্গুবাক্যয়া
বুধমনোজ্ঞয়া পুষ্করেক্ষণ।
বিধিকরীরিমা বীর মুহ্যতী-
রধরসীধুনাপ্যায়য়স্ব নঃ ॥৮

তব কথামৃতং তপ্তজীবনং
কবিভিরীড়িতং কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং
ভুবি গৃণন্তি তে ভূরিদা জনাঃ ॥৯

প্রহসিতং প্রিয়প্রেমবীক্ষণং
বিহরণঞ্চ তে ধ্যানমঙ্গলম্।
রহসি সংবিদো যা হৃদিস্পৃশঃ
কুহক নো মনঃ ক্ষোভয়ন্তি হি ॥১০

চলসি যদ্‌ব্রজাচ্চারয়ন্ পশূন্
নলিনসুন্দরং নাথ তে পদম্।
শিলতৃণাঙ্কুরৈঃ সীদতীতি নঃ
কলিলতাং মনঃ কান্ত গচ্ছতি ॥১১

হে পুষ্করেক্ষণ! বীর! বুধমনোজ্ঞয়া (বুধানাং জ্ঞানিনাম্ অপি মনোজ্ঞয়া হৃদয়ঙ্গময়া) বল্গুবাক্যয়া (বল্গূনি মনোহরাণি বাক্যানি যস্যাং তয়া) মধুরয়া গিরা বাণ্যা মুহ্যতীঃ বিধিকরীঃ ইমাঃ নঃ অস্মান্ অধর-সীধুনা অধরামৃতেন আপ্যায়য়স্ব সংজীবয় ॥৮

কিঞ্চ হে হরে! ভুবি যে ভূরিদাঃ সুকৃতিনঃ জনাঃ তে কবিভিঃ বিবেকিভিঃ ঈড়িতং স্তুতং কল্মষাপহং সর্ব্বপাপ-নিরাসকং, শ্রবণমঙ্গলং শ্রবণমাত্রেণাপি মঙ্গলপ্রদং, শ্রীমৎ সুশান্তং, তপ্তজীবনং (তপ্তানাং জীবনং জীবনকারণং) তব কথামৃতং ভুবি যথা আততং বিস্তৃতং ভবতি, তথা গৃণন্তি নিরূপয়ন্তি ॥৯

হে প্রিয়! হে কুহক! ধ্যানমঙ্গলং (ধ্যানমাত্রেণ মঙ্গলং পরমানন্দপ্রদং) তে তব প্রহসিতং প্রেমবীক্ষিতং বিহরণং তথা হৃদিস্পৃশঃ হৃদয়ঙ্গমাঃ রহসি সংবিদঃ সঙ্কেতনর্ম্মাণি নঃ অস্মাকং মনঃ হি ক্ষোভয়ন্তি ॥১০

হে নাথ! স্বামিন্! হে কান্ত! যৎ যদা পশূন্ চারয়ন্ ব্রজাৎ চলসি, তদা নলিনসুন্দরং (নলিনবৎ সুন্দরং কোমলং) তে পদং শিলতৃণাঙ্কুরৈঃ (শিলৈঃ কণিশৈঃ তৃণৈঃ অঙ্কুরৈঃ চ) সীদতি ক্লিশ্যেৎ ইতি নঃ অস্মাকং মনঃ কলিলতাম্ অস্বাস্থ্যং গচ্ছতি ॥১১

হে কমললোচন! বীর! তোমার মনোহর পদাবলীসম্বলিত বুধজন-মনোজ্ঞ মধুর বচনে আমরা মোহপ্রাপ্ত হইতেছি, অতএব তুমি এই দাসী আমাদিগকে অধরামৃত দ্বারা আপ্যায়িত কর।৮

এই সংসারে যে কোন স্থলে তোমার যে কথামৃত তপ্তগণের জীবনকারণ, অপরের কথা কি? ব্রহ্মা, শিব ও সনকাদি আত্মারাম কবিগণ কর্ত্তৃক যে কথামৃত সংস্তুত এবং যাহা কল্মষাপহ ও শ্রবণ-মঙ্গল, আর সর্ব্বাপেক্ষা উৎকর্ষযুক্ত ও যে কথামৃত সর্ব্বব্যাপক অর্থাৎ দেশে দেশে গ্রামে গ্রামে পুরাণবাচকদিগকে সংস্থাপন করিয়া বিস্তারিত রহিয়াছে, তাহা যে সকল জন উচ্চারণ কিংবা নিরূপণ করেন, অথবা কথনরূপে প্রদান করেন, তাঁহারা ভূরিদ অর্থাৎ সকলের প্রতি সর্ব্বার্থপ্রদ; সুতরাং যাহারা এই গোকুলে তাহাতে আবার ত্বদীয় বিরহতাপে তাপিত আমাদিগের নিকটে কীর্ত্তন করে, তাহাদের কথা কি বলিব; তাহারা আমাদের জীবনই দান করিয়া থাকে।৯

হে প্রিয়! হে কপট! তোমার সপ্রেম নিরীক্ষণ সুন্দর হাস্য, স্মরণমঙ্গল বিহরণ ও নির্জ্জনে মর্ম্মস্পর্শী সঙ্কেত-নর্ম্ম সকল আমাদিগের মনকে ক্ষুব্ধ করিতেছে।১০

হে ব্রজেশ্বর! হে কান্ত! তুমি যে সময়ে গবাদি পশুদিগকে চরাইবার জন্য ব্রজ হইতে চলিয়া যাও, সে সময়ে শিলা, কঠিন তৃণ এবং অঙ্কুরসমূহে কমল হইতেও পরম সুন্দর সুকোমল তোমার পাদপদ্মযুগল ব্যথা পাইতেছে ভাবিয়া আমাদিগের চিত্ত অত্যধিক কাতরতা প্রাপ্ত হয়।১১

দিনপরিক্ষয়ে নীলকুন্তলৈ-
র্বনরুহাননং বিভ্রদাবৃতম্।
ঘনরজস্বলং দর্শয়ন্ মুহু-
র্মনসি নঃ স্মরং বীর যচ্ছসি ॥১২

প্রণতকামদং পদ্মজার্চ্চিতং
ধরণিমণ্ডনং ধ্যেয়মাপদি।
চরণপঙ্কজং শন্তমঞ্চ তে
রমণ নঃ স্তনেষ্বর্পয়াধিহন্ ॥১৩

সুরতবর্দ্ধনং শোকনাশনং
স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্।
ইতররাগবিস্মারণং নৃণাং
বিতর বীর নস্তেঽধরামৃতম্ ॥১৪

অটতি যদ্ভবানহ্নি কাননং
ত্রুটির্যুগায়তে ত্বামপশ্যতাম্।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে
জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্ দৃশাম্ ॥১৫

হে বীর! ত্বং তু দিনপরিক্ষয়ে সায়ংকালে নীলকুন্তলৈঃ আবৃতং ঘনরজস্বলং গোরজশ্ছুরিতং বনরুহাননং স্থলকমল-সদৃশম্ আননং বিভ্রদ্ মুহুর্মুহুঃ প্রদর্শয়ন্ নঃ মনসি কেবলং স্মরং যচ্ছসি অর্পয়সি ॥১২

হে রমণ! পদ্মজার্চ্চিতং (পদ্মজেন ব্রহ্মণা অর্চ্চিতং), প্রণতকামদং (প্রণতানাং কামং মনোরথং দদাতীতি), ধরণি-মণ্ডনম্ (ধরণ্যাং মণ্ডনম্ অলঙ্কারভূতং), আপদি যেষাং ধ্যানমাত্রেণাপি আপন্নিবর্ত্তকং, শান্তং (সেবাসময়ে এব পরমানন্দজনকং) তে তব চরণপঙ্কজং হে আর্ত্তিহন্! নঃ স্তনেষু অর্পয় প্রযচ্ছ ॥১৩

হে বীর! সুরতবর্দ্ধনং (সুরতং সম্ভোগসুখং বর্দ্ধয়তীতি) শোকনাশনম্ (শোকং যদপ্রাপ্তিদুঃখস্য অনুভবম্ অপি নাশয়তীতি) নৃণাং নৃজাতীনাম্ অস্মাকম্ ইতর-রাগবিস্মারণং (ইতরেষু ধনপুত্রগৃহ-লোক-পরলোকাদিষু পুরুষার্থেষু রাগঃ তস্য বিস্মারকং) স্বরিত-বেণুনা (স্বরিতেন নাদিতেন বেণুনা) সুষ্ঠু সম্যক্ চুম্বিতং তে তব অধরামৃতং নঃ অস্মাকং বিতর দেহি ॥১৪

যৎ যদা অহ্নি দিবসে ভবান্ কাননং বৃন্দাবনং প্রতি অটতি গচ্ছতি, তদা ত্বামপশ্যতাং প্রাণিনাং ত্রুটিঃ যুগায়তে যুগবদ্ভবতি। (তথা দিনান্তে) কুটিল-কুন্তলং (কুটিলাঃ কুন্তলাঃ কেশাঃ যস্মিন্ তৎ) তে তব শ্রীমুখম্ উদীক্ষতাং (উচ্চৈঃ ঈক্ষমাণানাং তেষাং)

হে বীর! তুমি দিবাবসানে নীলকুন্তলে আবৃত গোধনরজোরুষিত বনজসদৃশ বদনমণ্ডল ধারণ করিয়া এবং তাহা আমাদিগকে বারংবার দেখাইয়া আমাদের হৃদয়ে কন্দর্প অর্পণ করিয়া থাক।১২

হে রমণ! হে মনোদুঃখনাশন! প্রণত জনের অর্থাৎ নলকুবর নাগ ও তৎপত্নীপ্রভৃতির অভীষ্টপ্রদ স্বয়ম্ভু-কর্তৃক অর্চ্চিত ভূতলের অলঙ্কারস্বরূপ ধ্যানমাত্রে বিপদ্-নিবারণ এবং সেবাসময়ে সুখতম তোমার পাদপঙ্কজ আমাদিগের কুচমণ্ডলে সমর্পণ কর।১৩

হে বীর! তোমার যে অধরামৃত সুরতবর্দ্ধন অর্থাৎ প্রেমবিশেষময় সম্ভোগেচ্ছার বর্দ্ধনকারী, এবং যে অধরামৃত তোমার অপ্রাপ্তি-জন্য দুঃখানুভবকেও বিস্মারিত করিয়া থাকে, আর যাহা বাদিত বেণু-কর্তৃক সুন্দররূপে চুম্বিত, অপিচ যাহা নরগণেরও সার্ব্বভৌমাদি মোক্ষ পর্যন্ত সুখের বিস্মারক, সেই তোমার অধরামৃত আমাদিগকে বিতরণ কর।১৪

তুমি দিবাভাগে যখন বৃন্দাবন গমন কর, তখন তোমাকে দেখিতে না পাইয়া—আমাদের কথা কি বলিব—সমস্ত ব্রজবাসিজনেরই ক্ষণার্দ্ধ কালও যুগতুল্য বোধ হইয়া থাকে। যদি-ও তাঁহারা কোন প্রকারে দিবাবসানে তোমার কুটিলকুণ্ডলসমন্বিত শ্রীমুখ ঊর্দ্ধমুখে নিরীক্ষণ করে সত্য, কিন্তু তখনও চক্ষুর পক্ষ্মকারী নিমেষকর্তা ব্রহ্মা তাহাদের পক্ষে জড় বলিয়াই পরিগণিত হন।

কারণ অপরের চক্ষুতে পক্ষ্ম সৃষ্টি করেন করুন্ কিন্তু যাহারা ঐ শ্রীমুখ দর্শন করিয়া থাকে, তাহা-দিগের নয়নে ও যে পক্ষ্ম সৃষ্টি করিয়াছেন, ইহাই দুঃখের কথা।১৫

পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবান্
অতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ
কিতব যোষিতঃ কস্ত্যজেন্নিশি ॥১৬

রহসি সংবিদং হৃচ্ছয়োদয়ং
প্রহসিতাননং প্রেমবীক্ষণম্।

দৃশাং পক্ষ্মকৃৎ ব্রহ্মা জড়ঃ ভবতি ॥১৫

হে অচ্যুত। অখণ্ডানন্দস্বরূপ। পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবান্ অতিবিলঙ্ঘ্য অনাদৃত্য ত্যক্ত্বা গতিবিদঃ অস্মদাগমনং জানতঃ তে তব গীতমোহিতাঃ সত্যঃ (বয়ং) তব অন্তি অন্তিকে আগতাঃ। হে কিতব! শঠ! এবম্ভূতাঃ নিশি (স্বয়ম্ আগতাঃ) যোষিতঃ স্ত্রিয়ঃ (ত্বাং বিনা) কঃ ত্যজেৎ ॥১৬

(কিঞ্চ হে কৃষ্ণ!) রহসি একান্তে হৃচ্ছয়স্য কামস্য উদয়ঃ যস্মাৎ তৎ সংবিদং সাংকেত্য চেষ্টিতং তথা প্রহসিতাননং-প্রেমবীক্ষণং শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ ধাম স্থানভূতং তে তব বৃহদ্

হে অচ্যুত! তুমি আমাদিগের আগমনের কিংবা গীতগতিবিশেষের কারণ বিদিত আছ, অথবা নিজের এবং আমাদের স্বভাবও অবগত আছ, পক্ষান্তরে আমরা কারুণ্যাদিময় তোমার স্বরূপ তোমার উচ্চ বেণুগীতে মোহিতা হইয়া পতি, পুত্র, তৎসম্বন্ধী, ভ্রাতা ও মাতাপিতা প্রভৃতি অতিবিলঙ্ঘন করিয়া তোমার সমীপে স্বয়ং সমাগতা হইয়াছি কিংবা তোমাকর্ত্তৃক আহূতা হইয়াই আগতা হইয়াছি; অতএব হে কিতব (বঞ্চনশীল)! রাত্রিকালে এতাদৃশী স্ত্রীদিগকে তুমি ভিন্ন কে পরিত্যাগ করিয়া থাকে? অর্থাৎ কেহই পরিত্যাগ করে না।১৬

আমরা কি করিব। কামদেবের পঞ্চশরের ন্যায় তোমার পাঁচটী মোহন অঙ্গ আমাদের নেত্র-রন্ধ্র দ্বারা হৃদয়ে প্রবেশ করিয়া হৃদয় দগ্ধ করিতেছে।

বৃহদুরঃশ্রিয়ো বীক্ষ্য ধাম তে
মুহুরতিস্পৃহা মুহ্যতে মনঃ ॥১৭

ব্রজবনৌকসাং ব্যক্তিরঙ্গ তে
বৃজিনহন্ত্র্যলং বিশ্বমঙ্গলম্।

ত্যজ মনাক্ চ নস্ত্বৎস্পৃহাত্মনাং
স্বজনহৃদ্রুজাং যন্নিসূদনম্ ॥১৮

বিশালম্ উরঃ বক্ষঃ বীক্ষ্য অতিস্পৃহা (ভবতি), মনশ্চ মুহুঃ মুহ্যতে মোহং চ প্রাপ্নোতি ॥১৭

হে অঙ্গ! তে তব ব্যক্তিঃ অভিব্যক্তিঃ অবতারঃ ব্রজবনৌকসাং ব্রজবাসিজনানাং বনৌকসাং মুনীনাং চ বৃজিনহন্ত্রী পাপনিরসনী তথা অলম্ অতিশয়েন বিশ্বমঙ্গলং চ, অতঃ ত্বৎস্পৃহাত্মনাং ত্বৎ সম্বন্ধস্পৃহাক্রান্তমনসাং নঃ অস্মাকং স্বজন-হৃদ্রুজাং (স্বজনানাং হৃদ্রুজাং হৃদয়রোগাণাং কামাদিরূপাণাং) নিসূদনং বিনাশকং যৎ তৎ সম্বন্ধরূপম্ ঔষধং তৎ মনাক্ ঈষদ্ অপি ত্যজ দেহি ॥১৮

প্রথম—নির্জ্জনে তোমার সহিত রতি প্রার্থনা ব্যঞ্জক আলাপ, দ্বিতীয়—আমাদিগের দর্শনজনিত রতির অভিলাষ, তৃতীয়—তোমার সহাস্য বর্ণন, চতুর্থ—সপ্রেম দর্শন, পঞ্চম—লক্ষ্মীর আবাসভূমি বিস্তীর্ণ বক্ষঃস্থল বিশেষরূপে দর্শন করিয়া নিরতিশয় আগ্রহ আমাদিগের মনকে বারংবার মুগ্ধ করিতেছে।১৭

হে প্রাণপ্রিয়তম! তোমার অবতার গোপাঙ্গনাগণের ও বনবাসী মুনিগণের নিরতিশয় দুঃখনাশক এবং জগতের নিরতিশয় মঙ্গলদায়ক; অতএব তোমার সম্বন্ধলাভে আকৃষ্টচিত্তা আমাদিগকে আত্মীয় মনে করিয়া আমাদিগের হৃদয়স্থিত রোগসমূহের বিনাশক (অতি গোপনীয় ঔষধ) যৎকিঞ্চিৎ পরিমাণে ত্যাগ কর অর্থাৎ কৃপণতা পরিত্যাগ করিয়া প্রদান কর।১৮

যৎ তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু
ভীতাঃ শনৈঃ প্রিয় দধীমহি কর্কশেষু।
তেনাটবীমটসি তদ্ ব্যথতে ন কিং স্বিৎ
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ ॥১৯

হে প্রিয়! যৎ তে তব সুজাত-চরণাম্বুরুহং (সুজাতং সুকুমারং চরণাম্বুরুহং পাদপদ্মং) কর্কশেষু কঠিনেষু স্তনেষু ভীতাঃ সংমর্দ্দন-শঙ্কিতাঃ সত্যঃ বয়ং শনৈঃ দধীমহি ধারয়েম, তেন চরণেন অটবীম্ অটসি বিচরসি (তদা) পদাজং কূর্পাদিভিঃ সূক্ষ্মপাষাণাদিভিঃ কিং স্বিৎ ন ব্যথতে ইতি ভবদায়ুষাং (ভবান্ এব আয়ুঃ জীবনং যাসাং তাসাং) নঃ অস্মাকং ধীঃ ভ্রমতি মুহ্যতি ॥১৯

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে একত্রিংশোঽধ্যায়ঃ॥

হে প্রিয়! তোমার যে সুজাত অর্থাৎ পরমকোমল চরণকমল আমাদিগের কঠিন স্তনমণ্ডলে আমরা সম্মর্দ্দন শঙ্কায় ভীতা হইয়া ধীরে ধীরে ধারণ করিতাম, তুমি সেই চরণকমল দ্বারা এই রজনীতে বনে বনে ভ্রমণ করিতেছ, অতএব সেই চরণকমল তীক্ষ্ণ ও সূক্ষ্ম শিলাদি দ্বারা ব্যথিত হইতেছে না কি? অবশ্যই ব্যথিত হইতেছে এই ভাবিয়া আমাদিগের চিত্ত—নিরতিশয় ব্যাকুল হইতেছে, কারণ তুমিই আমাদের জীবন, সুতরাং অতঃপর বনভ্রমণে বিরত হইয়া আমাদিগের নিকটে আবির্ভূত হও।১৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একত্রিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশঃ অধ্যায়ঃ।

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য প্রাদুর্ভাবঃ, গোপীনামাশ্বাসনঞ্চ।]

শ্রীশুক উবাচ।
ইতি গোপ্যঃ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যশ্চ চিত্রধা।
রুরুদুঃ সুস্বরং রাজন্ কৃষ্ণদর্শনলালসাঃ ॥১

তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কৃষ্ণদর্শন-লালসাঃ (কৃষ্ণদর্শনে লালসা অতিস্পৃহা যাসাং তাঃ) গোপ্যঃ ইতি এবং উক্তপ্রকারেণ চিত্রধা অনেকপ্রকারেণ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যঃ প্রলাপং বদন্ত্যঃ চ সুস্বরং যথা ভবতি তথা উচ্চৈঃ রুরুদুঃ ॥১

অন্বয়ঃ

তাসাং রুদন্তীনাং মধ্যে এব স্ময়মান-মুখাম্বুজঃ (স্ময়মানং সুপ্রসন্নং মুখাম্বুজং যস্য সঃ), পীতাম্বরধরঃ, স্রগ্বী মালাধারী, সাক্ষান্মন্মথ-মন্মথঃ (জগন্মোহকস্য সাক্ষাৎ কামদেবস্যাপি মোহকস্বরূপ-রূপধরঃ) শৌরিঃ শ্রীকৃষ্ণঃ আবিরভূৎ ॥২

দ্বাত্রিংশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের প্রাদুর্ভাব এবং গোপীদিগকে আশ্বাস দান।]

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! এইরূপে গোপীগণ শ্রীকৃষ্ণের দর্শন লালসায় সুন্দররূপে গান ও নানারূপ প্রণাম পূর্ব্বক সুস্বরে রোদন করিতে লাগিলেন।১

সেই রোদনপরায়ণা ব্রজাঙ্গনাগণের মধ্যে

তং বিলোক্যাগতং প্রেষ্ঠং প্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ।
উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতম্ ॥৩
কাচিৎ করাম্বুজং শৌরের্জগৃহেঽঞ্জলিনা মুদা।
কাচিদ্দধার তদ্বাহুমংসে চন্দনভূষিতম্ ॥৪
কাচিদঞ্জলিনাগৃহ্লাৎ তন্বী তাম্বূলচর্ব্বিতম্।
একা তদঙ্ঘ্রিকমলং সন্তপ্তা স্তনয়োর্ন্যধাৎ ॥৫

একা ভ্রুকুটিমাবধ্য প্রেমসংরম্ভবিহ্বলা।
ঘ্নতীবৈক্ষৎ কটাক্ষেপৈঃ সন্দষ্টদশনচ্ছদা ॥৬
অপরা নিমিষদ্দৃগ্‌ভ্যাং জুষাণা তন্মুখাম্বুজম্।
আপীতমপি নাতৃপ্যৎ সন্তস্তচ্চরণং যথা ॥৭
তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদিকৃত্য নিমীল্য চ।
পুলকাঙ্গ্যুপগুহ্যাস্তে যোগীবানন্দসংপ্লুতা ॥৮

প্রেষ্ঠম্ অতিপ্রিয়ং তং কৃষ্ণম্ আগতং বিলোক্য প্রীত্যুৎফুল্লদৃশঃ (প্রীত্যা উৎফুল্ল-দৃশঃ বিকশিত-নেত্রাণি যাসাং তাঃ) অবলাঃ গোপ্যঃ আগতং প্রাণং (প্রাপ্তৌ) তন্বঃ তনবঃ করচরণাদয়ঃ ইব সর্ব্বাঃ তাঃ যুগপৎ উত্তস্থুঃ ॥৩

তত্র কাচিৎ গোপী মুদা হর্ষেণ, অঞ্জলিনা সংহত-হস্তদ্বয়েন শৌরেঃ কৃষ্ণস্য করাম্বুজং জগৃহে, কাচিত্তু চন্দনভূষিতং চন্দনেন ভূষিতং প্রলিপ্তং তদ্বাহুম্ (তস্য কৃষ্ণস্য বাহুম্) অংসে স্কন্ধে দধার ॥৪

কাচিৎ তন্বী ক্ষীণ-মধ্যমা যোষিৎ অঞ্জলিনা (তস্য) তাম্বূল-চর্ব্বিতম্ অগৃহ্লাৎ। একা তু (তদ্বিরহেণ) সন্তপ্তা সতী তদঙ্ঘ্রিকমলং (কমলবৎ সুকুমারং তাপ-নাশকম্ অঙ্ঘ্রি-যুগলং) স্তনয়োঃ ন্যধাৎ ॥৫

প্রেম-সংরম্ভ-বিহ্বলা (প্রেম-সংরম্ভেণ প্রণয়-কোপাবেশেন বিহ্বলা অতএব) স দষ্ট-দশনচ্ছদা (সংদষ্টঃ দশনচ্ছদঃ অধরোষ্ঠঃ যয়া সা) একা তু ভ্রুকুটিম্ আবধ্য (ভ্রুবং কুটিলীকৃত্য) কটাক্ষেপৈঃ (কটাঃ কটাক্ষাঃ তেষাম্ আক্ষেপৈঃ সম্পাতৈঃ) ঘ্নতী ইব তাড়য়ন্তী ইব ঐক্ষৎ অপশ্যৎ ॥৬

সন্তঃ সাধবঃ ভক্তাঃ তচ্চরণং (পুনঃ পুনঃ সেবমানাঃ অপি) যথা (ন তৃপ্যন্তি, তথা) অপরা অনিমিষদ্দৃগ্‌ভ্যাম্ (অনিমিষন্তীভ্যাং দৃগ্‌ভ্যাং) আপীতং সম্যক্ দৃষ্টমপি তন্মুখাম্বুজং কৃষ্ণমুখকমলং জুষাণা সেবমানা অপি ন অতৃপ্যৎ ॥৭

কাচিৎ তু নেত্র-রন্ধ্রেণ তং কৃষ্ণং হৃদি কৃত্য নিধায়, উপগুহ্য আলিঙ্গ্য নেত্রে নিমীল্য পুলকাঙ্গী (পুলকানি রোমাঞ্চিতানি অঙ্গানি যস্যাঃ সা) যোগী ইব আনন্দ-সংপ্লুতা (আনন্দেন সংপ্লুতা ব্যাপ্তা) আস্তে ॥৮

সুপ্রসন্নমুখপঙ্কজ পীতবসনধারী পুষ্পমালায় সমলঙ্কৃত মূর্ত্তিমান্ মদনমোহন ভগবান্ শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইলেন।২

সে যাহা হউক, অবলাগণ তখন সমাগত সেই প্রিয়তমকে বিশেষরূপে অবলোকন করিয়া করচরণাদি শরীর অবয়ব সকল যেপ্রকার বিগত প্রাণ ফিরিয়া আসিলে যুগপৎ হর্ষে উৎফুল্ল হইয়া উত্থিত হয়, তদ্রূপ হর্ষোৎফুল্ল নয়নে ব্যস্ত-সমস্ত হইয়া একদা উত্থিতা হইলেন।৩

অনন্তর ভক্তসকল যেমন শ্রীকৃষ্ণের চরণকমলের লাবণ্য অনুভব করিয়াও তৃপ্তিলাভ করিতে পারেন না, তদ্রূপ সেই ব্রজদেবীগণ নয়নরূপ পানপাত্র দ্বারা শ্রীকৃষ্ণের মুখলাবণ্য সুধা পুনঃ পুনঃ পান করিয়াও তৃপ্তিলাভ করিতে পারিলেন না।

কোন গোপী আনন্দ সহকারে অঞ্জলি দ্বারা শৌরি শ্রীকৃষ্ণের দক্ষিণ করকমল ধারণ করিলেন, অন্য কোন গোপী শ্রীকৃষ্ণের চন্দনলিপ্ত বামবাহু নিজের স্কন্ধদেশে ধারণ করিলেন।৪

বিরহ-তাপতাপিতা অতি কৃশাঙ্গী কোন এক গোপী অঞ্জলিবদ্ধা হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণের চর্ব্বিত তাম্বূল গ্রহণ করিলেন। অপর কোন ব্রজাঙ্গনা বিরহময় রত্যাখ্যভাবে সন্তাপিত হইয়া শ্রীকৃষ্ণের দক্ষিণ চরণকমল স্তনের উপরিভাগে ধারণ করিলেন।৫

প্রণয়কোপের আবেশে বিহ্বলা সুতরাং অধর এবং ওষ্ঠ দংশনপরায়ণা কোন এক গোপী ভ্রূযুগল কুটিল করিয়া কটাক্ষ আক্ষেপ সহকারে লক্ষ্যভূত ভগবান্ শ্রীকৃষ্ণকে তাড়না করিতে করিতেই যেন দৃষ্টিপাত করিতে লাগিলেন।৬

একমাত্র প্রীতি ভক্তিনিষ্ঠ ভক্তগণ যেমন শ্রীকৃষ্ণের

সর্ব্বাস্তাঃ কেশবালোকপরমোৎসবনির্বৃতাঃ ।
জহুর্ব্বিরহজং তাপং প্রাজ্ঞং প্রাপ্য যথা জনাঃ ॥৯
তাভির্বিধূতশোকাভির্ভগবানচ্যুতো বৃতঃ ।
ব্যরোচতাধিকং তাত পুরুষঃ শক্তিভির্যথা ॥১০

তাঃ সমাদায় কালিন্দ্যা নির্ব্বিশ্য পুলিনং বিভুঃ ।
বিকসৎকুন্দমন্দারসুরভ্যনিলষট্‌পদম্ ॥১১
শরচ্চন্দ্রাংশুসন্দোহধ্বস্তদোষাতমঃ শিবম্ ।
কৃষ্ণায়া হস্ততরলাচিতকোমলবালুকম্ ॥১২

প্রাজ্ঞং সুষুপ্তি-সাক্ষিণং পরমাত্মানম্ বা প্রাপ্য প্রত্যক্ষীকৃত্য জনাঃ যোগিনঃ যথা তথা কেশবালোক-পরমোৎসব-নির্বৃতাঃ (কেশবস্য আলোকনং দর্শনম্ এব পরমোৎসবঃ তেন নির্বৃতাঃ আনন্দিতাঃ) তাঃ সর্ব্বাঃ গোপ্যঃ বিরহজং তাপং জহুঃ ॥৯

হে তাত। বিধূত-শোকাভিঃ তাভিঃ গোপীভিঃ বৃতঃ ভগবান্ অচ্যুতঃ শক্তিভিঃ মূর্ত্তিমতীভিঃ পরিবৃতঃ পুরুষঃ মহাপুরুষঃ যথা তথা অধিকং ব্যরোচত ॥১০

বিভুঃ শ্রীকৃষ্ণঃ তাঃ গোপীঃ সমাদায় কালিন্দ্যাঃ বিকসৎ-কুন্দ-মন্দার-সুরভ্যনিলষট্‌পদং (বিকসদ্ভিঃ কুন্দৈঃ মন্দারৈঃ চ সুরভিঃ যো মন্দানিলঃ তস্মাৎ ষট্‌পদাঃ ভ্রমরাঃ যস্মিন্ তৎ) পুলিনং নির্ব্বিশ্য (তাভিঃ ব্যরোচত ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥১১

শরচ্চন্দ্রাংশুসন্দোহধ্বস্তদোষাতমঃ (শরৎকালীনঃ যো নির্ম্মলশ্চন্দ্রঃ তস্য অংশূনাং কিরণানাং সন্দোহৈঃ সমূহৈঃ ধ্বস্তং দোষায়াঃ রাত্রেঃ তমো যস্মিন্ তৎ) অতএব শিবং সুখকরং কৃষ্ণায়াঃ যমুনায়াঃ হস্ত-তরলাচিত-কোমল-বালুকম্ (হস্ততুল্যৈঃ তরলৈঃ তরঙ্গৈঃ আচিতাঃ আবৃতাঃ কোমলাঃ বালুকাঃ যস্মিন্ তৎ এবম্ভূতং) পুলিনম্ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥১২

চরণ পুনঃ পুনঃ সেবা করিয়াও তৃপ্তিলাভ করিতে পারেন না, তদ্রূপ অপর কোন গোপী নিমেষশূন্য নয়নযুগলে শ্রীকৃষ্ণের মুখপদ্মের মাধুর্য্য সম্যক্‌রূপে আস্বাদন করিলেও অধুনা পুনঃ পুনঃ আস্বাদন করিয়া তৃপ্তি লাভ করিতে পারিলেন না।৭

কোন ব্রজসুন্দরী নেত্রপথে শ্রীকৃষ্ণকে হৃদয়ে আনয়ন পূর্ব্বক নয়নদ্বারা নিমীলিত করিয়া পুলকিত শরীরে (ধ্যানপর) যোগীর ন্যায় শ্রীকৃষ্ণকে হৃদয়ে ধারণ করিয়া আনন্দে নিমগ্ন হইলেন।৮

সংসারজ্বালায় সন্তপ্ত মনুষ্যগণ যেমন পরম ভাগবতকে প্রাপ্ত হইয়া সংসার-তাপ পরিত্যাগ করিতে আরম্ভ করিয়া থাকেন, তদ্রূপ অন্যান্য সমস্ত গোপীগণ কেশবের ঈষদ্দর্শনরূপ পরমোৎসবে আনন্দিতা হইয়া বিরহজনিত তাপ পরিহার করিতে আরম্ভ করিলেন।৯

হে তাত পরীক্ষিৎ! পুরুষ (ঈশ্বর) যেমন ভগবদ্রূপে ঐশ্বর্য্যাদিময় স্বরূপ শক্তিসমূহে পরিবৃত হইয়াই অধিকরূপে শোভমান হন, পরন্ত ব্রহ্মরূপে সেই শক্তিসমূহে আবৃত হইয়া যেরূপ শোভা পান, তদ্রূপ ভগবান্ সর্ব্বৈশ্বর্য্য সম্পূর্ণ হইলেও এবং অচ্যুত কোন প্রকারে কখন কোন শোভা হইতে চ্যুতিরহিত হইলেও বিগত-বিরহশোভা প্রেম-বিশেষময়ী স্বরূপশক্তি সেই সকল ব্রজাঙ্গনাগনে পরিবৃত হইয়া সমধিক ও সবিশেষরূপে শোভমান হইতে লাগিলেন।১০

বিভু শ্রীকৃষ্ণ সেই ব্রজসুন্দরীদিগকে সম্যগ্‌রূপে গ্রহণ করিয়া যমুনার পুলিনে প্রবেশ করত বিশেষরূপে শোভমান হইতে লাগিলেন। যে পুলিনে বিকসিত কুন্দ ও মন্দার কুসুমের সৌরভে সুবাসিত পবন প্রবাহিত হওয়ায় সকল ভ্রমর সমাগত হইয়াছে এবং শরচ্চন্দ্রের কিরণ-সমূহে তথায় রাত্রীকালীন তিমির বিধ্বস্ত হইয়াছিল, আর সেই পুলিন-শীতলত্বাদিগুণে সুখকর ও কৃষ্ণার (যমুনার) হস্তরূপ তরঙ্গ-নিচয় দ্বারা সুকোমল বালুকাময় হইয়াছিল।১১-১২

তদ্দর্শনাহ্লাদবিধূতহৃদ্রুজো
মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ।
স্বৈরুত্তরীয়ৈঃ কুচকুঙ্কুমাঙ্কিতৈ-
রচীক্লৃপন্নাসনমাত্মবন্ধবে ॥১৩

তত্রোপবিষ্টো ভগবান্ স ঈশ্বরো
যোগেশ্বরান্তর্হৃদি কল্পিতাসনঃ।
চকাস গোপীপরিষদ্গতোঽর্চ্চিত-
স্ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং বপুর্দধৎ ॥১৪

সভাজয়িত্বা তমনঙ্গদীপনং
সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা।
সংস্পর্শনেনাঙ্ককৃতাঙ্ঘ্রিহস্তয়োঃ
সংস্তুত্য ঈষৎকুপিতা বভাষিরে ॥১৫

অপি চ শ্রুতয়ঃ যথা (কর্ম্মকাণ্ডে তত্তৎ কাম্যকর্ম্ম প্রতিপাদয়ন্ত্যঃ পূর্ণাঃ জ্ঞানকাণ্ডে তু ঈশ্বরঃ প্রতিপাদ্য পূর্ণমনোরথাঃ ভবন্তি তথা) তদ্দর্শনাহ্লাদবিধূতহৃদ্রুজঃ (তস্য ভগবতো দর্শনেন যঃ আহ্লাদস্তেন বিধূতাঃ নিরস্তাঃ হৃদ্রুজঃ তদ্বিশ্লেষজাঃ মনঃপীড়াঃ যাসাং তাঃ তথাবিধাঃ গোপ্যঃ) মনোরথান্তং যযুঃ, তথা কুচকুঙ্কুমাচিতৈঃ রোদনাশ্রু-ক্ষালিতৈঃ কুচকুঙ্কুমৈঃ অঙ্কিতৈঃ স্বৈঃ স্বকীয়ৈঃ উত্তরীয়ৈঃ উত্তরীয়-বস্ত্রৈঃ আত্মবন্ধবে (আত্মনাং জীবানাং বন্ধবে পরমোপকারিণে) কৃষ্ণায় আসনং অচীক্লৃপন্ রচয়ামাসুঃ ॥১৩

যোগেশ্বরান্তর্হৃদিকল্পিতাসনঃ (যোগেশ্বরাণাং সিদ্ধযোগানাম্ অন্তর্হৃদি হৃদয়-কমলমধ্যে কল্পিতম্ আসনং যস্য সঃ) ভগবান্ ঐশ্বর্য্যাদিপূর্ণঃ সঃ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা শ্রীকৃষ্ণঃ ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং (ত্রৈলোক্যে যা লক্ষ্মীঃ শোভা তস্যাঃ একম্ এব পদম্ আশ্রয়ভূতং) বপুঃ দধৎ বিভ্রাণঃ তত্র আসনে উপবিষ্টঃ গোপীপরিষদ্গতঃ গোপী-সভাগতঃ অর্চ্চিতঃ সন্ চকাশ শুশুভে ॥১৪

(ততো গোপ্যঃ শ্রীকৃষ্ণং সৎকৃত্য) সহাসলীলেক্ষণেন বিভ্রমভ্রুবা (সহাসলীলেক্ষণেন বিভ্রমো বিলাসো যস্যাঃ তয়া ভ্রুবা) অনঙ্গ-দীপনং (সম্ভোগ-প্রদত্বাৎ অনঙ্গ-বর্দ্ধনং) তং শ্রীকৃষ্ণং সভাজয়িত্বা অনুরজ্য, অঙ্ককৃতাঙ্ঘ্রিহস্তয়োঃ (অঙ্ককৃতৌ ক্রোড়ে স্থাপিতৌ ভগবতোঽঙ্ঘ্রিহস্তৌ তয়োঃ) সংস্পর্শনেন সম্মর্দনেন সংস্তুত্য স্তুতিং কৃত্বা ঈষৎ কুপিতাঃ ইব বভাষিরে ॥১৫

অনন্তর অতিশয় হৃষ্টচিত্তা ব্রজদেবীগণের প্রেমসেবা বলিতেছেন,—ক্রীড়াবিশেষে সমুৎসুক শ্রীকৃষ্ণের দর্শনজনিত আনন্দে ব্রজসুন্দরীদিগের সমস্ত হৃদয়রোগ বিধূত হইল। কর্ম্মকাণ্ডে শ্রুতিগণ যেমন পরমেশ্বরকে দর্শন করিতে না পাইয়া তত্তৎ কামানুবন্ধ দ্বারা অপূর্ণার ন্যায় অবস্থান করেন, পরন্তু জ্ঞানকাণ্ডে পরমেশ্বরকে দেখিতে পাইয়া সেই দর্শন-জনিত আনন্দে পূর্ণহৃদয় হইয়া কামানুবন্ধ পরিত্যাগ করিয়া থাকেন, তদ্রূপ তাঁহারা মনোরথের অন্ত পরাকাষ্ঠা লাভ করিলেন। পরে সুস্থিরচিত্তা হইয়া কুচ-কুঙ্কুমে অঙ্কিত স্ব স্ব পরিহিত উত্তরীয় বসন দ্বারা আত্মাপেক্ষা প্রিয়তম (প্রাণকোটি-প্রেষ্ঠ) শ্রীকৃষ্ণের বসিবার আসন রচনা করিয়াদিলেন।১৩

শ্রীরুদ্রাদি যোগেশ্বরগণ একাগ্রচিত্তে যাঁহার আসন হৃদয়াভ্যন্তরে কল্পনা করিয়া থাকেন, সেই ষড়ৈশ্বর্য্যগুণসম্পন্ন অপূর্ব্ব অপূর্ব্ব নানাবিধ ঐশ্বর্য্য প্রকাশে সমর্থ, প্রেমরসাম্বুধিবর্দ্ধন, সর্ব্বনিয়ন্তা ঈশ্বর শ্রীকৃষ্ণ ত্রৈলোক্যলক্ষ্মীর একমাত্র আশ্রয়ভূত বপু ধারণ করিয়া গোপীগণের সভায় সেই আসনে উপবেশন পূর্ব্বক ব্রজাঙ্গনাগণে পরিবৃত এবং তাঁহাদের দ্বারা সম্মানিত হইয়া শোভিত হইতে লাগিলেন।১৪

অন্তর্দ্ধানহেতু ঈষৎ কোপযুক্তা হইয়া সহাস্য লীলাবলোকন বিলাসিত ভ্রূযুগল দ্বারা অনঙ্গদীপন (কামবর্দ্ধন) শ্রীকৃষ্ণকে পূর্ব্বোক্ত প্রকারে সম্মানিত করিয়া স্বকীয় উরুদ্বয়ে তাঁহার হস্ত এবং পদদ্বয় স্থাপন পূর্ব্বক তত্তৎ সংস্পর্শে স্পর্শ সুখ অনুভব করত উক্ত হস্ত-পদাদির প্রশংসানন্তর বলিতে লাগিলেন।১৫

গোপ্য ঊচুঃ।

ভজতোঽনুভজন্ত্যেক এক এতদ্ বিপর্য্যয়ম্।
নোভয়াংশ্চ ভজন্ত্যেক এতন্নো ব্রূহি সাধু ভোঃ ॥১৬

শ্রীভগবানুবাচ।

মিথো ভজন্তি যে সখ্যঃ স্বার্থৈকান্তোদ্যমা হি তে।
ন তত্র সৌহৃদং ধর্ম্মঃ স্বার্থার্থং তদ্ধি নান্যথা ॥১৭

ভজন্ত্যভজতো যে বৈ করুণাঃ পিতরো যথা।
ধর্ম্মো নিরপবাদোঽত্র সৌহৃদঞ্চ সুমধ্যমাঃ ॥১৮

গোপ্যঃ ঊচুঃ। ভোঃ হে কৃষ্ণ! একে জনাঃ ভজতঃ অনুবর্ত্তমানান্ ভজন্তি অনুবর্ত্তন্তে, একে তু এতদ্বিপর্য্যয়ং কুর্ব্বন্তি (অভজতোঽপি ভজন্তি)। অন্যে তু উভয়ান্ ভজতঃ অভজতঃ চ ন ভজন্তি। এতৎ (ভজতাং গুণদোষফলাদিকং সর্ব্বং) সাধু সম্যক্ ব্রূহি ॥১৬

শ্রীভগবান্ উবাচ। হে সখ্যঃ! যে মিথঃ পরস্পরং ভজন্তি উপকুর্ব্বন্তি, তে হি যস্মাৎ স্বার্থৈকান্তোদ্যমাঃ (স্বার্থে স্বপ্রয়োজনে এব একান্তঃ নিয়তোদ্যমঃ যেষাং তে এব) অতঃ তেষাং তৎ ভজনং স্বার্থার্থমেব ন অন্যথা, তত্র ভজনে তৎফলং সৌহৃদং প্রেম, ধর্ম্মঃ বা ন উৎপদ্যতে ॥১৭

গোপীগণ বলিলেন—কেহ কেহ ভজনাকারীর অনুভজন করে, কেহ কেহ ইহার বিপরীত ভাবে ভজনা করে। আবার কোন কোন জন উভয়ের কাহাকেও ভজনা করে না; হে কৃষ্ণ! আমাদিগের এই প্রশ্নত্রয়ের উত্তর, উত্তমরূপে বর্ণন কর—তাহারা কোন্ কোন্ ব্যক্তি? কিংবা তাহাদিগের কি ফল, তৎসমুদয় বিবেচনা করিয়া বর্ণন কর।১৬

শ্রীভগবান্ বলিলেন—হে সখীগণ। যাহারা কেবলমাত্র উপকার ও প্রত্যুপকার আশায় পরস্পর ভজনা করিয়া থাকে, তাহাদিগের উদ্যম একমাত্র স্বার্থসিদ্ধিতে নিবদ্ধ এবং তাহারা নিজ আত্মাকেই ভজনা করিয়া থাকে, সুতরাং এবংবিধ ভজনের সৌহার্দ্দও নাই, ধর্ম্মও নাই—কেবল সেই ভজন স্বার্থের নিমিত্ত হইয়া থাকে, সুতরাং যাহা বলিলাম ইহার অন্যথা হইতে পারে না।১৭

ভজতোঽপি ন বৈ কেচিদ্ ভজন্ত্যভজতঃ কুতঃ।
আত্মারামা হ্যাপ্তকামা অকৃতজ্ঞা গুরুদ্রুহঃ ॥১৯

নাহন্তু সখ্যো ভজতোঽপি জন্তূন্
ভজাম্যমীষামনুবৃত্তিবৃত্তয়ে।
যথাধনো লব্ধধনে বিনষ্টে
তচ্চিন্তয়ান্যান্নিভৃতো ন বেদ ॥২০

হে সুমধ্যমা! যে বৈ অভজতঃ ভজন্তি তে করুণাঃ কৃপালবঃ যথা পিতরৌ (মাতাপিতরৌ); অত্র নিরপেক্ষ-ভজনে নিরপবাদঃ নির্ব্বাধঃ ধর্ম্মঃ ভবতি তথা সৌহৃদং স্নেহশ্চ উৎপদ্যতে ॥১৮

কেচিত্তু ভজতঃ অপি ন ভজন্তি অভজতঃ তু কুতঃ ভজেযুঃ; (তে হি চতুর্ব্বিধাঃ) আত্মারামাঃ বহির্দর্শন-রহিতাঃ, কেচিৎ আপ্তকামাঃ আত্মনির্বৃতত্বাৎ বিষয়ভোগেচ্ছা-রহিতাঃ, কেচিৎ অকৃতজ্ঞাঃ সংমূঢ়াঃ, অন্যে গুরুদ্রুহাঃ অতিকঠিনাঃ ॥১৯

হে সখ্যঃ! অহন্তু ভজতঃ অপি জন্তূন্ ন ভজামি।

হে সুমধ্যমাগণ! পিতা মাতা যেমন অভজনাকারী বালক কিংবা অন্ধ বধির পুত্রদিগকে ভজনা করিয়া থাকেন, তদ্রূপ যে সকল ব্যক্তি অভজনকারী-জনসকলকে ভজনা করিয়া থাকে, তাহারা নিশ্চয়ই কারুণিক। এইরূপ অভজনকারীর ভজনে নিরপবাদ (নিরপেক্ষ) ধর্ম্ম ও নিরপবাদ সর্ব্বভূতসুহৃত্ত্ব আছে ॥১৮

"আত্মারাম, আপ্তকাম, অকৃতজ্ঞ ও গুরুদ্রোহী" এই চারি প্রকার জন—ভজনকারীদিগকেও ভজনা করে না, সুতরাং অভজনকারীদিগকে ভজনা করে না ইহাতে আর বক্তব্য কি?১৯

হে সখীগণ! যেমন নির্ধন লব্ধধনের বিনাশ হইলে ঐ বিনষ্ট ধনের চিন্তায় ব্যাপৃত হইয়া অন্য ক্ষুৎপিপাসাদি কিছুই স্মরণ করে না, কিন্তু কেবলমাত্র ঐ নষ্ট ধনের চিন্তা করিয়া থাকে, তদ্রূপ ধ্যানের অবিচ্ছেদের

এবং মদর্থোজ্‌ঝিতলোকবেদ-
স্বানাং হি বো ময্যনুবৃত্তয়েঽবলাঃ।
ময়া পরোক্ষং ভজতা তিরোহিত-
মসূয়িতুং মার্হথ তৎপ্রিয়ং প্রিয়াঃ ॥২১
ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং
স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ।
যা মাভজন্ দুর্জ্জয়গেহশৃঙ্খলাঃ
সংবৃশ্চ্য তদ্ বঃ প্রতিযাতু সাধুনা ॥২২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

(প্রত্যক্ষতো নিরন্তরং নানুবর্ত্তে), কিন্তু যথা অধনঃ নির্ধনঃ (পুমান্) লব্ধধনে বিনষ্টে সতি তচ্চিন্তয়া (তস্য ধনস্য চিন্তয়া) নিভৃতঃ ব্যাপ্তঃ সন্ অন্যৎ ক্ষুৎপিপাসাদিকম্ অপি ন বেদ জানাতি, তথা অমীষাং মাং ভজতাং জন্তূনাম্ অনুবৃত্তয়ে (অনুবর্ত্তনস্য ধ্যানরূপস্য অনুবৃত্তয়ে অবিচ্ছেদায় ন তান্ ভজামি, যথা মাং প্রত্যক্ষতো দৃষ্ট্বা পুনর্ময্যন্তর্হিতে সতি মচ্চিন্তয়া ব্যাপ্তোঽন্যদ্দেহাদিকম্ অপি নানুসন্ধত্তে ইত্যর্থঃ) ॥২০

হে অবলাঃ প্রিয়াঃ! মদর্থোজ্‌ঝিতলোকবেদস্বানাং (মদর্থং মৎপ্রাপ্ত্যর্থম্ উজ্‌ঝিতাঃ ত্যক্তাঃ লোকাঃ বেদাঃ ধর্ম্মাধর্ম্মাঃ, স্বাঃ জ্ঞাতয়ঃ যাভিঃ তাসাং) বঃ যুষ্মাকং ময়ি অনুবৃত্তয়ে (ধ্যানরূপস্য অবিচ্ছেদায়) অপরোক্ষং যথা ভবতি তথা ভজতা (ভজতা উপকুর্ব্বতা) ময়া তিরোহিতং, তৎ তস্মাৎ প্রিয়ং মা মাম্ অসূয়িতুং দোষদৃষ্ট্যা দ্রষ্টুং ন অর্হথ যোগ্যাঃ ভবথ ॥২১

যাঃ ভবত্যঃ দুর্জয়-গেহ-শৃঙ্খলাঃ (দুর্জয়াঃ যাঃ গেহরূপাঃ শৃঙ্খলাঃ তাঃ) সংবৃশ্চ্য নিঃশেষং ছিত্বা মা মাম্ অভজন্ নিরবদ্যসংযুজাং (নিরবদ্যা নিষ্কপটা সংযুক্ সংযোগঃ ভজনং যাসাং তাসাং) বঃ যুষ্মাকং স্বসাধুকৃত্যম্ (স্বীয়-সাধুকৃত্যেন প্রত্যুপকারং কর্ত্তুং) অহং বিবুধায়ুষা অপি ন পারয়ে ন শক্নোমি ; তৎ তস্মাৎ বঃ যুষ্মাকং সাধুনা কৃত্যেন (সাধুকৃত্যং) প্রতিযাতু প্রতিকৃতং ভবতু ॥২২

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি-কৃতান্বয়ে দশমে স্কন্ধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥

নিমিত্ত আমি কিন্তু ভজনাকারীদিগকেও ভজনা করি না।২০

হে অবলাগণ! তোমরা এইরূপে আমার নিমিত্ত যুক্তাযুক্ত প্রতীক্ষা না করিয়া লোকসকল, ধর্ম্মাধর্ম্ম প্রতীক্ষা না করিয়া বেদ এবং স্নেহ ত্যাগে আত্মীয়, ধন, জ্ঞাতি প্রভৃতি পরিত্যাগ করিয়া আসিয়াছ, আমি কিন্তু তোমাদের আমার প্রতি অনুবৃত্তির নিমিত্ত তিরোহিত হইয়াছিলাম। তাহাতেও আমি অদৃশ্য থাকিয়া তোমাদিগের ভজনা করিতেছিলাম। আর আমি তোমাদিগের প্রিয়, অতএব হে প্রিয়াগণ! তোমাদিগের আমার প্রতি অসূয়া প্রকাশ করা কর্ত্তব্য নহে।২১

আমার সহিত তোমাদিগের যে সংযোগ, তাহা কামময়ত্বরূপে প্রতীয়মান হইলেও বস্তুতঃ নির্ম্মল প্রেমবিশেষময়ত্ব হেতু দোষবিবর্জ্জিত হইয়াছে (কারণ তোমরা মদ্-বিষয়ক চিত্তৈকাগ্রতাবশতঃ স্ব স্ব পত্যাদির স্পর্শশূন্য হইয়াছ) এবং তোমরা কুলবধূত্বপ্রযুক্ত যাহা পরিত্যাগে অসমর্থা, সেই গৃহ-সম্বন্ধি ঐহিক ও পারলৌকিক সুখকর লোক-ধর্ম্ম-মর্য্যাদা নিঃশেষরূপে ছেদন করিয়া আমাকে ভজনা করিয়াছ অর্থাৎ পরমানুরাগ সহকারে আমাতে আত্মনিবেদন করিয়াছ, সুতরাং দেব-পরিমিত আয়ুর দ্বারাও তোমাদিগের প্রতি আমার প্রত্যুপকার কৃত্য সম্পাদনে সমর্থ হইব না, অতএব তোমাদিগের সাধুত্ব দ্বারাই তোমাদের কৃত সাধুকৃত্য, প্রত্যুপকৃত হউক।২২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত দ্বাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়স্ত্রিংশঃ অধ্যায়ঃ।

[রাসমহালীলাবর্ণনম্, শ্রীশুকদেবেন মহারাজ-পরীক্ষিৎকৃতশঙ্কায়াঃ সমাধানঞ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

ইত্থং ভগবতো গোপ্যঃ শ্রুত্বা বাচঃ সুপেশলাঃ।
জহুর্বিরহজং তাপং তদঙ্গোপচিতাশিষঃ ॥১

তত্রারভত গোবিন্দো রাসক্রীড়ামনুব্রতৈঃ।
স্ত্রীরত্নৈরন্বিতঃ প্রীতৈরন্যোন্যাবদ্ধবাহুভিঃ ॥২

রাসোৎসবঃ সম্প্রবৃত্তো গোপীমণ্ডলমণ্ডিতঃ
যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ।
প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্বনিকটং স্ত্রিয়ঃ ॥৩

যং মন্যেরন্ নভস্তাবদ্ বিমানশতসঙ্কুলম্।
দিবৌকসাং সদারাণামত্যৌৎসুক্যভৃতাত্মনাম্ ॥৪

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। ইত্থং ভগবতঃ সুপেশলাঃ মনোহরাঃ বাচঃ শ্রুত্বা তদঙ্গোপচিতাশিষঃ (তস্য অঙ্গঃ করচরণাদ্যবয়বৈঃ স্পৃষ্টৈঃ উপচিতাঃ সমৃদ্ধাঃ অবয়বাঃ যাসাং তাঃ) গোপ্যঃ বিরহজং তাপং জহুঃ ॥১

তত্র যমুনা-পুলিনে অনুব্রতৈঃ স্ববশবর্ত্তিভিঃ প্রীতৈঃ অন্যোন্যাবদ্ধবাহুভিঃ (অন্যোন্যম্ আবদ্ধাঃ বাহবঃ যৈঃ তৈঃ) স্ত্রীরত্নৈঃ অন্বিতঃ গোবিন্দঃ রাসক্রীড়াম্ (রাসস্য আনন্দস্য অভিব্যক্তিঃ রাসঃ তাং ক্রীড়াম্) আরভত ॥২

যাঃ সর্ব্বাঃ স্ত্রিয়ঃ শ্রীকৃষ্ণং স্বনিকটং (স্বনিকটস্থং মামেব আশ্লিষ্টবান্ ইতি) মন্যেরন্ তাসাং মণ্ডলরূপেণ অবস্থিতানাং দ্বয়োঃ দ্বয়োঃ মধ্যে একৈকরূপেণ প্রবিষ্টেন কৃষ্ণেন কণ্ঠে গৃহীতানাম্ আলিঙ্গিতানাং গোপীমণ্ডলমণ্ডিতাং (গোপীনাং মণ্ডলৈঃ মণ্ডিতঃ শোভমানঃ) রাসোৎসবঃ সংপ্রবৃত্তঃ ॥৩

তাবৎ তৎক্ষণমেব অত্যৌৎসুক্যভৃতাত্মনাং (অত্যৌৎসুক্যেন ভৃতঃ ব্যাকুলীকৃতঃ আত্মা চিত্তং যেষাং তেষাং) সদারাণাং সস্ত্রীকাণাং দিবৌকসাং দেবানাং বিমান-শতসংকুলং (বিমানশতৈঃ সংকুলং ব্যাপ্তং সঙ্কীর্ণং) নভঃ বভূব ॥৪

ত্রয়স্ত্রিংশো অধ্যায়।

[রাসমহালীলাবর্ণন এবং শ্রীশুকদেব কর্ত্তৃক মহারাজ পরীক্ষিৎকৃত শঙ্কার সমাধান।]

শ্রীবাদরায়ণি (শুকদেব) বলিলেন—(হে রাজন্) এই প্রকারে শ্রীব্রজাঙ্গনাগণ ভগবান্ শ্রীকৃষ্ণের এতাদৃশ পরম মনোহর বাক্যসমূহ শ্রবণপূর্ব্বক ভগবানের করচরণাদি অবয়ব দ্বারা কল্যাণসমৃদ্ধা হইয়া ভূত-ভবিষ্যৎ উভয়বিধ বিরহজনিত তাপ পরিত্যাগ করিলেন।১

এইরূপে গোপাঙ্গনাগণের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণের ঐকমত্য স্থাপিত হইল, প্রেমভরে বিবশ, তদেকাধীন, পরস্পর বাহুপাশে আবদ্ধ স্ত্রীজাতির ভূষণদ্বারা গোপীগণের সহিত মিলিত শ্রীগোবিন্দ রাসক্রীড়া করিতে প্রবৃত্ত হইলেন।২

এইরূপে গোপীমণ্ডলমণ্ডিত রাসোৎসব সংপ্রবৃত্ত হইল। যোগেশ্বর শ্রীকৃষ্ণ তাঁহাদিগের দুই দুই গোপীর মধ্যে প্রবিষ্ট হইয়া তাঁহাদিগের কণ্ঠ ধারণ করিলেন, আর গোপীগণ প্রত্যেকেই মনে করিলেন শ্রীকৃষ্ণ আমার নিকটে বর্ত্তমান রহিয়াছেন।৩

যখন শ্রীকৃষ্ণ রাসোৎসবে প্রবৃত্ত হইলেন, তখন অত্যন্ত ঔৎসুক্যপূর্ণ-চিত্ত ও স্ব স্ব স্ত্রীগণসমভিব্যাহারে সমাগত আকাশ-নিবাসী ব্রহ্মা, রুদ্র প্রভৃতি দেবতাগণের শত শত বিমানে নভোমণ্ডল সমাকীর্ণ হইয়া উঠিল।৪

ততো দুন্দুভয়ো নেদুর্নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ।
জগুর্গন্ধর্ব্বপতয়ঃ সস্ত্রীকাস্তদ্যশোঽমলম্ ॥৫

বলয়ানাং নূপুরাণাং কিঙ্কিণীনাঞ্চ যোষিতাম্।
সপ্রিয়াণামভূচ্ছব্দস্তুমুলো রাসমণ্ডলে ॥৬

তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ।
মধ্যে মণীনাং হৈমানাং মহামরকতো যথা ॥৭

পাদন্যাসৈর্ভুজবিধুতিভিঃ সস্মিতৈর্ভ্রূবিলাসৈ-
র্ভজ্যন্মধ্যৈশ্চলকুচপটৈঃ কুণ্ডলৈর্গণ্ডলোলৈঃ।
স্বিদ্যন্মুখ্যঃ কবররশনাগ্রন্থয়ঃ কৃষ্ণবধ্বো
গায়ন্ত্যস্তং তড়িত ইব তা মেঘচক্রে বিরেজুঃ ॥৮

উচ্চৈর্জগুর্নৃত্যমানা রক্তকণ্ঠ্যো রতিপ্রিয়াঃ।
কৃষ্ণাভিমর্ষমুদিতা যদ্গীতেনেদমাবৃতম্ ॥৯

ততঃ তদা রাসারম্ভে (দেবৈর্বাদিতাঃ) দুন্দুভয়ঃ নেদুঃ, তৈঃ কৃতাঃ পুষ্পবৃষ্টয়ঃ চ নিপেতুঃ। সস্ত্রীকাঃ স্ত্রীভিঃ গন্ধর্ব্বপতয়ঃ তৎ তস্য ভগবতঃ অমলং যশঃ জগুঃ ॥৫

সপ্রিয়াণাং কৃষ্ণসহিতানাং যোষিতাং গোপীনাং (যে বলয়াদয়ঃ তেষাং) বলয়ানাং নূপুরাণাং পাদভূষণানাং কিঙ্কিণীনাং কটিভূষণানাং তুমুলঃ সংকীর্ণঃ শব্দঃ রাসমণ্ডলে অভূৎ ॥৬

তত্র রাসমণ্ডলে হৈমানাং স্বর্ণ-রচিতানাং মণীনাং (দ্বয়োর্দ্বয়োঃ) মধ্যে মহামরকতঃ নীলমণিঃ যথা (রাজতে), তথা তাভিঃ স্বর্ণবর্ণাভিঃ (শ্যামরূপঃ) ভগবান্ দেবকীসুতঃ অতিশুশুভে ॥৭

পাদন্যাসৈঃ পাদবিক্ষেপৈঃ, ভুজবিধুতিভিঃ করচালনৈঃ, সস্মিতৈঃ ঈষদ্ধাস্যসহিতৈঃ, ভ্রূবিলাসৈঃ চ ভজ্যমানৈঃ মধ্যৈঃ কটিভাগৈঃ চলকুচপটৈঃ চলৈঃ কুচৈঃ পটৈঃ চ) গণ্ডলোলৈঃ (গণ্ডেষু লোলৈঃ চঞ্চলৈঃ) কুণ্ডলৈঃ চ (উপলক্ষিতাঃ) স্বিদ্যন্মুখ্যঃ (স্বিদ্যন্তি স্বেদম্ উদ্গিরন্তি মুখানি যাসাং তাঃ) কবর-রসনাগ্রন্থয়ঃ (কবরেষু কচেষু রসনাসু দৃঢ়াঃ গ্রন্থয়ঃ যাসাং তাঃ) তং কৃষ্ণং গায়ন্ত্যঃ তাঃ কৃষ্ণবধ্বঃ কৃষ্ণপ্রিয়াঃ গোপ্যঃ মেঘচক্রে মেঘসমূহে তড়িতঃ ইব বিরেজুঃ ॥৮

নৃত্যমানাঃ নৃত্যন্ত্যঃ রক্তকণ্ঠ্যঃ রক্তৈঃ নানারাগৈঃ অনুরঞ্জিত-কণ্ঠ্যঃ, রতিপ্রিয়াঃ (রতিঃ কৃষ্ণস্য প্রীতিরেব প্রিয়া যাসাং তাঃ) তাঃ কৃষ্ণাভিমর্ষমুদিতাঃ (কৃষ্ণস্য অভিমর্ষেণ সংস্পর্শেন মুদিতাঃ) সত্যঃ উচ্চৈঃ (তৎগীতং) জগুঃ যদ্গীতেন ইদং বিশ্বম্ আবৃতং ব্যাপ্তম্ ॥৯

অনন্তর দুন্দুভিসমূহ স্বয়ংই বাজিতে লাগিল। নিরতিশয় পুষ্পবৃষ্টি হইতে লাগিল। গন্ধর্ব্বপতিগণ স্ব স্ব স্ত্রীগণের সহিত কিংবা অপ্সরাগণের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণের অমল অর্থাৎ কামবাসনা-শূন্য কিংবা দর্শনকারীর বা বর্ণনকারীর পাপহর—স্বভাবতঃ বিমল যশ গান করিতে লাগিলেন।৫

রাসমণ্ডলে প্রিয়তম কৃষ্ণসমন্বিতা সেই ব্রজ-দেবীগণের বলয়, নূপুর ও কাঞ্চী প্রভৃতিগত কিঙ্কিণী-সমূহের তুমুল শব্দ হইতে লাগিল।৬

সেই রাসমণ্ডলে বর্ত্তুলাকারে মণিবৎ নির্মিত হেমবর্ণ মণিসমূহের মধ্যে যেমন মহামারকত (ইন্দ্র-নীলমণি) শোভা পায়, তদ্রূপ সেই স্বর্ণবর্ণা ব্রজ-সুন্দরীগণে পরিবৃত দেবকীনন্দন ভগবান্ সর্ব্বৈশ্বর্য্য ও সর্ব্ব শোভাসম্পন্ন হইয়াও অত্যন্ত শোভমান হইতে লাগিলেন।৭

চরণনিক্ষেপ, করসঞ্চালন, সহাস্য ভ্রূবিলাস, আভুগ্ন কটিদেশ, চঞ্চল স্তন-বসন, গণ্ডস্থলে চঞ্চল কুণ্ডল দ্বারা উপলক্ষিত, স্বেদযুক্ত বদনবিশিষ্ট কেশ ও রসনায় গ্রন্থিযুক্ত এবং শ্রীকৃষ্ণগানে উন্মত্ত শ্রীকৃষ্ণবধূসকল মেঘমণ্ডলে চপলার ন্যায় শোভা পাইতে লাগিলেন।৮

নানারাগে অনুরঞ্জিতকণ্ঠী ও রতিপ্রিয়া গোপীগণ শ্রীকৃষ্ণের সংস্পর্শে প্রমুদিতা অর্থাৎ গানকৌশল-দর্শনে ক্ষণে ক্ষণে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আলিঙ্গিতা হইয়া নৃত্য করিতে করিতে উচ্চৈঃস্বরে গান করিতে লাগিলেন। যাঁহাদিগের সেই গানে এই জগৎ পরিব্যাপ্ত রহিয়াছে।৯

কাচিৎ সমং মুকুন্দেন স্বরজাতীরমিশ্রিতাঃ।
উন্নিন্যে পূজিতা তেন প্রীয়তা সাধু সাধ্বিতি।
তদেব ধ্রুবমুন্নিন্যে তস্যৈ মানঞ্চ বহ্বদাৎ ॥১০
কাচিদ্ রাসপরিশ্রান্তা পার্শ্বস্থস্য গদাভৃতঃ।
জগ্রাহ বাহুনা স্কন্ধং শ্লথদ্বলয়মল্লিকা ॥১১

কাচিৎ গোপী মুকুন্দেন কৃষ্ণেন সমং সহ অমিশ্রিতাঃ (কৃষ্ণোন্নীতাভিরসঙ্কীর্ণাঃ) স্বরজাতীঃ উন্নিন্যে উন্নীতবতী। তদা প্রীয়তা প্রীয়মাণেন তেন কৃষ্ণেন সাধু সাধু ইতি বচনেন সা পূজিতা সম্মানিতা জাতা। তদা অন্যা কাচিৎ গোপী তদেব জাত্যুন্নয়নমেব ধ্রুবং ধ্রুবাখ্যং তালবিশেষং কৃত্বা উন্নিন্যে; তস্যৈ গোপ্যৈ পূর্বগোপীতোঽপি কৃষ্ণঃ বহু মানম্ আদরম্ অদাৎ ॥১০

রাসপরিশ্রান্তা (রাসেন পরিশ্রান্তা), শ্লথদ্বলয়মল্লিকা (শ্লথন্তি হস্তাভ্যাং বলয়ানি শিরসি মল্লিকাঃ কুসুমানি যস্যাঃ সা), পার্শ্বস্থা কাচিৎ গোপী অস্য গদাভৃতঃ কৃষ্ণস্য স্কন্ধং বাহুনা জগ্রাহ ॥১১

তত্র তাসাং মধ্যে একা গোপী অংসগতং স্কন্ধে নিহিতম্, উৎপলসৌরভং (উৎপলস্য সৌরভমিব সৌরভং যস্য তৎ),

কোন সখী শ্রীমুকুন্দের সহিত অমিশ্রিত ষড়্জাদি স্বরের আলাপ উন্নয়ন করিলেন, তাহাতে পরিতুষ্ট হইয়া শ্রীকৃষ্ণ সাধু সাধু বলিয়া তাঁহার সম্মান করিতে লাগিলেন।

অপর ললিতা সখী পূর্ব্ব গোপীর সেই ষড়্জাদি স্বরের উন্নয়নকেই ধ্রুবনামক তালবিশেষে উচ্চারণ করিয়া অত্যুৎকৃষ্টরূপে গান করিতে লাগিলেন, শ্রীকৃষ্ণ তাঁহাকে পূর্ব্ব গোপী অপেক্ষা অধিক সম্মান প্রদান করিতে লাগিলেন।১০

রাসশ্রমে ক্লান্তা কোন গোপরমণী (শ্রীরাধিকা) পার্শ্বস্থ গদাধরের স্কন্ধদেশ বাহু দ্বারা গ্রহণ করিলেন, এই রমণীর বলয় ও মল্লিকানিচয় শ্লথ হইয়া পড়িতেছিল।১১

শ্রীশুকঃ উবাচ। অথ তর্হি মহাককুৎকায়ঃ (মহান্তৌ ককুৎকায়ৌ যস্য সঃ) বৃষভাসুরঃ বৃষভাকৃতিঃ (নাম্না) অরিষ্টঃ ইতি খুরবিক্ষতাং (খুরৈঃ বিক্ষতাং বিদারিতাং) মহীং কম্পয়ন গোষ্ঠম্ আগতঃ ॥১

অন্বয়ঃ

খরতরং কর্কশং যথা ভবতি তথা রম্ভমাণঃ (বৃষভ-জাতি-শব্দং কুর্ব্বন্) পদা মহীং চ বিলিখন্ বিদারয়ন্ পুচ্ছম্ উদ্যম্য (ঊর্দ্ধং কৃত্বা) বিষাণাগ্রেণ প্রাণি উন্নত-স্থানানি চ উদ্ধরন্ উৎক্ষিপন ॥

ষট্‌ত্রিংশো অধ্যায়।

[অরিষ্টাসুর বধ এবং নন্দগোকুলে গমনের জন্য অক্রূরকে কংসের আদেশ।]

শ্রীশুকদেব বলিলেন—অনন্তর শ্রীকৃষ্ণ যখন দিনান্তরে রাসার্থ উন্মত্ত হইয়াছিলেন তখন ককুৎকায় অরিষ্টাখ্য বৃষভাসুর, খুরক্ষুণ্ণা পৃথিবীকে কম্পিত করিয়া অত্যন্ত কঠোরভাবে বৃষজাতির স্বাভাবিক শব্দ সহকারে পদদ্বারা মহী বিদারণকরত পুচ্ছ ঊর্দ্ধে উত্তোলিত করিয়া শৃঙ্গাগ্রদ্বারা প্রাচীর ও তটপ্রভৃতি উৎক্ষিপ্ত করিতে লাগিল। এবং মধ্যে মধ্যে ঈষৎ ঈষৎ পুরীষ ও মূত্র পরিত্যাগ করিয়া অনিমেষ লোচনে (স্থির লোচনে) ব্রজের প্রতি আগমন করিতে লাগিল।১-২

যস্য নির্হ্রাদিতেনাঙ্গ নিষ্ঠুরেণ গবাং নৃণাম্ ।
পতন্ত্যকালতো গর্ভাঃ স্রবন্তি স্ম ভয়েন বৈ ॥৩
নির্বিশন্তি ঘনা যস্য ককুদ্যচলশঙ্কয়া ।
তং তীক্ষ্ণশৃঙ্গমুদ্বীক্ষ্য গোপ্যো গোপাশ্চ তত্রসুঃ ॥৪
পশবো দুদ্রুবুর্ভীতা রাজন্ সন্ত্যজ্য গোকুলম্ ।
কৃষ্ণ-কৃষ্ণেতি তে সর্বে গোবিন্দং শরণং যযুঃ ॥৫
ভগবানপি তদ্বীক্ষ্য গোকুলং ভয়বিদ্রুতম্ ।
মা ভৈষ্টেতি গিরাশ্বাস্য বৃষাসুরমুপাহ্বয়ৎ ॥৬
গোপালৈঃ পশুভির্মন্দ ত্রাসিতৈঃ কিমসত্তম ।
বলদর্পহাহং দুষ্টানাং ত্বদ্‌বিধানাং দুরাত্মনাম্ ॥৭
ইত্যাস্ফোট্যাচ্যুতোঽরিষ্টং তলশব্দেন কোপয়ন্ ।
সখ্যুরংসে ভুজাভোগং প্রসার্য্যাবস্থিতো হরিঃ ॥৮
সোঽপ্যেবং কোপিতোঽরিষ্টঃ খুরেণাবনিমুল্লিখন্ ।
উদ্যৎপুচ্ছভ্রমন্মেঘঃ ক্রুদ্ধঃ কৃষ্ণমুপাদ্রবৎ ॥৯

তথা কিঞ্চিৎ ঈষদীষৎ পুরীষং মুঞ্চন্ তথা মূত্রয়ন্ স্তব্ধলোচনঃ (স্তব্ধে লোচনে যস্য সঃ) আগতঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২

হে অঙ্গ রাজন্! যস্য নিষ্ঠুরেণ নির্হ্রাদিতেন শব্দেন, গবাং নৃণাং নারীণাং চ গর্ভাঃ ভয়েন বৈ অকালতঃ প্রসূতি-সময়ং বিনৈব স্রবন্তি পতন্তি স্ম বৈ ॥৩

যস্য ককুদি গলপৃষ্ঠমাংসপিণ্ডে অচল-শঙ্কয়া ঘনাঃ নির্ব্বিশন্তি, তীক্ষ্ণশৃঙ্গং তম্ উদ্বীক্ষ্য গোপ্য গোপাঃ চ তত্রসুঃ। তথা হে রাজন্! পশবঃ চ তং বীক্ষ্য ভীতাঃ সন্তঃ গোকুলং সংত্যজ্য দুদ্রুবুঃ পলায়িতাঃ হে কৃষ্ণ হে কৃষ্ণ! ইতি বদন্তঃ তে সর্ব্বে গোপাদয়; গোবিন্দং শরণং যযুঃ ॥৪-৫

অথ ভগবান্ ভয়বিহ্বলং (ভয়েন বিহ্বলং ব্যাকুলং) তৎ (গোকুলং) বীক্ষ্য "মা ভৈষ্ট, ভয়ং মা কার্ষ্ট" ইতি গিরা আশ্বাস্য বৃষাসুরম্ উপাহ্বয়ৎ স্বসমীপম্ আকারিতবান্ ॥৬

হে মন্দ মন্দবুদ্ধে! অসত্তম! দুরাত্মনাং দুর্ব্বুদ্ধীনাং, ত্বদ্বিধানাং দুষ্টানাং পরোদ্বেজকানাং শাস্তরি দণ্ডয়িতরি ময়ি বিদ্যমানে সতি (ত্বয়া) ত্রাসিতৈঃ সপালৈঃ গোপালৈঃ পশুভিঃ চ তব কিং ফলম্ ॥৭

হরিঃ দুঃখহর্ত্তা ভগবান্ অচ্যুতঃ ইতি এবং বদন্ আস্ফোট্য (করতলেন বাহুম্ আহত্য) তলশব্দেন তম্ অরিষ্টং কোপয়ন্ ভুজাভোগং সর্পদেহাকারং ভুজং সখ্যুঃ অংসে স্কন্ধে প্রসার্য্য সংস্থাপ্য স্থিতঃ। এবম্ আক্ষেপ-বচনেন কোপিতঃ অতএব ক্রুদ্ধঃ সঃ অরিষ্টঃ অপি খুরেণ অবনিম্ উল্লিখন্ বিদারয়ন্ উদ্যৎপুচ্ছভ্রমন্মেঘঃ (উদ্যতা ঊর্দ্ধং গচ্ছতা পুচ্ছেন ভ্রমন্তো মেঘাঃ যস্মিন্ সঃ তথাবিধঃ সন্) কৃষ্ণং হন্তুম্ উপাদ্রবৎ আজগাম ॥৮-৯

রাজন্! যে অরিষ্টের ভয়ঙ্কর বজ্র নিষ্পেষতুল্য ধ্বনি শ্রবণজন্য ভয়ে অকালে গাভী এবং স্ত্রীগণের গর্ভস্রাব ও গর্ভপাত হইয়া থাকে।৩

আর মেঘসকল পর্ব্বত মনে করিয়া যাহার ককুদের অন্তরালে প্রবেশ করিয়া থাকে, গোপ ও গোপীগণ তীক্ষ্ণশৃঙ্গবিশিষ্ট সেই অরিষ্টাসুরকে ঊর্দ্ধ-নয়নে নিরীক্ষণ করিয়া নিতান্ত ভীত হইয়া পড়িল।৪

হে রাজন্! পশুগণ অরিষ্টের দর্শনে ভীত হইয়া গোকুল পরিত্যাগপূর্ব্বক পলায়ন করিতে লাগিলেন; আর কৃষ্ণ কৃষ্ণ বলিতে গোপগণ গোকুলেন্দ্র সেই শ্রীগোবিন্দের শরণাপন্ন হইলেন।৫

(তখন) শ্রীভগবান্‌ও পলায়মান গোকুলকে ভয়বিহ্বল দর্শন করিয়া "ভয় করিও না" এইরূপ বাক্যে সান্ত্বনাকরত বৃষাসুরকে স্ব-সমীপে আহ্বান করিলেন।৬

হে অসত্তম! হে অল্পবুদ্ধে! তোর ন্যায় দুরাত্মাদিগের দণ্ডদাতা আমি বর্ত্তমান থাকিতে সপাল পশুগণকে ত্রাসিত করিয়া কি করিতে পারিস্?৭

অচ্যুত হরি এইরূপে আহ্বানপূর্ব্বক করতলদ্বারা বাহু অস্ফোটন এবং সেই করতল শব্দে সেই অরিষ্টকে

অগ্রন্যস্তবিষাণাগ্রঃ স্তব্ধাসৃগ্লোচনোঽচ্যুতম্।
কটাক্ষিপ্যাদ্রবৎ তূর্ণমিন্দ্রমুক্তোঽশনির্যথা ॥১০

গৃহীত্বা শৃঙ্গয়োস্তং বা অষ্টাদশ পদানি সঃ।
প্রত্যপোবাহ ভগবান্ গজঃ প্রতিগজং যথা ॥১১

সোঽপবিদ্ধো ভগবতা পুনরুত্থায় সত্বরঃ।
আপতৎ স্বিন্নসর্ব্বাঙ্গো নিঃশ্বসন্ ক্রোধমূর্চ্ছিতঃ ॥১২

তমাপতন্তং স নিগৃহ্য শৃঙ্গয়োঃ
পদা সমাক্রম্য নিপাত্য ভূতলে।
নিষ্পীড়য়ামাস যথার্দ্রমম্বরং
কৃত্বা বিষাণেন জঘান সোঽপতৎ ॥১৩

অসৃগ্বমন্ মূত্রশকৃৎ সমুৎসৃজন্
ক্ষিপংশ্চ পাদাননবস্থিতেক্ষণঃ।
জগাম কৃচ্ছ্রং নির্ঋতেরথ ক্ষয়ং
পুষ্পৈঃ কিরন্তো হরিমীড়িরে সুরাঃ ॥১৪

অগ্রন্যস্তবিষাণাগ্রঃ (অগ্রে ন্যস্তে বিষাণাগ্রে যেন সঃ) স্তব্ধাসৃগলোচনঃ (স্তব্ধে অসৃকবৎ লোচনে যস্য সঃ) অরিষ্টঃ কটাক্ষিপ্য (কটাক্ষেণ তির্য্যক্ নিরীক্ষ্য) ইন্দ্রমুক্তঃ অশনিঃ যথা তথা অচ্যুতং কৃষ্ণং তূর্ণং শীঘ্রম্ আদ্রবৎ ॥১০

সঃ ভগবান্ কৃষ্ণঃ শৃঙ্গয়োঃ তং গৃহীত্বা গজঃ শ্রেষ্ঠো গজঃ গজং প্রতি যথা নুদেৎ, তথা অষ্টাদশ পদানি প্রত্যপোবাহ প্রতিলোমং ব্যনুদৎ ॥১১

ততশ্চ সঃ অরিষ্টঃ ভগবতা অপাবদ্ধম্ অপক্ষিপ্তঃ, পুনঃ সত্বরম্ উত্থায় স্বিন্ন-সর্ব্বাঙ্গঃ (স্বিন্নানি স্বেদযুক্তানি সর্ব্বাঙ্গানি যস্য সঃ) ক্রোধ-মূর্চ্ছিতঃ (ক্রোধেন মূর্চ্ছিতঃ ব্যাপ্তঃ) নিঃশ্বসন্ শ্বাসান্ উচ্চৈঃ মুঞ্চন্ আপতৎ কৃষ্ণাভিমুখম্ আজগাম ॥১২

সঃ শ্রীকৃষ্ণঃ আপতন্তং তম্ অরিষ্টং শৃঙ্গয়োঃ নিগৃহ্য ভূতলে নিপাত্য পদা সমাক্রম্য আর্দ্রম্ অম্বরং যথা তথা নিষ্পীড়য়ামাস। ততশ্চ বিষাণেন কৃত্বা বিষাণম্ উৎপাট্য তেন বিষাণেন তং জঘান। সঃ চ তেন হননেন অপতৎ ॥১৩

ততশ্চ সঃ অসৃক্ বমন্ মূত্রশকৃৎ উভয়ং সমুৎসৃজন্ পাদান্ চ ক্ষিপন্ ইতস্ততঃ চালয়ন্, অনবস্থিতেক্ষণঃ (অনবস্থিতে চলিতে ঈক্ষণে নেত্রে যস্য সঃ) কৃচ্ছ্রং কষ্টং যথা স্যাৎ তথা নির্ঋতেঃ মৃত্যোঃ ক্ষয়ং গৃহং জগাম মমার; অথ সুরাঃ দেবাঃ পুষ্পৈঃ হরিং কিরন্তঃ আচ্ছাদয়ন্তঃ ঈড়িরে তুষ্টুবুঃ ॥১৪

কোপিত করিয়া সখা শ্রীদাম অথবা সুবলের স্কন্ধদেশে সর্পাকার ভুজ সংস্থাপিত করিয়া দাঁড়াইলেন।৮

এইরূপ আক্ষেপবচনে কোপিত অরিষ্টাসুরও ঊর্দ্ধে উত্তোলিত পুচ্ছদ্বারা মেঘসমূহ পরিভ্রামিতকরত নিরতিশয় ক্রুদ্ধ হইয়া খুরদ্বারা পৃথ্বীতল বিদারণ করিতে করিতে শ্রীকৃষ্ণের সমীপে ধাবিত হইল।৯

শৃঙ্গাগ্র সম্মুখে ন্যস্ত করিয়া স্তব্ধ অরুণ নয়নের তির্য্যগ্ দৃষ্টি দ্বারা তর্জ্জনসহকারে ইন্দ্রমুক্ত বজ্র যে প্রকারে ছুটিয়া চলে, সেইরূপ অরিষ্ট অচ্যুতের প্রতি ধাবিত হইল।১০

অনন্তর শ্রীকৃষ্ণ যাহা করিয়াছিলেন তাহাই বলিতেছেন—পরম বিনোদশীল ভগবান্ শৃঙ্গদ্বয় গ্রহণ করিয়া গজ যেরূপ প্রতিদ্বন্দ্বী গজকে তাড়াইয়া লইয়া যায়, সেইরূপ তাহাকে অষ্টাদশপাদ ব্যবধানে তাড়াইয়া দিলেন।১১

অনন্তর অরিষ্ট শ্রীভগবান্ কর্ত্তৃক অপক্ষিপ্ত হইয়াও অতি সত্বর পুনরায় উত্থিত হইয়া ক্রোধ-মূর্চ্ছিত, বিস্মিত ও ঘর্ম্মাক্ত কলেবরে দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে করিতে পুনরায় শ্রীকৃষ্ণের প্রতি ধাবিত হইল।১২

এইক্ষণে হর্ষসহকারে অরিষ্টের বধ বৃত্তান্ত বলিতেছেন—শ্রীকৃষ্ণ পুনরাগত সেই অরিষ্টকে শৃঙ্গদ্বয়ে গ্রহণ করিয়া পদদ্বারা আক্রমণপূর্ব্বক ভূতলে নিপাতিতকরত সিক্তবস্ত্রের ন্যায় তাহাকে নিষ্পীড়িত করিতে করিতে তাহার শৃঙ্গদ্বয় উৎপাটিত করিয়া তাহা দ্বারাই তাহাকে আঘাত করিতে লাগিলেন সুতরাং সে নিপতিত হইল।১৩

অনন্তর সেই অরিষ্টাসুর রুধির বমন, মলমূত্র পরিত্যাগ ও ইতস্ততঃ পদবিক্ষেপ করিতে করিতে

এবং ককুদ্মিনং হত্বা স্তূয়মানঃ স্বজাতিভিঃ।
বিবেশ গোষ্ঠং সবলো গোপীনাং নয়নোৎসবঃ ॥১৫
অরিষ্টে নিহতে দৈত্যে কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা।
কংসায়াথাহ ভগবান্ নারদো দেবদর্শনঃ ॥১৬
যশোদায়াঃ সুতাং কন্যাং দেবক্যাঃ কৃষ্ণমেব চ।
রামঞ্চ রোহিণীপুত্রং বসুদেবেন বিভ্যতা।
ন্যস্তৌ স্বমিত্রে নন্দে বৈ যাভ্যাং তে পুরুষা হতাঃ ॥১৭

এবং বৃষ-ভাসুরং ককুদ্মিনম্ হত্বা স্বজাতিভিঃ গোপৈঃ স্তূয়মানং গোপীনাং নয়নোৎসবঃ সবলঃ কৃষ্ণঃ গোষ্ঠং বিবেশ ॥ ১৫

অদ্ভুতকর্ম্মণা কৃষ্ণেন গোষ্ঠে অরিষ্টে নিহতে সতি দেবদর্শনঃ (দেবেষু দর্শনং সাদৃশ্যং যস্য সঃ) ভগবান্ সর্ব্বজ্ঞঃ নারদঃ কংসায় অথ আহ ॥১৬

দেবক্যাঃ অষ্টম-গর্ভতয়া প্রসিদ্ধাং কন্যাং যশোদায়াঃ সুতাম্ আহ, যশোদায়াঃ সুতত্বেন প্রসিদ্ধং কৃষ্ণং দেবক্যাঃ সুতমাহ। রোহিণীপুত্রং রামঞ্চ দেবক্যাঃ সপ্তমসুতম্ আহ। অতঃ বিভ্যতা বসুদেবেন স্বমিত্রে নন্দে তৌ ন্যস্তৌ গুপ্ততয়া স্থাপিতৌ যাভ্যাং রাম-কৃষ্ণাভ্যাং তে তব পুরুষাঃ পূতনাদয়ঃ দৈত্যাঃ হতাঃ ॥১৭

বিঘূর্ণিতনেত্রে অতিকষ্টে যমালয়ে গমন করিল. তদনন্তর (তাহা দেখিয়া) দেবগণ শ্রীকৃষ্ণের উপরিভাগে কুসুমবর্ষণ করিতে লাগিলেন।১৪

এইরূপে ককুদ্‌বিশিষ্ট বৃষরূপধারী অসুরকে নিহত করিয়া স্ব-জাতি গোপগণ কর্ত্তৃক সংস্তূয়মান ও গোপাঙ্গনাগণের নয়নানন্দদায়ক ভগবান্ শ্রীকৃষ্ণ বলভদ্রের সহিত গোষ্ঠে প্রবেশ করিলেন।১৫

অত্যাশ্চর্য্য কর্ম্মকারী ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক ব্রজে বৃষাসুর নিহত হইলে পর, দেবদর্শন ভগবান্ শ্রীনারদ কংসের সমীপে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন।১৬

দেবকীর অষ্টম গর্ভ বলিয়া প্রসিদ্ধ যে কন্যা, সে দেবকীর কন্যা নহে—যশোদার কন্যা এবং শ্রীকৃষ্ণ আর রোহিণীর পুত্র বলিয়া প্রসিদ্ধ বলরাম দেবকীরই পুত্র। বসুদেব তোমার (কংসের) ভয়ে ইহাদিগকে স্বীয় মিত্র নন্দের নিকট ন্যাসরূপে ন্যস্ত করিয়াছিলেন অর্থাৎ গোপন করিয়া রাখিয়াছিলেন, তুমি মূর্খ তাহাতেই এই সকল জানিতে পার নাই। আরও দেখ—এই দুই বালকই তোমার তৃণাবর্ত্তাদি আপ্ত পুরুষদিগকে নিহত করিয়াছে। ৭

নিশম্য তদ্ ভোজপতিঃ কোপাৎ প্রচলিতেন্দ্রিয়ঃ।
নিশাতমসিমাদত্ত বসুদেবজিঘাংসয়া ॥১৮
নিবারিতো নারদেন তৎসুতৌ মৃত্যুমাত্মনঃ।
জ্ঞাত্বা লোহময়ৈঃ পাশৈর্ববন্ধ সহ ভার্য্যয়া ॥১৯
প্রতিযাতে তু দেবর্ষৌ কংস আভাষ্য কেশিনম্।
প্রেষয়ামাস হন্যেতাং ভবতা রামকেশবৌ ॥২০

তং নারদ-বণিতং নিশম্য শ্রুত্বা কোপাৎ প্রচলিতেন্দ্রিয়ঃ (প্রচলিতানি ব্যাকুলানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) ভোজপতিঃ কংসঃ বসুদেব-জিঘাংসয়া নিশাতম্ অসিং খড়্গম্ আদত্ত গৃহীতবান ॥১৮

তদা চ নারদেন নিবারিতঃ সঃ কংসঃ তৎসুতৌ (তস্য বসুদেবস্য সুতৌ) আত্মনঃ দেহস্য মৃত্যুং মৃত্যুরূপৌ জ্ঞাত্বা লোহময়ৈঃ পাশৈঃ ভার্য্যয়া দেবক্যা সহ বাসুদেবং ববন্ধ ॥১৯

দেবর্ষৌ নারদে প্রতিযাতে তু কংসঃ কেশিনম্ আভাষ্য (হে কেশিন্ গোকুলং গত্বা) রাম-কেশবৌ ভবতা হন্যেতাম্ [ইতি আজ্ঞাপ্য] তং তত্র প্রেষয়ামাস ॥২০

ভোজপতি কংস নারদকথিত বাক্য শ্রবণপূর্ব্বক ক্রোধে ক্ষুভিতচিত্ত হইয়া বসুদেবের নিধনের নিমিত্ত শাণিত খড়্গ গ্রহণ করিল।১৮

অনন্তর "বসুদেবকে নিহত করিয়া কিছুই প্রয়োজন নাই" ইত্যাদি জ্ঞানপ্রদ দেবর্ষি শ্রীনারদ কর্ত্তৃক নিবারিত হইয়া কংস বসুদেবের পুত্রদ্বয় রাম-কৃষ্ণকে নিজের মৃত্যু জানিয়া ভার্য্যা দেবকীর সহিত বসুদেবকে লৌহময় পাশদ্বারা বন্ধন করিল। ৯

অনন্তর দেবর্ষি নারদ প্রতিগমন করিলে পর, কংস "হে ভ্রাতঃ! মহাবীর!" এইরূপ সম্বোধন করিয়া

ততো মুষ্টিকচাণূরশলতোশলকাদিকান্।
অমাত্যান্ হস্তিপাংশ্চৈব সমাহূয়াহ ভোজরাট্ ॥২১

ভো ভো নিশম্যতামেতদ্ বীর চাণূরমুষ্টিকৌ।
নন্দব্রজে কিলাসাতে সুতাবানকদুন্দুভেঃ ॥২২

রামকৃষ্ণৌ ততো মহ্যং মৃত্যুঃ কিল নিদর্শিতঃ।
ভবদ্ভ্যামিহ সম্প্রাপ্তৌ হন্যেতাং মল্ললীলয়া ॥২৩

ততঃ ভোজরাট্ কংসঃ মুষ্টিক-চাণূর-শল-তোশলকাদিকান্ অমাত্যান্ হস্তিপান্ এব চ সমাহূয় আহ ॥২১

ভো ভো বীর চাণূর, মুষ্টিক। এতৎ মদাজ্ঞাপনং নিশম্যতাং শ্রূয়তাম্,—নন্দব্রজে কিল আনকদুন্দুভেঃ বসুদেবস্য সুতৌ রাম- কৃষ্ণৌ আসাতে ॥২২

ততঃ তাভ্যাং মহ্যং মম মৃত্যুঃ কিল নারদেন নিদর্শিতঃ, ইহ সংপ্রাপ্তৌ তৌ ভবদ্ভ্যাং চাণূর-মুষ্টিকাভ্যাং মল্ললীলয়া হন্যেতাম্ ॥২৩

মল্ল-রঙ্গ-পরিশ্রিতাঃ (মল্ল-যুদ্ধভূমিং সর্ব্বতঃ সংলগ্নাঃ) বিবিধাঃ মঞ্চাঃ (উত্তুঙ্গাঃ স্তম্ভাদি-রচিত-স্থানানি)

কেশিনামক দৈত্যকে আহ্বানপূর্ব্বক বলিলেন, তুমি রামকৃষ্ণকে হনন কর এইরূপ বলিয়া তাহাকে ব্রজে প্রেরণ করিলেন।২০

কেশিদৈত্য প্রেরণানন্তর ভোজপতি কংস— মুষ্টিক, চাণূর, শল, তোশলকপ্রভৃতি অমাত্যগণ, হস্তি-রক্ষকগণ এবং কঙ্কপ্রভৃতি ভ্রাতৃগণ ও অন্যান্য বন্ধুগণকে আহ্বান করিয়া বলিল।২১

হে বীর চাণূর! হে বীর মুষ্টিক! তোমরা শ্রবণ কর, বসুদেবের পুত্র রামকৃষ্ণ নন্দ-ব্রজে বাস করিতেছে, ইহা আমি বিশ্বস্তসূত্রে অবগত হইলাম।২২

তাহাদিগের অন্যতর দ্বারা আমার মৃত্যু সুনিশ্চিত, ইহা নারদ বলিয়াছেন, অতএব মথুরায় উপস্থিত হইলে তোমরা সেই রাম এবং কৃষ্ণকে মল্ললীলায় বিনষ্ট কর।২৩

মল্লদিগের রঙ্গের চতুর্দ্দিকে বিবিধ মঞ্চ প্রস্তুত কর। পৌর এবং জানপদগণ নির্ব্বিঘ্নে এই

মঞ্চাঃ ক্রিয়ন্তাঃ বিবিধা মল্লরঙ্গপরিশ্রিতাঃ।
পৌরা জনপদাঃ সর্ব্বে পশ্যন্তু স্বৈরসংযুগম্ ॥২৪

মহামাত্র ত্বয়া ভদ্র রঙ্গদ্বার্য্যুপনীয়তাম্।
দ্বিপঃ কুবলয়াপীড়ো জহি তেন মমাহিতৌ ॥২৫

আরভ্যতাং ধনুর্যাগশ্চতুর্দ্দশ্যাং যথাবিধি।
বিশসন্তু পশূন্ মেধ্যান্ ভূতরাজায় মীঢ়ুষে ॥২৬

ক্রিয়ন্তাং বিরচ্যন্তাম্; যতঃ পৌর-জানপদাঃ (পৌরাঃ পুরবাসিনঃ, জানপদাঃ বহির্দ্দেশবাসিনঃ চ) সর্ব্বে (তত্র উপবিশ্য) স্বৈর-সংযুগং (স্বৈরেণ স্বচ্ছন্দতয়া ন তু বলাৎ প্রবর্ত্তিততয়া সংযুগং মল্লযুদ্ধং) পশ্যন্তু ॥২৪

হে মহামাত্র ভদ্র! ত্বয়া কুবলয়াপীড়ঃ হস্তী রঙ্গদ্বারি উপনীয়তাম্, তেন হস্তিনা মম অহিতৌ শত্রুভূতৌ ইহ আগতৌ রামকৃষ্ণৌ জহি ॥২৫

চতুর্দ্দশ্যাং যথাবিধি ধনুর্যাগঃ আরভ্যতাম্। মীঢ়ুষে বরদায় ভূতরাজায় শিবায় মেধ্যান্ শুদ্ধান্ পশূন্ বিশসন্তু মারয়ন্তু ॥২৬

ন্যায়োপেত মল্লযুদ্ধ দর্শন করুক।২৪

অহো! প্রিয়তম মল্লগণের শ্রমোৎপাদনে কোন প্রয়োজন নাই, মত্ত-হস্তি দ্বারাই অনায়াসে তাহা নিষ্পন্ন করা যাইতে পারে, এইরূপ ভাব বহির্ভাগে প্রকাশকরত অন্তরে ভয়-সহকারে বলিতেছে—

হে চতুর মহামাত্র! তুমি রঙ্গদ্বারে কুবলয়াপীড়-নামক হস্তীকে উপনীত কর; পরে সেই হস্তী দ্বারা আমার পরমশত্রু সেই রাম ও কৃষ্ণকে বিনাশ কর।২৫

কেবলমাত্র লৌকিক উপায় করিয়াই নিবৃত্ত হওয়া যুক্তিসঙ্গত নহে, দৈবোপায়ও কর্ত্তব্য, যদ্দ্বারা তন্মূলক উৎসবে মল্লক্রীড়া দর্শনব্যাজে তাহাদিগকে আনয়ন করা যায়। এই অভিপ্রায়ে বলিতেছে—

চতুর্দ্দশীতে যথাবিধি ধনুর্যাগ আরম্ভ কর। ইষ্ট-ফলদাতা মথুরাপালক ভূতেশ্বরকে পবিত্র পশুগণ উৎসর্গ কর।২৬

ইত্যাজ্ঞাপ্যার্থতন্ত্রজ্ঞ আহূয় যদুপুঙ্গবম্।
গৃহীত্বা পাণিনা পাণিং ততোঽক্রূরমুবাচ হ ॥২৭
ভো ভো দানপতে মহ্যং ক্রিয়তাং মৈত্রমাদৃতঃ।
নান্যস্ত্বত্তো হিততমো বিদ্যতে ভোজ-বৃষ্ণিষু ॥২৮
অতস্ত্বামাশ্রিতঃ সৌম্য কার্য্যগৌরবসাধনম্।
যথেন্দ্রো বিষ্ণুমাশ্রিত্য স্বার্থমভ্যগমদ্ বিভুঃ ॥২৯

ইতি আজ্ঞাপ্য অর্থতন্ত্রজ্ঞঃ রহস্যজ্ঞঃ কংসঃ যদুপুঙ্গবম্ (যাদবেষু শ্রেষ্ঠম্) অক্রূরম তত্র আহূয় পাণিনা (তস্য) পাণিং গৃহীত্বা হ হর্ষেণ উবাচ ॥২৭

ভো ভো দানপতে! মহ্যং মম মৈত্রং মিত্রকৃত্যং ত্বয়া ক্রিয়তাম্; যস্মাৎ ত্বত্তঃ অন্যঃ ভোজ-বৃষ্ণিষু মধ্যে আদৃতঃ আদরযুক্তঃ হিততমঃ চ ন বিদ্যতে ॥২৮

অতঃ হে সৌম্য প্রিয়! বিভুঃ ইন্দ্রঃ যথা বিষ্ণুম্ আশ্রিত্য স্বার্থম্ অভ্যগমৎ, তথা কার্য্যগৌরবসাধনম্ (কার্য্যগৌরবস্য গুরুতরকার্য্যস্য সাধনে নিমিত্তভূতং ত্বাম্) অহম্ আশ্রিতঃ ॥২৯

উক্তানুরূপে অনুচরদিগকে আদেশ প্রদান করিয়া অর্থ-তন্ত্রজ্ঞ অর্থাৎ স্বার্থসাধনে অতিশয় নিপুণ কংস নিজ পরিবারগণের মধ্যে যদুকুলের শ্রেষ্ঠ অক্রূরকে, আহ্বান করিয়া নিজ করদ্বারা তাহার করদ্বয় গ্রহণ করত স্ফুটভাবে বলিতে লাগিলেন।২৭

ভো ভো বদান্যপ্রবর অক্রূর! তুমি আমাকে প্রসন্ন করিবার জন্য একটি প্রিয় কার্য্য কর, যেহেতু ভোজ ও বৃষ্ণিবংশে তুমি ভিন্ন অন্য কেহই আমার আদরের পাত্র ও হিতকারী নাই।২৮

অতএব হে সৌম্য! স্বয়ং সমর্থ হইলেও ইন্দ্র যেরূপ বিষ্ণুকে আশ্রয় করিয়া স্বকীয় অভীপ্সিত লাভ করেন, সেরূপ আমিও গুরুতর কার্য্য-সাধনের নিমিত্ত তোমাকে আশ্রয় লাভ করিয়াছি।২৯

তুমি নন্দব্রজে গমন কর, সেই স্থানেই

গচ্ছ নন্দব্রজং তত্র সুতাবানকদুন্দুভেঃ।
আসাতে তাবিহানেন রথেনানয় মা চিরম্ ॥৩০
নিসৃষ্টঃ কিল মে মৃত্যুর্দেবৈর্বৈকুণ্ঠসংশ্রয়ৈঃ।
তাবানয় সমং গোপৈর্নন্দাদ্যৈঃ সাভ্যুপায়নৈঃ ॥৩১
ঘাতয়িষ্য ইহানীতৌ কালকল্পেন হস্তিনা।
যদি মুক্তৌ ততো মল্লৈর্ঘাতয়ে বৈদ্যুতোপমৈঃ ॥৩২

নন্দব্রজং (নন্দস্য ব্রজং) ত্বং গচ্ছ। তত্র আনকদুন্দুভেঃ বসুদেবস্য সুতৌ রামকৃষ্ণৌ আসাতে, তৌ অনেন মদীয়েন রথেন ইহ আনয়। মা চিরং বিলম্বো ন কার্য্যঃ ॥৩০

বৈকুণ্ঠ-সংশ্রয়ৈঃ (বৈকুণ্ঠঃ বিষ্ণুঃ সংশ্রয়ঃ আশ্রয়ো যেষাং তৈঃ) দেবৈঃ তাভ্যাং মে মম মৃত্যুঃ কিল নিসৃষ্টঃ প্রকল্পিতঃ, অতঃ (ধনুর্মখ-নিরীক্ষণ-মিষেণ) সাভ্যু-পায়নৈঃ উপায়ন-সহিতৈঃ নন্দাদ্যৈঃ গোপৈঃ সমং তৌ আনয় ॥৩১

ইহ আনীতৌ তৌ কাল-কল্পেন মৃত্যু-তুল্যেন হস্তিনা ঘাতয়িষ্যে, যদি কথঞ্চিৎ ততঃ হস্তিতঃ মুক্তৌ ভবিষ্যতঃ, ততঃ বৈদ্যুতোপমৈঃ অশনিতুল্যৈঃ মল্লৈঃ ঘাতয়ে ঘাতয়িষ্যে ॥৩২

বসুদেবের পুত্রদ্বয় রাম ও কৃষ্ণ বর্ত্তমান আছেন, এই নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃত নূতন রথে আরোহণ করিয়া অবিলম্বে এইস্থানে মথুরায় আনয়ন কর।৩০

বিষ্ণুর আশ্রিত দেবগণ এই দুইয়ের মধ্যে একটিকে আমার মৃত্যুরূপে নির্দ্দিষ্ট করিয়াছে ইহা নিশ্চিত, সুতরাং ঘৃত দধ্যাদি উপায়ন-সহকারে নন্দাদি গোপগণের সহিত ঐ দুই বালককে আনয়ন কর।৩১

এই মধুপুরীতে আনীত ঐ বালকদ্বয়কে মৃত্যুতুল্য হস্তীদ্বারা বিনাশ করিব, যদিও কোনরূপে হস্তী হইতে মুক্তিলাভ করিতে পারে, তাহা হইলে বজ্র-সদৃশ চাণূরপ্রভৃতি মল্লগণ দ্বারা ইহাদের বিনাশ সাধন করিব।৩২

তয়োর্নিহতয়োস্তপ্তান্ বসুদেবপুরোগমান্।
তদ্বন্ধূন্ নিহনিষ্যামি বৃষ্ণি-ভোজ-দশার্হকান্ ॥৩৩
উগ্রসেনঞ্চ পিতরং স্থবিরং রাজ্যকামুকম্।
তদ্ভ্রাতরং দেবকঞ্চ যে চান্যে বিদ্বিষো মম ॥৩৪
ততশ্চৈষা মহী মিত্র ভবিত্রী নষ্টকণ্টকা।
জরাসন্ধো মম গুরুর্দ্বিবিদো দয়িতঃ সখা ॥৩৫
শম্বরো নরকো বাণো ময্যেব কৃতসৌহৃদাঃ।
তৈরহং সুরপক্ষীয়ান্ হত্বা ভোক্ষ্যে মহীং নৃপান্ ॥৩৬

তয়োঃ রামকৃষ্ণয়োঃ নিহতয়োঃ সতোঃ বসুদেব-পুরোগমান্ বৃষ্ণি-ভোজ-দশার্হকান্ তপ্তান্ তদ্বন্ধূন্ নিহনিষ্যামি ॥৩৩

স্থবিরং বৃদ্ধমপি রাজ্যকামুকং মৎপিতরম্ উগ্রসেনং তদ্ ভ্রাতরং দেবকং চ যে চ অন্যে মম বিদ্বিষঃ তান্ চ সর্ব্বান্ হনিষ্যামি ॥৩৪

ততশ্চ হে মিত্র! এষা মহী নষ্টকণ্টকা শত্রুরহিতা ভবিত্রী ভবিষ্যতি। জরাসন্ধঃ মম গুরুঃ পূজ্যঃ, দ্বিবিদঃ তদাখ্যঃ বানরঃ মম দয়িতঃ সখা ॥৩৫

শম্বরঃ নরকঃ বাণঃ সর্ব্বে ময়ি এব কৃতসৌহৃদাঃ (কৃতং সৌহৃদং যৈঃ তে), অতঃ তৈঃ অহং সুরপক্ষীয়ান্ নৃপান্ হত্বা সর্ব্বাং মহীং ভোক্ষ্যে ॥৩৬

যদি বল, তাহার বন্ধুগণের নিকটে স্বীয় অনিষ্ট আশঙ্কা হইতেছে ; তদুত্তরে বলিতেছি—

রামকৃষ্ণ নিহত হইলে তাহাদের শোকে পরিতপ্ত বসুদেবপ্রভৃতি ও তদ্বন্ধুগণকে এবং বৃষ্ণি, ভোজ, দশার্হগণকে বিনষ্ট করিব।৩৩

অনন্তর স্থবির (বৃদ্ধ) এখনও রাজ্যকামুক আমার পিতা উগ্রসেন এবং তাহার ভ্রাতা দেবক আর অন্যান্য আমার বিদ্বেষিগণকে (তৎপক্ষপাতি-গণকে) বিনষ্ট করিব।৩৪

যদি বল—সকলে বিনষ্ট হইলে ভোগ হইবে কিরূপে? অতএব সকলকে বিনষ্ট করিয়া প্রয়োজন কি? তদুত্তরে বলিতেছি—তারপর এইরূপ হইলে

এতজ্জ্ঞাত্বানয় ক্ষিপ্রং রামকৃষ্ণাবিহার্ভকৌ।
ধনুর্মখনিরীক্ষার্থং দ্রষ্টুং যদুপুরশ্রিয়ম্ ॥৩৭

অক্রূর উবাচ।

রাজন্ মনীষিতং সধ্র্যক্ তব স্বাবদ্যমার্জ্জনম্।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমং কুর্য্যাদ্দৈবং হি ফলসাধনম্ ॥৩৮
মনোরথান্ করোত্যুচ্চৈর্জনো দৈবহতানপি।
যুজ্যতে হর্ষ-শোকাভ্যাং
তথাপ্যাজ্ঞাং করোমি তে ॥৩৯

এতৎ মম চিকীর্ষিতং জ্ঞাত্বা ধনুর্মখ-নিরীক্ষার্থং তথা যদুপুর-শ্রিয়ম্ যদুপুরস্য শ্রিয়ং শোভাং চ দ্রষ্টুম্ অর্ভকৌ রামকৃষ্ণৌ ইহ ক্ষিপ্রং শীঘ্রম্ আনয় ॥৩৭

অক্রূরঃ উবাচ। হে রাজন্! তব স্বাবদ্যমার্জ্জনং (স্বাবদ্যস্য স্বমরণস্য মার্জনং পরিহারঃ) সধ্র্যক্ সম্যক্ মনীষিতং বিচারিতং (তথাপি তত্র) সিদ্ধ্যসিদ্ধ্যোঃ (ফলসিদ্ধৌ তদসিদ্ধৌ বা জনঃ) সমং সমচিত্তং কুর্য্যাৎ, হি যতঃ দৈবং ফলসাধনং ফলভাবনং পরমেশ্বরাধীনম্ এব ফলম্ ॥৩৮

জনঃ প্রাণী দৈবহতান্ (দৈবেন প্রারব্ধফলদাত্রা ঈশ্বরেণ হতান্ নিরস্তান্) অপি মনোরথান্ উচ্চৈঃ করোতি, তথা হর্ষশোকাভ্যাং (লাভে হর্ষেণ, অলাভে বৃথা সাধনক্লেশাৎ শোকেন চ) যুজ্যতে, তথাপি তে তব আজ্ঞাম্ অহং করোমি ॥৩৯

"হে মিত্র! এই মহী নষ্টকণ্টকা হইবে। (যদি বল তুমি সকলকে বিনাশ করিতে কিরূপে সমর্থ হইবে? তদুত্তরে বলিতেছি—জরাসন্ধ আমার গুরু (শ্বশুর ও হিতোপদেষ্টা) এবং দ্বিবিধনামক বানর আমার প্রিয় সখা।৩৫

শম্বর, নরক, বাণপ্রভৃতি অসুরগণ আমার সহিতই কৃতমৈত্র, অতএব আমি তাহাদিগের সহিত মিলিত হইয়া সুরপক্ষীয় কৌরবাদি রাজগণকে বিনাশকরত পৃথিবী ভোগ করিব।৩৬

আমার এই সকল অভিপ্রায় পরিজ্ঞাত হইয়া ধনুর্যজ্ঞ এবং যদুপুরের শোভা দর্শন করিবার নিমিত্ত অর্ভক (বালক) রাম ও কৃষ্ণকে মথুরায় আনয়ন

শ্রীশুক উবাচ।

এবমাদিশ্য চাক্রূরং মন্ত্রিণশ্চ বিসৃজ্য সঃ।
প্রবিবেশ গৃহং কংসস্তথাক্রূরঃ স্বমালয়ম্‌ ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। এবম্‌ অক্রূরং চকারাৎ কেশ্যাদীন্‌ অন্যান্‌ চ আদিশ্য মন্ত্রিণঃ চ বিসৃজ্য গৃহং প্রস্থাপ্য সঃ কংসঃ স্বগৃহং প্রবিবেশ, তথা অক্রূরোঽপি স্বম্‌ আলয়ং গৃহং গতঃ ॥৪০
ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

কর।৩৭

কংসের বাক্য শ্রবণপূর্ব্বক অক্রূর বলিলেন,—হে রাজন্‌! মৃত্যুর হস্ত হইতে নিজেকে পরিত্রাণ করিবার জন্য আপনি যে উপায় অবলম্বন করিয়াছেন, উহা যুক্তিযুক্তই হইয়াছে। কিন্তু এই বিষয়ে উৎকণ্ঠিত হইবার প্রয়োজন নাই; কারণ, কর্ম্মের ফল লাভ পরমেশ্বরের অধীনেই হইয়া থাকে।৩৮

মানুষ কামনার বশীভূত হইয়া উচ্চ আকাঙ্ক্ষা করিয়া থাকে, কিন্তু দৈব দুর্ব্বিপাকবশতঃ কখনও উহাকে আকাঙ্ক্ষার অনুকূলে আনন্দ ও প্রতিকূলে বিষাদগ্রস্ত হইতে দেখা যায়। তথাপি কেহই আকাঙ্ক্ষার অনুসরণ করিতে ছাড়ে না। সুতরাং আমি আপনার আজ্ঞা প্রতিপালন করিব।৩৯

শ্রীশুকদেব বলিলেন,—কংস অক্রূর ও অন্যান্য সকলকে এইরূপ আদেশ করিয়া এবং মন্ত্রিগণকে বিদায় দিয়া স্বগৃহে প্রবেশ করিলেন। অক্রূরও নিজ ভবনে গমন করিলেন।৪০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ষট্‌ত্রিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশঃ অধ্যায়ঃ।

[কেশিবধঃ, দেবর্ষি-নারদেন ভগবতঃ শ্রীকৃষ্ণস্য স্তুতিঃ, নিলায়নক্রীড়ায়াং ব্যোমাসুরবিনাশশ্চ।]

শ্রীশুক উবাচ।

কেশী তু কংসপ্রহিতঃ খুরৈর্মহীং
মহাহয়ো নির্জ্জরয়ন্ মনোজবঃ।
সটাবধূতাভ্রবিমানসঙ্কুলং
কুর্ব্বন্ নভো হেষিতভীষিতাখিলঃ ॥১
বিশালনেত্রো বিকটাস্যকোটরো
বৃহদ্‌গলো নীলমহাম্বুদোপমঃ।
দুরাশয়ঃ কংসহিতং চিকীর্ষু-
র্ব্রজং স নন্দস্য জগাম কম্পয়ন্ ॥২
তং ত্রাসয়ন্তং ভগবান্ স্বগোকুলং
তদ্ধেষিতৈর্বালবিঘূর্ণিতাম্বুদম্।
আত্মানমাজৌ মৃগয়ন্তমগ্রণী-
রুপাহ্বয়ৎ স ব্যনদন্মৃগেন্দ্রবৎ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। কংসপ্রহিতঃ (কংসেন প্রহিতঃ প্রেষিতঃ) কেশী তু মহাহয়ঃ সন্ মনোজবঃ (মনসঃ জবঃ বেগঃ ইব বেগো যস্য সঃ) হেষিত-ভীষিতাখিলঃ (হেষিতৈঃ অশ্বজাতিশব্দৈঃ ভীষিতম্ অখিলং বিশ্বং যেন সঃ) সঃ সটাবধূতাভ্রবিমানসঙ্কুলং (সটাভিঃ স্কন্ধকেশৈঃ অবধূতানি ইতস্ততঃ ক্ষিপ্তানি যানি অভ্রাণি বিমানানি চ তৈঃ সঙ্কুলং সঙ্কীর্ণং) নভঃ কুর্ব্বন্ তথা খুরৈঃ মহীং নির্জ্জরয়ন্ (বিদারয়ন্ নন্দস্য ব্রজং জগাম ইত্যরেণান্বয়ঃ ॥১

বিশালনেত্রঃ (বিশালে নেত্রে যস্য সঃ), বিকটাস্য কোটরঃ (বিকটম্ আস্যকোটরং মুখছিদ্রং যস্য সঃ), বৃহদ্গলঃ (বৃহ পীনঃ দীর্ঘঃ গলো যস্য সঃ), নীলমহাম্বুদোপমঃ (নীলো মহাংশ্চ অম্বুদো মেঘঃ উপমা যস্য সঃ), দুরাশয়ঃ দুষ্টচিত্তঃ সঃ কংসহিতং (কৃষ্ণরামবধং) চিকীর্ষুঃ (কর্ত্তুমিচ্ছুঃ মহীং) কম্পয়ন্ নন্দস্য ব্রজং জগাম ॥২

সপ্তত্রিংশ অধ্যায়।

[কেশিবধ, দেবর্ষি নারদ কর্তৃক ভগবান্ শ্রীকৃষ্ণের স্তব এবং চোর-চোর খেলায় ব্যোমাসুরের বিনাশ।]

(পূর্ব্বাধ্যায়ে কংস কেশীদানবকে প্রেরণ করিলেন এইরূপ বলা হইয়াছে, সেই কেশীদানব আসিয়া কি করিয়াছিল তাহাই এখন বলিতেছেন—পূর্ব্ব দৈত্যের ন্যায় কেশীর আগমন হয় নাই, ইহাই ভিন্ন প্রকারে বলিতেছেন ;)

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—কংসকর্ত্তৃক প্রেষিত মনের ন্যায় বেগগামী কেশীদানব বৃহৎকায় অশ্বের আকার ধারণ করিয়া অশ্বজাতীয় শব্দদ্বারা নিখিল বিশ্বকে ভয়াকুল ও পৃথিবীমণ্ডল খুরদ্বারা বিদীর্ণ এবং কেশদ্বারা আকাশমণ্ডল পরিব্যাপ্ত করিতে করিতে নন্দব্রজে গমন করিল।১

সেই কেশীদৈত্যের নয়নদ্বয়—বিশাল, মুখবিবর—বিকট, গলদেশ—স্থূল এবং দীর্ঘ, শরীর—কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় ; এবংবিধ দুষ্টাশয় দৈত্য কংসহিত-সাধনের জন্য নন্দরাজের ব্রজধাম কম্পিতকরত আগমন করিল।২

ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রে নির্গত হইয়া দেখিলেন,—কেশী দৈত্য অতিকঠোর শব্দে নিজের সেই গোকুল গ্রাসিত করিয়া পুচ্ছদ্বারা জলদসকল বিঘূর্ণিতকরত যুদ্ধে শ্রীকৃষ্ণকে অন্বেষণ করিতেছে, সুতরাং শ্রীকৃষ্ণ তাহাকে স্ব-নিকটে আহ্বান করিলেন আর সেই দৈত্য সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিল।৩

স তং নিশম্যাভিমুখো মুখেন খং
পিবন্নিবাভ্যদ্রবদত্যমর্ষণঃ।
জঘান পদ্ভ্যামরবিন্দলোচনং
দুরাসদশ্চণ্ডজবো দুরত্যয়ঃ ॥৪

তদ্বঞ্চয়িত্বা তমধোক্ষজো রুষা
প্রগৃহ্য দোর্ভ্যাং পরিবিধ্য পাদয়োঃ।
সাবজ্ঞমুৎসৃজ্য ধনুঃশতান্তরে
যথোরগং তার্ক্ষ্যসুতো ব্যবস্থিতঃ ॥৫

স লব্ধসংজ্ঞঃ পুনরুত্থিতো রুষা
ব্যাদায় কেশী তরসাপতদ্ধরিম্।
সোঽপ্যস্য বক্ত্রে ভুজমুত্তরং স্ময়ন্
প্রবেশয়ামাস যথোরগং বিলে ॥৬

দন্তা নিপেতুর্ভগবদ্ভুজস্পৃশ-
স্তে কেশিনস্তপ্তময়স্পৃশো যথা।
বাহুশ্চ তদ্দেহগতো মহাত্মনো
যথাময়ঃ সংববৃধে উপেক্ষিতঃ ॥৭

তদ্ধেষিতৈঃ (তৈঃ অতিনিকৃষ্টৈঃ হেষিতৈঃ) স্ব-গোকুলং ত্রাসয়ন্তং বালবিঘূর্ণিতাম্বুদম্ (বালৈঃ পুচ্ছরোমভিঃ বিঘূর্ণিতাঃ পরিভ্রামিতাঃ অম্বুদাঃ মেঘাঃ যেন তম্) আজৌ সংগ্রামার্থম্ আত্মানং কৃষ্ণং মৃগয়ন্তম্ অন্বেষয়ন্তং কেশিনম্ অগ্রণী পুরতো নির্গতঃ সন্ ভগবান্ কৃষ্ণঃ উপাহ্বয়ৎ স্বসমীপম্ আজুহাব। স চ কেশী তং নিশম্য দৃষ্ট্বা মৃগেন্দ্রবৎ ব্যনদৎ নাদম্ অকরোৎ ॥৩

দুরত্যয়ঃ (অন্যৈরত্যেতুমশক্যঃ) দুরাসদঃ (তৎসমীপ-গমনমপ্যশক্যঃ) চণ্ডজবঃ মহবেগঃ সঃ কেশী তং শ্রীকৃষ্ণং নিশম্য দৃষ্ট্বা অত্যমর্ষিতঃ (তদুৎকর্ষম্ অত্যন্তমসহমানঃ) অভিমুখঃ সন্ মুখেন খম্ আকাশং পিবন্ ইব (মুখং ব্যাদায়) অভ্যদ্রাবৎ আজগাম, ততঃ পদ্ভ্যাম্ (প্রত্যক্পদ্ভ্যাম্) অরবিন্দলোচনং জঘান তাড়য়ামাস ॥৪

অধোক্ষজঃ ইন্দ্রিয়াদ্যগোচরঃ কৃষ্ণঃ তৎ হননং বঞ্চয়িত্বা রুষা তং কেশিনং পাদয়োঃ দোর্ভ্যাং হস্তাভ্যাং প্রগৃহ্য পরিবিধ্য ভ্রাময়িত্বা ধনুঃশতান্তরে ধনুঃশত-পরিমিত-দেশে সাবজ্ঞং (অবজ্ঞয়া সহ অনায়াসেন) উৎসৃজ্য প্রক্ষিপ্য, তার্ক্ষ্যসুতঃ গরুড়ঃ যথা (উরগং ক্ষিপতি অনায়াসেন তথা) ব্যবস্থিতঃ যথা-সুখং স্থিতঃ বভূব ॥৫

ততঃ লব্ধসঙ্গঃ (লব্ধা সঞ্জা স্মৃতিঃ যেন সঃ) সঃ কেশী পুনরুত্থিতঃ সন্ রুষা ক্রোধেন (মুখং) ব্যাদায় তরসা বেগেন হরিম্ (অসিতুং) আপতৎ আজগাম। সঃ হরিঃ অপি স্ময়ন্ হসন্ এব অস্য বক্ত্রে উত্তরং ভুজং বামবাহুং বিলে উরগং সর্পং যথা তথা প্রবেশয়ামাস ॥৬

অনন্তর দুরাসদ (দুর্দ্ধর্ষ) দুরতিক্রম বেগশালী অনভিভবনীয় কেশীদানব শ্রীকৃষ্ণকে দেখিয়া শ্রীকৃষ্ণের উৎকর্ষ-সহনে অসক্ত হইয়া কিংবা অত্যন্ত কুপিত হৃদয়ে মুখদ্বারা নভোমণ্ডল পান করিতে করিতেই যেন শ্রীকৃষ্ণের অভিমুখে আগত হইল, অনন্তর আগমন করিয়া কমললোচন শ্রীকৃষ্ণকে চরণ দ্বারা তাড়না করিতে লাগিল।৪

অধোক্ষজ অর্থাৎ ইন্দ্রিয়ের অবিষয় ভগবান্ শ্রীকৃষ্ণ সেই তাড়না বঞ্চনা করিয়া কোপ-সহকারে ভুজদ্বয় দ্বারা কেশীনামক দৈত্যকে যে পদদ্বয়ে প্রহার করিতে উদ্যত হইয়াছিল তাহার ঐ পদদ্বয় গ্রহণ-করত অবহেলার সহিত পরিভ্রমণ করাইয়া শতধনু পরিমিত দূরে নিক্ষেপপূর্ব্বক যথাবস্থিতভাবে অবস্থান করিতে লাগিলেন, যেরূপ ভাবে গরুড় সর্পকে অবজ্ঞার সহিত শতধনু-পরিমিত দূরে ক্ষেপণ করিয়া অবস্থান করিয়াছিল।৫

সেই কেশী সংজ্ঞালাভ করিয়া (অর্থাৎ পূর্ব্বে মূর্চ্ছিত হইয়াছিল পরে চেতনা প্রাপ্ত করিয়া) ক্রোধ-সহকারে মুখ বিস্তারিতকরত বেগে তাহার দিকে আগমন করিল, তখন হরিও ঈষৎ হাস্য করিয়া "আরে দুষ্ট! গ্রাস করিতে আসিয়াছ, ভাল, গ্রাস কর" এই বলিয়া তাহাকে বামাঙ্গুষ্ঠ প্রদর্শনপূর্ব্বক সর্পবিৎ যেরূপ সর্পকে অনায়াসে গর্ত্তে প্রবেশ করায় সেরূপ কেশী দানবের প্রাণ-বিনাশার্থে তাহার মুখে বামবাহু প্রবেশ করাইয়া দিলেন।৬

অনন্তর কেশীর সেই দন্তসমূহ যখন শ্রীভগবানের

সমেধমানেন স কৃষ্ণবাহুনা
নিরুদ্ধবায়ুশ্চরণাংশ্চ বিক্ষিপন্।
প্রস্বিন্নগাত্রঃ পরিবৃত্তলোচনঃ
পপাত লেণ্ডং বিসৃজন্ ক্ষিতৌ ব্যসুঃ ॥৮
তদ্দেহতঃ কর্কটিকাফলোপমাদ্-
ব্যসোরপাকৃষ্য ভুজং মহাভুজঃ।
অবিস্মিতোঽযত্নহতারিরুৎস্ময়ৈঃ
প্রসূনবর্ষৈর্দিবিষদ্ভিরীড়িতঃ ॥৯

ততঃ কেশিনঃ তপ্তময়স্পৃশঃ লোহাদিস্পৃশঃ যথা তথা ভগবদ্ভুজস্পৃশঃ তে দন্তাঃ নিপেতুঃ, তথা তদ্দেহগতঃ (তস্য কেশিনঃ দেহগতঃ) মহাত্মনঃ শ্রীকৃষ্ণস্য বাহুঃ চ উপেক্ষিতঃ অচিকিৎসিতঃ আময়ঃ রোগঃ যথা তথা সংবর্দ্ধে অবর্দ্ধত ॥৭

সমেধমানেন (সম্যক্ এধমানেন) কৃষ্ণবাহুনা নিরুদ্ধবায়ুঃ (নিরুদ্ধঃ প্রাণবায়ুঃ যস্য সঃ) কেশী চরণান্ বিক্ষিপন্ ইতস্ততঃ চালয়ন্ প্রস্বিন্নগাত্রঃ (প্রস্বিন্নং প্রস্বেদযুক্তং গাত্রং যস্য সঃ) পরিবৃত্তলোচনঃ (পরিবৃত্তে পরিভ্রমমাণে লোচনে যস্য সঃ) লেণ্ডং পুরীষং বিসৃজন্ ব্যসুঃ প্রাণরহিতঃ সন্ ক্ষিতৌ পপাত ॥৮

ব্যসোঃ বিগতঃ প্রাণস্য কর্কটিকা-ফলোপমাৎ (কর্কটিকাফলং হি পক্বং বিদীর্ণং ভবতি তদ্বদ্বিদীর্ণাৎ) তদ্দেহতঃ (তস্য দেহাৎ) মহাভুজঃ (মহান্তৌ ভুজৌ যস্য সঃ কৃষ্ণঃ) ভুজম্ অপাকৃষ্য নিসার্য্য অবিস্মিতঃ গর্ব্বরহিতঃ এব অবস্থিতঃ। তদা প্রসূন-বর্ষৈঃ পুষ্পবৃষ্টিভিঃ, উৎস্ময়ৈঃ (তাদৃশ-দৈত্যস্য অনায়াসেনৈব বধাদাশ্চর্য্যযুক্তৈঃ) সুরৈঃ দিবিষদ্ভিঃ অযত্নহতারিঃ (অযত্নেনৈব হতো হরিঃ যেন সঃ) শ্রীকৃষ্ণঃ ঈড়িতঃ অভিষ্টুতঃ ॥৯

হস্ত স্পর্শ করিল, তখন তপ্ত লৌহস্পর্শী পদার্থের ন্যায় সমূলে নিপতিত হইতে লাগিল। কেশী দানবের দেহস্থ মহাত্মা ভগবানের হস্তও অচিকিৎসিত রোগের ন্যায় বর্দ্ধিত হইতে লাগিল।৭

শ্রীকৃষ্ণের সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত বাহুদ্বারা কেশীর শ্বাস নিরুদ্ধ হইলে ঐ কেশী পদ ইতস্ততঃ চালনা করিতে করিতে ঘর্ম্মাক্তশরীরে লোচনযুগল পরিভ্রমণ করিয়া পুরীষ ত্যাগকরত বিগতপ্রাণ অবস্থায় ভূতলে নিপতিত হইল।৮

মহাভুজ শ্রীকৃষ্ণ অনায়াসে শত্রু বিনাশ করিয়া কর্কটীকা ফলের ন্যায় তাহার সেই মৃতদেহ হইতে স্বীয় ভুজ বহির্ভাগে আকর্ষণ করিয়া (আনিয়া) স্থিরভাবে অবস্থান করিতে লাগিলেন; কিন্তু কোনরূপ বিস্মিত হইলেন না, আর দেবগণ কুসুম বর্ষণপূর্ব্বক তাঁহার স্তব করিতে লাগিলেন।৯

দেবর্ষিরুপসঙ্গম্য ভাগবতপ্রবরো নৃপ।
কৃষ্ণমক্লিষ্টকর্ম্মাণং রহস্যেতদভাষত ॥১০
কৃষ্ণ-কৃষ্ণাপ্রমেয়াত্মন্ যোগেশ জগদীশ্বর।
বাসুদেবাখিলাবাস সাত্বতাং প্রবর প্রভো ॥১১
ত্বমাত্মা সর্ব্বভূতানামেকো জ্যোতিরিবৈধসাম্।
গূঢ়ো গুহাশয়ঃ সাক্ষী মহাপুরুষ ঈশ্বরঃ ॥১২
আত্মনাত্মাশ্রয়ঃ পূর্ব্বং মায়য়া সসৃজে গুণান্।
তৈরিদং সত্যসঙ্কল্পঃ সৃজস্যৎস্যবসীশ্বরঃ ॥১৩

ততঃ ভাগবতপ্রবরঃ ভক্তশ্রেষ্ঠঃ মুনিঃ দেবর্ষিঃ নারদঃ রহসি একান্তে অক্লিষ্টকর্ম্মাণং কৃষ্ণম্ উপসঙ্গম্য এতৎ অভাষত ॥১০

হে কৃষ্ণ, কৃষ্ণ! হে অপ্রমেয়াত্মন্! (ন প্রমেয়ঃ আত্মা স্বরূপং যস্য তৎ সম্বোধনে এবং সর্ব্বত্র বেদ্যং) যোগেশ যোগপ্রদ, জগদীশ্বর, অখিলবাস সর্ব্বাশ্রয়, সাত্বতাং ভক্তানাং প্রবরশ্রেষ্ঠ পালক, প্রভো অচিন্ত্যমায়াস্বামিন্, বাসুদেব ॥১১

ত্বম্ একঃ এব সর্ব্বভূতানাম্ আত্মা, এধসাং কাষ্ঠানাং (অন্তঃ) জ্যোতিঃ ইব গূঢ়ঃ গুহাশয়ঃ (গুহায়াম্ অন্তঃকরণে শেষে), অতঃ সাক্ষী মহাপুরুষঃ ঈশ্বরঃ এব ॥১২

হে রাজন্! ভাগবত-প্রবর দেবর্ষি নারদ নির্জ্জনে শ্রীকৃষ্ণের নিকটে উপস্থিত হইয়া কেশিবধাদি বৃহৎকার্য্যেও তাঁহাকে অপরিশ্রান্ত দেখিয়া বলিতে লাগিলেন।১০

হে কৃষ্ণ! কৃষ্ণ! হে অপ্রমেয়াত্মন্! হে যোগেশ্বর! হে জগদীশ্বর! হে বাসুদেব! হে অখিলাবাস! হে সাত্বতদিগের শ্রেষ্ঠ! হে প্রভো!১১

তুমিই সর্ব্বভূতের একমাত্র পরমাত্মা, কাষ্ঠের অন্তর্গত তেজের ন্যায় তুমি গূঢ় এবং গুহাশয় সাক্ষী

স ত্বং ভূধরভূতানাং দৈত্যপ্রমথরক্ষসাম্।
অবতীর্ণো বিনাশায় সাধুনাং রক্ষণায় চ ॥১৪

দিষ্ট্যা তে নিহতো দৈত্যো লীলয়ায়ং হয়াকৃতিঃ।
যস্য হেষিতসন্ত্রস্তাস্ত্যজন্ত্যনিমিষা দিবম্ ॥১৫

চাণূরং মুষ্টিকঞ্চৈব মল্লানন্যাংশ্চ হস্তিনম্।
কংসঞ্চ নিহতং দ্রক্ষ্যে পরশ্বোঽহনি তে প্রভো ॥১৬

তস্যানু শঙ্খ-যবন-মুরাণাং নরকস্য চ।
পারিজাতাপহরণমিন্দ্রস্য চ পরাজয়ম্ ॥১৭

উদ্বাহং বীরকন্যানাং বীর্য্যশুল্কাদিলক্ষণম্।
নৃগস্য মোক্ষণং পাপাদ্ দ্বারকায়াং জগৎপতে ॥১৮

স্যমন্তকস্য চ মণেরাদানং সহ ভার্য্যয়া।
মৃতপুত্রপ্রদানঞ্চ ব্রাহ্মণস্য স্বধামতঃ ॥১৯

আত্মাশ্রয়ঃ স্বতন্ত্রঃ এব ভবান্ আত্মনা আত্মরূপয়া মায়য়া গুণান্ পূর্ব্বং সসৃজে সৃষ্টবান্, ততঃ তৈঃ স্বসৃষ্টৈঃ গুণৈঃ সত্য-সংকল্পঃ ঈশ্বরঃ ত্বম্ ইদং বিশ্বং সৃজসি, অবসি পালয়সি, অৎসি সংহরসি ॥১৩

সঃ পরমেশ্বরঃ এব ত্বং ভূধরভূতানাং (ভুবং ধরন্তীতি ভূধরাঃ রাজানঃ তদ্রূপাণাং) দৈত্য-প্রমথ-রক্ষসাং নাশায় সাধুনাং রক্ষণায় চ অবতীর্ণঃ অসি ॥১৪

যস্য কেশিনঃ হেষিতসন্ত্রস্তাঃ (হেষিতেন শব্দেন সন্ত্রস্তাঃ ভীতাঃ) অনিমিষাঃ দেবাঃ দিক্ স্বর্গং ত্যজন্তি, সঃ অয়ং হয়াকৃতিঃ অশ্বরূপধরঃ দৈত্যঃ দিষ্ট্যা সর্ব্বেষাং সৌভাগ্যাদেব তে ত্বয়া লীলয়া অনায়াসেন এব নিহতঃ ॥১৫

হে প্রভো! ইদানীং চাণূরং মুষ্টিকং চৈব অন্যান্ মল্লান্ চ হস্তিনং কংসং চ পরশ্বঃ অহনি তে ত্বয়া নিহতং দ্রক্ষ্যে দ্রক্ষ্যামি ॥১৬

তস্য অনু তদনন্তরং শঙ্খ-যবন-মুরাণাং নরকস্য তথা ইন্দ্রস্য পারিজাতাপহরণং পরাজয়ং চ দ্রক্ষ্যামি ॥১৭

হে-জগৎপতে! দ্বারকায়াং বীরকন্যানাং বীর্য্য-শুল্কাদি লক্ষণম্ (বীর্য্যং স্বভাবপ্রদর্শনমেব শুল্কাদিলক্ষণং প্রদেয়-দ্রব্যাদিরূপং যস্মিন্ তথা ভূতম্) উদ্বাহং পাপাৎ (ব্রাহ্মণ-গোহরণ-জনিতাৎ কৃকলাসযোনি-নিমিত্তাৎ) নৃগস্য নরপতেঃ মোক্ষণম্ ॥১৮

মহাপুরুষ ঈশ্বর (ব্রহ্মাদির অধিপতি)।১২

আত্মার আশ্রয় তুমি আত্মরূপমায়াদ্বারা পূর্ব্বে মহদাদি গুণসমূহ সৃজন করিয়াছ, সুতরাং সত্যসঙ্কল্প. ঈশ্বর, তুমি সৃষ্ট সেই গুণসমূহ দ্বারা এই পরিদৃশ্যমান জগত্রয় সৃজন, পালন এবং সংহার করিতেছ।১৩

তুমি তাদৃশ হইলেও স্বভক্তি-বিরোধী রাজস্বরূপ দৈত্য, প্রমথ ও রাক্ষসদিগের বিনাশের নিমিত্ত এবং স্বভক্তিপ্রবর্ত্তক সাধুগণের রক্ষণের নিমিত্ত অবতীর্ণ হইয়াছ।১৪

দেবগণ যাহার হ্রেষারবে ভীত হইয়া স্বর্গ পরিত্যাগ করিয়া পলায়ন করেন, সেই অশ্বাকৃতি দৈত্য কেশীকে তুমি অবলীলাক্রমে বিনাশ করিয়াছ; ইহা লোকসাধারণের সৌভাগ্য।১৫

হে প্রভো! পরশ্ব দিবসে (অর্থাৎ অদ্যই অক্রূর আগমন করিবেন, কল্য তুমি মথুরায় যাইবে, পরশ্ব) চাণূর, মুষ্টিক, অন্যান্য মল্লগণ, হস্তী এবং কংসকে বিনাশ করিবে, আমি তত্তল্লীলা দর্শন করিব।১৬

সেই কংসবধের পরে শঙ্খ (পঞ্চজন), যবন (কালযবন) ও মুর (নরকের মিত্র) ইহাদিগের এবং নরকাসুরের বিনাশ আর পারিজাতাপহরণ ও ইন্দ্রের পরাজয় দর্শন করিব।১৭

হে জগৎপতে! দ্বারকায় বীরকন্যাদিগের বীর্য্য-শুল্কাদি লক্ষণ বিবাহ এবং অজ্ঞানকৃত ব্রাহ্মণ-গোহরণরূপ শাপ হইতে নৃগ-রাজের মোক্ষণপ্রভৃতি দর্শন করিব।১৮

ভার্য্যা জাম্ববতী এবং সত্যভামার সহিত স্যমন্তক মণির গ্রহণ; স্বীয়ধাম (মৃতুপুরী) হইতে আনয়ন করিয়া ব্রাহ্মণের নিকটে মৃত পুত্রের দান।১৯

পৌণ্ড্রকস্য বধং পশ্চাৎ কাশীপুর্য্যাশ্চ দীপনম্।
দন্তবক্রস্য নিধনং চৈদ্যস্য চ মহাক্রতৌ ॥২০
যানি চান্যানি বীর্য্যাণি দ্বারকামাবসন্ ভবান্।
কর্ত্তা দ্রক্ষ্যাম্যহং তানি গেয়ানি কবিভির্ভুবি ॥২১
অথ তে কালরূপস্য ক্ষপয়িষ্ণোরমুষ্য বৈ।
অক্ষৌহিণীনাং নিধনং দ্রক্ষ্যাম্যর্জ্জুনসারথেঃ ॥২২
বিশুদ্ধবিজ্ঞানঘনং স্বসংস্থয়া
সমাপ্তসর্ব্বার্থমমোঘবাঞ্ছিতম্।
স্বতেজসা নিত্যনিবৃত্তমায়া
গুণপ্রবাহং ভগবন্তমীমহি ॥২৩
ত্বামীশ্বরং স্বাশ্রয়মাত্মমায়য়া
বিনির্ম্মিতাশেষবিশেষকল্পনম্।
ক্রীড়ার্থমদ্যাত্তমনুষ্যবিগ্রহং
নতোঽস্মি ধুর্য্যং যদু-বৃষ্ণি-সাত্বতাম্ ॥২৪

শ্রীশুক উবাচ।

এবং যদুপতিং কৃষ্ণং ভাগবতপ্রবরো মুনিঃ।
প্রণিপত্যাভ্যনুজ্ঞাতো যযৌ তদ্দর্শনোৎসবঃ ॥২৫

ভার্য্যয়া জাম্ববত্যা সহ স্যমন্তকস্য মণেঃ আদানং চ তথা স্বধামতঃ মহাকালপুরাৎ আনীয় ব্রাহ্মণস্য মৃতপুত্রপ্রদানং চ ॥১৯

পৌণ্ড্রকস্য বধং পশ্চাৎ কাশীপুর্য্যাঃ চ দীপনম্, দন্তবক্রস্য নিধনং তথা মহাক্রতৌ যুধিষ্ঠির-রাজসূয়ে চৈদ্যস্য শিশুপালস্য চ নিধনং বধম্ ॥২০

দ্বারকাং দ্বারকায়াম্ আবসন্ ভবান্ যানি চ অন্যানি বীর্য্যাণি কর্ত্তা করিষ্যতি, ভুবি কবিভিঃ গেয়ানি তানি অহং দ্রক্ষ্যামি ॥২১

অথ অনন্তরম্ (অমুষ্য বিশ্বস্য ভারম্ অপচিকীর্ষোঃ) কাল-রূপস্য অতএব অর্জ্জুন-সারথেঃ তব অক্ষৌহিণীনাং নিধনং দ্রক্ষ্যামি ॥২২

বিশুদ্ধবিজ্ঞানঘনং কেবলজ্ঞানৈকমূর্ত্তিম্, (অতঃ) স্বসংস্থয়া সম্যক্ স্থিত্যৈব সমাপ্তসর্ব্বার্থম্ (সম্যক্ আপ্তাঃ সর্ব্বে অর্থাঃ যস্য তম্), অমোঘ-বাঞ্ছিতং (অমোঘং বাঞ্ছিতং যস্য তং) স্বতেজসা চিচ্ছক্ত্যা নিত্য-নিবৃত্ত-মায়াগুণ-প্রবাহং (নিত্যনিবৃত্তঃ মায়য়াঃ গুণপ্রবাহঃ সংসারঃ যস্মাৎ তং) ভগবন্তং নিরতিশয়ৈশ্বর্য্যপূর্ণং ত্বাং বয়ম্ ঈমহি শরণং ব্রজাম ॥২৩

আত্মমায়াবিনির্ম্মিতাশেষবিশেষকল্পনম্ (আত্মনঃ মায়য়া স্বেচ্ছয়ৈব বিনির্ম্মিতাঃ যে অশেষাঃ সর্ব্বে বিশেষাঃ মহদাদয়ঃ কল্পনা যস্য তম্) অদ্য ক্রীড়ার্থম্ আত্ত মনুষ্যবিগ্রহং (আত্তঃ গৃহীতঃ মনুষ্যবিগ্রহঃ যেন তং) যদু-বৃষ্ণি-সাত্বতাং ধুর্য্যং শ্রেষ্ঠং স্বাশ্রয়ম্ ঈশ্বরং ত্বাং নতঃ অস্মি ॥২৪

পৌণ্ড্রকের বধ, অনন্তর কাশীপুরীর দাহন, দন্তবক্র বধ আর যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে শিশুপালের নিধন দর্শন করিব।২০

আপনি দ্বারকায় বাসকরত পৃথিবীতে ব্যাস-প্রভৃতি কবিগণ কর্ত্তৃক গেয় যে সকল অন্যান্য চরিত আবিষ্কৃত করিবেন, সেই সমস্তই আমি দর্শন করিব।২১

অনন্তর কালরূপী এবং এই ভূ-ভারের নাশে সমর্থ অর্জ্জুন-সারথি তোমাকর্ত্তৃক অক্ষৌহিণী সেনার নিধনরূপ কর্ম্ম দর্শন করিব।২২

এইরূপে কার্য্য নিবেদন করিয়া শ্রীভগবান্‌কে প্রণাম করিতেছেন—আপনি কেবলমাত্র জ্ঞানৈক মূর্ত্তি, সুতরাং আপনি স্বকীয় লীলা-পরিকরাদি বিশিষ্ট সার্ব্বকালিক সম্যক্ স্থিতি দ্বারা সকল অর্থই প্রাপ্ত হইয়াছেন, আপনি অমোঘবাঞ্ছিত এবং আপনি স্বীয় তেজোদ্বারা গুণসমূহকে নিরস্ত করিয়াছেন, অতএব ভগবান্ আপনাকে প্রণাম করি।২৩

অন্য কেহই এবংবিধ নহে, তাহাই বলিতেছেন—আপনি ঈশ্বর, আপনি স্বয়ংই আপনার আশ্রয়, আত্মাধীন মায়াদ্বারা অশেষ বিশেষ কল্পনা বিনির্ম্মিত করিয়া থাকেন। আপনি ক্রীড়ার নিমিত্ত মনুষ্য শরীর ধারণ করেন; আপনি যদু, বৃষ্ণি এবং সাত্বতগণের শ্রেষ্ঠ, আপনাকে নমস্কার।২৪

ভগবানপি গোবিন্দো হত্বা কেশিনমাহবে।
পশূনপালয়ৎ পালৈঃ প্রীতৈর্ব্রজসুখাবহঃ ॥২৬
একদা তে পশূন্ পালাশ্চারয়ন্তোঽদ্রিসানুষু।
চক্রুর্নিলায়নক্রীড়াশ্চোরপালাপদেশতঃ ॥২৭
তত্রাসন্ কতিচিচ্চোরাঃ পালাশ্চ কতিচিন্নৃপ।
মেষায়িতাশ্চ তত্রৈকে বিজহ্রুরকুতোভয়াঃ ॥২৮

ময়পুত্রো মহামায়ো ব্যোমো গোপালবেষধৃক্।
মেষায়িতানপোবাহ প্রায়শ্চোরায়িতো বহূন্ ॥২৯
গিরিদর্য্যাং বিনিক্ষিপ্য নীতং নীতং মহাসুরঃ।
শিলয়া পিদধে দ্বারং চতুঃপঞ্চাবশেষিতাঃ ॥৩০
তস্য তৎ কর্ম্ম বিজ্ঞায় কৃষ্ণঃ শরণদঃ সতাম্।
গোপান্ নয়ন্তং জগ্রাহ বৃকং হরিরিবৌজসা ॥৩১

শ্রীশুকঃ উবাচ। এবং তদ্দর্শনোৎসবঃ (তস্য কৃষ্ণস্য দর্শনেন উৎসবঃ আনন্দঃ যস্য সঃ) ভাগবতপ্রবরঃ মুনিঃ নারদঃ যদুপতিং কৃষ্ণং প্রণিপত্য (তথা তেন) অভ্যনুজ্ঞাতঃ যযৌ ॥২৫

ব্রজসুখাবহঃ (ব্রজস্য ব্রজ-জনস্য সুখম্ আবহতীতি) ভগবান্ গোবিন্দঃ অপি আহবে যুদ্ধে কেশিনং হত্বা প্রীতৈঃ পালৈঃ সহ পশূন্ গাঃ অপালয়ৎ ॥২৬

একদা অদ্রিসানুষু (অদ্রেঃ গোবর্দ্ধনস্য সানুষু তটপ্রদেশেষু) পশূন্ চারয়ন্তঃ তে রামকৃষ্ণাদয়ঃ পালাঃ গোপালাঃ চোর-পালাপদেশতঃ চোরপাল-ব্যাজেন নিলায়ন-ক্রীড়াঃ (নিলায় চোরয়িত্বা স্থাপনং যস্যাং তাং নিলায়নাখ্যাং ক্রীড়াং তাং) চক্রুঃ ॥২৭

হে নৃপ। তত্র গোপেষু মধ্যে কতিচিৎ চোরাঃ আসন্, কতিচিৎ পালাঃ স্বামিনঃ চ আসন্; তত্র একে দুর্ব্বলাঃ (মেষায়িতান্ চোরয়ন্তি পালাশ্চ তান্ বিচিন্বতে) এবং অকুতো-ভয়াঃ নির্ভয়াঃ সন্তঃ সর্ব্বে বিজহ্রুঃ ॥২৮

তদা চ গোপালবেশধৃক্ গোপালবেশধরঃ, মহামায়ঃ মহামায়াবী, ময়পুত্রঃ ব্যোমঃ অসুরঃ স্বয়ং প্রায়শঃ চোরায়িতঃ সন্ মেষায়িতান্ বহূন্ গোপান্ অপোবাহ অপকৃষ্য নিনায় ॥২৯

এবং সঃ মহাসুরঃ নীতং নীতং গোপং গিরিদর্য্যাং পর্ব্বত-গুহায়াং বিনিক্ষিপ্য তস্যাঃ দ্বারং শিলয়া পিদধে আচ্ছাদিতবান্, ততঃ চ মেষায়িতাঃ গোপাঃ চতুঃ পঞ্চ বা অবশেষিতাঃ ॥৩০

শ্রীশুকদেব বলিলেন—শ্রীকৃষ্ণের দর্শনে হৃষ্টমনা ভাগবতপ্রবর দেবর্ষি নারদ (কথিত বিষয় অবশ্য সম্পন্ন করিবেন এইরূপ আজ্ঞাপনের নিমিত্ত) যদুপতি শ্রীকৃষ্ণকে সাষ্টাঙ্গে প্রণিপাত করিয়া তাহার আজ্ঞানুসারে গমন করিলেন।২৫

এইরূপে ইতিমধ্যে সমাগত নারদের বিষয় উপসংহার করিয়া কেশীর বিনাশান্তর শ্রীকৃষ্ণ গোকুলে গিয়াছিলেন, তাহা বলা হয় নাই তাই উপসংহার করিতেছেন—

ব্রজসুখদায়ক ভগবান্ গোবিন্দও যুদ্ধে কেশীকে বিনাশ করিয়া প্রীত গোপগণের সহিত পশুগণের পালন করিতে লাগিলেন।২৬

একদা শ্রীরামকৃষ্ণাদি গোপ বালকগণ গোবর্দ্ধন পর্ব্বতের তটপ্রদেশে পশুচারণ করিতে করিতে চোর এবং তৎপালকদিগের অপদেশে (ছলে) অভিনয় করিয়া নিলায়ননামক ক্রীড়া করিতেছিলেন।২৭

হে রাজন্! তাঁহাদিগের মধ্যে কেহ চোর, কেহ বা তাঁহাদিগের নিকট হইতে রক্ষক হইলেন, আবার কতকগুলি মেষের ন্যায় আচরণ করিলেন। এইরূপে তাঁহারা নির্ভয়ে গোবর্দ্ধনের তটে ক্রীড়া করিতেছিলেন।২৮

ঐ সময়ে মহামায়াবী ময়-পুত্র ব্যোমাসুর গোপবালকের বেশ ধারণপূর্ব্বক প্রায় চোর হইয়া মেষরূপী গোপবালকগণকে অপহরণ করিয়া লইয়া যাইতে লাগিল।২৯

সেই অসুর গোপদিগকে ক্রীড়া করিবার জন্য অপহরণ করে নাই, কিন্তু বধের জন্য যে নিয়াছিল তাহাই বলিতেছেন—মহাসুর ব্যো৮ ক্রমশঃ নীত

স নিজং রূপমাস্থায় গিরীন্দ্রসদৃশং বলী।
ইচ্ছন্ বিমোক্তুমাত্মানং নাশক্নোদ্ গ্রহণাতুরঃ ॥৩২

তং নিগৃহ্যাচ্যুতো দোর্ভ্যাং পাতয়িত্বা মহীতলে।
পশ্যতাং দিবি দেবানাং পশুমারমমারয়ৎ ॥৩৩

সতাং ভক্তানাং শরণদঃ আশ্রয়প্রদঃ কৃষ্ণঃ তস্য ব্যোমাসুরস্য তৎ গোপ-পিধানরূপং কর্ম্ম বিজ্ঞায় হরিঃ সিংহঃ বৃকম্ ইব ওজসা বলেন কৃষ্ণঃ গোপান্ নয়ন্তং তম্ অসুরং জগ্রাহ ॥৩১

তদা গিরীন্দ্রসদৃশং নিজং রূপম্ আস্থায় স্বীকৃত্য সঃ বলী ব্যোমঃ আত্মানং বিমোক্তুং বিমোচয়িতুম্ ইচ্ছন্ অপি গ্রহণাতুরঃ (গ্রহণেন আতুরঃ ব্যাকুলঃ সন্) ন অশক্নোৎ ॥৩২

অচ্যুতঃ কৃষ্ণঃ তং ব্যোমং দোর্ভ্যাং হস্তাভ্যাং নিগৃহ্য মহীতলে

গোপ-সকলকে দূর হইতে বিশেষরূপে পর্ব্বতগুহার মধ্যে নিক্ষেপ করিয়া সেই পর্ব্বতগুহার দ্বারদেশ শিলাদ্বারা আচ্ছাদন করিয়া রাখিল। (সুতরাং ঐ অসুরকর্ত্তৃক নীত হওয়ায়) গোপসমূহের মধ্যে চারিটি কি পাঁচটি মাত্র অবশিষ্ট রহিল।৩০

তখন অন্যত্র অবস্থিত ভগবান্ শ্রীকৃষ্ণ ব্যোমাসুরের গুহায় নিক্ষেপ ও গুহাদ্বার শিলাদ্বারা আচ্ছাদনরূপ কর্ম্ম জানিয়া তথায় সমাগত হইয়া যাহা করিয়াছিলেন, তাহাই বলিতেছেন—সেই ব্যোমাসুরের গোপাচ্ছাদনরূপ মহাদারুণ কর্ম্ম জানিয়া ভক্তমাত্রের শরণদ অর্থাৎ আশ্রয়দাতা ভগবান্ শ্রীকৃষ্ণ সিংহ যেরূপ ব্যাঘ্রকে বা শৃগালকে গ্রহণ করে, সেরূপ গোপাপহারী ব্যোমাসুরকে গ্রহণ করিলেন।৩১

গুহাপিধানং নির্ভিদ্য গোপান্ নিঃসার্য্য কৃচ্ছ্রতঃ।
স্তূয়মানঃ সুরৈর্গোপৈঃ প্রবিবেশ স্বগোকুলম্ ॥৩৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭ ॥

ভূতলে পাতয়িত্বা দিবি অন্তরিক্ষে স্থিতানাং দেবানাং পশ্যতাং পশুমারং (যথা ভবন্তি তথা যজ্ঞীয়পশুমিব মুষ্টিভিঃ) অমারয়ৎ ॥৩৩

ততঃ ভগবান্ গুহাপিধানং (গুহায়াঃ পিধানম্ আচ্ছাদনং) নির্ভিদ্য, কৃচ্ছ্রতঃ নিরোধক্লেশাৎ গোপান্ নিঃসার্য্য অনুগৈঃ তৈঃ দেবৈঃ চ স্তূয়মানঃ গোকুলং প্রবিবেশ ॥৩৪

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ॥

বলবান্ হইলেও গ্রহণহেতু পীড়িত সেই ব্যোমাসুর শ্রেষ্ঠপর্ব্বত-সদৃশ স্বকীয় আসাধারণ রূপ ধারণ করিয়া আত্মাকে মোচন করিতে ইচ্ছা করিয়াও মোচন করিতে সমর্থ হইল না।৩২

অচ্যুত ভগবান্ শ্রীকৃষ্ণ ব্যোমাসুরকে করদ্বয়ে বিশেষরূপে গ্রহণকরত পৃথ্বীতলে নিপাতিত করিয়া দর্শনের জন্য সমাগত অন্তরিক্ষে অবস্থিত দেবগণের সমক্ষে যজ্ঞীয় পশুমারণের ন্যায় শ্বাস অবরোধ করিয়া বিনষ্ট করিলেন।৩৩

অনন্তর শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ গুহার আবরণ ভেদ করিয়া গোপ-বালকগণকে গুহারূপ দুঃখ-স্থান হইতে মোচনকরত অনুগ গোপগণ কর্ত্তৃক এবং বিমানগত দেবতাগণ কর্ত্তৃক স্তুত হইয়া স্বীয় গোকুলে প্রবেশ করিলেন।৩৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত সপ্তত্রিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশঃ অধ্যায়ঃ।

[কংসস্যাদেশেন রাম-কৃষ্ণৌ মথুরামানেতুমক্রূরস্য নন্দগোকুলগমনম্, তত্র রাম-কৃষ্ণাভ্যাং তস্য সৎকারশ্চ।]

শ্রীশুক উবাচ।

অক্রূরোঽপি চ তাং রাত্রিং মধুপুর্য্যাং মহামতিঃ।
উষিত্বা রথমাস্থায় প্রযযৌ নন্দগোকুলম্ ॥১

গচ্ছন্ পথি মহাভাগো ভগবত্যম্বুজেক্ষণে।
ভক্তিং পরামুপগত এবমেতদচিন্তয়ৎ ॥২

কিং ময়াচরিতং ভদ্রং কিং তপ্তং পরমং তপঃ।
কিং বাথাপ্যর্হতে দত্তং যদ্ দ্রক্ষ্যাম্যদ্য কেশবম্ ॥৩

মমৈতদ্ দুর্লভং মন্য উত্তমঃশ্লোকদর্শনম্।
বিষয়াত্মনো যথা ব্রহ্ম-কীর্ত্তনং শূদ্রজন্মনঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। মহামতিঃ অক্রূরঃ অপি তাং রাত্রিং মধুপুর্য্যাং মথুরায়াম্ উষিত্বা প্রাতরেব রথম্ আস্থায় আরুহ্য নন্দগোকুলং প্রযযৌ ॥১

পথি গচ্ছন্ অম্বুজেক্ষণে (অম্বুজবৎ শোভমানে দৃষ্ট্যৈব সন্তাপহারকে ঈক্ষণে যস্য তস্মিন্) ভগবতি পরাং ভক্তিম্ উপগতঃ মহাভাগঃ অক্রূরঃ এবং বক্ষ্যমাণপ্রকারেণ এতৎ অচিন্তয়ৎ ॥২

অহো ময়া কিং ভদ্রং যজ্ঞাদি আচরিতং কিংবা পরমং তপঃ ব্রতোপবাসাদি তপ্তম্, অথবা অর্হতে পূজ্যায় পাত্রায় কিং দত্তং, যৎ যস্মাৎ অদ্য কেশবং দ্রক্ষ্যামি ॥৩

এতৎ উত্তমঃশ্লোকদর্শনং (উৎ উদ্গতং তমোঽজ্ঞানং যেভ্য-স্তে উত্তমাঃ তৈঃ শ্লোক্যতে কীর্ত্ত্যতে যঃ তস্য দর্শনং) বিষয়াত্মনঃ বিষয়াবিষ্টচিত্তস্য শূদ্রজন্মনঃ (শূদ্রাৎ জন্ম যস্য তাদৃশস্য) ব্রহ্মকীর্ত্তনং বেদোচ্চারণং যথা তথা দুর্লভং মন্যে ॥৪

অষ্টত্রিংশ অধ্যায়।

[কংসের আদেশে রাম-কৃষ্ণকে আনিবার জন্য অক্রূরের নন্দগোকুলে গমন এবং সেখানে রাম ও কৃষ্ণ কর্ত্তৃক তাঁহার সৎকার।]

এইরূপে দেবর্ষি নারদ কংসবধাদি কার্য্য নিবেদন করিলে ভগবান্ শ্রীকৃষ্ণ মথুরায় গমন করিতে উদ্যত হইলেন এবং অক্রূরও প্রত্যাগমন করিলেন, তাহাই বলিতেছেন—

মহামতি অক্রূর মহাশয় সেই একাদশীর রাত্রি মধুপুরীতে বাস করিয়া প্রভাত সময়ে রথে আরোহণ-করত নন্দগোকুলের দিকে গমন করিলেন।১

অক্রূরের মহামতিত্ব বলিতেছেন—

ভগবান্ কমললোচন শ্রীকৃষ্ণে লব্ধ পরমাভক্তি মহাভাগ অক্রূর মহাশয় পথে যাইতে যাইতে বক্ষ্য-মাণ বিষয় এইরূপ চিন্তা করিতে লাগিলেন।২

প্রথমে ভগবদ্ধর্ম্মের মাহাত্ম্য বলিয়াছেন, তন্মধ্যে সম্প্রতি ভক্তির দৃঢ়তার নিমিত্ত দর্শনের সর্ব্বোৎকৃষ্টত্ব বলিতেছেন—

আমি ভগবানের পূজাদি শুভ-কর্ম্মের মধ্যে পরম শুভকর কি আচরণ করিয়াছি, কিংবা ভগবদ্‌ব্রতের মধ্যে কি পরম তপস্যার অনুষ্ঠান করিয়াছি অথবা মহাভাগবতরূপ যোগ্যপাত্রে এমন কি দান করিয়াছি, যে, সেই শুভাদিকর্ম্মের ফলে অদ্য পরমদুর্ল্লভ শ্রীব্রহ্মারুদ্রাদিরও ঈশ্বর শ্রীকৃষ্ণকে দর্শন করিব ?৩

পুনরায় দীনতার সহিত বলিতেছেন—

শূদ্রজন্মা অর্থাৎ শূদ্র হইতে জন্মলাভ করিয়াছে এরূপ যে ব্যক্তি, তাহার যেরূপ বেদের কীর্ত্তন অর্থাৎ অধ্যয়ন দুর্ল্লভ, সেইরূপ প্রারব্ধবশে বিষয়াবিষ্টচিত্ত আমার সম্বন্ধেও ঈদৃশ উক্তি তত্তৎ শুভকর্ম্মাদিসাধ্য, সংসারাখ্য তমোনিরসন যশঃশালী শ্রীভগবানের দর্শন দুর্ল্লভ মনে করি।৪

মৈবং মমাধমস্যাপি স্যাদেবাচ্যুতদর্শনম্।
হ্রিয়মাণঃ কালনদ্যা ক্বচিৎ তরতি কশ্চন ॥৫
মমাদ্যামঙ্গলং নষ্টং ফলবাংশ্চৈব মে ভবঃ।
যন্নমস্যে ভগবতো যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজম্ ॥৬
কংসো বতাদ্যাকৃত মেঽত্যনুগ্রহং
দ্রক্ষ্যেঽঙ্ঘ্রিপদ্মং প্রহিতোঽমুনা হরেঃ।
কৃতাবতারস্য দুরত্যয়ং তমঃ
পূর্ব্বেঽতরন্ যন্নখমণ্ডলত্বিষা ॥৭

অহো! এবং মা ভবতু! অধমস্যাপি অনধিকারিণঃ অপি মম অচ্যুতদর্শনং স্যাদেব; যতঃ কাল-নদ্যা হ্রিয়মাণঃ কশ্চন জনঃ কচিৎ তরতি এব। (অতঃ মমাপি সংসার-সাগর-তরণং সম্ভবতি এব) ॥৫

অদ্য মম অমঙ্গলং পাপং নষ্টম্; মে মম ভবঃ জন্ম চ ফলবান্ পরম-ফলমোক্ষবান্ জাতঃ, যৎ যস্মাৎ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজং (যোগিভিঃ কেবলং ধ্যেয়মেব ন তু সাক্ষাদ্দৃষ্টম্ অঙ্ঘ্রিপঙ্কজং পাদপদ্মম্) অহং নমস্যে ॥৬

বত আশ্চর্য্যে কংসঃ অদ্য মে মম অত্যনুগ্রহম্ অকৃত কৃতবান্, যতঃ পূর্ব্বে অম্বরীষাদয়ঃ ধ্যাতারঃ যন্নখ-মণ্ডলত্বিষা (যস্য চরণকমলস্য নখমণ্ডলত্বিষা নখ-সমূহকান্ত্যা) হৃদি ধ্যায়মানয়া দুরত্যয়ং তমঃ দুস্তরং সংসারম্ অতরন্, কৃতাবতারস্য তস্য হরেঃ অঙ্ঘ্রিপদ্মম্ অহম্ অদ্য অমুনা কংসেন প্রহিতঃ প্রেরিতঃ এব দ্রক্ষ্যে দ্রক্ষ্যামি ॥৭

(মতি এবং ধৃতিদ্বারা বলিতেছেন—) এরূপ নহে, কিন্তু আমি অধম হইলেও আমার অচ্যুত-দর্শন হইবেই; কারণ, কালনদীর প্রবাহে পরিচালিত কোন কোন ব্যক্তি কখন (সংসার সাগর) উত্তীর্ণ হইয়া থাকে।৫

এইরূপ নিশ্চয় করিয়াই গর্ব্বসহকারে বলিতেছেন,—আজ আমার এই প্রবৃত্তি দ্বারাই যাবতীয় অমঙ্গল নষ্ট হইয়াছে, আর আমার এই জন্ম সফল, কারণ ভগবান্ শ্রীকৃষ্ণের যোগিগণধ্যেয় চরণপঙ্কজ সাক্ষাৎ ভাবে নমস্কার করিব।৬

অপিচ কংস আমাকে শ্রীভগবানের প্রতিকূলে নির্দ্দিষ্ট করিলেও ফলতঃ আমার অনুকূল কার্য্যই করিয়াছে, তাহাই বলিতেছেন—

বিশেষ আশ্চর্য্যের বিষয় এই যে, কংস আমাকে আজ বিশেষ অনুগ্রহ করিয়াছে, কারণ যাহার নখর-কিরণে ব্রহ্মাদি দেবগণ দুস্তর সংসার হইতে মুক্ত হইয়াছেন; কিন্তু আজ আমি কংস-প্রেরিত হইয়া কৃতাবতার হরির চরণকমল দর্শন করিব।৭

পুনরায় তাঁহার চরণদ্বয়ের মহিমাধিক্য অনুচিন্তন পূর্ব্বক এবং তাদৃশ ভগবান্‌ও প্রেমবশ্যত্ব গুণ স্মরণ করিয়া তাঁহাকে গোকুলের পরম উৎকর্ষ ব্যঞ্জকতায় পর্য্যবসিতকরত বিস্ময়ের সহিত বলিতেছেন—

যদর্চ্চিতং ব্রহ্মভবাদিভিঃ সুরৈঃ
শ্রিয়া চ দেব্যা মুনিভিঃ সসাত্বতৈঃ।
গোচারণায়ানুচরৈশ্চরদ্বনে
যদ্গোপিকানাং কুচকুঙ্কুমাঙ্কিতম্ ॥৮
দ্রক্ষ্যামি নূনং সুকপোলনাসিকং
স্মিতাবলোকারুণকঞ্জলোচনম্।
মুখং মুকুন্দস্য গুড়ালকাবৃতং
প্রদক্ষিণং মে প্রচরন্তি বৈ মৃগাঃ ॥৯

যৎ চরণকমলং ব্রহ্মভবাদিভিঃ সুরৈঃ শ্রিয়া কমলয়া দেব্যা চ সসাত্বতৈঃ ভক্তসহিতৈঃ মুনিভিঃ চ অর্চ্চিতম্, ইদানীং গোচারণায় বনে চরৎ তথা গোপিকানাং কুচকুঙ্কুমাঙ্কিতং যৎ তৎ অহং দ্রক্ষ্যে ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৮

মুকুন্দস্য (মুকং মুক্তিং দদাতীতি তস্য) সুকপোলনাসিকং (শোভনৌ কপোলৌ নাসিকা চ যস্মিন্ তৎ), স্মিতাবলোকারুণ-কঞ্জলোচনং (স্মিতসহিতঃ অবলোকঃ তথা অরুণে কঞ্জবৎ পদ্মবৎ লোচনে চ যস্মিন্ তৎ), গুড়ালকাবৃতং (গুড়ালকৈঃ বক্রকেশৈঃ বৃতং) মুখং নূনং নিশ্চিতম্ অহং দ্রক্ষ্যামি। যতঃ মৃগাঃ বৈ মে মম প্রদক্ষিণং যথা ভবতি তথা প্রচরন্তি গচ্ছন্তি ॥৯

যে চরণকমল ব্রহ্মাদি দেবগণ, দেবী লক্ষ্মী ও সাত্বতগণের সহিত মুনিগণ অর্চ্চনা করিয়া থাকেন, আর যে চরণকমল গোচারণের নিমিত্ত অনুচরগণের সহিত বনে বনে বিচরণ করে এবং গোপিকাগণের কুচ-কুঙ্কুমদ্বারা চিহ্নিত, সেই চরণ আমি দর্শন করিব।৮

অপ্যদ্য বিষ্ণোর্মনুজত্বমীয়ুষো
ভারাবতারায় ভুবো নিজেচ্ছয়া।
লাবণ্যধাম্নো ভবিতোপলম্ভনং
মহ্যং ন স্যাৎ ফলমঞ্জসা দৃশঃ ॥১০
য ঈক্ষিতাহংরহিতোঽপ্যসৎসতোঃ
স্বতেজসাপাস্ততমোভিদাভ্রমঃ।

ভুবঃ ভারাবতারায় নিজেচ্ছয়া মনুজত্বম্ ঈয়ুষঃ স্বীকৃতবতঃ, লাবণ্যধাম্নঃ (লাবণ্যস্য সৌন্দর্য্যাতিশয়স্য ধাম্নঃ আশ্রয়স্য) বিষ্ণোঃ অপি যদি অদ্য উপলম্ভনং দর্শনং ভবিতা ভবিষ্যতি, তর্হি মহ্যং মম দৃশঃ লোচনস্য ফলং ন অঞ্জসা অনয়াসেন স্যাৎ ইতি ন অপি তু স্যাদেব ॥১০

যঃ অসৎসতোঃ কার্য্যকারণয়োঃ ঈক্ষিতা ঈক্ষণমাত্রেণ কর্ত্তা অপি অহংরহিতঃ অহংমমাভিমানরহিতঃ, যতঃ স্বতেজসা সচ্চিদানন্দ-স্বরূপ-প্রকাশেন অপাস্ততমোভিদ্‌ভ্রমঃ (অপাস্তাঃ অপাকৃতাঃ তমোভিদাঃ ভেদভ্রমশ্চ যেন সঃ) সদনেষু গোপগৃহ-বৃন্দাবনাদিষু বিহরন্ তদীক্ষয়া (তেষাং জীবানাম্ ঈক্ষয়া দৃষ্ট্যা)

এইরূপ স্বাভাবিক দাস্য-বশে প্রথমতঃ চরণকমল দর্শন চিন্তা করিলেন, তাহাতেই প্রেমোদ্রেক হওয়ায় লোভাধিক্যবশতঃ শ্রীমুখ-দর্শনে মনোরথ করিলেন—

যেহেতু মৃগগণ আমার প্রদক্ষিণে বিচরণ করিতেছে, সুতরাং নিশ্চয় আমি মুকুন্দের শ্রীমুখ দর্শন করিব। যাহার (মুখের) গণ্ডদ্বয় ও নাসিকা সুন্দর, হাস্যের সহিত অবলোকন, অরুণবর্ণ অথচ পদ্মের ন্যায় লোচন, তাহা আবার কুঞ্চিত কুন্তলাবৃত।৯

পুনরায় অতিশয় লোভোদ্রেকে সর্ব্বাঙ্গ দর্শনের অভিপ্রায় প্রকাশ করিতেছেন—

পৃথিবীর ভার অপনোদিত করিবার নিমিত্ত স্বেচ্ছায় মনুষ্য-শরীরধারী, লাবণ্যধাম বিষ্ণুর দর্শন আমার পক্ষে সঙ্ঘটিত হইবে, এই সাক্ষাৎ দর্শনেও কি আমার এইলোচনযুগলের সার্থকতা হইবে না?১০

নয়নদ্বারাই মনুষ্যাকৃতি সেই শ্রীকৃষ্ণের লাবণ্য দর্শন হইবে, বর্ত্তমান সময়ে তিনি নন্দগ্রামেই

স্বমায়য়াত্মন্ রচিতৈস্তদীক্ষয়া
প্রাণাক্ষধীভিঃ সদনেষ্বভীয়তে ॥১১
যস্যাখিলামীবহভিঃ সুমঙ্গলৈ-
র্বাচো বিমিশ্রা গুণ-কর্ম্ম-জন্মভিঃ।
প্রাণন্তি শুম্ভন্তি পুনন্তি বৈ জগৎ
যাস্তদ্‌বিরক্তাঃ শবশোভনা মতাঃ ॥১২

স্বমায়য়া স্বেচ্ছয়া আত্মন্ আত্মনি স্বস্মিন্ রচিতৈঃ প্রকাশিতৈঃ প্রাণাক্ষ-ধীভিঃ (যুক্তঃ অস্মদাদিবৎ) অভীয়তে প্রতীয়তে ॥১১

যস্য ভগবতঃ অখিলামীবহভিঃ (অখিলানি অমীবানি পাপানি ঘ্নন্তি ইতি তৈঃ), সুমঙ্গলৈঃ (শোভনানি মঙ্গলানি যেভ্যঃ তৈঃ), গুণকর্ম্মজন্মভিঃ (গুণাঃ কৃপালুত্বাদয়ঃ কর্ম্মাণি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি, জন্মানি রামকৃষ্ণাদীনি তৈঃ) বিমিশ্রাঃ যুক্তাঃ বাচঃ বৈ জগৎ বক্তৃশ্রোত্রাদিপ্রাণিমাত্রং প্রাণন্তি জীবয়ন্তি সফলজীবনং কুর্ব্বন্তি, শুম্ভন্তি শোভয়ন্তি, পুনন্তি পবিত্রয়ন্তি, যা বাচঃ তদ্‌বিরক্তাঃ তৎপ্রতিপাদনরহিতাঃ তাঃ তু শবশোভনাঃ শববৎ শোভনাঃ মতাঃ ॥১২

রহিয়াছেন, তথাপি অন্তর্য্যামী সেই পরমেশ্বরের দর্শন আমাদের পক্ষে অনুমান দ্বারাও সঙ্ঘটিত হইতে পারে, যেহেতু তিনি সর্ব্বদা সমস্ত স্থলেই অবস্থান করিতেছেন, তাহাই বলিতেছেন—

যিনি কার্য্য এবং কারণের দ্রষ্টা হইয়াও অহঙ্কার-রহিত, যিনি স্বীয় চিচ্ছক্তিদ্বারা অজ্ঞান ও তৎকৃত ভ্রম দূরীভূত করেন। আর যিনি স্বীয় মায়া এবং আপনারই প্রেরণাদ্বারা প্রাণ, ইন্দ্রিয় ও বুদ্ধির সহিত আত্মাতে (নিজে) রচিত জীবগণের সহিত বৃন্দাবনীয় তরুতলে কিংবা গোপীগৃহে অবস্থান পূর্ব্বক লীলাদ্বারা কর্ম্মসমূহ করিয়া আসক্তের ন্যায় প্রতীয়মান হইয়া থাকেন।১১

এইরূপে পরমাত্মস্বরূপে ভগবানের দুর্লভত্ব কথনানন্তর সর্ব্বমঙ্গল সম্পাদনার্থ নানাবতার লীলা-কারিত্ব হেতু সুলভ সেই ভগবানের যাহারা বহি-র্ম্মুখ তাহাদিগকে নিন্দা করিতেছেন ;—

সর্ব্বপাত বিনাশক ও মঙ্গলবিধায়ক গুণ,

স চাবতীর্ণঃ কিল সাত্বতান্বয়ে
স্বসেতুপালামরবর্য্যশর্ম্মকৃৎ।
যশো বিতন্বন্ ব্রজ আস্ত ঈশ্বরো
গায়ন্তি দেবা যদশেষমঙ্গলম্ ॥১৩

তং ত্বদ্য নূনং মহতাং গতিং গুরুং
ত্রৈলোক্যকান্তং দৃশিমন্মহোৎসবম্।

স্বসেতুপালামরবর্য্যশর্ম্মকৃৎ (যেন রচিতান্ সেতূন্ বর্ণাশ্রম-ধর্ম্মান্ পালয়তাম্ অমরবর্য্যাণাং শর্ম্মকৃৎ সুখকর্ত্তা) সঃ ঈশ্বরঃ কৃষ্ণঃ সাত্বতান্বয়ে যাদব-কুলে কিল অবতীর্ণঃ সন্ যশঃ বিতন্বন্ বিস্তারয়ন্ ব্রজে আস্তে; যৎ যস্য অশেষ-মঙ্গলং যশঃ দেবাঃ গায়ন্তি ॥১৩

দৃশিমন্মহোৎসবং (দৃশিমতাং চক্ষুষ্মতাং মহান্ উৎসবঃ হর্ষঃ যস্মাৎ তং) শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ ঈপ্সিতাস্পদম্ আশ্রয়ভূতম্, ত্রৈলোক্যকান্তং (ত্রৈলোক্যে একম্ এব কান্তং কমনীয়ং সুন্দরম্), মহতাং সাধূনাং গতিং প্রাপ্যং, গুরুম্ উপদেষ্টারং,

কর্ম্ম, জন্মদ্বারা যুক্ত ভগবানের বাক্যসকল নিশ্চয়ই এই জগৎকে উজ্জীবিত, শোভিত এবং পবিত্রিত করে; পক্ষান্তরে যে সকল বাক্য গুণ ও অহঙ্কারাদি বিশিষ্ট হইলেও সেই গুণ কর্ম্ম এবং জন্মবিহীন সেই সকল বাক্য পদসৌন্দর্য্য ও অর্থ-সৌন্দর্য্যসম্পন্ন হইলেও বস্ত্রাদি ভূষাদ্বারা অলঙ্কৃত শবের ন্যায় অকিঞ্চিৎকর।১২

যিনি স্বরচিত বর্ণাশ্রম ধর্ম্মের রক্ষাকারী দেবগণের সুখদাতা সেই ঈশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ যদুবংশে অবতীর্ণ হইয়া যশোরাশি বিস্তারপূর্ব্বক ব্রজে বাস করিতেছেন এবং যাঁহার অশেষ মঙ্গলকর যশঃসকল দেবগণ গান করিয়া থাকেন।১৩

যদি বল—এইরূপ সাধারণ হইলেও তাহাতে তোমার বিশেষ বৈশিষ্ট্য কি? তাই বলিতেছেন—

রূপং দধানং শ্রিয় ঈপ্সিতাস্পদং
দ্রক্ষ্যে মমাসন্নুষসঃ সুদর্শনাঃ ॥১৪

অথাবরূঢ়ঃ সপদীশয়ো রথাৎ
প্রধানপুংসোশ্চরণং স্বলব্ধয়ে।
ধিয়া ধৃতং যোগিভিরপ্যহং ধ্রুবং
নমস্য আভ্যাঞ্চ সখীন্ বনৌকসঃ ॥১৫

রূপং দধানং বিগ্রহ-ধারণেন অবতীর্ণং তং শ্রীকৃষ্ণং তু অদ্য নূনং নিশ্চিতং দ্রক্ষ্যামি, যতঃ উষসঃ প্রভাত-সময়াঃ মম সুদর্শনাঃ আসন্ শুভসূচকাঃ বভূবুঃ ॥১৪

অথ দর্শনানন্তরং সপদি ঝটিতি রথাৎ আরূঢ়ঃ অবতীর্ণঃ অহং যোগিভিঃ অপি ধিয়া ধৃতং চিন্তিতং, ন তু সাক্ষাৎ দৃষ্টং প্রধানপুংসোঃ পুরুষোত্তময়োঃ ঈশয়োঃ রাম-কৃষ্ণয়োঃ চরণং স্বলব্ধয়ে অনাদ্যবিদ্যাচ্ছাদিত-স্বপরমার্থরূপ-প্রকাশায়, তথা আভ্যাম্ অনয়োঃ, সখীন্ বনৌকসঃ বৃন্দাবনবাসিনঃ চ ধ্রুবং নিশ্চিতম্ (অহং) নমস্যে নমস্যামি ॥১৫

যেহেতু আজ আমার প্রভাতসময় সুদর্শন (সুখ-প্রভাত), অতএব আজ সাধুদিগের একমাত্র গতি, হিতকারী, ত্রৈলোক্যসুন্দর চক্ষুষ্মান্‌দিগের পরম উৎসব ও লক্ষ্মীর বাঞ্ছিতবিগ্রহ সেই শ্রীকৃষ্ণকে নিশ্চয়ই দর্শন করিব।১৪

শ্রীঅক্রূর মহাশয় পরমভক্ত, সুতরাং কেবল দর্শন মাত্রে তৃপ্তি না হওয়ায় অন্যরূপ অভিলাষ করিতেছেন—

অনন্তর তাঁহার দর্শনানন্তর রথ হইতে অবতীর্ণ হইয়া অবরোহণ সময়ে আমি (ভগবৎপ্রাপ্তির নিমিত্ত ভক্তিনিষ্ঠ যোগিগণের কথা কি?) আত্মারাম যোগিগণ কর্ত্তৃক বিচারপূর্ব্বক দৃঢ়তাসহকারে চিন্তিত প্রধানপুরুষ শ্রীকৃষ্ণের চরণ আর ইহাদিগের সহিত রামকৃষ্ণের সখা গোপদিগকে এবং সমস্ত ব্রজবাসিদিগকে নমস্কার করিব।১৫

অপ্যঙ্‌ঘ্রিমূলে পতিতস্য মে বিভুঃ
শিরস্যধাস্যন্নিজহস্তপঙ্কজম্।
দত্তাভয়ং কালভুজঙ্গরংহসা
প্রোদ্বেজিতানাং শরণৈষিণাং নৃণাম্ ॥১৬

সমর্হণং যত্র নিধায় কৌশিক-
স্তথা বলিশ্চাপ জগত্রয়েন্দ্রতাম্।
যদ্বা বিহারে ব্রজযোষিতাং শ্রমং
স্পর্শেন সৌগন্ধিকগন্ধ্যপানুদৎ ॥১৭

অহো! অঙ্‌ঘ্রিমূলে পতিতস্য মে মম শিরসি বিভুঃ কৃষ্ণঃ কাল-ভুজঙ্গরংহসা (কালঃ এব ভুজঙ্গঃ তস্য রংহসা বেগেন) প্রোদ্বেজিতানাম্ অত্যন্তভীতানাম্ অতএব শরণৈষিণাং স্ব-রক্ষকত্বেন অঙ্গীকৃতানাং নৃণাং দত্তাভয়ং (দত্তম্ অভয়ং যেন তৎ) নিজহস্তপঙ্কজম্ অধাস্যৎ আধাস্যতি অপি (কিং তেনাহং কৃতার্থো ভবামি) ॥১৬

কৌশিকঃ (কৌশিকগোত্রোৎপন্নঃ ইন্দ্রঃ কশ্চিৎ পূর্ব্ব-জন্মনি) তথা বলিঃ (বৈরোচনিঃ পদত্রয়-পরিমিত-ভূতল-দান-সময়ে) যত্র যস্মিন্ হস্ত-কমলে সমর্হণং জলমাত্রং নিধায় (সমর্প্য) জগত্রয়েন্দ্রতাম্ অবাপ, বা অহো! বিহারে রাসক্রীড়ায়াং ব্রজযোষিতাং বিহারজং সৌগন্ধিকগন্ধি (সৌগন্ধিকস্য কমল-বিশেষস্য গন্ধ ইব গন্ধো যস্য তথাভূতং) যৎ শ্রমং স্পর্শেন অপানুদৎ দূরীচকার ॥১৭

সম্প্রতি ভক্তিবিশেষের উদয় হওয়ায় নমস্কারেও তৃপ্তি না হওয়ায় করস্পর্শদ্বারা মনোরথ পূর্ণ করিতেছেন—

আমি পদতলে পতিত হইলে বিভু ভগবান্ শ্রীকৃষ্ণ কালসর্পের বেগে উদ্‌বেজিত সংসার ভয়ে ভীত শরণাগত জনগণের অভয়দ স্বীয় করকমল আমার মস্তকে স্থাপন করিবেন।১৬

পুনর্ব্বারও সেই করকমলের বর্ণন করিয়া স্বীয় মনোরথের প্রবলতা বলিতেছেন—

সেই করপঙ্কজে পূজোপকরণ প্রদান করিয়া ইন্দ্র ও বলি ত্রিজগতের ইন্দ্রত্ব লাভ করিয়াছিলেন, মানসসরোবরস্থ কমলগন্ধি সেই করপঙ্কজ রাস-ক্রীড়ানন্তর সম্প্রয়োগসময়ে ব্রজরমণীগণের বিহার-জনিত ঘর্ম্মজল স্পর্শদ্বারা মার্জ্জনা করিয়াছিল।১৭

ন ময্যুপৈষ্যত্যরিবুদ্ধিমচ্যুতঃ
কংসস্য দূতঃ প্রহিতোঽপি বিশ্বদৃক্।
যোঽন্তর্ব্বহিশ্চেতস এতদীহিতং
ক্ষেত্রজ্ঞ ঈক্ষত্যমলেন চক্ষুষা ॥১৮

অপ্যঙ্‌ঘ্রিমূলেঽবহিতং কৃতাঞ্জলিং
মামীক্ষিতা সস্মিতমার্দ্রয়া দৃশা।
সপদ্যপধ্বস্তসমস্তকিল্বিষো
বোঢ়া মুদং বীতবিশঙ্ক ঊর্জ্জিতাম্ ॥১৯

যদ্যপি অহম্ কংসেন প্রহিতঃ প্রেষিতঃ, তথাপি বিশ্বদৃক্ সর্ব্বসাক্ষী অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ কংসস্য দূতঃ অহম্ ইতি ময়ি অরিবুদ্ধিং ন উপৈষ্যতি ন করিষ্যতি, যঃ ক্ষেত্রজ্ঞঃ সাক্ষীঃ অমলেন যথার্থগ্রহণে সমর্থেন চক্ষুষা চিচ্ছক্ত্যা চেতসঃ অন্তর্বহিঃ (স্থিতস্য প্রাণিজাতস্য) ঈহিতং চেষ্টিতম্ ঈক্ষতে ॥১৮

অপি অঙ্‌ঘ্রিমূলে চরণোপান্তে অবহিতং সংযতং পতিতং, কৃতাঞ্জলিং মাং সস্মিতং যথা ভবতি তথা কৃপামৃতেন আর্দ্রয়া দৃশা দৃষ্ট্যা ঈক্ষিতা দ্রক্ষ্যতি, তর্হি সপদি-তৎক্ষণ এব অপধ্বস্ত-সমস্ত--কিল্বিষঃ (অপধ্বস্তঃ বিনষ্টঃ সমস্তঃ কিল্বিষঃ দুরিতং যস্য সঃ) বীতবিশঙ্কঃ (বীতা নিবৃত্তা পুনর্জ্জন্মাদিশঙ্কা যস্য তথাভূতঃ সন্) অহম্ ঊর্জ্জিতাং প্রবৃদ্ধাং মুদং বোঢ়া প্রাপ্স্যামি ॥১৯

এইরূপে পরম অনুগ্রহ সম্ভাবনা করিয়া পুনরায় তাহা অসম্ভব মনে করিয়া বলিতেছেন ;—

যদিও আমি কংসপ্রেরিত, সুতরাং কংসের দূত, তথাপি বিশ্বদর্শী অলুপ্ত-জ্ঞানৈশ্বর্য্য শ্রীকৃষ্ণ আমার প্রতি শত্রুভাবনা করিবেন না, যিনি ক্ষেত্রজ্ঞ সুতরাং অমল চক্ষুদ্বারা আমার হৃদয়ের বহির্ভাগে ও অন্তর্ভাগে এবং এই সকল জাতের কার্য্যকলাপ দর্শন করেন অর্থাৎ এক সময়ে সমস্ত সাক্ষাৎ করিয়া থাকেন।১৮

আমি কৃতাঞ্জলিপুটে চরণোপান্তে প্রণত হইলে শ্রীকৃষ্ণ তখন যদি সহাস্যে কৃপাবলোকনে আমাকে দর্শন করেন, তাহা হইলে তৎক্ষণাৎ আমি কংসের

সুহৃত্তমং জ্ঞাতিমনন্যদৈবতং
যুবাং শ্লাঘ্যতমৌ নূনং দেহিনামিহ মানদ।
নারায়ণেঽখিলগুরৌ যৎ কৃতা মতিরীদৃশী ॥৩০

এতৌ হি বিশ্বস্য চ বীজ-যোনী
রামো মুকুন্দঃ পুরুষঃ প্রধানম্।
অন্বীয় ভূতেষু বিলক্ষণস্য
জ্ঞানস্য চেশাত ইমৌ পুরাণৌ ॥৩১

যস্মিন্ জনঃ প্রাণবিয়োগকালে
ক্ষণং সমাবেশ্য মনোঽবিশুদ্ধম্।
নির্হৃত্য কর্মাশয়মাশু যাতি
পরাং গতিং ব্রহ্মময়োঽর্কবর্ণঃ ॥৩২

ইত্থং তয়োঃ নন্দ-যশোদয়োঃ পরমম্ অনুরাগং ভগবতি কৃষ্ণে বীক্ষ্য উদ্ধবঃ মুদা হর্ষেণ নন্দম্ আহ ॥২৯

উদ্ধবঃ উবাচ। হে মানদ! যৎ যস্মাৎ অখিলগুরৌ (অখিলানাং ব্রহ্মাদীনাম্ অপি গুরৌ) নারায়ণে যুবাভ্যাম্ ঈদৃশী মতিঃ কৃতা, অতঃ ইহলোকে দেহিনাং মধ্যে যুবাং যশোদা নন্দো এব শ্লাঘ্যতমৌ অতিশয়েন প্রশংসাযোগ্যৌ এব ॥৩০

হিঃ যতঃ রামঃ মুকুন্দঃ মুক্তিদাতা কৃষ্ণঃ চ এতৌ দ্বৌ বিশ্বস্য বীজযোনী (বীজম্ উপাদানকারণং, যোনিঃ নিমিত্ত-কারণম্ এব) পুরুষঃ অংশঃ, প্রধানং শক্তিঃ চ ভবতঃ। ভূতেষু স্থাবরজঙ্গমেষু অন্বীয় প্রবিশ্য, (তেষাং) বিলক্ষণস্য জ্ঞানস্য চিদাত্মকস্য জীবস্য চ ইমৌ পুরাণৌ পুরুষৌ এব ঈশাতে নিয়ন্তারৌ ভবতঃ ॥৩১

যস্মিন্ জনঃ কোঽপি প্রাণী প্রাণবিয়োগকালে বিশুদ্ধং বিষয়চিন্তারহিতং মনঃ ক্ষণং সমাবিশ্য স্থিরীকৃত্য, আশু শীঘ্রং কর্মাশয়ং কর্মবাসনাং নির্হৃত্য দগ্ধ্বা, ব্রহ্মময়ঃ প্রকৃত্যতীত-নিত্যানন্দস্বরূপম্ অর্কবর্ণঃ প্রকাশমানমূর্ত্তিঃ সন্ পরাং শ্রেষ্ঠাং গতিং তৎপদং যাতি প্রাপ্নোতি ॥৩২

পরিমিত মহাসার ধনুর্ভঙ্গ করিয়াছেন। সপ্তাহ পর্য্যন্ত এক বামহস্ত দ্বারা গোবর্দ্ধন-গিরি ধারণ করিয়াছেন।২৫

যিনি সুর ও অসুর-বিজেতা ও বক, প্রলম্ব, ধেনুক, অরিষ্ট, তৃণাবর্ত্তপ্রভৃতি দৈত্যগণকে অনায়াসে বিনাশ করিয়াছেন।২৬

শ্রীশুকদেব বলিলেন ;—শ্রীকৃষ্ণানুরক্তচিত্ত নন্দরাজ পূর্ব্বোক্ত রূপ মাধুর্য্য ও প্রভাবময় ভাব বারংবার স্মরণ করিয়া প্রেমবিহ্বলতায় নিরতিশয় উৎকণ্ঠাবশতঃ নির্ব্বাক্ রহিলেন (অর্থাৎ রুদ্ধ-কণ্ঠে আর কিছুই বলিতে পারিলেন না)।২৭

স্বামী নন্দরাজ-কথিত চরিত্র শ্রবণে যশোদার পয়োধরে স্তন্য পরিস্রুত হইতে লাগিল। তিনি অশ্রু-বিসর্জ্জন করিতে লাগিলেন।২৮

রাম-কৃষ্ণ কীদৃশ ভাবে বর্ত্তমান এই বিষয়ে চিন্তাযুক্ত শ্রীনন্দ যশোদার পূর্ব্বোক্ত প্রকারে নিরন্তর বর্ত্তমান অনুরাগ বলিতেছেন,—

উদ্ধব ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি নন্দ যশোদার এইরূপ সর্ব্বোত্তম অনুরাগ দর্শন করিয়া সহর্ষে নন্দরাজকে বলিলেন।২৯

অতএব তাহাতে প্রথমে তাহার মহিমা বর্ণন দ্বারাই প্রোৎসাহিত এবং তাহাদিগকে সান্ত্বনা করিতে ইচ্ছা করিয়া তজ্জাতীয় শ্রীনন্দের বাক্যাবসর প্রাপ্তে তাহাই বলিলেন ;—

উদ্ধব বলিলেন,—হে মান্যবর। আপনি যেহেতু অখিল-গুরু নারায়ণে এইরূপ বুদ্ধি করিয়াছেন, সেই হেতু এই জগতে আপনারাই দেহিগণের মধ্যে শ্লাঘ্যতমত্ব ইহা নিশ্চিত।৩০

বলরাম এবং মুকুন্দ বিশ্বসংসারের কারণ, ইহাঁরাই প্রধান ও পুরাণ পুরুষ, আর ইহাঁরাই

তস্মিন্ ভবন্তাবখিলাত্মহেতৌ
নারায়ণে কারণমর্ত্ত্যমূর্ত্তৌ।
ভাবং বিধত্তাং নিতরাং মহাত্মন্
কিং বাবশিষ্টং যুবয়োঃ সুকৃত্যম্ ॥৩৩
আগমিষ্যত্যদীর্ঘেণ কালেন ব্রজমচ্যুতঃ।
প্রিয়ং বিধাস্যতে পিত্রোর্ভগবান্ সাত্বতাং পতিঃ ॥৩৪

তস্মিন্ কারণমর্ত্ত্যমূর্ত্তৌ (কারণেন ভূভারহরণাদিনিমিত্তেন মর্ত্ত্যস্য ইব মূর্ত্তিঃ যস্য তস্মিন্) অখিলাত্মহেতৌ (অখিলস্য চিদচিদাত্মকস্য জগতঃ আত্মা উপাদানং হেতুঃ নিমিত্তং যঃ তস্মিন) নারায়ণে ভবন্তৌ ভাবং নিতরাং নিরন্তরং বিধত্তঃ বিধত্তাম অকুরুতাম্, অত্র হে মহাত্মন্! যুবয়োঃ সুকৃত্যং কর্ত্তব্যং বা কিম্ অবশিষ্টং ন কিঞ্চিৎ অপি ॥৩৩

অচ্যুতঃ কৃষ্ণঃ অদীর্ঘেন স্বল্পেন কালেন ব্রজম্ আগমিষ্যতি। সাত্বতাং ভক্তানাং পতিঃ ভগবান্ কৃষ্ণঃ পিত্রোঃ প্রিয়ং বিধাস্যতি ॥৩৪

রঙ্গমধ্যে মল্লযুদ্ধভূমৌ সর্ব্বসাত্বতাং (সর্ব্বেষাং ভক্তযাদকানাং

ভূতসমূহের মধ্যে তত্তদুপাধিতে অন্তর্য্যামি-রূপে অনুপ্রবিষ্ট হইয়া বিলক্ষণ জ্ঞানের প্রকাশ ও অপ্রকাশে সমর্থ রহিয়াছেন।৩১

যে কোন প্রাণী প্রাণ বিয়োগকালে শ্রীকৃষ্ণে বিশুদ্ধ মন ক্ষণকালের নিমিত্ত নিবিষ্ট করিয়া কর্ম্ম বাসনা দহনপূর্ব্বক ব্রহ্মময় সুতরাং অর্কবর্ণ হইয়া তৎক্ষণাৎ পরম গতি প্রাপ্ত হয়।৩২

(এতাদৃশ ভগবৎ-স্বরূপে যাহারা সর্ব্বদা সর্ব্বতোভাবে মন অর্পণ করিয়াছেন ফলের বিষয় আর কি বলিব ?—তাহাতেই বলিতেছেন),—

হে মহাত্মন্! আপনারা অখিলের আত্মা ও কারণ, প্রয়োজন বশে মানবশরীরধারী শ্রীকৃষ্ণে একান্ত ভক্তি করিতেছেন; সুতরাং আপনাদের আর কি সুকৃত্য অবশিষ্ট আছে ? অর্থাৎ সকলই আপনাদের পরিপূর্ণ হইয়াছে, কেবল আপনাদের সন্তোষই তাহার কৃত্য অবশিষ্ট আছে।৩৩

হত্বা কংসং রঙ্গমধ্যে প্রতীপং সর্বসাত্বতাম্।
যদাহ বঃ সমাগত্য কৃষ্ণঃ সত্যং করোতি তৎ ॥৩৫
মা খিদ্যতং মহাভাগৌ দ্রক্ষ্যথঃ কৃষ্ণমন্তিকে।
অন্তর্হৃদি স ভূতানামাস্তে জ্যোতিরিবৈধসি ॥৩৬
ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ো বাস্ত্যমানিনঃ।
নোত্তমো নাধমো নাপি সমানস্যাসমোঽপি বা ॥৩৭

প্রতীপং প্রতিকূলং কংসং হত্বা, বঃ যুষ্মান্ প্রতি সমাগত্য কৃষ্ণঃ যৎ "যাত যূয়ং ব্রজং তাত বয়ং চ স্নেহদুঃখিতান্। জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং প্রিয়ম্" ইতি আহ তৎ সত্যং করোতি ॥৩৫

হে মহাভাগৌ! মা খিদ্যতাং খেদং মা কুরুতম্, অন্তিকে সমীপে এব কৃষ্ণঃ দ্রক্ষ্যথঃ, যতঃ সঃ শ্রীকৃষ্ণঃ এধসি কাষ্ঠে জ্যোতিঃ বহ্নিঃ ইব ভূতানাম্ অন্তর্হৃদি হৃদয়াকাশে আস্তে ॥৩৬

অমানিনঃ প্রাকৃতদেহাদৌ অহং-মমাভিমানশূন্যস্য, সমানস্য সর্ব্বত্র সমদৃষ্টেঃ অস্য শ্রীকৃষ্ণস্য ন হি কশ্চিৎ অতিপ্রিয়ঃ, ন কশ্চিৎ অপ্রিয়ঃ, ন উত্তমঃ, ন বাপি অধমঃ অপি কশ্চিৎ ন অস্তি ;

(এইরূপে বিষয় ও সাধন অভিনন্দন করিয়া লৌকিকভাবে খেদ বারণ করিবার জন্য বলিতেছেন),—সাত্বতদিগের অধিপতি ভগবান্ অচ্যুত অত্যল্প কালমধ্যেই ব্রজে আগমন করিয়া পিতামাতার প্রিয় সাধন করিবেন।৩৪

যদি বল তাহার আগমন প্রত্যয় করি না এই আশঙ্কা করিয়াই বলিতেছেন,—

ভগবান্ শ্রীকৃষ্ণ রঙ্গ মধ্যে সকল সাত্বতগণের প্রতিকূল কংসকে বিনাশ করিয়া আপনাদিগের প্রতি "হে তাত! আপনারা ব্রজে গমন করুন" ইত্যাদি যে বাক্য বলিয়াছিলেন, সেই বাক্য সত্য করিবেন।৩৫

"আগমন করিবেন" ইহাও যাঁহারা সহ্য করিতে পারিতেছেন না, সেই নন্দ যশোদার প্রতি বলিতেছেন,—হে মহাভাগ! আপনারা উভয়ে খেদ করিবেন না, অনতিবিলম্ব কালমধ্যেই শ্রীকৃষ্ণকে দেখিতে পাইবেন; কাষ্ঠের মধ্যে অগ্নি যেরূপ থাকে

ন মাতা ন পিতা তস্য ন ভার্য্যা ন সুতাদয়ঃ।
নাত্মীয়ো ন পরশ্চাপি ন দেহো জন্ম এব চ ॥৩৮
ন চাস্য কর্ম বা লোকে সদসন্মিশ্রযোনিষু।
ক্রীড়ার্থঃ সোঽপি সাধূনাং পরিত্রাণায় কল্পতে ॥৩৯
সত্ত্বং রজস্তম ইতি ভজতে নির্গুণো গুণান্।
ক্রীড়ন্নতীতোঽত্র গুণৈঃ সৃজত্যবতি হন্ত্যজঃ ॥৪০
যথা ভ্রমরিকাদৃষ্ট্যা ভ্রাম্যতীব মহীয়তে।
চিত্তে কর্ত্তরি তত্রাত্মা কর্তেবাহং ধিয়া স্মৃতঃ ॥৪১

যুবয়োরেব নৈবায়মাত্মজো ভগবান্ হরিঃ।
সর্বেষামাত্মজো হ্যাত্মা পিতা মাতা স ঈশ্বরঃ ॥৪২
দৃষ্টং শ্রুতং ভূতভবদ্ ভবিষ্যৎ
স্থাস্নুশ্চরিষ্ণুর্মহদল্পকং চ।
বিনাচ্যুতাদ্ বস্তুতরাং ন বাচ্যং
স এব সর্বং পরমার্থভূতঃ ॥৪৩

কুতঃ পিত্রাদেঃ প্রিয়ত্বমস্তু ?৩৭

অস্য ন কাপি মাতা, ন কোঽপি পিতা, ন ভার্য্যা, ন সুতাদয়ঃ সন্তি, ন কশ্চিৎ অস্য আত্মীয়ঃ বন্ধুঃ, ন পরঃ শত্রুঃ বিদ্যতে, যতঃ অস্য দেহঃ জন্ম বা ন সম্ভবতি ॥৩৮

লোকে প্রাণিসমূহে, জন্মাদিহেতুপুণ্যপাপাত্মকং যৎ কর্ম তৎ অস্য ন অস্তি, তথাপি ক্রীড়ার্থঃ ক্রীড়াপ্রয়োজনঃ সন্ সাধূনাং পরিত্রাণায় সঃ সদসন্মিশ্রযোনিষু দেবতির্য্যঙ্মনুষ্যেষু কল্পতে স্বেচ্ছয়া আবির্ভবতি ॥৩৯

নির্গুণঃ সত্ত্বাদিপ্রাকৃতগুণপারবশ্যরহিতঃ অপি ভগবান্ সত্ত্বং রজঃ তমঃ ইতি গুণান্ ভজতে স্বীকরোতি। তথা সংসারাৎ অতীতঃ অজঃ কর্ম্মাধীনজন্মরহিতঃ অপি ক্রীড়ন্ গুণৈঃ বিশ্বং সৃজতি, অবতি রক্ষতি, হন্তি সংহরতি চ ॥৪০

ভ্রমরিকাদৃষ্ট্যা (ভ্রমরিকা পরিভ্রমণং তথা উপলক্ষিতয়া দৃষ্ট্যা) মহী যথা ভ্রামতী ইব ঈয়তে প্রতীয়তে, তথা স্বচিত্তে কর্ত্তরি সতি, তত্র অহংধিয়া (ভ্রান্তস্য জনস্য স্বদোষেণ) আত্মা ভগবান্ অপি কর্ত্তা ইব স্মৃতঃ ॥৪১

অয়ং ভগবান্ হরিঃ যুবয়োঃ এব আত্মজঃ ন ভবতি ; অপি তু সর্বেষাং হি আত্মজঃ আত্মা, পিতা মাতা চ ঈশ্বরঃ নিয়ন্তা চ সঃ এব ॥৪২

(কিং বহুনা) দৃষ্টং শ্রুতং ভূতভবৎ ভবিষ্যৎ স্থাস্নুঃ স্থাবরঃ, চরিষ্ণুঃ জঙ্গমঃ, মহৎ অল্পকং বা বস্তুতরাং বস্তুমাত্রম্, অচ্যুতাৎ বিনা তদ্ভিন্নতয়া ন বাচ্যং নির্বচনার্হং ন ভবতি। যতঃ পরমার্থ-

সেরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ প্রাণিমাত্রের হৃদয়াভ্যন্তরে বিদ্যমান আছেন।৩৬

অভিমানশূন্য বিকাররহিত শ্রীকৃষ্ণের কেহ অতিশয় প্রিয় বা অপ্রিয় নাই, উত্তম নাই, অধম নাই বা সর্ব্বোতোভাবে সমান নাই।৩৭

শ্রীকৃষ্ণের পিতা নাই, মাতা নাই, ভার্য্যা নাই পুত্রাদি নাই, আত্মীয় নাই, পর নাই, দেহ নাই, জন্মও নাই।৩৮

শ্রীকৃষ্ণের কর্ম্মও নাই, তিনি জন্মকর্ম্মাদি-রহিত হইলেও ক্রীড়ার নিমিত্ত সাধুদিগের পরিপালন করিবার মানসে এই জগতে উত্তম, অধম ও মধ্যম যোনিতে আবির্ভূত হইয়া থাকেন।৩৯

যদি বল জন্মকর্ম্ম-রহিত শ্রীভগবানের ইহা কিরূপে সম্ভব হয় তাহাই বলিতেছেন,—

শ্রীকৃষ্ণ অজ ও নির্গুণ হইয়াও ক্রীড়ার নিমিত্ত সত্ত্ব রজঃ ও তম এই তিনি গুণ আশ্রয় করেন, ক্রীড়াতীত হইয়াও সেই গুণদ্বারা বিশ্বকে সৃজন, রক্ষণ ও পালন করিয়া থাকেন।৪০

তাহা হইলে সেই সেই গুণাবিষ্ট বলিয়া প্রতীতি হয় কেন ? তাহাতেই বলিতেছেন,—

যেরূপ জীবগণ ভ্রমরিকাদৃষ্টি দ্বারা পৃথিবী ভ্রমণ করিতেছে বলিয়া বোধ করে, অপিচ যেরূপ চিত্ত কর্ত্তা হইলে সেই চিত্তের অহং বুদ্ধি দ্বারা (অর্থাৎ আমিই সেই চিত্ত এতাদৃশ বুদ্ধি দ্বারা) শুদ্ধস্বরূপ আত্মাকে কর্ত্তার ন্যায় মনে করে, সেইরূপ ঈশ্বরও সৃষ্ট্যাদি আবিষ্ট হইয়া প্রতীত হন।৪১

এই ভগবান্ হরি কেবল আপনাদিগের দুই জনেরই পুত্র নহে, কারণ তিনি সকলের আত্মজ,

এবং নিশা সা ব্রুবতোর্ব্যতীতা
নন্দস্য কৃষ্ণানুচরস্য রাজন্‌।
গোপ্যঃ সমুত্থায় নিরূপ্য দীপান্‌
বাস্তূন্‌ সমভ্যর্চ্য দধীন্যমন্থন্‌ ॥৪৪

তা দীপদীপ্তৈর্মণিভির্বিরেজূ-
রজ্জূর্বিকর্ষদ্ভুজকঙ্কণস্রজঃ।
চলন্নিতম্বস্তনহারকুণ্ডল-
ত্বিষৎকপোলারুণকুঙ্কুমাননাঃ ॥৪৫

উদ্গায়তীনামরবিন্দলোচনং
ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্‌ ধ্বনিঃ।
দধ্নশ্চ নির্মন্থনশব্দমিশ্রিতো
নিরস্যতে যেন দিশামমঙ্গলম্‌ ॥৪৬

ভগবত্যুদিতে সূর্য্যে নন্দদ্বারি ব্রজৌকসঃ।
দৃষ্ট্বা রথং শাতকৌম্ভং কস্যায়মিতি চাব্রুবন্‌ ॥৪৭

অক্রূর আগতঃ কিং বা যঃ কংসস্যার্থসাধকঃ।
যেন নীতো মধুপুরীং কৃষ্ণঃ কমললোচনঃ ॥৪৮

ভূত্বঃ পরমকারণত্বাৎ সঃ এব সর্ব্বম্‌ ॥৪৩

হে রাজন্‌! কৃষ্ণানুচরস্য উদ্ধবস্য নন্দস্য চ এবং ব্রুবতোঃ পরস্পরং কথয়তোঃ সতোঃ সা নিশা ব্যতীতা, তদা গোপ্যঃ সমুত্থায় দীপান্‌ নিরূপ্য প্রজ্বাল্য, বাস্তূন্‌ দেহল্যাদীন্‌ সমভ্যর্চ্য গন্ধাদিভিঃ সম্পূজ্য দধীনি অমন্থন্‌ ॥৪৪

রজ্জূর্বিকর্ষদ্ভুজকঙ্কণস্রজঃ (মন্থনরজ্জূর্বিকর্ষৎসু ভুজেষু কঙ্কণানাং স্রজঃ সমূহঃ যাসাং তাঃ) চলন্নিতম্বস্তনহারকুণ্ডলত্বিষৎকপোলা-রুণকুঙ্কুমাননাঃ (চলন্তঃ নিতম্বাঃ স্তনাঃ হারাঃ চ যাসাং, কুণ্ডলৈঃ ত্বিষন্তঃ স্ফুরন্তঃ কপোলাঃ যাসাম, অরুণানি কুঙ্কুমানি যেষু তানি আননানি যাসাং তাঃ) তাঃ গোপ্যঃ দীপদীপ্তৈঃ (দীপৈঃ দীপ্তাঃ কাঞ্চ্যাদিস্থিতাঃ মণয়ঃ) তৈঃ বিরেজুঃ ॥৪৫

দধ্নঃ নির্মন্থনশব্দমিশ্রিতঃ অরবিন্দলোচনং পদ্মপলাশ-লোচনং শ্রীকৃষ্ণম উদ্গায়তীনাং ব্রজাঙ্গনানাং ধ্বনিঃ দিবম্‌ অস্পৃশৎ; যেন ধ্বনিনা দিশাম্‌ অমঙ্গলং নিরস্যতে অপনুদ্যতে ॥৪৬

ভগবতি সূর্য্যে উদিতে সতি নন্দদ্বারি শাতকৌম্ভং সুবর্ণালঙ্কৃতং রথং দৃষ্ট্বা অয়ং রথঃ কস্য ইতি ব্রজৌকসঃ গোপীজনাঃ অব্রুবন ॥৪৭

কংসস্য অর্থসাধকঃ প্রয়োজনসাধকঃ যঃ অক্রূরঃ যেন অক্রূরেণ কমললোচনঃ কৃষ্ণঃ মধুপুরীং নীতঃ, সঃ কিং পুনঃ আগতঃ বা ॥৪৮

পরমাত্মা, পিতা, মাতা ও ঈশ্বর।৪২

(তাহাতে হেতুত্বহেতু সর্ব্বাত্মকত্বই দেখাইতেছেন।) ভূত, বর্ত্তমান, ভবিষ্যৎ, স্থায়ী, অস্থায়ী, মহৎ, ক্ষুদ্র, দৃষ্ট, শ্রুতপ্রভৃতি যে কিছু বস্তু, সে সকল অচ্যুত ব্যতীত কিছুই নহে, (অর্থাৎ সেই সমস্তই শ্রীকৃষ্ণ) সকলের মূলস্বরূপ সেই শ্রীকৃষ্ণই সমগ্র জগৎ।৪৩

হে রাজন্‌! শ্রীকৃষ্ণানুচর উদ্ধব ও শ্রীব্রজরাজের পূর্ব্বোক্ত প্রকারে পরস্পর কথা বলিতে বলিতেই সেই রজনী বিগত হইয়াছিল। (তখন নিশার শেষ ভাগে) গোপীগণ গাত্রোত্থানপূর্ব্বক প্রদীপসকল প্রজ্বালিত করিয়া গন্ধ-পুষ্পাদি দ্বারা দেহলীপ্রভৃতির অর্চ্চনা করণান্তর দধি-মন্থন করিতে লাগিলেন।৪৪

(যদ্যপি স্বরূপের স্থিতি দ্বারাই সন্তুষ্ট হয়, তথাপি তাহাদিগের উৎকর্ষও বলিতেছেন)—সেই সেই গোপীগণ যখন মালায় ভূষিত ভুজদ্বারা মন্থন রজ্জু আকর্ষণ করিতে আরম্ভ করিলেন, তখন তাঁহাদিগের গণ্ডদ্বয় কুণ্ডলের কান্তিতে স্ফুরিত হইতে লাগিল এবং কুঙ্কুমযুক্ত আননশালিনী গোপীগণ স্বভাবতঃ শোভাশালিনী হইলেও কাঞ্চ্যাদিতে স্থিত মণিদ্বারা বিশেষ শোভা পাইতে লাগিলেন।৪৫

কমললোচন ভগবান্‌ শ্রীকৃষ্ণকে উচ্চৈঃস্বরে গোপাঙ্গনাগণ গান করিতে আরম্ভ করিলে ইহাদিগের গীতধ্বনি দধিমন্থন ধ্বনির সহিত মিশ্রিত হইয়া সকল দিগ্বর্ত্তী নিখিল লোকের ঐহিক এবং আকস্মিক অশেষ দুঃখ ও তন্মূলক কর্ম্ম নিরাশ করিতে লাগিল।৪৬

ভগবান্‌ শ্রীসূর্য্যদেব উদিত হইলে ব্রজবাসিগণ স্বর্ণ-পরিবৃত রথ দর্শন করিয়া "কাহার এই রথ" (কোথা হইতে কি করিতে আগমন করিল সক্রোধে) বলাবলি করিতে লাগিলেন।৪৭

অনন্তর উৎকণ্ঠাপ্রধানা দুঃখান্তঃপাতিনী কোন

কিং সাধয়িষ্যত্যস্মাভির্ভর্ত্তুঃ প্রেতস্য নিষ্কৃতিম্।
ততঃ স্ত্রীণাং বদন্তীনামুদ্ধবোঽগাৎ কৃতাহ্নিকঃ ॥৪৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে নাম ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

প্রেতস্য মৃতস্য, প্রীতস্য বা ভর্ত্তুঃ কংসস্য নিষ্কৃতিম্ ঔর্দ্ধদেহিকম্, অস্মাভিঃ অস্মন্মাংসৈঃ সাধয়িষ্যতি কিম্? ততঃ স্ত্রীণাং বদন্তীনাং (তস্মিন্ এব সময়ে) কৃতাহ্নিকঃ কৃতস্নানাদি-নিয়মঃ উদ্ধবঃ অগাৎ ॥৪৭

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

কোন গোপাঙ্গনাগণের বাক্য বলিতেছেন;—

যে কংসের প্রয়োজন সাধন করিয়াছে, সেই অক্রূর কি আগমন করিয়াছে, যেই অক্রূর কমললোচন শ্রীকৃষ্ণকে মধুপুরী লইয়া গিয়াছে?৪৮

(যদ্যপি স্বীয় ভর্ত্তা কংসের অর্থ সাধনের নিমিত্ত শ্রীকৃষ্ণকে লইয়া গিয়াছিল; তথাপি দৈবাৎ কংস বিনষ্ট হইলে স্বার্থ-সাধনের জন্য সেইস্থানে শ্রীকৃষ্ণকে রক্ষা করিয়া যে পুনরায় এই স্থানে আগমন করিয়াছেন, তাহা নিশ্চয় এই অভিপ্রায় তাহাই বলিতেছেন),—

মৃত ভর্ত্তা কংসের নিষ্কৃতি আমাদিগের দ্বারা কি করিয়া সাধন করিবে? অনন্তর তাদৃশোক্তি শ্রবণহেতু তত্তদ্গৃহবর্ত্তিনী সকল স্ত্রীগণে এইরূপ বলিতেছেন, এই সময় স্নানাদি নিয়ম সম্পাদন করিয়া উদ্ধব মহাশয় আগমন করিলেন।৪৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত ষট্‌ত্রিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তচত্বারিংশঃ অধ্যায়ঃ।

[উদ্ধবগোপীসংবাদঃ, ভ্রমরগীতম্, উদ্ধবস্য মথুরাগমনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

তং বীক্ষ্য কৃষ্ণানুচরং ব্রজস্ত্রিয়ঃ
প্রলম্ববাহুং নবকঞ্জলোচনম্।
পীতাম্বরং পুষ্করমালিনং লস-
ন্মুখারবিন্দং পরিমৃষ্টকুণ্ডলম্ ॥১

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। প্রলম্ববাহুং (প্রলম্বৌ আজানুলম্বিতৌ বাহূ যস্য তং) নবকঞ্জলোচনং (নবকঞ্জে সদ্যোবিকসিতপদ্মদলে ইব লোচনে যস্য তং) পীতাম্বরং (পীতে অম্বরে যস্য তং) পুষ্করমালিনং (পুষ্করস্য কমলস্য মালা অস্য অস্তীতি তং)

সপ্তচত্বারিংশ অধ্যায়।

[উদ্ধবের সহিত গোপীগণের আলাপ, ভ্রমরগীতি এবং উদ্ধবের মথুরায় আগমন]

শ্রীকৃষ্ণের রূপ বেশাদি ধ্যান ও গানপরায়ণা ব্রজকামিনীগণ আজানুলম্বিত বাহু নব-কমললোচন পীতবসনধারী পদ্মমালী এবং দীপ্যমান মুখমণ্ডল উজ্জ্বলীকৃত কুণ্ডলযুক্ত কৃষ্ণানুচর সেই উদ্ধবকে সাক্ষাদ্ দূর হইতে দর্শন করিয়াই অতিশয় বিস্ময় প্রাপ্ত হইলেন এবং অচ্যুতের ন্যায় বেশভূষাধারী সুদর্শন এই পুরুষই বা কে এবং কোন্ দেশ হইতে আগমন করিল ও কাহারই বা অনুচর এইরূপ

সুবিস্মিতাঃ কোঽয়মপীব্যদর্শনঃ
কুতশ্চ কস্যাচ্যুতবেষভূষণঃ।
ইতি স্ম সর্ব্বাঃ পরিবব্রুরুৎসুকা-
স্তমুত্তমশ্লোকপদাম্বুজাশ্রয়ম্ ॥২

তং প্রশ্রয়েণাবনতাঃ সুসৎকৃতং
সব্রীড়হাসেক্ষণসূনৃতাদিভিঃ।
রহস্যপৃচ্ছন্নুপবিষ্টমাসনে
বিজ্ঞায় সন্দেশহরং রমাপতেঃ ॥৩

লসন্মুখারবিন্দং (লসৎ শোভমানং মুখারবিন্দং যস্য তং) পরিমৃষ্টকুণ্ডলং (পরিমৃষ্টে উজ্জ্বলে কুণ্ডলে যস্য তং) কৃষ্ণানুচরং (কৃষ্ণস্য অনুচরং) তম্ উদ্ধবং বীক্ষ্য দৃষ্ট্বা সুবিস্মিতাঃ সর্ব্বাঃ ব্রজস্ত্রিয়ঃ অয়ম্ অচ্যুতবেশভূষণঃ (অচ্যুতস্য কৃষ্ণস্য ইব বেশঃ পীতাম্বরাদি ভূষণানি চ যস্য সঃ) অপীব্যদর্শনঃ (অপীব্যং স্ত্রীণাং মনোহরং দর্শনং যস্য সঃ) কঃ? কুতঃ দেশাৎ আগতঃ? কস্য পুংসঃ ভৃত্যো বা স্ম ইতি বিতর্কয়ন্ত্যঃ উৎসুকাঃ সত্যঃ উত্তমশ্লোকপদাম্বুজাশ্রয়ম্ (উত্তমশ্লোকস্য অবিদ্যানিবর্ত্তকযশসঃ শ্রীকৃষ্ণস্য পদাম্বুজে এব আশ্রয়ঃ যস্য তং) উদ্ধবং পরিবব্রুঃ পরিবেষ্টিতবত্যঃ ॥১-২

রমাপতেঃ শ্রীকৃষ্ণস্য সন্দেশহরং বার্ত্তাবাহকং বিজ্ঞায় রহসি একান্তে আনীয় সব্রীড়হাসেক্ষণসূনৃতাদিভিঃ (ব্রীড়েন হাসেন ঈক্ষণেন সূনৃতেন মধুরভাষণে চ) সুসৎকৃতম্ আসনে উপবিষ্টং তম্ উদ্ধবম্ অবনতাঃ কৃতপ্রণামাঃ স্ত্রিয়ঃ প্রশ্রয়েণ বিনয়েন অপৃচ্ছন্ ॥৩

বলিয়া গোপীসকলে সম্ভ্রান্ত কিংবা সমুৎসুকচিত্তে একে একে স্ব-স্ব স্থান হইতে আগমন করিলেন এবং উত্তমশ্লোক শ্রীকৃষ্ণের পাদপদ্মাশ্রয়ী শ্রীউদ্ধব মহাশয়ের চারিদিকে বেষ্টন করিলেন।১-২

ব্রজরমণীগণ বিনয়ে অবনত হইয়া নির্জ্জনে আসনোপবিষ্ট উদ্ধবকে রমাপতি শ্রীকৃষ্ণের বার্ত্তাবাহী এইরূপ ইঙ্গিতে পরিজ্ঞাত হইয়া লজ্জাযুক্ত হাস্য ঈক্ষণ, মধুর বাক্য ও অর্ঘ্যাদি দ্বারা সুসৎকৃত করিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন।৩

ব্রজজনের সমীপে সমাগত তোমাকে যদুপতি শ্রীকৃষ্ণের সেবক বলিয়া জানিতে পারিয়াছি, পিতা

জানীমস্ত্বাং যদুপতেঃ পার্ষদং সমুপাগতম্।
ভর্ত্রেহ প্রেষিতঃ পিত্রোর্ভবান্ প্রিয়চিকীর্ষয়া ॥৪

অন্যথা গোব্রজে তস্য স্মরণীয়ং ন চক্ষ্মহে।
স্নেহানুবন্ধো বন্ধূনাং মুনেরপি সুদুস্ত্যজঃ ॥৫

অন্যেষ্বর্থকৃতা মৈত্রী যাবদর্থবিড়ম্বনম্।
পুম্ভিঃ স্ত্রীষু কৃতা যদ্বৎ সুমনঃস্বিব ষট্পদৈঃ ॥৬

নিঃস্বং ত্যজন্তি গণিকা অকল্যং নৃপতিং প্রজাঃ।
অধীতবিদ্যা আচার্য্যমৃত্বিজো দত্তদক্ষিণম্ ॥৭

যদুপতেঃ কৃষ্ণস্য পার্ষদসেবকং সমুপাগতং ত্বাং জানীমঃ। স্বস্য পিত্রোঃ নন্দযশোদয়োঃ প্রিয়চিকীর্ষয়া তব ভর্ত্রা স্বামিনা ভবান্ ইহ প্রেষিতঃ প্রস্থাপিতঃ ইতি ॥৪

অন্যথা পিত্রোঃ প্রিয়চিকীর্ষামন্তরেণ তস্য যদুপতেঃ গোব্রজে পশুযোগ্যস্থানে স্মরণীয়ং কিঞ্চিৎ ন চক্ষ্মহে পশ্যামঃ। যতঃ বন্ধূনাং পিত্রাদীনাং স্নেহানুবন্ধঃ (স্নেহঃ এব অনুবন্ধঃ পাশঃ) মুনেঃ মননশীলস্য অপি সুদুস্ত্যজঃ ত্যক্তুমশক্যঃ ॥৫

অন্যেষু বন্ধুব্যতিরিক্তেষু মৈত্রী অর্থকৃতাঃ প্রয়োজনপ্রযুক্তা এব। অতঃ যাবদর্থবিড়ম্বনং প্রয়োজনসিদ্ধ্যর্থং স্নেহপ্রদর্শনম্ এব। সুমনঃসু পুষ্পেষু ষট্পদৈঃ ভ্রমরৈঃ ইব যদ্বৎ তদ্বৎ পুংভিঃ কৃতা স্ত্রীষু মৈত্রী কামনিমিত্তা এব, কামে নিবৃত্তে মৈত্রী নিবর্ত্ততে ॥৬

নিঃস্বম্ অধনম্ উপপতিং গণিকাঃ বেশ্যাঃ ত্যজন্তি; প্রজাঃ অকল্যং পালনাদ্যসমর্থং, নৃপতিং ত্যজন্তি। অধীতবিদ্যাঃ

মাতা শ্রীনন্দ যশোদার প্রিয় করিবার মানসে ভর্ত্তা যদুপতি তোমাকে এই ব্রজে পাঠাইয়াছেন।৪

অন্যথা তাহারা ভিন্ন যদুপতির গোব্রজে স্মরণযোগ্য আর কাহাকেও দেখিতে পাইতেছি না, স্মরণ পথে উপস্থিতের বিষয় আর কি বক্তব্য আছে? সন্ন্যাসিদিগেরও পিত্রাদি বন্ধুগণের প্রতি স্নেহানুবন্ধ পরিত্যাগ করা সুকঠিন (অর্থাৎ অশক্য)।৫

ভ্রমর যেরূপ কুসুমের প্রতি মিত্রতা প্রকাশ করে, সেইরূপ পুরুষগণ স্ত্রীলোকের প্রতি মিত্রতা প্রকাশ করে। কিংবা বার-বনিতার প্রতি পুরুষের মিত্রতার ন্যায় বা ভ্রমরগণ কুসুমরাশির সহিত যেরূপ মিত্রতা

খগা বীতফলং বৃক্ষং ভুক্ত্বা চাতিথয়ো গৃহম্।
দগ্ধং মৃগাস্তথারণ্যং জারা ভুক্ত্বা রতাং স্ত্রিয়ম্ ॥৮

ইতি গোপ্যো হি গোবিন্দে গতবাক্‌কায়মানসাঃ।
কৃষ্ণদূতে সমায়াতে উদ্ধবে ত্যক্তলৌকিকাঃ ॥৯

গায়ন্ত্যঃ প্রিয়কর্ম্মাণি রুদত্যশ্চ গতহ্রিয়ঃ।
তস্য সংস্মৃত্য সংস্মৃত্য যানি কৈশোরবাল্যয়োঃ ॥১০

(অধীতা বিদ্যা যৈঃ তে) শিষ্যাঃ আচার্য্যং, তথা ঋত্বিজঃ যাজকা ব্রাহ্মণাঃ দত্তদক্ষিণং (দত্তা দক্ষিণা যেন তং) যজমানং ত্যজন্তি ॥৭

খগাঃ পক্ষিণঃ বীতফলং ফলরহিতং বৃক্ষং, তথা অতিথয়ঃ ভুক্ত্বা চ গৃহং ত্যজন্তি, তথা দগ্ধং অরণ্যং মৃগাঃ, তথা জারাঃ পরস্ত্রিভোক্তারঃ স্বয়ং ভুক্ত্বারতাম্ অতৃপ্তাং স্ত্রিয়ং ত্যজন্তি ॥৮

তস্য শ্রীকৃষ্ণস্য কৈশোরবাল্যয়োঃ যানি প্রিয়কর্ম্মাণি তানি সংস্মৃত্য সংস্মৃত্য গায়ন্ত্যঃ রুদত্যঃ গোপ্যঃ কৃষ্ণদূতে উদ্ধবে, ব্রজং সমায়াতে গোবিন্দে গতবাক্‌কায়মানসাঃ (গতানি নিবিষ্টানি বাগাদীনি যাসাং তাঃ) ত্যক্তলৌকিকাঃ লোকব্যবহারানুসন্ধানরহিতাঃ, গতহ্রিয়ঃ পরিত্যক্তলজ্জাঃ সত্যঃ ইতি এবং হি অপৃচ্ছন্ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৯-১০

তত্র প্রিয়সঙ্গমং (প্রিয়স্য কৃষ্ণস্য সঙ্গমং) ধ্যায়ন্তী কাচিৎ

করে, তদ্রূপ বন্ধু ব্যক্তিরিক্ত ব্যক্তির প্রতি স্নেহ—অর্থকৃত সেই মিত্রতা যাবৎ অর্থ তাবৎকাল পর্য্যন্ত অতএব আমাদিগের প্রতি কখনও বন্ধুতা নাই আর মিথুনতা সম্বন্ধেরও কখন স্থিরত্ব নাই ।৬

ধর্ম্ম-প্রাধান্যে যদি মিথুনতা সম্বন্ধও হয়, তাহা হইলে তাহা স্থির থাকে ; কিন্তু কেবল যদি গ্রাম্য ধর্মময় হয়, তাহা হইলে তাহা অস্থির হইয়া থাকে সুতরাং অর্থান্তরন্যাসচ্ছলে তাহারই পর্য্যবসান করিতেছেন,—

বারবনিতাগণ নির্দ্ধন পুরুষকে (পূর্ব্বে ধনবান্ হইলেও পশ্চাৎ ব্যয়াদি দ্বারা ধনহীন জনকে) পরিত্যাগ করে। প্রজাগণ পালনাসমর্থ নৃপতিকে পরিত্যাগ করে। অধীতবিদ্য শিষ্যগণ আচার্য্য গুরুকে পরিত্যাগ করে। পুরোহিতগণ দত্তদক্ষিণ যজমানকে

কাচিন্মধুকরং দৃষ্ট্বা ধ্যায়ন্তী কৃষ্ণসঙ্গমম্।
প্রিয়প্রস্থাপিতং দূতং কল্পয়িত্বেদমব্রবীৎ ॥১১

গোপ্যুবাচ।

মধুপ কিতববন্ধো মা স্পৃশাঙ্‌ঘ্রিং সপত্ন্যাঃ
কুচবিলুলিতমালাকুঙ্কুমশ্মশ্রুভির্নঃ।
বহতু মধুপতিস্তন্মানিনীনাং প্রসাদং
যদুসদসি বিড়ম্ব্যং যস্য দূতস্ত্বমীদৃক্ ॥১২

গোপী মধুকরং ভ্রমরং দৃষ্ট্বা তং প্রিয়প্রস্থাপিতং (প্রিয়েণ কৃষ্ণেন প্রস্থাপিতং প্রেষিতং) দূতং কল্পয়িত্বা ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ ॥১১

গোপী উবাচ। হে মধুপ ভ্রমর! হে কিতববন্ধো (কিতবস্য ধূর্ত্তস্য বন্ধো!) নঃ অস্মাকং সপত্ন্যাঃ কুচবিলুলিতমালাকুঙ্কুমশ্মশ্রুভিঃ (কুচাভ্যাং বিলুলিতা আলিঙ্গনদশায়াং সংমর্দ্দিতা মালা তস্যাঃ কুঙ্কুমং কুচসম্বন্ধাৎ মালায়াং প্রাপ্তং যৎ কুঙ্কুমং তৎ যেষু তৈঃ শ্মশ্রুভিঃ) নঃ অস্মাকম্ অঙ্‌ঘ্রিং মা ন স্পৃশ। মধুপতিঃ (মধবঃ যাদবাঃ তেষাং পতি কৃষ্ণঃ যদি ব্রজপতিত্বং হিত্বা মধুপতিঃ জাতঃ, তদা) তন্মানিনীনাং (তাসাং মানবতীনাং) প্রসাদং বহতু করোতু, (কিমস্মাকং বনচরীণাং প্রসাদেন) যস্য ত্বম্ ঈদৃক্ স্ত্রীকুচকুঙ্কুমযুক্তশ্মশ্রুণান্ দূতঃ, তস্য যদুসদসি বিড়ম্ব্যম্ উপহাসাস্পদত্বম্ এব স্যাৎ ॥১২

পরিত্যাগ করে।

পক্ষিগণ ফলরহিত বৃক্ষ পরিত্যাগ করে। অতিথিগণ ভোজনান্তে গৃহ পরিত্যাগ করে। মৃগাদি পশুগণ—দগ্ধীভূত বন পরিত্যাগ করে। জারগণ অর্থাৎ উপপতিগণ রমণবতী বা অতৃপ্তা রমণীকে ভোগ করিয়া পরিত্যাগ করে ।৭-৮

শ্রীকৃষ্ণ-দূত উদ্ধব ব্রজে আগমন করিলে পূর্ব্বোক্ত প্রকার বাক্যদ্বারা গোবিন্দে কায় মনঃ বাক্য সমর্পণ-কারিণী গোপীগণ সেই শ্রীকৃষ্ণের কৈশোর ও বাল্য কালের যে সকল প্রিয় কর্ম্ম, সেই সকল স্মরণ করিয়া লোক-সঙ্কোচ পরিত্যাগপূর্ব্বক নির্লজ্জভাবে গান ও রোদনকরত মুগ্ধ হইয়া পড়িলেন ।৯-১০

(গোপীকাগণ কর্ত্তৃক দত্ত উপালম্ভসমূহ দ্বারা পরিতোষ লাভ করিতে না পারিয়া অত্যন্ত মানবতী

সকৃদধরসুধাং স্বাং মোহিনীং পায়য়িত্বা
সুমনস ইব সদ্যস্তত্যজেঽস্মান্ ভবাদৃক্।
পরিচরতি কথং তৎ পাদপদ্মং নু পদ্মা
অপি বত হৃতচেতা হ্যুত্তমশ্লোকজল্পৈঃ ॥১৩

সকৃৎ একদা এব স্বাং মোহিনীম্ অধরসুধাং পায়য়িত্বা সদ্যঃ অবিলম্বেনৈব ভবাদৃক্ ত্বাদৃশঃ ভ্রমরঃ যথা রসং পীত্বা সুমনসঃ কুসুমানি ত্যজতি, তদ্বৎ অস্মান্ কৃষ্ণঃ তত্যজে। নু ভোঃ পদ্মা পরমচতুরা লক্ষ্মীঃ তৎপাদপদ্মং (তস্য কৃতঘ্নস্য পাদপদ্মং) কথং নু পরিচরতি সেবতে, অপি বত খেদে বিতর্কে, উত্তমশ্লোকজল্পৈঃ (উত্তমশ্লোকাঃ পুণ্যকীর্ত্তিমন্তঃ যে তদ্ভক্তাঃ নারদাদয়ঃ তেষাং জল্পৈঃ শ্লাঘ্যবচনৈঃ) হৃতচেতাঃ হৃতম্ আকৃষ্টং চেতো যস্যাঃ তথাভূতা সতী হি এব পরিচরতি ॥১৩

শ্রীবৃষভানু-নন্দিনীর হ্লাদিনী শক্তির বৃত্ত আবেদন করিতেছেন);—

প্রিয়তম শ্রীকৃষ্ণের সঙ্গম চিন্তা করিয়া (অর্থাৎ প্রিয়তম গুপ্তভাবে পুনঃ পুনঃ আগমন করিলেও সাক্ষাদ্‌ভাবে তাঁহার স্মরণ করিয়া) কোন রমণী অকস্মাৎ আগত পীতপরাগ পিঙ্গরশ্মশ্রু কোনও এক মধুকর দর্শনে প্রিয়তম এই দূত প্রেরণ করিয়াছেন, এইরূপ কল্পনা করিয়া বক্ষ্যমাণ ভঙ্গীমায় এই বাক্য বলিতে লাগিলেন।১১

স্বীয় চরণকমলের সৌরভ-লোভে ভ্রমণকারী ভ্রমরকে নিরীক্ষণ করিয়া দিব্যোন্মাদবতী শ্রীবৃষভানু নন্দিনী শ্রীরাধা জল্পনা করিতেছেন,—

হে মধুপ! হে কিতব-বন্ধো! তোমার শ্মশ্রুসমূহে আমাদের সপত্নীর কুচবিমর্দ্দিত মালার কুঙ্কুম রহিয়াছে, সুতরাং তুমি আমাদিগের চরণ স্পর্শ করিও না, মধুপতি সেই সকল মানিনীগণের প্রমাদপাত্র হউন, বিদগ্ধ সখীসভায় তাঁহার চরিত্র উপহাসের আস্পদ হউক, যাহার দূত তুমিও ঈদৃশ তদীয় সুরতচিহ্নধারী, তাহার এই সকল প্রকাশে আর আশ্চর্য্য কি?১২

তাঁহারা কৈতব দর্শন করিতে যাইয়া মানবিষয়ে কারণ বলিতেছেন,—

কিমিহ বহু ষড়ঙ্ঘ্রে গায়সি ত্বং যদূনা-
মধিপতিমগৃহাণামগ্রতো নঃ পুরাণম্।
বিজয়সখসখীনাং গীয়তাং তৎপ্রসঙ্গঃ
ক্ষপিতকুচরুজস্তে কল্পয়ন্তীষ্টমিষ্টাঃ ॥১৪

হে ষড়ঙ্ঘ্রে! ইহ অগৃহানাং গৃহং ত্যক্ত্বা বনে অবস্থিতানাং (অতঃ কিঞ্চিদ্দানে অসমর্থানাং) নঃ অস্মাকম্ অগ্রতঃ পুরাণং বহুধা শ্রুতং, যদূনাম্ অধিপতিং শ্রীকৃষ্ণং গায়সি? (যদি কিঞ্চিৎ প্রাপ্তুমিচ্ছসি তর্হি) বিজয়সখসখীনাম্ (বিজয়স্য অর্জ্জুনস্য সখা যঃ শ্রীকৃষ্ণঃ তস্য সখীনাম্) অগ্রে তৎপ্রসঙ্গঃ (তস্য কৃষ্ণস্য প্রসঙ্গঃ) গীয়তাং; যতঃ ক্ষপিতকুচরুজঃ (ক্ষপিতা দূরীকৃতা কুচরুক্ যাসাং তাঃ) ইষ্টাঃ তদ্গানেন সংকৃতাঃ সত্যঃ, তে তব ইষ্টম্ অভিলষিতং কল্পয়ন্তি শীঘ্রং সম্পাদয়িষ্যন্তি ॥১৪

ভবাদৃশ ব্যক্তি কুসুমের ন্যায় (অর্থাৎ যেরূপ তুমি পুষ্পের মধু পান করিয়া তাহাকে পরিত্যাগ কর, সেইরূপ প্রিয়বস্তুত্যাগী ত্বৎসম) মধুপতি স্বীয় (অসাধারণী) মোহিনী (বুদ্ধিভ্রংশ পূর্ব্বক নিজের দুরন্ত লালসা সম্পাদয়িত্রী) অধরসুধা একবার বলে ছলে পান করাইয়া তৎক্ষণাৎ আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন।

যদি বল, "জয়তি তেঽধিকং জন্মনা ব্রজ" ইত্যাদি ৩১ অধ্যায়ের এক শ্লোকস্থ তোমাদিগের বাক্যের রীতি অনুসারে শ্রীকৃষ্ণাসক্ত লক্ষ্মীরও শ্রীকৃষ্ণের উপাসনা দেখা যায়, সুতরাং তোমরা কেন তাহাকে নিন্দা করিতেছ, তাহাতেই বলিতেছেন,—

সকল পদ্মাধিকারিণী পদ্মা (লক্ষ্মী) কেন শ্রীকৃষ্ণের পাদপদ্মের পরিচর্য্যা করেন (ইহা বুঝিতে পারি না, এই বলিয়া ক্ষণকাল চিন্তা করিয়া বলিলেন), হায় হায়!! বোধ হয়, উত্তমশ্লোকের ন্যায় যে তাহার প্রলোভনময় বাক্যালাপ তদ্দ্বারা হৃতচিত্ত হইয়া তাঁহার পরিচর্য্যা করিয়া থাকেন।১৩

(এইরূপে বিক্ষেপবশতঃ তাঁহার সরোষ চরণকমল অপসৃত হইয়া সম্মুখে রোরুদ্যমান মধুপকে "আমাদিগের প্রসাদনের জন্যই শ্রীকৃষ্ণকে অনেক

দিবি ভুবি চ রসায়াং কাঃ স্ত্রিয়স্তদ্দুরাপাঃ
কপটরুচিরহাসভ্রূবিজৃম্ভস্য যাঃ স্যুঃ।
চরণরজ উপাস্তে যস্য ভূতির্বয়ং কা
অপি চ কৃপণপক্ষে হ্যুত্তমশ্লোকশব্দঃ ॥১৫

দিবি স্বর্গে ভুবি ভূলোকে রসায়াং রসাতলে অধোলোকে চ যাঃ স্ত্রিয়ঃ স্যুঃ, তাসাং মধ্যে কাঃ স্ত্রিয়ঃ তস্য কপটরুচিরহাসভ্রূবিজৃম্ভস্য (কপটঃ যঃ রুচিরঃ মনোহরঃ হাসঃ তৎপূর্ব্বকঃ ভ্রূবিজৃম্ভঃ ভ্রূবিলাসঃ যস্য তস্য) তদ্দুরাপাঃ (তস্য দুরাপাঃ দুর্লভাঃ) বিদ্যন্তে ; ভূতিঃ লক্ষ্মীঃ অপি যস্য চরণরজঃ উপাস্তে সেবতে, তত্র বয়ং কা ? অপি চ তথাপি কৃপণপক্ষে দীনানুকম্পিনি পুরুষে হি এব উত্তমশ্লোকশব্দঃ মহাযশাঃ ইতি নাম ব্যবহারঃ প্রবর্ত্ততে ॥১৫

প্রকার গান করিতেছ" এইরূপ মনে করিয়া তাহাকে অবজ্ঞা করিবার জন্য অন্যথা প্রকারে উৎপ্রেক্ষা করিতেছেন ;—)

হে ষড়ঙ্ঘ্রে ! তুমিই এই পরম দুঃখিত ব্রজধামে বনচারিণী আমাদিগের সাক্ষাতে পুরাণ, অনেকবার অনুভূত, মহারাজবংশীয় যাদবগণের অধিপতিকে কেন বহু বার গান করিতেছ। বিজয়সখা শ্রীকৃষ্ণের সখীগণের সাক্ষাতে তাহার প্রসঙ্গ গান কর ; সুতরাং কৃষ্ণ কিংবা তোমাকর্ত্তৃক সম্মানিত এবং অপগতস্তনপীড়া সেই পুরস্ত্রীগণ অবিলম্বে তোমার অভিলষিত দান করিবে।১৪

উন্মাদস্বভাববশত মানভঙ্গী পরিত্যাগ করিয়া কলহান্তরিতা ভঙ্গীদ্বারা বলিতেছেন—স্বর্গে পৃথিবীতে ও পাতালে অর্থাৎ উর্দ্ধ মধ্য অধঃ এই লোকত্রয়ে যে সকল রমণী আছে, তাহাদিগের মধ্যে এমন কোন্ রমণী আছে যে, তাঁহার পক্ষে দুষ্প্রাপ্য ? তিনি সমস্ত রমণীকেই পাইতে পারেন ; কারণ লক্ষ্মী কপটতা দ্বারা মনোরম হাস্য ও ভ্রূ-বিজৃম্ভনযুক্ত সেই শ্রীকৃষ্ণের চরণরেণু সেবন করেন, তাঁহার কাছে আমরা কে ? পক্ষান্তরে আমরা শ্রীকৃষ্ণের অনভীপ্সিতই হইয়াছি। যদি এইরূপ হইল, তথাপি তিনি দীনজনের পক্ষে উত্তমশ্লোক শব্দবাচ্য অর্থাৎ ইনি দুঃখীর প্রতি অনুকম্পা করিয়া থাকেন ; সুতরাং উত্তমশ্লোক-প্রসঙ্গগোচর শব্দ তাঁহার প্রতিই ব্যবহৃত হইয়া থাকে।১৫

বিসৃজ শিরসি পাদং বেদ্ম্যহং চাটুকারৈ-
রনুনয়বিদুষস্তেঽভ্যেত্য দৌত্যৈর্মুকুন্দাৎ।
স্বকৃত ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকা
ব্যসৃজদকৃতচেতাঃ কিং নু সন্ধেয়মস্মিন্ ॥১৬

(বলাৎ) শিরসি ন্যস্তং পাদং বিসৃজ পরিত্যজ। মুকুন্দাৎ অভ্যেত্য শিক্ষিত্বা আগতস্য দৌত্যৈঃ দূতকর্ম্মভিঃ চাটুকারৈঃ প্রিয়বচনৈঃ অনুনয়বিদঃ প্রার্থনাচতুরস্য তে তব কপটম্ অহং বেদ্মি জানামি। স্বকৃতে তদর্থমেব ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকাঃ (বিসৃষ্টানি উপেক্ষিতানি অপত্যানি পতয়ঃ অন্যে চ লোকাঃ স্বর্গাদয়ঃ যাভিঃ তাঃ অস্মান্) ইহ ব্রজে অকৃতচেতাঃ (ন কৃতে উপকারে চেতঃ যস্য সঃ) কৃতঘ্নঃ শ্রীকৃষ্ণঃ তত্যাজ। অতঃ অস্মান্ নু কিং সন্ধেয়ং সন্ধিনা সাধ্যম্ অস্তি ॥১৬

চরণতলে পতিত ভ্রমরকে ক্ষমাকারীর ন্যায় মনে করিয়া বলিতেছেন, অথবা পদ্মবোধে অপসৃত হইয়া পুনরায় চরণোপরি পতিত মৃদু রোদনপরায়ণ ভ্রমরকে দর্শন করিয়া এবং 'ভো দেবি ! রোষ করিও না ; অন্ততঃ কৃপা করিয়া একবার আমার বিজ্ঞাপন শ্রবণ কর' এইরূপ যাচমান মনে করিয়া বলিতেছেন।

মস্তকে ধৃত আমার চরণ পরিত্যাগ কর অর্থাৎ এস্থান হইতে দূরীভূত হও। মুকুন্দের নিকট হইতে আসিয়া অর্থাৎ তাহার নিকট শিক্ষালাভ পূর্ব্বক আসিয়া চাটুকারসম্পন্ন (প্রিয়ের বাক্য রচনারূপ) দূত দ্বারা অনুনয়াভিজ্ঞ তোমার সমস্তই আমি জানি (অন্যে না জানুক আমি বিলক্ষণ অবশ্যই তাহা অবগত আছি, মুকুন্দের সংবাদ দ্বারা আমাদিগের স্নেহ লাভ করিবার জন্য প্রবৃত্ত হইয়াছ)

মৃগয়ুরিব কপীন্দ্রং বিব্যধে লুব্ধধর্ম্মা
স্ত্রিয়মকৃত বিরূপাং স্ত্রীজিতঃ কাময়ানাম্‌।
বলিমপি বলিমত্ত্বাবেষ্টয়দ্ ধ্বাঙ্ক্ষবদ্ য-
স্তদলমসিতসখ্যৈর্দুস্ত্যজস্তৎকথার্থঃ ॥১৭

অলুব্ধধর্ম্মা সত্বময়ম্ অপি মৃগয়ুঃ ব্যাধঃ ইব (সুগ্রীবম্ অগ্রে কৃত্বা স্বয়ং) যথা কপীন্দ্রঃ বালিনং বিব্যধে জঘান ; তথা স্ত্রীজিতঃ (স্ত্রিয়া সীতয়া জিতঃ পরতন্ত্রঃ অপি) অয়ং কাময়ানাং (কামঃ এব যানং প্রাপ্তিসাধনং যস্যাঃ তাং সূর্পনখাং) স্ত্রিয়ং বিরূপাং ছিন্নকর্ণনাসিকাম্ অকৃত অকরোৎ ; তথা বামনরূপেণ বলিং বৈরোচনিসমর্পিতাং ভূম্যাদিপূজাম্ অত্ত্বা পরিগৃহ্য, ধ্বাঙ্ক্ষবৎ কাকবৎ যঃ বলিম্ অবেষ্টয়ৎ পাশৈঃ ববন্ধ, তৎ তস্য অসিত-সখ্যৈঃ (অসিতস্য কৃষ্ণস্য সখ্যৈঃ মৈত্রীভিঃ) অলং নিষ্প্রয়োজনং,

যদি বল—তিনি কি অপরাধ করিয়াছেন, তাহাতেই বলিতেছেন,—তিনি অকৃতজ্ঞ, কারণ তিনি এই সংসারে তাঁহার নিমিত্ত স্বামী, পুত্র, মাতা, পিতা প্রভৃতি সকল আত্মীয় স্বজন বিসর্জ্জনকারী আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন। হায়! ঈদৃশ কঠিন লোকের সহিতও কি সন্ধি (মিলন) করা উচিত ? (কখনই নহে) ।১৬

যদি বল—কোমলমতি শ্রীকৃষ্ণ তোমাকেই ধ্যান করিয়া সেই স্থানে বর্ত্তমান আছেন, ইহা আমরা দেখিয়াছি, এ বিষয়ে তুমি অর্ব্বাচীন দাস ; তাঁহার তত্ত্ব জান না, সে যে কেবল এই জন্মে কঠোর তাহা নহে, কিন্তু পূর্ব্ব পূর্ব্ব জন্মেও কঠোর, ইহা পৌর্ণমাসীর মুখে আমরা শুনিয়াছি, তাহাই বলিতেছেন,—

ক্রূরতা ও কঠিনতাদিযুক্ত শ্রীকৃষ্ণ (রামাবতারে) নির্দ্দয় ও গুপ্তভাবে ব্যাধের স্যায় কপীন্দ্র বালীকে বিনাশ করিয়াছেন এবং স্ত্রীর বশবর্ত্তী হইয়া কামযানা শূর্পণখাকে বিরূপা (ছিন্নকর্ণ-নাসা) করিয়াছেন ও (তৎপূর্ব্বজন্মে বামনাবতারে) পরম-ধার্ম্মিক বলিরাজকর্তৃক দত্ত পূজোপহার ভোজন করিয়া কাকের স্যায় ছলে সেই বলিরাজকেই বন্ধন করিয়াছিলেন, সুতরাং আমাদিগের কৃষ্ণবর্ণ তাহার সখাগণের দ্বারাও কোন প্রয়োজন নাই, তথাপি শ্রীকৃষ্ণের কথারূপ অর্থ ত্যাগ করিতে পারিতেছি না ।১৭

যদনুচরিতলীলাকর্ণপীযূষবিপ্রুট্-
সকৃদদনবিধূতদ্বন্দ্বধর্ম্মা বিনষ্টাঃ।
সপদি গৃহকুটুম্বং দীনমুৎসৃজ্য দীনা
বহব ইহ বিহঙ্গা ভিক্ষুচর্য্যাং চরন্তি ॥১৮

তথাপি তৎকথার্থঃ তস্য কথারূপঃ অর্থঃ দুস্ত্যজঃ এব ॥১৭

(ন কেবলং বয়মেব বিক্ষিপ্তাঃ) কিন্তু বহবঃ জনাঃ যদনুচরিতলীলাকর্ণপীযূষবিপ্রুট্‌সকৃদদনবিধূতদ্বন্দ্বধর্ম্মাঃ (যস্য অনুচরিতম্ এব লীলা পরমানন্দজনকং কর্ণয়োঃ পীযূষম্ অমৃতং তস্য বিপ্রুট্ কণিকাঃ তস্য সকৃৎ অদনং সেবনং, তেন বিধূতাঃ নিরস্তাঃ দ্বন্দ্বধর্ম্মাঃ রাগদ্বেষাদয়ঃ যেষাং তে) অতঃ বিনষ্টাঃ অচেতনপ্রায়াঃ সপদি তৎক্ষণমেব দীনং দুঃখিতং গৃহকুটুম্বম্ উৎসৃজ্য বিহায় দীনাঃ ধীরাঃ বিহঙ্গাঃ হংসাঃ ইব ইহ বনে

অপিচ আমরা নিশ্চয়ই অবগতা আছি যে, তাঁহার কথাও ত্রিবর্গের লতা ও মূল উন্মূলনকারিণী, তথাপি তাহা পরিত্যাগ করিতে পারিতেছি না, কি করিব ? ইহাই বলিতেছেন,—

যাঁহার প্রতিক্ষণ চেষ্টিত-লীলাই (অর্থের কথা কি বলিব ; শব্দমাত্রেই কর্ণের সুধাস্বরূপ সুখপ্রদা সুধার কণিকা) একবার মাত্র কিঞ্চিৎ আস্বাদন দ্বারাও দ্বন্দ্বধর্ম্ম রাগাদি বিশেষ রূপে খণ্ডিত হয়, কিম্বা স্ত্রীপুরুষাদি পরস্পর ধর্ম্ম মিথুনাচরণ, কিংবা উষ্ণশীতাদি ভোগসমূহ নষ্ট হয়, তাদৃশ অনেক দীন (ভোগহীন) বিহঙ্গগণও আকাশগামিত্ব হেতু দূর হইতে আগত হংসাদিপক্ষিগণও লীলাশ্রবণ মাত্রই দুঃখিত গৃহ, কুটুম্ব—পিতা, মাতা, স্ত্রী, প্রভৃতি পরিত্যাগ করিয়া (স্বয়ংও দীর্ণ ও বিনষ্ট হইয়া তাঁহার লীলাস্থান এই বৃন্দাবনে সমাগত হইয়া) ভিক্ষুচর্য্যা (প্রাণবৃত্তিমাত্র)

বয়মৃতমিব জিহ্মব্যাহৃতং শ্রদ্দধানাঃ
কুলিকরুতমিবাজ্ঞাঃ কৃষ্ণবধ্বো হরিণ্যঃ।
দদৃশুরসকৃদেতৎ তন্নখস্পর্শতীব্র-
স্মররুজ উপমন্ত্রিন্ ভণ্যতামন্যবার্ত্তা ॥১৯
প্রিয়সখ পুনরাগাঃ প্রেয়সা প্রেষিতঃ কিং
বরয় কিমনুরুন্ধে মাননীয়োঽসি মেঽঙ্গ।

নয়সি কথমিহাস্মান্ দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্বং
সততমুরসি সৌম্য শ্রীর্বধূঃ সাকমাস্তে ॥২০
অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে
স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্।
ক্বচিদপি স কথা নঃ কিঙ্করীণাং গৃণীতে
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদা নু ॥২১

ভিক্ষুচর্য্যাং চরন্তি প্রাণবৃত্তিমাত্রং কুর্ব্বন্তি ॥১৮

কৃষ্ণবধ্বঃ (কৃষ্ণস্য হরিণস্য বধ্বঃ) হরিণ্যঃ যথা কুলিকরুতং (কুলিকস্য ব্যাধস্য রুতং মধুরগানং শ্রুত্বা মোহিতাঃ তৎসমীপং গতাঃ বাণবেধাদিদুঃখম্ অনুভবন্তি তথা) অজ্ঞাঃ কৃষ্ণবধ্বঃ বয়ং জিহ্মব্যাহৃতম্ (জিহ্মস্য কুটিলস্য তস্য ব্যাহৃতং বচনং) ঋতং সত্যম্ ইব শ্রদ্দধানাঃ অতঃ তন্নখস্পর্শতীব্রস্মররুজঃ (তস্য নখস্পর্শৈঃ নখক্ষতৈঃ তীব্রাঃ স্মররুক্ স্মরপীড়াঃ যা াং তথাভূতাঃ) সত্যঃ অসকৃৎ পুনঃ পুনঃ এতৎ দুঃখং দদৃশুঃ দদৃশিম অত্রাস্ম। হে উপমন্ত্রিন্! অন্যবার্ত্তাঃ ভণ্যতাং কথ্যতাম্ ॥১৯

হে প্রিয়সখ (প্রিয়স্য কৃষ্ণস্য সখে)! প্রেয়সা কৃষ্ণেন প্রেষিতঃ প্রেরিতঃ সন্ কিং ত্বং পুনঃ আগাঃ আগতঃ? তর্হি হে অঙ্গ! যে মম ত্বং মাননীয়ঃ পূজ্যঃ অসি। অতঃ যৎ কিঞ্চিৎ ভবান্ অনুরুন্ধে প্রাপ্তুম্ ইচ্ছতি, তৎ বরয় বৃণীষ্ব (ভগবৎ সমীপে

অস্মান্ নেতুম্ ইচ্ছসি চেৎ) হে সৌম্য! ইহ অস্মিন্ অপি কালে দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্বম্ (দুস্ত্যজং দ্বন্দ্বং মিথুনীভাবঃ যস্য তস্য পার্শ্বং সমীপং) অস্মান্ কথং নয়সি নেষ্যসি? যতঃ শ্রীঃ লক্ষ্মীঃ নাম বধূঃ সাকং সহৈব তত্রাপি উরসি এব সততং নিরন্তরম্ আস্তে ॥২০

হে সৌম্য! আর্য্যপুত্রঃ (আর্যস্য নন্দস্য পুত্রঃ শ্রীকৃষ্ণঃ উপনীতঃ সন্ বিদ্যাগ্রহণার্থং গতঃ ইতি শ্রুতং ততঃ গুরুগৃহাৎ আগত্য) অধুনা বত হর্ষে, মধুপুর্য্যাম্ অপি সম্ভাবনায়াম্, আস্তে? সঃ পিতৃগেহান্ (পিতৃভ্যাং গৃহৈঃ চ সহিতান্) বন্ধূন্ গোপান্ কিং স্মরতি? ক্বচিৎ কদাচিৎ সঃ কিঙ্করীণাং নঃ অস্মাকং কথাং বার্ত্তাং গৃণীতে কিম্? নু ভোঃ অগুরু-সুগন্ধং (অগুরুবৎ সুগন্ধং) যস্য ভুজং নঃ মূর্দ্ধ্নি কদা বা অধাস্যৎ নিধাস্যতি ॥২১

আচরণ করিয়া থাকে; তথাপি তাহা পরিত্যাগ করিতে সমর্থ হয় না।১৮

হায়! হায়! তাঁহার লীলা শ্রবণ করিয়া অনেকেই বিপদাপন্ন হইয়াছে; ইহা অধিক আর কি বলিব? আমরাও তাঁহার কপট উক্তিতে মহাদুঃখ অনুভব করিয়াছি; ইহাই বলিতেছেন,—হে উপমন্ত্রিন্! (হে দূত!) যেমন অবোধ কৃষ্ণসার মৃগের পত্নীগণ ব্যাধের গীতধ্বনিতে বিশ্বাস স্থাপনপূর্ব্বক শরাঘাতে পীড়িত হইয়া ব্যথা প্রাপ্ত হইয়া থাকে, তেমন আমরাও কুটিলমতি শ্রীকৃষ্ণের কথায় বিশ্বাস করিয়া বার বার তাঁহার নখস্পর্শ জন্য তীক্ষ্ণ-মদনব্যথা সহ্য করিয়া এতাদৃশ দুরবস্থা প্রাপ্ত হইয়াছি; পরন্তু কখনও কন্দর্প-সুখ প্রাপ্ত হই নাই; সুতরাং হে দূত! দুঃখের কথা পরিত্যাগ করিয়া অন্য আলাপ কর, (অতঃপর মধুকরও প্রস্থান করিল)।১৯

প্রত্যাবৃত্ত হইয়া পুনরায় আগত ভ্রমরের প্রতি বলিতেছেন; হে প্রিয়ের সখা! প্রিয়তম শ্রীকৃষ্ণ কর্ত্তৃক পুনরায় প্রেরিত হইয়া আগমন করিলে কি? হে দূত! তুমি আমার পূজনীয়, অতএব কি ইচ্ছা করিতেছ? তাহা প্রার্থনা কর। হে সৌম্য! হে শান্ত-মূর্ত্তে! যিনি পুরস্ত্রীগণের মিথুনীভাব পরিত্যাগ করিতে অক্ষম, ঈদৃশ শ্রীকৃষ্ণের নিকটে এই ব্রজে অবস্থিত আমাদিগকে কোন্ যুক্তি অনুসারে মথুরায় লইয়া যাইতে ইচ্ছা করিতেছ? হে সৌম্য! প্রিয়তমারূপে প্রসিদ্ধা লক্ষ্মী পরম সুখে নিরন্তর তাঁহার বক্ষঃস্থলে বাস করিতেছেন।২০

হায় হায়!! আমি কি কি প্রলাপ বলিলাম, কিন্তু জিজ্ঞাস্য বিষয় জিজ্ঞাসা করিলাম না, এই মনে

শ্রীশুক উবাচ।

অথোদ্ধবো নিশম্যৈবং কৃষ্ণদর্শনলালসাঃ।
সান্ত্বয়ন্ প্রিয়সন্দেশৈর্গোপীরিদমভাষত ॥২২

উদ্ধব উবাচ।

অহো যূয়ং স্ম পূর্ণার্থা ভবত্যো লোকপূজিতাঃ।
বাসুদেবে ভগবতি যাসামিত্যর্পিতং মনঃ ॥২৩

দান-ব্রত-তপো-হোম-জপ-স্বাধ্যায়-সংযমৈঃ।
শ্রেয়োভির্বিবিধৈশ্চান্যৈঃ কৃষ্ণে ভক্তির্হি সাধ্যতে ॥২৪

ভগবত্যুত্তমঃশ্লোকে ভবতীভিরনুত্তমা।
ভক্তিঃ প্রবর্ত্তিতা দিষ্ট্যা মুনীনামপি দুর্লভা ॥২৫

শ্রীশুকঃ উবাচ। অথ কৃষ্ণদর্শনলালসাঃ (কৃষ্ণস্য দর্শনে লালসা ঔৎসুক্যং যাসাং তাঃ) গোপীঃ নিশম্য দৃষ্ট্বা উদ্ধবঃ প্রিয়সন্দেশৈঃ তাঃ সান্ত্বয়ন্ ইদং বক্ষ্যমাণম্ অভাষত ॥২২

উদ্ধবঃ উবাচ। অহো! স্ম নিশ্চয়ে যূয়ং পূর্ণার্থাঃ (পূর্ণঃ অর্থঃ পুরুষার্থঃ যাসাং তাঃ) এব ভগবতি ষড়ৈশ্বর্য্যপূর্ণে বাসুদেবে বসুদেবনন্দনে যাসাং মনঃ ইতি এবম্ অর্পিতং তাঃ ভবত্যঃ লোকপূজিতাঃ (লোকেষু পূজিতাঃ পূজাযোগ্যাঃ এব) ॥২৩

দানব্রততপোহোমজপস্বাধ্যায়সংযমৈঃ (দানং তুলাপুরুষাদি-দানং, ব্রতম্ একাদশ্যাদি উপবাসঃ, তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি, হোমঃ অগ্নিহোত্রাদিঃ, জপঃ মন্ত্রাদিঃ, স্বাধ্যায়ঃ বেদাধ্যয়নাদিঃ, সংযমঃ ইন্দ্রিয়নিগ্রহঃ, তৈঃ) অন্যৈঃ চ বিবিধৈঃ শ্রেয়োভিঃ কৃষ্ণভক্তিঃ হি সাধ্যতে ॥২৪

উত্তমঃশ্লোকে ভগবতি অনুত্তমা মুনীনাম্ অপি দুর্লভা ভক্তিঃ দিষ্ট্যা পরমসৌভাগ্যেন এব ভবতীভিঃ প্রবর্ত্তিতা ॥২৫

করিয়া অবশেষে সরলতা, গাম্ভীর্য্য, দৈন্য, চপলতা ও উৎকণ্ঠার সহিত সগদগদ বাষ্পভারাক্রান্ত কণ্ঠে জিজ্ঞাসা করিতেছেন,—

হে সৌম্য! আর্য্যপুত্র গুরুকুল হইতে আগমন করিয়া এক্ষণে মধুপুরাতে বাস করিতেছেন কি? তিনি এক্ষণে পিতার গৃহসমূহ বন্ধুগণ—উপনন্দাদি জ্ঞাতিগণ, গোপ—শ্রীদামাদি সখাগণকে স্মরণ করেন কি? সেই শ্রীদামাদির প্রিয়সখা কিংবা অস্মৎপ্রাণনাথ শ্রীকৃষ্ণ কোন সময়ে কোন প্রসঙ্গে বা কোন অবসরে কিঙ্করী আমাদিগের কথা স্মরণ করেন কি? হে উদ্ধব! কবে তিনি সেই অগুরু সুগন্ধ বাহু আমাদিগের মস্তকে অর্পণ করিবেন।২১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন;—হে রাজন্! তাদৃশ প্রেম-বিকারের শান্তির পর, শ্রীউদ্ধব মহাশয় পূর্ব্বোক্তপ্রকারে সাক্ষাৎ ও গৌণভাবে অশ্রুত প্রেম-বচন শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণের দর্শনে সমুৎসুক গোপীগণকে প্রিয় শ্রীকৃষ্ণের সংবাদ দ্বারা, (কিংবা প্রিয়কর সংবাদ দ্বারা! কিংবা হে প্রিয় পরীক্ষিৎ! সংবাদ দ্বারা) সান্ত্বনা করিবার নিমিত্ত এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।২২

শ্রীউদ্ধব মহাশয় বলিলেন;—ইহা অতি আশ্চর্য্য যাঁহাদিগের সর্ব্বাশ্রয় সর্ব্বাংশী সর্ব্বৈশ্বর্য্যের পরমাশ্রয় স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণে এই রূপে মন অর্পিত হইয়াছে, সেই তোমরা নিশ্চয় পূর্ণমনোরথা হইয়াছ এবং আপনারা লোকপূজ্যা হইয়াছেন কিংবা আপনারা পূর্ণার্থা, এবং লোকপূজিতাও হইয়াছেন।২৩

যদি বল— শ্রীকৃষ্ণের প্রাপ্তিদ্বারাই পূর্ণার্থতা হয়; কিন্তু কেবল মনের অর্পণমাত্রে হয় না; তাহাতেই বলিতেছেন;—

দান, ব্রত, তপঃ, হোম, জপ, বেদাভ্যাস ও সংযম দ্বারা এবং অন্য ভক্তির অঙ্গ নানাবিধ যোগ সাঙ্খ্যজ্ঞানাদি শ্রেয়ঃসাধনের দ্বারা স্বয়ং ভগবান্ কৃষ্ণে নিশ্চয়ই ভক্তি সাধিত হইয়া থাকে।২৪

পরন্তু আপনাদিগের মহাভাবাত্মিকা ভক্তি নিত্য-সিদ্ধাই রহিয়াছে, অতএব সেই ভক্তি কি শ্লাঘনীয়া, কিন্তু সেই ভক্তি শিক্ষা দ্বারা যাবতীয় লোকের ভাগ্যই প্রশংসনীয়; তাহাই বলিতেছেন;—

আপনাদের কর্ত্তৃক নিখিল নিজৈশ্বর্য্য প্রকাশশীল ভগবান্ উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণে শ্রীসনকাদি মুনিগণেরও দুর্লভা অনুত্তমা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠা মহা-প্রেমলক্ষণা

দিষ্ট্যা পুত্রান্ পতীন্ দেহান্ স্বজনান্ ভবনানি চ।
হিত্বাহবৃণীত যূয়ং যৎ কৃষ্ণাখ্যং পুরুষং পরম্ ॥২৬

সর্বাত্মভাবোহধিকৃতো ভবতীনামধোক্ষজে।
বিরহেণ মহাভাগা মহান্ মেহনুগ্রহঃ কৃতঃ ॥২৭

যৎ যস্মাৎ পুত্রান্ পতীন্ দেহান্ স্বজনান্ ভবনানি চ হিত্বা পরিত্যজ্য, কৃষ্ণাখ্যং পরং পুরুষম্ এব যূয়ম্ দিষ্ট্যা এব অবৃণীত বৃতবত্যঃ ॥২৬

অধোক্ষজে ইন্দ্রিয়জন্যজ্ঞানাবিষয়ে শ্রীকৃষ্ণে ভবতীনাং সর্বাত্মভাবঃ একান্তভক্তিযোগঃ অধিকৃতঃ প্রাপ্তঃ। অতঃ হে মহাভাগাঃ! বিরহেণ বিরহনিমিত্ত-সর্বাত্মভাব-প্রদর্শনেন ভবতীভিঃ মে মহৎ মহান্ অনুগ্রহঃ কৃতঃ (তেনাহমপি কৃতার্থঃ) ॥২৭

ভক্তি প্রবর্ত্তিতা হইয়াছেন অর্থাৎ স্ব-দর্শন শ্রবণ-প্রভাবে, কিংবা স্বীয় আচরণ দ্বারা লোকে প্রচারিতা হইয়াছেন। ইহা লোকসকলের অতি ভাগ্যবশে মঙ্গল হইয়াছে, কারণ আপনা হইতেই সর্ব্বলোকের পরম হিত সিদ্ধি হইবে।২৫

ভক্তি-প্রবর্ত্তন রীতিই স্পষ্ট করিতেছেন,—

যেহেতু আপনারা পুত্র, পতি, দেহ, ভ্রাতা, ভগিনী, আত্মীয়স্বজন এবং গৃহ সমস্ত পর্য্যন্ত পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণাভিধান পরমপুরুষকে স্ব-স্ব কান্তরূপে স্বীকার করিয়াছেন, ইহা আমাদের পরম-ভাগ্যবশেই মঙ্গল হইয়াছে।২৬

যদি বল—তাহা হইলে তাঁহার সহিত বিয়োগ হইবে না সত্য, সেই বিয়োগ কেবল ভক্তিরই উৎকর্ষ বিশোষার্থ তাহাই বলিতেছেন,—

হে মহাভাগাসকল (সাধ্বীগণ)! আপনাদিগের দ্বারা অধোক্ষজে সর্ব্বাত্ম-ভাব (একান্ত ভক্তি) অধিকরূপে কৃত হইয়াছে এবং আপনাদের বিরহ আমার প্রতি মহৎ অনুগ্রহ করিল।২৭

শ্রূয়তাং প্রিয়সন্দেশো ভবতীনাং সুখাবহঃ।
যমাদায়াগতো ভদ্রা অহং ভর্ত্তু রহস্করঃ ॥২৮

শ্রীভগবানুবাচ।

ভবতীনাং বিয়োগো মে নহি সর্বাত্মনা কচিৎ।
যথা ভূতানি ভূতেষু খং বায়ুগ্নির্জলং মহী।
তথাহঞ্চ মনঃ প্রাণভূতেন্দ্রিয়গুণাশ্রয়ঃ ॥২৯

হে ভদ্রাঃ কৃতার্থাঃ! যং সন্দেশম্ আদায় ভর্ত্তুঃ শ্রীকৃষ্ণ রহস্করঃ রহস্যকার্য্যকর্ত্তা অহং গতঃ আগতঃ, ভবতীনাং সুখাবহঃ (সুখম্ আবহতীতি সঃ) প্রিয়সন্দেশঃ শ্রূয়তাম্ ॥২৮

শ্রীভগবান্ উবাচ। সর্ব্বাত্মনা মে ময়া সহ ভবতীনাং বিয়োগঃ হি নিশ্চিতং কচিৎ কস্মিংশ্চিৎ দেশে কালে অপি ন অস্তি। যথা ভূতেষু চরাচরেষু খম্ আকাশঃ, বায়ুঃ, অগ্নিঃ, জলং মহী চ ইতি মহাভূতানি (আশ্রয়তয়া স্থিতানি), তথা অহম্ অপি মনঃপ্রাণবুদ্ধীন্দ্রিয়গুণানাম আশ্রয়ঃ এব বর্ত্তে ॥২৯

(এইরূপে আশ্বস্ত করিয়া কিঞ্চিৎ স্বস্থতালাভ পূর্ব্বক বক্তব্য বিষয় বলিতেছেন, অথবা তথাপি গোপীদিগের বৈকল্য হ্রাস অদর্শনে ব্যগ্র হইয়া কিংবা "তাহার সন্দেশ দ্বারাই সুস্থতা লাভ করিবে" এই মনে করিয়া তাহাই বলিতে আরম্ভ করিলেন),—হে সাধ্বীগণ! পরমোৎকণ্ঠাবতী আপনাদের, সুখকারী শ্রীকৃষ্ণের সন্দেশ—বার্ত্তা শ্রবণ করুন, যেই বার্ত্তা গ্রহণ করিয়া ভর্ত্তা শ্রীকৃষ্ণের রহস্য কার্য্যকারী (গুপ্তকার্য্যকারী) আমি আসিয়াছি।২৮

শ্রীভগবান্ বলিয়াছেন,—সকলের উপাদান কারণ স্বরূপ আমার সহিত অথবা সকল প্রকারে আমার সহিত তোমাদিগের কখনও বিচ্ছেদ হয় নাই ইহা নিশ্চিত "আকাশ, বায়ু, অগ্নি, জল, মহী" এই পঞ্চ মহাভূত যেরূপ চরাচর ভূতে কারণত্ব রূপে সমন্বিত হইয়া থাকে, সেইরূপ পরম কারণস্বরূপ আমিও তোমাদিগের মন, প্রাণ, ভূতেন্দ্রিয় এবং গুণের আশ্রয় অর্থাৎ সেই সেই বস্তুতে অনুগত হইয়া বর্ত্তমান রহিয়াছি।২৯

আত্মন্যেবাত্মনাত্মানং সৃজে হন্ম্যনুপালয়ে।
আত্মমায়ানুভাবেন ভূতেন্দ্রিয়গুণাত্মনা ॥৩০
আত্মা জ্ঞানময়ঃ শুদ্ধো ব্যতিরিক্তোঽগুণান্বয়ঃ।
সুষুপ্তিস্বপ্নজাগ্রদ্ভির্মনোবৃত্তিভিরীয়তে ॥৩১

আত্মমায়ানুভাবেন সংকল্পমাত্রেণ আত্মনি আধারভূতে সৎস্বরূপে আত্মনা সাধনান্তররহিতেন চিদ্রূপেণ, আত্মানং ব্রহ্মস্বরূপং, ভূতেন্দ্রিয়গুণাত্মনা অহং সৃজে সৃজামি, পালয়ে পালয়ামি, হন্মি সংহরামি চ ॥৩০

আত্মা জীবাত্মা তু শুদ্ধঃ, অগুণান্বয়ঃ প্রাকৃতগুণগতবিকার-রহিতঃ ব্যতিরিক্তঃ গুণাতীতঃ জ্ঞানময়ঃ চৈতন্যস্বরূপঃ এব। সুষুপ্তস্বপ্নজাগ্রদ্ভিঃ মায়াবৃত্তিভিঃ চ (বিশ্ব-তৈজসপ্রাজ্ঞরূপেণ) ঈয়তে প্রতীয়তে ॥৩১

আমি এ মথুরায় রহিয়াছি বলিয়া আমার সেই সেই স্থানে থাকা অসম্ভব এরূপ মনে করিওনা ইহাই বলিতেছেন,—আত্ম-মায়া প্রভাবে ভূতেন্দ্রিয় গুণাত্মারূপে (ভূতরূপ ইন্দ্রিয়রূপ গুণরূপ ও জীবরূপে) আত্মাদ্বারা আত্মাতে অধিষ্ঠান উপাদানরূপ আত্মাকে সৃজন, অন্তর্দ্ধান ও নিরন্তর পালন করিয়া থাকি।৩০

হায় হায়!! কি আশ্চর্য্য! "মায়াদ্বারা সৃজন করি" এই কথা কিরূপে বলিতেছ? জীবেরও তত্ত্বতঃ মায়িক-দেহের সহিত সম্বন্ধ নাই, সুতরাং আমার সম্বন্ধ কিরূপে হইবে তাহারই দৃষ্টান্ত বলিতেছেন,—

জ্ঞানময়, নির্ব্বিকার, দেহ ইন্দ্রিয় মন প্রাণ প্রভৃতির অতীত, আত্মা (মদীয় অংশ ক্ষেত্রজ্ঞ) সৃষ্টি সময়ে গুণান্বয় হইয়া সুষুপ্তি স্বপ্ন জাগ্রৎ প্রভৃতি মায়াবৃত্তি (মনোবৃত্তি) দ্বারা, দেহ ও মনোবৃত্তি হইতে গ্রাহকত্বে পৃথক্ প্রতীত হন।৩১

হায়! অন্তর্য্যামিত্বহেতু ও সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তকত্ব-হেতু সকল স্থানে প্রকাশমান হইলেও আমাকে তোমরা ভিন্ন অপর কেহই বিষয়াসক্তিদ্বারা দর্শন করিতে সমর্থ হন না; সুতরাং বিষয় ব্যতীত অন্য সকল দ্বারা মনোনিরোধ করিবে, অতএব প্রসঙ্গ ক্রমে তাহাদিগের মাহাত্ম্যার্থই বলিতেছেন;—

যেনেন্দ্রিয়ার্থান্ ধ্যায়েত মৃষা স্বপ্নবদুত্থিতঃ।
তন্নিরুন্ধ্যাদিন্দ্রিয়াণি বিনিদ্রঃ প্রত্যপদ্যত ॥৩২
এতদন্তঃ সমাম্নায়ো যোগঃ সাঙ্খ্যং মনীষিণাম্।
ত্যাগস্তপো দমঃ সত্যং সমুদ্রান্তা ইবাপগাঃ ॥৩৩

উত্থিতঃ জাগরিতঃ পুমান্ মৃষা মিথ্যাভূতং, স্বপ্নং যথা মনসা ধ্যায়তি, তথা মিথ্যাভূতান্ ইন্দ্রিয়ার্থান্ যেন মনসা ধ্যায়েৎ চিন্তয়েৎ, ধ্যায়ন্ চ ইন্দ্রিয়াণি প্রত্যপদ্যত প্রতিপদ্যতে, বিনিদ্রঃ অনলসঃ সন্ তৎ মনঃ নিরুন্ধ্যাৎ নিযচ্ছেৎ ॥৩২

সমাম্নায়ঃ বেদোক্তসাধনকলাপঃ যোগঃ যমাদ্যষ্টাঙ্গঃ, সাংখ্যম্ আত্মানাত্মবিবেকঃ ত্যাগঃ দানং, তপঃ, দমঃ ইন্দ্রিয়নিগ্রহঃ, সত্যং যথার্থভাষণং সর্ব্ব এব সমুদ্রান্তাঃ আপগাঃ নদ্যঃ যথা তথা এতদন্তঃ (এষঃ মনোনিরোধঃ অন্তঃ সমাপ্তিঃ ফলং যস্য সঃ) তথা এব ॥৩৩

নিদ্রোত্থিত পুরুষ অলীক স্বপ্নার্থের ন্যায় অর্থাৎ নিদ্রিতব্যক্তি স্বপ্নদর্শনপূর্ব্বক পশ্চাৎ জাগরিত হইয়া যেমন স্বপ্নদৃষ্ট পদার্থকে জাগ্রদ্দশায় অসত্য বলিয়া চিন্তা করে, তদ্রূপ পুরুষ মায়ার পরিণাম-রূপ মন-দ্বারা মিথ্যাভূত শব্দাদি বিষয়সমূহকে ধ্যান করে এবং ধ্যান করিয়া যে মনদ্বারা বাহ্য ইন্দ্রিয়সকলকে প্রাপ্ত হয়, সেই মনকে আলস্যশূন্য হইয়া দমন করিতে হইবে। কিংবা দেহাত্মভ্রমরহিত হইয়া সেই মনকেও অন্তর-বাহ্যেন্দ্রিয়সমূহকে দমন করিবে, যে মন দমিত হইলে তদ্দ্বারা আমাকে প্রাপ্ত হয় অর্থাৎ যথাবিধি জানিতে পারে, কিংবা যে মন দ্বারা ইন্দ্রিয়ার্থ অর্থাৎ দৃষ্টশ্রুত শব্দাদি (যাহা ধ্যানসময়ে অবিদ্যমান-অতীত বা অনাগত, তাহাদিগকে) ধ্যান করিবে এবং সেই মন ও ইন্দ্রিয় সমূহকে নিরোধ বা সংযমন করিবে, তদনন্তর প্রবুদ্ধ হইয়া ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের মূলস্বরূপ সর্ব্বনিয়ন্তা আমাকেই মদীয় ধ্যানদ্বারা প্রাপ্ত হইবে।৩২

যদি বল—বেদাদি শাস্ত্রে বহুবিধ আত্ম-জ্ঞানের সাধন কথিত হইয়াছে, সুতরাং কেবল মনের নিরোধ-মাত্র কি প্রকারে বলিতেছ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন;—

যত্ত্বহং ভবতীনাং বৈ দূরে বর্ত্তে প্রিয়ো দৃশাম্।
মনসঃ সন্নিকর্ষার্থং মদনুধ্যানকাম্যয়া ॥৩৪
যথা দূরচরে প্রেষ্ঠে মন আবিশ্য বর্ত্ততে।
স্ত্রীণাঞ্চ ন তথা চেতঃ সন্নিকৃষ্টেঽক্ষিগোচরে ॥৩৫

যৎ তু প্রিয়ঃ অপি অহং ভবতীনাং বৈ দৃশাং দূরে বর্ত্তে, তৎ মদনুধ্যানকাম্যয়া মনসঃ, সন্নিকর্ষার্থম্ এব ॥৩৪

স্ত্রীণাং চকারাৎ অন্যেষাং চ মনঃ দূরচরে দূরবর্ত্তিনি, প্রেষ্ঠে প্রিয়তমে জনে যথা আবিশ্য নিশ্চলং সৎ বর্ত্ততে, তথা অক্ষিগোচরে সন্নিকৃষ্টে চিত্তম্ আবিষ্টং ন ভবতি ॥৩৫

বিমুক্তাশেষবৃত্তি (বিমুক্তাঃ অশেষাঃ বৃত্তয়ঃ ব্যাপারাঃ

যেরূপ নদীসকল সমুদ্রেতেই পর্য্যবসিত হয় অর্থাৎ সমুদ্র পর্য্যন্ত গমনই নদীসকলের কার্য্য; সেরূপ বুদ্ধিমান্‌গণের বেদ, অষ্টাঙ্গযোগ, সাঙ্খ্য (আত্ম-অনাত্ম-বিবেক), ত্যাগ (সন্ন্যাস), তপঃ (স্বধর্ম্ম), দম (ইন্দ্রিয়-দমন) ও সত্য ইহারা সকলেই মনো-নিরোধ পর্য্যন্ত কার্য্যে পর্য্যবসিত হয়।৩৩

যদি বল—আমাদিগের সহিত এইরূপ বঞ্চনা করা নিষ্প্রয়োজন; আমরা সাক্ষাতেই তোমাকে দেখিতে ইচ্ছা করিতেছি; সুতরাং কেন তথায় বহুকাল বিলম্ব করিতেছ ? তাহাই বলিতেছেন ;—

তোমাদিগের প্রিয় আমি যে, তোমাদিগের নয়নের দূরে বসতি করিতেছি, (ইহার তাৎপর্য্য আর কিছুই নহে ;—) তোমাদিগের কর্ত্তৃক আমার যে নিরন্তর ধ্যান; তাহা কামনা করিয়া এবং তাহাও আমার মন তোমাদিগের সন্নিকর্ষের নিমিত্ত অর্থাৎ মনের নৈকট্য হইবার নিমিত্ত; (ইহার তাৎপর্য্যার্থ এই ;—যেমন সকল পরিত্যাগ করিয়া তোমাদের মন সর্ব্বদা আমাতে সুস্থির রহিয়াছে, তেমন তোমাদিগের প্রতি আমার মন সুস্থির নহে, অতএব লজ্জায় কার্য্যশেষাপেক্ষা করিয়া সর্ব্বদা স্বীয় মনের তোমাদের সামীপ্য প্রাপ্তির জন্যই এইস্থানে বর্ত্তমান রহিয়াছি)।৩৪

(যদি বল—হউক তোমার ভাবসিদ্ধি; তাহাতে

ময্যাবেশ্য মনঃ কৃৎস্নং বিমুক্তাশেষবৃত্তি যৎ।
অনুস্মরন্ত্যো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথ ॥৩৬
যা ময়া ক্রীড়তা রাত্র্যাং বনেঽস্মিন্ ব্রজ আস্থিতাঃ।
অলব্ধরাসাঃ কল্যাণ্যো মাপুর্মদ্বীর্য্যচিন্তয়া ॥৩৭

যস্মাৎ তৎ) যৎ কৃৎস্নং সম্পূর্ণং মনঃ ময়ি আবেশ্য স্থিরীকৃত্য নিত্যং মাম্ অনুস্মরন্ত্যঃ অথ মাম্ এব অচিরাৎ উপৈষ্যথ ॥৩৬

হে কল্যাণ্যঃ! অস্মিন্ বৃন্দাবনে বনে রাত্র্যাং ক্রীড়তা ময়া সহ অলব্ধরাসাঃ যাঃ গোপ্যঃ ব্রজে আস্থিতাঃ তাঃ মদ্বীর্য্যচিন্তয়া (মদ্বীর্য্যাণাং মল্লীলানাং চিন্তয়া) মাম্ এব আপুঃ (অতো যূয়মপি মচ্চিন্তনেন মাং প্রাপ্স্যথ ইতি ন সন্দেহঃ) ॥৩৭

আমাদিগের কি ? এই আশঙ্কায় বলিতেছেন—

কিংবা সেই স্থানে থাকিয়া কিরূপে তাহা সিদ্ধ হইবে, ইহাই উপপাদিত করিতেছেন ;—

রমণীগণের যেরূপ প্রিয়তম দূরে বর্ত্তমান থাকিলে তাহার প্রতি মন আবিষ্ট হইয়া থাকে; তদ্রূপ প্রিয়তম যদি সন্নিকৃষ্ট বা অক্ষিগোচরীভূত থাকে, তাহা হইলে তাহাতে তাহাদিগের মন সেইরূপ আবিষ্ট থাকে না।৩৫

যদি বল—তথাপি তুমি সেই নিমিত্ত চিরকাল সেই স্থানে থাকিতে সমর্থ নও, তদুত্তরে বলিতেছেন, ইহা সত্য; কিন্তু এখন তাহা সুসিদ্ধ হইয়াছে অতএব আমাকে আগতপ্রায় জানিও; ইহা বলিতেছেন—

যেহেতু তোমরা অন্যান্য যাবতীয় সঙ্কল্প পরিত্যক্ত মনকে তোমাদিগের চিত্তাকর্ষক আমাতে আবিষ্ট রাখিয়া নিরন্তর আমাকে স্মরণ পূর্ব্বক কৃষ্ণরূপে প্রসিদ্ধ বিশিষ্ট আমাকে শীঘ্রই প্রাপ্ত হইবে (এ বিষয়ে আমার কোন স্বাধীনতা নাই)।৩৬

(যদি বল—তাহাতে আমরা বিশ্বাস করিতে পারিতেছি না ; তাহাতেই বলিতেছেন ;—)

হে কল্যাণীগণ! এই প্রকট প্রকাশাত্মক বৃন্দাবনে রাসরজনীতে ক্রীড়াপরায়ণ কৃষ্ণরূপে প্রসিদ্ধ আমার সহিত ব্রজস্থিতা যে রমণীগণ রাসক্রীড়া

শ্রীশুক উবাচ।
এবং প্রিয়তমাদিষ্টমাকর্ণ্য ব্রজযোষিতঃ।
তা উচুরুদ্ধবং প্রীতাস্তৎসন্দেশাগতস্মৃতীঃ ॥৩৮
গোপ্য উচুঃ।
দিষ্ট্যাহিতো হতঃ কংসো যদূনাং সানুগোঽঘকৃৎ।
দিষ্ট্যাপ্তৈর্লব্ধসর্ব্বার্থৈঃ কুশল্যাস্তেঽচ্যুতোঽধুনা ॥৩৯

কচ্চিদ্গদাগ্রজঃ সৌম্য করোতি পুরযোষিতাম্।
প্রীতিং নঃ স্নিগ্ধসব্রীড়-হাসোদারেক্ষণার্চ্চিতঃ ॥৪০

কথং রতিবিশেষজ্ঞঃ প্রিয়শ্চ পুরযোষিতাম্।
নানুবধ্যেত তদ্বাক্যৈর্বিভ্রমৈশ্চানুভাজিতঃ ॥৪১

শ্রীশুকঃ উবাচ। এবং প্রিয়তমাদিষ্টম্ (প্রিয়তমস্য শ্রীকৃষ্ণস্য আদিষ্টম্) আকর্ণ্য শ্রুত্বা তৎসন্দেশাগতস্মৃতীঃ (তস্য সন্দেশেন আগত্য তল্লীলাবিষয়িকা স্মৃতিঃ যাসাং তাঃ) ব্রজযোষিতঃ প্রীতাঃ সত্যঃ উদ্ধবম্ উচুঃ ॥৩৮

গোপ্যঃ ঊচুঃ। যদূনাম্ অঘকৃৎ দুঃখদঃ সানুগঃ ভ্রাতৃ-মল্লাদিসহিতঃ অহিতঃ পাপী কংসঃ কৃষ্ণেন হতঃ এতৎ দিষ্ট্যা এব। তথা লব্ধসর্ব্বার্থৈঃ (লব্ধাঃ সর্ব্বে অর্থাঃ ধনাদিসম্পদঃ যৈঃ তৈঃ) আপ্তৈঃ বৃদ্ধৈঃ বসুদেবাদিভিঃ সহ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ অধুনা কুশলী আস্তে এতদপি দিষ্ট্যা এব।৩৯

হে সৌম্য! নঃ অস্মাকং গদাগ্রজঃ শ্রীকৃষ্ণঃ পুরযোষিতাং স্নিগ্ধসব্রীড়হাসোদারেক্ষণার্চ্চিতঃ (স্নিগ্ধং চ তৎ সব্রীড়হাসেন উদারং মনোরথপূরকং চ যৎ ঈক্ষণং তেন অর্চ্চিতঃ সৎকৃতঃ সন্) তাসাং প্রীতিং কচ্চিৎ করোতি ॥৪০

রতিবিশেষজ্ঞঃ (রতিবিশেষং জানাতি যঃ সঃ) অতঃ পুরযোষিতাং প্রিয়ঃ, অতএব তদ্বাক্যবিভ্রমৈঃ (তাসাং মধুর-বাক্যৈঃ বিভ্রমৈঃ নানাবিলাসৈঃ চ) অনুভাজিতঃ সৎকৃতঃ সন্ কথং ন অনুবধ্যেত বশবর্ত্তী ভবেৎ ॥৪১

প্রাপ্ত হয় নাই, তাহারাও কৃষ্ণরূপে প্রসিদ্ধাকার আমার রাসক্রীড়ারূপ বীর্য্য চিন্তা বা ধ্যান দ্বারা অপ্রকট প্রকাশাত্মক বৃন্দাবনে কৃষ্ণরূপে প্রসিদ্ধাকার আমাকে প্রাপ্ত হইয়াছে।৩৭

শ্রীশুকদেবগোস্বামী বলিলেন;—হে রাজন্! হায়! কি আশ্চর্য্য! তথাপি তাঁহাদিগের শোক নিবৃত্ত হইল না, বিশেষতঃ তৎ সংবাদে তাঁহার কার্য্যকলাপ স্মরণ হওয়ায় সমুৎপন্নপ্রেমবেগবশতঃ সকলেই বিলাপ করিতে লাগিলেন;—

ব্রজ-রমণীগণ প্রিয়তমের উক্তরূপ আদেশ শ্রবণ করিয়া তৎ সংবাদে তাঁহার স্মৃতি বিশেষরূপে উদ্গত হওয়ায় প্রীতা হইয়া শ্রীউদ্ধব মহাশয়কে বলিয়াছিলেন।৩৮

শ্রীগোপীগণ বলিলেন—(হায়! আমাদের নিজসুখ সিদ্ধ হউক বা অসিদ্ধই হউক; তাহা দ্বারা প্রয়োজন কি? তাঁহার সুখই আমাদের সর্ব্ব-মঙ্গল; এই অভিপ্রায়েই প্রথমে তাহা অভিনন্দন করিতেছেন—)

হে উদ্ধব! যদুগণের পরম শত্রু মহাদুঃখদ কংস অনুচরগণের সহিত আমাদিগের ভাগ্যবশেই বিনাশ প্রাপ্ত হইয়াছেন; ইহা আমাদের মহান্ আনন্দ, অতএব লব্ধপুরুষার্থ ভগবান্ অচ্যুত মিত্র-গণের সহিত সম্প্রতি সুখেই আছেন।৩৯

অপর কোনকোন গোপীগণ ঈর্ষার সহিত বলিলেন;—হে সৌম্য! যিনি আমাদের স্নিগ্ধ অথচ সলজ্জ-হাস্যের সহিত উদার (মনোজ্ঞ সেই) ঈক্ষণ দ্বারাপূজিত স্বীয় গদাগ্রজ শ্রীকৃষ্ণ হাস্য ও অবলোকন প্রভৃতি দ্বারা পুরস্ত্রীগণের প্রীতি উৎপাদন করিতেছেন কি?৪০

অহো! তাহা কি জিজ্ঞাসা করিতেছ? ইহাতে সন্দেহই নাই; ইহাই বলিতেছেন--

রূপ, বেশ ও উপকারাদি দ্বারা পুর-কামিনীগণের প্রিয়, রতিবিশেষের অভিজ্ঞ, ভগবান্ শ্রীকৃষ্ণ পুর-স্ত্রীগণের বাক্য-বিভ্রম কিংবা মধুর বাক্য ও বিভ্রম দ্বারা পূজিত হইয়া কেনইবা তাহাদিগের প্রতি অনুরক্তা না হইবেন? অবশ্যই তাহাদিগের প্রতি অনুরক্ত হইবেন।৪১

অপি স্মরতি নঃ সাধো গোবিন্দঃ প্রস্তুতে কচিৎ।
গোষ্ঠীমধ্যে পুরস্ত্রীণাং গ্রাম্যাঃ স্বৈরকথান্তরে ॥৪২

তাঃ কিং নিশাঃ স্মরতি যাসু তদা প্রিয়াভি-
র্বৃন্দাবনে কুমুদকুন্দশশাঙ্করম্যে।
রেমে ক্বণচ্চরণনূপুররাসগোষ্ঠ্যা-
মস্মাভিরীড়িত-মনোজ্ঞকথঃ কদাচিৎ ॥৪৩

অপ্যেষ্যতীহ দাশার্হস্তপ্তাঃ স্বকৃতয়া শুচা।
সঞ্জীবয়ন্ নু নো গাত্রৈর্যথেন্দ্রো বনমম্বুদৈঃ ॥৪৪

কস্মাৎ কৃষ্ণ ইহায়াতি প্রাপ্তরাজ্যো হতাহিতঃ।
নরেন্দ্রকন্যা উদ্বাহ্য প্রীতঃ সর্ব্বসুহৃদ্‌বৃতঃ ॥৪৫

হে সাধো! পুরস্ত্রীণাং গোষ্ঠীমধ্যে সভায়াং তথাপি স্বৈরকথান্তরে যথেষ্টবিহারকথামধ্যে প্রস্তুতে কস্মিংশ্চিৎ প্রসঙ্গে, কচিৎ অপি গ্রাম্যাঃ অবিদগ্ধাঃ, নঃ অস্মান্ গোবিন্দঃ অপি কিং স্মরতি?৪২

তদা ব্রজস্থিতিকালে, কুমুদ-কুন্দ-শশাঙ্ক-রম্যে (কুমুদৈঃ কুন্দৈঃ শশাঙ্কেন চ রম্যে মনোহরে) বৃন্দাবনে ক্বণচ্চরণনূপুর-গোষ্ঠ্যাং (ক্বণন্তি চরণনূপুরাণি যস্যাং তস্যাং রাসগোষ্ঠ্যাং রাস-সভায়াম্ অস্মাভিঃ প্রিয়াভিঃ সহ যাসু নিশাসু রেমে, তাঃ নিশাঃ সঃ ঈড়িতমনোজ্ঞকথঃ (ঈড়িতাঃ ব্রহ্মাদিভিঃ কবিভিঃ স্তুতাঃ মনোজ্ঞাঃ মনোহরাঃ কথাঃ যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ কিং কদাচিৎ স্মরতি? ॥৪৩

কিঞ্চ স্বকৃতয়া শুচা স্বনিমিত্তশোকেন তপ্তাঃ নঃ অস্মান্ ইন্দ্রঃ যথা অম্বুদৈঃ মেঘৈঃ শুষ্কং বনং সঞ্জীবয়ন্ আয়াতি তথা গাত্রৈঃ সুখকরস্পর্শাদিভিঃ সংজীবয়ন্ দাশার্হঃ কৃষ্ণঃ তু অপি কিম্ ইহ ব্রজে এষ্যতি আগমিষ্যতি ॥৪৪

(ইতরাঃ উচুঃ) অহো! সম্প্রতি কৃষ্ণঃ প্রাপ্তরাজ্যঃ (প্রাপ্তং রাজ্যং যেন সঃ), যতঃ হতাহিতঃ (হতাঃ অহিতাঃ শত্রবঃ কংসাদয়ঃ যেন সঃ), তথা নরেন্দ্রকন্যাঃ উদ্বাহ্য সর্ব্বসুহৃদ্‌বৃতঃ (সর্ব্বৈঃ সুহৃদ্ভিঃ পিত্রাদিভিঃ বৃতঃ) প্রীতঃ আস্তে, অতঃ কস্মাৎ সঃ ইহ আয়াতি আগমিষ্যতি ॥৪৫

সুষুপ্তি প্রভৃতিতেও আপনাদিগকে তিনি দর্শন করিয়া থাকেন। এই সন্দেহ দ্বারা স্বীয়-সৌভাগ্য শ্রুত হইলেও পুনরায় প্রেমবিশেষ হেতু অশান্তি-বশতঃ জিজ্ঞাসা করিতেছেন;—

হে সাধো! গোবিন্দ পুর-নারীগণের সভায় স্বচ্ছন্দ-কথার মধ্যে (অর্থাৎ কথায় কথায়) কোন-রূপ প্রস্তাব উপস্থিত হইলে; তিনি গ্রাম্যা অবিদগ্ধা আমাদিগকে কখনও স্মরণ করিয়া থাকেন কি?৪২

অহো! নাগরীগণকে প্রাপ্ত হইয়া আমাদিগকে স্মরণ নাইবা করিলেন; কিন্তু সেই রাসক্রীড়ার রজনীও কখন স্মরণ করেন কি? ইহাই জিজ্ঞাসা করিতেছেন,—

সেই সকল রাত্রি স্মরণ করেন কি? শ্রীকৃষ্ণের এইস্থানে অবস্থান কালে যে সকল রজনীতে কুমুদ, কুন্দ ও শশাঙ্ক দ্বারা রমণীয় বৃন্দাবনে তাঁহার এবং আমাদিগের চরণনূপুর শব্দে শব্দায়মান রাস-গোষ্ঠীতে প্রিয়া আমাদিগের সহিত স্বয়ং ক্রীড়া করিয়াছেন আর সে সময়ে ব্যোমপথে উপস্থিত দেবগণ জগতের অথবা তাঁহার চিত্তাকর্ষক মনোজ্ঞ কথা (বিবিধ বৈদগ্ধ্যাদি বার্ত্তা) কীর্ত্তন করিতে-ছিলেন।৪৩

যদি বল—তিনি তোমাদিগকে নিরন্তর স্মরণ করিয়া থাকেন; তদুত্তরে বলিতেছেন—তাহা হইলে তাঁহার আগমন বিশ্বাস করি না; এই আশয়ে কিংবা রাসের স্মরণ-জনিত উৎকণ্ঠাবশতঃ তাঁহার আগমন বার্ত্তা বিস্মৃত হইয়াই জিজ্ঞাসা করিতেছেন;—

(হে উদ্ধব!) দেবরাজ ইন্দ্র যেরূপ মেঘসকল দ্বারা অরণ্যকে সঞ্জীবিত করেন, সেইরূপ দাশার্হ শ্রীকৃষ্ণ স্বকৃত শোকে সন্তপ্তা আমদিগকে করস্পর্শাদি দ্বারা সঞ্জীবিত করিবার নিমিত্ত এই ব্রজে আগমন করিবেন কি?৪৪

যদি বল—শ্রীকৃষ্ণ নিশ্চয়ই ব্রজে আসিবেন;

কিমস্মাভির্বনৌকোভিরন্যাভির্বা মহাত্মনঃ।
শ্রীপতেরাপ্তকামস্য ক্রিয়েতার্থঃ কৃতাত্মনঃ ॥৪৬
পরং সৌখ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা।
তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়া ॥৪৭

(অন্যাঃ উচুঃ।) বনৌকোভিঃ বনবাসিনীভিঃ, অন্যাভিঃ বিদগ্ধাভিঃ পুরবাসিনীভিঃ বা আপ্তকামস্য পূর্ণমনোরথস্য মহাত্মনঃ (মহান্ সর্ব্বমনোরথপূরকঃ আত্মা অন্তঃকরণং যস্য তস্য) কৃতাত্মনঃ বশীকৃতান্তঃকরণস্য শ্রীপতেঃ কৃষ্ণস্য কিং কঃ বা অর্থঃ প্রয়োজনং ক্রিয়েত ॥৪৬

নৈরাশ্যম্ আশারাহিত্যং হি নিশ্চিতং পরং সৌখ্যং সুখসাধনম্, ইতি স্বৈরিণী কামচারিণী পিঙ্গলা অপি আহ; তথা তৎ জানতীনাম্ অপি নঃ অস্মাকং দুরত্যয়া আশা কৃষ্ণে বর্ত্ততে ॥৪৭

তাহার উত্তরে বলিতেছেন;—তাহা ঘটিবে না; ইহাই বলিতেছেন;—

শত্রু বিনাশ করিয়া প্রাপ্তরাজ্য, রাজকন্যাগণকে বিবাহ করিয়া প্রীত ও সকল সুহৃদ্‌গণে পরিবৃত পরমানন্দপরিপূর্ণ শ্রীকৃষ্ণ এই স্থানে কেন আগমন করিবেন ?৪৫

রজেকন্যা বিবাহের হেতু লক্ষ্য করিয়া তাহাদিগের প্রতিও করুণা দেখাইয়া যেন ঈর্ষ্যা সহকারে শ্রীকৃষ্ণের নিরপেক্ষতাই তাহার হেতুরূপে নির্দ্দেশ করিয়া বলিতেছেন;—

মহাত্মা, শ্রীপতি, আপ্তকাম ও কৃতাত্মা শ্রীকৃষ্ণের বনবাসিনী আমাদিগের দ্বারা এবং অন্য রমণীগণ দ্বারাই বা কি প্রয়োজন সংসাধিত হইতে পারে ?৪৬

তাহা হইলে তাঁহার প্রাপ্তির আশা পরিত্যাগ কর, ইহা বলিতে পার না; কেন না আশা কোন মতেই পরিত্যাগ করিতে পারিব না; তাহাতেই বলিলেন;—

কাম-চারিণী পিঙ্গলাও নৈরাশ্যেই (আকাঙ্ক্ষা রাহিত্য জন্যই) পরম সৌখ্য এইরূপ বলিয়াছে, সেই নৈরাশ্যই সুখ; ইহা অবগত হইলেও আমাদের চিত্তাকর্ষক শ্রীকৃষ্ণের প্রতি তাদৃশী আশা কিছুতেই আমরা পরিত্যাগ করিতে পারিব না।৪৭

ক উৎসহেত সন্ত্যক্তুমুত্তমশ্লোকসংবিদম্।
অনিচ্ছতোঽপি যস্য শ্রীরঙ্গান্ন চ্যবতে ক্বচিৎ ॥৪৮
সরিচ্ছৈলবনোদ্দেশা গাবো বেণুরবা ইমে।
সঙ্কর্ষণসহায়েন কৃষ্ণেনাচরিতাঃ প্রভো ॥৪৯

উত্তমঃশ্লোকসংবিদং (উত্তমৈঃ ব্রহ্মাদিভিঃ শ্লোক্যতে স্তূয়তে যঃ সঃ উত্তমশ্লোকঃ তস্য সংবিদম্ একান্তবার্ত্তাম্) সন্ত্যক্তুং কঃ প্রাণী উৎসহেত ? অনিচ্ছতঃ তাম্ অকাময়তঃ অপি যস্য অঙ্গাৎ শ্রীঃ লক্ষ্মীঃ ক্বচিৎ কদাচিৎ অপি ন চ্যবতে ন প্রচলতি ॥৪৮

হে প্রভো উদ্ধব! সঙ্কর্ষণসহায়েন রামসহিতেন কৃষ্ণেন আচরিতাঃ সেবিতাঃ ইমে সরিচ্ছৈল-বনোদ্দেশাঃ গাবঃ বেণু-

তাহাই অভিব্যঞ্জিত করিতেছেন;—

কোন্ ব্যক্তি উত্তমশ্লোকের বাক্য সম্যগ্‌রূপে পরিত্যাগ করিতে চেষ্টা করে ? যে উত্তমশ্লোক শ্রীকৃষ্ণের অনিচ্ছা সত্ত্বেও শ্রীমতী লক্ষ্মী দেবী তাঁহার বক্ষঃ হইতে কখনও বিচ্যুতা হন না।৪৮

অহো! তাঁহাকে বিস্মৃত হইলে আশাও নষ্ট হইয়া যাইবে তাহাও সম্ভবপর হইতে পারে না; ইহাই বলিতেছেন;—

হে প্রভো! সঙ্কর্ষণসঙ্গী শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আচরিত যে "যমুনাদি নদী, গোবর্দ্ধনাদি পর্ব্বত, বৃন্দাবনীয় তত্তৎ প্রদেশ, ধেনুগণ ও বেণুরব" ইহারা সকলে নন্দগোপৎতনয়কে বারংবার স্মরণ করাইয়া দিতেছে। (অর্থাৎ যে নদী, পর্ব্বত ও বৃন্দাবনে তিনি ক্রীড়া করিতেন, তত্তৎ ক্রীড়াস্থল দর্শনে এবং তৎপালিত ধেনুগণের অবস্থা দর্শনে, আর তৎকর্ত্তৃক প্রবর্ত্তিত বা শিক্ষিত গোপগণের বেণুরব শ্রবণে শ্রীকৃষ্ণ আমাদিগের স্মৃতিপথে জাগরূক হইতেছেন) এবং

পুনঃ পুনঃ স্মারয়ন্তি নন্দগোপসুতং বত।
শ্রীনিকেতৈস্তৎপদকৈর্বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥৫০

গত্যা ললিতয়োদার-হাসলীলাবলোকনৈঃ।
মাধ্ব্যা গিরা হৃতধিয়ঃ কথং তং বিস্মরামহে ॥৫১

যৎঃ শ্রীনিকেতৈঃ (শ্রিয়ঃ সৌন্দর্য্যসম্পদঃ নিকেতৈঃ আশ্রয়ৈঃ) তস্য পদকৈঃ (তত্তদ্দেশে চিহ্নতয়া আশ্রিতৈঃ) নন্দগোপসুতং পুনঃ পুনঃ স্মারয়ন্তি। অতঃ তং বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥৪৯-৫০

বয়ং তু তস্য ললিতয়া মনোহরয়া গত্যা উদারহাস-লীলাবলোকনৈঃ (উদারেণ মনোরথপূরকেণ হাসেন লীলয়া কটাক্ষেণ অবলোকনৈঃ চ) মাধ্ব্যা মধুরয়া গিরা বাণ্যা চ হৃতধিয়ঃ, অতঃ কথং তং বিস্মরামহে ॥৫১

শ্রীকৃষ্ণের ধ্বজাদি অসাধারণ চিহ্ন সম্পন্ন, কিংবা নিখিল লাবণ্যের কারণীভূত লক্ষ্মীর বাসস্থানস্বরূপ সর্ব্বত্র প্রকাশিত পদচিহ্নসমূহে তাঁহাকে বিস্মৃত হইতে পারিতেছি না। হায় হায়!! কি কষ্ট! যেহেতু তাঁহাকে পাইতেওছি না, ভুলিতেও পারিতেছি না (হায়! কি করিব? কোথায় যাইব)।৪৯-৫০

যদি বল—বস্ত্র দ্বারা স্ব স্ব নেত্রযুগল আবরণ করিয়া বুদ্ধি দ্বারা অপর বিষয়ে মনোনিবেশপূর্ব্বক শ্রীকৃষ্ণের সকল বিষয় ভুলিয়া তাঁহাকে বিস্মৃত হও; তাহাই বলিতেছেন ;—

হে উদ্ধব! "মনোহর গমন, মনোজ্ঞ হাস্য-লীলা দ্বারা অবলোকন ও মধুর বাক্য" এই ত্রিবিধ চেষ্টা দ্বারা শ্রীকৃষ্ণ আমাদের বুদ্ধি হরণ করিয়াছেন; সুতরাং সেই গমন প্রভৃতি অথবা শ্রীকৃষ্ণের সৌহার্দ্দ্য কি উপায়ে ভুলিয়া যাইব (অর্থাৎ কোন মতেই ভুলিতে পারিব না; কারণ তত্তদ্‌বিষয় স্মরণ দ্বারা তাঁহারই স্মৃতি উৎপন্ন হইয়া থাকে, অথবা পুনর্ব্বার অন্য কোনও তদ্‌বিস্মরণোপায় উপদেশ প্রদান কর)।৫১

হে রাজন্! তাহার পর শ্রীব্রজদেবীগণ মনে মনে ভাবিলেন—হায়! আমাদের দুঃখ, ইহার উপদেশে নিবৃত্ত হইবে না; সুতরাং তাঁহারা উদ্ধব মহাশয়কেও অনাদরপূর্ব্বক গাত্রোত্থান করিয়া এবং মথুরাভিমুখী হইয়া উচ্চধ্বনি সহকারে স্বীয় কান্তকেই সম্বোধন করিয়া দৈন্যের সহিত রোদন করিতে লাগিলেন ;—তাহাতেও তাঁহার গোকুলের প্রিয়তা-স্মরণ ও গোকুলের দুঃখ অসহিষ্ণুতাদ্বারা স্বীয় দুঃখকেও অনাদর করিয়া গোকুলের রক্ষাই প্রার্থনা করিতেছেন ;—

হে নাথ হে রমানাথ ব্রজনাথার্ত্তিনাশন।
মগ্নমুদ্ধর গোবিন্দ গোকুলং বৃজিনার্ণবে ॥৫২

শ্রীশুক উবাচ।

ততস্তাঃ কৃষ্ণসন্দেশৈর্ব্যপেতবিরহজ্বরাঃ।
উদ্ধবং পূজয়াঞ্চক্রুর্জ্ঞাত্বাত্মানমধোক্ষজম্ ॥৫৩

হে নাথ কৃষ্ণ! স্বামিন্! হে ব্রজনাথ! হে আর্ত্তিনাশন! হে রমানাথ! হে গোবিন্দ! বৃজিনার্ণবে দুঃখসমুদ্রে মগ্নং গোকুলং গোকুলবাসিজনম্ উদ্ধর ॥৫২

শ্রীশুকঃ উবাচ। ততঃ কৃষ্ণসন্দেশৈঃ ব্যপেতবিরহজ্বরাঃ (ব্যপেতঃ অপগতঃ বিরহকৃতঃ জ্বরঃ সন্তাপঃ যাসাং তাঃ) তাঃ গোপ্যঃ শ্রীকৃষ্ণম্ অধোক্ষজম্ আত্মানং জ্ঞাত্বা উদ্ধবং (গুরুত্বেন) পূজয়াঞ্চক্রুঃ ॥৫৩

হে কৃষ্ণ! হে রমা-নাথ! হে ব্রজ-নাথ! হে আর্ত্তিনাশন! হে গোবিন্দ! অধুনা দুঃখ-সাগরে নিমগ্ন এই গোকুলকে দুঃখ-সমুদ্র হইতে রক্ষা কর অর্থাৎ একবার নিজ দর্শন-দানে সকল দুঃখ দূরীভূত করিয়া পুনরায় জীবিত করিয়া সুখী কর।৫২

অনন্তর শ্রীব্রজাঙ্গনাগণ অতি কষ্টে শ্রীকৃষ্ণপ্রাপ্তির আশাও পরিত্যাগ করিয়া মরিতে উদ্যত হইলে, শ্রীউদ্ধবমহাশয় অতিশয় গোপ্য অন্যান্য সংবাদ বলিয়া তাঁহাদিগকে আনন্দিত করিয়াছিলেন; ইহাই—

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! অনন্তর এইরূপে বিলাপাদির পরে শ্রীব্রজদেবীগণ কিছুকাল নিশ্চেষ্টভাবে পড়িয়া রহিলেন, পরে কিঞ্চিৎ

উবাস কতিচিন্মাসান্ গোপীনাং বিনুদন্ শুচঃ।
কৃষ্ণলীলাকথা গায়ন্ রময়ামাস গোকুলম্॥৫৪
যাবন্ত্যহানি নন্দস্য ব্রজেঽবাৎসীৎ স উদ্ধবঃ।
ব্রজৌকসাং ক্ষণপ্রায়াণ্যাসন্ কৃষ্ণস্য বার্ত্তয়া॥৫৫

গোপীনাং শুচঃ শোকান্ বিনুদন্ অপনয়িতুম্ ইচ্ছন্ উদ্ধবঃ কতিচিৎ মাসান্ ব্রজে উবাস। তথা কৃষ্ণলীলাকথাঃ গায়ন্ গোকুলং রময়ামাস সুখয়ামাস॥৫৪

সঃ উদ্ধবঃ যাবন্তি অহানি নন্দস্য ব্রজে অবাৎসীৎ, তাবন্তি অহানি কৃষ্ণস্য বার্ত্তয়া ব্রজৌকসাং ব্রজবাসিজনানাং ক্ষণপ্রায়াণি আসন্ বভূবুঃ॥৫৫

ধৈর্য্য অবলম্বনে কিছু সুস্থতা লাভ করিলে শ্রীকৃষ্ণের সংবাদে তাঁহাদিগের শ্রীকৃষ্ণবিরহ জন্য মহাসন্তাপ অপগত হইল; পরন্তু তৎপ্রাপ্তি দ্বারা যেরূপ বিরহ অপগত হইবে তাহা হইল না। উদ্ধবকর্ত্তৃক যে আত্মজ্ঞান সন্দিষ্ট হইল, সেই আত্মাকে তাঁহারা অধোক্ষজ শ্রীকৃষ্ণ মনে করিয়াই শ্রীউদ্ধব মহাশয়কে সম্মানাদি দ্বারা পূজা করিয়াছিলেন।৫৩

অনন্তর শ্রীগোপীগণের শ্রীকৃষ্ণ-স্ফূর্ত্তিতে সাক্ষাৎকারত্ব প্রতীতি হওয়ায় তন্নিত্যলীলাতে এবং মানস-প্রত্যক্ষময় প্রবেশ হেতু 'শ্রীকৃষ্ণ যে আমি আমাতে মনঃনিবেশ করিয়া" এই তাঁহার আশ্বাসবাক্যেতে প্রায়ই শোক বিচ্ছিন্ন হইয়াছে; তাহাই বলিতেছেন—

উদ্ধব গোপীগণের দুঃখ অপনোদন করিয়া কয়েক মাস ব্রজ-ধামে বাস করিয়াছিলেন এবং শ্রীকৃষ্ণের মথুরার ও গোকুলের লীলাকথা গান করিয়া গোকুলবাসি-জন সকলকে সুখী করিয়াছিলেন অর্থাৎ তত্তৎ লীলাসমূহের বর্ণন দ্বারা প্রত্যক্ষের ন্যায় পরিস্ফুরণ হেতু সন্তুষ্ট করিয়াছিলেন।৫৪

সেই উদ্ধব মহাশয় শ্রীনন্দের গোকুলে যত দিন পর্য্যন্ত বাস করিয়াছিলেন; সেই সকল দিন ব্রজবাসিগণের পক্ষে শ্রীকৃষ্ণ বার্ত্তা দ্বারা ক্ষণপ্রায় হইয়াছিল।৫৫

সরিদ্বনগিরিদ্রোণীর্বীক্ষন্ কুসুমিতান্ দ্রুমান্।
কৃষ্ণং সংস্মারয়ন্ রেমে হরিদাসো ব্রজৌকসাম্॥৫৬
দৃষ্ট্বৈবমাদি গোপীনাং কৃষ্ণাবেশাত্মবিক্লবম্।
উদ্ধবঃ পরমপ্রীতস্তা নমস্যন্নিদং জগৌ॥৫৭

সরিদ্বনগিরিদ্রোণীঃ কুসুমিতান্ দ্রুমান্ চ বীক্ষন্ ব্রজৌকসাং কৃষ্ণং সংস্মারয়ন্ হরিদাসঃ উদ্ধবঃ রেমে॥৫৬

গোপীনাম্ এবমাদি (এবং প্রদর্শিতপ্রকারম্ আদিঃ যস্য তৎ) কৃষ্ণাবেশাত্মবিক্লবং (কৃষ্ণাবেশেন আত্মনঃ মনসঃ বিক্লবং ব্যাকুলতাং) দৃষ্ট্বা পরমপ্রীতঃ উদ্ধবঃ তাঃ গোপীঃ নমস্যন্ ইদং জগৌ উক্তবান্॥৫৭

(শ্রীউদ্ধব মহাশয় ব্রজবাসীদিগের সঙ্গে শ্রীবৃন্দাবনে পরিভ্রমণ করিয়া পরম সুখী হইয়াছিলেন; ইহাই বলিতেছেন;—)

সেই হরিদাস উদ্ধব নদী, বন, পর্ব্বত, পর্ব্বতগুহা ও কুসুমিত বৃক্ষসমূহ সাক্ষাৎ দর্শন করিয়া ব্রজবাসীদিগকে তত্তৎ প্রশ্ন ও শ্রীকৃষ্ণ সন্দেশ দ্বারা (কৃষ্ণের সংবাদ প্রদান দ্বারা) শ্রীকৃষ্ণকে স্মরণ করাইয়া ক্রীড়া করিতে লাগিলেন।৫৬

এই প্রকারে যদিও ব্রজবাসী সকলেরই শ্রীকৃষ্ণের প্রতি সর্ব্ববিলক্ষণ প্রেম রহিয়াছে; তথাপি শ্রীগোপীগণের প্রতি তাঁহার (উদ্ধবের) পরম চমৎকারময়ী ভক্তি হইয়াছিল; তাহাই দর্শন করাইতেছেন;—

শ্রীউদ্ধব শ্রীব্রজদেবীগণের উক্ত প্রকারাদি তচ্চরিত্র ও শ্রীকৃষ্ণাবেশবশতঃ স্ব স্ব দিব্যোন্মাদাদি অননুভূত বৈক্লব্য দর্শন করিয়া পরমানন্দিত অর্থাৎ তদ্দর্শনে স্বীয় ভাগ্যের স্ফূর্ত্তি হওয়ায় তাহাদিগের গুণানুমোদন পূর্ব্বকই অত্যন্ত হৃষ্ট হইয়া সেই গোপীদিগকে অগ্রে নমস্কার করিবার নিমিত্ত প্রথমে স্তোত্ররূপে কিংবা পরম ভক্তিবশতঃ সাক্ষাতেই প্রণাম করিয়া এই বক্ষ্যমাণ গীত উচ্চ অথচ সুমধুর স্বরে কীর্ত্তন করিয়াছিলেন।৫৭

এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো
গোবিন্দ এব নিখিলাত্মনি রূঢ়ভাবাঃ।
বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ
কিং ব্রহ্মজন্মভিরনন্তকথারসস্য ॥৫৮

অখিলাত্মনি গোবিন্দে এবং রূঢ়ভাবাঃ বদ্ধহৃদয়াঃ এতাঃ গোপবধ্বঃ পরং কেবলং ভুবি তনুভৃতঃ সফলজন্মানঃ এব। যং যং রূঢ়ভাবং ভবভিয়ঃ মুমুক্ষবঃ, মুনয়ঃ, বয়ং ভক্তাঃ অপি বাঞ্ছন্তি। অতঃ অনন্তকথারসস্য (অনন্তস্য ভগবতঃ কথাসু রসঃ রাগঃ যস্য তস্য) ব্রহ্ম-জন্মভিঃ বিপ্রসম্বন্ধিভিঃ জন্মভিঃ বা চতুর্মুখজন্মভিঃ অপি কিং প্রয়োজনম্ ॥৫৮

যদি বল,—ক্ষত্রিয়-শরীরধারিণী আপনাদিগের কর্ত্তৃক ব্রাহ্মণ শরীর নমস্য, এইরূপ নিশ্চয় হইলে "কেমা স্ত্রিয়ো বনচরীর্ব্যভিচারদুষ্টাঃ" কোন ব্যক্তির এই দুর্ম্মতি আশঙ্কা করিয়া তিন শ্লোকদ্বারা তাঁহাদিগের (গোপীগণের) সর্ব্বোত্তম শরীরধারিত্ব সংস্থাপন করিবার জন্য প্রথমে গোপীগণের ভগবানের মহাপ্রেম প্রকাশকারিত্ব স্থাপন করিতে যাইয়া বলিতেছেন ;—

এইরূপে সর্ব্বান্তর্য্যামী পরমেশ্বর গোবিন্দে রূঢ়ভাবা (জাতপ্রেমবিশেষা) এই ভগবৎপ্রেয়সী ব্রজবাসিনী গোপবধূগণ এই পৃথিবীতলে একমাত্র উত্তমশরীরধারিণী ; কারণ, ভবভীত মুক্তি ইচ্ছুক মুনিগণ এই ভাবকে প্রার্থনা করিয়া থাকেন এবং সর্ব্বদা শ্রীকৃষ্ণের সঙ্গী আমরা ভক্ত হইয়াও কেবল-মাত্র পাইতে বাঞ্ছা করিতেছি, কিন্তু প্রাপ্ত হইতেছি না। গোবিন্দের কথারসে অনুরাগী ব্যক্তির ব্রাহ্মণ-সম্বন্ধীয় "শৌক্র্য, সাবিত্র, যাজ্ঞিক" এই তিন জন্ম দ্বারা বিশেষ কি হইয়া থাকে ?৫৮

অহো! আমি অযোগ্য হইলেও শ্রীভগবানের কৃপাবিশেষেই কেবল আমার সহিত শ্রীব্রজদেবীদিগের মিলন সংসিদ্ধ হইয়াছে; এই অভিপ্রায়ে বলিতেছেন ;—

কেমাঃ স্ত্রিয়ো বনচরীর্ব্যভিচারদুষ্টাঃ
কৃষ্ণে ক চৈষ পরমাত্মনি রূঢ়ভাবঃ।
নন্বীশ্বরোঽনুভজতোঽবিদুষোঽপি সাক্ষা-
চ্ছ্রেয়স্তনোত্যগদরাজ ইবোপযুক্তঃ ॥৫৯

ইমাঃ ব্যভিচারদুষ্টাঃ (ব্যভিচারেণ কামসংকল্পেন দুষ্টাঃ) বনচরীঃ বনচর্য্যঃ সংসঙ্গরহিতাঃ, গোপ্যঃ ক। এষঃ অতিদুর্ল্লভঃ পরমাত্মনি কৃষ্ণে রূঢ়ভাবঃ নিশ্চলস্নেহশ্চ ক। ঈশ্বরঃ সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ ; অনু নিরন্তরং ভজতঃ জনস্য অবিদুষঃ স্বপ্রভাবম্ অজানতঃ অপি সাক্ষাৎ স্বয়মেব উপযুক্তঃ উপভুক্তঃ অগদরাজঃ ঔষধিশ্রেষ্ঠঃ অমৃতম্ ইব শ্রেয়ঃ ফলং তনোতি বিস্তরতঃ দদাতি এব ॥৫৯

ব্যভিচার-দুষ্ট (অর্থাৎ সৎকর্ম্ম পরাঙ্মুখ) এই শ্রীকৃষ্ণ-প্রিয়া বনচরী রমণীগণ কোথায়? আর পরমাত্মা শ্রীকৃষ্ণে অতিদুর্ল্লভ নিশ্চল প্রেমই বা কোথায়? (সুতরাং পরম বিস্ময়ে রোমাঞ্চ শরীরে অভিনয়ের সহিত বলিতেছেন হায় হায়!! এই গোপীগণের পরমাত্মা শ্রীকৃষ্ণে এইরূপ সুদৃশ্যমান মহাভাব সম্ভব হইল? পরন্তু আমাদিগের তাহার লেশমাত্রও নাই।)

(গোপীগণেরই শ্রীকৃষ্ণের প্রতি এইরূপ সৌহৃদ্য, কিন্তু শ্রীকৃষ্ণের গোপীদিগের প্রতি এইরূপ ভাব নাই ; ইহাও বলিতে পারা যায় না; কারণ, সেই পরমেশ্বরের পরম সহৃদয়তা অসাধারণেও পরিলক্ষিত হইয়া থাকে ; গোপরমণীগণ সম্বন্ধে আর কি বক্তব্য আছে? ইহাই বলিতেছেন—)

অগদরাজ অমৃত অজ্ঞানবশতঃ উপভুক্ত হইলেও যেমন আরোগ্য কিংবা অমরত্ব প্রদান করিয়া থাকে ; তদ্রূপ ঈশ্বর (পরমস্বতন্ত্র) শ্রীকৃষ্ণ ভজনের অনুকরণ-কারী ব্যক্তি অজ্ঞান হইলেও তাহাকে সাক্ষাৎ ভাবে শ্রেয়ঃ দান করিয়া থাকেন, ইহা নিশ্চিত।৫৯

নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ
স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ।
রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ-
লব্ধাশিষাং য উদগাদ্ ব্রজবল্লবীনাম্ ॥৬০

রাসোৎসবে রাসক্রীড়ায়াম্ অস্য কৃষ্ণস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ-লব্ধাশিষাং (ভুজদণ্ডাভ্যাং গৃহীতঃ আলিঙ্গিতঃ কণ্ঠঃ তেন লব্ধাঃ আশিষঃ মনোরথাঃ যাভিঃ তাসাং) ব্রজসুন্দরীণাং গোপীনাং যঃ অয়ং ভগবৎপ্রসাদঃ উদগাৎ আবির্বভূব, সঃ অয়ং প্রসাদঃ, নলিনগন্ধরুচাং (নলিনস্য ইব গন্ধঃ রুক্ কান্তিঃ চ যাসাং তাসাং) স্বর্যোষিতাম্ উ অহো। অঙ্গে বক্ষসি নিতান্তরতেঃ একান্তরতিমত্যাঃ শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ অপি ন অভূৎ, অন্যাঃ স্ত্রিয়ঃ কুতঃ এবং প্রসাদবিষয়াঃ ভবেয়ুঃ ॥৬০

(যদি বল—পরম-ব্যোমস্থ শ্রীনারায়ণ এবং শ্রীকৃষ্ণ অভেদ বলিয়া নিরূপিত হইয়াছেন; এই উভয়ের মধ্যে পূর্ব্বের অর্থাৎ পরম ব্যোমগত নারায়ণের বক্ষঃস্থলে সর্ব্বদা নিবাসিনী সকল ভক্তের শ্রেষ্ঠা শ্রীলক্ষ্মীদেবীতে যে ভাব আছে, সেই ভাবকে অভিনন্দিত করিতেছ না কেন? এবং "যথা দূরচরে প্রেষ্ঠে" অর্থাৎ "প্রিয়তম জন যদি দূরে থাকে; তাহা হইলে তাহার প্রতি স্ত্রীর অধিক প্রীতি থাকে" এই রীতি অনুসারে বিয়োগময় ভাবেরই সর্ব্বত্র উৎকর্ষ দেখা যায়, সুতরাং যদি মিলনেও এই গোপরমণীগণের ভাবের আধিক্য হয়, তাহা হইলে তাহাই বর্ণন কর; মিলনে কিন্তু কেবল লক্ষ্মীরই ভাবের আধিক্য উপলব্ধি হয়; লক্ষ্মী—স্বরূপশক্তি; তদপেক্ষায় স্বরূপে এই গোপীগণ হেয়, সুতরাং তুমি কিরূপে এই গোপীদিগকে স্তুতির বিষয়ীভূত করিতেছ, (অর্থাৎ স্তব করিতেছ) তাহাতেই প্রৌঢ়ির (ঔৎসুক্যের) সহিত বলিতেছেন;—

রাসোৎসবে ভগবান্ শ্রীকৃষ্ণের ভুজলতা দ্বারা কণ্ঠে গৃহীতা হইয়া মনোরথ পূর্ণ করত ব্রজ-রমণীগণ যে প্রসাদ প্রাপ্ত হইয়াছেন, এই প্রসাদ শ্রীকৃষ্ণের বাম বক্ষঃস্থলে নিয়ত বর্ত্তমানা পরমপ্রেমময়ী লক্ষ্মীদেবীরও হয় নাই এবং পদ্মের সদৃশ গন্ধ ও কান্তিমতী স্বর্গাঙ্গনা অপ্সরাগণেরও হয় নাই; সুতরাং অন্যান্য কামিনীগণের কথা আর কি বলিব? (অর্থাৎ কোন মতেই তাঁহারা প্রসাদের বিষয়ীভূতা হইতে পারেন না)।৬০

কিংবা গোপপত্নীগণের শ্রেষ্ঠতা সর্ব্বতোভাবে গান করিয়া তাঁহাদিগের দাসত্ব হৃদয়ে অভিলাষ থাকিলেও তাহা সুদুর্ল্লভ মনে হওয়ায় কেবল তাঁহাদের পাদপদ্ম সম্পর্কই প্রার্থনা করিতেছেন;—

আসামহো চরণরেণুজুষামহং স্যাং
বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাম্।
যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা
ভেজুর্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্ ॥৬১

যাঃ গোপ্যঃ দুস্ত্যজং স্বজনং পতিপুত্রাদিকম্ আর্য্যপথং (আর্য্যাণাং পন্থানং) চ হিত্বা শ্রুতিভিঃ বিমৃগ্যাম্ অভিমৃগ্যাং মুকুন্দপদবীং (মুকুন্দস্য মুক্তিদাতুঃ শ্রীকৃষ্ণস্য পদবীং প্রাপ্তিমার্গং) ভেজুঃ কৃষ্ণৈকচিন্তনপরাঃ বভূবুঃ। অহো। আসাং গোপীনাং চরণরেণুজুষাং গুল্মলতৌষধীনাং মধ্যে অহং কিমপি বৃন্দাবনে স্যাম্ ভবেয়ম্। (এতেষ্বপি যদি স্যাম্ তদপি মম দুর্ল্লভম্)॥৬১

হায় হায়!! আমি বৃন্দাবনস্থ এই ব্রজ-রমণীগণের চরণ-ধূলী সংলগ্ন গুল্ম, লতা ও ঔষধিগণের মধ্যে যে কোনও একটী হইতে পারিলে, কিংবা ব্রজদেবীগণের চরণরেণু-সংস্পর্শ যোগ্য কোনও তৃণ কীটাদিরূপে হইতে পারিলে নিজকে ধন্যজ্ঞান করিব; তাহা পাইলে উত্তম হয় অর্থাৎ তাদৃশ জন্মই আমি প্রার্থনা করিতেছি, আমার ভাগ্যে তাহা হইবে কি? যে ব্রজদেবীগণ অন্যজনের অপরিহার্য্য পতি-পুত্রাদি পরিজনবর্গকে এবং আর্য্যপথ বা ধর্ম্ম পরিত্যাগ করিয়া শ্রুতিগণের অন্বেষণীয় মুকুন্দের পদবী ভক্তিসহকারে ভজনা করিয়া থাকেন।৬১

যা বৈ শ্রিয়ার্চ্চিতমজাদিভিরাপ্তকামৈ-
র্যোগেশ্বরৈরপি যদাত্মনি রাসগোষ্ঠ্যাম্।
কৃষ্ণস্য তদ্ভগবতশ্চরণারবিন্দং
ন্যস্তং স্তনেষু বিজহুঃ পরিরভ্য তাপম্ ॥৬২
বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।
যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্ ॥৬৩

যাঃ গোপ্যঃ বৈ নিশ্চয়ে শ্রিয়া অর্চ্চিতম্ পূজিতম্ আপ্তকামৈঃ প্রাপ্তৈশ্বর্য্যৈঃ অজাদিভিঃ ব্রহ্মাদিভিঃ পূজিতং তথা যোগেশ্বরৈঃ সিদ্ধৈঃ আত্মনি মনসি চিন্তিতং যৎ ভগবতঃ ঐশ্বর্য্যাদি গুণপূর্ণস্য কৃষ্ণস্য চরণারবিন্দং তৎ তেনৈব কৃষ্ণেন রাসগোষ্ঠ্যাং স্তনেষু ন্যস্তং পরিরভ্য আলিঙ্গ্য তাপং কামসন্তাপং বিজহুঃ পরিত্যজুঃ ॥৬২

অতঃ যাসাং হরিকথোদ্গীতং ভুবনত্রয়ং পুনাতি তাসাং নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুম্ অহম্ অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ বন্দে ॥৬৩

কেবলমাত্র তাদৃশ তাহাদিগের লাভের সাধন তাদৃশ রাসের উৎকর্ষ দ্বারা তাঁহাদিগের মাহাত্ম্য নহে, কিন্তু ভগবানের লাভেরও মাহাত্ম্যও রহিয়াছে; ইহাই বলিতেছেন—

শ্রী (মহালক্ষ্মী), অজাদি (ব্রহ্মাদি), দেবগণ আপ্তকামগণ এবং যোগেশ্বরগণ কর্ত্তৃক বিশুদ্ধ আত্মায় অর্চ্চিত ভগবান্ শ্রীকৃষ্ণের সেই পাদাগ্রভাগরূপ অরবিন্দকে যে গোপীগণ রাসগোষ্ঠীতে স্তনোপরি সংরক্ষণপূর্ব্বক আলিঙ্গন করিয়া বিরহতাপ বিস্মৃত হইয়াছিলেন, ইহা সর্ব্বলোকের চমৎকারকারিত্বরূপে প্রসিদ্ধই রহিয়াছে।৬২

অতএব হায়! অতিমুগ্ধ আমার শ্রীব্রজদেবীদিগকে সাক্ষাৎ নমস্কারের সাহসে কোন প্রয়োজন নাই; কিন্তু ইঁহাদিগের সজাতীয়ত্ব বিধায় অন্যান্য রমণীগণেরও পাদরেণুকেই নমস্কার করিব; তাহাদিগকেও সাক্ষাৎ নমস্কারের সাহস করিব না; ইহাই বলিতেছেন;—

ভগবৎপ্রিয়াদিগের বিষয়ে অধিক আর কি বক্তব্য আছে? নন্দব্রজের স্ত্রীমাত্রের একমাত্র পাদরেণু আমি বারংবার বন্দনা করি। যে নন্দব্রজরমণীগণের হরিকথার উচ্চ-গান ত্রিভুবন পবিত্র করিয়া থাকে।৬৩

শ্রীশুক উবাচ।

অথ গোপীরনুজ্ঞাপ্য যশোদাং নন্দমেব চ।
গোপানামন্ত্র্য দাশার্হো যাস্যন্নারুরুহে রথম্ ॥৬৪
তং নির্গতং সমাসাদ্য নানোপায়নপাণয়ঃ।
নন্দাদয়োঽনুরাগেণ প্রাবোচন্নশ্রুলোচনাঃ ॥৬৫

শ্রীশুকঃ উবাচ। অথ গোপীনাং বিরহতাপনিবৃত্ত্যনন্তরং, দাশার্হঃ উদ্ধবঃ গোপীঃ যশোদাং নন্দং চ অনুজ্ঞাপ্য সংপ্রার্থ্য, গোপান্ আমন্ত্র্য অভিবাদ্য চ মথুরাং যাস্যন্ গন্তুম্ রথম্ আরুরুহে ॥৬৪

নানোপায়ন-পাণয়ঃ (নানাবিধানি উপায়নানি বস্তূনি পাণিষু যেষাং তে) অশ্রুলোচনাঃ (অশ্রূণি লোচনয়োঃ যেষাং তে) নন্দাদয়ঃ নির্গতং নিষ্ক্রান্তং তম্ উদ্ধবং সমাসাদ্য অনুরাগেণ প্রাবোচন্ ॥৬৫

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন;—হে রাজন্! অনন্তর একদা সর্ব্বনীতিজ্ঞ উদ্ধবমহাশয় শ্রীভগবৎপ্রিয়া গোপীগণ, শ্রীযশোদা ও শ্রীনন্দমহারাজ প্রভৃতির নিকট আজ্ঞা প্রার্থনা করিয়া অর্থাৎ তাঁহাদিগের চিত্তবিনোদন পূর্ব্বক আজ্ঞা লইয়া এবং অন্যান্য গোপগণ ও দাস দাসী প্রভৃতিকে যথাযথ সম্ভাষণ করিয়া মথুরায় যাইবার জন্য রথে আরোহণ করিলেন ৬৪

(রথারোহণের পরিপাটী বলিতেছেন,—) শ্রীব্রজরাজ প্রভৃতি গোপগণ রথারোহণের জন্য ব্রজদ্বারে উপস্থিত (কিংবা ব্রজ হইতে বহির্নির্গত) শ্রীউদ্ধব মহাশয়ের নিকটে আসিয়া নানাবিধ উপায়ন হাতে করিয়া অনুরাগে বাষ্পাকুল লোচনে গদ্গদ ভাবে বলিতে লাগিলেন।৬৫

মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ।
বাচোঽভিধায়িনীর্নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষু ॥৬৬
কর্ম্মভির্ভ্রাম্যমাণানাং যত্র কাপীশ্বরেচ্ছয়া।
মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥৬৭
এবং সভাজিতো গোপৈঃ কৃষ্ণভক্ত্যা নরাধিপ।
উদ্ধবঃ পুনরাগচ্ছন্মথুরাং কৃষ্ণপালিতাম্ ॥৬৮

(হে উদ্ধব!) নঃ অস্মাকং মনসঃ বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুঃ, বাচঃ চ তস্য নাম্নাম্ অভিধায়িনীঃ অভিধায়িন্যঃ স্যুঃ, কায়ঃ দেহশ্চ তৎ প্রহ্বণাদিষু নমস্কারাদিষু অস্তু ॥৬৬

কর্ম্মভিঃ (তদনুরূপয়া) ঈশ্বরেচ্ছয়া অত্র কাপি (দেবমনুষ্যাদিষু) ভ্রাম্যমাণানাং নঃ অস্মাকং মঙ্গলাচরিতৈঃ দানৈঃ পুণ্যাদিভিঃ ঈশ্বরে কৃষ্ণে রতিঃ অনুরাগঃ অস্তু এব ॥৬৭

"অনুরাগ সহকারে বলিলেন" এই পূর্ব্ব শ্লোকোক্তি সামর্থ্যে এইস্থলে "আমাদিগের মনের বৃত্তি হউক" এই যে উক্তি, তাহা অনুরাগ কৃতই বলিতে হইবে; কিন্তু ঐশ্বর্য-জ্ঞান কৃত নহে, অতএব তাহার ঐশ্বর্য্যপ্রধান মত আলোচনা করিয়া নিজের অত্যন্ত দুঃখ-ব্যঞ্জকত্ব হেতু তদীয় অঙ্গীকৃত্য বাক্য দ্বারাই স্বীয় অভীষ্ট প্রার্থনা করিতেছেন;—

আমাদিগের মনের বৃত্তি শ্রীকৃষ্ণ-চরণাবলম্বিনীই হউক অর্থাৎ যদি তোমরা শ্রীকৃষ্ণকে ঈশ্বর বলিয়াই মনে করিয়া থাক, আর যদিও আমাদিগের তৎ-প্রাপ্তি সুদূর পরাহতাও হয়, তথাপি তাঁহাতে আমাদিগের তদুচিত বৃত্তিসমূহ থাকুক্, পরন্তু তাহা হইতে উদাসীন না হউক এবং আমাদিগের বাক্য কিংবা বাগেন্দ্রিয়ের বৃত্তিসকল তাঁহার শ্রীকৃষ্ণ, দামোদর ও গোবিন্দপ্রভৃতি নামসমূহের অভিধায়িনী (কীর্ত্তনশীলা) হউক। আর আমাদিগের দেহ ভক্তিভূপূর্ব্ব তাঁহার নমস্কারাদিতে নিযুক্ত হউক।৬৬

(অপার্থিত এই ভক্তি প্রকারক শুভকর্ম্ম দ্বারা শ্রীকৃষ্ণের প্রেমভিন্ন অন্য কিছু ইচ্ছা করি না; ইহাই বলিতেছেন;—)

কৃষ্ণায় প্রণিপত্যাহ ভক্ত্যুদ্রেকং ব্রজৌকসাম্।
বাসুদেবায় রামায় রাজ্ঞে চোপায়নান্যদাৎ ॥৬৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭

হে নরাধিপ! কৃষ্ণভক্ত্যা গোপৈঃ এবং সভাজিতঃ সংপূজিতঃ উদ্ধবঃ কৃষ্ণপালিতাং মথুরাং পুনঃ আগচ্ছন্ ॥৬৮

কৃষ্ণায় বসুদেবায় রামায় রাজ্ঞে উগ্রসেনায় চ প্রণিপত্য ব্রজৌকসাং ভক্ত্যুদ্রেকম্ আহ. উপায়নানি চ অদাৎ ॥৬৯

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ॥

ঈশ্বরের ইচ্ছায় (কর্ম্মফলদাতা ঈশ্বরের ইচ্ছায়) কর্ম্মানুসারে এই পৃথিবীতে কিংবা উর্দ্ধলোকে যে কোনস্থানে ভ্রমণশীল আমাদিগের মঙ্গলাচরণ ও গবাদির দান দ্বারা ঈশ্বরে (ঈশ্বররূপ কৃষ্ণে) রতি (অনুরাগ) হউক।৬৭

হে নরাধিপ পরীক্ষিৎ! এইরূপে শ্রীকৃষ্ণ-প্রিয় গোপগণ কর্ত্তৃক প্রেমলক্ষণ মহানুরাগময়ী কৃষ্ণভক্তি বা কৃষ্ণাসক্তি দ্বারাই সম্মানিত হইয়া শ্রীউদ্ধবমহাশয় পুনরায় শ্রীকৃষ্ণ-পালিতা মথুরা পুরীতে আসিয়া উপস্থিত হইলেন।৬৮

প্রথমতঃ নিজের অন্তঃপুরস্থিত শ্রীকৃষ্ণকে প্রণাম পূর্ব্বক শ্রীকৃষ্ণকৃত আলিঙ্গন ও কুশল প্রশ্নাদি পূর্ব্ব-ব্যাপারসকল নির্ব্বাহান্তে ক্রমে তৎকৃত প্রশ্নবিশেষ ধারণা করিয়া ব্রজস্থ তাঁহার পিতা প্রভৃতির ভক্ত্যুদ্রেক অর্থাৎ তাহাদিগের সেই সেই বচন ও চেষ্টাত্মক প্রেমাতিশয় যথাযোগ্য অবসরক্রমে সমস্তই বলিলেন। অনন্তর যথাবসরে পূর্ব্ববৎ যথাক্রমে বসুদেব, রাম ও রাজা উগ্রসেনকে প্রণাম করিয়া ব্রজবাসিগণের ভক্ত্যুদ্রেক সকল বলিলেন। আর তাঁহারা যে সকল উপঢৌকন পাঠাইয়া দিলেন, সেই সমস্ত তাঁহাদিগকে প্রদান করিলেন।৬৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শ্রীবাদরায়ণিরুবাচ ।

অথ বিজ্ঞায় ভগবান্ সর্বাত্মা সর্ব্বদর্শনঃ ।
সৈরন্ধ্র্যাঃ কামতপ্তায়াঃ প্রিয়মিচ্ছন্ গৃহং যযৌ ।১

মহার্হোপস্করৈরাঢ্যং কামোপায়োপবৃংহিতম্ ।
মুক্তাদামপতাকাভির্বিতানশয়নাসনৈঃ ॥
ধূপৈঃ সুরভিভির্দীপৈঃ স্রগ্‌গন্ধৈরপি মণ্ডিতম্ ॥২

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ । অথ নন্দাদিব্রজবাসিগণ-সান্ত্বনানন্তরং সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ কামতপ্তায়াঃ সৈরন্ধ্র্যাঃ কুব্জায়াঃ কামসন্তাপং বিজ্ঞায় তস্যাঃ প্রিয়ং সুখম্ ইচ্ছন্ গৃহং যযৌ ॥১

মহার্হোপস্করৈঃ (মহার্হৈঃ মহামূল্যৈঃ উপস্করৈঃ পাত্রাদিভিঃ) আঢ্যম্ অন্বিতং, কামোপায়োপবৃংহিতং (কামোপায়ৈঃ কামোদ্দীপকৈঃ সুরতবন্ধাদিলেখ্যৈঃ উপবৃংহিতং সমৃদ্ধং) মুক্তাদামভিঃ পতাকাভিঃ ধ্বজৈঃ, বিতানৈঃ চন্দ্রাতপৈঃ, শয়নৈঃ শয্যাদিভিঃ, আসনৈঃ, সুরভিভিঃ ধূপৈঃ, দীপৈঃ, স্রগ্‌গন্ধৈঃ স্রগ্‌ভিঃ গন্ধৈঃ চন্দনাদিভিঃ চ মণ্ডিতম্ অলঙ্কৃতম্ ॥২

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন ;—হে রাজন্ ! সকলের অন্তরাত্মা সর্ব্বদর্শন ভগবান্ শ্রীকৃষ্ণ অনন্তর উদ্ধবের আগমনের কারণ বিশেষরূপে জানিতে পারিয়া অর্থাৎ বহুদিন পর্য্যন্ত শ্রীউদ্ধবের মুখ হইতে ব্রজ-বাসি-পিত্রাদির প্রত্যেকের সান্ত্বনা বিশেষরূপে অনুভব করিয়া কোনদিন কামসন্তপ্তা কুব্জা নামে প্রসিদ্ধা সৈরিন্ধ্রীর প্রিয় কার্য্য করিব এইরূপ অভিলাষ করিয়া তাঁহার গৃহে গমন করিলেন ।১

কিরূপ গৃহে শ্রীকৃষ্ণ গমন করিয়াছিলেন, তাহাই বলিতেছেন,—

অমূল্য গৃহোপকরণে শোভিত এবং কামোদ্দীপক মধু ও তাম্বূলপ্রভৃতি যুক্ত, গৃহাভ্যন্তরস্থ মুক্তামালা, গৃহের উপরিস্থিত পতাকা ও চন্দ্রাতপ, শয্যা, আসন, সুগন্ধ ধূপ, দীপ, মাল্য ও গন্ধদ্বারা অলঙ্কৃত (সেই গৃহে গমন করিয়াছিলেন) ।২

গৃহং তমায়ান্তমবেক্ষ্য সাসনাৎ
সদ্যঃ সমুত্থায় হি জাতসম্ভ্রমা ।
যথোপসঙ্গম্য সখীভিরচ্যুতং
সভাজয়ামাস সদাসনাদিভিঃ ॥৩

তথোদ্ধবঃ সাধু তয়াভিপূজিতো
ন্যষীদদুর্ব্যামভিমৃশ্য চাসনম্ ।
কৃষ্ণোঽপি তূর্ণং শয়নং মহাধনং
বিবেশ লোকাচরিতান্যনুব্রতঃ ॥৪

গৃহং প্রতি আয়ান্তং তং কৃষ্ণম্ অবেক্ষ্য জাতসম্ভ্রমা (জাতঃ সম্ভ্রমঃ যস্যাঃ সা) কুব্জা সা সদ্যঃ তৎক্ষণম্ এব আসনাৎ সমুত্থায় সখীভিঃ সহ যথা যথোচিতম্ উপসঙ্গম্য অভিমুখম্ আগত্য সদাসনাদিভিঃ অচ্যুতং কৃষ্ণং সভাজয়ামাস পূজয়ামাস ॥৩

তথা উদ্ধবঃ চ সাধু সম্যক্ যথা ভবতি তথা তয়া অভিপূজিতঃ সন্ আসনম্ অভিমৃশ্য হস্তেন গৃহীত্ব উর্ব্যাম্ এব ন্যষীদৎ উপবিবেশ । কৃষ্ণঃ অপি লোকাচরিতানি লৌকিকব্যবহারম্ অনুব্রতঃ অনুসরন্ মহাধনম্ অনর্ঘ্যং শয়নং পর্য্যঙ্কং তূর্ণং বিবেশ ॥৪

শ্রীভগবানের ইচ্ছায় তাঁহার গৃহে ত্রিবিধ উৎকর্ষ সম্পন্ন হইয়াছিল, ইহা বলা হইয়াছে। অনন্তর ভগবান্ গৃহে গমন করিলে যাহা বলা উচিত, তাহাই বলিতেছেন—

সৈরিন্ধ্রী (কুব্জা) শ্রীঅচ্যুতকে নিজের গৃহের দিকে আগমন করিতে দেখিয়া সম্ভ্রম সহকারে অথচ অত্যুল্লাসে তৎক্ষণাৎ আসন হইতে উত্থিতা হইয়া সখীগণের সহিত যথানিয়মে নিকটে আসিয়া (যথোচিত) সুবর্ণময় আসনাদি দ্বারা তাঁহার (যথোচিত) সম্মান করিতে লাগিলেন ।৩

শ্রীউদ্ধব মহাশয়ও সৈরিন্ধ্রী কর্তৃক উত্তমরূপে পূজিত হইয়া অর্থাৎ সৈরিন্ধ্রী শ্রীউদ্ধব মহাশয়কে আসন প্রদান করিলে পর পরমভক্ত শ্রীউদ্ধব মহাশয় সেই আসনে উপবেশন না করিয়া ভক্তিপূর্ব্বক আসন স্পর্শ করিয়া অথবা সৈরিন্ধ্রীদেবীর

সা মজ্জনালেপদুকূলভূষণ-
স্রগ্‌গন্ধতাম্বূলসুধাসবাদিভিঃ।
প্রসাধিতাত্মোপসসার মাধবং
সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ ॥৫

আহূয় কান্তাং নবসঙ্গমহ্রিয়া
বিশঙ্কিতাং কঙ্কণভূষিতে করে।
প্রগৃহ্য শয্যামধিবেশ্য রাময়া
রেমেঽনুলেপার্পণপুণ্যলেশয়া ॥৬

মজ্জনালেপদুকূল-ভূষণ-স্রগ্‌-গন্ধ-তাম্বূল-সুধাসবাদিভিঃ প্রসাদিতাত্মা সংস্কৃতদেহা সা কুব্জা সব্রীড়লীলোৎস্মিত-বিভ্রমেক্ষিতৈঃ (সব্রীড়ং লীলয়া উদ্গতং স্মিতং যেষু বিভ্রমেষু তদ্যুক্তৈঃ ঈক্ষিতৈঃ অবলোকনৈঃ) মাধবং কৃষ্ণম্ উপসসার উপজগাম ॥৫

নবসঙ্গমহ্রিয়া (নবসঙ্গমে যা হ্রীঃ লজ্জা তয়া) বিশঙ্কিতং স্বয়মাগমনম্ অকুর্ব্বতীং কান্তাং কুব্জাম্ আহূয় কঙ্কণভূষিতে করে হস্তে প্রগৃহ্য শয্যাম্ অধিবেশ্য অনুলেপার্পণপুণ্যলেশয়া (অনুলেপার্পণম্ এব পুণ্যলেশঃ যস্যাঃ তয়া) রাময়া স্ত্রিয়া সহ ভগবান্ রেমে ॥৬

প্রীতির নিমিত্ত বন্দনা করিয়া ভূমিতেই উপবেশন করিলেন। শ্রীকৃষ্ণও লোকচরিত্র রীতি অনুসারে শীঘ্র বহুমূল্য পর্য্যঙ্কে উপবেশন করিলেন।৪

স্নান, অনুলেপন, বসন, ভূষণ, মালা, তাম্বূল ও সুধা প্রভৃতি দ্বারা প্রসাদিতাত্মা সেই সৈরিন্ধ্রী দেবী (কুব্জা) লজ্জাসহকারে লীলায় উদ্‌গত হাস্য-সম্বলিত বিভ্রমযুক্ত যে দর্শন, তদ্‌যুক্তা হইয়া ধীরে ধীরে শ্রীমাধবের নিকটে উপস্থিতা হইলেন।৫

অনন্তর শ্রীভগবদ্ধর্ম্মের আবেশ হওয়ায় সেই কুব্জাদেবী কান্তা হইয়াছিলেন, পরে ভগবান্ যথাভি-লষিত কার্য্য করিয়াছিলেন; তাহাই বলিতেছেন;—

ভগবান্ শ্রীকৃষ্ণও নবসঙ্গম-লজ্জায় ভীতা কান্তা সৈরিন্ধ্রীকে আহ্বান করিয়া কঙ্কণ দ্বারা অলঙ্কৃত করদ্বয় গ্রহণপূর্ব্বক শয্যায় উপবেশন করাইয়া শ্রীহরির প্রতি অনুলেপন সমর্পণে লব্ধপুণ্যা সেই সৈরিন্ধ্রীদেবীর সহিত রমণ করিতে লাগিলেন।৬

এবং সৈরিন্ধ্রীদেবীও ধৃষ্টতা সহকারে স্বীয় অভিলষিত কার্য্য সমাধান করিয়াছিলেন; তাহাই বলিতেছেন;—

সানঙ্গতপ্তকুচয়োরুরসস্তথাক্ষ্ণো-
র্জিঘ্রন্ত্যনন্তচরণেন রুজো মৃজন্তী।
দোর্ভ্যাং স্তনান্তরগতং পরিরভ্য কান্ত-
মানন্দমূর্ত্তিমজহাদতিদীর্ঘতাপম্ ॥৭

সৈবং কৈবল্যনাথং তং প্রাপ্য দুষ্প্রাপমীশ্বরম্।
অঙ্গরাগার্পণেনাহো দুর্ভগেদমযাচত ॥৮

আহোষ্যতামিহ প্রেষ্ঠ দিনানি কতিচিন্ময়া।
রমস্ব নোৎসহে ত্যক্তুং সঙ্গং তেঽম্বুরুহেক্ষণ ॥৯

(অনন্তচরণং) জিঘ্রন্তী সা কুব্জা (অনঙ্গেন কামেন তপ্তেষু কুচাদিষু তচ্চরণং নিধায় তেন) অনন্তচরণেন অনঙ্গতপ্তকুচয়োঃ উরসঃ তথা অক্ষ্ণোঃ রুজঃ কামপীড়াং মৃজন্তী অপনয়ন্তী সতী স্তনান্তরগতং কুচমধ্যগতম্ আনন্দমূর্ত্তিং কান্তং প্রিয়তমং কৃষ্ণং দোর্ভ্যাং ভুজাভ্যাং পরিরভ্য আলিঙ্গ্য অতিদীর্ঘতাপং বহুকাল-সঞ্চিতং কামসন্তাপম্ অজহাৎ তত্যাজ ॥৭

সা সৈরিন্ধ্রীঃ এবম্ অঙ্গরাগার্পণেন দুষ্প্রাপ্যং কৈবল্যনাথং তম্ ঈশ্বরং প্রাপ্য অহো! দুর্ভগা সা ইদম্ এব অযাচত ॥৮

হে অম্বুরুহেক্ষণ প্রেষ্ঠ! তে তব সঙ্গম্ অহং ত্যক্তুং ন উৎসহে ন প্রভবামি; অতঃ ময়া সহ কতিচিৎ দিনানি রমস্ব। অত ইহ মদ্গৃহে ত্বয়া উষ্যতাম্ ॥৯

সেই সৈরিন্ধ্রীদেবী ভগবান্ অনন্তের চরণ আঘ্রাণ করিয়া কাম-সন্তপ্ত কুচযুগলের, বক্ষঃস্থলের ও নয়নদ্বয়ের কামপীড়া নাশ করিলেন এবং স্তন-দ্বয়ের মধ্যগত আনন্দমূর্ত্তি কান্তকে ভুজযুগল দ্বারা আলিঙ্গন করিয়া শ্রীকৃষ্ণের অপ্রাপ্তি-জনিত বহুদিনের সন্তাপ তৎক্ষণাৎই দূর করিলেন।৭

কি আশ্চর্য্য! সেই সৈরিন্ধ্রী পূর্ব্বের কুব্জত্ব ও

তস্যৈ কামবরং দত্ত্বা মানয়িত্বা চ মানদঃ।
সহোদ্ধবেন সর্ব্বেশঃ স্বধামাগমদৃদ্ধিমৎ ॥১০
দুরারাধ্যং সমারাধ্য বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরম্।
যো বৃণীতে মনোগ্রাহ্যমসত্ত্বাৎ কুমনীষ্যসৌ ॥১১
অক্রূরভবনং কৃষ্ণঃ সহরামোদ্ধবঃ প্রভুঃ।
কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ প্রাগাদক্রূরপ্রিয়কাম্যয়া ॥১২

স তান্ নরবরশ্রেষ্ঠানারাদ্ বীক্ষ্য সবান্ধবান্।
প্রত্যুত্থায় প্রমুদিতঃ পরিষ্বজ্যাভিনন্দ্য চ ॥১৩
ননাম কৃষ্ণং রামঞ্চ স তৈরপ্যভিবাদিতঃ।
পূজয়ামাস বিধিবৎ কৃতাসনপরিগ্রহান্ ॥১৪
পাদাবনেজনীরাপো ধারয়ন্ শিরসা নৃপ।
অর্হণেনাম্বরৈর্দিব্যৈর্গন্ধস্রগ্‌ভূষণোত্তমৈঃ ॥১৫

অথ মানদঃ বরদঃ সর্ব্বেশঃ সর্ব্বমনোরথপূরণসমর্থঃ শ্রীকৃষ্ণঃ তস্যৈ কুব্জায়ৈ কামবরং দত্ত্বা (তথাস্তু ইতি) মানয়িত্বা মনোরথং পূরয়িত্বা উদ্ধবেন সহ ঋদ্ধিমৎ সর্ব্বসম্পৎসমন্বিতং স্বধাম আগমৎ ॥১০

সর্ব্বেশ্বরেশ্বরং (সর্ব্বেষাম্ ঈশ্বরাণাং ব্রহ্মাদীনাম্ অপি ঈশ্বরং নিয়ন্তারং) দুরারাধ্যং বিষ্ণুং সর্ব্বব্যাপকং সমারাধ্য অসত্ত্বাৎ তুচ্ছত্বাৎ মনোগ্রাহ্যং মনঃপ্রিয়ং যঃ বৃণীতে, সঃ অসৌ কুমনীষী কুবুদ্ধিঃ এব ॥১১

অথ কিঞ্চিৎ চিকীর্ষয়ন্ (হস্তিনাপুরপ্রস্থানং কারয়িতুম্ ইচ্ছন্) অক্রূরস্য প্রিয়কাম্যয়া প্রিয়ং কর্ত্তুম্ ইচ্ছয়া চ সহরামোদ্ধবঃ (রামোদ্ধবাভ্যাং সহিতঃ) প্রভুঃ কৃষ্ণঃ অক্রূর-ভবনং প্রাগাৎ ॥১২

সঃ অক্রূরঃ নরবরশ্রেষ্ঠান্ পুরুষোত্তমান্ সবান্ধবান্ রাম-কৃষ্ণোদ্ধবান্ আরাৎ দূরাৎ বীক্ষ্য দৃষ্ট্বা প্রমুদিতঃ সন্ প্রত্যুত্থায় পরিষ্বজ্য আলিঙ্গ্য (তদাগমনং) অভিনন্দ্য চ ॥১৩

রামং কৃষ্ণং চ ননাম, ততঃ চ সঃ তৈঃ অপি অভিবাদিতঃ বাচা কৃতপ্রণামঃ সন্ কৃতাসনপরিগ্রহান্ আসনোপবিষ্টান্ তান্ রামাদীন্ বিধিবৎ পূজয়ামাস ॥১৪

দাসীত্বরূপে নিরতিশয় দৌর্ভাগ্যযুক্তা হইয়াও কেবল-মাত্র অঙ্গরাগ অর্পণেই এই প্রকারে ঈশ্বর অতএব দুষ্প্রাপ্য কৈবল্যনাথকে প্রাপ্তা হইয়া বক্ষ্যমাণ সুদুর্ল্লভ বর প্রার্থনা করিয়াছিলেন।৮

সৈরিন্ধ্রী বলিলেন;—হে কমলনয়ন! হে প্রিয়তম! এই গৃহে তুমি আমার সহিত বাস কর এবং আমার সহিত কয়েক দিন রমণ কর, আমি তোমার সঙ্গ পরিত্যাগ করিতে পারিতেছি না।৯

মানদ সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণ এই প্রকারে প্রার্থনা-কারিণী কুব্জাদেবীকে মধুর বাক্যে সম্ভাষণপূর্ব্বক কাম-বর প্রদান করিয়া শ্রীউদ্ধব মহাশয়ের সহিত সর্ব্ববিধ প্রিয়জন ও সর্বোপকরণসম্পন্ন স্বীয় ধামে আগমন করিলেন।১০

এই প্রকারে সেই কথা সমাপন করিয়া লৌকিক রমণীর ন্যায় প্রতীয়মান হইলেও তাহার (কুব্জার) নিন্দা দূর করিয়া প্রশংসাই প্রকাশ করিতেছেন;—

দুরারাধ্য সর্ব্বেশ্বরেশ্বর শ্রীবিষ্ণুকে আরাধনা করিয়া যে ব্যক্তি মনোগ্রাহ্য অর্থাৎ শব্দাদি বিষয়-সুখ প্রার্থনা করে, সেই ব্যক্তি অতিতুচ্ছ অনিত্য ও অনর্থকারি-বস্তুর প্রার্থনা করে বলিয়া কুৎসিতবুদ্ধি।১১

শ্রীসৈরিন্ধ্রীর ন্যায় শ্রীঅক্রূরের প্রতিও পূর্ব্বে তদ্‌গৃহগমনরূপ বর প্রদান করিয়াছিলেন; সেই বর সম্পাদন করিয়া "তাহার গৃহে গমন করিলেন"; এই অংশ দ্বারা প্রসঙ্গ-বিষয়ের সাজাত্যহেতু ও লীলাক্রমহেতু বলিতেছেন;—

শ্রীবলরাম ও শ্রীউদ্ধবের সহিত প্রভু ভগবান্ শ্রীকৃষ্ণ পাণ্ডবদিগের বৃত্তান্ত জানিবার নিমিত্ত অক্রূরকে হস্তিনাপুর প্রেরণ করিতে ইচ্ছা করিয়া শ্রীঅক্রূর মহাশয়ের হিত-কামনাপূর্ব্বকই তাঁহার গৃহে গমন করিলেন।১২

শ্রীকৃষ্ণের তদীয় এবং পাণ্ডবীয় সৌহৃদাংশ প্রকাশ করিয়াই সেই স্থানে গিয়াছেন বলিয়া প্রথমতঃ শ্রীঅক্রূরের তাদৃশ ভাব হইয়াছিল, ইহাই বলিতেছেন;—

শ্রীঅক্রূর নরবরশ্রেষ্ঠ সবান্ধব শ্রীরাম, শ্রীকৃষ্ণ এবং উদ্ধবকে দূর হইতে দর্শন করিয়া হৃষ্টান্তঃকরণে

অর্চ্চিত্বা শিরসানম্য পাদাবঙ্কগতৌ মৃজন্ ।
প্রশ্রয়াবনতোঽক্রূরঃ কৃষ্ণ-রামাবভাষত ॥১৬
দিষ্ট্যা পাপো হতঃ কংসঃ সানুগো বামিদং কুলম্ ।
ভবদ্ভ্যামুদ্ধৃতং কৃচ্ছ্রাদ্দুরন্তাচ্চ সমেধিতম্ ॥১৭

হে নৃপ ! পাদাবনেজনীঃ (পাদৌ অবনিজ্যেতে প্রক্ষাল্যেতে যাভিঃ তাঃ) আপঃ আ সর্ব্বতঃ, শিরসা ধারয়ন্, অর্হণেন অর্ঘ্যাদিনা, দিব্যৈঃ অম্বরৈঃ গন্ধস্রগ্‌ভূষণোত্তমৈঃ চ ॥১৫

অর্চ্চিত্বা শিরসা আনম্য অঙ্কগতৌ (উৎসঙ্গে নিধাপিতৌ) পাদৌ মৃজন্ সংমর্দ্দয়ন্ প্রশ্রয়েণ অবনতঃ অক্রূরঃ কৃষ্ণরামৌ অভাষত ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৬

ভবদ্ভ্যাং সানুগঃ মল্লাদিসহিতঃ পাপঃ পাপাত্মা কংসঃ হতঃ। বাং যুবয়োঃ ইদং কুলং দুরন্তাৎ অপারাৎ কৃচ্ছ্রাৎ দুঃখাৎ উদ্ধৃতং সমেধিতং সম্যক্ বর্দ্ধিতং চ। এতৎ সর্ব্বং

গাত্রোত্থান ও প্রত্যুদ্গমন পূর্ব্বক তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া অভিনন্দন করিলেন।১৩

এইরূপ কায়িক বাচনিক বলিয়া মানসিক নমস্কার বলিতেছেন ;—

শ্রীঅক্রূর মহাশয় পশ্চাৎ আতিথ্য করণে ভক্তির অংশ অবলম্বন করিয়া স্বভাবের উদয়বশতঃ ঐশ্বর্য্য স্ফূর্ত্তিহেতু সেই অনুক্রমেই শ্রীকৃষ্ণকে ও শ্রীবলরামকে নমস্কার করিলেন এবং উদ্ধব মহাশয়কে বন্ধুর উচিত সৎকার করিলেন। পরে তাঁহাদিগের কর্ত্তৃক অভিবাদিত হইয়া তাঁহারা আসন পরিগ্রহ করিলে তাঁহাদিগকে যথাবিধি পূজা করিলেন।১৪

হে রাজন্ ! শ্রীঅক্রূর মহাশয় শ্রীকৃষ্ণের চরণ-প্রক্ষালন জল মস্তকে ধারণ করিয়া দিব্য গন্ধমাল্য এবং উত্তম বসন ভূষণে ও চতুর্ব্বিধ অন্ন তাম্বূল প্রভৃতির দ্বারা অর্চ্চনাপূর্ব্বক অবনত-মস্তকে নমস্কার করিয়া স্বীয়ক্রোড়দেশে স্থাপিত রাম-কৃষ্ণের চরণ দ্বয় ভক্তিসহকারে সংবাহন (কিংবা স্বীয় উত্তরীয় বসন দ্বারা মার্জ্জন) করিতে করিতে বিনয়ে অবনত হইয়া উত্তানশায়ী শ্রীরাম-কৃষ্ণকে বলিলেন।১৫-১৬

প্রথমে ভগবান্ কর্ত্তৃক আচরিত কর্ম্মসমূহের

যুবাং প্রধানপুরুষৌ জগদ্ধেতূ জগন্ময়ৌ ।
ভবদ্ভ্যাং ন বিনা কিঞ্চিৎ পরমস্তি ন চাপরম্ ॥১৮
আত্মসৃষ্টমিদং বিশ্বমন্বাবিশ্য স্বশক্তিভিঃ ।
ঈয়তে বহুধা ব্রহ্মন্ শ্রুতপ্রত্যক্ষগোচরম্ ॥১৯

দিষ্ট্যা এব আনন্দো জাতঃ ॥১৭

যুবাং জগতঃ হেতূ নিমিত্তোপাদানকারণে, অতঃ জগন্ময়ৌ প্রধানপুরুষৌ পুরুষোত্তমৌ (প্রকৃতিপুরুষৌ বা), ভবদ্ভ্যাং বিনা ব্যতিরিক্তং কিঞ্চিৎ পরং কারণং ন অস্তি তথা অপরং কার্য্যং চ কিঞ্চিৎ অপি ন অস্তি ॥১৮

হে ব্রহ্মন্ ! স্বশক্তিভিঃ রজ-আদিভিঃ আত্মসৃষ্টং (আত্মনা এব সৃষ্টম্) ইদং বিশ্বম্ অন্বাবিশ্য (উপাদানত্বাৎ স্বয়ং তদ্রূপোঽপি অন্তর্য্যামিতয়া প্রবিশ্য ইব) শ্রুতপ্রত্যক্ষগোচরং যথা ভবতি তথা ভবান্ এব ঈয়তে প্রতীয়তে ॥১৯

অভিনন্দনরূপ স্তুতি বলিতেছেন ;—

পাপাত্মা কংস অনুচরগণের সহিত নিহত হইয়াছে, ইহা পরম আনন্দের বিষয় ; আপনাদের কর্ত্তৃক আপনাদের কুল কংস-কৃত অপার দুঃখ হইতে উদ্ধৃত হইয়া বিচিত্র বৈভবদ্বারা সম্যক্‌রূপে বর্দ্ধিত হইতেছে।১৭

কেবল আপনাদের এই কুল, ইহা কি প্রকারে বলা যাইতে পারে ; যেহেতু জগৎই আপনাদের উভয়ের, তাহাই বলিতেছেন ;—

আপনারা উভয়ে বহিরঙ্গশক্তি ও অন্তরঙ্গশক্তি দ্বারা শ্রেষ্ঠ পুরুষ হইয়া জগতের উপাদান ও নিমিত্ত কারণ হইয়া থাকেন ; অতএব এই অংশদ্বয় দ্বারাই জগন্ময় ; সুতরাং আপনারা ব্যতীত আর কিছুই কার্য্য নাই এবং কারণও নাই।১৮

(একই ভগবান্ জগদ্রূপে নানা হইয়া থাকেন, ইহাই বলিতেছেন—)

হে ব্রহ্মন্ ! (হে পরমেশ্বর !) আপনি নিজ শক্তি দ্বারা আত্মা হইতে সৃষ্ট এই বিশ্বের মধ্যে প্রবেশ করিয়া শ্রুত প্রত্যক্ষরূপে বহু প্রকারে অর্থাৎ দেব-গন্ধর্ব্বাদিরূপে ও মনুষ্যগবাদিরূপে বহুবার প্রতীত হইতেছেন।১৯

যথা হি ভূতেষু চরাচরেষু
মহ্যাদয়ো যোনিষু ভান্তি নানা।
এবং ভবান্ কেবল আত্মযোনি-
ষ্বাত্মাত্মতন্ত্রো বহুধা বিভাতি ॥২০
সৃজস্যথো লুম্পসি পাসি বিশ্বং
রজস্তমঃ-সত্ত্বগুণৈঃ স্বশক্তিভিঃ।
ন বধ্যসে তদ্‌গুণকর্ম্মভির্ব্বা
জ্ঞানাত্মনস্তে ক চ বন্ধহেতুঃ ॥২১

যোনিষু স্বকারণকেষু রূপান্তরেণাভিব্যক্তিস্থানেষু চরাচরেষু ভূতেষু হি প্রসিদ্ধঃ মহ্যাদয়ঃ কারণানি এব নানা তত্তদ্রূপেণ ভান্তি, এবম্ আত্মতন্ত্রঃ কালকর্ম্মাদিপারতন্ত্র্যরহিতঃ অপি ভবান্ আত্মযোনিষু স্বকারণকেষু ভূতভৌতিকেষু কার্য্যমাত্রেষু বহুধা লীলার্থং নানারূপঃ বিভাতি ॥২০

স্বশক্তিভিঃ রজস্তমঃসত্ত্বগুণৈঃ বিশ্বং সৃজসি পাসি, অথ অনন্তরং লুম্পসি সংহরসি, তথাপি তৈঃ রজআদিগুণৈঃ সৃষ্ট্যাদিকর্ম্মভিঃ বা ন বধ্যসে, যতঃ জ্ঞানাত্মনঃ অলুপ্তচৈতন্য-স্বরূপস্য তে তব ক চ বন্ধহেতুঃ বন্ধকারণং নাস্তীত্যর্থঃ ॥২১

কিন্তু ক্ষিতিপ্রভৃতির ন্যায় বিকারশীল নহে, ইহাই বলিতেছেন ;—

যেমন নিজের রূপান্তরে অভিব্যক্তি স্থান চরাচর ভূতে (পৃথিবী প্রভৃতি কার্য্য) পৃথিবী আদি কারণ-সমূহ নানারূপে প্রতিভাত হয় ; সেইরূপ শুদ্ধ (অচিন্ত্য শক্তিদ্বারা বিকার-রহিত) আত্মতন্ত্র (স্বতন্ত্র) আপনি, স্বকারণীভূত পদার্থে (নিজে কারণ যাহার তাদৃশ ভূত ও ভৌতিক পদার্থে) কিংবা জীবরূপেও নরমৃগাদি শরীরসমূহে এবং বালক, যুবা প্রভৃতি নানা অবস্থাতে প্রতীত হন।২০

(যদি বলেন—তাহা হউক ; কিন্তু অচিন্ত্য শক্তিত্বহেতু চিন্তামণি ও অয়স্কান্তাদির ন্যায় আমরা উপাদানকারণ ও নিমিত্তকারণ হইলেও অবিকারী কি প্রকারে হইলাম ? আর দর্শনাদি চেষ্টাময় দ্রষ্টৃত্বাদি থাকায় কেনই বা আমাদিগের তদ্দ্বারা বদ্ধ হইবে না ? তাহাতে বলিতেছেন)—

অনন্তর আপনি স্বীয়শক্তি—রজঃ, তমঃ ও সত্ত্ব-গুণদ্বারা এই জগৎকে সৃজন, পালন ও হরণ করিয়া থাকেন ; সেই গুণ, কর্ম্ম এবং রজঃপ্রভৃতি গুণমূলক সৃষ্টি আদি ব্যাপারসমূহে আপনি বদ্ধ হন না, সুতরাং জ্ঞানাত্মা (পরব্রহ্ম) আপনার বন্ধ-হেতু কোথায় ? অর্থাৎ জীবের ন্যায় আপনার বন্ধ-হেতু অবিদ্যা নাই।২১

দেহাদ্যুপাধেরনিরূপিতত্বাদ্-
ভবো ন সাক্ষান্ন ভিদাত্মনঃ স্যাৎ।
অতো ন বন্ধস্তব নৈব মোক্ষঃ
স্যাতাং নিকামস্ত্বয়ি নোঽবিবেকঃ ॥২২
ত্বয়োদিতোঽয়ং জগতো হিতায়
যদা যদা বেদপথঃ পুরাণঃ।
বাধ্যেত পাষণ্ডপথৈরসদ্ভি-
স্তদা ভবান্ সত্ত্বগুণং বিভর্ত্তি ॥২৩

দেহাদ্যুপাধেঃ অনিরূপিতত্বাৎ প্রাকৃতত্বেন নিরূপয়িতুমশক্য-ত্বাৎ সাক্ষাৎ আনন্দরূপস্য আত্মনঃ তব ভবঃ জন্ম (তথা দেহাদিপ্রযুক্তা) ভিদা ভেদঃ অপি ন স্যাৎ নাস্তি ; অতঃ তত্ত্বতঃ এব বন্ধঃ মোক্ষঃ চ নৈব স্যাতাং ; ত্বয়ি নঃ অস্মাকং নিকামঃ স্বাভিপ্রায়ানুরূপঃ অবিবেকঃ এব তথা ব্যবহারহেতুঃ ॥২২

জগতঃ প্রাণিমাত্রস্য হিতায় ত্বয়া উদিতঃ অয়ং পুরাণঃ বেদপথঃ বেদবোধিতধর্ম্মমার্গঃ যদা যদা পাষণ্ডপথৈঃ বেদবিরুদ্ধমার্গৈঃ অসদ্ভিঃ অসাধুভিঃ বাধ্যেত পীড্যেত, তদা তদা ভবান্ সত্ত্বগুণং শুদ্ধসত্ত্বময়ং বিগ্রহং বিভর্ত্তি ॥২৩

সাক্ষাৎ স্বাশ্রয়স্বরূপ আপনার বন্ধ-হেতু দেহাদি উপাধির (প্রাকৃত দেহ ও তন্মূলক কর্ম্মজ্ঞানাদি উপাধির) নিরূপণ নাই বলিয়া অপূর্ব্ব দেহগ্রহণ-রূপ উদ্ভব এবং দেহ-ত্যাগ নাই ; অতএব বন্ধ ও মোক্ষ নাই ; কিন্তু আমাদিগের দেহগ্রহণ ও ত্যাগরূপ বন্ধন ও মুক্তি রহিয়াছে ; তাহার কারণ আপনাতে আমাদিগের অবিবেক মায়ামোহিত জীবের অনুরূপ। (অবিবেক উপলব্ধি পরাঙ্মুখত্ব রহিয়াছে)।২২

অতএব স্বীয় ভক্তির তাৎপর্য্যের পর্য্যবসানস্থল

স ত্বং প্রভোঽদ্য বসুদেবগৃহেঽবতীর্ণঃ
স্বাংশেন ভারমপনেতুমিহাসি ভূমেঃ।
অক্ষৌহিণীশতবধেন সুরেতরাংশ-
রাজ্ঞামমুষ্য চ কুলস্য যশো বিতন্বন্ ॥২৪
অদ্যেশ নো বসতয়ঃ খলু ভূরিভাগা
যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ।
যৎপাদশৌচসলিলং ত্রিজগৎ পুনাতি
স ত্বং জগদ্গুরুরধোক্ষজ যাঃ প্রবিষ্টঃ ॥২৫
কঃ পণ্ডিতস্ত্বদপরং শরণং সমীয়াদ্
ভক্তপ্রিয়াদৃতগিরঃ সুহৃদঃ কৃতজ্ঞাৎ।
সর্ব্বান্ দদাতি সুহৃদো ভজতোঽভিকামা-
নাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যস্য ॥২৬

হে বিভো! সঃ ত্বং সুরেতরাংশরাজ্ঞাং (সুরেতরাণাম্ অসুরাণাম্ অংশভূতাঃ যে রাজানঃ কংসাদয়ঃ তেষাং) অক্ষৌহিণীশতবধেন (অক্ষৌহিণীনাং যানি শতানি তেষাং বধেন) ভূমেঃ ভারম্ অপনেতুং নিরাকর্ত্তুং তথা অমুষ্য যাদবকুলস্য যশঃ বিতন্বন্ বিস্তারয়িতুম্ ইচ্ছন্ চ ইহ ভূলোকে বসুদেবগৃহে স্বাংশেন বলভদ্রেণ সহ অবতীর্ণঃ অসি ॥২৪

হে অধোক্ষজ অতীন্দ্রিয়! যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ (দেবাঃ পিতরঃ ভূতানি নৃদেবাঃ রাজানঃ চ মূর্ত্তয়ঃ যস্য সঃ) তথা যৎপাদশৌচসলিলং (যস্য এব পাদয়োঃ সলিলং ক্ষালনোদকং গঙ্গারূপং) ত্রিলোকীং পুনাতি, সঃ জগতাং গুরুঃ পূজ্যঃ ত্বং যাঃ বসতীঃ প্রবিষ্টঃ, হে ঈশ্বর! অদ্য নঃ অস্মাকং তাঃ বসতয়ঃ খলু নিশ্চয়েন ভূরিভাগাঃ মহাপুণ্যাঃ এব ॥২৫

কঃ পণ্ডিতঃ বিবেকী ত্বত্তঃ ভক্তপ্রিয়াৎ (ভক্তাঃ প্রিয়াঃ যস্য তস্মাৎ) ঋতগিরঃ (ঋতা সত্যা গীঃ যস্য তস্মাৎ) সুহৃদঃ হিতকারিণঃ কৃতজ্ঞাৎ (কৃতং ভক্তকৃতং ভজনং দুষ্টকৃতং দ্রোহং বা জানাতি যঃ তস্মাৎ) সুহৃদঃ শুদ্ধান্তঃকরণস্য ভজতঃ ভক্তস্য সর্ব্বান্ অভিকামান্ বাঞ্ছিতান্ ধর্ম্মাদীন্ দদাতি, (কিং বহুনা) আত্মানম্ অপি তদধীনং করোতি, তথাপি যস্য উপচয়াপচয়ৌ উৎকর্ষাপকর্ষে ন স্তঃ, তাদৃশাৎ ভগবতঃ অপরং শরণং সমীয়াৎ ব্রজেৎ ॥২৬

বেদ-মার্গকে রক্ষা করিতে যাইয়া তাহার অভিব্যক্তি-স্থান সত্ত্বগুণকেও পোষণ করিতেছেন ;—

জগতের হিতের নিমিত্ত আপনা কর্ত্তৃক কথিত পুরাণ (অনাদি) এই বেদমার্গ, বেদবিরোধী অসদ্গণ কর্ত্তৃক যখন যখন প্রতিরুদ্ধ হয়, তখন তখন আপনি সত্ত্বগুণময় দেহধারণ করিয়া থাকেন।২৩

এইরূপ উপক্রমের পরে "দিষ্ট্যা পাপো হতঃ কংসঃ" ইত্যাদি নির্দিষ্ট প্রস্তুত বিষয়কেই অনুবর্ত্তন করিতেছেন ;—

হে বিভো! আপনি সেই শত সহস্র অক্ষৌহিণী অসুরপ্রভৃতি রাজগণকে বধ করিয়া পৃথিবীর ভার অপনোদন করিবার নিমিত্ত আর এই যাদবকুলের যশোবিস্তার করিবার নিমিত্ত স্বীয় অংশ শ্রীবলদেবের সহিত এই শ্রীবসুদেবের গৃহে অবতীর্ণ হইয়াছেন।২৪

(যদুকুলের মধ্যে আপনি আমাকে অত্যন্ত অনুগৃহীত করিয়াছেন, তাহাতেই বলিতেছেন ;—)

হে সর্ব্বেশ্বর! হে অধোক্ষজ! (হে নিখিল জ্ঞানের অতীত!) ব্রহ্ম-রুদ্রাদি যাবতীয় দেবগণ, পিতৃগণ, ভূতসকল ও নরদেবগণ আপনার মূর্ত্তি—শরীর এবং আপনার চরণধৌত সলিল ত্রিজগৎকে পবিত্র করিয়া থাকে ; সেই জগতের গুরু আপনি যে আমাদের গৃহে প্রবিষ্ট হইলেন, তাহাতে আমাদের গৃহ নিশ্চয়ই (বহুভাগ্যশালী হইল) পবিত্র হইল।২৫

কোন্ব্যক্তি পণ্ডিত হইয়া ভক্ত-প্রিয় সত্যবাক্ পরম-হিতকারী কৃতজ্ঞ আপনার ভিন্ন অন্যের শরণাগত হইবে? যে আপনার হ্রাস ও বৃদ্ধি নাই। আপনি ভজনকারিদিগকে অর্থাৎ পুষ্পাদি দ্বারা সেবাকারী সৌহার্দ্দযুক্ত ভক্তগণকে সকল অভিলষিত অর্থ এমন কি আত্মা পর্য্যন্তও প্রদান করিয়া থাকেন।২৬

দিষ্ট্যা জনার্দ্দন ভবানিহ নঃ প্রতীতো
যোগেশ্বরৈরপি দুরাপগতিঃ সুরেশৈঃ।
ছিন্ধ্যাশু নঃ সুতকলত্রধনাপ্তগেহ-
দেহাদিমোহরশনাং ভবদীয়মায়াম্॥২৭

ইত্যর্চ্চিতঃ সংস্তুতশ্চ ভক্তেন ভগবান্ হরিঃ।
অক্রূরং সস্মিতং প্রাহ গীর্ভিঃ সম্মোহয়ন্নিব ॥২৮

হে জনার্দ্দন মায়ানিবর্ত্তক! যোগেশ্বরৈঃ সনকাদিভিঃ, সুরেশৈঃ ইন্দ্রাদিভিঃ অপি দুরাপগতিঃ (দুরাপা দুর্লভা গতিঃ স্বরূপং যস্য সঃ) সঃ ভবান্ নঃ অস্মাকম্ ইহ গৃহে প্রতীতঃ ইতি দিষ্ট্যা এব; অতঃ নঃ অস্মাকং সুত-কলত্র-ধনাপ্তগেহ-দেহাদি-মোহরশনাং (সুতাদিষু যঃ মোহঃ আসক্তিঃ এব রশনা পাশঃ তাং) ভবদীয়মায়াম্ (ভবদীয়াং মায়াং) আশু শীঘ্রং ছিন্ধি বিনাশয় ॥২৭

ইতি এবং ভক্তেন অক্রূরেণ অর্চ্চিতঃ সংস্তুতঃ চ ভগবান্ হরিঃ সস্মিতং যথা স্যাৎ তথা গীর্ভিঃ অক্রূরং সংমোহয়ন্ ইব আহ ॥২৮

শ্রীভগবান্ উবাচ। ত্বং নঃ অস্মাকং গুরুঃ পূজ্যঃ পিতৃব্যঃ পিতুঃ ভ্রাতা শ্লাঘ্যঃ প্রশংসনীয়ঃ বন্ধুঃ চ। বয়ং তু নিত্যদা

(তাদৃশ তৎকৃপা প্রশংসা করিয়া লজ্জার সহিত স্বীয় তদেকনিষ্ঠতার যে বিঘ্ন, তাহার দূরীকরণ প্রার্থনা করিতেছেন;—)

হে জনার্দ্দন! সুরেশ ব্রহ্মাদি দেবগণ এবং যোগেশ্বর সনকাদিও আপনার স্বরূপ মাহাত্ম্য জানিতে অশক্ত; ঈদৃশ আপনি এই মনুষ্য-লোকে আমাদের নয়নের বিষয়ীভূত হইলেন। আহা! ইহা আমাদের পরম সৌভাগ্যের বিষয়। আপনার মায়াকার্য্যভূত পুত্র, কলত্র, ধন, জন, গৃহ ও দেহাদিতে আমাদিগের যে মোহরূপ পাশ, তাহা অবিলম্বে ছেদন করুন, ইহাই প্রার্থনীয়।২৭

ভক্তচূড়ামণি অক্রূর কর্ত্তৃক এই প্রকারে অর্চ্চিত ও সংস্তুত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্যসহকারে অক্রূরের চিত্ত বিনোদন করত বলিলেন।২৮

শ্রীভগবানুবাচ।
ত্বং নো গুরুঃ পিতৃব্যশ্চ শ্লাঘ্যো বন্ধুশ্চ নিত্যদা।
বয়ন্তু রক্ষ্যাঃ পোষ্যাশ্চ অনুকম্প্যাঃ প্রজা হি বঃ ॥২৯
ভবদ্বিধা মহাভাগা নিষেব্যা অর্হসত্তমাঃ।
শ্রেয়স্কামৈর্নৃভির্নিত্যং দেবাঃ স্বার্থা ন সাধবঃ ॥৩০
ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ ॥৩১

ভবতা রক্ষ্যাঃ (কুমার্গতঃ), পোষ্যাঃ বর্দ্ধনীয়াঃ, অনুকম্প্যাঃ কৃপাযোগ্যাঃ চ, হি যতঃ বঃ যুষ্মাকং প্রজাঃ পুত্রাদিরূপাঃ এব বয়ম্ ॥২৯

শ্রেয়স্কামৈঃ মোক্ষার্থিভিঃ নৃভিঃ ভবদ্বিধা ভবাদৃশাঃ অর্হত্তমাঃ উৎকৃষ্টতমাঃ মহাভাগাঃ জনাঃ নিত্যং সংনিষেব্যাঃ এব। যতঃ দেবাঃ হি স্বার্থাঃ (স্বার্থমপেক্ষ্য উপকুর্ব্বন্তি) সাধবঃ তু ন তথা ॥৩০

সাধূনাম্ অপেক্ষয়া ন অম্ময়ানি জলময়ানি গঙ্গাদীনি তীর্থানি উৎকৃষ্টানি; মৃচ্ছিলাময়া দেবাঃ বা ন উৎকৃষ্টাঃ; হি যস্মাৎ তে মৃচ্ছিলাদয়ঃ দেবাঃ উরুকালেন বহুকালেন সেবিতাঃ পুনন্তি; সাধবঃ তু দর্শনাদেব জ্ঞানভক্ত্যাদ্যুপদেশমাত্রেণ পুনন্তি ॥৩১

ভগবান্ বলিলেন, হে তাত! আপনি আমাদের পিতৃব্য; অতএব গুরুর ন্যায় পূজনীয় এবং প্রশংসনীয় পরম বন্ধু। আমরা যাহাতে কখন কুপথে পদার্পণ না করি, বা শত্রুকুল আমাদের কোন অনিষ্ট করিতে না পারে তজ্জন্য আমাদের প্রতি আপনার সর্ব্বদা দৃষ্টি রাখা কর্ত্তব্য। আমরা আপনার পুত্র-স্থানীয় এবং নিতান্ত কৃপার মাত্র।২৯

যাঁহারা মোক্ষাদি শ্রেয়োলাভের প্রার্থনা করেন, তাদৃশ জনগণ আপনার ন্যায় শ্রেষ্ঠতম মহাভাগ পুরুষেরই সেবা করিয়া থাকেন। কারণ, দেবতাগণও স্বার্থকে লক্ষ্য করিয়া জীবের উপকার করিয়া থাকেন; কিন্তু সাধুগণ সেরূপ নহেন; তাঁহারা নিঃস্বার্থে জগতের উপকার করিয়া থাকেন।৩০

সাধুর অপেক্ষা জলময়ী গঙ্গাদি তীর্থসমূহ বা

স ভবান্ সুহৃদাং বৈ নঃ শ্রেয়ান্ শ্রেয়শ্চিকীর্ষয়া।
জিজ্ঞাসার্থং পাণ্ডবানাং গচ্ছস্ব গজসাহ্বয়ম্ ॥৩২
পিতর্য্যুপরতে বালাঃ সহ মাত্রা সুদুঃখিতাঃ।
আনীতাঃ স্বপুরং রাজ্ঞা বসন্ত ইব শুশ্রুম ॥৩৩
তেষু রাজাম্বিকাপুত্রো ভ্রাতৃপুত্রেষু দীনধীঃ।
সমো ন বর্ত্ততে নূনং দুষ্পুত্রবশগোঽন্ধদৃক্ ॥৩৪
গচ্ছ জানীহি তদ্‌বৃত্তমধুনা সাধ্বসাধু বা।
বিজ্ঞায় তদ্ বিধাস্যামো যথা শং সুহৃদাং ভবেৎ ॥৩৫

ইত্যক্রূরং সমাদিশ্য ভগবান্ হরিরীশ্বরঃ।
সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং বৈ ততঃ স্বভবনং যযৌ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ।৪৮

সঃ উক্তবিধঃ ভবান্ নঃ অস্মাকং শ্রেয়ান্ শ্রেষ্ঠঃ; অতঃ সুহৃদাং পাণ্ডবানাং শ্রেয়ঃ চিকীর্ষয়া তৎ জিজ্ঞাসার্থং গজসাহ্বয়ং হস্তিনাপুরং গচ্ছস্ব গচ্ছ ॥৩২

পিতরি পাণ্ডৌ উপরতে মৃতে সতি বালাঃ যুধিষ্ঠিরাদয়ঃ রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ স্বপুরম্ আনীতাঃ সন্তঃ মাত্রা পৃথয়া সহ সুদুঃখিতা এব বসন্তে নিবসন্তি ইতি বয়ং শুশ্রুম শ্রুতবন্তঃ ॥৩৩

ভ্রাতৃপুত্রেষু তেষু যুধিষ্ঠিরাদিষু অন্ধদৃক্ (অন্ধা দৃক্ নেত্ররূপা যস্য সঃ) দীনধীঃ (দীনা বিবেকহীনা ধীঃ যস্য সঃ) দুষ্পুত্রবশগঃ (দুষ্টঃ যঃ পুত্রঃ দুর্য্যোধনঃ তদ্বশগঃ) রাজা অম্বিকাপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ নূনং নিশ্চিতং সমঃ তুল্যদৃষ্টিঃ ন বর্ত্ততে ॥৩৪

অতঃ ত্বং হস্তিনাপুরং গচ্ছ। অধুনা তদ্বৃত্তং (তেষাং পাণ্ডবানাং বৃত্তং বর্ত্তনং) সাধু অসাধু বা জানীহি। তৎ বৃত্তং বিজ্ঞায় সুহৃদাং শং সুখং যথা ভবেৎ তথা বিধাস্যামঃ করিষ্যামঃ ॥৩৫

ইতি এবম্ অক্রূরং সমাদিশ্য আজ্ঞাপ্য সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং সহিতঃ ঈশ্বরঃ ভগবান্ হরিঃ ততঃ স্বভবনং যযৌ ॥৩৬

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ

মৃন্ময় ও শিলাময় দেবতাগণ কখন উৎকৃষ্ট হইতে পারেন না; কারণ, শিলাদিময়ী দেবতা বা তীর্থসমূহ বহুকাল সেবনে জীবকে পবিত্র করে, কিন্তু সাধুগণের সন্দর্শনেই জ্ঞান ও ভক্তির উপদেশ লাভে জীব পবিত্রতা লাভ করে, সন্দেহ নাই।৩১

তাদৃশ সাধুহৃদয় আপনিই আমাদের পরম সুহৃদ্; অতএব আমাদের প্রিয় সুহৃদ্, পাণ্ডবগণের মঙ্গল-কামনায় আপনি একবার হস্তিনাপুরে গমন করুন এবং তাঁহাদের বিষয় পরিজ্ঞাত হউন।৩২

পিতা পাণ্ডুর মৃত্যু হইলে তদীয় পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতাকে রাজা ধৃতরাষ্ট্র স্বীয় পুরী হস্তিনায় আনয়ন করিয়াছিলেন; কিন্তু তথায় তাঁহারা জননী কুন্তীর সহিত অতিকষ্টেই কালাতিপাত করিতেছেন; এইরূপই আমরা শ্রবণ করিয়াছি।৩৩

অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র জন্মান্ধ; বিশেষতঃ তদীয় কুপুত্র দুর্য্যোধনাদির বশীভূত হইয়া, তিনি হিতাহিত বিবেচনায়ও সম্পূর্ণ অন্ধ হইয়াছেন। সুতরাং তদীয় ভ্রাতা মহারাজ পাণ্ডুর পুত্রগণ যুধিষ্ঠিরাদির প্রতি তিনি পুত্র-নির্ব্বিশেষে যত্ন যে করেন না, সে বিষয়ে আর সন্দেহ নাই।৩৪

অতএব আপনি হস্তিনাপুরে গমন করুন এবং পাণ্ডবেরা সম্প্রতি কিরূপ ভাবে জীবনযাত্রা নির্ব্বাহ করিতেছেন, তাহা বিশেষরূপে অবগত হউন। তাহাদের বর্ত্তমান অবস্থা পরিজ্ঞাত হইয়া, যাহাতে সেই সুহৃদ্‌গণের মঙ্গল-সাধন হয়, তদ্বিষয়ে আমরা বিশেষ যত্ন করিব।৩৫

ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরের প্রতি এইরূপ আদেশ করিয়া উদ্ধব এবং বলরামের সমভিব্যাহারে স্বকীয় ভবনে গমন করিলেন।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবদনুজ্ঞয়া অক্রূরস্য হস্তিনাপুরে গমনম্, তত্রত্য-বৃত্তান্তাবগত্যনন্তরং পুনস্তস্য যদুপুর্য্যামাগমনঞ্চ।]

শ্রীশুক উবাচ

স গত্বা হস্তিনাপুরং পৌরবেন্দ্রযশোঽঙ্কিতম্।
দদর্শ তত্রাম্বিকেয়ং সভীষ্মং বিদুরং পৃথাম্ ॥১

সহ পুত্রঞ্চ বাহ্লীকং ভারদ্বাজং সগৌতমম্।
কর্ণং সুযোধনং দ্রৌণিং পাণ্ডবান্ সুহৃদোঽপরান্॥২

যথাবদুপসঙ্গম্য বন্ধুভির্গান্দিনীসুতঃ।
সম্পৃষ্টস্তৈঃ সুহৃদ্বার্ত্তাং স্বয়ঞ্চাপৃচ্ছদব্যয়ম্ ॥৩

উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞো বৃত্তবিবিৎসয়া।
দুষ্প্রজস্যাল্পসারস্য খলচ্ছন্দানুবর্ত্তিনঃ ॥৪

তেজ ওজো বলং বীর্য্যং প্রশ্রয়াদীংশ্চ সদ্গুণান্
প্রজানুরাগং পার্থেষু ন সহদ্ভিশ্চিকীর্ষিতম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। সঃ অক্রূরঃ কৌরবেন্দ্রযশোঙ্কিতং (কৌরবেন্দ্রাণাং যশোভিঃ অঙ্কিতং হস্তিনাপুরং গত্বা তত্র সভীষ্মম (ভীষ্মেণ সহিতং) আম্বিকেয়ম অম্বিকাপুত্রং ধৃতরাষ্ট্রং, বিদুরং, পৃথাং চ দদর্শ ॥১

সহপুত্রং (পুত্রেণ সোমদত্তেন সহ বিদ্যমানং) বাহ্লীকং, ভারদ্বাজং, দ্রোণং, গৌতমং কৃপং, কর্ণং, দুর্য্যোধনং, দ্রৌণিম্ অশ্বত্থামানং, পাণ্ডবান্ তথা অপরান্ সুহৃদঃ চ দদর্শ ॥২

গান্দিনীসুতঃ অক্রূরঃ যথাবৎ যথাযোগ্যং বন্ধুভিঃ সহ উপসংগম্য মিলিত্বা তৈঃ চ সুহৃদ্বার্ত্তাং সংস্পৃষ্টঃ স্বয়ম অপি তেষাম্ অব্যয়ং কুশলম অপৃচ্ছৎ ॥৩

খলচ্ছন্দানুবর্ত্তিনঃ (খলাঃ দুষ্টাঃ কর্ণাদয়ঃ তেষাং ছন্দম্ ইচ্ছাম্ অনুবর্ত্তিতুং শীলং যস্য তস্য) দুষ্প্রজস্য (দুষ্টাঃ প্রজাঃ পুত্রাঃ দুর্য্যোধনাদয়ঃ যস্য তস্য) অল্পসারস্য (অল্পঃ মন্দঃ সারঃ বুদ্ধিঃ যস্য তস্য) রাজ্ঞঃ ধৃতরাষ্ট্রস্য বৃত্তবিবিৎসয়া (বৃত্তস্য বিবিৎসয়া জ্ঞাতুমিচ্ছয়া) কতিচিৎ মাসান্ তত্র উবাস ॥৪

তেজঃ পরাভিভবসামর্থ্যম্, ওজঃ ইন্দ্রিয়সামর্থং, বলং শরীর-সামর্থ্যং, বীর্য্যং, শৌর্য্যং, প্রশ্রয়াদীন্ চ পার্থানাং সদ্গুণান্ তথা পার্থেষু প্রজানুরাগং চ ন সহদ্ভিঃ অসহমানৈঃ ধার্ত্তরাষ্ট্রৈঃ ধৃতরাষ্ট্র-

একোনপঞ্চাশ অধ্যায়।

[শ্রীভগবানের আদেশে অক্রূরের হস্তিনাপুরে গমন এবং সেখানকার বৃত্তান্ত অবগত হইবার পর পুনঃ তাঁহার যদুপুরীতে আগমন।]

শুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর অক্রূর সেই কৌরবেন্দ্রগণের কীর্ত্তিস্তম্ভে সুসজ্জিত হস্তিনাপুরে উপনীত হইয়া ভীষ্মের সহিত একত্র উপবিষ্ট ধৃতরাষ্ট্র, বিদুর এবং পৃথা কুন্তীদেবীকে অবলোকন করিলেন।১

তথায় বাহ্লীক, তদীয় পুত্র সোমদত্ত, ভরদ্বাজ-নন্দন দ্রোণ, কৃপাচার্য্য, কর্ণ, দুর্য্যোধন, দ্রোণ-পুত্র অশ্বত্থামা, পাণ্ডবগণ এবং অন্যান্য সুহৃদ্বর্গের সহিত সাক্ষাৎ করিলেন।২

গান্দিনী-নন্দন অক্রূর সুহৃদ্গণের সহিত মিলিত হইয়া যথাযোগ্য সম্ভাষণ ও অভিবাদনাদি করিলেন; তাঁহারাও তাঁহার অভিবাদনাদি করিলে সকলের কুশল-বার্ত্তা তিনি জিজ্ঞাসা করিলেন।৩

ধৃতরাষ্ট্র দুষ্ট কর্ণাদির অভিমতেই কার্য্য করিতেন, এবং তাঁহার পুত্র দুর্য্যোধনাদিও নিতান্ত খল-প্রকৃতি; সুতরাং রাজা ধৃতরাষ্ট্রের কোনরূপ বুদ্ধির গুরুত্ব ছিল না; অতএব ধৃতরাষ্ট্রের ব্যবহার অনায়াসে পরিজ্ঞাত অভিপ্রায়ে অক্রূর কয়েক মাস সেই হস্তিনাপুরেই অবস্থান করিলেন।৪

পাণ্ডবগণের পরাভিভব-সামর্থ্য, ইন্দ্রিয়ের বল, দেহের বল, বীর্য্য, শৌর্য্য ও বিনয়াদি নানাপ্রকার সদ্গুণ এবং তাহাদিগের প্রতি প্রজাবর্গের অনুরাগাদি অবলোকনে মর্ম্মপীড়িত দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্র পুত্রগণ

কৃতঞ্চ ধার্ত্তরাষ্ট্রৈর্যদগরদানাদ্যপেশলম্।
আচখ্যৌ সর্বমেবাস্মৈ পৃথা বিদুর এব চ ॥৬
পৃথা তু ভ্রাতরং প্রাপ্তমক্রূরমুপসৃত্য তম্।
উবাচ জন্মনিলয়ং স্মরন্ত্যশ্রুকলেক্ষণা ॥৭
অপি স্মরন্তি নঃ সৌম্য পিতরৌ ভ্রাতরশ্চ মে।
ভগিন্যো ভ্রাতৃপুত্রাশ্চ জাময়ঃ সখ্য এব চ ॥৮
ভ্রাত্রেয়ো ভগবান্ কৃষ্ণঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
পৈতৃষ্বসেয়ান্ স্মরতি রামশ্চাম্বুরুহেক্ষণঃ ॥৯

তনয়ৈঃ দুর্য্যোধনাদিভিঃ যৎ গরদানাদি বিষয়দানাদিকম্ অপেশলং দুষ্টং কর্ম্ম কৃতং, যৎ চ অগ্রে চিকীর্ষিতং তৎ সর্ব্বম্ অস্মৈ অক্রূরায় পৃথা বিদুরঃ চ আচখ্যৌ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৫-৬

পৃথা তু ভ্রাতরম্ অক্রূরং প্রাপ্তম্ উপস্থিতম্ আশ্রুত্য উপসৃত্য তৎসমীপং গত্বা, জন্মনিলয়ং পিতৃগৃহং স্মরন্তী অশ্রুকলেক্ষণা (অশ্রূণাং কলাঃ লেশাঃ যয়োঃ তে ঈক্ষণে যস্যাঃ সা) সতী তম্ অক্রূরম্ উবাচ ॥৭

হে সৌম্য! অপি নঃ অস্মান্, যে পিতরৌ, ভ্রাতরঃ, ভগিন্যঃ, ভ্রাতৃপুত্রাঃ, যাময়ঃ কুলস্ত্রিয়ঃ, সখ্যঃ এব চ স্মরন্তি কিম্ ?৮

মম ভ্রাত্রেয়ঃ ভ্রাতৃপুত্রঃ, ভক্তবৎসলঃ শরণ্যঃ ভগবান্ কৃষ্ণঃ

পাণ্ডবগণের প্রতি যে সকল বিষদানাদি দুর্ব্বৃত্তাচরণ করিয়াছিলেন এবং পরেও যে সকল করিবার অভিপ্রায় করিতেছেন, তৎসমস্তই বিদুর ও কুন্তী অক্রূরের নিকট বর্ণন করিলেন।৫-৬

ভ্রাতা ও অক্রূর হস্তিনাপুরে আগমন করিয়াছেন শ্রবণ করিয়া কুন্তী তৎসমীপে উপস্থিত হইলেন এবং জন্মস্থান পিতৃগৃহ স্মরণকরত অশ্রুপূর্ণলোচনে এবং গদ্‌গদ বচনে অক্রূরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।৭

হে সৌম্য! জনক জননী কি আর এই দুঃখিনীকে কন্যা বলিয়া মনে করেন? ভ্রাতৃগণ, ভগিনীগণ, ভ্রাতৃপুত্র, কুলবধূগণ এবং তখনকার আমার সহচরী সখীগণ কি আমার বিষয় স্মরণ করেন ?৮

হে ভ্রাতঃ! বল দেখি, জগতের আশ্রয়প্রদ ভক্তবৎসল আমার ভ্রাতৃপুত্র ভগবান্ শ্রীকৃষ্ণ এবং

সাপত্নমধ্যে শোচন্তীং বৃকাণাং হরিণীমিব।
সান্ত্বয়িষ্যতি মাং বাক্যৈঃ পিতৃহীনাংশ্চ বালকান্ ॥১০
কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন।
প্রপন্নাং পাহি গোবিন্দ শিশুভিশ্চাবসীদতীম্ ॥১১
নান্যৎ তব পদাম্ভোজাৎ পশ্যামি শরণং নৃণাম্।
বিভ্যতাং মৃত্যুসংসারাদীশ্বরস্যাপবর্গিকাৎ ॥১২

অম্বুরুহেক্ষণঃ রামঃ চ পৈতৃষ্বসেয়ান্ (পিতৃভগিন্যাঃ মম সুতান্ যুধিষ্ঠিরাদীন্) কিং স্মরতি ?৯

বৃকাণাং ঘাতকানাং মধ্যে হরিণীম্ ইব সাপত্নমধ্যে (সাপত্নানাং শত্রূণাং দুর্য্যোধনাদীনাং মধ্যে) শোচন্তীং মাং তথা পিতৃহীনান্ বালকান্ সৎপুত্রান্ চ কিং সান্ত্বয়িষ্যতি ॥১০

হে মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন কৃষ্ণ! গোবিন্দ! শিশুভিঃ সহ অবসীদতীং ক্লিশ্যন্তীং প্রপন্নাং শরণাগতাং মাং পাহি ॥১১

মৃত্যুসংসারাৎ (মৃত্যোঃ সংসারাৎ উৎপত্তেঃ চ) বিভ্যতাং নৃণাম্ ঈশ্বরস্য তব আপবর্গিকাৎ মোক্ষপ্রদাৎ পদাম্ভোজাৎ অন্যৎ শরণং ন পশ্যামি ॥১২

কমললোচন বলরাম পিতৃষ্বসার পুত্র বলিয়া মদীয় পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতাকে কি কখন মনে করেন ?৯

অহো ভীষণ মাংসলোলুপ বৃকগণের মধ্যগতা হরিণীর ন্যায়, দোর্দ্দণ্ডপ্রতাপ দুর্য্যোধনাদি শত্রুকুলের মধ্যে অবস্থানকরত দুরন্ত দুঃখসাগরে নিপতিতা এই হতভাগিনীকে এবং পিতৃহীন মদীয় অসহায় পুত্রগণকে কি কখন তাঁহারা সান্ত্বনা-বাক্যে পরিতুষ্ট করিবেন ?১০

হে মহাযোগিন্ শ্রীকৃষ্ণ! তুমি বিশ্বসংসারকে পালন করিতেছ এবং অন্তরের সকল কথাই অবগত আছ। হে বিশ্বাত্মন্ গোবিন্দ! এই অসহায় বালকগণকে লইয়া, আমি সাতিশয় ক্লেশ পাইতেছি, আমার আর কোন উপায়ই নাই। হে শরণাগত-প্রতিপালক! আমি তোমার আশ্রয় গ্রহণ করিলাম।

নমঃ কৃষ্ণায় শুদ্ধায় ব্রহ্মণে পরমাত্মনে।
যোগেশ্বরায় যোগায় ত্বামহং শরণং গতা ॥১৩

শ্রীশুক উবাচ।

ইত্যনুস্মৃত্য স্বজনং কৃষ্ণঞ্চ জগদীশ্বরম্।
প্রারুদদ্ দুঃখিতা রাজন্ ভবতাং প্রপিতামহী ॥১৪
সমদুঃখসুখোঽক্রূরো বিদুরশ্চ মহাযশাঃ।
সান্ত্বয়ামাসতুঃ কুন্তীং তৎপুত্রোৎপত্তিহেতুভিঃ ॥১৫

নমঃ কৃষ্ণায় সদানন্দমূর্ত্তয়ে, শুদ্ধায় রাগদ্বেষাদিদোষরহিতায়, ব্রহ্মণে বেদান্তপ্রতিপাদ্যায়, পরমাত্মনে অন্তর্য্যামিণে, যোগেশ্বরায় যোগফলদাত্রে, যোগায় যোগফলরূপায় তুভ্যং নমঃ। অহং ত্বাং শরণং গতা ॥১৩

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্। ভবতাং প্রপিতামহী কুন্তী ইতি এবং স্বজনং বসুদেবাদিবন্ধুবর্গং জগদীশ্বরং কৃষ্ণং চ অনুস্মৃত্য দুঃখিতা সতী প্রারুদৎ ॥১৪

সমদুঃখ-সুখঃ (কুন্ত্যা সহ সমং দুঃখং সুখং চ যস্য সঃ) অক্রূরঃ মহাযশাঃ প্রখ্যাতকীর্ত্তিঃ বিদুরঃ চ তস্যাঃ পুত্রোৎপত্তিহেতুভিঃ কুন্তীং সান্ত্বয়ামাসতুঃ ॥১৫

তুমি আমাকে রক্ষা কর।১১

এই জনন-মরণরূপ সংসার-রোগে ভীত মানবগণের পক্ষে পরমেশ্বর তোমার অপবর্গদাতা পাদপদ্ম ব্যতীত অন্য কোন আশ্রয়-স্থলই আর আমি নয়নগোচর করি না।১২

হে সদানন্দ-মূর্ত্তে শ্রীকৃষ্ণ। তোমাকে প্রণাম করি। তুমি রাগদ্বেষাদিশূন্য বেদপ্রতিপাদ্য সর্ব্বান্তর্য্যামী পরম ব্রহ্ম, তুমিই যোগেশ্বরগণের যোগফল প্রদান করিয়া থাক এবং যোগের ফলস্বরূপও তুমি-ই। আমি তোমার শরণাগত তোমাকে প্রণাম করি।১৩

হে নরনাথ। আপনার প্রপিতামহী কুন্তী এই প্রকারে বসুদেবাদি স্বজনবর্গ এবং জগদীশ্বর শ্রীকৃষ্ণকে স্মরণকরত সাতিশয় দুঃখের সহিত ক্রন্দন করিতে লাগিলেন।১৪

অচল-প্রতিষ্ঠিত অক্রূর এবং প্রখ্যাত-কীর্ত্তি বিদুর কুন্তীর সুখে সুখী এবং দুঃখে দুঃখিত হইলেন। সুতরাং কুন্তীর তৎকালিক মর্ম্মবেদনায় ব্যথিত হইয়া, তদীয় পুত্র যুধিষ্ঠিরাদির জন্ম-বৃত্তান্ত শ্রবণ করাইয়া, অবশ্যম্ভাবী মঙ্গলের উল্লেখে আপনার প্রপিতামহীকে সান্ত্বনা দান করিলেন।১৫

যাস্যন্ রাজানমভ্যেত্য বিষমং পুত্রলালসম্।
অবদৎ সুহৃদাং মধ্যে বন্ধুভিঃ সৌহৃদোদিতম্ ॥১৬

অক্রূর উবাচ।

ভো ভো বৈচিত্রবীর্য্য ত্বং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন।
ভ্রাতর্য্যুপরতে পাণ্ডাবধুনাসনমাস্থিতঃ ॥১৭
ধর্ম্মেণ পালয়ন্নুর্ব্বীং প্রজাঃ শীলেন রঞ্জয়ন্।
বর্ত্তমানঃ সমঃ স্বেষু শ্রেয়ঃ কীর্ত্তিমবাপ্স্যসি ॥১৮

যাস্যন্ মথুরাং প্রতি গমিষ্যন্ অক্রূরঃ সুহৃদাং বন্ধূনাং মধ্যে রাজানং ধৃতরাষ্ট্রম্ অভ্যেত্য বন্ধুভিঃ কৃষ্ণরামাদিভিঃ যৎ সৌহৃদোদিতং (সৌহৃদেন প্রেম্না উদিতং কথিতং তৎ) বিষমং পুত্রলালসম্ অবদৎ ॥১৬

অক্রূরঃ উবাচ। ভোঃ ভোঃ বৈচিত্রবীর্য্য। কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন। ত্বং ভ্রাতরি পাণ্ডৌ উপরতে মৃতে সতি অধুনা নৃপাসনম্ আস্থিতঃ অধিষ্ঠিতবান্ ॥১৭

অতঃ ধর্ম্মেণ ধর্ম্মশাস্ত্রোক্তপ্রকারেণ উর্ব্বীং ধরাতলস্থান্-লোকান্ পালয়ন্, শীলেন সুখভাবেন প্রজাঃ রঞ্জয়ন্, স্বেষু ভ্রাতৃপুত্রেষু স্বপুত্রেষু সমঃ সমতয়া বর্ত্তমানঃ সন্ শ্রেয়ঃ ধর্ম্মাদিফলং

এবং মথুরায় প্রত্যাগমনের পূর্ব্বে রাজা ধৃতরাষ্ট্রের সমীপে গমন করিয়া, অক্রূর অন্যান্য বন্ধুবর্গের সমক্ষেই তাঁহাকে সম্বোধন করত পাণ্ডবগণের প্রতি তাঁহার বিষম ব্যবহার সম্বন্ধে রামকৃষ্ণ প্রেমানুরোধে যেরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, আনুপূর্ব্বিক তাহা বর্ণনা করিলেন।১৬

তিনি বলিলেন,—ওহে বিচিত্রবীর্য্যনন্দন। আপনি কুরুবংশের বিশেষ গৌরববৃদ্ধিই করিয়াছেন। আপনার ভ্রাতা মহারাজ পাণ্ডুর মৃত্যু হওয়াতে, তদীয় পুত্র যুধিষ্ঠিরাদি উপস্থিত থাকিতেও আপনি অবলীলাক্রমে রাজসিংহাসনে সমাসীন হইয়াছেন।১৭

অন্যথা ত্বাচরঁল্লোকে গর্হিতো যাস্যসে তমঃ।
তস্মাৎ সমত্বে বর্ত্তস্ব পাণ্ডবেষ্বাত্মজেষু চ ॥১৯
নেহ চাত্যন্তসংবাসঃ কস্যচিৎ কেনচিৎ সহ।
রাজন্ স্বেনাপি দেহেন কিমু জায়াত্মজাদিভিঃ ॥২০
একঃ প্রসূয়তে জন্তুরেক এব প্রলীয়তে।
একোঽনুভুঙ্‌ক্তে সুকৃতমেক এব চ দুষ্কৃতম্ ॥২১

অধর্ম্মোপচিতং বিত্তং হরন্ত্যন্যেঽল্পমেধসঃ।
সম্ভোজনীয়াপদেশৈর্জলানীব জলৌকসঃ ॥২২
পুষ্ণাতি যানধর্ম্মেণ স্ববুদ্ধ্যা তমপণ্ডিতম্।
তেঽকৃতার্থং প্রহিণ্বন্তি প্রাণা রায়ঃ সুতাদয়ঃ ॥২৩
স্বয়ং কিল্বিষমাদায় তৈস্ত্যক্তো নার্থকোবিদঃ।
অসিদ্ধার্থো বিশত্যন্ধং স্বধর্ম্মবিমুখস্তমঃ ॥২৪

কীর্ত্তিং চ আপ্স্যসি ॥১৮

অন্যথা যথোক্তবিপরীতম্ আচরন্ কুর্ব্বন্ তু লোকে (জনৈঃ) গর্হিতঃ নিন্দিতঃ সন্ তমঃ নরকং যাস্যসে প্রাপ্স্যসি। তস্মাৎ পাণ্ডবেষু আত্মজেষু চ বিষয়ে সমত্বে বর্ত্তস্ব ॥১৯

ইহ লোকে কস্যচিৎ কেনচিৎ সহ অত্যন্তসম্বাসঃ (অত্যন্তং নিত্যং সংবাসঃ সম্যক্ স্থিতিঃ ন অস্তি), হে রাজন্! যতঃ স্বেন দেহেন অপি ন অত্যন্তসংবাসঃ, অতঃ জায়াত্মজাদিভিঃ ভার্য্যা-পুত্রাদিভিঃ অত্যন্তসংবাসঃ ন ইতি কিমু বক্তব্যম্ ॥২০

জন্তুঃ শরীরী একঃ এব প্রসূয়তে, জায়তে তথা একঃ একাকী এব প্রলীয়তে ম্রিয়তে, ন তু পুত্রাদিভিঃ সহিতঃ। তথা একঃ এব সুকৃতং পুণ্যফলং সুখম্ অনুভুঙ্‌ক্তে তথা একঃ একাকী এব দুষ্কৃতং পাপফলং দুঃখং ভুঙ্‌ক্তে ॥২১

যথা জলৌকসঃ মৎস্যাদেঃ, জীবনভূতানি জলানি তৎপুত্রাঃ হরন্তি, তদ্বৎ অল্পমেধসঃ মূঢ়স্য, অধর্ম্মোপচিতং (অধর্ম্মেণ উচিতং সংগৃহীতং) বিত্তম্ অন্যে পুত্রাদয়ঃ ইতি ব্যপদেশৈঃ কথনৈঃ হরন্তি ॥২২

স্ববুদ্ধ্যা স্বকীয়বুদ্ধ্যা যান্ অধর্ম্মেণাপি পুষ্ণাতি, তে প্রাণাঃ রায়ঃ ধনানি সুতাদয়ঃ তৎ অপণ্ডিতং মূর্খম্ অকৃতার্থম্ অপূর্ণ-মনোরথং জনং প্রহিণ্বন্তি ত্যজন্তি ॥২৩

স্বয়ং তু অসিদ্ধার্থঃ অপূর্ণমনোরথঃ এব তৈঃ পুত্রাদিভিঃ

অতএব এক্ষণে ধর্ম্মানুসারে ধরাতলস্থ সকল লোকের পালন করাই আপনার কর্ত্তব্য এবং সচ্চরিত্রের পরিচয়ে যাবতীয় প্রজাবর্গের আনন্দবর্দ্ধন করাই বিধেয়। নিজের পুত্র বা ভ্রাতৃতনয়গণের প্রতি সমান ভাবে আচরণ করিলে, আপনি ধর্ম্মাদির সমগ্র ফল এবং জগতের অচলা কীর্ত্তিলাভ করিবেন, সন্দেহ নাই।১৮

ইহার বিপরীত আচরণ করিলে, আপনি জগতে নিতান্ত নিন্দিত হইয়া অন্তে নরকার্ণবে নিপতিত হইবেন অতএব নিজের পুত্র দুর্য্যোধনাদি ও পাণ্ডুনন্দনগণের প্রতি তুল্য-দৃষ্টিতে আচরণ করুন।১৯

দেখুন, এই জগতে কাহারও সহিত কাহারও নিরন্তর সম্পর্ক থাকে না। অধিক কি। হে রাজন্! নিজের দেহের সহিতই নিজের সম্বন্ধ যখন চিরস্থায়ী নহে, তখন স্ত্রী-পুত্রের সহিত সম্বন্ধ যে নিরন্তর পরিবর্ত্তনীয়, তাহাতে আর বক্তব্য কি?২০

শরীরমাত্রেই পুত্রাদি স্বজনবর্গের সম্পর্ক ব্যতীত, একাকীই জন্মগ্রহণ করে এবং একাকীই মৃত্যুমুখে নিপতিত হয়; কাহারও সঙ্গে আগমন করে না এবং কাহাকেও সঙ্গে লইয়া যায় না। নিজকৃত সুকৃতি বা দুষ্কৃতির ফল সুখ বা দুঃখ নিজেই অনুভব করে; তাহার অংশ অন্য কাহাকেও প্রদান করিয়া নিজে নিষ্কৃতিলাভে নিশ্চিন্ত হইতে পারে না।২১

সলিলোপজীবী মৎস্যাদির সন্তান-সন্ততিগণ যেমন তদীয় জীবনোপায় সলিলকেই হরণ করিয়া থাকে, সেইরূপ পুত্র-কলত্রাদিগণ পোষ্যবর্গের পরিচয়ে মূঢ় মানবের অধর্ম্মোপার্জ্জিত বিত্তের অংশ গ্রহণে তাহাকে বঞ্চিত করিয়া থাকে মাত্র।২২

কিন্তু কি আশ্চর্য্য! বুদ্ধিপূর্ব্বক নানাবিধ অন্যায় অধর্ম্ম কার্য্যের অনুষ্ঠানেও যে সকল পুত্র, কলত্র ধন বা প্রাণের পোষণ নিত্য করা হয়, কাল উপস্থিত হইলে মনোরথ পূর্ণ হইতে না হইতে তাহারা সকলে সেই অবিবেকী পুরুষকে পরিত্যাগ করিয়া সরিয়া

তস্মাল্লোকমিমং রাজন্ স্বপ্নমায়ামনোরথম্।
বীক্ষ্যায়ম্যাত্মনাত্মানং সমঃ শান্তো ভব প্রভো ॥২৫

ধৃতরাষ্ট্র উবাচ।

যথা বদতি কল্যাণীং বাচং দানপতে ভবান্।
তথানয়া ন তৃপ্যামি মর্ত্ত্যঃ প্রাপ্য যথামৃতম্ ॥২৬
তথাপি সুনৃতা সৌম্য হৃদি ন স্থীয়তে চলে।
পুত্রানুরাগবিষমে বিদ্যুৎ সৌদামনী যথা ॥২৭

ঈশ্বরস্য বিধিং কো নু বিধুনোত্যন্যথা পুমান্।
ভূমের্ভারাবতারায় যোঽবতীর্ণো যদোঃ কুলে ॥২৮
যো দুর্বিমর্শপথয়া নিজমায়য়েদং
সৃষ্ট্বা গুণান্ বিভজতে তদনুপ্রবিষ্টঃ।
তস্মৈ নমো দুরববোধবিহারতন্ত্র-
সংসারচক্রগতয়ে পরমেশ্বরায় ॥২৯

ত্যক্তঃ ন,র্থকোবিদঃ অনর্থকোবিদঃ স্বার্থে মূঢ়ঃ, যতঃ স্বধর্ম্ম-বিমুখঃ জনঃ কিল্বিষং তৎপোষণার্থকৃতং পাপম্ আদায় অন্ধং তমঃ ঘোরতামিস্রাদিনরকং বিশতি ॥২৪

হে রাজন্ প্রভো! তস্মাৎ ইমং লোকং স্বপ্নমায়ামনোরথং স্বপ্নমনোরথতুল্যং বীক্ষ্য নিশ্চিত্য, আত্মনা বিবেকবুদ্ধ্যা আত্মানং মনঃ আযম্য বশীকৃত্য সমঃ শান্তঃ রাগদ্বেষাদি-রহিতঃ ভব ॥২৫

ধৃতরাষ্ট্রঃ উবাচ। হে দানপতে! ভবান্ যথা কল্যাণীং শুভাবহাং বাচং বদতি, তথা অনয়া বাচা অমৃতং প্রাপ্য মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ যথা ন তৃপ্যতি, তথা অহমপি ন তৃপ্যামি ॥২৬

হে সৌম্য! (ভবতঃ বাণী) সুনৃতা মধুরা হিতা চ তথাপি সৌদামনী (সুদামা পর্ব্বতাঃ মেঘাঃ তত্র ভবা সৌদামনী) বিদ্যুৎ স্ফুরিতাপি যথা ঝটতি লীয়তে, তথা পুত্রানুরাগবিষমে (পুত্রেষু অনুরাগঃ তেন বিষমে ব্যাকুলে) চলে চঞ্চলে মম হৃদি ন স্থীয়তে প্রতিষ্ঠিতো ন ভবতি ॥২৭

ভূমেঃ ভারাবতারায় (ভারস্য অবতারায় অপনয়নায়) যদোঃ কুলে যঃ অবতীর্ণঃ তস্য ঈশ্বরস্য হরেঃ, বিধিং চিকীর্ষিতং, কঃ নু পুমান্ অন্যথা বিধুনোতি ব্যর্থং কর্ত্তুং শক্নোতি ॥২৮

দুর্বিমর্শপথয়া অবিতর্ক্যমার্গয়া, নিজমায়য়া প্রকৃত্যা, ইদং (ব্রহ্মাদি শরীরজাতং) সৃষ্ট্বা তৎ তস্মিন, অন্তর্য্যামিতয়া

যায়।২৩

বহু পরিশ্রম বা অধর্ম্মের সঞ্চয়ে যাহাদিগকে প্রতিপালন করা হইল, সেই পুত্র কলত্রাদি যখন তাহাকে পরিত্যাগ করে, তখন সেই মানবের সকল আশাই নিষ্ফল হইয়া পড়ে; তিনি পরমার্থ চিন্তনেও বিমুগ্ধ হইয়া পড়েন; অথচ স্বকীয় ধর্ম্মে পরাঙ্মুখতা-বশতঃ এবং পোষ্যবর্গের প্রতিপালনের জন্য পূর্ব্বানুষ্ঠিত পাপের অনুরোধে ভীষণ অন্ধতামিস্র নরকেই প্রবেশ করেন।২৪

অতএব হে রাজেন্দ্র! এই সংসারকে মায়া, স্বপ্ন ও কল্পনার উচ্ছ্বাসের ন্যায় অলিক ও অনিত্য বিবেচনায় বুদ্ধিবলে মনের নিগ্রহকরত রাগদ্বেষাদি-শূন্য এবং শান্ত হওয়াই আপনার সর্ব্বতোভাবে বিধেয়।২৫

ধৃতরাষ্ট্র তখন অক্রূরকে সম্বোধনপূর্ব্বক বলিলেন, হে দানপতে! আপনি আমার কল্যাণকর যুক্তিযুক্ত কথাই বলিয়াছেন বটে, কিন্তু মরণোন্মুখ মানব যেমন দুর্ল্লভ অমৃত সহজে পাইলেও তাহা পান করিতে ইচ্ছুক হয় না; আমিও সেইরূপ তোমার কথায় তাদৃশ তৃপ্তিলাভ করিতেছি না।২৬

তোমার স্বভাব যেমন শান্ত, তেমনি অতিমধুর এবং হিতকর বাক্যই প্রয়োগ করিয়াছ। কিন্তু ক্ষণপ্রদা সৌদামিনী যেমন ক্ষণকালের মধ্যেই বিলীন হয়, নভোমণ্ডলে তাহার কোন চিহ্নই আর পরে লক্ষিত হয় না, সেইরূপ পুত্রগণের প্রতি বিশেষ অনুরাগবশতঃ আমার চিত্ত নিতান্তই ব্যাকুল; তোমার তাদৃশ হিতকর বাক্যও কোনমতে স্থান পাইতেছে না।২৭

অহো! পৃথিবীর ভার-হরণার্থ যিনি যাদব-কুলে জন্ম পরিগ্রহ করিয়াছেন, সেই সর্ব্বেশ্বর ভক্তদুঃখহারী ভগবানের নিয়তি অতিক্রম করিতে পারে, এরূপ লোক জগতে ত কাহাকেও দেখিতে পাইতেছি না।২৮

শ্রীশুক উবাচ।

ইত্যভিপ্রেত্য নৃপতেরভিপ্রায়ং স যাদবঃ।
সুহৃদ্ভিঃ সমনুজ্ঞাতঃ পুনর্যদুপুরীমগাৎ ॥৩০
শশংস রামকৃষ্ণাভ্যাং ধৃতরাষ্ট্রবিচেষ্টিতম্।
পাণ্ডবান্ প্রতি কৌরব্য যদর্থং প্রেষিতঃ স্বয়ম্ ॥৩১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোনপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫১

অনুপ্রবিষ্টঃ সন্ যঃ গুণান্ বিভজতে (সত্ত্বাদিগুণকার্য্যশান্তি-রাগদ্বেষাদীন্ উৎপাদয়তি) তস্মৈ দুরববোধবিহারতন্ত্রসংসার-চক্রগতয়ে (দুরববোধঃ যঃ বিহারঃ ক্রীড়াঃ, সঃ এব তন্ত্রং মুখ্যং কারণং যস্য তস্য সংসারচক্রস্য গতিঃ ভ্রমণং যস্মাৎ তস্মৈ) পরমেশ্বরায় নমঃ ॥২৯

শ্রীশুকঃ উবাচ। নৃপতেঃ ধৃতরাষ্ট্রস্য, অভিপ্রায়ম্ ইতি এবম্ (পরস্পর-সম্ভাষণেন) অভিপ্রেত্য জ্ঞাত্বা সঃ যাদবঃ অক্রূরঃ সুহৃদ্ভিঃ পাণ্ডবাদিভিঃ সং সম্যক্ অনুজ্ঞাতঃ পুনঃ যদুপুরীং মথুরাম্ অগাৎ গতবান্ ॥৩০

হে কৌরব্য! যদর্থং (ধৃতরাষ্ট্রবৃত্তবিজ্ঞানার্থং ভগবতা) স্বয়ং প্রেষিতঃ, তৎ পাণ্ডবান্ প্রতি ধৃতরাষ্ট্রবিচেষ্টিতং (ধৃতরাষ্ট্রস্য বিচেষ্টিতং বিষপ্রদানাদিকং) সর্ব্বং বৃত্তং রাম-কৃষ্ণাভ্যাং শশংস কথয়ামাস ॥৩১

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

যে অচিন্ত্যশক্তি মায়ার গতি কেহ অবধারণ করিতে সক্ষম হয় না, ভগবান্ সেই স্বকীয় মায়াখ্যা প্রকৃতির দ্বারা এই ব্রহ্মাদির শরীরসমূহের সৃষ্টি বিধান করিয়াছেন এবং অন্তর্য্যামীর বেশে যেন তাহার অন্তরে প্রবেশকরত সত্ত্বাদি গুণগ্রামের বিচিত্র বিভাগে শান্তি রাগ বা দ্বেষাদি গুণবৃত্তির ব্যবস্থা করিতেছেন। যাঁহার ক্রীড়া-বিহারের গভীর তত্ত্বে কেহ কখন অবগাহন করিতে পারে না অথচ যাঁহার ইচ্ছায় এই সংসার-চক্র নিরন্তর পরিভ্রমণ করিতেছে সেই পরমেশ নারায়ণ শ্রীহরিকে আমি বারংবার প্রণাম করি।২৯

এই প্রকারে অক্রূর পরস্পর-কথনে রাজা ধৃতরাষ্ট্রের মনোগত অভিপ্রায় অবগত হইলেন এবং পাণ্ডবাদি সুহৃদ্গণের সম্মতি লইয়া যদুপুরী মথুরায় গমন করিলেন।৩০

হে কুরুবংশাবতংস। পাণ্ডবগণের প্রতি ধৃতরাষ্ট্রের আচরণ অবগত হইবার অভিপ্রায়ে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরকে হস্তিনাপুরে প্রেরণ করিয়াছিলেন সুতরাং সম্প্রতি তিনি ধৃতরাষ্ট্রের যাবতীয় অত্যাচারের বিবরণ তথায় অবগত হইয়া রামকৃষ্ণের সমীপে তাহা কীর্ত্তন করিলেন।৩১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একোনপঞ্চাশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশম স্কন্ধে পূর্ব্বার্দ্ধ সমাপ্ত॥

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্ত্তিত-আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

দশমঃ স্কন্ধঃ

উত্তরার্দ্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতঃ।

পঞ্চাশঃ অধ্যায়ঃ।

[রাম-কৃষ্ণয়োর্জরাসন্ধেন সহ সংগ্রামঃ, দ্বারকাদুর্গনির্ম্মাণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

অস্তিঃ প্রাপ্তিশ্চ কংসস্য মহিষ্যৌ ভরতর্ষভ।
মৃতে ভর্ত্তরি দুঃখার্ত্তে ঈয়তুঃ স্ম পিতুর্গৃহান্ ॥১
পিত্রে মগধরাজায় জরাসন্ধায় দুঃখিতে।
বেদয়াঞ্চক্রতুঃ সর্বমাত্মবৈধব্যকারণম্ ॥২
স তদপ্রিয়মাকর্ণ্য শোকামর্ষযুতো নৃপ।
অযাদবীং মহীং কর্ত্তুং চক্রে পরমমুদ্যমম্ ॥৩
অক্ষৌহিণীভির্বিংশত্যা তিসৃভিশ্চাপি সংবৃতঃ।
যদুরাজধানীং মথুরাং ন্যরুণৎ সর্ব্বতো দিশম্ ॥৪
নিরীক্ষ্য তদ্বলং কৃষ্ণ উদ্বেলমিব সাগরম্।
স্বপুরং তেন সংরুদ্ধং স্বজনঞ্চ ভয়াকুলম্ ॥৫
চিন্তয়ামাস ভগবান্ হরিঃ কারণমানুষঃ।
তদ্দেশকালানুগুণং স্বাবতারপ্রয়োজনম্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে ভরতর্ষভ। অস্তিঃ প্রাপ্তিঃ চ ইতি সংজ্ঞকে কংসস্য যে মহিষ্যৌ ভার্য্যে ভর্ত্তরি কংসে মৃতে দুঃখার্ত্তে সত্যৌ স্বপিতুঃ জরাসন্ধস্য গৃহান্ ঈয়তুঃ জগ্মতুঃ স্ম ॥১

দুঃখিতে চ তে আত্মনোঃ বৈধব্যকারণং সর্ব্বং মগধরাজায় পিত্রে জরাসন্ধায় বেদয়াঞ্চক্রতুঃ জ্ঞাপিতবত্যৌ ॥২

তৎ দুহিতৃবৈধব্যকারণম্ অপ্রিয়ম্ আকর্ণ্য শোকামর্ষযুতঃ (কংসস্য মরণেন শোকঃ তন্মারকে কৃষ্ণে অমর্ষঃ তাভ্যাং যুতঃ) সঃ নৃপঃ জরাসন্ধঃ মহীম্ অযাদবীং যাদবশূন্যাং কর্ত্তুং পরমম্ উদ্যমং চক্রে ॥৩

বিংশত্যা তিসৃভিঃ ত্রয়োবিংশতিভিঃ অক্ষৌহিণীভিঃ সংবৃতঃ সঃ জরাসন্ধঃ যদুরাজধানীং মথুরাং সর্ব্বতোদিশং ন্যরুণৎ রুরোধ ॥৪

উদ্বেলং লঙ্ঘিতমর্য্যাদং সাগরম্ ইব স্থিতং তদ্বলং (তস্য জরাসন্ধস্য বলং) তেন চ সংরুদ্ধং স্বপুরং তথা ভয়াকুলং (ভয়েন আকুলং) স্বজনং চ নিরীক্ষ্য দৃষ্ট্বা কৃষ্ণঃ ॥৫

কারণমানুষঃ (ভূভারাবতারকারণে ধৃতমনুষ্যবিগ্রহঃ) ভগবান্ হরিঃ কৃষ্ণঃ তদ্দেশকালানুগুণং স্বাবতারপ্রয়োজনং চিন্তয়ামাস ॥৬

পঞ্চাশ অধ্যায়।

[রাম-কৃষ্ণের জরাসন্ধের সহিত সংগ্রাম এবং দ্বারকা-দুর্গ নির্মাণ।]

শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে বলিলেন,—হে ভরতবংশভূষণ। সাক্ষাৎ ক্রূরমূর্ত্তি হিংসাস্বরূপ রাজা কংসের অস্তি ও প্রাপ্তি নামে দুইটী ভার্য্যা ছিলেন; স্বামীর মরণে নিতান্ত কাতর ও মর্ম্মাহত হইয়া তাঁহারা স্বকীয় জনক জরাসন্ধের আলয়ে গমন করিলেন।১

তাঁহারা শোক-ব্যথিতহৃদয়ে ও গদ্‌গদ কণ্ঠে আপনাদের বৈধব্যকারণ সমস্ত পিতা মগধরাজ জরাসন্ধকে নিবেদন করিলেন।২

কন্যাদ্বয়ের তাদৃশ বৈধব্যনিবন্ধন অমঙ্গল বার্ত্তা শ্রবণ করিয়া, মগধাধিপতি জরাসন্ধ সাতিশয় দুঃখিত হইলেন; কংসের মৃত্যুজনিত শোক এবং তাহার বধকারী কৃষ্ণের প্রতি ক্রোধে তাঁহার হৃদয় উদ্বেজিত হইল; সুতরাং কৃষ্ণকে নিহত করিবার ও সেই সঙ্গে সমগ্র ধরণীকে যাদবশূন্য করিবার অভিপ্রায়ে তিনি বিশেষ উদ্‌যোগ করিলেন।৩

তিনি ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া যদুগণের রাজধানী মথুরাপুরীকে চতুর্দ্দিক্ হইতে অবরোধ করিলেন।৪

উদ্বেলিত সমুদ্রের ন্যায় জরাসন্ধের সৈন্য-সামন্ত যখন চতুর্দ্দিক্ হইতে মথুরাকে অবরোধ করিল এবং এতদ্দর্শনে যদুবংশীয় স্বজনবর্গও ভয়ে ব্যাকুল হইয়া উঠিল।৫

তখন যিনি কেবল ধরার ভারহরণার্থ মনুষ্য বিগ্রহে জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, সেই ভক্তদুঃখহারী

হনিষ্যামি বলং হ্যেতদ্ভুবি ভারং সমাহিতম্।
মাগধেন সমানীতং বশ্যানাং সর্বভূভুজাম্ ॥৭
অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং ভটাশ্বরথকুঞ্জরৈঃ।
মাগধস্তু ন হন্তব্যো ভূয়ঃ কর্তা বলোদ্যমম্ ॥৮
এতদর্থোঽবতারোঽয়ং ভূভারহরণায় মে।
সংরক্ষণায় সাধূনাং কৃতোঽন্যেষাং বধায় চ ॥৯

(মাগধস্য)বশ্যানাং বশীভূতানাং সর্ব্বভূভুজাং রাজ্ঞাম্ এতৎ ভূমেঃ ভাররূপং সমাহিতং সমুদিতং মাগধেন জরাসন্ধেন সমানীতম্ অত্র প্রাপিতং ভটাশ্বরথকুঞ্জরৈঃ অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং বলং হনিষ্যামি। মাগধঃ তু ন হন্তব্যঃ, যতঃ সঃ ভূয়ঃ বলোদ্যমং কর্তা করিষ্যতি ॥৭-৮

অন্যেষাং দুষ্টানাং বধায়, ভূভারহরণায় তথা সাধূনাং সংরক্ষণায় অয়ম্ এতদর্থঃ অবতারঃ মে ময়া কৃতঃ ধৃতঃ ॥৯

কালে কচিৎ প্রভবতঃ উদ্ভবতঃ অধর্ম্মস্য বিরামায় তথা ধর্ম্মস্য রক্ষায়ৈ অন্যঃ অপি দেহঃ ময়া সংভ্রিয়তে পরিগৃহ্যতে ॥১

সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণ দেশ ও কালের অনুসারে নিজের অবতারোচিত কর্ত্তব্যতার বিষয় মনে মনে চিন্তা করিলেন এবং ভাবিলেন যে এক্ষণে আমার কর্ত্তব্য কি? সমগ্র সৈন্য-সহ জরাসন্ধকে নিধন করা কর্ত্তব্য বা কেবল জরাসন্ধকে নিহত করিয়া তাহার সৈন্য-সামন্তকে নিজে সংগ্রহ করাই কর্ত্তব্য অথবা কেবল সৈন্যগণের নিধন সাধন করিয়া এক্ষেত্রে জরাসন্ধকে পরিত্যাগ করাই কর্ত্তব্য? এইরূপ বিবিধ চিন্তা করিয়া অবশেষে মাগধের অধীনস্থ যাবতীয় নরপতিগণের সংগৃহীত বিপুল বল, যাহা মগধরাজ সম্প্রতি তথায় আনয়ন করিয়াছিলেন, সেই পদাতি, অশ্বারোহী, রথী ও হাস্তিকগণে সমবদ্ধ অক্ষৌহিণী পরিসংখ্যাত প্রচুর সৈন্যদলকে বিনষ্ট করাই আমার কর্ত্তব্য, এইরূপ অবধারণ করিলেন। সম্প্রতি মাগধ বধ্য নহে, কারণ এক্ষণে তাহাকে অব্যাহতি দিলে সে যুদ্ধার্থ পুনরায় সৈন্য সংগ্রহ

অন্যোঽপি ধর্ম্মরক্ষায়ৈ দেহঃ সম্ভ্রিয়তে ময়া।
বিরামায়াপ্যধর্মস্য কালে প্রভবতঃ কচিৎ ॥১০
এবং ধ্যায়তি গোবিন্দ আকাশাৎ সূর্য্যবর্চ্চসৌ।
রথাবুপস্থিতৌ সদ্যঃ সসূতৌ সপরিচ্ছদৌ ॥১১
আয়ুধানি চ দিব্যানি পুরাণানি যদৃচ্ছয়া।
দৃষ্ট্বা তানি হৃষীকেশঃ সঙ্কর্ষণমথাব্রবীৎ ॥১২

গোবিন্দে এবং ধ্যায়তি সতি সদ্যঃ তৎক্ষণমেব সসূতৌ সারথিসহিতৌ সপরিচ্ছদৌ ধ্বজ-কবচাদি-সহিতৌ সূর্য্যবর্চ্চসৌ (সূর্য্যস্য বর্চ্চঃ তেজঃ ইব বর্চ্চঃ যয়োঃ তৌ) রথৌ আকাশাৎ অবতীর্য্য উপস্থিতৌ; তথা পুরাণানি সনাতনানি দিব্যানি আয়ুধানি চক্রাদীনি যদৃচ্ছয়া অকস্মাদেব রথাভ্যাং সহৈব আগতানি ॥১১

অথ অনন্তরং তানি দৃষ্ট্বা হৃষীকেশঃ শ্রীকৃষ্ণঃ সঙ্কর্ষণম্ অব্রবীৎ—হে আর্য্য প্রভো! ত্বাবতাং (ত্বং স্বামিত্বয়া বর্ত্তসে যেষাং তে ত্বাবন্তঃ তেষাং) যদূনাং প্রাপ্তং জরাসন্ধনিরোধজনিতং ব্যসনং কষ্টং পশ্য ॥১২

করিবে। অতএব ধরার ভার এই প্রকারে সহজেই অপনোদিত করা হইবে, সন্দেহ নাই।৬-৮

কারণ দুষ্টগণের নিধন দ্বারা পৃথিবীর ভার অপনয়নপূর্ব্বক সাধুগণের রক্ষা বিধানই আমার একমাত্র উদ্দেশ্য এবং এই নিমিত্তই আমি অবতার-গ্রহণে আবির্ভূত হইয়াছি।৯

সময়ে সময়ে অধর্ম্মের প্রশ্রয় হইলে তাহার নিবারণার্থ এবং ধর্ম্মের প্রতিষ্ঠার জন্য আমি প্রয়োজন-মত অন্য দেহধারণও করিয়া থাকি।১০

ভগবান্ গোবিন্দ এই প্রকার চিন্তা করিতেছেন, এমন সময়ে ধ্বজা ও পতাকাদি রথসজ্জা এবং সারথি-সহিত দিবাকরের ন্যায় অতুল তেজঃসম্পন্ন দুইখানি রথ অকস্মাৎ নভোমণ্ডল হইতে তাঁহাদের সমীপে উপস্থিত হইল। রথের সঙ্গে সঙ্গে হল, মুষল, চক্র ও গদাদি সনাতন অস্ত্রসমূহও তথায় আগমন করিল। ভগবান্ হৃষীকেশ সেই সমস্ত অবলোকন করিয়া

পশ্যার্য্য ব্যসনং প্রাপ্তং যদূনাং ত্বাবতাং প্রভো।
এষ তে রথ আয়াতো দয়িতান্যায়ুধানি চ ॥১৩
যানমাস্থায় জহ্যেতদ্ ব্যসনাৎ স্বান্ সমুদ্ধর।
এতদর্থং হি নৌ জন্ম সাধূনামীশ শর্ম্মকৃৎ।
ত্রয়োবিংশত্যনীকাখ্যং ভূমের্ভারমপাকুরু ॥১৪
এবং সম্মন্ত্র্য দাশার্হৌ দংশিতৌ রথিনৌ পুরাৎ।
নির্জগ্মতুঃ স্বায়ুধাঢ্যৌ বলেনাল্পীয়সা বৃতৌ ॥১৫

এষঃ তে রথঃ আয়াতঃ; দয়িতানি তব প্রিয়াণি আয়ুধানি চ হল-মুষলাদীনি আগতানি; অতঃ যানম্ এনম্ আস্থায় আরুহ্য এতৎ সৈন্যং জহি; তেন স্বান্ স্বকীয়ান্ ব্যসনাৎ সমুদ্ধর ॥১৩

হে ঈশ। এতদর্থং প্রতিপক্ষ-নিরসনার্থং হি নৌ আবয়োঃ জন্ম, (অতঃ প্রতিপক্ষনিরাসাদেব) সাধূনাং সদাচারনিষ্ঠানাং শর্ম্মকৃৎ সুখং করোতীতি; তথা ত্বম্ ত্রয়োবিংশত্যনীকাখ্যং (ত্রয়োবিংশতিঃ অনীকাখ্যঃ অনীকশব্দবাচ্যঃ অক্ষৌহিণীসৈন্যং যস্য তং) ভূমেঃ ভারম্ অপাকুরু দূরীকুরু ॥১৪

এবং সংমন্ত্র্য মিথঃ সমিতিং কৃত্বা দাশার্হৌ রামকৃষ্ণৌ দংশিতৌ বদ্ধকবচৌ রথিনৌ রথাধিরূঢ়ৌ স্বায়ুধাঢ্যৌ (স্বৈঃ অসাধারণৈঃ আয়ুধৈঃ আঢ্যৌ যুক্তৌ) অল্পীয়সা বলেন সৈন্যেন বৃতৌ মিলিতৌ চ ভূত্বা পুরাৎ মথুরায়াঃ নির্জ্জগ্মতুঃ ॥১৫

অগ্রজ বলরামকে সম্বোধনপূর্ব্বক বলিলেন।১১-১২

হে প্রভো আর্য্য! যদুগণ আপনারই প্রতিপাল্য। কিন্তু সম্প্রতি তাহাদের কিরূপ দুঃখ উপস্থিত হইয়াছে, তাহা আপনি একবার নয়নগোচর করুন।

এই আপনার রথ ও প্রিয় অস্ত্রশস্ত্রও সমক্ষে উপস্থিত রহিয়াছে; রথে আরোহণ পূর্ব্বক এই সৈন্য সাগরকে নিহত করত নিজের স্বজনবর্গকে দারুণ দুঃখ-যাতনা হইতে পরিত্রাণ করুন।

সকল সামর্থ্যই আপনাতে আছে; অসাধুগণের নিধনে সাধুব্যক্তিগণের সুখশান্তি প্রদান করিবার জন্যই আমরা উভয়ে বিগ্রহধারণে অবতীর্ণ হইয়াছি; অতএব ত্রয়োবিংশতি-সংখ্যক অক্ষৌহিণী সেনার বধ-সাধনে পৃথিবীর ভার অপনোদন করুন।

এই প্রকার মন্ত্রণা করিয়া রামকৃষ্ণ ভ্রাতৃদ্বয় বর্ম্ম পরিধানপূর্ব্বক রথে আরোহণ করিলেন এবং স্ব স্ব অস্ত্র শস্ত্র ধারণপূর্ব্বক অতি অল্প সংখ্যক সৈন্যে পরিবৃত হইয়াই মথুরা হইতে নিষ্ক্রান্ত হইলেন।১৩-১৫

শঙ্খং দধ্মৌ বিনির্গত্য হরির্দারুকসারথিঃ।
ততোঽভূৎ পরসৈন্যানাং হৃদি বিত্রাসবেপথুঃ ॥১৬
তাবাহ মাগধো বীক্ষ্য হে কৃষ্ণ পুরুষাধম।
ন ত্বয়া যোদ্ধুমিচ্ছামি বালেনৈকেন লজ্জয়া।
গুপ্তেন হি ত্বয়া মন্দ ন যোৎস্যে যাহি বন্ধুহন্ ॥১৭
তব রাম যদি শ্রদ্ধা যুধ্যস্ব ধৈর্য্যমুদ্বহ।
হিত্বা বা মচ্ছরৈশ্ছিন্নং দেহং স্বর্যাহি মাং জহি ॥১৮

দারুকসারথিঃ (দারুকাখ্যঃ সারথিঃ যস্য সঃ) হরিঃ বিনির্গত্য শঙ্খং পাঞ্চজন্যং দধ্মৌ বাদিতবান্; ততঃ শঙ্খ-নিনাদং শ্রুত্বা পরসৈন্যানাং (জরাসন্ধস্য পরস্য সৈন্যানাং) হৃদি বিত্রাস-বেপথুঃ (বিত্রাসঃ ভয়ং তেন বেপথুঃ প্রকম্পঃ) অভূৎ। তৌ রামকৃষ্ণৌ বীক্ষ্য দৃষ্ট্বা মাগধঃ আহ হে পুরুষাধম কৃষ্ণ। ত্বয়া একেন বালেন সহ অহং লজ্জয়া এব যোদ্ধুং ন ইচ্ছামি। হে মন্দবুদ্ধে। বন্ধুহন্ মাতুলহন্তঃ। গুপ্তেন স্বজনৈঃ রক্ষাযোগ্যেন বালেন ত্বয়া সহ অহং ন যোৎস্যে; অতঃ ত্বং যাহি ॥১৬-১৭

দারুক-সারথি ভগবান্ শ্রীকৃষ্ণ মথুরার দ্বার হইতে বহির্গত হইয়াই শঙ্খধ্বনি করিলেন। কিন্তু পাঞ্চজন্য শঙ্খের প্রচণ্ড ধ্বনি শ্রবণে মাগধপক্ষীয় সৈন্যদলের হৃদয়ে এরূপ একটী বিষম ভয় উপস্থিত হইল যে, তাহাদের কলেবর কম্পিত হইয়া উঠিল।১৬

মগধরাজ জরাসন্ধ তখন সেই রাম ও কৃষ্ণকে দর্শনপূর্ব্বক বলিলেন,—রে পুরুষাধম কৃষ্ণ! তুমি আবার যুদ্ধার্থী হইয়া কেন আগমন করিয়াছ? আমি বীরপুরুষ হইয়া কোন্ লজ্জায় তোমার ন্যায় অসহায় একাকী বালকের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইব? রে মূঢ়মতে! তোমার যেরূপ বয়স, তাহাতে আত্মরক্ষার জন্যই তোমার অন্যের সাহায্যের প্রয়োজন করে, তোমার সহিত আমি যুদ্ধ করিব না। বিশেষতঃ তুমি মহাপাপী, নিজের পরমাত্মীয় মাতুলকেও নিহত

শ্রীভগবানুবাচ।

ন বৈ শূরা বিকত্থন্তে দর্শয়ন্ত্যেব পৌরুষম্।
ন গৃহ্ণীমো বচো রাজন্ আতুরস্য মুমূর্ষতঃ ॥১৯

শ্রীশুক উবাচ।

জরাসুতস্তাবভিসৃত্য মাধবৌ
মহাবলৌঘেন বলীয়সাবৃণোৎ।
সসৈন্যযানধ্বজবাজিসারথী
সূর্য্যানলৌ বায়ুরিবাভ্ররেণুভিঃ ॥২০

সুপর্ণতালধ্বজচিহ্নিতৌ রথা-
বলক্ষয়ন্ত্যো হরিরামযোর্ম্মৃধে।
স্ত্রিয়ঃ পুরাট্টালকহর্ম্ম্যগোপুরং
সমাশ্রিতাঃ সংমুমুহুঃ শুচার্দ্দিতাঃ ॥২১

হরিঃ পরানীকপয়োমুচাং মুহুঃ
শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতম্।
স্বসৈন্যমালোক্য সুরাসুরার্চ্চিতং
ব্যস্ফূর্জ্জয়চ্ছার্ঙ্গশরাসনোত্তমম্ ॥২২

গৃহ্ণন্নিষঙ্গাদথ সন্দধচ্ছরান্
বিকৃষ্য মুঞ্চন্ শিতবাণপূগান্।
নিঘ্নন্ রথান্ কুঞ্জরবাজিপত্তীন্
নিরন্তরং যদ্বদলাতচক্রম্ ॥২৩

হে রাম! তব যদি ময়া সহ যোদ্ধুং শ্রদ্ধা স্যাৎ, তর্হি যুধ্যস্ব। পরন্তু স্থৈর্য্যম্ উদ্বহ। ন পলায়স্ব! ততঃ মচ্ছিতৈঃ ছিন্নং দেহং হিত্বা পরিত্যজ্য স্বঃ স্বর্গং যাহি, অথবা মাং জহি বিনাশয় ॥১৮

শ্রীভগবান্ উবাচ। শূরাঃ বৈ ন বিকত্থন্তে নৈব শ্লাঘন্তে, কিন্তু পৌরুষম্ এব দর্শয়ন্তি, অতঃ হে রাজন্! মুমূর্ষতঃ আতুরস্য তব বচঃ ন গৃহ্ণীমঃ যথার্থেন ন স্বীকুর্মঃ ॥১৯

শ্রীশুকঃ উবাচ। ইতি উক্তঃ জরাসুতঃ জরাসন্ধঃ বায়ুঃ যথা সূর্য্যানলৌ অভ্ররেণুভিঃ (সূর্য্যম্ অভ্রৈঃ অগ্নিং চ রেণুভিঃ আবৃণোতি) তথা সসৈন্যযানধ্বজবাজিসারথী মাধবৌ মধুবংশ-জাতৌ রামকৃষ্ণৌ অভিসৃত্য অভিমুখম্ আগত্য বলীয়সা মহতা মহাবলৌঘেন সৈন্যসমূহেন আবৃণোৎ আবৃতবান্ ॥২০

তদা চ পুরাট্টালকহর্ম্ম্যগোপুরং (পুরস্য অট্টালকাদিকং) সমাশ্রিতাঃ অধিরূঢ়াঃ স্ত্রিয়ঃ যুদ্ধভূমৌ সুপর্ণতাল-ধ্বজচিহ্নিতৌ হরি-রামযোঃ রথৌ অলক্ষয়ন্ত্যঃ অপশ্যন্ত্যঃ শুচার্দ্দিতাঃ শোকপীড়িতাঃ সত্যঃ সংমুমুহুঃ ॥২১

তদা হরিঃ পরানীকপয়োমুচাং (পরস্য অনীকানি সৈন্যানি এব পয়োমুচঃ মেঘাঃ তেষাং) শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতং (শিলীমুখাঃ বাণাঃ তেষাম্ অত্যুল্বণং দুঃসহং বর্ষং তেন পীড়িতং) স্বসৈন্যম্ আলোক্য সুরাসুরার্চ্চিতং (সুরৈঃ অসুরৈঃ চ অর্চ্চিতং সম্মতং) শার্ঙ্গ-শরাসনোত্তমং শার্ঙ্গাখ্যং শরাসনোত্তমং ধনুঃশ্রেষ্ঠং

করিয়াছ। তুমি ফিরিয়া যাও।১৭

তবে অহে বলরাম! তোমার যদি যুদ্ধ করিবার সাধ থাকে, তবে অগ্রসর হও। কিন্তু দেখ যেন রণে ভঙ্গ দিয়া পলায়ন করিও না। স্থিরভাবে ও দৃঢ় প্রতিজ্ঞার সহিত যুদ্ধ কর। তাহাতে হয় আমার বাণে ছিন্নভিন্ন কলেবর পরিত্যাগ পূর্ব্বক স্বর্গে গমন কর কিংবা আমাকেই রণে নিহত কর।১৮

এতচ্ছ্রবণে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে রাজন্! বীরপুরুষ কখন কথায় শ্লাঘার পরিচয় দেয় না; কার্য্যেই পৌরুষের প্রকাশ করিয়া থাকেন। তোমার নাকি মৃত্যু নিকটবর্ত্তী, সুতরাং কাতর প্রাণে যে সকল কটূক্তির প্রয়োগ করিতেছ, তাহা আমরা উক্তির মধ্যেই গ্রহণ করিলাম না।১৯

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! জরাপুত্র জরাসন্ধ তখন স্বকীয় প্রবলপরাক্রম প্রচুর সৈন্যদলের সঞ্চালনে সৈন্যসামন্তধ্বজ, অশ্ব ও সারথি সহ রামকৃষ্ণকে সম্পূর্ণ আবৃত করিয়া ফেলিল। কিন্তু বায়ু যেমন মেঘের সঞ্চালনে সূর্য্যদেবকে এবং ধূলি-পটলের উত্থাপনে প্রচণ্ড হুতাশনকে আবৃত করিবার চেষ্টা করিয়াও নিষ্ফল-প্রযত্ন হয়, সেইরূপ রামকৃষ্ণের বিপক্ষে জরাসন্ধের উদ্যমও কোনমতে কার্য্যকারী হইল না।২০

মথুরাস্থ অট্টালিকা, হর্ম্ম্য এবং গোপুরাদিতে সমবেত পুরবনিতাগণ সুপর্ণ (গরুড়) ও তালধ্বজ-চিহ্নিত কৃষ্ণ ও বলরামের রথদ্বয় তৎকালে আর নয়নগোচর না করিয়া শোকে ও ভয়ে মূর্চ্ছিতপ্রায়

নির্ভিন্নকুম্ভাঃ করিণো নিপেতু-
রনেকশোঽশ্বাঃ শরবৃক্ণকন্ধরাঃ।
রথা হতাশ্বধ্বজসূতনায়কাঃ
পদাতয়শ্ছিন্নভুজোরুকন্ধরাঃ ॥২৪

সংছিদ্যমানদ্বিপদেভবাজিনা-
মঙ্গপ্রসূতাঃ শতশোঽসৃগাপগাঃ।
ভুজাহয়ঃ পূরুষশীর্ষকচ্ছপা
হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ ॥২৫

করোরুমীনা নরকেশশৈবলা
ধনুস্তরঙ্গায়ুধগুল্মসঙ্কুলাঃ।
অচ্ছুরিকাবর্ত্তভয়ানকা মহা-
মণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ ॥২৬

প্রবর্ত্তিতা ভীরুভয়াবহা মৃধে
মনস্বিনাং হর্ষকরীঃ পরস্পরম্।
বিনিঘ্নতারীন্ মুষলেন দুর্ম্মদান্
সঙ্কর্ষণেনাপরিমেয়তেজসা ॥২৭

ব্যস্ফূর্জয়ৎ সংঘোষজ্যাযুক্তম্ অকরোৎ ॥২২

ততঃ চ নিষঙ্গাৎ তূণীরাৎ শরান্ গৃহ্নন্ অথ তান্ ধনুষি সন্দধন্ অথ তান্ শিতবাণপূগান্ তীক্ষ্ণশরসমূহান্ বিকৃষ্য মুঞ্চন্ তৈশ্চ রথান্ কুঞ্জরবাজিপত্তীঃ নিঘ্নন্ যদ্বৎ যথা অলাতচক্রং পরিভ্রমৎ জ্বলৎকাষ্ঠং তথা চতুর্দ্দিক্ষু সৈন্যাভিমুখং পরিভ্রমন্ বভূব ইতি শেষেণান্বয়ঃ ॥২৩

(তদা ভগবচ্ছরৈঃ) নির্ভিন্নকুম্ভাঃ (নির্ভিন্নানি বিদারিতানি কুম্ভানি মস্তকানি যেষাং তে) করিণঃ গজাঃ নিপেতুঃ; তথা শরবৃক্ণকন্ধরাঃ (শরৈঃ বৃক্ণাঃ ছিন্নাঃ কন্ধরাঃ গ্রীবাঃ যেষাং তে) অনেকশঃ অশ্বাঃ চ নিপেতুঃ। তথা হতাশ্বধ্বজসূতনায়কাঃ (হতাঃ অশ্বাঃ ধ্বজাঃ সূতাঃ নায়কাঃ রথিনঃ চ যেষু তে) ছিন্নভুজোরুকন্ধরাঃ ছিন্নবাহূরুগ্রীবাঃ পদাতয়ঃ চ নিপেতুঃ ॥২৪

সংছিদ্যমান-দ্বিপদেভবাজিনাম্ (সংছিদ্যমানাঃ দ্বিপদাঃ ইভাঃ হস্তিনঃ বাজিনঃ চ যেষাম্) অঙ্গপ্রসূতাঃ (অঙ্গেভ্যঃ প্রসূতাঃ) শতশঃ অসৃগাপগাঃ (রুধিরনদ্যঃ যাঃ প্রবর্ত্তিতাঃ তাঃ) ভুজাহয়ঃ (ভুজা এব অহয়ঃ সর্পাঃ যাসু তাঃ) পুরুষশীর্ষকচ্ছপাঃ (পুরুষাণাং শীর্ষাণি এব কচ্ছপাঃ যাসু তাঃ) হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ (হতাঃ দ্বিপাঃ গজাঃ এব দ্বীপাঃ অন্তরাঃ ভূময়ঃ, হয়াঃ অশ্বাঃ এব গ্রহাঃ তৈঃ চ আকুলাঃ ব্যাপ্তাঃ) ॥২৫

করোরুমীনাঃ (করাঃ উরবশ্চ মীনাঃ যাসু তাঃ) নর-

হইলেন ।২১

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ জলদ-পটলের ন্যায় সর্ব্বতোব্যাপ্ত বিপক্ষ সৈন্যদলের তীব্র বাণবর্ষণে উৎপীড়িত স্বকীয় সৈন্যগণের সাতিশয় ক্লেশ অবলোকন করিয়া সুরাসুরার্চ্চিত স্বকীয় শরাসনোত্তম শার্ঙ্গধনুতে জ্যা আকর্ষণে টঙ্কারধ্বনি করিলেন ।২২

অনন্তর তূণীর হইতে তীক্ষ্ণধার বাণসমূহ গ্রহণ-করত শরাসনে সংযোজিত করিতে লাগিলেন এবং জ্যা-র আকর্ষণে সেই শাণিত অস্ত্রজালের প্রয়োগে রথ, হস্তী, অশ্ব এবং পদাতিসমূহের নিধনে রণ-প্রাঙ্গণে অলাতচক্রের ন্যায় মণ্ডলাকারে পরিভ্রমণ করিতে লাগিলেন ।২৩

কৃষ্ণ-নিক্ষিপ্ত শরনিকরে করিকুল ছিন্নমস্তক হইয়া ধরাতলে নিপতিত হইতে লাগিল; অশ্ব-সমূহের গলদেশ ছিন্ন হইয়া ভূপতিত হইতে লাগিল; রথের অশ্ব, ধ্বজা, সারথি ও রথীসমূহ শরাঘাতে কে কোথায় ছিন্ন বিচ্ছিন্ন হইয়া যে নিপতিত হইল কেহই তাহার সংবাদ জানে না। পদাতি সৈন্যকুল ছিন্নবাহু, ভিন্ন-বক্ষ এবং বিশিষ্টগ্রীব হইয়া ধরাশায়ী হইতে লাগিল ।২৪

পদাতি, হস্তী এবং অশ্বাদির ছিন্ন বিচ্ছিন্ন অঙ্গ প্রত্যঙ্গ হইতে গলিত রুধিরের বেগে শত শত নদী প্রবাহিত হইতে লাগিল। সেই রুধির স্রোতে পদাতিগণের ছিন্নবাহু নিপতিত হইয়া সর্পের ন্যায় উপলব্ধ হইল, মানবের ছিন্ন মস্তকসমূহ কচ্ছপ এবং নিহত হস্তীসমূহের দেহসকল ভাসমান হইয়া নদী-স্রোতে দ্বীপের ন্যায় পরিলক্ষিত হইয়াছিল এবং অশ্বকুলের দেহ মকরের ন্যায় অনুভূত হইতে লাগিল ।২৫

করতলসমূহ ও উরুদেশ মীনের ন্যায় ভাসমান

বলং তদঙ্গার্ণবদুর্গভৈরবং
দুরন্তপারং মগধেন্দ্রপালিতম্।
ক্ষয়ং প্রণীতং বসুদেবপুত্রয়ো-
র্বিক্রীড়িতং তজ্জগদীশয়োঃ পরম্ ॥২৮

স্থিত্যুদ্ভবান্তং ভুবনত্রয়স্য যঃ
সমীহতেঽনন্তগুণঃ স্বলীলয়া।
ন তস্য চিত্রং পরপক্ষনিগ্রহ-
স্তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যতে ॥২৯

জগ্রাহ বিরথং রামো জরাসন্ধং মহাবলম্।
হতানীকাবশিষ্টাসুং সিংহঃ সিংহমিবৌজসা ॥৩০

বধ্যমানং হতারাতিং পাশৈর্বারুণমানুষৈঃ।
বারয়ামাস গোবিন্দস্তেন কার্য্যচিকীর্ষয়া ॥৩১

কেশশৈবলাঃ (নরাণাং কেশাঃ এব শৈবলাঃ যাসু তাঃ) ধনুস্তরঙ্গায়ুধগুল্মসংকুলাঃ (ধনুংষি এব তরঙ্গাঃ আয়ুধানি এব চ গুল্মানি তৈঃ চ সংকুলাঃ ব্যাপ্তাঃ) অচ্ছুরিকাবর্ত্তভয়ানকাঃ (অচ্ছুরিকাঃ চর্ম্মাণি চক্রাণি বা আবর্ত্তাঃ তৈঃ ভয়ানকাঃ) মহামণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ (মহামণীনাং প্রবেকাঃ উত্তমাঃ তন্নির্ম্মিতানি আভরণানি যথাযথম্ অশ্মানঃ শর্করাঃ চ যাসু তাঃ)।২৬

ভীরুভয়াবহাঃ (ভীরূণাং ভয়াবহাঃ) মৃধে যুদ্ধে মনস্বিনাং বীরাণাং তু পরস্পরং হর্ষকরীঃ হর্ষকর্য্যঃ প্রবর্ত্তিতাঃ। তথা দুস্প্রদান্ অরীন্ মুষলেন বিনিঘ্নতা অপরিমেয়তেজসা (অপরিমেয়ং তেজঃ পরাভিভবসামর্থ্যং যস্য তেন) সঙ্কর্ষনে অপি হে অঙ্গ! তৎ অর্ণবদুর্গভৈরবং (অর্ণববৎ দুর্গং দুষ্প্রবেশং ভৈরবং ভয়ানকং চ) দুরন্তপারম্ অপারং মগধেন্দ্রপালিতং (মগধেন্দ্রেণ পালিতং) বলং ক্ষয়ং প্রণীতম্। হে রাজন্! জগদীশয়োঃ বসুদেবপুত্রয়োঃ তৎ জরাসন্ধসৈন্যবিনাশনং তু পরং বিক্রীড়িতং ক্রীড়ামাত্রম্ এব ন তু পরাক্রমঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৭-২৮

অনন্তগুণঃ যঃ ভগবান্ স্বলীলয়া অনায়াসেন সংকল্পমাত্রেণ ভুবনত্রয়স্য স্থিত্যুদ্ভবান্তং স্থিতিসংহারাদিকং সৃষ্টিং সমীহতে করোতি, তস্য পরপক্ষনিগ্রহঃ চিত্রম্ আশ্চর্য্যবিষয়ঃ ন ভবতি। তথাপি মর্ত্ত্যানুবিধস্য মর্ত্ত্যান্ অনুবিধত্তে অনুকরোতি তথাবিধস্য মনুষ্যদৃষ্ট্যা বর্ণ্যতে ॥২৯

সিংহঃ যথা ওজসা বলেন সিংহং গৃহ্ণাতি, তথা মহাবলঃ রামঃ হতানীকাবশিষ্টাসুং (হতানি অনীকানি সৈন্যানি যস্য, অবশিষ্টাঃ অসবঃ প্রাণাঃ চ যস্য তং) বিরথং মহাবলং জরাসন্ধম্ ওজসা জগ্রাহ ॥৩০

হইতে লাগিল, নরকেশজাল নদীগর্ভে শৈবালের ন্যায় ইতস্ততঃ ভাসমান হইতেছিল, ধনুসমূহ তরঙ্গের ন্যায় এবং আয়ুধসকল গুল্মের ন্যায় ইতস্ততঃ পরিব্যাপ্ত ছিল। চর্ম্ম এবং চক্রসমূহ ভয়ানক আবর্ত্তের ন্যায় লক্ষিত হইতেছিল।২৬

ভীরুগণের ভয়াবহ তাদৃশ মহাযুদ্ধে মনস্বী বীর-পুরুষগণের বরং পরস্পরের মধ্যে আনন্দেরই কারণ হইয়াছিল। দুর্ম্মদ অরিকুলকে মুষলাঘাতে নিহত-করত অতুল-তেজস্বী ভগবান্ সঙ্কর্ষণ সেই সমুদ্রতুল্য অপার ও ভীষণ মাগধের সৈন্য-সাগরকে প্রায় ক্ষয় করিয়া ফেলিলেন। হে নরনাথ! বসুদেব-নন্দন জগৎপতি রামকৃষ্ণের ঈদৃশ জরাসন্ধের সৈন্য-সংহার কার্য্যে বিশেষ বিস্মিত হইবার প্রয়োজন নাই। কারণ তাঁহারা জগতের ঈশ্বর। এ-সকল কার্য্যে তাঁহাদের কেবল ক্রীড়ারই পরিচয় হইয়াছে মাত্র।২৭-২৮

যে অনন্তগুণ অনন্তদেব ভগবান্ শ্রীকৃষ্ণ কেবল সংকল্পমাত্রে অবলীলাক্রমে এই ভুবনত্রয়ের সৃষ্টি, স্থিতি ও পালন করিতেছেন, তাঁহার পক্ষে পরপক্ষ নিগ্রহ করা কিছু আশ্চর্য্যের বিষয় নহে। তথাপি মর্ত্ত্য মানবগণের অনুকরণেই এই সমস্ত বৃত্তান্ত অনুবর্ণিত হইতেছে মাত্র।২৯

সিংহ যেমন বলপূর্ব্বক অন্য সিংহকে আক্রমণ করে, সেইরূপ মহাবলপরাক্রম বলদেব বলপূর্ব্বক জরাসন্ধকে আক্রমণ করিলেন।৩০

স মুক্তো লোকনাথাভ্যাং ব্রীড়িতো বীরসম্মতঃ।
তপসে কৃতসঙ্কল্পো বারিতঃ পথি রাজভিঃ ॥৩২
বাক্যৈঃ পবিত্রার্থপদৈর্নয়নৈঃ প্রাকৃতৈরপি ।
স্বকর্মবন্ধপ্রাপ্তোঽয়ং যদুভিস্তে পরাভবঃ ॥৩৩
হতেষু সর্বানীকেষু নৃপো বার্হদ্রথস্তদা।
উপেক্ষিতো ভগবতা মগধান্ দুর্মনা যযৌ ॥৩৪

বারুণমানুষৈঃ পাশৈঃ জরাসন্ধং বধ্যমানং হতারাতিং (হতাঃ অরাতয়ঃ যেন তং বলরামং) গোবিন্দঃ শ্রীকৃষ্ণঃ তেন জরাসন্ধেন কার্য্যচিকীর্ষয়া (কার্যস্য দুষ্টসংগ্রহস্য চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া) বারয়ামাস ॥৩১

বীরসম্মতঃ (বীরতয়া সম্মতঃ) সঃ জরাসন্ধঃ লোকনাথাভ্যাং রাম-কৃষ্ণাভ্যাম্ এবং মুক্তঃ পরিত্যক্তঃ, অতঃ ব্রীড়িতঃ লজ্জিতঃ সন্ তপসে কৃতসংকল্পঃ পথি রাজভিঃ শিশুপালাদিভিঃ বারিতঃ নিবারিতঃ ॥৩২

পবিত্রার্থপদৈঃ (পবিত্রার্থানি ধর্ম্মোপদেশপরাণি পদানি যেষু তৈঃ) যদুভিঃ তে তব পরাভবঃ স্বকর্ম্মবন্ধপ্রাপ্তঃ স্বকর্ম্ম-বন্ধেন নিমিত্তেন এব প্রাপ্তঃ ইতি নয়নৈঃ নীতিভিঃ প্রাকৃতৈঃ লৌকিকৈঃ বাক্যৈঃ তং জরাসন্ধং নিবারয়ামাস ॥৩৩

বলরাম যখন বারুণাস্ত্র ও মানুষ-পাশের দ্বারা জরাসন্ধকে নিহত করিবার জন্য বন্ধন করিলেন, তখন শ্রীকৃষ্ণ জরাসন্ধের দ্বারা অন্য দুষ্টগণের সংগ্রহার্থ তাহাকে পরিত্যাগ করিতে বলিলেন।৩১

জরাসন্ধ একজন প্রসিদ্ধ বীর, সুতরাং লোকনাথ রামকৃষ্ণ কর্ত্তৃক এইরূপে অবমাননার সহিত পরিত্যক্ত হওয়াতে তিনি নিতান্ত লজ্জিত হইয়া তপোঽনুষ্ঠানার্থ বন-গমনে বাসনা করিলেন। কিন্তু শিশুপালাদি রাজন্যবর্গ নানাবিধ ধর্ম্মোপদেশ এবং নীতি-সঙ্গত পবিত্র ও লৌকিক উপদেশ বাক্যের দ্বারা তাঁহাকে নিবারণ করিয়াছিল।৩২

তাঁহারা বলিলেন,—হে বীর! একজন সমকক্ষের সহিত যুদ্ধে পরাস্ত হইলে আপনার অবমাননার কারণ ছিল বটে; কিন্তু অতি তুচ্ছ যদুপতি কৃষ্ণের নিকট যখন আপনার পরাজয় হইল, তখন তাহা প্রকৃত পরাজয় নহে, উহা আপনার পূর্ব্বসঞ্চিত পাপেরই লিখন মাত্র। ইহাতে আপনার লজ্জিত হওয়া অবিধেয়। বিশেষতঃ কোন্ বুদ্ধিমান ব্যক্তি অতি ক্ষুদ্র যাদব হইতেও আপনাকে দুর্ব্বল মনে করিবে? ইহাদের সহিত যুদ্ধে জয়লাভ হইলে যেমন আপনার পক্ষে কোন গৌরবের বিষয় হয় না, সেইরূপ পরাজয়েও কোন নিন্দা নাই। বিশেষতঃ জয় কিংবা পরাজয়ে ক্ষত্রিয়ের পক্ষে হর্ষ বা বিষাদের বিষয় কখনই সম্ভব নহে। এই প্রকার যুক্তিযুক্ত বাক্যে তাঁহারা জরাসন্ধকে সান্ত্বনা করিলেন।৩৩

যাবতীয় সৈন্যকুল নিহত হইলে বৃহদ্রথ-নন্দন রাজা জরাসন্ধ ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে উপেক্ষিত হইয়া বিষণ্ণচিত্তে স্বকীয় রাজ্য মগধদেশে প্রস্থান করিলেন।৩৪

মুকুন্দোঽপ্যক্ষতবলো নিস্তীর্ণারিবলার্ণবঃ।
বিকীর্য্যমাণঃ কুসুমৈস্ত্রিদশৈরনুমোদিতঃ ॥৩৫
মাথুরৈরুপসঙ্গম্য বিজ্বরৈর্মুদিতাত্মভিঃ।
উপগীয়মানবিজয়ঃ সূতমাগধবন্দিভিঃ ॥৩৬
শঙ্খদুন্দুভয়ো নেদুর্ভেরীতূর্য্যাণ্যনেকশঃ।
বীণাবেণুমৃদঙ্গানি পুরং প্রবিশতি প্রভৌ ॥৩৭

এবং সর্ব্বানীকেষু (সর্ব্বেষু অনীকেষু) হতেষু সৎসু বার্হদ্রথঃ বৃহদ্রথপুত্রঃ জরাসন্ধঃ নৃপতিঃ ভগবতা উপেক্ষিতঃ সন্ দুর্ম্মনা এব মগধান্ স্বদেশং যযৌ ॥৩৪

অক্ষতবলঃ (ন ক্ষতং বলং সৈন্যং যস্য সঃ) নিস্তীর্ণারিবলার্ণবঃ (নিস্তীর্ণ অনায়াসেন তীর্ণঃ অরিবলার্ণবঃ যেন সঃ) বিবুধৈঃ (সাধু সাধু ইতি) অনুমোদিতঃ কুসুমৈঃ বিকীর্য্যমাণঃ আচ্ছাদ্যমানঃ মুকুন্দঃ অপি স্বপুরং যযৌ ॥৩৫

(শত্রুবিনাশাৎ) বিজ্বরৈঃ নিবৃত্ততাপৈঃ মুদিতাত্মভিঃ প্রসন্নচিত্তৈঃ মাথুরৈঃ মথুরাবাসিভিঃ জনৈঃ অভিসংগম্য মিলিত্বা সূতমাগধবন্দিভিঃ উপগীয়মানবিজয়ঃ (উপগীয়মানঃ বিজয়ঃ যস্য সঃ) কৃষ্ণঃ স্বপুরং মথুরাং যযৌ ॥৩৬

বিস্তীর্ণ সৈন্যসাগরকে নিধন করিলেও শ্রীকৃষ্ণের

সিক্তমার্গাং হৃষ্টজনাং পতাকাভিরলঙ্কৃতাম্।
নির্ঘুষ্টাং ব্রহ্মঘোষেণ কৌতুকাবদ্ধতোরণাম্ ॥৩৮

নিচীয়মানো নারীভির্মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ।
নিরীক্ষ্যমাণঃ সস্নেহং প্রীত্যুৎকলিতলোচনৈঃ ৩৯ ॥

আয়োধনগতং বিত্তমনন্তং বীরভূষণম্।
যদুরাজায় তৎ সর্বমাহৃতং প্রাদিশৎ প্রভুঃ ॥৪০
এবং সপ্তদশকৃত্বস্তাবত্যক্ষৌহিণীবলঃ।
যুযুধে মাগধো রাজা যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ ॥৪১
অক্ষিণ্বংস্তদ্‌বলং সর্বং বৃষ্ণয়ঃ কৃষ্ণতেজসা।
হতেষু স্বেম্বনীকেষু ত্যক্তোঽগাদরিভির্নৃপঃ ॥৪২

প্রভৌ শ্রীকৃষ্ণে পুরং প্রবিশতি সতি শঙ্খদুন্দুভয়ঃ ভেরীতূর্য্যাণি চ বীণাবেণুমৃদঙ্গানি চ অনেকশঃ নেদুঃ ॥৩৭

তদা তু সিক্তমার্গাং (সিক্তাঃ চন্দনাদ্যম্বুভিঃ মার্গাঃ যস্যাঃ তাং) হৃষ্টজনাং (হৃষ্টাঃ জনাঃ যস্যাঃ তাং) পতাকাভিঃ অলঙ্কৃতাং, ব্রহ্মঘোষেণ বেদপাঠঘোষেণ নির্ঘুষ্টাং নিনাদিতাং, কৌতুকাবদ্ধ-তোরণাম্ (কৌতুকেন উৎসবেন আ সর্ব্বতো বদ্ধানি তোরণানি যস্যাং তাং পুরীং মথুরাং শ্রীকৃষ্ণঃ প্রাবিশৎ) ॥৩৮

নারীভিঃ মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ প্রভৃতিভিঃ নিচীয়মানঃ বিকীর্য্যমাণঃ তথা প্রীত্যা উৎকলিতলোচনৈঃ (উৎকলিতানি লোচনানি যেষাং তৈঃ জনৈঃ) সস্নেহং যথা স্যাৎ তথা নিরীক্ষমাণঃ ॥৩৯

প্রভুঃ পরমেশ্বরঃ শ্রীকৃষ্ণঃ আয়োধনগতম্ (আয়োধনং রণভূমিঃ তাং গতং তত্র স্থিতং) অনন্তং বিত্তং বীরভূষণং (বীরাণাং ভূষণং) যৎ আহৃতং তৎ সর্ব্বং যদুরাজায় উগ্রসেনায় প্রাদিশৎ সমর্পিতবান্ ॥৪০

তাবত্যক্ষৌহিণীবলঃ (তাবত্যঃ ত্রয়োবিংশতিসংখ্যকাঃ অক্ষৌহিণ্যঃ বলং সেনা যস্য তথাভূতঃ) মাগধঃ রাজা জরাসন্ধঃ কৃষ্ণপালিতৈঃ যদুভিঃ সহ সপ্তদশকৃত্বঃ সপ্তদশবারান্ এবম্ এব যুযুধে ॥৪১

নিজের কোনরূপ বলক্ষয় হয় নাই। তাদৃশ যুদ্ধে জয়লাভ করাতে অমরবাসী দেববৃন্দ সাধুবাদের দ্বারা শ্রীকৃষ্ণের জয়ঘোষণাকরত তদুপরি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন।৩৫

শত্রুগণের নিধনে মথুরাবাসীর আনন্দের সীমা রহিল না; তাঁহারা সকলে আনন্দ-সহকারে শ্রীকৃষ্ণকে পরিবৃত করিয়া হর্ষ প্রকাশ করিতে লাগিলেন; সূত, মাগধ ও বন্দিগণ শ্রীকৃষ্ণের স্তব করিতে লাগিলেন। এই প্রকারে সকলে পরিবৃত হইয়া শ্রীকৃষ্ণ স্বীয় পুরী মথুরায় প্রস্থান করিলেন।৩৬

(জরাসন্ধের দর্পখর্ব্বকারী গোবিন্দ যখন জয়শব্দে মথুরায় প্রবেশ করিলেন), তখন তুরী, ভেরী, বেণু, বীণা, মৃদঙ্গ, শঙ্খ ও দুন্দুভিপ্রভৃতি বাদ্যযন্ত্র চতুর্দ্দিক্ হইতে বাজিতে লাগিল।৩৭

মথুরায় রাজপথসকল সুবাসিত জলে আসিক্ত করা হইয়াছিল; ইতস্ততঃ বিচিত্র পতাকা ও নানাবিধ উৎসব-সূচক মাঙ্গল্য দ্রব্যে হর্ম্ম্য ও তোরণাদি অলঙ্কৃত করা হইয়াছিল। তত্রত্য জনগণ সকলেই আনন্দপূর্ণ ও হৃষ্টচিত্ত প্রতীত হইতে লাগিল; ব্রাহ্মণগণকৃত সুমঙ্গল বেদাধ্যয়ন-শব্দ সমগ্র মথুরাভূমিকে যেন নিনাদিত করিতেছিল।৩৮

পুর-প্রবেশ কালে মথুরাবাসিনী নারীগণ মাল্য, দধি, অক্ষত ও অঙ্কুরাদি বিকীরণে শ্রীকৃষ্ণের মঙ্গল প্রার্থনা করিয়াছিলেন, জনগণ প্রীত ও প্রসন্নচিত্তে আনন্দ বিকসিত-লোচনে শ্রীকৃষ্ণের প্রতি সস্নেহ নিরীক্ষণ করিতে লাগিল।৩৯

অসীম-পরাক্রম সর্ব্বেশ্বর বাসুদেব রণ-প্রাঙ্গণে বীরসমূহের বিবিধ মণিময় রত্নালঙ্কারাদি যে সমস্ত প্রচুর ঐশ্বর্য্য সংগ্রহ করিয়াছিলেন, সে সমস্ত আনয়ন করত যদুরাজ উগ্রসেনকে প্রদান করিলেন।৪০

মগধরাজ জরাসন্ধ এই প্রকারে প্রতিবার ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনা সংগ্রহকরত ক্রমান্বয়ে সপ্তদশবার কৃষ্ণপালিত যদুগণের সহিত যুদ্ধ করিয়াছিলেন।৪১

অষ্টাদশমসংগ্রামে আগামিনি তদন্তরা।
নারদপ্রেষিতো বীরো যবনঃ প্রত্যদৃশ্যত ॥৪৩
রুরোধ মথুরামেত্য তিসৃভির্ম্লেচ্ছকোটিভিঃ।
নৃলোকে চাপ্রতিদ্বন্দ্বো বৃষ্ণীন্ শ্রুত্বাত্মসম্মিতান্ ॥৪৪
তং দৃষ্ট্বাচিন্তয়ৎ কৃষ্ণঃ সঙ্কর্ষণসহায়বান্।
অহো যদূনাং বৃজিনং প্রাপ্তং হ্যুভয়তো মহৎ ॥৪৫

যবনোঽয়ং নিরুন্ধেঽস্মানদ্য তাবন্মহাবলঃ।
মাগধোঽপ্যদ্য বা শ্বো বা পরশ্বো বাগমিষ্যতি ॥৪৬
আবয়োর্যুধ্যতোরস্য যদ্যাগন্তা জরাসুতঃ।
বন্ধূন্ হনিষ্যত্যথবা নেষ্যতে স্বপুরং বলী ॥৪৭
তস্মাদদ্য বিধাস্যামো দুর্গং দ্বিপদদুর্গমম্।
তত্র জ্ঞাতীন্ সমাধায় যবনং ঘাতয়ামহে ॥৪৮

কৃষ্ণতেজসা যুক্তাঃ বৃষ্ণয়ঃ যাদবাঃ সর্ব্বং তদ্বলম্ (তস্য জরাসন্ধস্য বলং) অকিঞ্চন্ নাশিতবন্তঃ। এবমেব তেষু অনীকেষু হতেষু সৎসু অরিভিঃ রামকৃষ্ণাদিভিঃ ত্যক্তঃ উপেক্ষিতঃ নৃপঃ জরাসন্ধঃ অগাৎ স্বপুরং জগাম ॥৪২

অষ্টাদশমে সংগ্রামে আগামিনি সতি তদন্তরা তৎপূর্ব্বং নারদেন প্রেরিতঃ যবনঃ কাল-যবনাখ্যঃ বীরঃ প্রত্যদৃশ্যত (মথুরাং প্রাপ্তঃ তত্রত্যৈঃ জনৈঃ চ দৃষ্টঃ) ॥৪৩

নৃলোকে অপ্রতিদ্বন্দ্বঃ (ন বিদ্যতে প্রতিদ্বন্দ্বঃ তুল্যবলঃ যস্য সঃ তথাভূতঃ কালযবনঃ নারদমুখাৎ) বৃষ্ণীন্ এব আত্মসম্মিতান্ স্বতুল্যবলান্ শ্রুত্বা তিসৃভিঃ ম্লেচ্ছকোটিভিঃ সহ এত্য আগম্য মথুরাং রুরোধ ॥৪৪

তং কালযবনং দৃষ্ট্বা সঙ্কর্ষণ-সহায়বান্ বলরামেণ সহ অবস্থিতঃ শ্রীকৃষ্ণঃ ইদম্ অচিন্তয়ৎ যৎ অহো। যদূনাং মহৎ বৃজিনং দুঃখম্ উভয়তঃ কালযবনাৎ জরাসন্ধাৎ চ প্রাপ্তম্ ॥৪৫

মহাবলঃ অয়ং যবনঃ অদ্য তাবৎ অস্মান্ নিরুন্ধে নিরুণদ্ধি; অদ্য অস্মিন্ অহনি বা শ্বঃ পরস্মিন্ অহনি বা পরশ্বঃ তদনন্তরে অহনি বা মাগধঃ আগমিষ্যতি ॥৪৬

অদ্য অনেন সহ আবয়োঃ যুধ্যতোঃ যদি জরাসুতঃ আগন্তা আগমিষ্যতি, তর্হি সঃ বলী অস্মাকং বন্ধূন্ হনিষ্যতি অথবা তান্ বদ্ধা স্বপুরং নেষ্যতি ॥৪৭

তস্মাৎ দ্বিপদদুর্গমং (দ্বিপদৈঃ নরৈঃ দুর্গমং গন্তুমশক্যং) দুর্গং বিধাস্যামঃ করিষ্যামঃ, তত্র জ্ঞাতীন্ সমাধায় নীত্বা

কিন্তু শ্রীকৃষ্ণের অতুল সামর্থ্যে উন্নদ্ধতেজা যাদবগণ কর্ত্তৃক হতসৈন্য হইয়া তিনি পরাজয় স্বীকার করেন; এই প্রকারে জরাসন্ধের সংগৃহীত যাবতীয় বল বিনষ্ট হইলেও রামকৃষ্ণ যখন তাঁহাকে নিহত না করিয়া উপেক্ষিত ভাবে পরিত্যাগ করিলেন, তখন মহারাজ জরাসন্ধ স্বীয় রাজ্য মগধ-দেশেই প্রস্থান করিলেন।৪২

অনন্তর জরাসন্ধ যখন পুনরায় অষ্টাদশ বার যুদ্ধের আয়োজন করিতেছিলেন, ইতিমধ্যে দেবর্ষি নারদ কালযবনের সমীপে উপস্থিত হইয়া শ্রীকৃষ্ণের বিরুদ্ধে যুদ্ধ করিবার উপদেশ প্রদান করিলে যবন-বীর মথুরায় উপস্থিত হইলেন।৪৩

তৎকালে কালযবনের তুল্য বলশালী বীর আর কেহ মানবের মধ্যে নয়নগোচর হয় নাই। অকস্মাৎ নারদকে অবলোকন করিয়া তিনি নিজের তুল্য যোদ্ধার অনুসন্ধান করিলে দেবর্ষি বৃষ্ণিবংশীয় বীরগণকেই তাঁহার সমকক্ষ বিবেচনায় নির্দ্দেশ করিলেন। সুতরাং কালযবনও নারদের উপদেশ অনুসারে তিন কোটি ম্লেচ্ছ সৈন্য সঙ্গে লইয়া তথায় আগমন করিলেন এবং মথুরাকে অবরুদ্ধ করিলেন।৪৪

তাদৃশ সৈন্য-সামন্তে পরিবৃত যবনাধিপতিকে যুদ্ধার্থ উপস্থিত হইতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ বলরামের সহিত একত্র চিন্তা করিয়া বলিলেন,—অহো। যাদবগণের বিষম বিপদ উভয়ত উপস্থিত বলিয়া আমি বিশেষ অনুভব করিতেছি।৪৫

এদিকে মহাবল কালযবন অদ্য আমাদিগের মথুরার দ্বার অবরোধ করত অবস্থান করিতেছে, ওদিকে অদ্য বা কল্য বা আগামী পরশ্ব জরাসন্ধ যুদ্ধার্থ আগমন করিবে।৪৬

ইতি সম্মন্ত্র্য ভগবান্ দুর্গং দ্বাদশযোজনম্।
অন্তঃসমুদ্রে নগরং কৃৎস্নাদ্ভুতমচীকরৎ ॥৪৯
দৃশ্যতে যত্র হি ত্বাষ্ট্রং বিজ্ঞানং শিল্পনৈপুণম্।
রথ্যাচত্বরবীথীভির্যথাবাস্তু বিনির্ম্মিতম্ ॥৫০
সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতম্।
হেমশৃঙ্গৈর্দিবিস্পৃগ্‌ভিঃ স্ফাটিকাট্টালগোপুরৈঃ ॥৫১
রাজতারকূটৈঃ কোষ্ঠৈর্হেমকুম্ভৈরলঙ্কৃতৈঃ।
রত্নকূটৈর্গৃহৈর্হৈমৈর্মহামারকতস্থলৈঃ ॥৫২
বাস্তোষ্পতীনাঞ্চ গৃহৈর্বলভীভিশ্চ নির্ম্মিতম্।
চাতুর্বর্ণ্যজনাকীর্ণং যদুদেবগৃহোল্লসৎ ॥৫৩
সুধর্ম্মাং পারিজাতঞ্চ মহেন্দ্রঃ প্রাহিণোদ্ধরেঃ।
যত্র চাবস্থিতো মর্ত্ত্যো মর্ত্ত্যধর্ম্মৈর্ন যুজ্যতে ॥৫৪

যবনং ঘাতয়ামহে ॥৪৮

ভগবান্ শ্রীকৃষ্ণঃ সঙ্কর্ষণেন সহ ইতি এবং সংমন্ত্র্য বিচার্য্য অন্তঃসমুদ্রে সমুদ্রমধ্যে দুর্গং তত্র চ কৃৎস্নাদ্ভুতং সর্ব্বাশ্চর্য্যময়ং দ্বাদশযোজনং তৎপরিমাণবিস্তীর্ণং নগরম্ অচীকরৎ (বিশ্বকর্মণা কারয়ামাস) ॥৪৯

যত্র নগরে হি ত্বাষ্ট্রং (ত্বষ্টা বিশ্বকর্মা তস্য সম্বন্ধি) বিজ্ঞানং শিল্পনৈপুণ্যং ক্রিয়াকৌশলং দৃশ্যতে; তৎ যথা (রথ্যাঃ রাজমার্গাঃ চত্বরাণি অঙ্গনানি বীথ্যঃ উপমার্গাঃ তৈঃ) যথাবাস্তু বাস্তুগৃহাদিনির্মাণস্থানং তদনতিক্রম্য নির্ম্মিতম্ ॥৫০

সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতং (সুরাণাং দ্রুমা লতাশ্চ যেষু তানি উদ্যানানি বিচিত্রোপবনানি চ তৈঃ অন্বিতং), হেমশৃঙ্গৈঃ (হেমময়ানি শৃঙ্গাণি যেষাং তৈঃ), দিবিস্পৃগ্‌ভিঃ অত্যুচ্চৈঃ স্ফাটিকাট্টালগোপুরৈঃ (স্ফাটিকাঃ অট্টালাঃ উপরিভূমিকাঃ গোপুরাণি পুরদ্বারাণি তৈঃ চ) নির্ম্মিতম্ ইতি পরেণান্বয়ঃ ॥৫১

রাজতারকূটৈঃ (রাজতম্ আরকূটং পিত্তলং চ তাভ্যাং নির্ম্মিতৈঃ) হেমকুম্ভৈঃ অলঙ্কৃতৈঃ কোষ্ঠৈঃ অন্নশালাশ্বশালাদিভিঃ রত্নকূটৈঃ পদ্মরাগাদিশিখরৈঃ হৈমৈঃ সৌবর্ণৈঃ মহামারকতস্থলৈঃ (মহামারকতস্থলানি যেষু তৈঃ) গৃহৈঃ চ নির্মিতম্ ॥৫২

(নগরগৃহাদৌ) বাস্তোষ্পতীনাং দেবানাং চ গৃহৈঃ বলভীভিঃ চন্দ্রশালিকাভিঃ চ নির্ম্মিতং চাতুর্বর্ণ্যজনাকীর্ণং (ব্রাহ্মণাদিচাতুর্বর্ণ্যজনৈঃ আকীর্ণং ব্যাপ্তং) তথা যদুদেবগৃহোল্লসৎ যদুদেবস্য উগ্রসেনস্য গৃহৈঃ উল্লসৎ শোভমানম্ ॥৫৩

আমরা উভয়ে ইহার সহিত সংগ্রামে নিযুক্ত থাকিবার সময় যদি জরাপুত্র মগধ হইতে আসিয়া উপস্থিত হয়, তাহা হইলে বিলক্ষণ বিপদেরই সম্ভাবনা; সেই মহাবল পরাক্রান্ত জরাসন্ধ আমাদিগের যাবতীয় বন্ধুবর্গকে হয় নিধন করিবে, নতুবা বন্দী করত তাহার স্বীয় রাজ্য মগধেই লইয়া যাইবে।৪৭

অতএব এরূপ অবস্থায় এমন একটি দুর্গ নির্ম্মাণ করা প্রয়োজন, যেস্থানে মনুষ্যের গতিবিধি হইতে না পারে এবং সেই দুর্গে জ্ঞাতিগণকে রাখিয়া আসিয়া কালযবনকে নিহত করিব।৪৮

ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রজ বলদেবের সহিত এইরূপ পরামর্শ করিয়া সমুদ্র মধ্যে এক অদ্ভুত দুর্গ প্রস্তুত করিলেন এবং দুর্গমধ্যে দ্বাদশ যোজন বিস্তীর্ণ এক অপূর্ব্ব মনোরম নগর বিশ্বকর্ম্মার দ্বারা নির্ম্মাণ করাইলেন।৪৯

এই নগর-মধ্যে বিশ্বকর্ম্মার বিজ্ঞান ও শিল্প নৈপুণ্যের বিশেষ পরিচয় পরিদৃষ্ট হইয়া থাকে। রাজমার্গ, প্রাঙ্গণ, উপমার্গ এবং বাস্তু গৃহাদি নির্ম্মাণের শৃঙ্খলা অতি অপূর্ব্ব বলিয়াই অনুভূত হইয়াছিল।৫০

তথাকার উদ্যান এবং উপবনসমূহ স্বর্গীয় তরু ও লতায় সমাকীর্ণ ছিল। সুবর্ণময় চূড়াবিশিষ্ট অতীব উচ্চ স্ফটিকনির্ম্মিত অট্টালিকাসমূহ এবং পুরদ্বার সকল নির্ম্মিত হইল।৫১

রজত ও পিত্তলনির্ম্মিত হেমকলসবিশিষ্ট শোভন রন্ধনশালা ও অশ্বশালাদি প্রস্তুত হইল। বাসগৃহ সমস্তের শীর্ষভাগ পদ্মরাগাদি বিচিত্র মণিদ্বারা খচিত এবং সমস্ত গৃহতল মহা-মারকতাদির দ্বারা নির্ম্মিত হইল।৫২

নগরস্থিত প্রত্যেক বাসভবনে দেবগৃহ এবং চন্দ্রশালিকায় (প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ বা

শ্যামৈককর্ণান্ বরুণো হয়ান্ শুক্লান্ মনোজবান্।
অষ্টৌ নিধিপতিঃ কোষান্ লোকপালো
নিজোদয়ান্ ॥৫৫
যদ্‌যদ্ ভগবতা দত্তমাধিপত্যং স্বসিদ্ধয়ে।
সর্বং প্রত্যর্পয়ামাসুর্হরৌ ভূমিগতে নৃপ ॥৫৬

সুধর্মাং সুধর্মাখ্যাং সভাং, পারিজাতং তদাখ্যং বৃক্ষং, হরেঃ হরয়ে মহেন্দ্রঃ বাসবঃ প্রাহিণোৎ প্রস্থাপয়ামাস। যত্র সভায়াম্ অবস্থিতঃ মর্ত্ত্যঃ মানবঃ মর্ত্ত্যধর্মৈঃ ক্ষুৎপিপাসাদি-দ্বন্দ্বধর্ম্মৈঃ বিমুচ্যতে ন যুজ্যতে ॥৫৪

বরুণঃ তু শ্যামৈককর্ণান্ (শ্যামঃ একঃ কর্ণঃ যেষাং তান্) শ্বেতান্ সর্বতঃ শুক্লান্ মনোজবান্ (মনোবৎ জবঃ বেগঃ যেষাং তান্) হয়ান্ প্রাহিণোৎ। নিধিপতিঃ কুবেরঃ অষ্টৌ কোষান্ নিধীন্ প্রাহিণোৎ; তথা অন্যে লোকপালাঃ নিজোদয়ান্ নিজবিভূতীঃ প্রস্থাপিতবন্তঃ ॥৫৫

দেবগৃহের পুরোবর্ত্তী প্রশস্ত গৃহে) সুশোভিত হইল। ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয়ের বাসভবনসকল বিভিন্নভাবে সর্ব্বত্র নির্ম্মিত হইল। ইহার মধ্যস্থলে যদুপতি উগ্রসেন, শ্রীকৃষ্ণ, বলরাম ও বসুদেবের নিমিত্ত এক একটি সুপ্রশস্ত ও মনোহর রাজপ্রাসাদ প্রস্তুত হইল।৫৩

দেবরাজ ইন্দ্র স্বর্গ হইতে তাঁহার সুধর্ম্মানাম্নী সভা এবং পারিজাত বৃক্ষ ভগবান্ শ্রীকৃষ্ণের দুর্গে প্রেরণ করিলেন। অহো! এই সভায় অবস্থান করিলে মরণধর্ম্মশীল মানবেরও ক্ষুৎপিপাসাদি দ্বন্দ্ব ধর্ম্ম বিদূরিত হয়।৫৪

জলাধিপতি বরুণ শ্রীকৃষ্ণকে মনের ন্যায় তীব্র বেগবিশিষ্ট শ্যামৈককর্ণ শুভ্রকায় শ্রেষ্ঠ অশ্বসমূহ উপহাররূপে প্রদান করিলেন। নিধিপতি কুবের ভগবান্‌কে পদ্ম, মহাপদ্ম, মৎস্য, কূর্ম্ম, উদক, নীল, মুকুন্দ ও শঙ্খ এই অষ্টবিধ নিধি প্রদান করিলেন। অন্যান্য লোকপালগণও স্ব-স্ব বিভূতি প্রদানে শ্রীকৃষ্ণের অভ্যর্থনা করিয়াছিলেন।৫৫

অন্যান্য সিদ্ধগণকে স্ব-স্ব অধিকার-সিদ্ধ্যর্থ ভগবান্ যে যে আধিপত্য প্রদান করিয়াছিলেন, এক্ষণে তাঁহারা ভূতলে শ্রীহরিকে অবতীর্ণ অবলোকন করিয়া তাঁহাকে স্ব-স্ব বিভূতি সকলেই প্রত্যর্পণ করিলেন।৫৬

তত্র যোগপ্রভাবেণ নীত্বা সর্বজনং হরিঃ।
প্রজাপালেন রামেণ কৃষ্ণঃ সমনুমন্ত্রিতঃ।
নির্জগাম পুরদ্বারাৎ পদ্মমালী নিরায়ুধঃ ॥৫৭
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পঞ্চাশোঽধ্যায়ঃ ॥

হে নৃপ। অন্যে চ সিদ্ধাদয়ঃ যৎ যৎ আধিপত্যং বিভূতি-বিশেষং স্বসিদ্ধয়ে স্বাধিকারসিদ্ধ্যর্থং ভগবতা দত্তং সর্বং ভূমিগতে হরৌ প্রত্যর্পয়ামাসুঃ ॥৫৬

ভগবান্ হরিঃ যোগপ্রভাবেণ (যোগস্য অচিন্ত্য-শক্ত্যাখ্যয়া মায়য়া প্রভাবেণ) স্বান্ স্বকীয়ান্ জনান্ তত্র নীত্বা প্রাপয্য মথুরাম্ এত্য রামেণ সমনুমন্ত্রিতঃ পদ্মমালী কৃষ্ণঃ নিরায়ুধঃ আয়ুধরহিতঃ এব পুরদ্বারাৎ নির্জ্জগাম ॥৫৭

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকীয় অচিন্ত্যশক্তি যোগমায়ার প্রভাবে সকলের অজ্ঞাতসারে স্বজনগণকে মথুরা হইতে সেই দুর্গে লইয়া গেলেন এবং তৎপরে মথুরায় প্রত্যাগমন পূর্ব্বক বলরামের সহিত পরামর্শ করিয়া একাকী গলদেশে পদ্মমালা ধারণকরত বিনা অস্ত্রে মথুরার দ্বার দিয়া নির্গত হইলেন।৫৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চাশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[কালযবনস্য বিনাশঃ, মুচুকুন্দেন শ্রীভগবতঃ স্তুতিশ্চ।]

শ্রীশুক উবাচ।

তং বিলোক্য বিনিষ্ক্রান্তমুজ্জিহানমিবোড়ুপম্।
দর্শনীয়তমং শ্যামং পীতকৌশেয়বাসসম্ ॥১
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরম্।
পৃথুদীর্ঘচতুর্বাহুং নবকঞ্জারুণেক্ষণম্ ॥২
নিত্যপ্রমুদিতং শ্রীমৎসুকপোলং শুচিস্মিতম্।
মুখারবিন্দং বিভ্রাণং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥৩

বাসুদেবো হ্যয়মিতি পুমান্ শ্রীবৎসলাঞ্ছনঃ।
চতুর্ভুজোঽরবিন্দাক্ষো বনমাল্যতিসুন্দরঃ ॥৪
লক্ষণৈর্নারদপ্রোক্তৈর্নান্যো ভবিতুমর্হতি।
নিরায়ুধশ্চলন্ পদ্ভ্যাং যোৎস্যেঽনেন নিরায়ুধঃ ॥৫
ইতি নিশ্চিত্য যবনঃ প্রাদ্রবন্তং পরাঙ্মুখম্।
অন্বধাবজ্জিঘৃক্ষুস্তং দুরাপমপি যোগিনাম্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। উজ্জিহানম্ উদ্গচ্ছন্তম্ উড়ুপং চন্দ্রম্ ইব দর্শনীয়তমম্ অতিসুন্দরং শ্যামং পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে বাসসী যস্য তং) শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ দক্ষিণাবর্ত্তরোমরেখায়াং সুবর্ণরেখাবত্তেজোবিশেষঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরং (ভ্রাজৎকৌস্তুভেন আমুক্তা বদ্ধা অলঙ্কৃতা কন্ধরা গ্রীবা যস্য তং) পৃথুদীর্ঘচতুর্বাহুং (পৃথবঃ পীনাঃ দীর্ঘাঃ চত্বারঃ বাহবঃ যস্য তং) নবকঞ্জারুণেক্ষণং (নবকঞ্জঃ ইব অরুণে ঈক্ষণে যস্য তং) তং শ্রীকৃষ্ণং বিলোক্য যবনঃ অন্বধাবৎ ইতি চতুর্থেনান্বয়ঃ ॥১-২

(ভগবদ্রূপং দর্শয়তি) নিত্যপ্রমুদিতং শ্রীমৎসুকপোলং (শ্রীমতী সৌন্দর্য্যযুক্তে সুষ্ঠু কপোলে যস্য তং) শুচিস্মিতং (শুচি শুদ্ধং স্মিতং যস্মিন্ তৎ) স্ফুরন্মকরকুণ্ডলং (স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্মিন্ তৎ) মুখারবিন্দং বিভ্রাণং তং শ্রীকৃষ্ণং বিলোক্য ॥৩

নারদপ্রোক্তৈঃ লক্ষণৈঃ অয়ং চতুর্ভুজঃ অরবিন্দাক্ষঃ পদ্মপলাশলোচনঃ বনমালী অতিসুন্দরঃ শ্রীবৎসলাঞ্ছনঃ পুমান্ হি নিশ্চিতং বাসুদেবঃ এব অন্যঃ ন অর্হতি। অয়ং চ নিরায়ুধঃ অতঃ পদ্ভ্যাম্ এব চলন্ নিরায়ুধঃ এব অহম্ অনেন যোৎস্যে ইতি নিশ্চিত্য যোগিনাম্ অপি দুরাপং দুর্লভং প্রাদ্রবন্তং পরাঙ্মুখং তং শ্রীকৃষ্ণং জিঘৃক্ষুঃ যবনঃ অন্বধাবৎ ॥৪-৬

একপঞ্চাশ অধ্যায়।

[কালযবনের বিনাশ এবং মুচুকুন্দ কর্তৃক শ্রীভগবানের স্তুতি]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! পীতকৌশেয় বসন পরিধানে শ্যামসুন্দর শ্রীকৃষ্ণ যখন মথুরার দ্বার দিয়া বহির্গত হইলেন, তখন নবোদিত পূর্ণ শশধরের অপূর্ব্ব লাবণ্যের ন্যায় তাঁহার মনোহর রূপ দর্শনে দর্শকমাত্রেরই চিত্ত বিনোদিত হইয়াছিল। তাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসলাঞ্ছিত দক্ষিণাবর্ত্ত রোমরেখায় সুবর্ণরেখার ন্যায় উজ্জ্বল তেজ, গলদেশে দোদুল্যমান কৌস্তুভ মণির প্রভা, আজানুলম্বিত স্থূলতম দীর্ঘ ভুজচতুষ্টয়, প্রফুল্ল কমলসদৃশ অরুণ লোচনযুগল।১-২

এবং মৃদুমন্দ হাস্যবিশিষ্ট প্রশান্ত বদন-মণ্ডলের কপোলদ্বয়ে উজ্জ্বল মকর-কুণ্ডলের স্নিগ্ধ জ্যোতিতে কি অনুপম শোভারই পরিচয় হইতেছিল।৩

তাঁহাকে অবলোকন করিবামাত্র নারদোক্ত লক্ষণসমূহ কাল-যবনের স্মৃতিপথে আরূঢ় হইল; সে মনে মনে বিবেচনা করিল যে এই পদ্মপলাশ-লোচন চতুর্ভুজ শ্রীবৎসবক্ষ অতিসুন্দর বনমালাধারী অপূর্ব্বদর্শন পুরুষ অবশ্য বাসুদেব ব্যতীত অন্য কেহই হইতে পারে না। বিশেষতঃ ইনি যখন নিরস্ত্র হইয়া পদব্রজেই গমন করিতেছেন, তখন আমিও অস্ত্রাদি গ্রহণ না করিয়া পদব্রজে ইহার সহিত যুদ্ধ করিব। এইরূপ মনে মনে স্থিরকরত কাল-যবন যখন সেই

হস্তপ্রাপ্তমিবাত্মানং হরিণা স পদে পদে।
নীতো দর্শয়তা দূরং যবনেশোঽদ্রিকন্দরম্ ॥৭
পলায়নং যদুকুলে জাতস্য তব নোচিতম্।
ইতি ক্ষিপন্ননুগতো নৈনং প্রাপাহতাশুভঃ ॥৮
এবং ক্ষিপ্তোঽপি ভগবান্ প্রাবিশদ্ গিরিকন্দরম্।
সোঽপি প্রবিষ্টস্তত্রান্যং শয়ানং দদৃশে নরম্ ॥৯

পদে পদে প্রতিপদং হস্তপ্রাপ্তম্ ইব আত্মানং দর্শয়িত্বা হরিণা সঃ যবনেশঃ কালযবনঃ দূরম্ অদ্রিকন্দরং প্রতি নীতঃ॥৭

যদুকুলে জাতস্য তব পলায়নং ন উচিতম্ ইতি এবং ক্ষিপন্ বচসা অভিভবন্ অনুগতঃ অপি অহতাশুভঃ অক্ষীণকর্ম্মা যবনঃ এনং ভগবন্তং ন প্রাপ ॥৮

এবং ক্ষিপ্তঃ তিরস্কৃতঃ অপি ভগবান্ গিরিকন্দরং প্রাবিশৎ, সঃ যবনঃ অপি তত্র গিরিকন্দরে প্রবিষ্টঃ সন্ শয়ানম্ অন্যং নরং দদৃশে ॥৯

যোগিগণেরও দুষ্প্রাপ্য ভগবান্‌কে আক্রমণ করিবার মানসে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল, তখন শ্রীকৃষ্ণ যেন ভয়ে ভীতের ন্যায় যুদ্ধে পশ্চাৎপদ হইয়া পুরোভাগে পলায়ন করিতে লাগিলেন।৪-৬

এবং প্রতি পদে যেন কাল-যবনের হস্ত-প্রাপ্তের ন্যায় আপনাকে প্রদর্শনের প্রলোভনে ভগবান্ শ্রীকৃষ্ণ কাল-যবনকে একটি দূরবর্ত্তী গিরিকন্দর পর্য্যন্ত লইয়া গেলেন।৭

পথে গমনকালে কাল-যবন শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিতেছিলেন যে, হে কৃষ্ণ! যদুকুলে জন্ম পরিগ্রহ করিয়া এরূপ ভীতের ন্যায় পলায়ন করা তোমার পক্ষে কখনই সম্ভব নহে; এইরূপ তিরস্কার বাক্যে ভর্ৎসনা করিলেও পূর্ব্ব পূর্ব্ব সঞ্চিত মালিন্য-নিবন্ধন কাল-যবন পুরোবর্ত্তী পরমেশ্বরকে পশ্চাদ্ধাবনেও ধরিতে পারিল না।৮

শ্রীকৃষ্ণ যবনের তিরস্কার বাক্যে কর্ণপাত না করিয়া তাহার সমক্ষেই সম্মুখবর্ত্তী পর্ব্বত-কন্দরে প্রবেশ করিলেন; তাঁহার পশ্চাদ্ধাবনে কাল-যবনও

নন্বসৌ দূরমানীয় শেতে মামিহ সাধুবৎ।
ইতি মত্বাচ্যুতং মূঢ়স্তং পদা সমতাড়য়ৎ ॥১০
স উত্থায় চিরং সুপ্তঃ শনৈরুন্মীল্য লোচনে।
দিশো বিলোকয়ন্ পার্শ্বে তমদ্রাক্ষীদবস্থিতম্ ॥১১
স তাবৎ তস্য রুষ্টস্য দৃষ্টিপাতেন ভারত।
দেহজেনাগ্নিনা দগ্ধো ভস্মসাদভবৎ ক্ষণাৎ ॥১২

ননু অসৌ বাসুদেবঃ এব মাং দূরম্ আনীয় ইহ গুহায়াং সাধুবৎ শেতে ইতি তং সুপ্তং জনম্ অচ্যুতং মত্বা সঃ মূঢ়ঃ মূর্খঃ যবনঃ পদা পাদেন তম্ অতাড়য়ৎ ॥১০

চিরং সুপ্তঃ সঃ তাড়িতপুরুষঃ উত্থায় শনৈঃ লোচনে উন্মীল্য সর্ব্বাঃ দিশঃ বিলোকয়ন্ পার্শ্বে অবস্থিতং তং কালযবনম্ অদ্রাক্ষীৎ ॥১১

হে ভারত! সঃ যবনঃ (নিদ্রাভঙ্গাৎ) রুষ্টস্য ক্রুদ্ধস্য তস্য পুংসঃ তাবৎ দৃষ্টিপাতেন দেহজেন অগ্নিনা দগ্ধঃ সন্ তৎক্ষণাৎ ভস্মসাৎ অভবৎ॥১২

সেই গিরিগুহায় প্রবেশপূর্ব্বক অকাতরে নিদ্রিত অপর একজন ব্যক্তিকে নয়নগোচর করিল।৯

প্রস্তর-শয্যায় শয়নে নিদ্রিত সেই মহাপুরুষকে অবলোকন করিয়া যবনপতি বিবেচনা করিল যে শ্রীকৃষ্ণ চাতুর্য্যের প্রকাশে আমাকে এতদূর আনয়ন করিয়া সম্প্রতি নিরীহ সাধুর ন্যায় নিদ্রার ভাণ করিতেছেন মাত্র। এই ভাবিয়া সেই মূঢ়মতি কৃষ্ণজ্ঞানে সেই নিদ্রিত পুরুষকে পদাঘাত করিল।১০

যবনের পদাঘাতে সেই নিদ্রিত পুরুষের নিদ্রাভঙ্গ হইল, বহুকাল নিদ্রার পর গাত্রোত্থান করিয়া ক্রমশঃ চক্ষু উন্মীলনে সেই পুরুষ যখন চতুর্দ্দিক্ অবলোকন করিতেছিলেন, তখন তাঁহার পার্শ্বদেশে দণ্ডায়মান এই কালযবনকে তিনি অকস্মাৎ অবলোকন করিলেন।১১

হে ভরতবংশাবতংস পরীক্ষিৎ! নিদ্রাভঙ্গ করায় সেই পুরুষের হৃদয়ে ক্রোধের উদ্দীপনা হইয়াছিল এবং তিনি যেমন যবনের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেন, অমনি তাঁহার দেহস্থ বহ্নির সংস্পর্শে যবন ভস্মীভূত হইয়া গেল।১২

রাজোবাচ।

কো নাম স পুমান্ ব্রহ্মন্ কস্য কিংবীর্য্য এব চ।
কস্মাদ্ গুহাং গতঃ শিশ্যে কিংতেজো যবনার্দ্দনঃ॥১৩

শ্রীশুক উবাচ।

স ইক্ষ্বাকুকুলে জাতো মান্ধাতৃতনয়ো মহান্।
মুচুকুন্দ ইতি খ্যাতো ব্রহ্মণ্যঃ সত্যসঙ্গরঃ॥১৪
স যাচিতঃ সুরগণৈরিন্দ্রাদ্যৈরাত্মরক্ষণে।
অসুরেভ্যঃ পরিত্রস্তৈস্তদ্রক্ষাং সোঽকরোচ্চিরম্॥১৫

লব্ধ্বা গুহং তে স্বঃপালং মুচুকুন্দমথাব্রুবন্।
রাজন্ বিরমতাং কৃচ্ছ্রাদ্ভবান্ নঃ পরিপালনাৎ॥১৬

নরলোকে পরিত্যজ্য রাজ্যং নিহতকণ্টকম্।
অস্মান্ পালয়তো বীর কামাস্তে সর্ব্ব উজ্ঝিতাঃ॥১৭

সুতা মহিষ্যো ভবতো জ্ঞাতয়োঽমাত্যমন্ত্রিণঃ।
প্রজাশ্চ তুল্যকালীনা নাধুনা সন্তি কালিতাঃ॥১৮

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যবনার্দ্দনঃ পুমান্ কঃ নাম কিং তস্য নামধেয়ম্? কস্য কুলে জাতঃ? কিং-বীর্য্যঃ কস্য পুত্রঃ? কিংতেজাঃ কীদৃক্ প্রভাববান্? কস্মাৎ কারণাৎ গুহাগতঃ গুহাং প্রবিষ্টঃ সন্ শিশ্যে অশয়িষ্ট॥১৩

শ্রীশুকঃ উবাচ। মুচুকুন্দঃ ইতি নাম্না খ্যাতঃ প্রসিদ্ধঃ ব্রাহ্মণভক্তঃ, সত্যসঙ্গরঃ (সত্যঃ ধর্ম্ম্যঃ সঙ্গরঃ যুদ্ধং যস্য সঃ) সঃ মহান্ মান্ধাতৃতনয়ঃ ইক্ষ্বাকুকুলে জাতঃ॥১৪

অসুরেভ্যঃ পরিত্রস্তৈঃ ভীতৈঃ ইন্দ্রাদ্যৈঃ সুরগণৈঃ আত্ম-রক্ষণে নিমিত্তে সঃ মুচুকুন্দঃ যাচিতঃ প্রার্থিতঃ, তথা সঃ তেষাং রক্ষাং চিরং বহুকালম্ অকরোৎ॥১৫

গুহং কার্ত্তিকেয়ং স্বঃপালং স্বর্গপালং লব্ধ্বা তে দেবাঃ মুচুকুন্দম্ অথ সম্বোধ্য, হে রাজন্! নঃ অস্মাকং পরিপালনাৎ কৃচ্ছ্রাৎ কষ্টাৎ ভবান্ বিরমতাম্ ইতি অব্রুবন্॥১৬

হে বীর! হতকণ্টকং শত্রুরহিতং রাজ্যং নরলোকং চ পরিত্যজ্য অস্মান্ পালয়তঃ তে তব সর্ব্বে কামাঃ ভোগাঃ উজ্ঝিতাঃ ত্যক্তাঃ এব॥১৭

ভবতঃ সুতাঃ মহিষ্যঃ জ্ঞাতয়ঃ অমাত্যমন্ত্রিণঃ তুল্যকালীনাঃ, প্রজাঃ কালিতাঃ কালেন চালিতাঃ মৃতাঃ এব অধুনা ন সন্তি॥১৮

এতচ্ছ্রবণে রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে ব্রহ্মন্! এই কাল-যবনের সংহারকারী পুরুষের নাম কি? কোন্ কুলে তিনি জন্ম গ্রহণ করিয়াছিলেন? তাঁহার পিতার নাম কি? তাঁহার বল ও বীর্য্যই বা কিরূপ এবং কি কারণেই বা তিনি সেই পর্ব্বতগুহায় শয়ান ছিলেন? অনুগ্রহপূর্ব্বক এই সমস্ত বিষয়ের আনু-পূর্ব্বিক বর্ণন করুন।১৩

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! এই ব্যক্তি পবিত্র ইক্ষ্বাকু কুলে মহাত্মা মান্ধাতার ঔরসে জন্ম পরিগ্রহ করিয়া জগতে মুচুকুন্দ নামে বিখ্যাত হইয়াছিলেন, ইনি একজন প্রধান ব্রাহ্মণ-ভক্ত এবং সত্যের পালনার্থ জীবন পর্য্যন্ত উৎসর্গ করিতেও পরাঙ্মুখ ছিলেন না।১৪

অসুরগণের প্রপীড়নে ইন্দ্রাদি দেবতাগণ নিতান্ত কাতর ও ভীত হইয়া আত্মরক্ষার নিমিত্ত এই মুচুকুন্দের নিকট সাহায্য প্রার্থনা করেন এবং মুচুকুন্দও বহুকাল তাঁহাদিগকে অসুরগণের হস্ত হইতে প্রতিপালন করেন।১৫

পরে কার্ত্তিকেয়কে স্বর্গের পালকরূপে প্রাপ্ত হইয়া দেবতাগণ মুচুকুন্দকে সম্বোধনপূর্ব্বক বলিলেন,—হে রাজন্! আমাদিগের রক্ষার্থ আপনাকে বহুকাল অনেক কষ্ট স্বীকার করিতে হইয়াছে; সম্প্রতি আপনি বিশ্রাম করুন।১৬

হে বীর! নিষ্কণ্টক রাজ্য ও নরলোক পরিত্যাগ পূর্ব্বক আমাদের প্রতিপালনে যাবতীয় সুখ-সম্ভোগ পরিত্যাগ করিয়াছেন।১৭

কিন্তু সম্প্রতি আপনার তাৎকালিক পুত্র, কলত্র, জ্ঞাতি, বন্ধু. বান্ধব এবং অমাত্যবর্গ, মন্ত্রী ও সেই সময়ের প্রজাবর্গ আর এক্ষণে কেহই নাই। প্রচণ্ড

কালো বলীয়ান্ বলিনাং ভগবানীশ্বরোঽব্যয়ঃ।
প্রজাঃ কালয়তে ক্রীড়ন্ পশুপালো যথা পশূন্ ॥১৯
বরং বৃণীষ ভদ্রং তে ঋতে কৈবল্যমদ্য নঃ।
এক এবেশ্বরস্তস্য ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ ॥২০
এবমুক্তঃ স বৈ দেবানভিবন্দ্য মহাযশাঃ।
অশয়িষ্ট গুহাবিষ্টো নিদ্রয়া দেবদত্তয়া ॥২১
(নিদ্রামেব ততো বব্রে স রাজা শ্রমকর্শিতঃ।
যঃ কশ্চিন্মম নিদ্রায়া ভঙ্গং কুর্য্যাৎ সুরোত্তমাঃ
স হি ভস্মীভবেদাশু তথোক্তশ্চ সুরৈস্তদা।)
স্বাপং যাতং যস্তু মধ্যে বোধয়েৎ ত্বামচেতনঃ।
স ত্বয়া দৃষ্টমাত্রস্তু ভস্মীভবতু তৎক্ষণাৎ ॥২২

যবনে ভস্মসান্নীতে ভগবান্ সাত্বতর্ষভঃ।
আত্মানং দর্শয়ামাস মুচুকুন্দায় ধীমতে ॥২৩

তমালোক্য ঘনশ্যামং পীতকৌশেয়বাসসম্।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভেন বিরাজিতম্ ॥২৪

বলিনাং বলীয়ান্ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা অব্যয়ঃ পারবশ্যরহিতঃ কালঃ পশুপালঃ যথা পশূন্ কালয়তে চালয়তি, তথা সর্ব্বাঃ প্রজাঃ কালয়তে ইতস্ততঃ চালয়তি ॥১৯

তে তব ভদ্রং কল্যাণং ভবতু! নঃ অস্মৎসকাশাৎ কৈবল্যম্ ঋতে বিনা অন্যং বরং বৃণীষ। যতঃ তস্য মোক্ষস্য ঈশ্বরঃ দাতা অব্যয়ঃ কালাতীতঃ ভগবান্ বিষ্ণুঃ এব ॥২০

এবং দেবৈঃ উক্তঃ সঃ শ্রমকর্ষিতঃ (চিরপ্রজাগরশ্রান্তত্বাৎ) মহযশাঃ মুচুকুন্দঃ দেবান্ অভিবন্দ্য ততঃ তেভ্যঃ নিদ্রাম্ এব বব্রে যাচিতবান্। যথা হে সুরোত্তমাঃ! যঃ কশ্চিৎ জনঃ মম নিদ্রায়াঃ ভঙ্গং কুর্য্যাৎ, সঃ হি আশু ভস্মীভবেৎ ইতি প্রার্থয়ামাস, তদা সুরৈঃ চ তথা অস্তু ইতি উক্তম্।

ইত্থং গুহাবিষ্টঃ মুচুকুন্দঃ দেবদত্তয়া নিদ্রয়া অশয়িষ্ট নিদ্রাং কৃতবান্, মুচুকুন্দং প্রতি নিদ্রাং দত্ত্বা দেবাঃ ঊচুঃ। হে রাজন্! স্বপন্তং সুপ্তম্ অতঃ অচেতনং সংজ্ঞারহিতং ত্বাং যৈঃ যঃ তু জনঃ মধ্যে বোধয়েৎ ত্বয়া দৃষ্টমাত্রঃ তু সঃ তৎক্ষণাৎ ভস্মীভবতু ॥২১-২২ (অয়ং শ্লোকঃ কচিন্নাস্তি)

যবনে ভস্মসাৎ নীতে ভস্মীভূতে সতি সাত্বতর্ষভঃ (সাত্বতানাং ঋষভঃ শ্রেষ্ঠঃ) ভগবান্ কৃষ্ণঃ ধীমতে বিবেকিনে মুচুকুন্দায় আত্মানং দর্শয়ামাস ॥২৩

কালের পরিচালনায় সকলেই বিনষ্ট হইয়াছে।১৮

সর্ব্ব-সংহর্ত্তা সর্ব্বনিয়ন্তা স্বতন্ত্র কাল সকলের অপেক্ষা বলবান্; পশুপাল যেমন পশুকুলকে ইতস্ততঃ চালিত করে, কালও সেইরূপ জীবনিচয়কে ইতস্ততঃ পরিচালিত করিয়া থাকেন।১৯

হে নরনাথ! আপনার মঙ্গল হউক্। মোক্ষলাভ করিবার প্রার্থনা ব্যতীত অন্য যে কোন বর আপনি অদ্য আমাদের নিকট হইতে প্রার্থনা করিতে পারেন; কারণ মোক্ষদাতা এক কালকর্ত্তা বিষ্ণু মাত্র।২০

বিখ্যাতবীর্য্য মহারাজ মুচুকুন্দ বহুকাল অবিশ্রান্তে দেবতাগণের সাহায্যে নিযুক্ত থাকায় নিতান্তই পরিশ্রান্ত হইয়াছিলেন; সুতরাং বরগ্রহণার্থ দেববৃন্দ মুচুকুন্দকে বরগ্রহণে অনুরোধ করিলে দেবতাগণকে অভিবাদন পূর্ব্বক দীর্ঘকালস্থায়ী নিদ্রাই প্রার্থনা করিলেন এবং বলিয়াছিলেন যে, হে সুরশ্রেষ্ঠগণ! আমার ইহাও প্রার্থনা যে যদি কোন ব্যক্তি আমার নিদ্রাভঙ্গ করে, সে যেন তৎক্ষণাৎ আমার দৃষ্টিপাতেই ভস্মীভূত হয়। দেবতাগণও 'তথাস্তু' বলিয়া বর প্রদান করিলেন। এই প্রকারে বর লাভ করিয়া মুচুকুন্দ গুহাভ্যন্তরে প্রবেশ করিলেন এবং দেবদত্ত নিদ্রায় অভিভূতের ন্যায় শয়ন করিলেন।২১

মুচুকুন্দকে নিদ্রার বর-প্রদানে দেবতাগণও বলিলেন,—হে নরনাথ! আপনি সংজ্ঞারহিতের ন্যায় নিদ্রা যাইবার সময় যদি কোন ব্যক্তি আপনাকে জাগরিত করে, তাহা হইলে আপনার দৃষ্টিমাত্রেই সে ভস্মীভূত হইবে সন্দেহ নাই। (এই শ্লোকটি কোন কোন স্থানে নাই, অতিরিক্ত বলিয়াই বোধ হয়) ॥২২

মুচুকুন্দের ক্রোধপূর্ণ তীক্ষ্ণ দৃষ্টি-সংযোগে কাল-যবন ভস্মীভূত হইলে ভক্তবৎসল ভগবান্ গোবিন্দ মুচুকুন্দের

চতুর্ভুজং রোচমানং বৈজয়ন্ত্যা চ মালয়া।
চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥২৫

প্রেক্ষণীয়ং নৃলোকস্য সানুরাগস্মিতেক্ষণম্।
অপীব্যবয়সং মত্তমৃগেন্দ্রোদারবিক্রমম্ ॥২৬

পর্য্যপৃচ্ছন্মহাবুদ্ধিস্তেজসা তস্য ধর্ষিতঃ।
শঙ্কিতঃ শনকৈ রাজা দুর্দ্ধর্ষমিব তেজসা ॥২৭

মুচুকুন্দ উবাচ।

কো ভবানিহ সম্প্রাপ্তো বিপিনে গিরিগহ্বরে।
পদ্ভ্যাং পদ্মপলাশাভ্যাং বিচরস্যুরুকণ্টকে ॥২৮

কিং স্বিৎ তেজস্বিনাং তেজো ভগবান্ বা বিভাবসুঃ।
সূর্য্যঃ সোমো মহেন্দ্রো বা লোকপালোঽপরোঽপি বা ॥২৯

মন্যে ত্বাং দেবদেবানাং ত্রয়াণাং পুরুষর্ষভম্।
যদ্ বাধসে গুহাধ্বান্তং প্রদীপঃ প্রভয়া যথা ॥৩০

ঘনশ্যামং (ঘনঃ মেঘঃ ইব শ্যামং) পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে কীটনির্ম্মিত-কোশ-জনিত-তন্তু-নির্ম্মিতে বাসসী যস্য তং) শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ দক্ষিণাবর্ত্তরোম-রেখায়াং সুবর্ণবত্তেজোবিশেষঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎ-কৌস্তুভেন (ভ্রাজতা প্রকাশমানেন কৌস্তুভেন) বিরাজিতম্ ॥২৪

বৈজয়ন্ত্যা বহুবর্ণপুষ্পনির্ম্মিতয়া মালয়া চ রোচমানং, চারুপ্র বদনং (চারুং সুন্দরং প্রসন্নং চ বদনং যস্য তং) স্ফুরন্মকরকুণ্ডলং (স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্য তং) চতুর্ভুজম্ ॥২৫

সানুরাগস্মিতেক্ষণম্ (সানুরাগং স্মিতম্ ঈক্ষণং যস্য তং) অপীব্যবয়সং (অপীব্যম্ অতিসুন্দরং বয়ঃ যস্য তং) মত্তমৃগেন্দ্রোদারবিক্রমম্ (মত্তস্য মৃগেন্দ্রস্য সিংহস্য ইব উদারঃ বিক্রমঃ গতিঃ যস্য তং) অতএব নৃলোকস্য প্রেক্ষণীয়ম্ ॥২৬

তেজসা দুর্দ্ধর্ষম্ অভিভবিতুম্ অশক্যং তং শ্রীকৃষ্ণম্ আলোক্য দৃষ্ট্বা তস্য তেজসা ধর্ষিতঃ অভিভূতঃ অতঃ শঙ্কিতঃ ইব মহাবুদ্ধিঃ রাজা মুচুকুন্দঃ শনকৈঃ পর্য্যপৃচ্ছৎ ॥২৭

মুচুকুন্দঃ উবাচ। যঃ ইহ উরুকণ্টকে (উরূণি কণ্টকানি যস্মিন্ তস্মিন্) বিপিনে তত্রাপি গিরিগহ্বরে (গিরিভিঃ গহ্বরে দুষ্প্রবেশ-স্থানে) যঃ পদ্মপলাশাভ্যাং কোমলাভ্যাং পদ্ভ্যাং বিচরসি, ভবান্ সঃ ত্বং কঃ? ॥২৮

ত্বং কিং স্বিৎ উত তেজস্বিনাং তেজঃ মূর্ত্তিঃ, ভগবান্ বিভাবসুঃ অগ্নিঃ, উত সূর্য্যঃ সোমঃ মহেন্দ্রঃ অথবা অপরঃ লোকপালঃ বা ?২৯

অক্ষিগোচর হইলেন।২৩

নবীন নীরদতুল্য শ্যামসুন্দর, পীতকৌশেয় বসন-ধারী, বক্ষস্থলে শ্রীবৎসচিহ্ন, গলদেশে উজ্জ্বল কৌস্তুভ-মণি দোদুল্যমান।২৪

বিচিত্রবর্ণ পুষ্পের মালা, প্রশান্ত বদনমণ্ডল, তাহাতে আবার মকরাকার উজ্জ্বল কুণ্ডলদ্বয় শ্রবণদ্বয়ে শোভা পাইতেছিল, তিনি চতুর্ভুজধারী।২৫

সহাস্য প্রেমপূর্ণ দৃষ্টিবিশিষ্ট নবীন বয়স্ক এবং মত্ত কেশরীর ন্যায় বিপুলবিক্রম নয়নলোকের দর্শনীয় মনোহর রূপবিশিষ্ট ভগবান্ শ্রীকৃষ্ণকে মুচুকুন্দ অকস্মাৎ নয়নগোচর করিলেন।২৬

শ্রীভগবানের অনুপম তেজোরাশিতে অভিভূতদৃষ্টি মুচুকুন্দ শঙ্কিত ও বিহ্বলের ন্যায় সেই সেই তেজঃ-পূর্ণকলেবর শ্রীভগবানের প্রতি ক্রমশ দৃষ্টি নিক্ষেপ করত মুচুকুন্দ জিজ্ঞাসা করিলেন।২৭

শ্রীভগবান্ উবাচ । (যথা অসৌ বৈদর্ভী তথা অহম্ অপি তচ্চিত্তঃ বৈদর্ভীগতচিত্তঃ সন্ ব্যাকুলতয়া নিশি নিদ্রাং চ ন লভে ; (মদ্বিষয়কাৎ) দ্বেষাৎ রুক্মিণা মম উদ্বাহঃ নিবারিতঃ ইতি অহং বেদ জানামি ॥২

অতঃ রাজন্যাপসদান্ (রাজন্যেষু অপসদান্ অধমান্ শিশুপালাদীন্) মৃধে যুদ্ধে উন্মথ্য অভিভূয় এধসঃ কাষ্ঠাৎ অগ্নিশিখা ইব (যথা বায়ুঃ হরতি তথা) মৎপরাম্ (অহম্ এব পরঃ ভর্ত্তৃতয়া সম্মতঃ যস্যাঃ তাম্) অনবদ্যাঙ্গীং (অনবদ্যানি অনিন্দিতানি শোভনানি অঙ্গানি যস্যাঃ তাং) তাং রুক্মিণীম্ আনয়িষ্যে ॥৩

শ্রীশুকঃ উবাচ । ততঃ সঃ মধুসূদনঃ কৃষ্ণঃ রুক্মিণ্যাঃ উদ্বাহর্ক্ষং (পরশ্বো রাত্রৌ বিবাহনক্ষত্রম্ ইতি) বিজ্ঞায় হে দারুক ! আশু রথঃ সংযুজ্যতাম্ অশ্বৈঃ সংযুক্তঃ ক্রিয়তাম্ ইতি—সারথিং প্রতি আহ ॥৪

ত্রিপঞ্চাশ অধ্যায়।

(ভগবান্ শ্রীকৃষ্ণের কুণ্ডিনপুরে গমন ও রুক্মিণীহরণ ।)

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র ! যদুপতি কৃষ্ণ ব্রাহ্মণের মুখে বিদর্ভ-নন্দিনীর বিবাহ বার্ত্তাপ্রভৃতি শ্রবণ করিয়া স্বীয় করকমলে ব্রাহ্মণের হস্তধারণ পূর্ব্বক সহাস্যবদনে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ।১

বলিলেন,—হে দ্বিজবর ! রুক্মিণীর ন্যায় আমার চিত্তও রুক্মিণীর জন্য এত উৎকণ্ঠিত হইয়াছে যে, রাত্রিতে আমার আর তজ্জন্য নিদ্রা হয় না । আমি জানি রুক্মী আমার অতীব বিদ্বেষী। সেই আমার বিবাহের প্রতিবন্ধক করিয়াছে।২

কিন্তু সমীরণ (বায়ু) যেমন ইন্ধন (কাষ্ঠ) হইতে অনল-শিখাকে হরণ করিয়া থাকে, আমিও সেইরূপ রাজন্যবেশধারী সেই নরাধমগণকে যুদ্ধে পরাজয়করত সেই সর্ব্বাঙ্গ-সুন্দরী মৎপরায়ণা রুক্মিণীকে আনয়ন করিব, সন্দেহ নাই ।৩

অনন্তর মধুসূদন শ্রীকৃষ্ণ পর-দিবস রাত্রিতে রুক্মিণীর বিবাহ হইবে অবগত হইয়া সারথিকে তৎক্ষণাৎ সম্বোধন পূর্ব্বক বলিলেন,—দারুক ! দ্রুতগামী অশ্বসমূহে সংযোজিত করিয়া শীঘ্র রথ প্রস্তুত কর ।৪

স চাশ্বৈঃ শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকৈঃ।
যুক্তং রথমুপানীয় তস্থৌ প্রাঞ্জলিরগ্রতঃ ॥৫
আরুহ্য স্যন্দনং শৌরির্দ্বিজমারোপ্য তূর্ণগৈঃ।
আনর্ত্তাদেকরাত্রেণ বিদর্ভানগমদ্ধয়ৈঃ ॥৬
রাজা স কুণ্ডিনপতিঃ পুত্রস্নেহবশানুগঃ।
শিশুপালায় স্বাং কন্যাং দাস্যন্ কর্ম্মাণ্যকারয়ৎ ॥৭
পুরং সংমৃষ্টসংসিক্ত-মার্গরথ্যাচতুষ্পথম্।
চিত্র-ধ্বজ-পতাকাভিস্তোরণৈঃ সমলঙ্কৃতম্ ॥৮
স্রগ্-গন্ধ-মাল্যাভরণৈর্বিরজোঽম্বরভূষিতৈঃ।
জুষ্টং স্ত্রীপুরুষৈঃ শ্রীমদ্‌গৃহৈরগুরুধূপিতৈঃ ॥৯
পিতৄন্ দেবান্ সমভ্যর্চ্চ্য বিপ্রাংশ্চ বিধিবন্নৃপ।
ভোজয়িত্বা যথান্যায়ং বাচয়ামাস মঙ্গলম্ ॥১০
সুস্নাতাং সুদতীং কন্যাং কৃতকৌতুকমঙ্গলাম্।
আহতাংশুকযুগ্মেন ভূষিতাং ভূষণোত্তমৈঃ ॥১১
চক্রুঃ সামর্গ্‌যজুর্ম্মন্ত্রৈর্বধ্বা রক্ষাং দ্বিজোত্তমাঃ।
পুরোহিতোঽথর্ব্ববিদ্ বৈ জুহাব গ্রহশান্তয়ে ॥১২

সঃ চ দারুকঃ শৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ তদাখ্যৈঃ চতুর্ভিঃ অশ্বৈঃ যুক্তং রথম্ উপানীয় প্রাঞ্জলিঃ সন্ অগ্রতঃ তস্থৌ ॥৫

শৌরিঃ শ্রীকৃষ্ণঃ দ্বিজং স্যন্দনং রথম্ আরোপ্য স্বয়ং চ আরুহ্য তূর্ণগৈঃ শীঘ্রগামিভিঃ হয়ৈঃ (রথযোজিতৈঃ অশ্বৈঃ) একরাত্রেণ আনর্ত্তাৎ তস্যাং রাত্র্যাং প্রস্থায় প্রাতঃ বিদর্ভান্ অগমৎ ॥৬

পুত্রস্নেহবশানুগঃ পুত্রস্নেহবদ্ধঃ সঃ কুণ্ডিনপতিঃ রাজা ভীষ্মকঃ স্বাং কন্যাং রুক্মিণীং শিশুপালায় দাস্যন্ দাতুং কর্ম্মাণি পিতৃদেবার্চ্চনাদীনি অকারয়ৎ ॥৭

পুরং সংমৃষ্টসংসিক্তমার্গরথ্যাচতুষ্পথং (সংমৃষ্টাঃ সংসিক্তাঃ মার্গাঃ সাধারণপথাঃ, রথ্যাঃ পণ্যবীথিকাঃ, চতুষ্পথাঃ যস্মিন্ তৎ) চিত্রধ্বজপতাকাভিঃ (চিত্রধ্বজেষু যাঃ পতাকাঃ তাভিঃ) তোরণৈঃ চ সম্যক্ অলঙ্কৃতম্ অকারয়ৎ ॥৮

স্রগ্‌গন্ধমাল্যাভরণৈঃ তথা বিরজোঽম্বরভূষিতৈঃ স্ত্রীপুরুষৈঃ জুষ্টং তথা অগুরুধূপিতৈঃ শ্রীমদ্‌গৃহৈঃ শ্রীমদ্ভিঃ গৃহৈঃ জুষ্টম্ অকারয়ৎ ॥৯

হে নৃপ! পিতৄন্ দেবান্ বিধিবৎ সমভ্যর্চ্চ্য তথা যথান্যায়ং যথাযোগ্যং বিপ্রান্ ভোজয়িত্বা মঙ্গলং বাচয়ামাস ॥১০

তথা কৃতকৌতুকমঙ্গলাং (কৃতং কৌতুকেন মঙ্গলং যস্যাঃ তাং) সুস্নাতাং সুদতীং কন্যাম্ আহতাংশুকযুগ্মেন (আহতয়োঃ অখণ্ডয়োঃ নবীনয়োঃ অংশুকয়োঃ বস্ত্রয়োঃ যুগ্মেন) ভূষণোত্তমৈঃ চ ভূষিতাং কন্যাং চক্রে ॥১১

তদা চ দ্বিজোত্তমাঃ সামর্গ্‌যজুর্মন্ত্রৈঃ বধ্বাঃ কন্যায়াঃ রক্ষাং চক্রুঃ; অথর্ব্ববিদ্ পুরোহিতঃ গ্রহশান্তয়ে প্রতিকূল-গ্রহদোষ-নিবারণার্থং জুহাব ॥১২

অনুমতিমাত্রেই দারুক শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক-নামক দ্রুতগতি অশ্বচতুষ্টয়যুক্ত রথ সম্মুখে আনয়ন করত কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইলেন।৫

ভগবান্ প্রথমতঃ ব্রাহ্মণকে রথে আরোহণ করাইয়া নিজে আরোহণ করিলেন এবং অতি দ্রুতগামী সেই সকল অশ্বের সাহায্যে সেই রাত্রিতেই আনর্ত্ত হইতে যাত্রা করিয়া পরদিন প্রাতে বিদর্ভ নগরে উপনীত হইলেন।৬

পুত্রস্নেহের বশবর্ত্তী কুণ্ডিনপতি রাজা ভীষ্মক পুত্রের অভিপ্রায় অনুসারে শিশুপালের হস্তে কন্যা সম্প্রদান করিবার আয়োজনে পিতৃলোক ও দেবগণের অর্চ্চনাদি যাবতীয় শুভকর্ম্ম সম্পন্ন করাইতে লাগিলেন।৭

পুরমধ্যবর্ত্তী সাধারণ পথ, হট্ট, পণ্যবিক্রয়-স্থল এবং চতুষ্পথসমূহ সম্মার্জ্জিত ও জলসিক্ত হইল, তোরণসমূহ বিচিত্র ধ্বজা ও পতাকাদির দ্বারা সুসজ্জিত হইল।৮

মণিময় হার, গন্ধ, মাল্য, শুভ্র বস্ত্র ও বিচিত্র আভরণে ভূষিত হইয়া নরনারীগণ পুরের অপূর্ব্ব শোভা বর্দ্ধন করিল। অগুরুপ্রভৃতি সুগন্ধ দ্রব্যে ধনৈশ্বর্য্যপূর্ণ গৃহাদি আমোদিত হইতে লাগিল।৯

পিতৃলোক এবং দেবলোকের সম্যক্ অর্চ্চনা-করত যথাবিধি ব্রাহ্মণগণের ভোজন সমাপনান্তে কন্যার মঙ্গলবাচন করাইলেন।১০

হিরণ্য-রূপ্য-বাসাংসি তিলাংশ্চ গুড়মিশ্রিতান্ ।
প্রাদাদ্ধেনূশ্চ বিপ্রেভ্যো রাজা বিধিবিদাং বরঃ ॥১৩
এবং চেদিপতী রাজা দমঘোষঃ সুতায় বৈ ।
কারয়ামাস মন্ত্রজ্ঞৈঃ সর্ব্বমভ্যুদয়োচিতম্ ॥১৪
মদচ্যুদ্ভির্গজানীকৈঃ স্যন্দনে হেমমালিভিঃ ।
পত্ত্যশ্বসঙ্কুলৈঃ সৈন্যৈঃ পরীতঃ কুণ্ডিনং যযৌ ॥১৫

বিধিবিদাম্বরঃ (বিধিবিদাং শাস্ত্রোক্তপ্রকারজ্ঞানাং মধ্যে বরঃ শ্রেষ্ঠঃ) রাজা ভীষ্মকঃ হিরণ্যরূপ্যবাসাংসি গুড়মিশ্রিতান্ তিলান্ চ ধেনূঃ চ বিপ্রেভ্যঃ প্রাদাৎ ॥১৩

এবং চেদিপতী রাজা দমঘোষঃ অপি সুতায় শিশুপালায় সর্ব্বং যৎ অভ্যুদয়োচিতং (অভ্যুদয়ায় উচিতং) কর্ম্ম তৎ সর্ব্বং মন্ত্রজ্ঞৈঃ বিজ্ঞৈঃ বৈ কারয়ামাস ॥১৪

তথা মদচ্যুদ্ভিঃ (মদং চ্যবন্তে ইতি তৈঃ) গজানাম্ অনীকৈঃ হেমমালিভিঃ স্যন্দনৈঃ রথৈঃ পত্ত্যশ্বসঙ্কুলৈঃ (পদাতিভিঃ অশ্বৈঃ চ সঙ্কুলৈঃ) সৈন্যৈঃ পরীতঃ পরিবৃতঃ শিশুপালঃ কুণ্ডিনং যযৌ ॥১৫

কৌতুক ও মঙ্গলাচরণ হইবার পর সুদতী রুক্মিণী স্নান করিলেন এবং অখণ্ড নূতন বস্ত্রদ্বয় পরিধান-করত বিবিধ রত্নালঙ্কারে ভূষিত হইলেন।১১

বেদজ্ঞ শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ ঋক্, যজু ও সামমন্ত্রে রুক্মিণীর রক্ষাবন্ধন করিলেন। অথর্ব্ববেদবিদ্ আথর্ব্বণ মন্ত্রের প্রয়োগে কন্যার গ্রহদোষ নিবারণ করিলেন।১২

মহাপ্রাজ্ঞ শাস্ত্রদর্শী রাজা ভীষ্মক কন্যার কল্যাণ কামনায় সুবর্ণ, রৌপ্য, মহামূল্য বস্ত্র, ধেনু এবং গুড়-মিশ্রিত তিল ব্রাহ্মণকে প্রদান করিতে লাগিলেন।১৩

এদিকে চেদিপতি রাজা দমঘোষও স্বীয় পুত্র শিশুপালের অভ্যুদয়ার্থ প্রয়োজনীয় যাবতীয় শুভ-কার্য্য মন্ত্রজ্ঞ ব্রাহ্মণগণের দ্বারা সম্পাদন করাইলেন।১৪

অনন্তর শিশুপাল মহামূল্য হেমমালায় সুসজ্জিত মদস্রাবী হস্তীসমূহ, বহুসংখ্যক উৎকৃষ্ট রথ এবং পদাদি ও অশ্বারোহী সৈন্যে পরিবৃত হইয়া কুণ্ডিন-নগরে উপস্থিত হইলেন।১৫

তং বৈ বিদর্ভাধিপতিঃ সমভ্যেত্যাভিপূজ্য চ ।
নিবেশয়ামাস মুদা কল্পিতান্যনিবেশনে ॥১৬
তত্র শাল্বো জরাসন্ধো দন্তবক্রো বিদূরথঃ ।
আজগ্মুশ্চৈদ্যপক্ষীয়াঃ পৌণ্ড্রকাদ্যাঃ সহস্রশঃ ॥১৭
কৃষ্ণরামদ্বিষো যত্তাঃ কন্যাং চৈদ্যায় সাধিতুম্ ।
যদ্যাগত্য হরেৎ কৃষ্ণো রামাদ্যৈর্যদুভির্বৃতঃ ॥১৮

বিদর্ভাধিপতিঃ ভীষ্মকঃ বৈ মুদা যুক্তঃ তং শিশুপালং সমভ্যেত্য অগ্রতো মিলিত্বা অভিপূজ্য চ কল্পিতান্যনিবেশনে (কল্পিতং যৎ অন্যৎ বরযোগ্যং নিবেশনং বাসস্থানং তস্মিন্) নিবেশয়ামাস ॥১৬

তত্র কুণ্ডিনপুরে শাল্বঃ, জরাসন্ধঃ, দন্তবক্রঃ, বিদূরথঃ তথা অন্যে চৈদ্যপক্ষীয়াঃ সহস্রশঃ পৌণ্ড্রকাদ্যাঃ আজগ্মুঃ ॥১৭

কৃষ্ণরামদ্বিষঃ তে রামাদ্যৈঃ যদুভিঃ সহ আগত্য কৃষ্ণঃ যদি কন্যাং রুক্মিণীং হরেৎ, তদা বয়ং সহিতাঃ মিলিতাঃ সন্তঃ তেন সহ যোৎস্যামঃ ইতি নিশ্চিতমানসাঃ (নিশ্চিতং মানসং যেষাং তে) যত্তাঃ সাবধানাঃ, অতঃ যুদ্ধায় সমগ্রবলবাহনযুক্তাঃ

শিশুপাল আগমন করিতেছেন শ্রবণ করিয়া বিদর্ভাধিপতি তাঁহার অভ্যর্থনার্থ অগ্রসর হইয়া আসিলেন এবং নানা প্রকারে তাঁহার অভিবাদন করিয়া বরের জন্য পৃথগ ভাবে নির্দ্দিষ্ট গৃহে তাহাকে উপবেশন করাইলেন।১৬

শিশুপালের অব্যবহিত পরেই চৈদ্যপক্ষীয় শাল্ব, জরাসন্ধ, দন্তবক্র, বিদূরথ এবং পৌণ্ড্রকাদি অন্যান্য সহস্র সহস্র বরপক্ষগণ ক্রমশঃ পুরমধ্যে প্রবেশ করিলেন।১৭

ইহারা সকলে শ্রীকৃষ্ণের নিতান্তই বিদ্বেষী, সুতরাং বলরামাদি যদুগণে পরিবৃত হইয়া যদি শ্রীকৃষ্ণ আসিয়া রুক্মিণীকে বলপূর্ব্বক হরণ করেন, তাহা হইলে আমরা সকলে একত্র হইয়া শ্রীকৃষ্ণের বিপক্ষে যুদ্ধ করিব এইরূপ পরস্পরে স্থিরকরত সমগ্র সৈন্যসামন্তে পরিবৃত সেই রাজন্যগণ রুক্মিণীকে শিশুপালের হস্তে সম্প্রদান করাইবার জন্য সকলে প্রস্তুত হইয়া তথায় উপস্থিত হইলেন। এদিকে বলরাম

যোঽস্মাকং সংহৃতাস্তেন ইতি নিশ্চিতমানসাঃ।
আজগ্মুর্ভূভুজঃ সর্ব্বে সমগ্রবলবাহনাঃ ॥১৯
শ্রুত্বৈতদ্ ভগবান্ রামো বিপক্ষীয়নৃপোদ্যমম্।
কৃষ্ণঞ্চৈকং গতং হর্ত্তুং কন্যাং কলহশঙ্কিতঃ ॥২০
বলেন মহতা সার্দ্ধং ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ।
ত্বরিতঃ কুণ্ডিনং প্রাগাদ্ গজাশ্ব-রথ-পত্তিভিঃ ॥২১
ভীষ্মকন্যা বরারোহা কাঙ্ক্ষন্ত্যাগমনং হরেঃ।
প্রত্যাপত্তিমপশ্যন্তী দ্বিজস্যাচিন্তয়ৎ তদা ॥২২
অহো ত্রিযামান্তরিত উদ্বাহো মেঽল্পরাধসঃ।
নাগচ্ছত্যরবিন্দাক্ষো নাহং বেদ্ম্যত্র কারণম্।
সোঽপি নাবর্ত্ততেঽদ্যাপি মৎসন্দেশহরো দ্বিজঃ ॥২৩
অপি ময্যনবদ্যাত্মা দৃষ্ট্বা কিঞ্চিজ্জুগুপ্সিতম্।
মৎপাণিগ্রহণে নূনং নায়াতি হি কৃতোদ্যমঃ ॥২৪
দুর্ভগায়া ন মে ধাতা নানুকূলো মহেশ্বরঃ।
দেবী বা বিমুখী গৌরী রুদ্রাণী গিরিজা সতী ॥২৫
এবং চিন্তয়তী বালা গোবিন্দহৃতমানসা।
ন্যমীলয়ত কালজ্ঞা নেত্রে চাশ্রুকলাকুলে ॥২৬

শাল্বাদয়ঃ সর্ব্বে চৈদ্যায় কন্যাং সাধয়িতুং তত্র আজগ্মুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৮-১৯

এতৎ বিপক্ষীয়-বলোদ্যমং তথা কন্যাং হর্ত্তুং কৃষ্ণম্ একম্ একাকিনং গতং শ্রুত্বা কলহশঙ্কিতঃ ভগবান্ বলরামঃ ॥২০

ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ (ভ্রাতরি শ্রীকৃষ্ণে যঃ স্নেহঃ তেন পরিপ্লুতঃ ব্যাপ্তঃ) সন্ গজাশ্বরথপত্তিভিঃ মহতা বলেন সৈন্যেন সহ কুণ্ডিনং পুরং প্রাগাৎ ॥২১

হরেঃ আগমনং কাঙ্ক্ষন্তী বরারোহা রূপলাবণ্যবতী ভীষ্মককন্যা রুক্মিণী তদা দ্বিজস্য প্রত্যাপত্তিং প্রত্যাগমনম্ অপশ্যন্তী সতী অচিন্তয়ৎ ॥২২

অহো! অল্পরাধসঃ মন্দভাগ্যায়াঃ মে মম উদ্বাহঃ বিবাহঃ ত্রিযামান্তরিতঃ (ত্রিযামা রাত্রিঃ তাবন্মাত্র অন্তরিতঃ) অরবিন্দাক্ষঃ কৃষ্ণঃ অধুনাপি ন আগচ্ছতি, অত্র অনাগমনে কারণম্ অহং ন বেদ্মি, সঃ চ সন্দেশহরঃ বার্ত্তাবহঃ দ্বিজঃ চ অদ্যাপি ন আবর্ত্ততে ॥২৩

নূনং নিশ্চিতং (এতৎ প্রথমম্ আগমনার্থং) কৃতোদ্যমঃ অতঃ প্রস্থাপনাবসরে তু ময়ি কিঞ্চিৎ জুগুপ্সিতং ধার্ষ্ট্যাদি নিন্দিতং দোষং মত্বা বিচিন্ত্য, অনবদ্যাত্মা নির্দ্দোষপূর্ণগুণস্বরূপঃ কৃষ্ণঃ হি নিশ্চিতং মৎপাণিগ্রহণে তদর্থং ন আয়াতি, অতঃ দ্বিজস্যাপি আগমনে বিলম্বঃ জাতঃ ॥২৪

দুর্ভগায়াঃ ভাগ্যহীনায়াঃ মে ধাতা বিধাতা ব্রহ্মা, মহেশ্বরঃ শিবঃ চ মে মম অনুকূলঃ কার্য্যসাধকঃ ন ভবতি; দেবী গিরিজা সতী রুদ্রাণী গৌরী চ বা মে মম বিমুখী জাতা ॥২৫

গোবিন্দহৃতমানসা (গোবিন্দেন হৃতং মানসং যস্যাঃ সা) সা বালা রুক্মিণী এবং চিন্তয়তী অপি কালজ্ঞা (নাধুনাপি কৃষ্ণাগমনকালঃ ইতি মত্বা) অশ্রুকলাকুলে (অশ্রূণাং কলাভিঃ বিন্দুভিঃ আকুলে) লোচনে ন্যমীলয়ত ॥২৬

বিপক্ষগণের তাদৃশ সৈন্যসংগ্রহ শ্রবণ করিয়া এবং শ্রীকৃষ্ণ একাকী রুক্মিণী-হরণার্থ গমন করিয়াছেন অবগত হইয়া ভাবী কলহের আশঙ্কায়। ভ্রাতস্নেহ-বশতঃ গজ, অশ্ব, রথ ও পদাতি প্রভৃতি বহুবিধ সৈন্যে পরিবৃত হইয়া স্বয়ং কুণ্ডিনপুরে ত্বরায় যাত্রা করিলেন।১৮-২১

ভীষ্মকরাজনন্দিনী বরারোহা রুক্মিণী প্রতিমুহূর্ত্তেই শ্রীকৃষ্ণের আগমন প্রতীক্ষা করিতেছিলেন। কিন্তু দিবা অবসান-প্রায়, অথচ বার্ত্তাবহ ব্রাহ্মণ তখনও প্রত্যাগমন করিতেছেন না দেখিয়া মনে মনে অতিশয় উৎকণ্ঠিতা হইলেন।২২

ভাবিলেন অহো! আমার ভাগ্য নিতান্তই মন্দ। এই রাত্রিটী অবসান হইলে কল্যই আমার বিবাহ হইবে। কিন্তু কমললোচন কৃষ্ণ ত এখনও আসিলেন না। ইহার কারণ ত আমি কিছুই স্থির করিতে পারিতেছি না। সেই সংবাদদাতা ব্রাহ্মণও এ পর্য্যন্ত ফিরিয়া আসিলেন না।২৩

আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, সংবাদ পাইবার পর শ্রীকৃষ্ণ আসিবার উদ্যোগই করিতে-ছিলেন, কিন্তু পরে আমার কোন রূপ দোষের প্রতি

এবং বধ্বাঃ প্রতীক্ষন্ত্যা গোবিন্দাগমনং নৃপ।
বাম উরুর্ভুজো নেত্রমস্ফুরন্ প্রিয়ভাষিণঃ ॥২৭
অথ কৃষ্ণবিনির্দ্দিষ্টঃ স এব দ্বিজসত্তমঃ।
অন্তঃপুরচরীং দেবীং রাজপুত্রীং দদর্শ হ ॥২৮
সা তং প্রহৃষ্টবদনমব্যগ্রাত্মগতিং সতী।
আলক্ষ্য লক্ষণাভিজ্ঞা সমপৃচ্ছচ্ছুচিস্মিতা ॥২৯

হে নৃপ। গোবিন্দাগমনং প্রতীক্ষন্ত্যাঃ বধ্বাঃ রুক্মিণ্যাঃ প্রিয়ভাষিণঃ কৃষ্ণাগমনরূপপ্রিয়সূচকাঃ বামঃ উরুঃ, ভুজঃ, নেত্রং চ অস্ফুরন্ ॥২৭

অথ কৃষ্ণবিনির্দ্দিষ্টঃ (কৃষ্ণেন বিনির্দ্দিষ্টঃ প্রস্থাপিতঃ) সঃ এব সন্দেশহরঃ দ্বিজসত্তমঃ অন্তঃ-পুরচরীং দেবীং দীপ্যমানাং রাজপুত্রীং রুক্মিণীং হর্ষেণ দদর্শ ॥১৮

প্রহৃষ্টবদনম্ (প্রহৃষ্টং বদনং যস্য তম্) অব্যগ্রাত্মগতিং (ন ব্যগ্রা অবিকৃতা আত্মনঃ দেহস্য গতিঃ চেষ্টা যস্য তং) দ্বিজম্ আলক্ষ্য লক্ষণাভিজ্ঞা সা রুক্মিণী শুচিস্মিতা প্রহসিত-বদনা সতী তং দ্বিজং সমপৃচ্ছৎ ॥২৯

করিয়া সেই পূর্ণগুণবান্ নির্দ্দোষচিত্ত আমার পাণিগ্রহণে অসম্মত হইয়াই এখানে আগমনে ক্ষান্ত হইয়াছেন, সেইজন্য ব্রাহ্মণেরও আসিতে বিলম্ব হইতেছে।২৪

আমি নিতান্তই ভাগ্যহীনা, সেই নিমিত্ত বিশ্ববিধাতা ব্রহ্মা এবং দেবদেব ত্রিলোচনও আমার প্রতিকূল হইয়াছেন। অহো! হিমাদ্রি-দুহিতা পতিপরায়ণা মহেশগৃহিণী গৌরীও কি আমার প্রতি বিমুখা হইলেন?২৫

কৃষ্ণৈকহৃদয়া বালা রুক্মিণী এইরূপ কাতরভাবে চিন্তা করিতেছেন, এমন সময়ে তাঁহার যখন মনে হইল যে, কৃষ্ণের আগমনের উপযুক্ত সময় তখনও উপস্থিত হয় নাই, অমনি অশ্রুপূর্ণ লোচনদ্বয় নিমীলিত করিলেন।২৬

হে রাজন্! এই প্রকারে গোবিন্দের আগমন প্রতীক্ষা করিতেছেন, এমন সময়ে শুভলক্ষণ-সূচক রুক্মিণীর বাম উরু, বাম হস্ত ও বাম নেত্র স্পন্দিত হইয়া উঠিল।২৭

তস্যা আবেদয়ৎ প্রাপ্তং শশংস যদুনন্দনম্।
উক্তঞ্চ সত্যবচনমাত্মোপনয়নং প্রতি ॥৩০
তমাগতং সমাজ্ঞায় বৈদর্ভী হৃষ্টমানসা।
ন পশ্যন্তী ব্রাহ্মণায় প্রিয়মন্যন্ননাম সা ॥৩১
প্রাপ্তৌ শ্রুত্বা স্বদুহিতুরুদ্বাহপ্রেক্ষণোৎসুকৌ।
অভ্যয়াৎ তূর্য্যঘোষেণ রাম-কৃষ্ণৌ সমর্হণৈঃ ॥৩২

তস্যৈ রুক্মিণ্যৈ সরামং রামেণ সহিতং যদুনন্দনং কৃষ্ণং প্রাপ্তম্ আগতম্ আবেদয়ৎ শশংস, তথা আত্মোপনয়নং (আত্মনঃ রুক্মিণ্যাঃ উপনয়নং) প্রতি (ভগবতা) উক্তং সত্যবচনং চ শশংস উবাচ ॥৩০

তং শ্রীকৃষ্ণম্ আগতং সমাজ্ঞায় হৃষ্টমানসা (হৃষ্টং মানসং যস্যাঃ সা) সা বৈদর্ভী রুক্মিণী অন্যৎ (প্রদানযোগ্যং) প্রিয়ং ন পশ্যন্তী সতী ব্রাহ্মণায় কেবলং ননাম ॥৩১

স্বদুহিতুঃ উদ্বাহপ্রেক্ষণোৎসুকৌ (উদ্বাহপ্রেক্ষণে উৎসুকৌ) রাম-কৃষ্ণৌ প্রাপ্তৌ আগতৌ শ্রুত্বা ভীষ্মকঃ তূর্য্যঘোষেণ সমর্হণৈঃ পূজাসাধনৈঃ চ সহ অভ্যয়াৎ তং সম্মুখম্ আজগাম ॥৩২

অনন্তর কৃষ্ণ-প্রেরিত সেই বার্ত্তাবাহী ব্রাহ্মণ অন্তঃপুরে প্রবেশপূর্ব্বক তাদৃশ আলোক-সামান্য রূপে দেদীপ্যমানা অন্তপুরচরী রাজপুত্রী রুক্মিণীর সমীপবর্ত্তী হইলেন।২৮

ব্রাহ্মণের প্রফুল্লবদন এবং অবিকৃত-ভাব দর্শনে লক্ষণজ্ঞা রুক্মিণী অভিষ্টসিদ্ধির পরিচয়ে বিশেষ সন্তুষ্টা হইলেন এবং প্রসন্ন-বদনে ব্রাহ্মণকে সম্বোধন পূর্ব্বক সংবাদ জিজ্ঞাসা করিলেন।২৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলরামসহ একত্রে কুণ্ডিনপুরে উপস্থিত হইয়াছেন, এই সংবাদ রুক্মিণীকে ব্রাহ্মণ প্রদান করিলেন এবং বিপক্ষ রাজন্যবর্গকে পরাজয় করিয়া রুক্মিণীকে হরণ করিবেন বলিয়া শ্রীকৃষ্ণ ব্রাহ্মণসমীপে যে সত্য প্রতিজ্ঞা করিয়াছেন, তাহাও সরলভাবে প্রকাশ করিলেন।৩০

কৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া রুক্মিণীর আনন্দের আর সীমা রহিল না। এই প্রিয় সংবাদ

মধুপর্কমুপানীয় বাসাংসি বিরজাংসি সঃ।
উপায়নান্যভীষ্টানি বিধিবৎ সমপূজয়ৎ ॥৩৩
তয়োর্নিবেশং শ্রীমদুপকল্প্য মহামতিঃ।
সসৈন্যয়োঃ সানুগয়োরাতিথ্যং বিদধে যথা ॥৩৪
এবং রাজ্ঞাং সমেতানাং যথাবীর্য্যং যথাবয়ঃ।
যথাবলং যথাবিত্তং সর্ব্বৈঃ কামৈঃ সমর্হয়ৎ ॥৩৫

ততঃ চ সঃ ভীষ্মকঃ মধুপর্কং, বিরজাংসি বাসাংসি, অভীষ্টানি অভিলষিতানি উপায়নানি উপানীয় তাভ্যাং বিধিবৎ সমপূজয়ৎ ॥৩৩

মহামতিঃ পরমভাগবতঃ ভীষ্মকঃ সসৈন্যয়োঃ সানুজয়োঃ তয়োঃ রামকৃষ্ণয়োঃ শ্রীমৎ ভোগোপকরণাদিসমৃদ্ধিমৎ নিবেশনং বাসগৃহম্ উপকল্প্য নিবেশ্য, যথাবৎ আতিথ্যং, বিদধে চক্রে ॥৩৪

এবম্ অন্যেষাম্ অপি সমেতানাম্ আগতানাং রাজ্ঞাং যথাবীর্য্যং যথাবলং যথাবিত্তং যথাযোগ্যং ভবতি তথা সর্ব্বৈঃ কামৈঃ আতিথ্যং সমর্হয়ৎ ॥৩৫

প্রদানের পুরস্কার-স্বরূপ অন্য কোন উৎকৃষ্ট সামগ্রী নয়নগোচর না করিয়া তিনি ব্রাহ্মণকে তখন কেবল প্রণামমাত্র বিদায় দিলেন।৩১

এদিকে স্বীয় কন্যার বিবাহোৎসব-দর্শনার্থ উৎসুক চিত্তে রামকৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া রাজা ভীষ্মক তূরীপ্রভৃতি বাদ্যধনি-করত বিবিধ উপহার বস্তু আহরণে অভ্যর্থনার নিমিত্ত তাঁহাদের সমীপে সত্বর অগ্রসর হইলেন।৩২

মধুপর্ক, বহুমূল্য পরিষ্কৃত পরিধেয় এবং প্রয়োজনীয় যাবতীয় উপহার দ্রব্য তাঁহাদিগকে প্রদান করিয়া যথাবিধি আদর ও অভ্যর্থনা করিলেন।৩৩

সৈন্যসামন্তে পরিবৃত হইয়া রাম-কৃষ্ণ দুই ভ্রাতা পুরমধ্যে প্রবেশ করিলে পরম ভাগবত ভীষ্মক সর্ব্বপ্রকার সাজসজ্জা ও ব্যবহারোপযোগী দ্রব্য সামগ্রীতে পরিপূর্ণ নিবেশ-স্থল তাঁহাদিগকে নির্ণয় করিয়া দিলেন এবং যথাবিধি তাঁহাদের আতিথ্য-সৎকার করিলেন।৩৪

কৃষ্ণমাগতমাকর্ণ্য বিদর্ভপুরবাসিনঃ।
আগত্য নেত্রাঞ্জলিভিঃ পপুস্তন্মুখপঙ্কজম্ ॥৩৬
অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরা।
অসাবপ্যনবদ্যাত্মা ভৈষ্ম্যাঃ সমুচিতঃ পতিঃ ॥৩৭
কিঞ্চিৎ সুচরিতং যন্নস্তেন তুষ্টস্ত্রিলোককৃৎ।
অনুগৃহ্ণাতু গৃহ্ণাতু বৈদর্ভ্যাঃ পাণিমচ্যুতঃ ॥৩৮

বিদর্ভপুরবাসিনঃ জনাঃ কৃষ্ণম্ আগতম্ আকর্ণ্য শ্রুত্বা, ইতস্ততঃ আগত্য নেত্রাঞ্জলিভিঃ (নেত্ররূপৈঃ অঞ্জলিভিঃ) তস্য কৃষ্ণস্য মুখপঙ্কজং মুখপদ্মস্য লাবণ্যং পপুঃ দদৃশুঃ॥৩৬

(আহুঃ চ) রুক্মিণী এব অস্য ভার্য্যা ভবিতুম্ অর্হতি, অপরা ন তথা অনবদ্যাত্মা (অনবদ্যঃ কামক্রোধাদিদোষরহিতঃ আত্মা যস্য সঃ) অসৌ কৃষ্ণঃ অপি ভৈষ্ম্যাঃ রুক্মিণ্যাঃ সমুচিতঃ যোগ্যঃ পতিঃ এব ॥৩৭

নঃ অস্মাকং যৎ কিঞ্চিৎ সুচরিতং পুণ্যম্ অস্তি, তেন তুষ্টঃ প্রীতঃ, ত্রিলোককৃৎ ভগবান্ হি বৈদর্ভ্যাঃ পাণিম্ অচ্যুতঃ কৃষ্ণঃ গৃহ্ণাতু ইতি অনুগৃহ্ণাতু ॥৩৮

অন্যান্য রাজন্যবর্গ যাঁহারা সেই স্বয়ংবর উপলক্ষে সভায় উপস্থিত হইয়াছিলেন, রাজা ভীষ্মক সকলকেই বল, বীর্য্য, বয়ঃক্রম ও সম্পত্তি অনুসারে যথাযোগ্য দ্রব্য সামগ্রী প্রদানে উপযুক্তরূপ সম্মান প্রদর্শন করিলেন।৩৫

শ্রীকৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া বিদর্ভপুরবাসী জনগণ সকলেই চতুর্দ্দিক্ হইতে তথায় উপস্থিত হইলেন এবং নেত্র-রূপ অঞ্জলি পাতিয়াই যেন কৃষ্ণ-মুখকমলের অপূর্ব্ব লাবণ্য প্রচুর পরিমাণে পান করিতে লাগিলেন।৩৬

এবং সকলেই পরস্পর বলিতে লাগিলেন যে, এই শ্রীকৃষ্ণের উপযুক্ত পত্নী এক রুক্মিণীই হইতে পারেন এবং রুক্মিণীর পতি হইতে হইলে এই সর্ব্বাঙ্গ সুন্দর এবং সর্ব্বদোষ-শূন্য শ্রীকৃষ্ণই উপযুক্ত পাত্র হইতে পারেন।৩৭

অহো! আমরা যদি পূর্ব্ব পূর্ব্ব জন্মেও কিছু পুণ্যের সঞ্চয় করিয়া থাকি, তবে তাহার ফলে

এবং প্রেমকলাবদ্ধা বদন্তি স্ম পুরৌকসঃ।
কন্যা চান্তঃপুরাৎ প্রাগাদ্ভটৈর্গুপ্তাম্বিকালয়ম্ ॥৩৭

পদ্ভ্যাং বিনির্যযৌ দ্রষ্টুং ভবান্যাঃ পাদপল্লবম্।
সা চানুধ্যায়তী সম্যঙ্মুকুন্দচরণাম্বুজম্ ॥৪০
যতবাঙ্মাতৃভিঃ সার্দ্ধং সখীভিঃ পরিবারিতা।

গুপ্তা রাজভটৈঃ শূরৈঃ সন্নদ্ধৈরুদ্যতায়ুধৈঃ।
মৃদঙ্গ-শঙ্খ-পণবাস্তূর্য্যভের্য্যশ্চ জঘ্নিরে ॥৪১

প্রেমকলাবদ্ধাঃ (প্রেম্নঃ কলা ভাবনা তয়া বদ্ধাঃ) পুরৌকসঃ পুরবাসিনঃ জনাঃ এবং যদা বদন্তি স্ম, তদা ভটৈঃ সৈন্যৈঃ গুপ্তা রক্ষিতা কন্যা রাজকুমারী অন্তঃপুরাৎ অম্বিকালয়ং প্রাগাৎ ॥৩৭

মুকুন্দচরণাম্বুজং সম্যক্ অনুধ্যায়তী চ সা রুক্মিণী ভবান্যাঃ পাদপল্লবং দ্রষ্টুম্ উদ্যতায়ুধৈঃ (উদ্যতানি উদ্ধৃতানি আয়ুধানি যৈঃ তৈঃ) সন্নদ্ধৈঃ বদ্ধকবচৈঃ, শূরৈঃ বীর্য্যসম্পন্নৈঃ, রাজভটৈঃ গুপ্তা (বেষ্টনেন রক্ষিতা) তদন্তঃ সখীভিঃ পরিবৃতা সতী যতবাঙ্-মাতৃভিঃ মাতৃতুল্যাভিঃ পরিচারিকাভিঃ সার্দ্ধং পদ্ভ্যাং বিনির্যযৌ। তদা মৃদঙ্গশঙ্খপণবাস্তূর্য্যভের্য্যশ্চ জঘ্নিরে বাদিতাঃ জাতাঃ ॥৪০-৪১

ত্রিলোককর্ত্তা ভগবান্ নারায়ণ প্রসন্ন হইয়া এই অনুগ্রহ করুন যেন অচ্যুত শ্রীকৃষ্ণ অদ্য বিদর্ভ-রাজনন্দিনীর পাণিগ্রহণ করেন।৩৮

পুরবাসী ব্যক্তিগণ প্রেমানন্দের পরিচয়ে যখন এইরূপ কথোপকথন করিতেছিলেন, এমন সময়ে রাজকুমারী রুক্মিণী রাজসৈন্যে পরিবৃতা হইয়া অন্তঃপুর হইতে অম্বিকালয়ে যাত্রা করিলেন।৩৭

ভবানীর পাদপদ্ম দর্শন করিবার অভিপ্রায়ে তিনি নির্গতা হইলেন বটে, কিন্তু মনে মনে মুকুন্দের চরণযুগলই হৃদয়ে নিরন্তর চিন্তা করিতেছিলেন। পথে পদব্রজে গমন-কালে বলবীর্য্য-সম্পন্ন, যুদ্ধার্থ সম্পূর্ণ প্রস্তুত, বদ্ধকবচ রাজভটগণ উদ্যতাস্ত্র হইয়া চতুর্দ্দিক্ রক্ষা করত রাজকন্যার সহিত গমন-করিতেছিল। সৈন্যগণের মধ্যে মণ্ডলাকারে সখীগণ এবং তাঁহাদের মধ্যমণ্ডলে মাতৃতুল্যা পরিচারিকাগণ রাজপুত্র রুক্মীর আদেশ অনুসারে অনন্যমনে সকলেই রুক্মিণীকে রক্ষা-করত সঙ্গে সঙ্গে অম্বিকালয়ে গমন করিল। তাহাদিগের সমভিব্যাহারে মৃদঙ্গ, শঙ্খ, পণব এবং তূরী, ভেরীপ্রভৃতি বাদ্যযন্ত্র সমস্বরে বাদিত হইতে লাগিল।৪০-৪১

নানোপহারবলিভির্বারমুখ্যাঃ সহস্রশঃ।
স্রগ্-গন্ধ-বস্ত্রাভরণৈর্দ্বিজপত্ন্যঃ স্বলঙ্কৃতাঃ ॥৪২
গায়ন্তশ্চ স্তুবন্তশ্চ গায়কা বাদ্যবাদকাঃ।
পরিবার্য্য বধূং জগ্মুঃ সূত-মাগধ-বন্দিনঃ ॥৪৩
আসাদ্য দেবীসদনং ধৌতপাদকরাম্বুজা।
উপস্পৃশ্য শুচিঃ শান্তা প্রবিবেশাম্বিকান্তিকম্ ॥৪৪
তাং বৈ প্রবয়সো বালাং বিধিজ্ঞা বিপ্রযোষিতঃ।
ভবানীং বন্দয়াঞ্চক্রুর্ভবপত্নীং ভবান্বিতাম্ ॥৪৫

নানোপহারবলিভিঃ সহস্রশঃ বারমুখ্যাঃ, স্রগ্গন্ধবস্ত্রাভরণৈঃ স্বলঙ্কৃতাঃ দ্বিজপত্ন্যঃ তথা গায়ন্তঃ স্তুবন্তঃ চ গায়কাঃ বাদ্যবাদকাঃ সূতমাগধবন্দিনঃ বধূং রুক্মিণীং পরিবার্য্য জগ্মুঃ। দেবসদনম্ (মহাদেব্যাঃ সদনং মন্দিরম্) আসাদ্য আগত্য, তত্র ধৌত-পাদকরাম্বুজা (ধৌতে প্রক্ষালিতে পাদাম্বুজে করাম্বুজে চ যস্যাঃ সা) উপস্পৃশ্য আচম্য শুচিঃ শান্তা সমাহিতচিত্তা সতী অম্বিকান্তিকম্ অম্বিকাগৃহং প্রবিবেশ ॥৪২-৪৪

ততঃ চ প্রবয়সঃ বৃদ্ধাঃ, বিধিজ্ঞাঃ পূজাদিনিয়মজ্ঞাঃ, বিপ্রযোষিতঃ পুরোহিতস্ত্রিয়ঃ ভবান্বিতাং ভবপত্নীং ভবানীং প্রতি তাং বালাং রুক্মিণীং বৈ বন্দয়াঞ্চক্রুঃ ॥৪৫

বিবিধ উপহার হস্তে সহস্র সহস্র বারবনিতাগণ গন্ধ, মাল্য, বস্ত্র ও আভরণে ভূষিতা দ্বিজপত্নীগণ, গায়ক, বাদক এবং গুণকীর্ত্তনকারী সূত, মাগধ ও বন্দিগণ সকলেই রাজনন্দিনীকে পরিবেষ্টন পূর্ব্বক গমন করিতে লাগিলেন।৪২-৪৩

অনন্তর মহাদেবীর সমীপে উপনীত হইয়া রুক্মিণী করচরণাদি ধৌত করিলেন এবং আচমন পূর্ব্বক শুচি ও সমাহিতচিত্তা হইয়া অম্বিকা-গৃহে প্রবেশ করিলেন।৪৪

নমস্যে ত্বাম্বিকেঽভীক্ষ্ণং স্বসন্তানযুতাং শিবাম্।
ভূয়াৎ পতির্মে ভগবান্ কৃষ্ণস্তদনুমোদতাম্ ॥৪৬

অদ্ভির্গন্ধাক্ষতৈর্ধূপৈর্বাসঃস্রঙ্ মাল্যভূষণৈঃ।
নানোপহারবলিভিঃ প্রদীপাবলিভিঃ পৃথক্ ॥৪৭

বিপ্রস্ত্রিয়ঃ পতিমতীস্তথা তৈঃ সমপূজয়ৎ।
লবণাপূপ-তাম্বূল-কণ্ঠসূত্রফলেক্ষুভিঃ ॥৪৮

তস্যৈ স্ত্রিয়স্তাঃ প্রদদুঃ শেষাং যুযুজুরাশিষঃ।
তাভ্যো দেব্যৈ নমশ্চক্রে শেষাঞ্চ জগৃহে বধূঃ ॥৪৯

মুনিব্রতমথ ত্যক্ত্বা নিশ্চক্রামাম্বিকাগৃহাৎ।
প্রগৃহ্য পাণিনা ভৃত্যাং রত্নমুদ্রোপশোভিনা ॥৫০

তাং দেবমায়ামিব বীরমোহিনীং
সুমধ্যমাং কুণ্ডলমণ্ডিতাননাম্
শ্যামাং নিতম্বার্পিতরত্নমেখলাম্
ব্যঞ্জৎস্তনীং কুন্তলশঙ্কিতেক্ষণাম্ ॥৫১

হে অম্বিকে। স্বসন্তানযুতাং গণেশাদি-সহিতাং শিবাং মঙ্গলরূপাং ত্বাম্ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ নমস্যে নমস্করোমি। ভগবান্ কৃষ্ণঃ মে মম পতিঃ ভূয়াৎ ইতি যৎ তৎ ভবতী অনুমোদতাম্ অনুগৃহ্নাতু ॥৪৬

অদ্ভিঃ শুদ্ধোদকৈঃ, গন্ধৈঃ চন্দনৈঃ, অক্ষতৈঃ, ধূপৈঃ, বাসোভিঃ স্রগ্ভিঃ মাল্যৈঃ, পুষ্পৈঃ ভূষণৈঃ শঙ্খবলয়াদিভিঃ, পৃথক্ নানোপহারবলিভিঃ প্রদীপাবলিভিঃ আরাত্রিকাদিভিঃ।

তথা তৈঃ লবণাপূপতাম্বূলকণ্ঠসূত্রফলেক্ষুভিঃ পতিমতীঃ বিপ্রস্ত্রিয়ঃ সমপূজয়ৎ ॥৪৭-৪৮

ততঃ তাঃ স্ত্রিয়ঃ তস্যৈ রুক্মিণ্যৈ শেষাং পূজোপযুক্তবিশিষ্টাং সামগ্রীং নির্ম্মাল্যসহিতাং প্রদদুঃ, আশিষঃ চ যুযুজুঃ, সা চ বধূঃ রুক্মিণী তাভ্যঃ দেব্যৈ চ নমশ্চক্রে আশিষঃ চ জগৃহে ॥৪৯

অথ অনন্তরং মুনিব্রতং মৌনং ত্যক্ত্বা রত্নসমুদ্রোপশোভিনা (রত্নমুদ্রিকাভিঃ উপশোভিনা) পাণিনা ভৃত্যাং প্রগৃহ্য অম্বিকা-গৃহাৎ নিশ্চক্রাম ॥৫০

সুমধ্যমাং (শোভনঃ কৃশঃ মধ্যপ্রদেশঃ যস্যাঃ তাং) কুণ্ডল-মণ্ডিতাননাং (কুণ্ডলাভ্যাং মণ্ডিতম্ আননং যস্যা তাং) শ্যামাং নিতম্বার্পিতহেমমেখলাং (নিতম্বয়োঃ শ্রোণ্যোঃ অর্পিতা নিবদ্ধা রত্নমেখলা যস্যাঃ তাং) ব্যঞ্জৎস্তনীং (ব্যঞ্জন্তৌ ব্যক্তী-ভবন্তৌ যৌবনপ্রাদুর্ভাবসূচকৌ স্তনৌ যস্যাঃ তাং) কুন্তল-শঙ্কিতেক্ষণাং (কুন্তলেভ্যঃ শঙ্কিতে ইব চপলে ঈক্ষণে যস্যাঃ তাং) দেবমায়াং (দেবস্য ভগবতঃ মায়াম্ ইব) বীরমোহিনীং (বীরান্ মোহয়তীতি তথা তাং) তাং রুক্মিণীম্ ॥৫১

পূজাপ্রণালীতে বিলক্ষণ নিপুণা পরিণতবয়স্কা পুরোহিত—বনিতাগণ মহাকাল-সহিতা ভবপত্নী ভবানীর সমীপে রুক্মিণীকে লইয়া বিবিধ উপচারাদির প্রয়োগে এইরূপ প্রার্থনা করাইলেন যে ।৪৫

হে সর্ব্বমঙ্গলময়ি জগদম্বে। গণেশাদি সন্তান-সন্ততিগণে পরিবৃতা আপনাকে নিরন্তর প্রণাম করিতেছি। মা। আমার সকল অমঙ্গল দূর করুন। ভগবান্ শ্রীকৃষ্ণ যেন আমার পতি হন, আপনি আমার এই মনোবাঞ্ছা পূরণ করুন ।৪৬

অনন্তর পবিত্র উদক, গন্ধ, অক্ষত, ধূপ, দীপ, বস্ত্র, আভরণ, পুষ্প, মাল্য ও শঙ্খ রত্নাদি বিবিধ উপহার ও দীপাবলির দ্বারা আরাত্রিকপ্রভৃতির আয়োজনে জগদম্বার পূজা করিলেন ।৪৭

এবং লবণ, ধূপ, তাম্বূল, কাষ্ঠসূত্র, নারিকেলাদি ফল, ইক্ষুপ্রভৃতি সুভোজন দ্রব্য সামগ্রীর প্রদানে দেবীর পূজা রুক্মিণী সমাপন করিলেন। বিপ্রপত্নীগণও সকলে পৃথক্ ভাবে উপরোক্ত উপহারাদি প্রদানে ভগবতীকে পূজা করিলেন ।৪৮

পুরোহিত-পত্নীগণ রুক্মিণীকে নির্ম্মাল্য প্রদানে আশীর্ব্বাদ করিলেন এবং রুক্মিণী দেবী অম্বিকাকে প্রণাম-করত আশীর্ব্বাদ গ্রহণে মাননীয়া বিপ্রনারী-গণকে প্রণাম করিলেন ।৪৯

অনন্তর মৌন ব্রত পরিত্যাগ পূর্ব্বক রত্নাঙ্গুরীয় শোভিত হস্তে দাসীর হস্তধারণে অম্বিকাগৃহ হইতে

শুচিস্মিতাং বিম্বফলাধরদ্যুতি-
শোণায়মানদ্বিজকুন্দকুড্মলাম্।
পদা চলন্তীং কলহংসগামিনীং
শিঞ্জৎকলানূপুরধামশোভিনা ॥৫২
বিলোক্য বীরা মুমুহুঃ সমাগতা
যশস্বিনস্তৎকৃতহৃচ্ছয়ার্দ্দিতাঃ।
যাং বীক্ষ্য তে নৃপতয়স্তদুদারহাস-
ব্রীড়াবলোকহৃতচেতস উজ্ঝিতাস্ত্রাঃ ॥৫৩
পেতুঃ ক্ষিতৌ গজরথাশ্বগতা বিমূঢ়া
যাত্রাচ্ছলেন হরয়েঽর্পয়তীং স্বশোভাম্।
সৈবং শনৈশ্চলয়তী চলপদ্মকোশৌ
প্রাপ্তিং তদা ভগবতঃ প্রসমীক্ষমাণা ॥৫৪
উৎসার্য্য বামকরজৈরলকানপাঙ্গৈঃ
প্রাপ্তান্ হ্রিয়ৈক্ষত নৃপান্ দদৃশেঽচ্যুতঞ্চ।
তাং রাজকন্যাং রথমারুরুক্ষতীং
জহার কৃষ্ণো দ্বিষতাং সমীক্ষতাম্ ॥৫৫

তথা শুচিস্মিতাং (শুচি শুদ্ধং কামাদিবিকাররহিতং স্মিতং যস্যাঃ তাং) বিম্বফলাধরদ্যুতি-শোণায়মান-দ্বিজকুন্দকুড্মলাং (বিম্বফলমিব অধরোষ্ঠস্য দ্যুতিভিঃ কান্তিভিঃ শোণায়মানাঃ দ্বিজাঃ দন্তাঃ এব কুন্দানাং কুড্মলানি মুকুলানি যস্যাঃ তাং) শিঞ্জৎকলানূপুরধামশোভিনা (কলা শোভা তদযুক্তং নূপুরং কলা নূপুরং; শিঞ্জৎ চলৎ কলা নূপুরং চ তস্য ধাম দীপ্তিং তেন শোভিতুং শীলং যস্য তেন) পদা চলন্তীং কলহংসগামিনীং (কলহংসবৎ গচ্ছতীতি তাং) তাং বিলোক্য সমাগতাঃ যশস্বিনঃ বীরাঃ তৎকৃতহৃচ্ছয়ার্দ্দিতাঃ সন্তঃ মুমুহুঃ।

যাত্রাচ্ছলেন গমনমিষেণ, স্বশোভাং হরয়ে শ্রীকৃষ্ণায় অর্পয়তীং দর্শয়তীং যাং কন্যাং বীক্ষ্য উদারহাস-ব্রীড়াবলোক-হৃতচেতসঃ (উদারেণ সুখদেন হাসেন ব্রীড়াপূর্ব্বকাবলোকনেন হৃতানি চেতাংসি যেষাং তে) অতএব উজ্ঝিতাস্ত্রাঃ (উজ্ঝিতানি ত্যক্তানি অস্ত্রাণি যৈঃ তে) হে নৃপতয়ঃ বিমূঢ়াঃ সন্তঃ গজরথাশ্বগতাঃ গজাদ্যারূঢ়াঃ অপি ক্ষিতৌ পেতুঃ।

সা রুক্মিণী এবং তদা ভগবতঃ প্রাপ্তিং প্রসমীক্ষমাণা অতএব চরণাজকোষৌ পদ্মকোষতুল্যৌ চরণৌ শনৈঃ চলয়তী বামকরজৈঃ নখৈঃ অলকান্ উৎসার্য্য অপাকৃত্য হ্রিয়া এব প্রাপ্তান্ আগতান্ নৃপান্ ঐক্ষত তথা অচ্যুতং কৃষ্ণং চ দদৃশে দদর্শ।

তদা কৃষ্ণঃ রথম্ আরুরুক্ষতীং (আরোঢ়ুম্ ইচ্ছন্তীং) তাং রাজকন্যাং দ্বিষতাং শত্রূণাং চৈদ্যাদীনাং সমীক্ষতাং সমীক্ষমাণানাং সতাং জহার। তথা সুপর্ণলক্ষণং গরুড়ধ্বজং রথং

রুক্মিণী বাহিরে আগমন করিলেন।৫০

অত্যুজ্জ্বল কুণ্ডলদ্বয়শোভিত-বদনা কৃশাঙ্গী তাদৃশ দেবমায়ার ন্যায় অপূর্ব্ব লাবণ্যবতী রুক্মিণীকে নয়নগোচর করিয়া এমন কোন বীর তথায় উপস্থিত ছিলেন না যিনি মোহিত না হইয়াছিলেন। রুক্মিণী তখন যৌবন-পদবীতে কেবল পদার্পণ করিয়াছিলেন মাত্র, অজাত-বয়স্কা রুক্মিণীর বক্ষঃস্থলে নবোদগত স্তনচিহ্নে তৎকালে তাঁহার যৌবনপদবীতে কেবল পদার্পণেরই পরিচয় হইতেছিল। গুরু নিতম্বোপরি সুবর্ণময়ী মেখলা তিনি পরিধান করিয়াছিলেন, সুনীল অলকাজলে যেন তাঁহার দর্শনের প্রতিবন্ধক করিতেছিল, তজ্জন্য চঞ্চলদৃষ্টিতে ইতস্ততঃ অবলোকন করিতেছিলেন। বদন-কমলে সুমধুর হাস্য ও বিম্বফলের ন্যায় ঈষৎ রক্তাভ ওষ্ঠদ্বয়ের জ্যোতিতে এবং কুন্দকলিকা তুল্য দন্তপংক্তিতে কি অপূর্ব্ব হেম-শোভাই পরিলক্ষিত হইতেছিল। কলহংসের ন্যায় মৃদু-মন্দ গতির অনুকরণে অপূর্ব্ব শোভাবিশিষ্ট নূপুরের ধ্বনি-করত ধীরে ধীরে পদসঞ্চালনে যখন অগ্রসর হইতে লাগিলেন, তখন তাঁহাকে অবলোকন করিয়া বিখ্যাত-বীর্য্য যে সমস্ত মহীপতি তথায় সমাগত হইয়াছিলেন, তাঁহারা যে সকলেই কামশরে নিতান্তই কাতর হইয়া মূর্চ্ছাপন্ন হইয়াছিলেন তাহাতে আর সন্দেহ ছিল না।

ভগবান্ শ্রীহরিকে স্বকীয় শোভা প্রদর্শন করাইবার জন্যই যখন লক্ষ্মীস্বরূপা রুক্মিণী দেব-দর্শনচ্ছলেই কেবল তথায় উপনীত হইয়াছিলেন

রথং সমারোপ্য সুপর্ণলক্ষণং
　　রাজন্যচক্রং পরিভূয় মাধবঃ।
ততো যযৌ রামপুরোগমৈঃ শনৈঃ
　　শৃগালমধ্যাদিব ভাগহৃদ্ধরিঃ ॥৫৬
তং মানিনঃ স্বাভিভবং যশঃক্ষয়ং
　　পরে জরাসন্ধমুখা ন সেহিরে।
অহো ধিগস্মান্ যশ আত্তধন্বনাং
　　গোপৈর্হৃতং কেশরিণাং মৃগৈরিব ॥৫৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৩

সমারোপ্য রাজন্যচক্রং (রাজন্যানাং চক্রং মণ্ডলং) পরিভূয় তুচ্ছীকৃত্য রামপুরোগমৈঃ (রামঃ পুরোগমঃ অগ্রণী যেষাং তৈঃ) যদুভিঃ সহ মাধবঃ শৃগালমধ্যাৎ ভাগহৃৎ হরিঃ সিংহঃ ইব শনৈঃ যযৌ ইতি সার্দ্ধান্বয়ঃ ॥৫২-৫৬

মানিনঃ চমহকারিণঃ জরাসন্ধাদয়ঃ (কন্যাহরণেন) যশঃক্ষয়ং তং স্বাভিভবং ন সেহিরে। অহো। অস্মান্ ধিক্। যতঃ কেশরিণাং সিংহানাং ভাগঃ যথা তুচ্ছৈঃ মৃগৈঃ হ্রিয়তে তথা আত্তধন্বনাং ধনুর্দ্ধরাণাম্ অস্মাকং যশঃ ধনঃ গোপৈঃ হৃতম্ ॥৫৭

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥

তখন তাঁহার হাব ভাব ও প্রসন্ন হাস্য-বিকসিত সলজ্জ অবলোকন দর্শনে আকৃষ্টচেতা জরাসন্ধাদি ভূপতিবৃন্দ সম্মোহিত হইবেন তাহাতে আর সন্দেহ কি? এমন কি, গজ-পৃষ্ঠে, রথের উপরে এবং অশ্বাদিতে আরোহণ-করত যে যেখানে ছিলেন এক রুক্মিণীকে অবলোকন-করত তিনি সেই স্থান হইতেই মূর্চ্ছিতের ন্যায় অস্ত্র-শস্ত্র পরিত্যাগে ভূমিতে নিপতিত হইতে লাগিলেন।

রুক্মিণী এই প্রকারে চরণপদ্মের বিন্যাসে গমন-করত ভগবান্ শ্রীকৃষ্ণ তথায় আগমন করিয়াছিলেন কি না, কেবল ইহাই দর্শন করিবার অভিলাষে স্বীয় বামকরের অঙ্গুলীর অগ্রভাগের দ্বারা অলকা-জালের অপসারণে অপাঙ্গদৃষ্টি-করত লজ্জাবনত মুখে উপস্থিত রাজন্যবর্গের প্রতি যেমন দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন, অমনি ভগবান্ শ্রীকৃষ্ণকে নয়নগোচর করিলেন।

রাজকুমারী রথে আরোহণার্থ অভিপ্রায় প্রকাশ করিতেছেন ইহা অবগত হইয়া শ্রীকৃষ্ণ শিশুপালাদি বিপক্ষ নরপতিগণের সমক্ষেই তাঁহাকে হরণ করিলেন এবং স্বকীয় গরুড়ধ্বজ রথে রুক্মিণীকে আরোহণ করাইয়া রাজন্যগণের ব্যূহ ভেদ-করত নির্গত হইলেন এবং শৃগালসমূহের মধ্যস্থল হইতে কেশরী যেমন সদর্পে স্বীয় ভাগ গ্রহণ করিয়া অপসৃত হয়, সেইরূপ শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ-করত বলরামচালিত যদুসৈন্যে পরিবৃত হইয়া অকুতোভয়ে তথা হইতে প্রস্থান করিলেন। কিন্তু এই প্রকার অভিভবে আপনাদের বিলক্ষণ যশোহানি হইতেছে বিবেচনা করিয়া অভিমানী জরাসন্ধাদি নৃপতিবৃন্দ তাদৃশ অপমান কোন মতে সহ্য করিতে পারিলেন না।

তাঁহারা পরস্পরে বলিতে লাগিলেন, যে, অহো! আমাদের ন্যায় বীর পুরুষের ধনুর্ধারণ করিবার যশে ধিক্। সিংহসমূহের সমক্ষ হইতে তাহাদের নির্দ্দিষ্ট ভাগ যেমন মৃগ আসিয়া হরণ করে, অদ্য আমাদের ন্যায় প্রবলপরাক্রম তেজস্বী নরপতি-গণের সম্মুখ হইতে এই গোপজাতি আসিয়া সেইরূপ রুক্মিণীকে হরণ-করত নির্ব্বিবাদে প্রস্থান করিতেছে।৫২-৫৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ত্রিপঞ্চাশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[যদুভিঃ সহ যুদ্ধে চৈদ্যপক্ষীয়রাজ্ঞাং পরাজয়ঃ, রুক্মিণঃ পরাভবঃ, রুক্মিণী-শ্রীকৃষ্ণয়োর্বিবাহশ্চ।]

শ্রীশুক উবাচ।

ইতি সর্ব্বে সুসংরব্ধা বাহানারুহ্য দংশিতাঃ
স্বৈঃ স্বৈর্বলৈঃ পরিক্রান্তা অন্বীয়ুর্ধৃতকার্ম্মুকাঃ ॥১

তানাপতত আলোক্য যাদবানীকযূথপাঃ।
তস্থুস্তৎসম্মুখা রাজন্ বিস্ফূর্জ্জ্য স্বধনূংষি তে ॥২

অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে রথোপস্থেঽস্ত্রকোবিদাঃ।
মুমুচুঃ শরবর্ষাণি মেঘা অদ্রিষ্বপো যথা ॥৩

পত্যুর্বলং শরাসারৈশ্ছন্নং বীক্ষ্য সুমধ্যমা।
সব্রীড়মৈক্ষৎ তদ্বক্ত্রং ভয়বিহ্বললোচনা ॥৪

প্রহস্য ভগবানাহ মাস্ম ভৈর্বামলোচনে।
বিনঙ্ক্ষ্যত্যধুনৈবৈতৎ তাবকৈঃ শাত্রবং বলম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (অহো ধিগস্মান্) ইতি এবং ব্রুবাণাঃ সুসংরব্ধাঃ ক্রোধাবিষ্টাঃ, দংশিতাঃ বদ্ধকবচাঃ, তথা ধৃত-কার্ম্মুকাঃ স্বৈঃ স্বৈঃ বলৈঃ সৈন্যৈঃ পরিক্রান্তাঃ পরিবৃতাঃ সর্ব্বে রাজানঃ জরাসন্ধাদয়ঃ বাহান্ রথাদীন্ আরুহ্য অন্বীয়ুঃ কৃষ্ণং প্রতি অধাবন্ ॥১

হে রাজন্! তান্ শত্রূন্ আপততঃ আগচ্ছতঃ আলোক্য তে যাদবানীকযূথপাঃ যাদবসৈন্যাধিপতয়ঃ স্বধনূংষি বিস্ফূর্জ্জ্য টঙ্কারয়িত্বা তেষাং সম্মুখাঃ তস্থুঃ ॥২

অহো! মেঘাঃ যথা অদ্রিষু পর্ব্বতেষু তেষাং অপঃ জলানি মুঞ্চন্তি, তথা অস্ত্রকোবিদাঃ জরাসন্ধাদয়ঃ অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে রথোপস্থে রথোপরিস্থিতনীড়ে শরবর্ষাণি মুমুচুঃ ॥৩

পত্যুঃ শ্রীকৃষ্ণস্য বলং শরাসারৈঃ ছন্নম্ আচ্ছন্নং বীক্ষ্য ভয়বিহ্বললোচনা (ভয়েন বিহ্বলে লোচনে যস্যাঃ সা) সুমধ্যমা তন্বঙ্গী কোমলচিত্তা রুক্মিণী তদ্বক্ত্রং কৃষ্ণমুখং সব্রীড়ম্ ঐক্ষৎ ঐক্ষত ॥৪

ভগবান্ প্রহস্য আহ, হে বামলোচনে! মাস্ম ভৈঃ ভয়ং মা কৃথাঃ, তাবকৈঃ ত্বদীয়ৈঃ সৈনিকৈঃ এতৎ শাত্রবং বলম্ অধুনৈব বিনঙ্ক্ষ্যতি নাশম্ এষ্যতি ॥৫

চতুঃপঞ্চাশ অধ্যায়।

[যদুগণের সহিত যুদ্ধে চৈদ্যপক্ষীয় নৃপদিগের পরাজয়, রুক্মীর পরাভব এবং রুক্মিণী-শ্রীকৃষ্ণের বিবাহ।]

শ্রীশুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে নরনাথ! শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ করত প্রস্থান করিলে জরাসন্ধাদি রাজন্যবর্গ স্ব-স্ব প্রতাপে ধিক্কার প্রদান পূর্ব্বক ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং বর্ম্মাবৃত হইয়া শরাসন হস্তে স্ব-স্ব সৈন্যসামন্ত সহ সকলেই শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিবার অভিপ্রায়ে তাঁহার অভিমুখে ধাবিত হইল।১

হে রাজন্! যাদবসেনা-সমূহের অধিপতিগণ বিপক্ষ সৈন্যকুলকে যুদ্ধার্থ তাঁহাদিগের পশ্চাদ্ভাগে আগমন করিতে অবলোকন করিয়া নিজ নিজ ধনুতে টঙ্কার-ধ্বনি-করত বিপক্ষগণের অভিমুখে দণ্ডায়মান হইলেন।২

অহো! বারিধর (মেঘ) যেমন ধরাধরোপরি (পর্ব্বতোপরি) অবিশ্রান্তে জলধারা বিসর্জ্জন করে, কিন্তু তাহাতে পর্ব্বতের কোন অনিষ্ট সাধন হয় না, সেইরূপ জরাসন্ধাদি যুদ্ধবিশারদ বিপক্ষ রাজন্যবর্গ অশ্বপৃষ্ঠে, গজস্কন্ধে এবং রথোপরি বাণ বর্ষণ করিতে লাগিলেন, কিন্তু তাহাতে যাদবগণের কোন বিশেষ অনিষ্টপাত ঘটে নাই।৩

যাদব-সৈন্যগণ বিপক্ষগণের শরজালে তাদৃশ সমাচ্ছন্ন অবলোকন করিয়া কোমল-হৃদয়া তন্বঙ্গী রুক্মিণী ভয়-বিহ্বল-লোচনে সলজ্জভাবে স্বীয় পতি শ্রীকৃষ্ণের বদনাভিমুখে দৃষ্টিপাত করিলেন।৪

এতদ্দর্শনে শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য-করত তাঁহাকে

তেষাং তদ্বিক্রমং বীরা গদসঙ্কর্ষণাদয়ঃ।
অমৃষ্যমাণা নারাচৈর্জঘ্নুর্হয়-গজান্ রথান্ ॥৬

পেতুঃ শিরাংসি রথিনামশ্বিনাং গজিনাং ভুবি।
সকুণ্ডলকিরীটানি সোষ্ণীষাণি চ কোটিশঃ ॥৭

হস্তাঃ সাসি-গদেষ্বাসাঃ করভা ঊরবোঽঙ্ঘ্রয়ঃ।
অশ্বাশ্বতরনাগোষ্ট্র-খরমর্ত্যশিরাংসি চ ॥৮

হন্যমানবলানীকা বৃষ্ণিভির্জয়কাঙ্ক্ষিভিঃ।
রাজানো বিমুখা জগ্মুর্জরাসন্ধপুরঃসরাঃ ॥৯
শিশুপালং সমভ্যেত্য হৃতদারমিবাতুরম্।
নষ্টত্বিষং গতোৎসাহং শুষ্যদ্বদনমব্রুবন্ ॥১০
ভো ভোঃ পুরুষশার্দ্দূল দৌর্ম্মনস্যমিদং ত্যজ।
ন প্রিয়াপ্রিয়য়োঃ রাজন্ নিষ্ঠা দেহিষু দৃশ্যতে ॥১১
যথা দারুময়ী যোষিৎ নৃত্যতে কুহকেচ্ছয়া।
এবমীশ্বরতন্ত্রোঽয়মীহতে সুখ-দুঃখয়োঃ ॥১২

তেষাং জরাসন্ধাদীনাং তৎ তথাবিধং বিক্রমম্ অসহমানাঃ অমৃষ্যমাণাঃ গদসঙ্কর্ষণাদয়ঃ বীরাঃ নারাচৈঃ বাণৈঃ, হয়গজান্ রথান্ চ জঘ্নুঃ ॥৬

তথা রথিনাম্ অশ্বিনাং গজিনাং তত্তদারূঢ়ানাং সকুণ্ডল-কিরীটানি সোষ্ণীষাণি তত্তৎসহিতানি কোটিশঃ শিরাংসি ভুবি পেতুঃ ॥৭

সাসিগদেষ্বাসাঃ হস্তাঃ, করভাঃ প্রকোষ্ঠাঃ, ঊরবঃ অঙ্ঘ্রয়ঃ চ তথা অশ্বাশ্বতরনাগোষ্ট্রখরমর্ত্যশিরাংসি চ পেতুঃ ॥৮

জয়কাঙ্ক্ষিভিঃ বৃষ্ণিভিঃ হন্যমানবলানীকাঃ (হন্যমানানি বলানীকানি সৈন্যসমূহাঃ যেষাং তে) জরাসন্ধপুরোগমাঃ রাজানঃ বিমুখাঃ সন্তঃ জগ্মুঃ ॥৯

তথা হৃতদারম্ ইব আতুরং ব্যাকুলং, নষ্টত্বিষং নিস্তেজস্কং, গতোৎসাহং (গতঃ বিনষ্টঃ উৎসাহঃ যস্মাৎ তং) শুষ্যদ্বদনং ম্লানবদনং শিশুপালং সমভ্যেত্য তে অব্রুবন্ ॥১০

ভোঃ ভোঃ পুরুষশার্দ্দূল। পুরুষশ্রেষ্ঠ। ইদং দৌর্ম্মনস্যং বিষাদং ত্যজ। যতঃ হে রাজন্। প্রিয়াপ্রিয়য়োঃ সুখদুঃখয়োঃ নিষ্ঠা স্থৈর্য্যং দেহিষু ন দৃশ্যতে ॥১১

যথা কুহকেচ্ছয়া (কুহকস্য নর্ত্তকস্য ইচ্ছয়া এব) দারুময়ী যোষিৎ প্রতিমা নৃত্যতে এবম্ ঈশ্বরতন্ত্রঃ ঈশ্বরাধীনঃ অয়ং লোকঃ সুখ-দুঃখয়োঃ ঈহতে চেষ্টতে ॥১২

সম্বোধনপূর্ব্বক বলিলেন,—হে সুলোচনে! তোমার কোনরূপ ভয় করিবার প্রয়োজন নাই। তোমার এই যাদব-সৈন্যগণ অতি অল্পকালের মধ্যেই বিপক্ষের বল ধ্বংস করিবে।৫

এদিকে গদ ও সঙ্কর্ষণাদি যদুবীরগণ জরাসন্ধাদি বিপক্ষগণের তাদৃশ ধৃষ্টতায় বিরক্ত হইয়া শাণিত বাণ প্রয়োগে তাহাদিগের অশ্ব, গজ এবং রথসমূহ বিনষ্ট করিতে লাগিলেন।৬

তৎকালে অশ্বারোহী, গজারোহী এবং রথী-গণের কুণ্ডল, কিরীট এবং উষ্ণীষ-শোভিত কোটি কোটি মস্তক ছিন্ন বিচ্ছিন্ন হইয়া ভূমিতে নিপতিত হইতে লাগিল।৭

কৃপাণ, গদা এবং শরাসন ধারণ করা অবস্থাতেই ছিন্ন হইয়া বীরগণের হস্তসমূহ ধরাতলে পতিত হইতে লাগিল; প্রকোষ্ঠ সকল, ঊরুদেশ সকল এবং পাদ-সমূহ ভূপতিত হইতে লাগিল; অশ্ব, খচ্চর, নাগ, উষ্ট্র, খর এবং পদাতিগণের মস্তকসমূহ সমর-প্রাঙ্গণে ইতস্ততঃ নিক্ষিপ্ত হইতে লাগিল।৮

জয়াকাঙ্ক্ষী বৃষ্ণিগণের প্রবল পরাক্রমকে বিধ্বস্ত এবং হতসৈন্য জরাসন্ধাদি রাজগণ যুদ্ধে পরাস্ত হইয়া ক্রমশঃ প্রত্যাবর্ত্তন করিলেন।৯

এবং হৃতদারের ন্যায় নিতান্ত বিষণ্ণ ও ম্লান-বদনে অবস্থিত নষ্টপ্রভ উৎসাহ-শূন্য শিশুপালের নিকট গমন-করত তাঁহারা তাহাকে সম্বোধন পূর্ব্বক প্রবোধ প্রদান করিলেন।১০

অহে! পুরুষশ্রেষ্ঠ! এই ব্যাপারে তোমার এতাদৃশ বিষণ্ণ হইবার কোন কারণ দেখা যায় না। তুমি মনোগ্লানি পরিত্যাগ কর। হে রাজন্! জাগতিক সুখ বা দুঃখের সহিত দেহধারী জীবের কখন কোন স্থিরতর সম্বন্ধ দেখা যায় না।১১

শৌরেঃ সপ্তদশাহং বৈ সংযুগানি পরাজিতঃ।
ত্রয়োবিংশতিভিঃ সৈন্যৈর্জিগ্য একমহং পরম্ ॥১৩
তথাপ্যহং ন শোচামি ন প্রহৃষ্যামি কর্হিচিৎ।
কালেন দৈবযুক্তেন কৃৎস্নং বিদ্রাবিতং জগৎ ॥১৪
অধুনাপি বয়ং সর্ব্বে বীরযূথপযূথপাঃ।
পরাজিতাঃ ফল্গুতন্ত্রৈর্যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ ॥১৫

ত্রয়োবিংশতিভিঃ অক্ষৌহিণীভিঃ সৈন্যৈঃ পরিবৃতঃ অহং বৈ সপ্তদশ-সংযুগানি যুদ্ধানি কৃত্বা শৌরেঃ শ্রীকৃষ্ণাৎ পরাজিতঃ, পরং অন্তিমম্ একং সংযুগম্ অহং জিগ্যে জিতবান্ ॥১৩

তথাপি অহং ন শোচামি, নাপি কর্হিচিৎ প্রহৃষ্যামি। যতঃ হে রাজন্! দৈবযুক্তেন পরমেশ্বরনিযুক্তেন কালেন কৃৎস্নং জগৎ বিদ্রাবিতম্ উপক্রুতং ভবতি ॥১৪

অধুনাপি বীরযূথপযূথপাঃ সর্ব্বে বয়ং ফল্গুতন্ত্রৈঃ সল্পসৈন্যযুক্তৈঃ কৃষ্ণপালিতৈঃ যদুভিঃ পরাজিতাঃ ॥১৫

যেমন সূত্রধারী কুহকের (নর্ত্তকের) ইচ্ছার উপরই কাষ্ঠময়ী পুত্তলিকার ইতস্ততঃ বিচরণ-রূপ নৃত্যাদি পরিদৃষ্ট হয়; পুত্তলিকা নিজে সঞ্চরণ করিতে পারে না, সেইরূপ এই সমগ্র জীবজগৎ ঈশ্বরের উপরই সম্পূর্ণ নির্ভর করে এবং তাঁহারই প্রেরণায় সুখ বা দুঃখের অভিমুখে গমন করিয়া থাকে।১২

এই সামান্য পরাজয়ে তোমার আর কি বিশেষ অপমান বোধ হইয়াছে? আমি ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনায় পরিবৃত থাকিয়াও সপ্তদশ বার শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধে পরাস্ত হইয়াছিলাম কেবল শেষ একবার মাত্র জয়লাভ করিয়াছি।১৩

কিন্তু তথাপি তাদৃশ পরাজয়ে আমার কোন দুঃখ বা শেষ জয়ে কোন বিশেষ আনন্দ অনুভব করি নাই। কারণ আমি জানি যে, পরমেশ্বর-প্রেরিত কালের বশবর্ত্তী হইয়াই এই সমগ্র ভুবন ইতস্ততঃ পরিচালিত ও উপক্রুত হইতেছে।১৪

এই দেখ, আমাদের ন্যায় বীর চূড়ামণিগণের অগ্রগণনীয় নেতাগণও সামান্য কৃষ্ণপালিত অতি স্বল্পসংখ্যক যদুগণের দ্বারাও পরাজিত হইলাম।১৫

রিপবো জিগ্যুরধুনা কাল আত্মানুসারিণি।
তদা বয়ং বিজেষ্যামো যদা কালঃ প্রদক্ষিণঃ ॥১৬
এবং প্রবোধিতো মিত্রৈশ্চৈদ্যোঽগাৎ সানুগঃ পুরম্।
হতশেষাঃ পুনস্তেঽপি যযুঃ স্বং স্বং পুরং নৃপাঃ ॥১৭
রুক্মী তু রাক্ষসোদ্বাহং কৃষ্ণদ্বিড়সহন্ স্বসুঃ।
পৃষ্ঠতোঽন্বগমৎ কৃষ্ণমক্ষৌহিণ্যা বৃতো বলী ॥১৮

আত্মানুসারিণি স্বানুকূলে কালে প্রাপ্তে অধুনা রিপবঃ যদবঃ অস্মান্ জিগ্যুঃ, কিন্তু কালঃ যদা অস্মাকং প্রদক্ষিণঃ অনুকূলঃ ভাবী, তদা বয়ং তান্ বিজেষ্যামঃ ॥১৬

মিত্রৈঃ জরাসন্ধাদিভিঃ এবং প্রবোধিতঃ সানুগঃ হতাবশিষ্ট-সৈন্যসহিতঃ চৈদ্যশিশুপালঃ স্বং পুরম্ অগাৎ, তথা হতশেষাঃ তে জরাসন্ধাদয়ঃ নৃপাঃ অপি স্বং স্বং পুরং যযুঃ ॥১৭

স্বসুঃ ভগিন্যাঃ, রাক্ষসোদ্বাহং হরণম্ অসহমানঃ, কৃষ্ণদ্বিট্ বলী রুক্মী তু অক্ষৌহিণ্যা সেনয়া বৃতঃ সন্ কৃষ্ণং পৃষ্ঠতঃ অন্বগমৎ অন্বধাবৎ ॥১৮

সম্প্রতি বিপক্ষ যাদবগণ অনুকূল কালপ্রাপ্ত হইয়াই আমাদিগকে পরাস্ত করিয়াছে, আবার কাল যখন আমাদের অনুকূল হইবে, তখন আমরাও তাহাদিগকে পরাজয় করিব।১৬

জরাসন্ধাদি মিত্রগণের উৎসাহ-বাক্যে এই প্রকার প্রবোধিত শিশুপাল হতাবশিষ্ট অনুচরবর্গে পরিবৃত হইয়া স্বীয় পুরে প্রস্থান করিল এবং অন্যান্য নৃপগণও স্ব-স্ব সৈন্য লইয়া আপন আপন রাজ্যে যাত্রা করিলেন।১৭

এই অবস্থা দর্শনে রুক্মী আর নিরস্ত থাকিতে পারিলেন না; সেই ব্যক্তি শ্রীকৃষ্ণের নিতান্ত বিদ্বেষী, তাহাতে আবার বলবান্, সুতরাং শ্রীকৃষ্ণ ভগিনীকে হরণ করিয়াছেন শুনিয়া রুক্মী আর সহ্য করিতে পারিল না। সে এক অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া যুদ্ধ করিবার মানসে শ্রীকৃষ্ণের পশ্চাদ্ধাবন করিল।১৮

রুক্ম্যমর্ষী সুসংরব্ধঃ শৃণ্বতাং সর্ব্বভূভুজাম্।
প্রতিজজ্ঞে মহাবাহুর্দংশিতঃ সশরাসনঃ ॥১৯
অহত্বা সমরে কৃষ্ণমপ্রত্যূহ্য চ রুক্মিণীম্।
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি সত্যমেতদ্ ব্রবীমি বঃ ॥২০
ইত্যুক্ত্বা রথমারুহ্য সারথিং প্রাহ সত্বরঃ।
চোদয়াশ্বান্ যতঃ কৃষ্ণস্তস্য মে সংযুগং ভবেৎ ॥২১
অদ্যাহং নিশিতৈর্বাণৈর্গোপালস্য সুদুর্ম্মতেঃ।
নেষ্যে বীর্য্যমদং যেন স্বসা মে প্রসভং হৃতা ॥২২

মহাবাহুঃ মহাবলী অমর্ষী হরণম্ অসহমানঃ সুসংরব্ধঃ সংক্রুদ্ধঃ, দংশিতঃ বদ্ধকবচঃ, সশরাসনঃ ধনুর্দ্ধরঃ রুক্মী সর্ব্বভূভুজাং শৃণ্বতাং সতাং প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাম্ অকরোৎ ॥১৯

সমরে সমরে কৃষ্ণম্ অহত্বা যবীয়সীং ভগিনীং রুক্মিণীম্ অপ্রত্যূহ্য অনিবর্ত্ত্য অহং কুণ্ডিনং পুরং ন প্রবেক্ষ্যামি, এতৎ তথ্যং যথার্থম্ এব অহং ব্রবীমি ॥২০

ইতি উক্ত্বা সত্বরং সন্ রথম্ আরুহ্য যত্র কৃষ্ণঃ অস্তি, তত্র অশ্বান্ শীঘ্রং চোদয় গময়, যতঃ তেন কৃষ্ণেন সহ মম সংযুগং যুদ্ধং ভবেৎ ইতি সারথিং প্রাহ ॥২১

যেন শ্রীকৃষ্ণেন মে মম স্বসা ভগিনী প্রসভং বলেন হৃতা, তস্য সুদুর্ম্মতেঃ গোপালস্য বীর্য্যমদম্ অদ্য নিশিতৈঃ তীক্ষ্ণৈঃ

ক্রোধপূর্ণ-হৃদয়ে বর্ম্মাদিতে সজ্জিত হইয়া, শরাসন হস্তে তথায় উপনীত হইলেন এবং যাদবীয় রাজন্যবর্গের সমক্ষেই প্রতিজ্ঞা পূর্ব্বক প্রকাশ করিয়া বলিল—

ওহে বীরগণ! আপনারা সকলে শ্রবণ করুন। আমি অদ্য শ্রীকৃষ্ণকে বিনাশ না করিয়া এবং রুক্মিণীকে পুনরুদ্ধার না করিয়া আর কুণ্ডিনপুরে প্রত্যাগমন করিব না। আমার এই প্রতিজ্ঞা কখন বিফল হইবার নহে। এইরূপ প্রতিজ্ঞা করিয়া রুক্মী সত্বর রথে আরোহণ পূর্ব্বক সারথিকে সম্বোধন পূর্ব্বক বলিল যে, কৃষ্ণ যে স্থানে অবস্থান করিতেছেন তুমি সত্বর সেই দিকে অশ্বগণকে পরিচালিত কর। কারণ তাঁহার সহিত অদ্য আমার যুদ্ধ হইবে।১৯-২০-২১

বিকত্থমানঃ কুমতিরীশ্বরস্যাপ্রমাণবিৎ।
রথেনৈকেন গোবিন্দং তিষ্ঠ তিষ্ঠেত্যথাহ্বয়ৎ ॥২৩

ধনুর্বিকৃষ্য সুদৃঢ়ং জঘ্নে কৃষ্ণং ত্রিভিঃ শরৈঃ।
আহ চাত্র ক্ষণং তিষ্ঠ যদূনাং কুলপাংসন ॥২৪

কুত্র যাসি স্বসারং মে মুষিত্বা ধ্বাঙ্ক্ষবদ্ধবিঃ।
হরিষ্যেঽদ্য মদং মন্দ মায়িনঃ কূটযোধিনঃ ॥২৫

বাণৈঃ অহং নেষ্যে ॥২২

ঈশ্বরস্য অপ্রমাণবিৎ (বলবীর্য্যয়োঃ প্রমাণম্ ইয়ত্তাং ন বেত্তি ইতি) তথা কুমতিঃ মন্দবুদ্ধিঃ এবং বিকত্থমানঃ রুক্মী একেন রথেন অনুধাবন্ অথ তিষ্ঠ তিষ্ঠ ইতি গোবিন্দম্ আহ্বয়ৎ ॥২৩

তথা সুদৃঢ়ং ধনুঃ বিকৃষ্য (তস্মিন্ শরান্ সন্ধায়) ত্রিভিঃ শরৈঃ কৃষ্ণং জঘ্নে, আহ চ অরে যদূনাং কুলপাংসন কুলদূষণ ক্ষণং তিষ্ঠ ॥২৪

হে মন্দ! ধ্বাঙ্ক্ষঃ কাকঃ যথা হবি হৃত্বা পলায়তে, তথা মে মম স্বসারং ভগিনীং মুষিত্বা হৃত্বা কুত্র যাসি? কূটযোধিনঃ (কূটং কপটং যুদ্ধং কর্ত্তুং শীলং যস্য তাদৃশস্য) মায়িনঃ তে মদং গর্ব্বম্ অদ্য হরিষ্যে ॥২৫

সেই নির্ব্বোধ যেমন দর্প করিয়া আমার ভগিনীকে হরণ করিয়াছে, অদ্য সেই দর্পের সমুচিত দণ্ডবিধান করিব। এই নিশিত বাণের দ্বারা সেই নির্ব্বোধ গোপালের বীরাভিমান অদ্য বিচূর্ণ করিব।২২

রুক্মী ভগবান্ শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্যে সম্পূর্ণ অনভিজ্ঞ সুতরাং এই প্রকার প্রগল্‌ভতার পরিচয়ে একাকী রথে আরোহণ পূর্ব্বক 'যুদ্ধার্থ দণ্ডায়মান হও, পলায়ন করিও না' বলিয়া গোবিন্দকে পুনঃ পুনঃ আহ্বান করিতে লাগিল।২৩

এবং সুদৃঢ় শরাসনে বাণ যোজনা করত তিনটি শরে কৃষ্ণকে বিদ্ধ করিয়া আস্ফালন পূর্ব্বক বলিতে লাগিল যে, অরে যদুকুলকলঙ্ক! ক্ষণকাল অপেক্ষা কর।২৪

অরে দুর্ব্বুদ্ধে! কাক যেমন যজ্ঞের হবি লইয়া

যাবন্ন মে হতো বাণৈঃ শয়ীথা মুঞ্চ দারিকাম্।
স্ময়ন্ কৃষ্ণো ধনুশ্ছিত্ত্বা ষড্‌ভির্বিব্যাধ রুক্মিণম্ ॥২৬
অষ্টভিশ্চতুরো বাহান্ দ্বাভ্যাং সূতং ধ্বজং ত্রিভিঃ।
স চান্যদ্ধনুরাদায় কৃষ্ণং বিব্যাধ পঞ্চভিঃ ॥২৭
তৈস্তাড়িতঃ শরৌঘৈস্তু বিচ্ছেদ ধনুরচ্যুতঃ।
পুনরন্যদুপাদত্ত তদপ্যচ্ছিনদচ্যুতঃ ॥২৮

পরিঘং পট্টিশং শূলং চর্ম্মাসী শক্তিতোমরৌ।
যদ্ যদায়ুধমাদত্ত তৎ সর্ব্বং সোঽচ্ছিনদ্ধরিঃ ॥২৯
ততো রথাদবপ্লুত্য খড়্গপাণির্জিঘাংসয়া।
কৃষ্ণমভ্যদ্রবৎ ক্রুদ্ধঃ পতঙ্গ ইব পাবকম্ ॥৩০
তস্য চাপততঃ খড়্গং তিলশশ্চর্ম চেষুভিঃ।
ছিত্ত্বাসিমাদদে তিগ্মং রুক্মিণং হন্তুমুদ্যতঃ ॥৩১

যাবৎ মম বাণৈঃ হতঃ সন্ ন শয়ীথাঃ, ততঃ পূর্ব্বম্ এব দারিকাং কন্যাং রুক্মিণীং মুঞ্চ ত্বং ত্যজ? তদা কৃষ্ণঃ স্ময়ন্ উপহসন্ তস্য ধনুঃ ছিত্ত্বা ষড়্‌ভিঃ বাণৈঃ রুক্মিণং বিব্যাধ ॥২৬

অষ্টভিঃ বাণৈঃ চতুরঃ বাহান্ বিব্যাধ তাড়য়ামাস; দ্বাভ্যাং শরাভ্যাং সূতং সারথিং বিব্যাধ। সঃ চ রুক্মী অন্যৎ ধনুঃ আদায় পঞ্চভিঃ শরৈঃ কৃষ্ণং বিব্যাধ ॥২৭

তৈঃ রুক্মিপ্রযুক্তৈঃ শরৌঘৈঃ বাণসমূহৈঃ তাড়িতঃ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ তস্য ধনুঃ চিচ্ছেদ; রুক্মী তু অন্যৎ অপি ধনুঃ উপাদত্ত, তৎ অপি ধনুঃ অচ্যুতঃ অচ্ছিনৎ ॥২৮

ততঃ পরিঘং পট্টিশং শূলং চর্ম্মাসী শক্তিতোমরৌ যদ্ যদ্ আয়ুধং রুক্মী তদা আদত্ত আদত্তবান্, হরিঃ তৎ সর্ব্বম্ অচ্ছিনৎ ॥২৯

ততঃ তদনন্তরং খড়্গপাণিঃ (খড়্গঃ পাণৌ যস্য সঃ) ক্রুদ্ধঃ রুক্মী রথাৎ অবপ্লুত্য পতঙ্গঃ ইব যথা পাবকং হন্তুং তত্র পতিত্বা স্বয়মেব বিনশ্যতি তথা জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া কৃষ্ণম্ অভ্যদ্রবৎ তদভিমুখম্ অধাবৎ ॥৩০

আপততঃ আগচ্ছতঃ তস্য রুক্মিণঃ খড়্গং চর্ম্ম চ ভগবান্ কৃষ্ণঃ ইষুভিঃ তিলশঃ তিলপ্রমাণতঃ ছিত্ত্বা রুক্মিণং হন্তুম্ উদ্যতঃ সন্ তিগ্মং তীক্ষ্ণম্ অসিম্ আদদে ॥৩১

পলায়ন করে, তুমি সেইরূপ আমার ভগিনীকে হরণ করত কোথায় পলায়ন করিতেছ? কপট যুদ্ধে আমার নিকট ফল পাইবে না। অহে মায়াবিন্! অদ্য তোমার পরাক্রমের গর্ব্ব সমূলে বিলোপসাধন করিব।২৫

মদীয় শাণিত বাণে আহত হইয়া ধরাশায়ী হইবার পূর্ব্বেই রুক্মিণীকে প্রত্যর্পণ কর। রুক্মীর তাদৃশ কটু বাক্যে শ্রীকৃষ্ণ উপহাস করত শাণিত বাণের দ্বারা রুক্মীর শরাশন ছেদন করিলেন এবং ছয়টী বাণে তাহার কলেবর বিদ্ধ করিলেন।২৬

অপর আটটী বাণে তাহার অশ্ব চতুষ্টয়কে এবং দুইটী শরে তাহার সারথিকে বিদ্ধ করিলেন এবং তিনটী শরে রথের ধ্বজাকে ছিন্ন বিছিন্ন করিয়া ফেলিলেন। রুক্মী ইত্যবসরে অপর একটী ধনু গ্রহণ করিয়া পাঁচটী বাণে শ্রীকৃষ্ণকে আহত করিল।২৭

রুক্মীপ্রযুক্ত-বাণ-সমূহে আহত হইয়া অচ্যুত ভগবান্ শ্রীকৃষ্ণ পুনরায় তাহার শরাসন ছেদন করিলেন এবং রুক্মী যেমন অন্য ধনু গ্রহণ করিল অমনি তাহাও তিনি ছেদন করিয়া ফেলিলেন।২৮

অনন্তর পরিঘ, পট্টিশ, শূল, চর্ম্ম, অসি, শক্তি ও তোমর প্রভৃতি যে যে অস্ত্র রুক্মী তখন যুদ্ধার্থ গ্রহণ করিয়াছিল, ভগবান্ শ্রীহরি কিন্তু একে একে সেই সকল অস্ত্রকেই ছেদন করিয়া ফেলিলেন।২৯

রুক্মী তখন ক্রোধে কম্পিত-কলেবর হইয়া কৃপাণ হস্তে রথ হইতে অবতরণ করিল এবং পতঙ্গ যেমন হুতাশনকে গ্রাস করিবার অভিপ্রায়ে ধাবিত হইয়া বহ্নিতেই জীবন বিসর্জ্জন করে, অদ্য কৃষ্ণবধের কামনায় রুক্মীও সেইরূপ শ্রীকৃষ্ণের অভিমুখে ধাবিত হইল।৩০

রুক্মীকে আপনা অভিমুখে আগমন করিতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ নিশিত শরসংযোগে তাহার খড়্গ ও চর্ম্মখণ্ডকে এরূপ খণ্ড বিখণ্ড করিয়া ফেলিলেন যে, তাহার অংশসমূহ তিল-প্রমাণে ইতস্ততঃ বিকীর্ণ হইয়া পড়িল। তখন রুক্মীকে নিধন করিবার মানসে শ্রীকৃষ্ণ তীক্ষ্ণধার একখানি অসি গ্রহণ করিলেন।৩১

দৃষ্ট্বা ভ্রাতৃবধোদ্যোগং রুক্মিণী ভয়বিহ্বলা।
পতিত্বা পাদয়োর্ভর্ত্তুরুবাচ করুণং সতী ॥৩২

যোগেশ্বরাপ্রমেয়াত্মন্ দেবদেব জগৎপতে।
হন্তুং নার্হসি কল্যাণ ভ্রাতরং মে মহাভুজ ॥৩৩

শ্রীশুক উবাচ।

তয়া পরিত্রাসবিকম্পিতাঙ্গয়া
শুচাবশুষ্যন্মুখরুদ্ধকণ্ঠয়া।
কাতর্য্যবিস্রংসিতহেমমালয়া
গৃহীতপাদঃ করুণো ন্যবর্ত্তত ॥৩৪

চৈলেন বদ্ধা তমসাধুকারিণং
সশ্মশ্রুকেশং প্রবপন্ ব্যরূপয়ৎ।
তাবন্মমর্দ্দুঃ পরসৈন্যমদ্ভুতং
যদুপ্রবীরা নলিনীং যথা গজাঃ ॥৩৫

কৃষ্ণান্তিকমুপব্রজ্য দদৃশুস্তত্র রুক্মিণম্।
তথাভূতং হতপ্রায়ং দৃষ্ট্বা সঙ্কর্ষণো বিভুঃ।
বিমুচ্য বদ্ধং করুণো ভগবান্ কৃষ্ণমব্রবীৎ ॥৩৬

তদা ভ্রাতৃবধোদযোগং (ভ্রাতৃবধার্থম্ উদযোগং প্রযত্নং) দৃষ্টা ভয়বিহ্বলা (ভয়েন বিহ্বলা কাতরা) সতী রুক্মিণী ভর্ত্তুঃ শ্রীকৃষ্ণস্য পাদয়োঃ পতিত্বা করুণং যথা ভবতি তথা উবাচ ॥৩২

হে কল্যাণ! হে যোগেশ্বর! হে অপ্রমেয়াত্মন্। হে মহাভুজ! জগৎপতে দেবদেব! মে মম ভ্রাতরং হন্তুং ত্বং ন অর্হসি ॥৩৩

শ্রীশুকঃ উবাচ। পরিত্রাসবিকম্পিতাঙ্গয়া (পরিত্রাসেন পরিতঃ ভয়েন বিকম্পিতানি অঙ্গানি যস্যাঃ তয়া) শুচা চ শোকেন চ শুষ্যন্মুখরুদ্ধকণ্ঠয়া (শুষ্যৎ মুখং রুদ্ধঃ কণ্ঠঃ চ যস্যাঃ তয়া) কাতর্য্যেণ বৈক্লব্যেন বিস্রংসিতা স্খলিতা হেমময়ী মালা যস্যাঃ তয়া রুক্মিণ্যা গৃহীতপাদঃ (গৃহীতৌ পাদৌ যস্য সঃ) করুণঃ কৃপাপূর্ণঃ, কৃষ্ণঃ রুক্মিবধাৎ ন্যবর্ত্তত ॥৩৪

ততঃ তম্ অসাধুকারিণং রুক্মিণং চৈলেন তদ্বস্ত্রেণ বদ্ধা সশ্মশ্রুকেশং (সহিতানি স্থানে স্থানে অবশিষ্টানি শ্মশ্রূণি কেশাঃ চ যথা ভবতি তথা তেনৈব অসিনা) প্রবপন্ মুণ্ডয়ন্ ব্যরূপয়ৎ বিকৃতরূপম্ অকরোৎ। তাবৎ কালেন যদুপ্রবীরাঃ অপি গজাঃ যথা নলিনং মর্দ্দয়ন্তি, তথা উদ্ধতং পরস্য রুক্মিণঃ সৈন্যং মমর্দ্দুঃ ॥৩৫

তদা চ তে কৃষ্ণান্তিকং কৃষ্ণস্য সমীপং গত্বা তথাভূতং বিকৃতরূপম্, অতএব হতপ্রায়ং রুক্মিণং বিমুচ্য কৃষ্ণম্ অব্রবীৎ ॥৩৬

তৎকালে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক ভ্রাতা রুক্মীর বধোদ্‌যোগ অবলোকন করত পতিব্রতা রুক্মিণী ভয়ে কাতর হইলেন এবং স্বামীর চরণতলে নিপতিতা হইয়া অতি করুণ-স্বরে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।৩২

হে মঙ্গলময়! জগৎ সংসারকে আপনি প্রতি-পালিত করিতেছেন। আপনি দেবতাগণেরও নিয়ন্তা এবং যোগপথের ফলদাতা। এই সংসারে আপনার মহিমা অবগত হইতে পারে এমন কেহই নাই। এবং আপনার পরাক্রমের সমকক্ষ হইতেও কেহ সমর্থ নহে। আপনার ঐশ্বর্য্য এবং বিক্রম অনুপম ও অসামান্য। অতএব আমার ভ্রাতার জীবন হনন করা আপনার পক্ষে কখনই বিধেয় নহে।৩৩

ব্যাস-নন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! ভ্রাতৃবধের উদ্‌যোগ দর্শনে ভীতা রুক্মিণীর কলেবর কম্পিত হইতে লাগিল; শোকে মুখমণ্ডল মলিন ও কণ্ঠ রুদ্ধ হইয়া গেল; হেমময়ী মালা গলদেশ হইতে স্খলিত হইয়া পড়িল, তাদৃশ অবস্থায় রুক্মিণী যখন শ্রীকৃষ্ণের চরণধারণে ক্রন্দন করিতে লাগিলেন তখন শ্রীহরি রুক্মিবধ হইতে প্রতিনিবৃত্ত হইলেন।৩৪

তখন বাসুদেব সেই রুক্মীকে ধরিয়া তাহার বস্ত্রের দ্বারাই তাহাকে বন্ধন করিলেন এবং স্থানে স্থানে কিছু অবশিষ্ট থাকে এই প্রকারে তীক্ষ্ণধার অসির দ্বারা মস্তকের কেশ ও শ্মশ্রু মণ্ডন করত তাহাকে বিরূপ করিয়া দিলেন। ইতি মধ্যে যাদব বীরগণ গজপতি যেমন কমল দলকে বিদলিত করে, সেইরূপ রুক্মী-পক্ষীয় সৈন্যকুলকে বিধ্বস্ত করিয়া ফেলিলেন।৩৫

অসাধ্বিদং ত্বয়া কৃষ্ণ কৃতমস্মজ্জুগুপ্সিতম্।
বপনং শ্মশ্রুকেশানাং বৈরূপ্যং সুহৃদো বধঃ ॥৩৭

নৈবাস্মান্ সাধ্ব্যসূয়েথা ভ্রাতুর্বৈরূপ্যচিন্তয়া।
সুখদুঃখদো ন চান্যোঽস্তি যতঃ স্বকৃতভুক্ পুমান্ ॥৩৮

বন্ধুর্বধার্হদোষোঽপি ন বন্ধোর্বধমর্হতি।
ত্যাজ্যঃ স্বেনৈব দোষেণ হতঃ কিং হন্যতে পুনঃ ॥৩৯

ক্ষত্রিয়াণাময়ং ধর্ম্মঃ প্রজাপতিবিনির্ম্মিতঃ।
ভ্রাতাপি ভ্রাতরং হন্যাদ্ যেন ঘোরতরস্ততঃ ॥৪০

রাজ্যস্য ভূমের্বিত্তস্য স্ত্রিয়ো মানস্য তেজসঃ।
মানিনোঽন্যস্য বা হেতোঃ শ্রীমদান্ধাঃ ক্ষিপন্তি হি ॥৪১

তবেয়ং বিষমা বুদ্ধিঃ সর্ব্বভূতেষু দুর্হৃদাম্।
যন্মন্যসে সদাভদ্রং সুহৃদাং ভদ্রমজ্ঞবৎ ॥৪২

হে কৃষ্ণ! রুক্মিণঃ ইদং শ্মশ্রুকেশানাং বপনং হি অস্মজ্জুগুপ্সিতং (অস্মাকং জুগুপ্সিতং নিন্দিতম্ এতৎ) ত্বয়া অসাধুকৃতং, যতঃ সুহৃদঃ বৈরূপ্যম্ এব বধঃ উচ্যতে ॥৩৭

হে সাধ্বি! ভ্রাতৃবৈরূপ্যচিন্তয়া অস্মান্ এব মা ন অসূয়েথাঃ দোষারোপেণ মা পশ্য। যতঃ সুখদুঃখদঃ অন্যঃ কশ্চিৎ ন অস্তি; যতঃ পুমান্ স্বকৃতভুক্ ॥৩৮

বধার্হদোষঃ (বধম্ অর্হতি যেন দোষেণ তথাবিধঃ দোষঃ যস্য তাদৃশঃ অপি) বন্ধুঃ বন্ধোঃ সকাশাৎ বধং ন অর্হতি, কিন্তু ত্যাজ্যঃ ভবতি। যতঃ স্বেনৈব দোষেণ হতঃ সঃ কিং পুনঃ হন্যতে ॥৩৯

যেন হেতুনা ভ্রাতাপি যুদ্ধে ভ্রাতরং হন্যাৎ ইতি অয়ং ঘোরতরঃ অতিদারুণঃ ক্ষত্রিয়াণাং ধর্ম্মঃ প্রজাপতিনা এব বিনির্ম্মিতঃ ততঃ (রুক্মিবধ-প্রবৃত্তৌ অস্মাকং ন অপরাধঃ) ॥৪০

হে কৃষ্ণ! হি যস্মাৎ শ্রীমদান্ধাঃ (শ্রীমদেন অন্ধাঃ বিবেকরহিতাঃ মানিনঃ আত্মাভিমানিনঃ জনাঃ রাজ্যস্য, ভূমেঃ, বিত্তস্য স্ত্রিয়ঃ, মানস্য লোককর্ত্তৃকসম্মানস্য, তেজসঃ স্বপ্রভাবস্থাপণার্থস্য হেতোঃ নিমিত্তাৎ বন্ধূন্ ক্ষিপন্তি তিরস্কুর্ব্বন্তি। (তস্মাদস্মাকম্ এতদনুচিতম্) ॥৪১

সর্ব্বভূতেষু দুর্হৃদাং দুরভিপ্রায়াণাং সুহৃদাং স্বসম্বন্ধিনাং রুক্ম্যাদিনাং ভদ্রম্ এব মুণ্ডনাদিনা বৈরূপ্যম্ অজ্ঞবৎ অজ্ঞানামিব যৎ ত্বং সদা অভদ্রঃ ইব মন্যসে, ইয়ং তব বুদ্ধিঃ বিষমা এব ॥৪২

অনন্তর তাঁহারা শ্রীকৃষ্ণের নিকট যখন গমন করিলেন তখন তাদৃশ বিকৃতরূপ হতপ্রায় রুক্মীকে অবলোকন করিলেন। কিন্তু ভগবান্ বলদেব রুক্মীর তাদৃশ বিরূপ অবস্থা অবলোকন করিয়া বিশেষ দুঃখিত হইলেন এবং নিরতিশয় অনুগ্রহের প্রকাশে রুক্মীকে বিমোচিত করত শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।৩৬

হে কৃষ্ণ! শ্মশ্রু কেশের ঈদৃশ বপনের দ্বারা রুক্মীকে এরূপ বিরূপ করায় আমাদের অতীব অন্যায় আচরণ করা হইয়াছে; আমাদের পক্ষে ইহা নিতান্ত নিন্দার কার্য্য সন্দেহ নাই। দেখ, সুহৃৎকে বিরূপ করায় তাহার বধ করাই হয় সন্দেহ নাই।৩৭

পরে রুক্মিণীকে সম্বোধন পূর্ব্বক সান্ত্বনা বাক্যে বলিলেন,—হে সাধ্বি! ভ্রাতার বিরূপ করণের চিন্তায় আমাদিগের উপরই কেবল দোষারোপ করিও না। কারণ, মানব যে কোন সুখ বা দুঃখ এই দেহে অনুভব করে, সকলই তাহার পূর্ব্ব সঞ্চিত কর্ম্মেরই ফল বলিয়া জানিতে হইবে, তদ্‌ব্যতীত অন্য কাহাকেও সুখ বা দুঃখ প্রদানের কারণ বলিয়া নির্ণয় করা যায় না।৩৮

আবার শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন যে, হে কৃষ্ণ! বন্ধু যদি প্রকৃত বধের উপযোগী অপরাধও বলিয়া ফেলেন, তথাপি বন্ধু বন্ধুর সমীপে চিরকালই মার্জ্জনীয় হন; তোমরা কখন তাঁহাকে বধ করা কর্ত্তব্য নহে, উপেক্ষা করাই বিধেয়। কারণ যে ব্যক্তি স্বকৃত অপরাধেই মৃতপ্রায় হয়, তাহাকে আর পুনর্ব্বার বধ করা অবিধেয়।৩৯

পুনরায় রুক্মিণীকে লক্ষ্য করিয়া বলিলেন,—

আত্মমোহো নৃণামেষ কল্পতে দেবমায়য়া।
সুহৃদ্দুর্হৃদুদাসীন ইতি দেহাত্মমানিনাম্ ॥৪৩
এক এব পরো হ্যাত্মা সর্ব্বেষামপি দেহিনাম্।
নানেব গৃহ্যতে মূঢ়ৈর্যথা জ্যোতির্যথা নভঃ ॥৪৪

দেহ আদ্যন্তবানেষ দ্রব্যপ্রাণগুণাত্মকঃ।
আত্মন্যবিদ্যয়া কৢপ্তঃ সংসারয়তি দেহিনম্ ॥৪৫
নাত্মনোঽন্যেন সংযোগো বিয়োগশ্চাসতা সতি।
তদ্ধেতুত্বাৎ তৎপ্রসিদ্ধের্দৃগ্রূপাভ্যাং যথা রবেঃ ॥৪৬

দেহাত্মমানিনাং (দেহঃ এব আত্মা ইতি মন্যমানানাং) নৃণাং প্রাণিনাং সুহৃদ্দুর্হৃদুদাসীনঃ ইতি এষঃ আত্মমোহঃ (আত্মনঃ বুদ্ধেঃ মোহঃ এব) দেবমায়য়া (দেবস্য ভগবতঃ মায়য়া) কল্প্যতে এব ॥৪৩

জ্যোতিঃ চন্দ্রাদিঃ (যথা উদকপাত্রভেদেন), নভঃ যথা (সর্ব্বঘটাদিভেদেন ভিন্নতয়া গৃহ্যতে) তথা সর্ব্বেষাম্ এব দেহিনাম্ একঃ এব পরঃ আত্মা মূঢ়ৈঃ নানা ইব গৃহ্যতে ॥৪৪

দ্রব্য-প্রাণ-গুণাত্মকঃ (দ্রব্যাণি ক্ষিত্যাদি পঞ্চ মহাভূতানি, প্রাণাঃ ইন্দ্রিয়াণি, গুণাঃ শব্দাদয়ঃ তদাত্মকঃ তদারব্ধঃ) আদ্যন্তবান্ এষঃ দেহঃ অবিদ্যয়া আত্মনি কৢপ্তঃ কল্পিতঃ সন্ (জন্মাদি-সংসাররহিতম্) অপি দেহিনং সংসারয়তি ॥৪৫

অসতা আত্মাতিরিক্ত-সত্তারহিতেন অন্যেন দেহাদিনা আত্মনঃ সংযোগঃ নাস্তি। তথা হে সতি। তদ্ধেতুত্বাৎ হেত্বন্তরাভাবাৎ তৎ প্রসিদ্ধেঃ (তস্য দেহাদেঃ প্রসিদ্ধেঃ উৎপত্তেঃ প্রকাশস্য চ তদ্ধেতুত্বাৎ সঃ আত্মা হেতুঃ যস্যাঃ সা তথাত্বাৎ) দৃগ্রূপাভ্যাং যথা প্রকাশ্য-প্রকাশকত্বেন বর্ত্তমানয়োঃ অপি চক্ষু-রূপয়োঃ রবেঃ সকাশাৎ প্রসিদ্ধিঃ দ্বয়োরপি তৈজসত্বাৎ তদ-ভেদশ্চ তথা দেহেন্দ্রিয়াণাং পরস্পরং প্রকাশ্য-প্রকাশক-ভাবেন সিদ্ধানাম্ অপি আত্মচৈতন্যাধীনঃ এব প্রকাশঃ তৎ কার্য্যাৎ তদব্যতিরেকেণ অসম্বন্ধ ॥৪৬

দেখ, ক্ষত্রিয়গণের ধর্ম্ম অতি ভয়াবহ! প্রয়োজন হইলে ইহারা স্বীয় সহোদরেরও প্রাণ বিনাশ করিতে কিছুমাত্র কুণ্ঠিত হইবে না, এইরূপ ধর্ম্ম স্বয়ং কমলাসন ব্রহ্মাই তাহাদের জন্য বিহিত করিয়াছেন, তখন এতাদৃশ বিরূপকরণ কার্য্যে আমাদের বিশেষ অপরাধ কি ?৪০

এদিকে শ্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া বলিলেন যে, নিতান্ত দেহাভিমানীর কার্য্যে আমাদিগের কি হস্তক্ষেপ করা হইতেছে না ? কারণ, যাহারা ঐশ্বর্য্য-মদে সম্পূর্ণ অন্ধ, তাহারাই রাজত্ব, ক্ষেত্র, বিত্ত, সম্পদ্, সম্মান বা প্রতাপাদির অনুরোধে উন্মত্তপ্রায় হইয়া অন্যের অবমাননা করে বটে, কিন্তু আমাদের পক্ষে তাদৃশ আচরণ করা কখনই কর্ত্তব্য নহে।৪১

আবার দেবীকে লক্ষ্য করিয়া বলিলেন,—হে সাধ্বি! যাহারা সাধারণ লোকের প্রতি বিদ্রোহাচরণ করে, তাহারা পরমাত্মীয় হইলেও তিরস্কারের পাত্র সন্দেহ নাই। কিন্তু তুমি যখন তাদৃশ দুরাচারী ভ্রাতা রুক্মীর বিরূপকরণ কার্য্যকে তাহার পক্ষে হিতকর বলিয়া মনে না করিয়া বরং অনিষ্টকর জ্ঞান করিতেছ, তখন তোমার বিবেচনায় বিশেষ ত্রুটি হইতেছে স্বীকার করিতে হইবে।৪২

ইহাতে তোমার বিশেষ অপরাধ নাই। কারণ যাহারা কেবল দেহকে পরম হিতকারী আত্মা বলিয়া জ্ঞান করে, তাহারা ঈশ্বর সৃষ্ট মায়ার প্রভাবে কাহাকে আত্মীয়, কাহাকে শত্রু এবং কাহাকেও বা উদাসীন বলিয়া ধারণা করিয়াই থাকে—ইহা ভগবান্ বিষ্ণুরই মায়া।৪৩

দেখ! জীবমাত্রেরই অন্তরে আত্মরূপে যিনি নিত্য বিরাজ করিতেছেন, তিনি অখণ্ড বিদ্যমান পরমপুরুষ পরমাত্মা ; কিন্তু ভিন্ন ভিন্ন উদকপাত্রে এক সূর্য্য বা চন্দ্র যেমন পৃথক্ পৃথক্ ভাবে প্রতিবিম্বিত হন, ঘটের পার্থক্যে অখণ্ড দণ্ডায়মান বিভু সমষ্টি আকাশেও ব্যষ্টি এবং সাঙ্কেতিক বলিয়া অনুভূত হয়, সেইরূপ বিভিন্ন দেহে এক সর্ব্বান্তর্য্যামী পরমাত্মাই বহুরূপে প্রতীত হইতেছেন।৪৪

পঞ্চ মহাভূত ; একাদশ ইন্দ্রিয় নামক প্রাণ এবং পঞ্চ তন্মাত্রার সমবায়ে দেহ উৎপন্ন হয় এবং কালক্রমে এই সমস্ত তত্ত্বের বিশ্লেষে ধ্বংস হইয়া যায়। কিন্তু

জন্মাদয়স্তু দেহস্য বিক্রিয়া নাত্মনঃ ক্বচিৎ।
কলানামিব নৈবেন্দোর্ম্মৃতির্হ্যস্য কুহূরিব ॥৪৭

যথা শয়ান আত্মানং বিষয়ান্ ফলমেব চ।
অনুভুঙ্‌ক্তেঽপ্যসত্যর্থে যথাপ্নোত্যবুধো ভবম্ ॥৪৮

জন্মাদয়ঃ বিক্রিয়াঃ বিকারাঃ দেহস্য এব ; যথা কলানাং জন্মবৃদ্ধ্যাদিভিঃ ইন্দোঃ চন্দ্রস্য তু পৃথক্ জন্মাদয়ঃ ন ভবন্তি, তথা দেহস্য জন্মাদিভিঃ এব আত্মনঃ জন্মাদি-ব্যবহারঃ ন স্বতঃ তে কচিৎ ভবন্তি ; তথা অস্য জীবস্য মৃতিঃ মরণম্ অপি চন্দ্রস্য কুহূঃ ইব। কলানাশাদেব কুহূঃ অমাবস্যা ইন্দুক্ষয়ঃ যথা তথা দেহনাশাৎ এব আত্মনঃ মৃতিঃ ইতি ব্যবহারঃ ॥৪৭

(দেহাদিসম্বন্ধরূপে) অর্থে সতি অবিদ্যমানে অপি শয়ানঃ পুরুষঃ যথা আত্মানং দেহাদিবিশিষ্টং ভোক্তারং শব্দাদীন্ বিষয়ান্ (তদ্ভোগং) ফলং চ অনুভুঙ্‌ক্তে অনুভবতি, তথা অবুধঃ অজ্ঞঃ ভবং জন্মাদি সংসারম্ আপ্নোতি অনুভবতি ॥৪৮

এই দেহকে উপাধিরূপে অবলম্বন করায় দেহাতীত জীবতত্ত্বও দেহধর্ম্মে আত্মভাবের প্রকাশ করত সংসারে মোহিত হন। আত্মস্বরূপে অবস্থিত অজ্ঞানই যাবতীয় অনিষ্টের মূল।৪৫

হে সতি বিচক্ষণে! অনিত্য এবং ক্ষণধ্বংসী এই দেহের সহিত জীবাত্মার প্রকৃত প্রস্তাবে কোনরূপ সম্বন্ধ নাই। সুতরাং ইহার সহিত আত্মার সম্মিলন বা বিশ্লেষ ঘটে না। কারণ আত্মাই ইহার হেতু এবং উপদ্রষ্টা। যেমন দর্শন-শক্তি চক্ষু এবং দৃশ্য স্বরূপ রূপ উভয়ই এক সূর্য্য হইতে সমুৎপন্ন হয়, সেইরূপ এক পরমপুরুষ হইতেই দেহাদি দৃশ্য সমুৎপন্ন হইয়া তদীয় বিজ্ঞানাংশে প্রতীয়মান জীবের দ্বারাই তাহা পরিদৃষ্ট হইতেছে।৪৬

জন্ম মৃত্যু প্রভৃতি ছয় প্রকার বিকার এক দেহের উপরই প্রতিপত্তি করে, আত্মার সহিত তাহাদের কোন সংস্রবই নাই। যেমন কলার ক্ষয়ে কুহূনামা অমাবস্যাকে ইন্দুক্ষয় বলিয়া লোকে বলে, প্রকৃত পক্ষে তাহাতে চন্দ্রের বিনাশ হয় না এবং কলার উদয়ে পূর্ণিমার পূর্ণচন্দ্রের প্রতীতিতেও চন্দ্রের জন্ম হয় না কিন্তু তদ্‌বৎ প্রতীত হয় মাত্র, সেইরূপ দেহের উদয়ে আত্মার জন্ম এবং দেহের ক্ষয়ে আত্মার বিনাশ প্রতীত হয় মাত্র ; প্রকৃত প্রস্তাবে আত্মার জন্মাদি কোন বিকারই কখন নাই।৪৭

নিদ্রাকালে ভোগ্য পদার্থ না থাকিলেও নিদ্রিত ব্যক্তি স্বপ্নের প্রভাবে ভোক্তা (আপনাকে), ভোগ্য-বস্তু এবং ভোগ এই তিনটী ব্যাপারই সুস্পষ্ট প্রতীতি করে, সেইরূপ অবিবেকী পুরুষ কেবল মায়ার প্রভাবে মিথ্যা বস্তুতেও একান্ত আসক্ত হইয়া সংসারে বদ্ধ হইয়া থাকে।৪৮

তস্মাদজ্ঞানজং শোকমাত্মশোষবিমোহনম্।
তত্ত্বজ্ঞানেন নির্হৃত্য স্বস্থা ভব শুচিস্মিতে ॥৪৯

শ্রীশুক উবাচ।

এবং ভগবতা তন্বী রামেণ প্রতিবোধিতা।
বৈমনস্যং পরিত্যজ্য মনো বুদ্ধ্যা সমাদধে ॥৫০

তস্মাৎ হে শুচিস্মিতে প্রসন্নহৃদয়ে! তত্ত্বজ্ঞানেন আত্মজ্ঞানেন আত্মশোষবিমোহনম্ (আত্মানম্ অন্তঃকরণম্ শোষয়তি কৃশীকরোতি তথা বিমোহয়তি তথা তৎ) অজ্ঞানজং শোকং নির্হৃত্য অপাকৃত্য স্বস্থা শান্তচিত্তা ভব ॥৪৯

শ্রীশুকঃ উবাচ। তন্বী সুকুমারাঙ্গী রুক্মিণী এবং ভগবতা রামেণ প্রতিবোধিতা সতী বৈমনস্যং পরিত্যজ্য বুদ্ধ্যা বিবেকাত্মিকয়া মনঃ সমাদধে সমাহিতমকরোৎ ॥৫০

অজ্ঞানোৎপন্ন শোকে জীবের চিত্ত সঙ্কুচিত ও বিমোহিত হইয়া পড়ে। হে প্রসন্নহৃদয়ে! তুমি আত্মজ্ঞানের দ্বারা সেই অজ্ঞান-জনিত শোকের অপনয়ন পূর্ব্বক স্বস্থ ভাব ধারণ কর।৪৯

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! অপূর্ব্ব লাবণ্যবতী সর্ব্বসৌন্দর্য্যসম্পন্না রুক্মিণী ভগবান্ বলরাম কর্ত্তৃক এই প্রকারে প্রবোধিত হইয়া মনোমালিন্য বিসর্জ্জনে বুদ্ধিপূর্ব্বক ধৈর্য্য অবলম্বন করিলেন।৫০

প্রাণাবশেষ উৎসৃষ্টো দ্বিড়্ভির্হতবলপ্রভঃ।
স্মরন্ বিরূপকরণং বিতথাত্মমনোরথঃ।
চক্রে ভোজকটং নাম নিবাসায় মহৎপুরম্ ॥৫১

অহত্বা দুর্ম্মতিং কৃষ্ণমপ্রত্যূহ্য যবীয়সীম্।
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামীত্যুক্ত্বা তত্রাবসদ্ রুষা ॥৫২

ভগবান্ ভীষ্মকসুতামেবং নির্জ্জিত্য ভূমিপান্।
পুরমানীয় বিধিবদুপযেমে কুরূদ্বহ ॥৫৩

দ্বিড়্ভিঃ শত্রুভিঃ কৃষ্ণাদিভিঃ হতবলপ্রভঃ (হতং বলং প্রভা তেজশ্চ যস্য সঃ অতএব) প্রাণাবশেষঃ (প্রাণমাত্রম্ অবশেষঃ যস্য সঃ) তৈঃ এব উৎসৃষ্টঃ পরিত্যক্তঃ অতএব বিতথাত্মমনোরথঃ (বিতথঃ অপূর্ণঃ আত্মনঃ মনোরথঃ যস্য সঃ) রুক্মী স্বস্য বিরূপকরণং স্মরন্ রুষা ক্রোধেন ভোজকটং নাম মহৎ পুরং নিবাসায় চক্রে ॥৫১

অতএব রুষা ক্রোধেন দুর্ম্মতিং কৃষ্ণম্ অহত্বা যবীয়সীং কনিষ্ঠাং রুক্মিণীম্ অপ্রত্যূহ্য অনিবর্ত্ত্য কুণ্ডিনং পুরং ন প্রবেক্ষ্যামি ইতি উক্ত্বা প্রতিজ্ঞায় যত্র বিরূপিতঃ, তত্র ভোজকটং কৃত্বা অবসদ্ ॥৫২

হে কুরূদ্বহ পরিক্ষিৎ। ভগবান্ কৃষ্ণঃ এবং ভূমিপান্ নির্জ্জিত্য ভীষ্মকসুতাং রুক্মিণীং পুরম্ আনীয় বিধিবৎ যথা-বিধানম্ উপযেমে বিবাহিতবান্ ॥৫৩

এদিকে কৃষ্ণপক্ষীয় শত্রুকুল রুক্মীর যাবতীয় সৈন্য সামন্ত নিহত করিয়া কেবল জীবনমাত্র অবশিষ্ট রাখিয়া রুক্মীকে যখন পরিত্যাগ করিল, তখন রুক্মীর অপমানের আর সীমা রহিল না। সে আপনার অভীষ্টসাধনে পরাঙ্মুখ হইয়া যেরূপ বিকৃত দশায় পরিণত হইয়াছিল, সেই সমস্ত চিন্তা করিয়া সে আর গৃহে প্রত্যাগমন করিতে পারিল না।

রুক্মী শ্রীকৃষ্ণকে নিহত না করিয়া ও রুক্মিণীকে প্রত্যাবর্ত্তন না করাইয়া কুণ্ডিনপুরে প্রত্যাগমন করিব না বলিয়া ক্রোধভরে পূর্ব্বে যেরূপ প্রতিজ্ঞা করিয়াছিল, এক্ষণে সেই প্রতিজ্ঞা স্মরণ করত পরাজয়ের স্থলে একটী বিপুল ভোজকট নির্ম্মাণ করত সেই গৃহেই বসতি করিল ।৫১-৫২

তদা মহোৎসবো নৃণাং যদুপুর্য্যাং গৃহে গৃহে।
অভূদনন্যভাবানাং কৃষ্ণে যদুপতৌ নৃপ ॥৫৪

নরা নার্য্যশ্চ মুদিতাঃ প্রমৃষ্টমণিকুণ্ডলাঃ।
পারিবর্হমুপাজহ্রুর্বরয়োশ্চিত্রবাসসোঃ ॥৫৫

সা বৃষ্ণিপুর্য্যুত্তভিতেন্দ্রকেতুভি-
র্বিচিত্রমাল্যাম্বররত্নতোরণৈঃ
বভৌ প্রতিদ্বার্য্যুপকৢপ্তমঙ্গলৈ-
রাপূর্ণকুম্ভাগুরুধূপদীপকৈঃ ॥৫৬

হে নৃপ! যদুপতৌ কৃষ্ণে অনন্যভাবানাং নিরুপাধিস্নেহবতাং নৃণাং যদুপুর্য্যাং দ্বারকায়াং গৃহে গৃহে তদা মহোৎসবঃ অভূৎ ॥৫৪

প্রমৃষ্টমণিকুণ্ডলাঃ (প্রমৃষ্টানি নির্ম্মলীকৃতানি মণিময়ানি কুণ্ডলানি যেষাং যাসাং চ তে তাঃ চ) প্রমুদিতাঃ নরাঃ নার্য্যঃ চিত্রবাসসোঃ (চিত্রে বাসসী যয়োঃ তয়োঃ) বরয়োঃ বরবধ্বোঃ, পারিবর্হং বিবাহে দেয়ম্ উপস্করম্ উপাজহ্রুঃ সমর্পয়ামাসুঃ ॥৫৫

সা বৃষ্ণিপুরী দ্বারকা তদা উত্তভিতেন্দ্রকেতুভিঃ (উত্তভিতৈঃ তৈঃ উদ্ধৃত্য প্রতিবদ্ধৈঃ ইন্দ্রকেতুভিঃ ধ্বজাবিশেষৈঃ) বিচিত্র-মাল্যাম্বরতোরণৈঃ প্রতিদ্বারি গৃহাণাং দ্বারে দ্বারে উপকৢপ্ত-মঙ্গলৈঃ (উপকৢপ্তানি স্থাপিতানি যানি মঙ্গলানি তৈঃ) আপূর্ণ-কুম্ভাগুরু-ধূপদীপকৈঃ বভৌ ॥৫৬

হে নরনাথ! এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ উপস্থিত জরাসন্ধাদি নৃপতিবর্গকে যুদ্ধে পরাজয় করত ভীষ্মকনন্দিনী রুক্মিণীকে দ্বারকাপুরে আনয়ন করিলেন এবং যথাবিধি তাহার পাণিগ্রহণ করিলেন ।৫৩

হে নৃপ! যদুপতি কৃষ্ণের প্রতি পুরবাসিগণের বিশেষ শ্রদ্ধা ও প্রীতি ছিল, সুতরাং এই বিবাহের উপলক্ষে যদুপুরীর প্রতিগৃহেই যথেষ্ট আনন্দোৎসব হইয়াছিল ।৫৪

সমগ্র নর-নারীগণ উজ্জ্বল মণিময় কুণ্ডলাদি ধারণে অতীব আনন্দিত হইয়া বিচিত্র বেশভূষায় সুসজ্জিত বরবধূর সমীপে বিবাহোপযোগী দ্রব্য সামগ্রী আনয়ন করিতে লাগিলেন ।৫৫

অহো! বৃষ্ণিকুলের দ্বারকাপুরী তৎকালে কি

সিক্তমার্গা মদচ্যুদ্ভিরাহূতপ্রেষ্ঠভূভুজাম্‌।
গজৈর্দ্বাঃসু পরামৃষ্টরম্ভাপুগোপশোভিতা ॥৫৭
কুরু-সৃঞ্জয়-কৈকেয়-বিদর্ভ-যদু-কুন্তয়ঃ।
মিথো মুমুদিরে তস্মিন্ সম্ভ্রমাৎপরিধাবতাম্ ॥৫৮
রুক্মিণ্যা হরণং কৃত্বা গীয়মানং ততস্ততঃ।
রাজানো রাজকন্যাশ্চ বভূবুর্ভৃশবিস্মিতাঃ ॥৫৯
দ্বারকায়ামভূদ্ রাজন্ মহামোদঃ পুরৌকসাম্‌।
রুক্মিণ্যা রময়োপেতং দৃষ্ট্বা কৃষ্ণং শ্রিয়ঃ পতিম্ ॥৬০
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৪

আহূতপ্রেষ্ঠভূভুজাং (আহূতাঃ যে প্রেষ্ঠাঃ ভূভুজঃ রাজানঃ তেষাং) মদচ্যুদ্ভিঃ (মদোদকং স্রবদ্ভিঃ) গজৈঃ সিক্তমার্গা (সিক্তাঃ মার্গাঃ যস্যাঃ সা) তথা দ্বাঃসু পরামৃষ্টরম্ভাপুগোপশোভিতা (পরামৃষ্টাঃ উচ্ছ্রিতাঃ রম্ভাঃ কদল্যাঃ তাভিঃ পুগৈঃ চ উপশোভিতা অলঙ্কৃতা) চ বভৌ ॥৫৭

সম্ভ্রমাৎ ঔৎসুক্যাৎ পরিতঃ মার্গে ধাবতাং বন্ধূনাং মধ্যে তস্মিন্ কুরু-সৃঞ্জয়-কৈকেয়-বিদর্ভ-যদু-কুন্তয়ঃ মিথঃ সমেত্য মুমুদিরে মুদং প্রাপুঃ ॥৫৮

ততঃ ততঃ তত্র তত্র দেশেষু (সূতাদিভিঃ) গীয়মানং রুক্মিণ্যাঃ হরণং তৎসংবাদং শ্রুত্বা রাজানঃ রাজকন্যাঃ চ ভৃশবিস্মিতাঃ বভূবুঃ ॥৫৯

হে রাজন্‌! রময়া লক্ষ্মীরূপয়া রুক্মিণ্যা উপেতং সহিতং শ্রিয়ঃ পতিং শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা দ্বারকায়াং পুরৌকসাং পুরবাসিনাং, মহামোদঃ বভূব ॥৬০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

অপূর্ব্ব শোভাই ধারণ করিয়াছিল। নানাপ্রকার ধ্বজাপতাকা তোরণোপরি সংলগ্ন হইল, তাহাতে বিচিত্র মাল্য ও চেলখণ্ড সকল শোভা পাইতে লাগিল। প্রতি গৃহের দ্বারদেশে অগুরু চন্দনোপলিপ্ত এবং ধূপ-দীপোপশোভিত জলপূর্ণ কুম্ভসমূহ মাঙ্গল্যের পরিচয়ে রক্ষিত পরিলক্ষিত হইতে লাগিল।৫৬

নিমন্ত্রিত প্রিয় রাজন্যবর্গের মদস্রাবী বারণসমূহের মদক্ষরণে রাজমর্গ প্রায় আর্দ্র হইয়া গেল। প্রতি ভবনের দ্বারদেশে কদলী-বৃক্ষ ও গুবাকবৃক্ষ সকল শোভা পাইতে লাগিল।৫৭

রাজমার্গ ও চত্বরাদি স্থানসমূহ জন সঙ্ঘে পরিপূর্ণ হইয়া গেল, তন্মধ্যে কুরু, সৃঞ্জয়, কৈকেয়, বিদর্ভ, যদু ও কুন্তিবংশীয় বন্ধুবর্গই পরস্পরে আনন্দ-পূর্ণ হইয়া ঔৎসুক্যবশত. ইতস্ততঃ উৎসবোপলক্ষে ধাবিত লক্ষ্য হইতে লাগিল।৫৮

পূর্ব্বোক্ত বন্ধুগণের দেশসমূহে সূতাদি বন্দিগণ যখন রুক্মিণীর হরণব্যাপারে কমললোচন শ্রীকৃষ্ণের বীর্য্যসমূহ কীর্ত্তন করিতে লাগিল, তৎশ্রবণে সেই সেই প্রদেশে এমন কোন নর বা নারী ছিল না, যিনি বিস্মিত ও আনন্দিত না হইয়াছিলেন; সমগ্র রাজন্যবর্গ ও রাজকন্যাগণ রুক্মিণীর হরণবার্ত্তা শ্রবণে অতীব চমৎকৃত ও আনন্দিত হইয়াছিলেন।৫৯

হে রাজন্‌! লক্ষ্মীস্বরূপ রুক্মিণী সহ শ্রীপতি শ্রীকৃষ্ণকে একাসনে সমাসীন অবলোকন করিয়া দ্বারকাবাসী জনগণ সকলেই বিশেষ তৃপ্তি ও আনন্দ উপভোগ করিয়াছিলেন।৬০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুঃপঞ্চাশাধ্যায়ের
অনুবাদ সমাপ্ত।

পঞ্চপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[প্রদ্যুম্নস্য জন্ম, শম্বরাসুরবধশ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

কামস্তু বাসুদেবাংশো দগ্ধঃ প্রাগ্ রুদ্রমন্যুনা।
দেহোপপত্তয়ে ভূয়স্তমেব প্রত্যপদ্যত ॥১

স এব জাতো বৈদর্ভ্যাং কৃষ্ণবীর্য্যসমুদ্ভবঃ।
প্রদ্যুম্ন ইতি বিখ্যাতঃ সর্ব্বতোঽনবমঃ পিতুঃ ॥২

তং শম্বরঃ কামরূপী হৃত্বা তোকমনির্দ্দিশম্।
স বিদিত্বাত্মনঃ শত্রুং প্রাস্যোদন্বত্যগাদ্ গৃহম্ ॥৩

তং নির্জ্জগার বলবান্ মীনঃ সোঽপ্যপরৈঃ সহ।
বৃতো জালেন মহতা গৃহীতো মৎস্যজীবিভিঃ ॥৪

তং শম্বরায় কৈবর্ত্তা উপাজহ্রুরুপায়নম্।
সূদা মহানসং নীত্বাবদ্যন্ স্বধিতিনাদ্ভুতম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ। কামঃ কন্দর্পঃ তু বাসুদেবস্য অংশঃ। প্রাক্ পূর্ব্বং রুদ্র-মন্যুনা (রুদ্রস্য মন্যুনা ক্রোধেন) দগ্ধঃ ভস্মীভূতঃ সন্ ভূয়ঃ পুনরপি দেহস্য উপপত্তয়ে প্রাপ্ত্যর্থং তং বাসুদেবম্ এব প্রত্যপদ্যত প্রাপ ॥১

কৃষ্ণবীর্য্যসমুদ্ভব, (কৃষ্ণস্য বীর্য্যাৎ সম্যক্ উদ্ভবঃ যস্য সঃ) সঃ কামঃ বৈদর্ভ্যাং রুক্মিণ্যাং জাতঃ প্রদ্যুম্নঃ ইতি খ্যাত উক্তঃ এব তথা সর্ব্বতঃ সর্ব্বৈঃ গুণৈঃ, পিতুঃ অনবমঃ তুল্য এব অভূৎ ॥২

সঃ প্রসিদ্ধঃ কামশত্রুঃ শম্বরঃ তম্ আত্মনঃ শত্রুং বিদিত্বা অনির্দিশম্ অনতীতদশাহম্ অর্ভকং শিশুম্ এব কামঃ কামরূপী অলক্ষিতঃ এব সঃ হৃত্বা উদন্বতি সমুদ্রে প্রাস্য ক্ষিপ্‌ত্বা গৃহম্ অগাৎ ॥৩

তত্র কশ্চিৎ বলবান্ মৎস্যঃ তং বালকং নির্জ্জগার গিলিতবান্, সঃ মৎস্যঃ অপি অপরৈঃ মৎস্যৈঃ সহ মহতা জালেন বৃতঃ সন্ মৎস্যজীবিভিঃ ধীবরৈঃ গৃহীতঃ ॥৪

কৈবর্ত্তাঃ তে তং মীনং শম্বরায় উপায়নম্ উপাজহ্রুঃ তং

পঞ্চপঞ্চাশ অধ্যায়।

[প্রদ্যুম্নের জন্ম এবং শম্বরাসুরবধ।]

ব্যাসপুত্র শ্রীশুকদেব বলিলেন,—কামদেব বাসুদেবের অংশেই জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। কিন্তু পূর্ব্বে রুদ্রকোপানলে ভস্মীভূত হওয়ায় দেহ ধারণার্থ তিনি পুনরায় শ্রীকৃষ্ণকেই আশ্রয় করিলেন এবং তাঁহার দেহে প্রবেশ পূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন।১

অনন্তর কৃষ্ণবীর্য্যে সমুদ্ভূত কামদেব বিদর্ভনন্দিনী রুক্মিণীর গর্ভে জন্ম পরিগ্রহ করত প্রদ্যুম্ননামে অভিহিত হইলেন। আকার, প্রকার, রূপ ও দর্শনীয়তা সম্বন্ধে তিনি পিতা শ্রীকৃষ্ণের কোন অংশে অতুলনীয় হন নাই।২

এদিকে শম্বরনামে এক অসুর কামদেবকে নিজের শত্রু বলিয়াই জানিতেন, সুতরাং প্রাপ্তবয়স্ক হইয়া প্রদ্যুম্ন পাছে তাঁহার অনিষ্ট সাধন করেন, এই ভয়ে ভীত হইয়া ঐ অসুর মায়ামূর্ত্তি ধারণে সকলের অজ্ঞাতসারে দশ দিনেরও ন্যূনবয়স্কবালক মাত্র সেই শিশু কামদেবকে সূতিকাগৃহ হইতে অপহরণ করত সমুদ্রজলে নিক্ষেপ করিয়া নিজগৃহে প্রস্থান করিল।৩

সমুদ্রে প্রক্ষিপ্ত হইবামাত্র একটি বিপুল কলেবর মৎস্য সেই বালককে তৎক্ষণাৎ গ্রাস করিল; সেই মৎস্যও আবার অন্যান্য মীনের সহ একটী প্রকাণ্ড জালে আবদ্ধ হইয়া মৎস্যজীবী ধীবরগণ কর্ত্তৃক গৃহীত হইল।৪

কৈবর্ত্তেরা সেই বৃহৎ মৎস্যটিকে লইয়া শম্বরের সমীপে উপহার স্বরূপে প্রদান করিলে পাচকেরা সেই

দৃষ্ট্বা তদুদরে বালং মায়াবত্যৈ ন্যবেদয়ন্।
নারদোঽকথয়ৎ সর্ব্বং তস্যাঃ শঙ্কিতচেতসঃ ॥৬
সা চ কামস্য বৈ পত্নী রতির্নাম যশস্বিনী।
পত্যুর্নির্দ্দগ্ধদেহস্য দেহোৎপত্তিং প্রতীক্ষতী ॥৭
নিরূপিতা শম্বরেণ সা সূপৌদনসাধনে।
কামদেবং শিশুং বুদ্ধা চক্রে স্নেহং তদার্ভকে ॥৮

সমর্পয়ামাসুঃ। সূদাঃ ছেত্তারঃ পাচকাঃ তম্ অদ্ভুতং মৎস্যং মহানসং পাকগৃহং প্রতি নীত্বা স্বধিতিনা শস্ত্রবিশেষেণ, অবদ্যন্ খণ্ডিতবন্তঃ। তদা তস্য উদরে বালং দৃষ্ট্বা তে মায়াবত্যৈ ন্যবেদয়ন্ সমর্পয়ামাসুঃ। (কোঽয়ং বালঃ ইতি) শঙ্কিতং চেতঃ যস্যাঃ তস্যাঃ মায়াবত্যাঃ নারদঃ বালস্য তস্য কামদেবস্বরূপত্বম্ উৎপত্তিং (শম্বরহরণেন) মৎস্যোদর-নিবেশনং চ সর্ব্বম্ অকথয়ৎ ॥৫-৬

নির্দ্দগ্ধদেহস্য পত্যুঃ কামদেবস্য দেহোৎপত্তিং জননং প্রতীক্ষতী প্রতীক্ষমাণা সা মায়াবতী বৈ কামস্য রতিঃ নাম যশস্বিনী পত্নী এব ॥৭

শম্বরেণ সূপৌদনসাধনে পাকাদিকার্য্যে নিরূপিতা সা রতিঃ

অদ্ভুত মৎস্যকে লইয়া পাকশালায় গমন করিল এবং তীক্ষ্ণধার অস্ত্রের দ্বারা মৎস্যটিকে ছেদন করিবামাত্র তাহার উদর মধ্যে এই অপূর্ব্ব বালকটিকে নয়নগোচর করিল। তখন তাহারা মায়াবতীকে সেই বালকটি সমর্পণ করিল।৫

বালক দর্শনে মায়াবতী বিস্মিত মনে যখন অবস্থান করিতেছিলেন, এমন সময়ে দেবর্ষি নারদ অকস্মাৎ তথায় উপনীত হইয়া বালকের পূর্ব্ব বৃত্তান্ত বর্ণন করিলে। মায়াবতী তখন বালককে কামদেব বলিয়া অবগত হইলেন এবং শম্বর কর্ত্তৃক আহৃত হইয়া যেরূপে মৎস্য গর্ভে রক্ষিত ও তাহার নিকট আনীত হইয়াছেন সেই সকল বৃত্তান্ত শ্রবণ করিয়া বিশেষ পরিতৃপ্ত হইলেন।৬

রুদ্রকোপানলে ভস্মাবশেষিত প্রাণপতি কন্দর্পের পুনরায় কলেবরোৎপত্তি কামনায় কামপত্নী রতিদেবী এতকাল মায়াবতী নামে অবস্থান পূর্ব্বক কালের

নাতিদীর্ঘেণ কালেন স কার্ষ্ণী রূঢ়যৌবনঃ।
জনয়ামাস নারীণাং বীক্ষন্তীনাঞ্চ বিভ্রমম্ ॥৯
সা তং পতিং পদ্মদলায়তেক্ষণং
প্রলম্ববাহুং নরলোকসুন্দরম্।
সব্রীড়হাসোত্তভিতভ্রুবেক্ষতী
প্রীত্যোপতস্থে রতিরঙ্গ সৌরতৈঃ ॥১০

তং শিশুং কামদেবং বুদ্ধা তদা তস্মিন্ অর্ভকে স্নেহং চক্রে ॥৮

নাতিদীর্ঘেণ অল্পেনৈব কালেন রূঢ়যৌবনঃ (রূঢ়ং প্রাপ্ত-যৌবনং যস্য সঃ) কার্ষ্ণী কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ তং বীক্ষন্তীনাং নারীণাং বিভ্রমং জনয়ামাস ॥৯

হে অঙ্গ! পদ্মদলায়তেক্ষণং (পদ্মদলবৎ আয়তে ঈক্ষণে যস্য তং) প্রলম্ববাহুং (প্রলম্বৌ বাহূ যস্য তং) নরলোকেষু সুন্দরং তং রূঢ়যৌবনং প্রদ্যুম্নং ব্রীড়য়া সহিতঃ হাসঃ তেন উত্তম্ভিতে ভ্রুবৌ যস্যাঃ তয়া, ঈক্ষতী সতী রতিঃ প্রীত্যা সৌরতৈঃ ভাবৈঃ উপতস্থে অভজৎ ॥১০

প্রতীক্ষা করিতেছিলেন।৭

সম্প্রতি তিনি শম্বর-গৃহে পাকাদি কার্য্যে নিযুক্তা থাকিয়া সেই শিশুকে কামদেব জ্ঞানে যথেষ্ট যত্ন ও স্নেহ করিতে লাগিলেন।৮

কিন্তু অতি অল্প কালের মধ্যে কৃষ্ণপুত্র প্রদ্যুম্ন-মূর্ত্তিধারী কন্দর্প যৌবন পদবীতে আরোহণ করিলেন এবং স্বীয় রূপলাবণ্যে সমাগত যাবতীয় যুবতীবৃন্দেরই মোহ উৎপাদন করিতে লাগিলেন।৯

হে প্রিয় পরীক্ষিৎ! পদ্মপলাশের ন্যায় আয়ত-লোচন আজানুলম্বিতবাহু নরলোক-মনোরম প্রাপ্ত-যৌবন স্বীয়পতি প্রদ্যুম্নরূপী কামদেবকে একদিন অবলোকন করিয়া মায়াবতী আর নিরস্ত থাকিতে পারিলেন না। তিনি সলজ্জ মৃদুমন্দ হাস্য-সহকারে এবং ভ্রূযুগলের কুঞ্চনে কটাক্ষপাত করত সুরত-প্রার্থনায় প্রদ্যুম্নের সমীপে অগ্রসর হইলেন।১০

তামাহ ভগবান্ কার্ষ্ণির্মাতস্তে মতিরন্যথা।
মাতৃভাবমতিক্রম্য বর্ত্তসে কামিনী যথা ॥১১

রতিরুবাচ।

ভবান্ নারায়ণসুতঃ শম্বরেণ হৃতো গৃহাৎ।
অহং তেঽধিকৃতা পত্নী রতিঃ কামো ভবান্ প্রভো॥১২
এষ ত্বানির্দ্দশং সিন্ধাবক্ষিপচ্ছম্বরোঽসুরঃ।
মৎস্যোঽগ্রসীৎ তদুদরাদিহ প্রাপ্তো ভবান্ প্রভো ॥১৩

তমিমং জহি দুর্দ্ধর্ষং দুর্জ্জয়ং শত্রুমাত্মনঃ।
মায়াশতবিদং ত্বঞ্চ মায়াভির্মোহনাদিভিঃ ॥১৪
পরিশোচতি তে মাতা কুররীব গতপ্রজা।
পুত্রস্নেহাকুলা দীনা বিবৎসা গৌরিবাতুরা ॥১৫
প্রভাষ্যৈবং দদৌ বিদ্যাং প্রদ্যুম্নায় মহাত্মনে।
মায়াবতী মহামায়াং সর্ব্বমায়াবিনাশিনীম্ ॥১৬
স চ শম্বরমভ্যেত্য সংযুগায় সমাহ্বয়ৎ।
অবিষহ্যৈস্তমাক্ষেপৈঃ ক্ষিপন্ সঞ্জনয়ন্ কলিম্ ॥১৭

তদা চ ভগবান্ কার্ষ্ণী প্রদ্যুম্নঃ তাং মায়াবতীম্ আহ, হে মাতঃ! তে তব মতিঃ অন্যথা (বিপরীতা জাতা ইত্যহং মন্যে যতঃ) মাতৃভাবম্ অতিক্রম্য পরিত্যজ্য কামিনী যথা তথা বর্ত্তসে ॥১১

রতিঃ উবাচ। ভবান্ নারায়ণসুতঃ (নারায়ণস্য কৃষ্ণস্য সুতঃ) শম্বরেণ অসুরেণ গৃহাৎ হৃতঃ। অহং তে তব অধিকৃতা অধিকারপ্রাপ্তা পত্নী রতিঃ; তথা হে প্রভো! ভবান্ মম পতিকামঃ এব ॥১২

এষঃ শম্বরঃ তন্নামকঃ অসুরঃ অনির্দ্দশম্ অনতিদশদিনং ত্বা সিন্ধৌ অক্ষিপৎ প্রক্ষিপ্তবান্; তত্র মৎস্যঃ ত্বাম্ অগ্রসীৎ (সঃ মৎস্যো মৎস্যজীবিভিরিহানীতঃ) তস্য উদরাৎ হে প্রভো! ভবান্ ইহ প্রাপ্তঃ আগতঃ ॥১৩

তম্ ইমং দুর্দ্ধর্ষম্ অভিভবিতুমশক্যং দুর্জ্জয়ং মায়াশতবিদম্ আত্মনঃ শত্রুং শম্বরং মোহনাদিভিঃ মায়াভিঃ ত্বং জহি মারয় ॥১৪.

গতপ্রজা (গতা হৃতা প্রজা পুত্রঃ যস্যাঃ সা) পুত্রস্নেহাকুলা (পুত্রস্নেহেন আকুলা) অতএব বিবৎসা বৎসহীনা গৌঃ ইব আতুরা দীনা তে তব মাতা কুররী ইব পরিশোচতি ॥১৫

এবং প্রভাষ্য উক্ত্বা মায়াবতী রতিঃ মহাত্মনে প্রদ্যুম্নায় সর্ব্বমায়াবিনাশিনীং মহামায়াং বিদ্যাং দদৌ ॥১৬

সঃ চ প্রদ্যুম্নঃ তং শম্বরম্ অভ্যেত্য তৎসমীপং গত্বা অবিষহ্যৈঃ আক্ষেপৈঃ তিরস্কারবাক্যৈঃ তং ক্ষিপন্ উদ্দীপয়ন্, কলিং কলহং সংজনয়ন্ উৎপাদয়ন্ সংযুগায় যুদ্ধায় সমাহ্বয়ৎ ॥১৭

তখন কৃষ্ণনন্দন প্রদ্যুম্ন মায়াবতীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে মাতঃ! অদ্য আমার প্রতি তোমার বিপরীত ভাব অবলোকন করিতেছি। তুমি মাতৃভাব বিসর্জ্জন-করত কুলটা কামিনীর ন্যায় আমার পার্শ্বে অবস্থান করিতেছ।১১

রতি বলিলেন,—আপনি ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্র, সাক্ষাৎ কামদেব। সূতিকাগৃহ হইতে শম্বরাসুর আপনাকে হরণ করিয়াছিল। আমি আপনার অধিকৃতা পত্নী রতি।১২

এই শম্বরাসুর দশ দিবসেরও ন্যূন বয়স্ক শৈশব-ভাবাপন্ন আপনাকে হরণ করিয়া সমুদ্রজলে নিক্ষেপ করে, তথায় একটি বৃহৎ মৎস্য আপনাকে গ্রাস করে এবং ঐ মৎস্য আবার ধীবরগণ কর্ত্তৃক ধৃত হইয়া এই স্থানেই আনীত হয়। তাহার উদর হইতে আমি আপনাকে এখানে প্রাপ্ত হইয়াছি।১৩

এই অসুর অতীব দুর্দ্ধর্ষ এবং অজেয়, এ বিবিধ মায়াজাল জানে। অতএব মোহনাদি বিবিধ মায়া-শক্তির বিস্তারে হে প্রভো! আপনি নিজের পরম শত্রু এই শম্বরাসুরকে অবিলম্বে সংহার করুন।১৪

অহো! ভবদীয় জননী পুত্রশোকে কাতর হইয়া বৎসহীনা গাভীর ন্যায় তি কাতর কণ্ঠে কুররীপাখীর ন্যায় রোদন করিতেছেন।১৫

এই প্রকার বলিয়া মায়াবতী রতি মহাত্মা প্রদ্যুম্নকে সর্ব্বপ্রকার মায়াবিনাশিনী মহামায়া বিদ্যা

সোঽধিক্ষিপ্তো দুর্বচোভিঃ পদাহত ইবোরগঃ।
নিশ্চক্রাম গদাপাণিরমর্ষাৎ তাম্রলোচনঃ ॥১৮

গদামাবিধ্য তরসা প্রদ্যুম্নায় মহাত্মনে।
প্রক্ষিপ্য ব্যনদন্নাদং বজ্রনিষ্পেষনিষ্ঠুরম্ ॥১৯

তামাপতন্তীং ভগবান্ প্রদ্যুম্নো গদয়া গদাম্।
অপাস্য শত্রবে ক্রুদ্ধঃ প্রাহিণোৎ স্বগদাং নদন্ ॥২০

পদাহতঃ উরগঃ সর্পঃ ইব দুর্ব্বচোভিঃ অধিক্ষিপ্তঃ তিরস্কৃতঃ, অতএব অমর্ষাৎ ক্রোধেন তাম্রলোচনঃ (তাম্রে রক্তে লোচনে যস্য সঃ) গদাপাণিঃ (গদা পাণৌ যস্য সঃ) শম্বরঃ (যুদ্ধার্থং গৃহাৎ) নিশ্চক্রাম ॥১৮

তথা তরসা বেগেন গদাম্ আবিধ্য ভ্রাময়িত্বা মহাত্মনে প্রদ্যুম্নায় প্রক্ষিপ্য বজ্রনিষ্পেষনিষ্ঠুরং (বজ্রস্য অশনেঃ নিষ্পেষে নির্ঘাতে যথা নিষ্ঠুরং তীব্রং তথাভূতং) নাদং ব্যনদৎ চকার ॥১৯

ভগবান্ প্রদ্যুম্নঃ অপি আপতন্তীং তাং গদাং স্বস্য গদয়া অপাস্য নিরস্য ক্রুদ্ধঃ সন্ নদন্ শত্রবে শম্বরায় স্বগদাং প্রাহিণোৎ চিক্ষেপ ॥২০

প্রদান করিলেন।১৬

প্রদ্যুম্ন তখন শম্বরের নিকট উপস্থিত হইয়া বিবিধ তিরস্কার বাক্যে তাহাকে উদ্দীপিত করিলেন এবং কলহের উৎপাদন-করত যুদ্ধার্থ আহ্বান করিলেন।১৭

পদাহত সর্পের ন্যায় তিরস্কার বাক্যে উত্তেজিত ও ক্রোধে আরক্তলোচন শম্বর হস্তে গদা লইয়া যুদ্ধার্থ গৃহ হইতে নির্গত হইল।১৮

এবং তাহার বিপুল গদাকে ঘূর্ণন-করত প্রচণ্ড বেগে মহাত্মা প্রদ্যুম্নের উপর নিক্ষেপ করিয়া বজ্রাঘাতের ন্যায় অতি কঠোরভাবে চীৎকার ধ্বনি করিল।১৯

শম্বরের গদা নিজের অভিমুখে আগমন করিতে অবলোকন করিয়া ভগবান্ প্রদ্যুম্ন স্বীয় গদা দ্বারা তাহার প্রতিরোধ করিলেন এবং ক্রোধভরে তর্জ্জন-গর্জ্জন-করত শত্রুর প্রতি স্বীয় গদা নিক্ষেপ করিলেন।২০

স চ মায়াং সমাশ্রিত্য দৈতেয়ীং ময়দর্শিতাম্।
মুমুচেঽশ্মময়ং বর্ষং কার্ষ্ণৌ বৈহায়সোঽসুরঃ ॥২১

বাধ্যমানোঽশ্মবর্ষেণ রৌক্মিণেয়ো মহারথঃ।
সত্ত্বাত্মিকাং মহাবিদ্যাং সর্ব্বমায়োপমর্দ্দিনীম্ ॥২২

ততো গৌহ্যক-গান্ধর্ব্ব-পৈশাচোরগ-রাক্ষসীঃ।
প্রাযুঙ্ক্ত শতশো দৈত্যঃ কার্ষ্ণির্ব্যধময়ৎ স তাঃ॥২৩

সঃ চ শম্বরঃ অসুরঃ ময়দর্শিতাং (ময়েন দৈত্যদানবাচার্য্যেণ দর্শিতাম্ উপদিষ্টাং) মায়াম্ অন্তর্দ্ধানাত্মিকাম্ আশ্রিত্য বৈহায়সঃ আকাশে স্থিতঃ সন্ কার্ষ্ণৌ প্রদ্যুম্নে অশ্মময়ং শিলাময়ং বর্ষং মুমুচে অকরোৎ ॥২১

অশ্মবর্ষেণ বাধ্যমানং তাড্যমানঃ অপি মহারথঃ রৌক্মিণেয়ঃ সর্ব্বমায়োপমর্দ্দিনীং সত্ত্বাত্মিকাং মহাবিদ্যাং প্রাযুঙ্ক্ত ইত্যুত্তরেণান্বয়ঃ ॥২২

ততঃ পুনঃ দৈত্যঃ শম্বরঃ গৌহ্যক-গান্ধর্ব্ব-পৈশাচোরগ-রাক্ষসীঃ তত্তৎসম্বন্ধিনীঃ শতশঃ মায়াঃ প্রাযুঙ্ক্ত। সঃ কার্ষ্ণিঃ প্রদ্যুম্নঃ চ তাঃ সর্ব্বাঃ মায়াঃ ব্যধময়ৎ ব্যনাশয়ৎ ॥২৩

তৎকালে শম্বরাসুর দৈত্যাচার্য্য ময় কর্ত্তৃক উপদিষ্ট অন্তর্দ্ধানাদি হইবার উপায়ভূত দৈত্য মায়ার সহায়ে অন্তর্হিত ও আকাশমার্গে আরূঢ় হইয়া বারিধারার ন্যায় শিলাসমূহ প্রদ্যুম্নের উপর নিক্ষেপ করিতে লাগিল।২১

কিন্তু রুক্মিণীনন্দন মহারথ প্রদ্যুম্ন তাদৃশ প্রস্তর বর্ষণের আঘাতে বিলক্ষণ বিতাড়িত হইয়াও কিছুমাত্র উদ্বিগ্ন হইলেন না, বরং তাহার নিবারণার্থ সর্ব্বমায়া বিনাশিনী সত্ত্বগুণময়ী মহাবিদ্যারই প্রয়োগ করিলেন।২২

তখন সেই শম্বর দৈত্য গুহ্যক, গন্ধর্ব্ব, পিশাচ, উরগ ও রাক্ষস-সম্বন্ধীয় বিবিধ মায়ার প্রয়োগে প্রদ্যুম্নকে পরাস্ত করিবার চেষ্টা করিল, কিন্তু কৃষ্ণনন্দন একে একে তাহার সকল মায়াকেই বিনাশ করিয়া দিলেন।২৩

নিশাতমসিমুদ্যম্য সকিরীটং সকুণ্ডলম্।
শম্বরস্য শিরঃ কায়াৎ তাম্র-শ্মশ্রোজসাহরৎ ॥২৪

আকীর্য্যমাণো দিবিজৈঃ স্তুবদ্ভিঃ কুসুমোৎকরৈঃ।
ভার্য্যয়াম্বরচারিণ্যা পুরং নীতো বিহায়সা ॥২৫

অন্তঃপুরবরং রাজন্ ললনাশতসঙ্কুলম্।
বিবেশ পত্ন্যা গগনাদ্ বিদ্যুতেব বলাহকঃ ॥২৬

ততঃ নিশাতং তীক্ষ্ণম্ অসিম্ উদ্যম্য উদ্ধৃত্য শম্বরস্য কায়াৎ তাম্রশ্মশ্রু (তাম্রাণি শ্মশ্রূণি যস্মিন্ তৎ) সকিরীটং সকুণ্ডলং শিরঃ ওজসা বলেন আহরৎ ছিত্ত্বা পাতয়ামাস ॥২৪

স্তুবদ্ভিঃ দিবিজৈঃ দেবৈঃ কুসুমোৎকরৈঃ পুষ্পাঞ্জলিভিঃ আকীর্য্যমাণঃ আচ্ছাদ্যমানঃ প্রদ্যুম্নঃ অম্বরচারিণ্যা (অম্বরে আকাশে স্বয়ং চরতি অন্যান্ চ চারয়তি যা সা তয়া) ভার্য্যয়া মায়াবত্যা সহ বিহায়সা আকাশপথেন পুরং প্রতি নীতঃ প্রাপিতঃ ॥২৫

হে রাজন্! ততঃ চ বিদ্যুতা সহ বলাহকঃ মেঘঃ ইব পত্ন্যা সহ প্রদ্যুম্নঃ ললনাশতসংকুলম্ (ললনানাম্ উত্তমস্ত্রীণাং শতৈঃ সঙ্কুলং ব্যাপ্তং) অন্তঃপুরং গগনাৎ বিবেশ ॥২৬

এবং তীক্ষ্ণধার অসি উত্তোলন পূর্ব্বক কিরীট ও কুণ্ডল শোভিত তাম্রশ্মশ্রুবিশিষ্ট শম্বরের শিরোদেশ দেহ হইতে ছেদন করিয়া ভূমিতে নিপাতিত করিলেন।২৪

এই অদ্ভুত ব্যাপার দর্শনে অমরগণ প্রদ্যুম্নের প্রশংসাবাদে স্তব-করত সকলে অঞ্জলিপূর্ণ করিয়া পুষ্পবর্ষণ করিতে লাগিলেন। প্রদ্যুম্ন এই প্রকারে প্রশংসিত হইয়া আকাশচারিণী পত্নী রতির সমভি-ব্যবহারে আকাশপথে গমন-করত স্বকীয় পিতৃগৃহ দ্বারকাপুরে উপনীত হইলেন।২৫

হে রাজন্! বিদ্যুদ্‌বেষ্টিত নবীন নীরদ (মেঘ) যেমন অকস্মাৎ গগনে উদিত হয়, অদ্য মায়াবতী পত্নীর সমভিব্যবহারে শ্যামসুন্দর প্রদ্যুম্ন সেইরূপ ললনাজন-ললামভূতা শত শত সুন্দরী নারীগণে পরিবৃতা দ্বারকার অন্তঃপুরে সহসা প্রবেশ করিলেন।২৬

তং দৃষ্ট্বা জলদশ্যামং পীতকৌষেয়বাসসম্।
প্রলম্ববাহুং তাম্রাক্ষং সুস্মিতং রুচিরাননম্ ॥২৭

অলঙ্কৃতমুখাম্ভোজং নীলবক্রালকালিভিঃ।
কৃষ্ণং মত্বা স্ত্রিয়ো হ্রীতা নিলিল্যুস্তত্র তত্র হ ॥২৮

অবধার্য্য শনৈরীষদ্ বৈলক্ষণ্যেন যোষিতঃ।
উপজগ্মুঃ প্রমুদিতাঃ সস্ত্রীরত্নং সুবিস্মিতাঃ ॥২৯

জলদশ্যামং (জলদঃ মেঘঃ তদ্বৎ শ্যামম্) পীতকৌষেয়বাসসং (পীতে কৌষেয়ে কীটরচিত-কোশজনিততন্তুনির্ম্মিতে বাসসী যস্য তং) প্রলম্ববাহুং (প্রলম্বৌ বাহূ যস্য তং) তাম্রাক্ষং (তাম্রে অক্ষিণী যস্য তম্ আরক্তলোচনং) সুস্মিতং হাস্যযুক্তং, রুচিরাননাং (রুচিরম্ আননং যস্য তং) নীলবক্রালকালিভিঃ (নীলাঃ বক্রাঃ অলকাঃ এব অলয়ঃ তৈঃ) অলঙ্কৃত-মুখাম্ভোজং (অলঙ্কৃতং মুখাম্ভোজং যস্য তং) তং প্রদ্যুম্নং দৃষ্ট্বা কৃষ্ণং মত্বা হ্রীতাঃ লজ্জিতাঃ সত্যঃ তত্র তত্র হ নিলিল্যুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৭-২৮

ততঃ চ তাঃ ঈষৎ বৈলক্ষণ্যেন শ্রীবৎসাদ্যভাবরূপেণ অবধার্য্য (নায়ং শ্রীকৃষ্ণঃ ইতি নিশ্চিত্য) প্রমুদিতাঃ সুবিস্মিতাঃ চ সত্যঃ সস্ত্রীরত্নং স্ত্রীরত্নসহিতং প্রদ্যুম্নম্ উপজগ্মুঃ সমীপম্ আজগ্মুঃ ॥২৯

নবীন নীরদতুল্য শ্যামল কলেবর পীতকৌষেয় বসনধারী, আজানুলম্বিত বাহু, মধুরহাস্য-বিরাজিত ও সুনীল এবং কুঞ্চিত অলকাজাল-শোভিত মুখ-মণ্ডলের বিকাশে সর্ব্বসমক্ষে উপনীত ঈষদারক্ত-লোচন প্রদ্যুম্নকে দূর হইতে অবলোকন-করত স্বয়ং শ্রীকৃষ্ণ-জ্ঞানে লজ্জিত হইয়া অন্তঃপুরস্থ বনিতাগণ সকলেই স্ব স্ব গৃহে পলায়ন করিলেন।২৭-২৮

পরে প্রণিহিত চিত্তে নিরীক্ষণ করিয়া শ্রীবৎসাদি চিহ্নের অদর্শনে ইনি কৃষ্ণ নহেন বলিয়া যখন তাঁহারা অবধারণ করিলেন, তখন সকলেই তাঁহার নিকটে উপস্থিত হইয়া বিশেষ আনন্দিতা হইলেন, কিন্তু ইনি যে কে, কেহই তাহার নিশ্চয় করিতে পারিলেন না।২৯

অথ তত্রাসিতাপাঙ্গী বৈদর্ভী বল্গুভাষিণী।
অস্মরৎ স্বসুতং নষ্টং স্নেহস্নুতপয়োধরা ॥৩০

কো ন্বয়ং নরবৈদূর্য্যঃ কস্য বা কমলেক্ষণঃ।
ধৃতঃ কয়া বা জঠরে কেয়ং লব্ধা ত্বনেন বা ॥৩১

মম চাপ্যাত্মজো নষ্টো নীতো যঃ সূতিকাগৃহাৎ।
এতত্তুল্যবয়োরূপো যদি জীবতি কুত্রচিৎ ॥৩২

কথন্ত্বনেন সম্প্রাপ্তং সারূপ্যং শার্ঙ্গধন্বনঃ।
আকৃত্যাবয়বৈর্গত্যা স্বরহাসাবলোকনৈঃ ॥৩৩

স এব বা ভবেন্নূনং যো মে গর্ভে ধৃতোঽর্ভকঃ।
অমুষ্মিন্ প্রীতিরধিকা বামঃ স্ফুরতি মে ভুজঃ ॥৩৪

এবং মীমাংসমানায়াং বৈদর্ভ্যাং দেবকীসুতঃ।
দেবক্যানকদুন্দুভ্যামুত্তমঃশ্লোক আগমৎ ॥৩৫

বিজ্ঞাতার্থোঽপি ভগবাংস্তূষ্ণীমাস জনার্দ্দনঃ।
নারদোঽকথয়ৎ সর্ব্বং শম্বরহরণাদিকম্ ॥৩৬

অথ তত্র অন্তঃপুরে অসিতাপাঙ্গী সুনীললোচনা বল্গুভাষিণী মধুরভাষিণী বৈদর্ভী রুক্মিণী স্নেহস্নুতপয়োধরা (স্নেহেন স্নুতে ক্ষরিতে পয়োধরে যস্যাঃ সাঃ তথাবিধা সতী) নষ্টং (সূতিকাগৃহে অপহৃতং) স্বস্য সুতম্ অস্মরৎ ॥৩০

অয়ং কমলেক্ষণঃ পদ্মলোচনঃ নরবৈদূর্য্যঃ পুরুষশ্রেষ্ঠঃ কঃ অনু কস্য বা পুত্রঃ, কয়া নার্য্যা বা অয়ং জঠরে ধৃতঃ; অনেন তু লব্ধা ইয়ং কামিনী বা কা ॥৩১

মমাপি যঃ আত্মজঃ সূতিকাগৃহাৎ কেনাপি নীতঃ অপহৃতঃ, অতঃ নষ্টঃ অদর্শনং গতঃ যদি সঃ কুত্রচিৎ জীবতি, সঃ এতেন তুল্যং বয়োরূপঃ (এতেন তুল্যং বয়ঃ রূপং চ যস্য সঃ তথাভূতঃ) এব ভবেৎ ॥৩২

আকৃত্যা অবয়বৈঃ গত্যা স্বরহাসাবলোকনৈঃ শার্ঙ্গধন্বনঃ শ্রীকৃষ্ণস্য সারূপ্যং সমানরূপত্বম্ অনেন আগন্তুকেন তু কথং সম্প্রাপ্তম্ ॥৩৩

যঃ অর্ভকঃ মে ময়া গর্ভে ধৃতঃ, নূনং নিশ্চিতং সঃ এব ভবেৎ; ততঃ অমুষ্মিন্ মম আধিকা প্রীতিঃ স্নেহঃ জায়তে; তথা মে বামং ভুজঃ চ স্ফুরতি সঞ্চলতি ॥৩৪

বৈদর্ভ্যাং রুক্মিণ্যাম্ এবং মীমাংসমানায়াং তর্কয়ন্ত্যাং সত্যাং দেবক্যানকদুন্দুভ্যাং দেবকী-বসুদেবাভ্যাং সহ উত্তমঃশ্লোকঃ শ্রীকৃষ্ণঃ আগমৎ ॥৩৫

ভগবান্ জনার্দ্দনঃ বিজ্ঞাতার্থঃ (বিজ্ঞাতঃ শম্বরহরণাদিরূপঃ অর্থঃ যেন তথাভূতঃ) অপি তূষ্ণীম্ আস। নারদঃ তু শম্বরহরণাদিকং সর্ব্বম্ অকথয়ৎ ॥৩৬

প্রদ্যুম্নকে অবলোকন করিয়া রুক্মিণী কিন্তু স্থির থাকিতে পারিলেন না, প্রদ্যুম্নের মধুরভাষণে সুনীললোচনা বৈদর্ভীর হৃদয় যেমন উচ্ছলিত হইল, স্নেহভরে পয়োধর হইতে ক্ষীর নিঃসৃত হইতে লাগিল তখন সূতিকাগৃহে অপহৃত স্বকীয় শিশুর কথা তাঁহার স্মৃতিপথে আরূঢ় হইল।৩০

তিনি মনে মনে ভাবিতে লাগিলেন যে, এই পদ্মপলাশলোচন পুরুষশ্রেষ্ঠ ব্যক্তিটী কে? ইনি কাহারই বা পুত্র? অহো! কোন্ রত্নগর্ভা ইহাকে উদরে ধারণ করিয়াছেন? অহো! এই অপূর্ব্ব লাবণ্যবতী ইহার সঙ্গিনী কামিনীই বা কে? কোথা হইতেই বা ইহাকে আনয়ন করিলেন?৩১

অহো! আমারও একটি পুত্র সূতিকাগৃহ হইতে কে হরণ করিল। আর তাহাকে পাইলাম না যদি সেই বালক এখনও জীবিত থাকে, তাহা হইলে বয়ঃক্রম ও রূপে ইহার সম্পূর্ণ অনুরূপই হইবে।৩২

কি আশ্চর্য্য! এরূপ রূপ এ কোথায় পাইল? ইহার অঙ্গ প্রত্যঙ্গ, গতি, কণ্ঠের স্বর, হাস্য ও ঈক্ষণে শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণের সম্পূর্ণ অনুরূপ বলিয়াই ইহাকে অনুভূত হইতেছে।৩৩

ইহাকে দর্শন করিয়া আমার গর্ভজাত শিশুরই সম্পূর্ণ স্মরণ হইতেছে। বিশেষতঃ ইহার প্রতি আমার নিরতিশয় স্নেহেরও উদয় হইতেছে। আবার আমার বাম বাহুও স্পন্দিত হইতেছে।৩৪

বিদর্ভ-রাজনন্দিনী রুক্মিণী মনে মনে এইরূপ তর্ক-বিতর্ক করিতেছেন এমন সময়ে দেবকী ও বসুদেবের সহিত উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণ তথায় উপনীত হইলেন।৩৫

ভগবান্ জনার্দ্দন প্রদ্যুম্ন-সম্বন্ধীয় যাবতীয় ব্যাপার

তচ্ছ্রুত্বা মহদাশ্চর্য্যং কৃষ্ণান্তঃপুরযোষিতঃ।
অভ্যনন্দন্ বহূনব্দান্ নষ্টং মৃতমিবাগতম্ ॥৩৭

দেবকী বসুদেবশ্চ কৃষ্ণ-রামৌ তথা স্ত্রিয়ঃ।
দম্পতী তৌ পরিষ্বজ্য রুক্মিণী চ যযুর্মুদম্ ॥৩৮

নষ্টং প্রদ্যুম্নমায়াতমাকর্ণ্য দ্বারকৌকসঃ।
অহো মৃত ইবায়াতো বালো দিষ্ট্যেতি হাব্রুবন্ ॥৩৯

যং বৈ মুহুঃ পিতৃসরূপনিজেশভাবা-
স্তন্মাতরো যদভজন্ রহরূঢ়ভাবাঃ।
চিত্রং ন তৎ খলু রমাস্পদবিম্ববিম্বে
কামে স্মরেঽক্ষবিষয়ে কিমুতান্যনার্য্যঃ ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৫

তৎ নারদকথিতং মহদাশ্চর্য্যং শম্বরহরণাদিকং শ্রুত্বা কৃষ্ণান্তঃপুরযোষিতঃ বহূন্ অব্দান্ বহুবর্ষপর্য্যন্তং নষ্টং মৃতং পুনঃ আগতম্ ইব প্রদ্যুম্নম্ ইতি অভ্যনন্দন্ ॥৩৭

দেবকী বসুদেবঃ কৃষ্ণ-রামৌ তথা অন্যাঃ স্ত্রিয়ঃ রুক্মিণী চ তৌ দম্পতী পরিষ্বজ্য মুদং হর্ষম্ যযুঃ প্রাপুঃ। দ্বারকৌকসঃ দ্বারকাবাসিনঃ, জনাঃ নষ্টং প্রদ্যুম্নম্ আয়াতং আকর্ণ্য অহো আশ্চর্যম্ অয়ং বালকঃ মৃতঃ উত দিষ্ট্যা এব আয়াতঃ তেন মহান্ আনন্দঃ জাতঃ ইতি হ স্পষ্টম্ অব্রুবন্ ॥৩৮-৩৯

পিতৃসরূপনিজেশভাবাঃ (পিতা শ্রীকৃষ্ণঃ তস্য সরূপে প্রদ্যুম্নে নিজঃ আত্মীয়ঃ ঈশঃ ভর্ত্তা ইতি ভাবঃ ভাবনা যাসাং তাঃ) মাতরঃ কৃষ্ণপত্ন্যঃ অপি রূঢ়ভাবাঃ উদ্ভূতকামাঃ সত্যঃ রহসি মুহুঃ অভজন্ ইতি যৎ তৎ তস্মিন্ রমাস্পদং শ্রীকৃষ্ণঃ অস্য বিম্বং শ্রীমূর্ত্তিঃ তস্য বিম্বে প্রতিবিম্বভূতে পুত্রে স্মরে স্মর্য্যমাণত্বেন কোতকে কামে অক্ষবিষয়ে (অক্ষাণাম্ ইন্দ্রিয়াণাং বিষয়ে সতি) অন্যাঃ নার্য্যাঃ ভজেয়ুঃ ইতি উত কিমু বক্তব্যম্ ॥৪০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

অবগত থাকিলেও নিস্তব্ধ ভাবেই অবস্থান করিতে লাগিলেন। ইতিমধ্যে দেবর্ষি নারদ তথায় উপস্থিত প্রদ্যুম্নের পূর্ব্ব বৃত্তান্ত সমস্তই বর্ণন করিলেন।৩৬

নারদমুখে শিশুর হরণ, সমুদ্রজলে তাহার নিক্ষেপ, মৎস্যোদরে বাস, শম্বর-গৃহে পুনঃ অবস্থিতি এবং তাহার সহিত যুদ্ধে প্রদ্যুম্নের জয় ও রতি লাভের বৃত্তান্ত শ্রবণ করিয়া দ্বারকান্তঃপুরবাসিনী বনিতাগণ বিশেষ চমৎকৃত হইলেন এবং বহু বৎসর পর্য্যন্ত এই সকল ব্যাপারের আন্দোলনে মৃত পুত্রের পুনঃপ্রাপ্তি সম্বন্ধে বিশেষ আনন্দ প্রকাশ করিলেন।৩৭

দেবকী, বসুদেব, শ্রীকৃষ্ণ, বলরাম এবং রুক্মিণী দম্পতীকে আলিঙ্গন করিয়া নিতান্তই পরিতৃপ্ত হইলেন।৩৮

দ্বারকাবাসী জনমাত্রেই নষ্ট-প্রদ্যুম্ন পুনর্ব্বার আগমন করিয়াছেন শ্রবণ করিয়া বিস্মিত হইল এবং মৃতপুত্র পুনরায় আগমন করিয়াছে বলিয়া বিশেষ হর্ষ প্রকাশ করিল।৩৯

কৃষ্ণপুত্র প্রদ্যুম্নের কলেবরে পিতৃসদৃশ অনুপম দেহ সাদৃশ্য অবলোকন করিয়া যখন তদীয় মাতৃ-স্থানীয়া অন্যান্য কৃষ্ণপত্নীগণ ভর্তৃভ্রমে ভ্রান্তা হইয়া কামাকুলিত-চিত্তে একান্তে উপবেশন করত প্রদ্যুম্নের দেহকান্তির বিষয়ে মনে মনে নানা প্রকার আলোচনা করিয়াছিলেন, তখন স্বয়ং কমলার আশ্রয়স্থল কৃষ্ণ-কলেবরের প্রতিবিম্বস্থানীয় সাক্ষাৎ কন্দর্পের অংশে সমুৎপন্ন প্রদ্যুম্নকে নয়নগোচর করিয়া অন্যান্য কামিনীগণ যে কামাতুরা হইবেন তাহাতে আর বিচিত্র কি?৪০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চপঞ্চাশঃ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌পঞ্চাশঃ অধ্যায়ঃ।

[স্যমন্তকোপাখ্যানম্, ভগবতঃ শ্রীকৃষ্ণস্য কলঙ্কমার্জ্জনম্, জাম্ববতী-সত্যভাময়োঃ পাণিগ্রহণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

সত্রাজিতঃ স্বতনয়াং কৃষ্ণায় কৃতকিল্বিষঃ।
স্যমন্তকেন মণিনা স্বয়মুদ্যম্য দত্তবান্ ॥১

রাজোবাচ।

সত্রাজিতঃ কিমকরোদ্ ব্রহ্মন্ কৃষ্ণস্য কিল্বিষম্।
স্যমন্তকঃ কুতস্তস্য কস্মাদ্দত্তা সুতা হরেঃ ॥২

শ্রীশুক উবাচ।

আসীৎ সত্রাজিতঃ সূর্য্যো ভক্তস্য পরমঃ সখা।
প্রীতস্তস্মৈ মণিং প্রাদাৎ স চ তুষ্টঃ স্যমন্তকম্ ॥৩
স তং বিভ্রন্মণিং কণ্ঠে ভ্রাজমানো যথা রবিঃ।
প্রবিষ্টো দ্বারকাং রাজন্ তেজসা নোপলক্ষিতঃ ॥৪
তং বিলোক্য জনা দূরাৎ তেজসা মুষ্টদৃষ্টয়ঃ।
দীব্যতেঽক্ষৈর্ভগবতে শশংসুঃ সূর্য্যশঙ্কিতাঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। কৃতকিল্বিষঃ কৃতাপরাধঃ স্বয়ম্ উদ্যম্য স্যমন্তকেন মণিনা সহ স্বতনয়াং সত্যভামাং কৃষ্ণায় দত্তবান্ ॥১

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! সত্রাজিতঃ কৃষ্ণস্য কিং কিল্বিষম্ অপরাধম্ অকরোৎ? তস্য স্যমন্তকঃ কুতঃ প্রাপ্তঃ; সুতা চ হরেঃ হরয়ে কস্মাৎ হেতোঃ দত্তা ॥২

শ্রীশুকঃ উবাচ। সূর্য্যঃ কিল ভক্তস্য সত্রাজিতঃ পরমঃ সখা আসীৎ। সঃ চ সূর্য্যঃ তস্মৈ সত্রাজিতে প্রীতঃ তুষ্টঃ চ সন্ স্যমন্তকং মণিং প্রাদাৎ ॥৩

সঃ চ সত্রাজিৎ তং মণিং কণ্ঠে বিভ্রৎ ধৃত্বা রবিঃ-সূর্য্যঃ তথা ভ্রাজমানঃ সন্ কদাচিৎ দ্বারকাং প্রবিষ্টঃ, তত্র চ তেজসা দীপ্ত্যাৎ হে রাজন্! দ্বারকাবাসিভিঃ ন উপলক্ষিতঃ (অসৌ সত্রাজিৎ ইতি ন পরিজ্ঞাতঃ) ॥৪

তং দূরাৎ এব বিলোক্য তেজসা মুষ্টদৃষ্টয়ঃ (মুষ্টা অভিভূতা দৃষ্টিঃ যেষাং তে) জনাঃ সূর্য্যশঙ্কিতাঃ সূর্য্যঃ অয়ম্ ইতি শঙ্কিতাঃ সন্তঃ অক্ষৈঃ দীব্যতে ক্রীড়াং কুর্ব্বাণায় ভগবতে শ্রীকৃষ্ণায় শশংসুঃ কথয়ামাসুঃ ॥৫

ষট্‌পঞ্চাশ অধ্যায়।

[স্যমন্তকোপাখ্যান, ভগবান্ শ্রীকৃষ্ণের কলঙ্কমোচন ও জাম্ববতী-সত্যভামার পাণিগ্রহণ।]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! সত্রাজিৎ স্বকৃত অপরাধে ভীত হইয়া বিনা অনুরোধে নিজেই উদ্‌যোগ-করত স্যমন্তক মণিসহ স্বীয় কন্যা সত্যভামাকে কৃষ্ণকরে সমর্পণ করেন।১

এতৎ শ্রবণে রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্! শ্রীকৃষ্ণের সন্নিধানে সত্রাজিৎ কি অপরাধ করিয়াছিলেন? স্যমন্তক মণি তিনি কোথা হইতে পাইলেন এবং শ্রীকৃষ্ণকেই বা তিনি কেন প্রদান করিলেন? আপনি তাহা আনুপূর্ব্বিক বর্ণনা করুন।২

শ্রীশুকদেব বলিলেন,—সত্রাজিৎ সূর্য্যদেবের এক জন পরম ভক্ত ছিলেন এবং সূর্য্যদেবও তাঁহাকে সখার ন্যায় প্রেম করিতেন। এক দিবস সত্রাজিতের ভক্তিতে বিশেষ তৃপ্ত ও সন্তুষ্ট হইয়া দিবাকর তাহাকে স্যমন্তক নামক মণি অর্পণ করিলেন।৩

সত্রাজিৎ কণ্ঠদেশে সেই মণি ধারণ করিয়া দ্বিতীয় সূর্য্যের ন্যায় রূপ ধারণ করিলেন এবং এমন কি তথা হইতে প্রস্থান করিয়া যখন স্বীয় বাসস্থান দ্বারকাপুরে প্রবেশ করেন, তখন তাঁহার অলোক-সামান্য সর্ব্বতোব্যাপ্ত তেজের প্রভাবে দ্বারকাবাসী কেহ তাঁহাকে পূর্ব্বপরিচিত সত্রাজিৎ বলিয়া চিনিতে পারিল না।৪

দ্বারকাবাসী জনগণ তাঁহাকে দূর হইতে অব-

নারায়ণ নমস্তেঽস্তু শঙ্খ-চক্র-গদাধর।
দামোদরারবিন্দাক্ষ গোবিন্দ যদুনন্দন ॥৬
এষ আয়াতি সবিতা ত্বাং দিদৃক্ষুর্জগৎপতে।
মুষ্ণন্ গভস্তিচক্রেণ নৃণাং চক্ষূংষি তিগ্মগুঃ ॥৭
নন্বন্বিচ্ছন্তি তে মার্গং ত্রিলোক্যাং বিবুধর্ষভাঃ।
জ্ঞাত্বাদ্য গূঢ়ং যদুষু দ্রষ্টুং ত্বাং যাত্যজঃ প্রভো ॥৮

শ্রীশুক উবাচ।
নিশম্য বালবচনং প্রহস্যাম্বুজলোচনঃ।
প্রাহ নাসৌ রবির্দেবঃ সত্রাজিন্মণিনা জ্বলন্ ॥৯
সত্রাজিৎ স্বগৃহং শ্রীমৎ কৃতকৌতুকমঙ্গলম্।
প্রবিশ্য দেবসদনে মণিং বিপ্রৈর্ন্যবেশয়ৎ।
দিনে দিনে স্বর্ণভারানষ্টৌ স স্জতি প্রভো ॥১০

(সর্ব্বকারণত্বেন) হে নারায়ণ। (রক্ষকত্বেন) হে শঙ্খ-চক্র-গদাধর। (ভক্তবৎসলতয়া) হে দামোদর! (ত্বৎকৃপাদৃষ্ট্যৈব সন্তাপনিবৃত্তিরিত্যাশয়েনাহঃ) হে অরবিন্দাক্ষ। অচিন্ত্যৈশ্বর্য্যত্বেন) হে গোবিন্দ। (অস্মাকং যাদবানাম্ অবলম্বত্বেন) হে যদুনন্দন। তে তুভ্যং নমঃ অস্তু ॥৬

হে জগৎপতে। ত্বাং দিদৃক্ষুঃ দ্রষ্টুমিচ্ছুঃ এষঃ তিগ্মগুঃ (তিগ্মাঃ তীক্ষ্ণাঃ দুঃসহাঃ গাবঃ রশ্ময়ঃ যস্য সঃ) সবিতা সূর্য্যঃ গভস্তিচক্রেণ রশ্মিসমূহেন নৃণাং চক্ষূংষি মুষ্ণন্ প্রতিঘ্নন্ আয়াতি ॥৭

হে প্রভো। বিবুধর্ষভাঃ দেবশ্রেষ্ঠাঃ ব্রহ্মাদয়ঃ ত্রিলোক্যাং তে তব মার্গং পদবীম্ অন্বিচ্ছন্তি অন্বেষয়ন্তি। অদ্য যদুষু গূঢ়ং গৃহীতযদুবেশং জ্ঞাত্বা ত্বাং দ্রষ্টুম্ অজঃ সূর্য্যঃ আয়াতি ॥৮

শ্রীশুকঃ উবাচ। বালানাম্ (আগচ্ছতঃ তত্ত্বম্ অজানতাং) বচনং নিশম্য শ্রুত্বা অম্বুজলোচনঃ শ্রীকৃষ্ণঃ প্রহস্য প্রাহ যৎ মণিনা স্যমন্তকেন জ্বলন্ বিদ্যোতমানঃ সত্রাজিৎ এব অসৌ ন দেবঃ রবি ইতি ॥৯

কৃতকৌতুকমঙ্গলম্ (কৃতং কৌতুকেন মঙ্গলং যস্মিন্ তৎ) অতএব শ্রীমৎ স্বগৃহং প্রবিশ্য সত্রাজিৎ বিপ্রৈঃ ব্রাহ্মণৈঃ মণিং দেবসদনে ন্যবেশয়ৎ। হে প্রভো! সঃ মণি

লোকন করিয়াই তাঁহার তেজে স্তম্ভিতদৃষ্টি হইয়া পড়িল এবং সাক্ষাৎ অংশুমালী দিবাকর উপস্থিত হইয়াছেন এইরূপ আশঙ্কা-করত ভগবান্ যে স্থানে অক্ষক্রীড়ায় নিমগ্ন ছিলেন তথায় উপস্থিত হইয়া সূর্য্যদেবের আগমনবার্ত্তা নিবেদন করিল।৫

এবং তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিল,—হে সর্ব্বকারণ-কারণ নারায়ণ! হে সর্ব্বরক্ষক শঙ্খ-চক্র-গদাধর! হে ভক্তবৎসল দামোদর! হে সর্ব্বসন্তাপহারি পদ্মলোচন! হে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন গোবিন্দ! হে আমাদের প্রাণবল্লভ যদুনন্দন! আপনাকে প্রণাম করি।৬

হে জগৎপতে! আপনাকে দর্শন ও প্রণাম করিবার মানসে ভগবান্ অংশুমালী কিরণজাল-বিকীরণে জনসমূহের দৃষ্টিশক্তিকে বিহ্বল-করত এই স্থানেই আগমন করিতেছেন।৭

হে প্রভো! আমাদের নিশ্চয়ই অনুমান হইতেছে যে অমরশ্রেষ্ঠ ব্রহ্মাদি লোকপালগণ ত্রিভুবনমধ্যে আপনার পদবী অন্বেষণ করিতেছেন। সম্প্রতি আপনি যদুবেশ ধারণে প্রচ্ছন্ন ভাবে এই স্থানে অবস্থান করিতেছেন অবধারণ করিয়া আপনাকে দর্শন করিবার অভিপ্রায়ে ভগবান্ দিবাকর এখানে আগমন করিয়াছেন।৮

শ্রীশুকদেব বলিলেন,—সত্রাজিতের স্বরূপ অবধারণে অনভিজ্ঞ বালকগণের তাদৃশ ভক্তি শ্রবণে কমল-লোচন ভগবান্ শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য-করত বলিলেন যে, উনি দিবাকর নহেন, স্যমন্তক মণির ঔজ্জ্বল্যে ঐ রূপ দীপ্তিমান্ হইয়া তোমাদের পূর্ব্ব-পরিচিত সত্রাজিতই আগমন করিতেছেন।৯

এদিকে সত্রাজিৎ বিবিধ মঙ্গলাচরণের অনুষ্ঠানে স্বীয় গৃহের পবিত্রতা সাধন করিলেন এবং ব্রাহ্মণগণ কর্তৃক অর্চ্চনা পূর্ব্বক দেবমন্দিরে সেই মণিটিকে প্রতিষ্ঠা করিলেন।

হে প্রভো! সেই স্যমন্তক মণি সত্রাজিতের গৃহে নিত্য অষ্টভার পরিমাণে সুবর্ণ প্রসব করিতে লাগিল।১০

দুর্ভিক্ষ-মার্য্যরিষ্টানি সর্পাধিব্যাধয়োঽশুভাঃ।
ন সন্তি মায়িনস্তত্র যত্রাস্তেঽভ্যর্চ্চিতো মণিঃ ॥১১
স যাচিতো মণিং ক্বাপি যদুরাজায় শৌরিণা।
নৈবার্থকামুকঃ প্রাদাদ্ যাচ্ঞাভঙ্গমতর্কয়ন্ ॥১২
তমেকদা মণিং কণ্ঠে প্রতিমুচ্য মহাপ্রভম্।
প্রসেনো হয়মারুহ্য মৃগয়াং ব্যচরদ্ বনে ॥১৩
প্রসেনং সহয়ং হত্বা মণিমাচ্ছিদ্য কেশরী।
গিরিং বিশন্ জাম্ববতা নিহতো মণিমিচ্ছতা ॥১৪
সোঽপি চক্রে কুমারস্য মণিং ক্রীড়নকং বিলে।
অপশ্যন্ ভ্রাতরং ভ্রাতা সত্রাজিৎ পর্য্যতপ্যত ॥১৫
প্রায়ঃ কৃষ্ণেন নিহতো মণিগ্রীবো বনং গতঃ।
ভ্রাতা মমেতি তচ্ছ্রুত্বা কর্ণে কর্ণেঽজপন্ জনাঃ ॥১৬

দিনে দিনে প্রতিদিনম্ অষ্টৌ স্বর্ণভারান্ সৃজতি ॥১০

অভ্যর্চ্চিতঃ মণিঃ যত্র আস্তে, তত্র দুর্ভিক্ষঃ অনাবৃষ্টিপ্রযুক্তঃ অন্নাগুভাবঃ, মারী অকালমৃত্যুঃ, অরিষ্টং গ্রহাদিপীড়াঃ, সর্পাঃ আধিঃ মনঃপীড়া, ব্যাধয়ঃ রোগাঃ, অশুভাঃ অন্যে দুঃখহেতবঃ, মায়িনঃ দৈত্যাদয়ঃ চৌরাশ্চ ন সন্তি ॥১১

ক্বাপি কদাচিৎ শৌরিণা শ্রীকৃষ্ণেন, যদুরাজায় উগ্রসেনার্থং মণিঃ যাচিতঃ অপি অর্থকামুকঃ সঃ সত্রাজিৎ যাচ্ঞাভঙ্গম্ অতর্কয়ন্ নৈব প্রাদাৎ ॥১২

মহাপ্রভং (মহতী প্রভা দীপ্তিঃ যস্য তং) মণিম্ একদা কণ্ঠে প্রতিমুচ্য বধ্বা প্রসেনঃ সত্রাজিদ্ ভ্রাতা হয়ম্ আরুহ্য বনে মৃগয়াং ব্যচরৎ ॥১৩

সহয়ং প্রসেনং হত্বা মণিম্ আচ্ছিদ্য গিরিং বিশন্ কশ্চিৎ কেশরী সিংহঃ মণিম্ ইচ্ছতা জাম্ববতা ঋক্ষরাজেন নিহতঃ ॥১৪

সঃ জাম্ববান্ অপি বিলে স্বনিবাসস্থানে গিরিগুহায়াং তং মণিং কুমারস্য বালস্য ক্রীড়নকং ক্রীড়াসাধনং চক্রে। তদা ভ্রাতা সত্রাজিৎ ভ্রাতরং প্রসেনং মণিং চ অপশ্যন্ ন দৃষ্ট্বা পর্য্যতপ্যত ॥১৫

পূর্ব্বং কৃষ্ণেন মণিঃ যাচিতঃ অপি ময়া ন দত্তঃ। ইদানীং মণিগ্রীবঃ (গলদেশে স্যমন্তকমণিং ধৃত্বা) বনং গতঃ, মম ভ্রাতা প্রসেনঃ প্রায়ঃ ধ্রুবং কৃষ্ণেন এব নিহতঃ ইতি তত্র সত্রাজিতোক্তং শ্রুত্বা দ্বারিকাবাসিনঃ জনাঃ কর্ণে কর্ণে অজপন্ উপাংশ্ববোচন্ ॥১৬

অর্চ্চিত স্যমন্তক যে স্থানে থাকে কোনরূপ অনাবৃষ্টি-জনিত দুর্ভিক্ষ বা মারীভয়, গ্রহপীড়া, সর্পভয়, মনঃপীড়া, রোগাদি ব্যাধি বা অন্য কোন প্রকার দুঃখের কারণ বা দৈত্যভয় বা চোরভয় কিছুই থাকে না।১১

কিন্তু তাদৃশ মহামূল্য মণি সত্রাজিতের নিকট থাকায় শোভা পায় না, রাজা উগ্রসেনের নিকটেই রাখা কর্ত্তব্য, এই বিবেচনায় ভগবান্ শ্রীকৃষ্ণ যদুপতি উগ্রসেনের জন্য সত্রাজিতের নিকট সেই মণি প্রার্থনা করিলেন, কিন্তু অর্থলোভে হতজ্ঞান সত্রাজিৎ ভগবদাজ্ঞা উল্লঙ্ঘনের অপরাধের প্রতি লক্ষ্য না করিয়া তাঁহাকে মণি প্রদান করিল না।১২

এক দিবস সেই মহাপ্রভাবিশিষ্ট মণি কণ্ঠে ধারণ করিয়া সত্রাজিতের ভ্রাতা প্রসেন অশ্বারোহণে মৃগয়ার্থ বনে প্রবেশ করিল।১৩

প্রসেনকে দর্শন করিয়া একটী সিংহ অশ্বসহ তাহাকে নিহত করিয়া মণি-গ্রহণে একটী পর্ব্বত-গুহায় প্রবেশ করেন। ঋক্ষরাজ জাম্ববান্ সেই কেশরীকে বধ করিয়া স্যমন্তক মণি নিজে আত্মসাৎ করিল।১৪

এবং নিজের বাসভবন সেই গিরিগুহায় স্বীয় বালককে ক্রীড়ার্থ সেই মণিটী প্রদান করে। তদবধি সত্রাজিৎ মণিসহ স্বীয় ভ্রাতা প্রসেনের অদর্শনে নিতান্তই কাতর হইয়া দুঃখের প্রকাশে বলিয়াছিল।১৫

পূর্ব্বে শ্রীকৃষ্ণই আমার নিকট এই মণি প্রার্থনা করিয়াছিলেন, তখন আমি তাঁহাকে দিই নাই। সম্প্রতি মদীয় ভ্রাতা প্রসেন ঐ মণি গলদেশে ধারণ-করত যখন বনে মৃগয়ার্থ প্রবেশ করে, তখন শ্রীকৃষ্ণই

ভগবাংস্তদুপশ্রুত্য দুর্যশো লিপ্তমাত্মনি।
মার্ষ্টুং প্রসেনপদবীমন্বপদ্যত নাগরৈঃ ॥১৭
হতং প্রসেনমশ্বঞ্চ বীক্ষ্য কেসরিণা বনে।
তঞ্চাদ্রিপৃষ্ঠে নিহতমৃক্ষেণ দদৃশুর্জনাঃ ॥১৮
ঋক্ষরাজবিলং ভীমমন্ধেন তমসাবৃতম্।
একো বিবেশ ভগবানবস্থাপ্য বহিঃ প্রজাঃ ॥১৯

ক্রমেণ ভগবান্ অপি তৎ বচঃ উপশ্রুত্য আত্মনি স্বস্মিন লিপ্তং দুর্যশঃ মার্ষ্টুম অপোহিতুং নাগরৈঃ জনৈঃ সহ প্রসেনস্য পদবীং মার্গম্ অন্বপদ্যত অন্বেষণার্থম্ অনুগমং ॥১৭

বনে কেশরিণা সিংহেন প্রসেনম অশ্বং চ হতং বীক্ষ্য অদ্রিপৃষ্ঠে অদ্রেঃ ঋক্ষবতঃ পৃষ্ঠে তং সিংহম অপি। জাম্ববতা ঋক্ষেণ নিহতং চ জনাঃ দদৃশুঃ ॥১৮

ততঃ ভগবান শ্রীকৃষ্ণঃ বহিঃ বিলদ্বারে প্রজাঃ নাগরান অবস্থাপ্য একঃ একাকী এব অন্ধেন গাঢ়েন তমসা আবৃতং ভীমং ভয়ানকম ঋক্ষরাজস্য বিলং বিবেশ ॥১৯

মণিলোভে তাঁহার প্রাণবধ পূর্ব্বক মণিটি আত্মসাৎ করিয়াছেন, এইরূপ কথা যখন সত্রাজিতের মুখ হইতে নির্গত হইল, তখন জন-সাধারণের মধ্যে তাহারই বিলক্ষণ ঘোষণা হইয়া উঠিল।১৬

এবং ক্রমে এই কথা শ্রীকৃষ্ণের কর্ণগোচর হইল। তিনি সত্রাজিতের এইরূপ দুরুক্তি শ্রবণে কিছু লজ্জিত হইলেন এবং নিজের উপর রটিত এই অপযশের অপনোদনার্থে নগরস্থ বহুসংখ্যক লোককে সঙ্গে লইয়া প্রসেনের অনুসন্ধানার্থ নির্গত হইলেন।১৭

বনের কিয়দ্দূর প্রবেশ করিয়াই সিংহ কর্ত্তৃক নিহত প্রসেন ও তদীয় অশ্বের মৃত কলেবর নিপতিত অবলোকন করিলেন এবং তাহার কিছু দূরে পর্ব্বতোপরি সেই সিংহও যে ঋক্ষরাজ জাম্ববান্ কর্ত্তৃক নিহত হইয়াছে তাহাও তাঁহার সঙ্গী সকল লোকই দেখিতে পাইল।১৮

তখন শ্রীকৃষ্ণ সঙ্গী লোকসমূহকে গিরিগহ্বরের বাহিরে রাখিয়া নিজে একাকী সেই গাঢ় অন্ধকারাচ্ছন্ন ঋক্ষরাজের বাসমন্দির ভয়ানক পর্ব্বতকন্দরে প্রবেশ করিলেন।১৯

তত্র দৃষ্ট্বা মণিশ্রেষ্ঠং বালক্রীড়নকং কৃতম্।
হর্তুং কৃতমতিস্তস্মিন্নবতস্থেঽর্ভকান্তিকে ॥২০
তমপূর্ব্বং নরং দৃষ্ট্বা ধাত্রী চুক্রোশ ভীতবৎ।
তচ্ছ্রুত্বাভ্যদ্রবৎ ক্রুদ্ধো জাম্ববান্ বলিনাং বরঃ ॥২১
স বৈ ভগবতা তেন যুযুধে স্বামিনাত্মনঃ।
পুরুষং প্রাকৃতং মত্বা কুপিতো নানুভাববিৎ ॥২২

তত্র বিলে বালক্রীড়নকং বালস্য ক্রীড়াসাধনং কৃতং মণিশ্রেষ্ঠং দৃষ্ট্বা তং হর্তুং কৃতমতিঃ কৃষ্ণঃ তস্মিন্ অর্ভকান্তিকে (অর্ভকস্য বালস্য অন্তিকে সমীপে) অবতস্থে উপজগাম ॥২০

তম্ অপূর্ব্বম অদৃষ্টপূর্ব্বং নরং শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা ভীতবৎ ধাত্রী তন্মাতা চুক্রোশ, অথ তৎ তস্যাঃ আক্রোশনং শ্রুত্বা বলিনাং বরঃ শ্রেষ্ঠঃ জাম্ববান্ ক্রুদ্ধঃ সন্ অভ্যদ্রবৎ অভিজগাম ॥২১

সঃ মহাবলী জাম্ববান যতঃ কুপিতঃ, অতঃ ন অনুভাববিৎ তৎপ্রভাবম্ অজানন্ এব প্রত্যুত: প্রাকৃতং মানুষং জ্ঞাত্বা আত্মনঃ স্বামিনা (শ্রীরামাবতারে তস্য সেবকত্বাৎ) ভগবতা তেন শ্রীকৃষ্ণেন সহ যুযুধে ॥২২

এবং জাম্ববানের একটি বালক পুত্র সেই স্যমন্তক লইয়া ক্রীড়নকরূপে ক্রীড়া করিতেছে দেখিয়া মণিহরণের বাসনায় তিনি বালকের নিকটবর্ত্তী হইলেন।২০

তাদৃশ অদৃষ্টপূর্ব্ব ব্যক্তিকে অকস্মাৎ উপস্থিত দেখিয়া ভীতিবশতঃ বালকের জননী অতি কর্কশভাবে চিৎকার করিয়া উঠিল। ধাত্রীর চিৎকার শ্রবণে অতীব ক্রুদ্ধ হইয়া জাম্ববান শ্রীকৃষ্ণের অভিমুখে ধাবিত হইল।২১

মহাবলী জাম্ববানের চিত্ত তৎকালে ক্রোধে এতই অস্থির হইয়াছিল যে, তিনি শ্রীকৃষ্ণের পরম ভাব কিছুই অবধারণ করিতে পারিলেন না, বরং সামান্য মানব বিবেচনায় স্বীয় ইষ্টদেব শ্রীপতির সহ যুদ্ধে

দ্বন্দ্বযুদ্ধং সুতুমুলমুভয়োর্বিজিগীষতোঃ।
আয়ুধাশ্ম-দ্রুমৈর্দোর্ভিঃ ক্রব্যার্থে শ্যেনয়োরিব ॥২৩
আসীৎ তদষ্টাবিংশাহমিতরেতরমুষ্টিভিঃ।
বজ্রনিষ্পেষপরুষৈরবিশ্রমমহর্নিশম্ ॥২৪
কৃষ্ণমুষ্টিবিনিষ্পাতনিষ্পিষ্টাঙ্গোরুবন্ধনঃ।
ক্ষীণসত্ত্বঃ স্বিন্নগাত্রস্তমাহাতীব বিস্মিতঃ ॥২৫
জানে ত্বাং সর্ব্বভূতানাং প্রাণ ওজঃ সহো বলম্।
বিষ্ণুং পুরাণপুরুষং প্রভবিষ্ণুমধীশ্বরম্ ॥২৬

ক্রব্যার্থে মাংসার্থং যথা শ্যেনয়োঃ যুদ্ধং ভবতি তথা মণ্যর্থং বিজিগীষতোঃ জেতুম্ ইচ্ছতোঃ উভয়োঃ শ্রীকৃষ্ণ-জাম্ববতোঃ আয়ুধাশ্মদ্রুমৈর্দোর্ভিঃ (আয়ুধৈঃ গদাদিভিঃ, অশ্মভিঃ পাষাণৈঃ, দ্রুমৈঃ দোর্ভিঃ ভুজৈঃ চ) বজ্রনিষ্পেষপরুষৈঃ (বজ্রনিষ্পেষঃ নির্ঘাতঃ তদ্বৎ পরুষৈঃ নিষ্ঠুরৈঃ) ইতরেতরয়োঃ মুষ্টিভিঃ চ অবিশ্রমম্ (ন বিদ্যতে বিশ্রামঃ যস্মিন্ তৎ) অহর্নিশম্ অষ্টবিংশাহম্ অষ্টাবিংশতিদিনপর্য্যন্তং সুতুমুলং ঘোরং দ্বন্দ্বযুদ্ধম্ আসীৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৩-২৪

কৃষ্ণমুষ্টীনাং বিনিষ্পাতৈঃ আঘাতৈঃ নিষ্পিষ্টানি অঙ্গানি উরূণি বন্ধনানি সন্ধিবন্ধনানি যস্য সঃ, অতএব ক্ষীণং সত্ত্বং বলং ধৈর্য্যং চ যস্য সঃ, স্বিন্নগাত্রঃ (সিন্নং প্রস্বেদযুক্তং গাত্রং যস্য সঃ) অতঃ বিস্মিতঃ আশ্চর্য্যং প্রাপ্তঃ জাম্ববান্ শ্রীকৃষ্ণম্ আহ ॥২৫

সর্ব্বভূতানাং যঃ প্রাণঃ, ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, সহঃ অন্তঃকরণশক্তিঃ, বলং শরীরসামর্থ্যম্ এতৎ সর্বং ত্বম্ এব ইতি।

প্রবৃত্ত হইলেন। কারণ পূর্ব্ববর্ত্তী রামাবতারে জাম্ববান্ই শ্রেষ্ঠ ভক্ত বলিয়া পরিচিত ছিলেন।২২

অহো! কথঞ্চিৎ আমিষের (মাংসের) অনুরোধে দুইটি শ্যেন পক্ষী যেমন পরস্পরে বিবাদ করে, অত্র স্যমন্তক মণির অনুরোধে সেইরূপ শ্রীকৃষ্ণ এবং জাম্ববান্ও ভীষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন। গদাঘাত, পাষাণ নিক্ষেপ, বৃক্ষ উৎপাটনে তদ্দ্বারা আঘাত, কখন বা কেবল বাহুযুদ্ধে মিলিত হইয়া বজ্রাঘাতের ন্যায় নিদারুণ শব্দের উত্থাপনে অতি কঠোর ভাবে উভয়ে অবিশ্রামে অষ্টাবিংশতি দিবস দিবারাত্রি মুষ্টি প্রহারে তুমুল দ্বন্দ্বযুদ্ধ করিতে লাগিলেন।২৩-২৪

ত্বং হি বিশ্বসৃজাং স্রষ্টা সৃজ্যানামপি যচ্চ সৎ।
কালঃ কলয়তামীশঃ পর আত্মা তথাত্মনাম্ ॥২৭
যস্যেষদুৎকলিতরোষকটাক্ষমোক্ষৈ-
র্বর্ত্মাদিশৎ ক্ষুভিতনক্রতিমিঙ্গিলোঽব্ধিঃ।
সেতুঃ কৃতঃ স্বযশ উজ্জ্বলিতা চ লঙ্কা
রক্ষঃশিরাংসি ভুবি পেতুরিষু-ক্ষতানি ॥২৮
ইতি বিজ্ঞাতবিজ্ঞানমৃক্ষরাজানমচ্যুতঃ।
ব্যাজহার মহারাজ ভগবান্ দেবকীসুতঃ ॥২৯

তথা পুরাণপুরুষং বিষ্ণুং ব্যাপকং প্রভবিষ্ণুম্ উপাদানকারণম্ অধীশ্বরং সর্ব্বনিয়ন্তারং সর্ব্বোপসংহারকর্ত্তারং চ ত্বাম্ অহং জানে ॥২৬

বিশ্বসৃজাং মহদাদীনাং ব্রহ্মাদীনাং চ স্রষ্টা নিমিত্তং, সৃজ্যানাং মহদাদীনাং যৎ সৎ পরমার্থভূতং যৎ উপাদানং তৎ চ হি নিশ্চিতম্ ত্বমেব। কলয়তাং নিয়ামকানাং নাশকানাং চ ঈশঃ নিয়ন্তৃরূপঃ কালঃ তথা আত্মানং পরঃ আত্মা চ ত্বম্ এব ॥২৭

যস্য ঈষৎ উৎকলিতঃ উদ্দীপিতঃ যঃ রোষঃ তেন যে কটাক্ষমোক্ষাঃ তৈঃ ক্ষুভিতাঃ নক্রাঃ গ্রাহাঃ তিমিঙ্গিলাঃ মহা-মৎস্যাঃ চ যস্মিন্ সঃ অব্ধিঃ সমুদ্রঃ যস্মৈ ভগবতে বর্ত্মমার্গম্ আদিশৎ দত্তবান্, তথা স্বযশোবিস্তারায় তস্মিন্ সমুদ্রে যেন সেতুঃ কৃতঃ; যেন চ লঙ্কা উজ্জ্বলিতা দগ্ধা, যস্য ইষুভিঃ ক্ষতানি ছিন্নানি রক্ষসাং রাবণাদীনাং শিরাংসি চ ভুবি পেতুঃ, সঃ মম স্বামী শ্রীরামঃ এব ত্বম্ ইতি অহম্ জানে ॥২৮

শ্রীকৃষ্ণের মুষ্ট্যাঘাতে জাম্ববানের কলেবর বিশীর্ণ হইয়া পড়িল। তাহার দেহবন্ধনী যেন শিথিল হইয়া পড়িল, গাত্রে ঘর্ম্মের নিঃসরণে একান্ত দৌর্ব্বল্য উপস্থিত দেখিয়া জাম্ববান্ মনে মনে কিছু বিস্মিত হইল। কারণ তাহার বল হনন করা সংসারে সামান্য লোকের ক্ষমতায় কখন ঘটে না, এইরূপ বিবেচনা করিয়া জাম্ববান্ শ্রীকৃষ্ণকে তখন সম্বোধন পূর্ব্বক বলিল।২৫

হে প্রভো! আপনি যে বিশ্ব সৃজনকারী সর্ব্বাধার ও সর্ব্বান্তর্য্যামী আদিপুরুষ বিষ্ণু তাহা আমি পরিজ্ঞাত হইয়াছি। হে দেব! প্রাণি-

অভিমৃশ্যারবিন্দাক্ষঃ পাণিনা শঙ্করেণ তম্‌।
কৃপয়া পরয়া ভক্তং মেঘগম্ভীরয়া গিরা ॥৩০

মণিহেতোরিহ প্রাপ্তা বয়মৃক্ষপতে বিলম্‌।
মিথ্যাভিশাপং প্রমৃজন্নাত্মনো মণিনামুনা ॥৩১

ইত্যুক্তঃ স্বাং দুহিতরং কন্যাং জাম্ববতীং মুদা।
অর্হণার্থং স মণিনা কৃষ্ণায়োপজহার হ ॥৩২

অদৃষ্ট্বা নির্গমং শৌরেঃ প্রবিষ্টস্য বিলং জনাঃ।
প্রতীক্ষ্য দ্বাদশাহানি দুঃখিতাঃ স্বপুরং যযুঃ ॥৩৩

হে মহারাজ। ইতি এবং বিজ্ঞাতবিজ্ঞানম্‌ (বিজ্ঞাতং বিজ্ঞানং চিদানন্দস্বরূপং তত্ত্বং যেন তম্‌) ঋক্ষরাজানং দেবকীসুতঃ ভগবান্‌ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ ব্যাজহার উক্তবান্‌ ॥২৯

পরয়া কৃপয়া পূর্ণঃ অরবিন্দাক্ষঃ পদ্মপলাশলোচনঃ শ্রীকৃষ্ণঃ শঙ্করেণ সুখদেন পাণিনা তম্‌ অভিমৃশ্য সংস্পৃশ্য মেঘগম্ভীরয়া গিরা ভক্তং ব্যাজহার ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩০

হে ঋক্ষপতে। মণিহেতোঃ বয়ম্‌ ইহ বিলে প্রাপ্তাঃ আগতাঃ অমুনা মণিনা আত্মনঃ মিথ্যাভিশাপং মিথ্যাপবাদং প্রমৃজন্‌ অপনেতুম্‌ ইহাগতাঃ ॥৩১

ইতি এবম্‌ উক্তঃ সঃ জাম্ববান্‌ মুদাযুক্তঃ সন্‌ অর্হণার্থং সেবার্থং মণিনা সহ স্বাং দুহিতরং জাম্ববতীং নাম কন্যাং কৃষ্ণায় উপজহার সমর্পয়ামাস ॥৩২

মাত্রেরই প্রাণ, ইন্দ্রিয়শক্তি (ওজঃ), অন্তঃকরণশক্তি (সহঃ) এবং শরীরশক্তি বলরূপে একা আপনিই বিরাজ করিতেছেন।২৬

এই বিশ্বসংসার যে উপাদানে এবং যে ব্রহ্মাদি দেবগণের দ্বারা সৃজিত হইয়াছে, তাঁহাদেরও সৃষ্টি-কর্ত্তা একা আপনি মাত্র। আপনি সর্ব্বনিয়ন্তা ও সর্ব্ববিনাশকগণেরও প্রেরয়িতা ;কালরূপে বিচরণ করিতেছেন এবং জীবস্বরূপের আশ্রয়স্থল পরমাত্ম-স্বরূপে ও অচলপ্রতিষ্ঠভাবে আপনিই বিরাজ করিতেছেন।২৭

অহো! যাঁহার কণামাত্র ক্রোধপ্রকাশ দৃষ্টির নিক্ষেপে তাদৃশ ভীষণ তিমি, মৎস্য ও নক্রাদি জলচরে সঙ্কুল মহার্ণবও স্তম্ভিত হইয়া পড়িল। সমুদ্র বিনা আপত্তিতে যাঁহাকে পথ প্রদান করিল এবং যিনি সেই সমুদ্রের উপরও সেতু বন্ধন করিলেন, সুবর্ণপুরী লঙ্কাকে পরিদগ্ধ করিয়াছিলেন এবং নিশিত শরের প্রহারে রাবণাদি রাক্ষসকুলের মস্তক-সমূহ ধরা লুণ্ঠিত করিয়াছিলেন, সেই আমার ইষ্টদেবই যে আপনি, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি।২৮

ঋক্ষরাজ এই প্রকারে শ্রীকৃষ্ণের পরম তত্ত্ব অবধারণ করিলে, পদ্মপলাশলোচন দেবকীপুত্র ভগবান্‌ শ্রীকৃষ্ণ তাঁহার উপর প্রসন্ন হইলেন এবং সন্তাপ-নিবারক করকমলের সংস্পর্শে ভক্ত ঋক্ষরাজের অঙ্গবেদনা নিবারণ করত জলদ-গম্ভীর স্বরে ও মধুর বচনে ভক্তকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।২৯-৩০

ঋক্ষরাজ! এই সমন্তক মণির উপলক্ষেই আমরা এই বিলের মধ্যে প্রবেশ করিয়াছি। এই মণি হারাইবার প্রকৃত কারণ লোকসমাজে স্পষ্টতঃ প্রকাশ করত আমার উপর নিরর্থক মণিহরণের অপবাদ নিবারণ করিব।৩১

জাম্ববান্‌ এই প্রকারে শ্রীকৃষ্ণমুখে মণি-সম্বন্ধীয় যাবতীয় বৃত্তান্ত অবগত হইলে বিশেষ আনন্দ-সহকারে মণিসহ স্বীয় কন্যা জাম্ববতীকেও কৃষ্ণকরে সমর্পণ করিলেন।৩২

এদিকে দ্বারকাবাসী যে সমস্ত লোক শ্রীকৃষ্ণের সহিত একত্র আসিয়া গিরিগুহার দ্বারসমীপে অপেক্ষা করিতেছিল, তাহারা সকলে শ্রীকৃষ্ণের নির্গমনের প্রত্যাশায় দ্বাদশ দিবস তথায় অপেক্ষা করিয়া নিরাশ-বশতঃ নিতান্ত দুঃখিত-হৃদয়ে স্ব স্ব ভবনে প্রত্যাগমন করিল।৩৩

নিশম্য দেবকী দেবী রুক্মিণ্যানকদুন্দুভিঃ।
সুহৃদো জ্ঞাতয়োঽশোচন্ বিলাৎ কৃষ্ণমনির্গতম্ ॥৩৪

সত্রাজিতং শপন্তস্তে দুঃখিতা দ্বারকৌকসঃ।
উপতস্থুশ্চন্দ্রভাগাং দুর্গাং কৃষ্ণোপলব্ধয়ে ॥৩৫

তেষাস্তু দেব্যুপস্থানাৎ প্রত্যাদিষ্ট্যাশিষা স চ।
প্রাদুর্বভূব সিদ্ধার্থঃ সদারো হর্ষয়ন্ হরিঃ ॥৩৬

জনাঃ দ্বাদশাহানি ভ০৭ ্তীক্ষ্য অপি বিলং প্রবিষ্টস্য শৌরেঃ কৃষ্ণস্য নির্গমম্ অদৃষ্ট্বা দুঃখিতাঃ সন্তঃ স্বপুরং যযুঃ ॥৩৩

লোকমুখাৎ কৃষ্ণং বিলাৎ অনির্গতং নিশম্য শ্রুত্বা, দেবকী দেবী রুক্মিণী আনকদুন্দুভিঃ অপরে সুহৃদঃ জ্ঞাতয়শ্চ সর্ব্বে অশোচন্ ॥৩৪

দুঃখিতাঃ তে দ্বারকৌকসঃ সত্রাজিতং শপন্তঃ কৃষ্ণোপলব্ধয়ে চন্দ্রভাগাং নাম মহামায়াম্ ইতি পাঠে ভগবচ্ছক্তিম্ ইতি দুর্গাম্ উপতস্থুঃ আরাধয়ামাসুঃ ॥৩৫

তেষাং দ্বারকাবাসিনাং দেব্যুপস্থানাৎ (দেব্যাঃ উপস্থানাৎ আরাধনাৎ) প্রত্যাদিষ্টাশিষা সহ সিদ্ধার্থঃ লব্ধমণিঃ, সদারঃ জাম্ববতীসহিতঃ হরিঃ হর্ষয়ন্ প্রাদুর্বভূব ॥৩৬

তথায় দেবকী, বসুদেব, রুক্মিণী এবং অন্যান্য সুহৃদ্ ও জ্ঞাতিগণ যখন তাহাদের মুখে শুনিলেন যে কৃষ্ণ আর পর্ব্বতগুহা হইতে নিষ্ক্রান্ত হয়েন নাই, তখন তাঁহারা নিতান্ত কাতরভাবে বিলাপ করিতে লাগিলেন।৩৪

এবং অতি দুঃখিতভাবে অন্যান্য দ্বারকাবাসীর সহিত একত্র হইয়া সত্রাজিৎকে অভিসম্পাত করিতে করিতে পুনর্বার শ্রীকৃষ্ণকে পাইবার প্রত্যাশায় চন্দ্রভাগা নাম্নী দুর্গতিনাশিনী মা দুর্গার আরাধনা আরম্ভ করিলেন।৩৫

তাদৃশ আরাধনায় দেবীদত্ত আশীর্ব্বাদেই তাঁহারা লব্ধমনোরথ হইলেন এবং শ্রীকৃষ্ণ পরমানন্দের প্রকাশে ভার্য্যা জাম্ববতী সহ বিল হইতে তাঁহাদের সমীপে সত্বর প্রত্যাগমন করিলেন।৩৬

যদি কোন পরলোকগত ব্যক্তি পুনরায় জীবিত

উপলভ্য হৃষীকেশং মৃতং পুনরিবাগতম্
সহ পত্ন্যা মণি-গ্রীবং সর্ব্বে জাতমহোৎসবাঃ ॥৩৭

সত্রাজিতং সমাহূয় সভায়াং রাজসন্নিধৌ।
প্রাপ্তিঞ্চাখ্যায় ভগবান্ মণিং তস্মৈ ন্যবেদয়ৎ ॥৩৮

স চাতিব্রীড়িতো রত্নং গৃহীত্বাবাঙ্মুখস্ততঃ।
অনুতপ্যমানো ভবনমগমৎ স্বেন পাপ্মনা ॥৩৯

লোকে যথা মৃতং বন্ধুং পুনরাগতম্ উপলভ্য জনাঃ জাতমহোৎসবাঃ ভবন্তি, তথা পত্ন্যা সহ আগতং মণিগ্রীবং হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকং শ্রীকৃষ্ণম্ উপলভ্য সর্ব্বে দ্বারকাবাসিনঃ জনাঃ জাতমহোৎসবাঃ আসন্ ॥৩৭

ভগবান্ শ্রীকৃষ্ণঃ সভায়াং রাজসন্নিধৌ (রাজ্ঞঃ উগ্রসেনস্য সন্নিধৌ) সত্রাজিতং সমাহূয় প্রাপ্তিং মণিপ্রাপ্তিপ্রকারম্ আখ্যায় তস্মৈ সত্রাজিতে মণিং ন্যবেদয়ৎ অর্পয়ামাস ॥৩৮

স্বেন পাপ্মনা (ভগবদাজ্ঞোল্লঙ্ঘনমিথ্যাপবাদোপপাদনরূপেণ) অতিব্রীড়িতঃ লজ্জিতঃ অতএব অবাঙ্মুখঃ অধোমুখঃ সঃ সত্রাজিতঃ ততঃ কৃষ্ণাৎ রত্নং মণিং গৃহীত্বা অনুতপ্যমানঃ এব ততঃ স্থানাৎ স্বভবনম্ অগমৎ জগাম ॥৩৯

হইয়া পূর্ব্ববৎ দেহধারণে প্রত্যাগমন করে, তখন তাহাকে দর্শন করিয়া তাহার স্বজনবর্গের যেমন আনন্দের আর সীমা থাকে না, সেইরূপ গলদেশে স্যমন্তক মণি-ধারণ করত বহুদিবসের পর নবপরিণীতা জাম্ববতীকে সঙ্গে লইয়া হৃষীকেশ শ্রীকৃষ্ণ যখন প্রত্যাগমন করিলেন, তখন তাঁহাকে অবলোকন করিয়া দ্বারকাবাসী জন-মাত্রেরই আনন্দের আর পরিসীমা ছিল না।৩৭

শ্রীকৃষ্ণ রাজসভায় উপস্থিত হইয়া রাজা উগ্রসেনের সমক্ষে সত্রাজিৎকে আহ্বান করিলেন এবং যে প্রকারে তিনি সেই মণিটী পুনরায় সংগ্রহ করিয়াছেন আনুপূর্ব্বিক সমস্ত বৃত্তান্ত বর্ণন করিয়া সকলের সমক্ষেই সত্রাজিৎকে পুনরায় সেই মণি প্রদান করিলেন।৩৮

সোঽনুধ্যায়ংস্তদেবাঘং বলবদ্বিগ্রহাকুলঃ।
কথং মৃজাম্যাত্মরজঃ প্রসীদেদ্ বাচ্যুতঃ কথম্ ॥৪০
কিং কৃত্বা সাধু মহ্যং স্যান্ন শপেদ্ বা জনো যথা।
অদীর্ঘদর্শনং ক্ষুদ্রং মূঢ়ং দ্রবিণলোলুপম্ ॥৪১
দাস্যে দুহিতরং তস্মৈ স্ত্রীরত্নং রত্নমেব চ।
উপায়োঽয়ং সমীচীনস্তস্য শান্তির্ন চান্যথা ॥৪২

বলবদ্বিগ্রহাকুলঃ (বলবতা ভগবতা সহ যো বিগ্রহঃ বিরোধঃ তেন আকুলঃ) সঃ সত্রাজিৎ তৎ এব অঘং স্বকৃতাপরাধম্ অনুধ্যায়ন্ তথা আত্মরজঃ স্বাপরাধং মৃজামি অপনয়ামি, অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ বা কথং প্রসীদেৎ প্রসন্নঃ ভবেৎ ॥৪০

কিং কৃত্বা মহ্যং মম সাধু ভদ্র স্যাৎ, অদীর্ঘদর্শনং ভাবিফলানভিজ্ঞং, ক্ষুদ্রং কৃপণং, মূঢ়ং মন্দমতিং, দ্রবিণলোলুপং মাং জনঃ বা যথা ন শপেৎ ন নিন্দেৎ, সঃ কঃ উপায়ঃ ইতি চিন্তয়ন্ ॥৪১

প্রথমতঃ ভগবানের মণি-যাচ্‌ঞা উপেক্ষা করিবার পাপ, দ্বিতীয়ত মিথ্যা চৌর্য্যাপবাদ প্রদানে শ্রীকৃষ্ণের উপর দোষারোপ করিবার অপরাধে নিতান্ত লজ্জিত সত্রাজিৎ শ্রীকৃষ্ণের হস্ত হইতে মণি লইয়া অধোবদনে সে স্থান হইতে নিজ গৃহাভিমুখে প্রস্থান করিলেন।৩৯

কিন্তু প্রবল পরাক্রম শ্রীকৃষ্ণের সহিত বিষম বিগ্রহ ঘটিবার চিন্তায় তাঁহার মন অত্যন্ত ব্যাকুল হইল, তিনি নিজের অপরাধ স্মরণ-করত এবং কোন উপায়ে স্বকৃত অপরাধের অপনয়ন করিবেন এবং অচ্যুত কৃষ্ণকেই বা কোন উপায়ে প্রসন্ন করাইবেন।৪০

কি উপায় অবলম্বন করিলে তাঁহার পক্ষে প্রকৃত মঙ্গলের বিধান হয়? তিনি ভাবী ফলের প্রতি দৃষ্টি না করিয়া নিতান্ত মূর্খের ন্যায় অতীব ক্ষুদ্র হৃদয়েরই পরিচয় দিয়াছিলেন, এক্ষণে সাতিশয় ধনলোভী বলিয়া জন-সমাজে যাহাতে তিনি চির-নিন্দিত না হন তাহার প্রতীকারের চিন্তায় উদ্বিগ্ন

এবং ব্যবসিতো বুদ্ধ্যা সত্রাজিৎ স্বসুতাং শুভাম্।
মণিঞ্চ স্বয়মুদ্যম্য কৃষ্ণায়োপজহার হ ॥৪৩

তাং সত্যভামাং ভগবানুপযেমে যথাবিধি।
বহুভির্যাচিতাং শীল-রূপৌদার্য্যগুণান্বিতাম্ ॥৪৪

তস্মৈ কৃষ্ণায় স্ত্রীরত্নং দুহিতরং, স্যমন্তকমণিং রত্নম্ এব চ দাস্যে দাস্যামি। অয়ম্ এব সমীচীনঃ বিরোধশান্তয়ে উপায়ঃ অন্যথা এতদ্দানং বিনা তস্য বিরোধস্য শান্তিঃ ন ভবিষ্যতি ॥৪২

বুদ্ধ্যা এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ, সঃ সত্রাজিৎ স্বয়ম্ উদ্যম্য উদ্‌যোগং কৃত্বা শুভাং স্বসুতাং সত্যভামাং মণিং চ কৃষ্ণায় উপজহার সমর্পয়ামাস ॥৪৩

বহুভিঃ (কৃতবর্ম্মশতধন্বাদিভিঃ) যাচিতাং শীলাদিভিঃ আবৃতাং যুক্তাং তাং সত্যভামাং ভগবান্ শ্রীকৃষ্ণঃ যথাবিধি বিবাহবিধিনা উপযেমে বিবাহিতবান্ ॥৪৪

হইয়া সত্রাজিৎ ভগবান্ শ্রীকৃষ্ণকে স্বকীয় দুহিতা সত্যভামা এবং স্যমন্তক মণি উভয়ই সম্প্রদান করিতে মনস্থ করিলেন। পরস্পরের মধ্যে বিরোধ নিবারণের ইহাই যে সমীচীন উপায় এবং এইরূপ দান করা ব্যতীত অন্য কোন উপায়েই যে শ্রীকৃষ্ণের ক্রোধাপ-নয়ন হইবে না, তাহা বিশেষ বিচার দ্বারা বুদ্ধিপূর্ব্বক অবধারণ করিয়া সত্রাজিৎ নিজে উদ্‌যোগী হইয়া স্বীয় প্রিয়তমা কন্যা সত্যভামা সহ স্যমন্তক মণি বাসুদেবের করকমলে সমর্পণ করিলেন। ৪১-৪৩

সত্যভামার চরিত্র অতীব পবিত্র, তাঁহার অলোক-সামান্য সৌন্দর্য্য, ঔদার্য্য এবং গুণগ্রামে বিমোহিত হইয়া কৃতবর্ম্মা ও শতধন্বাদি অনেক যুবকই তাঁহার পাণিগ্রহণার্থ প্রার্থনা করিয়াছিলেন। কিন্তু সকলকেই উপেক্ষা করিয়া কৃষ্ণহস্তে সত্যভামা ন্যস্তা হইলেন। বাসুদেব যথাবিধি তাঁহার পাণি গ্রহণ করিলেন।৪৪

ভগবানাহ ন মণিং প্রতীচ্ছামো বয়ং নৃপ।
তবাস্তাং দেবভক্তস্য বয়ঞ্চ ফলভাগিনঃ ॥৪৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৬

হে নৃপ পরীক্ষিৎ। বয়ং মণিং ন প্রতীচ্ছামঃ; দেবভক্তস্য সূর্য্যভক্তস্য তবৈব এষঃ মণিঃ তিষ্ঠতু! তব (অপুত্রকস্য) ফলভাগিনঃ ধনাধিকারিণঃ তু বয়মেব ॥৪৫

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

কিন্তু হে নরনাথ! শ্রীকৃষ্ণ সেই স্যমন্তক মণিটী তখন আর গ্রহণ করিলেন না। তিনি তাহা সত্রাজিৎকে প্রত্যর্পণ করিয়া বলিলেন যে, দিবাকরের প্রদত্ত মণি ভাস্করভক্ত আপনার নিকটেই রাখা কর্ত্তব্য, আমি ইহা এক্ষণে গ্রহণ করিব না। বিশেষতঃ আপনার অনপত্যতানিবন্ধন আমরাই যখন ভবিষ্যতে আপনার যাবদীয় ধনের অধিকারী হইব, তখন এই সময়ে ইহা লইবার কোন প্রয়োজন নাই। সম্প্রতি আপনিই ইহা সম্ভোগ করুন।৪৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত
ষট্পঞ্চাশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[সত্রাজিদ্বধবর্ণনম্, ভগবতা শ্রীকৃষ্ণেণ সত্রাজিদ্ধন্তুঃ শতধন্বনো বিনাশঃ, অক্রূরস্য পলায়নং পুনর্দ্বারকায়ামাগমনঞ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

বিজ্ঞাতার্থোঽপি গোবিন্দো দগ্ধানাকর্ণ্য পাণ্ডবান্।
কুন্তীঞ্চ কুল্যকরণে সহরামো যযৌ কুরূন্ ॥১

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। বিজ্ঞাতার্থঃ (বিজ্ঞাতঃ 'পাণ্ডবাঃ বিলদ্বারেণ জতুগৃহাৎ নির্গতাঃ ন দগ্ধাঃ ইতি' এবং বিধঃ অর্থঃ যেন সঃ) অপি গোবিন্দঃ লোকমুখে কুন্তীং পাণ্ডবান্ চ জতুগৃহে দগ্ধান্ আকর্ণ্য শ্রুত্বা কুল্যকরণে কুলোচিতব্যবহারার্থং রামেণ সহ কুরূন্ (হস্তিনাপুরং) যযৌ ॥১

[সপ্তপঞ্চাশ অধ্যায়।

[সত্রাজিদ্বধবর্ণন, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সত্রাজিদ্-হননকারী শতধন্বার বিনাশ এবং অক্রূরের পলায়ন ও পুনঃ দ্বারকায় আগমন।]

ব্যাসনন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! দুষ্ট দুর্য্যোধন যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতাকে বিনষ্ট করিবার অভিপ্রায়ে একটি জতুগৃহ নির্ম্মাণ করে এবং কৌশলক্রমে পাণ্ডুরাজের পঞ্চপুত্র ও তাঁহাদের জননী কুন্তীকে তাহার মধ্যে রাখিয়া যখন দগ্ধ করিবার চেষ্টা করে, তখন বিদুরের পরামর্শ অনুসারে পূর্ব্বনির্ম্মিত সুড়ঙ্গের দ্বারা পাণ্ডবগণ অন্য সকলের অজ্ঞাতসারে যে পলায়ন করিয়াছেন, তাহা শ্রীকৃষ্ণ বিশেষরূপে অবগত ছিলেন; তথাপি লোকমুখে যখন শুনিলেন যে, পাণ্ডবগণ জননী কুন্তীসহ জতুগৃহে

ভীষ্মং কৃপং সবিদুরং গান্ধারীং দ্রোণমেব চ।
তুল্যদুঃখৌ চ সঙ্গম্য হা কষ্টমিতি হোচতুঃ ॥২

লব্ধ্বৈতদন্তরং রাজন্ শতধন্বানমূচতুঃ।
অক্রূর-কৃতবর্ম্মাণৌ মণিঃ কস্মান্ন গৃহ্যতে ॥৩

যোঽস্মভ্যং সম্প্রতিশ্রুত্য কন্যারত্নং বিগর্হ্য নঃ।
কৃষ্ণায়াদান্ন সত্রাজিৎ কস্মাদ্ ভ্রাতরমন্বিয়াৎ ॥৪

তুল্যদুঃখৌ (তুল্যং দুঃখং যয়োঃ তৌ) তথাভূতৌ ভূত্বা ভীষ্মং, কৃপং, বিদুরং, গান্ধারীং, দ্রোণঞ্চ সমাগম্য হা কষ্টম্ ইতি হ উচতুঃ ॥২

(শ্রীকৃষ্ণঃ দ্বারকায়াং নাস্তি, অতঃ সত্রাজিদ্‌বধঃ সুকরঃ ইতি মত্বা) হে রাজন্! এতৎ কৃষ্ণস্য অনুপস্থিতিরূপম্ অন্তরম্ অবসরং লব্ধ্বা কস্মাৎ মণিঃ সত্রাজিতঃ সকাশাৎ ত্বয়া ন গৃহ্যতে ইতি শতধন্বানম্ অক্রূর-কৃতবর্মাণৌ উচতুঃ ॥৩

যঃ সত্রাজিৎ অস্মভ্যং প্রতিশ্রুত্য সত্যভামাং দাস্যামি ইতি প্রতিজ্ঞায় অস্মান্ বিগর্হ্য অনাদৃত্য তাং কন্যাং কৃষ্ণায় অদাৎ। সঃ সত্রাজিৎ কস্মাৎ হেতোঃ ভ্রাতরং মৃতং প্রসেনং ন অন্বিয়াৎ অনুগচ্ছেৎ (সঃ হন্তব্য এব) ॥৪

দগ্ধ হইয়া ইহলোক পরিত্যাগ করিয়াছেন, তখন তিনিও লৌকিক ব্যবহারানুসারে আত্মীয়তা করিবার উদ্দেশে অগ্রজ বলদেব সহ হস্তিনাপুরে গমন করিলেন।১

পাণ্ডবগণের বিরহে শোক-সন্তপ্ত ভীষ্ম, কৃপ, বিদুর, গান্ধারী এবং দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইয়া তাঁহাদের ন্যায় তুল্য শোকের প্রকাশে বিবিধ ক্লেশ ও দুঃখেরই ভাব প্রকাশ করিয়াছিলেন।২

শ্রীকৃষ্ণ দ্বারকায় উপস্থিত নাই অতএব সত্রাজিৎকে বিনাশ করিবার উত্তম অবসর মনে করিয়া অক্রূর ও কৃতবর্ম্মা উভয়ে শতধন্বার সমীপে গমনকরত তাহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, এরূপ অবসর পাইয়া তুমি সত্রাজিতের নিকট হইতে মণি কেন গ্রহণ করিতেছ না ?৩

আমরা সকলেই সত্যভামা পাইবার প্রার্থনা করিয়াছিলাম, সত্রাজিতও সম্প্রদানে অঙ্গীকার করিয়া অবশেষে আমাদের সকলের অবমাননা করত কৃষ্ণকরে সত্যভামাকে সমর্পণ করিল। অতএব এরূপ অবমাননাকারী তদীয় ভ্রাতা প্রসেনের পদবী কেন অনুসরণ করিবে না ? তাহাকে অবশ্য যমরাজের আতিথ্য স্বীকার করিতেই হইবে।৪

এবং ভিন্নমতিস্তাভ্যাং সত্রাজিতমসত্তমঃ।
শয়ানমবধীল্লোভাৎ স পাপঃ ক্ষীণজীবিতঃ ॥৫

স্ত্রীণাং বিক্রোশমানানাং ক্রন্দন্তীনামনাথবৎ।
হত্বা পশূন্ সৌনিকবন্মণিমাদায় জগ্মিবান্ ॥৬

সত্যভামা চ পিতরং হতং বীক্ষ্য শুচার্পিতা।
ব্যলপৎ তাত তাতেতি হা হতাস্মীতি মুহ্যতী ॥৭

তাভ্যাম্ অক্রূর-কৃতবর্ম্মভ্যাম্ এবং ভিন্নমতিঃ (ভিন্না ধর্ম্মপথাৎ ভ্রংশিতা মতিঃ যস্য সঃ) ক্ষীণজীবিতঃ (ক্ষীণং জীবিতং যস্য সঃ) পাপঃ অসত্তমঃ শতধন্বা মণিলোভাৎ শয়ানং সত্রাজিতম্ অবধীৎ ॥৫

সৌনিকঃ পশুহিংসকঃ যথা পশূন্ হন্তি, তদ্বৎ তং সত্রাজিতং হত্বা অনাথবৎ স্ত্রীণাং বিক্রোশমানানাং ক্রন্দন্তীনাং সতীনাং মণিম্ আদায় শতধন্বা জগ্মিবান্ জগাম ॥৬

পিতরং হতং বীক্ষ্য দৃষ্ট্বা শুচার্পিতা (শুচা শোকেন অর্পিতা ব্যাপ্তা) সত্যভামা মধ্যে মধ্যে মুহ্যতী মূর্চ্ছাং প্রাপ্নুবতী সতী তাত তাতেতি হা হতাস্মীতি উক্তা চ ব্যলপৎ ॥৭

শতধন্বা যদুকুলে জন্ম গ্রহণ করিলেও কংসাদির ন্যায় অসুরভাবাপন্ন এবং পাপমতি ছিল, প্রবল পাপবাসনার প্রাবল্যে তাহার জীবন স্বতঃই ক্ষয় হইয়া আসিল, সুতরাং কৃতবর্ম্মা ও অক্রূরের পরামর্শে তাহার মতিভ্রম উপস্থিত হইল, সে মণির লোভে নিদ্রিত সত্রাজিৎকে অনায়াসে বধ করিল।৫

আকস্মিক হত্যাকাণ্ড দর্শনে অন্তঃপুরস্থা সত্রাজিৎ বনিতাগণ বিকটাকার চিৎকার করিয়া উঠিলেন এবং অনাথার ন্যায় কাতরকণ্ঠে যখন রোদন করিতে লাগিলেন, তখন পশুহন্তা যেমন নির্দ্দয়ভাবে পশুর প্রাণ বধ করে, সেইরূপ শতধন্বা সত্রাজিতের প্রাণ

তৈলদ্রোণ্যাং মৃতং প্রাস্য জগাম গজসাহ্বয়ম্।
কৃষ্ণায় বিদিতার্থায় তপ্তাচাখ্যৌ পিতুর্বধম্ ॥৮
তদাকর্ণ্যেশ্বরৌ রাজন্ননুসৃত্য নৃলোকতাম্।
অহো নঃ পরমং কষ্টমিত্যস্রাক্ষৌ বিলেপতুঃ ॥৯
আগত্য ভগবাংস্তস্মাৎ সভার্য্যঃ সাগ্রজঃ পুরম্।
শতধন্বানমারেভে হন্তুং হর্তুং মণিং ততঃ ॥১০

ততঃ মৃতং পিতরং তৈলদ্রোণ্যাং তৈলপূর্ণকটাহে প্রাস্য নিধায়, গজসাহ্বয়ং (গজেন সহিতম্ আহ্বয়ং নাম যস্য তৎ হস্তিনাপুরং) জগাম, তথা বিদিতার্থায় সর্বজ্ঞায় অপি কৃষ্ণায় তপ্তা সন্তপ্তা সা সত্যভামা পিতুঃ বধম্ আচখ্যৌ বর্ণয়ামাস ॥৮

হে রাজন্! তৎ সত্রাজিন্মরণম্ আকর্ণ্য ঈশ্বরৌ অপি রাম-কৃষ্ণৌ নৃলোকতাম্ অনুসৃত্য নরলীলাম্ অভিনয়ন্তৌ, অস্রাক্ষৌ অশ্রুপূর্ণনেত্রৌ সন্তৌ অহো নঃ অস্মাকং পরমং কষ্টং দুঃখম্ আপন্নম্ ইত্যেবং বিলেপতুঃ ॥৯

সভার্য্যঃ সত্যভামাসহিতঃ, সাগ্রজঃ বলদেব সহিতঃ চ ভগবান্ কৃষ্ণঃ ততঃ হস্তিনাপুরাৎ দ্বারকাম্ আগত্য তস্মাৎ শতধন্বনঃ মণিং হর্তুং তং শতধন্বানং হন্তুম্ আরেভে উদ্যতঃ

বধ করিয়া স্যমন্তক মণি লইয়া প্রস্থান করিল।৬

জনকের নিধন দর্শনে সত্যভামা শোকে ও দুঃখে বিহ্বল হইয়া পড়িলেন এবং হে তাত! আমাদিগকে শোকসাগরে নিক্ষেপ করিয়া আপনি কোথায় গমন করিলেন ইত্যাদি বিবিধ কাতরোক্তির উল্লেখে মধ্যে মধ্যে হাহাকার ধ্বনি করিতে লাগিলেন।৭

পরে কথঞ্চিৎ ধৈর্য্য অবলম্বন করিয়া এতাদৃশ হত্যাকাণ্ডের ব্যাপার শ্রীকৃষ্ণকে অবগত করান বিশেষ প্রয়োজন মনে করত পিতার অন্ত্যেষ্টিক্রিয়াদি না করিয়াই তদীয় মৃতদেহ তৈলকটাহে নিক্ষিপ্ত রাখিয়া স্বয়ং হস্তিনাপুরে গমন করিলেন এবং অতীব সন্তপ্তচিত্তে সর্ব্বজ্ঞ শ্রীকৃষ্ণের সন্নিধানে উপনীত হইয়া পিতার মৃত্যুসংবাদ তাঁহাকে প্রদান করিলেন।৮

রাম-কৃষ্ণ সর্ব্বজ্ঞ পরমপুরুষ হইলেও সত্যভামার মুখে তদীয় পিতার নিধন-বার্ত্তা শ্রবণ করিয়া সাধারণ মানবতুল্য আচরণের প্রদর্শনে "অহো! আমাদের

সোঽপি কৃষ্ণোদ্যমং জ্ঞাত্বা ভীতঃ প্রাণপরীপ্সয়া।
সাহায্যে কৃতবর্ম্মাণমযাচত স চাব্রবীৎ ॥১১
নাহমীশ্বরয়োঃ কুর্য্যাং হেলনং রাম-কৃষ্ণয়োঃ।
কো নু ক্ষেমায় কল্পেত তয়োর্বৃজিনমাচরন্ ॥১২
কংসঃ সহানুগোঽপীতো যদ্দ্বেষাৎ ত্যাজিতঃ শ্রিয়া।
জরাসন্ধঃ সপ্তদশ সংযুগান্ বিরথো গতঃ ॥১৩

বভূব ॥১০

সঃ শতধন্বা অপি কৃষ্ণস্য উদ্যমং জ্ঞাত্বা প্রাণপরীপ্সয়া প্রাণরক্ষণেচ্ছয়া কৃতবর্ম্মাণং সাহায্যং অযাচত। স চ কৃতবর্ম্মা ইদম্ অব্রবীৎ যৎ ॥১১

অহম্ ঈশ্বরয়োঃ রাম-কৃষ্ণয়োঃ হেলনং প্রতিকূলং ন কুর্য্যাম্; তয়োঃ বৃজিনম্ অপরাধম্ আচরন্ কুর্ব্বন্ কঃ নু পুমান্ ক্ষেমায় কল্পেত ক্ষেমং প্রাপ্নুয়াৎ ॥১২

যদ্দ্বেষাৎ (যস্য কৃষ্ণস্য দ্বেষাৎ) সহানুগঃ (অনুগৈঃ ভ্রাতৃভিঃ সহিতঃ) কংসঃ শ্রিয়া ত্যাজিতঃ সন্ অপীতঃ অপ্যয়ং নাশং প্রাপ্তঃ, তথা জরাসন্ধঃ অপি সপ্তদশ-সংযুগাৎ বিরথঃ শরীরমাত্রাবশিষ্টঃ গতঃ ॥১৩

কি বিষম দুর্দ্দৈব উপস্থিত হইল" ইত্যাদি শোকোক্তির প্রকাশে অশ্রুপূর্ণ-লোচনে উভয়েই বিলাপ করিতে লাগিলেন।৯

পরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেব ও সত্যভামাকে সঙ্গে লইয়া হাস্তিনাপুর হইতে দ্বারকায় আগমন করিলেন এবং শতধন্বাকে বধ করত তাহার নিকট হইতে মণি সংগ্রহের চেষ্টা করিতে লাগিলেন।১০

এদিকে শতধন্বাও বাসুদেবের তাদৃশ অভিপ্রায় অবগত হইয়া স্বীয় জীবনরক্ষার বাসনায় কৃতবর্ম্মার নিকট সাহায্য প্রার্থনা করিল, কিন্তু কৃতকর্ম্মা তাহা উপেক্ষা করত বলিল যে।১১

আমি সাক্ষাৎ জগদীশ্বর-তুল্য রামকৃষ্ণের প্রতিকূলে কখন তোমার কোন সাহায্য করিব না। কারণ তাঁহাদিগের নিকট অপরাধী হইয়া জগতে কে মঙ্গল লাভের প্রত্যাশা করিতে পারে?১২

প্রত্যাখ্যাতঃ স চাক্রূরং পার্ষ্ণিগ্রাহমযাচত।
সোঽপ্যাহ কো বিরুধ্যেত বিদ্বানীশ্বরয়োর্বলম্ ॥১৪
য ইদং লীলয়া বিশ্বং সৃজত্যবতি হন্তি চ।
চেষ্টাং বিশ্বসৃজো যস্য ন বিদুর্মোহিতাজয়া ॥১৫
যঃ সপ্তহায়নঃ শৈলমুৎপাট্যৈকেন পাণিনা।
দধার লীলয়া বাল উচ্ছিলীন্ধ্রমিবার্ভকঃ ॥১৬

এষঃ কৃতবর্ম্মণা প্রত্যাখ্যাতঃ শতধন্বা অক্রূরঃ পার্ষ্ণিগ্রাহঃ চরণধারণপূর্ব্বকং সাহায্যার্থম্ অযাচত। সঃ অক্রূরঃ অপি ঈশ্বরয়োঃ বলং জানন্ সন্, কঃ পুমান্ তাভ্যাং সহ বিরুধ্যেত ইতি আহ ॥১৪

যঃ লীলয়া অনায়াসেন সংকল্পমাত্রেণৈব ইদং বিশ্বং সৃজতি, অবতি রক্ষতি, হন্তি চ, যস্য চেষ্টাং বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ অপি অজয়া মায়য়া মোহিতাঃ সন্তঃ ন বিদুঃ ন জানন্তি ॥১৫

অর্ভকঃ বালঃ যথা উচ্ছিলীন্ধ্রং ছত্রাকং ধরতি, তথা সপ্তহায়নঃ সপ্তবর্ষীয়ঃ বালঃ এব যঃ শ্রীকৃষ্ণঃ শৈলং গোবর্দ্ধনম্ উৎপাট্য লীলয়া অনায়াসেন এব একেন পাণিনা দধার ॥১৬ .

দেখ! প্রবল-প্রতাপ মহারাজ কংস শ্রীকৃষ্ণের সহিত বিরুদ্ধাচরণ করিয়া রাজ্যভ্রষ্ট হইলেন এবং ভ্রাতৃগণ ও অনুচরবর্গ সহ অবশেষে নিহতও হইয়াছেন। বিপুলবিক্রম জরাসন্ধ রাম-কৃষ্ণের সহিত যুদ্ধ করিতে গিয়া সপ্তদশ বার পরাস্ত হইয়াছেন। এমনকি প্রত্যেকবার পরাস্ত সৈন্য সামন্তের নিধনে কেবল একাকী প্রাণ লইয়া পলায়ন করিয়াছেন।১৩

কৃতবর্ম্মার নিকট প্রত্যাখ্যাত হইয়া শতধন্বা অক্রূরের চরণধারণ করত সাহায্য প্রার্থনা করিল, কিন্তু অক্রূরও তাঁহার কথায় কর্ণপাত করিলেন না বরং বলিলেন যে, রাম-কৃষ্ণের প্রভাব যাঁহারা পরিজ্ঞাত আছেন, তাঁহারা কখন তোমার সাহায্যার্থ তাঁহাদের বিরুদ্ধে দণ্ডায়মান হইবেন না।১৪

অহো! যিনি অবলীলাক্রমে স্বীয় বৈষ্ণবী মায়ার প্রভাবে এই বিশ্বসংসারের সৃষ্টি, স্থিতি ও

নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়াদ্ভুতকর্ম্মণে।
অনন্তায়াদিভূতায় কূটস্থায়াত্মনে নমঃ ॥১৭
প্রত্যাখ্যাতঃ স তেনাপি শতধন্বা মহামণিম্।
তস্মিন্ ন্যস্যাশ্বমারুহ্য শতযোজনগং যযৌ ॥১৮
গরুড়ধ্বজমারুহ্য রথং রাম-জনার্দ্দনৌ।
অন্বয়াতাং মহাবেগৈরশ্বৈ রাজন্ গুরুদ্রুহম্ ॥১৯

তস্মৈ অনন্তায় অপরিচ্ছিন্নায়, আদিভূতায় সর্ব্বকারণায়, কূটস্থায় স্বরূপতঃ স্বভাবতশ্চ নির্ব্বিকারায়, আত্মনে সর্ব্বান্তর্য্যামিণে অদ্ভুতকর্ম্মণে (অদ্ভুতং দেবমনুষ্যাদিষু অসম্ভাবিতং কর্ম্ম যস্য তস্মৈ) ভগবতে ষড়ৈশ্বর্য্যপূর্ণায় কৃষ্ণায় নমঃ নমঃ ইতি ॥১৭

তেন অক্রূরেণ এবং প্রত্যাখ্যাতঃ সঃ শতধন্বা মহামণিং ন্যস্তকং তস্মিন্ অক্রূরে এব ন্যস্য অক্রূরাধীনং কৃত্বা, শত-যোজনম্ (শতযোজনং গচ্ছতি ইতি তম্) অশ্বম্ আরুহ্য যযৌ অপালয়ত ॥১৮

হে রাজন্! মহাবেগৈঃ অশ্বৈঃ যুক্তং গরুড়ধ্বজং (গরুড়ঃ ধ্বজে যস্য তং) রথম্ আরুহ্য রাম-কৃষ্ণৌ তং গুরুদ্রুহং শ্বশুরহন্তারং শতধন্বানম্ অন্বয়াতাম্ অনুগচ্ছতাম্ ॥১৯

সংহার কার্য্য সাধিত করিতেছেন। অহো! যাঁহার মায়ায় মোহিত হইয়া বিশ্ববিধাতা ব্রহ্মাদিগণও যে শ্রীকৃষ্ণের উদ্যম অবগত হইতে পারেন না।১৫

যিনি কেবল সপ্তমবর্ষীয় বালকাবস্থায় বিপুল গোর্দ্ধবন পর্ব্বতকে উৎপাটন করিয়া বালক যেমন অবলীলাক্রমে ছত্রাক ধারণ করে, সেইরূপ কেবল বামকরে অবলীলাক্রমে ধারণ করিয়াছিলেন।১৬

তিনি অনাদি ও অনন্ত, সমগ্র সংসার তাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, অথচ তিনি নিত্যরঞ্জন ও নির্ব্বিকার। তিনি অন্তর্য্যামিরূপে সকলের অন্তরে নিরন্তর বিরাজ করিতেছেন, তিনি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ। তাঁহার অনুকূল বা প্রতিকূলে আচরণ করিবার প্রত্যাশা করা দূরে থাকুক কেবল প্রণাম মাত্র করিবার আমরা অধিকারী।১৭

অক্রূর কর্ত্তৃক এই প্রকারে উপেক্ষিত হইয়া

মিথিলায়ামুপবনে বিসৃজ্য পতিতং হয়ম্।
পদ্ভ্যামধাবৎ সন্ত্রস্তঃ কৃষ্ণোঽপ্যন্বদ্রবদ্ রুষা ॥২০
পদাতের্ভগবাংস্তস্য পদাতিস্তিগ্মনেমিনা।
চক্রেণ শির উৎকৃত্য বাসসোর্ব্যচিনোন্মণিম্ ॥২১
অলব্ধমণিরাগত্য কৃষ্ণ আহাগ্রজান্তিকম্।
বৃথা হতঃ শতধনুর্মণিস্তত্র ন বিদ্যতে ॥২২

মিথিলায়াম্ উপবনে পতিতং মৃতং হয়ং বিসৃজ্য সন্ত্রস্তঃ শতধন্বা পদ্ভ্যাম্ এব অধাবৎ। কৃষ্ণঃ অপি রুষাঃ ক্রোধেন তম্ অন্বদ্রবৎ অন্বধাবৎ ॥২০

পদাতিঃ পদ্ভ্যাম্ এব গচ্ছন্ ভগবান্ পদাতেঃ ধাবতঃ তস্য শতধন্বনঃ শিরং তিগ্মনেমিনা তীক্ষ্ণধারেণ চক্রেণ উৎকৃত্য ছিত্বা বাসসঃ অন্তরে মণিং ব্যচিনোৎ অন্বেষয়ামাস ॥২১

ততঃ অলব্ধমণিঃ (ন লব্ধঃ মণিঃ যেন সঃ) কৃষ্ণঃ অগ্রজান্তিকম্ (অগ্রজস্য বলভদ্রস্য অন্তিকং সমীপম্) আগত্য শতধনুঃ বৃথা হতঃ, তত্র মণিঃ ন বিদ্যতে ইতি আহ ॥২২

শতধন্বা কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় স্যমন্তক মণি অক্রূরের নিকট গচ্ছিত রাখিয়া শতযোজনগামী এক অশ্বে আরোহণ পূর্ব্বক তথা হইতে প্রাণভয়ে পলায়ন করিল।১৮

হে রাজন্! এদিকে রাম-কৃষ্ণ অতি দ্রুতগামী অশ্বচতুষ্টয়ে সংযোজিত গরুড়ধ্বজ রথে আরোহণ পূর্ব্বক শ্বশুরহন্তা শতধন্বার পশ্চাদ্ধাবন করিলেন।১৯

প্রাণভয়ে পলায়ন-করত শতধন্বা যখন মিথিলায় উপবন-মধ্যে প্রবেশ করিল, তখন তাহার অশ্ব নিতান্ত শ্রান্ত হইয়া ভূমিতলে পড়িয়া মরিয়া গেল। শতধন্বা তখন মৃত অশ্বকে পরিত্যাগ করিয়া পদব্রজেই পলায়ন করিতে লাগিল। শ্রীকৃষ্ণও ক্রোধে আরক্ত-লোচন হইয়া পদব্রজেই তাহার পশ্চাদ্ধাবন করিলেন।২০

এই প্রকারে উভয়ে ধাবিত হইতে হইতে শ্রীকৃষ্ণ তীক্ষ্ণধার চক্রের দ্বারা শতধন্বার মস্তক ছেদন করিলেন এবং (মণি যে শতধন্বার কাছে ছিল না তাহা শ্রীকৃষ্ণ জানিতেন, তথাপি, বলরামেরচিত্ত বিনোদনার্থ) শতধন্বার বস্ত্রান্তরে মণি অন্বেষণ করিতে লাগিলেন।২১

অনন্তর মণি না পাইয়া অগ্রজসন্নিধানে আগমন করত বলিলেন যে, শতধন্বাকে নিরর্থক বধ করা হইয়াছে; কারণ, মণি ত তাহার নিকট পাইলাম না।২২

তত আহ বলো নূনং স মণিঃ শতধন্বনা।
কস্মিংশ্চিৎ পুরুষে ন্যস্তস্তমন্বেষ পুরং ব্রজ ॥২৩
অহং বৈদেহমিচ্ছামি দ্রষ্টুং প্রিয়তমং মম।
ইত্যুক্ত্বা মিথিলাং রাজন্ বিবেশ যদুনন্দনঃ ॥২৪
তং দৃষ্ট্বা সহসোত্থায় মৈথিলঃ প্রীতমানসঃ।
অর্হয়ামাস বিধিবদর্হণীয়ং সমর্হণৈঃ ॥২৫

ততঃ বলঃ বলদেবঃ আহ যৎ, নূনং নিশ্চিতং শতধন্বনা কস্মিংশ্চিৎ পুরুষে সঃ মণিঃ ন্যস্তঃ। অতঃ তং মণিম্ অন্বেষ অন্বেষয়, পুরং দ্বারকাং ব্রজ গচ্ছ ॥২৩

অহং তু মম প্রিয়তমং বৈদেহং মিথিলাপতিং জনকং দ্রষ্টুম্ ইচ্ছামি ইতি শ্রীকৃষ্ণম্ উক্ত্বা হে রাজন্। যদুনন্দনঃ বলভদ্রঃ মিথিলাং বিবেশ ॥২৪

তং রামং দৃষ্ট্বা প্রীতিমানসঃ মৈথিলঃ সহসা উত্থায় অর্হণীয়ং পূজার্হং তং রামং সমর্হণৈঃ পূজাসাধনৈঃ যথাবিধি অর্হয়ামাস পূজয়ামাস ॥২৫

এতৎ শ্রবণে বলরাম বলিলেন যে, তাহা হইলে অবশ্য অন্য কাহারও নিকট মণি রাখিয়া আসিয়াছে। দ্বারকায় গমন কর এবং তথায় মণি সন্ধান কর।২৩

আমি কিন্তু এক্ষণে আর দ্বারকায় যাইব না, আমার প্রিয়তম বিদেহপতি জনকরাজকে আমি দেখিতে যাইব। হে নরনাথ! এই বলিয়া বলভদ্র মিথিলায় গমন করিলেন।২৪

বলরামকে আগমন করিতে অবলোকন করিয়া মিথিলাধিপতির আর আনন্দের সীমা রহিল না। তিনি তৎক্ষণাৎ সিংহাসন হইতে গাত্রোত্থান করত পূজার্থ বিবিধ দ্রব্যসামগ্রী হস্তে লইয়া বলরামের যথোচিত অভ্যর্থনা করিলেন।২৫

উবাস তস্যাং কতিচিন্মিথিলায়াং সমা বিভুঃ।
মানিতঃ প্রীতিযুক্তেন জনকেন মহাত্মনা।
ততোঽশিক্ষদ্‌গদাং কালে ধার্তরাষ্ট্রঃ সুযোধনঃ॥২৬
কেশবো দ্বারকামেত্য নিধনং শতধন্বনঃ।
অপ্রাপ্তিঞ্চ মণেঃ প্রাহ প্রিয়ায়াঃ প্রিয়কৃদ্ বিভুঃ॥২৭
ততঃ স কারয়ামাস ক্রিয়া বন্ধোর্হতস্য বৈ।
সাকং সুহৃদ্ভির্ভগবান্ যা যাঃ স্যুঃ সাম্পরায়িকাঃ॥২৮

বিভুঃ বলভদ্রঃ চ তস্যাং মিথিলায়াং প্রীতিযুক্তেন মহাত্মনা জনকেন মানিতঃ সন্ কতিচিৎ সমাঃ দিবসান্ উবাস। ততঃ বলভদ্রাৎ ধার্তরাষ্ট্রঃ ধৃতরাষ্ট্রপুত্রঃ সুযোধনঃ কালে লব্ধে অবসরে গদাং গদাযুদ্ধম্ অশিক্ষৎ॥২৬

প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ প্রিয়কৃৎ বিভুঃ সর্ব্বথা সর্ব্বকরণে সমর্থঃ কেশবঃ কৃষ্ণঃ দ্বারকাম্ এত্য শতধন্বনঃ নিধনং তথা মণেঃ অপ্রাপ্তিং চ প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ প্রাহ॥২৭

ততঃ চ যাঃ যাঃ সাম্পরায়িকাঃ পরলোকহিতকারিণ্যঃ ক্রিয়াঃ স্যুঃ ভবন্তি, তাঃ সর্ব্বাঃ হতস্য বন্ধোঃ শ্বশুরস্য সত্রাজিতঃ ক্রিয়াঃ সঃ ভগবান্ সুহৃদ্ভিঃ সাকং কারয়ামাস॥২৮

অক্রূরঃ কৃতবর্ম্মা চ যৌ শতধনোঃ বধং শ্রুত্বা (আত্মনো সত্রাজিদ্‌বধে মণিহরণার্থং শতধন্বনঃ) প্রযোজকৌ প্রবর্ত্তকৌ

সঙ্কর্ষণও মহামনা মিথিলাপতির আদরাতিশয়ে পরিতৃপ্ত হইয়া কিছুকাল সেই স্থানেই বাস করিলেন। এদিকে ধৃতরাষ্ট্রনন্দন সুযোধন উত্তম অবসর দেখিয়া বলরামের নিকট এই সুযোগে গদাযুদ্ধ শিক্ষা করিলেন।২৬

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ সত্যভামার মনোবিনোদনার্থ দ্বারকায় উপস্থিত হইয়া শতধন্বার নিধনবার্ত্তা ও ও স্যমন্তক মণির অপ্রাপ্তি-সংবাদ প্রিয়তমা ভার্য্যা সত্যভামাকে প্রদান করিলেন।২৭

এবং শ্বশুর সত্রাজিতের পরলৌকিক যে সকল কার্য্য সম্পাদন করিতে অবশিষ্ট ছিল, তাহার জ্ঞাতি ও বন্ধুগণের দ্বারা সে সমস্ত সম্পাদন করাইলেন।২৮

অক্রূরঃ কৃতবর্ম্মা চ শ্রুত্বা শতধনোর্বধম্।
ব্যূষতুর্ভয়বিত্রস্তৌ দ্বারকায়াঃ প্রযোজকৌ॥২৯

অক্রূরে প্রোষিতেঽরিষ্টান্যাসন্ বৈ দ্বারকৌকসাম্।
শরীরা মানসাস্তাপা মুহুর্দৈবিক-ভৌতিকাঃ॥৩০

ইত্যঙ্গোপদিশন্ত্যেকে বিস্মৃত্য প্রাগুদাহৃতম্।
মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনম্॥৩১

ময়া ভয়বিত্রস্তৌ সন্তৌ দ্বারকায়াঃ সকাশাৎ ব্যূষতুঃ দেশান্তরং গতৌ॥২৯

অক্রূরে প্রোষিতে দেশান্তরে গতে সতি দ্বারকাবাসিনাং শরীরাঃ তাপাঃ ব্যাধয়ঃ, মানসাঃ আধয়ঃ, দৈবিকাঃ দেবকর্ত্তৃকাঃ অনাবৃষ্ট্যাদয়ঃ, ভৌতিকাঃ সর্প-মনুষ্যাদিজন্যাঃ বিবিধাঃ অরিষ্টাঃ মুহুঃ আসন্॥৩০

হে অঙ্গ রাজন্! একে অভিজ্ঞাভিমানিনঃ পরমার্থদর্শিনোঽপি প্রাগুদাহৃতং ভগবতো বীর্য্যবিভাগং মণিসামর্থ্যং বা বিস্মৃত্য স্বয়ং ভ্রান্তাঃ সন্তঃ একদেশপর্য্যবসিতমতয়ঃ অন্যান্ উপদিশন্তি। উভয়ত্রাপি ভগবদিচ্ছা এব হেতুঃ। যতঃ মুনীনাং বাসঃ যস্মিন্ সঃ মুনিবাসঃ শ্রীকৃষ্ণঃ তস্য নিবাসে সতি অক্রূরাপগমনমাত্রেণারিষ্টদর্শনং কিং ঘটেত?৩১

কিন্তু অক্রূর ও কৃতবর্ম্মা যখন শ্রবণ করিলেন যে, শ্রীকৃষ্ণ শ্বশুরহন্তা শতধন্বার প্রাণ বিনাশ করিয়াছেন, তখন তাঁহারাও আপনাদিগকে তাদৃশ কার্য্যের প্রবর্ত্তক বিবেচনায় নিজেরা নিতান্ত ভীত হইলেন এবং ব্যাকুলহৃদয়ে দ্বারকা পরিত্যাগ করিয়া দেশান্তরে পলায়ন করিলেন।২৯

অক্রূর দেশান্তরে গমন করিলে দ্বারকায় নানাপ্রকারের উৎপাত আরম্ভ হইল। শারীরিক ব্যাধি; মানসিক সন্তাপ, দৈব-দুর্ব্বিপাক-বশতঃ নানাবিধ অনাবৃষ্টি প্রভৃতি এবং সর্পচৌরাদিজনিত বিচিত্র অরিষ্টসমূহ বারংবার তথায় উপস্থিত হইতে লাগিল।৩০

হে রাজন্! অনেক জ্ঞানাভিমানী এবং পরমার্থ

দেবেঽবর্ষতি কাশীশঃ শ্বফল্কায়াগতায় বৈ।
স্বসুতাং গান্দিনীং প্রাদাত্ততোঽবর্ষৎ স্ম কাশিষু ॥৩২
তৎসুতস্তৎপ্রভাবোঽসাবক্রূরো যত্র যত্র হ।
দেবোঽভিবর্ষতে তত্র নোপতাপা ন মারিকাঃ ॥৩৩
ইতি বৃদ্ধবচঃ শ্রুত্বা নৈতাবদিহ কারণম্।
ইতি মত্বা সমানায্য প্রাহাক্রূরং জনার্দ্দনঃ ॥৩৪

কাশিষু কাশিদেশেষু দেবে পর্জ্জন্যে অবর্ষতি সতি কাশীশঃ তদ্দেশাধিপতিঃ তত্র আগতায় শ্বফল্কায় স্বসুতাং গান্দিনীং প্রাদাৎ, ততঃ কন্যাদানাৎ অনন্তরং তদ্দেশেষু বৈ পর্জ্জন্যঃ অবর্ষৎ ॥৩২

অসৌ তস্য শ্বফল্কস্য সুতঃ অক্রূরঃ অপি তস্য তুল্যপ্রভাবঃ, অতঃ সঃ যত্র যত্র বসতি, তত্র তত্র দেবঃ অভিবর্ষতে; তত্র শারীরাদ্যুপতাপাঃ, মারিকাঃ অকালমৃত্যুহেতবশ্চ ন ভবন্তি ॥৩৩

যদ্যপি ইহ উৎপাতে এতাবৎ অক্রূরাপগমমাত্রং কারণং ন ভবতি, তথাপি ইতি এবম্ভূতম্ অক্রূরমহিমপ্রতিপাদকং বৃদ্ধবচঃ বৃদ্ধাভিমানিনাং বচঃ শ্রুত্বা সত্যমেবম্ ইতি মত্বা দূতৈঃ অক্রূরং সমানায্য জনার্দ্দনঃ শ্রীকৃষ্ণঃ তং প্রাহ ॥৩৪

দর্শী ব্যক্তিও পূর্ব্ববর্ণিত ভগবানের বীর্য্যপ্রভাব বা মণির সামর্থ্য বিস্মৃত হইয়া একদেশদর্শী প্রান্তের ন্যায় অক্রূরের অনুপস্থিতিকেই অনিষ্টের কারণ বলিয়া নির্দ্দেশ করিলেন বটে, কিন্তু ভগবানের ইচ্ছাই যে সর্ব্বত্র মূল কারণ, তাহা কেহই নির্ব্বাচনে সমর্থ হইল না। কারণ যাবদীয় মুনিগণের বাসমন্দির সাক্ষাৎ পরমপুরুষ ভগবান্ যে স্থানে নিত্য বিরাজ করেন, সে স্থানে কেবল এক অক্রূরের অনুপস্থিতিতে অরিষ্টদর্শন ঘটা কিরূপে সঙ্গত হইতে পারে?৩১

এদিকে কাশীদেশে যখন অনাবৃষ্টি আরম্ভ হয়, তখন মহারাজ কাশীপতি শ্বফল্ককে স্বীয় দেশে আনয়ন করিয়া স্বকীয় কন্যা গান্দিনীকে তাঁহার করে সমর্পণ করেন। শ্বফল্কের সহিত স্বীয় কন্যার বিবাহ দিবার পর হইতেই সেই রাজ্যে প্রচুর বারিবর্ষণ হইয়াছিল।৩২

পূজয়িত্বাভিভাষ্যৈনং কথয়িত্বা প্রিয়াঃ কথাঃ।
বিজ্ঞাতাখিলচিত্তজ্ঞঃ স্ময়মান উবাচ হ ॥৩৫
নন্বু দানপতেন্যস্তস্ত্বয্যাস্তে শতধন্বনা।
স্যমন্তকো মনিঃ শ্রীমান্ বিদিতঃ পূর্ব্বমেব নঃ ॥৩৬
সত্রাজিতোঽনপত্যত্বাদ্ গৃহ্ণীয়ুর্দুহিতুঃ সুতাঃ।
দায়ং নিনীয়াপঃ পিণ্ডম্ বিমুচ্যর্ণঞ্চ শেষিতম্ ॥৩৭

আগতম্ এনম্ অক্রূরং পূজয়িত্বা তথা অস্যাঃ প্রিয়াঃ কথাঃ কথয়িত্বা অভিভাষ্য সম্বোধ্য, স্ময়মানঃ হসন্ এব যতঃ বিজ্ঞাতাখিলচিত্তজ্ঞঃ (বিজ্ঞাতম্ অখিলং যেন সঃ বিজ্ঞাতাখিলং স চাসৌ চিত্তং জানাতি যঃ স চিত্তজ্ঞশ্চেতি) কৃষ্ণঃ উবাচ।৩৫

হে দানপতে! নন্বু নিশ্চিতম্ এতৎ, শতধন্বনা ন্যস্তঃ স্যমন্তকঃ মণিঃ ত্বয়ি আস্তে, সঃ চ শ্রীমান্ মণিঃ নঃ অস্মাকম্ ইতি পূর্ব্বম্ এব বিদিতঃ ॥৩৬

অনপত্যত্বাৎ অপুত্রকত্বাৎ সত্রাজিতঃ দুহিতুঃ সত্যভামায়াঃ সুতাঃ অপঃ তিলোদকানি, পিণ্ডান্ চ নিনীয় দত্ত্বা ঋণং বিমুচ্য অপাকৃত্য অবশেষিতং দায়ং ধনং গৃহ্ণীয়ুঃ ॥৩৭

অক্রূর এই শ্বফল্কের পুত্র এবং তত্তুল্য প্রভাবশালী। সুতরাং যখন যে স্থানে তিনি বাস করিতেন ভগবান্ পুরন্দর তখন সেই স্থানেই প্রচুর পরিমাণে সুবৃষ্টি প্রদান করিতেন এবং শরীর সম্বন্ধীয় উপতাপ বা অকালমৃত্যু প্রভৃতি কোনরূপ উৎপাত সেস্থানে কখনই উপস্থিত হইত না।৩৩

অক্রূর দেশান্তরে গমন করাতে যদিও প্রকৃত প্রস্তাবে দ্বারকায় মহামারীভয় প্রভৃতি উৎপাতসমূহ উপস্থিত হয় নাই বটে, তথাপি জ্ঞানাভিমানী প্রাচীন ব্যক্তিগণের ঐ প্রকার অক্রূরের মহিমা প্রকাশক উক্তিসমূহ শ্রবণ করিয়া ভগবান্ জনার্দ্দন দূতের দ্বারা অক্রূরকে নিজ সমীপে আনয়নকরত প্রথমতঃ যথোচিত সৎকার ও অভিবাদন পূর্ব্বক অন্যান্য প্রিয় কথা অনেক বলিলেন এবং পরে সর্ব্বজ্ঞ ও সর্ব্বান্তর্য্যামীর ন্যায় হাসিতে হাসিতে অক্রূরকে

তথাপি দুর্দ্ধরস্ত্বন্যৈস্ত্বয্যাস্তাং সুব্রতে মণিঃ।
কিন্তু মামগ্রজঃ সম্যঙ্ন প্রত্যেতি মণিং প্রতি ॥৩৮

দর্শয়স্ব মহাভাগ বন্ধূনাং শান্তিমাবহ।
মখাস্তেঽদ্য বর্ত্তন্তে রুক্মবেদয়ঃ ॥৩৯

তথাপি মৎ পুত্রগ্রাহ্যত্বে অপি অন্যৈঃ দুর্দ্ধরঃ মণিঃ সুব্রতে ধারণযোগ্যে ত্বয়ি আস্তাম্, কিন্তু অগ্রজঃ রামঃ মণিং প্রতি মাং ন সম্যক্ প্রত্যেতি বিশ্বসিতি ॥৩৮

অতঃ হে মহাভাগ! মণিং দর্শয়! বন্ধূনাং শান্তিং চিত্ত-সমাধানম্ আবহ সম্পাদয়! মণিঃ নাস্তি ইতি মা বদ; যতঃ রুক্মবেদয়ঃ অব্যুচ্ছিন্নাঃ সন্ততাঃ মখাঃ যজ্ঞাঃ তে অদ্য বর্ত্তন্তে, অতঃ ত্বয়ি এব ইদানীং মণিঃ অস্তি ইতি অনুমিনোমি ॥৩৯

সম্বোধন করত বলিলেন।৩৪-৩৫

সম্প্রতি আপনার ন্যায় ধনদাতা আর কাহাকেও নয়নগোচর হয় না। আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, শতধন্বা পলায়ন করিবার সময় স্যমন্তক মণি আপনার নিকটেই গচ্ছিত রাখিয়া গিয়াছে। উহা যে প্রতিদিন অষ্টভার সুবর্ণ প্রসব করে, তাহা আমি বিলক্ষণ জানি। ঐ মণি সম্প্রতি আপনার নিকটই রহিয়াছে, সুতরাং তাহারই প্রসাদে আপনার এত দানসামর্থ্য লক্ষিত হইয়াছে।৩৬

সত্রাজিতের পুত্র ছিল না, সুতরাং তাঁহার কন্যা সত্যভামার পুত্রগণই মাতামহকে জলপিণ্ড প্রদানে ও তাঁহার ঋণ পরিশোধপূর্ব্বক যাবদীয় ধনেরই অধিকারী হইয়াছে। কিন্তু স্যমন্তক মণি তাহাদের মাতামহ-সম্পত্তি হইলেও আমার সেই পুত্রগণ তাহা লাভ করিতে পারে নাই। আর দেখ! সাধারণ লোক কেহ ঐ মণি ধারণ করিতেও পারে না, তবে আপনি বিশেষ সত্যনিষ্ঠ ও ধার্ম্মিক সেই নিমিত্তই তাহা ধারণে সমর্থ হইয়াছেন। এক্ষণে উহা আপনার নিকটেই থাকুক্।

এবং সামভিরালব্ধঃ শ্বফল্কতনয়ো মণিম্।
আদায় বাসসাচ্ছন্নং দদৌ সূর্য্যসমপ্রভম্ ॥৪০

স্যমন্তকং দর্শয়িত্বা জ্ঞাতিভ্যো রজ আত্মনঃ।
বিমৃজ্য মণিনা ভূয়স্তস্মৈ প্রত্যর্পয়ৎ প্রভুঃ ॥৪১

এবং সামভিঃ সামোক্তিভিঃ আলব্ধঃ উক্তঃ শ্বফল্কতনয়ঃ অক্রূরঃ বাসসা আচ্ছন্নং সূর্য্যসমপ্রভং মণিম্ আদায় কৃষ্ণায় দদৌ ॥৪০

বিভুঃ স্বতন্ত্রঃ শ্রীকৃষ্ণঃ জ্ঞাতিভ্যঃ রামাদিভ্যঃ স্যমন্তকং দর্শয়িত্বা তেন মণিনা আত্মনঃ রজঃ মিথ্যাপবাদং বিমৃজ্য অপনুদ্য ভূয়ঃ তস্মৈ অক্রূরায় মণিং প্রত্যর্পয়ৎ দদৌ ॥৪১

তবে আমার অগ্রজ বলদেব মণিসম্বন্ধীয় মদীয় কথায় বিশ্বাস করিতেছেন না। অতএব হে মহাভাগ আপনি একবার সেই মণিটি বন্ধুগণ সমীপে প্রদর্শন করাইয়া তাঁহাদের চিত্তে সন্তোষ প্রদান করুন। আপনার নিকট মণি নাই বলা নিতান্ত অসঙ্গত হইবে। কারণ সুবর্ণময় বেদিকাবিশিষ্ট অসংখ্য যজ্ঞ এযাবৎ আপনি কাহার প্রসাদে তবে নিষ্পন্ন করিতেছেন? এতাদৃশ যজ্ঞের অনুষ্ঠান দর্শনে স্পষ্টই অনুমান হইতেছে যে, মণি সম্প্রতি আপনার নিকটই রহিয়াছে।৩৭-৩৯

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে যুক্তিযুক্ত ও নীতিপূর্ণ বাক্যে প্রবোধিত হইয়া শ্বফল্ক-নন্দন অক্রুর বস্ত্রান্তর হইতে বাহির করিয়া সেই সূর্য্যের ন্যায় প্রভাবিশিষ্ট অমূল্য মণি কৃষ্ণকে প্রদান করিলেন।৪০

বিভু শ্রীকৃষ্ণ মণি লইয়া বলরামাদি জ্ঞাতিবর্গকে প্রদর্শন করত নিজের মিথ্যাপবাদ নিবারণ করিলেন এবং পুনরায় তাহা সর্ব্বসমক্ষে অক্রূরকেই প্রত্যর্পণ করিলেন।৪১

যস্ত্বেতদ্ভগবত ঈশ্বরস্য বিষ্ণো
বীর্য্যাঢ্যং বৃজিনহরং সুমঙ্গলঞ্চ।
আখ্যানং পঠতি শৃণোত্যনুস্মরেদ্ বা
দুষ্কীর্ত্তিং দুরিতমপোহ্য যাতি শান্তিম্ ॥৪২

যঃ তু পুমান্ ভগবতঃ ঈশ্বরস্য বিষ্ণোঃ বীর্য্যাঢ্যং (বীর্য্যেণ প্রভাবেণ আঢ্যং যুক্তং) বৃজিনহরং পাপনিবারকং, সুমঙ্গলং পুণ্যজনকং চ আখ্যানং পঠতি শৃণোতি অনুস্মরেৎ বা, সঃ আত্মনঃ দুষ্কীর্ত্তিং তন্মূলং দুরিতং পাপং চ অপোহ্য নিরস্য শান্তিং যাতি জীবন্মুক্তো ভবতি ॥৪২

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥

যে ব্যক্তি বিশ্বব্যাপী ভগবান্ বিষ্ণুর এই অচিন্ত্যৈশ্বর্য্যের পরিচয়-স্বরূপ পাপহর এবং পুণ্যজনক এই অপূর্ব্ব আখ্যায়িকা শ্রবণ করেন বা পাঠ করেন এবং অন্যকে শ্রবণ করান, তিনি দুরিতমূলক দুষ্কীর্ত্তির নিবারণে ও অপার শান্তির অনুভবে জীবন্মুক্তি লাভ করেন।৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত সপ্তপঞ্চাশাধ্যায়ের
অনুবাদ সমাপ্ত।

অষ্টপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণকর্ত্তৃকং কালিন্দীপ্রভৃতীনাং পাণিগ্রহণম্।]

শ্রীবাদরায়ণিরুবাচ।
একদা পাণ্ডবান্ দ্রষ্টুং প্রতীতান্ পুরুষোত্তমঃ।
ইন্দ্রপ্রস্থং গতঃ শ্রীমান্ যুযুধানাদিভির্বৃতঃ ॥১

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। প্রতীতান্ (নষ্টান্ ইতি শ্রুতানপি পুনঃ দ্রুপদগেহে সর্ব্বৈঃ দৃষ্টান্) পাণ্ডবান্ দ্রষ্টুং যুযুধানাদিভিঃ (যুযুধানঃ সাত্যকিঃ আদিঃ যেষাং তৈঃ যদুভিঃ) বৃতঃ শ্রীমান্ পুরুষোত্তমঃ কৃষ্ণঃ একদা ইন্দ্রপ্রস্থং গতঃ ॥১

দৃষ্ট্বা তমাগতং পার্থা মুকুন্দমখিলেশ্বরম্।
উত্তস্থুর্যুগপদ্ বীরাঃ প্রাণা মুখ্যমিবাগতম্ ॥২

অন্বয়ঃ

পার্থাঃ পৃথাপুত্রাঃ যুধিষ্ঠিরাদয়ঃ বীরাঃ অখিলেশ্বরং তং মুকুন্দম্ আগতং দৃষ্ট্বা মুখ্যং পঞ্চবৃত্তিকং প্রাণম্ আগতং দৃষ্ট্বা প্রাণাঃ ইন্দ্রিয়াণি যথা যুগপৎ সচেষ্টানি ভবন্তি, তথা সর্ব্বে যুগপৎ উত্তস্থুঃ ॥২

অষ্টপঞ্চাশ অধ্যায়।

[শ্রীকৃষ্ণকর্ত্তৃক কালিন্দী প্রভৃতির পাণিগ্রহণ।]

বেদব্যাসাত্মজ শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! পাণ্ডবগণ জতুগৃহে দগ্ধ হইয়া মানবলীলা সংবরণ করিয়াছেন এইরূপই জনরব ছিল, কিন্তু দ্রুপদ রাজের গৃহে তাঁহারা বাস করিতেছেন, মরেন নাই এই কথা সকলে বলিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ সত্যকি প্রভৃতি যদুগণে পরিবৃত হইয়া তাঁহাদিগকে দেখিবার মানসে এক দিবস ইন্দ্রপ্রস্থে গমন করিলেন।১

পরিষ্বজ্যাচ্যুতং বীরা অঙ্গসঙ্গহতৈনসঃ।
সানুরাগস্মিতং বক্ত্রং বীক্ষ্য তস্য মুদং যযুঃ ॥৩

যুধিষ্ঠিরস্য ভীমস্য কৃত্বা পাদাভিবন্দনম্।
ফাল্গুনং পরিরভ্যাথ যমাভ্যাং চাভিবন্দিতঃ ॥৪

পরমাসন আসীনং কৃষ্ণা কৃষ্ণমনিন্দিতা।
নবোঢ়া ব্রীড়িতা কিঞ্চিচ্ছনৈরেত্যাভ্যবন্দত ॥৫

তথৈব সাত্যকিঃ পার্থৈঃ পূজিতশ্চাভিবন্দিতঃ।
নিষসাদাসনেঽন্যে চ পূজিতাঃ পর্য্যুপাসত ॥৬

পৃথাং সমাগত্য কৃতাভিবাদন-
স্তয়াতিহার্দার্দ্রদৃশাভিরম্ভিতঃ।
আপৃষ্টবাংস্তাং কুশলং সহস্নুষাং
পিতৃষ্বসারং পরিপৃষ্টবান্ধবঃ ॥৭

তমাহ প্রেমবৈক্লব্য-রুদ্ধকণ্ঠাশ্রুলোচনা।
স্মরন্তী তান্ বহূন্ ক্লেশান্ ক্লেশাপায়াত্মদর্শনম্ ॥৮

অচ্যুতং পরিষ্বজ্য অঙ্গসঙ্গহতৈনসঃ (অঙ্গসঙ্গেন হতানি এনাংসি পাপানি যেষাং তে) বীরাঃ যুধিষ্ঠিরাদয়ঃ তস্য শ্রীকৃষ্ণস্য অনুরাগস্মিতং (অনুরাগেণ সহিতং স্মিতং মন্দহাসো যস্মিন্ তৎ) বক্ত্রং বীক্ষ্য মুদং হর্ষং যযুঃ প্রাপুঃ ॥৩

কৃষ্ণঃ যুধিষ্ঠিরস্য ভীমস্য (অধিকবয়স্কত্বাৎ) পাদাভিবন্দনং কৃত্বা (তুল্যবয়স্কং) ফাল্গুনম্ অর্জ্জুনম্ অথ পরিষ্বজ্য আলিঙ্গ্য যমাভ্যাং নকুল-সহদেবাভ্যাং চ ন্যূনবয়স্কত্বাৎ অভিবন্দিতঃ বভূব ॥৪

অথ পরমাসনে আসীনং কৃষ্ণং শনৈঃ এত্য আগত্য, অনিন্দিতা নবোঢ়া নববিবাহিতা, অতঃ ব্রীড়িতা লজ্জিতা কৃষ্ণা দ্রৌপদী কিঞ্চিৎ অভ্যবন্দত অভি অবদৎ ॥৫

যথা কৃষ্ণঃ তথৈব সাত্যকিঃ চ পার্থৈঃ পূজিতঃ অভিনন্দিতঃ সন্ আসনে নিষসাদ। তথা অন্যে চ যাদবাঃ পার্থৈঃ পূজিতাঃ কৃষ্ণং পরিতঃ উপাসত ॥৬

পৃথাং কুন্তীং সমাগম্য কৃতাভিবাদনঃ (কৃতম্ অভিবাদনং যেন সঃ) তথা অতিহার্দার্দ্রদৃশা (অতিহার্দেন অতিস্নেহেন আর্দ্রে সজলে দৃশৌ যস্যাঃ তয়া) তয়া পৃথয়া অভিরম্ভিতঃ পরিষ্বক্তঃ, পরিপৃষ্টবান্ধবঃ (পরিপৃষ্টাঃ কুশলপ্রশ্নবিষয়ীকৃতাঃ বান্ধবাঃ বসুদেবাদয়ঃ যস্য সঃ) কৃষ্ণঃ সহস্নুষাং পুত্রভার্য্যা-সহিতং পুত্রষ্বসারং তাং কুন্তীং কুশলম্ আপৃষ্টবান্ ॥৭

প্রেমবৈক্লব্যরুদ্ধকণ্ঠাশ্রুলোচনা (প্রেম্না বৈক্লব্যং ব্যাকুলত্বং তেন রুদ্ধঃ কণ্ঠঃ যস্যাঃ সা অশ্রূণি লোচনয়োঃ যস্যাঃ সা) তান্ বহূন্ ভূতপূর্ব্বান্ ক্লেশান্ স্মরন্তী কুন্তী ক্লেশাপায়াত্মদর্শনম্ (ক্লেশানাম্ অপায়ায় বিনাশায় আত্মানং দর্শয়তীতি তথাভূতং তং কৃষ্ণম্) আহ ॥৮

কুন্তীনন্দন যুধিষ্ঠিরাদি বীরপুরুষগণ অখিলেশ্বর শ্রীকৃষ্ণকে আগমন করিতে দেখিয়া জীবন-লাভে ইন্দ্রিয়বর্গের সচকিত উত্তেজনার ন্যায় সকলে তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন।২

এবং অচ্যুত ভগবান্‌কে আলিঙ্গন করিয়া সকলে নিষ্পাপ হইলেন, যুধিষ্ঠিরাদি বীরগণ শ্রীকৃষ্ণের অনুরাগপূর্ণ সহাস্য বদন দর্শনে অপার আনন্দ ও তৃপ্তিলাভ করিলেন।৩

শ্রীকৃষ্ণ আপনার অপেক্ষা অধিকবয়স্ক যুধিষ্ঠিরকে ও ভীমসেনের চরণবন্দন করিলেন, তুল্যবয়স্ক অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন এবং ন্যূনবয়স্ক যমজ ভ্রাতা নকুল ও সহদেব কর্ত্তৃক অভিবন্দিত হইলেন।৪

অনন্তর শ্রীকৃষ্ণ পরমাসনে আসীন হইলে সর্ব্ব-সৌন্দর্য্যসম্পন্না নববধূ দ্রৌপদী লজ্জাবনত-মুখে শ্রীকৃষ্ণকে যথোচিত অভিবাদন করিলেন।৫

শ্রীকৃষ্ণের ন্যায় সাত্যকিও পার্থগণ কর্ত্তৃক যথোচিত পূজিত ও অভিবন্দিত হইয়া আসনে উপবেশন করিলেন এবং অন্যান্য যাদবগণও অভি-বন্দিত হইয়া কৃষ্ণের চতুর্দ্দিকে পরিবেষ্টন পূর্ব্বক উপবেশন করিলেন।৬

অনন্তর শ্রীকৃষ্ণ পিতৃষ্বসা কুন্তীর নিকট অগ্রসর হইয়া তাঁহার চরণবন্দন করিলেন। শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া পৃথার আনন্দের আর পরিসীমা রহিল না, তাঁহার লোচনদ্বয় হইতে দরদরিতধারে

তদৈব কুশলং নোঽভূৎ সনাথাস্তে কৃতা বয়ম্।
জ্ঞাতীন্ নঃ স্মরতা কৃষ্ণ ভ্রাতা মে প্রেষিতস্ত্বয়া ॥৯

ন তেঽস্তি স্বপরভ্রান্তির্বিশ্বস্য সুহৃদাত্মনঃ।
তথাপি স্মরতাং শশ্বৎ ক্লেশান্ হংসি হৃদি স্থিতঃ॥১০

যদা জ্ঞাতীন্ বন্ধূন্ নঃ অস্মান্ স্মরতা তে ত্বয়া (অস্মদবৃত্তজ্ঞানায়) যে মম ভ্রাতা অক্রূরঃ প্রেষিতঃ, তদৈব নঃ অস্মাকং কুশলম্ অভূৎ, তথা তে ত্বয়া বয়ং সনাথাঃ কৃতাঃ ॥৯

বিশ্বস্য জগতঃ সুহৃদ্ চ অসৌ আত্মা চ যঃ তস্য সুহৃদাত্মনঃ তে তব স্বপরভ্রান্তিঃ নাস্তি। তথাপি স্মরতাং ভক্তানাং হৃদি স্থিতিঃ সন্ ক্লেশান্ শশ্বৎ সর্ব্বদা হংসি নাশয়সি ॥১০

যুধিষ্ঠিরঃ উবাচ। নঃ অস্মাভিঃ কিং শ্রেয়ঃ আচরিতং পুণ্যং

আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল। তিনি প্রেমানন্দে শ্রীকৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করত বসুদেবাদি স্বজনবর্গের কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন এবং শ্রীকৃষ্ণও পিতৃষ্বসা পৃথা ও তদীয় পুত্রবধূ দ্রৌপদীকে কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন।৭

শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া কুন্তীর ভূতপূর্ব্ব অগণ্য দুঃখের ব্যপার স্মৃতিপথে আরূঢ় হইতে লাগিল। তিনি প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন এবং গলদশ্রুলোচনে ও গদ্‌গদস্বরে শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, হে কৃষ্ণ! দুঃখের অন্ত না হইলে তোমাকে দেখিতে পাওয়া যায় না। জগতের দুঃখনিবারণ করিবার জন্যই তুমি দেখা দিয়া থাক।৮

এক্ষণে আমাদের যে মঙ্গল হইবে তাহাতে আর সন্দেহ কি? আমাদিগকে জ্ঞাতি ও বন্ধুজ্ঞানে স্মরণ করত আমাদের অবস্থা পরিজ্ঞাত হইবার মানসে যে দিবস তুমি মদীয় ভ্রাতা অক্রূরকে আমাদের নিকট প্রেরণ করিয়াছিলে, সেই দিবসই আমাদের মঙ্গল আরম্ভ হইয়াছে এবং তোমার অনুগ্রহে আমরা এক্ষণে সনাথ হইয়াছি—সন্দেহ নাই।৯

যুধিষ্ঠির উবাচ।

কিং ন আচরিতং শ্রেয়ো ন বেদাহমধীশ্বর।
যোগেশ্বরাণাং দুর্দ্দর্শো যন্নো দৃষ্টঃ কুমেধসাম্ ॥১১
ইতি বৈ বার্ষিকান্ মাসান্ রাজ্ঞা সোঽভ্যর্থিতঃ সুখম্।
জনয়ন্ নয়নানন্দমিন্দ্রপ্রস্থৌকসাং বিভুঃ ॥১২

কৃতম্ ইতি হে অধীশ্বরঃ অহং ন বেদঃ; যং যস্মাৎ যোগেশ্বরাণাম্ অপি দুর্দ্দশঃ দ্রষ্টুমশক্যঃ ভবান্ কুমেধসাং বিষয়াসক্তচেতসাং নঃ অস্মাকং দৃষ্টঃ দৃশ্যঃ জাতঃ ॥১১

ইতি এবং রাজ্ঞা যুধিষ্ঠিরেণ অভ্যর্থিতঃ স্তুতিপূর্ব্বকং প্রার্থিতঃ বিভুঃ প্রভুঃ শ্রীকৃষ্ণঃ ইন্দ্রপ্রস্থৌকসাং তৎস্থানবাসিনাং নয়নানন্দং জনয়ন্ বার্ষিকান বর্ষোপলক্ষিতান্ চতুরো মাসান্ বৈ তত্র উবাস ॥১২

কৃষ্ণ! তুমি সমগ্র সংসারস্থ জীবের সুহৃদ্ এবং আত্মস্বরূপ! তোমার নিকট আত্মীয় বা পর বলিয়া কোন ভেদই নাই বটে, কিন্তু তথাপি যাহারা প্রাণের সহিত তোমাকে নিরন্তর স্মরণ করে, তাদৃশ ভক্তগণের হৃদয়মন্দিরে তুমি নিত্য বিরাজ করত সর্ব্বদা সকল দুঃখই নিবারণ করিয়া থাক।১০

যুধিষ্ঠির শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন,—হে সর্ব্বেশ্বর! আমরা পূর্ব্বে যে কিরূপ পুণ্যের অনুষ্ঠান করিয়াছি, এক্ষণে তাহার কিছুই নিরূপণ করিতে পারিতেছি না। কারণ যোগেশ্বরগণ বহুকাল ও আয়াস-সাধ্য যোগের অনুষ্ঠানেও যাঁহার সাক্ষাৎকার সহজে লাভ করিতে পারেন না, আমরা নিতান্ত বিষয়াসক্ত সাংসারিক জীব হইয়াও অদ্য অনায়াসে সেই আপনাকে দর্শন করিলাম।১১

এই প্রকারে রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক অভ্যর্থিত ও মিনতি এবং স্তুতি পূর্ব্বক প্রার্থিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থবাসী যাবতীয় জনগণের আনন্দ উৎপাদন পূর্ব্বক বর্ষোপলক্ষিত মাস-চতুষ্টয় সেই স্থানেই অবস্থিত করিলেন।১২

একদা রথমারুহ্য বিজয়ো বানরধ্বজম্।
গাণ্ডীবং ধনুরাদায় তূণৌ চাক্ষয়সায়কৌ ॥১৩
সাকং কৃষ্ণেন সন্নদ্ধো বিহর্তুং বিপিনং মহৎ।
বহুব্যালমৃগাকীর্ণং প্রাবিশৎ পরবীরহা ॥১৪
তত্রাবিধ্যচ্ছরৈর্ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্।
শরভান্ গবয়ান্ খড়্গান্ হরিণান্ শশশল্লকান্ ॥১৫
তান্ নিন্যুঃ কিঙ্করা রাজ্ঞে মেধ্যান্ পর্ব্বণ্যুপাগতে।
তৃট্‌পরীতঃ পরিশ্রান্তো বীভৎসুর্যমুনামগাৎ ॥১৬

পরবীরহা শত্রুনিসূদনঃ বিজয়ঃ অর্জ্জুনঃ একদা বানরধ্বজং (বানরঃ হনুমৎপ্রতিকৃতিঃ ধ্বজে যস্য তং তথাভূতং) রথম্ আরুহ্য গাণ্ডীবং তদাখ্যং ধনুঃ তথা অক্ষয়সায়কৌ (অক্ষয্যাঃ অক্ষীণাঃ সায়কাঃ বাণাঃ যয়োঃ তৌ) তূণৌ তূণীরৌ আদায় সন্নদ্ধঃ বদ্ধকবচঃ সন্ কৃষ্ণেন সাকং বিহর্তুং মৃগয়াং কর্তুং বহুব্যালমৃগাকীর্ণং মহৎ বিপিনং প্রাবিশৎ। ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্ শরভান্ গবয়ান্ খড়্গান্ হরিণান্ শশশল্লকান্ শরৈঃ অবিধ্যৎ ॥১৩-১৫

তত্র মেধ্যান্ কর্ম্মার্হান্ তান্ মৃগান্ পর্ব্বণি উপাগতে পর্ব্ব-যুক্তাষ্টকাশ্রাদ্ধাদি কর্ম্মণি উপস্থিতে সতি রাজ্ঞে যুধিষ্ঠিরায় কিঙ্করাঃ নিন্যুঃ প্রাপয়ামাসুঃ। ততঃ তৃট্‌পরীতঃ (তৃষা পিপাসয়া পরীতঃ ব্যাপ্তঃ) পরিশ্রান্তঃ চ বীভৎসুঃ অর্জ্জুনঃ যমুনাম্ অগাৎ ॥১৬

এক দিবস শত্রুনিসূদন অর্জ্জুন কবচ ধারণ ও গাণ্ডীব ধনু এবং অক্ষয় বাণবিশিষ্ট তূণীরদ্বয় হস্তে লইয়া বানরধ্বজ রথে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে মৃগয়ার্থ শ্বাপদ-সমাকীর্ণ একটী বিস্তৃত বিপিনমধ্যে প্রবেশ করিলেন এবং তথায় বাণের প্রহারে ব্যাঘ্র, শূকর, মহিষ, রুরু, শরভ, গবয়, খড়্গী, হরিণ ও শল্লকাদি বিচিত্র বন্য জন্তু-সমূহকে বধ করিলেন।১৩-১৪-১৫

এবং তন্মধ্যে যজ্ঞের উপযুক্ত মৃগসমূহ সংগ্রহ করিয়া পর্ব্বোপলক্ষিত অষ্টকাদি বিহিত যজ্ঞকাল উপস্থিত হওয়ায় কিঙ্করগণের দ্বারা রাজা যুধিষ্ঠির-সমীপে প্রেরণ করিলেন এবং নিজে মৃগয়ায় পরিশ্রম শান্ত ও পিপাসাতুর হইয়া শ্রম নিবারণার্থ যমুনাতীরে গমন করিলেন।১৬

তত্রোপস্পৃশ্য বিশদং পীত্বা বারি মহারথৌ।
কৃষ্ণৌ দদৃশতুঃ কন্যাং চরন্তীং চারুদর্শনাম্ ॥১৭

তামাসাদ্য বরারোহাং সুদ্বিজাং রুচিরাননাম্।
পপ্রচ্ছ প্রেষিতঃ সখ্যা ফাল্গুনঃ প্রমদোত্তমাম্ ॥১৮

কা ত্বং কস্যাসি সুশ্রোণি কুতো বা কিং চিকীর্ষসি।
মন্যে ত্বাং পতিমিচ্ছন্তীং সর্ব্বং কথয় শোভনে ॥১৯

মহারথৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ তত্র যমুনায়াম্ উপস্পৃশ্য স্নাত্বা বিশদং নির্ম্মলং বারি জলং পীত্বা চ চারুদর্শনাং (চারু মনোহরং সুন্দরং দর্শনং শরীরং যস্যাঃ তাং) তত্র চরন্তীং তীরে বিচরন্তীং কন্যাং দদৃশতুঃ ॥১৭

বরারোহাং (বরৌ শ্রেষ্ঠৌ আরোহৌ ঊরূ যস্যাঃ তাং) সুদ্বিজাং (শোভনাঃ দ্বিজাঃ দন্তাঃ যস্যাঃ তাং) রুচিরাননাং (রুচিরং সুন্দরম্ আননং যস্যাঃ তাং প্রমদোত্তমাং প্রমদাসু) শ্রেষ্ঠাং তাম্ আসাদ্য সখ্যা শ্রীকৃষ্ণেন প্রেষিতঃ প্রেরিতঃ ফাল্গুনঃ অর্জ্জুনঃ তাং প্রপচ্ছ ॥১৮

হে সুশ্রোণি! ত্বং কা? কিং নামাসি, কস্য বংশে জাতাসি; কুতঃ বা স্থানাৎ অত্র সমাগতাসি? অত্র বা কিং কর্ত্তুম্ ইচ্ছসি? অহং তু ত্বাং পতিম্ ইচ্ছন্তীং কন্যাম্ ইতি মন্যে। অতঃ হে শোভনে! তৎ সর্ব্বং কথয় ॥১৯

এই প্রকারে শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন যমুনাজলে অবগাহণপূর্ব্বক স্নান ও পবিত্র জল পান করিয়া যখন তীরে উঠিতেছিলেন, তখন একটী পরমা সুন্দরী কন্যাকে যমুনাকচ্ছে বিচরণ করিতেছে তাঁহারা অবলোকন করিলেন।১৭

অপূর্ব্ব রূপলাবণ্যসম্পন্না বরারোহা সুদতী এবং সুন্দরবদনা সেই উৎকৃষ্টা কন্যাকে নয়নগোচর করিয়া সখা শ্রীকৃষ্ণের আদেশে অর্জ্জুন তৎসমীপে আগমন

কালিন্দ্যুবাচ।

অহং দেবস্য সবিতুর্দুহিতা পতিমিচ্ছতী।
বিষ্ণুং বরেণ্যং বরদং তপঃ পরমমাস্থিতা ॥২০

নান্যং পতিং বৃণে বীর তমৃতে শ্রীনিকেতনম্।
তুষ্যতাং মে স ভগবান্ মুকুন্দোঽনাথসংশ্রয়ঃ ॥২১

কালিন্দীতি সমাখ্যাতা বসামি যমুনাজলে।
নির্ম্মিতে ভবনে পিত্রা যাবদচ্যুতদর্শনম্ ॥২২

তথাবদদ্ গুড়াকেশো বাসুদেবায় সোঽপি তাম্।
রথমারোপ্য তদ্বিদ্বান্ ধর্ম্মরাজমুপাগমৎ ॥২৩

যদৈব কৃষ্ণঃ সন্দিষ্টঃ পার্থানাং পরমাদ্ভুতম্।
কারয়ামাস নগরং বিচিত্রং বিশ্বকর্ম্মণা ॥২৪

ভগবাংস্তত্র নিবসন্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া।
অগ্নয়ে খাণ্ডবং দাতুমর্জ্জুনস্যাস সারথিঃ ॥২৫

কালিন্দী উবাচ। অহং দেবস্য সবিতুঃ সূর্য্যস্য দুহিতা বরেণ্যং যোগ্যং বরদং বিষ্ণুম্ এব পতিম্ ইচ্ছন্তি সতী পরমং তপঃ আস্থিতা ইতি ॥২০

হে বীর! তং শ্রীনিকেতনং (শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ নিকেতনম্ আশ্রয়ঃ) বিষ্ণুম্ ঋতে বিনা অহম্ অন্যং পতিং ন বৃণে। অনাথসংশ্রয়ঃ (অনাথানাং সংশ্রয়ঃ) সঃ মুকুন্দঃ ভগবান্ মে তুষ্যতাম্ ॥২১

কালিন্দীতি সমাখ্যাতা অহং যাবদচ্যুতদর্শনং (অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য দর্শনং প্রাপ্তিঃ, তাবৎ) যমুনাজলে তত্রাপি পিত্রা নির্ম্মিতে ভবনে বসামি ॥২২

গুড়কা নিদ্রা তস্যাঃ ঈশঃ জিতনিদ্রঃ অর্জ্জুনঃ তথা বাসুদেবায় অবদৎ। সঃ বাসুদেবঃ কৃষ্ণঃ অপি তদ্বিদ্বান্ (স্বপ্রাপ্ত্যর্থং কন্যায়াঃ তপসঃ আচরণং জানন্) তাং কন্যাং রথম্ আরোপ্য ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং প্রতি হস্তিনাপুরম্ উপাগমৎ ॥২৩

পার্থেন এবং যদৈব সন্দিষ্টঃ বিজ্ঞাপিতঃ, শ্রীকৃষ্ণঃ তদৈব বিশ্বকর্ম্মণা পার্থানাং পরমাদ্ভুতং বিচিত্রং নগরং কারয়ামাস ॥২৪

ভগবান্ শ্রীকৃষ্ণঃ স্বানাং স্বভক্তানাং পাণ্ডবানাং প্রিয়চিকীর্ষয়া 'প্রিয়ং কর্ত্তুম্ ইচ্ছয়া' তত্র হস্তিনাপুরে নিবসন্ অর্জ্জুনস্য ধনুরাদিলাভায় অগ্নয়ে খাণ্ডবং বনং দাতুম্ অর্জ্জুনস্য সারথিঃ আস বভূব ॥২৫

পূর্ব্বক কন্যাকে সম্বোধন করত বলিলেন—।১৮

হে সুশ্রোণি! তুমি কে? তোমার নাম কি? পিতা কে? এবং কি নিমিত্তই বা এই নির্জ্জনস্থানে আগমন করিয়াছ? তোমাকে দেখিলে বোধ হয় যেন পতির অন্বেষণে এইস্থানে বিচরণ করিতেছ। হে সুন্দরি! তোমার সকল কথা আনুপূর্ব্বিক বর্ণন কর।১৯

অর্জ্জুনের কথা শ্রবণে কালিন্দী বলিলেন,— আমি ভগবান্ দিবাকরের দুহিতা, সর্ব্ববরদাতা বরণীয় বিষ্ণুকে পতিরূপে প্রাপ্ত হইবার মানসে এই স্থানে উৎকট তপস্যার অনুষ্ঠান করিতেছি।২০

হে বীর! সেই শ্রীনিবাস বিষ্ণু ব্যতীত অন্য কোন ব্যক্তিকে পতিত্বে বরণ করিব না। সেই অনাথনাথ ভগবান্ মুকুন্দ যেন প্রসন্ন হইয়া আমার পাণিগ্রহণ করেন, এই মাত্র আমার প্রার্থনা।২১

আমার নাম কালিন্দী। ভগবান্ অচ্যুতের সন্দর্শন লাভ করা পর্য্যন্ত আমি এই যমুনাজলের অন্তরে পিতা ভাস্কর কর্ত্তৃক নির্মিত-গৃহে বাস করিতেছি।২২

কালিন্দীর কথা শ্রবণ করিয়া গুড়াকেশ (জিতনিদ্র) অর্জ্জুন শ্রীকৃষ্ণের নিকট উপস্থিত হইয়া সমস্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন এবং ভগবান্ বাসুদেবও কালিন্দীর তপস্যার কারণ অবগত হইয়া সেই কন্যাকে স্বীয় রথে আরোহণ করাইয়া হস্তিনাপুরে রাজা যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন।২৩

এবং তথায় উপস্থিত হইয়া পাণ্ডবগণের অনুরোধে বিশ্বকর্ম্মার দ্বারা তাঁহাদের জন্য একটী সর্ব্বশোভা-সম্পন্ন অপূর্ব্ব নগর প্রস্তুত করাইলেন।২৪

সোঽগ্নিস্তুষ্টো ধনুরদাদ্ধয়ান্ শ্বেতান্ রথং নৃপ।
অর্জ্জুনায়াক্ষয়ৌ তূণৌ বর্ম্ম চাভেদ্যমস্ত্রিভিঃ ॥২৬
ময়শ্চ মোচিতো বহ্নেঃ সভাং সখ্য উপাহরৎ।
যস্মিন্ দুর্য্যোধনস্যাসীজ্জলস্থলদৃশিভ্রমঃ ॥২৭
স তেন সমনুজ্ঞাতঃ সুহৃদ্ভিশ্চানুমোদিতঃ।
আযযৌ দ্বারকাং ভূয়ঃ সাত্যকিপ্রমুখৈর্বৃতঃ ॥২৮

হে নৃপ। সঃ চ দগ্ধখাণ্ডবঃ অগ্নিঃ তুষ্টঃ সন্ অর্জ্জুনায় ধনুঃ গাণ্ডীবং, শ্বেতান্ হয়ান্ অশ্বান্, ধ্বজান্, অক্ষয়ৌ অক্ষয়সায়কৌ তূণৌ তূণীরৌ অস্ত্রিভিঃ অস্ত্রধারিভিঃ অভেদ্যং বর্ম্ম কবচং চ অদাৎ দত্তবান্ ॥২৬

(খাণ্ডববনে স্থিতঃ) ময়ঃ (তদাখ্যঃ দানবানাং শিল্পাচার্য্যঃ বনদাহকাৎ) বহ্নেঃ সকাশাৎ (ভগবতা) মোচিতঃ রক্ষিতঃ, অতঃ তৎসখ্যে অর্জ্জুনস্য সভাং কৃত্বা উপাহরৎ দদৌ। যস্মিন্ যস্যাং সভায়াং দুর্য্যোধনস্য জলস্থলদৃশিভ্রমঃ জলে স্থলদৃষ্টিঃ স্থলে চ জলদৃষ্টিঃ ইত্যেবংবিধঃ ভ্রমঃ আসীৎ ॥২৭

ততশ্চ তেন অর্জ্জুনেন সমনুজ্ঞাতঃ অন্যৈঃ সুহৃদ্ভিঃ যুধিষ্ঠিরাদিভিঃ অনুমোদিতঃ সঃ কৃষ্ণঃ সাত্যকিপ্রমুখৈঃ যদুভিঃ বৃতঃ সন্ ভূয়ঃ দ্বারকাং প্রযযৌ ॥২৮

অথোপযেমে কালিন্দীং সুপুণ্যর্ত্তৃর্ক্ষ ঊর্জ্জিতে।
বিতন্বন্ পরমানন্দং স্বানাং পরমমঙ্গলঃ ॥২৯
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ দুর্য্যোধনবশানুগৌ।
স্বয়ংবরে স্বভগিনীং কৃষ্ণে সক্তাং ন্যষেধতাম্ ॥৩০
রাজাধিদেব্যাস্তনয়াং মিত্রবিন্দাং পিতৃষ্বসুঃ।
প্রসহ্য হৃতবান্ কৃষ্ণো রাজন্ রাজ্ঞাং প্রপশ্যতাম্ ॥৩১

অথ সুপুণ্যর্ত্তৃর্ক্ষে (সুপুণ্যঃ বিবাহযোগ্যঃ ঋতুঃ ঋক্ষঃ নক্ষত্রং চ যস্মিন্ তস্মিন্) ঊর্জ্জিতে গ্রহবলবতি মুহূর্ত্তে পরমমঙ্গলঃ ভগবান্ স্বানাং স্বভক্তানাং পরমানন্দং বিতন্বন্ বিস্তারয়ন্ কালিন্দীম্ উপযেমে বিবাহিতবান্ ॥২৯

দুর্য্যোধনবশানুগৌ আবন্ত্যৌ অবন্ত্যাঃ রাজানৌ বিন্দানুবিন্দৌ কৃষ্ণে সক্তাং স্বভগিনীং স্বয়ংবরে ন্যষেধতাং নিষেধিতবন্তৌ ॥৩০

হে রাজন্। ততশ্চ পিতৃষ্বসুঃ স্বপিতৃভগিন্যাঃ রাজাধিদেব্যাঃ তনয়াং মিত্রবিন্দাং কন্যাং রাজ্ঞাং প্রপশ্যতাম্ এব কৃষ্ণঃ প্রসহ্য বলাৎ হৃতবান্ ॥৩১

ভগবান্ কৃষ্ণ স্বীয় ভক্ত পাণ্ডবগণের হিতসাধন-মানসে হস্তিনাপুরে কিছুকাল বাস করিলেন এবং অর্জ্জুনের ধনুর্লাভের নিমিত্ত খাণ্ডবনামক ইন্দ্রের বন হুতাশনকে সমর্পণ করিবার অভিপ্রায়ে নিজে অর্জ্জুনের সারথি হইয়াছিলেন।২৫

হে নরনাথ! হুতাশন খাণ্ডববন দগ্ধ করিয়া পরিতৃপ্ত হইলে অর্জ্জুনকে গাণ্ডীব ধনু, শ্বেত অশ্ব, ধ্বজা, দুইটী অক্ষয়সায়ক তূণ এবং অস্ত্রাধারিগণের অভেদ্য অপূর্ব্ব কবচ প্রদান করিলেন।২৬

দৈত্যগণের শিল্পাচার্য্য ময়দানব এই খাণ্ডববনে বাস করিতেন, বনদাহ-কালে নিরুপায় দেখিয়া উক্ত দানব প্রাণরক্ষার্থ শ্রীকৃষ্ণের শরণাগত হইল। ভগবান্ তাঁহাকে অগ্নিনির্ম্মুক্ত করিয়া অর্জ্জুনের সহিত সখ্যতায় নিবদ্ধ করিলেন; পরে ঐ ময়দানব সখ্যতা-নিবন্ধন অর্জ্জুনের নিমিত্ত এরূপ একটী অপূর্ব্ব সভা নির্ম্মাণ করিয়া দেনযে, যে সভায় দুর্য্যোধনের ন্যায় বিচক্ষণ নরপতিরও জলে স্থলভ্রম এবং স্থলে জলভ্রম উপস্থিত হইয়াছিল।২৭

পরে অর্জ্জুন এবং যুধিষ্ঠিরাদি সুহৃদ্বর্গের অনুমোদন অনুসারে ভগবান্ বাসুদেব সাত্যকি প্রভৃতি যদুগণে পরিবৃত হইয়া পুনরায় দ্বারকায় গমন করিলেন।২৮

অনন্তর অতি পবিত্র বিবাহ-যোগ্য ঋতু ও নক্ষত্রের উদয়ে এবং অনুকূল গ্রহবিশিষ্ট মুহূর্ত্তের উপস্থিতিতে পরম মঙ্গলময় ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকীয় ভক্তগণের পরমানন্দের বিস্তারে যথাবিধি কালিন্দীর পাণিগ্রহণ করিলেন।২৯

এদিকে অবন্তী-রাজনন্দিনী মিত্রবিন্দা স্বয়ংবর সভায় শ্রীকৃষ্ণকে বরণ করিবেন বলিয়া অভিপ্রায় করেন, কিন্তু তদীয় ভ্রাতৃদ্বয় বিন্দু ও অনুবিন্দু নামক অবন্তীরাজের দুইটী পুত্র দুর্য্যোধনের পরামর্শ অনুসারে তাদৃশ কৃষ্ণবরণ কার্য্য হইতে তাঁহাকে নিবারণ

নগ্নজিন্নাম কৌশল্য আসীদ্ রাজাতিধার্ম্মিকঃ।
তস্য সত্যাভবৎ কন্যা দেবী নাগ্নজিতী নৃপ ॥৩২
ন তাং শেকুর্নৃপা বোঢ়ুমজিত্বা সপ্ত গোবৃষান্।
তীক্ষ্ণশৃঙ্গান্ সুদুর্দ্ধর্ষান্ বীরগন্ধাসহান্ খলান্ ॥৩৩
তাং শ্রুত্বা বৃষজিল্লভ্যাং ভগবান্ সাত্বতাং পতিঃ।
জগাম কৌশল্যপুরং সৈন্যেন মহতা বৃতঃ ॥৩৪

স কোশলপতিঃ প্রীতঃ প্রত্যুত্থানাসনাদিভিঃ।
অর্হণেনাপি গুরুণা পূজয়ন্ প্রতিনন্দিতঃ ॥৩৫
বরং বিলোক্যাভিমতং সমাগতং
নরেন্দ্রকন্যা চকমে রমাপতিম্।
ভূয়াদয়ং মে পতিরাশিষোঽমলাঃ
করোতু সত্যা যদি মে ধৃতো ব্রতৈঃ ॥৩৬

হে নৃপ! কৌশল্যঃ কোশলাধিপতিঃ অযোধ্যাবাসী নগ্নজিৎ নাম অতিধার্ম্মিকঃ রাজা আসীৎ; তস্য নাগ্নজিতী ইতি নাম্না প্রসিদ্ধা দেবী সত্যা নাম কন্যা অভবৎ ॥৩২

সুদুর্দ্ধর্ষান্ ধর্ষয়িতুমশক্যান্ তীক্ষ্ণশৃঙ্গান্ বীরগন্ধসহান্ (বীরাণাং গন্ধান্ অপি ন সহন্তে ইতি) খলান্ সপ্তগোবৃষান্ অজিত্বা নৃপাঃ তাং সত্যাং বোঢ়ুং পরিণেতুং ন শেকুঃ ॥৩৩

বৃষজিল্লভ্যাং (বৃষান্ জয়তীতি বৃষজিৎ তেন লভ্যাং) তাং সত্যাং শ্রুত্বা সাত্বতাং পতিঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ মহতা সৈন্যেন বৃতঃ সন্ কৌশল্যপুরম্ অযোধ্যাং জগাম ॥৩৪

তদা সঃ কোশলপতিঃ আগতং তং কৃষ্ণং দৃষ্ট্বা প্রীতঃ সন্ প্রত্যুত্থায় অগ্রতো গত্বা সমানীয় আসনাদিভিঃ গুরুণা মহতা অর্হণেন পূজাসাধনেন চ তং পূজয়ন্ প্রতিনন্দিতঃ স্বাগতমিত্যাদি বাচা প্রতিনন্দনং কৃতবান্ ॥৩৫

নরেন্দ্রকন্যা নাগ্নজিতী সত্যা সমাগতম্ অভিমতং রমাপতিং বরং বিলোক্য তং চকমে অকাময়ত। যদি মে ময়া ব্রতৈঃ সন্তোষহেতুভিঃ যমৈঃ সহ (অয়ং ভগবান্ হৃদি) ধৃতঃ সর্ব্বদা চিন্তিতঃ, তদা অয়ং মে পতিঃ ভূয়াৎ; তথা অমলাঃ উৎকৃষ্টাঃ মম আশিষঃ মনোরথান্ সত্যাঃ সতীঃ যথার্থাঃ করোতু ॥৩৬

করে ।৩০

কিন্তু হে নরনাথ! ঐ কন্যা আবার শ্রীকৃষ্ণের পিতৃষ্বসা রাজাধিদেবীর কন্যা ছিলেন, শ্রীকৃষ্ণ রাজন্যবর্গের সমক্ষেই বলপূর্ব্বক সেই মিত্র-বিন্দাকে হরণ করেন ।৩১

হে রাজন্! কোশল-রাজ্যের অধিপতি পরম-ধার্ম্মিক রাজা নগ্নজিৎ তদীয় রাজধানী অযোধ্যা-নগরীতেই বাস করিতেন। তাঁহার একটী কন্যা জন্মে, তাঁহার নাম সত্যা; এই কন্যা পিতৃনামানুসারে নাগ্নজিতী নামেই অভিহিত হইলেন ।৩২

এই কন্যার বিবাহকালে পুষ্পবতী গাভীর অনুসরণকারীর ন্যায় অতি উত্তেজিত বিপুল পরাক্রম, এমন কি বীরের গন্ধ পর্য্যন্ত সহ্য করে না এরূপ অজেয় ও তীক্ষ্ণশৃঙ্গ সাতটী গোবৃষকে পরাজয় করিয়া কন্যার পাণিগ্রহণ করিতে হইবে এইরূপ পণ প্রকাশ করিলে স্বয়ংবর সভায় সমবেত অনেক ভূপতি তাদৃশ বীরত্বের পরিচয়ে কন্যার পাণিগ্রহণ করিতে সমর্থ হন নাই ।৩৩

কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ তাদৃশ বৃষজয়ে কন্যালাভের বার্ত্তা শ্রবণ করত বহুসংখ্যক সৈন্যসামন্তে পরিবৃত হইয়া কোশলাধিপতি অযোধ্যানগরীতে গমন করিলেন ।৩৪

কোশলরাজ শ্রীকৃষ্ণকে উপস্থিত হইতে অবলোকন করিয়া মনে মনে অতীব প্রীত হইলেন এবং প্রত্যুদ্গমনাদি দ্বারা বিশেষ অভ্যর্থনা করিয়া আসন ও বহুমূল্য উপহার প্রদানে যথেষ্ট অভ্যর্থনা করিলেন এবং কুশলপ্রশ্নাদি দ্বারা তাঁহার আনন্দবর্দ্ধন করিলেন ।৩৫

এদিকে রাজকুমারী নাগ্নজিতী চিরবাঞ্ছিত সাক্ষাৎ রমাপতি শ্রীকৃষ্ণকে বরবেশে আগমন করিতে দেখিয়া মনে মনে তাঁহাকেই পতিত্বে প্রার্থনা করত ভাবিলেন যে, যদি আমি সন্তোষপ্রদ যমাদি বিবিধ ব্রতের অনুষ্ঠানে সেই ভগবান্ বাসুদেবকে হৃদয়-মন্দিরে চিন্তা করিয়া থাকি, তাহা হইলে তিনি যেন আমার পতি হন এবং আমার উৎকৃষ্ট ও পবিত্র মনোবাঞ্ছাসকল যেন সফল করেন ।৩৬

যৎপাদপঙ্কজরজঃ শিরসা বিভর্ত্তি
শ্রীরব্জজঃ সগিরিশঃ সহ লোকপালৈঃ।
লীলাতনুঃ স্বকৃতসেতুপরীপ্সয়েশঃ
কালে দধৎ স ভগবান্ মম কেন তুষ্যেৎ ॥৩৭
অর্চ্চিতং পুনরিত্যাহ নারায়ণ জগৎপতে।
আত্মানন্দেন পূর্ণস্য করবাণি কিমল্পকঃ ॥৩৮
শ্রীশুক উবাচ।
তমাহ ভগবান্ হৃষ্টঃ কৃতাসনপরিগ্রহঃ।
মেঘগম্ভীরয়া বাচা সস্মিতং কুরুনন্দন ॥৩৯

শ্রীঃ লক্ষ্মীঃ সহলোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ সহিতঃ সগিরিশঃ গিরিশেন রুদ্রেণ সহিতঃ অজজঃ ব্রহ্মা চ যস্য পাদপঙ্কজরজঃ শিরসা বিভর্ত্তি, স স্বকৃতসেতুপরীপ্সয়া (স্বকৃতানাং সেতূনাং ধর্ম্মমর্য্যাদানাং পরীপ্সয়া পরিত্রাণেচ্ছয়া, কালে ধর্ম্মগ্লানিকালে, লীলাতনুঃ দধৎ বিভ্রাণঃ ভগবান্ ঈশঃ মম কেন উপায়েন তুষ্যেৎ (অপি তু কৃপয়ৈব মাম্ অঙ্গীকরতু ইতি) ॥৩৭

অর্চ্চিতং শ্রীকৃষ্ণং পুনঃ নগ্নজিৎ আহ "হে জগৎপতে নারায়ণ"। আত্মানন্দেন পূর্ণস্য এব অল্পকঃ (অল্পতঃ অপি অল্পঃ ক্ষুদ্রঃ অহং) কিং করবাণি ॥৩৮

শ্রীশুকঃ উবাচ। হে কুরুনন্দন রাজন্! কৃতাসনপরিগ্রহঃ (কৃতঃ আসনপরিগ্রহঃ যেন সঃ) ভগবান্ কৃষ্ণঃ মেঘগম্ভীরয়া বাচা সস্মিতং যথা স্যাৎ তথা তং রাজানম্ আহ ॥৩৯

রাজা নগ্নজিৎ শ্রীকৃষ্ণের উপযুক্তরূপে অভ্যর্থনাদি করিয়া তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন;—হে জগৎপতে নারায়ণ! আপনি স্বীয় পরমানন্দেই নিরন্তর পূর্ণ আছেন। আমরা আপনার নিকট অতি সামান্য ও তুচ্ছ ব্যক্তি। সুতরাং আমাদের ন্যায় সামান্য ব্যক্তির দ্বারা আপনার কি কার্য্য সাধিত হইতে পারে? সর্বৈশ্বর্য্যস্বরূপা সাক্ষাৎ কমলা এবং ইন্দ্রাদি লোকপালগণ ও উমাপতি ত্রিলোচনসহ স্বয়ং ব্রহ্মা যাঁহার চরণকমলের পরাগকণা নিরন্তর মস্তকেই ধারণ করিয়া থাকেন, যিনি স্বকৃত ধর্ম্ম-মর্য্যাদার পালনার্থ ধর্ম্মের অবসন্নকালে স্বয়ং ইচ্ছা-পূর্ব্বকই বিগ্রহ ধারণে জগতে অবতীর্ণ হইয়াছেন, সেই সর্বদেবময় জগৎপতি জনার্দ্দন কোন্ উপায়ে যে আমায় অতি তুষ্ট হইবেন, তাহার কিছুই অল্পবুদ্ধি আমি নিরূপণ করিতে পারিতেছি না। তবে তিনি যদি কেবলমাত্র অনুগ্রহের প্রকাশে আমার প্রতি প্রসন্ন হন, তবেই মঙ্গল।৩৭-৩৮

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ আসনে উপবেশনপূর্ব্বক জলদ-গম্ভীর-স্বরে ও সহাস্যবদনে রাজা নগ্নজিৎকে সম্বোধন-করত বলিলেন।৩৯

শ্রীভগবানুবাচ।
নরেন্দ্র যাচ্ঞা কবিভির্বিগর্হিতা
রাজন্যবন্ধোর্নিজধর্ম্মবর্ত্তিনঃ
তথাপি যাচে তব সৌহৃদেচ্ছয়া
কন্যাং ত্বদীয়াং ন হি শুল্কদা বয়ম্ ॥৪০

রাজোবাচ।
কোঽন্যস্তেঽভ্যধিকো নাথ কন্যাবর ইহেপ্সিতঃ
গুণৈকধাম্নো যস্যাঙ্গে শ্রীর্বসত্যনপায়িনী ॥৪১

শ্রীভগবান্ উবাচ। হে নরেন্দ্র! নিজধর্ম্মবর্ত্তিনঃ রাজন্য-বন্ধোঃ ক্ষত্রিয়স্য যাচ্ঞা কবিভিঃ বিগর্হিতা নিন্দিতা শাস্ত্রতশ্চ প্রতিষিদ্ধা, তথাপি তব সৌহৃদেচ্ছয়া বন্ধুত্বেন স্নেহচ্ছায়া ত্বদীয়াং কন্যাম্ অহং যাচে। হি নিশ্চিতং বয়ং তু ন শুল্কদাঃ দ্রব্যাদিপ্রদাঃ ॥৪০

রাজা উবাচ। হে নাথ! তে তবঃ অধিকঃ উৎকৃষ্টঃ কন্যাবরঃ (কন্যায়াঃ ঈপ্সিতঃ বরঃ) অন্যঃ কঃ বা অস্তি, যতঃ যস্য গুণৈকধাম্নঃ তব অঙ্গে অনপায়িনী বিশ্লেষরহিতা শ্রীঃ লক্ষ্মীঃ বসতি ॥৪১

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে নরেন্দ্র! স্বধর্ম্মপরায়ণ ক্ষত্রিয়ের পক্ষে যাচ্ঞা-কার্য্যকে পণ্ডিতগণ নিন্দিত বলিয়াই স্বীকার করিয়াছেন; শাস্ত্রানুসারেও তাহা নিতান্তই নিষিদ্ধ। তথাপি আপনার সহিত সৌহার্দ্দ ও স্নেহের অনুরোধে আপনার কন্যাকে

কিন্ত্বস্মাভিঃ কৃতঃ পূর্ব্বং সময়ঃ সাত্বতর্ষভ।
পুংসাং বীর্য্যপরীক্ষার্থং কন্যাবরপরীপ্সয়া ॥৪২
সপ্তৈতে গোবৃষা বীর দুর্দ্দান্তা দুরবগ্রহাঃ।
এতৈর্ভগ্নাঃ সুবহবো ভিন্নগাত্রা নৃপাত্মজাঃ ॥৪৩
যদিমে নিগৃহীতাঃ স্যুস্ত্বয়ৈব যদুনন্দন।
বরো ভবানভিমতো দুহিতুর্মে শ্রিয়ঃ পতে ॥৪৪

হে সাত্বতর্ষভ! (মহতে কন্যা দেয়া অতঃ) কন্যাবরপরীপ্সয়া (তাদৃশস্য কন্যাবরস্য পরীপ্সয়া প্রাপ্তীচ্ছয়া) পুংসাং বীর্য্যপরীক্ষার্থং (বীর্য্যস্য বলাদিপ্রভাবস্য পরীক্ষা যা তদর্থং) অস্মাভিঃ ইতঃ পূর্ব্বং কিন্তু সময়ঃ কৃতঃ প্রতিজ্ঞা কৃতা ॥৪২

হে বীর! এতে সপ্ত গোবৃষাঃ দুর্দ্দান্তাঃ অশিক্ষিতাঃ দুরবগ্রহাঃ অপরায়ত্তাঃ এতৈঃ তু সুবহবঃ নৃপাত্মজাঃ ভগ্নাঃ ভগ্নাভিমানাঃ, তথা ভিন্নগাত্রাঃ ভিন্নানি গাত্রাণি যেষাং তথাভূতাঃ জাতাঃ ॥৪৩

অতঃ হে শ্রিয়ঃ পতে যদুনন্দন! যৎ যদি ইমে বৃষাঃ ত্বয়া এব নিগৃহীতাঃ স্যুঃ, তর্হি ভবান্ এব মে মম দুহিতুঃ অভিমতঃ বরঃ ॥৪৪

আমি যাচ্ঞা করিতেছি। কিন্তু আপনার অবগত হওয়া উচিত যে, আমরা কখন শুল্ক প্রদানে বিবাহ করি না।৪০

রাজা নগ্নজিৎ বলিলেন,—হে নাথ! আপনার অপেক্ষা উৎকৃষ্ট কন্যার অভিমত বর আর অন্য কে আছেন? অহো! সমগ্র গুণগ্রামের একমাত্র আধারভূত ভবদীয় কলেবরে স্বয়ং লক্ষ্মী অচলাভাবে বিরাজ করিতেছেন।৪১

হে যাদবেশ্বর! একজন শ্রেষ্ঠ ব্যক্তিকে কন্যা সম্প্রদান করিতে হইবে, এই মন্তব্য স্থির করত এই কন্যার উপযুক্ত এবং মনোমত বর-লাভের প্রত্যাশায় আমি পুরুষের বল, বীর্য্য এবং প্রভাবের পরীক্ষার জন্য ইতি পূর্ব্বে একটী প্রতিজ্ঞা করিয়াছি।৪২

এই যে সাতটী গোবৃষ দেখিতেছ, ইহারা নিতান্ত দুর্দ্দান্ত এবং সম্পূর্ণ অনায়ত্ত। অনেক রাজপুত্র ইহাদের পরাক্রমে ভগ্নগাত্র ও হতমান হইয়াছেন।৪৩

এবং সময়মাকর্ণ্য বদ্ধ্বা পরিকরং প্রভুঃ।
আত্মানং সপ্তধা কৃত্বা ন্যগৃহ্ণাল্লীলয়ৈব তান্ ॥৪৫
বদ্ধ্বা তান্ দামভিঃ শৌরির্ভগ্নদর্পান্ হতৌজসঃ।
ব্যকর্ষল্লীলয়া বদ্ধান্ বালো দারুময়ান্ যথা ॥৪৬
ততঃ প্রীতঃ সুতাং রাজা দদৌ কৃষ্ণায় বিস্মিতঃ।
তাং প্রত্যগৃহ্ণাদ্ভগবান্ বিধিবৎ সদৃশীং প্রভুঃ ॥৪৭

এবং সময়ং প্রতিজ্ঞাম্ আকর্ণ্য শ্রুত্বা পরিকরং (উত্তরীয়াদিকং কট্যাং) বদ্ধ্বা প্রভুঃ (সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ) শ্রীকৃষ্ণঃ লীলয়া সংকল্পমাত্রেণ এব আত্মানং সপ্তধা কৃত্বা তান্ গোবৃষাণ ন্যগৃহ্ণাৎ ততঃ ভগ্নদর্পান্ (ভগ্নঃ দর্পঃ গর্বঃ যেষাং তান্) হতৌজসঃ (হতম্ ওজঃ বলং যেষাং তান্) তান্ দামভিঃ বদ্ধ্বা শৌরিঃ কৃষ্ণঃ দারুময়ান্ কাষ্ঠনির্ম্মিতান্ বদ্ধান্ পুত্তলিকান্ বালঃ যথা আকর্ষতি তথা বদ্ধান্ তান্ লীলয়া ব্যকর্ষৎ ॥৪৫-৪৬

ততঃ বৃষনিগ্রহাৎ বিস্মিতঃ আশ্চর্য্যযুক্তঃ রাজা প্রীতঃ সন্ কৃষ্ণায় সুতাং দদৌ। প্রভুঃ ভগবান্ অপি সদৃশীং স্বানুরূপাং সত্যাং বিধিবৎ প্রত্যগৃহ্ণাৎ উপযেমে ॥৪৭

হে শ্রীপতি যদুনন্দন! এই বৃষসমূহ যদি আপনার দ্বারা নিগৃহীত হয়, তাহা হইলে আপনিই আমার কন্যার অভিমত বর বলিয়া নিরূপিত হইবেন।৪৪

রাজা নগ্নজিতের এইরূপ প্রতিজ্ঞা-বাণী শ্রবণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ উত্তরীয় বসনে বদ্ধপরিকর হইলেন এবং সংকল্পমাত্রেই স্বীয় কলেবরকে সাত ভাগে বিভক্ত করিয়া এক সময়েই সেই বৃষ সপ্তকে আক্রমণ করিলেন।৪৫

এবং ক্ষণকাল মধ্যে সেই বৃষ সপ্তের বল ও ও দর্প খর্ব্ব-করত রজ্জু দ্বারা সেই সাতটাকেই একত্র বন্ধন করিলেন এবং বালক যেমন দারুনির্ম্মিত গোবৃষাদিকে রজ্জুবন্ধনে আকর্ষণ করে, সেইরূপ শ্রীকৃষ্ণ রজ্জুবদ্ধ সেই বৃষসপ্তকে আকর্ষণ পূর্ব্বক সকলের সমক্ষে টানিয়া আনিলেন।৪৬

কৃষ্ণকর্ত্তৃক বৃষগণের তাদৃশ নিগ্রহ করা দেখিয়া

রাজপত্ন্যশ্চ দুহিতুঃ কৃষ্ণং লব্ধ্বা প্রিয়ং পতিম্।
লেভিরে পরমানন্দং জাতশ্চ পরমোৎসবঃ ॥৪৮
শঙ্খভের্য্যানকা নেদুর্গীতবাদ্যদ্বিজাশিষঃ।
নরা নার্য্যঃ প্রমুদিতাঃ সুবাসঃ স্রগলঙ্কৃতাঃ ॥৪৯
দশ ধেনুসহস্রাণি পারিবর্হমদাদ্ বিভুঃ।
যুবতীনাং ত্রিসাহস্রং নিষ্কগ্রীবসুবাসসাম্ ॥৫০

রাজপত্ন্যঃ চ দুহিতুঃ প্রিয়ং পতিং কৃষ্ণং লব্ধ্বা পরমানন্দং লেভিরে। তত্র তদা পরমোৎসবঃ চ জাতঃ ॥৪৮

শঙ্খভের্য্যানকাঃ গীতবাদ্যানি দ্বিজানাম্ আশিষঃ আশীর্ব্বাদাঃ চ নেদুঃ। প্রমুদিতাঃ নরাঃ নার্য্যঃ চ সুবাসঃ-স্রগলঙ্কৃতাঃ শোভনৈঃ বাসোভিঃ স্রগ্‌ভিঃ চ অলঙ্কৃতাঃ আসন্ ॥৪৯

বিভুঃ নগ্নজিৎ রাজা ধেনূনাং দশসহস্রাণি নিষ্কগ্রীবসুবাসসাং (নিষ্কঃ গ্রীবায়াং যাসাং তথা সুষ্ঠু বাসো যাসাং তাসাং) যুবতীনাং ত্রিসাহস্রং পরিবর্হম্ উপায়নম্ অদাৎ ॥৫০

নাগানাং গজানাং নব সহস্রাণি নাগাৎ নাগেভ্যঃ শতগুণান্

রাজা বিস্মিত ও শ্রীকৃষ্ণের উপর নিতান্তই প্রসন্ন হইলেন এবং স্বকীয় কন্যা সত্যাকে কৃষ্ণকরে সমর্পণ করিলেন। প্রবল-পরাক্রম ভগবান্ দামোদর নিজের অনুরূপ ভার্য্যা সত্যাকে বিধিবৎ বিবাহ করিলেন।৪৭

রাজমহিষীগণ দুহিতার তাদৃশ পুরুষপ্রধান শ্রীকৃষ্ণকে প্রাণপতিরূপে প্রাপ্ত হইয়া দেখিয়া পরম আনন্দ লাভ করিলেন। হে নরনাথ! এই উপলক্ষে তথায় প্রকৃষ্ট উৎসবও উদ্‌যাপিত হইল।৪৮

শঙ্খ, ভেরী ও আনকাদি বাদ্যসমূহ বাদিত হইতে লাগিল, গীতধ্বনি এবং ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ-ধ্বনি শ্রুত হইতে লাগিল। নগরস্থ নরনারীগণ আনন্দে পুলকিত হইয়া উৎকৃষ্ট বস্ত্র ও অলঙ্কারাদিতে বিভূষিত হইলেন।৪৯

রাজা নগ্নজিৎ দশ সহস্র ধেনু, সুবর্ণপদক ও ক্ষৌমবস্ত্র পরিহিত তিন সহস্র যুবতী দাসী শ্রীকৃষ্ণকে উপহারস্বরূপ প্রদান করিলেন।৫০

নব নাগসহস্রাণি নাগাচ্ছতগুণান্ রথান্।
রথাচ্ছতগুণানশ্বানশ্বাচ্ছতগুণান্ নরান্ ॥৫১
দম্পতী রথমারোপ্য মহত্যা সেনয়া বৃতৌ।
স্নেহপ্রক্লিন্নহৃদয়ো যাপয়ামাস কোশলঃ ॥৫২
শ্রুত্বৈতদ্ রুরুধুর্ভূপা নয়ন্তং পথি কন্যকাম্।
ভগ্নবীর্য্যাঃ সুদুর্মর্ষা যদুভির্গোবৃষৈঃ পুরা ॥৫৩

নবলক্ষাণি রথান্, রথাৎ রথেভ্যঃ শতগুণান্ নবকোটীম্ অশ্বান্ তথা অশ্বাৎ অশ্বেভ্যঃ শতগুণান্ নবপদ্মাণি নরান্ দদৌ ॥৫১

স্নেহপ্রক্লিন্নহৃদয়ঃ (স্নেহেন প্রক্লিন্নম্ আর্দ্রং হৃদয়ং যস্য সঃ) কোশলঃ নগ্নজিৎ মহত্যা সেনয়া বৃতৌ দম্পতী সত্যা-কৃষ্ণৌ রথম্ আরোপ্য যাপয়ামাস গময়ামাস ॥৫২

এতৎ কৃষ্ণস্য প্রয়াণং শ্রুত্বা যদুভিঃ গোবৃষৈঃ চ পুরা ভগ্নবীর্য্যাঃ সুদুর্মর্ষাঃ দুঃখিতাঃ ভূপাঃ কন্যকাং সত্যাং নয়ন্তং কৃষ্ণং পথি রুরুধুঃ ॥৫৩

এতদ্ব্যতীত নবসহস্র হস্তী, হস্তীর শতগুণ অর্থাৎ নব লক্ষ রথ, রথের শতগুণ অর্থাৎ নব কোটি অশ্ব এবং অশ্বের শতগুণ অর্থাৎ নব পদ্ম পদাতি সৈন্য মহারাজ নগ্নজিৎ কন্যা ও জামাতাকে প্রদান করিলেন।৫১

দুহিতৃবৎসল কোশলাধিপতি নগ্নজিৎ এইরূপ মহতী সেনায় পরিবৃত দম্পতীযুগলকে রথে আরোহণ করাইয়া স্নেহার্দ্র-হৃদয়ে বিদায় দিলেন।৫২

এতাদৃশ ঐশ্বর্য্যের পরিচয়ে শ্রীকৃষ্ণ বধূ লইয়া স্বদেশে যাত্রা করিতেছেন এই সংবাদ-শ্রবণে উপস্থিত রাজাগণ আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। একে ত গো-বৃষের তীক্ষ্ণ শৃঙ্গাঘাতে বিদীর্ণ দেহ ও হতমান, তাহাতে আবার যদুগণের নিকট পূর্ব্বেও পরাস্ত হইয়াছিলেন; সর্ব্ব প্রকারের মনোমালিন্য তাঁহাদের হৃদয়ে যুগপৎ উদিত হওয়ায় তাঁহারা সকলে একত্র হইয়া বধূ আনয়নকালে শ্রীকৃষ্ণকে পথেই আক্রমণ করিলেন।৫৩

তানস্যতঃ শরব্রাতান্ বন্ধুপ্রিয়কৃদর্জ্জুনঃ।
গাণ্ডীবী কালয়ামাস সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৫৪

পারিবর্হমুপাগৃহ্য দ্বারকামেত্য সত্যয়া
রেমে যদূনামৃষভো ভগবান্ দেবকীসুতঃ।৫৫

শ্রুতকীর্ত্তেঃ সুতাং ভদ্রামুপযেমে পিতৃস্বসুঃ।
কৈকেয়ীং ভ্রাতৃভির্দত্তাং কৃষ্ণঃ সন্তর্দ্দনাদিভিঃ ॥৫৬

সুতাঞ্চ মদ্রাধিপতের্লক্ষ্মণাং লক্ষণৈর্যুতাম্।
স্বয়ম্বরেজহারৈকঃ স সুপর্ণঃ সুধামিব ॥৫৭

অন্যাশ্চৈবংবিধা ভার্য্যাঃ কৃষ্ণস্যাসন্ সহস্রশঃ।
ভৌমং হত্বা তন্নিরোধাদাহৃতাশ্চারুদর্শনাঃ ॥৫৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৮

শরব্রাতান্ শরসমূহান্ অস্যতঃ ক্ষিপতঃ তান্ ভূপান্ বন্ধুপ্রিয়কৃৎ (বন্ধোঃ প্রিয়ং করোতীতি) গাণ্ডীবী অর্জ্জুনঃ ক্ষুদ্রমৃগান্ সিংহঃ ইব কালয়ামাস পলায়নপরান্ কৃতবান্। যদূনাম্ ঋষভঃ শ্রেষ্ঠঃ ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ পারিবর্হম্ উপাগৃহ্য দ্বারকাম্ এত্য সত্যয়া সহ রেমে ॥৫৪-৫৫

পিতৃস্বসুঃ শ্রুতকীর্ত্তেঃ সুতাং কৈকেয়ীং কেকয়দেশোদ্ভবাং সন্তর্দ্দনাদিভিঃ ভ্রাতৃভিঃ দত্তাং ভদ্রাং নাম কন্যাম্ উপযেমে ॥৫৬

মদ্রাধিপতেঃ সুতাং লক্ষণৈঃ যুতাং লক্ষ্মণাং স্বয়ংবরে একঃ একাকী কৃষ্ণঃ সুধাং সুপর্ণঃ গরুড়ঃ ইব জহার ॥৫৭

ভৌমং নরকাসুরং হত্বা তন্নিরোধাৎ (তস্য নিরোধাৎ অন্তঃপুরাৎ) তেন আহৃতাঃ আনীতাঃ চারুদর্শনাঃ (চারুঃ সুন্দরং দর্শনং শরীরং যাসাং তাঃ) এবংবিধাঃ অন্যাঃ সহস্রশঃ ভার্য্যাঃ কৃষ্ণস্য আসন্ ॥৫৮

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

এবং আষাঢ়ের বারিধারার ন্যায় অনবরত শ্রীকৃষ্ণের উপর শরসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন। কিন্তু বন্ধু শ্রীকৃষ্ণের প্রিয়কারী মহারথ অর্জ্জুন সিংহ যেমন ক্ষুদ্র মৃগকুলকে তাড়না দ্বারাই অপসারিত করে, সেইরূপ গাণ্ডীব ধনু ধারণে সামান্য ভীতির প্রদর্শনেই সেই রাজগণকে দূরীভূত ও পলায়ন-পরায়ণ করিলেন।৫৪

যদুশ্রেষ্ঠ ভগবান্ দেবকীপুত্র শ্বশুর-প্রদত্ত সেই সমস্ত উপায়ন লইয়া দ্বারকায় গমন করিলেন এবং নববধূ সত্যা সহ তথায় বিহার করিতে লাগিলেন।৫৫

স্বকীয় পিতৃস্বসা শ্রুতকীর্তির কন্যা ভদ্রাকে তদীয় ভ্রাতা সন্তর্দ্দনাদির অনুমোদনে শ্রীকৃষ্ণ বিবাহ করেন। এই কন্যা কেকয় দেশে জন্মিয়াছিলেন বলিয়া পুরবাসিগণের নিকট তিনি কেকয়ী নামে অভিহিতা হইয়াছিলেন।৫৬

অহো! খগপতি গরুড় যেমন ইন্দ্রাদি অমরবৃন্দের সমক্ষ হইতে বলপূর্ব্বক ক্ষীরোদমথিত ক্ষীরভাণ্ডকে সংগ্রহ করিয়াছিলেন ভগবান্ শ্রীকৃষ্ণও সেইরূপ একাকী স্বয়ংবর সভায় উপস্থিত হইয়া মদ্রদেশাধিপতির সর্ব্বলক্ষণসম্পন্না লক্ষণা নাম্নী কন্যাকে হরণ করিয়াছিলেন।৫৭

এতদ্ব্যতীত ভূমিপুত্র নরকাসুরকে নিহত করিয়া তৎকর্ত্তৃক আনীত ও অন্তঃপুরে অবরুদ্ধ রূপলাবণ্য সম্পন্না এরূপ সহস্র সহস্র বনিতা শ্রীকৃষ্ণ সংগ্রহ করিয়াছিলেন।৫৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অষ্টপঞ্চাশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ন ত্বা বিদন্ত্যসুতৃপোঽন্তকমাঢ্যতান্ধাঃ
প্রেষ্ঠো ভবান্ বলিভুজামপি তেঽপি তুভ্যম্ ॥৩৭
ত্বং বৈ সমস্তপুরুষার্থময়ঃ ফলাত্মা
যদ্বাঞ্ছয়া সুমতয়ো বিসৃজন্তি কৃৎস্নম্।
তেষাং বিভো সমুচিতো ভবতঃ সমাজঃ
পুংসঃ স্ত্রিয়াশ্চ রতয়োঃ সুখ-দুঃখিনোর্ন ॥৩৮
ত্বং ন্যস্তদণ্ডমুনিভির্গদিতানুভাব
আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোঽসি।
হিত্বা ভবদ্ভ্রুব উদীরিত কালবেগ-
ধ্বস্তাশিষোঽব্জভবনাকপতীন্ কুতোঽন্যে ॥৩৯

ননু হে প্রভো! যতঃ সকাশাৎ কিঞ্চিৎ অপি দুর্লভং নাস্তি, তথাভূতঃ নিষ্কিঞ্চনঃ ভবান্ অজাদ্যাঃ ব্রহ্মাদয়ঃ বলিভুজঃ (বলিং পূজাং ভুঞ্জতে স্বীকুর্ব্বন্তি ইতি বলিভুজঃ) অপি যস্মৈ তুভ্যং বলিং পূজাং হরন্তি সমর্পয়ন্তি, তস্য সর্ব্বেশ্বরস্য এব দরিদ্রতাং কথং স্যাৎ। (নিষ্কিঞ্চনজনপ্রিয় ইত্যত্রাহ) বলিভুজাং লোকেশ্বরাণাং ব্রহ্মাদীনাম্ অপি ভবান্ শ্রেষ্ঠঃ; তে ব্রহ্মাদয়ঃ অপি তুভ্যম্ এব প্রেষ্ঠাঃ। (আঢ্যাঃ ত্বাং ন ভজন্তে ইত্যত্রাহ) আঢ্যতান্ধাঃ (আঢ্যতয়া ধনাভিজনাদিভিঃ আঢ্যত্বাভিমানেন অন্ধাঃ বিবেকশূন্যাঃ) অতএব অসুতৃপঃ (অসূন্ ইন্দ্রিয়াণি এব তর্পয়ন্তি ইতি তথাভূতাঃ তে) অন্তকম্ আয়ুর্হরন্তং কালরূপম্ অপি ত্বাং ন বিদন্তে ন জানন্তি, অতো ন ভজন্তি ॥৩৭

ত্বং বৈ সমস্তপুরুষার্থময়ঃ ধর্ম্মার্থকামমোক্ষচতুর্বিধপুরুষার্থপ্রদঃ ফলাত্মা পরমানন্দস্বরূপঃ, যদ্বাঞ্ছয়া (যস্য ফলরূপস্য তব বাঞ্ছয়া প্রাপ্তীচ্ছয়া) সুমতয়ঃ কৃৎস্নং সর্ব্বমপি ব্যবহারং বিসৃজন্তি ত্যজন্তি। হে বিভো! তেষাং বিবেকিনাং ভবতঃ সমাজঃ সেব্যসেবকভাবলক্ষণঃ সম্বন্ধঃ সমুচিতঃ এব। রতয়োঃ পরস্পরানুরাগযুক্তয়োঃ অতএব সুখ-দুঃখিনোঃ পুংসঃ স্ত্রিয়াঃ চ সমাজঃ গোষ্ঠী তেষাং ন উচিতঃ ॥৩৮

(ভিক্ষুভিঃ শ্লাঘিতা মধ্বা ইত্যাহ) ত্বং ন্যস্তদণ্ডমুনিভিঃ (ন্যস্তঃ ত্যক্তঃ দণ্ডঃ প্রাণিপীড়া যৈঃ তে চ মুনয়ঃ তৈঃ) গদিতানুভাবঃ (গদিতঃ শ্লাঘিতঃ অনুভাবঃ যস্য তথাভূতঃ) জগতাম্ আত্মাত্মদঃ (আত্মনাং স্বভক্তানাম্ আত্মদঃ) চ ত্বম্ ইতি জ্ঞাত্বা ভবদ্ভ্রুবঃ (ভবতঃ ভ্রুবঃ) সকাশাৎ উদীরিতঃ যঃ কালঃ তস্য বেগেন ধ্বস্তাঃ খণ্ডিতাঃ আশিষঃ ভোগাঃ যেষাং তান্ অব্জভবনাকপতীন্ (অব্জভবঃ ব্রহ্মা, নাকপতয়ঃ ইন্দ্রাদয়ঃ স্বর্গপতয়ঃ তান্) হিত্বা উপেক্ষ্য মে ময়া বৃতঃ অসি। অতঃ অন্যে চৈদ্যাদয়ঃ কুতঃ বরণযোগ্যাঃ ইতি ॥৩৯

হে প্রভো! আপনি যে নিষ্কিঞ্চনতার পরিচয় দিয়াছেন-তাহা যথার্থই বটে; তবে আপনার যে কিছুই নাই বলিয়া আপনি নিষ্কিঞ্চন, তাহা নহে; বস্তুতঃ আপনার কোন অভাবই নাই বলিয়াই আপনি নিষ্কিঞ্চনই; কারণ পূজার্হ ব্রহ্মাদি লোকপালগণ সকলেই আপনাকে বলি প্রদান করিয়া থাকেন। অতএব সর্ব্বেশ্বর হইয়া দারিদ্র্যদোষ আপনাতে কিরূপে সম্ভবপর হইতে পারে? দরিদ্রগণই আপনাকে প্রেম করে, এ কথাও অসঙ্গত। কারণ বলিভুক্ ব্রহ্মাদি লোকেশ্বরগণ যখন আপনাকে প্রেম করেন এবং আপনি তাঁহাদিগকে প্রেম করেন, তখন অন্য শ্রেষ্ঠতমের আর কথা কি। তবে যাহারা ধন, মান ও আভিজাত্যাদিতে অভিমানী, তাহারা আপনাকে প্রেম করে না বটে; কারণ তাহারা ঐশ্বর্য্যমদে সম্পূর্ণ অন্ধ ও জ্ঞানহীন। ইন্দ্রিয়চরিতার্থ করাই তাহাদের একমাত্র লক্ষ্য; সুতরাং কালস্বরূপে কেশাগ্র ধারণ করিয়া আপনি যে তাহাদের অগ্রভাগে দণ্ডায়মান, তাহাও তাহারা অবিবেকিতাবশতই কেবল আপনাকে দর্শন করিতে পায় না। ॥৩৭

আপনি জীবকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থই প্রদান করিয়া থাকেন; আপনি পরমানন্দস্বরূপ পরমাত্মা! আপনাকে দর্শন করিবার অভিপ্রায়ে মতিমান্ বিবেকিগণ সাংসারিক সমস্ত ব্যবহারই পরিত্যাগ করিয়া থাকেন। আপনার সহিত সেব্য-সেবক-ভাব সম্বন্ধ করাই তাঁহাদের জীবনের এক মাত্র কার্য্য এবং পরস্পরের অনুরাগের

জাড্যং বচস্তব গদাগ্রজ যস্তু ভূপান্
বিদ্রাব্য শার্ঙ্গনিনদেন জহর্থ মাং ত্বম্।
সিংহো যথা স্ববলিমীশ পশূন্ স্বভাগং
তেভ্যো ভয়াদ্ যদুদধিং শরণং প্রপন্নঃ ॥৪০

যদ্বাঞ্ছয়া নৃপশিখামণয়োঽঙ্গবৈণ্য-
জায়ন্তনাহুষগয়াদয় ঐকপত্যম্।
রাজ্যং বিসৃজ্য বিবিশুর্বনমম্বুজাক্ষ
সীদন্তি তেঽনুপদবীং ত ইহাস্থিতাঃ কিম্ ॥৪১

কান্যং শ্রয়েত তব পাদসরোজগন্ধ-
মাঘ্রায় সন্মুখরিতং জনতাপবর্গম্।
লক্ষ্ম্যালয়ন্ত্ববিগণয্য গুণালয়স্য
মর্ত্যা সদোরুভয়মর্থবিবিক্তদৃষ্টিঃ ॥৪২

হে গদাগ্রজ! সিংহঃ যথা পশূন্ মহিষাদীন্ বিদ্রাব্য স্ববলিং স্বভাগং হরতি, তথা যঃ ত্বম্ শার্ঙ্গ-ধনুর্নিনাদেন এব ভূপান্ জরাসন্ধাদীন্ বিদ্রাব্য পলায়নং কারয়িত্বা মাং জহর্থ হৃতবান্ অসি ; হে ঈশ! তস্য এব তেভ্যঃ রাজভ্যো ভয়াৎ উদধিং সমুদ্রং শরণং প্রপন্নঃ ইতি যৎ বচঃ ভাষণং, তৎ জাড্যম্ এব ইত্যর্থঃ ॥৪০

হে অম্বুজাক্ষ! যস্য তব বাঞ্ছয়া প্রাপ্তীচ্ছয়া নৃপশিখামণয়ঃ রাজোত্তমাঃ অঙ্গাদয়ঃ ঐকপত্যম্ (একঃ স্বয়ম্ অধিপতিঃ যস্মিন্ এতাদৃশম্) অপি রাজ্যং বিসৃজ্য ত্যক্ত্বা (ত্বদ্ভজনার্থং ত্বৎপ্রাপ্তি-সাধনং) বনং বিবিশুঃ ; তথা তে তব পদবীং মার্গম্ আস্থিতাঃ কিম্ ইহ সংসারে সীদন্তি ইতরবৎ ক্লিশ্যন্তি ॥৪১

সন্মুখরিতং (সদ্ভিঃ বিবেকিভিঃ মুখরিতং কথিতং) জনতাপবর্গং (জনতায়াঃ জনসমূহস্য শ্রবণকীর্তনাদিপরস্য অপবর্গং মোক্ষসাধকং) লক্ষ্ম্যালয়ং (লক্ষ্ম্যাঃ অপি আলয়ম্ আশ্রয়ং সেব্যং) গুণালয়স্য তব পাদসরোজগন্ধম্ আঘ্রায় ত্বম্ অবিগণয্য অর্থবিবিক্তদৃষ্টিঃ কা মর্ত্যা স্ত্রী সদোরুভয়ম্ (সদা উরুভয়ং যস্য তম্) অন্যং শ্রয়েত সেবেত ॥৪২

বিনিময়-লাভই একমাত্র লক্ষ্য। অতএব সংসার সম্বন্ধে একান্ত দুঃখী নরনারীর পক্ষে প্রাকৃতিক সম্বন্ধকে উপেক্ষা করিয়া, এই পরমার্থ সম্বন্ধের জন্য যত্নশীল হওয়াই সর্বতোভাবে বিধেয়।৩৮

ভিক্ষুকগণ নিরর্থক আপনাকে প্রেম করেন না। তাঁহারা হিংসাবৃত্তিকে সম্পূর্ণ পরিহার করত আপনার ঐশ্বর্য্যের বর্ণন করিয়া থাকেন। আপনি স্বীয় ভক্তগণকেই আত্মস্বরূপ প্রদান করিয়া থাকেন, ইহাই অবধারণ করিয়া আমি আপনাতে আত্মসমর্পণ করিয়াছি। কারণ আপনার ঈষৎ কটাক্ষে যে প্রচণ্ড কালের উদয় হয়, তাহার বেগ ইন্দ্রাদি লোকপালগণ, এমনকি কমলাসন ব্রহ্মা পর্য্যন্ত ধারণ করিতে পারেন না। কাল-স্রোতে তাহারাও ভোগে বঞ্চিত ও বিধ্বস্ত হইয়া পড়েন। অতএব আমি যখন তাদৃশ অমরেশ্বর ইন্দ্র বা প্রজাপতি ব্রহ্মাকে পর্য্যন্ত উপেক্ষা করিয়া সাক্ষাৎ কালকর্ত্তা আপনাকে পতিত্বে বরণ করিয়াছি, তখন চৈদ্যাদি নরপালগণ যে আমার সন্নিধানে নিতান্তই অকিঞ্চিৎকর, তাহাতে আর বক্তব্য কি।৩৯

হে গদাগ্রজ! পশুরাজ কেশরী যেমন মহিষাদি পশুকুলকে বিদূরিত করত স্বীয় ভাগ বলপূর্ব্বকই গ্রহণ করিয়া থাকে, সেইরূপ আপনিও স্বীয় শার্ঙ্গধনুর নিনাদের দ্বারাই জরাসন্ধাদি নরপতিকুলকে পলায়ন পরায়ণ করিয়া আমাকে হরণ করিয়াছেন। হে পরমেশ! তাদৃশ রাজন্যগণের ভয়ে ভীত হইয়া আপনি সমুদ্রে বাস করিতেছেন বলা, কি নিতান্ত অসঙ্গত ও অসম্বন্ধ উক্তির প্রয়োগ করা হয় নাই ?৪০

হে পদ্মপলাশলোচন! ভবদীয় সাক্ষাৎকারের প্রার্থনায় অঙ্গ, পৃথু, ভরত, যযাতি এবং গয়াদি রাজচক্রবর্ত্তী নৃপতিগণ স্ব স্ব রাজত্ব পরিত্যাগ পূর্ব্বক আপনার ভজনার্থ বনে গমন করিয়াছেন এবং তথায় সাধনের অনুসরণে আপনাকে প্রাপ্ত হইয়াছেন। তাঁহারা কি আর সাধারণ ভোগী জীবের ন্যায় এই ঘোর সংসারে পুনরায় অবসন্ন হইতে প্রার্থনা করেন।৪১

হে ভগবান্! যাঁহারা ভবদীয় গুণগ্রামের শ্রবণ

তং ত্বানুরূপমভজং জগতামধীশ-
মাত্মানমত্র চ পরত্র চ কামপূরম্।
স্যান্মে তবাঙ্ঘ্রিরবণং সৃতিভির্ভ্রমন্ত্যা
যো বৈ ভজন্তমুপযাত্যনৃতাপবর্গঃ ॥৪৩
তস্যাঃ স্যুরচ্যুত নৃপা ভবতোপদিষ্টাঃ
স্ত্রীণাং গৃহেষু খর-গো-শ্ব-বিড়াল-ভৃত্যাঃ।

অতঃ জগতাম্ অধীশং সর্ব্বস্য আত্মানম্ অত্র অস্মিন্ লোকে পরত্র পরলোকে চ কামপূরং (কামান্ বিষয়ান্ পূরয়তি প্রাপয়তি ইতি তথা তং) তম্ উক্তপ্রভাবম্ অনুরূপং যোগ্যম্ এব ত্বা ত্বাম্ অহম্ অভজম্। যঃ বৈ ভজন্তম্ উপযাতি (অনায়াসেন স্বয়মেব প্রাপ্তঃ ভবতি সঃ অনৃতাপবর্গঃ (অনৃতস্য দেহাদৌ অহং-মমাভিমানপূর্ব্বকং নানাবিধদুঃখস্য অপবর্গঃ নিবৃত্তিঃ যস্মাৎ তথাভূতঃ) তব অঙ্ঘ্রিঃ সৃতিভিঃ দেব-তির্য্যগাদি-জন্মভিঃ, ভ্রমন্ত্যাঃ মে মম অরণং সেব্যতয়া আশ্রয়ঃ স্যাৎ ইতি

ও কীর্ত্তনাদি ব্যাপারে নিমগ্ন থাকেন, তাঁহারা অন্তে মুক্তিলাভ করেন, তাহাতে আর সন্দেহ নাই। কারণ আপনার চরণের মহিমা অনন্ত ও অপার। স্বয়ং কমলা ঐ চরণে আশ্রয় লাভ করিয়াই ঐশ্বর্য্যস্বরূপে অভিব্যক্তা হইয়াছেন। বিবেকী সাধু পুরুষগণই আপনার মহিমার পরিচয় দিয়া থাকেন। অতএব সর্ব্বগুণাধার ভবদীয় চরণ-কমলের সৌরভ একবার আঘ্রাণ করিয়া কোন বিবেকবতী ললনা আবার আপনাকে উপেক্ষা করত নিরন্তর সংসার-ভয়ে ভীত চৈদ্যাদির ন্যায় অতি তুচ্ছ ভোগীর আশ্রয়ে ভোগ প্রার্থনা করে ?৪২

অতএব হে শ্রীকৃষ্ণ! জগতের অধীশ্বর সর্ব্বান্তর্য্যামী যে পরাৎপর পরম পুরুষের কণামাত্র কৃপালাভে সংসারস্থ সকল জীবের সকল প্রার্থনারই পূরণ হইয়া থাকে, অনুপম প্রভাবশালী আপনার ন্যায় তাদৃশ উপযুক্ত পতিকেই আমি বরণ করিয়াছি। এক্ষণে যাঁহার উপাসনা করিলে, তিনি নিজে উপাসকের সমীপবর্ত্তী হন এবং তদুপলক্ষে দেহাভিমান ও

যৎকর্ণমূলমরিকর্ষণ নোপযায়াদ্-
যুষ্মৎকথা মৃড়-বিরিঞ্চসভাসু গীতা ॥৪৪
ত্বক্-শ্মশ্রু-রোম-নখ-কেশপিনদ্ধমন্ত-
র্মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতম্।
জীবচ্ছবং ভজতি কান্তমতির্বিমূঢ়া
যা তে পদাব্জমকরন্দমজিঘ্রতী স্ত্রী ॥৪৫

অনুগৃহাণ ॥৪৩

হে অরিকর্ষণ শত্রুনিসূদন! মৃড়-বিরিঞ্চিসভাসু গীতা কীর্ত্তিতা যুষ্মৎকথা যৎ কর্ণমূলং ন উপযায়াৎ উপগচ্ছেৎ, তস্যাঃ নার্য্যাঃ এব হে অচ্যুত! ভবতা উপদিষ্টাঃ স্ত্রীণাং গৃহেষু খর-গো-শ্ব-বিড়াল-ভৃত্যাঃ (খরাঃ ভারবাহাঃ। গাবঃ বলীবর্দ্দাঃ ইব নিত্যং ব্যাপারক্লিষ্টাঃ। শ্বানঃ ইব অবমতাঃ, বিড়ালাঃ ইব কৃপণাঃ হিংস্রাশ্চ ; ভৃত্যাঃ ইব আজ্ঞানুসারিণঃ) নৃপাঃ এব পতয়ঃ স্যুঃ। ন মম পতিরিতি ॥৪৪

বিষয়াভিমান-নিবন্ধন বিবিধ দুঃখের নিবৃত্তি হইয়া থাকে, আপনার তাদৃশ অভয়পদ আমার ন্যায় দেবতির্য্যাগাদি বিচিত্র যোনিতে নিরন্তর জন্ম ধারণ পূর্ব্বক সংসারপথে ভ্রাম্যমাণ জীবের পক্ষে সেবা করিবার পরম আশ্রয়রূপে যেন নিরন্তর প্রতীত হয়, এই অনুগ্রহ আপনি আমার প্রতি প্রতি প্রকাশ করুন্।৪৩

হে শত্রুনিসূদন! শিব বিরিঞ্চি প্রভৃতির সভা-মণ্ডপে পবিত্র বোধে পরিকীর্ত্তিত ভবদীয় গুণকথা যে কামিনীর কর্ণকুহরে কখন প্রবিষ্ট হয় নাই, হে অচ্যুত! সেই কামিনীই আপনার উপদিষ্ট গর্দ্দভ, বৃষ, কুক্কুর, বিড়াল এবং ভৃত্যের অনুকরণে গৃহাস্থাশ্রমে নারী-সেবী নৃপতিগণকে পতিরূপে প্রাপ্ত হউক। আমার কিন্তু তাদৃশ স্ত্রৈণ পতিতে প্রয়োজন নাই।৪৪

হে হৃষীকেশ! যে নারী ভবদীয় চরণকমলের অপূর্ব্ব মাহাত্ম্য কখন শ্রবণ করে নাই এবং কমনীয় কান্ত বিবেচনায় সামান্য মানবকেই পতিজ্ঞানে আসক্ত হয়, সেই কামিনীই প্রকৃত ভ্রান্ত ও বিমুগ্ধ-

অস্ত্বম্বুজাক্ষ মম তে চরণানুরাগ
আত্মন্ রতস্য ময়ি চানতিরিক্তদৃষ্টেঃ।
যর্হ্যস্য বৃদ্ধয় উপাত্তরজোঽতিমাত্রো
মামীক্ষসে তদু হ নঃ পরমানুকম্পা ॥৪৬

যা স্ত্রী তে তব পদাব্জমকরন্দম্ অজিঘ্রতী চরণ-মাহাত্ম্যং ন শ্রুতবতী, সা কান্তঃ কমনীয়ঃ অয়ম্ ইতি মতিঃ যস্যাঃ তথাভূতা অতঃ বিমূঢ়া বিশেষেণ মোহিতচিত্তা, বহিঃ ত্বক্ শ্মশ্রু-রোম-নখ-কেশ-পিনদ্ধং তৈঃ ছন্নং (অন্তঃ) চ মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতম্ এতে যস্মিন্ তম্ অতঃ জীবৎ অপি শবতুল্যং পুরুষং ভজতি ॥৪৫

হে অম্বুজাক্ষ কমললোচন! ময়ি অনতিরিক্ত-দৃষ্টেঃ (অনতিরিক্তা অনতিশয়বতী অনাসক্তা দৃষ্টিঃ যস্য তস্য) যতঃ আত্মনিরতস্য (আত্মনি নিজস্বরূপানন্দে রতস্য) তে তব চরণানুরাগঃ মম অস্তু, এবং যর্হি অস্য বিশ্বস্য বৃদ্ধয়ে উপাত্তরজোঽতিমাত্রঃ (উপাত্তা অঙ্গীকৃতা রজোগুণস্য অতিমাত্রা ঔৎকট্যং যেন তথাভূতঃ সন্) ত্বং মাম্ ঈক্ষসে, তৎ ঈক্ষণম্ এব নঃ অস্মাকং সর্বাসাং শক্তীনাং পরমা নিরতিশয়া তব অনুকম্পা কৃপা। হ ইতি হর্ষং সূচয়তি ॥৪৬

চিত্তা, সন্দেহ নাই। কারণ সেই নারী বহির্দৃষ্টিতে ত্বক্, শ্মশ্রু, রোম, নখ ও কেশাদিতে ব্যাপ্ত এবং অভ্যন্তরে মাংস, অস্থি, রক্ত, কৃমি, বিষ্ঠা, কফ, পিত্ত ও বাতাদিতে পরিপূর্ণ জীবদ্দশাতেও শবতুল্য পুরুষদেহকে ভজনা করিয়া থাকে।৪৫

হে অরবিন্দলোচন! আপনি যখন পরমানন্দস্বরূপ স্বীয় পরম রসে নিরন্তর বিরাজ করেন, তখন আমাতে আপনার চিত্ত আসক্ত হইবার কোন কারণ নাই। কিন্তু আমার চিত্ত ভবদীয় চরণকমলে নিত্য অনুরক্ত থাকে। এই অনন্ত বিশ্ব সংসারের শ্রীবৃদ্ধির কামনায় আপনি রজোগুণের আতিশয্যকে স্বয়ং স্বীকার করত যখন আমার প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া থাকেন, তখনই আমার প্রতি ও অন্যান্য সকল শক্তির প্রতিই আপনার নিরতিশয় অনুগ্রহের পরিচয় দেওয়া হয়।৪৬

হে মধুসূদন! "নিজের অনুরূপ অন্য কোন

নৈবালীকমহং মন্যে বচস্তে মধুসূদন।
অম্বায়া এব হি প্রায়ঃ কন্যায়াঃ স্যাদ্ রতিঃ কচিৎ ॥৪৭
ব্যূঢ়ায়াশ্চাপি পুংশ্চল্যা মনোঽভ্যেতি নবং নবম্।
বুধোঽসতীং ন বিভৃয়াৎ তাং বিভ্রদুভয়চ্যুতঃ ॥৪৮

হে মধুসূদন! (অথাত্মনোঽনুরূপং বৈ ভজস্ব ক্ষত্রিয়র্ষভমিতি) যৎ তে তব বচঃ তৎ অহম্ অলীকম্ অনৃতং ন মন্যে। যতঃ লোকে অম্বায়াঃ কাশীরাজস্য কন্যায়াঃ ইব কচিৎ পুরুষবিশেষে রতিঃ ভবতি। যতঃ লোকে (অম্বাম্বিকাম্বালিকানাং তিসৃণাং মধ্যে অম্বায়াঃ এব শাল্বে রতিঃ জাতা তথা) কন্যায়াঃ এব কচিৎ পুরুষবিশেষে রতিঃ স্যাৎ ॥৪৭

তথা ব্যূঢ়ায়াঃ পরিণীতায়াঃ অপি পুংশ্চল্যাঃ মনঃ নবং নবং পুরুষম্ অভ্যেতি (এবং ব্যবহারে সত্যপি) বুধঃ বিবেকী পুরুষঃ অসতীং পুংশ্চলীং স্ত্রিয়ং ন বিভৃয়াৎ ন প্রতিগৃহ্লীয়াৎ; তাম্ অসতীং বিভ্রৎ পুষ্ণং পুরুষঃ উভয়চ্যুতঃ ভবতি (অস্মিন্ লোকে পরলোকে চ দুঃখমেবানুভবতি) ॥৪৮

শ্রেষ্ঠ ক্ষত্রিয়কে পতিরূপে বরণ কর" বলিয়া আমার প্রতি যে উপদেশ-বাক্যের প্রয়োগ করিয়াছিলেন, তাহাকে আমি মিথ্যা বা অনাবশ্যক বলিয়া মনে করি না। কারণ কাশীরাজ নন্দিনী অম্বা, অম্বিকা ও অম্বালিকা নাম্নী কন্যাত্রয়ের মধ্যে অম্বানাম্নী কন্যার রতি যখন শাল্বে জন্মিয়াছিল এই প্রবাদ আছে, তখন পতি-প্রার্থিনী কন্যার প্রেম কোন পুরুষবিশেষে উৎপন্ন হইবার বিশেষ সম্ভাবনা। অতএব আপনার উক্তি আমার প্রতি কখন অসঙ্গত নহে।৪৭

বিশেষত পরিণীতা পত্নী যদি পরপুরুষে আসক্ত হয়, তবে তাহার চিত্ত নূতন পুরুষের প্রতিই ধাবিত হইয়া থাকে। তাদৃশ পুংশ্চলী কামিনীকে কোন বুদ্ধিমান্ ব্যক্তি পত্নীরূপে গ্রহণ করেন না; পুংশ্চলী পত্নীর সহবাসে ভর্ত্তার উভয় লোক বিনষ্ট হইয়া থাকে, তিনি ইহ জগতে এবং পরলোকেও একান্ত দুঃখই অনুভব করিয়া থাকেন।৪৮

শ্রীভগবানুবাচ।

সাধ্ব্যেতচ্ছ্রোতুকামৈস্ত্বং রাজপুত্রি প্রলম্ভিতা।
ময়োদিতং যদন্বাথ সর্বং তৎ সত্যমেব হি ॥৪৯
যান্ যান্ কাময়সে কামান্ ময্যকামায় ভামিনি।
সন্তি হ্যেকান্তভক্তায়াস্তব কল্যাণি নিত্যদা ॥৫০
উপলব্ধং পতিপ্রেম পাতিব্রত্যঞ্চ তেঽনঘে।
যদ্বাক্যৈশ্চাল্যমানায়া ধীর্ম্যপকর্ষিতা ॥৫১
যে মাং ভজন্তি দাম্পত্যে তপসা ব্রতচর্য্যয়া।
কামাত্মানোঽপবর্গেশং মোহিতা মম মায়য়া ॥৫২
মাং প্রাপ্য মানিন্যপবর্গসম্পদং
বাঞ্ছন্তি যে সম্পদ এব তৎপতিম্।
তে মন্দভাগ্যা নিরয়েঽপি যে নৃণাং
মাত্রাত্মকত্বান্নিরয়ঃ সুসঙ্গমঃ ॥৫৩

শ্রীভগবান্ উবাচ। হে সাধ্বি হে রাজপুত্রি! এতৎ মদুক্তং বচনং শ্রোতুকামৈঃ অস্মাভিঃ ত্বং প্রলম্ভিতা উপহসিতা। ময়া মম উদিতং যৎ ত্বম্ অন্বাথ ব্যাখ্যাতবতী, তৎ সর্ব্বং হি সত্যং যথার্থম্ এব ॥৪৯

হে ভামিনি! হে কল্যাণি! অকামায় সংসারসুখহেতু-কামনা-নিরাসায় যান্ যান্ কামান্ কাময়সে প্রার্থয়সে, তে কামাঃ ময়ি একান্তভক্তয়াঃ তব নিত্যদা সন্তি হি এব ॥৫০

হে অনঘে সর্ব্বদোষরহিতে! পতিপ্রেম (পত্যৌ ময়ি নিরতিশয়ং প্রেম স্নেহঃ) তথা পাতিব্রত্যং (সর্ব্বোৎকৃষ্টত্ববুদ্ধ্যা পত্যেকনিষ্ঠত্বং চ) তে তব উপলব্ধং (ময়া) উপলব্ধম্ অনুভূতম্ এব। যৎ যস্মাৎ মম বাক্যৈঃ চাল্যমানায়াঃ অপি তব ধীঃ ময়ি ন অপকর্ষিতা অন্যবিষয়া ন জাতা ॥৫১

অপবর্গেশং মোক্ষদাতারম্ অপি মাং দাম্পত্যে দম্পত্যুপভোগসুখার্থং যে জনাঃ তপসা ব্রতচর্য্যয়া চ ভজন্তি, কামাত্মনঃ তে মম মায়য়া মোহিতাঃ এব ॥৫২

হে মানিনি! অপবর্গসম্পদং (অপবর্গেণ সহ সম্পদঃ যস্মিন্ তং) মাং প্রাপ্য প্রসাদ্য যে কেবলং সম্পদঃ বিষয়ান্ এব বাঞ্ছন্তি, ন তু তৎপতিং (তাসাং সম্পদাং যঃ অহং পতিঃ তং) যে বিষয়াঃ নিরয়ে অতি নিকৃষ্টযোনৌ অপি স্যুঃ, তেষাং মাত্রাত্মকত্বাৎ বিষয়াত্মকত্বাৎ নিরয়ঃ সুসঙ্গমঃ শোভনতয়া অভিমতঃ এব, অতঃ তে মন্দভাগ্যাঃ (স্বেনৈব স্বানর্থং সম্পাদয়ন্তি ইত্যর্থঃ) ॥৫৩

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে রাজনন্দিনী! তুমি প্রকৃতই সাধ্বী বটে; তোমার এই সমস্ত উক্তি শ্রবণ করিবার অভিলাষই তোমার সহিত আমি উপহাস করিয়াছি। আমার সকল কথারই ভাবের ব্যাখ্যা তুমি যেরূপ করিয়াছ, তাহার তাৎপর্য্য সেইরূপই বটে।৪৯

হে ভামিনি! তুমি সকল মঙ্গলেরই আস্পদ! সাংসারিক সুখের হেতুভূত যাবতীয় কামনার নিরাসার্থ যে যে কামনা আমার নিকট প্রার্থনা করিয়াছ, আমার প্রতি তোমার একান্ত ভক্তিবলে সেই সকল প্রার্থনা নিত্য পূরণ হইবে সন্দেহ নাই।৫০

হে নিষ্পাপে! পতিবোধে আমার প্রতি তোমার নিরতিশয় প্রেম লক্ষিত হইতেছে। তুমি যে প্রকৃত পতিব্রতা, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি। আমার তাদৃশ বিপরীত বচনেও যখন আমার প্রতি তোমার ভক্তির অন্যথা হয় নাই, তাহাতেই তোমার পাতিব্রত্যের যথেষ্ট পরিচয় হইয়াছে।৫১

আমি জীবকে সংসারক্ষেত্র হইতে মুক্তি দিয়া থাকি; অতএব গুরুতর তপস্যা এবং ব্রতাদির অনুষ্ঠানে আমার আরাধনা করিয়াও, যাহারা মৎসন্নিধানে কেবল কামভোগের প্রার্থনা করে, প্রকৃত প্রস্তাবে তাহারাই মদীয় মহামায়ায় মোহিত।৫২

হে মানিনি! ভোগ এবং অপবর্গের পূর্ণমূর্ত্তি আমাকে প্রাপ্ত হইয়া যাহারা কেবল বিষয়-সম্পদেরই বাসনা করে, সেই সম্পদের পতি যে আমি, আমার সাক্ষাৎকারের জন্য যাহাদের কোন আকাঙ্ক্ষা থাকে না, তাহারাই প্রকৃত মন্দভাগ্য সন্দেহ নাই। কারণ ভোগ্য বিষয় অতি নিকৃষ্ট শূকরাদি যোনিতেও

দিষ্ট্যা গৃহেশ্বর্য্যসকৃন্ময়ি ত্বয়া
কৃতানুবৃত্তির্ভবমোচনী খলৈঃ।
সুদুষ্করাসৌ সুতরাং দুরাশিষো
হ্যসুম্ভরায়া নিকৃতিং জুষঃ স্ত্রিয়াঃ ॥৫৪
ন ত্বাদৃশীং প্রণয়িনীং গৃহিণীং গৃহেষু
পশ্যামি মানিনি যয়া স্ববিবাহকালে।
প্রাপ্তান্ নৃপান্ ন বিগণয্য রহোহরো মে
প্রস্থাপিতো দ্বিজ উপশ্রুতসৎকথস্য ॥৫৫
ভ্রাতুর্বিরূপকরণং যুধি নির্জ্জিতস্য
প্রোদ্বাহপর্ব্বণি চ তদ্বধমক্ষগোষ্ঠ্যাম্।
দুঃখং সমুত্থমসহোঽস্মদযোগভীত্যা
নৈবাব্রবীঃ কিমপি তেন বয়ং জিতাস্তে ॥৫৬

হে গৃহেশ্বরি! অসকৃৎ নিরন্তরং ত্বয়া যা ভবমোচনী অনুবৃত্তিঃ সেবা ময়ি কৃতা, সা দিষ্ট্যা (ত্বয়া তব ভদ্রং মম চ মহান্ সন্তোষঃ জাতঃ), যতঃ সা অনুবৃত্তিঃ খলৈঃ দুর্জ্জনৈঃ সুদুষ্করা দুঃখেনাপি কর্ত্তুমশক্যা, দুরাশিষঃ দুরভিপ্রায়ায়াঃ নিকৃতিং জুষঃ পরোপকারং পরপ্রয়োজনং চ অপশ্যন্ত্যাঃ অসুম্ভরায়াঃ কেবলং স্বেন্দ্রিয়তর্পণপরায়াঃ স্ত্রিয়াঃ তু সুতরাং সুদুষ্করা এব ॥৫৪

হে মানিনি! যয়া ত্বয়া স্ববিবাহকালে (ত্বাং পরিণেতুং) প্রাপ্তান্ নৃপান্ অবিগণয্য অনাদৃত্য, উপশ্রুতসৎকথস্য (উপশ্রুতাঃ সত্যঃ কথাঃ যস্য তস্য) মে তং মাং প্রতি রহোহরো গুহ্য-সন্দেশ-প্রাপকঃ দ্বিজঃ প্রস্থাপিতঃ। অতঃ ত্বাদৃশীং প্রণয়িনীং প্রেমবতীং গৃহিণীং ভার্য্যাং গৃহেষু বহ্বীষু ভার্য্যাসু মধ্যে অহং ন পশ্যামি ॥৫৫

যুধি যুদ্ধে নির্জ্জিতস্য তব ভ্রাতুঃ রুক্মিণঃ ময়া বিরূপকরণং তথা প্রোদ্বাহ-পর্ব্বণি অনিরুদ্ধবিবাহোৎসবে অক্ষগোষ্ঠ্যাং দ্যূতসভায়াং তদ্বধং (তস্য রুক্মিণঃ বধং) চ ততঃ কালান্তরেঽপি সমুত্থং তৎ স্মরণজং দুঃখং চ অস্মদযোগভীত্যা অস্মাভিঃ সহ বিয়োগভয়েন অসহঃ সোঢ়বতী অসি কিম্ অপি :কটুবচনং নৈব অব্রবীঃ উক্তবতী। তেন এব অস্মাসু স্নেহাধিক্যেন তে ত্বয়া বয়ং জিতাঃ বশীকৃতাঃ ॥৫৬

জীব ভোগ করিয়া থাকে; বিষয়সমূহ নরকেরই অনুরূপ; কারণ উভয় বিষয় এবং নরক এক উপাদানে নির্ম্মিত ও ইন্দ্রিয়গণের দ্বারা একরূপেই গ্রাহ্য হয়; সুতরাং সম্পদাভিলাষী ভোগীর সমীপে নরকও শোভন এবং অভিমত বলিয়া অনুভূত হয়। অতএব তাদৃশ দুর্ভাগা ব্যক্তিগণ ইচ্ছাপূর্ব্বকই নিজেদের অনিষ্ট নিজেরাই আনয়ন করিয়া থাকে।৫৩

হে গৃহেশ্বরি! তুমি নিষ্কামভাবে যেরূপ নিরন্তর আমার সেবা করিতেছ, তাহাতে আমি বিশেষ সন্তোষলাভই করিয়াছি; এবং তুমিও সংসার অতি-ক্রমে বিশেষ মঙ্গললাভ করিবে—সন্দেহ নাই। যাহাদের হৃদয়ে অসদভিপ্রায় থাকে, পরের উপকার বা প্রয়োজনের প্রতি দৃষ্টি না করিয়া কেবল নিজের ইন্দ্রিয়-চরিতার্থের জন্যই নিরন্তর উৎকণ্ঠিত থাকে, তাদৃশ খল-প্রকৃতি ব্যক্তিগণের পক্ষে পূর্ব্বোক্ত সেবা কখনই সম্ভবপর হয় না; অতএব তাদৃশী নারীগণের পক্ষে যে তাহা অসম্ভব হইবে- তাহাতে আর বক্তব্য কি ?৫৪

হে মানিনি! আমার অন্যান্য সকল বনিতার মধ্যে তোমার মত প্রণয়িনী ভার্য্যা আমি আর দ্বিতীয় দেখিতে পাই না। তোমার বিবাহকালে তোমার পাণিগ্রহণ প্রত্যাশায় শৌর্য্য, বীর্য্য ও গাম্ভীর্য্য-সম্পন্ন অনেক নৃপতি তথায় উপস্থিত ছিলেন; কিন্তু তুমি লোকমুখে আমার সদ্গুণের কথা শ্রবণ করিয়াই আমাকে আত্মসমর্পণ করিবার অভিপ্রায়ে সেই সকল নৃপতিকে উপেক্ষা করিয়া, অতি গোপন-ভাবে একজন ব্রাহ্মণের দ্বারা আমাকে সংবাদ প্রেরণ করিয়াছিলে।৫৫

তোমার অগ্রজ ভ্রাতাকে যুদ্ধে পরাজয় করিয়া তোমার সমক্ষেই তাহাকে বিরূপ করিয়াছিলাম; পরে অনিরুদ্ধের বিবাহোৎসবকালে দ্যূতসভায় তাহার

দূতস্ত্বয়াত্মলভনে সুবিবিক্তমন্ত্রঃ
প্রস্থাপিতো ময়ি চিরায়তি শূন্যমেতৎ।
মত্বা জিহাস ইদমঙ্গমনন্যযোগ্যং
তিষ্ঠেত তৎ ত্বয়ি বয়ং প্রতিনন্দয়ামঃ ॥৫৭
শ্রীশুক উবাচ।
এবং সৌরতসংলাপৈর্ভগবান্ জগদীশ্বরঃ।
স্বরতো রময়া রেমে নরলোকং বিড়ম্বয়ন্ ॥৫৮

কিঞ্চ আত্মলভনে মৎপ্রাপ্ত্যর্থং সুবিবিক্তমন্ত্রঃ (সু সুষ্ঠু বিবিচ্য জ্ঞাপিতঃ মন্ত্রঃ যস্য সঃ) দূতঃ ত্বয়া প্রস্থাপিতঃ প্রেষিতঃ, তদা ময়ি চিরায়তি ঈষৎ বিলম্বং কুর্ব্বতি সতি এতৎ বিশ্বং শূন্যং মত্বা ইদং মঙ্গলম্ অনন্যযোগ্যং অন্যযোগ্যং ন ভবতি ইতি জিহাসে ত্যক্তুম্ ইচ্ছামি ইত্যেবং ত্বং নিশ্চিতবতী। তৎ তৎকর্ম্ম ত্বয়ি তিষ্ঠেৎ, বয়ং তু কেবলং প্রতিনন্দয়ামঃ প্রতিকর্ত্তুম্ অশক্তাঃ এব কেবলং স্তুত্যা ত্বাং হর্ষয়ামঃ ॥৫৭

শ্রীশুকঃ উবাচ। সৌরত-সংলাপৈঃ সুরতসংলাপৈঃ

জীবন পর্য্যন্তও আমরা নষ্ট করিয়াছি। অবশ্য তৎ তৎকালে তোমার বিশেষ মর্ম্মবেদনা যে তাহাতে জন্মিয়াছিল, সে বিষয়ে আর সন্দেহ নাই ; কিন্তু কি আশ্চর্য্য! পাছে আমার সহিত তোমার কোনরূপ মনোমালিন্য জন্মায়, এই ভয়ে তুমি ভ্রাতৃশোকও অবলীলাক্রমে সহ্য করিয়াছ। একবারের জন্যও কি কার্য্যকালে, কি অন্য সময়ে ভ্রাতৃশোকের উত্থাপনে তুমি কখন কোন কটূক্তি আমার প্রতি প্রয়োগ কর নাই। আমার প্রতি তোমার তাদৃশ প্রেমাধিক্যের পরিচয়ে আমি তোমার নিকট পরাজয় স্বীকার করিলাম।৫৬

পরে আমাকে পাইবার প্রত্যাশায় একজন অতি বিচক্ষণ দূতের দ্বারা "কল্য বিবাহ হইবে" বলিয়া আমার নিকট সংবাদ প্রেরণ করিয়াছিলে। কিন্তু তোমার ইঙ্গিত মত আমি উপস্থিত হইতে ঈষৎ বিলম্ব করায়, তুমি সংসারকে শূন্যময় অবলোকন করিয়া

তথান্যাসামপি বিভুর্গৃহেষু গৃহবানিব।
আস্থিতো গৃহমেধীয়ান্ ধর্ম্মান্ লোকগুরুর্হরিঃ ॥৫৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০

পরিহাসৈঃ স্বরতঃ (স্বস্মিন্ রতঃ) আত্মারামঃ ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ নরলোকং বিড়ম্বয়ন্ অনুকুর্ব্বন্ রময়া লক্ষ্ম্যবতারভূতয়া রুক্মিণ্যা সহ রেমে ॥৫৮

যথা রুক্মিণীগৃহে তথা অন্যাসাম্ অপি স্বভার্য্যাণাং গৃহেষু আস্থিতঃ লোকগুরুঃ বিভুঃ হরিঃ গৃহমেধীয়ান্ গৃহস্থৈঃ অনুষ্ঠেয়ান্ ধর্ম্মান্ অনুতিষ্ঠন্ তাভিঃ সহ রেমে ॥৫৯

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে
ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০

পাছে অন্য শিশুপালাদি কেহ উপস্থিত থাকিয়া তোমার অঙ্গ স্পর্শ করে, এই ভয়ে তুমি জীবন পর্য্যন্ত পরিত্যাগে কৃতসংকল্প হইয়াছিলে। অহো! তোমার কর্ম্ম তোমাতেই থাকুক্! আমরা তাহার প্রশংসা করা ব্যতীত, প্রতিশোধ করিতে সম্পূর্ণ অক্ষম।৫৭

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং আত্মারাম ও পূর্ণকাম হইলেও মনুষ্যলীলার অনুকরণে লক্ষ্মীর অবতারভূতা রুক্মিণীর সহিত সুরতালাপের দ্বারা বিশেষ আনন্দানুভব করিতে লাগিলেন।৫৮

সেই জগদ্গুরু লোকনাথ বিভু শ্রীকৃষ্ণ এইপ্রকারে যেমন রুক্মিণীর গৃহে, তেমনই অন্যান্য সকল বনিতার গৃহেও গৃহস্থের অনুষ্ঠেয় ধর্ম্মসমূহের প্রতিপালনে তাঁহাদের সহিত প্রেমানন্দ ভোগ করিতে লাগিলেন।৫৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পুত্রাণাং বর্ণনম্, অনিরুদ্ধবিবাহে রুক্মিণো বধশ্চ।]

শ্রীশুক উবাচ

একৈকশস্তাঃ কৃষ্ণস্য পুত্রান্ দশ দশাবলাঃ।
অজীজনন্নবমান্ পিতুঃ সর্ব্বাত্মসম্পদা ॥১
গৃহাদনপগং বীক্ষ্য রাজপুত্র্যোঽচ্যুতং স্থিতম্।
প্রেষ্ঠং ন্যমংসত স্বং স্বং ন তত্তত্ত্ববিদঃ স্ত্রিয়ঃ ॥২

চার্ব্বব্জকোষবদনায়তবাহুনেত্র-
সপ্রেমহাসরসবীক্ষিতবল্গুজল্পৈঃ।
সম্মোহিতা ভগবতো ন মনো বিজেতুং
স্বৈর্বিভ্রমৈঃ সমশকন্ বনিতা বিভূম্নঃ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। তাঃ পূর্ব্বোক্তাঃ কৃষ্ণস্য অবলাঃ ভার্য্যাঃ একৈকশঃ দশ দশ সর্ব্বাত্মসম্পদা (সর্ব্বা যা আত্মনি শ্রীকৃষ্ণে সৌন্দর্য্যাদি সম্পৎ তয়া) পিতুঃ সকাশাৎ অনবমান্ অন্যূনান্ পুত্রান্ অজীজনৎ ॥১

গৃহাৎ অনপগং নাপগচ্ছতি ন নিষ্ক্রামতি ইতি তথা তং সদা স্ব-স্ব-গৃহে অবস্থিতম্ অচ্যুতং সম্ভোগাদৌ চ বৈরস্যরহিতং শ্রীকৃষ্ণং বীক্ষ্য তাঃ অতত্ত্ববিদঃ (তস্য কৃষ্ণস্য তত্ত্বম্ আত্মারামত্বং ন বিন্দন্তি ইতি তথাভূতাঃ) রাজপুত্র্যঃ স্ত্রিয়ঃ প্রত্যেকং স্বং স্বম্ আত্মানং তস্য প্রেষ্ঠং প্রিয়তমম্ ইতি ন্যমংসত ॥২

ভগবতঃ চারু অব্জকোষবদনং চ আয়তানি দীর্ঘাণি বাহু-নেত্রাণি চ সপ্রেম্ণা হাসরসেন বীক্ষিতানি চ বল্গুজল্পাঃ মনোহরবাক্যানি চ তৈঃ সম্মোহিতাঃ তত্র আসক্তাঃ তাঃ বনিতাঃ স্বৈঃ অনেকৈঃ বিভ্রমৈঃ তস্য বিভূম্নঃ নিজানন্দ-পরিপূর্ণস্য মনঃ বিজেতুং বশীকর্ত্তুং ন সমশকন্ শক্তাঃ ন বভূবুঃ ॥৩

একষষ্টিতম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্রগণের নাম বর্ণন এবং অনিরুদ্ধের বিবাহে রুক্মীর বধ।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত বনিতাগণ প্রত্যেকে দশটী করিয়া পুত্র প্রসব করিয়াছিলেন এবং সেই সকল পুত্রেরা পিতার সৌসাদৃশ্যে ও গুণে কোন অংশে তদপেক্ষা ন্যূন ছিলেন না।১

কৃষ্ণকান্তা রাজনন্দিনীগণ প্রত্যেকে প্রাণকান্ত শ্রীকৃষ্ণকে নিরন্তর আপনাদের গৃহেই অবস্থিত অবলোকন করিতেন; তাঁহাদের প্রত্যেকেই বুঝিতেন যে, শ্রীকৃষ্ণ তাঁহার গৃহেই নিরন্তর অবস্থান করিতেছেন; তাঁহাকে পরিত্যাগ করিয়া অন্য কোন বনিতার গৃহে কখন গমন করেন না এবং তাঁহার সহিত প্রেম সম্ভোগেও কৃষ্ণের কখন বীতরাগ জন্মে নাই। কামিনীগণ অচ্যুতের পরমানন্দ-স্বরূপ পরম-ভাবে সম্পূর্ণ অপরিজ্ঞাত থাকায়, প্রত্যেকেই কৃষ্ণের একান্ত প্রিয়পাত্রী বলিয়া আপনাকে মনে করিতে লাগিলেন।২

ভগবানের পদ্মকোষ-সদৃশ চারু বদনমণ্ডল, আকর্ণায়ত লোচনদ্বয়, আজানুলম্বিত বাহুযুগল, মধুর হাস্যসহকারে সরস অবলোকন এবং মনোহর জল্পনাবাক্যে সম্পূর্ণ আকৃষ্টহৃদয়া রমণীগণ স্ব স্ব বিভ্রমের পরিচয়ে আত্মানন্দে পরিপূর্ণ সর্ব্বশ্রেষ্ঠ বিভু শ্রীকৃষ্ণের চিত্তকে আকর্ষণ করিতে বিলক্ষণ চেষ্টা করিয়াও কোনমতে কৃতকার্য্য হইতে পারেন নাই।৩

স্মায়াবলোকলবদর্শিতভাবহারি-
ভ্রূমণ্ডলপ্রহিতসৌরতমন্ত্রশৌণ্ডৈঃ।
পত্ন্যস্তু ষোড়শসহস্রমনঙ্গবাণৈ-
র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্ন শেকুঃ ॥৪

ইত্থং রমাপতিমবাপ্য পতিং স্ত্রিয়স্তা
ব্রহ্মাদয়োঽপি ন বিদুঃ পদবীং যদীয়াম্।
ভেজুর্মুদাবিরতমেধিতয়ানুরাগ-
হাসাবলোকনবসঙ্গমলালসাদ্যম্ ॥৫

প্রত্যুদ্গমাসনবরার্হণপাদশৌচ-
তাম্বূলবিশ্রমণবীজনগন্ধমাল্যৈঃ।
কেশপ্রসারশয়নস্নপনোপহার্য্যৈ-
র্দাসীশতা অপি বিভোর্বিদধুঃ স্ম দাস্যম্ ॥৬

তাসাং যা দশপুত্রাণাং কৃষ্ণস্ত্রীণাং পুরোদিতাঃ।
অষ্টৌ মহিষ্যস্তৎপুত্রান্ প্রদ্যুম্নাদীন্ গৃণামি তে ॥৭

স্মায়ং গূঢ়হসিতং তদ্‌যুক্তঃ যঃ অবলোকলবঃ কটাক্ষঃ তেন দর্শিতঃ সূচিতঃ যঃ ভাবঃ অভিপ্রায়ঃ তেন হারি মনোহরণশীলং যৎ ভ্রূমণ্ডলং তেন প্রহিতাঃ প্রস্থাপিতাঃ যে সৌরতমন্ত্রাঃ তেষু শৌণ্ডৈঃ প্রগল্‌ভৈঃ অনঙ্গস্য কামদেবস্য বাণৈঃ (তথা কামশাস্ত্রপ্রসিদ্ধৈঃ অন্যৈশ্চ) করণৈঃ যস্য ভগবতঃ ইন্দ্রিয়ং মনঃ বিমথিতুং ক্ষোভয়িতুং ষোড়শ-সহস্রম্ অপি পত্ন্যঃ ন শেকুঃ সমর্থাঃ ন জাতাঃ ॥৪

ব্রহ্মাদয়ঃ যদীয়াং পদবীং যৎপ্রাপ্তিমার্গম্ অপি ন বিদুঃ, তম্ ইত্থম্ভূতং রমাপতিং বিষ্ণুং পতিম্ অবাপ্য তাঃ স্ত্রিয়ঃ অবিরতং নিরন্তরম্ এধিতয়া বর্দ্ধিতয়া মুদা হর্ষেণ অনুরাগেণ হাসঃ অবলোকঃ চ নবসঙ্গমে নিত্যং নবীনতয়া প্রতীয়মানে তৎসঙ্গমে লালসম্ ঔৎসুক্যং চ তে আদ্যাঃ যস্য বিভ্রমকদম্বস্য তং ভেজুঃ ॥৫

দাসীশতাঃ (দাসীনাং শতানি বিদ্যন্তে যাসাং তথাভূতাঃ) তাঃ স্ত্রিয়ঃ বিভোঃ কৃষ্ণস্য প্রত্যুদ্গমাদিভিঃ প্রত্যুদ্গমঃ আগচ্ছন্তং দৃষ্ট্বা তদগ্রতো গমনম্, আসনম্ আসনদানং, বরার্হণম্ অর্ঘ্যদানাদি সৎকারঃ পাদয়োঃ শৌচং প্রক্ষালনং, তাম্বূল-সমর্পণং, বিশ্রমণং পাদসংবাহনাদিনা শ্রমাপহরণং, ব্যজনাদিভিঃ বীজনং, গন্ধস্য চন্দনাদেঃ সমর্পণং, মাল্যানাং পুষ্পাণাং সমর্পণং, কেশানাং প্রসাধনং, শয়নং শয্যায়াঃ আস্তরণং, স্নপনম্, উপহার্য্যাঃ (ভক্ষ্যভোজ্যাদয়ঃ তৈঃ) দাস্যং বিদধুঃ ॥৬

(দশ দশ পুত্রাঃ যাসাং তাসাং) দশপুত্রাণাং তাসাং কৃষ্ণস্ত্রীণাং মধ্যে যাঃ অষ্টৌ রুক্মিণ্যাদয়ঃ মহিষ্যঃ পুরোদিতাঃ পূর্ব্বং কথিতাঃ, তাসাং পুত্রান্ প্রদ্যুম্নাদীন্ তে তুভ্যং গৃণামি কথয়ামি ॥৭

গূঢ় হাস্য-বিশিষ্ট কটাক্ষের দ্বারা অভিব্যক্ত মনোগত অভিপ্রায় সহ মনোহর ভ্রূযুগলের সঞ্চালনে প্রকাশিত সুরত-মন্ত্রণার প্রাগল্‌ভ-রূপ মদন-শরাসনের প্রয়োগে এবং রতি-শাস্ত্রোক্ত অন্যান্য বিবিধ উপকরণের অনুষ্ঠানে সেই ষোড়শ সহস্র বনিতাগণ ভগবান্ শ্রীকৃষ্ণের মনোমধ্যে কামভাবের উত্থাপন করিতে সমর্থা হন নাই।৪

ব্রহ্মাদি লোকপালগণ যাঁহাকে অবধারণ করিবার উপায় নির্ণয় করিতে সক্ষম হন নাই, কৃষ্ণকান্তা কামিনীগণ উত্তরোত্তর পরিবর্দ্ধিত অনুরাগপূর্ণ হাস্য, অবলোকন এবং নবীন সঙ্গমে নিত্য নূতন ভাবের প্রতীয়মান এবং তদীয় সঙ্গলালসার উৎকট ইচ্ছায় মাত্র সেই রমাপতি বিষ্ণুকে অনায়াসে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন।৫

অহো! বনিতাগণ প্রত্যেকে শতশত দাসীতে পরিবৃতা থাকিলেও পতির শুশ্রূষাদি কার্য্য সতত নিজেরাই সম্পাদন করিতেন। কৃষ্ণকে আগমন করিতে দেখিলে তাঁহার প্রত্যুদ্গমন, আসন প্রদান, অর্ঘ্যাদি প্রদানে সম্মান করা, পাদ-প্রক্ষালন করা, তাম্বূলদান, পাদসংবাহনাদির দ্বারা শ্রমাপনোদন, বীজন করা, চন্দনদান, মাল্য ও পুষ্পাদি প্রদান করা, কেশ-সংস্কার, শয্যা-সংস্কার, স্নান করান এবং ভক্ষ্য ভোজ্যাদি প্রদানে পতির সেবাকার্য্য তাঁহারা স্বয়ংই করিতেন; কেহ দাসীর উপর পতির সেবাকার্য্য

চারুদেষ্ণঃ সুদেষ্ণশ্চ চারুদেহশ্চ বীর্য্যবান্।
সুচারুশ্চারুগুপ্তশ্চ ভদ্রচারুস্তথাপরঃ ॥৮
চারুচন্দ্রো বিচারুশ্চ চারুশ্চ দশমো হরেঃ।
প্রদ্যুম্নপ্রমুখা জাতা রুক্মিণ্যাং নাবমাঃ পিতুঃ ॥৯
ভানুঃ সুভানুঃ স্বর্ভানুঃ প্রভানুর্ভানুমাংস্তথা।
চন্দ্রভানুর্বৃহদ্ভানুরতিভানুস্তথাষ্টমঃ ॥১০
শ্রীভানুঃ প্রতিভানুশ্চ সত্যভামাত্মজা দশ।
সাম্বঃ সুমিত্রঃ পুরুজিচ্ছতজিচ্চ সহস্রজিৎ ॥১১

প্রদ্যুম্নপ্রমুখাঃ (প্রদ্যুম্নঃ প্রমুখঃ আদিঃ যেষাং তে) বীর্য্যবান্ চারুদেষ্ণঃ, সুদেষ্ণঃ, চারুদেহঃ, সুচারুঃ, চারুগুপ্তঃ, ভদ্রচারুঃ, চারুচন্দ্রঃ, বিচারুঃ, চারুঃ ইত্যাদয়ঃ প্রদ্যুম্নব্যতিরিক্তাঃ নব পিতুঃ ন অবমাঃ হরেঃ পুত্রাঃ রুক্মিণ্যাং জাতাঃ ॥৮-৯

তথা ভানুঃ, সুভানুঃ, স্বর্ভানুঃ, প্রভানুঃ, ভানুমান্, চন্দ্রভানুঃ, বৃহদ্ভানুঃ, অতিভানুঃ, শ্রীভানুঃ, প্রতিভানুঃ সত্যভামাত্মজাঃ দশ, তথা সাম্বঃ, সুমিত্রঃ, পুরুজিৎ, শতজিৎ, সহস্রজিৎ, বিজয়ঃ, চিত্রকেতুঃ, বসুমান্, দ্রবিড়ঃ, ক্রতুঃ চ হি সাম্বাদয়ঃ পিতৃসম্মতাঃ জাম্ববত্যাঃ সুতাঃ জাতাঃ। বীরঃ, চন্দ্রঃ, অশ্বসেনঃ,

ভার দিতেন না।৬

যাঁহাদিগের দশটী করিয়া পুত্র জন্মগ্রহণ করিয়াছিল, কৃষ্ণকামিনীগণের মধ্যে সেই রুক্মিণী প্রভৃতি পূর্ব্বোক্ত আট জন বনিতাগণের প্রত্যেকের প্রদ্যুম্নাদি পুত্রগণের নাম তোমার নিকট কীর্ত্তন করিতেছি শ্রবণ কর।৭

রুক্মিণীর গর্ভে শ্রীকৃষ্ণের প্রদ্যুম্ন, চারুদেষ্ণ, সুদেষ্ণ, চারুদেহ, সুচারু, চারুগুপ্ত, ভদ্রচারু, চারুচন্দ্র, বিচারু ও চারু নামে পিতার অনুরূপ রূপ ও গুণবিশিষ্ট দশটী পুত্র উৎপন্ন হয়।৮-৯

সত্যভামার গর্ভে ভানু, সুভানু, স্বর্ভানু, প্রভানু, ভানুমান্, চন্দ্রভানু, বৃহদ্ভানু, অতিভানু, বিভানু ও প্রতিভানু এই দশটী পুত্র জন্মগ্রহণ করে।

বিজয়শ্চিত্রকেতুশ্চ বসুমান্ দ্রবিড়ঃ ক্রতুঃ।
জাম্ববত্যাঃ সুতা হ্যেতে সাম্বাদ্যাঃ পিতৃসম্মতাঃ ॥১২
বীরশ্চন্দ্রোঽশ্বসেনশ্চ চিত্রগুর্বেগবান্ বৃষঃ।
আমঃ শঙ্কুর্বসুঃ শ্রীমান্ কুন্তির্নাগ্নজিতেঃ সুতাঃ ॥১৩
শ্রুতঃ কবির্বৃষো বীরঃ সুবাহুর্ভদ্র একলঃ।
শান্তির্দর্শঃ পূর্ণমাসঃ কালিন্দ্যাঃ সোমকোঽবরঃ ॥১৪
প্রঘোষো গাত্রবান্ সিংহো বলঃ প্রবল উর্দ্ধগঃ।
মাদ্র্যাঃ পুত্রা মহাশক্তিঃ সহ ওজোঽপরাজিতঃ ॥১৫

চিত্রগুঃ, বেগবান্, বৃষঃ, আমঃ, শঙ্কুঃ, বসুঃ, শ্রীমান্ কুন্তি চ বীরাদয়ঃ দশ নাগ্নজিতেঃ সুতাঃ ॥১০-১৩

শ্রুতঃ, কবিঃ, বৃষঃ, বীরঃ, সুবাহুঃ, একলঃ ভদ্রঃ, শান্তিঃ, দর্শঃ, পূর্ণমাসঃ, অবরঃ সোমকঃ ইতি শ্রুতাদয়ঃ সোমকান্তাঃ দশ কালিন্দ্যাঃ সুতাঃ। (একঃ এব শত্রূন্ লাতীতি একলঃ ভদ্রঃ) অবরঃ কনীয়ান্ সোমকঃ ॥১৪

প্রঘোষঃ, গাত্রবান্, সিংহঃ, বলঃ, প্রবলঃ, উর্দ্ধগঃ, মহাশক্তিঃ, সহঃ, ওজঃ, অপরাজিতঃ ইতি প্রঘোষাদয়ঃ অপরাজিতান্তাঃ দশ মাদ্র্যাঃ লক্ষ্মণায়াঃ সুতাঃ ॥১৫

জাম্ববতীর গর্ভে সাম্ব, সুমিত্র, পুরুজিৎ, শতজিৎ, সহস্রজিৎ, বিজয়, চিত্রকেতু, বসুমান্, দ্রবিণ ও ক্রতু এই দশটী পুত্র জন্মে; ইহাঁরা সকলেই সর্ব্বাংশে পিতার অনুরূপই ছিলেন।১০-১২

নাগ্নজিতী সত্যার গর্ভে বীর, চন্দ্র, অশ্বসেন, চিত্রগু, বেগবান্, বৃষ, আম, শঙ্কু, বসু ও কুন্তি নামে শ্রীসম্পন্ন দশটী পুত্র জন্মিয়াছিল।১৩

কালিন্দীর গর্ভে শ্রুত, কবি, বৃষ, বীর, সুবাহু, ভদ্র, শান্তি, দর্শ, পূর্ণমাস ও সোমক নামে দশটী পুত্র জন্ম লাভ করে।১৪

মাদ্রী অর্থাৎ লক্ষ্মণার গর্ভে প্রঘোষ, গাত্রবান্, সিংহ, বল, প্রবল, উর্দ্ধগ, মহাশক্তি, সহ, ওজ ও অপরাজিত এই দশজন পুত্র জন্মগ্রহণ করে।১৫

বৃকো হর্ষোঽনিলো গৃধ্রো বর্দ্ধনোঽন্নাদ এব চ।
মহাংশঃ পাবনো বহ্নির্মিত্রবিন্দাত্মজঃ ক্ষুধিঃ ॥১৬
সংগ্রামজিদ্ বৃহৎসেনঃ শূরঃ প্রহরণোঽরিজিৎ।
জয়ঃ সুভদ্রো ভদ্রায়া বাম আয়ুশ্চ সত্যকঃ ॥১৭
দীপ্তিমাংস্তাম্রতপ্তাদ্যা রোহিণ্যাস্তনয়া হরেঃ।
প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধোঽভূদ্ রুক্মবত্যাং মহাবলঃ ॥১৮
পুত্র্যাস্তু রুক্মিণো রাজন্ নাম্না ভোজকটে পুরে।

বৃকঃ, হর্ষঃ, অনিলঃ, গৃধ্রঃ, বর্ধনঃ, অন্নাদঃ, মহাশঃ, পাবনঃ, বহ্নিঃ, ক্ষুধিঃ ইতি বৃকাদয়ঃ ক্ষুধ্যান্তাঃ দশ মিত্রবিন্দায়াঃ আত্মজাঃ ॥১৬

সংগ্রামজিৎ, বৃহৎসেনঃ, শূরঃ, প্রহরণঃ, অরিজিৎ, জয়ঃ, সুভদ্রঃ, বামঃ, আয়ুঃ, সত্যকঃ ইতি দশ ভদ্রায়াঃ পুত্রাঃ ॥১৭

এবমন্যাসামপি ষোড়শসহস্রপত্নীনাং প্রত্যেকং দশ দশ পুত্রাঃ জাতাঃ ইতি সূচয়ন্ তন্মধ্যপাতিন্যাঃ রোহিণ্যাঃ গর্ভে হরেঃ কৃষ্ণস্য দীপ্তিমান্ তাম্রতপ্তাদ্যাঃ তনয়াঃ জাতাঃ।

নাম্না ভোজকটে পুরে নিবসতঃ রুক্মিণঃ পুত্র্যাং রুক্মবত্যাং ভার্য্যায়াং (কৃষ্ণপুত্রাৎ) প্রদ্যুম্নাৎ মহাবলঃ (কৃষ্ণপৌত্রঃ) অনিরুদ্ধঃ জাতঃ। এতেষাং (প্রদ্যুম্নব্যতিরিক্তানাং কৃষ্ণপুত্রাণাং)

মিত্রবিন্দার গর্ভে বৃক, হর্ষ, অনিল, গৃধ্র, বর্ধন, অন্নাদ, মহাংশ, পাবন, বহ্নি এবং ক্ষুধি এই দশজন জন্ম গ্রহণ করে।১৬

ভদ্রার গর্ভে সংগ্রামজিৎ, বৃহৎসেন, শূর, প্রহরণ, অরিজিৎ, জয়, সুভদ্র, বাম, আয়ু, সত্যক নামে দশজন পুত্র উৎপন্ন হয়।১৭

রোহিণীর গর্ভে দীপ্তিমান্ ও তাম্রতপ্তাদি পুত্রগণের উৎপত্তি হইয়াছে। হে রাজন্! যিনি কৃষ্ণসহ যুদ্ধে পরাস্ত হইয়া ভোজকট নামক পুরীতে বাস করিয়াছিলেন, সেই রুক্মীর কন্যা রুক্মবতীর গর্ভে কৃষ্ণপুত্র প্রদ্যুম্নের ঔরসে প্রবল বল-বিক্রম-সম্পন্ন অনিরুদ্ধের জন্ম হয়।১৮

হে নরনাথ! এই প্রকারে ভগবান্ বাসুদেবের অনন্ত পুত্র-পৌত্রসকল জন্ম গ্রহণ করেন। কারণ

এতেষাং পুত্রপৌত্রাশ্চ বভূবুঃ কোটিশো নৃপ।
মাতরঃ কৃষ্ণজাতানাং সহস্রাণি চ ষোড়শ ॥১৯

রাজোবাচ।

কথং রুক্ম্যরিপুত্রায় প্রাদাদ্ দুহিতরং যুধি।
কৃষ্ণেন পরিভূতস্তং হন্তুং রন্ধ্রং প্রতীক্ষতে।
এতদাখ্যাহি মে বিদ্বন্ দ্বিষোর্বৈবাহিকং মিথঃ ॥২০
অনাগতমতীতঞ্চ বর্ত্তমানমতীন্দ্রিয়ম্।
বিপ্রকৃষ্টং ব্যবহিতং সম্যক্ পশ্যন্তি যোগিনঃ ॥২১

পুত্রাঃ পৌত্রাঃ চ কোটিশঃ বভূবুঃ। হে নৃপ! কৃষ্ণাৎ জাতানাং পুত্রাণাং মাতরঃ ষোড়শ সহস্রাণি চকারাৎ অষ্টোত্তরশতাধিক্যমিতি ॥১৮-১৯

রাজোবাচ। যুধি কৃষ্ণেন পরাভূতঃ অতঃ তং কৃষ্ণং হন্তুং রন্ধ্রং ছিদ্রং প্রতীক্ষতে যঃ রুক্মী সঃ অরেঃ কৃষ্ণস্য পুত্রায় প্রদ্যুম্নায় স্বদুহিতরং কথং প্রাদাৎ। হে বিদ্বন্! দ্বিষোঃ দ্বেষযুক্তয়োঃ কৃষ্ণ-রুক্মিণোঃ মিথঃ যৎ বৈবাহিকং বিবাহনিমিত্তং তৎ মে মহ্যম্ আখ্যাহি ॥২০

অনাগতং ভবিষ্যৎ, অতীতং ভূতং, বর্ত্তমানম্ অতীন্দ্রিয়ম্ অস্মদাদীন্দ্রিয়াগোচরং বিপ্রকৃষ্টং দূরস্থং ব্যবহিতং কুড্যাদ্যন্তরিতং সর্ব্বং বস্তু যোগিনঃ সম্যক্ সাক্ষাৎ পশ্যন্তি ॥২১

শ্রীকৃষ্ণের ঔরসজাত পুত্রগণের জননী অসংখ্য; গণনায় অন্যূন অষ্টোত্তর শতাধিক ষোড়শ সহস্র হইবেন।১৯

এতৎ শ্রবণে রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবকে বলিলেন,—হে ব্রহ্মন্! রুক্মী শ্রীকৃষ্ণ কর্ত্তৃক যুদ্ধে পরাজিত হইয়া অনবরত শ্রীকৃষ্ণের নিধনোপায়ই অন্বেষণ করিতেন; অতএব পরস্পরের মধ্যে তাদৃশ শত্রুতা সত্ত্বেও রুক্মী কি অভিপ্রায়ে আবার পরম শত্রু শ্রীকৃষ্ণের পুত্রের সহিত স্বীয় দুহিতার পরিণয় কার্য্য সমাধা করিয়াছিলেন?

হে সর্ব্বজ্ঞ! এই পরস্পর বিদ্বেষী দুই জনের মধ্যে বৈবাহিক সম্বন্ধ কি কারণে সংঘটিত হইল?২০

যোগিগণ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এবং ইন্দ্রিয়ের

শ্রীশুক উবাচ।

বৃতঃ স্বয়ংবরে সাক্ষাদনঙ্গোঽঙ্গযুতস্তয়া।
রাজ্ঞঃ সমেতান্ নির্জ্জিত্য জহারৈকরথো যুধি ॥২২

যদ্যপ্যনুস্মরন্ বৈরং রুক্মী কৃষ্ণাবমানিতঃ।
ব্যতরদ্ভাগিনেয়ায় সুতাং কুর্ব্বন্ স্বসুঃ প্রিয়ম্ ॥২৩

রুক্মিণ্যাস্তনয়াং রাজন্ কৃতবর্ম্মসুতো বলী।
উপযেমে বিশালাক্ষীং কন্যাং চারুমতীং কিল ॥২৪

দৌহিত্রায়ানিরুদ্ধায় পৌত্রীং রুক্ম্যদদাদ্ধরেঃ।
রোচনাং বদ্ধবৈরোঽপি স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া।
জানন্নধর্ম্মং তদ্ যৌনং স্নেহপাশানুবন্ধনঃ ॥২৫

তস্মিন্নভ্যুদয়ে রাজন্ রুক্মিণী রাম-কেশবৌ।
পুরং ভোজকটং জগ্মুঃ সাম্ব-প্রদ্যুম্নকাদয়ঃ ॥২৬

তস্মিন্নিবৃত্ত উদ্বাহে কালিঙ্গপ্রমুখা নৃপাঃ।
দৃপ্তাস্তে রুক্মিণং প্রোচুর্বলমক্ষৈর্বিনির্জয় ॥২৭

শ্রীশুকঃ উবাচ। যদ্যপি কৃষ্ণেন অবমানিতঃ, তত্রাপি বৈরং স্মরন্ অপি রুক্মী স্বসুঃ রুক্মিণ্যাঃ প্রিয়ং কুর্ব্বন্ ভাগিনেয়ায় প্রদ্যুম্নায় স্বসুতাং ব্যতরৎ প্রদদৌ ॥২২

তয়া রুক্মবত্যা স্বয়ংবরে বৃতঃ অঙ্গযুতঃ মূর্ত্তিমান্ সাক্ষাৎ অনঙ্গঃ কামদেবঃ ইব প্রদ্যুম্নঃ একরথঃ একাকী এব তত্র সমেতান্ (কন্যাপ্রাপ্তিলোভেন আগতান্ তথা কন্যাগ্রহণায়) যুধি প্রবৃত্তান্ রাজ্ঞঃ নির্জ্জিত্য কন্যাং জহার ॥২৩

হে রাজন্। বিশালাক্ষীং চারুমতীং নাম রুক্মিণ্যাঃ তনয়াং কন্যাং কিল কৃতবর্ম্মসুতঃ বলী নাম উপযেমে ॥২৪

তত যৌনং বিবাহসম্বন্ধম্ অধর্ম্মং জানন্ অপি তথা বদ্ধবৈরোঽপি স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া স্নেহপাশনিবন্ধনঃ রুক্মী স্বদৌহিত্রায় হরেঃ পৌত্রায় অনিরুদ্ধায় রোচনাং তদাখ্যাং স্বপৌত্রীম্ অদদাৎ ॥২৫

তস্মিন্ অভ্যুদয়ে অনিরুদ্ধবিবাহোৎসবনিমিত্তে রুক্মিণী রাম-কেশবৌ, সাম্বপ্রদ্যুম্নকাদয়ঃ চ ভোজকটং পুরং জগ্মুঃ ॥২৬

তস্মিন্ উদ্বাহে নিবৃত্তে সতি তে কালিঙ্গপ্রমুখাঃ দৃপ্তাঃ গর্ব্বিতাঃ নৃপাঃ অক্ষৈঃ দেবনসাধনৈঃ বলং বলদেবং বিনির্জ্জয় ইতি রুক্মিণং প্রোচুঃ ॥২৭

অগোচরীভূত দূরবর্ত্তী বা অন্তরালবর্ত্তী সমুদয় বিষয়ই প্রত্যক্ষের ন্যায় দর্শন করিয়া থাকেন।২১

তদুত্তরে শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র! কৃষ্ণ কর্ত্তৃক অবমানিত হইয়া রুক্মী যদিও তাঁহার সহিত বৈরভাব কখনই বিস্মৃত হন নাই বটে, তথাপি স্বীয় ভগ্নী রুক্মিণীর প্রীতিবর্দ্ধনার্থ তিনি রুক্মিণীর গর্ভজাত প্রদ্যুম্নের করে স্বীয় কন্যা সম্প্রদান করিয়াছিলেন।

স্বয়ংবর সভায় রুক্মবতী প্রদ্যুম্নকে পতিত্বে বরণ করিলে, তথায় উপনীত কন্যাপ্রার্থী অন্যান্য নৃপতিবৃন্দ অতীব ক্রুদ্ধ হইয়াছিলেন; কিন্তু মূর্ত্তিমান্ একাকীই কন্দর্পতুল্য রূপযৌবনসম্পন্ন মহারথ প্রদ্যুম্ন সেই রাজাগণকে যুদ্ধে পরাজিত করিয়া রুক্মবতীকে হরণ করেন।২২-২৩

রুক্মিণীর একটি চারুমতী নামে আয়তলোচনা কন্যা জন্মে এবং কৃতবর্ম্মার পুত্র মহাবল বলী তাঁহার পাণিগ্রহণ করেন।২৪

শ্রীকৃষ্ণের সহিত রুক্মীর পরম শত্রুতা; তখন পরস্পরের মধ্যে বৈবাহিক সম্বন্ধের স্থাপন করা একান্ত অসঙ্গত ও ধর্ম্মবিরুদ্ধ হইলেও ভগিনী রুক্মিণীর মঙ্গল ও তুষ্টি-কামনায় মাত্র রুক্মী নিজের পৌত্রী রোচনা নাম্নী কন্যা কৃষ্ণপৌত্র অনিরুদ্ধকে সম্প্রদান করিয়াছিলেন।২৫

সেই বিবাহোৎসবের উপলক্ষে রুক্মিণী, বলরাম, কেশব, সাম্ব এবং প্রদ্যুম্নাদি যাদবগণ অনেকেই ভোজকটপুরে গমন করিয়াছিলেন।২৬

বিবাহের উৎসব সমাপ্ত হইলে, কলিঙ্গাধিপতি প্রভৃতি রুক্মীপক্ষীয় কয়েকজন গর্ব্বিত রাজা রুক্মীকে ইঙ্গিত দ্বারা বলিয়াছিলেন যে, এই অবসরে তুমি দ্যূতক্রীড়ার দ্বারা বলরামকে পরাজয় কর।২৭

অনক্ষজ্ঞো হ্যয়ং রাজন্নপি তদ্ব্যসনং মহৎ।
ইত্যুক্তো বলমাহূয় তেনাক্ষৈ রুক্ম্যদীব্যত ॥২৮

শতং সহস্রমযুতং রামস্তত্রাদদে পণম্।
তং তু রুক্ম্যজয়ৎ তত্র কালিঙ্গঃ প্রাহসদ্ বলম্।
দন্তান্ সন্দর্শয়ন্ উচ্চৈর্নামৃষ্যত্তদ্ধলায়ুধঃ ॥২৯

ততো লক্ষং রুক্ম্যগৃহ্লাদ্ গ্লহং তত্রাজয়দ্ বলঃ।
জিতবানহমিত্যাহ রুক্মী কৈতবমাশ্রিতঃ ॥৩০

মন্যুনা ক্ষুভিতঃ শ্রীমান্ সমুদ্র ইব পর্ব্বণি
জাত্যারুণাক্ষোঽতিরুষা ন্যর্ব্বুদং গ্লহমাদদে ॥৩১

তঞ্চাপি জিতবান্ রামো ধর্ম্মেণ ছলমাশ্রিতঃ।
রুক্মী জিতং ময়াত্রেমে বদন্তু প্রাশ্নিকা ইতি ॥৩২

তদাব্রবীন্নভোবাণী বলেনৈব জিতো গ্লহঃ।
ধর্ম্মতো বচনেনৈব রুক্মী বদতি বৈ মৃষা ॥৩৩

হি যস্মাৎ অয়ং বলঃ অনক্ষজ্ঞঃ দ্যূতানভিজ্ঞঃ, তথাপি হে রাজন্! অস্য তদ্ব্যসনং (তস্য দ্যূতস্য ব্যসনং ক্রীড়োৎসাহঃ) মহৎ বর্ত্ততে ইতি উক্তঃ সঃ রুক্মী বলম্ আহূয় অদীব্যত ॥২৮

তত্র দ্যূতে প্রথমং সুবর্ণমুদ্রাণাং শতং ততঃ সহস্রং ততঃ অযুতং চ ক্রমেণ রামঃ পণম্ আদদে স্থাপিতবান্; তং তু পণং রুক্মী ক্রমেণ অজয়ৎ; তত্র চ দন্তান্ সন্দর্শয়ন্ কালিঙ্গঃ বলং বলরামম্ উচ্চৈঃ প্রাহসৎ; হলায়ুধঃ বলভদ্রঃ তু তৎ হসনং ন অমৃষ্যৎ ন সেহে।২৯

ততঃ চ রুক্মী লক্ষং গ্লহং পণম্ অগৃহ্লাৎ স্থাপিতবান্, তত্র চ তং বলঃ অজয়ৎ; কৈতবং কপটম্ আশ্রিতঃ রুক্মী তু অহং জিতবান্ ইতি আহ (তথা পণং চ গৃহীতবান্) ॥৩০

ততঃ পর্ব্বণি পৌর্ণমাস্যাং সমুদ্রঃ ইব চন্দ্রং গ্রহীতুম্ উদগচ্ছতি তদ্বৎ মন্যুনা ক্ষুভিতঃ প্রচলিতচিত্তঃ জাত্যা অরুণাক্ষঃ শ্রীমান্ বলভদ্রঃ অতিরুষা ন্যর্বুদং দশকোটিসংখ্যকং গ্লহম্ আদদে ॥৩১

তং চাপি গ্লহং ধর্ম্মেণ অক্ষপতনানুসারেণ রামঃ জিতবান্, রুক্মী তু ছলম্ আশ্রিতঃ সন্ ময়া জিতঃ অত্র অস্মিন্ বিষয়ে ইমে প্রাশ্নিকাঃ সমীপস্থাঃ বদন্তু ইতি আহ ॥৩২

তদা তস্মিন্ কালে তু নভোবাক্ অব্রবীৎ ধর্ম্মতঃ অক্ষপতনানুসারেণ বলেনৈব গ্লহঃ জিতঃ; রুক্মী তু বচনেন এব মৃষা বৈ বদতি ইতি ॥৩৩

বলভদ্র দ্যূতক্রীড়ায় সম্পূর্ণ অনভিজ্ঞ হইলেও তদ্বিষয়ে ইঁহার বিলক্ষণ উৎসাহ আছে। কালিঙ্গ প্রভৃতি রাজাগণ এই প্রকার বলিলে, রুক্মী বলদেবকে আহ্বান করত তাঁহার সহিত অক্ষক্রীড়া আরম্ভ করিলেন।২৮

ক্রীড়া আরম্ভ করিলে, বলরাম প্রথমতঃ শত সুবর্ণ মুদ্রা, পরে সহস্র, পরে দশ সহস্র মুদ্রা পণরূপে ধরিয়া খেলিতে আরম্ভ করিলেন। কিন্তু প্রতিবারই রুক্মী জয়ী হইতে লাগিল। এতদ্দর্শনে কলিঙ্গপতি দন্ত প্রদর্শন পূর্ব্বক বলরামকে উপহাস করিল; কিন্তু বলদেব কালিঙ্গের তাদৃশ বিকৃত হাস্য সহ্য করিতে পারিলেন না।২৯

এবং তখন তিনি একত্র এক লক্ষ স্বর্ণমুদ্রা পণ রাখিয়া খেলিলেন এবং জয়লাভ করিলেন; কিন্তু রুক্মী শঠতা পূর্ব্বক বলিল যে, "এবার আমারই জয় হইয়াছে; বলরাম হারিয়াছেন"।৩০

রুক্মীর প্রতারণাপূর্ণ তাদৃশ বাক্য শ্রবণে বলরাম সাতিশয় ক্রুদ্ধ হইলেন এবং পৌর্ণমাসি পর্ব্ব দিনে সমুদ্র যেমন চন্দ্রকে আক্রমণ করিতে অগ্রসর হয়, সেইরূপ ক্রোধে আরক্তলোচন শ্রীমান্ বলভদ্র অতীব ক্রোধের প্রকাশে একত্র দশ কোটী মুদ্রা পণ ধরিয়া ক্রীড়া আরম্ভ করিলেন।৩১

সে বার ন্যায়ানুসারে রামেরই জয় হইল; কিন্তু ছলনা পূর্ব্বক রুক্মী নিজের জয় প্রকাশ করত বলিল যে, এই ক্ষেত্রে উপস্থিত সাক্ষিরূপে বিদ্যমান প্রাশ্নিকগণই যথার্থতঃ বলুন যে, আমি বলরামকে জয় করিয়াছি কি না?৩২

রুক্মীর কথা সমাপ্ত হইবা মাত্র নভোমণ্ডল হইতে একটী আকাশবাণী উত্থিত হইয়া প্রকাশ করিল যে, এবার বলরামই ধর্ম্মতঃ জয়লাভ করিয়াছেন; এবারের পণ বলরামেরই প্রাপ্য; রুক্মীর কথা সম্পূর্ণ মিথ্যা।৩৩

তামনাদৃত্য বৈদর্ভো দুষ্টরাজন্যচোদিতঃ।
সঙ্কর্ষণং পরিহসন্ বভাষে কালচোদিতঃ ॥৩৪
নৈবাক্ষকোবিদা যূয়ং গোপালা বনগোচরাঃ।
অক্ষৈর্দীব্যন্তি রাজানো বাণৈশ্চ ন ভবাদৃশাঃ ॥৩৫
রুক্মিণৈবমধিক্ষিপ্তো রাজভিশ্চোপহাসিতঃ।
ক্রুদ্ধঃ পরিঘমুদ্যম্য জঘ্নে তং নৃম্ণসংসদি ॥৩৬

দুষ্টরাজন্যৈঃ চোদিতঃ প্রেরিতঃ যতঃ কালচোদিতঃ বৈদর্ভঃ রুক্মী তাং দৈববাণীম্ অনাদৃত্য সঙ্কর্ষণং পরিহসন্ বভাষে উক্তবান্ ॥৩৪

যূয়ম্ অক্ষকোবিদাঃ দ্যূতকুশলাঃ ন ভবথ ; রাজানঃ এব অক্ষৈঃ দীব্যন্তি বাণৈঃ চ ক্রীড়ন্তি, ভবাদৃশাঃ বনগোচরাঃ গোপালাঃ পশুপালাঃ তু ন ॥৩৫

এবংবচনৈঃ রুক্মিণা অধিক্ষিপ্তঃ তিরস্কৃতঃ, রাজভিঃ চ উপহসিতঃ বলঃ ক্রুদ্ধঃ সন্ পরিঘং লৌহদণ্ডম্ উদ্যম্য উত্তোল্য তং রুক্মিণং নৃম্ণসংসদি মঙ্গলসভায়াং, নৃপসংসদি ইত্যপি পাঠঃ রাজসভায়াং জঘ্নে ॥৩৬

কিন্তু রুক্মীর মৃত্যুকাল সন্নিকট ; সুতরাং তিনি উপস্থিত দুষ্ট রাজাগণের কুপরামর্শে আকাশবাণীকে অগ্রাহ্য করিয়া দেব সঙ্কর্ষণকে পরিহাস করত বলিলেন ।৩৪

তোমরা অক্ষক্রীড়ায় সম্পূর্ণ অনভিজ্ঞ। ইহা রাজার কার্য্য। নৃপতিগণই অক্ষের দ্বারা ক্রীড়া এবং বাণের দ্বারা বিক্রম প্রকাশ করিয়া থাকেন। তোমাদের ন্যায় অরণ্যবাসী পশুপালকের দ্বারা এ সকল কার্য্য কখন সম্পন্ন হওয়া সম্ভব নহে ।৩৫

রুক্মীর এইরূপ মর্ম্মবিদারক বাক্যে তিরস্কৃত এবং তৎপক্ষীয় রাজগণ কর্ত্তৃক উপহসিত হইয়া বলদেব নিতান্ত ক্রুদ্ধ হইলেন এবং লৌহদণ্ড-নির্ম্মিত পরিঘাস্ত্র উত্তোলন পূর্ব্বক সেই মঙ্গলপূর্ণ রাজসভা মধ্যেই রুক্মীকে নিহত করিলেন ।৩৬

তাদৃশ ভীষণ ব্যাপার অবলোকনে কলিঙ্গাধিপতি

কলিঙ্গরাজং তরসা গৃহীত্বা দশমে পদে।
দন্তানপাতয়ৎ ক্রুদ্ধো যোঽহসদ্ বিবৃতৈর্দ্বিজৈঃ ॥৩৭
অন্যে নির্ভিন্নবাহূরুশিরসো রুধিরোক্ষিতাঃ।
রাজানো দুদ্রুবুর্ভীতা বলেন পরিঘার্দ্দিতাঃ ॥৩৮
নিহতে রুক্মিণি শ্যালে নাব্রবীৎ সাধ্বসাধু বা।
রুক্মিণীবলয়ো রাজন্ স্নেহভঙ্গভয়াদ্ধরিঃ ॥৩৯

তরসা ঝটিতি (পলায়মানং) কলিঙ্গরাজং দশমে পদে পাদবিন্যাসে এব গৃহীত্বা ক্রুদ্ধঃ বলরামঃ তস্য দন্তান্ অপাতয়ৎ যঃ কলিঙ্গরাজঃ বিবৃতৈঃ প্রকাশিতৈঃ দ্বিজৈঃ দন্তৈঃ অহসৎ ॥৩৭

অন্যে চ রুক্মিপক্ষীয়াঃ রাজানঃ বলেন বলদেবেন পরিঘার্দ্দিতাঃ (পরিঘেণ অর্দ্দিতাঃ তাড়িতাঃ) অতএব নির্ভিন্নবাহূরুশিরসঃ (নির্ভিন্নানি বাহূরুশিরাংসি যেষাং তে) অতএব রুধিরোক্ষিতাঃ (রুধিরেণ উক্ষিতাঃ ব্যাপ্তাঃ) ভীতাঃ চ সন্তঃ দুদ্রুবুঃ পলায়িতবন্তঃ ॥৩৮

শ্যালে রুক্মিণি নিহতে সতি হরিঃ শ্রীকৃষ্ণঃ রুক্মিণী-বলয়োঃ স্নেহভঙ্গভয়াৎ সাধু অসাধু বা কিমপি ন অব্রবীৎ ॥৩৯

ভয়ে পলায়ন-পরায়ণ হইলেন এবং দশ পদ ভূমি বেগে যাইতে না যাইতে, বলরাম তাঁহাকে আক্রমণ করিলেন এবং পূর্ব্বে যেমন তিনি দন্ত প্রকাশে বলদেবকে উপহাস করিয়াছিলেন, সেই ক্রোধে বলরাম তাঁহার দন্তপঙ্‌ক্তি উপড়াইয়া ভূমিতে পাতিত করিলেন ।৩৭

রুক্মিপক্ষীয় অন্যান্য রাজগণ বলদেবের পরিঘাঘাতে তাড়িত এবং মস্তক বাহু প্রভৃতি ভগ্ন ও রুধিরপ্লুত হইলে, প্রাণভয়ে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল ।৩৮

শ্যালা রুক্মীর বধদর্শনে শ্রীকৃষ্ণ ভাল মন্দ কিছুই বলিলেন না ; কারণ ভাল বলিলে রুক্মিণীর দুঃখ এবং অন্যায় হইয়াছে বলিলে, বলরামের মনোমালিন্য পাছে জন্মে, এই নিমিত্ত তিনি নির্ব্বাক্ হইয়াই রহিলেন ।৩৯

ততোঽনিরুদ্ধং সহ সূর্য্যয়া বরং
রথং সমারোপ্য যযুঃ কুশস্থলীম্।
রামাদয়ো ভোজকটাদ্দশার্হাঃ
সিদ্ধাখিলার্থা মধুসূদনাশ্রয়াঃ ॥৪০

ততশ্চ মধুসূদনাশ্রয়াঃ সিদ্ধাখিলার্থাঃ (সিদ্ধাঃ অখিলাঃ অর্থাঃ অনিরুদ্ধবিবাহ-শত্রুবধাদিরূপ-প্রয়োজনানি যেষাং তে) রামাদয়ঃ দাশার্হাঃ যাদববিশেষাঃ সূর্য্যয়া নবোঢ়য়া চারুমত্যা সহ অনিরুদ্ধং বরং শ্রেষ্ঠং রথং সমারোপ্য ভোজকটাৎ পুরাৎ কুশস্থলীং দ্বারকাং প্রতি যযুঃ ॥৪০

ভগবান্ মধুসূদনের আশ্রয়ে যাদবগণের মনোরথ পূর্ণ হইয়াছিল। এ দিকে অনিরুদ্ধের বিবাহ অথচ ভীষণ শত্রু রুক্মীরও বধ—এই দুইটীই তাঁহাদের অভিপ্রেত বিষয় সিদ্ধ হইলে, রামাদি সকলে নববধূ চারুমতী ও অনিরুদ্ধকে একটি অপূর্ব্ব রথে আরোহণ করাইয়া ভোজকটপুর হইতে দ্বারকাভিমুখে যাত্রা করিলেন।৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একষষ্টিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[উষয়া সহ অনিরুদ্ধস্য মিলনম্, অনিরুদ্ধস্য বন্ধনঞ্চ।]

রাজোবাচ।
বাণস্য তনয়ামূষামুপযেমে যদূত্তমঃ।
তত্র যুদ্ধমভূদ্ঘোরং হরি-শঙ্করয়োর্মহৎ।
এতৎ সর্ব্বং মহাযোগিন্ সমাখ্যাতুং ত্বমর্হসি ॥১

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্। যদূত্তমঃ অনিরুদ্ধঃ বাণস্য তনয়াম্ উষাম্ উপযেমে, তত্র হরিশঙ্করয়োঃ মহৎ যুদ্ধম্ অভূৎ। হে মহাযোগিন্। এতৎ সর্ব্বং সমাখ্যাতুং ত্বম্ অর্হসি ॥১

দ্বিষষ্টিতম অধ্যায়।

[উষার সহিত অনিরুদ্ধের মিলন এবং অনিরুদ্ধের বন্ধন।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্। যদুকুল-তিলক অনিরুদ্ধ বাণরাজার কন্যা উষাকে বিবাহ করেন এবং তদুপলক্ষে হরি-হরের তুমুল সংগ্রাম হয় শ্রবণ করিয়াছি। হে মহাযোগিন্। এই সমস্ত বৃত্তান্ত আপনি আনুপূর্ব্বিক আমার নিকট কীর্ত্তন করুন্।১

শ্রীশুক উবাচ।

বাণঃ পুত্রশতজ্যেষ্ঠো বলেরাসীন্মহাত্মনঃ।
যেন বামনরূপায় হরয়েঽদায়ি মেদিনী ॥২
তস্যৌরসঃ সুতো বাণঃ শিবভক্তিরতঃ সদা।
মান্যো বদান্যো ধীমাংশ্চ সত্যসন্ধো দৃঢ়ব্রতঃ ॥৩
শোণিতাখ্যে পুরে রম্যে স রাজ্যমকরোৎ পুরা।
তস্য শম্ভোঃ প্রসাদেন কিঙ্করা ইব তেঽমরাঃ।
সহস্রবাহুর্বাদ্যেন তাণ্ডবেঽতোষয়ন্মৃড়ম্ ॥৪

ভগবান্ সর্ব্বভূতেশঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
বরেণ চ্ছন্দয়ামাস স তং বব্রে পুরাধিপম্ ॥৫
স একদাহ গিরিশং পার্শ্বস্থং বীর্য্যদুর্ম্মদঃ।
কিরীটেনার্কবর্ণেন সংস্পৃশংস্তৎপদাম্বুজম্ ॥৬
নমস্যে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরম্।
পুংসামপূর্ণকামানাং কামপূরামরাঙ্ঘ্রিপম্ ॥৭
দোঃসহস্রং ত্বয়া দত্তং পরং ভারায় মেঽভবৎ।
ত্রিলোক্যাং প্রতিযোদ্ধারং ন লভে ত্বদৃতে সমম্ ॥৮

শ্রীশুকঃ উবাচ। যেন বলিনা বামনরূপায় হরয়ে মেদিনী ভূমিঃ অদায়ি দত্তা, তস্য মহাত্মনঃ উদারস্য বলেঃ পুত্রাণাং শতস্য জ্যেষ্ঠঃ পুত্রঃ বাণঃ আসীৎ ॥২

তস্য বলেঃ ঔরসঃ মুখ্যঃ সুতঃ বাণঃ সদা শিবভক্তিরতঃ, বদান্যঃ, মান্যঃ লোকে সম্মানযোগ্যঃ, ধীমান্ নিপুণবুদ্ধিঃ, সত্যসন্ধঃ (সত্যে সন্ধা মতিঃ যস্য সঃ), জিতেন্দ্রিয়ঃ, দৃঢ়ব্রতশ্চ আসীৎ ॥৩

সঃ শোণিতাখ্যে পুরে রাজ্যম্ অকরোৎ। তস্য শম্ভোঃ প্রসাদেন দেবাঃ কিঙ্করাঃ ইব আসন্। সঃ সহস্রবাহুঃ সন্ তাণ্ডবে নৃত্যবিশেষে মৃড়ে কুর্ব্বতি সতি সহস্রবাহুভিঃ বহূনি বাদ্যানি বাদয়ন্ মৃড়ং শিবম্ অতোষয়ৎ ॥৪

সর্ব্বভূতেশঃ (সর্ব্বভূতানাম্ ঈশঃ) শরণ্যঃ ভক্তবৎসলঃ ভগবান্ শিবঃ বরেণ চ্ছন্দয়ামাস বরং বৃণীষ্ব ইত্যুক্তবান্। সঃ চ বাণঃ তং রুদ্রং পুরাধিপং বব্রে মৎপুরীং পালয়ন্ তিষ্ঠ ইতি বৃতবান্ ॥৫

একদা বীর্য্যদুর্ম্মদঃ (বীর্য্যেণ দুষ্টঃ মদঃ যস্য সঃ) বাণঃ অর্কবর্ণেন কিরীটেন তৎপদাম্বুজং সংস্পৃশন্ পার্শ্বস্থং গিরিশম্ আহ ॥৬

শ্রীশুকদেব বলিলেন,—যে মহামনা বলিরাজ বামন-রূপধারী বামনদেবকে ত্রিপাদ ভূমিদান করিয়াছিলেন, সেই উদারচেতা বলিরাজের একশত পুত্র জন্মে; তন্মধ্যে বাণই সর্ব্বজ্যেষ্ঠ ।২

উক্ত বলির ঔরসজাত জ্যেষ্ঠপুত্র বাণ মহাদেবের একজন পরম ভক্ত, মান্য, বদান্য, বিশেষ বুদ্ধিমান্ ও সত্যপরায়ণ ছিলেন। তিনি ইন্দ্রিয়গণের পরাজয়ে একজন দৃঢ়নিষ্ঠ ব্রতধারী বলিয়াই সর্ব্বত্র পরিগণিত ।৩

তিনি শোণিতপুরে স্বীয় রাজ্য স্থাপন করিয়া এরূপ মহাদেবের আরাধনা করিয়াছিলেন যে, ত্রিলোচনের প্রসাদে অমরগণও তৎসমীপে কিঙ্করের ন্যায় অবস্থান করিতেন। ভগবান্ উমাপতি যখন তাণ্ডব নৃত্য করিতেন, তখন বাণ বাহু সহস্রের প্রয়োগে অপূর্ব্ব বাদ্যধ্বনি করিয়া মহাদেবের সন্তোষোৎপাদন করিয়াছিলেন ।৪

সর্ব্বভূতেশ শরণদাতা ভক্তবৎসল ভগবান্ ত্রিলোচন পরিতুষ্ট হইয়া বাণকে বরগ্রহণার্থ যখন আহ্বান করিলেন, তখন বাণরাজা তাঁহাকে নিজের পুরপালক হইয়া অবস্থান করিবার বর প্রার্থনা করিলেন ।৫

বাণরাজা নিজের বীর্য্যমদে একান্ত প্রমত্ত হইয়া উঠিলেন। এক দিবস তিনি ত্র্যম্বক সন্নিধানে উপনীত হইয়া সূর্য্যের ন্যায় তেজঃসম্পন্ন কিরীট অবনত করত মহাদেবের চরণ স্পর্শে প্রণাম করিলেন এবং তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ।৬

কণ্ডূত্যা নিভৃতৈর্দোর্ভির্যুযুৎসুর্দিগ্গজানহম্।
আদ্যায়াং চূর্ণয়ন্নদ্রীন্ ভীতাস্তেঽপি প্রদুদ্রুবুঃ ॥৯
তচ্ছ্রুত্বা ভগবান্ ক্রুদ্ধঃ কেতুস্তে ভজ্যতে যদা।
ত্বদ্দর্পঘ্নং ভবেন্মূঢ় সংযুগং মৎসমেন তে ॥১০
ইত্যুক্তঃ কুমতির্হৃষ্টঃ স্বগৃহং প্রাবিশন্নৃপ।
প্রতীক্ষন্ গিরিশাদেশং স্ববীর্য্যনশনং কুধীঃ ॥১১

তস্যোষা নাম দুহিতা স্বপ্নে প্রাদ্যুম্নিনা রতিম্।
কন্যালভত কান্তেন প্রাগদৃষ্টশ্রুতেন সা ॥১২
সা তত্র তমপশ্যন্তী কাসি কান্তেতি বাদিনী।
সখীনাং মধ্য উত্তস্থৌ বিহ্বলা ব্রীড়িতা ভৃশম্ ॥১৩
বাণস্য মন্ত্রী কুম্ভাণ্ডশ্চিত্রলেখা চ তৎসুতা।
সখ্যপৃচ্ছৎ সখীমুষাং কৌতূহলসমন্বিতা ॥১৪

হে মহাদেব। অপূর্ণকামানাং (ন পূর্ণঃ কামঃ মনোরথঃ যেষাং তেষাং) পুংসাং কামপূরামরাঙ্ঘ্রিপং (কামান্ পূরয়তি তথা চ অসৌ অমরাঙ্ঘ্রিপঃ কল্পতরুঃ চ তং) লোকানাং গুরুম্ ঈশ্বরং চ ত্বাং নমস্তে ॥৭

ত্বয়া বরণ্ডয়া যৎ দোঃসহস্রং ভুজসহস্রং মহ্যং দত্তং, তৎ মে মম পরং কেবলং ভারায় অভবৎ। পরং তু ত্রিলোক্যাং ত্বদৃতে মম সমং প্রতিযোদ্ধারম্ অহং ন লেভে ॥৮

হে আদ্য। অহং কণ্ডূত্যা নিভৃতৈঃ ভরিতৈঃ পূর্ণৈঃ, ভুজৈঃ অদ্রীন্ চূর্ণয়ন্ যুযুৎসুঃ যোদ্ধুম্ ইচ্ছুঃ সন্ দিগ্গজান্ আয়াম্ অগচ্ছম্; তদা তে ভীতাঃ সন্তঃ প্রদুদ্রুবুঃ পলায়িতাঃ ॥৯

তৎ বাণবচনং শ্রুত্বা ভগবান্ রুদ্রঃ ক্রুদ্ধঃ সন্ আহ হে মূঢ়। যদা তে তব কেতুঃ ধ্বজঃ ভজ্যতে, তদা মৎসমেন সহ তে তব দর্পঘ্নং গর্বনাশকং সংযুগং ভবেৎ ॥১০

হে নৃপ। ইতি এবং রুদ্রেণ উক্তঃ সঃ কুমতিঃ বাণঃ হৃষ্টঃ সন্ স্বগৃহং প্রাবিশৎ, তত্র চ কুধীঃ মূঢ়ঃ সঃ স্ববীর্য্যনশনং স্ববীর্য্যনাশসূচকং গিরিশাদেশং রুদ্রোক্তং প্রতীক্ষন্ আস্তে স্ম ॥১১

তস্য বাণস্য দুহিতা আসীৎ, সা চ কন্যা বিবাহরহিতা এব প্রাগদৃষ্টশ্রুতেন কান্তেন কমনীয়েন প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন সহ স্বপ্নে রতিম্ অলভত ॥১২

হে মহাদেব। আপনি অল্পেই সন্তুষ্ট হইয়া সকল লোকেরই কামনা পূরণ করিয়া থাকেন; আপনি কল্পতরুর ন্যায় মনোহর সিদ্ধিদাতা, জগৎ সংসারের ঈশ্বর এবং গুরু; আপনাকে প্রণাম করি।৭

হে দেবদেব! আপনার প্রসাদে আমার যে ভুজ-সহস্রের লাভ হইয়াছে, ইহা এক্ষণে আমার পক্ষে কেবল ক্লেশাবহ ভারেরই কারণ দেখিতেছি। কারণ যে যুদ্ধসাধ মিটাইবার উদ্দেশে এই বাহুসহস্রের কামনা, সে সাধ আমার পূর্ণ হইতেছে না। এই ত্রিলোক মধ্যে আমার সহিত সংগ্রাম করে, এরূপ ব্যক্তি আপনাকে ব্যতীত অন্য কাহাকেও নয়নগোচর করি না।৮

হে আদ্য! বল ও বীর্য্যের প্রভাবে আমার হস্তসহস্র একান্ত উত্তেজিত হইয়াছে। আমি পর্ব্বত পর্য্যন্ত উত্তোলন পূর্ব্বক চূর্ণ বিচূর্ণ করিয়াছি। পরে যুদ্ধ করিবার অভিপ্রায়ে দিগ্গজগণের অভিমুখে আমি ধাবিত হইলে, তাহারাও ভয়ে ইতস্ততঃ পলায়ন করিয়াছে। অতএব আপনি যদি অনুগ্রহ করিয়া আমার সহিত সংগ্রামে প্রবৃত্ত হন, তবেই আমার বলোদ্দীপনের কথঞ্চিৎ হ্রাস হইতে পারে।৯

বাণের তাদৃশ গর্ব্বোক্তি শ্রবণে ত্রিলোচন ক্রুদ্ধ হইলেন এবং তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, রে মূঢ়! যে দিবস তোমার এই ময়ূরধ্বজ কেতু ভগ্ন হইবে, সেই দিবস নিশ্চয় জানিও—আমার তুল্য ব্যক্তির সহিত তোমার দর্পবিনাশন সংগ্রাম উপস্থিত হইবে।১০

হে রাজন্! ভগবান্ রুদ্রের তাদৃশ বাণী শ্রবণে নির্ব্বোধ বাণ মনে মনে সন্তুষ্ট হইয়া নিজ ভবনে প্রবেশ করিলেন এবং নিজের প্রমাদ নিবন্ধন স্বীয় বীর্য্যবিনাশন ত্রিলোচনোক্ত কেতুভঙ্গ-কালের অপেক্ষায় কালাতিপাত করিতে লাগিলেন।১১

এদিকে বাণের একটি কন্যা ছিল; তাঁহার নাম

কং ত্বং মৃগয়সে সুভ্রু কীদৃশস্তে মনোরথঃ।
হস্তগ্রাহং ন তেঽদ্যাপি রাজপুত্র্যুপলক্ষয়ে ॥১৫

উষোবাচ।
দৃষ্টঃ কশ্চিন্নরঃ স্বপ্নে শ্যামঃ কমললোচনঃ।
পীতবাসা বৃহদ্‌বাহুর্যোষিতাং হৃদয়ঙ্গমঃ ॥১৬
তমহং মৃগয়ে কান্তং পায়য়িত্বাধরং মধু।
কাপি যাতঃ স্পৃহয়তীং ক্ষিপ্ত্বা মাং বৃজিনার্ণবে ॥১৭

চিত্রলেখোবাচ।
ব্যসনং তেঽপকর্ষামি ত্রিলোক্যাং যদি ভাব্যতে।
তমানেষ্যে বরং যস্তে মনোহর্ত্তা তমাদিশ ॥১৮
ইত্যুক্ত্বা দেব-গন্ধর্ব্ব-সিদ্ধ-চারণ-পন্নগান্।
দৈত্য-বিদ্যাধরান্ যক্ষান্ মনুজাংশ্চ যথালিখৎ ॥১৯
মনুজেষু চ সা বৃষ্ণীন্ শূরমানকদুন্দুভিম্।
ব্যলিখদ্ রাম-কৃষ্ণৌ চ প্রদ্যুম্নং বীক্ষ্য লজ্জিতা ॥২০

ততঃ চ সা উষা তত্র স্বপ্নে তম্ অনিরুদ্ধম্ অপশ্যন্তী বিহ্বলা সতী হে কান্ত! ত্বং কাসি ক গতঃ অসি ইতি বাদিনী সখীনাং মধ্যে উত্তস্থৌ জাগরণং প্রাপ্তা, ততঃ চ ভৃশম্ অত্যন্তং ব্রীড়িতা জাতা ॥১৩

কুম্ভাণ্ডঃ নাম বাণস্য মন্ত্রী, তস্য সুতা চিত্রলেখা উষায়াঃ সখী; কৌতূহলেন সমন্বিতা সতী সা সখীম্ উষাম্ অপৃচ্ছৎ ॥১৪

হে সুভ্রু রাজপুত্রি! তে তব হস্তগ্রাহং ভর্ত্তারম্ অদ্যাপি ন উপলক্ষয়ে ন পশ্যামি (অতঃ কাসি কান্তেতি বচনাৎ) ত্বং কং মৃগয়সে? তব মনোরথঃ চ কীদৃশঃ? তদ্ বদ ইতি ॥১৫

উষা উবাচ। স্বপ্নে যোষিতাং হৃদয়ঙ্গমঃ মনোহরঃ পীতবাসা বৃহদ্‌বাহুঃ শ্যামঃ কমললোচনঃ কশ্চিৎ নরঃ দৃষ্টঃ ॥১৬

হে সখি। সঃ মাম্ অধরমধু পায়য়িত্বা স্পৃহয়তীং কাঙ্ক্ষন্তীং মাং বৃজিনার্ণবে বিরহদুঃখসমুদ্রে ক্ষিপ্ত্বা কাপি যাতঃ; তং কান্তম্ অহং মৃগয়ে বিচিনোমি ॥১৭

চিত্রলেখা উবাচ। তে তব ব্যসনম্ অপকর্ষামি। যঃ তে মনোহর্ত্তা, সঃ যদি ত্রিলোক্যাং কাপি অস্তি, তদা তং বরং পুরুষম্ অহম্ ইহ আনেষ্যে; ময়া তাবৎ সর্ব্বঃ অস্মিন্ ভাব্যতে চিত্রে লিখ্যতে; তত্র তং বরম্ আদিশ নির্ণয় ॥১৮

উষা। ঐ কন্যা বিবাহের পূর্ব্বেই অজ্ঞাতকুলশীল ও সম্পূর্ণ অপরিচিতরূপ কমনীয় প্রদ্যুম্ননন্দন অনিরুদ্ধের সহিত এক দিবস স্বপ্নে রতিলাভ করিলেন।১২

পরে স্বপ্নমধ্যেই যখন সেই অনিরুদ্ধকে আর দেখিতে পাইলেন না, তখনই "হে প্রাণকান্ত! তুমি কোথায় গেলে"! বলিয়া উচ্চকণ্ঠে চিৎকার করত সখীগণের মধ্যেই জাগিয়া উঠিলেন এবং নিদ্রাভঙ্গে প্রকাশ্য নিজ উক্তির দ্বারা আন্তরিক ভাব ব্যক্ত হওয়ায় একান্ত লজ্জিতাও হইলেন।১৩

বাণ-রাজার মন্ত্রী কুম্ভাণ্ডের কন্যা চিত্রলেখা উষার সমীপে সখিত্বে নিযুক্তা ছিলেন। তিনি উষার তাদৃশ স্বপ্নকালীন বাণী শ্রবণে কৌতূহলাক্রান্তা হইয়া উষাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।১৪

হে সখি রাজনন্দিনি! তুমি যৌবন-পদবীতে আরোহণ করিয়াছ সত্য! কিন্তু তোমার বিবাহ না হওয়ায় তোমার প্রাণকান্ত যে কে, তাহা ত আমি লক্ষ্য করিতেই পারিতেছি না। অতএব, "হে কান্ত কোথায় গেলে" বলিয়া তুমি স্বপ্নে কাহার অন্বেষণ করিতেছিলে? তুমি মনোগত ভাব স্পষ্ট করিয়া ব্যক্ত কর।১৫

এইরূপ শ্রবণে উষা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, সখি রে! স্বপ্নকালে এক অপূর্ব্ব মনোহর রূপধারী, নারীগণের হৃদয়-রঞ্জন, আজানুলম্বিতবাহু পীতাম্বর-পরিহিত কমললোচন শ্যাম-কলেবর পুরুষকে আমি অদ্য অবলোকন করিয়াছি।১৬

হে সখি! সেই নবীন পুরুষ আমাকে অধর-সুধা পান করাইয়া, আমার আশা পূরণ হইবার পূর্ব্বেই দারুণ দুঃখসাগরে আমাকে নিক্ষিপ্ত করত অকস্মাৎ কোথায় গমন করিলেন। আমি তাঁহারই অন্বেষণ করিতেছিলাম।১৭

অনিরুদ্ধং বিলিখিতং বীক্ষ্যোষাবাঙ্‌মুখী হ্রিয়া।
সোহসাবসাবিতি প্রাহ স্ময়মানা মহীপতে ॥২১
চিত্রলেখা তমাজ্ঞায় পৌত্রং কৃষ্ণস্য যোগিনী।
যযৌ বিহায়সা রাজন্ দ্বারকাং কৃষ্ণপালিতাম্ ॥২২
তত্র সুপ্তং সুপর্য্যঙ্কে প্রাদ্যুম্নিং যোগমাস্থিতা।
গৃহীত্বা শোণিতপুরং সখ্যৈ প্রিয়মদর্শয়ৎ ॥২৩

সা চ তং সুন্দরবরং বিলোক্য মুদিতাননা।
দুষ্প্রেক্ষ্যে স্বগৃহে পুম্ভী রেমে প্রাদ্যুম্নিনা সমম্ ॥২৪
পরার্দ্ধ্যবাসঃ-স্রগ্-গন্ধ-ধূপ-দীপাসনাদিভিঃ।
পান-ভোজন-ভক্ষ্যৈশ্চ বাক্যৈঃ শুশ্রূষয়ার্চ্চিতঃ ॥২৫
গূঢ়ঃ কন্যাপুরে শশ্বৎ প্রবৃদ্ধস্নেহয়া তয়া।
নাহর্গণান্ স বুবুধে উষয়াপহৃতেন্দ্রিয়ঃ ॥২৬

ইতি উক্ত্বা দেব-গন্ধর্ব-সিদ্ধ-চারণ-পন্নগান্ দৈত্যবিদ্যাধরান্ যক্ষান্ মনুজান্ চ যথা যথাবৎ অলিখৎ ॥১৯

সা মনুজেষু চ বৃষ্ণীন্ শূরম্ আনকদুন্দুভিং তথা রাম-কৃষ্ণৌ প্রদ্যুম্নং চ অলিখৎ। তত্র (অনিরুদ্ধতুল্যরূপং) প্রদ্যুম্নং বীক্ষ্য (শ্বশুরোঽয়মিতি মত্বা) লজ্জিতা জাতা ॥২০

হে মহীপতে! ততঃ অনিরুদ্ধং বিলিখিতং বীক্ষ্য উষা হ্রিয়া লজ্জয়া অবাঙ্মুখী তথা স্ময়মানা হর্ষেণ প্রহসিতবদনা সতী যঃ ময়া দৃষ্টঃ, সঃ অসৌ অসৌ ইতি প্রাহ ॥২১

হে রাজন্! যোগিনী চিত্রলেখা তু (উষানির্দ্দিষ্টং) তং কৃষ্ণস্য পৌত্রম্ অনিরুদ্ধম্ আজ্ঞায় বিহায়সা আকাশপথেন কৃষ্ণপালিতাং দ্বারকাং যযৌ ॥২২

তত্র দ্বারকায়াং শোভনে পর্য্যঙ্কে সুপ্তং প্রাদ্যুম্নিম্ অনিরুদ্ধং গৃহীত্বা পুনঃ যোগম্ আস্থিতা শোণিতপুরম্ আগত্য সখ্যৈ উষায়ৈ প্রিয়ং বল্লভং তম্ অদর্শয়ৎ ॥২৩

সা চ উষা সুন্দরবরং তং বিলোক্য মুদিতাননা (মুদিতং প্রফুল্লম্ আননং যস্যাঃ সা তথাবিধা) পুংভিঃ দুষ্প্রেক্ষ্যে স্বগৃহে প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন সমং রেমে ॥২৪

চিত্রলেখা বলিলেন,—সখি! চিন্তা করিও না। আমি তোমার দুঃখ নিবারণ করিতেছি। যিনি তোমার মনকে হরণ করিয়াছেন, তিনি যদি ত্রিলোকের মধ্যে কোথাও অবস্থান করিয়া থাকেন, তাহা হইলে আমি তাঁহাকে এই স্থানেই আনয়ন করিব। এই চিত্রে আমি সকলের মূর্ত্তি চিত্রিত করিব। তুমি তন্মধ্যে আপনার বর চিনিয়া লও।১৮

এইরূপ বলিয়া চিত্রলেখা দেবতা, গন্ধর্ব, সিদ্ধ, চারণ, পন্নগ, দৈত্য, বিদ্যাধর, যক্ষ ও শ্রেষ্ঠ মানবগণের প্রতিকৃতি চিত্রপটে অঙ্কিত করিতে আরম্ভ করিলেন।১৯

মনুষ্যের মধ্যে বৃষ্ণিবংশ, শূর, বসুদেব, রাম, কৃষ্ণ ও প্রদ্যুম্নের প্রতিকৃতি উপযুক্তরূপে চিত্রিত করিলেন; কিন্তু প্রদ্যুম্নের প্রতিকৃতি অবলোকনে উষা শ্বশুর-জ্ঞানে লজ্জিতা হইলেন।২০

অনন্তর অনিরুদ্ধের প্রতিকৃতি চিত্রপটে সুস্পষ্ট লিখিত সন্দর্শন করিয়া উষার আর আনন্দের সীমা রহিল না; আনন্দের উচ্ছ্বাসে তাঁহার বদনমণ্ডল বিকসিত হইয়া উঠিল। তিনি লজ্জায় অধোবদনা হইয়া, "আমি স্বপ্নে যাঁহাকে দর্শন করিয়াছি, তিনি এই, তিনি এই।" এই কথা সকলের সমক্ষেই উষা বলিয়া উঠিলেন।২১

তখন উষার নির্দ্দিষ্ট পুরুষকে কৃষ্ণপৌত্র অনিরুদ্ধ বলিয়া অবগত হইয়া চিত্রলেখা যোগবলের আশ্রয়ে আকাশপথে আরোহণ করিলেন এবং হে নরনাথ! অবলীলাক্রমে সে স্থান হইতে গমন করত কৃষ্ণপালিত দ্বারকাপুরে উপনীত হইলেন।২২

তথায় অতি অপূর্ব্ব পর্য্যঙ্কের উপর গাঢ় নিদ্রায় নিদ্রিত অনিরুদ্ধকে অবলোকন করিয়া চিত্রলেখা হৃষ্টান্তঃকরণে তাঁহাকে গ্রহণ করিলেন এবং পূর্ব্ববৎ যোগবলের আশ্রয়ে তাঁহাকে লইয়া শোণিতপুরে আগমন পূর্ব্বক প্রিয়সখী উষাকে প্রদর্শন করাইলেন।২৩

রাজ-নন্দিনী উষা অকস্মাৎ সেই সুন্দরবরকে

তাং তথা যদুবীরেণ ভুজ্যমানাং হতব্রতাম্।
হেতুভির্লক্ষয়াঞ্চক্রুরাপ্রীতাং দুরবচ্ছদৈঃ ॥২৭

ভটা আবেদয়াঞ্চক্রু রাজংস্তে দুহিতুর্বয়ম্।
বিচেষ্টিতং লক্ষয়ামঃ কন্যায়াঃ কুলদূষণম্ ॥২৮

অনপায়িভিরস্মাভির্গুপ্তায়াশ্চ গৃহে প্রভো।
কন্যায়া দূষণং পুম্ভির্দুষ্প্রেক্ষায়া ন বিদ্মহে ॥২৯

ততঃ প্রব্যথিতো বাণো দুহিতুঃ শ্রুতদূষণঃ।
ত্বরিতঃ কন্যকাগারং প্রাপ্তোঽদ্রাক্ষীদ্ যদূদ্বহম্ ॥৩০

কামাত্মজং তং ভুবনৈকসুন্দরং
শ্যামং পিশঙ্গাম্বরমম্বুজেক্ষণম্।
বৃহদ্ভুজং কুণ্ডলকুন্তলত্বিষা
স্মিতাবলোকেন চ মণ্ডিতাননম্ ॥৩১

সঃ চ অনিরুদ্ধঃ কন্যাপুরে গূঢ়ঃ সন্ শশ্বৎ নিত্যং প্রবৃদ্ধস্নেহয়া (প্রবৃদ্ধঃ স্নেহঃ যস্যাঃ সা তয়া) উষয়া পরার্দ্ধ্যৈঃ অমূল্যৈঃ বাসঃপ্রভৃতিভিঃ, পানভোজনভক্ষ্যৈঃ (ভোজ্যভোক্ষ্যয়োশ্চর্ব্ব্যাচর্ব্ব্যত্বাদিনা ভেদঃ), বাক্যৈঃ মধুরালাপৈঃ, শুশ্রূষয়া চ অর্চ্চিতঃ বহুমতঃ, অতএব অপহৃতেন্দ্রিয়ঃ (অপহৃতম্ ইন্দ্রিয়ং মনঃ যস্য সঃ) সঃ অনিরুদ্ধঃ গচ্ছতঃ অহর্গণান্ ন বুবুধে ন জ্ঞাতবান্ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৫-২৬

তাম্ উষাং যদুবীরেণ তথা নিগূঢ়তয়া ভুজ্যমানাম্ অতঃ আপ্রীতাম্ অতিহৃষ্টাং দুরবচ্ছদৈঃ ছাদয়িতুম্ অশক্যৈঃ, গর্ভধারণাদিভিঃ হেতুভিঃ চিহ্নৈঃ হতব্রতাং খলিত-কন্যাদি-নিয়মাম্ ইতি দ্বারপালাঃ) লক্ষয়াঞ্চক্রুঃ ॥২৭

তে ভটাঃ রাজ্ঞে বাণায় আবেদয়াঞ্চক্রুঃ যথা হে রাজন্! তে দুহিতুঃ কন্যায়াঃ বিবাহরহিতায়াঃ কুলদূষণং (কুলং দূষয়তীতি তথাভূতং) বিচেষ্টিতং পরপুরুষসম্বন্ধলক্ষণং বয়ং লক্ষয়ামঃ ॥২৮

হে প্রভো! অনপায়িভিঃ অনপসর্পদ্ভিঃ সাবধানৈঃ অস্মাভিঃ গৃহে গুপ্তায়াঃ অতএব পুংভিঃ দুষ্প্রেক্ষয়াঃ কন্যায়াঃ তৈঃ দূষণং কথং জাতং তৎ বয়ং ন বিদ্মহে ॥২৯

অবলোকন করিয়া আনন্দে প্রফুল্লবদনা হইলেন এবং পুরুষের অলক্ষিত স্বকীয় গৃহে তাঁহাকে প্রচ্ছন্নভাবে রক্ষা করত তৎসহ রমণানন্দ অনুভব করিতে লাগিলেন।২৪

এদিকে অনিরুদ্ধও সেই কন্যাপুরে প্রচ্ছন্নভাবে অবস্থান করত, উষার উত্তরোত্তর পরিবর্দ্ধিত প্রেমে ক্রমশঃ আবদ্ধ হইতে লাগিলেন। বহুমূল্য বস্ত্র, মাল্য, ধূপ, দীপ, আসন, পানীয় দ্রব্য পেয় ও চর্ব্ব্যাদি বিবিধ ভোজন সামগ্রী এবং মধুর আলাপের দ্বারা উষা তাঁহার এতই শুশ্রূষা করিতে লাগিলেন যে, অনিরুদ্ধের চিত্ত সম্পূর্ণরূপে উষার প্রতিই নিপতিত হইল। অধিক কি! এই প্রকার আনন্দানুভবে কত দিবা-রজনী যে অতিবাহিত হইয়া গেল, অনিরুদ্ধ তাহার কিছুই জানিতে পারিলেন না।২৫-২৬

এই প্রকারে অতি প্রচ্ছন্নভাবে যদুবীর অনিরুদ্ধ কর্ত্তৃক ভুজ্যমানা এবং সর্ব্বদাই হৃষ্টচিত্তা উষাকে এক দিবস অবলোকন করিয়া অন্তঃপুর-রক্ষিগণ কিছু চিন্তিত হইল। নারীগণের গর্ভধারণাদির যে সকল লক্ষণ গোপন থাকে না, সেই সকল লক্ষণ উষাতে লক্ষ্য করিয়া তিনি যে কন্যাব্রত ভঙ্গ করিয়াছেন, তাহা তাহারা সুস্পষ্ট অনুমান করিল।২৭

এবং ভীতান্তঃকরণে রাজসমীপে উপস্থিত হইয়া, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিল, হে নরনাথ! আপনার কন্যা উষাকে অদ্য অবলোকন করিয়া আমাদের এরূপ প্রতীতি হইতেছে যে, বিবাহ হইবার পূর্ব্বেই পরপুরুষের সম্বন্ধ-জনিত কুলদূষিত ভাবসমূহ তাঁহাতে বিলক্ষণ লক্ষিত হইতেছে।২৮

হে প্রভো! আমরা অতি সতর্কতার সহিত কন্যার গৃহ রক্ষা করিয়া থাকি। কোন পুরুষের সম্পর্ক সেখানে ঘটিবার কোন সম্ভাবনাই দেখি না; তথাপি এরূপ কলঙ্কের লক্ষণসমূহ কেন যে লক্ষিত হইতেছে, তাহা আমরা কিছুতেই অবধারণ করিতে পারিতেছি না।২৯

দীব্যন্তমক্ষৈঃ প্রিয়য়াভিনৃম্ণয়া
তদঙ্গসঙ্গস্তনকুঙ্কুমস্রজম্।
বাহ্বোর্দধানং মধুমল্লিকাশ্রিতাং
তস্যাগ্র আসীনমবেক্ষ্য বিস্মিতঃ ॥৩২
স তং প্রবিষ্টং বৃতমাততায়িভি-
র্ভটৈরনীকৈরবলোক্য মাধবঃ।

উদ্যম্য মৌর্ব্বং পরিঘং ব্যবস্থিতো
যথান্তকো দণ্ডধরো জিঘাংসয়া ॥৩৩
জিঘৃক্ষয়া তান্ পরিতঃ প্রসর্পতঃ
শুনো যথা শূকরযূথপোঽহনৎ।
তে হন্যমানা ভবনাদ্ বিনির্গতা
নির্ভিন্নমূর্দ্ধোরুভুজাঃ প্রদুদ্রুবুঃ ॥৩৪

দুহিতুঃ শ্রুতদূষণঃ (শ্রুতং দূষণং যেন সঃ) অতএব প্রব্যথিতঃ বাণঃ ততঃ স্থানাৎ ত্বরিতং শীঘ্রং কন্যাগারং প্রাপ্তঃ সন্ তত্র যদূদ্বহম্ অনিরুদ্ধম্ অদ্রাক্ষীৎ ॥৩০

শ্যামং, ভুবনৈকং-সুন্দরং, কামাত্মজং (কামস্য তদবতারস্য প্রদ্যুম্নস্য আত্মনঃ দেহাৎ জাতঃ তং), পিশঙ্গাম্বরম্ (পিশঙ্গং পীতম্ অম্বরং যস্য তম্), অম্বুজেক্ষণং (অম্বুজে ইব ঈক্ষণে যস্য তং), বৃহদ্ভুজং (বৃহন্তৌ ভুজৌ যস্য তং), কুণ্ডল-কুন্তল-ত্বিষা (কুণ্ডলয়োঃ কুন্তলানাং চ ত্বিষা দীপ্ত্যা) স্মিতাবলোকেন চ মণ্ডিতাননম্ ॥৩১

অভিনৃম্ণয়াঃ সর্ব্বতঃ কৃতমণ্ডলতয়া প্রকাশমানয়া প্রিয়য়া সহ অক্ষৈঃ দীব্যন্তং ক্রীড়ন্তং, মধুমল্লিকাশ্রিতাং (মধুমল্লিকা বসন্তভবা মল্লিকাঃ তাভিঃ আশ্রিতাং গ্রথিতাং), তদঙ্গসঙ্গস্তনকুঙ্কুমস্রগজম্ (তস্যাঃ অঙ্গসঙ্গেন স্তনগতং কুঙ্কুমং যস্যাং তাং স্রজং) বাহ্বোঃ মধ্যে দধানং তস্যাঃ উষায়াঃ অগ্রে আসীনম্ অবেক্ষ্য বিস্মিতঃ বভূব ॥৩২

সঃ মাধবঃ মধুবংশপ্রভবঃ অনিরুদ্ধঃ অনেকৈঃ আততায়িভিঃ উদ্যতাস্ত্রৈঃ ভটৈঃ পরিবৃতং তং বাণং প্রবিষ্টম্ অবলোক্য মৌর্ব্বং (মুরুঃ লৌহবিশেষঃ তন্নির্ম্মিতং) পরিঘং দণ্ডবিশেষম্ উদ্যম্য গৃহীত্বা, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া দণ্ডধরঃ অন্তকঃ যমঃ যথা তথা তদগ্রতঃ ব্যবস্থিতঃ। জিঘৃক্ষয়া গ্রহীতুমিচ্ছয়া পরিতঃ সর্ব্বতঃ প্রসর্পতঃ আগচ্ছতঃ তান্ আততায়িনঃ শূকরযূথপঃ যথা শুনঃ তথা তান্ অহনৎ জঘান। হন্যমানাঃ অতএব নির্ভিন্নমূর্দ্ধোরুভুজাঃ তে আততায়িনঃ ভবনাৎ বিনির্গতাঃ সন্তঃ প্রদুদ্রুবুঃ পলায়িতাঃ ॥৩৩-৩৪

দুহিতার তাদৃশ দোষের বার্ত্তা শ্রবণ করিয়া মহারাজ বাণ একান্ত উদ্বিগ্ন হইয়া উঠিলেন এবং তৎক্ষণাৎ রাজসভা পরিত্যাগ করিয়া স্বকীয় কন্যা উষার ভবনে প্রবেশ পূর্ব্বক যদুশ্রেষ্ঠ অনিরুদ্ধকে তথায় নয়নগোচর করিলেন।৩০

শ্যামসুন্দর, পীতাম্বরধারী, পদ্ম-পলাশ-লোচন, প্রদ্যুম্নমূর্ত্তিতে অবতীর্ণ সাক্ষাৎ মন্মথের দেহোৎপন্ন, ভুবনৈক-মোহন, কুন্তল ও কুণ্ডলদ্বয়ের অপূর্ব্ব জ্যোতিতে বিরাজমান, সহাস্য বদন-মণ্ডল-বিশিষ্ট আজানুলম্বিতবাহু অনিরুদ্ধ তৎকালে যেন গৃহকে আলোকিত করত উপবিষ্ট হইয়া—৩১

সর্ব্বলক্ষণ-সংযুতা প্রিয়ার সহিত অক্ষক্রীড়া করিতেছিলেন; কান্তার অঙ্গ-সম্মীলনে তদীয় কুচগত কুঙ্কুমের স্পর্শে শোণায়িত বসন্তকালীন মল্লিকা কুসুমের মালা তদীয় বাহুযুগলের মধ্যে দোদুল্যমান হইতেছিল। উষার পুরোভাগে তাদৃশ অনিরুদ্ধকে উপবিষ্ট অবলোকন করিয়া মহারাজ বাণ তাঁহাকে একান্ত সাহসী জ্ঞানে বিস্মিত হইলেন।৩২

উদ্যতাস্ত্র সৈন্যগণে পরিবৃত বাণ-রাজাকে গৃহমধ্যে প্রবেশ করিতে অবলোকন করিয়া মধুবংশ-প্রসূত কৃষ্ণপৌত্র অনিরুদ্ধ দৃঢ় লৌহ-নির্ম্মিত পরিঘাস্ত্র উত্তোলন পূর্ব্বক তাহাদিগের নিধন বাসনায় দণ্ডধারী কৃতান্তের ন্যায় সম্মুখে দণ্ডায়মান হইলেন।৩৩

তৎকালে সশস্ত্র সৈন্যগণ তাঁহাকে আক্রমণ করিবার অভিপ্রায়ে চতুর্দ্দিক হইতে তাঁহাকে বেষ্টন করিলে, শূকর-যূথপতি যেমন অবলীলাক্রমে কুক্কুর-গণকে নিহত করে, সেইরূপ তিনি সেই আততায়ী সৈন্যকুলকে আহত করিতে আরম্ভ করিলেন। অনিরুদ্ধের প্রহারে সৈন্যগণের মস্তক, উরুদেশ এবং ভুজযুগল একান্ত মর্ম্ম-পীড়িত হওয়ায়, তাহারা

তং নাগপাশৈর্বলিনন্দনো বলী
ঘ্নন্তং স্বসৈন্যং কুপিতো ববন্ধ হ।
ঊষা ভৃশং শোকবিষাদবিহ্বলা
বদ্ধং নিশম্যাশ্রুকলাক্ষ্যরৌদিষীৎ ॥৩৫

ক্রোধিতঃ বলিনন্দনঃ বলী বাণঃ স্বসৈন্যং ঘ্নন্তং তম্ অনিরুদ্ধং নাগপাশৈঃ ববন্ধ। তথা তং বদ্ধং নিশম্য দৃষ্ট্বা, শোক-বিষাদাভ্যাং বিহ্বলা ঊষা অশ্রুকলাক্ষী (অশ্রূণাং কলা বিন্দবঃ যয়োঃ তে অক্ষিণী যস্যাঃ সা তথাভূতা সতী) ভৃশম্ অত্যন্তম্

সকলে সেই ভবন হইতে দ্রুতপদে বিনির্গত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল।৩৪

এদিকে বলিনন্দন মহাবল বাণ স্বীয় সৈন্যগণকে নিহত অবলোকন করিয়া, নাগপাশের দ্বারা অনিরুদ্ধকে বন্ধন করিলেন। তৎকালে অনিরুদ্ধের

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬২

অরৌদিষীৎ অরোৎসীৎ ॥৩৫

ইতিদশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ

তাদৃশ বন্ধনাবস্থা দর্শনে ঊষার আর দুঃখের সীমা রহিল না; তিনি শোকে ও বিষাদে বিহ্বলা হইয়া অবিরল ধারে অশ্রুবারি বিসর্জ্জন পূর্ব্বক অত্যন্ত ক্রন্দন করিতে লাগিলেন।৩৫

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত দ্বিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

[ষষ্ঠবর্ষ, পৌষ, ১৩৭৪] [সপ্তম সংখ্যা—পুষ্যাভিষেক-যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্‌ভাগবতম্

পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

যুগ্ম-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা] [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্.
ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড
এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই পৌষ, ১৩৭৪।

কার্য্যালয় :—
৬৮-সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা ন পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮/সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭/২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

ওঁশ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পাদক—আর্য্যশাস্ত্র

ত্রিষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণ-বাণাসুর সংগ্রামঃ, মাহেশ্বরজ্বরেণ মহেশ্বরেণ চ শ্রীভগবতঃ স্তবশ্চ।]

শ্রীশুক উবাচ।

অপশ্যতাঞ্চানিরুদ্ধং তদ্বন্ধূনাঞ্চ ভারত।
চত্বারো বার্ষিকা মাসা ব্যতীয়ুরনুশোচতাম্ ॥১

নারদাৎ তদুপাকর্ণ্য বার্ত্তাং বদ্ধস্য কর্ম্ম চ।
প্রযযুঃ শোণিতপুরং বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ ॥২

প্রদ্যুম্নো যুযুধানশ্চ গদঃ সাম্বোঽথ সারণঃ।
নন্দোপনন্দভদ্রাদ্যা রাম-কৃষ্ণানুবর্ত্তিনঃ ॥৩

অক্ষৌহিণীভির্দ্বাদশভিঃ সমেতাঃ সর্ব্বতো দিশম্।
রুরুধুর্বাণনগরং সমন্তাৎ সাত্বতর্ষভাঃ ॥৪

ভজ্যমানপুরোদ্যান-প্রাকারাট্টালগোপুরম্।
প্রেক্ষমাণো রুষাবিষ্টস্তুল্যসৈন্যোঽভিনির্যযৌ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে ভারত! অনিরুদ্ধম্ অপশ্যতাং চকারাৎ তদাগমনপ্রকারঞ্চ অজানতাম্ অতঃ অনুশোচতাং সতাং তদ্বন্ধূনাং (তস্য অনিরুদ্ধস্য বন্ধূনাং) বার্ষিকাঃ বর্ষোপলক্ষিতাঃ আষাঢ়াদ্যাশ্বিনান্তাঃ চত্বারঃ মাসাঃ ব্যতীয়ুঃ অতিক্রান্তাঃ (বর্ষা হি প্রতিবন্ধিকা ইতি তাবৎ অন্বেষণপ্রযত্নোঽপি ন কৃত ইত্যর্থঃ) ॥১

অথ বদ্ধস্য অনিরুদ্ধস্য বার্ত্তাং বন্ধনবার্ত্তাং, চিত্রলেখাহরণোষারমণরূপাং, কর্ম্মযুদ্ধাদিরূপং চ নারদাৎ উপকর্ণ্য শ্রুত্বা কৃষ্ণদেবতাঃ (কৃষ্ণঃ এব দেবতা রক্ষকঃ যেষাং তে) রামকৃষ্ণানুবর্ত্তিনঃ বৃষ্ণয়ঃ প্রদ্যুম্নাদয়ঃ শোণিতপুরং প্রযযুঃ ॥২-৩

অক্ষৌহিণীভিঃ দ্বাদশভিঃ সমেতাঃ মিলিতাঃ তে সাত্বতর্ষভাঃ যাদবশ্রেষ্ঠাঃ বহিঃ সর্ব্বতঃ দিশম্ অন্তঃ সমন্তাৎ সর্ব্বতঃ বাণনগরং রুরুধুঃ ॥৪

ভজ্যমানাপুরোদ্যান-প্রাকারাট্টাল-গোপুরং (ভজ্যমানানি পুরোদ্যানাদীনি যস্মিন্ তথাভূতং স্বনগরং) প্রেক্ষমাণঃ এব বাণঃ রুষা ক্রোধেন আবিষ্টঃ সন্ তুল্যসৈন্যৈঃ দ্বাদশাক্ষৌহিণী সেনাযুক্তম্ এব (যোদ্ধুং পুরাৎ) অভিনির্যযৌ ॥৫

ত্রিষষ্টিতম অধ্যায়।

[শ্রীকৃষ্ণ ও বাণাসুরের সংগ্রাম এবং মাহেশ্বর জ্বর ও মহেশ্বর কর্তৃক শ্রীভগবানের স্তুতি।]

শুকদেব বলিলেন,—হে ভারত! অনিরুদ্ধের অদর্শনে শোকসন্তপ্ত-চিত্ত তদীয় আত্মীয় ও স্বজনবর্গ বর্ষোপলক্ষিত জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ ও ভাদ্র এই মাস চতুষ্টয় অনিরুদ্ধের অন্বেষণে বিরত হইয়া গৃহেই অতিবাহিত করিলেন।১

পরে দেবর্ষি নারদের মুখে যখন শ্রবণ করিলেন যে, চিত্রলেখা কর্তৃক তিনি শোণিতপুরে অপহৃত হইয়াছেন এবং তথায় মহারাজ বাণ কর্তৃক তদীয় সৈন্যবধ নিবন্ধন অপরাধে নাগপাশে আবদ্ধ হইয়াছেন, তখন তাঁহারা সকলে শোণিতপুরে যুদ্ধার্থ যাত্রা করিলেন।২

প্রদ্যুম্ন, যুযুধান, গদ, সাম্ব, সারণ, নন্দ, উপনন্দ এবং ভদ্রাদি কৃষ্ণানুবর্ত্তী বৃষ্ণিগণ রামকৃষ্ণকে পুরোবর্ত্তী করিয়া এবং দ্বাদশ অক্ষৌহিণীতে পরিবৃত হইয়া সৈন্যসামন্তে দিক্‌বিদিক্ সমাচ্ছাদিত করত শোণিতপুরে প্রবেশ করিলেন এবং বাণনগরীকে সর্ব্বতোভাবে নিরুদ্ধ করিলেন।৩-৪

সাত্বতশ্রেষ্ঠ যোদ্ধাগণ কর্তৃক স্বীয় ভবন, উদ্যান, প্রাচীর, অট্টালিকা ও গোপুরসমূহ ভগ্নপ্রায় অবলোকন করিয়া বাণ ক্রোধে পরিপূর্ণ হইলেন এবং বিপক্ষের তুল্যবল দ্বাদশ অক্ষৌহিণী সেনায় স্বয়ং-পরিবৃত হইয়া যুদ্ধার্থ পুর হইতে বহির্গত হইলেন।৫

বাণার্থে ভগবান্ রুদ্রঃ সসুতঃ প্রমথৈর্বৃতঃ।
আরুহ্য নন্দিবৃষভং যুযুধে রাম-কৃষ্ণয়োঃ ॥৬
আসীৎ সুতুমুলং যুদ্ধমদ্ভুতং রোমহর্ষণম্।
কৃষ্ণ-শঙ্করয়ো রাজন্ প্রদ্যুম্ন-গুহয়োরপি ॥৭
কুম্ভাণ্ড-কূপকর্ণাভ্যাং বলেন সহ সংযুগঃ।
সাম্বস্য বাণপুত্রেণ বাণেন সহ সাত্যকেঃ ॥৮
ব্রহ্মাদয়ঃ সুরাধীশা মুনয়ঃ সিদ্ধ-চারণাঃ।
গন্ধর্ব্বাপ্সরসো যক্ষা বিমানৈর্দ্রষ্টুমাগমন্ ॥৯

প্রমথৈঃ স্বগণৈঃ বৃতঃ সসুতঃ স্কন্দাদিসহিতঃ ভগবান্ রুদ্রঃ নন্দিবৃষভং নন্দিনামানং বৃষভম্ আরুহ্য বাণার্থং বাণস্য সহায়ার্থং রাম-কৃষ্ণয়োঃ রাম-কৃষ্ণাভ্যাং যুযুধে ॥৬

হে রাজন্। ইত্থং কৃষ্ণ-শঙ্করয়োঃ তথা প্রদ্যুম্ন-গুহয়োঃ অপি সুতুমুলং সঙ্কুলং নিরন্তর-শস্ত্রপাতলক্ষণং, রোমহর্ষণম্ (শৃণ্বতাং পশ্যতাং চ জনানাং রোমোদ্গমকারণং) অদ্ভুতং যুদ্ধম্ আসীৎ ॥৭

তথা কুম্ভাণ্ড-কূপকর্ণাভ্যাং সহ বলেন তথা বাণপুত্রেণ সহ সাম্বস্য, বাণেন সাত্যকেঃ সংযুগঃ আসীৎ ॥৮

ব্রহ্মাদয়ঃ সুরাধীশঃ মুনয়ঃ সিদ্ধচারণাঃ গন্ধর্ব্বাপ্সরসঃ যক্ষাঃ চ যুদ্ধং দ্রষ্টুং বিমানৈঃ তত্র আগমন্ ॥৯

শঙ্করানুচরান্ শৌরির্ভূত-প্রমথ-গুহ্যকান্।
ডাকিনীর্যাতুধানাংশ্চ বেতালান্ সবিনায়কান্ ॥১০
প্রেত-মাতৃ-পিশাচাংশ্চ কুষ্মাণ্ডান্ ব্রহ্মরাক্ষসান্।
দ্রাবয়ামাস তীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ শার্ঙ্গধনুশ্চ্যুতৈঃ ॥১১
পৃথগ্‌বিধানি প্রাযুঙ্‌ক্ত পিনাক্যস্ত্রাণি শার্ঙ্গিণে।
প্রত্যস্ত্রৈঃ শময়ামাস শার্ঙ্গপাণিরবিস্মিতঃ ॥১২
ব্রহ্মাস্ত্রস্য চ ব্রহ্মাস্ত্রং বায়ব্যস্য চ পার্ব্বতম্।
আগ্নেয়স্য চ পার্জ্জন্যং নৈজং পাশুপতস্য চ ॥১৩

শৌরিঃ কৃষ্ণঃ শার্ঙ্গধনুশ্চ্যুতৈঃ (শার্ঙ্গাখ্যধনুষঃ চ্যুতৈঃ) তীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ ভূত-প্রমথ-গুহ্যকান্, প্রেত-মাতৃ-পিশাচান্, কুষ্মাণ্ডান্, ব্রহ্মরাক্ষসান্ ইতি শঙ্করানুচরান্ শঙ্করকিঙ্করান্ দ্রাবয়ামাস ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১০-১১

পিনাকী রুদ্রঃ শার্ঙ্গিণে কৃষ্ণায় পৃথগ্‌বিধানি নানাপ্রকারাণি অস্ত্রাণি প্রাযুঙ্‌ক্ত প্রযুক্তবান্; শার্ঙ্গপাণিঃ কৃষ্ণঃ অবিস্মিতঃ ভয়গর্ব্বাদিরহিতঃ এব তানি প্রত্যস্ত্রৈঃ শময়ামাস ॥১২

ব্রহ্মাস্ত্রস্য ব্রহ্মাস্ত্রং, বায়ব্যস্য চ পার্ব্বতম্, আগ্নেয়স্য চ

এদিকে বাণের সাহায্যার্থ কার্ত্তিকেয়ের সহিত ভগবান্ রুদ্রদেব স্বীয় প্রমথগণে পরিবৃত হইয়া রাম-কৃষ্ণের সহিত যুদ্ধ করিবার জন্য নন্দিনামক বৃষভে আরোহণ পূর্ব্বক সেই সমরস্থলে উপনীত হইলেন।৬

তাদৃশ তুমুল যুদ্ধ দর্শনে উপস্থিত ব্যক্তিমাত্রেরই রোমাঞ্চ হইয়াছিল। হে রাজন্! শ্রীকৃষ্ণের সহিত ভগবান্ রুদ্রের, কার্ত্তিকেয় সহ প্রদ্যুম্নের, কুম্ভাণ্ড ও কূপবর্ণের সহিত বলরামের, বাণপুত্রের সহিত সাম্বের এবং সাত্যকির সহিত স্বয়ং বাণরাজের পরস্পর ভয়ানক যুদ্ধ আরম্ভ হইল।৭-৮

তাদৃশ অদ্ভুত যুদ্ধ দর্শন করিবার অভিপ্রায়ে ব্রহ্মাদি সুরপতিগণ, মুণিগণ, সিদ্ধ ও চারণগণ, গন্ধর্ব্ব, অপ্সরা ও যক্ষগণ সকলেই বিমানারোহণে তথায় উপস্থিত হইলেন।৯

ভূত, প্রমথ, গুহ্যক, ডাকিনী, যাতুধান, বিনায়ক সহ বেতালগণ, ভূত মাতৃগণ, পিশাচসমূহ, কুষ্মাণ্ড এবং ব্রহ্মরাক্ষসাদি রুদ্র-পক্ষীয় সেনাগণকে ভগবান্ শ্রীকৃষ্ণ শার্ঙ্গধনু নিক্ষিপ্ত তীক্ষ্ণধার শরের সন্ধানে এরূপ পীড়িত করিয়াছিলেন যে, তাহারা সকলে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল।১০-১১

পিনাকী মহাদেবও শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণের প্রতি পৃথক্ পৃথক্ বিচিত্র দিব্য অস্ত্রসমূহ প্রয়োগ করিতে আরম্ভ করিলেন। শার্ঙ্গপাণিও তাঁহার বিপক্ষে বিপরীত অস্ত্রসমূহের দ্বারা অবলীলাক্রমে সেই সকল অস্ত্রকে ছেদন করিতে লাগিলেন।১২

মোহয়িত্বা তু গিরিশং জৃম্ভণাস্ত্রেণ জৃম্ভিতম্।
বাণস্য পৃতনাং শৌরির্জঘানাসিগদেষুভিঃ ॥১৪
স্কন্দঃ প্রদ্যুম্নবাণৌঘৈরর্দ্দ্যমানঃ সমন্ততঃ।
অসৃগ্ বিমুঞ্চন্ গাত্রেভ্যঃ শিখিনাপাক্রমদ্ রণাৎ ॥১৫
কুম্ভাণ্ডঃ কূপকর্ণশ্চ পেততুর্মুসলার্দ্দিতৌ।
দুদ্রুবুস্তদনীকানি হতনাথানি সর্ব্বতঃ ॥১৬

পার্জ্জন্যং, পাশুপতস্য চ নৈজং নারায়ণাস্ত্রং; জৃম্ভণাস্ত্রেণ যথা জৃম্ভিতং স্যাৎ, তথা গিরিশং মোহয়িত্বা শৌরিঃ বাণস্য পৃতনাম্ অসিগদেষুভিঃ জঘান ॥১৩-১৪

স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ প্রদ্যুম্নবাণৌঘৈঃ (প্রদ্যুম্নস্য বাণৌঘৈঃ বাণসমূহৈঃ) সমন্ততঃ সর্ব্বতঃ অর্দ্দ্যমানঃ তাড্যমানঃ, অতঃ গাত্রেভ্যঃ অসৃক্ রুধিরং বিমুঞ্চন্ শিখিনা ময়ূরেণ বাহনেন রণাৎ যুদ্ধক্ষেত্রাৎ প্রাদ্রবৎ পলায়িতঃ ॥১৫

(বলভদ্র-প্রযুক্তমুসলেন) অর্দ্দিতৌ তাড়িতৌ কুম্ভাণ্ডঃ কূপকর্ণঃ চ পেততুঃ, এবং হতনাথানি (হতৌ নাথৌ যেষাং তানি) তদনীকানি সর্ব্বতঃ দুদ্রুবুঃ ॥১৬

ব্রহ্মাস্ত্রের বিরুদ্ধে ব্রহ্মাস্ত্র, বায়ব্যাস্ত্রের বিপক্ষে পার্ব্বতাস্ত্র, আগ্নেয়াস্ত্রের প্রতিকূলে পার্জ্জন্যাস্ত্র এবং পাশুপতাস্ত্রের প্রতিকূলে স্বীয় নারায়ণাস্ত্র নিক্ষেপ করিয়া রুদ্রনিক্ষিপ্ত অস্ত্রসমূহের নিবারণ করিলেন; এবং জৃম্ভণাস্ত্রের প্রয়োগে ভগবান্ ত্রিশূলপাণিকে সম্পূর্ণ বিমুগ্ধ করিয়া ফেলিলেন; এদিকে অসি, গদা ও বাণের নিক্ষেপে বাণরাজের সৈন্যকুলকে প্রায় নিঃশেষে সংহার করিয়া ফেলিলেন।১৩-১৪

প্রদ্যুম্নের শরবর্ষণে কার্ত্তিকেয় সম্পূর্ণ অভিভূত হইয়া পড়িলেন; তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ ক্ষতবিক্ষত হইয়াছিল এবং অবিরল রুধির-ধারা বিগলিত হইতে লাগিল; তিনি একান্ত ব্যাকুল হইয়া স্বীয় বাহন ময়ূরোপরি আরোহণ পূর্ব্বক রণস্থল হইতে পলায়ন করিলেন।১৫

এদিকে বলভদ্র কর্ত্তৃক নিক্ষিপ্ত মুসলের আঘাতে বিষম আহত হইয়া, বাণমন্ত্রী কুম্ভাণ্ড ও কূপকর্ণ ধরাশায়ী হইলেন। পূর্ব্বোক্ত সেনাপতিদ্বয়ের বিনাশে সৈনিক পুরুষগণ বিশৃঙ্খল হইয়া রণে ভঙ্গ দিয়া ইতস্ততঃ পলায়ন করিল।১৬

বিশীর্য্যমাণং স্ববলং দৃষ্ট্বা বাণোঽত্যমর্ষিতঃ।
কৃষ্ণমভ্যদ্রবৎ সংখ্যে রথী হিত্বৈব সাত্যকিম্ ॥১৭
ধনূংষ্যাকৃষ্য যুগপদ্ বাণঃ পঞ্চশতানি বৈ।
একৈকস্মিন্ শরৌ দ্বৌ দ্বৌ সন্দধে রণদুর্ম্মদঃ ॥১৮
তানি চিচ্ছেদ ভগবান্ ধনূংষি যুগপদ্ধরিঃ।
সারথিং রথমশ্বাংশ্চ হত্বা শঙ্খমপূরয়ৎ ॥১৯

স্ববলং বিশীর্য্যমাণং সর্ব্বতঃ পলায়িতং দৃষ্ট্বা অতি অতিশয়েন অমর্ষিতঃ রথী রথস্থঃ বাণঃ (স্বপ্রতিযোদ্ধারং) সাত্যকিং হিত্বা সংখ্যে যুদ্ধে কৃষ্ণম্ অভ্যদ্রবৎ ॥১৭

রণদুর্ম্মদঃ (রণে দুর্ম্মদঃ অতিগর্ব্বিতঃ) বাণঃ যুগপৎ একদৈব সহস্রবাহুত্বাৎ পঞ্চশতভুজৈঃ পঞ্চশতানি ধনূংষি আকৃষ্য গৃহীত্বা পঞ্চশতভুজৈঃ একৈকস্মিন্ ধনুষি দ্বৌ দ্বৌ শরৌ সন্দধে ॥১৮

ভগবান্ হরিঃ (সন্ধানাৎ পূর্ব্বমেব বাণস্য) তানি ধনূংষি যুগপৎ এব চিচ্ছেদ, তথা সারথিং রথম্ অশ্বান্ চ হত্বা শঙ্খম্ অপূরয়ৎ অবাদয়ৎ ॥১৯

স্বকীয় সৈন্যসামন্তগণ অবসন্নপ্রায় হইয়া রণপ্রাঙ্গণ হইতে পলায়ন করিলে, মহারাজ বাণ একান্ত ক্রুদ্ধ হইয়া স্বীয় প্রতিযোদ্ধা সাত্যকিকে উপেক্ষা করত, রথারোহণে শ্রীকৃষ্ণের অভিমুখেই যুদ্ধার্থ ধাবিত হইলেন।১৭

রণগর্ব্বিত বাণ পঞ্চশত ধনু এক সময় পঞ্চ শত হস্তে ধারণ করিয়া, অপর পঞ্চশত হস্তের দ্বারা এক কালে প্রত্যেক ধনুতে দুই দুইটী করিয়া বাণ শ্রীকৃষ্ণোপরি সন্ধান করিলেন।১৮

ভগবান্ শ্রীহরি কিন্তু তাদৃশ শরজাল নিক্ষিপ্ত হইবার পূর্ব্বেই অপূর্ব্ব ক্ষিপ্রহস্ততার পরিচয়ে বাণরাজের পঞ্চশত ধনু একত্র ছেদন করিয়া ফেলিলেন এবং বাণের সারথি, রথ ও অশ্বগণকে নিহত ও

তন্মাতা কোটরা নাম নগ্না মুক্তশিরোরুহা।
পুরোঽবতস্থে কৃষ্ণস্য পুত্রপ্রাণরিরক্ষয়া ॥২০
ততস্তির্য্যঙ্মুখে নগ্নামনিরীক্ষন্ গদাগ্রজঃ।
বাণশ্চ তাবদ্ বিরথশ্ছিন্নধন্বাবিশৎ পুরম্ ॥২১
বিদ্রাবিতে ভূতগণে জ্বরস্তু ত্রিশিরাস্ত্রিপাৎ।
অভ্যধাবত দাশার্হং দহন্নিব দিশো দশ ॥২২
অথ নারায়ণো দেবস্তং দৃষ্ট্বা ব্যসৃজজ্জ্বরম্।
মাহেশ্বরো বৈষ্ণবশ্চ যুযুধাতে জ্বরাবুভৌ ॥২৩

তদা চ কোটরা নাম তস্য বাণস্য মাতা তস্যাঃ পুত্রস্য বাণস্য প্রাণান্ রক্ষিতুমিচ্ছয়া মুক্তশিরোরুহাঃ (মুক্তাঃ শিরোরুহাঃ কেশাঃ যস্যাঃ সা) নগ্না সতী কৃষ্ণস্য পুরতঃ অবতস্থে ॥২০

তদা চ গদাগ্রজঃ কৃষ্ণঃ নগ্নাং তাং অনিরীক্ষন্ অনিরীক্ষমাণঃ, কোটরাম্ তির্য্যঙ্মুখঃ বভূবঃ; তাবৎ তদনন্তর লব্ধ্বাং বিরথঃ ছিন্নধন্বা বাণঃ পুরম্ অবিশৎ ॥২১

এবং ভূতগণে (ভগবতা) বিদ্রাবিতে সতি (রুদ্রেণ প্রযুক্তঃ অতঃ) দশ দিশঃ দহন্ ইব (প্রকাশমানঃ) ত্রিশিরাঃ ত্রিপাৎ জ্বরঃ তু যোদ্ধুং দাশার্হং কৃষ্ণম্ অভ্যধাবত অভ্যাজগাম ॥২২

অথ দেবঃ নারায়ণঃ তং জ্বরং দৃষ্ট্বা (স্বকীয়ং) শীতজ্বরং ব্যসৃজৎ, তদা চ মাহেশ্বরঃ বৈষ্ণবঃ চ উভৌ জ্বরৌ পরস্পরং যুযুধাতে ॥২৩

চূর্ণবিচূর্ণ করত সিংহনাদচ্ছলে পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি করিলেন।১৯

ইতিমধ্যে বাণ-জননী কোটরা পুত্রের প্রাণসঙ্কট অবস্থা অবলোকনে একান্ত ভীতা হইলেন এবং তনয়ের প্রাণভিক্ষার প্রার্থনায় আলুলায়িতকেশা ও বিবসনা অবস্থাতেই দ্রুতবেগে শ্রীকৃষ্ণের সম্মুখে উপস্থিত হইলেন।২০

গদাগ্রজ বাসুদেব কিন্তু কোটরার তাদৃশ বিবসনা অবস্থা যাহাতে অবলোকন করিতে না হয়, তজ্জন্য সেই দিক হইতে তিনি যেমন মুখ ফিরাইলেন, অমনি সামান্য অবসর লাভে বাণ তাদৃশ ছিন্নধনু ও বিরথ অবস্থাতেই স্বকীয় পুরীর মধ্যে পলায়ন করিলেন।২১

মাহেশ্বরঃ সমাক্রন্দন্ বৈষ্ণবেন বলার্দ্দিতঃ।
অলব্ধাভয়মন্যত্র ভীতো মাহেশ্বরো জ্বরঃ।
শরণার্থী হৃষীকেশং তুষ্টাব প্রযতাঞ্জলিঃ ॥২৪

জ্বর উবাচ।

নমামি ত্বানন্তশক্তিং পরেশং
সর্ব্বাত্মানং কেবলং জ্ঞপ্তিমাত্রম্।
বিশ্বোৎপত্তিস্থানসংরোধহেতুং
যত্তদ্ ব্রহ্ম ব্রহ্মলিঙ্গং প্রশান্তম্ ॥২৫

ততঃ বৈষ্ণবেন জ্বরেণ বলার্দ্দিতঃ (বলেন অর্দ্দিতঃ পীড়িতঃ) মাহেশ্বরঃ জ্বরঃ সমাক্রন্দন্ রুদন্ অভূৎ। তদা চ অন্যত্র অভয়ম্ অলব্ধ্বা ভীতঃ মাহেশ্বরঃ জ্বরঃ শরণার্থী (শরণং রক্ষিতারম্ অর্থয়তে ইতি) প্রণতাঞ্জলিঃ সন্ হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়নিয়ন্তারং শ্রীকৃষ্ণং তুষ্টাব ॥২৪

জ্বরঃ উবাচ। পরেশং (পরেষাং ব্রহ্মাদীনাম্ অপি ঈশং নিয়ন্তারং) বিশ্বোৎপত্তিস্থানসংরোধহেতুং সর্ব্বাত্মানং প্রশান্তং জ্ঞপ্তিমাত্রং চৈতন্যৈকরূপং, কেবলং বিকারবর্জ্জিতম্, অনন্তশক্তিং সর্ব্বকারণকারণং, ব্রহ্মলিঙ্গং (ব্রহ্মণা বেদেন লিঙ্গ্যতে জ্ঞোত্যতে ইতি তথা তং) ত্বাং নমামি ॥২৫

এই প্রকারে বাণের সৈন্যসামন্ত ও মহাদেবের ভূত-প্রেত প্রমথগণ শ্রীকৃষ্ণ কর্তৃক বিতাড়িত হইলে, মহাদেব একান্ত ক্রুদ্ধ হইয়া রুদ্রজ্বরের উৎপাদন করিলেন। তখন সেই ত্রিশিরা ও ত্রিপাৎ রুদ্রজ্বর তেজে দশদিক্ আলোকিত করত যুদ্ধের জন্য শ্রীকৃষ্ণের অভিমুখে ধাবিত হইল।২২

সেই রুদ্রজ্বরকে যুদ্ধক্ষেত্রে অবলোকন করিয়া দেবদেব নারায়ণ শ্রীকৃষ্ণ বিষ্ণুজ্বরকে উৎপাদন করত যুদ্ধার্থ নিয়োজিত করিলেন। তখন উভয় মাহেশ্বর-জ্বর ও বিষ্ণুজ্বরে তুমুল সংগ্রাম উপস্থিত হইল।২৩

বৈষ্ণব-জ্বরের ভীষণ বিক্রমে মাহেশ্বর-জ্বর নিতান্ত সন্তপ্ত হইয়া ক্রন্দন করিতে লাগিল এবং অন্যত্র অভয় লাভে বঞ্চিত হইয়া কৃতাঞ্জলিপুটে ভগবানের

কালো দৈবং কর্ম্ম জীবঃ স্বভাবো
দ্রব্যং ক্ষেত্রং প্রাণ আত্মা বিকারঃ।
তৎসঙ্ঘাতো বীজরোহপ্রবাহ-
স্ত্বন্মায়ৈষা তন্নিষেধং প্রপদ্যে ॥২৬

কালঃ গুণক্ষোভকঃ দৈবং গ্রহাদি জ্যোতিঃশাস্ত্রসিদ্ধং, কর্ম্ম প্রাণিকৃত-শুভাশুভ-ক্রিয়া-জন্যম্, অদৃষ্টং পুণ্যপাপাত্মকং, জীবঃ সুখদুঃখাদিফলভোক্তা, স্বভাবঃ তত্তৎ পরিণামহেতুঃ সংস্কারবিশেষঃ, দ্রব্যং শব্দাদি ভূতসূক্ষ্মাণি, ক্ষেত্রং মহদাদ্যুৎপত্তিভূমিঃ, প্রকৃতিঃ, প্রাণঃ পঞ্চবৃত্তিকঃ, আত্মা অহঙ্কারঃ, বিকারঃ পঞ্চমহাভূতানি একদশেন্দ্রিয়াণি চ ইতি ষোড়শকঃ, তৎসংঘাতঃ (তেষাং পৃথিব্যাদীনাং সংঘাতঃ) দেহঃ, বীজরোহপ্রবাহঃ (এতস্য বীজরোহবৎ প্রবাহঃ রোহঃ অঙ্কুরঃ দেহাৎ বীজরূপং কর্ম্ম ততোঽঙ্কুররূপঃ দেহঃ ততঃ পুনঃ এব ইতি প্রবাহঃ); এষঃ ভেদপ্রতীতিরূপা ত্বদীয়া মায়া; তন্নিষেধং (তস্যাঃ নিষেধঃ অপোহঃ) যস্মিন্ ত্বয়ি জ্ঞাতে সতি ভবতি তং ত্বাম্ অহং প্রপদ্যে শরণম্ আগতোঽস্মি ॥২৬

শরণাগত হইল এবং হৃষীকেশ শ্রীকৃষ্ণকে স্তব করিতে আরম্ভ করিল।২৪

জ্বর বলিল,—হে পরমেশ! আপনি ব্রহ্মাদি লোকপালগণেরও নিয়ন্তা এবং এই বিশ্বসংসারের উৎপত্তি, স্থিতি ও সংহারের কর্ত্তা! আপনি জীবমাত্রেরই অন্তরাত্মা হইয়া বিশুদ্ধ চৈতন্য-বিগ্রহে ও প্রশান্ত মূর্ত্তিতে অবস্থান করিতেছেন। আপনাতে কোন পরিণাম ঘটে না এবং কোন বিকারেরও স্পর্শ হয় না। আপনার শক্তি অনন্ত! সমগ্র বেদ একবাক্যে কেবল আপনারই পরিচয় প্রদান করিতেছেন; আমি আপনাকে প্রণাম করি।২৫

গুণক্ষোভক কাল, জ্যোতিঃ-শাস্ত্র-প্রসিদ্ধ গ্রহাদি দেবতা, প্রাণিকৃত শুভাশুভ ক্রিয়া-জনিত পুণ্য ও পাপাদি অদৃষ্টোৎপাদক কর্ম্ম, সুখ দুঃখাদি ফলের ভোক্তাস্বরূপ জীব, এই সমস্ত পরিণামের হেতুভূত সংস্কারবিশেষ স্বভাব, শব্দাদি সূক্ষ্মভূতরূপ দ্রব্য, মহত্তত্বাদির উৎপত্তির আশ্রয়ভূত প্রকৃতিরূপ ক্ষেত্র, পঞ্চবৃত্তিক প্রাণ, অহঙ্কার নামক আত্মা, পঞ্চমহাভূত ও একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ প্রকার বিকার, এই সকল বিকারের সম্মিলনে উৎপন্ন দেহ, দেহ হইতে উৎপন্ন বীজভূত কর্ম্ম এবং কর্ম্ম হইতে অঙ্কুররূপ দেহ এবং পুনঃ কর্ম্ম পুনঃ দেহ; এইরূপ বীজাঙ্কুরবৎ উৎপাদ্য ও উৎপাদক সম্বন্ধবিশিষ্ট দেহ কর্ম্মের অনির্ব্বচনীয় সম্বন্ধ-স্রোত প্রভৃতি ভেদভাব এক আপনার মায়া-প্রভাবেই ঘটিয়া থাকে। জীব যদবধি আপনাকে পরিজ্ঞাত হইতে না পারে, তদবধি এই ভেদ-প্রতিপাদিকা মায়ার হস্ত হইতে কিছুতেই অব্যাহতি পায় না; আপনাকে অবগত হইতে পারিলে, যাবতীয় ভেদজ্ঞান ও ভেদভাব বিনিবৃত্ত হইয়া যায়! অতএব আমি আপনার শরণাগত হইলাম।২৬

নানাভাবৈর্লীলয়ৈবোপপন্নৈ-
র্দেবান্ সাধূন্ লোকসেতূন্ বিভর্ষি।
হংস্যুন্মার্গান্ হিংসয়া বর্ত্তমানান্
জন্মৈতৎ তে ভারহারায় ভূমেঃ ॥২৭

লীলয়া অনায়াসেন এব উপপন্নৈঃ স্বীকৃতৈঃ, নানাভাবৈঃ বিবিধপ্রকারৈঃ, মৎস্যাদ্যবতারৈঃ দেবান্ সাধূন্ লোকসেতূন্ বর্ণাশ্রমাদিধর্ম্মমর্য্যাদাঃ ত্বং বিভর্ষি পুষ্ণাসি, হিংসয়া বর্ত্তমানান্ উন্মার্গান্ হংসি; তে তব এতৎ জন্মভূমেঃ ভারহারায় ভারাবতরণায় এব (ত্বং তু ন কস্যাপি পুত্রঃ নাপি পিতা)॥২৭

আপনি অবলীলাক্রমে বিবিধ ভাবের প্রকাশক মৎস্যাদি বিচিত্র বেশে অবতীর্ণ হইয়া দেবলোক, সাধু ভক্তগণ ও বর্ণাশ্রমাদি ধর্ম্মের মর্য্যাদা প্রতিপালনে জগৎসংসারকে তুষ্ট রাখিতেছেন; এবং উৎপথগামী বিদ্বেষিগণের সংহার করিতেছেন; কেবল পৃথিবীর ভার অপনোদন করিবার অভিপ্রায়েই আপনি যাবদীয় অবতার স্বীকার করিয়াছেন। (প্রকৃত প্রস্তাবে আপনি কাহারও পুত্র বা পিতা নহেন)।২৭

তপ্তোঽহং তে তেজসা দুঃসহেন
শান্তোগ্রেণাত্যুল্বণেন জ্বরেণ।
তাবৎ তাপো দেহিনাং তেঽঙ্ঘ্রিমূলং
নো সেবেরন্ যাবদাশানুবদ্ধাঃ ॥২৮
শ্রীভগবানুবাচ।
ত্রিশিরস্তে প্রসন্নোঽস্মি ব্যেতু তে মজ্জ্বরাদ্ভয়ম্।
যো নৌ স্মরতি সংবাদং তস্য ত্বন্ন ভবেদ্ভয়ম্ ॥২৯

শান্তোগ্রেণ (প্রথমং শান্তঃ শীতঃ ততঃ উগ্রদাহকঃ তেন) অতএব অত্যুল্বণেন ভয়ঙ্করেণ, দুঃসহেন তে তব তেজসা শক্তিরূপেণ জ্বরেণ অহং তপ্তঃ অস্মি; (অতঃ শরণাগতং মাং রক্ষ)। যাবৎ আশানুবদ্ধাঃ (আশয়া কামবাসনয়া অনুবদ্ধাঃ) জীবাঃ তে তব অঙ্ঘ্রিমূলং ন সেবেরন্, তাবৎ তেষাং দেহিনাং তাপযুক্তঃ এব। (শরণাগতস্য মম তু ন যুক্ত ইত্যর্থঃ ॥২৮

শ্রীভগবান্ উবাচ। হে ত্রিশিরঃ! তে তুভ্যম্ অহং প্রসন্নঃ, অতঃ মজ্জ্বরাৎ তে তব ভয়ং ব্যেতু অপগচ্ছতু। যঃ পুমান্ নৌ আবয়োঃ সংবাদং স্তুতি-প্রসাদরূপং স্মরতি স্মরেৎ, তস্য তু ত্বত্তঃ ভয়ং ন ভবেৎ (ত্বয়া ভয়ং ন উৎপাদনীয়মিতি) ॥২৯

ইত্যুক্তোঽচ্যুতমানম্য গতো মাহেশ্বরো জ্বরঃ।
বাণস্তু রথমারূঢ়ঃ প্রাগাদ্ যোৎস্যন্ জনার্দ্দনম্ ॥৩০

ততো বাহুসহস্রেণ নানায়ুধধরোঽসুরঃ।
মুমোচ পরমক্রুদ্ধো বাণাংশ্চক্রায়ুধে নৃপ ॥৩১

তস্যাস্যতোঽস্ত্রাণ্যসকৃচ্চক্রেণ ক্ষুরনেমিনা।
চিচ্ছেদ ভগবান্ বাহূন্ শাখা ইব বনস্পতেঃ ॥৩২

ইতি এবং ভগবতা উক্তঃ মাহেশ্বরঃ জ্বরঃ অচ্যুতং শ্রীকৃষ্ণম্ আনম্য নমস্কৃত্য, ততঃ গতঃ। বাণঃ তু রথম্ আরূঢ়ঃ সন্ যোৎস্যন্ যোদ্ধুম্ ইচ্ছন্ জনার্দ্দনং কৃষ্ণং প্রতি প্রাগাৎ ॥৩০

ততঃ হে নৃপ! বাহুসহস্রেণ নানায়ুধধরঃ (নানাবিধানি আয়ুধানি ধরতীতি তথা সঃ) পরম-ক্রুদ্ধঃ বাণঃ মৃধে যুদ্ধক্ষেত্রে চক্রায়ুধে শ্রীকৃষ্ণে বাণান্ মুমোচ ॥৩১

অসকৃৎ পুনঃ পুনঃ অস্ত্রাণি অস্যতঃ প্রযুঞ্জানস্য তস্য বাণস্য বাহূন্ বনস্পতেঃ বৃক্ষস্য শাখাঃ ইব ভগবান্ ক্ষুরনেমিনা তীক্ষ্ণধারেণ চক্রেণ চিচ্ছেদ ॥৩২

প্রথমতঃ শীতস্পর্শ, কিন্তু পরিণামে উগ্র দাবদাহ স্বরূপ ভবদীয় ভয়ঙ্কর দুর্ব্বিসহ শক্তিরূপ জ্বরের প্রভাবে আমি একান্ত অভিভূত হইয়াছি। এই শরণাগত জনকে আপনি রক্ষা করুন্। যদবধি কামবাসনায় আবদ্ধ হইয়া জীব ভবদীয় চরণ-কমলের অনুসরণ না করে, তদবধিই দেহীর দুঃখের আর সীমা থাকে না। আমি কিন্তু আপনার একান্ত শরণাগত। আমার পক্ষে তাদৃশ তাপের বিড়ম্বনা থাকা নিতান্তই অসঙ্গত।২৮

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে ত্রিশিরঃ! আমি তোমার প্রতি বিশেষ পরিতুষ্ট হইয়াছি। আমার বিষ্ণু-জ্বর হইতে আর তোমার কোন ভয়ের আশঙ্কা নাই। অধিক কি! যে ব্যক্তি তৎকৃত স্তব ও আমার তজ্জন্য প্রসন্ন হইবার প্রসঙ্গ স্মরণমাত্র করিবে, তাহার আর জ্বর হইতে ভয় থাকিবে না। সংহারকারী জ্বর আর তাহাকে আক্রমণ করিতে পারিবে না।২৯

শ্রীকৃষ্ণ কর্তৃক এইরূপে অভিহিত হইয়া মাহেশ্বর জ্বর ভগবান্‌কে প্রণাম করত তথা হইতে প্রস্থান করিল। এদিকে মহারাজ বাণও যুদ্ধ করিবার অভিপ্রায়ে রথে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের অভিমুখে অগ্রসর হইল।৩০

হে নরেন্দ্র! অনন্তর রাজা বাণ বাহু-সহস্রে বিবিধ অস্ত্রশস্ত্র ধারণ পূর্ব্বক ক্রোধ সহকারে সমরক্ষেত্রে উপস্থিত হইয়া চক্রপাণির উপর অসংখ্য বাণ নিক্ষেপ করিতে আরম্ভ করিল।৩১

বাণরাজ বারংবার অস্ত্র নিক্ষেপ করায়, ভগবান্ শ্রীকৃষ্ণ আর সহ্য করিলেন না; তিনি তীক্ষ্ণধার সুদর্শনের প্রহারে বৃক্ষশাখার ন্যায় বাণের বাহুসহস্র ছেদন করিয়া ফেলিলেন।৩২

বাহুষু ছিদ্যমানেষু বাণস্য ভগবান্ ভবঃ।
ভক্তানুকম্প্যুপব্রজ্য চক্রায়ুধমভাষত ॥৩৩

শ্রীরুদ্র উবাচ।

ত্বং হি ব্রহ্ম পরং জ্যোতির্গূঢ়ং ব্রহ্মণি বাঙ্ময়ে।
যং পশ্যন্ত্যমলাত্মান আকাশমিব কেবলম্ ॥৩৪

নাভির্নভোঽগ্নির্মুখমম্বু রেতো
দ্যৌঃ শীর্ষমাশাঃ শ্রুতিরঙ্ঘ্রিরুর্ব্বী।
চন্দ্রো মনো যস্য দৃগর্ক আত্মা
অহং সমুদ্রো জঠরং ভুজেন্দ্রঃ ॥৩৫

রোমাণি যস্যৌষধয়োঽম্বুবাহাঃ
কেশা বিরিঞ্চো ধিষণা বিসর্গঃ।
প্রজাপতির্হৃদয়ং যস্য ধর্ম্মঃ
স বৈ ভবান্ পুরুষো লোককল্পঃ ॥৩৬

বাণেষু বাহুষু ছিদ্যমানেষু সৎসু (শ্রীকৃষ্ণঃ চক্রং গৃহীত্বা তিষ্ঠতি, অতঃ শিরশ্ছেদম্ অপি কুর্য্যাদিতি জ্ঞাত্বা) ভক্তানুকম্পী ভগবান্ ভবঃ উপব্রজ্য নিকটং গত্বা চক্রায়ুধং কৃষ্ণম্ অভাষত তুষ্টাব ॥৩৩

শ্রীরুদ্রঃ উবাচ। ত্বং বাঙ্ময়ে ব্রহ্মণি বেদে গূঢ়ং মনোগ্রাহ্যতয়া প্রতিপাদিতং পরং জ্যোতিঃ স্বপ্রকাশং, জ্ঞানরূপং পরং ব্রহ্ম হি এব। যং পূর্ণস্বরূপম্ অমলাত্মনঃ বিশুদ্ধমনসঃ ভক্তাঃ যোগিনঃ এব আকাশম্ ইব ব্যাপ্তম্, কেবলং সর্ব্বদোষ-সংশ্লেষ-রহিতং ত্বাং পশ্যন্তি ॥৩৪

যস্য নাভিঃ নভঃ, অগ্নিঃ মুখম্, অম্বু রেতঃ, দ্যৌঃ শীর্ষম্, আশাঃ দিশঃ, শ্রুতিঃ শ্রবণেন্দ্রিয়ম্, উর্ব্বী ভূমিঃ অঙ্ঘ্রিঃ, চন্দ্রঃ মনঃ, অর্কঃ দৃক্ চক্ষুঃ, অহং রুদ্রঃ, আত্মা অহঙ্কারঃ, সমুদ্রঃ জঠরম্ ইন্দ্রাদয়ঃ ভুজাঃ বাহবঃ ॥৩৫

ওষধয়ঃ রোমাণি, অম্বুবাহাঃ মেঘাঃ এব কেশাঃ, বিরিঞ্চঃ ধিষণা বুদ্ধিঃ, প্রজাপতিঃ ব্রহ্মা এব বিসর্গঃ মেঢ্রঃ, ধর্ম্ম হৃদয়ং যস্য সঃ ভবান্ লোককল্পঃ (লোকৈঃ কল্প্যতে অবয়বিত্বেন প্রতিপাদ্যতে ইতি) পুরুষঃ এব ॥৩৬

বাণের বাহুসহস্র এই প্রকারে ছেদন করিয়াও শ্রীকৃষ্ণ যখন চক্রহস্তে সমর-প্রাঙ্গণে বাণকে অন্বেষণ করিতেছেন দেখিয়া, ত্রিশূলপাণি বাণের মস্তকচ্ছেদনই তাঁহার অন্তিম কার্য্য বিবেচনা করিয়া, আর নিস্তব্ধ থাকিতে পারিলেন না; তিনি ভক্ত বাণের প্রতি কৃপা বিতরণে স্বয়ং কৃষ্ণ-সমীপে উপনীত হইয়া, তাঁহার ক্রোধ সংবরণার্থ মিনতি পূর্ব্বক স্তব আরম্ভ করিলেন।৩৩

রুদ্র বলিলেন,—হে শ্রীকৃষ্ণ! আপনি পরাৎপর এবং সারাৎসার স্বপ্রকাশ জ্যোতিঃস্বরূপ পূর্ণব্রহ্ম! আপনি শব্দময় বেদে অতি গূঢ়ভাবে অবস্থান করিতেছেন। তথায় কেবল বুদ্ধিগ্রাহ্য এবং তত্তদ্ভাবের নিরসন পূর্ব্বক অপরোক্ষ ভাবে সিদ্ধ বলিয়াই আপনি প্রতিপাদিত হইয়াছেন। যাঁহাদের চিত্ত সম্পূর্ণ নির্ম্মল হইয়াছে, তাঁহারাই কেবল ভবদীয় মহাকাশ সদৃশ সর্ব্বব্যাপী নির্লিপ্ত কেবল স্বরূপের অবধারণ করিয়া থাকেন।৩৪

এই বিশ্ব সংসারে আপনিই বিরাট্ মূর্ত্তিতে অবস্থান করিতেছেন; নভোমণ্ডল আপনার নাভিদেশ; হুতাশন আপনার মুখ, অম্বু রেতঃ, স্বর্গ আপনার শীর্ষদেশ, দিক্‌সকল আপনার শ্রোত্র; পৃথিবী পাদদেশ, নিশানাথ চন্দ্র মন, দিবাকর আপনার লোচন; রুদ্ররূপী আমিই আপনার অহঙ্কার-তত্ত্ব, সমুদ্র উদর এবং ইন্দ্র প্রভৃতি লোকপালগণ আপনার বাহু।৩৫

ওষধিসমূহ আপনার রোম, জলদমেঘগণই ভবদীয় শিরোরুহ (কেশ), ব্রহ্মা আপনার বুদ্ধি, প্রজাপতি আপনার উৎপাদন শক্তি, মেঢ্র এবং ধর্ম্মই আপনার হৃদয়; আপনিই এই বিভিন্ন অবয়বসমূহের অবয়বীরূপে প্রতিপাদিত পুরুষশ্রেষ্ঠ ভগবান্; লোক-সমূহ পটে কল্পিত চিত্র পুত্তলিকার ন্যায় এক ভবদীয় স্বরূপেই কল্পিত হইয়াছে মাত্র।৩৬

তবাবতারোঽয়মকুণ্ঠধামন্
ধর্ম্মস্য গুপ্ত্যৈ জগতো ভবায়।
বয়ঞ্চ সর্ব্বে ভবতানুভাবিতা
বিভাবয়ামো ভুবনানি সপ্ত ॥৩৭
ত্বমেক আদ্যঃ পুরুষোঽদ্বিতীয়-
স্তুর্য্যঃ স্বদৃগ্ হেতুরহেতুরীশঃ।
প্রতীয়সেঽথাপি যথাবিকারং
স্বমায়য়া সর্ব্বগুণ-প্রসিদ্ধ্যৈ ॥৩৮

হে অকুণ্ঠধামন্ অপ্রচ্যুতস্বরূপ। তব অয়ম্ অবতারঃ ধর্ম্মস্য গুপ্ত্যৈ রক্ষার্থং জগতঃ প্রপন্নজন-সমূহস্য ভবায় ধর্ম্মাদি-পুরুষার্থসিদ্ধয়ে ভবতা অনুভাবিতাঃ সামর্থবিশিষ্টাঃ এব বয়ং সর্ব্বে সপ্তভুবনানি বিভাবয়ামঃ পালয়ামঃ ॥৩৭

ঈশঃ স্বতন্ত্রঃ তু একঃ অদ্বিতীয়ঃ, যতঃ হেতুঃ সর্ব্বকারণং, যতঃ আদ্যঃ আদিভূতঃ, স্বয়ং তু অহেতুঃ স্বহেতুরহিতঃ, অদ্বিতীয়ঃ, তুর্য্যঃ জীববৎ জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তিরূপাবস্থাত্রয়াতীতঃ, স্বদৃক্ স্বপ্রকাশ-জ্ঞানরূপঃ পুরুষঃ ত্বম্ এব সর্ব্বগুণপ্রসিদ্ধ্যৈ সর্ব্ববিষয়-প্রকাশনায় অথ স্বমায়য়া যথাবিকারং প্রতীয়সে ॥৩৮

হে অপ্রচ্যুত-স্বরূপ। সনাতন ধর্ম্মের সংরক্ষণার্থ এবং প্রপন্ন জন-সমূহের ধর্ম্মাদি পুরুষার্থের সম্যক্ রক্ষার নিমিত্তই আপনি এই অবতার গ্রহণে অবতীর্ণ হইয়াছেন। আমরা সকলেও আপনারই অনন্ত শক্তির সাহায্যে সামর্থ্যবান্ হইয়া এই সপ্ত ভুবন প্রতিপালন করিতেছি।৩৭

আপনি স্বতন্ত্র এবং স্বজাতীয়-ভেদশূন্য, সমগ্র ব্রহ্মাণ্ডে অদ্বিতীয় কারণীভূত আদি দেব; আপনার উৎপত্তির আর পৃথক হেতু নাই। আপনি অদ্বিতীয় এবং জীবের জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়ের অতীত তুরীয়স্বরূপ পরম ভাব এবং স্বপ্রকাশ জ্ঞান-স্বরূপও আপনি। অন্তর্যামিরূপে জীবমাত্রের হৃদয়ে আপনি বাস করিতেছেন এবং যাবদীয় গুণকার্যের বিভাসনার্থ স্বকীয় মায়ার প্রভাবে আপনি নির্ব্বিকার এবং নিরঞ্জন হইলেও প্রত্যেক বিকাররূপে সর্ব্বত্র বিভাসিত হইতেছেন।৩৮

যথৈব সূর্য্যঃ পিহিতশ্ছায়য়া স্বয়া
ছায়াঞ্চ রূপাণি চ সঞ্চকাস্তি।
এবং গুণেনাপিহিতো গুণাংস্ত্ব-
মাত্মপ্রদীপো গুণিনশ্চ ভূমন্ ॥৩৯

যন্মায়ামোহিতধিয়ঃ পুত্রদারগৃহাদিষু।
উন্মজ্জন্তি নিমজ্জন্তি প্রসক্তা বৃজিনার্ণবে ॥৪০

হে ভূমন্! যথা স্বচ্ছায়য়া স্বকার্য্যমেঘবর্ষাদিরূপয়া অপিহিতঃ অনাচ্ছাদিতঃ অপি সূর্য্যঃ তাং ছায়াং রূপাণি চ সঞ্চকাস্তি প্রকাশয়তি এবং গুণেন দেহেন্দ্রিয়ান্তঃকরণাদীন্ গুণিনঃ ত পহিতান্ জীবান্ চ প্রকাশয়সি ॥৩৯

যস্য মায়য়া মোহিতধিয়ঃ, অতঃ পুত্রদারগৃহাদিষু প্রসক্তাঃ জীবাঃ বৃজিনার্ণবে দুঃখসংসারে উন্মজ্জন্তি নিমজ্জন্তি চ সঃ ত্বমেব ॥৪০

হে ভূমন। দিবাকর যেমন স্বস্বরূপ হইতে সমুৎপন্ন মেঘ ও বর্ষাদিরূপ স্বকীয় আবরণে আবৃত হইয়াও সেই আবরক ছায়া এবং রূপসমূহকে প্রকাশ করিয়া থাকেন, সেইরূপ স্বকীয় কার্য্যভূত দেহ ও অহঙ্কারাদির সমবায়ে সমুৎপন্ন উপাধির আবরণে আপনি আবৃতের ন্যায় থাকিয়া, স্বকীয় স্বপ্রকাশ গুণের পরিচয়ে সেই সকল দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদি গুণগ্রামকে এবং অন্তঃকরণাদিতে উপহিত জীবসমূহকেও প্রকাশ করিতেছেন।৩৯

যাঁহার মহামায়ায় বিমোহিত হইয়া পুত্র, দারা ও গৃহাদিতে আসক্তচিত্ত জীবনচয় এই ভীষণ দুঃখ-সাগরে অনবরত নিমজ্জিত ও উন্মজ্জিত হইতেছে, সেই মহাপুরুষই আপনি।৪০

দেবদত্তমিমং লব্ধা নৃলোকমজিতেন্দ্রিয়ঃ।
যো নাদ্রিয়েত ত্বৎপাদৌ স শোচ্যো হ্যাত্মবঞ্চকঃ ॥৪১

যস্ত্বাং বিসৃজতে মর্ত্ত্য আত্মানং প্রিয়মীশ্বরম্।
বিপর্য্যয়েন্দ্রিয়ার্থার্থং বিষমত্ত্যমৃতং ত্যজন্ ॥৪২

অহং ব্রহ্মাথ বিবুধা মুনয়শ্চামলাশয়াঃ।
সর্ব্বাত্মনা প্রপন্নাস্ত্বামাত্মানং প্রেষ্ঠমীশ্বরম্ ॥৪৩

তং ত্বা জগৎস্থিত্যুদয়ান্তহেতুং
সমং প্রশান্তং সুহৃদাত্মদৈবম্।
অনন্যমেকং জগদাত্মকেতং
ভবাপবর্গায় ভজাম দেবম্ ॥৪৪

অয়ং মমেষ্টো দয়িতোঽনুবর্ত্তী
ময়াভয়ং দত্তমমুষ্য দেব।
সম্পাদ্যতাং তদ্ভবতঃ প্রসাদো
যথাহি তে দৈত্যপতৌ প্রসাদঃ ॥৪৫

দেবদত্তম্ (দেবেন কর্ম্মাধ্যক্ষেণ ত্বয়া দত্তম্) ইমং নৃলোকং মনুষ্যদেহং লব্ধা অপি যঃ অজিতেন্দ্রিয়ঃ ত্বৎপাদৌ ন আদ্রিয়েত ন সেবেত, আত্মবঞ্চকঃ সঃ শোচ্যঃ এব ॥৪১

যঃ মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ প্রিয়ম্ আত্মানম্ ঈশ্বরং লোকগুরুং ত্বাং বিপর্য্যয়েন্দ্রিয়ার্থার্থং (বিপর্য্যয়াঃ ত্বত্তো বিপরীতাঃ অনাত্মনঃ অপ্রিয়াঃ অনীশ্বরাঃ যে ইন্দ্রিয়ার্থাঃ পুত্রাদয়ঃ শব্দাদয়শ্চ তদর্থং) বিসৃজ্যতে, সঃ অমৃতং ত্যজন্ বিষম্ অত্তি ॥৪২

(ত্বত্তস্তদ্ভজনাদেব কৃতার্থতা ন অন্যথা) অথ অতঃ অমলাশয়াঃ বিশুদ্ধান্তঃকরণাঃ বিবুধাঃ মুনয়ঃ অহং শিবঃ, ব্রহ্মা চ সর্ব্বাত্মনা পূর্ণপ্রেম্না আত্মানং প্রেষ্ঠম্ ঈশ্বরং ত্বামেব প্রপন্নাঃ শরণং গতাঃ স্ম ॥৪৩

হে দেব। ভবাপবর্গায় (ভবস্য সংসারস্য অপবর্গায় মোক্ষায়) জগৎস্থিত্যুদয়ান্তহেতুং (জগতঃ স্থিত্যাদীনাং হেতুং) সুহৃদাত্মদৈবং (সুহৃৎ হিতচিন্তকঃ আত্মা চাসৌ দৈবম্) আরাধ্যঃ ফলদশ্চ তং রাগলোভাদিবিকাররহিতং, সমং জগদাত্মকেতম্ (জগতঃ আত্মানং জীবানাং চ কেতং আশ্রয়ভূতম্) অনন্যং সর্ব্বান্তরম্, একম্ অদ্বিতীয়ং, তং দেবং ত্বাং বয়ং ভজাম ॥৪৪

অয়ং বাণঃ মম অনুবর্ত্তী সেবকঃ, দয়িতঃ প্রিয়ঃ, ইষ্টশ্চ ইচ্ছাবিষয়শ্চ। অতএব হে দেব! ময়া অমুষ্য অভয়ং দত্তম্, তৎ তস্মাৎ যথাহি দৈত্যপতৌ প্রহ্লাদে তে ত্বয়া প্রসাদঃ কৃতঃ, তথা অস্মিন্ অপি ভবতঃ প্রসাদঃ সম্পাদ্যতাং মদ্দত্তম্ অভয়ং সত্যং ক্রিয়তাম্ ইতি ॥৪৫

প্রারব্ধকর্ম্মের ফলে আপনার প্রদত্ত এই অপূর্ব্ব মানবদেহ প্রাপ্ত হইয়াও যে ব্যক্তি কেবল ইন্দ্রিয়-চরিতার্থের অনুরোধে আপনার চরণ-চিন্তনে পরাঙ্মুখ হয়, এই সংসারে সেই ব্যক্তিই প্রকৃত বঞ্চিত হইল এবং সর্ব্বসমক্ষে অনুতাপের পাত্র হইল। ৪১

জন্ম-মরণ-রূপ সংসার-প্রবাহে নিরন্তর পতিত থাকিয়া, যে মানব পরম তত্ত্বের বিস্মারক অনিত্য দুঃখপ্রদ ও তুচ্ছ পুত্রাদি স্বজন এবং শব্দাদি বিষয়-সম্ভোগের উপলক্ষে প্রাণপ্রিয় লোকগুরু এবং প্রকৃত হিতকারী আপনাকে বিস্মৃত হয়, সেই ব্যক্তি অমৃত পরিহারে বিষপান করে।৪২

আপনার উপাসনা ব্যতীত কৃতার্থ হইবার উপায়ান্তর নাই; সুতরাং বিশুদ্ধচেতা মুনিগণ, দেবতা সকল, স্বয়ং ব্রহ্মা ও আমি এবং সাক্ষাৎ রুদ্রও সর্ব্বান্তঃকরণে পরম প্রিয় সর্ব্বহিতকারী আত্মস্বরূপ আপনারই শরণাগত হইলাম! আপনি আমাদিগকে প্রতিপালন করুন।৪৩

হে দেব! আপনিই এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও লয় করিয়া থাকেন! আপনিই জীবসমূহের প্রকৃত হিতচিন্তক, পরমাত্মীয় এবং সর্ব্ব-ফলদাতা। রাগ-লোভাদি কোন প্রকার বিকার আপনাকে স্পর্শ করে না; জগতের এবং জীবনিচয়ের আপনিই প্রকৃত আশ্রয়দাতা। শান্তস্বরূপ ধারণে আপনিই সকলের অন্তরে বিদ্যমান আছেন; অথচ যাবতীয় পদার্থে পুরুষরূপে আপনিই বিরাজ করিতেছেন! আপনাকে আমরা প্রণাম করিতেছি।৪৪

শ্রীভগবানুবাচ।

যদাত্থ ভগবংস্ত্বং নঃ করবাম প্রিয়ং তব।
ভবতো যদ্ব্যবসিতং তন্মে সাধ্বনুমোদিতম্ ॥৪৬
অবধ্যোঽয়ং মমাপ্যেষ বৈরোচনিসুতোঽসুরঃ।
প্রহ্লাদায় বরো দত্তো ন বধ্যো মে তবান্বয়ঃ ॥৪৭
দর্পোপশমনায়াস্য প্রবৃক্ণা বাহবো ময়া।
সূদিতঞ্চ বলং ভূরি যচ্চ ভারায়িতং ভুবঃ ॥৪৮
চত্বারোঽস্য ভুজাঃ শিষ্টা ভবিষ্যত্যজরামরঃ।
পার্ষদমুখ্যো ভবতো ন কুতশ্চিদ্ভয়োঽসুরঃ ॥৪৯
ইতি লব্ধাভয়ং কৃষ্ণং প্রণম্য শিরসাসুরঃ।
প্রাদ্যুম্নিং রথমারোপ্য সবধ্বা সমুপানয়ৎ ॥৫০
অক্ষৌহিণ্যা পরিবৃতং সুবাসসমলঙ্কৃতম্।
সপত্নীকং পুরস্কৃত্য যযৌ রুদ্রানুমোদিতঃ ॥৫১

শ্রীভগবান্ উবাচ। ত্বয়া যৎ কৃতং তৎ ময়ৈব কৃতং; হে ভগবন্! নঃ অস্মান্ প্রতি ত্বং যৎ যথা আত্থ প্রার্থিতবান্, তৎ তথৈব তব প্রিয়ম্ অস্য অভয়ং করবাম। ভবতা যৎ ব্যবসিতং, তৎ তথৈব মে ময়া সাধু সাধুত্বয়া অনুমোদিতম্ ॥৪৬

যতো হি "তব অন্বয়ঃ বংশজঃ, মে ময়া ন বধ্যঃ" ইতি বরং প্রহ্লাদায় পূর্ব্বমেব ময়া দত্তঃ, অতঃ অয়ং বৈরোচনসুতঃ (বিরোচনপুত্রঃ বলিঃ তস্য পুত্রত্বাৎ) এষঃ বাণঃ অসুরঃ অপি মম অবধ্যঃ ॥৪৭

দর্পোপশমনায় এব অস্য বাহবঃ ময়া প্রবৃক্ণাঃ ছিন্নাঃ, যৎ চ ভুবঃ ভারায়িতম্ অস্য ভূরি বলং সৈন্যং তচ্চ সূদিতং বিনাশিতম্ এব ॥৪৮

শিষ্টাঃ অবশিষ্টাঃ চত্বারঃ অস্য ভুজাঃ অজরাঃ শ্রমরহিতাঃ, অমরাঃ অচ্ছেদ্যাঃ চ ভবিষ্যন্তি। তথা অয়ম্ অসুরঃ বাণঃ ভবতঃ পার্ষদমুখ্যঃ, অতঃ ন কুতশ্চিদ্ভয়ঃ নির্ভয়ঃ চ ভবিষ্যতি ॥৪৯

ইতি এবম্ অভয়ং লব্ধা সঃ অসুরঃ বাণঃ শিরসা কৃষ্ণং প্রণম্য বধ্বা উষয়া সহ প্রাদ্যুম্নিম্ অনিরুদ্ধং রথম্ আরোপ্য সম্ সম্যগাদরেণ উপানয়ৎ ॥৫০

এবং রুদ্রানুমোদিতঃ (রুদ্রেণ অনুমোদিতঃ বাচা সৎকৃতঃ শ্রীকৃষ্ণঃ) অক্ষৌহিণ্যা পরিবৃতং সুবাসসম্ অলঙ্কৃতং সপত্নীকম্ অনিরুদ্ধং পুরস্কৃত্য দ্বারকাং যযৌ ॥৫১

এই বাণ আমার একজন অনুগত সেবক, প্রিয় পাত্র ও আদরেরই ব্যক্তি। হে দেব! সুতরাং আমি ইহাকে অভয় দান করিয়াছি। অতএব আপনি যখন দৈত্যরাজ প্রহ্লাদের প্রতি প্রসন্ন হইয়াছিলেন, তখন ইহার উপরও প্রসন্ন হওয়া উচিত। আপনি প্রসন্ন হইলে, আমার প্রদত্ত অভয়-বরও সত্য করা হয়।৪৫

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে ভগবন্! আপনি যেরূপ অনুমতি করিতেছেন, আমি সেইরূপই সম্পাদন করিব। বাণকে অভয় প্রদানে আপনার প্রিয়-সাধনই করিব। আপনি যেরূপ অভিপ্রায় করিয়াছিলেন, আমি তদনুরূপই অনুষ্ঠান করিয়াছি।৪৬

কারণ, পূর্ব্বে প্রহ্লাদকে এই বলিয়া আমি বর প্রদান করিয়াছিলাম যে, তাহার বংশধরকে আমি কখন বিনষ্ট করিব না। অতএব এই বলিনন্দন বাণ অসুর হইলেও কোনমতে আমার বধ্য নহে।৪৭

কেবল ইহার দর্পোপশমনার্থ আমি ইহার বাহুসকল ছেদন করিয়াছি এবং ধরণীর ভার নিবারণার্থই ইহার সৈন্যসামন্ত বিনষ্ট করিয়াছি।৪৮

সম্প্রতি ইহার যে চারিভুজ আমি ছেদন করি নাই, তাহা অজর ও অমর হইয়া থাকিবে এবং বাণ স্বয়ং অসুর হইলেও, যখন আপনার পার্ষদশ্রেষ্ঠ, তখন ইহার আর কোন ভয় নাই; অদ্য হইতে বাণ নিঃশঙ্কচিত্তে বিচরণ করিবে।৪৯

বাণ ভগবদ্বাক্যে অভয়লাভ করিয়া, অবনত মস্তকে তাঁহাকে প্রণাম করিল এবং নববধূ উষাসহ

স্বরাজধানীং সমলঙ্কৃতাং ধ্বজৈঃ
সতোরণৈরুক্ষিতমার্গচত্বরাম্ ।
বিবেশ শঙ্খানকদুন্দুভিস্বনৈ-
রভ্যুদ্যতঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ ॥৫২

ততঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ শঙ্খানকদুন্দুভিস্বনৈঃ অভ্যুদ্যতঃ অভিমুখম্ আগত্য সৎকৃতঃ, সঃ শ্রীকৃষ্ণঃ মনোরমৈঃ ধ্বজৈঃ সমলঙ্কৃতাম্ উক্ষিতমার্গচত্বরাং (উক্ষিতাঃ সিক্তাঃ মার্গাঃ চত্বরাণি চ যস্যাং তাং) রাজধানীং বিবেশ ॥৫২

অনিরুদ্ধকে রথে আরোহণ করাইয়া কৃষ্ণ সমীপে আনয়ন করিল ।৫০

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ রুদ্রদেবের অনুমতি অনুসারে এক অক্ষৌহিণী সেনায় পরিবৃত মহামূল্য বস্ত্র ও আভরণাদিতে বিভূষিত পত্নীসহ অনিরুদ্ধকে অগ্রে করিয়া দ্বারকাপুরে যাত্রা করিলেন ।৫১

শ্রীকৃষ্ণ আগমন করিতেছেন শ্রবণ করিয়া, দ্বারকাস্থ পুরবাসী সুহৃদ্বর্গ এবং দ্বিজাতিগণ সকলে তাঁহার অভিবাদনার্থ শঙ্খ, আনক এবং দুন্দুভির ধ্বনি করিতে করিতে অগ্রসর হইয়া আসিলেন। শ্রীকৃষ্ণ তাঁহাদের সহিত মিলিত হইয়া, বিচিত্র ধ্বজা-পতাকাদিতে সুশোভিত সংসিক্ত-রাজমার্গ ও চত্বরাদি-বিশিষ্ট রাজধানীতে প্রবেশ করিলেন ।৫২

য এবং কৃষ্ণবিজয়ং শঙ্করেণ চ সংযুগম্ ।
সংস্মরেৎ প্রাতরুত্থায় ন তস্য স্যাৎ পরাজয়ঃ ॥৫৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩

যঃ জনঃ এতং কৃষ্ণবিজয়ং শঙ্করেণ চ সংযুগং যুদ্ধং প্রাতরুত্থায় সংস্মরেৎ, তস্য পরাজয়ঃ ন স্যাৎ ॥৫৩

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে
ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩

যে ব্যক্তি বাণযুদ্ধে শ্রীকৃষ্ণের জয় এবং তদুপলক্ষে শঙ্করের সহিত তাঁহার সংগ্রাম-বৃত্তান্ত প্রাতঃকালে গাত্রোত্থান করত ভক্তিসহকারে শ্রবণ করেন, তাঁহার আর কোন প্রকারে পরাজয় হয় না। (কি শত্রুকুল, কি ইন্দ্রিয়গ্রাম! সকলের উপরই তিনি প্রতিপত্তি স্থাপনে সক্ষম হন) ।৫৩

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ত্রিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[ভগবতা শ্রীকৃষ্ণেন রাজ্ঞো নৃগস্যোদ্ধারঃ।]

শ্রীবাদরায়ণিরুবাচ

একদোপবনং রাজন্ জগ্মুর্যদুকুমারকাঃ।
বিহর্ত্তুং সাম্ব-প্রদ্যুম্ন-চারুভানু-গদাদয়ঃ ॥১

ক্রীড়িত্বা সুচিরং তত্র বিচিন্বন্তঃ পিপাসিতাঃ
জলং নিরুদকে কূপে দদৃশুঃ সত্ত্বমদ্ভুতম্ ॥২

কৃকলাসং গিরিনিভং বীক্ষ্য বিস্মিতমানসাঃ।
তস্য চোদ্ধরণে যত্নং চক্রুস্তে কৃপয়ান্বিতাঃ ॥৩

চর্ম্মজৈস্তান্তবৈঃ পাশৈর্বদ্ধা পতিতমর্ভকাঃ।
নাশক্নুবন্ সমুদ্ধর্ত্তুং কৃষ্ণায়াচখ্যুরুৎসুকাঃ ॥৪

তত্রাগত্যারবিন্দাক্ষো ভগবান্ বিশ্বভাবনঃ।
বীক্ষ্যোজ্জহার বামেন তং করেণ স লীলয়া ॥৫

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! একদা সাম্ব-প্রদ্যুম্ন-চারুভানু-গদাদয়ঃ যদুকুমারকাঃ বিহর্ত্তুং ক্রীড়ার্থম্ উপবনং জগ্মুঃ ॥১

তত্র উপবনে সুচিরং বহুকালং ক্রীড়িত্বা পিপাসিতাঃ, অতঃ জলং বিচিন্বন্তঃ অন্বেষন্তঃ কচিৎ নিরুদকে কূপে অদ্ভুতং সত্ত্বং জন্তুং দদৃশুঃ ॥২

তং গিরিনিভং পর্ব্বততুল্যং কৃকলাসং বীক্ষ্য বিস্মিত-চেতসঃ (বিস্মিতঃ চেতঃ মানসং যেষাং তে) অতঃ কৃপয়া অন্বিতাঃ যুক্তাঃ সন্তঃ তস্য উদ্ধারণে তে যত্নং চক্রুঃ ॥৩

তে অর্ভকাঃ (কূপে) পতিতং তং কৃকলাসং চর্ম্মজৈঃ চর্ম্মময়ৈঃ তান্তবৈঃ তন্তুময়ৈঃ চ পাশৈঃ বদ্ধা তম্ উদ্ধর্ত্তুং ন অশক্নুবন্; ততঃ উৎসুকাঃ সন্তঃ কৃষ্ণায় আচখ্যুঃ কথিতবন্তঃ ॥৪

বিশ্বভাবনঃ অরবিন্দাক্ষঃ সঃ ভগবান্ কৃষ্ণঃ তত্র আগত্য বামেন করেণ লীলয়া অনায়াসেন এব তং কৃকলাসং বীক্ষ্য উজ্জহার কূপাৎ বহিঃ নিষ্কাসিতবান্ ॥৫

চতুষষ্টিতম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক রাজা নৃগের উদ্ধার।]

ব্যাসনন্দন শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করত বলিলেন,—হে রাজন্! এক দিবস সাম্ব, প্রদ্যুম্ন, চারুভানু ও গদাদি যদুবংশীয় বালকগণ ক্রীড়া করিতে করিতে এক উপবনের মধ্যে প্রবেশ করিল।১

তথায় তাহারা বহুক্ষণ ক্রীড়া করায় শ্রান্ত ও পিপাসাতুর হইয়া জলের অন্বেষণে ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে একটী জলশূন্য কূপমধ্যে এক বৃহৎ-কলেবর অদ্ভুত জন্তু নয়নগোচর করিল।২

পরে বিশেষ অনুসন্ধানের পর সেই পর্ব্বতশৃঙ্গ-সদৃশ প্রকাণ্ডদেহ জন্তুকে কৃকলাস বলিয়া অবধারণ করত, তাহারা বিস্মিত হইল এবং কৃপাপূর্ণ হইয়া কূপ হইতে তাহাকে উত্তোলন করিবার জন্য যথেষ্ট চেষ্টা করিতে লাগিল।৩

বালকগণ কূপে পতিত সেই কৃকলাসকে চর্ম্মময় ও তন্তুময় পাশের দ্বারা উত্তমরূপ বন্ধন করত উপরে উত্তোলনার্থ যথেষ্ট যত্ন করিলেও, কোনমতে কৃতকার্য্য হইল না; পরে একান্ত উৎসুকচিত্তে কৃষ্ণসমীপে উপস্থিত হইয়া, সেই সকল বৃত্তান্ত বর্ণন করিল।৪

বিশ্বভাবন কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণ বালক-গণের মুখে তাদৃশ সংবাদ শ্রবণ করিয়া কূপসমীপে উপস্থিত হইলেন এবং কৃকলাসকে অবলোকন করিয়া অবলীলাক্রমে কেবল বাম বাহুর দ্বারাই তাহাকে কূপমধ্য হইতে উপরে উত্তোলন করিলেন।৫

স উত্তমঃশ্লোককরাভিমৃষ্টো
বিহায় সদ্যঃ কৃকলাসরূপম্।
সন্তপ্তচামীকরচারুবর্ণঃ
স্বর্গ্যদ্ভুতালঙ্করণাম্বরস্রক্ ॥৬

পপ্রচ্ছ বিদ্বানপি তন্নিদানং
জনেষু বিখ্যাপয়িতুং মুকুন্দঃ।
কস্ত্বং মহাভাগ বরেণ্যরূপো
দেবোত্তমং ত্বাং গণয়ামি নূনম্ ॥৭

দশামিমাং বা কতমেন কর্ম্মণা
সম্প্রাপিতোঽস্যতদর্হঃ সুভদ্র।
আত্মানমাখ্যাহি বিবিৎসতাং নো
যন্মন্যসে নঃ ক্ষমমত্র বক্তুম্ ॥৮

শ্রীশুক উবাচ।

ইতি স্ম রাজা সম্পৃষ্টঃ কৃষ্ণেনানন্তমূর্ত্তিনা।
মাধবং প্রণিপত্যাহ কিরীটেনার্কবর্চ্চসা ॥৯

নৃগ উবাচ

নৃগো নাম নরেন্দ্রোঽহমিক্ষ্বাকুতনয়ঃ প্রভো।
দানিম্বাখ্যায়মানেষু যদি তে কর্ণমস্পৃশম্ ॥১০

উত্তমঃশ্লোককরাভিমৃষ্টঃ (উত্তমঃশ্লোকস্য করেণ অভিমৃষ্টঃ স্পৃষ্টঃ) সঃ কৃকলাসঃ সদ্যঃ কৃকলাসরূপং বিহায় সন্তপ্তং যৎ চামীকরং সুবর্ণং তদ্বৎ সুন্দরঃ বর্ণঃ যস্য সঃ তথা অদ্ভুতাঃ অলঙ্করণাদয়ঃ যস্য সঃ তথা স্বর্গী দেবঃ বভূব ॥৬

তন্নিদানং (তস্য কৃকলাসজন্মনঃ নিদানং কারণং) বিদ্বান্ জানন্ অপি মুকুন্দঃ জনেষু তৎ বিখ্যাপয়িতুং প্রসিদ্ধীকর্ত্তুং পপ্রচ্ছ; হে মহাভাগ! বরেণ্যরূপঃ (বরেণ্যম্ অভীষ্টং রূপং যস্য সঃ) ত্বং কঃ? নূনং নিশ্চিতম্ অহং ত্বাং দেবোত্তমম্ এব গণয়ামি মন্যে ॥৭

হে সুভদ্র! মঙ্গলমূর্ত্তে! অতদর্হঃ এতদ্দশাপ্রাপ্ত্যযোগ্যঃ অপি ত্বম্ ইমাং দশাং যোনিং কতমেন কর্ম্মণা বা সংপ্রাপিতঃ অসি, তথা আত্মানং স্বপ্রাক্তনরূপং চ বিবিৎসতাং স্বমুখাৎ বেদিতুমিচ্ছতাং নঃ অস্মাকম্ অত্র অগ্রে বক্তুং ক্ষমং যৎ যদি মন্যসে, তর্হি আখ্যাহি কথয় ॥৮

শ্রীশুকঃ উবাচ। আনন্দমূর্ত্তিনা কৃষ্ণেন ইতি এবং সংপৃষ্টঃ রাজা নৃগঃ অর্কবর্চ্চসা (অর্কস্য ইব বর্চ্চঃ তেজঃ যস্য তেন) কিরীটেন কিরীটযুক্তমস্তকেন মাধবং প্রণিপত্য আহ স্ম ॥৯

নৃগঃ উবাচ। হে প্রভো! অহং নৃগঃ নাম ইক্ষ্বাকুতনয়ঃ, নরেন্দ্রঃ। দানিষু দানশীলেষু আখ্যায়মানেষু প্রশস্যমানেষু সৎসু যদি তে কর্ণম্ অস্পৃশম্; নূনং তব কর্ণপথম্ অহং প্রাপ্তঃ স্যাম্ ॥১০

উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের করস্পর্শেই কৃকলাসের পূর্ব্বারব্ধ পাপভোগের নিবৃত্তি হইয়া গেল; সে কৃকলাস-মূর্ত্তি পরিহারে তৎক্ষণাৎ সুতপ্ত সুবর্ণ-সদৃশ মনোহর রূপ ধারণে ও অদ্ভুত অলঙ্কারাদিতে বিভূষিত হইয়া ত্রিদিব-বাসী দেবতার রূপ ধারণ করিল ।৬

শ্রীকৃষ্ণ তাহার কৃকলাস-মূর্ত্তি পরিগ্রহের কারণ সম্পূর্ণ অবগত থাকিলেও, জনসমাজে তাদৃশ কর্ম্মের ফল প্রচার করিবার মানসে, উপস্থিত সেই দেবমূর্ত্তিকে সম্বোধন করত বলিলেন,—হে মহাভাগ! তুমি কে? তোমার এই নয়নানন্দপ্রদ রূপদর্শনে, তোমাকে একজন শ্রেষ্ঠ দেবতা বলিয়াই আমার বোধ হইতেছে।৭

হে মঙ্গলমূর্ত্তে! তুমি কখন কৃকলাস-যোনি লাভের উপযুক্ত পাত্র নহ। তথাপি কোন্ দুষ্কর্ম্মের বশবর্ত্তী হইয়া যে তোমাকে ঈদৃশ যোনিতে গমন করিতে হইয়াছিল এবং তৎপূর্ব্বে তুমি যে কে ছিলে, তাহা তোমার মুখ হইতে শ্রবণের জন্য আমাদের একান্ত কৌতূহল জন্মিয়াছে; যদি আমাদের নিকট প্রকাশ করিতে কোন প্রতিবন্ধক না থাকে, তাহা হইলে আনুপূর্ব্বিক বর্ণন কর।৮

শ্রীশুকদেব বলিলেন,—আনন্দমূর্ত্তি শ্রীকৃষ্ণ কর্ত্তৃক

কিং নু তেঽবিদিতং নাথ সর্ব্বভূতাত্মসাক্ষিণঃ।
কালেনাব্যাহতদৃশো বক্ষ্যেঽথাপি তবাজ্ঞয়া ॥১১
যাবত্যঃ সিকতা ভূমের্যাবত্যো দিবি তারকাঃ।
যাবত্যো বর্ষধারাশ্চ তাবতীরদদাং স্ম গাঃ ॥১২
পয়স্বিনীস্তরুণীঃ শীলরূপ-
গুণোপপন্নাঃ কপিলা হেমশৃঙ্গীঃ।
ন্যায়ার্জ্জিতা রূপ্যখুরাঃ সবৎসা
দুকূলমালাভরণা দদাবহম্ ॥১৩
স্বলঙ্কৃতেভ্যো গুণশীলবদ্ভ্যঃ
সীদৎকুটুম্বেভ্য ঋতব্রতেভ্যঃ।
তপঃশ্রুতব্রহ্মবদান্যসদ্ভ্যঃ
প্রাদাং যুবভ্যো দ্বিজপুঙ্গবেভ্যঃ ॥১৪

হে নাথ। কালেন অব্যাহতদৃশঃ (ন ব্যাহতং ন বিলুপ্তং দৃক্ জ্ঞানং যস্য তস্য) সর্ব্বভূতাত্মসাক্ষিণঃ (সর্ব্বভূতানাম্ আত্মনঃ বুদ্ধেঃ সাক্ষিণঃ সাক্ষাদ্ দ্রষ্টুঃ) তে তব কিং নু অবিদিতং নকিঞ্চিৎ ইত্যর্থঃ; তথাপি তব আজ্ঞয়া অহং সর্ব্বং বক্ষ্যে ॥১১

ভূমেঃ যাবত্যঃ সিকতাঃ, দিবি যাবত্যঃ তারকাঃ, যাবত্যঃ বর্ষধারাঃ চ, তাবতীঃ গাঃ অহম্ অদদাম্ স্ম দত্তবান্ অস্মি ॥১২

পয়স্বিনীঃ দুগ্ধবতীঃ, তরুণীঃ প্রথমপ্রসূতাঃ, শীলরূপ-গুণোপপন্নাঃ (শীলং শান্তস্বভাবঃ, রূপং সৌন্দর্য্যং, গুণাঃ সদপত্যত্বং তৈঃ উপপন্নাঃ যুক্তাঃ) কপিলাঃ সর্ব্বতঃ শ্বেতবর্ণাঃ, হেমশৃঙ্গীঃ সুবর্ণশৃঙ্গযুক্তাঃ, ন্যায়ার্জ্জিতাঃ স্বধর্ম্মেণ সম্পাদিতাঃ, রূপ্যখুরাঃ . বৎসৈঃ সহিতাঃ, দুকূলমালাভরণাঃ গাঃ অহং দদৌ ॥১৩

গুণশীলবদ্ভ্যঃ সীদৎকুটুম্বেভ্যঃ (সীদৎ ক্লিশ্যৎ কুটুম্বং যেষাং তেভ্যঃ) ঋতব্রতেভ্যঃ (ঋতং সত্যং ব্রতম্ আচারঃ সংকল্পঃ বা যেষাং তেভ্যঃ) তপঃশ্রুতব্রহ্মবদান্যসদ্ভ্যঃ (তপসা শ্রুতাঃ প্রখ্যাতাঃ তে ব্রহ্মণি বদান্যাঃ অত্যুদারাঃ বেদাধ্যয়নশীলাঃ তে সন্তঃ সমচিত্তাঃ চ তেভ্যঃ) স্বলঙ্কৃতেভ্যঃ যুবভ্যঃ দ্বিজপুঙ্গবেভ্য অহং তাঃ প্রাদাম্ ॥১৪

এই প্রকারে জিজ্ঞাসিত হইয়া, সেই মোহনমূর্ত্তি-ধারী পুরুষ দিবাকরের ন্যায় সমুজ্জ্বল কিরীটযুক্ত মস্তক অবনত করত শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া বলিলেন।৯

হে প্রভো। আমি ইক্ষ্বাকু-কুলনন্দন রাজা নৃগ। দাতাগণের নামোল্লেখের সময় বোধ হয়, আমার নাম ভবদীয় কর্ণকুহরে স্থানপ্রাপ্ত হইয়া থাকিবে।১০

হে নাথ। আপনি জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামি-রূপে বিদ্যমান থাকিয়া তাহাদের বুদ্ধিরও সাক্ষিরূপে বিরাজ করিয়া থাকেন; সুতরাং কিছুই আপনার অবিদিত নাই; প্রচণ্ড কালের প্রবাহে আপনার জ্ঞান কখন বিলুপ্ত হয় না, আপনি সমস্তই অবগত আছেন; তথাপি যখন অনুমতি করিতেছেন, তখন অবশ্যই বর্ণন করিতেছি, শ্রবণ করুন।১১

ধরণীতে যত বালুকাকণা আছে, নভোমণ্ডলে যত সংখ্যক তারকা আছে এবং বর্ষার ধারা যেরূপ অগণ্য হইয়া থাকে, আমিও সেইরূপ অসংখ্য গাভী সৎপাত্রে দান করিয়াছিলাম।১২

আমার দত্ত গাভীগুলিও দুগ্ধবতী এবং তরুণী ছিল। এই প্রকার শান্ত-স্বভাব সুন্দর এবং সদপত্য-বিশিষ্ট শুভ্রবর্ণা কপিলা গাভীসকলকে সুবর্ণের দ্বারা তাহাদের শৃঙ্গদ্বয় সজ্জিত এবং রৌপ্যের দ্বারা খুর চতুষ্টয় ভূষিত করিয়া আমি প্রদান করিয়াছি। ধর্ম্মতঃ অর্জ্জিত এবং বস্ত্র মাল্য ও অলঙ্কারাদিতে ভূষিত সেই সবৎসা গাভীগণকে আমি উপযুক্ত পাত্রেই প্রদান করিয়াছিলাম।১৩

ঔদার্য্যাদি গুণবিশিষ্ট শীলসম্পন্ন এবং সত্যনিষ্ঠ ব্যক্তিগণ যাঁহাদের কুটুম্ববর্গ ধনাদির অভাবে প্রকৃতই দুঃখভোগ করিতেছিল, তাদৃশ তপোনিষ্ঠ বেদাধ্যয়ন-সম্পন্ন সমচিত্ত জ্ঞানবিশিষ্ট যুবা ব্রাহ্মণগণকে বস্ত্রালঙ্কারাদিতে ভূষিত করত আমি তাঁহাদের করে গাভীগুলি দান করিয়াছি।১৪

গো-ভূ-হিরণ্যায়তনাশ্ব-হস্তিনঃ
কন্যাঃ সদাসীস্তিলরূপ্যশয্যাঃ।
বাসাংসি রত্নানি পরিচ্ছদান্ রথা-
নিষ্টঞ্চ যজ্ঞৈশ্চরিতঞ্চ পূর্ত্তম্ ॥১৫
কস্যচিদ্দ্বিজমুখ্যস্য ভ্রষ্টা গৌর্মম গোধনে।
সংপৃক্তাবিদুষা সা চ ময়া দত্তা দ্বিজাতয়ে ॥১৬

তথা গোভূহিরণ্যায়তনাশ্বহস্তিনঃ (আয়তানি গৃহান্) সদাসীঃ কন্যাঃ, তিলরূপ্যশয্যাঃ বাসাংসি রত্নানি পরিচ্ছদান্ গৃহোপকরণানি, রথান্ চ প্রাদাম্, যজ্ঞৈঃ অগ্নিষ্টোমাদিভিঃ, ইষ্টং পূর্ত্তং বাপী কূপ-তড়াগ-দেবতায়তনারামাদিনির্ম্মাণান্ন-প্রদানাদি চ ময়া চরিতং কৃতম্ ॥১৫

কস্যচিৎ দ্বিজমুখ্যস্য প্রতিগ্রহরহিতস্য ভ্রষ্টা স্ববন্ধনাৎ বিমুক্তা গৌঃ মম গোধনে সংপৃক্তা মিলিতা, সা চ অবিদুষা অজানতা ময়া অন্যস্মৈ দ্বিজাতয়ে ব্রহ্মণায় দত্তা ॥১৬

তাং দত্তাং প্রতিগ্রাহিণা নীয়মানাং দৃষ্ট্বা তৎস্বামী (তস্যাঃ গোঃ স্বামী) ইয়ং গৌঃ, মম মদীয়া ইতি উবাচ। প্রতিগ্রাহী চ ইয়ং মম ইতি, যতঃ রাজা নৃগঃ অধুনৈব মে মহ্যং দত্তবান্ ইতি তং পূর্ব্বস্বামিনম্ আহ ॥১৭

এতদ্ব্যতীত অন্যান্য গাভী, ভূমি, হিরণ্য, অট্টালিকা অশ্ব, হস্তী, সদাসী কন্যা, তিল, রৌপ্য, শয্যা, বস্ত্র, অপূর্ব্ব রত্নসমূহ, গৃহোপকরণ পরিচ্ছদ এবং মণিময় রথসমূহও ভূরি-পরিমাণে প্রদান করিয়াছি। অগ্নিষ্টোমাদি বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছি এবং বাপী, কূপ, তড়াগ, দেবমন্দির এবং দীনজনকে অন্নপ্রদানাদির ব্যবস্থায় আরামাদিরও প্রতিষ্ঠা করিয়াছি।১৫

দুঃখের মধ্যে প্রতিগ্রহাদিশূন্য নিষ্কলঙ্ক শুদ্ধচেতা একজন ব্রাহ্মণের একটী গাভী বন্ধনমুক্ত হইয়া, ইতিমধ্যে অন্যের অজ্ঞাতসারে মদীয় গাভীকুলের মধ্যে আসিয়া মিলিত হয়। আমি কিন্তু সেটি অন্যের গাভী বলিয়া জানিতাম না; সুতরাং আমার পশুর সহিত সে গাভীটিকেও আমি একজন অন্য ব্রাহ্মণকে দান করিয়াছিলাম।১৬

তাং নীয়মানং তৎস্বামী দৃষ্ট্বোবাচ মমেতি তম্।
মমেতি প্রতিগ্রাহ্যাহ নৃগো মে দত্তবানিতি ॥১৭
বিপ্রৌ বিবদমানৌ মামূচতুঃ স্বার্থসাধকৌ।
ভবান্ দাতাপহর্ত্তেতি তচ্ছ্রুত্বা মেঽভবদ্ ভ্রমঃ ॥১৮
অনুনীতাবুভৌ বিপ্রৌ ধর্ম্মকৃচ্ছ্রগতেন বৈ।
গবাং লক্ষং প্রকৃষ্টানাং দাস্যাম্যেষা প্রদীয়তাম্ ॥১৯

এবং পরস্পরং বিবদমানৌ তৌ স্বার্থসাধকৌ বিপ্রৌ মৎসমীপম্ আগত্য ভবান্ দাতা অপহর্ত্তা চ ইতি মাম্ ঊচতুঃ; তৎ শ্রুত্বা মে মম ভ্রমঃ অভবৎ ॥১৮

(ইয়ং গৌরন্যস্যৈব, অন্যস্মৈ যদি তস্যাঃ দানং ক্রিয়তে তদা তৎস্বামিতঃ অপহারঃ কৃতঃ স্যাৎ; যদি তু তৎস্বামিনে সা চ দীয়তে তদা দানস্য কৃতত্বাৎ প্রতিগ্রাহ্যপহারঃ কৃতঃ স্যাৎ তদাপি স এব দোষঃ স্যাৎ ইত্যেবং) ধর্ম্মকৃচ্ছ্রগতেন (ধর্ম্মবিচারে উভয়থাপি কৃচ্ছ্রং সংকটং গতেন প্রাপ্তেন ময়া) উভৌ বিপ্রৌ অনুনীতৌ প্রার্থিতৌ, যথা প্রকৃষ্টানাং শ্রেষ্ঠানাং গবাং লক্ষং যুবয়োঃ অন্যতরস্মৈ দাস্যামি তেন অন্যতরেণ এষা গৌঃ অন্যতরস্মৈ প্রদীয়তাম্ ॥১৯

পরে প্রতিগ্রাহী ব্রাহ্মণ যখন সেই গাভীটী লইয়া যাইতেছিলেন, সেই সময় গাভীর প্রকৃত স্বামী পূর্ব্বোক্ত ব্রাহ্মণ গাভী দেখিয়া তাঁহাকে বলিলেন যে, সে গাভী তাঁহার। তৎশ্রবণে প্রতিগ্রাহী ব্রাহ্মণ বলিলেন যে, "এই গাভী যখন মহারাজ নৃগ আমকে দান করিয়াছেন, তখন এক্ষণে ইহাতে আমারই অধিকার; আপনি কখনও ইহাতে সত্ব স্থাপনে সমর্থ নহেন"।১৭

এই প্রকারে সেই ব্রাহ্মণদ্বয় পরস্পর বিবাদ করিতে করিতে আমার নিকট উপস্থিত হইলেন এবং আমাকে সম্বোধনপূর্ব্বক প্রতিগ্রাহী বলিলেন,— হে রাজন্। আপনি আমার এই গাভী আমাকে দান করিয়াছেন এবং গোস্বামী ব্রাহ্মণ বলিলেন,—

ভবন্তাবনুগৃহ্নীতাং কিঙ্করস্যাবিজানতঃ।
সমুদ্ধরতং মাং কৃচ্ছ্রাৎ পতন্তং নিরয়েঽশুচৌ ॥২০

ভবন্তৌ অবিজানতঃ (ইয়ং গোঃ অন্যস্য ইতি অজানতঃ) কিঙ্করস্য মম অনুগৃহ্নীতাম্; অনেন দোষেণ অশুচৌ নিরয়ে পতন্তং মাং কৃচ্ছ্রাৎ সংকটাৎ সমুদ্ধরতঃ ॥২০

একা গৌর্ন প্রতিগ্রাহ্যা দ্বিতীয়া ন কদাচন। সা চেদ্বিক্রয়মাপন্না রৌরবং নরকং নয়েৎ। ইতি গোবিক্রয়নিষেধাৎ হে রাজন্। ত্বং দাতুং সমর্থোঽপি এনাং স্বকীয়াং গাং বিহায়

নাহং প্রতীচ্ছে বৈ রাজন্নিত্যুক্ত্বা স্বাম্যপাক্রমৎ।
নান্যদ্গবামপ্যযুতমিচ্ছামীত্যপরো যযৌ ॥২১

নিষ্কৃতিত্বেন ত্বয়া দীয়মানং গবাং লক্ষম্ অহং ন প্রতীচ্ছে ন প্রতিগৃহ্নামি ইতি উক্ত্বা স্বাং গাং গৃহীত্বা স্বামী অপাক্রমৎ প্রযযৌ। অপরঃ প্রতিগ্রাহী চ অহমপি যৎ ত্বয়া গবাং লক্ষং প্রতিশ্রুতং ততোঽন্যৎ অধিকম্ অপি গবাং নিযুতম্ অপি যদি ত্বং দদাসি, তদপি এনাং বিহায় গ্রহীতুং ন ইচ্ছামি ইতি উক্ত্বা যযৌ ॥২১

আপনি আমার এই গাভী অপহরণ করিয়াছেন। এতৎশ্রবণে আমার হৃদয়ে একটী মহান্ সন্দেহ উপস্থিত হইল; আমি বিহ্বল হইয়া পড়িলাম।১৮

এই গাভীটী যখন অন্যের, তখন আমি অন্যের হস্তে ইহাকে দান করিলে ইহার প্রকৃত স্বামীর নিকট হইতে আমার অপহরণ করা হয়; এদিকে যদি এক্ষণে পুনঃ প্রকৃত স্বামীকেই প্রত্যর্পণ করি, তাহা হইলেও যখন একবার দান করিয়াছি, তখন প্রতিগ্রহীতার নিকট হইতে আমার প্রত্যাহরণ করা হয়; তাহাতেও বিলক্ষণ দোষ। তখন আমি ধর্ম্মবিচারে উভয়-সঙ্কটে নিপতিত হইয়া কিংকর্ত্তব্য-বিমূঢ়ের ন্যায় সেই সমাগত উভয় ব্রাহ্মণকেই অনুরোধ করিয়া বলিলাম যে, এতদপেক্ষা উৎকৃষ্ট লক্ষ গাভী আপনাদের মধ্যে একজনকে প্রদান করিতেছি; তিনি তাহার পরিবর্ত্তে এই গাভীটী অপরকে প্রদান করুন।১৯

আমি আরও বলিলাম,—হে ব্রাহ্মণদ্বয়! এই গাভীটী যে আমার নহে, তাহা আমি না জানিয়াই এরূপ দান করিয়াছি। আমি আপনাদের একান্ত শরণাগত ভৃত্য। আমার প্রতি আপনারা অনুগ্রহ প্রকাশ করুন। নতুবা এই ব্রহ্মস্বাপহরণ-জনিত ভীষণ অনর্থে নিমগ্ন হইয়া, ঘোর নরক-সাগরে পতিত হইব। আপনারা আমাকে এই বিষম সঙ্কট হইতে উদ্ধার করুন।২০

ব্রাহ্মণদ্বয় ভাবিলেন যে, গোদান গ্রহণ করাই অবিধেয়; তাহাতে আবার তাহার পরিবর্ত্তে অপর গাভী গ্রহণে অধিকতর দোষস্পর্শ হয়। কারণ বিক্রীত গাভী বিক্রয়কারীকে রৌরব নরকে নিপাতিত করে। অতএব হে রাজন্। গো-বিক্রয়-জনিত ভীষণ পাপের উল্লেখ যখন সর্ব্বত্র আছে, তখন, আপনি রাজা। দানের সামর্থ আপনাতে থাকিলেও, আমার নিজের গাভীর বিনিময়ে আপনার প্রদত্ত লক্ষ গাভীও আমি গ্রহণে ইচ্ছা করি না। এই বলিয়া গো-স্বামী স্বীয় গাভী লইয়া তথা হইতে প্রস্থান করিল। অপর প্রতিগ্রাহী ব্রাহ্মণও বলিলেন, হে রাজন্! লক্ষ গাভীর কথা দূরে থাকুক। আপনি যে গাভী আমাকে দান করিয়াছেন, সেই গাভীর পরিবর্ত্তে যদি আপনি আমাকে নিযুত গাভীও প্রদান করেন, তথাপি গো-বিক্রয়ের পাপ আমাকে নিশ্চয়ই স্পর্শ করিবে। অতএব আমি দানে প্রাপ্ত গাভীর বিনিময়ে আপনার প্রদত্ত লক্ষ গাভীও লইতে ইচ্ছা করি না; এই বলিয়া দ্বিতীয় ব্রাহ্মণও গাভী পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন।২১

এতস্মিন্নন্তরে যাম্যৈর্দূতৈর্নীতো যমক্ষয়ম্।
যমেন পৃষ্টস্তত্রাহং দেবদেব জগৎপতে ॥২২
পূর্ব্বং ত্বমশুভং ভুঙ্ক্ষ্ব উতাহো নৃপতে শুভম্।
নান্তং দানস্য ধর্ম্মস্য পশ্যে লোকস্য ভাস্বতঃ ॥২৩
পূর্ব্বং দেবাশুভং ভুঞ্জ ইতি প্রাহ পতেতি সঃ।
তাবদদ্রাক্ষমাত্মানং কৃকলাসং পতন্ প্রভো ॥২৪

ব্রহ্মণ্যস্য বদান্যস্য তব দাসস্য কেশব।
স্মৃতির্নাদ্যাপি বিধ্বস্তা ভবৎসন্দর্শনার্থিনঃ ॥২৫
স ত্বং কথং মম বিভোঽক্ষিপথঃ পরাত্মা
যোগেশ্বরৈঃ শ্রুতিদৃশামলহৃদ্বিভাব্যঃ।
সাক্ষাদধোক্ষজ উরুব্যসনান্ধবুদ্ধেঃ
স্যান্মেঽনুদৃশ্য ইহ যস্য ভবাপবর্গঃ ॥২৬

হে দেবদেব জগৎপতে। এতস্মিন্ অন্তরে যাম্যৈঃ দূতৈঃ অহং যমক্ষয়ং যমালয়ং প্রতি নীতঃ প্রাপিতঃ; তত্র যমসদনে যমেন চ অহং পৃষ্টঃ॥২২

হে নৃপতে। পূর্ব্বং প্রথমতঃ ত্বং কিম্ অশুভং পাপফলং ভুঙ্ক্ষ্ব ভোক্ষ্যসে, উতাহো অথবা শুভং পুণ্যকর্ম্মফলং ভোক্ষ্যসে? অপিতু ত্বৎকৃতস্য দানস্য তজ্জন্যস্য ধর্ম্মস্য পুণ্যস্য তথা ভাস্বতঃ প্রকাশমানস্য স্বর্গাদিলোকস্য পুণ্যফলস্য অন্তম্ অবধিং ন পশ্যামি ॥২৩

তদা অহং যমং প্রত্যুক্তবান্—হে দেব। যম। অহং পূর্ব্বম্ অশুভম্ এব ভুঞ্জে ইতি। তদা সঃ যমঃ প্রাহ—পত। অপকৃষ্টাং যোনিং ত্বং গচ্ছ ইতি। তদা হে প্রভো। পতন্ নীচাং যোনিং গচ্ছন্ অহং তাবৎ আত্মানং কৃকলাসম্ অদ্রাক্ষম্ ॥২৪

হে কেশব। ব্রহ্মণ্যস্য ব্রাহ্মণভক্তস্য, বদান্যস্য দানশূরস্য তব দাসস্য ভবৎসন্দর্শনার্থিনঃ (ভবতঃ সন্দর্শনং এব অর্থঃ যস্য তস্য) মে স্মৃতিঃ অদ্যাপি ন বিনষ্টা ॥২৫

হে বিভো। যঃ যোগেশ্বরৈঃ অপি শ্রুতিদৃশা উপনিষচ্চক্ষুষা অমলহৃদ্বিভাব্যঃ (অমলে হৃদি বিভাব্যঃ চিন্তনীয়ঃ ন তু দর্শনযোগ্যঃ) অধোক্ষজঃ (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ সঃ) ইহ সংসারে যস্য পুরুষস্য ভবাপবর্গঃ (ভবস্য সংসারস্য অপবর্গঃ) সমাপ্তিঃ স্যাৎ, তস্য অনুদৃশ্যঃ পরাত্মাঃ সঃ এবম্ভূতঃ ত্বম্ উরুব্যসনান্ধবুদ্ধেঃ (উরুণা ব্যসনেন অন্ধা বিবেকহীনা বুদ্ধিঃ যস্য তথাবিধস্য) মম সাক্ষাৎ অক্ষপথঃ দর্শনবিষয়ঃ কথং জাতঃ ॥২৬

ইতিমধ্যে আমার পাপের ফলে মৃত্যুকাল উপস্থিত হইল; যমদূতগণ আমাকে যম-সদনেই লইয়া গেল। শমন-সমীপে আমি উপস্থিত হইলে, হে দেবদেব জগৎপতে। যমরাজ আমাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ।২২

হে নৃগরাজ। পাপ ও পুণ্য ফলের মধ্যে কোন্‌টি তুমি প্রথম ভোগ করিতে ইচ্ছা কর। তোমার পাপ অতি সামান্য; কিন্তু তোমার পুণ্যের ইয়ত্তা নাই; যেরূপ প্রচুর দান ধর্ম্ম ও পুণ্যের অনুষ্ঠান তুমি করিয়াছ, তাহাতে তোমার ভোক্তব্য জাজ্বল্যমান স্বর্গাদিলোক এবং পুণ্যফলেরও অবধি আমি অনুমান করিতেও পারিতেছি না ।২৩

এতৎশ্রবণে সেই ধর্ম্মরাজ যমকে আমি সসম্ভ্রমে বলিলাম,—হে দেব যমরাজ। আমি পূর্ব্বে অশুভই ভোগ করিব। তখন যম বলিলেন, তবে তুমি এক্ষণে নিকৃষ্ট যোনিতে পতিত হও। হে প্রভো। তৎক্ষণাৎ আমি পতিত হইয়া, নিকৃষ্ট যোনিতে গমন পূর্ব্বক আপনাকে কৃকলাস মূর্ত্তিতে পরিণত অবলোকন করিলাম ।২৪

হে কেশব। আপনি ব্রাহ্মণসেবী ও দানবীর। আমি আপনার কিঙ্কর। আপনার সন্দর্শন প্রার্থনায় এতকাল আমি এই কূপমধ্যে পতিত ছিলাম। কিন্তু সৌভাগ্যের বিষয় এই যে, ইতিমধ্যে কখনও আমার পূর্ব্বস্মৃতি বিলুপ্ত হয় নাই ।২৫

হে বিভো। যম নিয়মাদি যোগমার্গের সম্পূর্ণ অনুষ্ঠানে লব্ধপ্রতিষ্ঠ যোগাচার্যগণ উপনিষদ্রূপ চক্ষুর সাহায্যে অবাঙ্-মনসগোচর পরাৎপর পরমাত্মা যে আপনাকে কেবল নির্ম্মল হৃদয়মন্দিরে চিন্তা করিয়া থাকেন মাত্র, কখন সাক্ষাৎ দর্শন করিতে পান না, এই সংসারে যে পুরুষের প্রকৃত মুক্তিকাল উপস্থিত

দেবদেব জগন্নাথ গোবিন্দ পুরুষোত্তম।
নারায়ণ হৃষীকেশ পুণ্যশ্লোকাচ্যুতাব্যয় ॥২৭
অনুজানীহি মাং কৃষ্ণ যান্তং দেবগতিং প্রভো।
যত্র ক্বাপি সতশ্চেতো ভূয়ান্মে ত্বৎপদাস্পদম্ ॥২৮
নমস্তে সর্ব্বভাবায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
কৃষ্ণায় বাসুদেবায় যোগানাং পতয়ে নমঃ ॥২৯

হে দেবদেব। হে জগন্নাথ। হে পুরুষোত্তম। হে গোবিন্দ। হে হৃষীকেশ (হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশ।) হে পুণ্যশ্লোক। হে অচ্যুত। হে অব্যয় নারায়ণ। ॥২৭

হে বিভো কৃষ্ণ। দেবগতিং স্বর্গলোকং যান্তং মাম্ অনুজানীহি আজ্ঞাপয়। (কর্ম্মবশাৎ) যত্র ক্বাপি সতঃ বর্ত্তমানস্য অপি মম চেতঃ ত্বৎপদাস্পদং (ত্বৎপদমেব আস্পদং স্মরণীয়ং যস্য তথাভূতং) ভূয়াৎ ॥২৮

সর্ব্বভাবায় (সর্ব্বেষাং ভাবঃ জন্ম যতঃ তস্মৈ) ব্রহ্মণে অনন্তশক্তয়ে (অনন্তা শক্তিঃ যস্য তস্মৈ) বাসুদেবায় বসুদেবনন্দনায়, যোগানাং পতয়ে যোগফলদাত্রে কৃষ্ণায় আনন্দমূর্ত্তয়ে তে তুভ্যং নমঃ ॥২৯

ইতি এবম্ উক্ত্বা তং শ্রীকৃষ্ণং পরিক্রম্য স্বমৌলিনা তস্য

ইত্যুক্ত্বা তং পরিক্রম্য পাদৌ স্পৃষ্ট্বা স্বমৌলিনা।
অনুজ্ঞাতো বিমানাগ্র্যমারুহৎ পশ্যতাং নৃণাম্ ॥৩০
কৃষ্ণঃ পরিজনং প্রাহ ভগবান্ দেবকীসুতঃ।
ব্রহ্মণ্যদেবো ধর্ম্মাত্মা রাজন্যাননুশিক্ষয়ন্ ॥৩১
দুর্জরং বত ব্রহ্মস্বং ভুক্তমগ্নের্মনাগপি।
তেজীয়সোঽপি কিমুত রাজ্ঞামীশ্বরমানিনাম্ ॥৩২

পাদৌ স্পৃষ্ট্বা তেন চ অনুজ্ঞাতঃ নৃণাং পশ্যতাম্ এব সতাং বিমানাগ্র্যম্ আরুহৎ ॥৩০

ব্রহ্মণ্যদেবঃ (ব্রহ্মণা সাধকঃ ব্রহ্মণ্যঃ স চাসৌ দেবশ্চ ইতি সর্ব্বারাধ্যঃ) ধর্ম্মাত্মা ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ রাজন্যান্ ক্ষত্রিয়ান্ অনুশিক্ষয়ন্ পরিজনং (পরিতো বিদ্যমানং জনং) প্রাহ ॥৩১

মনাক্ ঈষদ্ অপি ভুক্তং ব্রহ্মস্বং বত আশ্চর্য্যে অগ্নেঃ অগ্নিসদৃশস্যাপি তেজীয়সঃ জনস্য দুর্জ্জরং দুঃখেন কেনাপি উপায়েন যদা ন জীর্য্যতি, তদা ঈশ্বরমানিনাং সমর্থাঃ বয়ম্ ইত্যভিমানবতাং রাজ্ঞাং তু দুর্জ্জরং ভবতি ইতি কিমু বক্তব্যম্ ॥৩২

হয়, তাঁহার সমীপেই যিনি কেবল অনুভূত হয়েন মাত্র, সেই দেবদেব বিশ্বম্ভর অদ্য আমার ন্যায় বিবিধ সংসারতাপে সম্পূর্ণ বিবেকশূন্য ব্যক্তির সমীপে যে কি প্রকারে প্রত্যক্ষীভূত হইলেন, তজ্জন্যই আমি বিস্মিত হইতেছি।২৬

আপনি দেবতাগণের দেবতা, জগতের স্বামী এবং পুরুষোত্তম। আপনি অন্তরের অন্তর এবং ইন্দ্রিয়বর্গেরও নেতা। আপনার গুণই সর্ব্বত্র পরিকীর্ত্তিত হইতেছে। আপনার ঐশ্বর্য্যের কখন হ্রাস হয় না এবং স্বরূপেরও কখন ক্ষয় হয় না। আপনিই জীবের আশ্রয়দাতা সাক্ষাৎ নারায়ণ।২৭

হে বিভো শ্রীকৃষ্ণ। আমি সম্প্রতি দেবলোকে গমন করিব; আপনি আমাকে অনুমতি প্রদান করুন। কিন্তু আপনার নিকট করযোড়ে প্রার্থনা করি যে, কর্ম্মবশে যখন যে কোন যোনিতেই আমি গমন করিব, আমার চিত্ত ভবদীয় চরণ-কমলের চিন্তনে যেন কখন বিরত না হয়।২৮

আপনি সর্ব্বদৃষ্টিকারী অনন্তশক্তিসম্পন্ন পূর্ণব্রহ্ম; এই বিশ্ব সংসার আপনাতেই অধিষ্ঠিত রহিয়াছে; যোগের ফল আপনিই প্রদান করেন। আপনার আনন্দ-রসময় কৃষ্ণ-মূর্ত্তিকে আমি প্রণাম করি।২৯

এইরূপ স্তব করিয়া, নৃগনৃপতি শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ পূর্ব্বক অবনত-কিরীটে চরণ স্পর্শে প্রণাম করিলেন এবং শ্রীকৃষ্ণের অনুমতি গ্রহণে অন্যান্য সকলের সমক্ষেই বিমানারোহণে স্বর্গধামে গমন করিলেন।৩০

তখন ধর্ম্মাত্মা ব্রহ্মণ্যদেব ভগবান্ দেবকীনন্দন শ্রীকৃষ্ণ রাজন্য ক্ষত্রিয়বর্গকে উপদেশ প্রদান পূর্ব্বক উপস্থিত পরিজনগণকে বলিলেন—।৩১

নাহং হালাহলং মন্যে বিষং যস্য প্রতিক্রিয়া।
ব্রহ্মস্বং হি বিষং প্রোক্তং নাস্য প্রতিবিধির্ভুবি ॥৩৩
হিনস্তি বিষমত্তারং বহ্নিরদ্ভিঃ প্রশাম্যতি।
কুলং সমূলং দহতি ব্রহ্মস্বারণিপাবকঃ ॥৩৪
ব্রহ্মস্বং দুরনুজ্ঞাতং ভুক্তং হন্তি ত্রিপুরুষম্।
প্রসহ্য তু বলাদ্ভুক্তং দশ পূর্ব্বান্ দশাপরান্ ॥৩৫

রাজানো রাজলক্ষ্ম্যান্ধা নাত্মপাতং বিচক্ষতে।
নিরয়ং যেঽভিমন্যন্তে ব্রহ্মস্বং সাধু বালিশাঃ ॥৩৬
গৃহ্ণন্তি যাবতঃ পাংশূন্ ক্রন্দতামশ্রুবিন্দবঃ।
বিপ্রাণাং হৃতবৃত্তানাং বদান্যানাং কুটুম্বিনাম্ ॥৩৭
রাজানো রাজকুল্যাশ্চ তাবতোঽব্দান্ নিরঙ্কুশাঃ।
কুম্ভীপাকেষু পচ্যন্তে ব্রহ্মদায়াপহারিণঃ ॥৩৮

অহং হালাহলং বিষং ন মন্যে; যতঃ লোকে যস্য প্রতিক্রিয়া প্রতিকারঃ অস্তি; ব্রহ্মস্বং হি বিষং প্রোক্তং ভুবি অস্য প্রতিবিধিঃ প্রতিকারঃ ন ভবতি ॥৩৩

বিষম্ অত্তারং ভক্ষিতারম্ এব হিনস্তি হন্তি, বহ্নিঃ তু অদ্ভিঃ প্রশাম্যতি; ব্রহ্মস্বারণিপাবকঃ (ব্রহ্মস্বলক্ষণারণিজঃ পাবকঃ) তু সমূলং কুলং দহতি ॥৩৪

ব্রহ্মস্বং তু দুরনুজ্ঞাতঃ (সম্যক্ অননুজ্ঞাতং সৎ ভুক্তং) ত্রিপুরুষং (স্বং পুত্রং পৌত্রং চ ইতি) ত্রিপুরুষরূপং কুলং হন্তি। প্রসহ্য বলাৎ রাজাদ্যাশ্রয়ণাৎ ভুক্তং তু ব্রহ্মস্বং দশপূর্ব্বান্ পিতৃপিতামহাদীন্ দশ অপরান্ পুত্রপৌত্রাদীন্ ভোক্তারং চ হন্তি নরকে পাতয়তি ॥৩৫

রাজলক্ষ্ম্যান্ধাঃ (রাজলক্ষ্ম্যা অন্ধাঃ বিবেকরহিতাঃ) বালিশাঃ অজ্ঞাঃ যে রাজানঃ রাজকুল্যাঃ (রাজ্ঞাং পুত্রাদয়ঃ ভৃত্যাদয়শ্চ) ব্রহ্মস্বং সাধু সমীচীনম্ অভিমন্যন্তে আকাঙ্ক্ষন্তে ভুঞ্জন্তে চ, তে আত্মপাতং (আত্মনঃ পাতং নরকে পতনং) ন বিচক্ষতে ন পশ্যন্তি তে নিরয়ম্ এব অভিমন্যন্তে ॥৩৬

বদান্যানাম্ উদারচিত্তানাং ত্যক্তব্যাপারাণাম্ অধ্যাপনাদি-নিষ্ঠানাং, কুটুম্বিনাং পরিবার-বিশিষ্টানাং, হৃতবৃত্তীনাম্ অতএব রুদতাং ক্রন্দতাং বিপ্রাণাম্ অশ্রুবিন্দবঃ ভুবঃ যাবতঃ পাংশূন্ রেণূন্ গৃহ্ণন্তি আর্দ্রীকুর্ব্বন্তি, তাবতঃ অব্দান্ সংবৎসরান্, নিরঙ্কুশাঃ শাস্ত্রাজ্ঞোল্লঙ্ঘিনঃ, ব্রহ্মদায়াপহারিণঃ রাজানঃ রাজকুল্যাঃ রাজকুলোদ্ভবাঃ অমাত্যভৃত্যাদয়শ্চ কুম্ভীপাকেষু নরকবিশেষেষু পচ্যন্তে ক্লিশ্যন্তি ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৩৭-৩৮

দেখ! ব্রহ্মস্ব হরণ করা অতীব গর্হিত কর্ম্ম; অতি সামান্য পরিমাণে ব্রহ্মস্ব গ্রহণ করিলেও, সহ্য করা যায় না; অধিক কি! হুতাসন-সদৃশ তেজস্বী ব্যক্তিরও ব্রহ্মস্ব কখন জীর্ণ হয় না; অতএব সামর্থ্য-বান্ জ্ঞানে বৃথা অভিমানী ব্যক্তির যে তাহা সহ্য হইবে না, সে বিষয়ে আর সন্দেহ কি।৩২

আমি প্রকৃত হালাহলকেও তাদৃশ বিষ বলিয়া মনে করি না; কারণ তাহার প্রতিকার হইতে পারে। ব্রহ্মস্বই প্রকৃত বিষ; কারণ ইহা প্রবেশ করিলে, জগতে আর তাহার প্রতিকারের উপায় হয় না।৩৩

বহ্নির প্রাবল্য জলের সাহায্যে উপশমিত হয়; বিষ কেবল পানকারীর প্রাণ হরণ করে মাত্র; কিন্তু ব্রহ্মস্বাপহরণ হইতে সমুত্থিত ভীষণ অনল হরণকারীকে সবংশে নিধন করে।৩৪

যদি নিতান্ত অনিচ্ছা পূর্ব্বকও ব্রহ্মস্ব হরণ করা হয়, তবে সেই হরণকারীর তিন পুরুষ অধঃপতিত হয়। কিন্তু যদি কোনরূপ প্রতাপবান্ রাজার আশ্রয়ে অবস্থান করত বলপূর্ব্বক কেহ ব্রহ্মস্ব হরণ করে, তাহা হইলে তাহার পিতৃ-পিতামহাদি ঊর্দ্ধতন দশ পুরুষ এবং পুত্রপৌত্রাদি অধস্তন দশ পুরুষ সহ হরণকারীকে নরকে নিপতিত হইতে হয়।৩৫

রাজ্যৈশ্বর্য্যে একান্ত অন্ধদৃষ্টি বিচারহীন যে সমস্ত রাজা, রাজপুত্র ও রাজভৃত্যেরা ব্রহ্মস্ব হরণ করাকেই উত্তম কার্য্য বিবেচনায় তৎপ্রতিই অগ্রসর হন, তাঁহারা নিজেদের বিষম অনিষ্ট অবলোকন না করিয়া নরক গমনেরই আয়োজন করিয়া থাকেন।৩৬

যে সমস্ত ব্রাহ্মণ বিলাসিতা বিসর্জ্জন পূর্ব্বক

স্বদত্তাং পরদত্তাং বা ব্রহ্মবৃত্তিং হরেচ্চ যঃ।
ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ ॥৩৯
ন মে ব্রহ্মধনং ভূয়াদ্ যদ্ গৃদ্ধ্বাল্পায়ুষো নরাঃ।
পরাজিতাশ্চ্যুতা রাজ্যাদ্ভবন্ত্যুদ্বেজিনোঽহয়ঃ ॥৪০
বিপ্রং কৃতাগসমপি নৈব দ্রুহ্যত মামকাঃ।
ঘ্নন্তং বহু শপন্তং বা নমস্কুরুত নিত্যশঃ ॥৪১

যঃ পুমান্ স্বদত্তাং (স্বেন দত্তাং) পরেণ দত্তাং বা ব্রহ্মবৃত্তিং ব্রাহ্মণস্য জীবিকাং হরেৎ, সঃ ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং কৃমিঃ ভূত্বা জায়তে ॥৩৯

মে মম ব্রহ্মধনং ন ভূয়াৎ; যৎ ব্রহ্মধনং গৃদ্ধ্বা অভিকাঙ্ক্ষ্য নরাঃ অল্পায়ুষঃ (অল্পম্ আয়ুঃ যেষাং তে) শত্রুভ্যঃ পরাজিতাঃ, রাজ্যাৎ ঐশ্বর্য্যাৎ চ্যুতাঃ ভ্রষ্টাঃ ভবন্তি তথা জন্মান্তরে পরেষাম্ উদ্বেজিনঃ অহয়ঃ সর্পাঃ ভবন্তি। হে মামকাঃ! কৃতাগসং কৃতাপরাধম্ অপি বিপ্রং নৈব দ্রুহ্যত। ঘ্নন্তং বহু শপন্তং বা নিত্যশঃ নমস্কুরুত ॥৪০-৪১

পরিমিতাচরণে শিষ্যগণের অধ্যাপনা ও পরিবারবর্গের ভরণপোষণাদি ব্যাপারে যত্নবান্ থাকিয়া কালাতিপাত করেন, তাঁহাদের জীবিকা হরণ করায় বিশেষ পাপেরই অনুষ্ঠান করা হয়, বৃত্তিহরণ জনিত জীবিকার অভাবে সেই সকল ব্রাহ্মণ ক্রন্দন করত অশ্রুবারি বিসর্জ্জন করিলে, ভূমির যত সংখ্যক রেণু সেই জলে আর্দ্র হয়, তত সংখ্যক সংবৎসর সেই শাস্ত্রাজ্ঞার উলঙ্ঘনকারী ব্রহ্মস্বাপহারী রাজা ও রাজবংশীয় ব্যক্তি বা রাজভৃত্যগণকে ঘোর কুম্ভীপাক নামক নরকে ক্লেশ পাইতে হয়।৩৭

যে ব্যক্তি নিজের প্রদত্ত বা অপরের প্রদত্ত ব্রহ্মবৃত্তি হরণ করে, সে ষষ্টি সহস্র বৎসর বিষ্ঠার কৃমি হইয়া বাস করে।৩৮

ব্রাহ্মণের ধন যেন আমার কখনও না হয়। ব্রাহ্মণের ধন আকাঙ্ক্ষা মাত্র করিলেও মানব অল্পায়ুঃ, হীনবল ও শ্রীভ্রষ্ট হইয়া পরজন্মে পরের উদ্বেগকারী সর্প হইয়া জন্ম গ্রহণ করে।৩৯

যথাহং প্রণমে বিপ্রাননুকালং সমাহিতঃ।
তথা নমত যূয়ঞ্চ যোঽন্যথা মে স দণ্ডভাক্ ॥৪২

ব্রাহ্মণার্থো হ্যপহৃতো হর্ত্তারং পাতয়ত্যধঃ।
অজানন্তমপি হ্যেনং নৃগং ব্রাহ্মণগৌরিব ॥৪৩

অতঃ যথা সমাহিতঃ সাবধানঃ সন্ অহং অনুকালম্ ত্রিকালং বিপ্রান্ প্রণমে তথা যূয়ং চ নমত। যঃ অন্যথা আচরেৎ, সঃ মে দণ্ডভাক্ ভবেৎ ॥৪২

অপহৃতঃ হি ব্রাহ্মণার্থঃ হর্ত্তারম্ অধঃ পাতয়তি; যথা অজানন্তম্ অপি হি এনং নৃগং ব্রাহ্মণগৌঃ অধঃ নীচযোনৌ অপতায়ৎ তদ্বৎ ॥৪৩

আমার সকলকেই আমি সম্বোধন করিয়া বলিতেছি যে,—দেখ! তোমরা যেন কখনও ব্রাহ্মণের অনিষ্ট করিও না। ব্রাহ্মণ যদি কখন কোন অন্যায় আচরণও করেন, তোমরা তাহা উপেক্ষা করিবে। অধিক কি! যদি তাঁহারা অভিসম্পাত প্রদানে তিরস্কার বা বিনাশ করিতেও অগ্রসর হন, দূর হইতে নিরন্তর প্রণামই করিবে।৪০-৪১

আমি যেমন অতি সতর্কতার সহিত ত্রিকাল সন্ধ্যায় ব্রাহ্মণগণকে প্রণাম করিয়া থাকি, তোমরাও সেইরূপ তাঁহাদিগকে প্রণাম করিবে। যিনি ইহার অন্যথা করিবেন, তিনি আমার নিকট দণ্ডিত হইবেন।৪২

অপহৃত ব্রহ্মস্ব অপহরণকারীকে অধঃপাতিত করে। নৃগরাজ অজ্ঞাতসারে ব্রাহ্মণের গাভী আত্মসাৎ করায়, যখন নিকৃষ্ট কৃকলাস যোনিতে পতিত হইয়াছিলেন, তখন জানিয়া শুনিয়া ব্রহ্মস্ব হরণ করিলে, ঘোর নিরয়ে যে পতিত হইতে হইবে

এবং বিশ্রাব্য ভগবান্ মুকুন্দো দ্বারকৌকসঃ।
পাবনঃ সর্ব্বলোকানাং বিবেশ নিজমন্দিরম্ ॥৪৪

সর্ব্বলোকানাং পাবনঃ ভগবান্ মুকুন্দঃ দ্বারকৌকসঃ দ্বারকাবাসিনঃ প্রতি এবং বিশ্রাব্য নিজ মন্দিরং বিবেশ ॥৪৪

সে বিষয়ে আর সন্দেহ নাই। সর্ব্বলোকপাবন ভগবান্ মুকুন্দ দ্বারকাবাসী জনগণকে এই প্রকার উপদেশ প্রদান করিয়া স্বীয় মন্দিরে প্রবেশ করিলেন।৪৩-৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৪

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুঃষষ্টিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[বলরামস্য ব্রজে গমনম্, যমুনাকর্ষণঞ্চ।]

শ্রীশুক উবাচ।
বলভদ্রঃ কুরুশ্রেষ্ঠ ভগবান্ রথমাস্থিতঃ।
সুহৃদ্দিদৃক্ষুরুৎকণ্ঠঃ প্রযযৌ নন্দগোকুলম্ ॥১

অন্বয়ঃ

উবাচ। হে কুরুশ্রেষ্ঠ! সুহৃদ্দিদৃক্ষুঃ (সুহৃদাঃ নন্দাদীন্ দ্রষ্টুমিচ্ছুঃ) উৎকণ্ঠঃ ভগবান্ বলভদ্রঃ রথম্ আস্থিতঃ আরূঢ়ঃ সন্ নন্দগোকুলং প্রযযৌ ॥১

পরিষ্বক্তশ্চিরোৎকণ্ঠৈর্গোপৈর্গোপীভিরেব চ
রামোঽভিবাদ্য পিতরাবাশীর্ভিরভিনন্দিতঃ ॥২

অন্বয়ঃ

চিরোৎকণ্ঠৈঃ (বহুকালং দর্শনাদীচ্ছাযুক্তৈঃ) গোপৈঃ গোপিভিঃ চ পরিষ্বক্তঃ আলিঙ্গিতঃ রামঃ পিতরৌ যশোদানন্দৌ অভিবাদ্য প্রণম্য তাভ্যাম্ আশীর্ভিঃ অভিনন্দিতঃ জাতঃ ॥২

পঞ্চষষ্টিতম অধ্যায়।

[বলরামের ব্রজে গমন এবং এবং যমুনা আকর্ষণ।]

শুকদেব রাজা পরীক্ষিৎকে বলিলেন,—অনন্তর ভগবান্ বলরাম নন্দাদি আত্মীয় সুহৃদ্বর্গকে দেখিবার অভিপ্রায়ে রথারোহণে একান্ত উৎকণ্ঠিত-হৃদয়ে নন্দগোকুলে গমন করিলেন।১

তথায় বহুকাল হইতে দর্শন করিবার নিমিত্ত একান্ত উৎকণ্ঠিতচিত্ত গোপ ও গোপিকাগণ তাঁহাকে প্রাপ্ত হইয়া প্রেমে মুগ্ধ হইলেন এবং বলরামকে আলিঙ্গন করিলেন; বলরামও নন্দ যশোদাকে অভিবাদন পূর্ব্বক প্রণাম করিলেন এবং তাঁহারাও আশীর্ব্বাদাদির দ্বারা তাঁহাকে আদর করিলেন।২

চিরং নঃ পাহি দাশার্হ সানুজো জগদীশ্বরঃ।
ইত্যারোপ্যাঙ্কমালিঙ্গ্য নেত্রৈঃ সিষিচতুর্জলৈঃ ॥৩

গোপবৃদ্ধাংশ্চ বিধিবদ্ যবিষ্ঠৈরভিবন্দিতঃ।
যথাবয়ো যথাসখ্যং যথাসম্বন্ধমাত্মনঃ ॥৪

সমুপেত্যাথ গোপালান্ হাস্যহস্তগ্রহাদিভিঃ।
বিশ্রান্তং সুখমাসীনং পপ্রচ্ছুঃ পর্য্যুপাগতাঃ ॥৫

পৃষ্টাশ্চানাময়ং স্বেষু প্রেমগদ্গদয়া গিরা।
কৃষ্ণে কমলপত্রাক্ষে সংন্যস্তাখিলরাধসঃ ॥৬

কচ্চিন্নো বান্ধবা রাম সর্ব্বে কুশলমাসতে।
কচ্চিৎ স্মরথ নো রাম যূয়ং দার-সুতান্বিতাঃ ॥৭

দিষ্ট্যা কংসো হতঃ পাপো দিষ্ট্যা মুক্তাঃ সুহৃজ্জনাঃ।
নিহত্য নির্জ্জিত্য রিপূন্ দিষ্ট্যা দুর্গং সমাশ্রিতাঃ ॥৮

গোপ্যো হসন্ত্যঃ পপ্রচ্ছু রামসন্দর্শনাদৃতাঃ।
কচ্চিদাস্তে সুখং কৃষ্ণঃ পুরস্ত্রীজনবল্লভঃ ॥৯

কচ্চিৎ স্মরতি বা বন্ধূন্ পিতরং মাতরঞ্চ সঃ।
অপ্যসৌ মাতরং দ্রষ্টুং সকৃদপ্যাগমিষ্যতি।
অপি বা স্মরতেঽস্মাকমনুসেবাং মহাভুজঃ ॥১০

হে দাশার্হ! সানুজঃ অনুজেন কৃষ্ণেন সহিতঃ জগদীশ্বরঃ ত্বং নঃ অস্মান্ চিরং বহুকালং পাহি পালয়। ইতি উক্ত্বা তম্ আলিঙ্গ্য অঙ্কম্ আরোপ্য নেত্রৈঃ জলৈঃ সিষিচতুঃ ॥৩

ততঃ গোপবৃদ্ধান্ চ বিধিবৎ অভিবন্দ্য যবিষ্ঠৈঃ নূনবয়স্কৈঃ অভিবন্দিতঃ বভুব।

ততঃ হাস্যাদিভিঃ আত্মনঃ স্বস্য বয়ঃ সখ্যং সম্বন্ধানুরূপং গোপালান্ সমুপেত্য উপবিবেশ।

ততশ্চ বিশ্রান্তং গতশ্রমং, সুখং আসীনং রামং পরিতঃ উপগতাঃ তে অনাময়ং পৃষ্টাঃ গোপাঃ প্রেমগদ্গদয়া গিরা স্বেষু যাদবেষু অনাময়ং পপ্রচ্ছু।

হে রাম! কমলপত্রাক্ষে কৃষ্ণে সংন্যস্তাখিলরাধসঃ (কৃষ্ণপ্রাপ্ত্যর্থং সংন্যস্তাঃ পরিত্যক্তাঃ অখিলরাধসঃ সর্ব্ববিষয়াঃ যৈঃ তে) নঃ অস্মাকং সর্ব্বে বান্ধবাঃ কচ্চিৎ কুশলম্ আসতে?

হে রাম! দার-সুতান্বিতাঃ (দারৈঃ সুতৈঃ চ অন্বিতাঃ মিলিতাঃ) যূয়ং নঃ অস্মান্ কচ্চিৎ স্মরথ ॥৬-৭

পাপঃ পাপাচারঃ কংসঃ দিষ্ট্যা এব হতঃ; সুহৃজ্জনাঃ বসুদেবাদয়ঃ চ তৎকৃতোপদ্রবাৎ মুক্তাঃ। নিহত্য নির্জ্জিত্য চ রিপূন্ যবন-জরাসন্ধাদীন্ দিষ্ট্যাএব দুর্গং দ্বারকাং সমাশ্রিতাঃ যূয়ং তত্র কৃতনিবাসাঃ ॥৮

রাম-সন্দর্শনাদৃতাঃ (রামস্য সন্দর্শনেন আদৃতাঃ প্রাপ্তাদরাঃ) অতএব হসন্ত্যঃ গোপ্যঃ অপি তং পপ্রচ্ছুঃ হে রামঃ! পুরস্ত্রীজনবল্লভঃ কৃষ্ণঃ সুখম্ আস্তে কচ্চিৎ? ॥৯

সঃ বাসুদেবঃ বন্ধূন্ গোপান্, পিতরং নন্দং, মাতরং যশোদাং বা স্মরতি কচ্চিৎ? সঃ মহাভুজঃ কৃষ্ণঃ অস্মাকম্ অনুসেবাম্ অপি বা স্মরতে কিং? ॥১০

এবং বলিলেন, হে দাশার্হ! তোমরা জগতের জীবন। এক্ষণে অনুজ কৃষ্ণ সহ চিরকাল আমাদিগকে পালন কর। এই বলিয়া বলরামকে আলিঙ্গন পূর্ব্বক ক্রোড়ে বসাইলেন এবং নেত্রনীরে তাঁহাকে অভিষিক্ত করিলেন।৩

অনন্তর বলরাম বৃদ্ধ গোপগণকে যথাবিধি অভিবাদন করিলেন এবং ন্যূনবয়স্কগণ কর্ত্তৃক অভিবাদিত হইলেন।৪

হাস্য ও হস্তধারণাদির দ্বারা বয়ঃক্রম, সম্বন্ধ ও সখ্যতা অনুসারে অন্যান্য গোপগণের নিকট উপস্থিত হইয়া অভিবাদনাদি করত তিনি উপবেশন করিলেন। অনন্তর বিশ্রাম লাভের পর যখন সকলে একত্রে উপবিষ্ট ছিলেন, এমন সময়ে সমবেত গোপগণ বলরাম সমীপে স্ব স্ব আত্মীয় যাদবগণের মঙ্গলামঙ্গল প্রশ্ন জিজ্ঞাসা করিয়া বলিলেন।—হে রাম! কমললোচন শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইবার নিমিত্ত, যাঁহারা সর্ব্বস্ব ত্যাগ করিয়া বসিয়া আছেন, সেই সমস্ত আমাদের বান্ধবগণ মঙ্গলে আছেন ত? হে বলরাম! তোমরা এক্ষণে পুত্রকলত্রাদিতে পরিবৃত হইয়া মধুপুরে সুখেই বাস করিতেছ! এখন কি আমাদের কথা তোমাদের আর মনে পড়ে? পরিণত-বয়স্কা কেহ বলিলেন,—অহো! অনেক দুঃখে পাপিষ্ঠ কংস

মাতরং পিতরং ভ্রাতৄন্ পতীন্ পুত্রান্ স্বসৄরপি।
যদর্থে জহিম দাশার্হ দুস্ত্যজান্ স্বজনান্ প্রভো ॥১১
তা নঃ সদ্যঃ পরিত্যজ্য গতঃ সঞ্ছিন্নসৌহৃদঃ।
কথং নু তাদৃশং স্ত্রীভির্ন শ্রদ্ধীয়েত ভাষিতম্ ॥১২

হে দাশার্হ! হে প্রভো! যদর্থে যস্য প্রীত্যর্থং, বয়ং মাতরং, পিতরং, ভ্রাতৄন্, পতীন্, পুত্রান্ স্বসৄঃ অপি জহিম ত্যক্তবত্যঃ, তে শ্রীকৃষ্ণেন অস্মৎস্মরণম্ আবশ্যকম্ এব ॥১১

তথাপি তাঃ নঃ অস্মান্ সদ্য পরিত্যজ্য সংছিন্নসৌহৃদঃ এব সঃ যতঃ গতঃ (অতঃ তস্মান্ স্মরতি ন বা ইতি সন্দেহে ভবতি। ন পারয়েঽহমনবদ্য সংযুজামিত্যাদি তস্য তাদৃশং ভাষিতম্ উক্তিং নু ভোঃ স্ত্রীভিঃ কথং ন শ্রদ্ধীয়েত (তদ্বচনবিশ্বাসাদেব বয়ং বঞ্চিতাঃ)॥১২

নিহত হইয়াছে। তোমাদের সুহৃদ্বর্গ বসুদেবাদির সকল ক্লেশ এক্ষণে দূর হইয়াছে; তাঁহার সম্প্রতি বিলক্ষণ সুখেই বাস করিতেছেন। তোমরাও কাল-যবন ও জরাসন্ধাদি শত্রুকুলের নিধন করিয়া সৌভাগ্যক্রমে দ্বারকায় দুর্গ নির্ম্মাণ পূর্ব্বক পরমানন্দেই বাস করিতেছ।৫-৮

বলভদ্রের শুভ সন্দর্শনে লব্ধাদরা গোপিকাগণ আনন্দে হাস্য করত বলদেবকে সম্বোধনপূর্ব্বক বলিলেন,—হে রাম! ললনাগণের হৃদয়-বল্লভ সেই শ্রীকৃষ্ণ এক্ষণে কুশলে আছেন ত?৯

সম্প্রতি বসুদেবের পুত্র হইয়া তিনি কি আর বয়স্য গোপগণ, পূর্ব্ব পিতা নন্দ এবং জননী যশোদাকে এক্ষণে আর স্মরণ করেন? অহো সেই মহাভুজ! আমাদের সেবা শুশ্রূষা কি আর কখন মনে করেন?১০

হে প্রভো দশার্হ! যাঁহাকে পরিতৃপ্ত করিবার প্রত্যাশায়, আমরা পিতা মাতা, ভ্রাতা ভগ্নী এবং পতি পুত্রও পরিত্যাগ করিয়া কেবল তাঁহারই অনুসরণ করিতাম, এক্ষণে আমাদের বিষয় স্মরণ করা তাঁহার অবশ্য কর্ত্তব্য ছিল। কিন্তু তিনি যখন আমাদিগের ন্যায় একান্ত অনুগত জনকেও অকস্মাৎ পরিত্যাগ করিয়া তাদৃশ সৌহার্দ্দের মূলচ্ছেদনে গমন করিয়াছেন, তখন আর আমাদের কথা স্মরণ করা সম্বন্ধে বিলক্ষণ সন্দেহই জন্মিয়াছে।১১

এরূপ ক্ষেত্রে আমাদের পক্ষেও তাঁহার বিষয় বিস্মৃত হওয়াই কর্ত্তব্য বটে, কিন্তু গমন-কালে তিনি যেরূপ আশ্বাস প্রদান করিয়াছিলেন, তাহাতে তাঁহার তাদৃশ উক্তিতে কি প্রকারে অবিশ্বাস করি! অহো! তাঁহার কথায় বিশ্বাস করিয়াই আমরা এক্ষণে বঞ্চিত হইলাম।১২

কথং নু গৃহ্নন্ত্যনবস্থিতাত্মনো
বচঃ কৃতঘ্নস্য বুধাঃ পুরস্ত্রিয়ঃ।
গৃহ্নন্তি বৈ চিত্রকথস্য সুন্দর-
স্মিতাবলোকোচ্ছ্বসিতস্মরাতুরাঃ ॥১৩

অহো! গ্রাম্যাঃ অবিদগ্ধাঃ বয়মিব বুধাঃ বিচক্ষণাঃ পুরস্ত্রিয়ঃ অপি অনবস্থিতাত্মনঃ চলসৌহৃদস্য কৃতঘ্নস্য বাচঃ কথং নু গৃহ্নন্তি বিশ্বসন্তি। তত্র অন্যাঃ আহুঃ, তাঃ পুরস্ত্রিয়ঃ বৈচিত্রকথস্য (চিত্রাঃ নানাবিধাঃ কথাঃ যস্য তস্য বিচিত্রকথা-শ্রবণেন বিমোহিতাঃ তথা) সুন্দরস্মিতাবলোকোচ্ছ্বসিত-স্মরাতুরাঃ (সুন্দরং স্মিতং যস্মিন্ তেন অবলোকনেন উচ্ছ্বসিতঃ উদ্দীপিতঃ যঃ স্মরঃ কামঃ তেন আতুরাঃ বিবশাঃ সত্য) তদ্বচঃ গৃহ্নন্তি ॥১৩

অপরা কামিনী কহিলেন যে, আমরা না হয় গ্রামবাসিনী বুদ্ধিহীনা নারী, সুতরাং তাঁহার কৌটিল্যের গভীর তত্ত্বে অবগাহন করিতে না পারিলেও তাদৃশ দোষের কথা হয় না, কিন্তু পুরবাসিনী বিশেষ বুদ্ধিমতী কামিনীগণ তাদৃশ অনবস্থিত-চেতা ক্ষণ-প্রেমিক কৃতঘ্নের কথায় কি প্রকারে বিশ্বাস স্থাপনে নিশ্চিন্ত আছে! এতদুত্তরে অন্য কামিনী কহিলেন যে, পুর-বনিতাগণও শ্রীকৃষ্ণের বিচিত্র কথায় বিমোহিত হইয়া এবং মধুর হাস্য-বিকসিত অবলোকন দ্বারা উদ্দীপিত কামশরে প্রপীড়িত হইয়াই বিশ্বাস করিতে বাধ্য হইয়াছেন।১৩

কিং নস্তৎকথয়া গোপ্যঃ কথাঃ কথয়তাপরাঃ।
যাত্যস্মাভির্বিনা কালো যদি তস্য তথৈব নঃ ॥১৪
ইতি প্রহসিতং শৌরের্জল্পিতং চারু বীক্ষিতিম্।
গতিং প্রেমপরিষ্বঙ্গং স্মরন্ত্যো রুরুদুঃ স্ত্রিয়ঃ ॥১৫
সঙ্কর্ষণস্তাঃ কৃষ্ণস্য সন্দেশৈর্হৃদয়ঙ্গমৈঃ।
সান্ত্বয়ামাস ভগবান্ নানানুনয়কোবিদঃ ॥১৬

দ্বৌ মাসৌ তত্র চাবাৎসীন্মধুং মাধবমেব চ।
রামঃ ক্ষপাসু ভগবান্ গোপীনাং রতিমাবহন্ ॥১৭
পূর্ণচন্দ্রকলামৃষ্টে কৌমুদীগন্ধবায়ুনা।
যমুনোপবনে রেমে সেবিতে স্ত্রীগণৈর্বৃতঃ ॥১৮
বরুণপ্রেষিতা দেবী বারুণী বৃক্ষকোটরাৎ।
পতন্তী তদ্বনং সর্ব্বং স্বগন্ধেনাধ্যবাসয়ৎ ॥১৯

অপরাঃ উচুঃ। হে গোপ্যঃ! নঃ অস্মাকং, তস্য কৃষ্ণস্য কথয়া কিম্? অপরাঃ কথাঃ কথয়ত। যদি অস্মাভিঃ বিনা তস্য কালং যাতি, তদা তেন বিনা নঃ অস্মাকম্ অপি কালঃ তথৈব গচ্ছেৎ ॥১৪

ইতি এবং বদন্ত্যঃ শৌরেঃ কৃষ্ণস্য প্রহসিতং জল্পিতং চারু বীক্ষিতং গতিং প্রেমপরিষ্বঙ্গং চ স্মরন্ত্যঃ সর্ব্বাঃ স্ত্রিয়ঃ রুরুদুঃ ॥১৫

নানানুনয়কোবিদঃ (নানাবিধেষু অনুনয়েষু সান্ত্বনাসু কোবিদঃ নিপুণঃ) ভগবান্ সঙ্কর্ষণঃ হৃদয়ঙ্গমৈঃ মনোহরৈঃ বিশ্বাস-জনকৈঃ সন্দেশৈঃ তাঃ গোপ্যঃ সান্ত্বয়ামাস ॥১৬

তথাপি ক্ষপাসু রাত্রিষু, গোপীনাং রতিম্ আবহন্ প্রীতিং কুর্ব্বন্, ভগবান্ রামঃ মধুং চৈত্রং মাধবং বৈশাখং চ ইতি এতৌ দ্বৌ মাসৌ তত্র ব্রজে অবাৎসীৎ ॥১৭

পূর্ণচন্দ্রকলামৃষ্টে (পূর্ণচন্দ্রস্য কলাভিঃ মরীচিভিঃ আমৃষ্টে উজ্জ্বলে) কৌমুদী-গন্ধবায়ুনা (কৌমুদী-শব্দেন তদ্বিকসিতানি কুমুদানি কুমুদ-গন্ধ-বায়ুনা) সেবিতে যমুনায়াঃ উপবনে স্ত্রীগণৈঃ (কৃষ্ণক্রীড়াসময়ে অতি বালাভিঃ অনুৎপন্নাভিঃ) বৃতঃ সন্ রামঃ রেমে ॥১৮

বরুণপ্রেষিতা (বরুণেন প্রেষিতা) তস্য কন্যা দেবী বারুণী মদিরাধিষ্ঠাত্রী দেবতা বৃক্ষকোটরাৎ পতন্তী অধঃপ্রবন্তী স্বগন্ধেন সর্ব্বম্ এব তদ্বনম্ অধ্যবাসয়ৎ সুগন্ধী-চকার ॥১৯

অন্য কামিনী বলিলেন,—হে গোপিকাগণ! আমাদের আর কৃষ্ণ-কথায় প্রয়োজন কি! অন্য বিষয়ের আলোচনা কর! আমাদের বিষয় স্মরণ না করিয়া, তাঁহার দিবস যদি সুখে অতিবাহিত হয়, তাহা হইলে তাঁহার সম্বন্ধ বিস্মৃত হইয়া আমাদেরও দিবস না হয় দুঃখে অতিবাহিত হইবে। ।১৪

এই প্রকারে পরস্পরে আলোচনা করিতে করিতে গোপবনিতাগণ শ্রীকৃষ্ণের মধুর হাস্য, গুহ্যভাষণ, মোহন দৃষ্টি, গতি ও প্রেমালিঙ্গনাদি স্মরণ করত রোদন করিতে লাগিলেন।১৫

নানাপ্রকারে সান্ত্বনা-বাক্যের প্রয়োগ ব্যাপারে বিলক্ষণ পারদর্শী ভগবান্ সঙ্কর্ষণ বিশ্বাস-জনক বিবিধ হৃদয়ঙ্গম সংবাদের উল্লেখে সেই গোপ-ললনাগণকে যথেষ্ট সন্তুষ্ট করিলেন।১৬

এবং রাত্রিকালে গোপীগণের প্রতিবর্দ্ধন পূর্ব্বক মধু ও মাধব অর্থাৎ চৈত্র ও বৈশাখ নামক মাসদ্বয় সেই ব্রজপুরেই অতিবাহিত করিলেন।১৭

পূর্ণ-শশধরের পবিত্র জ্যোৎস্নাতে আলোকিত এবং প্রফুল্ল কুমুদের মধুর সৌরভে আমোদিত যমুনার মনোহর উপবনে প্রবেশ করিয়া, বলরাম তৎকালে লব্ধযৌবনা ব্রজবনিতাগণে পরিবৃত হইয়া রমণ করিয়াছিলেন।১৮

ইত্যবসরে বরুণদেবও স্বীয় কন্যা বারুণীদেবীকে তথায় প্রেরণ করিলেন। মদিরাধিষ্ঠাত্রী উক্ত বারুণী বলরামের প্রীতি-বর্দ্ধনার্থ মদিরারূপ বৃক্ষের কোটর হইতে ক্ষরিত হইয়া, মধুর গন্ধে সমস্ত উপবন আমোদিত করিলেন।১৯

(উপগীয়মানো গন্ধর্বৈর্বনিতাশোভিমণ্ডলে।
রেমে করেণুযূথেশো মাহেন্দ্র ইব বারণঃ ॥
নেদুর্দুন্দুভয়ো ব্যোম্নি ববৃষুঃ কুসুমৈর্মুদা।
গন্ধর্বা মুনয়ো রামং তদ্বীর্য্যৈরীড়িরে তদা ॥)
তং গন্ধং মধুধারায়া বায়ুনোপহৃতং বলঃ।
আঘ্রায়োপগতস্তত্র ললনাভিঃ সমং পপৌ ॥২০
উপগীয়মানচরিতো বনিতাভির্হলায়ুধঃ।
বনেষু ব্যচরৎ ক্ষীবো মদবিহ্বললোচনঃ ॥২১

স্রগ্ব্যেককুণ্ডলো মত্তো বৈজয়ন্ত্যা চ মালয়া।
বিভ্রৎ স্মিতমুখাম্ভোজং স্বেদপ্রালেয়ভূষিতম্ ॥২২

স আজুহাব যমুনাং জলক্রীড়ার্থমীশ্বরঃ।
নিজং বাক্যমনাদৃত্য মত্ত ইত্যাপগাং বলঃ।
অনাগতাং হলাগ্রেণ কুপিতো বিচকর্ষ হ ॥২৩

পাপে ত্বং মামবজ্ঞায় যন্নায়াসি ময়াহুতা।
নেষ্যে ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা কামচারিণীম্ ॥২৪

বায়ুনা উপহৃতং স্বঘ্রাণং প্রতি আনীতং তং মধুধারায়াঃ গন্ধম্ আঘ্রায় তত্র আগতঃ বলঃ বলরামঃ ললনাভিঃ স্ত্রীভিঃ সমং সহ তাং বারুণীং মদিরাং পপৌ ॥২০

(দেব-গন্ধর্ব্বাদিভিঃ) উপগীয়মান-চরিতঃ (উপগীয়মানং চরিতং যস্য সঃ) ক্ষীবঃ উন্মত্তঃ মদনে বিহ্বলে লোচনে যস্য সঃ হলায়ুধঃ বলভদ্রঃ বনিতাভিঃ সহ বনেষু ব্যচরৎ ॥২১

স্রগ্বী পুষ্পমালাপরিতাঙ্গঃ, এককুণ্ডলঃ (একম্ এব কুণ্ডলং যস্য সঃ) মত্তঃ স্বভাবতঃ মত্তসদৃশঃ, বৈজয়ন্ত্যা নবরত্ন-খচিতয়া আপাদ-লম্বিন্যা মালয়া (অলঙ্কৃতঃ), স্বেদপ্রালেয়-ভূষিতং (স্বেদঃ এব প্রালেয়ং হিমং তেন ভূষিতং যুক্তং) স্মিত-মুখাম্ভোজং বিভ্রাণঃ এব সঃ ঈশ্বরঃ বলরামঃ জলক্রীড়ার্থং যমুনাম্ আজুহাব। তদা চ মত্তঃ অয়ম্ ইতি মত্বা নিজং বাক্যম্ অনাদৃত্য অনাগতাং তাম্ আপগাং নদীং কুপিতঃ সন্ বলঃ বলরামঃ হলাগ্রেণ বিচকর্ষ উবাচ চ ॥২২-২৩

হে পাপে! যৎ যস্মাৎ ত্বং ময়া আহূতা অপি মাম্ অনাদৃত্য অবজ্ঞায় ন আয়াসি, অতঃ কামচারিণীং স্বেচ্ছাচারিণীং ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা নেষ্যে শতকুল্যাবতীং করিষ্যে ইতি ভর্ৎসিতবান্ ॥২৪

গন্ধবহ (বায়ু) মদিরাগন্ধ বহনে বলদেবের সমীপ-বর্ত্তী হইলে, হলধর গন্ধের অনুসরণে বৃক্ষের সন্নিধানে গমন করিলেন এবং রমণীগণ সহ সেই মদিরা পর্য্যাপ্ত পরিমাণে পান করিলেন।২০

বলরাম মদিরা পানে মত্ত ও মদ-বিহ্বল লোচন হইয়া, বনিতাগণ সহ উপবনে বিহার করিতে লাগিলেন। এতদ্দর্শনে দেবতা ও গন্ধর্ব্বগণ ভগবান্ বলদেবের মহিমা কীর্ত্তন করিয়াছিলেন।২১

গলদেশে পুষ্পমালা ধারণ করত এককুণ্ডলধারী স্বভাবতঃ মত্তের ন্যায় পরিদৃশ্যমান ভগবান্ বলরাম মণিরত্ন-খচিত আপাদলম্বিনী মালা ধারণে ও হিম-শিকরের ন্যায় স্বেদকণা ভূষিত সহাস্য মুখপদ্মের প্রদর্শনে জলক্রীড়ার নিমিত্ত যমুনাকে আপন সমীপে আহ্বান করিলেন। যমুনা কিন্তু বলরামকে মত্ত মনে করিয়া, তাঁহার সম্বোধনে কর্ণপাত করিলেন না। অনুমতিমাত্রে যমুনাকে আত্মসমীপে আগমন করিতে না দেখিয়া, হলায়ুধ ক্রোধে কম্পিত-কলেবর হইলেন এবং তৎক্ষণাৎ হলাগ্রের দ্বারা যমুনাকে আকর্ষণ করত বলিলেন— ।২২-২৩

রে পাপীয়সি! আমি তোমাকে সাদরে মৎ-সমীপে আহ্বান করিলেও যখন তুমি আমার বাক্যকে উপেক্ষা করিয়া আমার নিকটে উপস্থিত হও নাই, স্বীয় ইচ্ছানুসারে অবস্থান করিতেছ, তখন এই লাঙ্গলের আকর্ষণে অদ্য তোমাকে শতধা বিদীর্ণ করত শত স্রোতে বিভক্ত করিব। এই প্রকার তিরস্কারবাক্যে বলরাম যমুনাকে আকর্ষণ করিলেন।২৪

এবং নির্ভর্ৎসিতা ভীতা যমুনা যদুনন্দনম্।
উবাচ চকিতা বাচং পতিতা পাদয়োর্নৃপ ॥২৫
রাম রাম মহাবাহো ন জানে তব বিক্রমম্।
যস্যৈকাংশেন বিধৃতা জগতী জগতঃ পতে ॥২৬
পরং ভাবং ভগবতো ভগবান্ মামজানতীম্।
মোক্তুমর্হসি বিশ্বাত্মন্ প্রপন্নাং ভক্তবৎসল ॥২৭

হে নৃপ! ইতি এবং নির্ভর্ৎসিতা অতঃ ভীতা চকিতা প্রকম্পিতা যমুনা বলরামস্য পাদয়োঃ পতিতা সতী যদুনন্দনম্ উবাচ ॥২৫

হে রাম! হে মহাবাহো রাম! যস্য তব একাংশেন জগতী পৃথ্বী বিধৃতা, হে জগতঃ পতে! তস্য তব বিক্রমম্ অহং ন জানে ॥২৬

হে ভক্তবৎসল ভগবন্! বিশ্বাত্মন্! ভগবতঃ তব পরং ভাবম্ অজানতীম্ অধুনা প্রপন্নাং মাং মোক্তুম্ অর্হসি ॥২৭

এবং যাচিতঃ প্রার্থিতঃ ভগবান্ বলঃ যমুনাং ব্যমুঞ্চৎ; ততঃ করেণুভিঃ সার্দ্ধম্ ইভরাট্ মত্তো গজঃ ইব স্ত্রীভিঃ সার্দ্ধং জলং

হে নরনাথ! যমুনা ভয়ে কম্পিত-কলেবরা হইলেন এবং তৎক্ষণাৎ বলরামের চরণোপান্তে নিপতিতা হইয়া বলরামকে কাতর কণ্ঠে বলিলেন—।২৫

হে মহাবাহো বলরাম! পূর্ব্বে আমি আপনার প্রভাবে কিছুই অবধারণ করিতে পারি নাই। আপনি যে জগৎপালক প্রভু পরমেশ্বর এবং আপনার এক পাদেই যে এই বিশ্বব্রহ্মাণ্ড রচিত হইয়াছে এবং তিন পাদে আপনি স্বরূপে অবস্থান করিতেছেন, এক্ষণে তাহা বিশেষরূপে অবগত হইলাম।২৬

আপনি বিশ্বব্যাপী অন্তরাত্মা, হৃদয়ের সকল ভাবই অবগত আছেন। আমি মূর্খা! অনভিজ্ঞতা-নিবন্ধনই এইরূপ আপনার আজ্ঞার উল্লঙ্ঘনে অন্যথাচরণ করিয়াছি! অতএব ক্ষমা প্রদর্শনে আমাকে এক্ষণে পরিত্যাগ করুন! আমি আপনার একান্ত শরণাগতা। ভক্তের দুঃখ বিমোচন করাই

ততো ব্যমুঞ্চদ্ যমুনাং যাচিতো ভগবান্ বলঃ।
বিজগাহ জলং স্ত্রীভিঃ করেণুভিরিবেভরাট্ ॥২৮
কামং বিহৃত্য সলিলাদুত্তীর্ণায়াসিতাম্বরে।
ভূষণানি মহার্হাণি দদৌ কান্তিঃ শুভাং স্রজম্ ॥২৯
বসিত্বা বাসসী নীলে মালামামুচ্য কাঞ্চনীম্।
রেজে স্বলঙ্কৃতো লিপ্তো মাহেন্দ্র ইব বারণঃ ॥৩০

বিজগাহ প্রবিশ্য চিক্রীড়ে ॥২৮

কামং যথেচ্ছং বিহৃত্য সলিলাৎ জলাৎ উত্তীর্ণায় বহিঃ-নির্গতায় রামায় কান্তিঃ লক্ষ্মীঃ অসিতাম্বরে (অসিতে নীলে অম্বরে) মহার্হাণি অনর্ঘ্যাণি ভূষণানি শুভাং স্রজম্ অম্লানশ্রিয়ং মালাং চ দদৌ ॥২৯

নীলে বাসসী বসিত্বা পরিধায়, তথা কাঞ্চনীং স্বর্ণময়ীং মালাম্ আমুচ্য কণ্ঠে নিধায়, তথা অন্যৈঃ ভূষণৈঃ স্বলঙ্কৃতঃ (চন্দনাদিনা) লিপ্তঃ রামঃ মাহেন্দ্রঃ বারণঃ ঐরাবতঃ ইব বনে রেজে ইতি ॥৩০

আপনার প্রধান ব্রত; আমাকে রক্ষা করুন্।২৭

যমুনার কাতর প্রার্থনায় ভগবান্ বলভদ্র শান্ত হইয়া তাহাকে পরিত্যাগ করিলেন এবং হস্তিনীগণে পরিবৃত মত্ত গজরাজ যেমন ক্রীড়া করে, ভগবান্ বলরামও ললনাগণে পরিবৃত হইয়া সেইরূপ জলা-বগাহন পূর্ব্বক জলক্রীড়া আরম্ভ করিলেন।২৮

এই প্রকারে যথেচ্ছ বিহার করিবার পর, তিনি সলিল হইতে তীরে উঠিলেন; তখন কমলা অতি আদর সহকারে বলরামকে নীল বসনদ্বয়, মহামূল্য আভরণ এবং অম্লানশ্রী মালা প্রদান করিলেন।২৯

নীলবর্ণ পরিধেয় বস্ত্র ও উত্তরীয় গ্রহণ পূর্ব্বক স্বর্ণময়ী মালা কণ্ঠে ধারণ করিলেন এবং অন্যান্য আভরণ ধারণে ও চন্দনাদি সুগন্ধ দ্রব্য লেপনে মহামনা বলরাম বাসবের ঐরাবতের ন্যায় সেই বনমধ্যে বিহার করিতে লাগিলেন।৩০

অদ্যাপি দৃশ্যতে রাজন্ যমুনাকৃষ্টবর্ত্মনা।
বলস্যানন্তবীর্য্যস্য বীর্য্যং সূচয়তীব হি ॥৩১
এবং সর্ব্বা নিশা যাতা একেব রমতো ব্রজে।
রামস্যাক্ষিপ্তচিত্তস্য মাধুর্য্যৈর্ব্রজযোষিতাম্ ॥৩২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫

হে রাজন্! অনন্তবীর্য্যস্য (অনন্তং বীর্য্যং যস্য তস্য) বলস্য বীর্য্যং সূচয়ন্তী এব হি আকৃষ্টবর্ত্মনা হলাকৃষ্টমার্গেণ স্যন্দমানা যমুনা অদ্যাপি দৃশ্যতে ॥৩১

ব্রজযোষিতাং মাধুর্য্যৈঃ বিলাসৈঃ আক্ষিপ্তং চিত্তং যস্য তস্য এবং ব্রজে রমতঃ রামস্য সর্ব্বাঃ নিশাঃ একা ইব যাতাঃ অতীতাঃ বভূবুঃ ॥৩২

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ

হে রাজন্! অনন্তবীর্য্য বলরামের তাদৃশ বীর্য্যের পরিচয়ার্থ যমুনা অদ্যাবধি সেই লাঙ্গলাকৃষ্ট-মার্গে বিভক্ত স্রোতস্বতীরূপে পরিলক্ষিত হইতেছে।৩১

ব্রজনারীগণের হাবভাব ও বিলাস-বশে আকৃষ্ট-চিত্ত ভগবান্ বলরাম এরূপ নিবিষ্ট-হৃদয়ে সেইস্থানে বিহার করিয়াছিলেন যে, দুই মাসের রজনীও নিত্য অভিনব বেশে তাঁহার নিকট এক রাত্রির ন্যায় অতিবাহিত হইয়াছিল।৩২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[পৌণ্ড্রকস্য কাশিরাজস্য চ বধঃ, স্বপ্রযুক্তেনাভিচারাগ্নিনা সুদক্ষিণস্য বিনাশঃ, সুদর্শনতেজসা বারাণসীদহনঞ্চ।]

শ্রীশুক উবাচ।
নন্দব্রজং গতে রামে করূষাধিপতির্নৃপ।
বাসুদেবোঽহমিত্যজ্ঞো দূতং কৃষ্ণায় প্রাহিণোৎ ॥১

ত্বং বাসুদেবো ভগবানবতীর্ণো জগৎপতিঃ।
ইতি প্রস্তোভিতো বালৈর্মেন আত্মানমচ্যুতম্ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ। রামে নন্দব্রজং গতে সতি অজ্ঞঃ মূর্খঃ করূষাধিপতিঃ করূষদেশাধিপতিঃ পৌণ্ড্রকঃ বাসুদেবঃ ইতি মত্বা কৃষ্ণায় দূতং প্রাহিণোৎ প্রেরিতবান্ ॥১

অন্বয়ঃ

জগৎপতিঃ ভগবান্ বাসুদেবঃ এব ত্বম্ অবতীর্ণঃ ইতি বালৈঃ প্রস্তোভিতঃ স্তুত্যা মৃষৈব প্রোৎসাহিতঃ, সঃ করূষাধিপতিঃ আত্মানম্ অচ্যুতম্ ইতি মেনে ॥২

ষট্‌ষষ্টিতম অধ্যায়।

[পৌণ্ড্রক ও কাশিরাজের বধ, নিজপ্রযুক্ত অভিচারাগ্নি দ্বারা সুদক্ষিণের বিনাশ এবং সুদর্শন-চক্রের তেজে বারাণসীদাহন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! বলরাম ক্রীড়ার্থ নন্দব্রজে গমন করিলে করূষদেশের অধিপতি রাজা পৌণ্ড্রক আপনাকে সাক্ষাৎ বাসুদেব মনে করত শ্রীকৃষ্ণের সন্নিধানে একজন দূত প্রেরণ করিয়াছিল।১

কারণ তত্রত্য বালকগণ কৌতুক করত বৃথা

দূতঞ্চ প্রাহিণোন্মন্দঃ কৃষ্ণায়াব্যক্তবর্ত্মনে।
দ্বারকায়াং যথা বালো নৃপো বালকৃতোঽবুধঃ ॥৩
দূতস্তু দ্বারকামেত্য সভায়ামাস্থিতং প্রভুম্।
কৃষ্ণং কমলপত্রাক্ষং রাজসন্দেশমব্রবীৎ ॥৪
বাসুদেবোঽবতীর্ণোঽহমেক এব ন চাপরঃ।
ভূতানামনুকম্পার্থং ত্বন্তু মিথ্যাভিধাং ত্যজ ॥৫

যানি ত্বমস্মচ্চিহ্নানি মৌঢ্যাদ্ বিভর্ষি সাত্বত।
ত্যক্ত্বৈহি মাং ত্বং শরণং নো চেদ্দেহি মমাহবম্ ॥৬

শ্রীশুক উবাচ।
কত্থনং তদুপাকর্ণ্য পৌণ্ড্রকস্যাল্পমেধসঃ।
উগ্রসেনাদয়ঃ সভ্যা উচ্চৈর্জহসুস্তদা ॥৭

যথা অবুধঃ বালঃ ক্রীড়ায়াং (বালৈঃ এব কৃতঃ) বালকৃতঃ (নৃপঃ নৃপত্বেন কল্পিতঃ আত্মানং নৃপং মন্যতে তথা) সঃ মন্দঃ মন্দবুদ্ধিঃ বাসুদেবোঽহমিতি মত্বা দ্বারকায়াং বিদ্যমানায় অব্যক্তবর্ত্মনে (অব্যক্তং বর্ত্ম যস্য তস্মৈ) কৃষ্ণায় দূতং চ প্রাহিণোৎ প্রেরয়ামাস ॥৩

দূতঃ তু দ্বারকাম্ এত্য সভায়াং সুধর্ম্মায়াম্ আস্থিতং কমলপত্রাক্ষং প্রভুং কৃষ্ণং রাজসন্দেশম্ (রাজ্ঞঃ পৌণ্ড্রকস্য সন্দেশং কথনীয়াং বার্ত্তাম্) অব্রবীৎ ॥৪

ভূতানাং প্রাণিনাম্ অনুকম্পার্থম্ অনুগ্রহার্থম্ অহম্ এব একঃ বাসুদেবঃ বাসুদেবত্বেন অবতীর্ণঃ; ত্বং তু মিথ্যা এব অভিধাং ধৎসে, অতঃ তাং ত্যজ ॥৫

হে সাত্বত! ত্বং যানি অস্মচ্চিহ্নানি (অস্মাকম্ অসাধারণানি চিহ্নানি ধ্বজাদীনি) মৌঢ্যাৎ বিভর্ষি, তানি ত্যক্ত্বা মাং শরণম্ এহি আগচ্ছ, নোচেৎ অন্যথা মম সহ আহবং যুদ্ধং দেহি যুধ্যস্ব ॥৬

শ্রীশুকঃ উবাচ। অল্পমেধসঃ মন্দভাগ্যস্য পৌণ্ড্রকস্য তৎ কত্থনং দূতোক্তম্ উপাকর্ণ্য শ্রুত্বা, উগ্রসেনাদয়ঃ সভ্যাঃ সভায়াঃ উপস্থিতাঃ জনাঃ উচ্চৈঃ জহসুঃ ॥৭

উৎসাহ-বাক্যের প্রয়োগে তাহাকে বলিত যে, আপনিই জগৎপতি ভগবান্ বাসুদেবের মূর্ত্তিতে অবতীর্ণ হইয়াছেন। ঐ নির্ব্বোধ পৌণ্ড্রকও বালকগণের কল্পিত উৎসাহ-বাক্যে এতই উত্তেজিত হইয়াছিল যে, সে প্রকৃতপ্রস্তাবেই আপনাকে অচ্যুত বলিয়া জ্ঞান করিতে লাগিল।২

অবোধ বালকগণ ক্রীড়াকালে আপনাদের মধ্যে কোন বালককে রাজা সাজাইয়া যেমন ক্রীড়া করে এবং সেই কল্পিত রাজা বালকও যেমন তৎকালে আপনাকে রাজা মনে করিয়া, তদনুসারে বয়স্যগণের সহিত আচরণ করে, সেইরূপ এই মূর্খ পৌণ্ড্রকও বালকগণের উৎসাহে প্রকৃত প্রস্তাবে আপনাকে অচ্যুত মনে করিয়া অব্যক্তপ্রভাব ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট দ্বারকায় দূত প্রেরণ করিল।৩

দূতও দ্বারকায় উপনীত হইয়া সুধর্ম্মানাম্নী শ্রীকৃষ্ণের সভায় প্রবেশ করিল এবং তথায় সমাসীন কমললোচন শ্রীকৃষ্ণের সন্নিধানে স্বীয় প্রভুর কথা নিবেদন করিয়া বলিল যে, মহারাজ পৌণ্ড্রক আপনাকে বলিয়াছেন যে—।৪

"জগতে জীবগণের প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে আমি বাসুদেব রূপে অবতীর্ণ হইয়াছি। তুমি কেবল নিরর্থক আমার বাসুদেব নাম ধারণ কর মাত্র। অতএব অদ্য হইতে ঐ নাম তুমি পরিত্যাগ কর।"।৫

রে সাত্বত! সামান্য যাদবকুলে জন্ম পরিগ্রহ করিয়াই সর্ব্বভূতোপকারী বাসুদেব-রূপে জন্ম পরিগ্রহ করা তোমার পক্ষে কখনই সম্ভবপর নহে; অতএব লোকবঞ্চনার্থ শঙ্খ, চক্র, গদা ও পদ্মাদি মদীয় অলৌকিক যে সকল চিহ্ন ধারণে তুমি জনসমাজে প্রতিষ্ঠার প্রার্থনা করিতেছ, সে সকল চিহ্ন সত্বর পরিত্যাগ করিয়া আমার শরণাগত হও। ইহার অন্যথা করিলে আমার সহিত যুদ্ধ করিবার আহ্বান গ্রহণ করিয়া যোগ্য উত্তর দাও।৬

উবাচ দূতং ভগবান্ পরিহাসকথামনু।
উৎস্রক্ষ্যে মূঢ় চিহ্নানি যৈস্ত্বমেবং বিকত্থসে ॥৮
মুখং তদপিধায়াজ্ঞঃ কঙ্ক-গৃধ্র-বটৈর্বৃতঃ।
শয়িষ্যসে হতস্তত্র ভবিতা শরণং শুনাম্ ॥৯
ইতি দূতস্তমাক্ষেপং স্বামিনে সর্ব্বমাহরৎ।
কৃষ্ণোঽপি রথমাস্থায় কাশীমুপজগাম হ ॥১০

ভগবান্ শ্রীকৃষ্ণঃ অনু অনন্তরং দূতং পরিহাসকথাম্ উবাচ। রে মূঢ়ঃ! যৈঃ কৃত্রিমৈঃ ধৃতৈঃ চিহ্নৈঃ ত্বম্ এবং বিকত্থসে আত্মানং শ্লাঘসে, তানি ত্বয়া ধৃতানি চিহ্নানি উৎস্রক্ষ্যে ত্যাজয়িষ্যামি ॥৮

হে অজ্ঞ! যেন ত্বম্ এবং বিকত্থসে তৎ মুখম্ আপধায় ব্যাদায় কঙ্ক-গৃধ্রবটৈঃ পক্ষিবিশেষৈঃ বৃতঃ যদা হতঃ সন্ শয়িষ্যসে তত্র রণভূমৌ ত্বং শুনাং শরণং ভবিতা ভবিষ্যসি; (ময়া হতঃ ত্বাং শৃগালাদয়ঃ খাদিষ্যন্তি ইতি ভাবঃ) ॥৯

ইতি এবং তৎ আক্ষেপং ভগবদুক্তং সর্ব্বং তিরস্কারবচনং দূতঃ স্বামিনে পৌণ্ড্রকায় আহরৎ আগত্য নিবেদিতবান্,

কৃষ্ণঃ অপি রথম্ আস্থায় কাশীম্ উপজগাম ॥১০

পৌণ্ড্রকোঽপি তদুদ্যোগমুপলভ্য মহারথঃ।
অক্ষৌহিণীভ্যাং সংযুক্তো নিশ্চক্রাম পুরাদ্ দ্রুতম্ ॥১১
তস্য কাশিপতির্মিত্রং পার্ষ্ণিগ্রাহোঽন্বয়ান্নৃপ।
অক্ষৌহিণীভিস্তিসৃভিরপশ্যৎ পৌণ্ড্রকং হরিঃ ॥১২
শঙ্খার্য্যসি-গদা-শার্ঙ্গ-শ্রীবৎসাদ্যুপলক্ষিতম্।
বিভ্রাণং কৌস্তুভমণিং বনমালাবিভূষিতম্ ॥১৩

মহারথঃ পৌণ্ড্রকঃ অপি তস্য কৃষ্ণস্য যুদ্ধোদ্‌যোগং উপলভ্য দৃষ্ট্বা অক্ষৌহিণীভ্যাং সংযুক্তঃ মিলিতঃ সন্ দ্রুতং পুরাৎ নিশ্চক্রমে ॥১১

হে নৃপ! তস্য পৌণ্ড্রকস্য মিত্রং কাশীপতিঃ পার্ষ্ণিগ্রাহঃ পৃষ্ঠতঃ রক্ষকঃ সহায়ভূতঃ সন্ তিসৃভিঃ অক্ষৌহিণীভিঃ সহ অন্বয়াৎ অনুজগাম; তদা হরিঃ কৃষ্ণঃ পৌণ্ড্রকং দদর্শ ॥১২

শঙ্খার্য্যাদিভিঃ উপলক্ষিতং; (অরি অরযুক্তং চক্রং) কৌস্তুভমণিং চ বিভ্রাণং তথাঃ বনমালাবিভূষিতম্ ॥১৩

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! দুর্ভাগা পৌণ্ড্রকের তাদৃশ দুরুক্তি শ্রবণে উগ্রসেনাদি সভাস্থগণ উচ্চকণ্ঠে হাস্য করিয়া উঠিলেন।৭

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ পরিহাসচ্ছলে দূতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—সেই মূর্খ পৌণ্ড্রক যে যে কৃত্রিম চিহ্ন ধারণে গর্ব্বিত হইয়া এরূপ দুরুক্তির প্রয়োগ করিয়াছে, আমি তাহার সকল চিহ্নই পরিত্যাগ করাইব।৮

(তাহার শরণাগত থাকিতে আমাকে হইবে না ;) সেই মূর্খ যে মুখের দ্বারা এই সকল আত্মাভিমানের পরিচয় দিয়াছে, সেই মুখকে ব্যাদন করিয়া কঙ্ক গৃধ্র ও বটাদিতে পরিবৃত হইয়া রণপ্রাঙ্গণে মৃত্যুশয্যায় যখন শয়ান থাকিবে, তখন সে শৃগাল ও কুকুর-গণেরই আশ্রয়প্রদ অবশ্যই হইবে; সন্দেহ নাই। আমিই তাহার নিধনকারী উপস্থিত আছি।৯

দূত তখন স্বীয় প্রভু পৌণ্ড্রকের সমীপে উপস্থিত হইয়া কৃষ্ণ-কথিত যাবতীয় দুর্ব্বাক্যের বিষয় আনুপূর্ব্বিক বর্ণন করিল। এদিকে শ্রীকৃষ্ণ রথারোহণে পৌণ্ড্রকের তাৎকালিক বাসস্থান কাশীধামে যুদ্ধার্থ যাত্রা করিলেন।১০

মহারথ পৌণ্ড্রকও শ্রীকৃষ্ণে যুদ্ধোদ্‌যোগের ব্যাপার অবলোকন করিয়া সত্বর দুই অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া কাশীপুর হইতে যুদ্ধার্থ নির্গত হইল।১১

হে রাজন্! পৌণ্ড্রক কৃষ্ণসহ যুদ্ধে গমন করিয়াছে শ্রবণ করিয়া তদীয় মিত্র মহারাজ কাশীপতিও পৌণ্ড্রকের সাহায্যার্থ তিন অক্ষৌহিণী সেনা সঙ্গে লইয়া পশ্চাৎ পশ্চাৎ গমন করিল।১২

যুদ্ধক্ষেত্রে ভগবান্ শ্রীকৃষ্ণ পৌণ্ড্রককে শঙ্খ, চক্র, গদা ও পদ্মাদিতে বিভূষিত এবং গলদেশে কৌস্তুভমণি ও বনমালা ধারণে বাসুদেবমূর্ত্তিতে সজ্জিত লক্ষ্য করিলেন।১৩

কৌশেয়বাসসী পীতে বসানং গরুড়ধ্বজম্।
অমূল্যমৌল্যাভরণং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥১৪
দৃষ্ট্বা তমাত্মনস্তুল্যং বেষং কৃত্রিমমাস্থিতম্।
যথা নটং রঙ্গগতং বিজহাস ভৃশং হরিঃ ॥১৫
শূলৈর্গদাভিঃ পরিঘৈঃ শক্ত্যৃষ্টি-প্রাস-তোমরৈঃ।
অসিভিঃ পট্টিশৈর্বাণৈঃ প্রাহরন্নরয়ো হরিম্ ॥১৬
কৃষ্ণস্তু তৎপৌণ্ড্রককাশিরাজয়ো-
র্বলং গজ-স্যন্দন-বাজি-পত্তিমৎ।
গদাসি-চক্রেষুভিরার্দ্দয়দ্ভৃশং
যথা যুগান্তে হুতভুক্ পৃথক্ প্রজাঃ ॥১৭
আয়োধনং তদ্রথ-বাজি-কুঞ্জর-
দ্বিষৎখরোষ্ট্রৈররিণাবখণ্ডিতৈঃ।
বভৌ চিতং মোদবহং মনস্বিনা-
মাক্রীড়নং ভূতপতেরিবোল্বণম্ ॥১৮
অথাহ পৌণ্ড্রকং শৌরির্ভো ভো পৌণ্ড্রক যদ্ভবান্।
দূতবাক্যেন মামাহ তান্যস্ত্রাণ্যুৎসৃজামি তে ॥১৯

পীতে কৌশেয়ে (কীট-নির্ম্মিত-কোশজ তন্তু-নির্ম্মিতে) বাসসী বসানং পরিদধানং, গরুড়ধ্বজম্ (কৃত্রিমঃ গরুড়ঃ ধ্বজে যস্য তম্), অমূল্যমৌল্যাভরণং (অমূল্যঃ অনর্ঘ্যঃ মৌলিঃ অন্যানি আভরণানি চ যস্য তং), স্ফুরন্মকর-কুণ্ডলম্ (স্ফুরন্তী মকরাকারে কুণ্ডলে যস্য তম্) ॥১৪

রঙ্গগতং (রঙ্গে নৃত্যস্থং রাজাদিবেশধারিণং) নটং যথা তথা আত্মনঃ তুল্যং কৃত্রিমং বেষম্ আস্থিতং স্বীকৃতবন্তং তং পৌণ্ড্রকং দৃষ্ট্বা হরিঃ বিজহাস।

ততশ্চ অরয়ঃ শূলাদিভিঃ হরিং প্রহরন্ ॥১৫-১৬

যুগান্তে প্রলয়-সময়ে হুতভুক্ বহ্নিঃ, যথা পৃথক্ প্রজাঃ জরায়ুজাদি-চতুর্বিধ-ভূতগ্রামান্ নাশয়তি তথা কৃষ্ণঃ তু পৌণ্ড্রক-কাশিরাজয়োঃ গজ-স্যন্দন-বাজি-পত্তিমৎ তৎ বলং গদাসি-চক্রেষুভিঃ ভৃশম্ আর্দ্দয়ৎ পীড়য়ামাস ॥১৭

অরিণা চক্রেণ অবখণ্ডিতৈঃ রথ-বাজি-কুঞ্জর-দ্বিষৎ-খরোষ্ট্রৈঃ চিতং ব্যাপ্তং, তৎ আযোধনং যুদ্ধস্থলং (কল্পান্তে) ভূতপতেঃ রুদ্রস্য উল্বণং ভয়ঙ্করম্, আক্রীড়নং ক্রীড়াস্থানম্ ইব মনস্বিনাং শূরাণাং মোদবহং হর্ষকরং বভৌ ॥১৮

অথ শৌরিঃ কৃষ্ণঃ পৌণ্ড্রকম্ আহ ভোঃ ভোঃ পৌণ্ড্রক। দূতবাক্যেন দূতমুখেন (যানি অস্মদস্ত্রাণি বিভর্ষি, তানি ত্যজ ইতি) যৎ ভবান্ মাম্ আহ তানি, অস্ত্রাণি তে তুভ্যং ত্বদ্বধার্থম্ উৎসৃজামি প্রক্ষিপামি ॥১৯

ঐ ব্যক্তি স্বয়ং পীতবর্ণ কৌশেয় বস্ত্র পরিধান ও উত্তরীয় গ্রহণ পূর্ব্বক স্বীয় রথের ধ্বজার উপর একটী কৃত্রিম গরুড় প্রস্তুত করিয়া সন্নিবিষ্ট রাখিয়াছিল। এবং মহামূল্য কিরীট অনর্ঘ্য আভরণ ও মণিময় স্বচ্ছ কুণ্ডল ধারণ করিয়াছিল।১৪

নৃত্যাদি পূর্ণ রঙ্গমঞ্চে রাজাদির বেশ ধারণে উপস্থিত নটের ন্যায়, বাসুদেবানুরূপ কৃত্রিম বেশ অবলম্বনে উপনীত পৌণ্ড্রককে নয়নগোচর করিয়া শ্রীকৃষ্ণ উচ্চকণ্ঠে হাস্য করিলেন।১৫

ইত্যবসরে পৌণ্ড্রক-পক্ষীয় শত্রুগণ শূল, গদা, পরিঘ, শক্তি, ঋষ্টি, প্রাস, তোমর অসি, পট্টিশ ও বাণাদি বিবিধ অস্ত্রশস্ত্রের দ্বারা শ্রীকৃষ্ণকে প্রহার করিতে আরম্ভ করিল।১৬

প্রলয়-সময়ে কালানল যেমন জরায়ুজাদি চতুর্ব্বিধ জীব-জগৎকে বিনষ্ট করে, ভগবান্ শ্রীকৃষ্ণও গদা, অসি, চক্র এবং বাণের প্রহারে পৌণ্ড্রক এবং কাশিরাজের গজ, অশ্ব, রথ ও পদাতি-বিশিষ্ট চতুরঙ্গিণী সেনাকে একান্ত বিমর্দপ্রায় ও বিপন্ন করিয়া ফেলিলেন।১৭

সুদর্শনচক্রের আঘাতে ছিন্ন বিচ্ছিন্ন রথ, অশ্ব, কুঞ্জর, পদাতি, খর ও উষ্ট্র সমূহ সমর-প্রাঙ্গণে নিপতিত হইয়া রণস্থলকে ভূতনাথ ত্রিলোচনের ভীষণ ক্রীড়া-ভবনের ন্যায়, মনস্বী শূরগণের অতীব হর্ষোৎপাদক-রূপে প্রতীত করিয়াছিল।১৮

অনন্তর শৌরী শ্রীকৃষ্ণ পৌণ্ড্রককে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওহে পৌণ্ড্রক। দূতের দ্বারা তুমি আমাকে

ত্যাজয়িষ্যেঽভিধানং মে যৎ ত্বয়াজ্ঞ মৃষা ধৃতম্।
ব্রজামি শরণং তেঽদ্য যদি নেচ্ছামি সংযুগম্ ॥২০
ইতি ক্ষিপ্ত্বা শিতৈর্বাণৈর্বিরথীকৃত্য পৌণ্ড্রকম্।
শিরোঽবৃশ্চদ্ রথাঙ্গেন বজ্রেণেন্দ্রো যথা গিরেঃ ॥২১
তথা কাশিপতেঃ কায়াচ্ছির উৎকৃত্য পত্রিভিঃ।
ন্যপাতয়ৎ কাশিপুর্য্যাং পদ্মকোশমিবানিলঃ ॥২২

হে অজ্ঞ! বাসুদেবঃ ইতি যৎ মে মম অভিধানং ত্বয়া মৃষা এব ধৃতং, তৎ ত্যাজয়িষ্যে। (বদুক্তং শরণম্ এহি ইতি তত্র) অদ্য তে তব শরণং ব্রজামি, যদি সংযুগং যুদ্ধং ন ইচ্ছামি ॥২০

ইতি এবং বচনৈঃ ক্ষিপ্ত্বা তিরস্কৃত্য ইন্দ্রঃ যথা বজ্রেণ গিরেঃ শৃঙ্গং পাতয়তি, তথা শিতৈঃ তীক্ষ্ণৈঃ বাণৈঃ পৌণ্ড্রকং বিরথীকৃত্য রথাঙ্গেন চক্রেণ তস্য শিরঃ অবৃশ্চৎ চিচ্ছেদ। তথা তন্মিত্রস্য কাশিপতেঃ শিরঃ পত্রিভিঃ বাণৈঃ কায়াৎ উৎকৃত্য ছিত্বা অনিলঃ বায়ুঃ যথা পদ্মকোশম্ উৎকৃত্য পাতয়তি তথা তৎ কাশিপুর্য্যাং ন্যপাতয়ৎ ॥২১-২২

বলিয়া পাঠাইয়াছিলে যে, তোমারই সকল অস্ত্র আমি ধারণ করিয়াছি। অতএব তাহা আমার পক্ষে পরিত্যাগ করাই প্রয়োজন। সুতরাং তোমার অনুরোধে সেই সমস্ত অস্ত্র শস্ত্র অদ্য তোমার নিধনের জন্যই আমি তোমার বিরুদ্ধে প্রয়োগ করিতেছি; নিজের দম্ভোক্তিতে নিজেই নিহত হইলে অবধারণ কর।১৯

রে মূর্খ! তুমি আমার বাসুদেব বলিয়া এই নামটী যে বৃথা ধারণ করিয়াছ, তাহা অদ্য তোমাকে পরিত্যাগ করাইব। তোমার শরণাগত হইতে যে আমাকে উপদেশ প্রদান করিয়াছ, তাহাতে অদ্য তোমার শরণাগতই হইব, যদি যুদ্ধ করিতে আমি প্রকৃত অসমর্থ হই।২০

এই প্রকার কটূক্তিতে ভর্ৎসনা করিয়া পুরন্দর যেমন বজ্রের আঘাতে গিরি-শৃঙ্গকে নিপাতিত করেন, সেইরূপ শ্রীকৃষ্ণ তীক্ষ্ণধার বাণের আঘাতে পৌণ্ড্রককে রথচ্যুত করিয়া, চক্রাঘাতে তাহার মস্তক-ছেদন

এবং মৎসরিণং হত্বা পৌণ্ড্রকং সসখং হরিঃ।
দ্বারকামাবিশৎ সিদ্ধৈর্গীয়মানকথামৃতঃ ॥২৩
স নিত্যং ভগবদ্ধ্যানপ্রধ্বস্তাখিলবন্ধনঃ।
বিভ্রাণশ্চ হরে রাজন্ স্বরূপং তন্ময়োঽভবৎ ॥২৪
শিরঃ পতিতমালোক্য রাজদ্বারে সকুণ্ডলম্।
কিমিদং কস্য বা বক্ত্রমিতি সংশিশ্যিরে জনাঃ ॥২৫

এবং সসখং কাশিরাজসহিতং মৎসরিণং স্পর্দ্ধাসহং পৌণ্ড্রকং হত্বা সিদ্ধৈঃ গীয়মানকথামৃতঃ (গীয়মানা কথা এব অমৃতং যস্য সঃ) হরিঃ দ্বারকাম্ আবিশৎ আগচ্ছৎ ॥২৩

হে রাজন্! সঃ পৌণ্ড্রকঃ নিত্যং (বৈরেণাপি) ভগবতঃ কৃষ্ণস্য ধ্যানেন ধ্বস্তানি অখিলানি বন্ধনানি কর্ম্মবাসনারূপাণি অবিদ্যাদীনি যস্য তথাবিধঃ সঃ হরেঃ স্বরূপং বিভ্রাণঃ তন্ময়ঃ অভবৎ তল্লোকতাম্ অগাৎ ॥২৪

কাশ্যাং রাজদ্বারি সকুণ্ডলং শিরঃ পতিতম্ আলোক্য কিম্ ইদং কস্য ইদং বক্ত্রম্ ইতি জনাঃ সংশিশ্যিরে সংশয়ং চক্রুঃ ॥২৫

করিলেন।২১

এদিকে বাণের প্রহারে পৌণ্ড্রক-মিত্র কাশিরাজের মস্তক অনিল-ছিন্ন পদ্মকোষের ন্যায় তাহার দেহ হইতে পৃথক্‌ভাবে উৎপাটন করত কাশিপুরে নিপাতিত করিলেন।২২

এই প্রকারে মিত্র কাশিরাজ সহ গর্ব্বিত পৌণ্ড্রকের নিধন সাধন করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বারকায় প্রবেশ করিলেন। তখন সিদ্ধগণ অমৃততুল্য ভগবদ্লীলা গান করিতে লাগিলেন।২৩

কিন্তু হে নরনাথ! পৌণ্ড্রক শত্রুতার অনুরোধে নিত্য ভগবান্ শ্রীকৃষ্ণের চিন্তা ও তৎস্বরূপের ধ্যান করায়, তাহার চিত্তস্থ কর্ম্মবাসনারূপ সংসার-বন্ধন শিথিল হইয়াছিল; হরির স্বরূপ ধারণ করিতেই সে ভগবৎস্বরূপ লাভে বিষ্ণুলোকে গমন করিল।২৪

এদিকে কাশিপুরের দ্বারদেশে কুণ্ডলবিশিষ্ট মস্তক নিপতিত দেখিয়া তত্রত্য পুরবাসী জনগণ "ইহা কাহার মস্তক? কেনই বা এখানে পতিত রহিয়াছে"?

রাজ্ঞঃ কাশিপতের্জ্ঞাত্বা মহিষ্যঃ পুত্র-বান্ধবাঃ।
পৌরাশ্চ হা হতা রাজন্ নাথ নাথেতি প্রারুদন্ ॥২৬

সুদক্ষিণস্তস্য সুতঃ কৃত্বা সংস্থাবিধিং পিতুঃ।
নিহত্য পিতৃহন্তারং যাস্যাম্যপচিতিং পিতুঃ ॥২৭

ইত্যাত্মনাভিসন্ধায় সোপাধ্যায়ো মহেশ্বরম্।
সুদক্ষিণোঽর্চ্চয়ামাস পরমেণ সমাধিনা ॥২৮

প্রীতোঽবিমুক্তে ভগবাংস্তস্মৈ বরমদাদ্ভবঃ।
পিতৃহন্তৃবধোপায়ং স বব্রে বরমীপ্সিতম্ ॥২৯

দক্ষিণাগ্নিং পরিচর ব্রাহ্মণৈঃ সমমৃত্বিজম্।
অভিচারবিধানেন স চাগ্নিপ্রমথৈর্বৃতঃ ॥৩০

সাধয়িষ্যতি সঙ্কল্পমব্রহ্মণ্যে প্রয়োজিতঃ।
ইত্যাদিষ্টস্তথা চক্রে কৃষ্ণায়াভিচরন্ ব্রতী ॥৩১

ততঃ কাশিপতেঃ রাজ্ঞঃ এব ইদং শিরঃ ইতি জ্ঞাত্বা নিশ্চিত্য, মহিষ্যঃ ভার্য্যাঃ পুত্রাদয়ঃ বান্ধবাঃ পৌরাঃ চ হে রাজন্ হে নাথ। হে নাথ, ইতি (ত্বয়ি হতে বয়মপি হতাঃ স্ম ইতি বদন্তঃ) প্রারুদন্ ॥২৬

তস্য কাশিরাজস্য সুদক্ষিণঃ নাম সুতঃ পুত্রঃ পিতুঃ সংস্থা-বিধিম্ উত্তরক্রিয়াং কৃত্বা পিতৃহন্তারং নিহত্য পিতুঃ অপচিতিং নিষ্কৃতিং যাস্যামি ॥২৭

ইতি এবম্ আত্মনা মনসা অভিসন্ধায় নিশ্চিত্য, সোপাধ্যায়ঃ উপাধ্যায়েন সহিতঃ সঃ সুদক্ষিণঃ পরমেণ সমাধিনা একাগ্রেণ চিত্তেন মহেশ্বরং রুদ্রম্ অর্চ্চয়ামাস ॥২৮

অবিমুক্তঃ ভগবান্ ভবঃ প্রীতঃ সন্ তস্মৈ সুদক্ষিণায় বরম্ অদাৎ। সঃ সুদক্ষিণঃ অপি পিতৃহন্তুঃ বধোপায়ম্ এব ঈপ্সিতম্ অভিপ্রেতং বরং বব্রে ॥২৯

ব্রাহ্মণৈঃ সমং সহ অভিচারবিধানেন শক্রমারণোক্তপ্রকারেণ ঋত্বিজম্ ইব স্বনিয়োগকারিণং দক্ষিণাগ্নিং পরিচর আরাধয়। সঃ চ অগ্নিঃ প্রমথৈঃ মদনুচরৈঃ বৃতঃ সন্ তব সংকল্পং সাধয়িষ্যতি; পরন্তু অব্রহ্মণ্যে প্রযোজিতঃ এব। ব্রহ্মণ্যে প্রযোজিতস্তু বিপরীতো ভবেৎ ইতি রুদ্রেণ আদিষ্টঃ সঃ ব্রতী সুদক্ষিণঃ কৃষ্ণায় অভিচরন্ দ্রুহ্যন্ তথা অভিচারং চক্রে ॥৩০-৩১

ইত্যাদি নানাপ্রকার আলোচনা করিয়া সংশয়াপন্ন হইল ।২৫

পরে ইহা মহারাজ কাশিপতিরই মস্তক বলিয়া নিশ্চয় করত, রাজমহিষীগণ রাজপুত্রগণ ও বন্ধুবান্ধব পুরবাসী লোকেরা সকলে শোকাতুর হইয়া "হে রাজন্! হে নাথ! আপনি আমাদিগকে পরিত্যাগ করত কোথায় গমন করিলেন।" ইত্যাদি কাতর-ধ্বনির প্রকাশে রোদন করিতে লাগিল ।২৬

পরে কাশিরাজের পুত্র সুদক্ষিণ পিতার ঔর্দ্ধদেহিক কর্ম্ম সমাপন পূর্ব্বক পিতৃহন্তাকে নিহত করিয়া পিতৃঋণ হইতে মুক্ত হইব বলিয়া প্রতিজ্ঞা করিল ।২৭

এবং মনে মনে ঐ সংকল্পই স্থির করত উপাধ্যায় সহ একাগ্রচিত্তে দেব-দেব মহাদেবের আরাধনা আরম্ভ করিল ।২৮

ভগবান্ আশুতোষও অতি অল্প আরাধনায় পরিতুষ্ট হইয়া সুদক্ষিণকে যখন বর গ্রহণে অনুমতি করিলেন, তখন সেই পৌণ্ড্রকপুত্র স্বীয় প্রার্থিত পিতৃহন্তার বধোপায়কেই বরস্বরূপে তাঁহার নিকট প্রার্থনা করিলে— ।২৯

মহাদেব বলিলেন,—ব্রাহ্মণগণের দ্বারা শক্রমারণোক্ত প্রণালীর অনুসরণে তুমি ঋত্বিগ্ দ্বারা দক্ষিণাগ্নির আরাধনা কর! সেই অগ্নি মদীয় প্রমথগণে পরিবৃত হইয়া তোমার অভীষ্ট সিদ্ধ করিবে, সন্দেহ নাই। কিন্তু অব্রহ্মণ্য জনে যেন উহা প্রয়োগ করা হয়। কারণ ব্রহ্মণ্যজনে প্রযুক্ত হইলে, বিপরীত ফলই ঘটিবে। এই প্রকারে আদেশ করিলে, সুদক্ষিণ সংযত হইয়া শ্রীকৃষ্ণের বিরুদ্ধে সেই অভিচার কর্ম্ম আরম্ভ করিল ।৩০-৩১

ততোঽগ্নিরুত্থিতঃ কুণ্ডান্মূর্ত্তিমানতিভীষণঃ।
তপ্ততাম্রশিখাশ্মশ্রুরঙ্গারোদ্গারিলোচনঃ ॥৩২

দংষ্ট্রোগ্রভ্রুকুটীদণ্ডকঠোরাস্যঃ স্বজিহ্বয়া।
আলিহন্ সৃক্কণী নগ্নো বিধুন্বংস্ত্রিশিখং জ্বলন্ ॥৩৩

পদ্ভ্যাং তালপ্রমাণাভ্যাং কম্পয়ন্নবনীতলম্।
সোঽভ্যধাবদ্ বৃতো ভূতৈর্দ্বারকাং প্রদহন্ দিশঃ ॥৩৪

তমভিচারদহনমায়ান্তং দ্বারকৌকসঃ।
বিলোক্য তত্রসুঃ সর্ব্বে বনদাহে মৃগা যথা ॥৩৫

অক্ষৈঃ সভায়াং ক্রীড়ন্তং ভগবন্তং ভয়াতুরাঃ।
ত্রাহি ত্রাহি ত্রিলোকেশ বহ্নেঃ প্রদহতঃ পুরম্ ॥৩৬

শ্রুত্বা তজ্জনবৈক্লব্যং দৃষ্ট্বা স্বানাঞ্চ সাধ্বসম্।
শরণ্যঃ সম্প্রহস্যাহ মা ভৈষ্টেত্যবিতাস্ম্যহম্ ॥৩৭

সর্ব্বস্যান্তর্বহিঃসাক্ষী কৃত্যাং মাহেশ্বরীং বিভুঃ।
বিজ্ঞায় তদ্বিঘাতার্থং পার্শ্বস্থং চক্রমাদিশৎ ॥৩৮

ততঃ কুণ্ডাৎ অতিভীষণঃ তপ্ততাম্রমিব শিখাশ্মশ্রূণি যস্য সঃ, অঙ্গারান্ উদ্গারীণি লোচনানি যস্য সঃ মূর্ত্তিমান্ অগ্নিঃ কুণ্ডাৎ উত্থিতঃ ॥৩২

দংষ্ট্রাভিঃ উগ্রৈঃ ভ্রুকুটীদণ্ডৈঃ কঠোরং ক্রূরম্ আস্যং যস্য সঃ, বহ্নিঃ স্বজিহ্বয়া সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ আলিহন্ আ সর্ব্বতো লিহন্ ত্রিশিখং শূলং বিধুন্বন্ ঘূর্ণয়ন্ জ্বলন্ ॥৩৩

তালপ্রমাণাভ্যাং পদ্ভ্যাম্ অবনীতলং কম্পয়ন্ ভূতৈঃ প্রমথৈঃ বৃতঃ সঃ অগ্নিঃ দিশঃ প্রদহন্ দ্বারকাম্ অভ্যধাবৎ ॥৩৪

অভিচারদহনং তম্ আয়ান্তং বিলোক্য বন-দাহে মৃগাঃ যথা তথা সর্ব্বে দ্বারকৌকসঃ দ্বারকাবাসিনঃ তত্রসুঃ ভীতাঃ বভূবুঃ ॥৩৫

হে ত্রিলোকেশ। তথা ভয়াতুরাঃ সন্তঃ প্রদহতঃ বহ্নেঃ সকাশাৎ পুরং ত্রাহি ত্রাহি ইতি সভায়াম্ অক্ষৈঃ ক্রীড়ন্তং ভগবন্তং কৃষ্ণং তে আহুঃ ॥৩৬

তৎ জনবৈক্লব্যং (জনানাং বৈক্লব্যং ব্যাকুলত্বাং) শ্রুত্বা স্বানাং ভক্তানাং চ সাধ্বসং দুঃখং চ দৃষ্ট্বা শরণ্যঃ প্রতিপালকঃ, ভগবান্ শ্রীকৃষ্ণঃ সংপ্রহস্য মা ভৈষ্ট ভয়ং মা কুরুত, অহম্ অবিতা রক্ষকঃ অস্মি ইতি আহ ॥৩৭

সর্ব্বস্য জগতঃ অন্তর্বহিঃ সাক্ষী সাক্ষাৎ দ্রষ্টা, বিভুঃ শ্রীকৃষ্ণঃ তাং মাহেশ্বরীং কৃত্যাং বিজ্ঞায় তস্য কৃত্যান বিঘাতার্থং স্বস্য পার্শ্বস্থং চক্রং সুদর্শনম্ আদিশৎ আজ্ঞাপয়ামাস ॥৩৮

অনন্তর সেই অগ্নিকুণ্ড হইতে তপ্ত তাম্রের ন্যায় শিখা ও শ্মশ্রুধারী অঙ্গারের ন্যায় লোচনবিশিষ্ট অতি ভীষণ মূর্ত্তিমান্ হুতাশন উত্থিত হইলেন।৩২

করাল দন্তপঙ্‌ক্তি ও ভ্রূযুগলের কুটিল কুঞ্চনে ভয়ানক মুখ-বিশিষ্ট বহ্নি জিহ্বা দ্বারা সৃক্কণীদ্বয় (ওষ্ঠ-প্রান্তযুগল) পরিলেহন করত দিগম্বরবেশে দিক্ সকল যেন প্রদগ্ধ করত ত্রিশূল উত্তোলন পূর্ব্বক অগ্রসর হইতে লাগিল।৩৩

তাল-প্রমাণ তদীয় পাদদ্বয়ের বিক্ষেপে ধরণী কম্পিতা হইতে লাগিলন; এই প্রকারে সেই কালানলসদৃশ হুতাশন রুদ্রানুচর প্রমথগণে পরিবৃত হইয়া দ্বারকার মধ্যে প্রবেশ করিল।৩৪

পর-মারণার্থ প্রযুক্ত সেই ভীষণ অভিচারাগ্নিকে অকস্মাৎ নয়নগোচর করিয়া দ্বারকাবাসী ব্যক্তি-মাত্রেই একান্ত উদ্বিগ্ন হইল এবং বনদাহ কালে তত্রত্য জীবজন্তুগণ যেমন প্রাণভয়ে কাতর হইয়া পড়ে, অত্র দ্বারকাবাসী লোকসমূহও সর্ব্বতো-ব্যাপ্ত অভিচারাগ্নি দর্শনেও সেইরূপ ভীত ও কাতর হইয়া পড়িল।৩৫

তাহারা সকলে ভয়ে অধীর হইয়া শ্রীকৃষ্ণের সমীপে উপনীত হইল; তৎকালে শ্রীকৃষ্ণ সভায় উপবেশন পূর্ব্বক অক্ষক্রীড়া করিতেছিলেন; দ্বারকাবাসিগণ তথায় তাঁহাকে সম্বোধন করত বলিলেন,—হে ত্রিলোকপতে শ্রীকৃষ্ণ! এই প্রচণ্ড

তৎ সূর্য্যকোটিপ্রতিমং সুদর্শনং
জাজ্বল্যমানং প্রলয়ানলপ্রভম্।
স্বতেজসা খং ককুভোঽথ রোদসী
চক্রং মুকুন্দাস্ত্রমথাগ্নিমার্দ্দয়ৎ ॥৩৯

কৃত্যানলঃ প্রতিহতঃ স রথাঙ্গপাণে-
রস্ত্রৌজসা স নৃপ ভগ্নমুখো নিবৃত্তঃ।
বারাণসীং পরিসমেত্য সুদক্ষিণং তং
সর্ত্বিগ্‌জনং সমদহৎ স্বকৃতোঽভিচারঃ ॥৪০

চক্রঞ্চ বিষ্ণোস্তদনু প্রবিষ্টং
বারাণসীং সাট্টসভালয়াপণাম্।
সগোপুরাট্টালককোষ্ঠসঙ্কুলাং
সকোশহস্ত্যশ্বরথান্নশালিনীম্ ॥৪১

দগ্ধ্বা বারাণসীং সর্ব্বাং বিষ্ণোশ্চক্রং সুদর্শনম্।
ভূয়ঃ পার্শ্বমুপাতিষ্ঠৎ কৃষ্ণস্যাক্লিষ্টকর্ম্মণঃ ॥৪২

সূর্য্য-কোটি-প্রতিমং (সূর্য্যাণাং কোটিঃ প্রতিমা তুল্যা যস্য তৎ) প্রলয়ানল-প্রভং (প্রলয়ানলস্য ইব অতিশয়েন জলন্তি প্রভা যস্য তৎ) জাজ্বল্যমানং তথা স্বতেজসা খম্ অন্তরীক্ষং, ককুভঃ দিশঃ, অথ রোদসী দ্যাবাপৃথিব্যৌ, প্রকাশয়ৎ মুকুন্দস্য তৎ সুদর্শনং চক্রম্ অগ্নিম্ আর্দ্দয়ৎ পীড়য়ামাস ॥৩৯

হে নৃপ! রথাঙ্গপাণেঃ চক্রধরস্য অস্ত্রৌজসা প্রতিহতঃ অতঃ বিভগ্নমুখঃ অতঃ নিবৃত্তঃ স্বকৃতঃ (যেন কৃতঃ) সঃ অভিচারঃ কৃত্যানলঃ বারাণসীং প্রতি সমেত্য সর্ত্বিগ্‌জনম্ ঋত্বিগ্‌ভিঃ অন্যৈঃ চ জনৈঃ সমেতং তং সুদক্ষিণং সমদহৎ ॥৪০

তদনুপ্রবিষ্টং কৃত্যানলম্ অনুসৃত্য প্রবিষ্টং বিষ্ণোঃ চক্রং চ সাট্টসভালয়াপণাম্ (অট্টাঃ মঞ্চাঃ সভাঃ, আলয়ানি গৃহাঃ, আপণাঃ হট্টাঃ তাভিঃ সহিতাং) তথা গোপুরাণি পুরদ্বারাণি অট্টালকাঃ উপরিতন-প্রদেশাঃ, কোষ্ঠানি অন্নসংগ্রহ-দুর্গাণি তৈঃ সঙ্কুলাং তথা সকোশ-হস্ত্যশ্ব-রথান্নশালিনীং বারাণসীং প্রবিষ্টং সৎ ॥৪১

সর্ব্বাং বারাণসীং দগ্ধ্বা বিষ্ণোশ্চক্রং সুদর্শনম্ অক্লিষ্টকর্ম্মণঃ উদারচেষ্টিতস্য কৃষ্ণস্য পার্শ্বং ভূয়ঃ পুনঃ উপাতিষ্ঠৎ ॥৪২

বহ্নির হস্ত হইতে তোমার দ্বারকাপুরস্থ আমাদিগকে রক্ষা কর।৩৬

জনগণের উৎকট ব্যাকুল-ধ্বনি শ্রবণ করিয়া এবং স্বীয় ভক্তগণের বিষম বিপদ উপস্থিত অবলোকন করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, "ভয় নাই! ভয় নাই! আমি তোমাদিগকে রক্ষা করিতেছি"।৩৭

শ্রীকৃষ্ণ যখন সর্ব্বসাক্ষী সনাতন, অন্তর ও বাহির সকলই অবগত আছেন। তখন সেই অনলের আগমন-বার্ত্তা মনে মনে অবধারণ করিলেন এবং ইহা যে মহেশ্বরের শক্তি তাহাও তৎক্ষণাৎ অবগত হইয়া তাহার নিবারণার্থ স্বীয় পার্শ্বস্থ সুদর্শন চক্রকে অনুমতি করিলেন।৩৮

কোটি-সূর্যসদৃশ প্রভাবিশিষ্ট প্রলয়-কালীন কালানলের ন্যায় জাজ্বল্যমান সুদর্শন চক্র স্বীয় প্রভাবে অন্তরীক্ষ, দিক্ সকল স্বর্গ ও মর্ত্তকে আলোকিত করত প্রকাশমান হইয়া সেই কৃত্যাগ্নিকে প্রতিহত করিলেন।৩৯

হে রাজন্! চক্রপাণি শ্রীকৃষ্ণের অস্ত্রপ্রভাবে নিরস্ত ও ভগ্নোদ্যম হইয়া কৃত্যাগ্নি প্রতিনিবৃত্ত হইল এবং দ্বারকা পরিত্যাগ পূর্ব্বক বারাণসীতে গমন করত, তাহার অন্যায় প্রবর্ত্তক সুদক্ষিণ ও তদীয় ঋত্বিগ্‌গণকে বিদগ্ধ করিলেন।৪০

এদিকে ভগবান্ বিষ্ণুর চক্র সুদর্শনও কৃত্যানলের পশ্চাৎ পশ্চাৎ গমন করত মঞ্চসভা, অট্টালিকা ও হট্টাদিতে পরিশোভিত পুরদ্বার, হর্ম্ম্যসমূহ ও অন্নসংগ্রহ দুর্গাদিতে পরিপূর্ণ হস্তী, অশ্ব, রথ এবং ধনধান্যে সমৃদ্ধিশালী বারাণসীতে প্রবেশ করিল।৪১

এবং সমগ্র বারাণসীকে ভস্মসাৎ করত অক্লিষ্ট-

য এনং শ্রাবয়েন্মর্ত্ত্য উত্তমঃশ্লোকবিক্রমম্।
সমাহিতো বা শৃণুয়াৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৪৩

যঃ পুমান্ এতৎ উত্তমঃশ্লোকস্য কৃষ্ণস্য বিক্রমং চেষ্টিতং, সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ মর্ত্ত্যান্ শ্রাবয়েৎ স্বয়ং বা শৃণুয়াৎ সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৪৩

কর্ম্মা শ্রীকৃষ্ণের পার্শ্বে পুনরায় সুদর্শন উপস্থিত হইলেন ।৪২

যে ব্যক্তি উত্তমশ্লোক ভগবান্ শ্রীকৃষ্ণের এই অপূর্ব্ব বিক্রমের বিষয় একাগ্রচিত্তে শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি সর্ব্ববিধ পাপ হইতে নিষ্কৃতি লাভ করেন ।৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ষট্ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তষষ্টিতমঃ অধ্যায়ঃ ।

[বল-দ্বিবিদয়োর্যুদ্ধম্, বলরামেণ দ্বিবিদস্য বিনাশশ্চ ।]

রাজোবাচ ।

ভূয়োঽহং শ্রোতুমিচ্ছামি রামস্যাদ্ভুতকর্ম্মণঃ ।
অনন্তস্যাপ্রমেয়স্য যদন্যৎ কৃতবান্ প্রভুঃ ॥১

শ্রীশুক উবাচ ।

নরকস্য সখা কশ্চিদ্দ্বিবিদো নাম বানরঃ ।
সুগ্রীবসচিবঃ সোঽথ ভ্রাতা মৈন্দস্য বীর্য্যবান্ ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ । হে ব্রহ্মন্ । অনন্তস্য অচিন্ত্যগুণস্য, অপ্রমেয়স্য প্রমায়াঃ অবিষয়ীভূতস্য, অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতম্ আশ্চর্য্যজনকং কর্ম্ম লীলা যস্য তস্য) রামস্য চরিতম্ অহং ভূয়ঃ পুনঃ শ্রোতুম্ ইচ্ছামি । বিভুঃ সর্ব্বকরণ-সমর্থঃ রামঃ যৎ অন্যৎ কর্ম্ম কৃতবান্, তৎ ব্রূহি ॥১

শ্রীশুকঃ উবাচ । নরকস্য সখা দ্বিবিদঃ নাম কশ্চিৎ বানরঃ আসীৎ । মৈন্দস্য ভ্রাতা সঃ বীর্য্যবান্ বানরঃ সুগ্রীব-সচিবঃ এব ॥২

সপ্তষষ্টিতম অধ্যায় ।

[বলরাম ও দ্বিবিদ-বানরের যুদ্ধ এবং বলরাম কর্ত্তৃক দ্বিবিদের বিনাশ]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্ ! বলদেবের সামর্থ্য অনির্ব্বচনীয় ও অনন্ত । সাধারণ মানবের ন্যায় তিনি জন্ম পরিগ্রহ করেন নাই । তাঁহার অনুপম লীলা শ্রবণে বিস্মিত হইতে হয় । অতএব সেই অসামান্য সামর্থ্যবিশিষ্ট বলরাম অন্য আরও যে সকল কর্ম্ম করিয়াছেন, সেই সকল শ্রবণের জন্য আমার অত্যন্ত লালসা জন্মিতেছে ; অনুগ্রহ পূর্ব্বক আপনি সেই সকল বর্ণন করুন ।১

সখ্যুঃ সোঽপচিতিং কুর্ব্বন্ বানরো রাষ্ট্রবিপ্লবম্ ।
পুরগ্রামাকরান্ ঘোষানদহদ্ বহ্নিমুৎসৃজন্ ॥৩

ক্বচিৎ স শৈলানুৎপাট্য তৈর্দেশান্ সমচূর্ণয়ৎ ।
আনর্ত্তান্ সুতরামেব যত্রাস্তে মিত্রহা হরিঃ ॥৪

ক্বচিৎ সমুদ্রমধ্যস্থো দোর্ভ্যামুৎক্ষিপ্য তজ্জলম্ ।
দেশান্ নানাযুতপ্রাণো বেলাকূলে ন্যমজ্জয়ৎ ॥৫

সঃ দ্বিবিদঃ নাম বানরঃ মৃতস্য সখ্যুঃ নরকস্য অপচিতিম্ আনৃণ্যং কুর্ব্বন্ রাষ্ট্রস্য রাজ্যস্য, বিপ্লবঃ নাশঃ যথা স্যাৎ তথা বহ্নিম্ উৎসৃজন্ পুরগ্রামাকরান্ অদহৎ ॥৩

সঃ ক্বচিৎ শৈলান্ উৎপাট্য তৈঃ শৈলৈঃ দেশান্ সমচূর্ণয়ৎ । তথা যত্র মিত্রহা নরকাসুরহন্তা, হরিঃ কৃষ্ণঃ আস্তে, তান্ আনর্ত্তান্ দ্বারকাসমীপ-দেশান্, এত্য আগত্য, তু সুতরাং সমচূর্ণয়ৎ ॥৪

নাগাযুতপ্রাণঃ (নাগানাং গজানাং অযুতস্য দশ-সহস্রস্য প্রাণঃ বলং যস্য সঃ বানরঃ) ক্বচিৎ সমুদ্র-মধ্যস্থঃ সন্ দোর্ভ্যাং তস্য সমুদ্রস্য জলম্ উদ্ধৃত্য বেলাকূলে (বেলায়াঃ কূলে তীরে বর্ত্তমানান্ দেশান্ সংন্যমজ্জয়ৎ ॥৫

পরীক্ষিতের প্রশ্ন শ্রবণে শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ ! ভূমিপুত্র নরকাসুরের সখা দ্বিবিদ নামে একটী বানর ছিল ; ঐ বীর্য্যবান্ বানর মৈন্দের ভ্রাতা এবং সুগ্রীবেরও সচিব ছিল ।২

উক্ত দ্বিবিদ বানর মৃত সখা নরকের বৈর-নির্য্যাতন করিবার মানসে সমগ্র রাজত্ব ধ্বংস করিবার উদ্যোগ করিল এবং পুর, গ্রাম ও আভীর-পল্লীসমূহে অগ্নি প্রদানের দ্বারা বিনষ্ট করিতে আরম্ভ করিল ।৩

ঐ বানর পর্ব্বতসকল উৎপাটন করিয়া তাহার আঘাতে দেশসকল চূর্ণ-বিচূর্ণ করিতে লাগিল এবং স্বীয় মিত্র নরকের নিধনকারী শ্রীকৃষ্ণ যে স্থানে বাস করিতেছিলেন, সেই দ্বারকার নিকটবর্ত্তী আনর্ত্তাদি গ্রামসমূহকে সম্পূর্ণ বিনষ্টপ্রায় করিয়া ফেলিল ।৪

কখনও বা সমুদ্রগর্ভে অবগাহন পূর্ব্বক তাহার বিশাল হস্তদ্বয়ের দ্বারা এরূপ পরিমাণে জল তীর-ভূমিতে সিঞ্চন করিত যে, নিকটবর্ত্তী গ্রামসমূহ জলমগ্ন হইয়া যাইত ।৫

আশ্রমানৃষিমুখ্যানাং কৃত্বা ভগ্নবনস্পতীন্ ।
অদূষয়চ্ছকৃন্মূত্রৈরগ্নীন্ বৈতানিকান্ খলঃ ॥৬

পুরুষান্ যোষিতো দৃপ্তঃ ক্ষ্মাভৃদ্দ্রোণীগুহাসু সঃ ।
নিক্ষিপ্য চাপ্যধাচ্ছৈলৈঃ পেশস্কারীব কীটকম্ ॥৭

এবং দেশান্ বিপ্রকুর্ব্বন্ দূষয়ংশ্চ কুলস্ত্রিয়ঃ ।
শ্রুত্বা সুললিতং গীতং গিরিং রৈবতকং যযৌ ॥৮

ঋষিমুখ্যানাং আশ্রমান্ ভগ্নবনস্পতীন্ (ভগ্নাঃ বনস্পতয়ঃ বৃক্ষাঃ যেষাং তে তথাভূতান্) কৃত্বা শকৃন্মূত্রৈঃ (শকৃতা মলেন মূত্রৈঃ চ) সঃ খলঃ বৈতানিকান্ যজ্ঞীয়ান্ আহবনীয়ান্ অগ্নীন্ অদূষয়ৎ ॥৬

সঃ দৃপ্তঃ অহঙ্কৃতঃ বানরঃ ক্ষ্মাভৃদ্দ্রোণীগুহাসু (ক্ষ্মাভৃতঃ পর্ব্বতস্য দ্রোণীষু গুহাসু চ পুরুষান্ যোষিতঃ নিক্ষিপ্য পেশস্কারী ভ্রমরঃ ইব কীটকং শৈলৈঃ প্রস্তরাদিভিঃ তান্ অধাৎ পিহিতবান্ ॥৭

এবং দেশান্ বিপ্রকুর্ব্বন্ পীড়য়ন্ তত্র কুলস্ত্রিয়ঃ কুলস্ত্রীঃ দূষয়ন্, বলেন ক্রিয়মাণং সুললিতং মধুরং গীতং শ্রুত্বা রৈবতকং গিরিং যযৌ ॥৮

শ্রেষ্ঠ ঋষিগণের আশ্রমে উপস্থিত হইয়া ঐ দুষ্ট তাঁহাদের আশ্রম-তরু ভগ্ন করিত এবং মূত্র ও পুরীষোৎসর্গের দ্বারা ঋষিগণের যজ্ঞাগ্নিকে দূষিত করিতে আরম্ভ করিল ।৬

দ্বিবিদ নিজের বলে এতই দর্পিত হইয়াছিল যে, সে কাহাকেও গ্রাহ্য করিত না। পেশস্কার ভ্রমর যেমন বলপূর্ব্বক মক্ষিকাদি কীটসমূহকে ধরিয়া নিজ গর্ত্তে লইয়া রাখে, সেইরূপ এই বলোন্মত্ত দ্বিবিদও নর ও তত্রত্য নারীগণকে অনায়াসে গ্রহণ করত ভূধর গুহায় নিক্ষেপ পূর্ব্বক শৈলাদির দ্বারা আবৃত রাখিত ।৭

দেশ ও গ্রামাদি বিনষ্ট করিয়া কুলকামিনীগণকে

তত্রাপশ্যদ্ যদুপতিং রামং পুষ্করমালিনম্।
সুদর্শনীয়সর্ব্বাঙ্গং ললনাযূথমধ্যগম্ ॥৯
গায়ন্তং বারুণীং পীত্বা মদবিহ্বললোচনম্।
বিভ্রাজমানং বপুষা প্রভিন্নমিব বারণম্ ॥১০
দুষ্টঃ শাখামৃগঃ শাখামারূঢ়ঃ কম্পয়ন্ দ্রুমান্।
চক্রে কিলকিলাশব্দমাত্মানং সম্প্রদর্শয়ন্ ॥১১
তস্য ধার্ষ্ট্যং কপেবীক্ষ্য তরুণ্যো জাতিচাপলাঃ।
হাস্যপ্রিয়া বিজহসুর্বলদেবপরিগ্রহাঃ ॥১২

তা হেলয়ামাস কপির্ভ্রূক্ষেপৈঃ সম্মুখাদিভিঃ।
দর্শয়ন্ স্বগুদং তাসাং রামস্য চ নিরীক্ষতঃ ॥১৩
তং গ্রাব্ণা প্রাহরৎ ক্রুদ্ধো বলঃ প্রহরতাং বরঃ।
স বঞ্চয়িত্বা গ্রাবাণং মদিরাকলশং কপিঃ ॥১৪
গৃহীত্বা হেলয়ামাস ধূর্ত্তস্তং কোপয়ন্ হসন্।
নির্ভিদ্য কলশং দুষ্টো বাসাংস্যাস্ফালয়দ্ বলম্ ॥১৫
কদর্থীকৃত্য বলবান্ বিপ্রচক্রে মদোদ্ধতঃ।
তং তস্যাবিনয়ং দৃষ্ট্বা দেশাংশ্চ তদুপদ্রুতান্ ॥১৬

তত্র রৈবতকোপবনে ললনাযূথমধ্যগং নারীগণপরিবৃতং, সুদর্শনীয়-সর্ব্বাঙ্গং (সুদর্শনীয়ানি সর্ব্বাণি অঙ্গানি যস্য তং) পুষ্করমালিনং (পুষ্করং কমলং তস্য মালা যস্য অস্তীতি তৎ) যদুপতিং যাদবানাং পালকং রামম্ অপশ্যৎ ॥৯

বারুণীং মদিরাং পীত্বা গায়ন্তং, মদেন বিহ্বলে লোচনে যস্য তং প্রভিন্নং মত্তং, বারণম্ ইব বপুষা বিভ্রাজমানং রামং অপশ্যৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১০

সঃ দুষ্টঃ শাখামৃগঃ বানরঃ শাখাম্ আরূঢ় এব দ্রুমান্ কম্পয়ন্ তেন আত্মানং সম্প্রদর্শয়ন্ কিলকিলা ইতি শব্দং চক্রে ॥১১

তস্য দ্বিবিদস্য ধার্ষ্ট্যং প্রাগল্ভ্যং বীক্ষ্য জাতিচাপলাঃ (জাত্যা স্বভাবেন এব চাপলং যাসাং তাঃ) হাস্যপ্রিয়াঃ (হাস্যং প্রিয়ং যাসাং তাঃ) বলদেব-পরিগ্রহাঃ (বলদেবস্য পরিগ্রহঃ যাসাং তাঃ) তরুণ্যঃ যুবতয়ঃ বিজহসুঃ ॥১২

সঃ দ্বিবিদঃ বানরঃ রামস্য নিরীক্ষতঃ পশ্যতঃ এব তম্ অনাদৃত্য, ভ্রূক্ষেপৈঃ (সংমুখাদিভিঃ সম্মুখাগমনদন্ত-প্রদর্শনাদিভিঃ স্বগুদং দর্শয়ন্ তাসাং তাঃ স্ত্রীঃ হেলয়ামাস অবজজ্ঞে ॥১৩

প্রহরতাং বরঃ শ্রেষ্ঠঃ বলঃ ক্রুদ্ধঃ সন্ গ্রাব্ণা পাষাণেন তং প্রাহরৎ ; সঃ চ ধূর্ত্তঃ কপিঃ গ্রাবাণং বঞ্চয়িত্বা হসন্

কলুষিত করিতে লাগিল ; ইতিমধ্যে রৈবতক পর্ব্বত হইতে অপূর্ব্ব গীত-ধ্বনি শ্রবণ করিয়া ঐ বানর মুগ্ধপ্রায় হইয়া তদভিমুখেই যাত্রা করিল।৮

এবং তথায় উপস্থিত হইয়া ললনাগনে পরিবৃত সর্ব্বাঙ্গসুন্দর পদ্মমালাধারী যাদবেন্দ্র বলরামকে নয়নগোচর করিল।৯

ভগবান্ বলভদ্র বারুণী মদিরা পানে মত্ত ও মদবিহ্বল-লোচন হইয়া মত্ত গজেন্দ্রের ন্যায় অপূর্ব্ব রূপ ধারণে গান করিতেছিলেন।১০

ইত্যবসরে সেই দুষ্ট বানর বৃক্ষশাখায় আরোহণ পূর্ব্বক পাদপ-সমূহ কম্পিত করিতে আরম্ভ করিল এবং কামিনীগণকে মুখভঙ্গি প্রদর্শন পূর্ব্বক কিচ্ মিচ্ ধ্বনি করিতে লাগিল।১১

কপির প্রাগল্ভ দর্শনে চপল-স্বভাবা হাস্যপ্রিয় তরুণবয়স্কা বলদেবপত্নীগণ উচ্চকণ্ঠে হাস্য আরম্ভ করিল।১২

দুষ্ট বানর তখন বলদেবের সমক্ষেই ভ্রূক্ষেপ, মুখভঙ্গি ও পায়ু-প্রদর্শনে নারীগণকে অবজ্ঞা প্রদর্শন করিতে লাগিল।১৩

বলদেব্ বানরের তাদৃশ ধৃষ্টতা দর্শনে ক্রুদ্ধ হইয়া তদুপরি পাষাণ-খণ্ড নিক্ষেপ করিলেন। কিন্তু সেই ধূর্ত্ত পাষাণ-প্রহার হইতে আপন শরীরকে রক্ষা করত, কৌশল ক্রমে বলরামের নিকট হইতে বঞ্চনা পূর্ব্বক মদিরা কলসটি সংগ্রহ করত হাসিতে হাসিতে পলায়ন করিল। এতদ্দর্শনে বলরাম কোপে কম্পিত হইয়া উঠিলেন। অনন্তর দ্বিবিদ-বানর বলরামকে অবমানিত করিবার অভিপ্রায়ে মদিরা কলসটি দূরে

ক্রুদ্ধো মুষলমাদত্ত হলঞ্চারিজিঘাংসয়া।
দ্বিবিদোঽপি মহাবীর্য্যঃ শালমুদ্যম্য পাণিনা ॥১৭
অভ্যেত্য তরসা তেন বলং মূর্দ্ধন্যতাড়য়ৎ।
তন্তু সঙ্কর্ষণো মূর্দ্ধ্নি পতন্তমচলো যথা ॥১৮
প্রতিজগ্রাহ বলবান্ সুনন্দেনাহনচ্চ তম্।
মুষলাহতমস্তিষ্কো বিরেজে রক্তধারয়া ॥১৯
গিরির্যথা গৈরিকয়া প্রহারং নানুচিন্তয়ন্।
পুনরন্যং সমুৎক্ষিপ্য কৃত্বা নিষ্পত্রমোজসা ॥২০

তেনাহনৎ সুসংক্রুদ্ধস্তং বলঃ শতধাচ্ছিনৎ।
ততোঽন্যেন রুষা জঘ্নে তঞ্চাপি শতধাচ্ছিনৎ ॥২১
এবং যুদ্ধ্যন্ ভগবতা ভগ্নে ভগ্নে পুনঃ পুনঃ।
আকৃষ্য সর্ব্বতো বৃক্ষান্ নির্ব্বৃক্ষমকরোদ্ বনম্ ॥২২
ততোঽমুঞ্চচ্ছিলাবর্ষং বলস্যোপর্য্যমর্ষিতঃ।
তৎ সর্ব্বং চূর্ণয়ামাস লীলয়া মুষলায়ুধঃ ॥২৩
স বাহূ তালসঙ্কাশৌ মুষ্টীকৃত্য কপীশ্বরঃ।
আসাদ্য রোহিণীপুত্রং তাভ্যাং বক্ষস্যরূরুজৎ ॥২৪

কোপয়ন্ মদিরাকলসং গৃহীত্বা তং বলরামং হেলয়ামাস। মদিরা-কলসং নিক্ষিপ্য ধৃষ্টঃ সঃ বানরঃ যোষিতাং বাসাংসি আস্ফালয়ৎ আকৃষ্য পাটিতবান্। ততঃ চ বলং কদর্থীকৃত্য অগণয়িত্বা, বিপ্রচক্রে অপকারং কৃতবান্। তস্য কপেঃ তম্ অবিনয়ং, তথা তেন দেশান্ চ উপদ্রুতান্ দৃষ্ট্বা ক্রুদ্ধঃ রামঃ অরেঃ বানরস্য জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া হলং মুষলং চ আদত্ত আদদে। মহাবীর্য্যঃ দ্বিবিদঃ অপি পাণিনা শালং শালবৃক্ষম্ উৎপাট্য তরসা বেগেন অভ্যেত্য তেন শালেন বলং মূর্দ্ধ্নি ব্যতাড়য়ৎ। বস্তু মূর্দ্ধ্নি পতন্তং তং শালং ভগবান্ সঙ্কর্ষণঃ অচলঃ যথা তথা হস্তেন প্রতিজগ্রাহ গৃহীতবান্; তথা সুনন্দাখ্যেন মুষলেন তং কপিম্ অহনৎ চ। মুষলাহত-মস্তিষ্কঃ (মুষলেন আহতঃ মস্তিষ্কঃ মস্তকাবয়বঃ যস্য সঃ) বানরঃ রুধির-ধারয়া গৈরিকযা গিরিঃ যথা তথা বিরেজে; ততশ্চ তং প্রহারং ন অনুচিন্তয়ন্, সুসংক্রুদ্ধঃ সন্ পুনঃ অন্যং শালবৃক্ষং সমুৎক্ষিপ্য নিষ্পত্রং চ কৃত্বা তেন শালেন ওজসা বেগেন অহনৎ তং বলং প্রতি চিক্ষেপ। বলঃ তু তং শালং শতধা অভিনৎ চিচ্ছেদ ততঃ দ্বিবিদঃ অন্যেন শালেন রুষা ক্রোধেন তং বলং জঘ্নে; তম্ অপি শালং সঃ বলঃ অহনং শতধা কৃতবান্, এবং ভগবতা সহ যুধ্যন্ প্রযুক্তে অস্ত্রে বৃক্ষে চ ভগ্নে ভগ্নে সতি সর্ব্বতঃ বৃক্ষান্ আকৃষ্য উৎপাট্য প্রক্ষিপন্ তং বনং নির্ব্বৃক্ষং অকরোৎ। ততশ্চ অমর্ষিতঃ ক্রুদ্ধঃ সন্ দ্বিবিদঃ বলস্য উপরি শিলাবর্ষম্ অমুঞ্চৎ। তৎ সর্ব্বং শিলাবর্ষং মুষলায়ুধঃ লীলয়া চূর্ণয়ামাস ॥১৪-২৩

লইয়া ভগ্ন করিল এবং দ্রুতবেগে আগমন পূর্ব্বক নারীগণের পরিধেয় বস্ত্র আকর্ষণে ছিন্ন বিচ্ছিন্ন করত বিশেষরূপে বিব্রত করিতে লাগিল। তখন মদমত্ত বলশ্রেষ্ঠ বলরাম নারীগণের প্রতি কপির তাদৃশ অত্যাচার দর্শনে ও গ্রাম-সমূহ তাহার উপদ্রবে বিনিষ্ট-প্রায় অবলোকন করিয়া, অতিশয় ক্রুদ্ধ হইলেন এবং বানরের নিধন-বাসনায় মুষল ও হল উত্তোলন পূর্ব্বক দণ্ডায়মান হইলেন। দ্বিবিদও ইত্যবসরে একটী প্রচণ্ড শাল-বৃক্ষ এক হস্তে উৎপাটন পূর্ব্বক দ্রুতবেগে অগ্রসর হইল এবং অতি তীব্রবেগে বলদেবের মস্তকোপরি তদ্দ্বারা আঘাতের চেষ্টা করিল। শাল-বৃক্ষ পতিত হইতে নিরীক্ষণ করিয়াও বলরাম কিঞ্চিমাত্র বিচলিত হইলেন না, বরং অচলের ন্যায় প্রতিষ্ঠিত থাকিয়া, স্বীয় হস্তের দ্বারাই সেই শাল বৃক্ষ ধারণ করিলেন এবং সুনন্দন নামক মুষলের আঘাতে বানরকে আহত করিলেন। মুষলের আঘাতে বিদীর্ণ মস্তক হইতে অবিরলধারে রুধির-ধারা নিপতিত হইতে লাগিল; কিন্তু সেই বলোন্মত্ত বানর গৈরিক-বর্ণে শোভিত গিরির ন্যায় বেশ ধারণে তাদৃশ প্রহারকেও উপেক্ষা করত অপর একটি শাল-বৃক্ষ উৎপাটন পূর্ব্বক তাহাকে নিষ্পত্র করিল এবং ক্রোধে প্রজ্বলিত হইয়া অতি তীব্রবেগে বলরামের উপর নিক্ষেপ করিল। বলরাম কিন্তু অস্ত্রের প্রয়োগে সেই বৃক্ষকেও শতধা বিভক্ত করিয়া

যাদবেন্দ্রোঽপি তং দোর্ভ্যাং ত্যক্ত্বা মুষললাঙ্গলে।
জত্রাবভ্যর্দ্দয়ৎ ক্রুদ্ধঃ সোঽপতদ্ রুধিরং বমন্ ॥২৫
চকম্পে তেন পততা সটঙ্কঃ সবনস্পতিঃ।
পর্ব্বতঃ কুরুশার্দ্দূল বায়ুনা নৌরিবাম্ভসি ॥২৬
জয়শব্দো নমঃশব্দঃ সাধু সাধ্বিতি চাম্বরে।
সুরসিদ্ধ মুনীন্দ্রাণামাসীৎ কুসুমবর্ষিণাম্ ॥২৭

এবং নিহত্য দ্বিবিদং জগদ্ব্যতিকরাবহম্।
সংস্তূয়মানো ভগবান্ জনৈঃ স্বপুরমাবিশৎ ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭

সঃ কপীশ্বরঃ দ্বিবিদঃ তাল-সকাশৌ তাল-প্রমাণৌ, বাহূ মুষ্টিকৃত্য রোহিণীপুত্রঃ রামম্ আসাদ্য প্রাপ্য তাভ্যাং বাহুভ্যাং বক্ষসি অরুরুজং অতাড়জং ॥২৪

ক্রুদ্ধঃ যাদবেন্দ্রঃ অপি মুষল-লাঙ্গলৌ ত্যক্ত্বা দোর্ভ্যাম্ এব তং কপিং জত্রৌ কণ্ঠবাহুমূলে অভ্যর্দ্দয়ৎ অতাড়য়ৎ। সঃ কপিঃ রুধিরং বমন্ অপতৎ ॥২৫

হে কুরুশার্দ্দূল। পততা তেন দ্বিবিদেন সটঙ্কঃ (টঙ্কঃ সজোয়-বিবরাণি তৎসহিতঃ) সবনস্পতিঃ বনস্পতিসহিতঃ, পর্ব্বতঃ বায়ুনা প্রকম্পিতা অম্ভসি স্থিতা নৌঃ ইব চকম্পে ॥২৬

তদা বলস্ত উপরি কুসুম-বর্ষিণাং সুর-সিদ্ধ-মুনীন্দ্রাণাম অম্বরে জয়শব্দঃ নমঃ-শব্দঃ তথা সাধু সাধু ইতি সাধুবাদঃ যথাযোগ্যম্ আসীৎ ॥২৭

জগদ্ব্যতিকরাবহং (জগতঃ ব্যতিকরং নাশম্ আবহতীতি তং) দ্বিবিদম্ এবম্ নিহত্য জনৈঃ সংস্তূয়মানঃ ভগবান্ বলরামঃ স্বপুরং দ্বারকাম্ আবিশৎ ॥২৮

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭

ফেলিলেন। বানর তখন ক্রোধ-কম্পিত-হৃদয়ে পুনরায় আর একটি শাল-বৃক্ষের দ্বারা বলরামকে আহত করিবার চেষ্টা করিল; কিন্তু বলরাম সেই বৃক্ষকেও শতধা বিভক্ত করত দ্বিবিদের উদ্যমকে নিষ্ফল করিলেন। এই প্রকারে বারংবার নিক্ষেপ ও বারংবার বৃক্ষকে শতধা বিভিন্ন করায়, দ্বিবিদ ও বলরামের তুমুল সংগ্রাম হইতে লাগিল। এই প্রকারে দ্বিবিদ কর্তৃক নিরন্তর বৃক্ষের উৎপাটনে তত্রত্য শাল-বনটী যখন নিষ্পাদপ হইল, তখন দ্বিবিদ বারিধরের জলধারার ন্যায় বলরামের উপর শিলাবর্ষণ আরম্ভ করিল। কিন্তু মুষলায়ুধ বলরাম দ্বিবিদ-নিক্ষিপ্ত যাবতীয় শিলাখণ্ডই চূর্ণ বিচূর্ণ করিয়া ফেলিলেন।১৪-২৩

বিশাল তালবৃক্ষ সদৃশ হস্তদ্বয়কে তখন মুষ্টিবদ্ধ করিয়া কপীশ্বর দ্বিবিদ বলরামের অভিমুখে ধাবিত হইল এবং বলরামের বক্ষোপরি দুই হস্তে মুষ্ট্যাঘাত আরম্ভ করিল।২৪

যাদবেন্দ্র বলরাম তখন স্বীয় দুই হস্ত হইতে মুষল ও লাঙ্গল পরিত্যাগ করিলেন এবং ক্রোধে বানরের বাহু ও কণ্ঠের মূলদেশ জত্রুর উপর নিষ্করুণভাবে করাঘাত করিলেন। সেই প্রচণ্ড করাঘাতে বানর রুধির বমন করত ধরণী পৃষ্ঠে নিপতিত হইল।২৫

হে কুরুশ্রেষ্ঠ! বায়ুভরে নৌকাসকল যেমন জলের উপর আন্দোলিত হয়, অদ্য দ্বিবিদের পতনেও সেইরূপ জলপূর্ণ বিবর ও বনস্পতি-বিশিষ্ট ভূধরগণও প্রকম্পিত হইয়া উঠিল।২৬

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত সপ্তষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[কৌরবৈঃ স্বয়ংবরসভাতঃ দুর্যোধনসুতায়া লক্ষ্মণায়া অপহর্তুঃ সাম্বস্য বন্ধনম্, তস্য মোচনায় বলরামেণ হস্তিনাপুরস্যাকর্ষণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

দুর্য্যোধনসুতাং রাজন্ লক্ষ্মণাং সমিতিঞ্জয়ঃ।
স্বয়ংবরস্থামহরৎ সাম্বো জাম্ববতীসুতঃ ॥১

কৌরবাঃ কুপিতা ঊচুর্দুর্বিনীতোঽয়মর্ভকঃ।
কদর্থীকৃত্য নঃ কন্যামকামামহরদ্ বলাৎ ॥২

বধ্নীতেমং দুর্বিনীতং কিং করিষ্যন্তি বৃষ্ণয়ঃ।
যেঽস্মৎপ্রসাদোপচিতাং দত্তাং নো ভুঞ্জতে মহীম্ ॥৩

নিগৃহীতং সুতং শ্রুত্বা যদ্যেষ্যন্তীহ বৃষ্ণয়ঃ।
ভগ্নদর্পাঃ শমং যান্তি প্রাণা ইব সুসংযতাঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সমিতিঞ্জয়ঃ (সমিতিঃ শত্রুং জয়তি ইতি তথাভূতঃ) জাম্ববতীসুতঃ সাম্বঃ স্বয়ংবরস্থাং দুর্য্যোধনসুতাং লক্ষ্মণাম্ অহরৎ ॥১

তদা চ কৌরবাঃ ভীষ্মাদয়ঃ কুপিতাঃ সন্তঃ পরস্পরং প্রোচুঃ যৎ অয়ং দুর্ব্বিনীতঃ অর্ভকঃ বালকঃ নঃ অস্মান্ কদর্থীকৃত্য উপেক্ষ্য অকামাম্ অনিচ্ছন্তীম্ অপি অস্মাকং কন্যাং লক্ষ্মণাং বলাৎ অহরৎ ॥২

ইমং দুর্ব্বিনীতং বধ্নীত। এবং কৃতে যে অস্মৎ প্রসাদোপচিতাং (অস্মাকং প্রসাদেন পরাক্রমেণ উপচিতাং সমৃদ্ধাং নঃ অস্মাভিঃ দত্তাং মহীং ভুঞ্জতে, তে বৃষ্ণয়ঃ যাদবাঃ কিং করিষ্যন্তি ॥৩

যদি কদাপি সুতং নিগৃহীতং বদ্ধং শ্রুত্বা বৃষ্ণয়ঃ যুদ্ধার্থম্ ইহ এষ্যন্তি আগমিষ্যন্তি, তর্হি ভগ্নদর্পাঃ (ভগ্নঃ দর্পঃ গর্ব্বঃ যেষাং তে তথাভূতাঃ সন্তঃ) সুসংযতাঃ (প্রাণায়ামাদিভিঃ দমিতাঃ) প্রাণাঃ ইন্দ্রিয়াণীব শমং শান্তিং যান্তি যাস্যন্তি ॥৪

অষ্টষষ্টিতম অধ্যায়।

[কৌরবগণ কর্ত্তৃক স্বয়ংবর সভা হইতে দুর্যোধন-কন্যা লক্ষ্মণাকে অপহরণকারী সাম্বের বন্ধন এবং তাহার মোচনের জন্য বলরামদ্বারা হস্তিনাপুরের আকর্ষণ।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! এক সময় দুর্য্যোধন-তনয়া লক্ষ্মণার বিবাহার্থ স্বয়ংবর-সভার অনুষ্ঠান হয় এবং লক্ষ্মণা তথায় পতি নির্ব্বাচনার্থ উপস্থিত হইলে, সংগ্রামজয়ী জাম্ববতী-নন্দন সাম্ব বলপূর্ব্বক সর্ব্বসমক্ষে সভা হইতে ঐ কন্যাকে হরণ করিলেন।১

এতদ্দর্শনে দুর্য্যোধনাদি কৌরবগণ কুপিত হইয়া বলিলেন,—অহো! এই বালকটি নিতান্তই দুর্বিনীত! কন্যা স্বয়ং পতিত্বে বরণ করিবে বলিয়াই এই অনুষ্ঠান করা হইয়াছে; কিন্তু এই বালক আমাদের সকলকে উপেক্ষা করিয়া সেই চিরন্তন বরণ-প্রথার পরিবর্ত্তে কন্যার অনিচ্ছা সত্ত্বেও বলপূর্ব্বক তাহাকে হরণ করিয়া লইয়া যাইতেছে।২

অতএব তোমরা সকলে এই দুর্বিনীত বালককে বন্ধন কর। তাহাতে বৃষ্ণিবংশীয়গণ আমাদের কি করিতে পারিবে। তাহারা ত আমাদিগেরই অনুগ্রহ-প্রার্থী এবং আমাদিগের প্রদত্ত যৎসামান্য সম্পত্তি লইয়াই ভোগ করে মাত্র; প্রকৃত প্রস্তাবে তাহারা ত আর রাজা নহে।৩

তবে বালকের নিগ্রহ করা হইয়াছে শ্রবণে যদি তাহারা নিতান্তই প্রতিহিংসার মানসে এখানে উপস্থিত হয়, তখন প্রাণায়াম-বলে যেমন ইন্দ্রিয়গণের নিগ্রহ ঘটে, সেইরূপ এই কৌরব-প্রতাপে নিগৃহীত হইয়া তাহাদেরও দর্প উপশমিত হইবে।৪

ইতি কর্ণঃ শলো ভূরির্যজ্ঞকেতুঃ সুযোধনঃ।
সাম্বমারেভিরে বদ্ধুং কুরুবৃদ্ধানুমোদিতাঃ ॥৫
দৃষ্ট্বানুধাবতঃ সাম্বো ধার্ত্তরাষ্ট্রান্ মহারথঃ।
প্রগৃহ্য রুচিরং চাপং তস্থৌ সিংহঃ ইবৈকলঃ ॥৬
তং তে জিঘৃক্ষবঃ ক্রুদ্ধাস্তিষ্ঠ তিষ্ঠেতি ভাষিণঃ।
আসাদ্য ধন্বিনো বাণৈঃ কর্ণাগ্রণ্যঃ সমাকিরন্ ॥৭
সোঽপবিদ্ধঃ কুরুশ্রেষ্ঠ কুরুভির্যদুনন্দনঃ।
নামৃষ্যৎ তদচিন্ত্যার্ভঃ সিংহ ক্ষুদ্রমৃগৈরিব ॥৮

বিস্ফূর্জ্য রুচিরং চাপং সর্ব্বান্ বিব্যাধ সায়কৈঃ।
কর্ণাদীন্ ষড়্রথান্ বীরস্তাবদ্ভির্যুগপৎ পৃথক্ ॥৯

চতুর্ভিশ্চতুরো বাহানেকৈকেন চ সারথীন্।
রথিনশ্চ মহেষ্বাসাংস্তস্য তৎ তেঽভ্যপূজয়ন্ ॥১০

তস্য তে বিরথং চক্রুশ্চত্বারশ্চতুরো হয়ান্।
একস্তু সারথিং জঘ্নে চিচ্ছেদান্যঃ শরাসনম্ ॥১১

অথ কুরুবৃদ্ধানুমোদিতাঃ (কুরুবৃদ্ধেন ভীষ্মেণ অনুমোদিতাঃ) কর্ণঃ, শলঃ, ভূরিঃ, যজ্ঞকেতুঃ, সুযোধনঃ ইতি সর্ব্বে সাম্বং বদ্ধুং বন্ধুম্ আরেভিরে। ততঃ ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রতনয়ান্ অনু পশ্চাৎ ধাবতঃ আগচ্ছতঃ দৃষ্ট্বা মহাবলঃ সাম্বঃ রুচিরং চাপং প্রগৃহ্য সিংহঃ ইব একলঃ একাকী এব তস্থৌ ॥৫-৬

কর্ণাগ্রণ্যঃ (কর্ণঃ অগ্রণীঃ যেষাং তে) জিঘৃক্ষবঃ তং গ্রহীতুম্ ইচ্ছবঃ তিষ্ঠ তিষ্ঠ ইতি ভাষিণঃ ক্রুদ্ধাঃ তে ধন্বিনঃ তং প্রতি আসাদ্য আগত্য বাণৈঃ সমাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥৭

হে কুরুশ্রেষ্ঠ! কুরুভিঃ অভিবিদ্ধঃ তাড়িতঃ অচিন্ত্যার্ভঃ (অচিন্ত্যস্য অচিন্ত্যপ্রভাবস্য ভগবতঃ অর্ভঃ), যদুনন্দনঃ সাম্বঃ ক্ষুদ্রমৃগৈঃ তাড়িতঃ সিংহঃ ইব তৎ বেধনং ন অমৃষ্যৎ ন সেহে ॥৮

রুচিরম্ আরোপিতজ্যং চাপং বিস্ফূর্য্য নির্ঘোষয়িত্বা, সঃ বীরঃ সাম্বঃ সর্ব্বান্ ষড়্রথান্ ষট্সংখ্যকান্ কর্ণাদীন্ তাবদ্ভিঃ সায়কৈঃ একদা যুগপৎ এব পৃথক্ প্রত্যেকং বিব্যাধ ॥৯

প্রত্যেক-রথানাং চতুর্ভিঃ চতুর্ভিঃ সায়কৈঃ চতুরঃ বাহান্ অশ্বান্, একৈকেন চ সায়কেন সারথীন্ তথা একৈকেন চ রথিনঃ সঃ বিব্যাধ। মহেষ্বাসাঃ মহাধনুর্দ্ধরাঃ অপি তে কর্ণাদয়ঃ রথিনঃ তস্য সাম্বস্য তৎ কর্ম্ম অভ্যপূজয়ন্ স্তুতবন্তঃ। তে তু কর্ণাদয়ঃ সর্ব্বে মিলিত্বা তম্ একাকিনং সাম্বং বিরথং চক্রুঃ; যতঃ তেষু চত্বারঃ চতুরঃ হয়ান্ জঘ্নুঃ একঃ তু সারথিং জঘ্নে, অন্যঃ তস্য শরাসনং চিচ্ছেদ ॥১০-১১

দুর্য্যোধনের এই প্রস্তাব পিতামহ ভীষ্মও অনুমোদন করিলেন এবং তাঁহার সহিত কর্ণ, শল, ভূরি, যজ্ঞকেতু ও সুযোধন প্রভৃতি সকলে যুদ্ধার্থ প্রস্তুত হইয়া সাম্বকে বন্ধন করিবার জন্য ছয় জনেই যাত্রা করিলেন।৫

কিন্তু মহাবল সাম্ব দূর হইতে ধৃতরাষ্ট্র-পক্ষীয় বীরগণকে যুদ্ধার্থ তাঁহারা অনুসরণ করিতে দেখিয়া কিছুমাত্র ভীত হইলেন না; বরং একটি মনোহর শরাসনে জ্যা আরোপ করত কেশরীর ন্যায় বীরদর্পে একাকীই সেই স্থানে দণ্ডায়মান রহিলেন।৬

এদিকে কর্ণাদি ক্রুদ্ধ সকল ধনুর্দ্ধারী সাম্বকে বন্ধন করিবার অভিপ্রায়ে তিরস্কার-বচনে বলিল, "ওরে সাম্ব! যদি বীর হও! তাহা হইলে ভয়ে ভীত হইয়া পলায়ন করিও না! ক্ষণকাল অপেক্ষা কর"। এই কথা বলিতে বলিতে সকলে অগ্রসর হইতে লাগিলেন, পরে সাম্বের নিকটবর্ত্তী হইয়া বাণ প্রহারে তাঁহাকে সম্পূর্ণ আচ্ছাদিত করিয়া ফেলিলেন।৭

চিন্তাতীত ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্র সাম্ব তাঁহাদের বাণে একান্ত আহত হইলেন বটে, কিন্তু একের বিরুদ্ধে ছয়জন রথির একত্র যুদ্ধ করা নিতান্ত অন্যায় ও ধর্ম্মবিরুদ্ধ বোধে, তিনি তাঁহাদিগের সে অত্যাচার আর সহ্য করিলেন না; বরং ক্ষুদ্র মৃগপোতে বিতাড়িত

তং বদ্ধা বিরথীকৃত্য কৃচ্ছ্রেণ কুরবো যুধি।
কুমারং স্বস্য কন্যাঞ্চ স্বপুরং জয়িনোঽবিশন্ ॥১২
তচ্ছ্রুত্বা নারদোক্তেন রাজন্ সঞ্জাতমন্যবঃ।
কুরূন্ প্রত্যুদ্যমং চক্রুরুগ্রসেনপ্রচোদিতাঃ ॥১৩
সান্ত্বয়িত্বা তু তান্ রামঃ সন্নদ্ধান্ বৃষ্ণিপুঙ্গবান্।
নৈচ্ছৎ কুরূণাং বৃষ্ণীনাং কলিং কলিমলাপহঃ ॥১৪

জগাম হাস্তিনপুরং রথেনাদিত্যবর্চ্চসা।
ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈশ্চ বৃতশ্চন্দ্র ইব গ্রহৈঃ ॥১৫
গত্বা গজাহ্বয়ং রামো বাহ্যোপবনমাস্থিতঃ।
উদ্ধবং প্রেষয়ামাস ধৃতরাষ্ট্রং বুভুৎসয়া ॥১৬
সোঽভিবন্দ্যাম্বিকাপুত্রং ভীষ্মং দ্রোণঞ্চ বাহ্লিকম্
দুর্য্যোধনঞ্চ বিধিবদ্ রামমাগতমব্রবীৎ ॥১৭

এবং যুধি তং সাম্বং কৃচ্ছ্রেণ অতিপ্রয়াসেন বিরথীকৃত্য বদ্ধা চ জয়িনঃ প্রাপ্তজয়াঃ তে কুরবঃ তং কুমারং সাম্বং, স্বস্য দুর্য্যোধনস্য কন্যাং লক্ষ্মণাং চ আদায় স্বপুরম্ অবিশন্ ॥১২

হে রাজন্! ততশ্চ নারদবাক্যেন তৎ সাম্বস্য বন্ধনং শ্রুত্বা সংজাতমন্যবঃ (সংজাতঃ মন্যুঃ ক্রোধঃ যেষাং তে), উগ্রসেনপ্রচোদিতাঃ যাদবাঃ কুরূন্ প্রতি যুদ্ধস্য উদ্যমং চক্রুঃ ॥১৩

যতঃ কুরূণাং বৃষ্ণীনাং কলিং কলহং কলিমলাপহঃ (কলিং কলহাত্মকং মলম্ অপহন্তি ইতি) রামঃ ন ঐচ্ছৎ, অতঃ সন্নদ্ধান্ যুদ্ধার্থং গন্তুমুদ্যতান্ তান্ বৃষ্ণি-পুঙ্গবান্ তু সান্ত্বয়িত্বা গ্রহৈঃ বৃতঃ চন্দ্রঃ ইব কুলবৃদ্ধৈঃ ব্রাহ্মণৈঃ চ বৃতঃ রামঃ আদিত্যবর্চ্চসা রথেন হস্তিনাপুরং জগাম ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৪-১৫

(বিবক্তাং পুরং ন প্রবেষ্টব্যম্ ইতি মত্বা) গজাহ্বয়ং গত্বা অপি বাহ্যোপবনম্ আশ্রিত্য রামঃ বুভুৎসয়া (কৌরবাণাম্ অভিপ্রায়ং জিজ্ঞাসয়া) ধৃতরাষ্ট্রং প্রতি উদ্ধবং প্রেষয়ামাস ॥১৬

সঃ উদ্ধবঃ অম্বিকাপুত্রং ধৃতরাষ্ট্রং, ভীষ্মং, দ্রোণং, দুর্য্যোধনং চ বিধিবৎ অভিবন্দ্য আগতং রামম্ অব্রবীৎ ॥১৭

পশুরাজ সিংহের ন্যায় তিনি আস্ফালন পূর্ব্বক ধনুতে টঙ্কার-ধ্বনি করিলেন এবং ক্ষিপ্রহস্ততার পরিচয়ে সেই ছয় জন মহাবীরের বিপক্ষে প্রত্যেকের প্রতি এক সময়ে তৎসংখ্যক (ছয়টি করিয়া) বাণ নিক্ষেপ করিলেন।৮-৯

প্রত্যেক রথির বাহন অশ্ব-চতুষ্টয়ের প্রতি চারিটি বাণ, এক এক সারথীকে এক এক বাণ এবং এক এক জন রথিকে এক এক বাণে তিনি বিদ্ধ করিলেন। এতদ্দর্শনে সেই ধনুর্দ্ধরাগ্রগণ্য ভীষ্মাদি মহারথিগণ সাম্বের যুদ্ধ-কৌশল সম্বন্ধে বিলক্ষণ প্রশংসা করিলেন।১০

কিন্তু ছয়জনে মিলিত হইয়া একাকী সাম্বকে রথচ্যুত করিলেন। তাঁহাদের মধ্যে চারিজন রথিতে সাম্বের চারিটী অশ্ব ও একজন সারথিকে আহত করিলেন এবং একজন বাণের দ্বারা সাম্বের শরাসন ছেদন করত, ছয়জনে ছয়টী কার্য্য সাধনে একাকী সাম্বকে বিরথ করিলেন ১১

কৌরবগণ অতিকষ্টে সাম্বকে যুদ্ধে রথচ্যুত করিয়া বন্ধন করিলেন এবং জয়-পতাকা উত্তোলন পূর্ব্বক যদুকুমার সাম্ব এবং দুর্য্যোধন-নন্দিনী লক্ষণকে সঙ্গে লইয়া স্বীয় পুরী হস্তিনাপুরে প্রবেশ করিলেন।১২

দেবর্ষি নারদ আসিয়া বৃষ্ণিগণকে সাম্বের বন্ধন-বার্ত্তা প্রদান করিলেন। হে নরনাথ! নারদের মুখে তাদৃশ সংবাদ শ্রবণে যাদবগণ একান্ত ক্রুদ্ধ হইলেন এবং উগ্রসেনের অনুমত্যনুসারে তাঁহারা সকলে কুরুগণের বিপক্ষে যুদ্ধ করিবার জন্য উদ্‌যোগী হইলেন।১৩

কলির প্রধান লক্ষণস্বরূপ কলহের উপশম করাই বলরামের স্বভাব! সুতরাং কুরু-বৃষ্ণিগণের মধ্যে কলহের উৎপাদন হয়, এরূপ অভিপ্রায় তাঁহার নহে। তিনি যুদ্ধার্থ বদ্ধপরিকর বৃষ্ণি-বীরগণকে সান্ত্বনা

তেঽতিপ্রীতাস্তমাকর্ণ্য প্রাপ্তং রামং সুহৃত্তমম্।
তমর্চ্চয়িত্বাভিযযুঃ সর্ব্বে মঙ্গলপাণয়ঃ ॥১৮
তং সঙ্গম্য যথান্যায়ং গামর্ঘ্যঞ্চ ন্যবেদয়ন্।
তেষাং যে তৎপ্রভাবজ্ঞাঃ প্রণেমুঃ শিরসা বলম্ ॥১৯
বন্ধূন্ কুশলিনঃ শ্রুত্বা পৃষ্ট্বা শিবমনাময়ম্।
পরস্পরমথো রামো বভাষেঽবিক্লবং বচঃ ॥২০

সুহৃত্তমং রামম্ আগতম্ আকর্ণ্য, তে ভীষ্মাদয়ঃ অতিপ্রীতাঃ জাতাঃ, তথা তম্ উদ্ধবম্ অর্চ্চয়িত্বা অর্ঘপাদ্যাসনাদিভিঃ সংকৃত্য, মঙ্গল-পাণয়ঃ (মঙ্গলদ্রব্যাণি পাণিষু যেষাং তথাভূতাঃ) সর্ব্বে রামম্ অভিযযুঃ অভিজগ্মুঃ ॥১৮

অথ যথান্যায়ং বয়ঃ সম্বন্ধানুরূপং (আলিঙ্গনাদিভিঃ) তং রামং সংগম্য তস্মৈ গাং ধেনুম্ অর্ঘ্যং চ ন্যবেদয়ন্। তেষাং মধ্যে যে তস্য বলস্য প্রভাবং জানন্তি স্ম, তে বলং শিরসা প্রণেমুঃ ॥১৯

রামঃ বন্ধূন্ কুশলিনঃ শ্রুত্বা তথা তেষাং শিবং সুখম্ অনাময়ম্ আরোগ্যং চ পৃষ্ট্বা অথ অনন্তরম্ অবিক্লবং বচঃ বভাষে ॥২০

প্রদানে নিরস্ত করিয়া স্বয়ং সূর্য্যোপম সমুজ্জ্বল রথে আরোহণ করত, গ্রহগণে পরিবেষ্টিত নিশানাথের (চন্দ্রের) ন্যায় ব্রাহ্মণগণ ও কুলবৃদ্ধগণে পরিবৃদ্ধ হইয়া হস্তিনাপুরে যাত্রা করিলেন।১৪-১৫

কিন্তু অকস্মাৎ শত্রুর পুরীমধ্যে প্রবেশ করিলেন না; পুরীর বহির্ভাগস্থ উপবনেই অবস্থান করত এতৎসম্বন্ধে কৌরবগণের মনোগত অভিপ্রায় অবগত হইবার মানসে ধৃতরাষ্ট্রের সন্নিধানে উদ্ধবকে প্রেরণ করিলেন।১৬

উদ্ধব তথায় উপস্থিত হইয়া অম্বিকাপুত্র ধৃতরাষ্ট্র, ভীষ্ম, দ্রোণ, বাহ্লিক ও দুর্য্যোধনকে যথাবিধি অভিবাদন পূর্ব্বক বলদেবের তথায় আগমন বার্ত্তা নিবেদন করিলেন।১৭

উদ্ধবের মুখে বলরামের আগমন বার্ত্তা শ্রবণে কুরুগণ একান্ত প্রীত হইয়া পাদ্যাদি প্রদানে উদ্ধবকে যথেষ্ট অভ্যর্থনা করিলেন। পরে উপায়ন-হস্তে সকলেই সুহৃদ্বর বলরামের প্রত্যুদ্গমনার্থ অগ্রসর হইলেন।১৮

উগ্রসেনঃ ক্ষিতীশেশো যদ্ ব আজ্ঞাপয়ৎ প্রভুঃ।
তদব্যগ্রধিয়ঃ শ্রুত্বা কুরুধ্বমবিলম্বিতম্ ॥২১
যদ্ যূয়ং বহবস্ত্বেকং জিত্বাধর্ম্মেণ ধার্ম্মিকম্।
অবধ্নীতাথ তন্মৃষ্যে বন্ধূনামৈক্যকাম্যয়া ॥২২
বীর্য্যশৌর্য্যবলোন্নদ্ধমাত্মশক্তিসমং বচঃ।
কুরবো বলদেবস্য নিশম্যোচুঃ প্রকোপিতাঃ ॥২৩

ক্ষিতীশেশঃ (ক্ষিতীশানাম্ ঈশঃ) প্রভুঃ উগ্রসেনঃ বঃ যুষ্মান্ যৎ আজ্ঞাপয়ৎ অব্যগ্রধিয়ঃ সমাহিত-চিত্তাঃ সন্তঃ যূয়ং শ্রুত্বা অবিলম্বিতং শীঘ্রং তৎ কুরুধ্বম্ ॥২১

যৎ তু যূয়ং বহবঃ একং ধার্ম্মিকং সাম্বম্ অধর্ম্মেণ অবধ্নীত তৎ অপরাধম্ অহং বন্ধূনাম্ ঐক্য-কাম্যয়া সৌহার্দ্দেচ্ছয়া মৃষ্যে সোঢ়বান্ অস্মি ॥২২

আত্মশক্তিসমং (আত্মনঃ শক্তেঃ সামর্থ্যস্য সমং যোগ্যং) বীর্য্যশৌর্য্যবলোন্নদ্ধং (বীর্য্যং প্রভাবঃ, শৌর্য্যম্ উৎসাহঃ, বলং শরীর-সামর্থ্যং তৈঃ উন্নদ্ধম্ উচ্ছ্বলং) বলদেবস্য বচঃ নিশম্য শ্রুত্বা, প্রকোপিতাঃ কুরবঃ ঊচুঃ ॥২৩

পরে বয়ঃক্রম ও সম্বন্ধ অনুসারে বলরামকে আলিঙ্গন ও প্রণামাদি করিয়া তাঁহাকে ধেনু ও অর্ঘ্যাদি প্রদান করিলেন। অন্যান্য সকলে যাঁহারা বলদেবের প্রভাব অবগত ছিলেন, তাঁহারা সকলেই প্রণাম করিলেন।১৯

বন্ধুগণের কুশলবার্ত্তা এবং পরস্পরের শুভ সংবাদ শ্রবণ করিয়া, বলদেব উচিত ও অক্ষুণ্ণ-বচনে তাঁহা-দিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।২০

রাজাধিরাজ প্রভূত-বিক্রম মহারাজ উগ্রসেন আপনাদিগকে যাহা বলিয়াছেন, আপনারা মনোযোগের সহিত তাহা শ্রবণ করুন এবং অবিলম্বে তদনুসারে কার্য্য করুন।২১

আপনারা অনেকে মিলিত হইয়া নিতান্ত অধর্ম্মাচরণে একজনের বিপক্ষে যুদ্ধ করত সংগ্রামে যে জয়লাভ করিয়াছেন ও সেই বালক সাম্বকে যে বন্ধন করিয়াছেন, তাহা আমি কেবল কুরু ও যাদব কুলের মধ্যে পরস্পরের বন্ধুত্ব-রক্ষার অনু-

অহো মহচ্চিত্রমিদং কালগত্যা দুরত্যয়া।
আরুরুক্ষত্যুপানদ্ বৈ শিরো মুকুটসেবিতম্ ॥২৪
এতে যৌনেন সংবদ্ধাঃ সহশয্যাসনাশনাঃ।
বৃষ্ণয়স্তুল্যতাং নীতা অস্মদ্দত্তনৃপাসনাঃ ॥২৫
চামর-ব্যজনে শঙ্খমাতপত্রঞ্চ পাণ্ডুরম্।
কিরীটমাসনং শয্যাং ভুঞ্জন্ত্যস্মদপেক্ষয়া ॥২৬

অলং যদূনাং নরদেবলাঞ্ছনৈ-
র্দাতুঃ প্রতীপৈঃ ফণিনামিবামৃতম্।
যেঽস্মৎপ্রসাদোপচিতা হি যাদবা
আজ্ঞাপয়ন্ত্যদ্য গতত্রপা বত ॥২৭
কথমিন্দ্রোঽপি কুরুভির্ভীষ্মদ্রোণার্জ্জুনাদিভিঃ।
অদত্তমবরুন্ধীত সিংহগ্রস্তমিবোরণঃ ॥২৮

অহো! দুরত্যয়া দুরতিক্রমণীয়য়া কালগত্যা মহৎ চিত্রম্ আশ্চর্য্যম্ ইদং জাতম্; যতঃ উপানৎ পাদরক্ষা বৈ চর্ম্মপাদুকা মুকুট-সেবিতং (মুকুটেন সেবিতং শোভিতং) শিরঃ মূর্দ্ধানম্ আরুরুক্ষতি আরোঢ়ুম্ ইচ্ছতি ॥২৪

এতে বৃষ্ণয়ঃ যৌনেন কুন্তীবিবাহেন সম্বদ্ধাঃ, অতঃ অস্মাভিঃ সহ-শয্যাসনাশনাঃ অস্মদ্দত্ত-নৃপাসনাঃ (অস্মাভিঃ এব দত্তং নৃপাসনং যেষাং তে) অস্মাভিঃ তুল্যতাম্ এব নীতাঃ ॥২৫

অথঃ চামরাদীনি রাজচিহ্নানি চ অস্মদুপেক্ষয়া ভুঞ্জন্তি এব ॥২৬

দাতুঃ অস্মদাদেঃ এব প্রতীপৈঃ প্রতিকূলৈঃ যদূনাং নরদেব-লাঞ্ছনৈঃ চামরাদিভিঃ অলং পূর্ণং, (অতঃ পরং তানি অপহরণীয়ানি এব অতএব) যথা ফণিনাং সর্পাণাং পোষণায় দত্তম্ অমৃতং দাতুঃ প্রতীপং ভবতি। যতঃ যে যাদবাঃ নঃ অস্মাকং প্রসাদেন উপচিতাঃ সমৃদ্ধাঃ, অদ্য গতত্রপাঃ নির্লজ্জাঃ সন্তঃ অস্মান্ এব আজ্ঞাপয়ন্তি ॥২৭

ইন্দ্রঃ অপি ভীষ্ম-দ্রোণার্জ্জুনাদিভিঃ কুরুভিঃ অদত্তং কথম্ অবরুন্ধীত যুঞ্জীত ভোক্তুং সমর্থঃ? সিংহেন গ্রস্তং বস্তু যথা উরণঃ মেষঃ ভোক্তুং ন শক্নোতি তথা ॥২৮

রোধেই মাত্র সহ্য করিয়াছি। এই উভয় বন্ধুকুলের মধ্যে বিরোধ না হওয়াই আমার একান্ত অভিপ্রায়। অতএব শীঘ্র পুত্র সাম্বকে আনয়ন পূর্ব্বক আমাকে সমর্পণ করুন।২২

স্বকীয় বলানুরূপ বীর্য্য সৌর্য্য ও বল-ব্যঞ্জক বলদেবের বাক্য শ্রবণে কুরুগণ একান্ত ক্রুদ্ধ হইয়া বলিয়া উঠিল।২৩

অহো! দুরতিক্রমণীয় কালের গতিতে কতই অদ্ভুত ব্যাপারসকল উপস্থিত হইতে লাগিল। অদ্য চরণের বিনামা (জুতা) মুকুটসেবিত মস্তকে আরোহণ করিতে আকাঙ্ক্ষা করিতেছে।২৪

কুন্তীর বিবাহ উপলক্ষে এই বৃষ্ণিকুলের সহিত আমাদের সম্বন্ধ ঘটিয়াছে এবং আমাদের সহিত একত্র উপবেশন, এক সঙ্গে ভোজন এবং শয্যায় শয়ন উপলক্ষে এক্ষণে ইহারা আমাদের সমানই হইয়াছে। অধিক কি। আমাদের অনুগ্রহে অদ্য নরপতির আসনও ইহারা প্রাপ্ত হইয়াছে।২৫

সম্প্রতি আমাদের অনুমতির অপেক্ষা না করিয়া নিজেরাই রাজোচিত চামর, ব্যজন, শঙ্খ, শ্বেত ছত্র, কিরীট আসন ও শয্যাদি সকলই উপভোগ করিতেছে। এক্ষণে তাহারা স্বতন্ত্রতার যথেষ্ট পরিচয় দিতেছে।২৬

ইহারা এই সমস্ত রাজচিহ্ন যথেষ্ট ভোগ করিয়াছে; এক্ষণে আর ইহাদিগকে প্রশ্রয় দেওয়া কর্ত্তব্য নহে। ফণী যেমন প্রচুর পরিমাণে অমৃতোপম দুগ্ধ পান করত, দুগ্ধপ্রদাতার বিপক্ষেই ফণা বিস্তার করে, সেইরূপ এই কৃতঘ্ন যাদবগণ আমাদের প্রসাদে সমৃদ্ধিশালী হইয়া অদ্য নির্লজ্জের ন্যায় আমাদিগকেই আজ্ঞা করিতে সাহসী হইয়াছে।২৭

কিন্তু জানে না যে, কেশরীর লভ্য অংশ যেমন মেষ কখন প্রত্যাশা করিতে পারে না, সেইরূপ ভীষ্ম, দ্রোণ ও অর্জ্জুনাদি কুরুগণ অনুগ্রহ পূর্ব্বক যাহা প্রদান না করেন, তাহাতে সাক্ষাৎ পুরন্দরও কখন প্রত্যাশা করিতে সাহসী হন না। কিন্তু কি দুঃখের বিষয়। অদ্য তুচ্ছ যাদব আসিয়া যুদ্ধে পরাজিত আমাদের বন্দী সাম্বকে পরিত্যাগ করিবার জন্য

শ্রীবাদরায়ণিরুবাচ।
জন্ম-বন্ধু-শ্রিয়োন্নদ্ধমদাস্তে ভরতর্ষভ।
আশ্রাব্য রামং দুর্বাচ্যমসভ্যাঃ পুরমাবিশন্ ॥২৯
দৃষ্ট্বা কুরূণাং দৌঃশীল্যং শ্রুত্বাবাচ্যানি চাচ্যুতঃ।
অবোচৎ কোপসংরব্ধো দুষ্প্রেক্ষ্যঃ প্রহসন্ মুহুঃ ॥৩০
নূনং নানামদোন্নদ্ধাঃ শান্তিং নেচ্ছন্ত্যসাধবঃ।
তেষাং হি প্রশমো দণ্ডঃ পশূনাং লগুড়ো যথা ॥৩১

অহো যদূন্ সুসংরব্ধান্ কৃষ্ণঞ্চ কুপিতং শনৈঃ।
সান্ত্বয়িত্বাহমেতেষাং শমমিচ্ছন্নিহাগতঃ ॥৩২

ত ইমে মন্দমতয়ঃ কলহাভিরতাঃ খলাঃ।
তং মামবজ্ঞায় মুহুর্দুর্ভাষান্ মানিনোঽব্রুবন্ ॥৩৩

নোগ্রসেনঃ কিল বিভুর্ভোজ-বৃষ্ণ্যন্ধকেশ্বরঃ।
শক্রাদয়ো লোকপালা যস্যাদেশানুবর্ত্তিনঃ ॥৩৪

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। হে ভরতর্ষভ! জন্ম-বন্ধু-শ্রিয়োন্নদ্ধমদাঃ (সৎকুলে জন্মনা বন্ধুভিঃ শ্রীভিঃ চ উন্নদ্ধঃ উৎকটঃ মদঃ যেষাং তে) অসভ্যাঃ তে কুরবঃ এবং রামং দুর্বাচ্যং পরুষম্ আশ্রাব্য শ্রাবয়িত্বা পুরম্ আবিশন্ ॥২৯

কুরূণাং দৌঃশীল্যং দুষ্টত্বং দৃষ্ট্বা অবাচ্যানি চ শ্রুত্বা কোপ-সংরব্ধঃ (কোপেন সংরব্ধঃ ব্যাপ্তঃ), অতঃ দুষ্প্রেক্ষ্যঃ ভয়ঙ্কর-স্বরূপঃ অচ্যুতঃ পূর্ণপরাক্রমঃ বলরামঃ মুহুঃ প্রহসন্ অবোচৎ ॥৩০

নানামদোন্নদ্ধাঃ অসাধবাঃ জনাঃ নূনং প্রায়শ্চিত্তং শান্তিং ন ইচ্ছন্তি, অতঃ পশূনাং লগুড়ঃ যথা মার্গে প্রবর্ত্তকঃ ভবতি, তথা তেষাং জনানাং দণ্ডঃ এব হি প্রশমঃ শান্তিকরঃ, ন তু সান্ত্বনম্ ॥৩১

অহো সুসংরব্ধান্ ক্রোধাবেগেন যুদ্ধোদ্যতান্ যদূন্ কুপিতং কৃষ্ণং চ শনৈঃ সান্ত্বয়িত্বা এতেষাং শমং শান্তিম্ ইচ্ছন্ অহম্ ইহ আগতঃ ॥৩২

তে কলহাভিরতাঃ খলাঃ মন্দমতয়ঃ দুর্ব্বাঃ মানিনঃ অহঙ্কৃতাঃ ইমে কুরবঃ উপকারিণম্ অপি মাম্ অবজ্ঞায় মুহুঃ পুনঃ পুনঃ দুর্ভাষান্ দুর্ব্বাক্যানি অব্রুবন্ ॥৩৩

শক্রাদয়ঃ লোকপালাঃ যস্য আদেশানুবর্ত্তিনঃ, সঃ ভোজ-বৃষ্ণ্যন্ধকেশ্বরঃ উগ্রসেনঃ ন বিভুঃ ন রাজার্হঃ ॥৩৪

আমাদিগকে অনুমতি করিতেছে।২৮

ব্যাস-নন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে ভরত-বংশাবতংস! কুরুগণ আভিজাত্য ও সম্পদের গৌরবে একান্ত গর্ব্বিত হইয়াছিল। ধন, জন ও বংশ মর্য্যাদায় তাহারা এতই উন্মত্ত যে, ভদ্রসমাজে বসিবার বা ব্যবহার করিবারও উপযুক্ত পাত্র আর তাহারা ছিল না। তাহারা অবলীলাক্রমে বলরামকে তাদৃশ কটু উক্তির প্রয়োগে উপেক্ষা করত আপন পুরীমধ্যে প্রবেশ করিল।২৯

এদিকে ভগবান্ বলদেব কুরুগণের তাদৃশ অসদাচরণ দর্শন ও অকথ্য উক্তি সকল শ্রবণ করিয়া, ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন; তৎকালে তাঁহার প্রতি নিরীক্ষণ করাও যেন অসম্ভব হইয়াছিল, তথাপি তিনি বারংবার হাস্য করত বলিলেন।৩০

ধন-মানাদি বিবিধ মদে যখন অসচ্চরিত্র মূর্খগণ গর্ব্বিত হয়, তখন তাহারা কিছুতেই আর শান্ত হয় না। সদুপদেশ লাভে কিছুতেই আর তাহারা সৎপথে আসিতে চাহে না। তবে যেমন লগুড়ের সাহায্যে পশুগণকে সৎপথে আনয়ন করিতে হয়, তদ্রূপ দণ্ডের দ্বারাই দুষ্ট ব্যক্তিগণকে সৎপথে আনয়ন করিতে হয়।৩১

কি আশ্চর্য্য! আমি কেবল ইহাদিগেরই মঙ্গল-কামনায়, ইহাদের বিপক্ষে যুদ্ধ করিবার জন্য সম্পূর্ণ প্রস্তুত যদুবীরগণকে এবং কোপোজ্জ্বলিত চিত্ত শ্রীকৃষ্ণকে অতি কষ্টে সান্ত্বনা-বাক্যে নিরস্ত করিয়া এইস্থানে আগমন করিয়াছি।৩২

কিন্তু ইহারা এতই নির্ব্বোধ ও খল-প্রকৃতি যে, আমার ন্যায় হিতকারী ব্যক্তিরও অবমাননা করিয়া নিতান্ত গর্ব্বিতের ন্যায় কতই দুর্ব্বাক্যের প্রয়োগ করিতেছে।৩৩

সুধর্ম্মাক্রম্যতে যেন পারিজাতোঽমরাঙ্ঘ্রিপঃ।
আনীয় ভুজ্যতে সোঽসৌ ন কিলাধ্যাসনার্হণঃ ॥৩৫

যস্য পাদযুগং সাক্ষাচ্ছ্রীরুপাস্তেঽখিলেশ্বরী।
স নার্হতি কিল শ্রীশো নরদেবপরিচ্ছদান্ ॥৩৬

যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজোঽখিললোকপালৈ-
র্মৌল্যুত্তমৈর্ধৃতমুপাসিততীর্থতীর্থম্।
ব্রহ্মা ভবোঽহমপি যস্য কলাঃ কলায়াঃ
শ্রীশ্চোদ্বহেম চিরমস্য নৃপাসনং ক ॥৩৭

ভুঞ্জতে কুরুভির্দত্তং ভূখণ্ডং বৃষ্ণয়ঃ কিল।
উপানহঃ কিল বয়ং স্বয়ং তু কুরবঃ শিরঃ ॥৩৮

অহো ঐশ্বর্য্যমত্তানাং মত্তানামিব মানিনাম্।
অসম্বদ্ধা গিরো রুক্ষাঃ কঃ সহেতানুশাসিতা ॥৩৯

যেন সুধর্ম্মা সভা আক্রম্যতে, অমরাঙ্ঘ্রিপঃ দেবতরুঃ পারিজাতঃ আনীয় ভুজ্যতে, সঃ অসৌ কৃষ্ণঃ অপি কিল অধ্যাসনার্হণঃ ন ॥৩৫

অখিলেশ্বরী সর্ব্বসম্পৎস্বরূপা সাক্ষাৎ শ্রীঃ লক্ষ্মীঃ যস্য পাদযুগম্ উপাস্তে, সঃ শ্রীশঃ শ্রীপতিঃ কৃষ্ণঃ কিল নরদেব-পরিচ্ছদান্ ন অর্হতি ॥৩৬

অখিল-লোকপালৈঃ মৌল্যুত্তমৈঃ মৌলিযুক্তৈঃ উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ যস্য উপাসিততীর্থতীর্থম্ (উপাসতাং তীর্থাদীনাং গঙ্গাদীনাম্ অপি তীর্থং পাবন-কারণং) অঙ্ঘ্রিপঙ্কজরজঃ ধৃতং, তথা ব্রহ্মা ভবঃ অহম্ অপি ইতি বয়ং যস্য কলায়াঃ কলাঃ অংশাঃ এব অহং শেষঃ, শ্রীঃ লক্ষ্মীঃ চ যস্য পাদরজঃ শিরসা চিরম্ উদ্বহেম, তস্য নৃপাসনং ক কথং বা ॥৩৭

কুরুভিঃ দত্তং ভূখণ্ডং কিল বৃষ্ণয়ঃ ভুঞ্জতে। অতঃ বয়ং কিল উপানহঃ ; কুরবঃ স্বয়ং তু শিরঃ এব ॥৩৮

অহো ঐশ্বর্য্যমত্তানাং মত্তানাং মানিনাম্, অসম্বদ্ধাঃ, রুক্ষাঃ গিরঃ অনুশাসিতা স্বয়ং দণ্ডকর্ত্তা সন্ কঃ খলু সহেত ॥৩৯

অহো! শক্রাদি লোকপালগণও বিনম্র-কন্ধরে যাঁহারা আজ্ঞা প্রতিপালন করিতেছেন, সেই বৃষ্ণি, ভোজ ও অন্ধকগণের অধিপতি প্রবল-পরাক্রম উগ্র-সেনও ইহাদের বিচারে রাজাসন লাভের উপযুক্ত পাত্র নহেন।৩৪

যিনি সুধর্ম্মানাম্নী ইন্দ্রের সভাকে অতিক্রম করিয়া, স্বর্গ হইতে দেবতরু পারিজাত আনয়ন পূর্ব্বক মর্ত্ত্যধামে ভোগ করিতেছেন, তিনিও ইহাদের বিবেচনায় রাজাসন পাইবার মাত্র নহেন।৩৫

সর্ব্বসম্পৎস্বরূপা স্বয়ং কমলা সাক্ষাৎ সম্বন্ধে যাঁহার চরণ-যুগলের নিরন্তর সেবা করিয়া থাকেন, সেই শ্রীপতি জনার্দ্দনও ইহাঁদের দৃষ্টিতে রাজসিংহা-সনের উপযুক্ত পাত্র বা রাজভোগ্য সামগ্রী উপভোগের উপযুক্ত ব্যক্তি হইতে পারিলেন না।৩৬

কিন্তু হতভাগ্য মূর্খগণ জানে না যে, অখিল লোকপালগণকিরীটশোভিত মস্তকে যাঁহার পাদ-কমলের ধূলিকণা পরম সৌভাগ্য-জ্ঞানে ধারণ করিয়া থাকেন ; সর্ব্বতীর্থময়ী-গঙ্গা যাঁহার চরণস্পর্শে পবিত্রা হন ; যাঁহার অংশাংশভূত ব্রহ্মা, ভব, লক্ষ্মী এবং আমি সঙ্কর্ষণও মস্তক দ্বারা যাঁহার চরণ-রজ চিরকাল বহন করিয়া থাকি, সেই বাসুদেবের সমীপে নৃপাসন আর কি অধিক আদরের হইতে পারে ?৩৭

বৃষ্ণিবংশীয়গণ ইহাদের প্রদত্ত ভূখণ্ডই যেন উপভোগ করে এবং ইহারা যেন মস্তকের মণি-সদৃশ ও বৃষ্ণিগণ চরণের পাদুকাস্থানীয়—এইরূপ গর্ব্বিত বাণী ইহাদের মুখ হইতে নিঃসৃত হইতেছে।৩৮

প্রকৃত আসব অপেক্ষাও ঐশ্বর্য্যের মত্ততা অতীব ভীষণ। ঐশ্বর্য্যমদে মত্ত এই কুরুগণ মদিরামত্তের অপেক্ষাও অধিক উন্মত্ত হইয়াছে। কিন্তু আমার ন্যায় শাসন-কর্ত্তা স্বয়ং উপস্থিত থাকিতে তাহাদের এতাদৃশ অসম্বদ্ধ রুক্ষ কথাসকল কে সহ্য করিবে।৩৯

অদ্য নিষ্কৌরবাং পৃথ্বীং করিষ্যামীত্যমর্ষিতঃ।
গৃহীত্বা হলমুত্তস্থৌ দহন্নিব জগত্রয়ম্ ॥৪০
লাঙ্গলাগ্রেণ নগরমুদ্‌বিদার্য্য গজাহ্বয়ম্।
বিচকর্ষ স গঙ্গায়াং প্রহরিষ্যন্নমর্ষিতঃ ॥৪১
জলযানমিবাঘূর্ণং গঙ্গায়াং নগরং পতৎ।
আকৃষ্যমাণমালোক্য কৌরবা জাতসম্ভ্রমাঃ ॥৪২
তমেব শরণং জগ্মুঃ সকুটুম্বা জিজীবিষবঃ।
সলক্ষ্মণাং পুরস্কৃত্য সাম্বং প্রাঞ্জলয়ঃ প্রভুম্ ॥৪৩

ইতি উক্ত্বা অমর্ষিতঃ সংক্রুদ্ধঃ রামঃ অদ্য পৃথ্বীং নিষ্কৌরবাং করিষ্যামি ইতি বিচিন্ত্য হলং গৃহীত্বা জগৎত্রয়ং দহন্ ইব উত্তস্থৌ ॥৪০

অমর্ষিতঃ সংক্রুদ্ধঃ সঃ রামঃ গজাহ্বয়ং নগরম্ উদ্‌বিদার্য্য উৎপাট্য গঙ্গায়াং প্রহরিষ্যন্ পাতয়িতুং লাঙ্গলাগ্রেণ বিচকর্ষ আকৃষ্টবান্ ॥৪১

আকৃষ্যমাণম্ অতএব জলযানম্ ইব আঘূর্ণং ভ্রমৎ গঙ্গায়াং পতৎ নগরম্ আলোক্য জাতসম্ভ্রমাঃ (জাতঃ সম্ভ্রমঃ ভয়ং যেষাং তে) কৌরবাঃ ॥৪২

সলক্ষ্মণং লক্ষ্মণাসহিতং সাম্বং পুরস্কৃত্য সকুটুম্বাঃ পুত্রকলত্রাদি-বিশিষ্টাঃ জিজীবিষবঃ জীবিতুম্ ইচ্ছবঃ কৌরবাঃ প্রাঞ্জলয়ঃ সন্তঃ তম্ এব প্রভুং বলরামং শরণং জগ্মুঃ ॥৪৩

অতএব অদ্যই এই পৃথিবীকে কৌরব-শূন্য করিব। এই বলিয়া বলরাম ক্রোধে এরূপ প্রজ্বলিত হইয়া উঠিলেন যে, ত্রিভুবন যেন ক্রোধানলে প্রদগ্ধ হইতে লাগিল। তিনি তখন হলগ্রহণে দণ্ডায়মান হইলেন।৪০

এবং হস্তিনাপুর নগরটীকে উৎপাটন পূর্ব্বক গঙ্গায় নিক্ষেপ করিবার অভিপ্রায়ে, ক্রোধে লাঙ্গলের অগ্রভাগ দ্বারা তাহা আকর্ষণ করিলেন।৪১

হলধরের আকর্ষণে গঙ্গাজলে নিক্ষিপ্ত ও জল-যানের ন্যায় ঘূর্ণায়মান হস্তিনা-নগরকে অবলোকন করিয়া কৌরবগণ ভয়ে কাতর হইলেন।৪২

এবং পরিবারবর্গ সহিত আপনাদের জীবন-রক্ষার

রাম রামাখিলাধার প্রভাবং ন বিদাম তে।
মূঢ়ানাং নঃ কুবুদ্ধীনাং ক্ষন্তুমর্হস্যতিক্রমম্ ॥৪৪
স্থিত্যুৎপত্ত্যপ্যয়ানাং ত্বমেকো হেতুর্নিরাশ্রয়ঃ।
লোকান্ ক্রীড়নকানীশ ক্রীড়তস্তে বদন্তি হি ॥৪৫
ত্বমেব মূর্দ্ধ্নীদমনন্ত লীলয়া
ভূমণ্ডলং বিভর্ষি সহস্রমূর্দ্ধন্।
অন্তে চ যঃ স্বাত্মনি রুদ্ধবিশ্বঃ
শেষেঽদ্বিতীয়ঃ পরিশিষ্যমাণঃ ॥৪৬

(উচুঃ চ) হে অখিলাধার রাম। হে অধীশ্বর রাম। তে তব প্রভাবং বয়ং ন বিদাম ন বিজানীমঃ; অতঃ মূঢ়ানাং কুবুদ্ধীনাং নঃ অস্মাকং ক্ষন্তুম্ অর্হসি ॥৪৪

হে ঈশ। স্থিত্যুৎপত্ত্যপ্যয়ানাং সৃষ্টি-স্থিতি-সংহারাণাং ত্বম্ একঃ এব নিরাশ্রয়ঃ আধারাদিকারণরহিতঃ, হেতুঃ উপাদানং নিমিত্তং চ। হি যস্মাৎ ক্রীড়তঃ লোকান্ তু তে তব ক্রীড়ন-কান্ ক্রীড়োপকরণভূতান্ এব ইতি ঋষয়ঃ বদন্তি ॥৪৫

হে সহস্রমূর্দ্ধন্ অনন্ত। ইদং ভূমণ্ডলং লীলয়া অনায়াসেন ত্বম্ এব মূর্দ্ধ্নি বিভর্ষি ধারয়সি। অন্তে প্রলয়ে চ যঃ স্বাত্মনিরুদ্ধবিশ্বঃ (স্বাত্মনি রুদ্ধং লীনং বিশ্বং যস্য সঃ) পরিশিষ্যমাণঃ অতএব অদ্বিতীয়ঃ সঃ ত্বম্ এব শেষে শয়নং করোষি ॥৪৬

প্রত্যাশায় নববধূ লক্ষ্মণা সহ সাম্বকে বলরামের সমীপে আনয়ন করত, কৃতাঞ্জলিপুটে তাঁহার শরণা-গত হইয়া স্তব করত বলিলেন :— ।৪৩

হে অখিলাধার রাম। আমরা আপনার প্রভাব অবগত নহি। আমরা ঘোর মায়ায় অভিভূত ও বিবেকান্ধ। আপনি কিন্তু সর্ব্বেশ্বর ও সর্ব্বজ্ঞ। অতএব আমাদের ন্যায় মূর্খগণের অপরাধ আপনি ক্ষমা করুন।৪৪

এই বিশ্ব সংসারের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের উপলক্ষে নিমিত্ত এবং উপাদান-ভাবে আপনিই একমাত্র হেতু। অথচ আপনার উৎপত্ত্যাদির কোন অন্য হেতু নাই। এই প্রকাশমান অনন্ত জাগতিক

কোপস্তেঽখিলশিক্ষার্থং ন দ্বেষান্ন চ মৎসরাৎ।
বিভ্রতো ভগবন্ সত্ত্বং স্থিতিপালনতৎপরঃ ॥৪৭

নমস্তে সর্ব্বভূতাত্মন্ সর্ব্বশক্তিধরাব্যয়।
বিশ্বকর্ম্মন্ নমস্তেঽস্তু ত্বাং বয়ং শরণং গতাঃ ॥৪৮

শ্রীশুক উবাচ।

এবং প্রপন্নৈঃ সংবিগ্নৈর্বেপমানায়নৈর্বলঃ।
প্রসাদিতঃ সুপ্রসন্নো মা ভৈষ্টেত্যভয়ং দদৌ ॥৪৯

তাদৃশস্য সত্ত্বং গুণং বিভ্রতঃ তে তব কোপঃ খলু (উৎপথানাং প্রাণিনাং) শিক্ষার্থং সন্মার্গে প্রবৃত্ত্যর্থম্ এব; ন দ্বেষাৎ ন চ মৎসরাৎ উৎকর্ষাসহনাৎ। হে ভগবন্! ভবান্ হি স্থিতিপালনে তৎপরঃ স্থিতেঃ বর্ত্তমানস্য প্রপঞ্চস্য পালন-তৎপরঃ এব ॥৪৭

হে সর্ব্বভূতাত্মন্! বিশ্বকর্ম্মন্! সর্ব্বশক্তিধর অব্যয়! তে তুভ্যং নমঃ অস্তু! বয়ং ত্বাং শরণং গতাঃ ॥৪৮

শ্রীবাদরায়ণিঃ শীশুকঃ উবাচ। এবং বেপমানায়নৈঃ (বেপমানম্ অয়নং গৃহং যেষাং তৈঃ) অতঃ সংবিগ্নৈঃ ভীতৈঃ, প্রপন্নৈঃ কুরুভিঃ প্রসাদিতঃ, অতঃ সুপ্রসন্নঃ বলঃ মা ভৈষ্ট ভয়ং মা কার্ষ্ট ইতি অভয়ং দদৌ ॥৪৯

বস্তু আপনারই ক্রীড়াসাধন উপকরণ মাত্র, এইরূপ ঋষিগণ বর্ণন করিয়া থাকেন।৪৫

হে সহস্রমস্তক অনন্তদেব! আপনি স্বীয় শিরোভাগের দ্বারা অবলীলা ক্রমে এই ভূমণ্ডল ধারণ করিতেছেন এবং আত্মস্বরূপে সমস্ত গ্রহণ পূর্ব্বক যিনি সর্ব্বান্তে অবস্থান করেন, সেই অদ্বিতীয় পরম পুরুষও আপনি।৪৬

বেদমার্গের উল্লঙ্ঘনকারী অসৎ জনগণকে শিক্ষা দ্বারা সৎপথে আনয়ন করিবার অভিপ্রায়েই কেবল আপনি ক্রোধের পরিচয় দিয়া থাকেন মাত্র; নতুবা দ্বেষ বা মৎসরতা নিবন্ধন আপনার কোপের কখন উদয় হয় না। হে ভগবন্! বিশুদ্ধ সত্ত্বগুণই আপনার স্বরূপ এবং জগতের স্থিতি ও পালনই আপনার কার্য্য।৪৭

হে সর্ব্বান্তর্যামিন্ সর্ব্বশক্তিধর! আপনাকে প্রণাম

দুর্য্যোধনঃ পারিবর্হং কুঞ্জরান্ ষষ্টিহায়নান্।
দদৌ চ দ্বাদশশতান্যযুতানি তুরঙ্গমান্ ॥৫০

রথানাং ষট্‌সহস্রাণি রৌক্মাণাং সূর্য্যবর্চ্চসাম্।
দাসীনাং নিষ্ককণ্ঠীনাং সহস্রং দুহিতৃবৎসলঃ ॥৫১

প্রতিগৃহ্য তু তৎ সর্ব্বং ভগবান্ সাত্বতর্ষভঃ।
সসুতঃ সস্নুষঃ প্রায়াৎ সুহৃদ্ভিরভিনন্দিতঃ ॥৫২

তদা দুর্য্যোধনঃ ষষ্টি-হায়না সংবৎসরাঃ যেষাং তথাভূতান্ দ্বাদশ-শতান্ কুঞ্জরান্ দ্বাদশ-শতানি অযুতানি তুরঙ্গমান্ হয়ান্ পারিবর্হং দদৌ ॥৫০

রৌক্মাণাং স্বর্ণালঙ্কৃতানাং সূর্য্যস্যেব বর্চ্চো যেষা তেষাং রথানাং ষট্ সহস্রাণি নিষ্ককণ্ঠীনাং নিষ্কঃ পদকাখ্যং ভূষণং কণ্ঠে যাসাং তাসাং দাসীনাং সহস্রং দুহিতৃ-বৎসলঃ (দুহিতরি স্নেহেন বৎসলঃ করুণঃ) দুর্য্যোধনঃ দদৌ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৫১

তৎ সর্ব্বং পরিবর্হম্ উপায়নং প্রতিগৃহ্য সাত্বতর্ষভঃ ভগবান্ বলঃ, সসুতঃ সাত্বতসহিতঃ, সস্নুষঃ (স্নুষয়া লক্ষ্মণয়া চ সহিতঃ) সুহৃদ্ভিঃ কৌরবৈঃ চ অভিনন্দিতঃ স্বপুরং প্রায়াৎ ॥৫২

করি। আমরা আপনার একান্ত শরণাগত। আমাদিগকে রক্ষা করুন।৪৮

শ্রীশুকদেব বলিলেন,—গঙ্গাগর্ভে তাদৃশ ঘূর্ণায়মান আপনাদের বাসস্থান হস্তিনাপুরকে অবলোকন করিয়া, নিতান্ত উদ্বিগ্নচিত্ত কৌরবগণ অতি কাতর-প্রাণে বলদেবের স্তব করিলে, তিনি প্রসন্ন হইলেন এবং অভয় প্রদানে তাহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, তোমাদের আর ভয় নাই।৪৯

দুহিতৃবৎসল দুর্য্যোধন তখন ষট্ বর্ষ বয়স্ক দ্বাদশ শত হস্তী, অযুত অশ্ব এবং সূর্য্যের ন্যায় দীপ্তিশালী স্বর্ণখচিত ছয় হাজার রথ এবং সুবর্ণময় পদকধারিণী সহস্র দাসী উপায়নরূপে প্রদান করিলেন।৫০-৫১

সাত্বতশ্রেষ্ঠ ভগবান্ বলরাম সেই সমস্ত উপায়ন সঙ্গে লইয়া, ভ্রাতৃপুত্র-সাম্ব ও বধূ লক্ষ্মণার সহিত কৌরবাদি সুহৃদ্বর্গের সহর্ষ অনুমোদনে

ততঃ প্রবিষ্টঃ স্বপুরং হলায়ুধঃ
সমেত্য বন্ধূনমুরক্তচেতসঃ।
শশংস সর্ব্বং যদুপুঙ্গবানাং
মধ্যে সভায়াং কুরুষু স্বচেষ্টিতম্ ॥৫৩

ততশ্চ হলায়ুধঃ রামঃ স্বপুরং দ্বারকাং প্রবিষ্টঃ অনুরক্তচেতসঃ বন্ধূন্ যদূন্ সমেত্য যদুপুঙ্গবানাং মধ্যে সভায়াং কুরুষু সর্ব্বং স্বচেষ্টিতং নগরাকর্ষণাদিকং শশংস কথয়ামাস ॥৫৩

অদ্যাপি এতৎ বঃ হস্তিনাপুরং রামবিক্রমং সূচয়ৎ এব

স্বীয় নগরাভিমুখে যাত্রা করিলেন।৫২

অনন্তর দ্বারকাপুরে প্রবেশ করত হলধর অনুরক্তচিত্ত বন্ধুগণের সহিত সাক্ষাৎ করিলেন এবং যদুশ্রেষ্ঠগণের সভামধ্যে উপবেশন পূর্ব্বক কৌরবগণের প্রথম আচরণ ও তৎপ্রতিকারে তাহাদের সহিত নিজের ব্যবহারের কথা আনুপূর্ব্বিক বর্ণনা করিলেন।৫৩

অদ্যাপি চ পুরং হ্যেতৎ সূচয়দ্ রামবিক্রমম্।
সমুন্নতং দক্ষিণতো গঙ্গায়ামনুদৃশ্যতে ॥৫৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৮

বর্ত্ততে, ততঃ গঙ্গায়াং দক্ষিণতঃ সমুন্নতং হি অনুদৃশ্যতে ॥৫৪

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

হে রাজন্! অদ্ভুত-কর্ম্মা বলরামের এই অপূর্ব্ব বিক্রমের পরিচয়-স্বরূপ সেই অপূর্ব্ব হস্তিনাপুর অদ্যাপি গঙ্গার অভিমুখে দক্ষিণভাগে উন্নত বলিয়া যথেষ্ট লক্ষিত হইয়া থাকে।৫৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অষ্টষষ্টিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[দেবর্ষিনারদেন ভগবতঃ শ্রীকৃষ্ণস্য গার্হস্থ্যলীলায়া দর্শনম্।]

শ্রীশুক উবাচ।
নরকং নিহতং শ্রুত্বা তথোদ্বাহঞ্চ যোষিতাম্।
কৃষ্ণেনৈকেন বহ্বীনাং তদ্দিদৃক্ষুঃ স্ম নারদঃ ॥১

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। কৃষ্ণেন নরকং নিহতং তথা একেন তেন বহ্বীনাং যোষিতাং বিবাহং চ শ্রুত্বা নারদঃ তং তাভিঃ সহ রমণং দিদৃক্ষুঃ তত্র আসীৎ ॥১

একোনসপ্ততিতম অধ্যায়।

[দেবর্ষি নারদ কর্ত্তৃক ভগবান্ শ্রীকৃষ্ণের গার্হস্থ্য-লীলাদর্শন।]

শ্রীশুকদেব বলিলেন,—শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নরকাসুরের নিধন এবং তিনি একাকী বহু স্ত্রীর পাণিগ্রহণ পূর্ব্বক লীলা করিতেছেন শ্রবণ করিয়া, দেবর্ষি নারদ তদ্দর্শনাভিলাষে তথায় উপস্থিত হইলেন।১

চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্।
গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ ॥২
ইত্যুৎসুকো দ্বারবতীং দেবর্ষির্দ্রষ্টুমাগমৎ।
পুষ্পিতোপবনারাম-দ্বিজালিকুলনাদিতাম্ ॥৩
উৎফুল্লেন্দীবরাম্ভোজকহ্লারকুমুদোৎপলৈঃ।
ছুরিতেষু সরঃসূচ্চৈঃ কূজিতাং হংস-সারসৈঃ ॥৪
প্রাসাদলক্ষৈর্নবভির্জুষ্টাং স্ফাটিক-রাজতৈঃ।
মহামরকতপ্রখ্যৈঃ স্বর্ণরত্নপরিচ্ছদৈঃ ॥৫

বিভক্তরথ্যাপথচত্বরাপণৈঃ
শালাসভাভী রুচিরাং সুরালয়ৈঃ।
সংসিক্তমার্গাঙ্গনবীথিদেহলীং
পতৎপতাকধ্বজবারিতাতপাম্ ॥৬
তস্যামন্তঃপুরং শ্রীমদর্চ্চিতং সর্ব্বধিষ্ণ্যপৈঃ।
হরেঃ স্বকৌশলং যত্র ত্বষ্ট্রা কার্ৎস্ন্যেন দর্শিতম্ ॥৭
তত্র ষোড়শভিঃ সদ্মসহস্রৈঃ সমলঙ্কৃতম্।
বিবেশৈকতমং শৌরেঃ পত্নীনাং ভবনং মহৎ ॥৮

চিত্রং বত এতৎ যৎ একেন বপুষা অবতীর্ণং যুগপৎ একস্মিন্ এব কালে, পৃথক্ পৃথক্ গৃহেষু যোষিৎসংখ্যাক-গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং ষোড়শ-সহস্র সংখ্যকাঃ স্ত্রিয়ঃ স্ত্রীঃ উদাবহৎ, তৎ বৃত্তং দ্রষ্টুম্ উৎসুকঃ দেবর্ষিঃ দ্বারবতীম্ আগমৎ। তাং দ্বারকাং বিশিনষ্টি) পুষ্পিতেষু উপবনেষু আরামেষু উদ্যানেষু চ দ্বিজানাং পক্ষিণাম্ অলীনাং চ কুলৈঃ নাদিতাম্ ॥২-৩

উৎফুল্লেন্দীবরাম্ভোজ-কহ্লারকুমুদোৎপলৈঃ ছুরিতেষু ব্যাপ্তেষু, সরঃসু হংস-সারসৈঃ উচ্চৈঃ কূজিতাম্। স্ফটিক-রাজতৈঃ মহামারকতৈঃ প্রখ্যাস্তি প্রকাশন্তে তথা তৈঃ স্বর্ণরত্নমালা-পরিচ্ছদাঃ যেষু তৈঃ নবভিঃ প্রাসাদানাং মহতাং লক্ষৈর্জুষ্টাং যুক্তবৎ ॥৪-৫

বিভক্তৈঃ রথ্যাঃ রাজমার্গাঃ পন্থানঃ অন্যে মার্গাঃ চত্বরাণি অঙ্গনানি পণ্যবীথয়ঃ তৈঃ (শালা অন্নসংগ্রহভোজন-স্থানানি, সভা উপবেশন-স্থানানি তাভিঃ) সুরালয়ৈঃ (সুরাণাং দেবানাম্ আলয়াঃ মন্দিরাণি তৈঃ) রুচিরাং শোভমানাং; সংসিক্তাঃ মার্গাদয়ঃ যস্যাং তাং পতন্তীভিঃ চলন্তীভিঃ পতাকাভিঃ ধ্বজৈঃ চ বারিতঃ আতপঃ ঘর্ম্ম যস্যাং তাং দ্বারবতীম্ আগমৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৬

তস্যাং দ্বারকায়াং সর্ব্বধিষ্ণ্যপৈঃ লোকপতিভিঃ অর্চ্চিতং বহুমতং হরেঃ শ্রীমৎ ভোগোপকরণাদিভিঃ সমৃদ্ধিমৎ, অন্তঃপুরং যত্র ত্বষ্ট্রা শিল্পাচার্য্যেণ বিশ্বকর্ম্মণা কার্ৎস্ন্যেন সাকল্যেন স্বকৌশলং শিল্পনৈপুণ্যং প্রদর্শিতং, তত্র শৌরেঃ পত্নীনাং ষোড়শভিঃ সদ্ম-সহস্রৈঃ সমলঙ্কৃতং ভবনেষু একতমং মহৎ ভবনং বিবেশ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৭-৮

দেবর্ষি মনে মনে চিন্তা করিয়া বলিলেন যে, কি আশ্চর্য্য! একটী মাত্র দেহ অবলম্বনে যিনি অবতীর্ণ হইয়াছেন, অথচ পৃথক্ পৃথক্ ষোড়শ সহস্র কামিনীর পৃথক্ পৃথক্ ষোড়শ সহস্র গৃহে এক সময়ে উপস্থিত হইয়া কি প্রকারে সকলের পাণিগ্রহণ করত গার্হস্থ্য ধর্ম্ম করিতেছেন! তাহা দেখিবার জন্য উৎসুক-হৃদয় দেবর্ষি নারদ দ্বারকাপুরে আগমন করিলেন।২

অহো! তৎকালে দ্বারকার কি অপূর্ব্ব শোভাই পরিলক্ষিত হইতেছিল! ফলপুষ্পোপশোভিত দ্বারকার বন, উপবন এবং উদ্যান-সমূহে পক্ষিকুলের কাকলি এবং অলিকুলের ঝঙ্কার নিরন্তরই শ্রুত হইতেছিল! প্রফুল্ল কমল, ইন্দীবর, কহ্লার, কুমুদ এবং উৎপল-সমূহে পরিব্যাপ্ত জলাশয়সকলে হংস ও সারসগণ উচ্চকণ্ঠে কলধ্বনি করত ক্রীড়া করিতেছিল।৩-৪

স্ফটিকময় ও রজতময় অভিনব লক্ষ লক্ষ প্রাসাদে মহামারকতের ন্যায় অপূর্ব্ব চাক্‌চিক্যবিশিষ্ট স্বর্ণরত্নময় বিচিত্র পরিচ্ছদসকল শোভা পাইতেছিল।৫

পুরীমধ্যে রাজমার্গ, প্রশস্ত পথ, চতুষ্পথ, চত্বর, আপণস্থল, অন্নসংগ্রহের আগারসমূহ, সভাস্থল ও দেবমন্দিরাদি যথাযোগ্য স্থানে শোভা পাইতেছিল।

বিষ্টব্ধং বিদ্রুমস্তম্ভৈর্বৈদূর্য্যফলকোত্তমৈঃ।
ইন্দ্রনীলময়ৈঃ কুড্যৈর্জগত্যা চাহতত্বিষা ॥৯

বিতানৈর্নির্ম্মিতৈস্ত্বষ্ট্রা মুক্তাদামবিলম্বিভিঃ।
দান্তৈরাসনপর্য্যঙ্কৈর্মণ্যুত্তমপরিষ্কৃতৈঃ ॥১০

দাসীভির্নিষ্ককণ্ঠীভিঃ সুবাসোভিরলঙ্কৃতম্।
পুম্ভিঃ সকঞ্চুকোষ্ণীষ-সুবস্ত্রমণিকুণ্ডলৈঃ ॥১১

রত্নপ্রদীপনিকরদ্যুতিভির্নিরস্ত-
ধ্বান্তং বিচিত্রবলভীষু শিখণ্ডিনোঽঙ্গ।
নৃত্যন্তি যত্র বিহিতাগুরুধূপমক্ষৈ-
র্নির্যান্তমীক্ষ্য ঘনবুদ্ধয় উন্নদন্তঃ ॥১২

তস্মিন্ সমানগুণ-রূপ-বয়ঃ-সুবেষ-
দাসীসহস্রযুতয়ানুসবং গৃহিণ্যা।
বিপ্রো দদর্শ চমর-ব্যজনেন রুক্ম-
দণ্ডেন সাত্বতপতিং পরিবীজয়ন্ত্যা ॥১৩

(ভবনং বিশিনষ্টি) বিদ্রুমস্তম্ভৈঃ বৈদূর্য্যফলকোত্তমৈঃ (বৈদূর্য্যময়াণি ফলকোত্তমানি স্তম্ভাশ্রয়াণি ছাদনানি তৈঃ) চ বিষ্টব্ধং প্রতিবদ্ধম্ ইন্দ্রনীলময়ৈঃ কুড্যৈঃ ন হতা ত্বিট্ যস্যাঃ তয়া জগত্যা ভূমিকয়া চ অলঙ্কৃতম্ ॥৯

ত্বষ্ট্রা নির্ম্মিতৈঃ মুক্তাদামবিলম্বিভিঃ (মুক্তাদামানি বিলম্বন্তীতি যুতৈঃ) বিতানৈঃ মণ্যুত্তম-পরিষ্কৃতৈঃ (মণ্যুত্তমৈঃ পরিষ্কৃতৈঃ অলঙ্কৃতৈঃ) দান্তৈঃ হস্তিদন্ত-নির্মিতৈঃ আসনৈঃ পর্য্যঙ্কৈঃ চ অলঙ্কৃতম্ ॥১০

নিষ্ককণ্ঠীভিঃ সুবাসোভিঃ দাসীভিঃ তথা শোভনানি কুঞ্চুকাদীনি যেষাং তৈঃ পুংভিঃ চ অলঙ্কৃতম্ ॥১১

রত্নপ্রদীপ-নিকর-দ্যুতিভিঃ (রত্নপ্রদীপানাং যে নিকরাঃ সমূহাঃ তেষাং দ্যুতিভিঃ) নিরস্তধ্বান্তং (নিরস্তং ধ্বান্তং তমো যস্মিন্ তৎ) যত্র অন্তঃপুরে ভবনে চ বিচিত্র-বলভীষু (স্তম্ভাগ্র-প্রসারিত-বক্র-দারুবিশেষেষু) স্থিতাঃ শিখণ্ডিনঃ ময়ূরাঃ অক্ষৈঃ গবাক্ষ-মার্গৈঃ নির্য্যান্তং বিহিতাগুরুধূপম্ ঈক্ষ্য দৃষ্ট্বা, ঘনবুদ্ধয়ঃ নীলাম্বুদোঽয়ম্ ইতি বুদ্ধিঃ যেষাং তথাভূতাঃ উন্নদন্তঃ সন্তঃ নৃত্যন্তি তৎ ॥১২

তস্মিন্ ভবনে রুক্মদণ্ডেন চামর-ব্যজনেন পরিবীজয়ন্ত্যা অনুসবং সর্ব্বকালং সমানগুণরূপবয়ঃ-সুবেশ-দাসী-সহস্রযুতয়া গৃহিণ্যা রুক্মিণ্যা সহিতং সাত্বতপতিশ্রীকৃষ্ণং বিপ্রঃ নারদঃ দদর্শ ॥১৩

রাজপথ, আপণ (হট্টাদি পণ্যবিক্রয়ের স্থান), বীথি (গৃহ-সংলগ্ন চত্বর), দেহলী (গৃহদ্বার বেদিকা) প্রভৃতি স্থান উত্তমরূপে জলসিক্ত ও নিত্য ধৌত হইত ; এবং পতপতা-শব্দে উড্ডীয়মান ধ্বজপতাকাদির আবরণে দ্বারকাপুরে দিবাকরও আর প্রচণ্ড আতপ দানে কখন সমর্থ হইতেন না।৬

দেবর্ষি তাদৃশ দ্বারকার অপূর্ব্ব শোভা দর্শনে বিস্মিত হইলেন। অহো! শিল্পকার্য্যে বিশ্বকর্ম্মা যেন তাঁহার যাবতীয় নৈপুণ্যের পরাকাষ্ঠা এই শ্রীহরির অন্তঃপুর রচনায় প্রকাশ করিয়াছিলেন। সুতরাং ইন্দ্রাদি লোকপালগণেরও একান্ত প্রশংসিত শ্রীকৃষ্ণের ষোড়শসহস্র পত্নীগণের ষোড়শসহস্র গৃহে পরি-শোভিত অপূর্ব্ব অন্তঃপুর মধ্যে দেবর্ষি নারদ উপস্থিত হইয়া, প্রথমত তাঁহার একটী পত্নীর ভবনে প্রবেশ করিলেন।৭-৮

ঐ ভবনটী প্রবালস্তম্ভে পরিশোভিত, বৈদূর্য্য-মণিফলকে আচ্ছাদিত এবং গৃহাভ্যন্তরস্থ প্রাচীর-সকল ইন্দ্রনীলময় বিলেপনে এতই স্বচ্ছ ছিল যে, ভিত্তির বহির্ভাগের চিক্কণ ভাব ও জ্যোতিঃ কিছুতেই ম্লান হইত না।৯

বিশ্বকর্ম্মা-নির্ম্মিত মুক্তমালাবিলম্বিত চন্দ্রাতপে ও গজদন্ত নির্ম্মিত আসন ও উৎকৃষ্ট মণিসমূহে খচিত পর্য্যঙ্কের দ্বারা প্রত্যেক গৃহ সজ্জীকৃত ছিল।১০

অনুত্তম বেষভূষায় সুসজ্জিত নিষ্ককণ্ঠী দাসী সমূহ এবং কঞ্চুক, উষ্ণীষ, উৎকৃষ্ট পরিধেয় বস্ত্র এবং

তং সন্নিরীক্ষ্য ভগবান্ সহসোত্থিতঃ শ্রী-
পর্য্যঙ্কতঃ সকলধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
আনম্য পাদযুগলং শিরসা কিরীট-
জুষ্টেন সাঞ্জলিরবীবিশদাসনে স্বে ॥১৪
তস্যাবনিজ্য চরণৌ তদপঃ স্বমূর্দ্ধ্না-
বিভ্রজ্জগদ্‌গুরুতমোঽপি সতাং পতির্হি।
ব্রহ্মণ্যদেব ইতি যদ্ গুণনামযুক্তং
তস্যৈব যচ্চরণশৌচমশেষতীর্থম্ ॥১৫
সম্পূজ্য দেবঋষিবর্য্যমৃষিঃ পুরাণো'
নারায়ণো নরসখো বিধিনোদিতেন।
বাণ্যাভিভাষ্য মিতয়ামৃতজুষ্টয়া তং
প্রাহ প্রভো ভগবতে করবাম হে কিম্ ॥১৬

সকলধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ ভগবান্ কৃষ্ণ তং নারদং সংনিরীক্ষ্য শ্রীপর্য্যঙ্কতঃ (শ্রিয়ঃ রুক্মিণ্যাঃ পর্য্যঙ্কাৎ) সহসা আশু উত্থিতঃ সন্ কিরীট-জুষ্টেন শিরসা তস্য পাদযুগলম্ আনম্য সাঞ্জলিঃ এব স্বে স্বকীয়ে আসনে অবীবিশৎ উপবেশয়ামাস ॥১৪

যস্য চরণশৌচং গঙ্গা অশেষতীর্থং অশেষাণাং ব্রহ্মাদীনাং সর্ব্বেষাং তীর্থং পবিত্রকরং) তস্য শ্রীহরেঃ ব্রহ্মাণ্যদেবঃ (ব্রাহ্মণ-কুলে সাধবঃ ব্রহ্মণ্যাঃ তেষাং দেবঃ প্রবর্ত্তকঃ ফলদঃ চ ইতি) যৎ গুণনাম অম্বর্থং নাম তৎ তস্য এব যুক্তম্। যতঃ সতাং পতিঃ হি সঃ জগদ্‌গুরুতমঃ (জগতাং ব্রহ্মাদিপ্রাণিনাং গুরুতমঃ অপি পূজ্যতমঃ অপি) তস্য নারদস্য চরণৌ অবনিজ্য প্রক্ষাল্য তৎ অপঃ জলং স্বমূর্দ্ধ্নি অবিভ্রৎ আত্তদধার ॥১৫

ঋষির্মন্ত্রপ্রবর্ত্তকঃ, পুরাণঃ পুরাপি নবঃ, নরসখঃ (নরস্য সখা) নারায়ণঃ, কৃষ্ণঃ উদিতেন শাস্ত্রোক্তেন বিধিনা এবং দেবর্ষিবর্য্যং তম্ ঋষিং নারদং সংপূজ্য অমৃত-জুষ্টয়া (অমৃতেন জুষ্টয়া), মিতয়া স্বল্পাক্ষরয়া বাণ্যা "হে প্রভো! ভগবতে ঐশ্বর্য্যাদি-গুণপূর্ণায় তুভ্যং কিং করবামহে" ইতি তং নারদং প্রাহ ॥১৬

মণিময় কুণ্ডল ধারণে সুসজ্জিত পুরুষগণে পরিসেবিত তাদৃশ ভবন (দর্শনে দেবর্ষির আর আনন্দের সীমা রহিল না)।১১

রত্নময় প্রদীপ-সমূহের দীপ্তিতে গৃহের সর্ব্বত্র আলোকময় পরিদৃষ্ট হইল। হে নরনাথ! স্তম্ভের অগ্রভাগ হইতে প্রসারিত বক্র দারুময় বিচিত্র বড়ভীসমূহের উপরে উপবিষ্ট শিখিকুল গবাক্ষ-দ্বার দিয়া নির্গত অগুরু ধুম দর্শনে নবীন নীরদবোধে আনন্দে নৃত্য করত কেকারব করিতেছিল।১২

ভবনের অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া দেবর্ষি দেখিলেন যে, রুক্মিণীদেবী আপনার সমবয়স্ক ও আত্মতুল্য রূপলাবণ্যে দেদীপ্যমানা সহস্র দাসীতে পরিবৃতা হইয়া, স্বর্ণদণ্ড চামর ও ব্যজন দ্বারা সাত্বতপতি শ্রীকৃষ্ণকে বীজন করিতেছেন।১৩

ধার্ম্মিকগণাগ্রগণ্য ভগবান্ শ্রীকৃষ্ণ নারদকে নয়নগোচর করিবামাত্র তৎক্ষণাৎ পর্য্যঙ্ক হইতে গাত্রোত্থান করিলেন এবং কিরীটশোভিত মস্তক অবনত করিয়া, মুনির চরণে প্রণাম করিলেন ও কৃতাঞ্জলিপুটে স্বীয় আসনে তাঁহাকে উপবেশন করাইলেন।১৪

যিনি জগৎসংসারের আরাধ্যতম ও ভক্তগণের একমাত্র গতি, তিনি অদ্য নারদের চরণ ধৌত করিয়া, সেই পাদোদক স্বীয় মস্তকে ধারণ করিলেন। অহো! যাঁহার চরণনিঃসৃত বারি গঙ্গানামে বিখ্যাত হইয়া সকলের পবিত্রতাসাধন করেন, তিনি নারদের চরণবারি মস্তকে ধারণ করায় ব্রহ্মণ্যদেব এই সগুণ নামের অর্থই যথার্থ প্রতিপাদন করিয়াছেন।১৫

সর্ব্বমন্ত্রের প্রবর্ত্তক পুরাণ ঋষি নরসখা নারায়ণ শাস্ত্রোক্ত বিধানে দেবর্ষি নারদকে অভিবাদন ও পূজা করিয়া অমৃতবর্ষিণী স্বল্পাক্ষরা বাণীর প্রয়োগে কুশলাদি প্রশ্ন করত বলিলেন,—হে প্রভো! এক্ষণে আপনার কি কার্য্য সম্পন্ন করিতে হইবে, তাহা আমায় বলুন।১৬

নারদ উবাচ

নৈবাদ্ভুতং ত্বয়ি বিভোঽখিললোকনাথে
মৈত্রী জনেষু সকলেষু দমঃ খলানাম্।
নিঃশ্রেয়সায় হি জগৎস্থিতি-রক্ষণাভ্যাং
স্বৈরাবতার উরুগায় বিদাম সুষ্ঠু ॥১৭
দৃষ্টং তবাঙ্ঘ্রিযুগলং জনতাপবর্গং
ব্রহ্মাদিভির্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
ধ্যায়ংশ্চরাম্যনুগৃহাণ যথা স্মৃতিঃ স্যাৎ ॥১৮

ততোঽন্যদাবিশদ্ গেহং কৃষ্ণপত্ন্যাঃ স নারদঃ।
যোগেশ্বরেশ্বরস্যাঙ্গ যোগমায়াবিবিৎসয়া ॥১৯

দীব্যন্তমক্ষৈস্তত্রাপি প্রিয়য়া চোদ্ধবেন চ।
পূজিতঃ পরয়া ভক্ত্যা প্রত্যুত্থানাসনাদিভিঃ ॥২০

নারদঃ উবাচ। হে বিভো! সকলেষু সাধুজনেষু মৈত্রী তথা খলানাং পরপীড়াকরাণাং দমঃ দণ্ডঃ চ অখিললোকনাথে ত্বয়ি অদ্ভুতম্ অসম্ভাবিতং নৈব ভবতি। হি যস্মাৎ জগতঃ স্থিতি-রক্ষণাভ্যাং সহ নিঃশ্রেয়সায় সাধুজননাং পুরুষার্থ-সিদ্ধয়ে তব অয়ং স্বৈরাবতারঃ স্বেচ্ছয়া অবতারঃ ইতি সম্যক্ বিদাম বিদ্মঃ ॥১৭

অগাধবোধৈঃ সর্ব্বজ্ঞৈঃ ব্রহ্মাদিভিঃ হৃদি বিচিন্ত্যং যত্নাতিশয়েন স্মরণীয়ং, জনতাপবর্গং (জনতায়াঃ ভক্তসমূহস্য অপবর্গং মোক্ষরূপং পরমং ফলং) সংসারকূপপতিতোত্তরণাবলম্বং (সাংসারঃ এব কূপঃ তস্মিন্ পতিতানাম্ উত্তরণায় অবলম্বম্ আশ্রয়ং) তব অঙ্ঘ্রিযুগলং ময়া দৃষ্টং; কিঞ্চ যথা নিরন্তরং তস্য স্মৃতিঃ স্যাৎ তৎ ধ্যায়ন্ এব অনুচরামি তথা অনুগৃহাণ ॥১৮

হে অঙ্গ! ইত্থং ভগবতা অনুগৃহীতঃ সঃ নারদঃ ততঃ গৃহাৎ বিনিঃসৃতঃ সন্ যোগেশ্বরেশ্বরস্য (যোগেশ্বরাণাম্ অপি ঈশ্বরস্য শক্তিপ্রদস্য শ্রীকৃষ্ণস্য) যোগমায়াবিবিৎসয়া (যোগমায়াম্ অচিন্ত্যশক্তিং বিবিৎসয়া) কৃষ্ণপত্ন্যাঃ অন্যৎ গেহম্ আবিশৎ ॥১৯

তত্রাপি গৃহে প্রিয়য়া ভার্য্যয়া, উদ্ধবেন চ সহ অক্ষৈঃ দিব্যন্তং ক্রীড়ন্তং ভগবন্তং দদর্শ। তথা প্রত্যুত্থানাসনাদিভিঃ পরয়া ভক্ত্যা তত্রাপি ভগবতা কক্ষেন পূজিতঃ ॥২০

দেবর্ষি নারদ বলিলেন,—হে বিভো! আপনি অখিল লোকের অধীশ্বর। সরলপ্রকৃতি সাধু জনগণের প্রতি সৌহার্দ্দের প্রকাশে উপকার করা এবং আমাদের ন্যায় খলপ্রকৃতি পরাপকারী দুষ্টগণের প্রতি শিক্ষা প্রদানের উপলক্ষে দমন করায় আপনার পক্ষে কোনরূপ বৈষম্যের পরিচয় হয় না। এই ব্রহ্মাণ্ডবর্ত্তী জীবনিচয়ের স্থিতি ও পালনের দ্বারা মুক্তিপ্রদানের নিমিত্তই স্বেচ্ছাধীন বিগ্রহপরিগ্রহে আপনি অবতীর্ণ হইয়াছেন। বিবিধ ভাবে ও নামে আপনি যে জগতে পরিকীর্ত্তিত, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি।১৭

হে নিখিল-জনশরণ! অপূর্ব্ব সৌভাগ্যবলেই অদ্য আমি ভবদীয় চরণযুগল নয়নগোচর করিয়া জন্ম সার্থক করিলাম। অহো! ঐ পদকমলের সাক্ষাৎকার-লাভ কাহারই ভাগ্যে প্রায় ঘটে না; সর্ব্বজ্ঞ ব্রহ্মাদি লোকপালগণ বিশেষ যত্ন করিয়াই ঐ চরণপদ্ম হৃদয়ে ধারণ করিয়াছেন মাত্র। হে অনাথশরণ! আমার প্রতি আপনি এই অনুগ্রহ করুন্ যে, দুরতিক্রমণীয় সংসার-কূপে পতিত জনগণের উত্তরণার্থ একমাত্র অবলম্বন-স্বরূপ অখিল জীবের মুক্তিপ্রদ ভবদীয় সেই চরণকমল চিন্তা করিয়াই যেন আমি বিচরণ করিতে পারি। চিরকাল যেন ঐ চরণে আমার স্মৃতি থাকে।১৮

(শ্রীশুকদেব বলিলেন), হে রাজন্! দেবর্ষি নারদ এই প্রকার বলিয়া যোগেশ্বরেরও ঈশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণের অনির্ব্বচনীয় যোগমায়া সন্দর্শনের কামনায় সেই গৃহ হইতে অপর কৃষ্ণ-বনিতার গৃহে প্রবেশ করিলেন।১৯

অহো! তাদৃশ বৃহৎ ধ্বজা, পতাকা, ছত্র, চামর, বিচিত্র শাণিত অস্ত্র শস্ত্র, অঙ্গের আভরণ, কিরীট এবং কবচে সুশোভিত বিপুল সৈন্যদলের কি অপূর্ব্ব শোভাই পরিলক্ষিত হইয়াছিল! ভীষণ নক্র এবং মৎস্যাদি জলচরগণে পরিপূর্ণ, তরঙ্গমালা পরিপ্লুত অপার জলধির ন্যায় সুবিস্তীর্ণ বাসুদেবের সৈন্যদল প্রচণ্ড বাদ্যরবের তুমুল ধ্বনিতে ও দিবাকরের অংশুজালে সেই বনটীকে যেন দিবসের ন্যায় সমুজ্জ্বল করিয়াছিল।১৮

রাজদূতমুবাচেদং ভগবান্ প্রীণয়ন্ গিরা।
মা ভৈষ্ট দূত ভদ্রং বো ঘাতয়িষ্যামি মাগধম্ ॥২০
ইত্যুক্তঃ প্রস্থিতো দূতো যথাবদবদন্নৃপান্।
তেঽপি সন্দর্শনং শৌরেঃ প্রত্যৈক্ষন্ যন্মুমুক্ষবঃ ॥২১
আনর্ত্ত-সৌবীর-মরূংস্তীর্ত্বা বিনশনং হরিঃ।
গিরীন্ নদীরতীয়ায় পুরগ্রাম-ব্রজাকরান্ ॥২২

ততো দৃষদ্বতীং তীর্ত্বা মুকুন্দোঽথ সরস্বতীম্।
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ শক্রপ্রস্থমুপাগমৎ ॥২৩
তমুপাগতমাকর্ণ্য প্রীতো দুর্দ্দর্শনং নৃণাম্।
অজাতশত্রুর্নিরগাৎ সোপাধ্যায়ঃ সুহৃদ্বৃতঃ ॥২৪
গীত-বাদিত্রঘোষেণ ব্রহ্মঘোষেণ ভূয়সা।
অভ্যয়াৎ স হৃষীকেশং প্রাণঃ প্রাণমিবাদৃতাঃ ॥২৫

ততঃ ভগবান্ রাজদূতং গিরা মধুরবচনেন প্রীণয়ন্ "হে দূত! মা ভৈষ্ট বঃ যুষ্মাকং ভদ্রং ভবিষ্যতি" যতঃ মাগধং ঘাতয়িষ্যামি ইতি ইদম্ উবাচ ॥২০

ইতি এবং ভগবতা উক্তঃ দূতঃ প্রস্থিতঃ সন্ নৃপান্ যথাবৎ অবদৎ; তে অপি যৎ যস্মাৎ মুমুক্ষবঃ রাজানঃ শৌরেঃ সন্দর্শনং প্রত্যৈক্ষন্ প্রতীক্ষিতবন্তঃ ॥২১

আনর্ত্ত শৌবীর-মরূন্ গিরীন্ নদীঃ চ তীর্ত্বা অতিক্রম্য বিনশনং কুরুক্ষেত্রং, তত্র চ পুরগ্রামব্রজাকরান্ তথা দৃশদ্বতীং

ততঃ সরস্বতীং তীর্ত্বা মুকুন্দঃ হরিঃ পাঞ্চালান্ অথ মৎস্যান্ অতিক্রম্য শক্রপ্রস্থম্ ইন্দ্রপ্রস্থম্ উপাগমৎ ॥২২-২৩

নৃণাং দুর্দ্দর্শনং (দুঃ দুর্ল্লভং দর্শনং যস্য তং) তং শ্রীকৃষ্ণম্ উপাগতম্ আকর্ণ্য প্রীতঃ প্রসন্নঃ অজাতশত্রুঃ যুধিষ্ঠিরঃ সোপাধ্যায়ঃ সুহৃদ্বৃতঃ এব পুরাৎ নিরগাৎ ॥২৪

আদৃতাঃ প্রাণাঃ ইন্দ্রিয়াণি যথা মুখ্যং প্রাণম্ অভিযান্তি (তং চ প্রাপ্য সচেষ্টানি ভবন্তি), তথা সঃ যুধিষ্ঠিরঃ গীত-বাদিত্র-ঘোষেণ তথা ভূয়সা মহতা ব্রহ্মঘোষেণ বেদধ্বনিনা সহ হৃষীকেশম্ ইন্দ্রিয়-নিয়ন্তারং কৃষ্ণম্ অভ্যয়াৎ ॥২৫

যাত্রাকালে ভগবান্ শ্রীপতি বিবিধ উপহার প্রদানে দেবর্ষি নারদকে যথেষ্ট সম্মান প্রদর্শন করিলেন। এদিকে নারদও কৃষ্ণদর্শনে অতীব আনন্দ অনুভব করিলেন এবং তাঁহার মনোগত অভিপ্রায় অবগত হইয়া মনে মনে তাঁহাকে প্রণাম করিলেন এবং হৃদয়-মন্দিরে কৃষ্ণরূপ চিন্তা করত আকাশপথে যথাস্থানে প্রস্থান করিলেন।১৯

অনন্তর শ্রীকৃষ্ণ রাজদূতকে সম্বোধন করিয়া মধুর বচনে বলিলেন যে,—ওহে দূত! তুমি রাজগণকে বলিবে যে, তাঁহাদের কোন ভয় নাই; নিশ্চয়ই তাঁহাদের মঙ্গল হইবে; কারণ, জরাসন্ধকে আমি নিশ্চয়ই নিহত করাইব।২০

শ্রীকৃষ্ণের উক্তি শ্রবণে রাজদূত প্রস্থান করিল এবং রুদ্ধ রাজগণের সমীপে উপস্থিত হইয়া, কৃষ্ণ-কথিত যাবতীয় উক্তি আনুপূর্ব্বিক বর্ণনা করিল। তথায় নৃপতিগণ জরাসন্ধের কারাগার হইতে মুক্তি-লাভের প্রত্যাশায় ও কৃষ্ণ-সন্দর্শনের প্রতীক্ষায় কালাতিপাত করিতে লাগিলেন।২১

এদিকে বাসুদেব সৈন্য-সামন্ত পরিবৃত হইয়া যাত্রা করত, ক্রমশ আনর্ত্ত, সৌবীর, মরু ও কুরুক্ষেত্রকে অতিক্রম করত তত্রত্য গিরি, নদী, পুরগ্রাম, ব্রজ ও আকরাদি অতিক্রম করিলেন।২২

অনন্তর শ্রীকৃষ্ণ দৃষদ্বতী ও সরস্বতীনদী উত্তীর্ণ হইয়া, ক্রমশ পঞ্চাল ও মৎস্য দেশকেও অতিক্রম করিয়া ইন্দ্রপ্রস্থে উপনীত হইলেন।২৩

অহো! মানবগণের দুর্ল্লভ-দর্শন ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং উপনীত হইয়াছেন শ্রবণ করিয়া, অজাতশত্রু রাজা যুধিষ্ঠির অতীব আনন্দিত হইলেন এবং উপাধ্যায় ও সুহৃদ্‌বর্গে পরিবৃত হইয়া তাঁহার প্রত্যুদ্গমনার্থ পুর হইতে নির্গত হইলেন।২৪

ইন্দ্রিয়গণ মুখ্য প্রাণলাভে যেমন পুনর্জ্জীবিত হইয়া তাহারই অনুগমন করে, সেইরূপ রাজা যুধিষ্ঠির গীতবাদিত্রধ্বনি এবং বেদধ্বনি সহকারে সর্ব্বেন্দ্রিয়-

দৃষ্ট্বা বিক্লিন্নহৃদয়ঃ কৃষ্ণং স্নেহেন পাণ্ডবঃ।
চিরাদ্ দৃষ্টং প্রিয়তমং সস্বজেঽথ পুনঃ পুনঃ ॥২৬
দোর্ভ্যাং পরিষ্বজ্য রমামলালয়ং
মুকুন্দগাত্রং নৃপতির্হতাশুভঃ।
লেভে পরাং নির্বৃতিমশ্রুলোচনো
হৃষ্যত্তনুর্বিস্মৃতলোকবিভ্রমঃ ॥২৭
তং মাতুলেয়ং পরিরভ্য নির্বৃতো
ভীমঃ স্ময়ন্ প্রেমজলাকুলেন্দ্রিয়ঃ।

স্নেহেন বিক্লিন্ন-হৃদয়ঃ (বিক্লিন্নম্ আর্দ্রং হৃদয়ং যস্য সঃ) পাণ্ডবঃ যুধিষ্ঠিরঃ কৃষ্ণং দৃষ্ট্বা চিরাৎ দৃষ্টং প্রিয়তমং পুনঃ পুনঃ সস্বজে আলিঙ্গিতবান্ ॥২৬

দোর্ভ্যাং ভুজাভ্যাং রমায়াঃ অমলং নির্দ্দোষম্ আলয়ং মুকুন্দস্য গাত্রং পরিষ্বজ্য আলিঙ্গ্য, হতাশুভঃ (হতম্ অশুভং পাপং যস্য সঃ) বিস্মৃতঃ লোকবিভ্রমঃ লোকব্যবহারঃ যেন সঃ পরাং নির্বৃতিম্ আনন্দং লেভে ॥২৭

মাতুলেয়ং মাতুলপুত্রং তং কৃষ্ণং পরিরভ্য নির্বৃতঃ পরমানন্দ-

নিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণকে হৃষ্টান্তঃকরণে প্রত্যুদ্গমন করিয়াছিলেন।২৫

যুধিষ্ঠিরের হৃদয় স্নেহে আর্দ্র হইয়া গেল ; তিনি কৃষ্ণকে দেখিয়া বহুকাল পরে প্রত্যাবর্ত্তিত পরম বন্ধুর ন্যায়, তাঁহাকে বারংবার আলিঙ্গন করিতে লাগিলেন।২৬

অহো ! কমলার পবিত্র আবাসস্থল মুকুন্দের মনোহর কলেবর হস্তযুগলে আলিঙ্গন করিয়া, যুধিষ্ঠিরের পাপ তাপ সমস্ত দূরে গেল ; তাঁহার নয়ন-যুগল হইতে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল; পুলকে কলেবর রোমাঞ্চিত হইয়া উঠিল ; যুধিষ্ঠির যেন তৎকালে লোক-ব্যবহার বিস্মৃত হইয়াই তাদৃশ পরমানন্দ অনুভব করিতে লাগিলেন।২৭

মাতুল-নন্দন মুকুন্দকে আলিঙ্গন করিয়া, বৃকোদরের আর আনন্দের পরিসীমা রহিল না ; প্রেমাশ্রুতে তাঁহার লোচনদ্বয় পরিপূর্ণ হইল।

যমৌ কিরীটী চ সুহৃত্তমং মুদা
প্রবৃদ্ধবাষ্পাঃ পরিরেভিরেঽচ্যুতম্ ॥২৮
অর্জ্জুনেন পরিষ্বক্তো যমাভ্যামভিবাদিতঃ।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য বৃদ্ধেভ্যশ্চ যথার্হতঃ ॥২৯
মানিনো মানয়ামাস কুরু-সৃঞ্জয়-কৈকয়ান্
সূত-মাগধ-গন্ধর্ব্বা বন্দিনশ্চোপমন্ত্রিণঃ ॥৩০
মৃদঙ্গ-শঙ্খ-পটহ-বীণা-পণব-গোমুখৈঃ।
ব্রাহ্মণাশ্চারবিন্দাক্ষং তুষ্টুবুর্ননৃতুর্জ্জগুঃ ॥৩১

পূর্ণঃ ভীমঃ স্ময়ন্ প্রেমজলাকুলেন্দ্রিয়ঃ (প্রেমজলৈঃ আনন্দাশ্রুভিঃ আকুলে পিহিতে ইন্দ্রিয়ে লোচনে যস্য তথাভূতঃ) বভূব। তথা যমৌ নকুল-সহদেবৌ কিরীটী অর্জ্জুনঃ চ মুদা হর্ষেণ প্রবৃদ্ধবাষ্পাঃ (প্রবৃদ্ধানি বাষ্পানি আনন্দাশ্রূণি যেষাং তে) সুহৃত্তমম্ অচ্যুতং পরিরেভিরে ॥২৮

অর্জ্জুনেন পরিষ্বক্তঃ আলিঙ্গিতঃ, যমাভ্যাম্ অভিবাদিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ব্রাহ্মণেভ্যঃ তথা বৃদ্ধেভ্যঃ বয়োঽধিকেভ্যঃ

নকুল-সহদেব নামক যমজ ভ্রাতাদ্বয় এবং অর্জ্জুন শ্রীকৃষ্ণকে অবলোকন করত একান্ত প্রীত হইলেন এবং হর্ষাশ্রু বিসর্জ্জন করত প্রাণপ্রিয় কৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করিলেন।২৮

এই প্রকারে সমবয়স্ক অর্জ্জুন কর্ত্তৃক আলিঙ্গিত এবং ন্যূনবয়স্ক নকুল এবং সহদেবাদি কর্ত্তৃক অভিবন্দিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ উপস্থিত ব্রাহ্মণগণকে এবং বয়োবৃদ্ধ মাননীয় আত্মীয়গণকে প্রণাম করিলেন এবং অন্যান্য ব্যক্তিকেও যথাযোগ্য অভিবাদনাদি করিলেন।২৯

শ্রীকৃষ্ণ কুরু, সঞ্জয় ও কেকয়-বংশীয় কুলবৃদ্ধগণের সম্মান প্রদর্শন করিলেন। সূত, মাগধ, গন্ধর্ব্ব, বন্দিগণ এবং উপমন্ত্রিগণ মৃদঙ্গ, শঙ্খ, পটহ, বীণা, পণব এবং বেণু প্রভৃতির বাদ্য সহকারে নৃত্য ও গীত দ্বারা ভগবান্ শ্রীকৃষ্ণকে পরিতুষ্ট করিলেন ;

এবং সুহৃদ্ভিঃ পর্য্যস্তঃ পুণ্যশ্লোকশিখামণিঃ।
সংস্তূয়মানো ভগবান্ বিবেশালঙ্কৃতং পুরম্ ॥৩২

সংসিক্তবর্ত্ম করিণাং মদগন্ধতোয়ৈ-
শ্চিত্রধ্বজৈঃ কনকতোরণপূর্ণকুম্ভৈঃ।
মৃষ্টাত্মভির্নবদুকূলবিভূষণস্রগ্-
গন্ধৈর্নৃভির্যুবতিভিশ্চ বিরাজমানম্ ॥৩৩

উদ্দীপ্তদীপবলিভিঃ প্রতিসদ্ম জাল-
নির্যাতধূপরুচিরং বিলসৎপতাকম্
মূর্দ্ধন্যহেমকলসৈ রজতোরুশৃঙ্গৈ-
র্জুষ্টং দদর্শ ভবনৈঃ কুরুরাজধাম ॥৩৪

প্রাপ্তং নিশম্য নরলোচনপানপাত্র-
মৌৎসুক্যবিশ্লথিতকেশদুকূলবন্ধাঃ।
সদ্যো বিসৃজ্য গৃহ-কর্ম্ম-পতীংশ্চ তল্পে
দ্রষ্টুং যযুর্যুবতয়ঃ স্ম নরেন্দ্রমার্গে ॥৩৫

যুধিষ্ঠিরাদিভ্যঃ যথার্হতঃ যথাযোগ্যং নমস্কৃত্য মানিনঃ কুরু-সৃঞ্জয়-কেকয়ান্ মানয়ামাস সৎকৃতবান্, তথা সূত-মাগধ-বন্দিনঃ উপমন্ত্রিণঃ ব্রাহ্মণাশ্চ মৃদঙ্গ-শঙ্খ-পটহ-বীণা-পণব-বেণুভিঃ অরবিন্দাক্ষং পদ্মপলাশলোচনং কৃষ্ণং তুষ্টুবুঃ ননৃতুঃ জগুশ্চ ॥২৯-৩১

পুণ্যশ্লোকশিখামণিঃ (পুণ্যঃ পুণ্যাবহঃ শ্লোকঃ যশঃ যেষাং তেষাং শিখামণিঃ শ্রেষ্ঠঃ) ভগবান্ শ্রীকৃষ্ণঃ এবং সুহৃদ্ভিঃ যুধিষ্ঠিরাদিভিঃ পর্য্যস্তঃ পরিবৃতঃ এবং সূতাদিভিঃ স্তূয়মানঃ অলঙ্কৃতং পুরং বিবেশ ॥৩২

করিণাং গজানাং মদগন্ধতোয়ৈঃ মদগন্ধযুক্তজলৈঃ সংসিক্তবর্ত্ম (সংসিক্তানি বর্ত্মানি পুরবীথয়ঃ যস্মিন্ তৎ) চিত্রধ্বজৈঃ কনকতোরণৈঃ পূর্ণকুম্ভৈঃ মৃষ্টাত্মভিঃ (মৃষ্টঃ আত্মা শরীরং যেষাং তৈঃ) তথা নবাঃ দুকূলাদয়ঃ যেষাং তৈঃ নৃভিঃ তথা যুবতিভিঃ বিরাজমানম্ ॥৩৩

প্রতিসদ্ম উদ্দীপ্তদীপৈঃ বলিভিঃ পুষ্পাদিপ্রকারৈঃ চ জুষ্টং, জালেভ্যঃ গবাক্ষেভ্যঃ নির্গতৈঃ ধূপৈঃ রুচিরং শোভিতং, বিলসৎপতাকং (বিলসন্ত্যঃ পতাকাঃ যস্মিন্ তৎ), মূর্দ্ধন্যাঃ মূর্দ্ধ্নি ভবাঃ হেমকলসাঃ যেষাং তৈঃ তথা রজতোরুশৃঙ্গৈঃ (রজতময়ানি উরূণি স্থূলানি শৃঙ্গাণি কলসাধস্তনভূমিকাঃ যেষাং তৈঃ) ভবনৈঃ জুষ্টং সেবিতং কুরুরাজধাম যুধিষ্ঠিরস্য অন্তঃপুরং ভগবান্ দদর্শ ॥৩৪

তৎকালীন ব্রাহ্মণগণ কমললোচন শ্রীভগবানের স্তব করিতে লাগিলেন ।৩০-৩১

পুণ্যশ্লোক-শিরোমণি ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে সুহৃদ্গণ কর্ত্তৃক আলিঙ্গিত ও অভিবাদিত হইয়া নানাপ্রকারে সুসজ্জিত এবং অলঙ্কৃত নগরে প্রবেশ করিলেন ।৩২

নগরের ইতস্ততঃ বিচিত্র ধ্বজা পতাকা এবং সুবর্ণময় তোরণ-সমূহেও পূর্ণকুম্ভ-সমূহ শোভা পাইতেছিল ; পথসকল মত্ত মাতঙ্গ-সমূহের মদগন্ধযুক্ত সলিলে সংসিক্ত এবং তত্রস্থ নর-নারীগণ সকলেই পরিষ্কার পরিচ্ছন্ন বেশধারণে এবং নবীন বসন ভূষণ পরিধানে, উত্তম পুষ্পমালা ও গন্ধাদি লেপনে পুরীর বিশেষ শোভাবর্দ্ধনই করিতেছিল ।৩৩

রাজপ্রাসাদের প্রত্যেক গৃহই প্রদীপ্ত দীপশ্রেণীতে সুশোভিত এবং গবাক্ষ-জাল হইতে নির্গত মনোহর ধূপগন্ধে সমগ্র পুরী যেন আমোদিত হইতেছিল ; ভবন-সমূহের শিরোদেশে রজত-নির্ম্মিত স্থূলতম শৃঙ্গোপরি সুবর্ণ-নির্ম্মিত কলসসমূহ শোভা পাইতেছিল এবং তদুপরি বিচিত্র ধ্বজা ও পতাকাদি উড্ডীয়মান হইতেছিল ।৩৪

অহো ! মানবমাত্রেরই লোচনের একমাত্র দর্শনীয় কমললোচন শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে শুভাগমন করিয়াছেন শ্রবণ করিয়া, কামিনীগণ স্ব স্ব কান্তকে পর্য্যস্ত শয্যাতলে পরিত্যাগ করিয়া এবং সমস্ত গৃহকর্ম্ম পরিহার করিয়া কৃষ্ণদর্শন কামনায় রাজপথে আসিয়া উপস্থিত হইল। ভগবান্কে দর্শন করিবার নিমিত্ত তাহারা এত উদ্বিগ্ন হইয়াছিল যে, ঔৎসুক্য-নিবন্ধন স্খলিত কটিবস্ত্র এবং কেশজাল বন্ধনেরও

তস্মিন্ সুসঙ্কুল ইভাশ্ব-রথ-দ্বিপত্তিঃ
কৃষ্ণং সভার্য্যমপুলভ্য গৃহাধিরূঢ়াঃ।
নার্য্যো বিকীর্য্য কুসুমৈর্মনসোপগুহ্য
সুস্বাগতং বিদধুরুৎস্ময়বীক্ষিতেন ॥৩৬

উচুঃ স্ত্রিয়ঃ পথি নিরীক্ষ্য মুকুন্দপত্নী-
স্তারা যথোড়ুপসহাঃ কিমকার্য্যমূভিঃ।
যচ্চক্ষুষাং পুরুষমৌলিরুদারহাস-
লীলাবলোককলয়োৎসবমাতনোতি ॥৩৭

তত্র তত্রোপসঙ্গম্য পৌরা মঙ্গলপাণয়ঃ।
চক্রুঃ সপর্য্যাং কৃষ্ণায় শ্রেণীমুখ্যা হতৈনসঃ ॥৩৮

অন্তঃপুরজনৈঃ প্রীত্যা মুকুন্দঃ ফুল্ললোচনৈঃ।
সসম্ভ্রমৈরভ্যুপেতঃ প্রাবিশদ্ রাজমন্দিরম্ ॥৩৯

পৃথা বিলোক্য ভ্রাত্রেয়ং কৃষ্ণং ত্রিভুবনেশ্বরম্।
প্রীতাত্মোত্থায় পর্য্যঙ্কাৎ সস্নুষা পরিষস্বজে ॥৪০

গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ।
পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহতো নৃপঃ॥৪১

নরলোচন-পান-পাত্রং (নরাণাং লোচনানি তেষাং পান-পাত্রং সাদরবীক্ষণস্য বিষয়ং) কৃষ্ণং প্রাপ্তং নিশম্য শ্রুত্বা, ঔৎসুক্যবিশ্লথিতাঃ শিথিলাঃ কেশানাং দুকূলানাং চ বন্ধাঃ যাসাং তাঃ যুবতয়ঃ সদ্যঃ এব গৃহকর্ম্ম তথা তল্পে শয্যায়াং পতীন্ চ বিসৃজ্য তং কৃষ্ণং দ্রষ্টুং নরেন্দ্রমার্গে যযুঃ স্ম ইতি নিশ্চয়ে ॥৩৫

গৃহাদিরূঢ়াঃ (গৃহেষু গৃহপ্রাসাদেষু অধিরূঢ়াঃ) নার্য্যঃ ইভাশ্বরথদ্বিপত্তিঃ চতুর্ভিঃ সেনাঙ্গৈঃ সুসংকুলে সংকীর্ণে, তস্মিন্ নরেন্দ্রমার্গে, সভার্য্যং কৃষ্ণম্ উপলভ্য দৃষ্ট্বা, কুসুমৈঃ বিকীর্য্য মনসা উপগুহ্য আলিঙ্গ্য, উৎস্ময়বীক্ষিতেন উৎস্ময়যুক্তেন ঈক্ষিতেন সুস্বাগতং বিদধুঃ স্বাগতপ্রশ্নং চক্রুঃ ॥৩৬

উড়ুপসহাঃ (উড়ুপেণ চন্দ্রেণ সহিতাঃ তারাঃ ইব স্থিতাঃ) মুকুন্দপত্নীঃ পথি নিরীক্ষ্য তাঃ স্ত্রিয়ঃ উচুঃ, যচ্চক্ষুষাং (যাসাং চক্ষুষাং) পুরুষমৌলিঃ পুরুষোত্তমঃ, উদারঃ সর্ব্বমনোরথপূরকঃ যঃ হাসঃ লীলাবলোকঃ তস্য কলয়া লেশেন উৎসবং সুখম্ আতনোতি তাভিঃ অমূভিঃ কৃষ্ণপত্নীভিঃ কিং সুকৃতম্ অকারি কৃতম্ ॥৩৭

তত্র তত্র মার্গে মঙ্গলপাণয়ঃ পৌরাঃ, শ্রেণীমুখ্যাঃ উপসঙ্গম্য হতৈনসঃ নিষ্পাপাঃ সন্তঃ কৃষ্ণায় সপর্য্যাং পূজাং চক্রুঃ। সম্ভ্রমৈঃ অতঃ ফুল্ললোচনৈঃ অন্তঃপুরজনৈঃ প্রীত্যা অভ্যুপেতঃ মুকুন্দঃ রাজমন্দিরং প্রাবিশৎ। পৃথা কুন্তী ভ্রাত্রেয়ং ত্রিভুবনেশ্বরং কৃষ্ণং বিলোক্য প্রীতাত্মা সতী সস্নুষা পর্য্যঙ্কাৎ উত্থায় তং পরিষস্বজে ।৩৮-৪০

আদৃতঃ আদরযুক্তঃ নৃপঃ যুধিষ্ঠিরঃ দেবদেবেশং গোবিন্দং গৃহম্ আনীয় প্রমোদোপহতঃ (প্রমোদেন উপহতঃ) অভিভূতঃ সন্ পূজায়াং কৃত্যং ক্রমবিশেষং ন অবিদৎ বিস্মৃতবান্ ॥৪১

সাবকশ তাঁহাদের হয় নাই ।৩৫

হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্যগণে পরিব্যাপ্ত রাজপথে বনিতাগণ সহ বাসুদেবকে অবলোকন করিয়া, নারীগণ অট্টালিকার উপরিভাগ হইতে কুসুমরাশি কৃষ্ণোপরি বর্ষণ করিতে লাগিলেন; এবং মনে মনে তাঁহাকে আলিঙ্গন করত সহাস্য অবলোকনের দ্বারাই তাঁহার স্বাগত প্রশ্ন জিজ্ঞাসা করিতে লাগিলেন ।৩৬

পূর্ণ শশধরকে পরিবেষ্টিত তারকাজালের ন্যায় বিরাজমান মুকুন্দকে পরিবেষ্টিত কৃষ্ণপত্নীগণকে পথি-মধ্যে নিরীক্ষণ করিয়া, কামিনীগণ বিস্মিত চিত্তে বলিলেন,—"অহো! এই নারীগণ পূর্ব্বজন্মে যে কীদৃশ পুণ্যের সঞ্চয় করিয়াছেন, তাহা আমরা কিছুতেই নিরূপণ করিতে পারিতেছি না। কারণ পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ উদার হাস্য এবং লীলাবলোকনের প্রয়োগে ইঁহাদেরই চক্ষুর প্রকৃত প্রস্তাবে আনন্দ-বর্দ্ধন করিতেছেন।"৩৭

পুরবাসী জনগণ এবং ভিন্ন ভিন্ন সম্প্রদায় এবং ব্যবসাবিশিষ্ট ব্যক্তিগণ পুষ্প, মাল্য এবং ফলাদি মাঙ্গল্য দ্রব্য হস্তে লইয়া কৃষ্ণ সমীপে উপনীত হইল এবং যথোপযুক্ত তাঁহার আদর ও অভ্যর্থনাদি করিতে লাগিল ।৩৮

এই প্রকারে প্রফুল্ললোচন অন্তঃপুরজন কর্ত্তৃক প্রীতি ও সম্ভ্রম-সহকারে অভিবন্দিত শ্রীকৃষ্ণ তাঁহাদের

পিতৃষ্বসৃগুরুস্ত্রীণাং কৃষ্ণশ্চক্রেঽভিবাদনম্ ।
স্বয়ঞ্চ কৃষ্ণয়া রাজন্ ভগিন্যা চাভিবন্দিতঃ ॥৪২

শ্বশ্র্বা সঞ্চোদিতা কৃষ্ণা কৃষ্ণপত্নীশ্চ সর্ব্বশঃ ।
আনর্চ্চ রুক্মিণীং সত্যাং ভদ্রাং জাম্ববতীং তথা ॥৪৩

হে রাজন্! কৃষ্ণয়া দ্রৌপদ্যা ভগিন্যা সুভদ্রয়া চ অভিবন্দিতঃ সন্ কৃষ্ণঃ চ স্বয়ং পিতৃষ্বসুঃ পৃথায়াঃ তথা গুরুস্ত্রীণাং চ অভিবন্দনং চক্রে ॥৪২

শ্বশ্রা কুন্ত্যা চ সা চোদিতা কৃষ্ণা দ্রৌপদী সর্ব্বাঃ কৃষ্ণপত্নীঃ সর্ব্বশঃ আনর্চ্চ পূজিতবতী, তত্র রুক্মিণীং, সত্যাং, ভদ্রাং, জাম্ববতীং তথা কালিন্দীং, মিত্রবিন্দাং, শৈব্যাং, নাগ্নজিতীং তথা অন্যাঃ চ যাঃ অভ্যাগতাঃ, তাঃ স্রগ্‌মণ্ডনাদিভিঃ (মণ্ডনং অলঙ্কারাদি তৈঃ) আনর্চ্চ ॥৪৩-৪৪

সহিত রাজমন্দিরে প্রবেশ করিলেন ।৩৯

পিতৃষ্বসা কুন্তী ভ্রাতৃপুত্র ত্রিভুবনেশ্বর শ্রীকৃষ্ণকে অবলোকন করিবামাত্র পুত্রবধূ দ্রৌপদী সহ তৎক্ষণাৎ পর্য্যঙ্ক হইতে উত্থিতা হইলেন এবং প্রসন্নচিত্তে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিলেন ।৪০

দেবদেব গোবিন্দ বিশেষ আদরের প্রকাশে স্বয়ং গৃহে উপনীত হইয়াছেন দেখিয়া, যুধিষ্ঠিরের আর আনন্দের সীমা রহিল না; তিনি প্রেমে এতই বিস্মিত হইয়াছিলেন যে, শ্রীকৃষ্ণকে উপযুক্তরূপ অভ্যর্থনা ও সৎকারাদি সম্মান প্রদর্শনের কার্য্যেও তিনি হতজ্ঞান হইয়া পড়িলেন ।৪১

এদিকে শ্রীকৃষ্ণ পিতৃষ্বসা কুন্তী প্রভৃতি মাননীয়া মহিলাগণের যথোপযুক্ত পাদাভিবন্দনের দ্বারা প্রণাম করিলেন এবং দ্রৌপদী ও তদীয় ভগ্নী সুভদ্রা তাঁহার চরণ-বন্দন করিলেন ।৪২

পরে কুন্তীর ইঙ্গিত অনুসারে দ্রৌপদী শ্রীকৃষ্ণের পত্নী রুক্মিণী, সত্যা, ভদ্রা, জাম্ববতী, কালিন্দী,

কালিন্দীং মিত্রবিন্দাঞ্চ শৈব্যাং নাগ্নজিতীং সতীম্ ।
অন্যাশ্চাভ্যাগতা যাস্তু বাসঃ স্রগ্‌মণ্ডনাদিভিঃ ॥৪৪
সুখং নিবাসয়ামাস ধর্ম্মরাজো জনার্দ্দনম্ ।
সসৈন্যং সানুগামাত্যং সভার্য্যস্ত নবং নবম্ ॥৪৫
তর্পয়িত্বা খাণ্ডবেন বহ্নিং ফাল্গুনসংযুতঃ ।
মোচয়িত্বা ময়ং যেন রাজ্ঞে দিব্যা সভাহৃতা ॥৪৬

ধর্ম্মরাজঃ যুধিষ্ঠিরঃ প্রত্যহং নবং নবং সৎকারং যথা ভবতি তথা সসৈন্যং সানুজামাত্যং সভার্য্যং চ জনার্দ্দনং সুখং প্রীত্যনুরূপং নিবাসয়ামাস ॥৪৫

ফাল্গুনেন অর্জ্জুনেন সংযুতঃ সহিতঃ শ্রীকৃষ্ণঃ খাণ্ডবেন ইন্দ্রোপবনেন বহ্নিং তর্পয়িত্বা তত্র চ দহ্যমানং মায়াবিনং ময়ং মোচয়িত্বা ; যেন ময়েন রাজ্ঞে যুধিষ্ঠিরায় দিব্যা সভা আহৃতা কৃতা ॥৪৬

মিত্রবিন্দা, শৈব্যা, নাগ্নজিতী প্রভৃতি অন্যান্য সকল উপস্থিত বনিতাগণকে প্রণামাদি করিলেন এবং মাল্য, বস্ত্র ও অলঙ্কারাদি প্রদানে অভ্যাগত অন্যান্য নারীগণেরও বিশেষ অভ্যর্থনা করিলেন ।৪৩-৪৪

ধর্ম্মরাজ যুধিষ্ঠির সৈন্য, অনুচরবর্গ, অমাত্য এবং ভার্য্যাগণে পরিবৃত মুকুন্দকে নিত্য নূতন সুখসেব্য দ্রব্য প্রদানে নিজ মন্দিরে বাস করাইতে লাগিলেন ।৪৫

এদিকে শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সহিত একত্র হইয়া ইন্দ্রের পরম রমণীয় খাণ্ডব নামক উপবনটীকে আহুতিস্বরূপে প্রদান করিয়া হুতাশনের তৃপ্তিসাধন করিলেন। মহামায়াবী ময়-দানব ঐ উপবনে বাস করিত; সুতরাং বনদাহকালে তাহারও দাহ উপস্থিত হইলে, শ্রীকৃষ্ণ সেই দাবানল হইতে তাহাকে উদ্ধার করেন এবং পরে ঐ ময়-দানবের দ্বারা রাজা যুধিষ্ঠিরের অপূর্ব্ব রাজসভা প্রস্তুত করাইয়া লইলেন ।৪৬

উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষয়া।
বিহরন্ রথমারুহ্য ফাল্গুনেন ভটৈর্বৃতঃ ॥৪৭

ভটৈঃ বৃতঃ সঃ কৃষ্ণঃ রথম্ আরুহ্য ফাল্গুনেন সহ বিহরন্, রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য, প্রিয়চিকীর্ষয়া কতিচিৎ মাসান্ তত্র ইন্দ্রপ্রস্থে উবাস ॥৪৭

এই প্রকারে শ্রীকৃষ্ণ সৈন্যসামন্তে পরিবৃত থাকিয়া অর্জ্জুন সহ রথারোহণে মহারাজ যুধিষ্ঠিরের বিবিধ প্রিয় কার্য্যসাধনে কয়েকমাস ইন্দ্রপ্রস্থেই অবস্থান করিলেন।৪৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[রাজসূয়যজ্ঞপ্রারম্ভে পাণ্ডবানাং দিগ্‌বিজয়ঃ, জরাসন্ধবধশ্চ।]

শ্রীশুক উবাচ।

একদা তু সভামধ্যে আস্থিতো মুনিভির্বৃতঃ।
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈর্ভ্রাতৃভিশ্চ যুধিষ্ঠিরঃ ॥১
আচার্য্যৈঃ কুলবৃদ্ধৈশ্চ জ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ।
শৃণ্বতামেব চৈতেষামাভাষ্যেদমুবাচ হ ॥২

যুধিষ্ঠির উবাচ।

ক্রতুরাজেন গোবিন্দ রাজসূয়েন পাবনীঃ
যক্ষ্যে বিভূতীর্ভবতস্তৎ সম্পাদয় নঃ প্রভো ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। একদা তু সভামধ্যে রাজাসনম্ আস্থিতঃ মুনিভিঃ ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈঃ বৈশ্যৈঃ ভ্রাতৃভিঃ চ আচার্য্যৈঃ কুলবৃদ্ধৈঃ জ্ঞাতি-সম্বন্ধি-বান্ধবৈঃ চ বৃতঃ যুধিষ্ঠিরঃ তেষাং শৃণ্বতাং এব সতাং তান্ আভাষ্য ইদম্ অব্রবীৎ ॥১-২

যুধিষ্ঠিরঃ উবাচ। হে প্রভো গোবিন্দ! ক্রতুরাজেন যাগশ্রেষ্ঠেন রাজসূয়েন তব পাবনীঃ বিভূতীঃ অংশান্ দেবান্ অহং যক্ষ্যে আরাধয়িষ্যামি; নঃ অস্মাকং তৎ অভিপ্রেতং রাজসূয়ং সম্পাদয় নির্বর্ত্তয় ॥৩

দ্বিসপ্ততিতম অধ্যায়।

[রাজসূয়যজ্ঞপ্রারম্ভে পাণ্ডবগণের দিগ্‌বিজয় এবং জরাসন্ধবধ।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র! এক দিবস রাজা যুধিষ্ঠির সভামধ্যে সিংহাসনোপরি উপবিষ্ট আছেন এবং মুনিগণ, ব্রাহ্মণগণ, ক্ষত্রিয় ও বৈশ্য-বংশীয় অন্যান্য শ্রেষ্ঠ ব্যক্তিগণ, অনুজ ভ্রাতৃবৃন্দ, আচার্য্যগণ, কুলবৃদ্ধগণ এবং জ্ঞাতি, সম্বন্ধি ও বন্ধু-বান্ধবগণ সকলেই তাঁহাকে পরিবেষ্টিত করিয়া সভায় উপস্থিত আছেন, এমন সময়ে রাজা যুধিষ্ঠির তাঁহাদের সকলকে শুনাইয়া নিম্নোক্তভাবে ভগবান্

ত্বৎপাদুকে অবিরতং পরি যে চরন্তি
ধ্যায়ন্ত্যভদ্রনশনে শুচয়ো গৃণন্তি।
বিন্দন্তি তে কমলনাভ ভবাপবর্গ-
মাশাসতে যদি ত আশিষ ঈশ নান্যে ॥৪
তদ্দেবদেব ভবতশ্চরণারবিন্দ-
সেবানুভাবমিহ পশ্যতু লোক এষঃ।
যে ত্বাং ভজন্তি ন ভজন্ত্যুত বোভয়েষাং
নিষ্ঠাং প্রদর্শয় বিভো কুরুসৃঞ্জয়ানাম্ ॥৫

ন ব্রহ্মণঃ স্বপরভেদমতিস্তব স্যাৎ
সর্ব্বাত্মনঃ সমদৃশঃ স্বসুখানুভূতেঃ।
সংসেবতাং সুরতরোরিব তে প্রসাদঃ
সেবানুরূপমুদয়ো ন বিপর্য্যয়োঽত্র ॥৬

শ্রীভগবানুবাচ।
সম্যগ্ ব্যবসিতং রাজন্ ভবতা শত্রুকর্ষণ।
কল্যাণী যেন তে কীর্ত্তির্লোকাননুভবিষ্যতি ॥৭

যে জনা, অভদ্রনশনে (অভদ্রস্য নশনে নাশকে) ত্বৎপাদুকে অবিরতং নিরন্তরং পরিচরন্তি দেহেন সেবন্তে, মনসা ধ্যায়ন্তি, বচসা গৃণন্তি তৎপ্রভাবং কীর্ত্তয়ন্তি, তে এব শুচয়ঃ পরিশুদ্ধান্তঃ-করণাঃ সন্তঃ ভবাপবর্গং (ভবস্য অপবর্গং সমাপ্তিলক্ষণং মোক্ষং) বিন্দন্তি। হে কমলনাভ। তে যদি আশিষঃ বিষয়ান্ আশাসতে বাঞ্ছন্তি, তদা অপি হে ঈশ! তে বিন্দন্তি। অন্যে পরিচর্য্যাদিরহিতাঃ তু চক্রবর্ত্তিনঃ অপি ন বিন্দন্তি ॥৪

তৎ তস্মাৎ হে দেবদেব। হে বিভো। ইহ সংসারে ভবতঃ চরণারবিন্দসেবানুভাবম্ এষঃ লোকঃ পশ্যতু, কুরুসৃঞ্জয়ানাং মধ্যে যে ত্বাং ভজন্তি, উত অথবা যে ত্বাং ন ভজন্তি, তেষাম্ উভয়েষাং নিষ্ঠাং স্থিতিং ফলং প্রদর্শয় ॥৫

যদ্যপি সর্ব্বাত্মনঃ সমদৃশঃ স্বসুখানুভূতেঃ ব্রহ্মণঃ তব স্বঃ পরঃ ইতি ভেদমতিঃ ন স্যাৎ নাস্তি, তথাপি সংসেবতাং সেবমানানাং সুরতরোঃ ইব তে তব প্রসাদঃ সেবানুরূপম্ উদয়ঃ ফলং চ ভবতি, অত্র বিপর্য্যয়ঃ অন্যথাভাবঃ ন ॥৬

শ্রীভগবান্ উবাচ। হে শত্রুকর্ষণ রাজন্ যুধিষ্ঠির। ভবতা সম্যক্ ব্যবসিতং নিশ্চিতং, যেন ব্যবসিতেন (যজ্ঞানুষ্ঠানেন) তে তব কল্যাণী পুণ্যবহা কীর্ত্তিঃ লোকান্ অনুভবিষ্যতি ॥৭

শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন— ।১-২

যুধিষ্ঠির বলিলেন,—হে গোবিন্দ! আমি যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠানে ভবদীয় পবিত্রকারক বিভূতি-স্থানীয় দেবতাগণের অর্চ্চনা করিতে অভিলাষ করিয়াছি। হে প্রভো! যাহাতে আমার এই কার্য্য সুসম্পন্ন হয়, অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহারই ব্যবস্থা করুন্।৩

হে প্রভো। যাবতীয় পাপ ও তাপের নির্হরণকারী ভবদীয় পাদুকাদ্বয় যাহারা নিরন্তর সেবা করে, আপনার শ্রীমূর্ত্তি যাহারা ধ্যান করে এবং আপনার লীলা চরিত্র যাহারা নিরন্তর কীর্ত্তন করে, হে পদ্মনাভ। তাহারা এই ভবজলধি হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করে। যদি তাহাদের হৃদয়ে ভোগেরও বাসনা থাকে, তাহা হইলে অনন্ত ভোগও তাহাদের অনায়াসে ঘটিয়া থাকে। কিন্তু যাহারা আপনাকে উপেক্ষা করে, তাহারা সর্ব্বসম্পদ-বিশিষ্ট রাজচক্রবর্ত্তী হইলেও, ক্রমশ সকল বিষয়ে বঞ্চিত হয়।৪

অতএব হে দেবদেব! ভবদীয় চরণারবিন্দের সেবা-ফল এই জগদ্বাসী সকলে প্রত্যক্ষে অবলোকন করুক্। যাহারা আপনাকে ভজনা করে এবং যাহারা করে না, তাদৃশ কুরু ও সৃঞ্জয়গণের সামর্থ্য এই জগতে আপনি প্রকাশ করুন।৫

আপনি জীবমাত্রেরই অন্তরাত্মা, সমদর্শী এবং আত্মারাম। সুতরাং পূর্ণব্রহ্ম আপনার নিকট আত্মীয় বা পর বলিয়া কোন ভেদ নাই। কল্পতরুর ন্যায় ভগবৎসন্নিধানে সেবকের প্রতি আপনার অনুগ্রহ এবং সেবানুরূপ ফল অবশ্য ফলিবে। কখনই তাহার বৈপরীত্যের সম্ভাবনা নাই।৬

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে শত্রুনিসূদন

ঋষীণাং পিতৃদেবানাং সুহৃদামপি নঃ প্রভো।
সর্ব্বেষামপি ভূতানামীপ্সিতঃ ক্রতুরাড়য়ম্ ॥৮
বিজিত্য নৃপতীন্ সর্ব্বান্ কৃত্বা চ জগতীং বশে।
সম্ভৃত্য সর্ব্বসম্ভারানাহরস্ব মহাক্রতুম্ ॥৯
এতে তে ভ্রাতরো রাজন্ লোকপালাংশসম্ভবাঃ।
জিতোঽস্ম্যাত্মবতা তেঽহং দুর্জ্জয়ো
যোঽকৃতাত্মভিঃ ॥১০

হে প্রভো! ঋষীণাং পিতৃদেবানাং নঃ অস্মাকং সুহৃদাং তথা সর্ব্বেষাম্ অপি ভূতানাম্ ঈপ্সিতঃ অভিপ্রেতঃ এব অয়ং ক্রতুরাট্ রাজসূয়ঃ ॥৮

সর্ব্বান্ নৃপতীন্ বিজিত্য সর্ব্বাং জগতীং পৃথ্বীং বশে কৃত্বা সর্ব্বসম্ভারান্ যজ্ঞসাধনানি সংভৃত্য সম্পাদ্য, ক্রতুত্তমং রাজসূয়ম্ আহরস্ব অনুতিষ্ঠ ॥৯

তে তব এতে ভীমাদয়ঃ ভ্রাতরঃ লোকপালাংশসম্ভবাঃ (লোকপালানাং বায়্বিন্দ্রাদীনাম্ অংশসম্ভবাঃ) এব। কিঞ্চ যঃ অকৃতাত্মভিঃ অজিতাত্মভিঃ দুর্জয়ঃ বশীকর্ত্তুমশক্যঃ সঃ

রাজন্! আপনি অতি উৎকৃষ্ট বিষয়েরই সংকল্প করিয়াছেন; এই সর্ব্বশ্রেষ্ঠ রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানে আপনার অমল যশোরাশি সমগ্র জগতে পরিব্যাপ্ত হইবে।৭

হে প্রভো! আপনার অনুষ্ঠেয় কার্য্যে ঋষিগণ, পিতৃলোক, দেবতাগণ এবং আমাদের যাবতীয় বন্ধু, বান্ধব, আত্মীয়গণ ও অন্যান্য সকল লোকেরই যথেষ্ট অনুমোদন আছে।৮

সমস্ত নরপতিগণকে পরাজয় করত সমগ্রা ধরণীকে নিজের বশীভূত করুন এবং যজ্ঞের প্রয়োজনীয় যাবতীয় উপকরণ সংগ্রহ পূর্ব্বক এই যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠান করুন্।৯

হে নরনাথ! এতাদৃশ যজ্ঞের অনুষ্ঠান আপনার দ্বারাই হওয়া সম্ভব; কারণ আপনার এই ভীমাদি ভ্রাতৃচতুষ্টয় সকলেই লোকপালগণের অংশে সমুদ্ভূত; বিশেষতঃ অজিতাত্মা জনগণের সম্যক্ অজেয়

ন কশ্চিন্মৎপরং লোকে তেজসা যশসা শ্রিয়া।
বিভূতিভির্বাভিভবেদ্দেবোঽপি কিমু পার্থিব ॥১১

শ্রীশুক উবাচ।

নিশম্য ভগবদ্গীতং প্রীতঃ ফুল্লমুখাম্বুজঃ।
ভ্রাতৄন্ দিগ্বিজয়েঽযুঙ্‌ক্ত বিষ্ণুতেজোপ-
বৃংহিতান্ ॥১২

অহম্ অপি আত্মবতা তে ত্বয়া, জিতঃ বশীকৃতঃ, অস্মি ॥১০

লোকে মৎপরং (অহম্ এব পরঃ উপাস্যঃ যস্য তং জনং) যতঃ দেবঃ অপি তেজসা প্রভাবেন, যশসা, শ্রিয়া ধনেন, বিভূতিভিঃ সৈন্যাদি-সমৃদ্ধিভিঃ বা ন অভিভবেৎ অভিভবিতুং ন শক্নুয়াৎ তদা পার্থিবঃ মনুষ্যঃ শক্নুয়াৎ ইতি কিমু বক্তব্যম্ ॥১১

শ্রীশুকঃ উবাচ। ভগবতা গীতং কথিতং, নিশম্য শ্রুত্বা, প্রীত্যা উৎফুল্লং বিকসিতং মুখাম্বুজং যস্য স যুধিষ্ঠিরঃ বিষ্ণুতেজোপবৃংহিতান্ (বিষ্ণোঃ কৃষ্ণস্য তেজসা উপবৃংহিতান্) ভ্রাতৄন্ ভীমাদীন্ দিগ্বিজয়ে অযুঙ্‌ক্ত ॥১২

আমাকেও আপনি কেবল স্বীয় জিত আত্মগুণে অবলীলাক্রমে বশীভূত করিয়াছেন।১০

যে ব্যক্তি আমার শরণাগত ও একান্ত ভক্ত তাহার ধ্বংস হওয়া কিছুতেই সম্ভব নহে; অধিক কি! দেবতাগণ যখন স্বীয় প্রভাব-বলে তাহার অবনতি-সাধনে সক্ষম হন না, তখন সামান্য মানব আর কি কখন ঐহিক শ্রী, ধন, সামর্থ্য ও সৈন্যাদি বল এবং বিক্রমের প্রভাবে তাহার পরাজয় করিতে কখন সমর্থ হয়?১১

শ্রীশুকদেব বলিলেন,—হে পরীক্ষিৎ! ভগবান্ শ্রীকৃষ্ণের উক্তি শ্রবণে ভবদীয় পিতামহ রাজা যুধিষ্ঠির আনন্দে পুলকিত হইলেন; তাঁহার বদনকমল আনন্দের উচ্ছ্বাসে বিকসিত হইল। তিনি বিষ্ণুতেজে পরিবর্দ্ধিত স্বকীয় ভ্রাতৃগণকে দিগ্‌বিজয়ের কামনায় নিয়োজিত করিলেন।১২

সহদেবং দক্ষিণস্যামাদিশৎ সহ সৃঞ্জয়ৈঃ।
দিশি প্রতীচ্যাং নকুলমুদীচ্যাং সব্যসাচিনম্
প্রাচ্যাং বৃকোদরং মৎস্যৈঃ কেকয়ৈঃ সহ মদ্রকৈঃ॥১৩
তে বিজিত্য নৃপান্ বীরা আজহ্রুর্দিগ্‌ভ্য ওজসা।
অজাতশত্রবে ভূরি দ্রবিণং নৃপ যক্ষ্যতে॥১৪
শ্রুত্বাজিতং জরাসন্ধং নৃপতের্ধ্যায়তো হরিঃ।
আহোপায়ং তমেবাদ্য উদ্ধবো যমুবাচ হ॥১৫

সৃঞ্জয়ৈঃ সহ সহদেবং দক্ষিণস্যাং দিশি আদিশৎ প্রেরয়ামাস। মৎস্যৈঃ সহ নকুলং প্রতীচ্যাং দিশি, কেকয়ৈঃ সহ সব্যসাচিনম্ অর্জ্জুনম্ উদীচ্যাং দিশি তথা মদ্রকৈঃ সহ বৃকোদরং প্রাচ্যাং দিশি আদিশৎ॥১৩

হে নৃপ। তে ভীমাদয়ঃ বীরাঃ তেজসা স্বপৌরুষেণ নৃপান্ বিজিত্য যক্ষ্যতে যাগং করিষ্যমাণায়, অজাতশত্রবে যুধিষ্ঠিরায় ভূরি বহু দ্রবিণং ধনং দিগ্‌ভ্যঃ আজহ্রুঃ আহৃত্য সমর্পয়ামাসুঃ॥১৪

জরাসন্ধম্ অজিতং শ্রুত্বা (কথং স জেতব্য ইতি) ধ্যায়তঃ নৃপতেঃ যুধিষ্ঠিরস্য যম্ উপায়ম্ উদ্ধবঃ উবাচ, তম্ এব উপায়ম্ আদ্যঃ হরিঃ শ্রীকৃষ্ণঃ আহ॥১৫

তন্মধ্যে সৃঞ্জয়-বংশীয়গণসহ সহদেবকে দক্ষিণ প্রদেশে এবং মৎস্য রাজ্যের সৈন্য সামন্ত সহ নকুলকে পশ্চিম দেশ জয় করিবার জন্য প্রেরণ করিলেন; কেকয়রাজ সহ অর্জ্জুনকে উত্তর দিকে এবং মদ্ররাজের সহিত, ভীমসেনকে পূর্ব্বদিক্ জয় করিবার নিমিত্ত প্রেরণ করিলেন।১৩

হে নরনাথ! অতি অল্পকাল মধ্যে সেই ভীমাদি বীর পুরুষগণ স্বীয় বিক্রমবলে নৃপতিবৃন্দকে পরাজয় করত, ক্রমশঃ সকলে প্রত্যাগমন করিলেন এবং রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানার্থ উদ্‌যোগী অজাতশত্রু যুধিষ্ঠিরকে তাঁহারা প্রচুর ধন আনয়ন করিয়া দিলেন।১৪

রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিতে প্রস্তুত, অথচ প্রবল শত্রু জরাসন্ধ পার্শ্বে বিদ্যমান; তাহাকে কেহ কখন পরাজয় করিতে পারিতেছে না; সুতরাং যজ্ঞের

ভীমসেনার্হর্জ্জুনঃ কৃষ্ণো ব্রহ্মলিঙ্গধরাস্ত্রয়ঃ।
জগ্মুর্গিরিব্রজং তাত বৃহদ্রথসুতো যতঃ॥১৬
তে গত্বাতিথ্যবেলায়াং গৃহেষু গৃহমেধিনাম্।
ব্রহ্মণ্যং সমযাচেরন্ রাজন্যা ব্রহ্মলিঙ্গিনঃ॥১৭
রাজন্ বিদ্ধ্যতিথীন্ প্রাপ্তানর্থিনো দূরমাগতান্।
তন্নঃ প্রযচ্ছ ভদ্রং তে যদ্ বয়ং কাময়ামহে॥১৮

হে তাত! ভীমসেনঃ, অর্জ্জুনঃ তথা কৃষ্ণঃ ইতি ত্রয়ঃ এব ব্রহ্মলিঙ্গধরাঃ ব্রাহ্মণরূপধারিণঃ সন্তঃ, যতঃ যত্র বৃহদ্রথসুতঃ জরাসন্ধঃ আসীৎ, তৎ গিরিব্রজং নাম স্থানং জগ্মুঃ॥১৬

তে ব্রহ্মলিঙ্গিনঃ ব্রাহ্মণবেশধারিণঃ রাজন্যাঃ ক্ষত্রিয়াঃ ভীমাদয়ঃ আতিথ্যবেলায়াং দানসময়ে তস্য গৃহেষু গত্বা গৃহমেধিনং গৃহস্থাশ্রমে বর্ত্তমানং, ব্রহ্মণ্যং ব্রাহ্মণভক্তং তং জরাসন্ধং সমযাচেরন্ যথা॥১৭

হে রাজন্! অর্থিনঃ অতঃ দূরম্ আগতান্ অতিথীন্ এব অস্মান্ বিদ্ধি! অতঃ যৎ বয়ং কাময়ামহে, তৎ নঃ অস্মভ্যং প্রযচ্ছ॥১৮

প্রধান প্রতিবন্ধক জরাসন্ধের পরাজয় কিরূপে সাধিত হয়, এই চিন্তায় যুধিষ্ঠিরের চিত্ত তৎকালে অকস্মাৎ ব্যাকুল দেখিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে সম্বোধন করত উদ্ধব-কথিত জরাসন্ধ-বধের উপায় তাঁহার নিকট বর্ণন করিলেন।১৫

অনন্তর ভীমসেন, অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ এই তিন জনেই ব্রাহ্মণের ন্যায় বেশ ধারণ করত, বৃহদ্রথ-তনয় প্রবল-পরাক্রম রাজা জরাসন্ধের বাসমন্দির গিরিব্রজ নামক দুর্গে গমন করিলেন।১৬

হে রাজেন্দ্র! গৃহস্থাশ্রমে অবস্থিত ব্রাহ্মণ-ভক্ত সেই জরাসন্ধের সমীপে অতিথিসৎকারের উপযুক্ত সময়ে উপনীত সেই ব্রাহ্মণ-বেশধারী ক্ষত্রিয়ত্রয় তথায় রাজা জরাসন্ধকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! আমরা অনেক দূর দেশ হইতে আগমন

কিং দুর্মর্ষং তিতিক্ষূণাং কিমকার্য্যমসাধুভিঃ।
কিং ন দেয়ং বদান্যানাং কঃ পরঃ সমদর্শিনাম্ ॥১৯
যোঽনিত্যেন শরীরেণ সতাং গেয়ং যশো ধ্রুবম্।
নাচিনোতি স্বয়ং কল্পঃ স বাচ্যঃ শোচ্য এব সঃ ॥২০
হরিশ্চন্দ্রো রন্তিদেব উঞ্ছবৃত্তিঃ শিবির্বলিঃ
ব্যাধঃ কপোতো বহবো হ্যধ্রুবেণ ধ্রুবং গতাঃ ॥২১

যতঃ তিতিক্ষূণাং ত্যাগশীলানাং কিং দুর্মর্ষং দুঃসহং, তথা অসাধুভিঃ কিম্ অকার্য্যং; বদান্যানাং কিং ন দেয়ং; তথা সমদর্শিনাং কঃ পরঃ অস্তি ॥১৯

অনিত্যেন শরীরেণ সতাং গেয়ং ধ্রুবং যশঃ যঃ স্বয়ং কল্পঃ সমর্থঃ অপি ন আচিনোতি ন সম্পাদয়তি, স বাচ্যঃ নিন্দ্যঃ; স শোচ্যঃ শোকযোগ্যঃ এব ॥২০

হরিশ্চন্দ্রঃ, রন্তিদেবঃ, উঞ্ছবৃত্তিঃ, শিবিঃ, বলিঃ বলিরাজঃ, কপোতঃ তথা অন্যে বহবঃ হি অধ্রুবেণ শরীরেণ ধ্রুবং লোকং গতাঃ ॥২১

করিয়াছি এবং বিশেষ প্রয়োজন বশতঃ আপনার দ্বারে অতিথিরূপে উপস্থিত হইলাম। আপনি আমাদের প্রার্থনা পূরণ করুন্। তাহাতে আপনার মঙ্গলই সাধিত হইবে।১৭-১৮

ইহাতে আপনার আশঙ্কা করা কর্ত্তব্য নহে; কারণ ত্যাগশীল ব্যক্তির পক্ষে কিছুই দুঃসহ নাই এবং অসাধুর পক্ষে কিছুই অকার্য্য বলিয়া গণনীয় নহে। বিশেষতঃ বদান্যের নিকট যেমন কিছু অদেয় নাই, সমদর্শীর পক্ষেও সেইরূপ কেহ আপন বা পর নাই।১৯

অহো! যে ব্যক্তি দুর্ল্লভ মানব-জীবন লাভে এবং সামর্থ্যসত্ত্বেও অনিত্য শরীরের দ্বারা সাধুগণ-পরিকীর্ত্তিত নিত্য যশ সংগ্রহ না করে, সে ব্যক্তি জগতে প্রকৃত প্রস্তাবে নিন্দনীয় এবং শোচনীয়।২০

স্মরণ করিয়া দেখুন্। রাজা হরিশ্চন্দ্র বিশ্বামিত্রের ঋণ হইতে মুক্ত হইবার জন্য স্বীয় বনিতা এবং পুত্র পর্য্যন্ত বিক্রয় করত, স্বয়ং চণ্ডালের কর্ম্মও করিয়াছিলেন তথাপি যশোলাভে পরাঙ্মুখ হন নাই; অন্তে অযোধ্যার সমস্ত জনগণ সহ স্বর্গরাজ্যে গমন করিয়াছিলেন। রন্তিদেব অন্নাভাবে পরিবারবর্গ সহ অষ্টাদশ দিবস উপবাস করিবার পর এক দিবস কথঞ্চিৎ অন্ন ও উদক সংগ্রহ করিলে, তাঁহার গৃহে অতিথি উপস্থিত হন; তিনি তখন লব্ধ সেই সামান্য অন্নাদি নিজেদের নিমিত্ত না রাখিয়া অতিথিকে প্রদান করত ব্রহ্মলোকে গমন করিয়াছেন। উঞ্ছবৃত্তি মুদ্গল সপরিবারে ছয়মাস কাল অনাহারে থাকিবার পর, সংগৃহীত অন্নের দ্বারা আতিথ্যসৎকার করিয়া ব্রহ্মলোক গমন করিয়াছেন। শিবিরাজ শরণাগত কপোতের জীবন-রক্ষার্থ তৎপরিমিত মাংস স্বীয় দেহ হইতে কর্ত্তন করত শ্যেন পক্ষীকে প্রদান করেন এবং তদনুরোধে স্বর্গরাজ্যে গমন করিয়াছেন। অধিক কি! ব্রাহ্মণ-বেশধারী বামন-বিগ্রহ ভগবান্ নারায়ণকে সর্ব্বস্ব প্রদান করত সাক্ষাৎ ভগবান্‌কেই তিনি প্রাপ্ত হইয়াছিলেন। কপোতরাজ অতিথিরূপে

শ্রীশুক উবাচ

স্বরৈরাকৃতিভিস্তাংস্তু প্রকোষ্ঠৈর্জ্যাহতৈরপি।
রাজন্যবন্ধূন্ বিজ্ঞায় দৃষ্টপূর্ব্বানচিন্তয়ৎ ॥২২
রাজন্যবন্ধবো হ্যেতে ব্রহ্মলিঙ্গানি বিভ্রতি।
দদামি ভিক্ষিতং তেভ্য আত্মানমপি দুস্ত্যজম্ ॥২৩

শ্রীশুকঃ উবাচঃ। এবমুক্তঃ জরাসন্ধঃ স্বরৈঃ আলাপৈঃ আকৃতিভিঃ শরীরাবয়বসংস্থান-বিশেষৈঃ জ্যাহতৈঃ জ্যাঘাত-কিনাঙ্কিতৈঃ প্রকোষ্ঠৈঃ চ লিঙ্গৈঃ তান্ দৃষ্টপূর্ব্বান্ (দ্রৌপদী-স্বয়ংবরাদিষু পূর্ব্বদৃষ্টান্) রাজন্যবন্ধূন্ বিজ্ঞায় অনুমায়, অচিন্তয়ৎ ॥২২

রাজন্যবন্ধবঃ হি এব এতে ব্রহ্মলিঙ্গানি (ভস্মাদেব) বিভ্রতি; তেভ্যঃ দুস্ত্যজম্ আত্মানম্ অপি ভিক্ষিতং চেৎ তমপি দদামি ॥২৩

বলের্নু শ্রূয়তে কীর্ত্তির্বিততা দিক্ষ্বকল্মষা।
ঐশ্বর্য্যাদ্ ভ্রংশিতস্যাপি বিপ্রব্যাজেন বিষ্ণুনা ॥২৪
শ্রিয়ং জিহীর্ষতেন্দ্রস্য বিষ্ণবে দ্বিজরূপিণে।
জানন্নপি মহীং প্রাদাদ্ বার্য্যমাণোঽপি দৈত্যরাট্ ॥২৫
জীবতা ব্রাহ্মণার্থায় কো ন্বর্থঃ ক্ষত্রবন্ধুনা।
দেহেন পতমানেন নেহতা বিপুলং যশঃ ॥২৬

ইত্যুদারমতিঃ প্রাহ কৃষ্ণার্জ্জুন-বৃকোদরান্।
হে বিপ্রা ব্রিয়তাং কামো দদাম্যাত্মশিরোঽপি বঃ ॥২৭

শ্রীভগবানুবাচ।
যুদ্ধং নো দেহি রাজেন্দ্র দ্বন্দ্বশো যদি মন্যসে।
যুদ্ধার্থিনো বয়ং প্রাপ্তা রাজন্যা নান্যকাঙ্ক্ষিণঃ ॥২৮

যতঃ ইন্দ্রস্য অর্থং শ্রিয়ং জিহীর্ষতা হর্ত্তুম্ ইচ্ছতা, অতঃ বিপ্রব্যাজেন ব্রাহ্মণবেশধারিণা বিষ্ণুনা ঐশ্বর্য্যাৎ ভ্রংশিতস্য অপি বলেঃ দিক্ষু বিততা ব্যাপ্তা অকল্মষা পবিত্রা কীর্ত্তিঃ শ্রূয়তে। সঃ দৈত্যরাট্ (মদীয়ং সর্ব্বস্বং বিষ্ণুরয়ং হরিষ্যতি ইতি) জানন্ অপি তথা শুক্রেণ বার্য্যমাণঃ অপি দ্বিজরূপিণে বিষ্ণবে মহীং প্রাদাৎ ॥২৪-২৫

ব্রাহ্মণার্থায় বিপুলং যশঃ ন ঈহতা ন প্রার্থয়তা, জীবতা ক্ষত্রবন্ধুনা পাতমানেন প্রতিক্ষণং ক্ষীয়মাণেন, দেহেন কঃ নু সম্পাদিতঃ ন কোঽপি ॥২৬

ইতি উদারমতিঃ (উদারা দাতুম্ উৎসুকা মতিঃ যস্য সঃ) জরাসন্ধঃ কৃষ্ণার্জ্জুনবৃকোদরান্ প্রাহ যথা হে বিপ্রাঃ! কামঃ স্বাভিলষিতঃ পদার্থঃ ব্রিয়তাম্, অহম্ আত্মনঃ মম শিরঃ অপি যুষ্মাকম্ অভিলষিতং চেৎ, তর্হি বঃ যুষ্মভ্যং দদামি ॥২৭

শ্রীভগবান্ উবাচ। হে রাজেন্দ্র! যদি মন্যসে যথেষ্টং দাতুম্ ইচ্ছসি, তর্হি নঃ অস্মভ্যং দ্বন্দ্বশঃ যুদ্ধং দেহি; যতঃ বয়ং যুদ্ধার্থিনঃ রাজন্যাঃ ইহ প্রাপ্তাঃ, ন অন্যকাঙ্ক্ষিণঃ ব্রাহ্মণাঃ ॥২৮

সমাগত ব্যাধকে কপোতী সহ স্বীয় মাংস প্রদানে যে পুণ্যের সঞ্চয় করিয়াছিল, সেই ফলে সে বিমানযোগে স্বর্গে গমন করিয়াছিল। এদিকে ব্যাধও কপোত এবং কপোতীর তাদৃশ অনুপম সামর্থ্য ও ধৈর্য্যের পরিচয়ে বিস্মিত হইয়া মহাপ্রস্থানে গমন করিল এবং বনদাহে দগ্ধদেহ হইয়া পাপনির্ম্মুক্ত হইল এবং স্বর্গে গমন করিয়াছিল। এই প্রকারে অনেকেই এতাদৃশ সৎকার্য্যের অনুষ্ঠানে সৎগতি লাভ করিয়াছেন।২১

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! জরাসন্ধ সেই ছদ্মবেশী ভীমাদির কণ্ঠস্বর আকৃতি, প্রকৃতি এবং জ্যাঘাতাঙ্কিত প্রকোষ্ঠাদির চিহ্ন অবলোকন করিয়া, প্রচ্ছন্ন বেশধারী ক্ষত্রিয় বলিয়াই তাঁহাদিগকে অবধারণ করিলেন এবং যেন পূর্ব্বে কোথায়ও তাঁহাদিগকে দেখিয়াছেন বলিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন। পরে তাঁহাদিগের সেই তিনজনকে সম্বোধন করিয়া বলিলেন,—ওহে রাজন্যবন্ধুগণ! তোমরা যখন ব্রাহ্মণের বেশ ধারণে আমার নিকট ভিক্ষার্থী হইয়াছ, তখন তোমাদের প্রার্থনা আমি পূরণ করিব। অধিক কি! যদি দুস্ত্যজ দেহও প্রার্থনা কর, তাহাও তোমাদিগকে প্রদান করিতে আমি সম্মত আছি।২২-২৩

ব্রাহ্মণের বেশ ধারণে দৈত্যেন্দ্র বলির সর্ব্বস্বের হরণেচ্ছায় ভগবান্ বিষ্ণু বামন-মূর্ত্তিতে উপস্থিত হইয়া যখন ত্রিপাদভূমি বলিরাজের নিকট যাচ্ঞা করেন, তখন দৈত্য-গুরু শুক্রাচার্য্য বলিরাজকে নিষেধ করিলেন, কেবল ব্রাহ্মণ বলিয়া বলিরাজ সেই বামনরূপীকে ত্রিপাদ ভূমি দানের উপলক্ষে সর্ব্বস্বান্ত হইয়াছিলেন বটে; কিন্তু তাঁহার তাদৃশ দানের কীর্ত্তি জগতের দশদিক্ উজ্জ্বল করিয়া রাখিয়াছে।

অহো! দৈত্যরাজ দ্বিজরূপধারীকে বিষ্ণু বলিয়া অবগত হইয়াও এবং দৈত্য-গুরুর উপদেশ শ্রবণ না করিয়াও বিষ্ণুকে ধরণী প্রদান করিয়াছিলেন।২৪-২৫

অহো! ক্ষণধ্বংসী দেহ ধারণে ক্ষত্রিয়কুলে জন্ম-গ্রহণ করিয়া যদি ব্রাহ্মণের প্রয়োজন সাধন করত বিপুল যশ সংগ্রহ করা না হয়, তবে তাদৃশ জীবন

অসৌ বৃকোদরঃ পার্থস্তস্য ভ্রাতার্জ্জুনো ত্বয়ম্।
অনয়োর্মাতুলেয়ং মাং কৃষ্ণং জানীহি তে রিপুম্ ॥২৯
এবমাবেদিতো রাজা জহাসোচ্চৈঃ স মাগধঃ।
আহ চামর্ষিতো মন্দা যুদ্ধং তর্হি দদামি বঃ ॥৩০
ন ত্বয়া ভীরুণা যোৎস্যে যুধি বিক্লবচেতসা।
মথুরাং স্বপুরীং ত্যক্ত্বা সমুদ্রং শরণং গতঃ ॥৩১

অসৌ পার্থঃ পৃথায়াঃ পুত্রঃ বৃকোদরঃ ভীমঃ, তথা তস্য ভ্রাতা হি অয়ম্ অর্জ্জুনঃ, তথা অনয়োঃ মাতুলেয়ং তে তব রিপুং কৃষ্ণম্ ইতি মাং জানীহি ॥২৯

এবম্ আবেদিতঃ বিজ্ঞাপিতঃ সঃ রাজা মাগধঃ উচ্চৈঃ জহাস তথা চ অমর্ষিতঃ ক্রুদ্ধঃ সন্ হে মন্দাঃ! যদি যুদ্ধম্ এব কাঙ্ক্ষিতং, তর্হি বঃ যুষ্মভ্যং যুদ্ধম্ এব দদামি ইতি আহ ॥৩০

তথাপি যুধি বিক্লবচেতসা (বিক্লবম্ অধৃষ্টং চেতঃ যস্য তেন) ভীরুণা ত্বয়া সহ ন অহং যোৎস্যে, যতঃ ত্বং স্বপুরীং মথুরাং ত্যক্ত্বা সমুদ্রং শরণং গতঃ ॥৩১

অয়ন্তু বয়সাতুল্যো নাতিসত্ত্বো ন মে সমঃ।
অর্জ্জুনো ন ভবেদ্ যোদ্ধা ভীমস্তুল্যবলো মম ॥৩২
ইত্যুক্ত্বা ভীমসেনায় প্রাদায় মহতীং গদাম্।
দ্বিতীয়াং স্বয়মাদায় নির্জগাম পুরাদ্ বহিঃ ॥৩৩
ততঃ সমে খলে বীরৌ সংযুক্তাবিতরেতরম্।
জঘ্নতুর্বজ্রকল্পাভ্যাং গদাভ্যাং রণদুর্ম্মদৌ ॥৩৪

অয়ম্ অর্জ্জুনঃ তু বয়সা অতুল্যাঃ, তথা ন অতিসত্ত্বঃ (সত্ত্বেন বলেন অপি ন্যূনঃ ন মে সমঃ) যোদ্ধা ন ভবেৎ; ভীমঃ তু মম তুল্যবলঃ ॥৩২

ইতি উক্ত্বা ভীমসেনায় মহতীং গদাং প্রদায় স্বয়ং চ দ্বিতীয়াং গদাম্ আদায় গৃহীত্বা পুরাৎ বহিঃ নির্জগাম ॥৩৩

ততঃ সমে উচ্চাবচরহিতে, খলে (নিখনাদিনা যুদ্ধার্থং কোমলীকৃতে যুদ্ধাঙ্গনে) রণদুর্ম্মদৌ উভৌ সংযুক্তৌ বীরৌ বজ্রকল্পাভ্যাং গদাভ্যাম্ ইতরেতরং পরস্পরং জঘ্নতুঃ ॥৩৪

ধারনের আবশ্যকতা কি ?২৬

এই প্রকারে প্রার্থনানুরূপ দান করিবার নিমিত্ত প্রস্তুত-হৃদয় রাজা জরাসন্ধ শ্রীকৃষ্ণ, অর্জ্জুন এবং ভীমসেনকে সম্বোধন করিয়া বলিলেন,—হে ব্রাহ্মণগণ! আপনারা যথেচ্ছ প্রার্থনা করুন, আমি সমস্তই পূরণ করিব! অধিক কি, যদি আমার মস্তকও আপনারা প্রার্থনা করেন, অবলীলাক্রমে আমি তাহাও আপনাদিগকে প্রদান করিব।২৭

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে রাজেন্দ্র! যদি আপনি আমাদের অভিলাষ পূরণেই প্রস্তুত থাকেন, তাহা হইলে আমাদিগকে দ্বন্দ্ব-যুদ্ধ প্রদান করুন! কারণ দ্বন্দ্ব-যুদ্ধেরই প্রার্থনায় মাত্র আমরা এখানে উপস্থিত হইয়াছি--অন্য কিছুর জন্য নয়।২৮

ইনি কুন্তীপুত্র বৃকোদর! ইনি উহাঁরই ভ্রাতা অর্জ্জুন এবং আমাকে ইঁহাদের মাতুলনন্দন তোমার চিরশত্রু সাক্ষাৎ কৃষ্ণ বলিয়াই অবধারণ কর।২৯

শ্রীকৃষ্ণের কথা শ্রবণে মগধেশ্বর উচ্চৈঃস্বরে হাস্য করিলেন এবং ক্রোধাকুলিতচিত্তে তাঁহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন,—ওরে মন্দবুদ্ধিগণ! যদি দ্বন্দ্বযুদ্ধ করাই তোমাদের সাধ হয়, তবে আমি তাহাই তোমাদিগকে প্রদান করিব।৩০

হে কৃষ্ণ! তথাপি তোমার ন্যায় নির্বীর্য্য ভীরু ব্যক্তির সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করি না। কারণ তুমি যখন আমার ভয়ে ভীত হইয়া, স্বীয় মথুরাপুরী পর্য্যন্ত পরিত্যাগে সমুদ্রমধ্যে বাসস্থান প্রস্তুত করিয়াছ, তখন আবার যুদ্ধ করিতে আমি প্রস্তুত হইলে, তুমি সেই স্থলেই পলায়ন করিবে।৩১

এদিকে অর্জ্জুন একজন উপযুক্ত যোদ্ধা হইলেও, বয়সে আমার অপেক্ষা অনেক ন্যূন; বিশেষতঃ আমার তুল্য বলীও নহে, সুতরাং তাহার সহিত দ্বন্দ্ব-যুদ্ধে আমার কোন পৌরুষই নাই; আমি তাহার সহিতও যুদ্ধ করিতে বাসনা করি না। ভীমসেন সর্ব্বাংশে আমার সমতুল্য, ইহার সহিত যুদ্ধ করাই আমার বিধেয় বটে।৩২

এই বলিয়া রাজা জরাসন্ধ ভীমসেনকে স্বকীয় মহতী গদা প্রদান করিলেন এবং নিজে অপর একটী

মণ্ডলানি বিচিত্রাণি সব্যং দক্ষিণমেব চ।
চরতোঃ শুশুভে যুদ্ধং নটয়োরিব রঙ্গিণোঃ ॥৩৫

ততশ্চটাচটাশব্দো বজ্রনিষ্পেষসন্নিভঃ।
গদয়োঃ ক্ষিপ্তয়ো রাজন্ দন্তয়োরিব দন্তিনোঃ ॥৩৬

তে বৈ গদে ভুজজবেন নিপাত্যমানে
অন্যোন্যতোঽংস-কটি-পাদ-করোরু-জত্রুন্।
চূর্ণীবভূবতুরুপেত্য যথার্কশাখে
সংযুধ্যতোর্দ্বিরদয়োরিব দীপ্তমন্যোঃ ॥৩৭

ইত্থং তয়োঃ প্রহতয়োর্গদয়োর্নৃবীরৌ
ক্রুদ্ধৌ স্বমুষ্টিভিরয়ঃস্পর্শৈরপিষ্টাম্।
শব্দস্তয়োঃ প্রহরতোরিভয়োরিবাসী-
ন্নির্ঘাতবজ্রপরুষস্তলতাড়নোত্থঃ ॥৩৮

সব্যং দক্ষিণং চ যথা ভবতি তথা বিচিত্রাণি মণ্ডলানি চরতোঃ রঙ্গিণোঃ রঙ্গভূমিগতয়োঃ নটয়োঃ ইব তয়োঃ যুদ্ধং শুশুভে ॥৩৫

হে রাজন্! ততঃ চ দন্তিনোঃ গজয়োঃ দন্তয়োঃ প্রক্ষিপ্তয়োঃ সঞ্চালিতয়োঃ ইব গদয়োঃ বজ্রনিষ্পেসসন্নিভঃ বজ্রস্য নিষ্পেষঃ সম্পাতঃ তচ্ছব্দসদৃশঃ ভয়ঙ্করঃ চটাচটাশব্দঃ বভূব ॥৩৬

দীপ্তমন্যোঃ (দীপ্তঃ মন্যুঃ ক্রোধঃ যয়োঃ তয়োঃ) সংযুদ্ধয়োঃ দ্বিরদযোঃ গজয়োঃ অঙ্গানি প্রাপ্য যথা অর্কশাখে চূর্ণীভবতঃ, তথা অন্যোন্যতঃ পরস্পরং ভুজবলেন নিপাত্যমানে বৈ তে গদে উভয়োঃ অংস-কটি-পাদ-করোরু-জত্রুন্ (অংসঃ স্কন্ধঃ, জত্রু তৎসংলগ্নাস্থিবিশেষঃ তান্) উপেত্য প্রাপ্য চূর্ণী বভূবতুঃ ॥৩৭

ইত্থং তয়োঃ গদয়োঃ প্রহতয়োঃ ভগ্নয়োঃ সত্যোঃ ক্রুদ্ধৌ নৃবীরৌ ভীম-জরাসন্ধৌ অয়ঃস্পর্শৈঃ (অয়োবৎ লোহবৎ স্পর্শো যেষাং তৈঃ) মুষ্টিভিঃ অন্যোন্যশরীরং অপিষ্ট্যাং তাড়য়ামাসতুঃ; এবম্ ইভয়োঃ ইব পরস্পরং প্রহরতোঃ তয়োঃ তলতাড়নোত্থঃ (তলেন তাড়নং চপেটঃ ততঃ উত্থঃ) শব্দঃ নির্ঘাতবর্জপরুষঃ (বজ্রনির্ঘাতঃ নিরভ্রবিদ্যুৎপাতঃ তচ্ছব্দবৎ পরুষঃ ভয়ঙ্করঃ আসীৎ ॥৩৮

গদা গ্রহণে যুদ্ধার্থ পুরীর বাহিরে গমন করিলেন।৩৩

অনন্তর সমতল এবং খননাদির দ্বারা কোমলীকৃত একটি নির্দিষ্ট মল্লভূমে উপনীত হইয়া উক্ত রণদুর্ম্মদ বীরযুগল ভীষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন এবং বজ্রসদৃশ নিদারুণ গদাদ্বারা পরস্পর পরস্পরকে প্রহার করিতে আরম্ভ করিলেন।৩৪

বাম ও দক্ষিণ ভাগে মণ্ডলাকারে পরিভ্রমণের কৌশলে যুদ্ধকালে উক্ত বীরদ্বয়কে রঙ্গমঞ্চস্থ নটদ্বয়ের ন্যায় অপূর্ব্ব শোভাশালী বলিয়া লক্ষিত হইতেছিল।৩৫

অনন্তর হে রাজন্! মত্ত গজেন্দ্রযুগলের যুদ্ধ-কালে যেমন ভীষণ দন্তঘাতধ্বনি উত্থিত হয়, সেইরূপ এই বীরদ্বয়ের বজ্রতুল্য কঠিন গদাঘাতের চটচটাধ্বনিও যেন দিগন্ত ব্যাপ্ত করিয়া ফেলিল।৩৬

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, যুদ্ধপরায়ণ হস্তিযুগলের অঙ্গে নিপতিত অর্ক (আকন্দ)-শাখা যেমন চূর্ণ বিচূর্ণ হইয়া ভূমিতে নিপতিত হয়, সেইরূপ পরস্পরকে আহত করিবার অভিপ্রায়ে নিক্ষিপ্ত সেই বজ্রতুল্য ভীষণ গদাও ভীমসেন এবং জরাসন্ধের অংস, কটি, পাদদেশ, উরু ও জত্রু প্রভৃতি স্থানে পৃষ্ট হইয়া চূর্ণ বিচূর্ণ হইয়া তিলশঃ নিপতিত হইতে লাগিল।৩৭

পরস্পরের আঘাতে পরস্পরের গদা এই প্রকারে চূর্ণ বিচূর্ণ হইয়া গেলে, উক্ত বীরদ্বয় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং লৌহ-সদৃশ কঠিন মুষ্টির আঘাতে পরস্পরে পরস্পরকে আঘাত করিতে লাগিলেন। অহো! উভয় করীর যুদ্ধোত্থিত ভীষণ শব্দের ন্যায় সেই বীরদ্বয়ের কর-তাড়নোত্থিত বজ্র-সদৃশ কঠোর আঘাত-ধ্বনি নিরন্তর শ্রুত হইতে লাগিল।৩৮

তয়োরেবং প্রহরতোঃ সমশিক্ষাবলৌজসোঃ।
নির্ব্বিশেষমভূদ্ যুদ্ধমক্ষীণজবয়োর্নৃপ ॥৩৯
এবং তয়োর্মহারাজ যুধ্যতোঃ সপ্তবিংশতিঃ।
দিনানি নিরগংস্তত্র সুহৃদ্বন্নিশি তিষ্ঠতোঃ ॥৪০
একদা মাতুলেয়ং বৈ প্রাহ রাজন্ বৃকোদরঃ।
ন শক্তোঽহং জরাসন্ধং নির্জ্জেতুং যুধি মাধব ॥৪১

শত্রোর্জন্ম-মৃতী বিদ্বান্ জীবিতঞ্চ জরাকৃতম্।
পার্থমাপ্যায়য়ন্ স্বেন তেজসাচিন্তয়দ্ধরিঃ ॥৪২
সঞ্চিন্ত্যারিবধোপায়ং ভীমস্যামোঘদর্শনঃ।
দর্শয়ামাস বিটপং পাটয়ন্নিব সংজ্ঞয়া ॥৪৩
তদ্ বিজ্ঞায় মহাসত্ত্বো ভীমঃ প্রহরতাং বরঃ।
গৃহীত্বা পাদয়োঃ শত্রুং পাতয়ামাস ভূতলে ॥৪৪

হে নৃপ! সমশিক্ষাবলৌজসোঃ (শিক্ষা অভ্যাসঃ, বলং শারীরং, ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং এতানি সমানি যয়োঃ) তয়োঃ অক্ষীণজবয়োঃ এবং প্রহরতোঃ নির্ব্বিশেষং নিরুপমং যুদ্ধম্ অভূৎ ॥৩৯

হে মহারাজ! এবম্ যুধ্যতোঃ অপি নিশি সুহৃদ্বদ্ মিত্রবৎ তত্র জরাসন্ধগেহে তিষ্ঠতোঃ চ তয়োঃ সপ্তবিংশতিঃ দিনানি নিরগন্ ব্যতীতানি ॥৪০

হে রাজন্! একদা বৃকোদরঃ ভীমঃ মাতুলেয়ং মাতুল-পুত্রকং কৃষ্ণং প্রাহ যথা হে মাধব! যুধি জরাসন্ধং নির্জ্জেতুম্ অহং ন শক্তঃ। কচিৎ পুস্তকে "এবং তয়ো" রিত্যাদি শ্লোকদ্বয়ং নাস্তি ॥৪১

শত্রোঃ জরাসন্ধস্য জন্ম (শকলদ্বয়রূপেণ) মৃতিঃ (শকলী-ভাবেন) চ জরাকৃতং (জরা নাম রাক্ষসী তয়া শকল-সন্ধানেন কৃতং) তস্য জীবিতং চ বিদ্বান্ জানন্ হরিঃ কৃষ্ণঃ স্বেন তেজসা পার্থং ভীমম্ আপ্যায়য়ন্ উপবৃংহয়ন্ কথম্ অসৌ পুনঃ শকলী ভবেৎ ইতি অচিন্তয়ৎ ॥৪২

সঞ্চিন্ত্য তদুপায়ং জ্ঞাত্বা বিটপং শাখাং বিপাটয়ন্ সংজ্ঞয়া সংকেতেন ইব অমোঘদর্শনঃ সর্ব্বজ্ঞঃ শ্রীকৃষ্ণঃ ভীমস্য অরিবধোপায়ং দর্শয়ামাস ॥৪৩

প্রহরতাং বরঃ মহাসত্ত্বঃ ভীমঃ তৎ ভগবতা সূচিতম্ উপায়ং বিজ্ঞায় পাদয়োঃ শত্রুং গৃহীত্বা ভূতলে পাতয়ামাস ॥৪৪

জরাসন্ধ এবং ভীমসেন উভয়েই তুল্যবলী এবং রণকৌশল ও শৌর্য্য উভয়েরই সমান, সুতরাং কেহই কাহারও নিকট পরাস্ত না হওয়ায় যুদ্ধ সমান ভাবেই চলিতে লাগিল। যুদ্ধের পরিণাম সহজে কিছুই পরিদৃষ্ট হইল না।৩৯

এই প্রকারে তুল্যভাবে যুদ্ধ করত সপ্তবিংশতি দিবস অতিবাহিত হইল; দিবাভাগে যুদ্ধ করেন, অথচ রজনীকালে পরম সুহৃদের ন্যায় চারিজনে একত্রেই অবস্থান করেন।৪০

এক দিবস বৃকোদর মাতুল-নন্দন শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন,—হে জনার্দ্দন! জরাসন্ধকে যুদ্ধে পরাজয় করা আমার পক্ষে যেন একান্ত অসম্ভব বলিয়াই প্রতীত হইতেছে।৪১

হে নরনাথ! কোন্ উপায়ে দারুণ শত্রু জরাসন্ধ নিহত হয়, তদ্বিষয়ে চিন্তা করত তখন ভগবান্ শ্রীকৃষ্ণ স্থির করিলেন যে, রাজা বৃহদ্রথের উভয় পত্নী উক্ত জরাসন্ধের দ্বিধা বিভক্ত দেহ খণ্ড পৃথক্‌ভাবে প্রসব করেন; সুতরাং পৃথক্ প্রসূত দেহ খণ্ডদ্বয় নিষ্প্রয়োজন বোধে নদীতে নিক্ষিপ্ত হয়। তৎকালে জরা নামে একটী রাক্ষসী ইতস্ততঃ পর্য্যটন করত অকস্মাৎ উক্ত খণ্ডদ্বয় অবলোকন পূর্ব্বক দুই হস্তে দুইটী খণ্ড লইয়া যেমন সুসমভাবে একত্রিত করিল, অমনি একটি পূর্ণ বালকের জীবিত মূর্ত্তি প্রস্তুত হইল। তদ্দর্শনে রাক্ষসী করুণার্দ্র হৃদয়ে স্বয়ং তাহা ভোজন না করিয়া উহার পালনার্থ মগধরাজকে সমর্পণ করে। তদবধি ঐ বালক জরাসন্ধ নামে বিখ্যাত হইল। অতএব উহার দেহের খণ্ডদ্বয়কে পুনর্ব্বার বিভক্ত করিতে পারিলেই জরাসন্ধের মৃত্যু অনিবার্য্য মনে করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় বীর্য্যের দ্বারা বৃকোদরকে বলীয়ান্ করিলেন।৪২

অনন্তর অমোঘ-দর্শন কৃষ্ণ জরাসন্ধের মৃত্যুর উপায় স্থির করত ভীমের দৃষ্টি সন্নিকৃষ্ট হইলেন এবং

একং পাদং পদাক্রম্য দোর্ভ্যামন্যং প্রগৃহ্য সঃ।
গুদতঃ পাটয়ামাস শাখামিব মহাগজঃ ॥৪৫
একপাদোরু-বৃষণ-কটি-পৃষ্ঠ-স্তনাংসকে।
একবাহ্বক্ষি-ভ্রূ-কর্ণে শকলে দদৃশুঃ প্রজাঃ॥৪৬
হাহাকারো মহানাসীন্নিহতে মগধেশ্বরে।
পূজয়ামাসতুর্ভীমং পরিরভ্য জয়াচ্যুতৌ ॥৪৭
পরিরব্ধস্তু কৃষ্ণেন বিরুজোঽভূৎ বৃকোদরঃ।
স্বস্থঃ সুখী নির্ব্রণশ্চ বল-বীর্য্যসমন্বিতঃ ॥৪৮

পদা পাদেন জরাসন্ধস্য একং পাদম্ আক্রম্য দৃঢ়ম্ অবষ্টভ্য, অন্যপাদং দোর্ভ্যাং প্রগৃহ্য সঃ ভীমঃ মহগজঃ শাখাং যথা অনায়াসেন পাটয়তি, তথা গুদতঃ আরভ্যঃ তং জরাসন্ধং পাটয়ামাস বিদারিতবান্ ॥৪৫

ততঃ একৈকঃ পাদাদিঃ যয়োঃ তে শকলে তত্রস্থাঃ প্রজাঃ দদৃশুঃ ॥৪৬

এবং মগধেশ্বরে নিহতে সতি মহান্ হাহাকারঃ শব্দঃ আসীৎ। জয়ঃ অর্জ্জুনঃ, অচ্যুতঃ কৃষ্ণঃ ভীমং পরিরভ্য পূজয়ামাসতুঃ সৎকৃতবন্তৌ ॥৪৭

সঙ্কেত করত একটী বৃক্ষশাখা লইয়া উভয় হস্তে তাহা চিরিয়া বিপাটিত করত জরাসন্ধকে বিপাটিত করিবার ইঙ্গিত করিলেন। যুদ্ধবিদ্যা-বিশারদ তীব্র-বলবান্ ভীমপরাক্রম ভীমসেন কৃষ্ণ-কৃত সঙ্কেত অবধারণ করত, শত্রুর অঙ্ঘ্রিযুগল ধারণে তাহাকে ভূমিতে নিপাতিত করিলেন।৪৩

এবং নিজের চরণের দ্বারা তাহার একটি পাদ চাপিয়া ধরিয়া, তাহার অন্য পাদ দুই হস্তে ধরিলেন এবং মহাগজ যেমন বৃক্ষশাখাকে অবলীলা-ক্রমে বিদারিত করিয়া ফেলে, সেইরূপ ভীমসেন জরাসন্ধকে পায়ুদেশ হইতে মস্তকাবধি দ্বিখণ্ডে বিদারিত করিয়া ফেলিলেন।৪৪-৪৫

তত্রত্য প্রজাবর্গ দেখিল যে জরাসন্ধের আর সে কলেবর নাই। একটি পাদ, উরু, বৃষণ, কটি, পৃষ্ঠ, একটি পাদ, উরু, বৃষণ, কটি, পৃষ্ঠ, স্তন, স্কন্ধ, ভ্রূ ও

সহদেবং তত্তনয়ং ভগবান্ ভূতভাবনঃ।
অভ্যষিঞ্চদমেয়াত্মা মগধানাং পতিং প্রভুঃ।
মোক্ষয়ামাস রাজন্যান্ সংরুদ্ধা মাগধেন যে ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২

কৃষ্ণেন পরিরব্ধঃ বৃকোদরঃ তু বিরুজঃ পীড়ারহিতঃ, স্বস্থচিত্তঃ সুখী, নির্ব্রণঃ ক্ষতরহিতঃ, বলেন বীর্য্যেণ তথা সমন্বিতঃ চ অভূৎ ॥৪৮

অমেয়াত্মা ভূতভাবনঃ ভগবান্ তস্য জরাসন্ধস্য তনয়ং সহদেবং মাগধানাং পতিম্ অভ্যষিঞ্চৎ; তথা মাগধেন যে রাজানঃ সংরুদ্ধাঃ আসন্, তান্ রাজন্যান্ মোক্ষয়ামাস ॥৪৯

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২

কর্ণ বিশিষ্ট উভয় দেহখণ্ড উভয় দিকে অবলোকন করিয়া, মগধাধিপতিকে নিহত জানিয়া সকলে হাহাকার ধ্বনি করিয়া উঠিল। এদিকে অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ বৃকোদরকে আলিঙ্গন করত বিশেষ প্রশংসা করিলেন।৪৬-৪৭

পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের আলিঙ্গনে ভীম-সেনের গাত্রবেদনা দূরে গেল; চিত্ত শান্ত হইল এবং আঘাত-জনিত ক্ষতাদিও আরোগ্য হইয়া পূর্ব্ববৎ বল ও বিক্রমে তিনি পুনরুৎসাহিত হইলেন।৪৮

জরাসন্ধের মৃত্যু হইলে, ভগবান্ শ্রীকৃষ্ণ জরাসন্ধের পুত্র সহদেবকে তদীয় পিতার সিংহাসনে অধিরূঢ় করাইয়া, মাগধগণের আধিপত্যে অভিষিক্ত করিলেন এবং মগধেশ্বর কর্ত্তৃক নিরুদ্ধ রাজন্যবর্গকেও সেই অমেয়াত্মা ভগবান্ তৎক্ষণাৎ নির্ম্মুক্ত করিলেন।৪৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত দ্বিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[জরাসন্ধরুদ্ধানাং রাজ্ঞাং কারাগৃহান্মোচনম্।]

শ্রীশুক উবাচ।

অযুতে দ্বে শতান্যষ্টৌ নিরুদ্ধা যুধি নির্জ্জিতাঃ।
তে নির্গতা গিরিদ্রোণ্যাং মলিনো মলবাসসঃ ॥১
ক্ষুৎক্ষামাঃ শুষ্কবদনাঃ সংরোধপরিকর্ষিতাঃ।
দদৃশুস্তে ঘনশ্যামং পীতকৌষেয়বাসসম্ ॥২
শ্রীবৎসাঙ্কং চতুর্ব্বাহুং পদ্মগর্ভারুণেক্ষণম্।
চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥৩
পদ্মহস্তং গদা-শঙ্খ-রথাঙ্গৈরুপলক্ষিতম্।
কিরীট-হার-কটক-কটিসূত্রাঙ্গদাচিতম্ ॥৪
ভ্রাজদ্বরমণি-গ্রীবং নিবীতং বনমালয়া।
পিবন্ত ইব চক্ষুর্ভ্যাং লিহন্ত ইব জিহ্বয়া ॥৫
জিঘ্রন্ত ইব নাসাভ্যাং রম্ভন্ত ইব বাহুভিঃ।
প্রণেমুর্হতপাপ্মানো মূর্দ্ধভিঃ পাদয়োর্হরেঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। দ্বে অযুতে অষ্টৌ শতানি চ যে রাজকন্যাঃ যুধি জরাসন্ধেন নির্জ্জিতাঃ গিরিদ্রোণ্যাং চ নিরুদ্ধাঃ মলিনঃ মলবাসসঃ ক্ষুৎক্ষামাঃ (ক্ষুধা ক্ষামাঃ দুর্ব্বলাঃ) শুষ্কবদনাঃ (শুষ্কাণি বদনানি যেষাং তে) সংরোধ-পরিকর্ষিতাঃ (সংরোধেন পরিকর্ষিতাঃ ক্লেশিতাঃ) তে পীতকৌষেয়বাসসং (পীতে কৌষেয়ে বাসসী যস্য তং) ঘনশ্যামং কৃষ্ণং দদৃশুঃ ॥১-২

অন্বয়ঃ

শ্রীবৎসাঙ্কং (শ্রীবৎসঃ রোমরেখাবিশেষঃ বক্ষসি চিহ্নং যস্য তং) পদ্মগর্ভারুণেক্ষণং (পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে নেত্রে যস্য তং) চারু সুন্দরং প্রসন্নং বদনং চ যস্য তং, স্ফুরন্তী মকরাকারে কুণ্ডলে যস্য তং, পদ্মহস্তং, গদা-শঙ্খ-রথাঙ্গৈঃ উপলক্ষিতং শোভিতং কিরীটাদিভিঃ অর্চিতম্ অলঙ্কৃতং ভ্রাজৎ ভ্রাজমানঃ বরমণিঃ কৌস্তুভঃ গ্রীবায়াং যস্য তং; বনমালয়া আপাদ-কটিবিলম্বিতয়া নিবীতং ব্যাপ্তং, চতুর্ব্বাহুং ভগবন্তং শ্রীকৃষ্ণং দদৃশুঃ ॥৩-৪

ত্রিসপ্ততিতম অধ্যায়।

[জরাসন্ধকর্ত্তৃক আবদ্ধ নৃপগণের কারাগার হইতে মুক্তিলাভ।]

শুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র! মগধেশ্বরকে নিহত করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ যখন তদীয় গিরিদ্রোণী নামক দুর্গের দ্বার উন্মোচন করিলেন, তখন তথা হইতে মগধরাজ কর্ত্তৃক পরাজিত সুতরাং সেই দুর্গে আবদ্ধ দুই অযুত অষ্টশত সংখ্যক মলিনগাত্র ও মলিন বসনধারী রাজা নির্গত হইলেন।১

কারাবাস-জনিত ক্লেশে একান্ত পরিক্লিষ্ট ও অন্নাভাবে শীর্ণকায় এবং ম্লান-বদন সেই নৃপতিবৃন্দ কারাগার হইতে নির্ম্মুক্তিলাভে বাহিরে আসিয়া অকস্মাৎ পীত-কৌষেয় বসনধারী, নবীন নীরদতুল্য শ্যামসুন্দর, চারু-প্রসন্ন-বদন, চতুর্ভুজ, পদ্মগর্ভ সদৃশ অরুণলোচন ভগবান্ শ্রীহরিকে নয়নগোচর করিলেন; তাঁহার ভুজচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম শোভা পাইতেছিল। তাঁহার বক্ষস্থলে শ্রীবৎস-লাঞ্ছিত দক্ষিণাবর্ত্ত রোমাবলি চিহ্ন, শ্রবণযুগলে মণিময় উজ্জ্বল কুণ্ডল, মস্তকে কিরীট, গলদেশে মণিময় হার, হস্তে বলয়, কটিতে ও কটিসূত্র, কণ্ঠদেশে কৌস্তুভ মণি এবং আপাদ-লম্বিত বনমালা ও অন্যান্য আভরণের শোভায় দিঙ্মণ্ডল আলোকিত হইয়াছিল।

কৃষ্ণসন্দর্শনাহ্লাদ-ধ্বস্তসংরোধনক্লমাঃ।
প্রশশংসুর্হৃষীকেশং গীর্ভিঃ প্রাঞ্জলয়ো নৃপাঃ ॥৭

রাজান উচুঃ।

নমস্তে দেবদেবেশ প্রপন্নার্ত্তিহরাব্যয়।
প্রপন্নান্ পাহি নঃ কৃষ্ণ নির্ব্বিণ্ণান্ ঘোরসংসৃতেঃ॥৮

নৈনং নাথানুসূয়ামো মাগধং মধুসূদন।
অনুগ্রহো যদ্ ভবতো রাজ্ঞাং রাজ্যচ্যুতির্বিভো ॥৯

রাজ্যৈশ্বর্য্যমদোন্নদ্ধো ন শ্রেয়ো বিন্দতে নৃপঃ।
ত্বন্মায়ামোহিতো নিত্যা মন্যতে সম্পদোঽচলাঃ॥১০

মৃগতৃষ্ণাং যথা বালা মন্যন্ত উদকাশয়ম্।
এবং বৈকারিকীং মায়ামযুক্তা বস্তু চক্ষতে ॥১১

তথা চক্ষুর্ভ্যাং পিবন্তঃ ইব জিহ্বয়া লিহন্তঃ ইব নাসাভ্যাং জিঘ্রন্তঃ ইব তথা বাহুভিঃ রম্ভন্তঃ ইব ॥৫

কৃষ্ণস্য সন্দর্শনাদেব যঃ আহ্লাদঃ তেন ধ্বস্তঃ নিরস্তঃ সংরোধনজঃ ক্লমঃ খেদঃ যেষাং তে, হতপাপ্মানঃ নৃপাঃ রাজানঃ হরেঃ পাদয়োঃ মূর্দ্ধভিঃ প্রণেমুঃ, তথা প্রাঞ্জলয়ঃ সন্তঃ গীর্ভিঃ হৃষীকেশম্ অন্তর্য্যামিণং কৃষ্ণং প্রশশংসুঃ তুষ্টুবুঃ ॥৬-৭

রাজানঃ উচুঃ। হে দেবদেবেশ (দেবানাং ব্রহ্মাদীনাম্ ঈশ) হে অব্যয়! হে প্রপন্নার্ত্তিহর! তে তুভ্যং নমঃ। হে কৃষ্ণ! ঘোরসংসৃতেঃ ঘোরায়াঃ সংসৃতেঃ সংসারাৎ নির্ব্বিণ্ণান্ সর্ব্বতো বিরক্তান্ প্রপন্নান্ নঃ অস্মান্ পাহি মোচয় ॥৮

হে নাথ! হে বিভো! হে মধুসূদন! বয়ং তু এনং মাগধং ন অনুসূয়ামঃ অস্মিন্ দোষান্ ন আবিষ্কুর্মঃ। যৎ যস্মাৎ জরাসন্ধাৎ রাজ্ঞাম্ অস্মাকং রাজ্যচ্যুতিঃ রাজ্যাৎ চ্যুতিঃ ভ্রংশঃ জাতঃ, ততঃ চ ভগবতঃ অনুগ্রহঃ জাতঃ। অতঃ এতেন মহান্ অনুগ্রহঃ উপকারঃ এব জরাসন্ধেন কৃতঃ ॥৯

রাজ্যৈশ্বর্য্যমদোন্নদ্ধঃ রাজ্যে যৎ ঐশ্বর্য্যং, তেন যঃ মদঃ তেন উন্নদ্ধঃ উচ্ছৃঙ্খলঃ, অতঃ ত্বন্মায়ামোহিতঃ সন্ নৃপঃ আত্মনঃ শ্রেয়ঃ ন বিন্দতে উত (অনিত্যাঃ চঞ্চলাঃ অপি) সম্পদঃ সমৃদ্ধীঃ অচলাঃ নিত্যাঃ চ মন্যতে ॥১০

বালাঃ অজ্ঞাঃ যথা মৃগতৃষ্ণাং মরীচিকাম্ উদকাশয়ং নদীতড়াগাদিকং মন্যন্তে, এবম্ অযুক্তাঃ ত্বৎসম্বন্ধরহিতাঃ অবিবেকিনঃ জনাঃ বৈকারিকং ভোগকার্য্যাত্মনা পরিণতাং মায়াং প্রকৃতিম্ এব বস্তু চক্ষতে পরমপুরুষার্থতয়া পশ্যন্তি ॥১১

অহো! তাদৃশ অনুপম রূপ দর্শনে নৃপতিবৃন্দ বিস্ময়ে ও আনন্দে বিহ্বল হইয়া যেন লোচন-যুগলের দ্বারা তাঁহার রূপরাশি পান করিতে লাগিলেন, জিহ্বার দ্বারা লেহন করিতে লাগিলেন এবং নাসিকার দ্বারা ঘ্রাণ করিতে লাগিলেন এবং বাহুযুগলের দ্বারা তাঁহাকে আলিঙ্গন করত পরম তৃপ্তি অনুভব করিতে লাগিলেন।

কৃষ্ণসন্দর্শনের আনন্দে তাঁহাদের সংরোধন-জনিত ক্লেশ দূরে গেল; তাঁহারা সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণের চরণতলে অবনতমস্তকে প্রণাম করিলেন এবং কৃতাঞ্জলিপুটে সর্ব্বান্তর্যামী জনার্দ্দনকে মধুর বচনে স্তব করিতে লাগিলেন ।২-৭

নৃপতিগণ বলিলেন,—হে শরণাগত-দুঃখহারিন্ অব্যয় দেবদেব! আপনাকে আমরা প্রণাম করি! এই ভীষণ সংসারক্ষেত্রে আমরা একান্ত বিরক্ত হইয়া আপনার শরণাগত হইলাম! আপনি আমাদিগকে এই ঘোর সংসার হইতে নির্ম্মুক্ত করুন্! ৮

হে মধুসূদন! হে বিভো! আমরা মগধেশ্বরের প্রতি ঈর্ষাপরতন্ত্র হইয়া ইহার প্রতি কোনরূপ দোষারোপ করিতেছি না; কারণ এই জরাসন্ধ কর্ত্তৃকই আমাদের রাজ্যভ্রংশ ও কারাবাস যে ঘটিয়াছিল, তাহা আমাদের বরং মঙ্গলেরই হেতু হইয়াছে; যেহেতু সেই উপলক্ষ্যেই আমরা অদ্য আপনার অনুগ্রহের পাত্র হইলাম। অতএব জরাসন্ধ কর্ত্তৃকই আমরা উপকৃত হইলাম, স্বীকার করিতে হইবে ।৯

রাজ্যৈশ্বর্য্যের মদে উচ্ছৃঙ্খল নরপতি কখনও নিজের

বয়ং পুরা শ্রীমদনষ্টদৃষ্টয়ো
জিগীষয়াস্যা ইতরেতরস্পৃধঃ।
ঘ্নন্তঃ প্রজাঃ স্বা অতিনির্ঘৃণাঃ প্রভো
মৃত্যুং পুরস্ত্বাবিগণয্য দুর্ম্মদাঃ ॥১২
ত এব কৃষ্ণাদ্য গভীররংহসা
দুরন্তবীর্য্যেণ বিচালিতাঃ শ্রিয়ঃ।
কালেন তন্বা ভবতোঽনুকম্পয়া
বিনষ্টদর্পাশ্চরণৌ স্মরাম তে ॥১৩
অথো ন রাজ্যং মৃগতৃষ্ণিরূপিতং
দেহেন শশ্বৎ পততা রুজাং ভুবা।
উপাসিতব্যং স্পৃহয়ামহে বিভো
ক্রিয়াফলং প্রেত্য চ কর্ণরোচনম্ ॥১৪

হে প্রভো শ্রীকৃষ্ণ। যে বয়ং পুরা রাজ্যস্থিত্যবস্থায়াং স্বাঃ স্বকীয়াঃ প্রজাঃ ঘ্নন্তঃ অতিনির্ঘৃণ্যঃ অতি ভয়ঙ্করস্বভাবাঃ, যতঃ অস্যাঃ ভূমেঃ জিগীষয়া ইতরেতরস্পৃধঃ পরস্পরং স্পর্দ্ধমানাঃ যতঃ শ্রীমদনষ্টবুদ্ধয়ঃ (শ্রীমদেন নষ্টা বুদ্ধির্যেষাং তথাভূতাঃ বয়ং) যথা পুরস্থিতং মৃত্যুরূপং ত্বাম্ অবিগণয্য উপেক্ষ্য দুর্ম্মদাঃ অতিগর্ব্বিতাঃ অভবাম ॥১২

হে কৃষ্ণ। তে এব বয়ম্ অদ্য বিনষ্টদর্পাঃ বিগতদর্পাঃ গভীররংহসা (গভীরম্ অলক্ষিতং রংহঃ বেগঃ যস্য তেন) তথা দুরন্তবীর্য্যেণ (দুরন্তং বীর্য্যং পরাক্রমঃ যস্য তেন) ভবতঃ তন্বা মূর্ত্তিবিশেষেণ কালেন শ্রিয়ঃ সকাশাৎ চ বিচালিতাঃ ভ্রংশিতাঃ সন্তঃ ভবতঃ অনুকম্পয়া তে তব চরণৌ স্মরাম ॥১৩

অথ তস্মাৎ মৃগতৃষ্ণিরূপিতং মরুমরীচিতোয়বৎ আশুবিনাশি তথা শশ্বৎপততা ক্ষীয়মাণেন রুজাং রোগাণাং ভুবা উৎপত্তিস্থানভূতেন দেহেন উপাসিতব্যং সেবিতব্যং রাজ্যং ন স্পৃহয়ামহে, তথা হে বিভো। প্রেত্য পরলোকং স্বর্গাদিকং প্রাপ্য, উপাসিতব্যং ভোগং কর্ণরোচনং (কর্ণয়োঃ রোচনং রুচিজনকং ফলতঃ অবিশুদ্ধিক্ষয়াতিশয়দোষযুক্তং) ক্রিয়াফলং স্বর্গসুখাদিকম্ অপি ন স্পৃহয়ামহে ॥১৪

মঙ্গল অবধারণ করিতে পারেন না; তাঁহারা ভবদীয় মহামায়ায় মোহিত হইয়া নিতান্ত চঞ্চল এবং ক্ষণধ্বংসী এই পার্থিব সম্পত্তি সমুদায়কেই নিত্য ও অচল বলিয়া মনে করিয়া থাকেন।১০

অনভিজ্ঞ বালক যেমন মরীচিকাকে ভ্রমে জলাশয় বলিয়া স্থির করে, সেইরূপ ভবদীয় সম্বন্ধশূন্য অবিবেকী ব্যক্তিগণও স্রক্ চন্দন এবং বনিতাদি ভোগ্য কার্য্যরূপে পরিণত প্রকৃতি-স্থানীয়া মায়াকেই প্রকৃত বস্তু এবং পরম-পুরুষার্থ-ভাবে দর্শন করিয়া থাকেন।১১

হে প্রভো। পূর্ব্বে আমরা যখন রাজত্ব করিতাম, তখন শ্রীমদে আমাদের বুদ্ধি এতই বিনষ্ট হইয়াছিল যে, পরস্পরের প্রতি স্পর্দ্ধা করত পরস্পরকে পরাজয় করিবার অভিপ্রায়ে নিতান্ত কঠিন হৃদয়ের ন্যায়, আমরা স্বীয় প্রজাবর্গেরই নিধন অবলীলাক্রমে সাধিত করিয়াছি। কিন্তু কি আশ্চর্য্য। আমরা তৎকালে এতই মিথ্যা অভিমানে বিমোহিত ছিলাম যে, কালমূর্ত্তিতে সাক্ষাৎ কৃতান্তস্বরূপ আপনি যে নিরন্তর সম্মুখে দণ্ডায়মান, তাহা একবারও আমরা মনে স্থান দিতাম না।১২

এক্ষণে আমাদের সেই দর্প চূর্ণ হইয়াছে; অলক্ষ্যবেগ এবং অনতিক্রমণীয়-বিক্রম ভবদীয় কালরূপা মূর্ত্তির প্রবাহে অদ্য আমরা সেই ঐশ্বর্য্য হইতে সম্পূর্ণ ভ্রষ্ট হইয়াছি। এক্ষণে আপনার চরণতলে শরণ গ্রহণ করিলাম।১৩

অতএব হে দয়াময়। মরুভূমে মরীচি-তোয় সদৃশ ক্ষণধ্বংসী এই রাজ্যাদিকে আর রোগের নিদানভূত এবং নিরন্তর পতনের সম্ভাবনাবিশিষ্ট এই দেহের দ্বারা আর ভোগ করিতে প্রার্থনা করি না। এবং শ্রবণসুখকর অথচ পরিণামে অবিশুদ্ধি ক্ষয় এবং অতিশয়াদি দোষবিশিষ্ট বেদোক্ত ক্রিয়াফল স্বর্গাদির উপাসনা করিতেও আমাদের চিত্ত আর অগ্রসর

তং নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ।
স্মৃতির্যথা ন বিরমেদপি সংসরতামিহ ॥১৫
কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ ॥১৬

শ্রীশুক উবাচ।

সংস্তূয়মানো ভগবান্ রাজভির্মুক্তবন্ধনৈঃ।
তানাহ করুণস্তাত শরণ্যঃ শ্লক্ষ্ণয়া গিরা ॥১৭

শ্রীভগবানুবাচ।

অদ্য প্রভৃতি বো ভূপা! মধ্যাত্মন্যখিলেশ্বরে।
সুদৃঢ়া জায়তে ভক্তির্বাঢ়মাশংসিতং তথা ॥১৮
দিষ্ট্যা ব্যবসিতং ভূপা ভবন্ত ঋতভাষিণঃ।
শ্রিয়ৈশ্বর্য্যমদোন্নাহং পশ্য উন্মাদকং নৃণাম্ ॥১৯
হৈহয়ো নহুষো বেণো রাবণো নরকোঽপরে।
শ্রীমদাদ্ ভ্রংশিতাঃ স্থানাদ্ দেব-দৈত্য-নরেশ্বরাঃ ॥২০

অতঃ যেন উপায়েন যথানুষ্ঠিতেন ইহ সংসারে সংসরতাং ভ্রমতাম্ অপি নঃ অস্মাকং তে তব চরণাব্জয়োঃ স্মৃতিঃ ন বিরমেৎ বিচ্ছিন্নং ন ভবেৎ, তম্ উপায়ং সমাদিশ বিজ্ঞাপয় ॥১৫

প্রণতক্লেশনাশায় (প্রণতানাং ভক্তানাং ক্লেশং নাশয়তি যঃ তস্মৈ) হরয়ে ভক্তক্লেশহরণ-স্বভাবায় পরমাত্মনে সর্ব্বান্তর্যামিণে বাসুদেবায় গোবিন্দায় কৃষ্ণায় নমো নমঃ ॥১৬

শ্রীশুকঃ উবাচ। হে তাত! মুক্তবন্ধনৈঃ রাজভিঃ এবং সংস্তূয়মানঃ শরণ্যঃ আশ্রয়যোগ্যঃ করুণঃ দয়াপূর্ণঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা তান্ আহ ॥১৭

শ্রীভগবান্ উবাচ। হে ভূপাঃ! যুষ্মাভিঃ যথা আশংসিতং প্রার্থিতং, তথা বাঢ়ং নিশ্চিতং বঃ যুষ্মাকম্ অদ্যপ্রভৃতি অখিলেশ্বরে আত্মনি ময়ি সুদৃঢ়া ভক্তিঃ জায়তে জায়তাং নিরন্তরং ভবতু ॥১৮

হে ভূপাঃ! ভবদ্ভিঃ যৎ ব্যবসিতং (মৎস্মরণমেব কর্ত্তব্যং তৎ), দিষ্ট্যা আনন্দকরম্ এব। ভবন্তঃ ঋতভাষিণঃ এব। শ্রিয়ৈশ্বর্য্যমদোন্নাহং (শ্রিয়া ধনেন সহিতং যৎ ঐশ্বর্য্যং তেন যঃ মদোন্নাহঃ মদবন্ধনং) নৃণাম্ উন্মাদকং শ্রেয়ঃ প্রতিবন্ধকং তৎ অহং পশ্যে পশ্যামি ॥১৯

হৈহয়ঃ সহস্রবাহুঃ অর্জ্জুনঃ, নহুষঃ, বেণঃ, রাবণঃ নরকাদয়ঃ দেবদৈত্যনরেশ্বরাঃ অপি শ্রীমদাৎ হেতোঃ স্থানাৎ ভ্রংশিতাঃ ॥২০

হইতেছে না।১৪

অতএব হে বিভো! আমাদিগকে এমন কোন উপায়ের উপদেশ করুন, যাহার অনুশীলনে আমরা এই ভীষণ সংসার-ক্ষেত্রে নিরন্তর ভ্রমণ করিয়াও ভবদীয় চরণকমলের স্মৃতি হইতে কখন বঞ্চিত না হই। আপনার চরণকমল আমাদের হৃদয়-কমলে যেন নিরন্তর জাগরূক থাকে।১৫

হে শরণাগত-জন-পালক! হে ভক্তদুঃখহারিন্! আপনাকে প্রণাম করি। আপনি জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামিরূপে অবস্থান করত ইন্দ্রিয়বর্গের বৃত্তিসমূহ পরিজ্ঞাত আছেন। হে বাসুদেব! হে শ্রীকৃষ্ণ! আপনাকে প্রণাম করি।১৬

মহর্ষি শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে বৎস! জীবমাত্রেরই আশ্রয়পদ করুণাময় ভগবান্ শ্রীকৃষ্ণ নৃপতিগণকে জরাসন্ধের কারাগার হইতে নির্ম্মুক্ত করিলে, রাজগণ ভক্তি ও সম্ভ্রম-সহকারে তাঁহার স্তব করিলেন এবং শ্রীকৃষ্ণও মধুর বচনে তাঁহাদিগকে সম্বোধন করত নিম্নলিখিত উপদেশপূর্ণ কথাগুলি বলিয়াছিলেন।১৭

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে ভূপতিগণ! তোমরা আমার নিকট যাহা প্রার্থনা করিয়াছ, কখনই তাহার অন্যথা ঘটিবে না। তোমাদের প্রার্থনা অনুসারে অদ্যাবধি অখিলেশ্বর সর্ব্বজীব-হৃদয় আমাতে তোমাদের অচলাভক্তি নিত্য উদিত থাকিবে।১৮

হে পৃথ্বীপালগণ! আমার প্রতি চিত্ত সংযত করত নিরন্তর ধ্যান করা কর্ত্তব্য বলিয়া আপনারা যে নিশ্চয় করিয়াছেন, ইহাতে আপনাদের পরম সৌভাগ্য ও আনন্দেরই পরিচয়। আপনারা প্রকৃত তত্ত্বেরই উল্লেখ করিয়াছেন। কারণ শ্রী এবং ঐশ্বর্য্যের মদে উৎপথগামী মানবগণের পক্ষে

ভবন্ত এতদ্ বিজ্ঞায় দেহাদ্যুৎপাদ্যমন্তবৎ।
মাং যজন্তোঽধ্বরৈর্যুক্তাঃ প্রজা ধর্ম্মেণ রক্ষথ ॥২১
সন্তন্বন্তঃ প্রজাতন্তূন্ সুখং দুঃখং ভবাভবৌ।
প্রাপ্তং প্রাপ্তঞ্চ সেবন্তো মচ্চিত্তা বিচরিষ্যথ ॥২২
উদাসীনাশ্চ দেহাদাবাত্মারামা ধৃতব্রতাঃ।
ময্যাবেশ্য মনঃ সম্যঙ্মামন্তে ব্রহ্ম যাস্যথ ॥২৩

অতঃ ভবন্তঃ উৎপাদ্যং যৎ সৃষ্টং দেহাদি তৎ অন্তবৎ বিনাশি ইতি বিজ্ঞায় অধ্বরৈঃ যজ্ঞৈঃ মাং যজন্তঃ পূজয়ন্তঃ, ধর্ম্মেণ প্রজাঃ রক্ষথ রক্ষত ইতি।২১

প্রজাতন্তূন্ পুত্রপৌত্রাদিসন্ততীঃ সংতন্বন্তঃ বিস্তারয়ন্তঃ, সুখদুঃখাদিকং চ প্রাপ্তং প্রাপ্তং সেবন্তঃ সমত্বেন সেবমানাঃ মচ্চিত্তাঃ সন্তঃ বিচরিষ্যথ ॥২২

দেহাদৌ উদাসীনাঃ আত্মারামাঃ ধৃতব্রতাঃ যূয়ং ময়ি মনঃ আবেশ্য অন্তে মাং ব্রহ্ম সম্যক্ যাস্যথ ॥২৩

শ্রেয়োলাভে যে প্রতিবন্ধক জন্মে, তাহা আমি যথেষ্ট অবলোকন করিয়াছি।১৯

কারণ হৈহয়-বংশীয় রাজচক্রবর্ত্তী কার্ত্তবীর্য্যার্জ্জুন লোভবশতঃ জমদগ্নির কামধেনু হরণ করায়, জমদগ্নি-নন্দন পরশুরাম কর্ত্তৃক সবংশে নিহত হইয়াছেন। রাজা নহুষ ইন্দ্রত্বলাভে গর্ব্বিত হইয়া শচী-সম্ভোগের কামনা করেন ; কিন্তু সেই পতিব্রতা শচীর কৌশলে তিনি ব্রাহ্মণবাহ্য শিবিকায় আরোহণ পূর্ব্বক যখন আগমন করিতেছিলেন, তখন সেই বাহক ব্রাহ্মণ-গণের দ্বারাই তিনি ঐশ্বর্য্যভ্রষ্ট হইয়া সর্পযোনি প্রাপ্ত হইয়াছিলেন। রাজা বেণও মদমত্ত হইয়া ব্রাহ্মণ-গণের অপমান করিলে, ব্রাহ্মণগণ হুঙ্কার ধ্বনিতেই উক্ত পাষণ্ডের প্রাণবধ করিয়াছিলেন। রাক্ষসাধিপতি লঙ্কেশ্বর রাবণ সীতা-কামনা করিয়াই রামচন্দ্র কর্ত্তৃক নিহত হইয়াছেন। দৈত্যেশ্বর নরকাসুর অদিতির কুণ্ডল অপহরণ করায়, আমিই তাহার নিধনসাধন করিয়াছি। এই প্রকারে অনেকেই ঐশ্বর্য্যমদের দোষে শ্রীভ্রষ্ট হইয়াছেন।২০

অতএব আপনারা ধন, জন, গৃহাপত্য, কলত্র ও দেহাদি যাবতীয় উৎপন্ন ভোগ্য পদার্থকে অনিত্য ও দুঃখপ্রদ জ্ঞানে উপেক্ষা করত, যজ্ঞের দ্বারা যে আমার আরাধনা করিতে প্রস্তুত হইয়াছেন, তাহাতে আপনাদের মঙ্গল লাভই হইবে এবং ধর্ম্মানুসারে সুখে প্রজাবর্গকে প্রতিপালন করিবেন।২১

পুত্রপৌত্রাদিক্রমে আপনাদের বংশ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইবে এবং সুখ বা দুঃখ যখন যাহাই উপস্থিত হউক্ না, সহিষ্ণুতা সহকারে অবলীলাক্রমে তুল্য-দৃষ্টিতে তাহা ভোগ করত আপনারা কখন উদ্বিগ্নচিত্ত হইবেন না ; অথচ পরমাত্মস্বরূপ আমাতে চিত্ত স্থির রাখিয়া অনায়াসে বিচরণ করিবেন।২২

দেহ, গেহ ও কলত্রাদির প্রেমে আপনাদের চিত্ত কখন অভিভূত হইবে না ; আপনারা নৈষ্ঠিক ব্রতাবলম্বীর ন্যায় আনন্দে চিরকাল নিমগ্ন থাকিয়া, আমাতে চিত্ত সমাহিত করত অন্তে ব্রহ্মসাযুজ্য লাভ করিবেন।২৩

শ্রীশুকদেব বলিলেন,—ত্রিলোকপতি ভগবান্ শ্রীকৃষ্ণ সেই নৃপতিবৃন্দকে এইপ্রকার উপদেশ প্রদানে

শ্রীশুক উবাচ।
ইত্যাদিশ্য নৃপান্ কৃষ্ণো ভগবান্ ভুবনেশ্বরঃ।
তেষাং ন্যযুঙ্ক্ত পুরুষান্ স্ত্রিয়ো মজ্জনকর্ম্মণি ॥২৪
সপর্য্যাং কারয়ামাস সহদেবেন ভারত।
নরদেবোচিতৈর্বস্ত্রৈর্ভূষণৈঃ স্রগ্বিলেপনৈঃ ॥২৫

শ্রীশুকঃ উবাচ। ভুবনেশ্বরঃ ভগবান্ কৃষ্ণঃ নৃপান্ ইতি আদিশ্য অনুশিষ্য তেষাং মজ্জনকর্ম্মণি অভ্যঙ্গস্নানাদৌ পুরুষান্ স্ত্রিয়ঃ চ ন্যযুঙ্ক্ত ॥২৪

হে ভারত! সহদেবেন জরাসন্ধপুত্রেণ নরদেবোচিতৈঃ (নরদেবানাং রাজ্ঞাম্ উচিতৈঃ যোগ্যৈঃ) বস্ত্রৈঃ ভূষণৈঃ স্রগ্বিলেপনৈঃ চ তেষাং সপর্য্যাং কারয়ামাস ॥২৫

ভোজয়িত্বা বরান্নেন সুস্নাতান্ সমলঙ্কৃতান্।
ভোগৈশ্চ বিবিধৈর্যুক্তাংস্তাম্বূলাদ্যৈর্নৃপোচিতৈঃ॥২৬
তে পূজিতা মুকুন্দেন রাজানো মৃষ্টকুণ্ডলাঃ।
বিরেজুর্মোচিতাঃ ক্লেশাৎ প্রাবৃড়ন্তে যথা গ্রহাঃ॥২৭
রথান্ সদশ্বানারোপ্য মণিকাঞ্চনভূষিতান্।
প্রীণয্য সূনৃতৈর্বাক্যৈঃ স্বদেশান্ প্রত্যযাপয়ৎ॥২৮

এবং সুস্নাতান্ সমলঙ্কৃতান্ চ তান্ বরেণ শ্রেষ্ঠেন অন্নেন ভোজয়িত্বা তাম্বূলাদ্যৈঃ নৃপোচিতৈঃ বিবিধৈঃ ভোগৈঃ চ যুক্তান্ কারয়ামাস॥২৬

তে রাজানঃ মুকুন্দেন ক্লেশাৎ মোচিতাঃ তথা পূজিতাঃ চ তে মৃষ্টকুণ্ডলাঃ (মৃষ্টানি কুণ্ডলানি যেষাং তে) রাজানঃ প্রাবৃড়ন্তে শরৎকালে গ্রহাঃ যথা তথা বিরেজুঃ॥২৭

ততশ্চ মণিকাঞ্চনভূষিতান্ তান্ রাজ্ঞঃ সদশ্বান্ রথান্ আরোপ্য সূনৃতৈঃ বাক্যৈঃ প্রীণয্য হর্ষয়িত্বা, স্বদেশান্ প্রত্যযাপয়ৎ প্রস্থাপয়ামাস॥২৮

সুমহাত্মনা কৃষ্ণেন এবং কৃচ্ছ্রাৎ ক্লেশাৎ মোচিতাঃ তে রাজানঃ

অভ্যর্থিত করিলেন; পরে তাঁহাদের তৈলমর্দ্দন ও স্নানাদি করাইবার জন্য বহুবিধ নরনারীকে নিযুক্ত করিলেন।২৪

হে ভারত! জরাসন্ধপুত্র সহদেবের দ্বারা সেই নৃপতিবৃন্দের রাজোচিত বস্ত্র, অলঙ্কার ও মাল্য গন্ধাদি প্রদানে বেশভূষাদির সম্পাদন করাইলেন।২৫

নৃপতিগণের স্নানাদি সমাপন হইলে, উৎকৃষ্ট স্বাদু রাজোচিত অন্ন ও ব্যঞ্জনাদির দ্বারা তাঁহাদিগকে ভোজন করাইলেন এবং আহারান্তে তাম্বূল ও সুখোচিত বিবিধ ভোগের দ্বারা তাঁহাদের তৃপ্তি সাধন করিলেন।২৬

মুক্তিদাতা ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক জরাসন্ধের কারাগার হইতে নির্ম্মুক্ত এবং তাদৃশভাবে সম্মানিত নৃপতিগণ অপূর্ব্ব মণিময় কুণ্ডলাদি ধারণে বর্ষার অন্তে শরৎকালীন পূর্ণ শশধরাদি গ্রহনিচয়ের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন।২৭

অনন্তর নানাবিধ বিচিত্র মণি ও কাঞ্চনাদিতে

ত এবং মোচিতাঃ কৃচ্ছ্রাৎ কৃষ্ণেন সুমহাত্মনা।
যযুস্তমেব ধ্যায়ন্তঃ কৃতানি চ জগৎপতেঃ॥২৯
জগদুঃ প্রকৃতিভ্যস্তে মহাপুরুষচেষ্টিতম্।
যথান্বশাসদ্ ভগবাংস্তথা চক্রুরতন্দ্রিতাঃ॥৩০
জরাসন্ধং ঘাতয়িত্বা ভীমসেনেন কেশবঃ।
পার্থাভ্যাং সংযুতঃ প্রায়াৎ সহদেবেন পূজিতঃ॥৩১

তং কৃষ্ণং তথা জগৎপতেঃ তস্য কৃষ্ণস্য কৃতানি চ ধ্যায়ন্তঃ এব পথি যযুঃ॥২৯

গৃহং গত্বা চ তে প্রকৃতিভ্যঃ অমাত্যাদিভ্যঃ মহাপুরুষচেষ্টিতং জরাসন্ধঘাতাদি জগদুঃ উচুঃ। তথা ভগবান্ যথা অন্বশাসৎ অনুশিক্ষিতবান্, তথা অতন্দ্রিতাঃ সাবধানাঃ সন্তঃ তে সর্ব্বে তথা চক্রুঃ চ॥৩০

এবং ভীমসেনেন জরাসন্ধং ঘাতয়িত্বা সহদেবেন পূজিতঃ কেশবঃ কৃষ্ণঃ পার্থাভ্যাং ভীমার্জ্জুনাভ্যাং সংযুতঃ এব প্রায়াৎ॥৩১

বিভূষিত সেই ভূপতিগণকে সুন্দর অশ্বে সংযোজিত পৃথক্ পৃথক্ রথে প্রত্যেককেই আরোহণ করাইয়া, অতি মধুর বাক্যে তাঁহাদের সন্তোষ উৎপাদন করত স্ব স্ব দেশে প্রেরণ করিলেন।২৮

মহামনা কৃষ্ণ কর্তৃক এই প্রকারে দুঃখ-সাগর হইতে নির্ম্মুক্ত হইয়া সেই নৃপতিবৃন্দ মনে মনে পরমপুরুষ শ্রীকৃষ্ণকে এবং তদীয় অদ্ভুত আচরণাদি স্মরণ করত স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন।২৯

তাঁহারা সকলে স্ব স্ব রাজ্যে প্রত্যাগমন করত পুরুষোত্তম ভগবান্ শ্রীকৃষ্ণকৃত তাদৃশ অদ্ভুত ব্যাপারের বিষয় স্ব স্ব অমাত্যাদি রাজ-পরিবারগণের নিকট বর্ণন করিলেন এবং শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে যেরূপ উপদেশ দিয়াছিলেন, তাঁহারা গৃহে যাইয়া অতি সাবধানে সেইরূপই অনুষ্ঠান করিতে লাগিলেন।৩০

এদিকে ভীমসেনের দ্বারা জরাসন্ধের নিধনসাধন করিয়া কৃষ্ণ যখন প্রস্থানের জন্য উদ্যোগী হইলেন,

গত্বা তে খাণ্ডবপ্রস্থং শঙ্খান্ দধ্মুর্জিতারয়ঃ।
হর্ষয়ন্তঃ স্বসুহৃদো দুর্হৃদাঞ্চাসুখাবহাঃ ॥৩২
তচ্ছ্রুত্বা প্রীতমনস ইন্দ্রপ্রস্থনিবাসিনঃ।
মেনিরে মাগধং শান্তং রাজা চাপ্তমনোরথঃ ॥৩৩
অভিবন্দ্যাথ রাজানং ভীমার্জ্জুনজনার্দ্দনাঃ।
সর্ব্বমাশ্রাবয়ঞ্চক্রুরাত্মনা যদনুষ্ঠিতম্ ॥৩৪

দুর্হৃদাং শত্রূণাম্ অসুখাবহাঃ (অসুখং দুঃখম্ আবহন্তীতি তে) জিতারয়ঃ তে কৃষ্ণভীমার্জ্জুনাঃ খাণ্ডবপ্রস্থম্ ইন্দ্রপ্রস্থম্ গত্বা স্বসুহৃদঃ মিত্রাণি হর্ষয়ন্তঃ হর্ষয়িতুং শঙ্খান্ দধ্মুঃ ॥৩২

তৎ শঙ্খশব্দং শ্রুত্বা ইন্দ্রপ্রস্থনিবাসিনঃ জনাঃ প্রীতমনসঃ (প্রীতং প্রসন্নং মনো যেষাং তথাভূতাঃ তে) মাগধং শান্তং মৃতং মেনিরে। রাজা যুধিষ্ঠিরশ্চ আপ্তঃ পূর্ণঃ মনোরথঃ যস্য তথাভূতঃ আসীৎ ॥৩৩

অথ ভীমার্জ্জুনজনার্দ্দনাঃ আগত্য রাজানম্ যুধিষ্ঠিরম্

জরাসন্ধ-তনয় সহদেব তাঁহার যথেষ্ট সমাদর ও অভ্যর্থনাদি করিলেন। কৃষ্ণ তখন ভীমসেন ও অর্জ্জুন সহ একত্রে তথা হইতে যাত্রা করিলেন।৩১

তাঁহারা সকলে তথা হইতে ইন্দ্রপ্রস্থে উপনীত হইয়া সুহৃদ্‌বর্গের হর্ষোদ্দীপনার্থ শত্রুজয়-সূচক শঙ্খধ্বনি করিলেন। অহো! সেই শঙ্খনিনাদে পাণ্ডবগণের অরিমাত্রেরই হৃদয় অত্যন্ত ব্যথিত হইয়াছিল।৩২

শঙ্খধ্বনি শ্রবণে কিন্তু ইন্দ্রপ্রস্থবাসী প্রজাবর্গের আর আনন্দের সীমা রহিল না; এদিকে রাজা যুধিষ্ঠিরও মগধরাজ জরাসন্ধ নিহত হইয়াছেন সাব্যস্ত করিয়া যেন নিশ্চিন্ত হইলেন এবং পরম নির্বৃতি

নিশম্য ধর্ম্মরাজস্তৎ কেশবেনানুকম্পিতম্।
আনন্দাশ্রুকলাং মুঞ্চন্ প্রেম্না নোবাচ কিঞ্চন ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩

অভিবন্দ্য আত্মনা আত্মভিঃ যৎ অনুষ্ঠিতং তৎ সর্ব্বম্ আশ্রাবয়াঞ্চক্রুঃ ॥৩৪

ধর্ম্মরাজঃ যুধিষ্ঠিরঃ কেশবেন অনুকম্পিতং কৃপয়া সম্পাদিতং তৎ স্বকীয়ং কার্য্যং জরাসন্ধবধং নিশম্য শ্রুত্বা প্রেম্না আনন্দাশ্রুকলাঃ মুঞ্চন্ কিঞ্চন ন উবাচ ॥৩৫

॥ ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

লাভ করিলেন।৩৩

অনন্তর ভীম, অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ রাজা যুধিষ্ঠিরের সমীপে উপস্থিত হইয়া প্রণাম ও অভিবাদনাদি করিলেন এবং তাঁহারা প্রত্যেকে জরাসন্ধ-বধের উপলক্ষে কে কি করিয়াছিলেন, তাহা আনুপূর্ব্বিক তৎসমীপে বর্ণন করিলেন।৩৪

ধর্ম্মরাজ যুধিষ্ঠির এক কেশবের অনুকম্পাতে তাঁহার তাদৃশ দুর্ল্লভ মনোরথও সুসিদ্ধ হইল দেখিয়া আনন্দাশ্রু বিসর্জ্জন করত প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন; তিনি আর কিছুই মুখে বলিতে পারিলেন না।৩৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ত্রিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[রাজসূয়ে ভগবতোঽগ্রপূজনম্, তেন ক্রুদ্ধস্য দুর্বচঃ শিশুপালস্য ভগবতা কৃষ্ণেন বধশ্চ।]

শ্রীশুক উবাচ।

এবং যুধিষ্ঠিরো রাজা জরাসন্ধবধং বিভোঃ।
কৃষ্ণস্য চানুভাবং তং শ্রুত্বা প্রীতস্তমব্রবীৎ ॥১

যুধিষ্ঠির উবাচ।

যে স্যুস্ত্রৈলোক্যগুরবঃ সর্ব্বে লোকাঃ মহেশ্বরাঃ।
বহন্তি দুর্লভং লব্ধ্বা শিরসৈবানুশাসনম্ ॥২

স ভবানরবিন্দাক্ষো দীনানামীশমানিনাম্।
ধত্তেঽনুশাসনং ভূমংস্তদত্যন্তবিড়ম্বনম্ ॥৩

ন হ্যেকস্যাদ্বিতীয়স্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
কর্ম্মভির্বর্দ্ধতে তেজো হ্রসতে চ যথা রবেঃ ॥৪

ন বৈ তেঽজিত ভক্তানাং মমাহমিতি মাধব।
ত্বাং তবেতি চ নানাধীঃ পশূনামিব বৈকৃতী ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। এবং জরাসন্ধবধং কৃষ্ণস্য তম্ অনুভাবং শ্রুত্বা হে বিভো! রাজা যুধিষ্ঠিরঃ প্রীতঃ সন্ তং কৃষ্ণম্ অব্রবীৎ ॥১

যুধিষ্ঠিরঃ উবাচ। ত্রৈলোক্যস্য গুরবঃ পূজ্যাঃ যে সর্ব্বে মহেশ্বরাঃ লোকাঃ ইন্দ্রাদয়ঃ স্যুঃ, তে সর্ব্বে দুর্ল্লভং লব্ধ্বা স্বভাগ্যৈঃ এতৎ দুর্ল্লভং লব্ধম্ ইতি মত্বা, যস্য অনুশাসনং শিরসা এব বহন্তি বহুমানেন পালয়ন্তি ॥২

হে ভূমন্ মহত্তম! সঃ অরবিন্দাক্ষঃ ভবান্ দীনানাং বিষয়াসক্ত-চিত্তানাম্ ঈশমানিনাম্ অস্মাকম্ অনুশাসনং ধত্তে আজ্ঞাম্ অনুসরতি তৎ অত্যন্তবিড়ম্বনং মনুষ্য-চেষ্টাভিনয়-মাত্রমেব ॥৩

রবেঃ উদয়াস্তময়াদিকর্ম্মভিঃ উচ্চনীচসম্বন্ধেন অপি যথা তেজঃ ন বর্দ্ধতে ন চ হ্রসতে, তথা একস্য অদ্বিতীয়স্য পরমাত্মনঃ সর্ব্বনিয়ামকস্য ব্রহ্মণঃ এব মনুষ্যাদ্যচিতৈঃ, কর্ম্মভিঃ তেজঃ ন বর্দ্ধতে, নাপি হ্রসতে চ ॥৪

হে মাধব লক্ষ্মীপতে! হে অজিত! তে তব ভক্তানাং যতঃ মমাহম্ ইতি ত্বম্ এব ইতি বৈকৃতী পশূনাম্ ইব নানাধীঃ যদা ন ভবতি, তদা সা তব ন ভবতি ইতি কিমু বক্তব্যম্ ॥৫

চতুঃসপ্ততিতম অধ্যায়।

[রাজসূয়যজ্ঞে শ্রীকৃষ্ণের অগ্রপূজা, তাহাতে ক্রুদ্ধ ও দুর্বাক্য-প্রয়োগরত শিশুপালকে শ্রীভগবান্-কৃষ্ণকর্তৃক সংহার।]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর রাজা যুধিষ্ঠির জরাসন্ধের নিধন এবং তদুপলক্ষ্যে শ্রীকৃষ্ণের প্রভাবের বিষয় শ্রবণ করিয়া একান্ত প্রীত হইলেন এবং শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন।১

অহো! ত্রিলোকগুরু ব্রহ্মাদি লোকপালগণ এবং অন্যান্য লোকসমূহ আপনাদের দুর্ল্লভ প্রাপ্তি-জ্ঞানে যাঁহার আদেশকে এবং উপদেশকে স্ব স্ব মস্তকে করিয়া বহন করেন।২

সেই পদ্মপলাশলোচন আপনি আমাদের ন্যায় একান্ত দীনহীন অথচ রাজাভিমানী ব্যক্তিগণের আদেশ যে প্রতিপালন করেন, হে সর্ব্বস্বামিন্! ইহা নিতান্ত বিড়ম্বনার কথা।৩

হে প্রভো! দিবাকরের উদয় বা অস্তাচল গমনাদির উপলক্ষ্যে তৎস্বরূপে তেজের কোনরূপ হ্রাস বা বৃদ্ধি স্বীকার করা যায় না, সেইরূপ অদ্বিতীয় সর্ব্বান্তর্যামী এক পূর্ণব্রহ্মস্বরূপ আপনাতে কোন প্রকার কর্ম্মাদির উপলক্ষে মহিমার হ্রাস বা বৃদ্ধি প্রভৃতি স্বীকার করা যায় না।৪

কারণ, হে অজিত! আমি বা আমার এবং তুমি বা তোমার বলিয়া যে বিচিত্র বুদ্ধিবৃত্তির আমরা পাশব-প্রকৃতি ব্যক্তির চরিত্রে লক্ষ্য করিয়া থাকি, তাহা কখনও আপনার ভক্তের চরিত্রেও যখন উপলব্ধ হয় না, তখন আপনাতে যে তাদৃশ ভেদ-

শ্রীশুক উবাচ।

ইত্যুক্ত্বা যজ্ঞিয়ে কালে বব্রে যুক্তান্ স ঋত্বিজঃ।
কৃষ্ণানুমোদিতঃ পার্থো ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ ॥৬
দ্বৈপায়নো ভরদ্বাজঃ সুমন্তুর্গোতমোঽসিতঃ।
বশিষ্ঠশ্চ্যবনঃ কণ্বো মৈত্রেয়ঃ কবষস্ত্রিতঃ ॥৭
বিশ্বামিত্রো বামদেবো জৈমিনিঃ সুমতিঃ ক্রতুঃ।
পৈলঃ পরাশরো গর্গো বৈশম্পায়ন এব চ ॥৮
অথর্ব্বা কশ্যপো ধৌম্যো রামো ভার্গব আসুরিঃ।
বীতিহোত্রো মধুচ্ছন্দা বীরসেনোঽকৃতব্রণঃ ॥৯
উপহূতাস্তথা চান্যে দ্রোণ-ভীষ্ম-কৃপাদয়ঃ।
ধৃতরাষ্ট্রঃ সহসুতো বিদুরশ্চ মহামতিঃ ॥১০
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রা যজ্ঞদিদৃক্ষবঃ।
তত্রেয়ুঃ সর্ব্বরাজানো রাজ্ঞাং প্রকৃতয়ো নৃপ ॥১১
ততস্তে দেবযজনং ব্রাহ্মণাঃ স্বর্ণলাঙ্গলৈঃ।
কৃষ্ট্বা তত্র যথাম্নায়ং দীক্ষয়াঞ্চক্রিরে নৃপম্ ॥১২
হৈমাঃ কিলোপকরণা বরুণস্য যথা পুরা।
ইন্দ্রাদয়ো লোকপাল বিরিঞ্চি-ভব-সংযুতাঃ ॥১৩

শ্রীশুকঃ উবাচ। সঃ পার্থঃ যুধিষ্ঠিরঃ ইতি এবম্ উক্ত্বা কৃষ্ণেন অনুমোদিতঃ অনুজ্ঞাতঃ সন্ যজ্ঞিয়ে যজ্ঞার্হে, বসন্তে কালে যুক্তান্ যোগ্যান্, ব্রহ্মবাদিনঃ বেদার্থপারদর্শিনঃ ব্রাহ্মণান্ ঋত্বিজঃ হোতৃপ্রমুখান্ বব্রে বৃতবান্ ॥৬

তান্ এব নামোল্লেখেন নির্দ্দিশতি যথা দ্বৈপায়নঃ ব্যাসঃ, ভরদ্বাজঃ, সমন্তুঃ, গোতমঃ, অসিতঃ, বশিষ্ঠঃ, চ্যবনঃ, কণ্বঃ, মৈত্রেয়ঃ, কবষঃ, ত্রিতঃ ॥৭

বিশ্বামিত্রঃ, বামদেবঃ, সুমতিঃ, জৈমিনিঃ, ক্রতুঃ, পৈলঃ, পরাশরঃ, গর্গঃ, বৈশম্পায়নঃ, অথর্ব্বা, কশ্যপঃ, ধৌম্যঃ, রামঃ ভার্গবঃ, আসুরিঃ, বীতিহোত্রঃ, মধুচ্ছন্দাঃ, বীরসেনঃ, অকৃতব্রণঃ ॥৮-৯

তথা অন্যে দ্রোণভীষ্মকৃপাদয়ঃ সহসুতঃ ধৃতরাষ্ট্রঃ, মহামতিঃ বিদুরঃ চ তথা হে রাজন্। ব্রাহ্মাণঃ ক্ষত্রিয়াঃ বৈশ্যাঃ শূদ্রাঃ চ তথা সর্ব্বে রাজানঃ রাজ্ঞাং প্রকৃতয়ঃ অমাত্যাদয়ঃ চ উপহূতাঃ সন্তঃ তত্র ঈয়ুঃ ॥১০-১১

অতঃ তে ব্রাহ্মণাঃ স্বর্ণ-লাঙ্গলৈঃ দেবযজনং যজ্ঞভূমিং কৃষ্ট্বা কর্ষণাদিভিঃ ভূমিং সংশোধ্য, যথাম্নায়ং বেদবিধানুসারেণ নৃপং যুধিষ্ঠিরং দীক্ষয়াঞ্চক্রিরে দীক্ষাসংস্কারযুক্তম্ অকুর্ব্বন্ ॥১২

বরুণস্য রাজসূয়ে যথা হৈমাঃ হেমময়াঃ উপকরণাঃ পাত্রাদয়ঃ, আসন্ তথা তত্রাপি আসন্ ॥১৩

বুদ্ধির সম্ভাবনা নাই, তাহাতে আর বিচিত্র কি।৫

শ্রীশুকদেব তখন রাজা পরীক্ষিতকে সম্বোধন করিয়া বলিলেন,—হে রাজন্! কুন্তী-নন্দন রাজা যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণকে এই প্রকারে নানাবিধ মধুর বাক্যে পরিতুষ্ট করিলেন এবং শ্রীকৃষ্ণের অনুমতি অনুসারে যজ্ঞের উপযুক্ত বসন্ত কালের আগমনে বেদার্থপারদর্শী উপযুক্ত ঋত্বিক্‌গণকে যজ্ঞের নিমিত্ত বরণ করিলেন।৬

তদীয় যজ্ঞে বৃত ব্রাহ্মণগণের নাম উল্লেখ করিতেছি, শ্রবণ করুন্। যথা—দ্বৈপায়ন ব্যাস, ভরদ্বাজ, সুমন্তু, গোতম, অসিত, বশিষ্ঠ, চ্যবন, কণ্ব, মৈত্রেয়, কবষ, ত্রিত।৭

বিশ্বামিত্র, বামদেব, জৈমিনি, সুমতি, ক্রতু, পৈল, পরাশর, গর্গ, বৈশম্পায়ন, অথর্ব্বা, কশ্যপ, ধৌম্য, রাম, ভার্গব, আসুরি, বীতিহোত্র, মধুচ্ছন্দ, বীরসেন, অকৃতব্রণ প্রভৃতি শ্রেষ্ঠ এবং কর্ম্মঠ ব্রাহ্মণগণ ঋত্বিক্‌রূপে নিযুক্ত হইয়াছিলেন।৮-৯

এতদ্ব্যতীত দ্রোণ, ভীষ্ম এবং কৃপাদি মাননীয়গণ, পুত্রগণ সহ ধৃতরাষ্ট্র, মহামতি বিদুর এবং অন্যান্য ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রজাতীয় সমস্ত প্রজাবর্গ সমস্ত নৃপতিগণ এবং নরপতিগণের অমাত্যবর্গ নিমন্ত্রিত হইয়া রাজা যুধিষ্ঠিরের যজ্ঞক্ষেত্রে উপনীত হইলেন।১০-১১

অনন্তর যজ্ঞার্থ ব্রতী ব্রাহ্মণগণ সুবর্ণ-নির্ম্মিত লাঙ্গলের দ্বারা কর্ষণ করত, সেই যজ্ঞভূমির সংশোধন করিলেন; এবং বেদবিধানানুসারে রাজা যুধিষ্ঠিরকে যজ্ঞে দীক্ষিত করিলেন।১২

সগণাঃ সিদ্ধ-গন্ধর্ব্বা বিদ্যাধর-মহোরগাঃ।
মুনয়ো যক্ষ-রক্ষাংসি খগ-কিন্নর-চারণাঃ ॥১৪
রাজানশ্চ সমাহূতা রাজপত্ন্যশ্চ সর্ব্বশঃ।
রাজসূয়ং সমীয়ুঃ স্ম রাজ্ঞঃ পাণ্ডুসুতস্য বৈ।
মেনিরে কৃষ্ণভক্তস্য সূপপন্নমবিস্মিতাঃ ॥১৫
অযাজয়ন্ মহারাজং যাজকা দেববর্চ্চসঃ।
রাজসূয়েন বিধিবৎ প্রচেতসমিবামরাঃ ॥১৬

সৌত্যেঽহন্যবনীপালো যাজকান্ সদসস্পতীন্।
অপূজয়ন্ মহাভাগান্ যথাবৎ সুসমাহিতঃ ॥১৭

সদস্যাগ্র্যার্হণার্হং বৈ বিমৃশন্তঃ সভাসদঃ।
নাধ্যগচ্ছন্ননৈকান্ত্যাৎ সহদেবস্তদাব্রবীৎ ॥১৮

অর্হতি হ্যচ্যুতঃ শ্রৈষ্ঠ্যং ভগবান্ সাত্বতাং পতিঃ।
এষ বৈ দেবতাঃ সর্ব্বা দেশ-কাল-ধনাদয়ঃ ॥১৯

বিরিঞ্চিভবাভ্যাং ব্রহ্মরুদ্রাভ্যাং সংযুক্তাঃ স্বগণেন সহিতাঃ ইন্দ্রাদয়ঃ লোকপালাঃ, তথা সিদ্ধাঃ গন্ধর্ব্বাদয়ঃ বিদ্যাধরমহোরগাঃ মুনয়ঃ যক্ষরক্ষাংসি খগকিন্নরচারণাঃ, রাজানঃ রাজপত্ন্যঃ চ সর্ব্বশঃ রাজ্ঞঃ পাণ্ডুসুতস্য যুধিষ্ঠিরস্য রাজসূয়ং সমীয়ুঃ তথা অবিস্মিতাঃ সন্তঃ কৃষ্ণভক্তস্য যজ্ঞং সূপপন্নং সুসম্পন্নং মেনিরে। অমরাঃ দেবাঃ যথা প্রচেতসং বরুণম্ অযাজয়ন্, তথা দেববর্চ্চসঃ (দেবানাম্ ইব বর্চঃ তেজঃ যেষাং তে) যাজকাঃ ঋত্বিজঃ যথাবিধি রাজসূয়েন মহারাজং যুধিষ্ঠিরম্ অযাজয়ন্ ॥১৪-১৬

সৌত্যে অহনি সোমাভিষবদিনে অবনিপালঃ রাজা যুধিষ্ঠিরঃ সুসমাহিতঃ সন্ যাজকান্ অন্যান্ চ মহাভাগান্ পূজার্হান্ সদসস্পতীন্ যথাবৎ অপূজয়ৎ পূজয়িতুম্ উদ্যুক্তবান্ ॥১৭

সদসি সভায়াম্ অগ্র্যার্হণম্ অগ্রপূজা তস্য অর্হং যোগ্যম্ ইতি অগ্র্যার্হণার্হং সভাসদঃ বিমৃশন্তঃ বিচারয়ন্তঃ অপি অনৈকান্ত্যাৎ যোগ্যানাং বহুত্বেন একত্র শ্রেষ্ঠত্বনিয়ামকহেতোরভাবাৎ যদা ন অধ্যগচ্ছন্, তদা মাদ্রীপুত্রঃ সহদেবঃ অব্রবীৎ ॥১৮

সাত্বতাং যাদবানাং পতিঃ ভগবান্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ এব শ্রেষ্ঠম্ অর্হতি; যতঃ এষঃ বৈ সর্ব্বাঃ দেবতাঃ তথা দেশকালধনাদয়শ্চ এষঃ এব ॥১৯

অহো! বরুণের রাজসূয় যজ্ঞোপলক্ষে যেমন সমস্ত সুবর্ণময় পাত্রাদির সংগ্রহ হইয়াছিল, রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞেতেও সেইরূপ সমস্ত সুবর্ণময় পাত্রাদি সংগৃহীত হইয়াছিল।

কমলাসন ব্রহ্মা ভগবান্ রুদ্রদেবকে পুরোবর্ত্তী করিয়া, স্ব স্ব পার্ষদগণে পরিবৃত ইন্দ্রাদি লোকপালগণ, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, উরগগণ, মুনিগণ, যক্ষ, রাক্ষস, খগ, কিন্নর, চারণগণ, রাজন্যবর্গ এবং রাজবনিতাগণ নানাদেশ হইতে আগমন করত পাণ্ডুপুত্র রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ দর্শনার্থ সেই যজ্ঞক্ষেত্রে উপনীত হইলেন এবং সকলেই অবিস্মিত-চিত্তে কৃষ্ণভক্তের যজ্ঞ সুসম্পন্ন বলিয়া স্বীকার করিলেন।

অহো! দেববৃন্দ যেমন প্রচেতা বরুণকে রাজসূয়ে দীক্ষিত করিয়াছিলেন, সম্প্রতি দেবসম্পন্ন ঋত্বিক্‌গণ যথাবিধি রাজসূয়ের অনুষ্ঠানে রাজা যুধিষ্ঠিরকেও সেইভাবে যজ্ঞে সংস্কৃত করিয়াছিলেন।১৩-১৬

পরে সোমাভিষব-দিবসে রাজা যুধিষ্ঠির বিশেষ সমাদরের সহিত নিযুক্ত ঋত্বিক্‌গণ এবং অন্যান্য মাননীয় ব্যক্তিগণকে যথাবিধি পূজা ও সম্মান প্রদর্শনার্থ প্রস্তুত হইলেন।১৭

কিন্তু সভাস্থলে অনেক মহামনা ও বিশেষ সম্ভ্রান্ত ব্যক্তির সমাগম থাকায়, তাঁহাদের মধ্যে কে যে সর্ব্বাগ্রে শ্রেষ্ঠ পূজার পাত্র, তাহা নিরূপণ করিতে সভাসদ্‌গণ যখন অসমর্থ হইলেন, তখন মাদ্রী-তনয় সহদেব সকলকে সম্বোধন করিয়া বলিলেন—।১৮

সাত্বতপতি শ্রীকৃষ্ণই এই অগ্র-পূজার উৎকৃষ্ট অধিকারী; ইঁহার ন্যায় ঐশ্বর্য্যাদিযুক্ত আর

যদাত্মকমিদং বিশ্বং ক্রতবশ্চ যদাত্মকাঃ।
অগ্নিরাহুতয়ো মন্ত্রাঃ সাঙ্খ্যং যোগশ্চ যৎপরঃ ॥২০
এক এবাদ্বিতীয়োঽসাবৈতদাত্ম্যমিদং জগৎ।
আত্মনাত্মাশ্রয়ঃ সভ্যাঃ সৃজত্যবতি হন্ত্যজঃ ॥২১
বিবিধানীহ কর্ম্মাণি জনয়ন্ যদবেক্ষয়া।
ঈহতে যদয়ং সর্ব্বঃ শ্রেয়ো ধর্ম্মাদিলক্ষণম্ ॥২২

ইদং বিশ্বং যদাত্মকং, ক্রতবঃ যজ্ঞাঃ চ যদাত্মকাঃ, অগ্নিঃ আহুতয়ঃ মন্ত্রাঃ, সাংখ্যং জ্ঞানং, যোগঃ সাধনং চ যৎপরঃ ॥২০

হে সভ্যাঃ! যঃ একঃ অসৌ অজঃ অদ্বিতীয়ঃ সন্ অপি আত্মনা আত্মাশ্রয়ঃ এব ঐতদাত্ম্যম্ ইদং বিশ্বং সৃজতি অবতি পালয়তি হন্তি চ ॥২১

যস্য অপেক্ষয়া অনুগ্রহেণ বিবিধানি তপোযোগাদীনি কর্ম্মাণি জনয়ন্ কুর্ব্বন্ যৎ যস্মাৎ অয়ং সর্ব্বঃ লোকঃ জনঃ ধর্ম্মাদিলক্ষণং শ্রেয়ঃ ঈহতে সাধয়তি (সর্ব্বান্তর্য্যামিত্বাৎ ফলদাতৃত্বাৎ চ সঃ এব শ্রেষ্ঠত্বম্ অর্হতি) ॥২২

কাহাকেও আমি নয়নগোচর করি না; অধিক কি! সমস্ত দেবতাগণও ইঁহারই স্বরূপ। দেশ, কাল এবং ধনাদির উপস্থিতি এক ইঁহারই প্রসাদে জীবের ঘটিয়া থাকে। অতএব দেশ, কাল এবং পাত্রের বিবেচনায় ইঁহার পূজা করিলেই, যাবতীয় দেবতারই পূজা করা হয়।১৯

এই বিশ্ব সংসারে ইঁহার আত্মস্বরূপ হইতেই সৃজিত হইয়াছে এবং যজ্ঞসমূহের অধিষ্ঠাত্রী দেবতাও এক ইনি মাত্র। অগ্নি, আহুতি, মন্ত্র, জ্ঞান এবং যোগসাধনাদি ব্যাপারসমূহ এক ইঁহাকেই লক্ষ্য করিয়া অগ্রসর হইতেছে।২০

ইনি জন্ম-কর্ম্মাদির অতীত এক অদ্বিতীয় হইয়াও, আত্মস্বরূপে এই অনন্ত সংসারের সৃষ্টি, পালন ও সংহার কার্য্য সাধিত করিতেছেন।২১

অহো! যাঁহার অনুগ্রহের প্রতীক্ষায় তপস্যা এবং যোগাদি বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করত জনগণ যাঁহার নিকট হইতেই ধর্ম্মাদিলক্ষণ প্রচুর শ্রেয় প্রাপ্ত হইয়া থাকে, সেই সর্ব্বান্তর্যামী এবং সর্ব্বকর্ম্মফলপ্রদ বাসুদেবই শ্রেষ্ঠ পূজার উপযুক্ত পাত্র।২২

তস্মাৎ কৃষ্ণায় মহতে দীয়তাং পরমার্হণম্।
এবং চেৎ সর্ব্বভূতানামাত্মনশ্চার্হণং ভবেৎ ॥২৩
সর্ব্বভূতাত্মভূতায় কৃষ্ণায়ানন্যদর্শিনে।
দেয়ং শান্তায় পূর্ণায় দত্তস্যানন্ত্যমিচ্ছতা ॥২৪
ইত্যুক্ত্বা সহদেবোঽভূৎ তূষ্ণীং কৃষ্ণানুভাববিৎ।
তচ্ছ্রুত্বা তুষ্টুবুঃ সর্ব্বে সাধু সাধ্বিতি সত্তমাঃ ॥২৫

তস্মাৎ (সর্ব্বথা শ্রেষ্ঠত্বাৎ) মহতে কৃষ্ণায় এব পরমার্হণম্ অগ্রপূজাসাধনং দীয়তাম্। এবং কৃষ্ণঃ পূজ্যতে চেৎ তেন সর্ব্বভূতানাম্ আত্মনঃ পূজকস্য চ অর্হণং পূজনং ভবেৎ ॥২৩

দত্তস্য দানস্য আনন্ত্যম্ ইচ্ছতা জনেন সর্ব্বভূতাত্মভূতায় (সর্ব্বেষাং ভূতানাম্ আত্মভূতায়) অনন্যদর্শিনে, শান্তায় উদারায়, পূর্ণায় পূর্ণানন্দস্বরূপিণে কৃষ্ণায় এব সর্ব্বং দেয়ম্ ॥২৪

কৃষ্ণানুভাববিৎ (কৃষ্ণস্য প্রভাবজ্ঞঃ) সহদেবঃ ইতি এবং উক্ত্বা তূষ্ণীং বভূব। তথা তৎ সহদেবোক্তং শ্রুত্বা সর্ব্বে সত্তমাঃ শ্রেষ্ঠাঃ দ্বৈপায়নাদয়ঃ জনাঃ সাধু সাধু ইতি উক্ত্বা তং তুষ্টুবুঃ ॥২৫

অতএব সর্ব্বতোভাবে ইঁহারই শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন থাকায়, সেই সর্ব্বশ্রেষ্ঠ ভগবান্ শ্রীকৃষ্ণকেই অগ্রপূজা প্রদান করুন্! কৃষ্ণ যদি আমাদের দ্বারা পূজিত হন, তাহা হইলে যাবতীয় ভূতের, এমন কি! পূজকের আত্মস্বরূপেরও সম্যক্ পূজা সাধিত হইবে।২৩

দানের অনন্ত ফল প্রত্যাশা করিলে, সকল জীবের অন্তরাত্মাস্বরূপ সর্ব্বত্র ভেদজ্ঞান-বিবর্জ্জিত কাম-লোভাদি-শূন্য পূর্ণানন্দমূর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণকে দান করাই আমাদের সর্ব্বতোভাবে বিধেয়।২৪

শ্রীকৃষ্ণের প্রভাবজ্ঞ সহদেব এই প্রকার বলিয়া নিরস্ত হইলেন। এদিকে সহদেবের কথা শ্রবণে

শ্রুত্বা দ্বিজেরিতং রাজা জ্ঞাত্বা হার্দ্দং সভাসদাম্ ।
সমর্হয়দ্ধৃষীকেশং প্রীতঃ প্রণয়বিহ্বলঃ ॥২৬

তৎপাদাববনিজ্যাপঃ শিরসা লোকপাবনীঃ ।
সভার্য্যঃ সানুজামাত্যঃ সকুটুম্বোঽবহন্ মুদা ॥২৭

বাসোভিঃ পীতকৌষেয়ৈর্ভূষণৈশ্চ মহাধনৈঃ ।
অর্হয়িত্বাশ্রুপূর্ণাক্ষো নাশকৎ সমবেক্ষিতুম্ ॥২৮

দ্বিজেরিতং সাধুসাধ্বিতি বচনং শ্রুত্বা সভাসদাং সভ্যানাম্ অপি হার্দ্দম্ অভিপ্রেতং জ্ঞাত্বা রাজা যুধিষ্ঠিরঃ প্রীতঃ প্রসন্নচিত্তঃ তথা প্রণয়েন স্নেহেন বিহ্বলঃ নীতঃ সন্ হৃষীকেশং সমর্হয়ৎ ॥২৬

তস্য কৃষ্ণস্য পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য, লোকপাবনীঃ (লোকান্ পাবয়ন্তীতি তথাভূতাঃ) তাঃ আপঃ সভার্য্যঃ সানুজামাত্যঃ সকুটুম্বঃ যুধিষ্ঠিরঃ মুদা হর্ষেণ শিরসা অবহৎ ॥২৭

পীতকৌষেয়ৈঃ বাসোভিঃ মহাধনৈঃ ভূষণৈঃ চ কৃষ্ণম্ অর্হয়িত্বা

সভার সকল লোকই সন্তুষ্ট হইলেন এবং তন্মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তিগণ সহদেবকে সাধুবাদ প্রদানে তাঁহাকে বিশেষ গৌরবযুক্তই করিলেন ।২৫

দ্বিজগণের তাদৃশ সাধুবাদ শ্রবণ করিয়া এবং সমবেত সভাসদ্ ব্রাহ্মণগণের মনোগত অভিপ্রায় পরিজ্ঞাত হইয়া, রাজা যুধিষ্ঠির প্রীত ও প্রসন্নচিত্তে এবং ঐকান্তিক প্রণয় সহকারে হৃষীকেশ শ্রীকৃষ্ণকেই বিশেষ আদরাতিশয়ে পূজা করিলেন ।২৬

প্রথমত তাঁহার পাদদ্বয় প্রক্ষালন করিয়া, সেই পবিত্র বারি স্বীয় মস্তকে ধারণ করিলেন এবং পত্নী, অনুজ ভ্রাতাগণ, অমাত্যবর্গ এবং অন্যান্য কুটুম্বগণের মস্তকেও ঐ বারি প্রদান করিলেন ।২৭

পরে পীতকৌশেয় বস্ত্রযুগল এবং মহামূল্য মণিময় আভরণসমূহ শ্রীকৃষ্ণকে প্রদান করত, এতই প্রণয়-বিহ্বল হইয়া পড়িলেন যে, আনন্দাশ্রুতে তাঁহার

ইত্থং সভাজিতং বীক্ষ্য সর্ব্বে প্রাঞ্জলয়ো জনাঃ ।
নমো জয়েতি নেমুস্তং নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ ॥২৯

ইত্থং নিশম্য দমঘোষসুতঃ স্বপীঠা-
দুত্থায় কৃষ্ণগুণবর্ণনজাতমন্যুঃ ।
উৎক্ষিপ্য বাহুমিদমাহ সদস্যমর্ষী
সংশ্রাবয়ন্ ভগবতে পরুষাণ্যভীতঃ ॥৩০

অশ্রুপূর্ণাক্ষঃ (আনন্দাশ্রুভিঃ পূর্ণে অক্ষিণী যস্য সঃ) যুধিষ্ঠিরঃ সমবেক্ষিতুং সম্যক্ অবেক্ষিতুং ন অশকৎ ॥২৮

ইত্থম্ এবং কৃষ্ণং সভাজিতং বীক্ষ্য সর্ব্বে জনাঃ প্রাঞ্জলয়ঃ সন্তঃ নমঃ জয়েতি বদন্তঃ তং কৃষ্ণং নেমুঃ, আকাশাৎ পুষ্পবৃষ্টয়ঃ চ পেতুঃ ॥২৯

ইত্থং কৃষ্ণগুণবর্ণনেন জাতঃ মন্যুঃ ক্রোধঃ যস্য তথা অমর্ষী কৃষ্ণোৎকর্ষমসহমানঃ, দমঘোষসুতঃ শিশুপালঃ ইত্থং নিশম্য শ্রুত্বা সদসি সভামধ্যে বাহুম্ উৎক্ষিপ্য অভীতঃ ভীতিশূন্যঃ ইব ভগবতে কৃষ্ণায় পরুষাণি নিন্দাবচনানি সংশ্রাবয়ন্ ইদম্ আহ ॥৩০

দৃষ্টিরোধ হইয়া গেল ; তিনি কৃষ্ণের প্রতি সম্যক্ অবলোকনেও আর সমর্থ হইলেন না ।২৮

এই প্রকারে ভগবান্ শ্রীকৃষ্ণকে সমাদৃত ও সুপূজিত অবলোকন করিয়া, সমবেত জনসমূহ কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া উঠিল এবং নমস্ শব্দ ও জয় শব্দের প্রয়োগে শ্রীকৃষ্ণকে সকলে প্রণাম করিতে লাগিল ; স্বর্গ হইতে পুষ্প-বৃষ্টি নিপতিত হইতে লাগিল ।২৯

এদিকে দমঘোষ-নন্দন শিশুপাল শ্রীকৃষ্ণের তাদৃশ অভ্যুদয় দর্শনে আর সহ্য করিতে পারিল না। কৃষ্ণের গুণবর্ণন শ্রবণ করিয়া তাঁহার হৃদয় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিল। স্বীয় আসন পরিত্যাগে গাত্রোত্থান করত, কৃষ্ণ-গুণের সম্পূর্ণ বিদ্বেষী সেই শিশুপাল ঊর্দ্ধবাহু হইয়া, তাদৃশ সভার মধ্যেই সম্পূর্ণ নির্ভয়ের ন্যায় শ্রীকৃষ্ণকে বিবিধ কটূক্তির প্রয়োগে বলিল— ।৩০

ঈশো দুরত্যয়ঃ কাল ইতি সত্যবতী শ্রুতিঃ।
বৃদ্ধানামপি যদ্ বুদ্ধির্বালবাক্যৈর্বিভিদ্যতে ॥৩১
যূয়ং পাত্রবিদাং শ্রেষ্ঠা মা মন্ধ্বং বালভাষিতম্।
সদসস্পতয়ঃ সর্ব্বে কৃষ্ণো যৎ সম্মতোঽর্হণে ॥৩২
তপোবিদ্যাব্রতধরান্ জ্ঞানবিধ্বস্তকল্মষান্।
পরমর্ষীন্ ব্রহ্মনিষ্ঠান্ লোকপালৈশ্চ পূজিতান্ ॥৩৩

কালঃ ঈশঃ সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ, অতএব দুরত্যয়ঃ অনুল্লঙ্ঘ্যঃ ইতি শ্রুতিঃ কালবাদিনী বাণী সত্যবতী যথার্থা এব, যৎ যস্মাৎ কালপ্রভাবাৎ বৃদ্ধানাং জ্ঞানবয়োবিশিষ্টানাম্ অপি বুদ্ধিঃ বালবাক্যৈঃ বিভিদ্যতে ভ্রান্ত্যা ভবতি ॥৩১

হে সদসস্পতয়ঃ! যূয়ং সর্ব্বে পূজায়াঃ পাত্রবিদাং মধ্যে শ্রেষ্ঠাঃ, অতঃ অর্হণে পূজায়াং কৃষ্ণঃ সম্মতঃ ইতি বালস্য ভাষিতং তৎ মা মন্ধ্বং মা গৃহ্নীত ॥৩২

তপঃ অনশনাদি, বিদ্যা অধ্যয়নাদি, ব্রতং কৃচ্ছ্রাদি তান্ ধরন্তি যে তান্ জ্ঞানবিধ্বস্তকল্মষান্ (জ্ঞানেন পরমাত্মবিষয়কেন স্বরূপজ্ঞানেন বা বিধ্বস্তং কল্মষং পাপং যেষাং তান্) ব্রহ্মনিষ্ঠান্ অতএব লোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ অপি পূজিতান্ পরমর্ষীন্ ॥৩৩

অহো! "কাল সকলই ঘটাইতে পারে! কালকে কেহই অতিক্রম করিতে পারে না"। এই কালের মাহাত্ম্য-প্রকাশক শ্রুতি কিম্বদন্তী অদ্য প্রকৃত প্রস্তাবে সত্য বলিয়াই প্রতীত হইতেছে। কারণ, কি আশ্চর্য্য! এই বৃদ্ধগণের বুদ্ধিও অদ্য বালকের কথায় বিপরীত ভাব ধারণ করিল।৩১

হে সভ্যগণ! আপনারা সকলেই কিন্তু বিশেষ বুদ্ধিমান্ ও বিচক্ষণ ব্যক্তি; অগ্র্যপূজার পাত্র যে কে, তাহা আপনারা মনে মনে বিলক্ষণ অবধারণ করিয়াছেন! দেখুন! একটী বালকের কথায়, পূজার পাত্র বলিয়া কৃষ্ণ পূর্ব্বে অবধারিত হইলেও, আপনারা যেন তাহাতে অনুমোদন করিবেন না।৩২

দেখুন! তপস্যা, বেদাধ্যয়ন এবং কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতের অনুষ্ঠানে যাঁহারা সম্পূর্ণ পারদর্শী, আত্মানাত্ম-বিচারে যাঁহাদের পাপরাশি সম্পূর্ণ বিনষ্ট হইয়াছে, তাদৃশ ব্রহ্মনিষ্ঠ এবং ইন্দ্রাদি লোকপালগণেরও সুপূজিত পরমর্ষিগণ এখানে উপস্থিত আছেন।৩৩

সদস্পতীনতিক্রম্য গোপালঃ কুলপাংসনঃ।
যথা কাকঃ পুরোডাশং সপর্য্যাং কথমর্হতি ॥৩৪
বর্ণাশ্রমকুলাপেতঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ।
স্বৈরবর্ত্তী গুণৈর্হীনঃ সপর্য্যাং কথমর্হতি ॥৩৫
যযাতিনৈষাং হি কুলং শপ্তং সদ্ভির্বহিষ্কৃতম্।
বৃথাপানরতং শশ্বৎ সপর্য্যাং কথমর্হতি ॥৩৬

সদসস্পতীন্ অতিক্রম্য অনাদৃত্য, কাকঃ যথা পুরোডাশং দেবযোগ্যং ন অর্হতি, তথা অয়ং কুলপাংসনঃ ক্ষত্রিয়কুলকলঙ্কঃ গোপালঃ কৃষ্ণঃ অত্র সপর্য্যাং পূজাং কথম্ অর্হতি ॥৩৪

বর্ণাশ্রমকুলাপেতঃ বর্ণাদিভ্যঃ অপেতঃ ভ্রষ্টঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ, সর্ব্বধর্ম্মবিহীনঃ স্বৈরং যথেচ্ছং বর্ত্ততে ইতি গুণৈঃ বিবেক-ধৈর্য্যাদিভিঃ হীনঃ কৃষ্ণঃ কথং সপর্য্যাম্ অর্হতি ॥৩৫

(কুলবৃদ্ধেন) যযাতিনা এষাং যাদবানাং কুলং শপ্তং রাজ্যানর্হং কৃতম্। অতঃ সদ্ভিঃ বহিষ্কৃতং, শশ্বৎ সদা বৃথা পানরতং কুলং সপর্য্যাং কথম্ অর্হতি ॥৩৬

কিন্তু কি আশ্চর্য্য! তাদৃশ মহানুভব ব্যক্তিগণ এই সভায় উপস্থিত থাকিতেও, ক্ষত্রিয়কুলের কলঙ্ক-স্বরূপ ঐ গোপালক কি প্রকারে শ্রেষ্ঠ পূজা পাইবার পাত্র হইতে পারে? তাহা হইলে, দেবতাকে বর্জ্জন করত যজ্ঞের পুরোডাশ উচ্ছিষ্টভোজী কাককে কি প্রদান করা হয় না?৩৪

এ ব্যক্তির কোন প্রকার জাতি, আশ্রম বা কুলের নির্ণয় নাই, সনাতন ধর্ম্মের সম্পূর্ণ বহির্ভূত ব্যক্তি বলিয়াই ইহাকে স্বীকার করিতে হইবে। বিশেষতঃ কৃষ্ণ যে স্বেচ্ছাচারী, বিবেকহীন এবং ধৈর্য্যভ্রষ্ট, তাহা আপনারা সকলেই প্রায় অবগত আছেন। অতএব তাদৃশ ব্যক্তি কি কখন এই সভায় পূজার পাত্র হইতে পারে?।৩৫

ব্রহ্মর্ষিসেবিতান্ দেশান্ হিত্বৈতেঽব্রহ্মবর্চসম্ ।
সমুদ্রং দুর্গমাশ্রিত্য বাধন্তে দস্যবঃ প্রজাঃ ॥৩৭
এবমাদীন্যভদ্রাণি বভাষে নষ্টমঙ্গলঃ ।
নোবাচ কিঞ্চিদ্ভগবান্ যথা সিংহঃ শিবারুতম্ ॥৩৮
ভগবন্নিন্দনং শ্রুত্বা দুঃসহং তৎ সভাসদঃ ।
কর্ণৌ পিধায় নির্জগ্মুঃ শপন্তশ্চেদিপং রুষা ॥৩৯

নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা ।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ
সুকৃতাচ্চ্যুতঃ ॥৪০

ততঃ পাণ্ডুসুতাঃ ক্রুদ্ধা মৎস্য-কেকয়-সৃঞ্জয়াঃ ।
উদায়ুধাঃ সমুত্তস্থুঃ শিশুপালজিঘাংসবঃ ॥৪১

ব্রহ্মর্ষিসেবিতান্ দেশান্ হিত্বা অব্রহ্মবর্চ্চসং বেদাধ্যয়ন-জনিততেজোহ্রাসকরং সমুদ্রম্ এব দুর্গম্ আশ্রিত্য দস্যবঃ তে এতে যাদবাঃ এব প্রজাঃ বাধন্তে ॥৩৭

এবমাদীনি অন্যানি অভদ্রাণি অমঙ্গলানি ভগবন্নিন্দা-বচনানি, নষ্টমঙ্গলং (নষ্টং মঙ্গলং জীবনৈশ্বর্য্যাদিকারণং পুণ্যং যস্য সঃ) শিশুপালঃ বভাষে। কিন্তু শিবারুতং শৃগালভাষিতং শ্রুত্বা সিংহঃ যথা কিঞ্চিৎ ন ব্রূতে, তথা তানি শ্রুত্বা ভগবান্ কৃষ্ণঃ কিঞ্চিৎ ন উবাচ ॥৩৮

তৎ দুঃসহং ভগবন্নিন্দনং শ্রুত্বা সভাসদঃ কর্ণৌ পিধায় আচ্ছাদ্য চেদিপং শিশুপালং, রুষা ক্রোধেন শপন্তঃ ততঃ নির্জগ্মুঃ ॥৩৯

ভগবতঃ বা তৎপরস্য ভক্তস্য জনস্য নিন্দাং শৃণ্বন্ যঃ জনঃ স্থানাৎ ন অপৈতি ন নির্গচ্ছতি, সঃ সুকৃতাৎ পুণ্যাৎ চ্যুতঃ ভ্রষ্টঃ সন্ অধঃ নরকং যাতি ॥৪০

ততঃ সভাসদঃ নির্গমনানন্তরং ক্রুদ্ধাঃ পাণ্ডুসুতাঃ মৎস্য-সৃঞ্জয়-কেকয়াঃ শিশুপাল-জিঘাংসবঃ (শিশুপালং হন্তুম্ ইচ্ছবঃ) উদায়ুধাঃ (উৎমুউদ্ধৃতানি আয়ুধানি যৈঃ তথাভূতাঃ এব) সমুত্তস্থুঃ ॥৪১

আরও দেখুন! কুলবৃদ্ধ মহারাজ যযাতি এই যাদবকুলকে নিকৃষ্ট বিবেচনায় অভিসম্পাত করিয়াছেন যে, ইহারা কখন রাজা হইতে পারিবে না। অতএব সাধুগণের অননুমোদিত এবং বৃথাপানরত যদুবংশীয় কৃষ্ণ কি প্রকারে পূজনীয় হইতে পারে?৩৬

বিশেষতঃ ব্রহ্মর্ষিগণ যে সমস্ত দেশে বাস করেন, ঐ কৃষ্ণ সেই সকল পবিত্র দেশ পরিত্যাগ করিয়া যে স্থানে বেদাদির অধ্যয়ন-জনিত ব্রহ্মতেজও অজ্ঞাতসারে অন্তর্হিত হয়, তাদৃশ সমুদ্রের গর্ভে দুর্গ নির্ম্মাণ করত, এই দস্যু যাদব প্রজাগণকে বাস করাইতেছে। অতএব প্রধান পূজার পাত্র এই ব্যক্তি কিছুতেই হইতে পারে না।৩৭

অহো! শিশুপালের পুণ্যরাশি নাকি সমাপ্ত হইয়াছিল, সুতরাং তিনি এই প্রকার বিবিধ নিন্দা-বাক্যেরই যথেষ্ট প্রয়োগ করিলেন। কিন্তু শৃগালের চিৎকারে যেমন সিংহ কখনও গর্জ্জন করে না, সেইপ্রকার শিশুপালোক্ত তাদৃশ নিন্দাবাদে ভগবান্ শ্রীকৃষ্ণও কিছুই উত্তর প্রদান করিলেন না।৩৮

এদিকে সভাস্থ ব্যক্তিগণ তাদৃশ দুঃসহ ভগবন্নিন্দা শ্রবণ করিয়া কর্ণদ্বয় আচ্ছাদন করিলেন এবং ক্রোধে শিশুপালকে ভর্ৎসনা করিতে করিতে সভা হইতে প্রস্থান করিলেন।৩৯

কারণ ভগবানের নিন্দা বা ভগবদ্ভক্তগণের নিন্দা যে স্থানে আলোচিত হয়, প্রতিবন্ধকের সামর্থ্য না থাকিলে সে স্থান হইতে যে ব্যক্তি প্রস্থান না করে, সে ব্যক্তি পূর্ব্ব-সঞ্চিত পুণ্যে বঞ্চিত হইয়া নরকগামী হয়।৪০

এদিকে শিশুপালের বাক্য শ্রবণে একান্ত ক্রুদ্ধ পাণ্ডুপুত্রগণ এবং মৎস্য, সৃঞ্জয় এবং কেকয়-বংশীয়গণ শিশুপালকে নিহত করিবার অভিলাষে অস্ত্রশস্ত্রাদি ধারণে তদভিমুখে অগ্রসর হইলেন।৪১

ততশ্চৈদ্যস্ত্বসম্ভ্রান্তো জগৃহে খড়্গচর্ম্মণী।
ভর্ৎসয়ন্ কৃষ্ণপক্ষীয়ান্ রাজ্ঞঃ সদসি ভারত ॥৪২
তাবদুত্থায় ভগবান্ স্বান্ নিবার্য্য স্বয়ং রুষা।
শিরঃ ক্ষুরান্তচক্রেণ জহার পততো রিপোঃ ॥৪৩
শব্দঃ কোলাহলোঽথাসীচ্ছিশুপালে হতে মহান্।
তস্যানুযায়িনো ভূপা দুদ্রুবুর্জীবিতৈষিণঃ ॥৪৪
চৈদ্যদেহোত্থিতং জ্যোতির্বাসুদেবমুপাবিশৎ।
পশ্যতাং সর্ব্বভূতনামুল্কেব ভুবি খাচ্চ্যুতা ॥৪৫

ততঃ হে ভারত! অসম্ভ্রান্তঃ নির্ভয়ঃ চৈদ্যঃ তু সদসি কৃষ্ণপক্ষীয়ান্ যুধিষ্ঠিরাদীন্ রাজ্ঞঃ ভর্ৎসয়ন্ তিরস্কুর্ব্বন্ খড়্গচর্ম্মণী জগৃহে জগ্রাহ ॥৪২

তাবৎ তৎক্ষণম্ এব ভগবান্ কৃষ্ণঃ উত্থায় স্বান্ পাণ্ডবাদীন্ নিবার্য্য রুষা স্বয়ম্ আপাততঃ রিপোঃ চৈদ্যস্য শিরঃ ক্ষুরান্তচক্রেণ (ক্ষুরস্য ইব অন্তঃ ধারা যস্য তেন চক্রেণ) জহার চিচ্ছেদ ॥৪৩

অথ শিশুপালে হতে মহান্ কোলাহলঃ শব্দঃ আসীৎ; তথা তস্য চৈদ্যস্য অনুযায়িনঃ ভূপাঃ জীবিতৈষিণঃ প্রাণপরিপ্সবঃ এব দুদ্রুবুঃ ॥৪৪

খাৎ আকাশাৎ চ্যুতা উল্কা যথা ভুবি প্রবিশতি তথা সর্ব্বভূতানাং পশ্যতাম্ এব চৈদ্য-দেহোত্থিতং জ্যোতিঃ তেজঃ বাসুদেবম্ উপাবিশৎ ॥৪৫

হে ভারতশ্রেষ্ঠ! এতদ্দর্শনে চেদিপতি শিশুপাল তৎকালে সভাস্থ কৃষ্ণ-পক্ষীয় যুধিষ্ঠিরাদি যাবদীয় নৃপতিবৃন্দকে ভর্ৎসনা করত সম্পূর্ণ নির্ভয়চিত্তে খড়্গ এবং চর্ম্ম ধারণ করিলেন।৪২

শ্রীকৃষ্ণ দেখিলেন যে, শিশুপাল তাঁহারই অংশ; সুতরাং তাহার বিপক্ষে গমন করিলে, পাণ্ডবগণেরই অনিষ্টের সম্ভাবনা। সুতরাং তিনি স্বপক্ষীয় রাজাগণকে নিবারণ করত ক্রোধভরে স্বয়ং উপনীত হইয়া, স্বীয় শত্রু শিশুপালের মস্তক তীব্র-ধার চক্রের আঘাতে তৎক্ষণাৎ ছিন্ন করিয়া ফেলিলেন।৪৩

শিশুপালের নিধনে মহান্ কোলাহল ধ্বনি উৎপন্ন হইল এবং তাহার অনুচর ভূপতিগণ প্রাণভয়ে তথা হইতে স্থানান্তরে পলায়ন করিল।৪৪

এদিকে নভোমণ্ডল হইতে বিচ্যুত উল্কা যেমন ভূগর্ভেই প্রবেশ করে, সেইরূপ চৈদ্যদেহ হইতে নির্গত তদীয় জীব-জ্যোতিঃ সকলের সমক্ষেই কৃষ্ণ-কলেবরে মিলিত হইল।৪৫

জন্মত্রয়ানুগুণিত-বৈরসংরব্ধয়া ধিয়া।
ধ্যায়ংস্তন্ময়তাং যাতো ভাবো হি ভবকারণম্ ॥৪৬

ঋত্বিগ্‌ভ্যঃ সসদস্যেভ্যো দক্ষিণাং বিপুলামদাৎ।
সর্ব্বান্ সম্পূজ্য বিধিবচ্চক্রেঽবভৃথমেকরাট্ ॥৪৭

সাধয়িত্বা ক্রতুং রাজ্ঞঃ কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ।
উবাস কতিচিন্মাসান্ সুহৃদ্ভিরভিযাচিতঃ ॥৪৮

জন্মত্রয়ানুগুণিতবৈরসংরব্ধয়া (হিরণ্যকশিপু-রাবণ-শিশুপাললক্ষণে জন্মত্রয়ে অনুগুণিতম্ অনুবর্ত্তিতং যৎ বৈরং দ্বেষঃ তেন সংরব্ধয়া আবিষ্টয়া) ধিয়া চৈদ্যঃ কৃষ্ণং ধ্যায়ন্ তন্ময়তাং যাতঃ। হি যস্মাৎ ভাবঃ অনুচিন্তনম্ এব ভবস্য ধ্যেয়াকার-শুভাশুভ-জন্মনঃ কারণম্ এব ॥৪৬

একরাট্ (একম্ এব রাজতে ইতি) সঃ যুধিষ্ঠিরঃ সসদস্যেভ্যঃ (সদসি ভবাঃ সদস্যাঃ তৈঃ সহিতেভ্যঃ) ঋত্বিগ্‌ভ্যঃ বিপুলাং মহতীং দক্ষিণাম্ অদাৎ তথা পূজার্হান্ চ সর্ব্বান সংপূজ্য বিধিবৎ অবভৃথং নাম স্নানং চক্রে ॥৪৭

এবং রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য ক্রতুং যজ্ঞং সাধয়িত্বা সুহৃদ্ভিঃ পৃথার্জ্জুনাদিভিঃ অভিযাচিতঃ প্রার্থিতঃ যোগেশ্বরেশ্বরঃ কৃষ্ণঃ কতিচিৎ মাসান্ তত্র এব উবাস ॥৪৮

হিরণ্যকশিপু, রাবণ এবং শিশুপাল নামক তিন জন্মের আশ্রয়ে পুষ্ট এবং বৈরভাবের প্রভাবে তীক্ষ্ণীকৃত বুদ্ধির দ্বারা কৃষ্ণচিন্তা করিয়া, শিশুপাল তন্ময়তা লাভ করিলেন। কারণ বিষয়-চিন্তাই বিষয়ানুরূপ শুভাশুভ জন্মলাভের একমাত্র কারণ।৪৬

অনন্তর রাজচক্রবর্ত্তী ধর্ম্মরাজ যুধিষ্ঠির যজ্ঞ সমাপনান্তে ঋত্বিক্ ও সদস্যগণকে প্রচুর পরিমাণে

তততোঽনুজ্ঞাপ্য রাজানমনিচ্ছন্তমপীশ্বরঃ।
যযৌ সভার্য্যঃ সামাত্যঃ স্বপুরং দেবকীসুতঃ ॥৪৯

বর্ণিতং তদুপাখ্যানং ময়া তে বহুবিস্তরম্।
বৈকুণ্ঠবাসিনোর্জন্ম বিপ্রশাপাৎ পুনঃ পুনঃ ॥৫০

রাজসূয়াবভৃথ্যেন স্নাতো রাজা যুধিষ্ঠিরঃ।
ব্রহ্মক্ষত্রসভামধ্যে শুশুভে সুররাড়িব ॥৫১

স্বগমনম্ অনিচ্ছন্তম অপি রাজানং যুধিষ্ঠিরং ততঃ অনুজ্ঞাপ্য পৃষ্ট্বা স্বভার্য্যঃ ভার্য্যাদিসহিতঃ দেবকীসুতঃ কৃষ্ণঃ স্বপুরং দ্বারকাং যযৌ ॥৪৯

বৈকুণ্ঠবাসিনোঃ জয়-বিজয়য়োঃ বিপ্রাণাং সনকাদীনাং শাপাৎ হেতোঃ পুনঃ পুনঃ জন্ম তথা তদ্বিষয়কম্ উপাখ্যানং ময়া তে তুভ্যং বহু বিস্তরং বর্ণিতম্ ॥৫০

রাজসূয়াবভৃথ্যেন (রাজসূয়-সম্বন্ধিনা আবভৃথ্যেন) স্নাতঃ রাজা যুধিষ্ঠিরঃ ব্রহ্মক্ষত্রবিশাং মধ্যে সুররাট্ ইন্দ্রঃ ইব শুশুভে ॥৫১

দক্ষিণা প্রদান করিলেন এবং অন্যান্য সকলকে যথাযোগ্য বস্ত্রালঙ্কারাদির দ্বারা উত্তমরূপে পূজাদি করত বেদবিধানানুসারে অবভৃত স্নান করিলেন।৪৭

এই প্রকারে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ সমাপন করাইবার পর কুন্তী এবং অর্জ্জুনাদি সুহৃদ্-গণের অনুরোধে যোগেশ্বরাধিপতি ভগবান্ শ্রীকৃষ্ণ আরও কয়েক মাস কাল সেই ইন্দ্রপ্রস্থেই অবস্থান করিলেন।৪৮

পরে রাজা যুধিষ্ঠিরের একান্ত অনভিপ্রেত হইলেও, শ্রীকৃষ্ণ তাঁহার নিকট হইতে বিদায় গ্রহণ করত ভার্য্যাদি সহ স্বীয় দ্বারকাপুরে প্রত্যাবর্ত্তন করিলেন।৪৯

হে মহারাজ! সনকাদি বিপ্রগণের অভিসম্পাতে বৈকুণ্ঠবাসী জয়-বিজয়ের বারংবার জন্ম এবং তদ্বিষয়ক উপাখ্যান আমি বিস্তৃতভাবে আপনার নিকট বিবৃত করিলাম।৫০

রাজসূয় যজ্ঞসম্বন্ধীয় অবভৃথ স্নানের পর রাজা যুধিষ্ঠির ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণে পরিবৃত হইয়া মর্ত্ত্যভূমে পুরন্দরের ন্যায় প্রতীত হইয়াছিলেন।৫১

রাজ্ঞা সভাজিতাঃ সর্ব্বে সুর-মানব-খেচরাঃ।
কৃষ্ণং ক্রতুঞ্চ শংসন্তঃ স্বধামানি যযুর্মুদা ॥৫২

দুর্য্যোধনমৃতে পাপং কলিং কুরুকুলাময়ম্।
যো ন সেহে শ্রিয়ং স্ফীতাং দৃষ্ট্বা
পাণ্ডুসুতস্য তাম্ ॥৫৩

রাজ্ঞা যুধিষ্ঠিরেণ সভাজিতাঃ সুপূজিতাঃ সর্ব্বে-সুর-মানব-খেচরাঃ কৃষ্ণং ক্রতুং রাজসূয়ং চ শংসন্তঃ মুদা হর্ষেণ স্বধামানি যযুঃ ॥৫২

যঃ দুর্য্যোধনঃ পাণ্ডুসুতস্য স্ফীতাং সমৃদ্ধাং তাং শ্রিয়ং দৃষ্ট্বা ন সেহে, তম্ একং কুরুকুলাময়ং (কুরুকুলস্য আময়ং রোগবৎ নাশকং) পাপং পাপাচারং কলিং কলেরংশং দুর্য্যোধনম্ ঋতে বিনা সর্ব্বে এব মুদং যযুঃ ॥৫৩

যজ্ঞক্ষেত্রে উপনীত দেবতা মানব এবং প্রমথাদি অন্তরীক্ষচারিগণ সকলেই মহারাজ যুধিষ্ঠির কর্ত্তৃক বিশেষ প্রকারে পূজিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ এবং তদনুগ্রহে সুসম্পন্ন যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয় যজ্ঞের বিশেষ প্রশংসা করিতে করিতে সকলে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন।৫২

কেবল কুরুকুলের কলঙ্কস্বরূপ কলির অংশ-সম্ভূত সাক্ষাৎ পাপমূর্ত্তি দুর্য্যোধনের মুখেই তৎকালে প্রশংসা-বাদ আইসে নাই। ঐ পাষণ্ডই কেবল পাণ্ডু-নন্দনের তাদৃশ উন্নত সমৃদ্ধি সহ্য করিতে পারে নাই।৫৩

য ইদং কীর্ত্তয়েদ্ বিষ্ণোঃ কর্ম্ম চৈদ্যবধাদিকম্।
রাজমোক্ষং বিতানঞ্চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৫৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১

যঃ পুমান্ চৈদ্যবধাদিকং বিষ্ণোঃ ইদং কর্ম্ম, রাজ্ঞাং জরাসন্ধনিরুদ্ধানাং চ মোক্ষং তথা বিতানং যজ্ঞমহোৎসবং চ কীর্ত্তয়েৎ, সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৫৪

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

চেদিপতি শিশুপালের নিধন, জরাসন্ধরুদ্ধ নৃপতিগণের মুক্তি এবং রাজসূয়-যজ্ঞের মহোৎসব ব্যাপাররূপ ভগবান্ শ্রীকৃষ্ণের এই অদ্ভুত কর্ম্ম যে ব্যক্তি কীর্ত্তন করেন, তিনি সর্ব্ববিধ পাপ হইতে মুক্তিলাভ করেন।৫৪

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের
দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুঃসপ্ততিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[রাজসূয়যজ্ঞান্তে মহারাজস্য যুধিষ্ঠিরস্যাবভৃথস্নানম্, ময়নির্ম্মিতায়াং সভায়াং দুর্য্যোধনস্যাবমাননঞ্চ।]

রাজোবাচ।
অজাতশত্রোস্তং দৃষ্ট্বা রাজসূয়মহোদয়ম্।
সর্ব্বে মুমুদিরে ব্রহ্মন্ নৃদেবা যে সমাগতাঃ ॥১

দুর্য্যোধনং বর্জ্জয়িত্বা রাজানঃ সর্ষয়ঃ সুরাঃ।
ইতি শ্রুতং নো ভগবংস্তত্র কারণমুচ্যতাম্ ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যে তত্র সমাগতাঃ তে সর্ব্বে নৃদেবাঃ ঋষয়ঃ সুরাঃ চ অজাতশত্রোঃ যুধিষ্ঠিরস্য তং রাজসূয়মহোদয়ং মহান্তম্ উৎসবং দৃষ্ট্বা একং রাজানং দুর্য্যোধনং বর্জ্জয়িত্বা সর্বে এব মুমুদিরে ইতি নঃ অস্মাভিঃ তত্তঃ শ্রুতম্; হে ভগবন্! তত্র দুর্য্যোধনস্য অসন্তোষে কারণম্ উচ্যতাম্ ॥১-২

পঞ্চসপ্ততিতম অধ্যায়।

[রাজসূয় যজ্ঞের শেষে মহারাজ যুধিষ্ঠিরের অবভৃথ স্নান এবং ময়দানব নির্ম্মিত সভাতে দুর্যোধনের অবমানন।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্! রাজা যুধিষ্ঠিরের রাজসূয়-যজ্ঞের মহোৎসব দর্শন করিয়া সমাগত নরপতিগণ, ঋষিবৃন্দ এবং দেবতা-সমূহের মধ্যে কেবল দুর্যোধন ব্যতীত সকলেই যে বিলক্ষণ পরিতৃপ্ত হইয়াছিলেন, এই বৃত্তান্ত আপনার মুখেই আমরা শ্রবণ করিয়াছি; কিন্তু এস্থলে দুর্য্যোধনের অসন্তোষের কারণ যে কি, তাহা আপনি অনুগ্রহ করিয়া বর্ণন করুন্।১-২

শ্রীবাদরায়ণিরুবাচ।
পিতামহস্য তে যজ্ঞে রাজসূয়ে মহাত্মনঃ।
বান্ধবাঃ পরিচর্য্যায়াং তস্যাসন্ প্রেমবন্ধনাঃ ॥৩

ভীমো মহানসাধ্যক্ষো ধনাধ্যক্ষঃ সুযোধনঃ।
সহদেবস্তু পূজায়াং নকুলো দ্রব্যসাধনে ॥৪

সতাং শুশ্রূষণে জিষ্ণুঃ কৃষ্ণঃ পাদাবনেজনে।
পরিবেষণে দ্রুপদজা কর্ণো দানে মহামনাঃ ॥৫

যুযুধানো বিকর্ণশ্চ হার্দ্দিক্যো বিদুরাদয়ঃ।
বাহ্লীকপুত্রা ভূর্য্যাদ্যা যে চ সন্তর্দ্দনাদয়ঃ ॥৬
নিরূপিতা মহাযজ্ঞে নানাকর্ম্মসু তে তদা।
প্রবর্ত্তন্তে স্ম রাজেন্দ্র রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষবঃ ॥৭
ঋত্বিক্‌সদস্যবহুবিৎসু সুহৃত্তমেষু
স্বিষ্টেষু সুনৃতসমর্হণদক্ষিণাভিঃ।
চৈদ্যে চ সাত্বতপতেশ্চরণং প্রবিষ্টে
চক্রুস্ততস্ত্ববভৃথস্নপনং দ্যুনদ্যাম্ ॥৮

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! তে তব পিতামহস্য মহাত্মনঃ যুধিষ্ঠিরস্য রাজসূয়ে যজ্ঞে প্রেমবন্ধনাঃ (প্রেম এব বন্ধনং যেষাং তে) বান্ধবাঃ এব তস্য পরিচর্য্যায়াম্ আসন্ ॥৩

তত্র ভীমঃ মহানসস্য পাকশালায়াঃ অধ্যক্ষঃ, সুযোধনঃ দুর্য্যোধনঃ ধনাধ্যক্ষঃ, পূজায়াং সম্মাননে সহদেবঃ, দ্রব্যসাধনে নকুলঃ ॥৪

সতাং গুরূণাং শুশ্রূষণে জিষ্ণুঃ অর্জ্জুনঃ, পাদাবনেজনে পাদ-প্রক্ষালনে কৃষ্ণঃ, পরিবেষণে ভোক্ষ্য-ভোজ্যাদি-বিনিযোগে দ্রুপদজা দ্রৌপদী। তথা মহামনাঃ কর্ণঃ দানে ॥৫

যুযুধানঃ সাত্যকিঃ, বিকর্ণঃ হার্দ্দিক্যাদয়ঃ চ রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য প্রিয়চিকীর্ষবঃ এব মহাযজ্ঞে নিরূপিতাঃ সন্তঃ তে সর্ব্বে নানাকর্ম্মসু প্রবর্ত্তন্তে স্ম ॥৬-৭

ঋত্বিজঃ সদস্যাঃ বহুবিদঃ সর্ব্বজ্ঞাঃ চ তেষু তথা সুহৃত্তমেষু মিত্রসম্বন্ধি-বান্ধবাদিষু সুনৃত-সমর্হণ-দক্ষিণাভিঃ স্বিষ্টেষু সম্যক্ পূজিতেষু সৎসু, চৈদ্যে চ সাত্বতপতেঃ ভক্তপালকস্য শ্রীকৃষ্ণস্য চরণং প্রবিষ্টে সতি তে সর্ব্বে ততঃ দ্যুনদ্যাং গঙ্গায়াম্ অবভৃথ-সংজ্ঞকং স্নপনং চক্রুঃ। (সুনৃতং প্রিয়বাক্যম্। অর্হণম্ অলঙ্কারাদি) ॥৮

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! ভবদীয় পিতামহ মহাত্মা যুধিষ্ঠিরের তাদৃশ যজ্ঞে তদীয় বান্ধবগণ আপনারই প্রেমানুরোধে যজ্ঞের কার্য্য নির্ব্বাহার্থ নিযুক্ত হইয়াছিলেন।৩

ভ্রাতা ভীমসেন পাকশালার অধ্যক্ষ হইয়া খাদ্য সামগ্রী প্রস্তুতের প্রতি বিশেষ মনোযোগী ছিলেন। অভিমানী দুর্য্যোধন ধনাধ্যক্ষ হইলেন। সহদেব জনসাধারণের মর্য্যাদার রক্ষা-কার্য্যে নিযুক্ত হইলেন এবং নকুল তাঁহাদের আবশ্যকীয় দ্রব্যসমূহের সংগ্রহার্থ নিযুক্ত হইলেন।৪

সাধু এবং গুরুজনগণের শুশ্রূষা-কার্য্যে ধনঞ্জয় এবং পাদ-প্রক্ষালনে সাক্ষাৎ শ্রীকৃষ্ণ স্বয়ং নিযুক্ত ছিলেন। পরিবেষণের ব্যবস্থায় দ্রুপদ-নন্দিনী এবং দানের কার্য্যে উদারপ্রাণ দাতা কর্ণই নিযুক্ত ছিলেন।৫

এদিকে সাত্যকি, বিকর্ণ, হার্দ্দিক্য, বিদুর এবং বাহ্লীক-পুত্র ভূরি এবং সন্তর্দ্দনাদি সকলে ধর্ম্মরাজের মঙ্গল-কামনায় মহাযজ্ঞের অন্যান্য নানাকার্য্যে নিজেরাই নিযুক্ত ছিলেন।৬-৭

সুতরাং সুশৃঙ্খল পূর্ব্বক যজ্ঞ সুসম্পন্ন হইলে, প্রিয় বাক্য, অলঙ্কারাদি পূজার সামগ্রী এবং প্রচুর পরিমাণ দক্ষিণাদির দ্বারা মহারাজ যুধিষ্ঠির ঋত্বিক্‌গণ, সদস্যগণ এবং জ্ঞানী ব্যক্তি ও সুহৃদ্‌গণের বিশেষ আদর সহকারে পূজা করিলেন। পরে শিশুপালের জীবাত্মা ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণের চরণে প্রবিষ্ট হইলে, তাঁহারা সকলে গঙ্গায় অবভৃথ-স্নানার্থ উদ্‌যোগ করিলেন।৮

মৃদঙ্গ-শঙ্খ-পণব-ধুন্ধুর্য্যানক-গোমুখাঃ।
বাদিত্রাণি বিচিত্রাণি নেদুরাবভৃথোৎসবে ॥৯
নর্ত্তক্যো ননৃতুর্হৃষ্টা গায়কা যূথশো জগুঃ।
বীণাবেণুতলোন্নাদস্তেষাং স দিবমস্পৃশৎ ॥১০
চিত্রধ্বজপতাকাগ্রৈরিভেন্দ্রস্যন্দনার্ব্বভিঃ।
স্বলঙ্কৃতৈর্ভটৈর্ভূপা নির্যযূ রুক্মমালিনঃ ॥১১
যদু-সৃঞ্জয়-কাম্বোজ-কুরু-কেকয়-কোশলাঃ।
কম্পয়ন্তো ভুবং সৈন্যৈর্যজমানপুরঃসরাঃ ॥১২

সদস্যর্ত্বিগ্দ্বিজশ্রেষ্ঠা ব্রহ্মঘোষেণ ভূয়সা।
দেবর্ষি-পিতৃ-গন্ধর্ব্বাস্তুষ্টুবুঃ পুষ্পবর্ষিণঃ ॥১৩
স্বলঙ্কৃতা নরা নার্য্যো গন্ধ-স্রগ্-ভূষণাম্বরৈঃ।
বিলিম্পন্ত্যোঽভিষিঞ্চন্ত্যো বিজহ্রুর্বিবিধৈ রসৈঃ ॥১৪
তৈল-গোরস-গন্ধোদ-হরিদ্রা-সান্দ্রকুঙ্কুমৈঃ।
পুম্ভির্লিপ্তাঃ প্রলিম্পন্ত্যো বিজহ্রুর্বারযোষিতঃ ॥১৫

আবভৃথোৎসবে আবভৃথ্যে অবভৃথ-সম্বন্ধিনি উৎসবে মৃদঙ্গাদয়ঃ বিচিত্রাণি বাদিত্রাণি নেদুঃ ॥৯

হৃষ্টাঃ নর্ত্তক্যঃ ননৃতুঃ, গায়কাঃ যূথশঃ জগুঃ। তেষাং গায়কাদীনাং বেণুবীণা-তলোন্নাদঃ দিবম্ অন্তরীক্ষম্ অস্পৃশৎ ॥১০

রুক্মমালিনঃ স্বর্ণমালাবিভূষিতাঃ ভূপাঃ চিত্রাণি ধ্বজপতাকাগ্রাণি যেষাং তৈঃ ইভেন্দ্রস্যন্দনার্ব্বভিঃ (ইভেন্দ্রৈঃ গজৈঃ, স্যন্দনৈঃ রথৈঃ, অর্ব্বভিঃ অশ্বৈ.) স্বলঙ্কৃতৈঃ ভটৈঃ চ এবং চতুরঙ্গসৈন্যৈঃ সহ নির্যযুঃ।১১

যদুঃ সৃঞ্জয়ঃ কাম্বোজঃ কুরুঃ কেকয়ঃ কোশলঃ এতে নরপতয়ঃ সৈন্যৈঃ ভুবং মহীং কম্পয়ন্তঃ যজমানপুরঃসরাঃ আগচ্ছন্ ॥১২

সদস্যাঃ ঋত্বিজঃ অন্যে দ্বিজশ্রেষ্ঠাঃ চ ভূয়সা মহতা ব্রহ্মঘোষেণ বেদোচ্চারণ-ধ্বনিনা সহ নির্যযুঃ। তথা দেবাদয়ঃ পুষ্পবর্ষিণঃ সন্তঃ তুষ্টুবুঃ ॥১৩

গন্ধ-স্রগ্-ভূষণোত্তমৈঃ স্বলঙ্কৃতাঃ নরাঃ নার্য্যঃ চ বিবিধৈঃ রসৈঃ হরিদ্রাদিভিঃ পরস্পরং বিলিম্পন্ত্যঃ অভিষিঞ্চন্ত্যঃ চ বিজহ্রুঃ। পুংভিঃ কর্ত্তৃভিঃ তৈলাদিভিঃ লিপ্তাঃ তথা তৈঃ এব তান্ পুরুষান্ প্রলিম্পন্ত্যঃ বারযোষিতঃ বিজহ্রুঃ ॥১৪ ১৫

অবভৃথ (যজ্ঞের শেষে স্নান) উৎসবের উপলক্ষে মৃদঙ্গ, শঙ্খ, পণব, ধুন্ধুরি, আনক ও গোমুখাদি বিচিত্র বাদিত্র-সমূহের ধ্বনি হইতে লাগিল।৯

নর্ত্তকীগণ আনন্দ-সহকারে নৃত্য এবং গায়কগণ দলে দলে গান করিতে লাগিল। অহো! তৎকালে বেণু, বীণা এবং করতালের ধ্বনি যেন নভোমণ্ডল বিদীর্ণ করত স্বর্গরাজ্যকে স্পর্শ করিয়াছিল।১০

স্বর্ণমালাধারী নৃপতিগণ বিচিত্র ধ্বজা ও পতাকাদিতে পরিশোভিত হস্তী, হয় ও স্যন্দনাদিতে আরোহণ পূর্ব্বক অতি উত্তমরূপে সজ্জিত চতুরঙ্গিণী সেনায় পরিবৃত হইয়া স্নানার্থ একত্র যাত্রা করিলেন।১১

এদিকে যদু, সৃঞ্জয়, কাম্বোজ, কুরু, এবং কোশল-বংশীয় রাজগণ স্ব স্ব সৈন্যগণে পরিবৃত হইয়া, রাজসূয়ের যজমান রাজা যুধিষ্ঠিরকে অগ্রে লইয়া মেদিনীকে কম্পিতা করত গমন করিতে লাগিলেন।১২

সদস্য, ঋত্বিক্ এবং ব্রাহ্মণগণ উচ্চকণ্ঠে বেদধ্বনি দ্বারা এবং দেবতা, ঋষি, পিতৃলোক ও গন্ধর্ব্বগণ পুষ্পবৃষ্টি করত তৎকালে যুধিষ্ঠিরের বিশেষ সম্মান প্রদর্শন করিয়াছিলেন।১৩

গন্ধ, মাল্য এবং বিচিত্র মহামূল্য আভরণাদিতে বিভূষিত নর এবং নারীগণ হরিদ্রাদি বিবিধ রসের দ্বারা পরস্পরকে বিলিপ্ত ও অভিষিঞ্চিত করত আনন্দের সহিত বিহার করিয়াছিলেন।১৪

বারবনিতাসমূহ নায়কগণ কর্ত্তৃক তৈল, গোরস, গন্ধজল, হরিদ্রা এবং আর্দ্র ঘন কুঙ্কুমাদির দ্বারা অনুলিপ্ত হইয়া, আপনারাও পুরুষগণকে তদ্দ্বারা প্রলিপ্ত করত বিহার করিয়াছিল।১৫

গুপ্তা নৃভির্নিরগমন্নুপলব্ধুমেত-
দ্দেব্যো যথা দিবি বিমানবরৈর্নৃদেব্যঃ।
তা মাতুলেয়সখিভিঃ পরিষিচ্যমানাঃ
সব্রীড়-হাস-বিকসদ্বদনা বিরেজুঃ ॥১৬

তা দেবরানুত সখীন্ সিসিচুর্দৃতীভিঃ
ক্লিন্নাম্বরা বিবৃতগাত্রকুচোরুমধ্যাঃ।
ঔৎসুক্যমুক্তকবরচ্চ্যবমানমাল্যাঃ
ক্ষোভং দধুর্মলধিয়াং রুচিরৈর্বিহারৈঃ ॥১৭

স সম্রাড্ রথমারূঢ়ঃ সদশ্বং রুক্মমালিনম্।
ব্যরোচত স্বপত্নীভিঃ ক্রিয়াভিঃ ক্রতুরাডিব ॥১৮

পত্নীসংযাজাবভৃথ্যৈশ্চরিত্বা তে তমৃত্বিজঃ।
আচান্তং স্নাপয়াঞ্চক্রুর্গঙ্গায়াং সহ কৃষ্ণয়া ॥১৯

দিবি বিমানবরৈঃ দেব্যঃ যথা তথা নৃভিঃ ভটৈঃ গুপ্তাঃ নৃদেব্যঃ রাজ্ঞাং স্ত্রিয়ঃ এতৎ অবভৃথস্নপনম উপলব্ধুং দ্রষ্টুং রথাদিভিঃ নিরগমন। তাঃ চ মাতুলেয়-সখিভিঃ (মাতুলেয়ৈঃ সখিভিঃ চ) পরিষিচ্যমানাঃ সব্রীড়েন লজ্জাসহিতেন হাসেন বিকসন্তি বদনানি যাসাং তথাবিধাঃ বিরেজুঃ ॥১৬

ক্লিন্নাম্বরাঃ (ক্লিন্নানি সিক্তানি অম্বরাণি যাসাং তাঃ) বিবৃতগাত্রকুচোরুমধ্যাঃ (বিবৃতং ব্যক্তং গাত্রং শরীরং কুচৌ উরু মধ্যপ্রদেশশ্চ যাসাং তাঃ) অতঃ ঔৎসুক্যমুক্তকবর-চ্যবমান-মাল্যাঃ (জলক্রীড়ায়াম ঔৎসুক্যাৎ মুক্তেভ্যঃ শ্লথবন্ধেভ্যঃ কবরেভ্যঃ চ্যবমানানি গলিতানি মাল্যানি পুষ্পাণি যাসাং তাঃ) তাঃ রাজপত্ন্যঃ দৃতীভিঃ উদকনোদনচর্ম্ম-যন্ত্রৈঃ, দেবরান্ পতিভ্রাতৄন্ উত অপি সখীন্ সিষিচুঃ এবং চ রুচিরৈঃ বিহারৈঃ মলধিয়াং কাম-মল-বাসিতান্তঃ-করণানাং ক্ষোভং চিত্তচাঞ্চল্যং কামোদ্রেকং দধুঃ চক্রুঃ ॥১৭

সদশ্বং (সন্তঃ সমীচীনাঃ অশ্বাঃ যস্য তং) রুক্মমালিনং (রুক্মমালাঃ অস্য সন্তি তং) রথম আরূঢ়ঃ সম্রাট্ সঃ যুধিষ্ঠিরঃ ক্রিয়াদিভিঃ প্রযাজাদিভিঃ যথা ক্রতুরাট্ রাজসূয়ঃ ব্যরোচত তথা স্বপত্নীভিঃ ব্যরোচত ॥১৮

পত্নীসংযাজাবভৃথ্যৈঃ (পত্নীসংযাজঃ যাগবিশেষঃ অবভৃথসম্বন্ধিকর্ম্মাণি আবভৃথ্যানি তৈঃ) চরিত্বা তান অনুষ্ঠায় তে ঋত্বিজঃ কৃষ্ণয়া দ্রৌপদ্যা সহিতম্ আচান্তং কৃতাচমনং তং রাজানং গঙ্গায়াং স্নাপয়াঞ্চক্রুঃ ॥১৯

এদিকে সৈনিক-পুরুষগণে সুরক্ষিতা রাজপত্নীগণ রথারোহণ পূর্ব্বক বিমান-চারিণী সুরবনিতাগণের ন্যায়, যজ্ঞ-সমারোহ দর্শনার্থ সকলে গঙ্গাতীরে উপনীতা হইলেন; তথায় পতির মাতুলেয় কৃষ্ণসখাগণ, পতির ভ্রাতা ভীমাদি ও ভ্রাতৃস্থানীয় অন্যান্য দেবরগণ এবং সখিগণ কর্তৃক পরস্পরে পরিষিঞ্চিত হইয়া, অপূর্ব্ব আনন্দ অনুভব করিতে লাগিলেন; সলজ্জ হাস্যবিকশিত বদনের প্রকাশে তাঁহারা অপূর্ব্ব শোভা ধারণ করিলেন।১৬

চর্ম্ম-নির্ম্মিত উদকসেচন পাত্রের দ্বারা দেবরগণ ও সখীগণের অঙ্গে জল সিঞ্চনের উপলক্ষে তাঁহাদের নিজেদের পরিধেয় বস্ত্র ও উত্তরীয় বসন আর্দ্র হওয়ায় গাত্র, কুচভাগ, উরু ও মধ্যদেশ স্পষ্ট প্রতীত হইতেছিল। ঔৎসুক্য-নিবন্ধন তাঁহাদের কবরী হইতে পুষ্পসমূহ বিগলিত হইতেছিল। অহো! তাঁহাদের তাদৃশ মধুর বিহার ও অঙ্গাবয়র দর্শনে কামাকুলিত-চিত্ত ব্যক্তিমাত্রেরই হৃদয়ে মদন-শরের যথেষ্ট উদ্দীপন হইয়াছিল।১৭

মহারাজ যুধিষ্ঠির অতি উৎকৃষ্ট অশ্বসমূহে সংযোজিত এবং সুবর্ণময় হারাদিতে পরিশোভিত রথে আরোহণ করত পরিকর্ম্ম ক্রিয়াসমূহে পরিশোভিত যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের ন্যায় বনিতাগণে পরিবেষ্টিত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিলেন।১৮

অনন্তর ঋত্বিগ্‌গণ পত্নীসংযাজনামক যাগোপলক্ষিত অবভৃথ সম্বন্ধীয় কর্ম্মসমুদয় নির্ব্বাহ করিয়া দ্রৌপদী সহ মহারাজ যুধিষ্ঠিরকে আচমন করাইয়া গঙ্গাজলে স্নান করাইলেন।১৯

দেবদুন্দুভয়ো নেদুর্নরদুন্দুভিভিঃ সমম্।
মুমুচুঃ পুষ্পবর্ষাণি দেবর্ষি-পিতৃ-মানবাঃ ॥২০
সস্নুস্তত্র ততঃ সর্ব্বে বর্ণাশ্রমযুতা নরাঃ।
মহাপাতক্যপি যতঃ সদ্যো মুচ্যেত কিল্বিষাৎ ॥২১
অথ রাজাহতে ক্ষৌমে পরিধায় স্বলঙ্কৃতঃ।
ঋত্বিক্-সদস্য-বিপ্রাদীনানর্চ্চাভরণাম্বরৈঃ ॥২২
বন্ধূন্ জ্ঞাতীন্ নৃপান্ মিত্রসুহৃদোঽন্যাংশ্চ সর্ব্বশঃ।
অভীক্ষ্ণং পূজয়ামাস নারায়ণপরো নৃপঃ ॥২৩

নরদুন্দুভিভিঃ সমং দেবদুন্দুভয়ঃ নেদুঃ। দেবর্ষিপিতৃমানবাঃ পুষ্পবর্ষাণি মুমুচুঃ ॥২০

ততঃ যজমান-স্নানানন্তরং বর্ণাশ্রমযুতাঃ জনাঃ তত্র গঙ্গায়াং সস্নুঃ স্নানং চক্রুঃ॥ যতঃ মহাপাতকী অপি তত্র স্নানাৎ সদ্য এব কিল্বিষাৎ পাপাৎ মুচ্যেত ॥২১

অথ স্নানানন্তরম্ অহতে নূতনে ক্ষৌমে বস্ত্রে পরিধায় স্বলঙ্কৃতঃ রাজা আভরণাম্বরৈঃ ঋত্বিক্-সদস্য-বিপ্রাদীন্ আনর্চ্চ পূজিতবান্ ॥২২

নারায়ণপরঃ নৃপঃ বন্ধূন্ জ্ঞাতীন্ নৃপান্ মিত্রাণি সুহৃদঃ

বাদকগণ দুন্দুভিধ্বনি করিতে লাগিলেন; স্বর্গ-রাজ্যে দেবতাগণও দুন্দুভিধ্বনি করিতে লাগিলেন। দেবতা, ঋষি, পিতৃলোক এবং মানবগণ পুষ্পবর্ষণ করিতে লাগিলেন।২০

তাঁহাদের স্নানের পর অন্যান্য সমস্ত বর্ণাশ্রম-ধর্ম্মবিশিষ্ট লোকসমূহ গঙ্গাতে অবগাহন পূর্ব্বক স্নান করিলেন। কারণ মহাপাতকী ব্যক্তিও যদি তথায় স্নান করে, তবে সেই ব্যক্তিও সর্ব্ববিধ পাপ হইতে মুক্তিলাভ করিয়া থাকে।২১

অনন্তর রাজা যুধিষ্ঠির নূতন ক্ষৌম বস্ত্র পরিধান করত নানাপ্রকার আভরণে ভূষিত হইলেন এবং উৎকৃষ্ট বসন এবং ভূষণাদির দ্বারা ঋত্বিক্, সদস্য এবং বিপ্রগণের পূজা করিলেন।২২

যুধিষ্ঠির একজন নারায়ণের পরম ভক্ত; তিনি

সর্ব্বে জনাঃ সুররুচো মণিকুণ্ডলস্র-
গুষ্ণীষ-কঞ্চুক-দুকূল-মহার্ঘ্যহারাঃ।
নার্য্যশ্চ কুণ্ডলযুগালকবৃন্দজুষ্ট-
বক্ত্রশ্রিয়ঃ কনকমেখলয়া বিরেজুঃ ॥২৪
অথর্ত্বিজো মহাশীলাঃ সদস্যা ব্রহ্মবাদিনঃ।
ব্রহ্ম-ক্ষত্রিয়-বিট্-শূদ্রা রাজানো যে সমাগতাঃ ॥২৫
দেবর্ষি-পিতৃ-ভূতানি লোকপালাঃ সহানুগাঃ।
পূজিতাস্তমনুজ্ঞাপ্য স্বধামানি যযুর্নৃপ ॥২৬

অন্যান্ চ সর্ব্বশঃ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ পূজয়ামাস ॥২৩

সুররুচঃ (সুরাণামিব রুক্ কান্তিঃ যেষাং তে) তথা মণিকুণ্ডলাভ্যাং সহিতাঃ স্রগাদয়ঃ যেষাং তথাবিধাঃ তে সর্ব্বে জনাঃ বিরেজুঃ তথা কুণ্ডলযুগেন অলকবৃন্দেন চ জুষ্টস্য বক্ত্রস্য শ্রীঃ যাসাং তাঃ নার্য্যঃ চ কনকময্যা মেখলয়া কটিসূত্রেণ বিরেজুঃ ॥২৪

অথ যে সমাগতাঃ পূজিতাঃ চ তে মহাশীলাঃ সুস্বভাবাঃ ঋত্বিজঃ ব্রহ্মবাদিনঃ সদস্যাঃ বিপ্র-ক্ষত্রিয়-বিট্ শূদ্রাঃ রাজানঃ দেবর্ষি-পিতৃ-ভূতানি সহানুগাঃ লোকপালাঃ চ যুধিষ্ঠিরম্ অনুজ্ঞাপ্য মুদা স্বধামানি যযুঃ ॥২৫-২৬

কাহারও সম্মান করিতে ত্রুটি করেন নাই; তিনি রাজন্যবর্গ জ্ঞাতি, কুটুম্ব, সুহৃদ্, মিত্র, বন্ধু এবং বান্ধবাদি অন্যান্য সকল লোকেরই বিশেষ আদরাতিশয়ে বস্ত্রালঙ্কারাদির দ্বারা যথেষ্ট অর্চ্চনা করিয়াছিলেন।২৩

যুবকগণ মণিময় কুণ্ডল, সুপুষ্পমালা, উষ্ণীষ, কঞ্চুক, সূক্ষ্ম বস্ত্র এবং হারাদিতে বিভূষিত হইয়া, মর্ত্ত্যধামে অমরবৃন্দের ন্যায় শোভা ধারণ করিলেন এবং যুবতী নারীগণও স্বচ্ছ কুণ্ডল, কনক-মেখলা এবং অলকা শোভিত বদন-কমলের শোভায় অপূর্ব্ব দীপ্তি লাভ করিয়াছিলেন।২৪

অনন্তর চরিত্রবান্ ঋত্বিক্‌গণ, সদস্যগণ, ব্রহ্মবাদী ব্রাহ্মণগণ এবং অন্যান্য ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্রাদি চতুর্বর্ণবিশিষ্ট প্রজাবর্গ, সমাগত নৃপতিবৃন্দ, দেবর্ষিগণ, পিতৃলোক, ভূতসমূহ এবং অনুচরবর্গ

হরিদাসস্য রাজর্ষে রাজসূয়মহোদয়ম্ ।
নৈবাতৃপ্যন্ প্রশংসন্তঃ পিবন্ মর্ত্ত্যোঽমৃতং যথা ॥২৭

ততো যুধিষ্ঠিরো রাজা সুহৃৎসম্বন্ধিবান্ধবান্ ।
প্রেম্ণা নিবাসয়ামাস কৃষ্ণঞ্চ ত্যাগকাতরঃ ॥২৮

ভগবানপি তত্রাঙ্গ ন্যবাৎসীৎ তৎপ্রিয়ঙ্করঃ ।
প্রস্থাপ্য যদুবীরাংশ্চ সাম্বাদীংশ্চ কুশস্থলীম্ ॥২৯

ইত্থং রাজা ধর্ম্মসুতো মনোরথমহার্ণবম্ ।
সুদুস্তরং সমুত্তীর্য্য কৃষ্ণেনাসীদ্গতজ্বরঃ ॥৩০

একদান্তঃপুরে তস্য বীক্ষ্য দুর্য্যোধনঃ শ্রিয়ম্ ।
অতপ্যৎ রাজসূয়স্য মহিত্বঞ্চাচ্যুতাত্মনঃ ॥৩১

যস্মিন্ নরেন্দ্র-দিতিজেন্দ্র-সুরেন্দ্র-লক্ষ্মী-
র্নানা বিভান্তি কিল বিশ্বসৃজোপক্ৢপ্তাঃ ।
তাভিঃ পতীন্ দ্রুপদরাজসুতোপতস্থে
যস্যাং বিষক্তহৃদয়ঃ কুরুরাড়তপ্যৎ ॥৩২

রাজর্ষেঃ বিবেকিনঃ যুধিষ্ঠিরস্য রাজসূয়মহোৎসবং প্রশংসন্তঃ অমৃতং পিবন্ মর্ত্ত্যঃ যথা তথা সর্ব্বে নৈব অতৃপ্যন্ ॥২৭

ততঃ রাজা যুধিষ্ঠিরঃ ত্যাগকাতরঃ (ত্যাগাৎ বিশ্লেষাৎ কাতরঃ ভীতঃ অপি) সুহৃদ্ সম্বন্ধিবান্ধবান্ তথা কৃষ্ণং চ প্রেম্না নিবাসয়ামাস ॥২৮

হে অঙ্গ! তস্য যুধিষ্ঠিরস্য প্রিয়ঙ্করঃ প্রিয়ং চিকীর্ষুঃ ভগবান্ অপি কুশস্থলীং দ্বারকাং প্রতি সাম্বাদীন্ স্বান্ যদুবীরান্ প্রস্থাপ্য স্বয়ং তত্র এব ন্যবাৎসীৎ ॥২৯

ইত্থম্ এবং ধর্ম্মসুতঃ রাজা যুধিষ্ঠিরঃ সুদুস্তরং মনোরথমহার্ণবং (মনোরথং রাজসূয়-সমাপ্তীচ্ছারূপং মহার্ণবং) কৃষ্ণেন কর্ণধারস্বরূপেণ সমুত্তীর্য্য গতজ্বরঃ নিশ্চিন্তঃ আসীৎ ॥৩০

একদা অচ্যুতাত্মনঃ (অচ্যুতে আত্মা মনো যস্য তথাবিধস্য) তস্য যুধিষ্ঠিরস্য অন্তঃপুরে শ্রিয়ং সম্পদং, তথা রাজসূয়স্য মহিত্বং চ বীক্ষ্য দৃষ্ট্বা রাজা দুর্য্যোধনঃ অতপ্যৎ ॥৩১

যস্মিন্ অন্তঃপুরে বিশ্বসৃজা বিশ্বকর্ম্মণা ভগবতা উপক্ৢপ্তাঃ রচিতাঃ নানাবিধাঃ নরেন্দ্রদিতিজেন্দ্রসুরেন্দ্রাণাং যথাযোগ্যং লক্ষ্মীঃ লক্ষ্ম্যঃ বিভূতয়ঃ কিল বিভান্তি তথা তাভিঃ বিভূতিভিঃ দ্রুপদরাজসুতা দ্রৌপদী পতীন্ যুধিষ্ঠিরাদীন্ উপতস্থে সেবিতবতী, যস্যাং দ্রৌপদ্যাং বিষক্তহৃদয়ঃ (বিষক্তং হৃদয়ং যস্য সঃ) কুরুরাট্ দুর্য্যোধনঃ অতপ্যৎ ॥৩২

সহিত লোকপালগণ রাজা যুধিষ্ঠিরের নিকট বিশেষ সম্মান লাভে পরিতুষ্ট হইয়া, আনন্দ সহকারে সকলেই স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন।২৫-২৬

অহো! অমৃতপানে মর্ত্ত্য মানবের যেমন প্রচুর-বোধে পরিত্যাগ-বুদ্ধি আইসে না, সেইরূপ হরিভক্ত ঋষিতুল্য রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের মহোৎসব দর্শনে প্রচুর-বোধে কাহারও কোনরূপ বিরতির কারণ ঘটে নাই। যজ্ঞের যাবতীয় উৎসব সমাপ্ত হইলে, রাজা যুধিষ্ঠির অতীব কাতর-হৃদয়ে ভগবান্ শ্রীকৃষ্ণ এবং অন্যান্য সুহৃদ্ সম্বন্ধী বান্ধবগণকে বিশেষ প্রেম সহকারে বিদায় দিলেন। কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ ধর্ম্মরাজের তাদৃশ কাতর ভাব দর্শনে সাম্বাদি স্বকীয় যদুবীরগণকেই কুশস্থলী (দ্বারকাপুরে) প্রেরণ করিয়া, স্বয়ং রাজার প্রীতিসংবর্দ্ধনার্থ আরও কিছুকাল হস্তিনাপুরেই অবস্থান করিলেন।২৭-২৯

এই প্রকারে ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণের প্রসাদে রাজসূয় যজ্ঞের সম্পাদন রূপ সুদুস্তর মনোরথ মহার্ণব উত্তীর্ণ হইয়া সুস্থচিত্ত হইলেন।৩০

এদিকে রাজা দুর্য্যোধন এক দিবস নারায়ণ-পরায়ণ রাজা পাণ্ডুপুত্রের অতুল ঐশ্বর্য্য স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া এবং রাজসূয় যজ্ঞের প্রশংসাবাদ শ্রবণ করত মনে মনে নিতান্তই ক্ষুব্ধ হইলেন।৩১

কারণ যুধিষ্ঠিরের সভায় কোনরূপ ঐশ্বর্য্যেরই অপ্রতুল ছিল না। নরপতি, অসুরপতি এবং অমরেশ্বর গণের যাবতীয় ঐশ্বর্য্যেই এই রাজসভায় বিশ্বকর্ম্মা ময় কর্ত্তৃক একত্র সন্নিবেশিত করা হইয়াছিল। অহো! দ্রুপদরাজনন্দিনী কৃষ্ণা এই অতুল ঐশ্বর্য্যে পরি-শোভিত স্বকীয় পতির সেবা করিতেছেন দেখিয়া,

যস্মিংস্তদা মধুপতের্মহিষীসহস্রং
শ্রোণীভরেণ শনকৈঃ ক্বণদঙ্ঘ্রিশোভম্।
মধ্যে সুচারু কুচকুঙ্কুমশোণহারং
শ্রীমন্মুখং প্রচলকুণ্ডলকুন্তলাঢ্যম্ ॥৩৩

সভায়াং ময়কৢপ্তায়াং ক্বাপি ধর্ম্মসুতোঽধিরাট্।
বৃতোঽনুজৈর্বন্ধুভিশ্চ কৃষ্ণেনাপি স্বচক্ষুষা ॥৩৪

আসীনঃ কাঞ্চনে সাক্ষাদাসনে মঘবানিব।
পারমেষ্ঠ্যশ্রিয়া জুষ্টঃ স্তূয়মানশ্চ বন্দিভিঃ ॥৩৫

তত্র দুর্য্যোধনো মানী পরীতো ভ্রাতৃভির্নৃপ।
কিরীটমালী ন্যবিশদসিহস্তঃ ক্ষিপন্ রুষা ॥৩৬

স্থলেঽভ্যগৃহ্লাদ্ বস্ত্রান্তং জলং মত্বা স্থলেঽপতৎ।
জলে চ স্থলবদ্ভ্রান্ত্যা ময়মায়াবিমোহিতঃ ॥৩৭

যস্মিন্ অন্তঃপুরেঃ তদা (দুর্য্যোধন-পরিহাসকালে) মধুপতেঃ কৃষ্ণস্য পত্নীনাং সহস্রং শ্রোণীভরেণ নিতম্বভরেণ শনকৈঃ ক্বণদঙ্ঘ্রিশোভং (ক্বণদ্ভিঃ আভরণৈঃ শব্দং কুর্ব্বদ্ভিঃ অঙ্ঘ্রিভিঃ শোভা যস্য তৎ) মধ্যে সুচারু চারুমধ্যং, কুচকুঙ্কুমশোণহারং (কুচকুঙ্কুমৈঃ শোণাঃ হারাঃ যস্য তৎ) তথা চপলকুণ্ডলকুন্তলাঢ্যং (চপলৈঃ কুণ্ডলৈঃ কুন্তলৈঃ চ আঢ্যং সম্পন্নং) শ্রীমন্মুখং শ্রীকৃষ্ণস্য মহিষীসহস্রম্ অশোভত ॥৩৩

তস্মিন্ অন্তঃপুরে ময়কৢপ্তায়াং (ময়দানবেন নির্ম্মিতায়াং) সভায়াং কাপি কদাচিৎ অনুজৈঃ বন্ধুভিঃ স্বচক্ষুষা (স্বস্য চক্ষুষা চক্ষুর্বৎ হিতাহিতজ্ঞাপকেন) শ্রীকৃষ্ণেন অপি পরিবৃতঃ পারমেষ্ঠ্যয়া চক্রবর্ত্তিনঃ শ্রিয়া ছত্রচামরাদিশোভয়া জুষ্টঃ সেবিতঃ বন্দিভিঃ চ স্তূয়মানঃ কাঞ্চনে আসনে আসীনঃ অধিরাট্ রাজা ধর্ম্মসুতঃ যুধিষ্ঠিরঃ সাক্ষাৎ মঘবান্ ইন্দ্রঃ ব্যরোচত ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৩৪-৩৫

হে নৃপঃ কিরীটমালী (কিরীটং মালা চ বিদ্যতে যস্য) অসিহস্তঃ মানী সাহঙ্কারঃ ভ্রাতৃভিঃ দুঃশাসনাদিভিঃ পরীতঃ পরিবৃতঃ দুর্য্যোধনঃ রুষা দ্বারপালান্ ক্ষিপন্ তত্র সভায়াং ন্যবিশৎ ॥৩৬

তত্র চ ময়মায়াবিমোহিতঃ (সভানির্ম্মাণকর্ত্রা ময়েন যা দুষ্টচিত্তানাং মোহকারিণী মায়া তত্র স্থাপিতা তয়া বিমোহিতঃ) সন্ ভ্রান্ত্যা স্থলে জলং মত্বা বস্ত্রান্তং ন্যগৃহ্লাৎ উদ্ধৃতবান্, তথা স্থলবৎ ভ্রান্ত্যা স্থলং মত্বা জলে চ অপতৎ ॥৩৭

কুরুপতি দুর্য্যোধনের চিত্ত বিষাদ-সাগরে নিমগ্ন হইল। দ্রৌপদী-লাভের প্রত্যাশা তাঁহার হৃদয় হইতে সম্পূর্ণ অন্তর্হিত হইয়া গেল।৩২

হে রাজেন্দ্র! সে সভার সৌন্দর্য্যের বিষয় আর কি বর্ণন করিব! মধুপতি সাক্ষাৎ শ্রীকৃষ্ণের সহস্র সহস্র মহিষীগণ গুরু নিতম্বের ভার-নিবন্ধন মন্দ মন্থর গমনে এবং চরণ-নূপুরের মধুর নিঃস্বনে সভাস্থলকে নিরন্তর প্রতিধ্বনিত করিতেছিলেন। সেই সুমধ্যমা কামিনীগণের কুচকুঙ্কুমাক্ত লোহিত-বর্ণ হার, দোলায়মান কুণ্ডল-যুগল এবং ভ্রমর-রঞ্জিত কুন্তলে পরিশোভিত মুখ-মণ্ডলের অপূর্ব্ব শোভায় সভাস্থল যেন আলোকিত হইয়াছিল।৩৩

এক দিবস ধর্ম্ম-নন্দন সম্রাট্ যুধিষ্ঠির ছত্র-চামরাদি রাজ-চক্রবর্ত্তীর অতুল ঐশ্বর্য্যে পরিশোভিত হইয়া, ময়দানবকৃত সভায় অনুজ ভ্রাতাগণ, বন্ধুগণ এবং পরমহিতৈষী নীতিজ্ঞ সাক্ষাৎ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক পরিবৃত হইয়া অমরাপুরীস্থ পুরন্দরের ন্যায় স্বর্ণ-সিংহাসনে উপবিষ্ট আছেন, স্তুতি পাঠকগণ তাঁহার চতুর্দিকে স্তুতিপাঠ করিতেছে।৩৪-৩৫

হে নরনাথ! এমন সময়ে কিরীট ও মণিময় হারাদি সাজ সজ্জায় সুশোভিত অভিমানী দুর্য্যোধন দুঃশাসনাদি ভ্রাতৃগণে পরিবৃত হইয়া অসিহস্তে সভামধ্যে প্রবেশ করিলেন। প্রবেশ-কালে দ্বার-পালগণকে অন্যায় পূর্ব্বক ক্রোধের পরিচয়ে তিনি যথেষ্ট অবৈধ ভর্ৎসনাও করিয়াছিলেন।৩৬

কিন্তু সভামধ্যে প্রবেশ করিলে, দুর্য্যোধনের আর তাদৃশ দর্প রহিল না; সভানির্ম্মাতা ময়দানবের মায়িক রচনাকৌশলে দুর্য্যোধনের মোহ উপস্থিত হইল; তিনি প্রকৃত পদার্থ এবং সভার স্বরূপ আর নিরূপণ করিতে সক্ষম হইলেন না। সুতরাং সভা-

জহাস ভীমস্তং দৃষ্ট্বা স্ত্রিয়ো নৃপতয়োঽপরে।
নিবার্য্যমাণা অপ্যঙ্গ রাজ্ঞা কৃষ্ণানুমোদিতাঃ ॥৩৮

স ব্রীড়িতোঽবাগ্‌বদনো রুষা জ্বলন্
নিষ্ক্রম্য তূষ্ণীং প্রযযৌ গজাহ্বয়ম্।
হাহেতি শব্দঃ সুমহানভূৎ সতা-
মজাতশত্রুর্বিমনা ইবাভবৎ।

বভূব তূষ্ণীং ভগবান্ ভুবো ভরং
সমুজ্জিহীর্ষুর্ভ্রমতি স্ম যদ্দৃশা ॥৩৯

এতৎ তেঽভিহিতং রাজন্ যৎপৃষ্টোঽহমিহ ত্বয়া।
সুযোধনস্য দৌরাত্ম্যং রাজসূয়ে মহাক্রতৌ ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
পঞ্চসপ্ততিতমোঽধ্যায় ॥৭৫

তম্ এবম্ভূতং দৃষ্ট্বা ভীমঃ জহাস তথা স্ত্রিয়ঃ অপরে নৃপতয়ঃ চ রাজ্ঞা যুধিষ্ঠিরেণ নিবার্য্যমাণাঃ অপি কৃষ্ণেন অনুমোদিতাঃ কটাক্ষেণ প্রেরিতাঃ সন্তঃ জহসুঃ ॥৩৮

সঃ দুর্য্যোধনঃ তেন উপহাসেন ব্রীড়িতঃ লজ্জিতঃ অতএব অবাগ্‌বদনঃ অধোমুখঃ, রুষা ক্রোধাগ্নিনা জ্বলন্ তূষ্ণীম্ এব সভাতঃ নির্গম্য গজাহ্বয়ং হস্তিনাপুরং তত্রস্থং স্বগৃহং প্রযযৌ। এতেন সতাং হা হা ইতি সুমহান্ শব্দঃ অভূৎ, তথা অজাতশত্রুঃ যুধিষ্ঠিরঃ বিমনাঃ ইব অভবৎ।

যদ্দৃশা (যস্য দৃশা দৃষ্টিমাত্রেণ) দুর্য্যোধনঃ উচ্চৈঃ ভ্রমতি স্ম ভ্রান্তিং প্রাপ, ভুবঃ ভরং জিহীর্ষুঃ ভগবান্ কৃষ্ণঃ তু তূষ্ণীম্ এব বভূব ॥৩৯

হে রাজন্! ইহ মহাক্রতৌ রাজসূয়ে সুযোধনস্য দুর্য্যোধনস্য দৌরাত্ম্যং তে তুভ্যং ময়া অভিহিতম্ ॥৪০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে
পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

প্রাঙ্গণে যেখানে জল নাই; তথায় তাঁহার জলভ্রম হওয়ায় তিনি পরিধেয় বস্ত্র উত্তোলন পূর্ব্বক গমন করিতে লাগিলেন; অথচ যে স্থানে জল রহিয়াছে, তথায় পূর্ব্ববৎ স্ফটিকাদি পাষাণময় ভূমি বোধে ভ্রান্ত হইয়া তিনি যেমন দ্রুতবেগে অগ্রসর হইতেছিলেন, অমনি দৃষ্টির ভ্রম-নিবন্ধন জলের মধ্যে নিপতিত হইয়া একান্ত অপ্রতিভ হইলেন।৩৭

দুর্য্যোধনের তাদৃশ দুরবস্থা দর্শনে বৃকোদর উচ্চকণ্ঠে হাস্য করিয়া উঠিলেন এবং ভীমের সঙ্গে সঙ্গে কামিনীগণ, নৃপতিবৃন্দ এবং অন্যান্য সকলে যাঁহারা তথায় উপস্থিত ছিলেন, তাঁহারাও রাজা যুধিষ্ঠিরের নিবারণ না মানিয়া শ্রীকৃষ্ণের কটাক্ষ-কৃত ইঙ্গিতেই প্রণোদিত হইয়া, একত্র সকলে হাস্য করিয়া উঠিলেন। সভাস্থ সকলের তাদৃশ উপহাসে দুর্য্যোধনের লজ্জা ও অবমাননার আর সীমা রহিল না; তিনি ক্রোধে প্রজ্বলিত হইয়া অধোবদনে কিছুমাত্র বাগ্‌বিন্যাস না করিয়াই সভা হইতে বহির্গত হইলেন এবং বিষণ্ণবদনে হস্তিনাপুরস্থ স্বীয় নিকেতনে প্রস্থান করিলেন। দুর্য্যোধনের তাদৃশ আচরণ অবলোকন করিয়া তত্রত্য সদাশয় সাধু ব্যক্তিগণ হাহাকার ধ্বনি করিয়া উঠিলেন এবং রাজা যুধিষ্ঠিরও একান্ত বিষণ্ণ হইলেন।

অহো! যাঁহার সামান্য দৃষ্টিমাত্রেই দুর্য্যোধনের ভ্রম উৎপন্ন হয়, সেই ভূতভাবন ভগবান্ শ্রীকৃষ্ণ কিন্তু ধরণীর ভার অপনয়ন-কল্পে উত্তম উপায়ই উপস্থিত অবলোকন করিয়া নিস্তব্ধ ভাবেই অবস্থান করিতে লাগিলেন। হে নরনাথ! রাজসূয় মহাযজ্ঞের উপলক্ষে দুর্য্যোধনের দৌরাত্ম্যের বিষয় আপনি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাৎসমস্তই আনুপূর্ব্বিক আপনার নিকট বর্ণন করিলাম।৩৮-৪০

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌সপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[যদুভিঃ সহ শাল্বস্য সংগ্রামঃ।]

শ্রীশুক উবাচ।

অথান্যদপি কৃষ্ণস্য শৃণু কর্ম্মাদ্ভুতং নৃপ।
ক্রীড়ানরশরীরস্য যথা সৌভপতির্হতঃ॥১

শিশুপালসখঃ শাল্বো রুক্মিণ্যুদ্বাহ আগতঃ।
যদুভির্নির্জ্জিতঃ সংখ্যে জরাসন্ধাদয়স্তথা॥২

শাল্বঃ প্রতিজ্ঞামকরোৎ শৃণ্বতাং সর্ব্বভূভুজাম্।
অযাদবাং ক্ষ্মাং করিষ্যে পৌরুষং মম পশ্যত॥৩

ইতি মূঢ়ঃ প্রতিজ্ঞায় দেবং পশুপতিং প্রভুম্।
আরাধয়ামাস নৃপ পাংশুমুষ্টিং সকৃদ্ গ্রসন্॥৪

সংবৎসরান্তে ভগবানাশুতোষ উমাপতিঃ।
বরেণ চ্ছন্দয়ামাস শাল্বং শরণমাগতম্॥৫

দেবাসুর-মনুষ্যাণাং গন্ধর্ব্বোরগ-রক্ষসাম্।
অভেদ্যং কামগং বব্রে স যানং বৃষ্ণিভীষণম্॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ। সৌভপতিঃ (সৌভং নাম পুরং তস্য পতিঃ) শাল্বঃ যথা হতঃ তথা তদ্ধননাত্মকম্ অন্যৎ অপি ক্রীড়ানরশরীরস্য (ক্রীড়ার্থং নরস্য ইব শরীরং যস্য তস্য) কৃষ্ণস্য শৃণু।

একদা রুক্মিণ্যুদ্বাহে আগতঃ শিশুপালসখঃ শাল্বঃ তথা জরাসন্ধাদয়ঃ যদুভিঃ নির্জিতাঃ। তদা সর্ব্বভূভুজাং শৃণ্বতাং সতাং শাল্বঃ প্রতিজ্ঞাম্ অকরোৎ যথা অযাদবাং ক্ষ্মাং মহীম্ অহং করিষ্যে, মম পৌরুষং পশ্যত।

ইতি প্রতিজ্ঞায় হে নৃপ! পাংশুমুষ্টিং সকৃৎ গ্রসন্ ভক্ষয়ন্ শাল্বঃ প্রভুং পশুপতিং দেবম্ আরাধয়ামাস॥১-৪

উমাপতিঃ ভগবান্ আশুতোষঃ সংবৎসরান্তে তুষ্টঃ সন্ শরণম্ আগতং শাল্বং বরেণ ছন্দয়ামাস বরং বৃণীষ ইতি প্রেরিতবান্॥৫

তদা সঃ শাল্বঃ দেবাসুরাদীনাম্ অভেদ্যং বৃষ্ণিভীষণং কামগং যানং বব্রে॥৬

ষট্‌সপ্ততিতম অধ্যায়।

[যদুগণের সহিত শাল্বের যুদ্ধ]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্ পরীক্ষিৎ! লীলার উপলক্ষে নরবিগ্রহধারী ভগবান্ শ্রীকৃষ্ণের অন্যান্য অদ্ভুত কর্ম্মের বিষয় আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। সম্প্রতি সৌভপতি শাল্ব যে প্রকারে কৃষ্ণ কর্ত্তৃক নিহত হইয়াছিল, তাহাই বর্ণন করিতেছি।১

শিশুপালের সখা শাল্ব রুক্মিণীর বিবাহ-কালে উপস্থিত হইলে, জরাসন্ধাদি অন্যান্য নৃপতিবৃন্দ যে প্রকারে যুদ্ধে পরাস্ত হন, এই শাল্বও যদুবীরগণ কর্ত্তৃক সেইরূপই পরাজিত হইয়াছিল।২

শাল্ব সেই সময় অন্যান্য ক্ষিতিপালগণের সমক্ষে তাঁহাদিগকে শুনাইয়া প্রতিজ্ঞা করে যে, “আমি এই পৃথিবীকে যাদবশূন্য করিব। আপনারা আমার পৌরুষ প্রত্যক্ষ করুন্”।

এইরূপ প্রতিজ্ঞা করিয়া শাল্ব তদবধি এক মুষ্টি ধূলি মাত্র নিত্য একবার ভোজন করত দেবদেব পশুপতি পঞ্চাননের আরাধনা আরম্ভ করিলেন।৪

আশুতোষ সহজে পরিতুষ্ট হইলেও, কৃষ্ণ-বিদ্বেষী শাল্বকে বর প্রদানের কোন ফল কিছুতেই হইবে না বিবেচনায় কিছুকাল নিরস্ত ছিলেন; কিন্তু শাল্বের অধ্যবসায়ে আর নিস্তব্ধ থাকিতে পারিলেন না; সংবৎসরের পর সন্তুষ্টভাবের পরিচয়ে শরণাগত সাল্বের সমীপে পঞ্চানন আবির্ভূত হইয়া তাহাকে বর

তথেতি গিরিশাদিষ্টো ময়ঃ পরপুরঞ্জয়ঃ।
পুরং নির্ম্মায় শাল্বায় প্রাদাৎ সৌভময়স্ময়ম্ ॥৭
স লব্ধ্বা কামগং যানং তমোধাম দুরাসদম্।
যযৌ দ্বারবতীং শাল্বো বৈরং বৃষ্ণিকৃতং স্মরন্ ॥৮
নিরুধ্য সেনয়া শাল্বো মহত্যা ভরতর্ষভ।
পুরীং বভঞ্জোপবনান্যুদ্যানানি চ সর্ব্বশঃ ॥৯

তদা শিবঃ তথেতি প্রতিজ্ঞায় ময়ম্ আদিষ্টবান্। পরপুরঞ্জয়ঃ (পরেষাং শত্রূণাং পুরং জয়তীতি) ময়ঃ চ অয়স্ময়ং লৌহময়ং সৌভং সৌভাখ্যং পুরং বিমানং নির্ম্মায় শাল্বায় প্রাদাৎ ॥৭

তমোধাম (তমসঃ অন্ধকারস্য ধাম আশ্রয়ং) দুরাসদং কামগং বিমানং লব্ধ্বা সঃ শাল্বঃ বৃষ্ণিকৃতং বৈরং স্মরন্ দ্বারবতীং যযৌ ॥৮

হে ভরতর্ষভ! তত্র চ মহত্যা সেনয়া পুরীং নিরুধ্য শাল্বঃ উপবনানি তথা উদ্যানানি চ সর্ব্বশঃ বভঞ্জ ॥৯

গোপুরাণি পুরদ্বারাণি, তৎসহিতানি অন্যানি দ্বারাণি,

প্রার্থনার জন্য অনুমতি করিলেন।৫

তখন শাল্ব তৎসমীপে বৃষ্ণিকুলের ভয়প্রদ এবং দেবতা, অসুর, মনুষ্য, গন্ধর্ব্ব, উরগ এবং রাক্ষসগণের সম্পূর্ণ অভেদ্য একখানি অপূর্ব্ব কামচারী যান প্রার্থনা করিলেন।৬

উমাপতি ত্রিলোচন "তথাস্তু" বলিয়া শত্রুকুলের পুরনাশন ময়দানবকে আহ্বান করত, একখানি লৌহময় সৌভনামক পুর নির্ম্মাণ করাইয়া শাল্বকে প্রদান করাইলেন।৭

অহো! অন্ধকারের আগারস্বরূপ দুর্ভেদ্য স্বেচ্ছা-বিহারী সেই সৌভযান প্রাপ্ত হইয়া শাল্ব বৃষ্ণিগণ কৃত পূর্ব্ব বৈরী-ভাবের স্মরণে সেই যান লইয়া দ্বারবতীতে গমন করিল।৮

তথায় বিপুল সেনার দ্বারা প্রথম পুরীটীকে নিরুদ্ধ করিল; পরে দ্বারাবতীস্থ উপবন এবং কাননাদি

সগোপুরাণি দ্বারাণি প্রাসাদাট্টালতোলিকাঃ।
বিহারান্ স বিমানাগ্র্যান্নিপেতুঃ শস্ত্রবৃষ্টয়ঃ ॥১০
শিলা দ্রুমাশ্চাশনয়ঃ সর্পা আসারশর্করাঃ।
প্রচণ্ডশ্চক্রবাতোঽভূদ্ রজসাচ্ছাদিতা দিশঃ ॥১১
ইত্যর্দ্দ্যমানা সৌভেন কৃষ্ণস্য নগরী ভৃশম্।
নাভ্যপদ্যত শং রাজংস্ত্রিপুরেণ যথা মহী ॥১২

প্রাসাদাঃ গৃহাঃ, অট্টালাঃ তদুপরিতনগৃহাঃ, তোলিকাঃ ভিত্তীঃ, বিহারান্ ক্রীড়াস্থানানি বভঞ্জ তথা বিমানাগ্র্যাৎ সৌভাৎ শস্ত্রবৃষ্টয়ঃ শিলাদয়ঃ চ নিপেতুঃ ॥১০

শিলাঃ, দ্রুমাঃ, অশনয়ঃ, সর্পাঃ, আসারঃ ধারাসম্পাতঃ শর্করাঃ সূক্ষ্মোপলাঃ প্রচণ্ডঃ নিষ্ঠুরঃ চক্রবাতঃ চ অভূবন্; দিশশ্চ রজসা আচ্ছাদিতাঃ বভূবুঃ ॥১১

হে রাজন্! ইতি এবং সৌভেন ভৃশম্ অর্দ্দ্যমানা পীড্যমানা কৃষ্ণস্য নগরী দ্বারকা ত্রিপুরেণ পীড্যমানা মহী যথা তথা শং সুখং ন অভ্যপদ্যত ন প্রাপ ॥১২

নিঃশেষে ভগ্ন করিতে আরম্ভ করিল।৯

পরে পুরীর বহির্দ্বার, মধ্য দ্বারাদি উপরিতন গৃহ, কুড্যান্তর্বর্ত্তী গৃহসমূহ এবং রমণীয় ক্রীড়াভূমি সকল ভগ্ন করত সৌভবিমানের উপর হইতে শস্ত্রবৃষ্টি আ স্ত করিল।১০

প্রচুর পরিমাণে শিলা, বৃক্ষ, অশনি, সর্প, এবং ধারাসম্পাত-তুল্য জলোপল-সমূহ নিক্ষেপ করত পুরীকে একান্ত বিব্রত করিয়া ফেলিল। ঘূর্ণায়মান প্রচণ্ড চক্রবাতের প্রভাবে দশ দিক্ ধূলিময় হইয়া গেল।১১

হে মহারাজ! ত্রিপুরাসুরের অত্যাচারে ধরণী যেমন প্রপীড়িতা হইয়াছিল, সম্প্রতি সৌভপতি শাল্বের অবরোধে শ্রীকৃষ্ণের দ্বারকাপুরীও সেইরূপ বিষম বিপন্ন হইয়া পড়িল; দ্বারকা-বাসিগণের ক্লেশের আর সীমা রহিল না।১২

প্রদ্যুম্নো ভগবান্ বীক্ষ্য বাধ্যমানা নিজাঃ প্রজাঃ।
মা ভৈষ্টেত্যভ্যধাদ্ বীরো রথারূঢ়ো মহাযশাঃ ॥১৩

সাত্যকিশ্চারুদেষ্ণশ্চ সাম্বোঽক্রূরঃ সহানুজঃ।
হার্দ্দিক্যো ভানুবিন্দশ্চ গদশ্চ শুক-সারণৌ ॥১৪

অপরে চ মহেষ্বাসা রথযূথপযূথপাঃ।
নির্যযুর্দ্দংশিতা গুপ্তা রথেভাশ্ব-পদাতিভিঃ ॥১৫

মহারথঃ বীরঃ ভগবান্ ভগবদংশাবতারঃ প্রদ্যুম্নঃ নিজাঃ প্রজাঃ বাধ্যমানাঃ বীক্ষ্য মা ভৈষ্ট ইতি উক্ত্বা রথারূঢ়ঃ সন্ (যুদ্ধপ্রদেশম্) অভ্যধাৎ ॥১৩

ততঃ সাত্যকিঃ, চারুদেষ্ণঃ, সাম্বঃ, অনুজৈঃ সহ অক্রূরঃ, হার্দ্দিক্যঃ, ভানুবিন্দঃ, গদঃ, শুকসারণৌ এতে অপরে চ মহেষ্বাসাঃ (মহান্তঃ ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে) রথাদিভিঃ চতুর্ভিঃ সৈন্যাঙ্গৈঃ গুপ্তাঃ চ সর্ব্বে নির্যযুঃ ॥১৪-১৫

ততঃ চ যথাপূর্ব্বম্ অসুরাণাং বিবুধৈঃ সহ তথা শাম্বানাং যদুভিঃ সহ রোমহর্ষণং রোমোদ্গমকরং তুমুলং ভয়াবহং যুদ্ধং প্রববৃতে ॥১৬

তখন ভগবদংশে অবতীর্ণ কৃষ্ণপুত্র মহারথ প্রদ্যুম্ন স্বীয় প্রজাবর্গের তাদৃশ দারুণ ক্লেশ প্রত্যক্ষ করিয়া, তাহাদিগকে সম্বোধন করত বলিলেন,—'ভয় নাই। তোমরা শান্ত হও। আমি এখনই ইহার প্রতীকার করিতেছি।' এই বলিয়া বীর প্রদ্যুম্ন রথে আরোহণ পূর্ব্বক শাম্বের সহিত যুদ্ধার্থ নির্গত হইলেন (বলরাম যুদ্ধার্থ প্রস্তুত হইলেও, প্রদ্যুম্ন তাঁহাকে নিবারণ করিলেন)।১৩

প্রদ্যুম্নের সহিত সাত্যকি, চারুদেষ্ণ, সাম্ব, অনুজ ভ্রাতৃগণ সহ মহামনা অক্রূর হার্দ্দিক্য, ভানুবিন্দ, গদ, শুক, সারণ এবং অন্যান্য রথযূথপ-নায়ক মহাধনুর্দ্ধর যদুবীরগণ বর্ম্মাদিতে সজ্জিত হইলেন এবং রথ, হস্তী, অশ্ব এবং পদাতি প্রভৃতি চতুরঙ্গ সেনায় পরিবৃত হইয়া, সাম্বের বিপক্ষে যুদ্ধ-যাত্রা করিলেন।১৪-১৫

ততঃ প্রববৃতে যুদ্ধং শাম্বানাং যদুভিঃ সহ।
যথাসুরাণাং বিবুধৈস্তুমুলং লোমহর্ষণম্ ॥১৬

তাশ্চ সৌভপতের্মায়া দিব্যাস্ত্রৈ রুক্মিণীসুতঃ।
ক্ষণেন নাশয়ামাস নৈশং তম ইবোষ্ণগুঃ ॥১৭

বিব্যাধ পঞ্চবিংশত্যা স্বর্ণপুঙ্খৈরয়োমুখৈঃ।
শাম্বস্য ধ্বজিনীপালং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৮

তদা উষ্ণগুঃ (উষ্ণাঃ গাবঃ কিরণাঃ যস্য সঃ সূর্য্যঃ) যথা নৈশং নিশাসম্বন্ধি তমঃ অন্ধকারং নাশয়তি তদ্বৎ রুক্মিণীসুতঃ প্রদ্যুম্নঃ ক্ষণেন দিব্যাস্ত্রৈঃ সৌভপতেঃ শাম্বস্য শস্ত্রাদিবৃষ্টিরূপাঃ মায়াঃ নাশয়ামাস ॥১৭

তথা স্বর্ণপুঙ্খৈঃ (স্বর্ণময়ানি পুঙ্খানি পৃষ্ঠপ্রান্তাণি যেষাং তৈঃ) অয়োমুখৈঃ (অয়ঃ লৌহং তন্ময়ানি মুখানি অগ্রাণি যেষাং তৈঃ) সন্নতপর্ব্বভিঃ (সন্নতানি নিম্নানি পর্ব্বাণি গ্রন্থয়ঃ যেষাং তৈঃ) পঞ্চবিংশত্যা শরৈঃ শাম্বস্য ধ্বজিনীপালং সেনাপতিং বিব্যাধ ॥১৮

অহো! দেবতাগণের সহিত অসুরদিগের যেমন অতীব ভয়াবহ তুমুল সংগ্রাম হইয়াছিল, এক্ষণে যাদবগণের সহিত শাম্বপক্ষীয়গণেরও সেইরূপ ঘোরতর রোমহর্ষণ সংগ্রাম আরম্ভ হইল।১৬

দিবাকর স্বীয় অংশুমালার বিকীরণে যেমন ক্ষণকালের মধ্যে নৈশ অন্ধকার অপনীত করেন, রণক্ষেত্রে রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন উপস্থিত হইয়া, স্বীয় অলৌকিক অস্ত্র শস্ত্রের প্রয়োগে অতি অল্পক্ষণের মধ্যে সৌভপতির যাবতীয় মায়াজাল সেইরূপ বিনষ্ট করিয়া ফেলিলেন।১৭

তিনি লৌহাগ্র, সুবর্ণপুচ্ছ এবং সন্নতপর্ব্ব পঞ্চ-বিংশতি বাণের প্রয়োগে শাম্বের ধ্বজিনীপাল এবং সেনানায়ককে বিদ্ধ করিলেন।১৮

শতেনাতাড়য়চ্ছাল্বমেকৈকেনাস্য সৈনিকান্‌।
দশভির্দশভির্নেতৄন্ বাহনানি ত্রিভিস্ত্রিভিঃ ॥১৯
তদদ্ভুতং মহৎ কর্ম্ম প্রদ্যুম্নস্য মহাত্মনঃ।
দৃষ্ট্বা তং পূজয়ামাসুঃ সর্ব্বে স্বপরসৈনিকাঃ ॥২০
বহুরূপৈকরূপং তদ্ দৃশ্যতে ন চ দৃশ্যতে।
মায়াময়ং ময়কৃতং দুর্ব্বিভাব্যং পরৈরভূৎ ॥২১

শাল্বং শতেন, তৎসৈনিকান্ একৈকেন, সারথীন্ দশভিঃ দশভিঃ, বাহনানি ত্রিভিঃ ত্রিভিঃ শরৈঃ অতাড়য়ৎ ॥১৯

মহাত্মনঃ মহাশূরস্য প্রদ্যুম্নস্য তৎ একদৈব এবং সর্ব্বতাড়নাত্মকং মহৎ অতিকৌশলযুক্তম্ অদ্ভুতম্ আশ্চর্য্যজনকং কর্ম্ম দৃষ্ট্বা স্বপরসৈনিকাঃ সর্ব্বে তং পূজয়ামাসুঃ ॥২০

তৎ ময়কৃতং মায়াময়ং সৌভং কচিৎ বহুরূপং, কচিৎ একরূপং, কচিৎ দৃশ্যতে, কচিৎ তু ন দৃশ্যতে এবং পরৈঃ দুর্বিভাব্যম্ অবিতর্ক্যম্ অভবৎ ॥২১

কিঞ্চ কচিৎ ভূমৌ, কচিৎ ব্যোম্নি, কচিৎ গিরিমূর্দ্ধ্নি, কচিৎ জলে চ ভ্রাম্যৎ তৎ সৌভম্ অলাতচক্রবৎ উল্কাভ্রমণবৎ

শত বাণের দ্বারা শাল্বকে আহত করিলেন এবং এক একটী বাণের দ্বারা উহার প্রত্যেক সেনাকে বিদ্ধ করিলেন। দশ দশ বাণে নেতাগণকে এবং তিন তিন বাণে অশ্বসমূহকে বিদ্ধ করিলেন।১৯

মহাবীর প্রদ্যুম্নের তাদৃশ অলৌকিক অত্যাশ্চর্য্য কর্ম্ম অবলোকন করিয়া, উভয়পক্ষীয় সৈন্যগণই একান্ত বিস্মিত হইলেন এবং সকলেই মহাবীর প্রদ্যুম্নের রণ-কৌশলের সম্বন্ধে বিশেষ প্রশংসা করিলেন।২০

ময় দানব-কৃত শাল্বের সেই মায়াময় সৌভযান সাধারণ সৈনিকগণের নিকট নিতান্ত দুর্বিভাব্য হইয়াই উঠিল ; কারণ কখন যানটী পরিদৃষ্ট হইতেছে, কখনও বা সম্পূর্ণ অদৃশ্য হইয়াই যাইতেছিল। কখন একরূপে এবং কখনও বা বহুরূপে প্রতীত হইতে লাগিল।২১

কচিদ্ভূমৌ কচিদ্ ব্যোম্নি গিরিমূর্দ্ধ্নি জলে কচিৎ।
অলাতচক্রবদ্ ভ্রাম্যৎ সৌভং তদ্ দুরবস্থিতম্ ॥২২
যত্র যত্রোপলক্ষ্যেত সসৌভঃ সহসৈনিকঃ।
শাল্বস্ততস্ততোঽমুঞ্চন্ শরান্ সাত্বতযূথপাঃ ॥২৩
শরৈরগ্ন্যর্কসংস্পর্শৈরাশীবিষদুরাসদৈঃ।
পীড্যমানপুরানীকঃ শাল্বোঽমুহ্যৎ পরেরিতৈঃ ॥২৪

দুরবস্থিতম্ অস্থৈর্য্যম্ অনবস্থিতং চ অভবৎ ॥২২

(সৌভেন সহিতঃ) সসৌভঃ, সৈনিকৈঃ সেনাপতিভিঃ চ সহ বর্ত্তমানঃ শাল্বঃ যত্র যত্র উপলক্ষ্যেত দৃশ্যতে স্ম, ততঃ ততঃ সাত্বতযূথপাঃ সাত্বতানাং যূথপাঃ মুখ্যাঃ শরান্ অমুঞ্চন্ ॥২৩

অগ্ন্যর্কসংস্পর্শৈঃ (অগ্নিবৎ দাহকঃ অর্কবৎ যুগপৎ সর্ব্বতঃ সংস্পর্শঃ যেষাং তৈঃ) আশীবিষ-দুরাসদৈঃ (আশীবিষবৎ একদেশস্পর্শমাত্রেণাপি মারকত্বাৎ দুরাসদৈঃ সুদুঃসহৈঃ) পরেরিতৈঃ (পরৈঃ শত্রুভিঃ যদুভিঃ ঈরিতৈঃ প্রযুক্তৈঃ) শরৈঃ পীড্যমানপুরানীকঃ (পীড্যমানং পুরম্ অনীকানি চ যস্য সঃ) শাল্বঃ অমুহ্যৎ ॥২৪

এমন কি! কখন ভূমিতে, কখনও আকাশপথে, কখন বা গিরিশৃঙ্গে, কখনও বা জলে পরিদৃষ্ট হওয়ায়, অলাতচক্রের ন্যায় নিরন্তর পরিভ্রমণশীল এই অদ্ভুত সৌভযান সম্পূর্ণ অনবস্থিতের ন্যায়ই লক্ষিত হইতেছিল।২২

যখন যেখানে উক্ত যানটী লক্ষিত হইত, তখন সেই স্থানেই সৈনিক পুরুষগণে পরিবেষ্টিত শাল্বের উপর যাদবগণ বর্ষাধারার ন্যায় অবিরলধারে শরজাল নিক্ষেপ করিতেছে, দেখা যাইত।২৩

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, তথাপি যদু-বীরগণের হস্তে তাহার নিস্তার ছিল না ; যাদবগণ কর্ত্তৃক নিক্ষিপ্ত অগ্নি এবং সূর্য্যের ন্যায় তীব্র-স্পর্শ আশীবিষ সর্পতুল্য একান্ত অসহ্য শরসমূহের নিদারুণ আঘাতে শাল্ব একান্ত বিব্রত হইয়া পড়িল। সে যদুপুরী বিনষ্ট করিতে গিয়া, স্বয়ংই বিমোহিত হইয়া পড়িল।২৪

শাল্বানীকপশস্ত্রৌঘৈর্বৃষ্ণিবীরা ভৃশার্দ্দিতাঃ।
ন তত্যজূ রণং স্বং স্বং লোকদ্বয়জিগীষবঃ ॥২৫
শাল্বামাত্যো দ্যুমান্ নাম প্রদ্যুম্নং প্রাক্‌প্রপীড়িতঃ।
আসাদ্য গদয়া মৌর্ব্ব্যা ব্যাহত্য ব্যনদদ্ বলী ॥২৬
প্রদ্যুম্নং গদয়া শীর্ণবক্ষঃস্থলমরিন্দমম্।
অপোবাহ রণাৎ সূতো ধর্ম্মবিদ্দারুকাত্মজঃ ॥২৭

শাল্বসৈন্যপানাং শস্ত্রৌঘৈঃ ভৃশম্ অর্দ্দিতাঃ পীড়িতাঃ অপি যদুবীরাঃ লোকদ্বয়জিগীষবঃ সন্তঃ (ইহলোকে সৎকীর্ত্তিঃ মরণে চ স্বর্গপ্রাপ্তিঃ ইতি) স্বং স্বং রণং রণভূমিং ন তত্যজুঃ ॥২৫

শাল্বস্য দ্যুমান্ নাম বলী অমাত্যঃ প্রাক্ পূর্ব্বং প্রদ্যুম্নাৎ প্রদ্যুম্নেন প্রপীড়িতঃ অতঃ অধুনা তম্ আসাদ্য মৌর্ব্ব্যা মুরলৌহনির্ম্মিতয়া গদয়া ব্যাহত্য তাড়য়িত্বা ব্যনদৎ শব্দং চকার ॥২৬

দারুকাত্মজঃ ধর্ম্মবিৎ সূতঃ দ্যুমদ্‌গদয়া শীর্ণবক্ষঃস্থলম্ (শীর্ণং ভগ্নং বক্ষঃস্থলং যস্য তম্) অরিন্দমং শত্রুহন্তারং প্রদ্যুম্নং রণাৎ অপোবাহ অপসারয়ামাস ॥২৭

এদিকে শাল্ব কর্ত্তৃক নিক্ষিপ্ত শরজালে যদুবংশীয় বীরকেশরীগণও নিতান্ত কাতর হইল বটে, কিন্তু জয়ে ঐহিকে কীর্ত্তি এবং মরণে পরলোকে স্বর্গলাভের প্রত্যাশায় কেহই রণে ভঙ্গ দিয়া পলায়ন করেন নাই। কারণ তাঁহাদের হৃদয়ে স্থির সিদ্ধান্ত ছিল যে, যুদ্ধে যদি জয়ী হইতে পারেন, তাহা হইলে স্বদেশ রক্ষায় অতুল কীর্ত্তি এবং প্রচুর ভোগ লাভ হইবে এবং যদি শত্রুর হস্তে স্বদেশ উদ্ধারার্থ জীবনও যায়, তাহা হইলে পর জীবনে যে স্বর্গ লাভ হইবে।২৫

শাল্বের একজন দ্যুমান্ নামে অমাত্য ছিল; ঐ ব্যক্তি পূর্ব্বে প্রদ্যুম্নের শরে নিতান্ত নিগৃহীত হইয়াছিল। এক্ষণে সে একটী লৌহ-নির্ম্মিত গদা আনয়ন করত প্রদ্যুম্নকে অকস্মাৎ প্রহার করত বিলক্ষণ দর্পের পরিচয়ে আত্মশ্লাঘা করিতে লাগিল।২৬

শত্রুনিসূদন মহারথ প্রদ্যুম্ন দ্যুমান্ কর্ত্তৃক অকস্মাৎ নিক্ষিপ্ত সেই ভীষণ গদার আঘাতে ভগ্ন-বক্ষঃস্থল

লব্ধসংজ্ঞো মুহূর্ত্তেন কার্ষ্ণিঃ সারথিমব্রবীৎ।
অহো অসাধ্বিদং সূত যদ্রণান্মেঽপসর্পণম্ ॥২৮
ন যদূনাং কুলে জাতঃ শ্রূয়তে রণবিচ্যুতঃ।
বিনা মৎ ক্লীবচিত্তেন সূতেন প্রাপ্তকিল্বিষাৎ ॥২৯
কিং নু বক্ষ্যেঽভিসঙ্গম্য পিতরৌ রাম-কেশবৌ।
যুদ্ধাৎ সম্যগপক্রান্তঃ পৃষ্টস্তত্রাত্মনঃ ক্ষমম্ ॥৩০

ততঃ মুহূর্ত্তেন লব্ধসংজ্ঞঃ (লব্ধ সংজ্ঞা যেন সঃ) কার্ষ্ণিঃ প্রদ্যুম্নঃ সারথিম্ অব্রবীৎ যথা হে সূত! রণাৎ যৎ মে মম অপসর্পণং পলায়নং তৎ ইদম্ অহো অসাধু অসমীচীনং জাতম্ ॥২৮

ক্লীবচিত্তেন (ক্লীবম্ অধৃষ্টং চিত্তং যস্য তেন) সূতেন ত্বয়া নিমিত্তভূতেন প্রাপ্তকিল্বিষাৎ (প্রাপ্তং কিল্বিষং কল্মষম্ অপযশঃ যেন তস্মাৎ) মৎ মত্তঃ বিনা অন্যঃ যদূনাং কুলে রণবিচ্যুতঃ জাতঃ ইতি ন শ্রূয়তে ॥২৯

অতঃ ধর্ম্ম্যাৎ যুদ্ধাৎ অপক্রান্তঃ প্রসিদ্ধতয়া পলায়িতঃ, অহং রাম-কেশবৌ পিতরৌ অভিসঙ্গম্য তৎপার্শ্বং গত্বা তাভ্যাং পৃষ্টঃ চ আত্মনঃ ক্ষমং যোগ্যং নু কিং বক্ষ্যামি ॥৩০

হইয়া মূর্চ্ছিত হইলেন। তখন দারুকাত্মজ ধর্ম্মজ্ঞ তদীয় সারথি তাঁহার জীবন-রক্ষার কামনায় রণ-প্রাঙ্গণ হইতে তাঁহাকে স্থানান্তরিত করিলেন।২৭

মুহূর্ত্তকাল পরে কৃষ্ণনন্দন প্রদ্যুম্ন সংজ্ঞালাভ করিয়া স্বীয় সারথিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—সারথে! রণপ্রাঙ্গণ হইতে আমাকে স্থানান্তরিত করিয়া তুমি বিশেষ অন্যায় কার্য্যই করিয়াছ।২৮

কারণ যদুকুলে জন্ম পরিগ্রহ করত রণক্ষেত্র হইতে প্রাণরক্ষার্থ পলায়ন করিয়াছেন, এরূপ কাহারও নাম অদ্যাপি শ্রুতিগোচর হয় নাই; কেবল তোমার ন্যায় দুর্ব্বলচেতা সারথির হস্তে নিপতিত হইয়াই আমি এই ঘোরতর অপযশের ভার গ্রহণ করিলাম।২৯

অহো! জন্মদাতা শ্রীকৃষ্ণের সমীপে এবং জ্যেষ্ঠ-তাত বলরামের সন্নিধানে গমন করিলে, তাঁহারা যখন এই ধর্ম্মযুদ্ধ হইতে আমার পলায়নের কারণ জিজ্ঞাসা করিবেন, তখন আমি কি বলিয়া নিজের গৌরবের পরিচয় তাঁহাদিগের নিকট প্রদান করিব ?৩০

ব্যক্তং মে কথয়িষ্যন্তি হসন্তো ভ্রাতৃজাময়ঃ।
ক্লৈব্যং কথং কথং বীর তবান্যৈঃ কথ্যতাং মৃধে ॥৩১

সারথিরুবাচ।

ধর্ম্মং বিজানতায়ুষ্মন্ কৃতমেতন্ময়া বিভো।
সূতঃ কৃচ্ছ্রগতং রক্ষেদ্ রথিনং সারথিং রথী ॥৩২

এতদ্ বিদিত্বা তু ভবান্ ময়াপোবাহিতো রণাৎ।
উপসৃষ্টঃ পরেণেতি মূর্চ্ছিতো গদয়া হতঃ ॥৩৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬

কিঞ্চ হসন্ত্যঃ মে ভ্রাতৃজাময়ঃ ভ্রাতৃভার্য্যাঃ ব্যক্তং নিশ্চিতং মে তৎ কথয়িষ্যন্তি যথা হে বীর! মৃধে যুদ্ধে অন্যৈঃ শত্রুভিঃ তব বৈক্লব্যং ব্যাকুলত্বং কথং জাতং, যেন ত্বং পলায়িতোঽসি তৎ কথ্যতাম্ ইতি ॥৩১

সূতঃ সারথিঃ উবাচ। হে আয়ুষ্মন্। হে বিভো! ধর্ম্মং বিজানতা ময়া এতৎ রণাদপসারণং কৃতং, যতঃ কৃচ্ছ গতং কষ্টপ্রাপ্তং রথিনং সূতঃ রক্ষেৎ, তথাবিধং সারথিম্ অপি রথী রক্ষেৎ ইতি ধর্ম্মং ময়া জ্ঞাতমেব ॥৩২

এতৎ ধর্ম্মরহস্যং বিদিত্বা এব ময়া উপসৃষ্টঃ উপসর্গং পীড়াং প্রাপ্তঃ যতঃ পরেণ শত্রুণা গদয়া হতঃ অতঃ মূর্চ্ছিতঃ ভবান্ রণাৎ অপোবাহিতঃ অপসারিতঃ ॥৩৩

॥ ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

ভ্রাতৃবধূগণ একত্র হইয়া উপহাস করত আমাকে বলিবেন যে,—ওহে বীরবর! সংগ্রাম হইতে তোমার পলায়নের প্রকারটী একবার ভাল করিয়া বর্ণন কর দেখি! আহা! এমন কি নিগ্রহ তোমায় তাহারা করিয়াছিল যে, যদুবীরেরও প্রাণ বাঁচাইবার সাধ এত প্রবল হইয়া উঠিল ?৩১

প্রদ্যুম্নের বাক্যাবসানে দারুক-নন্দন সূত বলিলেন,—হে আয়ুষ্মন্! আপনি সমস্তই বলিতে পারেন।° আমি কিন্তু ধর্ম্মবুদ্ধিতেই এই কার্য্য করিয়াছি। কারণ আমি জানি, রথী বিপন্ন হইলে সারথির পক্ষে তাঁহার প্রাণরক্ষার যত্ন করা এবং সারথির বিপদ ঘটিলে, রথীর পক্ষে সারথির প্রাণ-রক্ষার জন্য যত্ন করা একান্ত কর্ত্তব্য ও প্রধান কর্ম্ম।৩২

আমি এই পরস্পরের প্রাণরক্ষারূপ ধর্ম্মানুষ্ঠানের বিষয় অবগত আছি বলিয়া আপনাকে তাদৃশ গদাঘাতে মূর্চ্ছিত ও বিপন্ন অবস্থায় সংগ্রামক্ষেত্র হইতে অপসারিত করিয়াছি।৩৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত দ্বিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[ভগবতা শ্রীকৃষ্ণেন সৌভসহিতস্য শাল্বস্য বধঃ।]

শ্রীশুক উবাচ।

স উপস্পৃশ্য সলিলং দংশিতো ধৃতকার্ম্মুকঃ।
নয় মাং দ্যুমতঃ পার্শ্বং বীরস্যেত্যাহ সারথিম্ ॥১

বিধমন্তং স্বসৈন্যানি দ্যুমন্তং রুক্মিণীসুতঃ।
প্রতিহত্য প্রত্যবিধ্যন্নারাচৈরষ্টভিঃ স্ময়ন্ ॥২

চতুর্ভিশ্চতুরো বাহান্ সূতমেকেন চাহনৎ।
দ্বাভ্যাং ধনুশ্চ কেতুং চ শরেণান্যেন বৈ শিরঃ ॥৩

গদসাত্যকিসাম্বাদ্যা জঘ্নুঃ সৌভপতের্বলম্।
পেতুঃ সমুদ্রে সৌভেয়াঃ সর্বে সংছিন্নকন্ধরাঃ ॥৪

এবং যদূনাং শাল্বানাং নিঘ্নতামিতরেতরম্।
যুদ্ধং ত্রিণবরাত্রং তদভূত্তুমুলমুল্বণম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ততঃ সলিলম্ উপস্পৃশ্য আচমনং কৃত্বা, দংশিতঃ বদ্ধকবচঃ, ধৃতকার্ম্মুকঃ সন্ সঃ প্রদ্যুম্নঃ বীরস্য দ্যুমতঃ, পার্শ্বং মাং নয় ইতি সারথিম্ আহ ॥১

তত্র স্বসৈন্যানি বিধমন্তং তাড়য়ন্তং, দ্যুমন্তং প্রতিহত্য প্রতিরুধ্য, রুক্মিণীসুতঃ প্রদ্যুম্নঃ স্ময়ন্ হসন্ অষ্টভিঃ নারাচৈঃ তং প্রত্যবিধ্যৎ অতাড়য়ৎ ॥২

তত্র চতুর্ভিঃ শরৈঃ চতুরঃ বাহান্ অশ্বান্ একেন সূতং চ অহনৎ, দ্বাভ্যাং শরাভ্যাং ধনুঃ চ কেতুং ধ্বজং চ চিচ্ছেদ। অন্যেন একেন শরেণ দ্যুমতঃ শিরঃ চিচ্ছেদ ॥৩

তথা গদাদয়ঃ সৌভপতেঃ শাল্বস্য সৈন্যং বলং জঘ্নুঃ; তদা সংছিন্নকন্ধরাঃ (সংছিনাঃ কন্ধরাঃ যেষাং তে) সর্ব্বে সৌভেয়াঃ সৌভস্থাঃ সৈনিকাঃ সমুদ্রে পেতুঃ ॥৪

এবম্ ইতরেতরং পরস্পরং নিঘ্নতাং যদূনাং শাল্বানাং চ তৎ তুমুলম্ আকুলম্ উল্বণং ভয়ঙ্করং যুদ্ধং ত্রিণবরাত্রং (নবানাং রাত্রীণাং সমাহারঃ নবরাত্রং ত্রয়াণাং নবরাত্রাণাং সমাহারঃ ত্রিণবরাত্রং) সপ্তবিংশত্যহোরাত্রাণি অভূৎ ॥৫

সপ্তসপ্ততিতম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সৌভসহিত শাল্বের বিনাশ।]

ব্যাসনন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে মহারাজ! কৃষ্ণনন্দন প্রদ্যুম্ন তখন বারির দ্বারা স্বীয় দেহের মার্জ্জনাদি করিয়া, বর্ম্ম পরিধান করিলেন এবং কার্ম্মুক ধারণে প্রস্তুত হইয়া সারথিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, 'হে দারুকাত্মজ! তুমি সত্বর দ্যুমানের নিকট আমাকে লইয়া চল'।১

তথায় যদুপক্ষীয় সৈন্যগণকে দ্যুমান্ নিধন করিতেছেন দেখিয়া, প্রদ্যুম্ন তাহার প্রতিরোধ করত হাসিতে হাসিতে আটটী নারাচের আঘাতে দ্যুমানকে বিদ্ধ করিলেন।২

চারিটী বাণে তাহার চারিটী অশ্বকে এবং এক বাণে সূতকে, দুই বাণে ধনু ও কেতু এবং অপর এক বাণে দ্যুমানের মস্তক ছেদন করিয়া ফেলিলেন।৩

এদিকে গদ, সাত্যকি ও সাম্বাদি যদুবীরগণ সৌভপতির অন্যান্য সৈনিকগণকে নিহত করিতে লাগিলেন; শাল্বের সৈনিকগণ ছিন্নকন্ধর হইয়া সমুদ্র-জলে নিপতিত হইতে লাগিল।৪

এই প্রকার যাদবগণের সহিত শাল্বের তাদৃশ তুমুল লোক-ভয়ঙ্কর যুদ্ধ ক্রমান্বয়ে সপ্তবিংশ দিবস অহোরাত্র চলিয়াছিল। তাহাতে উভয় পক্ষেরই প্রচুর সৈন্যক্ষয় হইয়াছিল।৫

ইন্দ্রপ্রস্থং গতঃ কৃষ্ণ আহূতো ধর্ম্মসূনুনা।
রাজসূয়েঽথ নির্ব্বৃত্তে শিশুপালে চ সংস্থিতে ॥৬
কুরুবৃদ্ধাননুজ্ঞাপ্য মুনীংশ্চ সসুতাং পৃথাম্।
নিমিত্তান্যতিঘোরাণি পশ্যন্ দ্বারবতীং যযৌ ॥৭
আহ চাহমিহায়াত আর্য্যমিশ্রাভিসংগতঃ।
রাজন্যাশ্চৈদ্যপক্ষীয়া নূনং হন্যুঃ পুরীং মম ॥৮

তদা ধর্ম্মসূনুনা যুধিষ্ঠিরেণ আহূতঃ কৃষ্ণঃ ইন্দ্রপ্রস্থং গতঃ। অথ শিশুপালে সংস্থিতে মৃতে সতি, রাজসূয়ে চ নির্ব্বৃত্তে পরিসমাপ্তে সতি কতিচিৎ দিনানি তত্রৈব স্থিতঃ ॥৬

ততশ্চ অতিঘোরাণি ভয়সূচিকানি নিমিত্তানি পশ্যন্ আর্য্যমিশ্রাভিসঙ্গতঃ (আর্য্যমিশ্রেণ বলভদ্রেণ অভিসঙ্গতঃ সহিতঃ) অহম্ ইহ আগতঃ; অতঃ চৈদ্যপক্ষীয়াঃ রাজন্যাঃ নূনং মম পুরীং হন্যুঃ নাশয়েয়ুঃ ইতি শ্রীকৃষ্ণঃ (স্বমনসি আহ। ততঃ চ কুরুবৃদ্ধান্ ভীষ্মাদীন্, সসুতাং পৃথাং কুন্তীং, মুনীন্ চ অনুজ্ঞাপ্য স্বয়ং দ্বারবতীং যযৌ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৭-৮

এই সময়েই ভগবান্ শ্রীকৃষ্ণ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির কর্ত্তৃক আহূত হইয়া, তদীয় রাজসূয় যজ্ঞ সন্দর্শনার্থ ইন্দ্রপ্রস্থে গমন করিয়াছিলেন। তথায় রাজসূয় যজ্ঞ সমাপনান্তে শিশুপালের দেহত্যাগ হইলে, যে কয়েক দিবস তিনি তথায় অবস্থান করিতেছিলেন, সেই সময় অনেক প্রকার ঘোরতর দুর্লক্ষণ সমুদায় তৎসমীপে পরিলক্ষিত হইতে লাগিল। তখন শ্রীকৃষ্ণ কুরুবৃদ্ধ ভীষ্মাদি মাননীয় ব্যক্তিগণকে, সমবেত মুনিগণকে এবং যুধিষ্ঠিরাদি পুত্রগণ সহ কুন্তীদেবীর অনুজ্ঞা গ্রহণে দ্বারাবতীতে প্রস্থান করিলেন।৬-৭

গমনকালে পথে মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে, আমি আর্য্যমিশ্র (বলদেবকে) সঙ্গে লইয়া এই ইন্দ্রপ্রস্থে এতদিন অবস্থান করিতেছি; গৃহের বিষয় কিছুমাত্র চিন্তা করি নাই। এতদিন চৈদ্যপক্ষীয় প্রবল রাজন্যবর্গ হয়ত আমার প্রিয় পুরী দ্বারাবতীকে সম্পূর্ণ বিনষ্ট করিয়া থাকিবে।৮

বীক্ষ্য তৎ কদনং স্বানাং নিরূপ্য পুররক্ষণম্।
সৌভং চ শাল্বরাজং চ দারুকং প্রাহ কেশবঃ ॥৯
রথং প্রাপয় মে সূত শাল্বস্যান্তিকমাশু বৈ।
সম্ভ্রমস্তে ন কর্ত্তব্যো মায়াবী সৌভরাড়য়ম্ ॥১০
ইত্যুক্তশ্চোদয়ামাস রথমাস্থায় দারুকঃ।
বিশন্তং দদৃশুঃ সর্বে স্বে পরে চারুণানুজম্ ॥১১

তত্র চ স্বানাং প্রজানাং কদনং পীড়াং বীক্ষ্য তথা সৌভং যানং শাল্বরাজং চ বীক্ষ্য (রামং) পুররক্ষণং প্রতি নিযুজ্য নিরূপ্য কেশবঃ দারুকং স্বসারথিং প্রাহ ॥৯

হে সূত! মে মম রথং শাল্বস্য অন্তিকম্ আশু প্রাপয়; তে ত্বয়া সম্ভ্রমঃ ভয়ং ন কর্ত্তব্যঃ, যতঃ অয়ং সৌভরাট্ মায়াবী ॥১০

ভগবতা ইতি উক্তঃ দারুকঃ রথম্ আস্থায় অশ্বান্ চোদয়ামাস গময়ামাস। ততঃ চ স্বে যাদবাঃ, পরে শাল্বপক্ষীয়াঃ চ রণে প্রবিশন্তম্ অরুণানুজং (ধ্বজে বর্ত্তমানং গরুড়ং) দদৃশুঃ ॥১১

এই প্রকার চিন্তা করত দ্বারকাপুরে উপনীত হইয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকৃত প্রস্তাবে পুরীর অতীব দুরবস্থাই তখন অবলোকন করিলেন। তখন শাল্বরাজ, তদীয় সৌভনামা যান, পুরী এবং তৎকর্ত্তৃক প্রজাবর্গের পীড়ন স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া, তিনি বলরামকে নগরীরক্ষার ভার দান পূর্ব্বক স্বীয় সারথি দারুককে সম্বোধন করিয়া বলিলেন,—।৯

সারথে! তুমি সত্বর আমার রথ শাল্বের সমীপে লইয়া চল। সৌভপতি একজন অপূর্ব্ব মায়াবী। তৎসমীপে গমনে তোমার কোনরূপ ভীত বা উৎকণ্ঠিত হইবার কারণ নাই।১০

ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, দারুক শাল্বের অভিমুখেই রথ চালিত করিলেন এবং উভয় পক্ষীয় সৈন্যগণই গরুড়ধ্বজ শ্রীকৃষ্ণকে রণপ্রাঙ্গণে প্রবিষ্ট অবলোকন করিয়া বিস্মিত হইলেন।১১

শাল্বশ্চ কৃষ্ণমালোক্য হতপ্রায়বলেশ্বরঃ।
প্রাহরৎ কৃষ্ণসূতায় শক্তিং ভীমরবাং মৃধে ॥১২

তামাপতন্তীং নভসি মহোল্কামিব রংহসা।
ভাসয়ন্তীং দিশঃ শৌরিঃ সায়কৈঃ শতধাচ্ছিনৎ ॥১৩

তং চ ষোড়শভি র্বাণৈর্বিদ্ধা সৌভং চ খে ভ্রমৎ।
অবিধ্যচ্ছরসন্দোহৈঃ খং সূর্য্য ইব রশ্মিভিঃ ॥১৪

হতপ্রায়বলেশ্বরঃ (হতপ্রায়স্য বলস্য ঈশ্বরঃ) শাল্বঃ মৃধে যুদ্ধে কৃষ্ণম্ আগতম্ আলো্য ভীমরবাং (ভীমঃ রবঃ ধ্বনিঃ যস্যাঃ তাং) শক্তিং কৃষ্ণসূতায় দারুকায় প্রাহরৎ ॥১২

মহোল্কাম্ ইব দিশঃ ভাসয়ন্তীং, নভসি আকাশে রংহসা বেগেন আপতন্তীং তাং শক্তিং শৌরিঃ কৃষ্ণঃ সায়কৈঃ শতধা অচ্ছিনৎ ॥১৩

তং সাল্বং চ ষোড়শভিঃ বাণৈঃ বিদ্ধা খে আকাশে ভ্রমৎ ভ্রাম্যমাণং তৎ সৌভং চ শরসন্দোহৈঃ শরজালৈঃ সূর্য্যঃ রশ্মিভিঃ খম্ ইব কৃষ্ণঃ অবিধ্যৎ ॥১৪

সৌভপতি শাল্বের সৈন্য তখন প্রায় নিঃশেষিত হইয়াছিল; অতি সামান্য সংখ্যা লইয়াই সে যুদ্ধ করিতেছিল; এমত সময়ে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া তাহার আর ধৈর্য্য রহিল না। সে তৎক্ষণাৎ একটী ভীষণ শক্তি অস্ত্র লইয়া কৃষ্ণ-সারথির প্রতি ভীমরবে নিক্ষেপ করিল।১২

শূন্যপথে অতি বেগবিশিষ্ট প্রচণ্ড উল্কার ন্যায় দশ দিক আলোকিত করত উক্ত শক্তিবাণ সারথির অভিমুখে আগতপ্রায় অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণ তীক্ষ্ণধার বাণের দ্বারা উক্ত শক্তিকে শতভাগে খণ্ড বিখণ্ড করিয়া ফেলিলেন।১৩

অনন্তর ষোড়শ বাণে শাল্বকে বিদ্ধ করিয়া, দিবাকর যেমন অংশুজালের বিকীরণে নভোমণ্ডলকে সমাচ্ছাদিত করেন, সেইরূপ শ্রীকৃষ্ণ অসংখ্য শর-প্রহারে আকাশ-পথে পর্য্যটন-শীল সেই সৌভ-যানকে সমাচ্ছাদিত করিয়া ফেলিলেন।১৪

শাল্বঃ শৌরেস্তু দোঃ সব্যং সশার্ঙ্গং শার্ঙ্গধন্বনঃ।
বিভেদ ন্যপতদ্ধস্তাৎ শার্ঙ্গমাসীত্তদদ্ভুতম্ ॥১৫

হাহাকারো মহানাসীদ্ ভূতানাং তত্র পশ্যতাম্।
বিনদ্য সৌভরাডুচ্চৈরিদমাহ জনার্দ্দনম্ ॥১৬

যত্ত্বয়া মূঢ় নঃ সখ্যুর্ভ্রাতুর্ভার্য্যা হৃতেক্ষতাম্।
প্রমত্তঃ স সভামধ্যে ত্বয়া ব্যাপাদিতঃ সখা ॥১৭

শাল্বঃ অপি শার্ঙ্গধন্বনঃ কৃষ্ণস্য শার্ঙ্গসহিতং সব্যং বামং দোঃ ভুজং শরেণ বিভেদ বিব্যাধ; ততঃ তস্য হস্তাৎ শার্ঙ্গং ধনুঃ ন্যপতৎ; তদ্ অদ্ভুতম্ আসীৎ ॥১৫

তত্র পশ্যতাং ভূতানাং মহান্ হাহাকারঃ শব্দ আসীৎ। তদা সৌভরাট্ শাল্বঃ উচ্চৈঃ বিনদ্য জনার্দ্দনং প্রতি ইদম্ আহ ॥১৬

হে মূঢ়! যৎ যস্মাৎ নঃ অস্মাকম্ ঈক্ষতাং পশ্যতাম্ এব সতাম্ অস্মাকং সখ্যুঃ শিশুপালস্য ভার্য্যা ত্বয়া আহৃতা তথা প্রমত্তঃ এব সঃ সখা সভামধ্যে ত্বয়া ব্যাপাদিতঃ নিহতঃ চ ॥১৭

শার্ঙ্গধনু-বিশিষ্ট শার্ঙ্গধন্বার বাম বাহু যখন শাল্ব বাণপ্রহারে বিদ্ধ করিল, তখনই তাঁহার হস্ত হইতে শার্ঙ্গধনু ভূমিতে নিপতিত হইল। অহো! তাদৃশ দৃশ্য সংসারে অতীব অদ্ভুত বলিয়াই তৎকালে উপলব্ধ হইয়াছিল।১৫

তথায় যাঁহারা উপস্থিত ছিলেন, তাঁহাদের সকলের মুখেই হাহাকার ধ্বনি উত্থিত হইল। সৌভরাজ নিজের বীরত্বের পরিচয়ে উচ্চকণ্ঠে জনার্দ্দনকে সম্বোধন করিয়া বলিল।১৬

ওরে মূঢ়! তুমি আমাদের সকলের সমক্ষে আমার সহোদর-তুল্য পরম সখা অথচ তোমারও পিতৃষ্বসার পুত্র সুতরাং ভ্রাতা শিশুপালের ভার্য্যা রুক্মিণীকে অবলীলাক্রমে হরণ করিয়াছ। আবার রাজসূয় যজ্ঞের সভামধ্যে যুদ্ধার্থ তিনি প্রস্তুত ছিলেন না, এমন সময়ে তুমি যখন তাঁহাকে নিহত করিয়াছ।১৭

ষষ্ঠবর্ষ, মাঘ, ১৩৭৪]　　[অষ্টম সংখ্যা—শল্যোদনী যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্‌ভাগবতম্

পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়-বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পূজক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]　　[প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্র-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্.
ডি. পি. এইচ.; ডি. টি. এম্. এণ্ড
এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই মাঘ, ১৩৭৪।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫·০০, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০, প্রতি সংখ্যা ২·০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮/সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পুজক—আর্য্যশাস্ত্র

ওঁশ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

তং ত্বাদ্য নিশিতৈর্বাণৈরপরাজিতমানিনম্।
নয়াম্যপুনরাবৃত্তিং যদি তিষ্ঠের্মমাগ্রতঃ ॥১৮

শ্রীভগবানুবাচ।

বৃথা ত্বং কথসে মন্দ ন পশ্যস্যন্তিকেঽন্তকম্।
পৌরুষং দর্শয়ন্তি স্ম শূরা ন বহুভাষিণঃ ॥১৯

ইত্যুক্ত্বা ভগবাঞ্ছাল্বং গদয়া ভীমবেগয়া।
ততাড় জত্রৌ সংরব্ধঃ স চকম্পে বমন্নসৃক্ ॥২০

গদায়াং সন্নিবৃত্তায়াং শাল্বস্ত্বন্তরধীয়ত।
ততো মুহূর্ত্ত আগত্য পুরুষঃ শিরসাচ্যুতম্।
দেবক্যা প্রহিতোঽস্মীতি নত্বা প্রাহ বচো রুদন্ ॥২১

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো পিতা তে পিতৃবৎসল।
বদ্ধ্বাপনীতঃ শাল্বেন সৌনিকেন যথা পশুঃ ॥২২

নিশম্য বিপ্রিয়ং কৃষ্ণো মানুষীং প্রকৃতিং গতঃ।
বিমনস্কো ঘৃণী স্নেহাদ্ বভাষে প্রাকৃতো যথা ॥২৩

তস্মাৎ আত্মানম্ অপরাজিতমানিনং তং ত্বাম্ অদ্য নিশিতৈঃ বাণৈঃ অপুনরাবৃত্তিং মৃত্যুং নয়ামি, যদি মম অগ্রতঃ ত্বং তিষ্ঠেঃ স্থাস্যসি ॥১৮

শ্রীভগবান্ উবাচ। হে মন্দ! ত্বং বৃথা এবং কথসে প্রগল্ভং ভাষসে; অন্তিকে সমীপে উপস্থিতম্ অন্তকং যমং ন পশ্যসি। যতঃ শূরাঃ বহুভাষিণঃ আত্মশ্লাঘিনঃ ন ভবন্তি অপি তু পৌরুষম্ এব দর্শয়ন্তি ॥১৯

ইতি উক্ত্বা সংরব্ধঃ ক্রোধাবিষ্টঃ ভগবান্ ভীমবেগয়া গদয়া শাল্বং জত্রৌ কণ্ঠমূলে ততাড়। সঃ চ শাল্বঃ অসৃক্ রুধিরং বমন্ চকম্পে ॥২৪

গদায়াং সন্নিবৃত্তায়াং (কৃষ্ণেন অপনীতায়াং সত্যাং) শাল্বঃ তু অন্তরধীয়ত; ততঃ মুহূর্ত্তাৎ কশ্চিৎ শাল্বপ্রেরিতঃ পুরুষঃ আগত্য অচ্যুতং শিরসা নত্বা রুদন্ "অহং দেবক্যা প্রহিতঃ অস্মি" ইতি বচঃ প্রাহ ॥২১

হে মহাবাহো কৃষ্ণ! হে পিতৃবৎসল কৃষ্ণ! সৌনিকেন পশুঘাতিনা যথা হননার্থং পশুঃ নীয়তে, তথা তে তব পিতা বসুদেবঃ শাল্বেন বদ্ধ্বা অপনীতঃ ॥২২

বিপ্রিয়ং তৎ বাক্যং নিশম্য শ্রুত্বা, মানুষীং প্রকৃতিং স্বভাবম্ অনুগতঃ কৃষ্ণঃ প্রাকৃতঃ পুরুষঃ যথা ইব স্নেহাৎ বসুদেব-বিষয়কাৎ ঘৃণী দয়াবান্ বিমনস্কঃ দুঃখিতমনাঃ সন্ বভাষে ॥২৩

এবং মনে মনে নিশ্চয় ধারণা করিয়াছ যে, তুমি সকলের অজেয়; অতএব অদ্য তোমার সেই অভিমান অপনোদিত করিব। পলায়ন না করিয়া ক্ষণকালের জন্য আমার সম্মুখে অবস্থান কর। এই নিশিত-শরের প্রহারে অদ্য তোমাকে এই ভব-যন্ত্রণা হইতে একেবারে মুক্ত করিয়া দিব।১৮

শাল্বের কথা শুনিয়া শ্রীকৃষ্ণ তাহাকে বলিলেন,—রে নির্ব্বোধ! তুমি কেন বৃথা বাক্যব্যয় করিতেছ? তোমার অন্তকারী যে তোমার একান্ত নিকটবর্ত্তী, তাহা কি দেখিতে পাইতেছ না? ওরে! যাহারা প্রকৃত বীর পুরুষ, তাহারা বাগাড়ম্বর না করিয়া সামর্থ্যেরই পরিচয় দিয়া থাকে।১৯

এই কথা বলিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ সংগ্রামে প্রবৃত্ত হইলেন এবং অতি তীব্রবেগে শাল্বের জত্রুতে (কণ্ঠসংলগ্ন বক্ষঃস্থলের অস্থির উপরি) গদার দ্বারা আঘাত করিলেন। সেই আঘাতে শাল্ব কম্পিত-কলেবর হইয়া প্রচুর পরিমাণে রুধির বমন করিতে লাগিল।২০

গদাঘাতের যাতনা কিঞ্চিৎ উপশমিত হইবামাত্র, শাল্ব তথা হইতে অকস্মাৎ অন্তর্হিত হইল এবং মুহূর্ত্তকাল মধ্যে একজন পুরুষ কাতরভাবে আসিয়া শ্রীকৃষ্ণকে অবনতমস্তকে প্রণাম করত বলিল।২১

হে মহাবাহো পিতৃবৎসল শ্রীকৃষ্ণ! দেবী দেবকী আমাকে আপনার নিকট বলিয়া পাঠাইয়াছেন যে, পশুহন্তা কিরাত যেমন অতি নিষ্ঠুরের ন্যায় নিরীহ পশুকে বন্ধন করত বধার্থ লইয়া যায়, পাষণ্ড শাল্বও সেইরূপ অতি নির্দ্দয়ভাবে আপনার পিতা বসুদেবকে বন্ধন করত লইয়া গিয়াছে।২২

কথং রামমসম্ভ্রান্তং জিত্বাজেয়ং সুরাসুরৈঃ
শাল্বেনাল্পীয়সা নীতঃ পিতা মে বলবান্ বিধিঃ ॥২৪
ইতি ব্রুবাণে গোবিন্দে সৌভরাট্ প্রত্যুপস্থিতঃ।
বসুদেবমিবানীয় কৃষ্ণং চেদমুবাচ সঃ ॥২৫
এষ তে জনিতা তাতো যদর্থমিহ জীবসি।
বধিষ্যে বীক্ষতস্তেঽমুমীশশ্চেৎ পাহি বালিশ ॥২৬

সুরাসুরৈঃ অপি অজেয়ং জেতুমশক্যম্ অসম্ভ্রান্তং সাবধানং (অসম্ভ্রমম্ ইতি বা পাঠঃ) রামং জিত্বা অল্পীয়সা তুচ্ছেন শাল্বেন মম পিতা কথং নীতঃ। অতঃ বিধিঃ এব বলবান্ ॥২৪
গোবিন্দে ইতি এবং ব্রুবাণে সতি সৌভরাট্ শাল্বঃ প্রত্যুপস্থিতঃ প্রাদুর্ভূতঃ, সন্ বাসুদেবম্ ইব পুরুষম্ আনীয় প্রদর্শ্য কৃষ্ণং প্রতি ইদম্ উবাচ ॥২৫
তে তব এষঃ জনিতা জনয়িতা তাতঃ পিতা, যদর্থম্ ইহ জীবসি। অতঃ তে তব বীক্ষতঃ পশ্যতঃ এব সতঃ অমুং বধিষ্যে। হে বালিশ অজ্ঞ! যদি ত্বম্ ঈশঃ সমর্থঃ, তদা অমুং পাহি ॥২৬

তাদৃশ নিষ্ঠুর বাক্য শ্রবণে মানব-স্বভাবের পরিচয়ে শ্রীকৃষ্ণ একজন সাধারণ মনুষ্যের ন্যায় পিতৃস্নেহকাতর এবং অন্যমনস্ক হইয়া পড়িলেন।২৩

এবং মনে মনে বলিতে লাগিলেন যে, দেবাসুরের অজেয় সাক্ষাৎ বলরাম যখন অতি সাবধানে দ্বারকাপুরী রক্ষা করিতেছেন, তখন শাল্বের ন্যায় অতি তুচ্ছ ব্যক্তি কি প্রকারে আমার পিতা বসুদেবকে বন্ধন করত লইয়া যাইবে? বুঝিলাম! বিধির বিধিই বলবান্।২৪

গোবিন্দ এই প্রকার মনে মনে আলোচনা করিতেছেন, এমন সময় সৌভপতি শাল্ব আসিয়া তথায় উপস্থিত হইল এবং বসুদেবের ন্যায় একজন পুরুষকে বন্ধন পূর্ব্বক তথায় আনয়ন করত শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিল—।২৫

এবং নির্ভর্ৎস্য মায়াবী খড়্গেনানকদুন্দুভেঃ।
উৎকৃত্য শির আদায় খস্থং সৌভং সমাবিশৎ ॥২৭
ততো মুহূর্ত্তং প্রকৃতাবুপপ্লুতঃ
স্ববোধ আস্তে স্বজনানুষঙ্গতঃ।
মহানুভাবস্তদবুধ্যদাসুরীং
মায়াং স শাল্বপ্রসৃতাং ময়োদিতাম্ ॥২৮

মায়াবী শাল্বঃ এবং কৃষ্ণং নির্ভর্ৎস্য তিরস্কৃত্য খড়্গেন আনকদুন্দুভেঃ বসুদেবাকৃতেঃ পুরুষস্য শিরঃ উৎকৃত্য ছিত্ত্বা তৎ আদায় গৃহীত্বা খস্থম্ আকাশে স্থিতং সৌভং যানম্ আবিশৎ ॥২৭
ততঃ শ্রীকৃষ্ণঃ স্বজনানুষঙ্গতঃ (স্বজনানাং পিত্রাদীনাং অনুষঙ্গতঃ আসক্ত্যা) মুহূর্ত্তমাত্রং প্রকৃতৌ প্রকৃতিকার্য্যে মনুষ্যভাবে শোকে উপপ্লুতঃ নিমগ্নঃ আস্তে স্ম। ততঃ চ তৎ বসুদেববধাদিকম্ আসুরীং ময়োদিতাং (ময়েন উদিতাং শিক্ষিতাং) শাল্বেন প্রসৃতাং প্রসারিতাং মায়াম্ ইতি মহানুভাবঃ কৃষ্ণঃ স্বতঃ এব অবুধ্যৎ ॥২৮

এই তোমার জন্মদাতা পিতা! যাহার ঔরসে জন্মধারণ করত সংসারে বিচরণ করিতেছ! আমি তোমার সমক্ষে ইহাকে নিহত করিব! ওরে নির্ব্বোধ! তোমার সামর্থ থাকে! তুমি ইহাকে রক্ষা কর।২৬
এই প্রকার তিরস্কার বাক্যে ভর্ৎসনা করত ঐ ভয়ঙ্কর মায়াবী খড়্গের দ্বারা আনকদুন্দুভির (বসুদেবের) মূর্ত্তিধারী সেই পুরুষের মস্তক ছেদন করিল এবং ছিন্ন মস্তকটী লইয়া সৌভযানের অন্তরে প্রবেশ করিল।২৭

পিত্রাদি স্বজনবর্গের প্রেমে মুহূর্ত্তকাল মাত্র অভিভূতের ন্যায় অবস্থান করিয়া শ্রীকৃষ্ণ প্রাকৃত মনুষ্যের ন্যায় শোকাদি প্রকাশ করিলেন বটে, কিন্তু পরক্ষণেই ময়দানবের উপদিষ্ট শাল্বের প্রস্তুত এ সমস্তই আসুরিক মায়া বলিয়া তিনি নিজ-হৃদয়ে নিশ্চয় করিলেন।২৮

ন তত্র দূতং ন পিতুঃ কলেবরং
প্রবুদ্ধ আজৌ সমপশ্যদচ্যুতঃ।
স্বাপ্নং যথা চাম্বরচারিণং রিপুং
সৌভস্থমালোক্য নিহন্তুমুদ্যতঃ ॥২৯
এবং বদন্তি রাজর্ষে ঋষয়ঃ কে চ নান্বিতাঃ।
যৎ স্ববাচো বিরুধ্যেত নূনং তে ন স্মরন্ত্যুত ॥৩০
ক্ক শোক-মোহৌ স্নেহো বা ভয়ং বা যেঽজ্ঞসম্ভবাঃ।
ক্ক চাখণ্ডিতবিজ্ঞানজ্ঞানৈশ্বর্য্যস্ত্বখণ্ডিতঃ ॥৩১

সুপ্তঃ প্রবুদ্ধঃ পুরুষঃ যথা স্বাপ্নং স্বপ্নদৃষ্টং বস্তু ন পশ্যতি, তদ্বৎ প্রবুদ্ধঃ কৃষ্ণঃ তত্র আজৌ রণাঙ্গণে দূতং পিতুঃ কলেবরং চ ন সমপশ্যৎ, কিন্তু অম্বরচারিণম্ আকাশে বিচরন্তং সৌভে স্থিতং রিপুং শাল্বং যথাবৎ আলোক্য তং নিহন্তুম্ উদ্যতঃ বভূব ॥২৯

হে রাজর্ষে! কে চ কেচন নান্বিতাঃ অনন্বিতাঃ পূর্ব্বাপরানুসন্ধান-রহিতাঃ ঋষয়ঃ এবং বদন্তি; কিন্তু যৎ স্ববাচঃ বিরুধ্যেত বিরোধং প্রাপ্নুয়াৎ, উত আশ্চর্য্যং, তৎ তু তে নূনং নিশ্চিতং ন স্মরন্তি নানুসন্ধধতে ॥৩০

অজ্ঞসম্ভবাঃ (অজ্ঞেষু সম্ভবঃ যেষাং তে) যে তে শোকোদয়ঃ ক্ক? অখণ্ডিতবিজ্ঞানজ্ঞানৈশ্বর্য্যঃ (অখণ্ডিতানি বিজ্ঞান-জ্ঞানৈশ্বর্য্যাণি যস্য সঃ) অখণ্ডিতঃ অবিদ্যাবরণরহিতঃ পূর্ণানন্দস্বরূপঃ ভগবান্ চ ক্ক?৩১

তখন নিদ্রাভঙ্গে স্বপ্নদৃষ্ট পদার্থের যেমন আর প্রতীতি ঘটে না, সেইরূপ সমরপ্রাঙ্গণে দূত বা পিতার মৃত কলেবর কিছুই আর তিনি নয়নগোচর করিলেন না; কেবল সৌভযানে আরোহণ পূর্ব্বক পরম শত্রু শাল্বকে আকাশপথে বিচরণ করিতে দেখিয়া, কৃষ্ণ তাহাকে নিহত করিতে উদ্যত হইলেন।২৯

হে রাজেন্দ্র! এই প্রকারে অনেকানেক ঋষি বাক্যভেদ-প্রসঙ্গের প্রতি লক্ষ্য না রাখিয়া, যথেচ্ছ বর্ণন করিয়া থাকেন; তদীয় বাক্যের পূর্ব্বাপর্য্য সামঞ্জস্যের প্রতি তাঁহারা ভ্রূক্ষেপও করেন না।৩০

যাহারা অজ্ঞানী, তাহাদের হৃদয়েই শোক, মোহ, স্নেহ এবং ভয়াদি প্রাকৃতিক জঘন্য বৃত্তির উদ্রেক হইয়া থাকে; কিন্তু যিনি অখণ্ড জ্ঞান বিজ্ঞান এবং ঐশ্বর্য্যের একমাত্র আধার, সেই পূর্ণানন্দস্বরূপ পরম চৈতন্যে আবার শোক মোহাদির উদয় কি প্রকারে সম্ভবপর হইতে পারে?৩১

যৎপাদসেবোর্জিতয়াত্মবিদ্যয়া
হিন্বন্ত্যনাদ্যাত্মবিপর্য্যয়গ্রহম্।
লভন্ত আত্মীয়মনন্তমৈশ্বরং
কুতো ন মোহঃ পরমস্য সদ্গতেঃ ॥৩২
তং শস্ত্রপূগৈঃ প্রহরন্তমোজসা
শাল্বং শরৈঃ শৌরিরমোঘবিক্রমঃ।
বিদ্ধাচ্ছিনদ্ বর্ম ধনুঃ শিরোমণিং
সৌভং চ শত্রোর্গদয়া রুরোজ হ ॥৩৩

যস্য পাদসেবয়া উর্জ্জিতয়া পুষ্কলয়া পরিনিষ্পন্নয়া আত্মবিদ্যয়া আত্মসাক্ষাৎকারেণ, অনাদ্যাত্মবিপর্য্যয়গ্রহং (অনাদিঃ চ অসৌ আত্মনঃ বিপর্য্যয়ঃ দেহেন্দ্রিয়াদৌ অহঙ্কারলক্ষণঃ সঃ এব দুর্নিবার্য্যত্বাৎ গ্রহঃ পিশাচঃ তং) ভক্তজনাঃ হিন্বন্তি পরিত্যজন্তি; আত্মীয়ম্ অনন্তম্ অবিনাশি ঐশ্বরং স্বরূপং চ লভন্তে, তস্য সতাং গতেঃ ফলভূতস্য পরমস্য পুরুষোত্তমস্য কুতঃ নু মোহঃ স্যাৎ ॥৩২

অমোঘবিক্রমঃ শৌরিঃ কৃষ্ণঃ ওজসা বলেন শস্ত্রসমূহৈঃ শস্ত্রপূগৈঃ, প্রহরন্তং তং শাল্বং শরৈঃ বিদ্ধা তাড়য়িত্বা তস্য বর্ম্ম কবচং, ধনুঃ শিরোমণিং তথা অচ্ছিনৎ তথা শত্রোঃ শাল্বস্য সৌভাখ্যং বিমানং গদয়া রুরোজ বভঞ্জ ॥৩৩

যে পরাৎপর পরমেশের চরণ-কমল আরাধনা পূর্ব্বক হৃদয়মন্দিরে ধারণা করিতে পারিলে, মানব আত্মজ্ঞান লাভ করিতে পারে এবং সেই জ্ঞানের প্রভাবে আত্ম-জ্ঞানবিলুপ্তকারিণী অনাদি অবিদ্যা-পিশাচিনীকে দূরে বিতাড়িত করিতে পারে; জীবের আত্মসাক্ষাৎকার এবং অনন্তস্বরূপ পরমেশ্বরেরও সাক্ষাৎকার অনায়াসে ঘটে, সেই সাধু এবং ভক্তজনের

তৎ কৃষ্ণহস্তেরিতয়া বিচূর্ণিতং
পপাত তোয়ে গদয়া সহস্রধা।
বিসৃজ্য তদ্ ভূতলমাস্থিতো গদা-
মুদ্যম্য শাল্বোঽচ্যুতমভ্যগাদ্ দ্রুতম্ ॥৩৪
আধাবতঃ সগদং তস্য বাহুং
ভল্লেন ছিত্বাথ রথাঙ্গমদ্ভুতম্।
বধায় শাল্বস্য লয়ার্কসন্নিভং
বিভ্রদ্ বভৌ সার্ক ইবোদয়াচলঃ ॥৩৫
জহার তেনৈব শিরঃ সকুণ্ডলং
কিরীটযুক্তং পুরুমায়িনো হরিঃ।
বজ্রেণ বৃত্রস্য যথা পুরন্দরো
বভূব হাহেতি বচস্তদা নৃণাম্ ॥৩৬
তস্মিন্ নিপতিতে পাপে সৌভে চ গদয়া হতে।
নেদুর্দ্দুন্দুভয়ো রাজন্ দিবি দেবগণেরিতাঃ।
সখীনামপচিতিং কুর্ব্বন্ দন্তবক্রো রুষাভ্যগাৎ ॥৩৭
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৩৮

কৃষ্ণহস্তেন ঈরিতয়া প্রযুক্তয়া গদয়া সহস্রধা বিচূর্ণিতং তং সৌভং সমুদ্রতোয়ে পপাত। ততশ্চ শাল্বঃ তৎ সৌভং বিসৃজ্য ত্যক্ত্বা ভূতলম্ আস্থিতঃ সন্ গদাম্ উদ্যম্য দ্রুতং শীঘ্রম্ অচ্যুতং কৃষ্ণম্ অভ্যগাৎ ॥৩৪

আধাবতঃ অভ্যাপততঃ শাল্বস্য সগদং গদেন সহিতং বাহুং ভল্লেন ছিত্বা অথ অনন্তরং শাল্বস্য বধায় বধার্থং, লয়ার্কসন্নিভং প্রলয়ার্কতুল্যম্ অদ্ভুতং রথাঙ্গং চক্রং বিভ্রৎ বিভ্রাণঃ কৃষ্ণঃ সার্কঃ সূর্য্যসহিতঃ উদয়াচলঃ ইব বভৌ ॥৩৫

তথা পুরন্দরঃ ইন্দ্রঃ যথা বজ্রেণ বৃত্রস্য শিরঃ জহার, তথা হরিঃ শ্রীকৃষ্ণঃ পুরুমায়িনঃ বহুমায়াবিদঃ শাল্বস্য কিরীটযুক্তং সকুণ্ডলং শিরঃ তেন চক্রেণ এব জহার ॥৩৬

হে রাজন্! তস্মিন্ পাপে পাপাচারে শাল্বে নিপতিতে সতি তথা সৌভে তন্নামকে বিমানে চ গদয়া হতে সতি দিবি দেবগণৈঃ ঈরিতাঃ বাদিতাঃ দুন্দুভয়ঃ নেদুঃ॥

অথ সখীনাং শাল্বাদীনাং অপচিতিম্ অন্ত্যেষ্টিং কুর্ব্বন্ দন্তবক্রঃ রুষা অভ্যগাৎ ॥৩৭

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

একমাত্র আশ্রয় পরমেশ্বরের আবার শোক বা মোহ কিরূপে ঘটিবার সম্ভাবনা থাকে।৩২

অব্যর্থবীর্য্য ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে পরম বিক্রমের সহিত শাল্বের উপর অস্ত্রসমূহ নিক্ষেপ করত তাহাকে বিদ্ধ করিলেন এবং তাহার ধনু বর্ম্ম ও শিরোমণি ছেদন করিয়া ফেলিলেন। তারপর গদার আঘাতে শত্রুর সৌভযানও চূর্ণ বিচূর্ণ করিয়া ফেলিলেন।৩৩

কৃষ্ণ-নিক্ষিপ্ত গদার আঘাতে সৌভযান তিলতিল-ভাবে চূর্ণীকৃত হইয়া সমুদ্রজলে নিপতিত হইলে, শাল্ব ভূমিতে অবতরণ পূর্ব্বক গদা উত্তোলন করত অচ্যুতের অভিমুখে দ্রুতবেগে ধাবিত হইল।৩৪

শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ তাহাকে নিহত করিবার মানসে প্রলয়কালীন সূর্য্যের ন্যায় অমলপ্রভ অদ্ভুত সুদর্শন চক্র হস্তে লইয়া, নবোদিত দিবাকর-শোভিত উদয়াচলের ন্যায় শোভা ধারণ করিলেন।৩৫

পুরন্দর বজ্রের প্রহারে যেমন বৃত্রাসুরকে নিহত করিয়াছিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণও সেইরূপ পরক্ষণেই সেই পূর্ণ-মায়াবী শাল্বের কিরীট এবং কুণ্ডল-বিশিষ্ট মস্তকটী ছেদন করিয়া ভূমিতে নিপাতিত করিলেন; তদ্দর্শনে মনুষ্যলোকে তখন হাহাকার ধ্বনি উত্থিত হইল।৩৬

হে রাজন্! এমত সময়ে দন্তবক্র নামে এক জন দৈত্য সখা শিশুপালাদির সহিত সৌহার্দ্দ্যের পরিচয়ে তাহাদের অন্তিম-কার্য্য সাধনের জন্য অবিবেক পূর্ব্বক ক্রোধ করত কৃষ্ণের অভিমুখে যুদ্ধার্থ ধাবিত হইল।৩৭

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত সপ্তসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টসপ্ততিতমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণেন দন্তবক্রস্য বিদূরথস্য চ বধঃ, বলরামেণ ব্যাসশিষ্যস্য সূতস্য বিনাশশ্চ।]

শ্রীশুক উবাচ।

শিশুপালস্য শাল্বস্য পৌণ্ড্রকস্যাপি দুর্মতিঃ।
পরলোকগতানাং চ কুর্বন্ পারোক্ষ্যসৌহৃদম্ ॥১

একঃ পদাতিঃ সংক্রুদ্ধো গদাপাণিঃ প্রকম্পয়ন্।
পদ্ভ্যামিমাং মহারাজ মহাসত্ত্বো ব্যদৃশ্যত ॥২

তং তথায়ান্তমালোক্য গদামাদায় সত্বরঃ।
অবপ্লুত্য রথাৎ কৃষ্ণঃ সিন্ধুং বেলেব প্রত্যধাৎ ॥৩

গদামুদ্যম্য কারূষো মুকুন্দং প্রাহ দুর্ম্মদঃ।
দিষ্ট্যা দিষ্ট্যা ভবানদ্য মম দৃষ্টিপথং গতঃ ॥৪

ত্বং মাতুলেয়ো নঃ কৃষ্ণ মিত্রধ্রুঙ্মাং জিঘাংসসি।
অতস্ত্বাং গদয়া মন্দ হনিষ্যে বজ্রকল্পয়া ॥৫

তর্হ্যানৃণ্যমুপৈম্যজ্ঞ মিত্রাণাং মিত্রবৎসলঃ।
বন্ধুরূপমরিং হত্বা ব্যাধিং দেহচরং যথা ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। দুর্ম্মতিঃ দন্তবক্রঃ শিশুপালস্য, শাল্বস্য, পৌণ্ড্রকস্য অপি পরলোকগতানাং মৃতানাং পূর্ব্বেষাং পারোক্ষ্যসৌহৃদং (পরোক্ষে কর্ত্তব্যং সৌহৃদং সুহৃৎকৃত্যং) কুর্ব্বন্ কর্ত্তুং দুর্ম্মতিঃ দন্তবক্রঃ॥১

একঃ অসহায়ঃ সংক্রুদ্ধঃ মহাসত্ত্বঃ গদাপাণিঃ পদাতিঃ পদ্ভ্যাম্ ইমাং ভূমিং প্রকম্পয়ন্ হে মহারাজ! ব্যদৃশ্যত ॥২

তং দন্তবক্রং তথা ক্রোধেন আয়ান্তম্ আলোক্য গদাম্ উদ্যম্য উত্তোল্য সত্বরঃ কৃষ্ণঃ রথাৎ অবপ্লুত্য বেলা তীরং যথা সমুদ্রং প্রতিরুণদ্ধি, তথা দন্তবক্রং প্রত্যধাৎ প্রতিরুরোধ ॥৩

দুর্ম্মদঃ (দুষ্টঃ মদঃ যস্য সঃ) কারূষঃ দন্তবক্রঃ গদাম্ উদ্যম্য মুকুন্দং প্রাহ যথা দিষ্ট্যা দিষ্ট্যা এব ভবান্ অদ্য মম দৃষ্টিপথং গতঃ ॥৪

হে কৃষ্ণ! যদ্যপি ত্বং নঃ অস্মাকং শিশুপালাদীনাং মাতুলেয়ঃ মাতুলপুত্রঃ (অতঃ হননাযোগ্যঃ); তথাপি মিত্রধ্রুক্ মিত্রাণি দ্রুহ্যতীতি (শিশুপালং হতবান্) মাং চ জিঘাংসসি হন্তুমিচ্ছসি, অতঃ হে মন্দ! বজ্রকল্পয়া বজ্রতুল্যয়া অনয়া গদয়া ত্বাং হনিষ্যে ॥৫

হে অজ্ঞ! দেহচরম্ অরিং ব্যাধিং হত্বা যথা মানবঃ সুস্থঃ ভবতি, তথা মিত্রবৎসলঃ অহং বন্ধুরূপম্ অরিং ত্বাং হত্বা মিত্রাণাম্ আনৃণ্যম্ উপৈমি গচ্ছামি ॥৬

অষ্টসপ্ততিতম অধ্যায়।

[শ্রীকৃষ্ণকর্ত্তৃক দন্তবক্র ও বিদূরথ বধ এবং বলরাম কর্ত্তৃক ব্যাসশিষ্য সূত রোমহর্ষণের বিনাশ।]

মহামুনি শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া বলিলেন,—হে রাজেন্দ্র! এই প্রকারে চেদিপতি শিশুপাল, শাল্ব এবং পৌণ্ড্রকাদি আত্মীয়-বর্গের ক্রমশঃ পরলোক-প্রাপ্তি ঘটিলে, ইহাদের সহিত সৌহার্দ্দের পরিচয়ে তাহাদের মঙ্গল-কামনায় বিপুল-কলেবর দুর্ম্মতি দন্তবক্র বিশেষ ক্রোধের প্রকাশে একটী গদা হস্তে লইয়া, পদভরে ধরণীকে প্রকম্পিত করত রণপ্রাঙ্গণে একাকী পদব্রজে উপস্থিত হইল।১-২

বলদর্পিত দন্তবক্রকে যুদ্ধার্থ আগমন করিতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ গদাহস্তে রথ হইতে সত্বর অবতরণ করিলেন এবং বেলাভূমি যেমন অগাধ জলধিকেও নিজ বেষ্টনে সীমাবদ্ধ করে, সেই-রূপ ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় প্রতাপে দন্তবক্রের বেগ সঙ্কুচিত করিয়া আনিলেন।৩

তখন করূষ-দেশবাসী দুর্ম্মদ দন্তবক্র একটী প্রচণ্ড গদা উত্তোলন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিল, অহো! কি সৌভাগ্য-বলে অদ্য তুমি আমার দৃষ্টিপথে নিপতিত হইয়াছ।৪

হে কৃষ্ণ! তুমি যখন আমার মাতুলনন্দন, তখন তোমার সহিত বিরোধ করা আমার পক্ষে কোন

এবং রূক্ষৈস্তুদন্ বাক্যৈঃ কৃষ্ণং তোত্রৈরিব দ্বিপম্।
গদয়া তাড়য়ন্মূর্দ্ধ্নি সিংহবদ্ ব্যনদচ্চ সঃ ॥৭
গদয়াভিহতোঽপ্যাজৌ ন চচাল যদূদ্বহঃ।
কৃষ্ণোঽপি তমহন্ গুর্ব্ব্যা কৌমোদক্যা স্তনান্তরে॥৮
গদানির্ভিন্নহৃদয় উদ্‌বমন্ রুধিরং মুখাৎ।
প্রসার্য্য কেশবাহ্বঙ্‌ঘ্রীন্ ধরণ্যাং ন্যপতৎ ব্যসুঃ ॥৯

সঃ দন্তবক্রঃ তোত্রৈঃ অঙ্কুশাদিভিঃ দ্বিপং গজম্ ইব এবং রূক্ষৈঃ পরুষৈঃ বাক্যৈঃ কৃষ্ণং তুদন্ ব্যথয়ন্ মূর্দ্ধ্নি গদয়া অতাড়য়ৎ ততঃ সিংহবৎ ব্যনদৎ চ ॥৭

যদূদ্বহঃ (যদূন্ উদ্বহতি ইতি) কৃষ্ণঃ আজৌ যুদ্ধে এবম্ অভিহতঃ অপি ন চচাল, কিন্তু গুর্ব্ব্যা কৌমোদক্যা গদয়া তম্ অপি স্তনান্তরে বক্ষসি অহন্ ॥৮

এবং গদয়া নির্ভিন্নং হৃদয়ং যস্য সঃ দন্তবক্রঃ মুখাৎ রুধিরং উদ্বমন্ ব্যসুঃ বিগতপ্রাণঃ কেশান্ বাহ্বঙ্‌ঘ্রীন্ প্রসার্য্য ধরণ্যাং ন্যপতৎ ॥৯

মতেই সঙ্গত নহে। কিন্তু কি করিব? তোমার চরিত্র একেবারেই দূষিত। তুমি আমাদের স্বজন বন্ধুবর্গের প্রায় সকলেরই প্রাণ-সংহার করিয়াছ। আবার আমারও জীবন নাশে উদ্যত হইয়াছ; সুতরাং তোমারও প্রাণসংহারে কোন অন্যায় কর্ম্ম করা হইবে না। অতএব রে দুর্ম্মতে! এস! এই বজ্রতুল্য কঠিন গদার আঘাতে অদ্য তোমার ভববেদনা একেবারেই নিবারণ করিতেছি।৫

আমি তোমার ন্যায় মিত্রদ্রোহী নহি। আমি মিত্রবৎসল। অতএব দেহোৎপন্ন ব্যাধিকে সম্পূর্ণ নিঃশেষিত করিতে পারিলেই যেমন সুস্থ হওয়া যায়, সেইরূপ তোমার ন্যায় কুলাঙ্গার বন্ধুরূপী শত্রুকে সমূলে উৎসন্ন করিয়া অদ্য মিত্রগণের ঋণ হইতে আমি নির্ম্মুক্তি লাভ করিব।৬

অহো! অঙ্কুশাঘাতে গজেন্দ্রকে যেমন উত্তেজিত করা হয়, সেইরূপ অতি রুক্ষ পুরুষবচনে শ্রীকৃষ্ণকে উত্তেজিত করিয়া দন্তবক্র গদার দ্বারা শ্রীকৃষ্ণের মস্তকে আঘাত করিল এবং কেশরীর ন্যায় সদর্পে গর্জ্জন করিয়া উঠিল।৭

কিন্তু গদার ভীষণ আঘাতেও যদুপতি শ্রীকৃষ্ণ কিছুমাত্র বিচলিত হইলেন না; রণ-প্রাঙ্গণে অচল এবং অটলের ন্যায় দণ্ডায়মান থাকিয়া, একটী গুরুভার গদার দ্বারা দন্তবক্রের স্তনযুগলের অন্তরে বক্ষোপরি ভীষণ আঘাত করিলেন।৮

সেই গদার আঘাতে তাহার হৃদয় বিদীর্ণ হইয়া গেল; মুখ দিয়া অবিরল-স্রোতে রুধির বমন করত দন্তবক্র প্রাণত্যাগ করিল এবং কেশজাল, বাহুদ্বয় ও পদযুগল প্রসারিত করত ধরণীপৃষ্ঠে নিপতিত হইল।৯

ততঃ সূক্ষ্মতরং জ্যোতিঃ কৃষ্ণমাবিশদদ্ভুতম্।
পশ্যতাং সর্ব্বভূতানাং যথা চৈদ্যবধে নৃপ ॥১০
বিদূরথস্তু তদ্‌ভ্রাতা ভ্রাতৃশোকপরিপ্লুতঃ।
আগচ্ছদসিচর্ম্মভ্যামুচ্ছ্বসংস্তজ্জিঘাংসয়া ॥১১
তস্য চাপততঃ কৃষ্ণশ্চক্রেণ ক্ষুরনেমিনা।
শিরো জহার রাজেন্দ্র সকিরীটং সকুণ্ডলম্ ॥১২

হে নৃপ! সর্ব্বভূতানাং পশ্যতাম্ এব অদ্ভুতম্ আশ্চর্য্যকরং সূক্ষ্মতরং জ্যোতিঃ জীবাখ্যং তেজঃ, চৈদ্যবধে যথা তথা ততঃ দন্তবক্রশরীরাৎ অপি নিঃসৃত্য কৃষ্ণম্ আবিশৎ ॥১০

ততঃ চ তস্য দন্তবক্রস্য ভ্রাতা বিদূরথঃ ভ্রাতৃশোকপরিপ্লুতঃ ভ্রাতুঃ শোকেন পরিপ্লুতঃ ব্যাপ্তঃ সন্ তস্য কৃষ্ণস্য জিঘাংসয়া অসি-চর্ম্মভ্যাং খড়্গখেটাভ্যাম্ উচ্ছ্বসন্ আগচ্ছৎ ॥১১

হে রাজেন্দ্র! কৃষ্ণঃ ক্ষুরনেমিনা (ক্ষুরস্য ইব নেমিঃ ধারা যস্য) তেন চক্রেণ আপততঃ তস্য বিদূরথস্য সকিরীটং সকুণ্ডলং শিরঃ জহার চিচ্ছেদ ॥১২

পূর্ব্বে চৈদ্যবধকালে শিশুপালের জীবন-জ্যোতিঃ যেমন কৃষ্ণ-পাদপদ্মে সম্মিলিত হইয়াছিল, সেইরূপ অদ্য সকলের সমক্ষে দন্তবক্রের সূক্ষ্ম জীব-জ্যোতিঃ শ্রীকৃষ্ণের অঙ্গে প্রবিষ্ট হইল।১০

দন্তবক্রের ভ্রাতা বিদূরথ ভ্রাতৃশোকে একান্ত বিহ্বল হইল এবং কৃষ্ণকে বধ করিবার মানসে

এবং সৌভং চ শাল্বং চ দন্তবক্রং সহানুজম্।
হত্বা দুর্বিষহানন্যৈরীড়িতঃ সুর-মানবৈঃ ॥১৩
মুনিভিঃ সিদ্ধ-গন্ধর্ব্বৈর্বিদ্যাধর-মহোরগৈঃ।
অপ্সরোভিঃ পিতৃগণৈর্যক্ষৈঃ কিন্নর-চারণৈঃ ॥১৪
উপগীয়মানবিজয়ঃ কুসুমৈরভিবর্ষিতঃ।
বৃতশ্চ বৃষ্ণিপ্রবরৈর্বিবেশালঙ্কৃতাং পুরীম্ ॥১৫
এবং যোগেশ্বরঃ কৃষ্ণো ভগবাঞ্জগদীশ্বরঃ।
ঈয়তে পশুদৃষ্টীনাং নির্জ্জিতো জয়তীতি সঃ ॥১৬

শ্রুত্বা যুদ্ধোদ্যমং রামঃ কুরূণাং সহ পাণ্ডবৈঃ।
তীর্থাভিষেকব্যাজেন মধ্যস্থঃ প্রযযৌ কিল ॥১৭
স্নাত্বা প্রভাসে সন্তর্প্য দেবর্ষি-পিতৃ-মানবান্।
সরস্বতীং প্রতিস্রোতং যযৌ ব্রাহ্মণসংবৃতঃ ॥১৮
পৃথূদকং বিন্দুসরস্ত্রিতকূপং সুদর্শনম্।
বিশালং ব্রহ্মতীর্থং চ চক্রং প্রাচীং সরস্বতীম্ ॥১৯
যমুনামনু যান্যেব গঙ্গামনু চ ভারত।
জগাম নৈমিষং যত্র ঋষয়ঃ সত্রমাসতে ॥২০

অন্যৈঃ দুর্ব্বিষহান্ সোঢ়ুম্ অশক্যান্ শাল্বাদীন্ এবং হত্বা সুরমানবৈঃ মুনিভিঃ সিদ্ধগন্ধর্ব্বৈঃ বিদ্যাধরমহোরগৈঃ অপ্সরোভিঃ পিতৃগণৈঃ যক্ষৈঃ কিন্নর-চারণৈঃ ঈড়িতঃ উপগীয়মানবিজয়ঃ, কুসুমৈঃ অভিবর্ষিতঃ আচ্ছাদিতঃ, তথা বৃষ্ণিপ্রবরৈঃ বৃতঃ কৃষ্ণঃ অলঙ্কৃতাং পুরীং দ্বারকাং বিবেশ ॥১৩-১৫

এবং যোগেশ্বরঃ জগদীশ্বরঃ ভগবান্ সঃ কৃষ্ণঃ বলিষ্ঠান্ জয়তি অপি তথাপি পশুদৃষ্টীনাং কচিৎ নির্জ্জিতঃ ইতি প্রতীয়তে ॥১৬

কুরূণাং পাণ্ডবৈঃ সহ যুদ্ধোদ্যমং শ্রুত্বা রামঃ তীর্থাভিষেক-ব্যাজেন তীর্থস্নানমিষেণ কিল মধ্যস্থঃ উদাসীনঃ ইব প্রযযৌ ॥১৭

প্রভাসে স্নাত্বা দেবর্ষি-পিতৃ-মানবান্ (তর্পণব্রাহ্মণভোজনাদিনা) সন্তর্প্য প্রতিস্রোতং সম্মুখং সরস্বতীং ব্রাহ্মণসংবৃতঃ যযৌ ॥১৮

তথা পৃথূদকং বিন্দুসরঃ ত্রিতকূপং সুদর্শনং তীর্থং, বিশালং ব্রহ্মতীর্থং চক্রতীর্থং প্রাচীং সরস্বতীং, যমুনাং গঙ্গাং তদনু যানি তীর্থানি তানি সর্ব্বাণি গত্বা হে ভারত। যত্র ঋষয়ঃ সত্রম্ আসতে অনুতিষ্ঠন্তি, তৎ নৈমিষং জগাম ॥১৯-২০

উত্তেজিত হইয়া, খড়্গ এবং চর্ম্ম ধারণে যুদ্ধার্থ অগ্রসর হইল।১১

হে রাজেন্দ্র! বিদূরথ শ্রীকৃষ্ণের সমীপে উপস্থিত হইতে না হইতে, তীব্রধার চক্রাস্ত্রের দ্বারা শ্রীকৃষ্ণ তাহার কিরীট ও কুণ্ডলাদি শোভিত মস্তকটী অবলীলাক্রমে ছেদন করিয়া ফেলিলেন।১২

তাদৃশ দুর্বিসহ ভীমপরাক্রম সৌভপতি শাল্ব, সৌভযান এবং অনুজ ভ্রাতৃগণ সহ দন্তবক্রকে নিহত করিলে দেবতা, মানব, মুনিগণ, সিদ্ধ-গন্ধর্ব্ব-বিদ্যাধর, মহোরগগণ, অপ্সরাগণ, পিতৃলোক, যক্ষ, কিন্নর এবং চারণগণ সকলে সর্ব্ব-পূজিত জগদ্বন্দ্য পরমপুরুষ শ্রীকৃষ্ণের স্তব করিতে লাগিলেন।১৩-১৪

চতুর্দ্দিকে সকলে তাঁহার জয়-ঘোষণা করত পুষ্পবর্ষণ করিতে লাগিল। অনন্তর শ্রীকৃষ্ণ বৃষ্ণি-বংশীয় প্রসিদ্ধ ব্যক্তিগণে পরিবৃত হইয়া, অলঙ্কৃতা দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন।১৫

অহো! জগৎপতি যোগেশ্বর শ্রীকৃষ্ণ এই প্রকারে অনন্ত মহাবল অসুরের নিধন করিলেও, জরাসন্ধাদি দৈত্যগণের নিকট যে কখনও পরাস্ত হইয়াছিলেন, ক্রূরদৃষ্টি পশুপ্রকৃতি ব্যক্তিগণ কটাক্ষের প্রকাশে কেবল তাহাই জগতে ঘোষণা করিয়া থাকে।১৬

কুরুগণের সহিত পাণ্ডবগণের যুদ্ধোদ্‌যোগ হইতেছে শ্রবণ করিয়া, মহামতি বলরাম সম্প্রতি কোন পক্ষকে অবলম্বন না করিয়া মধ্যস্থভাবে মীমাংসার প্রত্যাশায় কালাতিপাতার্থ তীর্থ-যাত্রার প্রসঙ্গে অন্যত্র গমন করিলেন।১৭

প্রথম প্রভাস-তীর্থে উপনীত হইয়া, তিনি সেই পবিত্র জলে স্নানাদি সমাপন করত, পূজা, হোম, সন্ধ্যা

তমাগতমভিপ্রেত্য মুনয়ো দীর্ঘসত্রিণঃ।
অভিনন্দ্য যথান্যায়ং প্রণম্যোত্থায় চার্চয়ন্ ॥২১
সোঽর্চিতঃ সপরীবারঃ কৃতাসনপরিগ্রহঃ।
রোমহর্ষণমাসীনং মহর্ষেঃ শিষ্যমৈক্ষত ॥২২
অপ্রত্যুত্থায়িনং সূতমকৃতপ্রহ্বণাঞ্জলিম্।
অধ্যাসীনং চ তান্ বিপ্রাংশ্চুকোপোদ্বীক্ষ্য মাধবঃ ॥২৩

কস্মাদসাবিমান্ বিপ্রানধ্যাস্তে প্রতিলোমজঃ।
ধর্মপালাংস্তথৈবাস্মান্ বধমর্হতি দুর্মতিঃ ॥২৪
ঋষের্ভগবতো ভূত্বা শিষ্যোঽধীত্য বহূনি চ।
সেতিহাস-পুরাণানি ধর্ম্মশাস্ত্রাণি সর্বশঃ ॥২৫
অদান্তস্যাবিনীতস্য বৃথা পণ্ডিতমানিনঃ।
ন গুণায় ভবন্তি স্ম নটস্যেবাজিতাত্মনঃ ॥২৬

তং বলভদ্রম্ আগতম্ অভিপ্রেত্য জ্ঞাত্বা দীর্ঘসত্রিণঃ (দীর্ঘং সহস্রসংবৎসরপর্য্যন্তম্ অনুষ্ঠেয়ং সত্রং যেষাম্ অস্তি তে) মুনয়ঃ উত্থায় অভিনন্দ্য শিরসা প্রণম্য যথান্যায়ং যথোচিতম্ আর্চয়ন্ পূজিতবন্তঃ ॥২১

সপরিবারঃ সহচরবিপ্রাদিসহিতঃ অর্চিতঃ কৃতাসনপরিগ্রহঃ (কৃতঃ আসনপরিগ্রহঃ যেন সঃ) রামঃ মহর্ষেঃ ব্যাসস্য শিষ্যং রোমহর্ষণম্ আসীনম্ ঐক্ষত ॥২২

সূতং প্রতিলোমজং তান্ বিপ্রান্ অধ্যাসীনং (তেভ্যঃ বিপ্রেভ্যঃ অপি উচ্চাসনাসীনং) তথা স্বং প্রতি অপ্রত্যুত্থায়িনম্ অভিবাদনাদিকম্ অকৃতবন্তম্ অকৃতপ্রহ্বণাঞ্জলিম্ (ন কৃতং প্রহ্বণং প্রণামঃ অঞ্জলিঃ চ যেন তম্) উদ্বীক্ষ্য দৃষ্ট্বা মাধবঃ মধুবংশজঃ বলরামঃ চুকোপ ॥২৩

কস্মাৎ অসৌ প্রতিলোমজঃ সূতঃ ইমান্ ধর্ম্মপালান্ বিপ্রান্ তথা অস্মান্ চ অধ্যাস্তে (বিপ্রাদিভ্যঃ উচ্চৈঃ আসনম্ অধিতিষ্ঠতি), যতঃ অয়ং দুর্মতিঃ অতঃ বধম্ অর্হতি ॥২৪

ভগবতঃ বেদব্যাসস্য ঋষেঃ শিষ্যঃ ভূত্বা সেতিহাস-পুরাণানি বহূনি ধর্ম্মশাস্ত্রাণি সর্ব্বশঃ কার্ৎস্ন্যেন অধীত্য অপি এবম্ অধ্যাস্তে ॥২৫

তর্পণ ও ব্রাহ্মণাদির ভোজন সমাপনে দেবতা, ঋষি, পিতৃলোক এবং মানবগণের তৃপ্তিসাধন করিলেন। পরে ব্রাহ্মণগণে পরিবৃত হইয়া কিঞ্চিৎ দূরে প্রবাহ-বেগে তদভিমুখেই প্রবাহিত সরস্বতীর তীরে উপস্থিত হইলেন।১৮

এবং ক্রমশ পৃথূদক, বিন্দুসর, ত্রিতকূপ, সুদর্শন, বিশালা, ব্রহ্মতীর্থ, চক্রতীর্থ এবং পূর্ব্ববাহিনী সরস্বতী প্রভৃতি তীর্থে গমন করিলেন।১৯

তথা হইতে যমুনা এবং তন্নিকটবর্ত্তী তীর্থসমূহ, গঙ্গা ও তন্নিকটবর্ত্তী তীর্থসমূহে গমন করত, বলভদ্র নৈমিষারণ্যে গমন করিলেন; তথায় সহস্র সংবৎসর-সাধ্য সত্রযাগের অনুষ্ঠানে ঋষিগণ নিযুক্ত ছিলেন।২০

বলদেবকে সমাগত অবলোকন করিয়া, দীর্ঘকাল-ব্যাপী যজ্ঞে নিবিষ্টমনা সেই ঋষিগণ তাঁহার অভি-বাদনাদির জন্য সকলে গাত্রোত্থান করিলেন এবং যথাবিহিত সম্মান ও প্রণামাদির দ্বারা তাঁহার অর্চ্চনা করিলেন।২১

স্বীয় সঙ্গী ব্রাহ্মণাদি পরিজনবর্গ আদৃত ও সম্মানিত হইয়া, যথোপযুক্ত আসনপরিগ্রহে সকলে উপবেশন করিলে, বলরামের দৃষ্টি ব্যাস-শিষ্য রোমহর্ষণের উপর নিপতিত হইল।২২

তিনি দেখিলেন, ঐ ব্যক্তি প্রতিলোমজ হইয়াও ব্রাহ্মণ-মণ্ডলীর মধ্যে উচ্চ আসনে উপবেশন পূর্ব্বক এতই গর্ব্বিত হইয়াছে যে, আমি সম্মুখে উপস্থিত অবলোকন করিয়াও প্রত্যুত্থানাদির দ্বারা কোনরূপ অভিবাদন করিল না বা কৃতাঞ্জলি হইয়া প্রণামও করিল না। সুতরাং তাহার তাদৃশ গর্ব্বিত ভাব অবলোকন করিয়া, মধুবংশজ বলরাম একান্ত বিরক্ত হইয়া বলিলেন।২৩

এই প্রতিলোমজ ব্যক্তি কোন্ সাহসে ঋষিগণের মধ্যে শ্রেষ্ঠ ও উচ্চ আসনে সমাসীন হইয়াছে? এই ব্যক্তি ধর্ম্ম-প্রতিপালক বিপ্রগণের বা আমাদেরও সম্মান যখন রক্ষা করে নাই, তখন তাদৃশ দুর্ম্মতির

এতদর্থো হি লোকেঽস্মিন্নবতারো ময়া কৃতঃ।
বধ্যা মে ধর্ম্মধ্বজিনস্তে হি পাতকিনোঽধিকাঃ ॥২৭
এতাবদুক্ত্বা ভগবান্ নিবৃত্তোঽসদ্বধাদপি।
ভাবিত্বাত্তং কুশাগ্রেণ করস্থেনাহনৎ প্রভুঃ ॥২৮
হাহেতি বাদিনঃ সর্বে মুনয়ঃ খিন্নমানসাঃ।
ঊচুঃ সঙ্কর্ষণং দেবমধর্মস্তে কৃতঃ প্রভো ॥২৯

অস্য ব্রহ্মাসনং দত্তমস্মাভির্যদুনন্দন।
আয়ুশ্চাত্মাক্লমং তাবদ্ যাবৎ সত্রং সমাপ্যতে ॥৩০
অজানতৈবাচরিতস্ত্বয়া ব্রহ্মবধো যথা।
যোগেশ্বরস্য ভবতো নাম্নায়োঽপি নিয়ামকঃ ॥৩১
যদ্যেতদ্ ব্রহ্মহত্যায়াঃ পাবনং লোকপাবন।
চরিষ্যতি ভবাঁল্লোকসংগ্রহোঽনন্যচোদিতঃ ॥৩২

বৃথা পণ্ডিতমানিনঃ অবিনীতস্য তথা অজিতাত্মনঃ অবশীকৃতান্তঃকরণস্য নটস্য ইব (নটেন মায়াবিনা যথা পর-প্ররোচনার্থং প্রদর্শিতা অপি রাজবিভবাঃ স্বভোগসুখাদিজনকাঃ ন ভবন্তি তথা) অদান্তস্য অজিতেন্দ্রিয়স্য অস্য তানি ইতিহাসাদীনি গুণায় তাৎপর্য্যজ্ঞানায় ন ভবন্তি ॥২৬

এতদর্থঃ দুষ্টবধার্থঃ এব হি অস্মিন্ লোকে ময়া অবতারঃ কৃতঃ। তে ধর্ম্মধ্বজিনঃ (উত্তমবেশধারণেন ধর্ম্মিষ্ঠত্ব-প্রকাশন-পরাঃ অতঃ বস্তুতঃ ধর্ম্ম-মর্য্যাদা-ভঙ্গ-কর্ত্তারঃ) মে ময়া বধ্যাঃ হি যস্মাৎ তে অধিকাঃ পাতকিনঃ। অধর্ম্মিষ্ঠাঃ লোকলজ্জা-ভয়েন গুপ্তং পাপং কুর্ব্বন্তি তেন স্বয়মেব নরকে পতন্তি। ধর্ম্মধ্বজিনঃ প্রসিদ্ধতয়া পাপং কুর্ব্বতঃ, অতঃ অন্যানপি কারয়ন্তঃ নরকে পাতয়ন্তি ইতি তেষাং পাপাধিক্যম্ ॥২৭

অসতাং বধাৎ নিবৃত্তঃ অপি প্রভুঃ ভগবান্ রামঃ এতাবদুক্ত্বা ভাবিত্বাৎ (ভবিতব্যস্য কেনাপি অপরিহার্য্যত্বাৎ) তং রোমহর্ষণং করস্থেন কুশাগ্রেণ অহনৎ ॥২৮

তদা হাহেতিবাদিনঃ খিন্নমানসাঃ সর্ব্বে মুনয়ঃ সঙ্কর্ষণম্ ঊচুঃ,—যথা হে প্রভো। তে ত্বয়া অধর্ম্মঃ কৃতঃ ॥২৯

যাবৎকালেন এতৎ সত্রং যাগঃ সমাপ্যতে, তাবৎ কালম্ অস্য রোমহর্ষণং ব্রহ্মাসনম্ আত্মাক্লমম্ (আত্মনঃ দেহস্য ন ক্লমঃ শ্রমঃ যস্মিন্ তথাভূতং) আয়ুঃ চ অস্মাভিঃ এব দত্তম্ ॥৩০

অজানতা এব ত্বয়া যথা ব্রহ্মবধঃ আচরিতঃ কৃতঃ। যোগেশ্বরস্য ভবতঃ যদি হি নিয়ামকঃ আম্নায়ে বেদে অপি ন তথাপি হে লোকপাবন! যদি অনন্যচোদিতঃ স্বয়মেব এতস্যাঃ ব্রহ্মহত্যায়াঃ পাবনং প্রায়শ্চিত্তং ভবান্ চরিষ্যতি, তদা লোকসংগ্রহঃ (লোকানাং প্রায়শ্চিত্তে প্রবৃত্তিঃ) ভবিষ্যতি ॥৩১-৩২

পক্ষে প্রাণবধই প্রধান প্রায়শ্চিত্ত।২৪

মহর্ষি বেদব্যাসের শিষ্য হইয়া, এই ব্যক্তি ইতিহাস-পুরাণাদি অগণ্য ধর্ম্মশাস্ত্রের অধ্যয়ন প্রচুর পরিমাণে করিয়াছে বটে,—।২৫

কিন্তু ফলে কোন উপকারই তাহার হয় নাই। ঐন্দ্রজালিক নট যেমন পরের নিকট নানাপ্রকার ঐশ্বর্য্যের বিকাশ করিতে সক্ষম হইলেও, সেই সমস্ত ঐশ্বর্য্যে যেমন তাহার কোনরূপ নিজের ভোগ-সুখাদি ঘটে না, সেইরূপ অজিতেন্দ্রিয় পণ্ডিতাভিমানী এই অবিনীত রোমহর্ষণের যাবতীয় পুরাণাদি পাঠের বিদ্যায় কোনরূপ ফলের উৎপাদন করে নাই।২৬

দুষ্টের দমন ও শিষ্টের পালনার্থই যখন আমি দেহ পরিগ্রহে অবতীর্ণ হইয়াছি, তখন এতাদৃশ ধর্ম্মধ্বজীর আমার হস্তে নিহত হওয়াই প্রয়োজন। কারণ যাহারা নিজেরা পাপাচরণ করে, তাহারা লোকলজ্জার ভয়ে তাহা গোপনেই করিয়া থাকে। কিন্তু এই ধার্ম্মিকের ন্যায় বেশধারী ব্যক্তিগণ প্রকাশ্যে পাপের অনুষ্ঠান করায়, সাধারণ লোকেও তাহার অনুকরণ করিয়া থাকে; অতএব ধর্ম্মধ্বজী নিজে পাপ করে এবং অন্যকে পাপ পথে প্রবর্ত্তিত করিয়া থাকে, সুতরাং তাদৃশ ভীষণ পাপী ধর্ম্মধ্বজীর মৃত্যুই শ্রেয়ঃ।২৭

অহো! ভগবৎ-পদবাচ্য শ্রেষ্ঠ ব্যক্তিগণ কখন অসৎ কর্ম্মে প্রবৃত্ত না হইলেও, ভবিতব্যতার খণ্ডন করিতে পারেন না। সুতরাং ইচ্ছাপূর্ব্বক অসৎ কর্ম্মে প্রবৃত্ত না হইলেও, নিয়তির প্রেরণায়

শ্রীভগবানুবাচ।

করিষ্যে বধনির্বেশং লোকানুগ্রহকাম্যয়া।
নিয়মঃ প্রথমে কল্পে যাবান্ স তু বিধীয়তাম্ ॥৩৩

দীর্ঘমায়ুর্বতৈতস্য সত্ত্বমিন্দ্রিয়মেব চ।
আশাসিতং যত্তদ্ ব্রুত সাধয়ে যোগমায়য়া ॥৩৪

ঋষয় উচুঃ।

অস্ত্রস্য তব বীর্য্যস্য মৃত্যোরস্মাকমেব চ।
যথা ভবেদ্ বচঃ সত্যং তথা রাম বিধীয়তাম্ ॥৩৫

শ্রীভগবানুবাচ।

আত্মা বৈ পুত্র উৎপন্ন ইতি বেদানুশাসনম্।
তস্মাদস্য ভবেৎ বক্তা আয়ুরিন্দ্রিয়সত্ত্ববান্ ॥৩৬

শ্রীভগবান্ উবাচ। লোকানুগ্রহকাম্যয়া লোকসংগ্রহেচ্ছয়া অহম্ এতস্য বধস্য নির্ব্বিশেষং প্রায়শ্চিত্তং করিষ্যে করিষ্যামি, অতঃ প্রথমে কল্পে মুখ্যে পক্ষে যাবান্ নিয়মঃ, সঃ তু বিধীয়তাম্ উপদিশ্যতাম্ ॥৩৩

এতস্য রোমহর্ষণস্য দীর্ঘম্ আয়ুঃ, সত্ত্বং বলম্, ইন্দ্রিয়ম্ ইন্দ্রিয়পাটবং চ যৎ ভবদ্ভিঃ আশাসিতম্ অপেক্ষিতং, তৎ সর্ব্বং ব্রুত, অহং যোগমায়য়া অচিন্ত্যশক্ত্যা তৎ সর্ব্বং সাধয়ে সম্পাদয়িষ্যামি ॥৩৪

ঋষয়ঃ উচুঃ। হে রাম! তব অস্ত্রস্য তৎপ্রযুক্তকুশস্য তব বীর্য্যস্য প্রভাবস্য, মৃত্যোঃ তথা অস্মাকং চ যথা সত্যং ভবেৎ, তথা বিধীয়তাম্ ॥৩৫

শ্রীভগবান্ উবাচ। হে মুনয়ঃ! পুত্রঃ আত্মা এব উৎপন্নঃ অতঃ অস্য রোমহর্ষণস্য উগ্রশ্রবাঃ পুত্রঃ আয়ুরিন্দ্রিয়সত্ত্ববান্ পুরাণস্য বক্তা ভবেৎ ॥৩৬

ভগবান্ বলভদ্র স্বীয় হস্তস্থিত একটি কুশাগ্রের দ্বারা রোমহর্ষণকে আঘাত করিলেন; কিন্তু আশ্চর্য্যের বিষয়! সেই কুশাঘাতেই রোমহর্ষণের প্রাণত্যাগ হইল।২৮

এতদ্দর্শনে সমবেত মুনিগণ নিতান্ত ক্ষুব্ধ হইয়া, হাহাকার ধ্বনি করিতে লাগিলেন। তাঁহারা দেব সঙ্কর্ষণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রভো! অদ্য আপনি অত্যন্ত অধর্ম্ম কার্য্য করিয়াছেন।২৯

হে যদুনন্দন! যে পর্য্যন্ত আমাদের এই দীর্ঘ-কালব্যাপী যজ্ঞের সমাপন না হয়, ততকাল পর্য্যন্ত পুরাণ কথার দ্বারা ভগবান্ শ্রীহরির গুণানুকীর্ত্তন শ্রবণ করিবার অভিলাষে আমরা এই ব্যক্তিকে পরিশ্রমানুরূপ উপযুক্ত আয়ুঃ ও ব্রহ্মাসন প্রদানে পুরাণ-বক্তা রূপে নির্ণয় করিয়াছি। অতএব জন্মতঃ নিকৃষ্ট হইলেও, আমাদের প্রভাবে ইনি আপাততঃ ব্রাহ্মণ।৩০

আপনি তাহা না জানিয়া, ইহাকে বধ করত ব্রাহ্মণ-বধের কার্য্য করিয়াছেন। অবশ্য আপনার ন্যায় যোগেশ্বরের পক্ষে বেদেও কোন বিধি নিষেধ নাই সত্য।৩১

হে লোকপাবন! তথাপি আপনি যদি এই ব্রহ্মহত্যার জন্য প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করেন, তাহা হইলে সাধারণ লোকও আপনার অনুসরণে পাপ-কর্ম্মের জন্য প্রায়শ্চিত্তে অগ্রসর হইবে।৩২

ভগবান্ বলভদ্র বলিলেন,—হে ঋষিগণ! লোকোপকার মানসে আমি ব্রহ্মহত্যা-জনিত পাপের প্রায়শ্চিত্ত অবশ্যই করিব। অতএব মুখ্যকল্পে ইহার প্রায়শ্চিত্ত কি? আপনারা তাহার বিধান করুন্।৩৩

হে মুনিগণ! এই ব্যক্তির দীর্ঘ পরমায়ুঃ, বল, পটুতা এবং অন্য যে কিছু ইহাকে আপনারা প্রদান করিয়াছিলেন, বলুন! আমি যোগমায়ার দ্বারা তাহা সকলই ইহাকে প্রদান করিব।৩৪

ঋষিগণ বলিলেন,—হে রাম! এই ক্ষেত্রে আপনার নিজের ও প্রেরিত অস্ত্রের, সুতরাং মৃত্যুরও সত্যতা এবং আমাদের বাক্যেরও সত্যতা যাহাতে রক্ষিত হয়, তাদৃশ ব্যবস্থা আপনি করুন্।৩

কিং বঃ কামো মুনিশ্রেষ্ঠা ব্রূতাহং করবাণ্যথ।
অজানতস্ত্বপচিতিং তথা মে চিন্ত্যতাং বুধাঃ ॥৩৭

ঋষয় উচুঃ।

ইল্বলস্য সুতো ঘোরো বল্বলো নাম দানবঃ।
স দূষয়তি নঃ সত্রমেত্য পর্বণি পর্বণি ॥৩৮

তং পাপং জহি দাশার্হ তন্নঃ শুশ্রূষণং পরম্।
পূয়-শোণিত-বিণ্মূত্র-সুরা-মাংসাভিবর্ষিণম্ ॥৩৯

ততশ্চ ভারতং বর্ষং পরীত্য সুসমাহিতঃ।
চরিত্বা দ্বাদশ মাসাংস্তীর্থস্নায়ী বিশুধ্যসে ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮

হে মুনিশ্রেষ্ঠাঃ! বঃ যুষ্মাকং কিং বিষয়কঃ কামঃ সঃ কল্পঃ বর্ত্ততে তৎ ব্রূত, অহং তৎ অথ অনন্তরম্ এব করবাণি। ততঃ তু হে বুধাঃ! অপচিতিম্ (সূতহত্যাপ্রায়শ্চিত্তম্) অজানতঃ মে যথাবৎ প্রায়শ্চিত্তং চিন্ত্যতাং বিচার্য্য কথ্যতাম্ ॥৩৭

ঋষয়ঃ উচুঃ। ইল্বলস্য সুতঃ বল্বলঃ নাম ঘোরদানবঃ অস্তি। সঃ পর্ব্বণি পর্ব্বণি এত্য আগত্য নঃ অস্মাকং সত্রং সত্রসংজ্ঞকং যাগং দূষয়তি ॥৩৮

হে দাশার্হ! পূয়-শোণিত-বিণ্মূত্র-সুরা-মাংসাভিবর্ষিণং তং পাপং জহি; তৎ হননম্ এব নঃ অস্মাকং পরম্ উৎকৃষ্টং শুশ্রূষণং সেবনম্ ॥৩৯

ততঃ চ ভারতং বর্ষং পরীত্য সর্ব্বত্র ভ্রমণং কৃত্বা দ্বাদশান্ মাসান্ তীর্থস্নায়ী সন্ কৃচ্ছ্রাণি চরিত্বা বিশুধ্যসে ॥৪০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

ভগবান্ বলদেব বলিলেন,—আত্মাই পুত্ররূপে উৎপন্ন হয়, সেইরূপ বেদে প্রতিপাদিত আছে। অতএব উপযুক্তরূপ আয়ুঃ, ইন্দ্রিয়পটুতা ও বল লাভে ইহার পুত্র উগ্রশ্রবাঃ আপনাদের বক্তা হইবেন।৩৬

হে মুনিশ্রেষ্ঠগণ! আপনাদের যথেষ্ট ক্ষতি করিয়াছি বটে, কিন্তু এক্ষণে আমার কি করিতে হইবে, আদেশ করুন্! পরে অজ্ঞানতা-নিবন্ধন যে ব্রহ্মবধ করিয়াছি, তাহার প্রায়শ্চিত্তের ব্যবস্থাও আপনারাই করুন্।৩৭

ঋষিগণ বলিলেন,—ইল্বলের পুত্র বল্বল নামে একজন ভয়ঙ্কর দানব আছে। ঐ দানব প্রতি পূর্ণিমাদি পর্ব্বোপলক্ষে উপস্থিত হইয়া আমাদের যজ্ঞের ব্যাঘাত জন্মাইতেছে।৩৮

পূয়, শোণিত, বিষ্ঠা, মূত্র, সুরা এবং মাংসাদির নিক্ষেপণে ঐ দানব আমাদিগকে একান্ত বিব্রত করে। অতএব ঐ পাপিষ্ঠের বধ-সাধন করিলেই আমাদের যথেষ্ট ইষ্ট সাধন করা হয়।৩৯

এই কার্য্য করিবার পর সমাহিতচিত্তে সমগ্র ভারতভূমি পর্য্যটন করত দ্বাদশ মাস বিশেষ কৃচ্ছ্র-সাধ্য ব্রতের অনুষ্ঠানে তীর্থস্নায়ী হইলে, আপনি ব্রহ্মহত্যা পাপ হইতে নিষ্কৃতি পাইবেন।৪০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অষ্টসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনাশীতিতমঃ অধ্যায়ঃ।

[বলরামেণ বল্বলাসুরস্য বধঃ, সূতহত্যাজনিতদোষমার্জনায় বলরামস্য তীর্থেষু ভ্রমণং, দ্বারকায়ামাগমনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

ততঃ পর্বণ্যুপাবৃত্তে প্রচণ্ডঃ পাংশুবর্ষণঃ।
ভীমো বায়ুরভূৎ রাজন্ পূয়গন্ধস্তু সর্বশঃ॥১

ততোঽমেধ্যময়ং বর্ষং বল্বলেন বিনির্মিতম্।
অভবদ্ যজ্ঞশালায়াং সোঽন্বদৃশ্যত শূলধৃক্॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ততঃ পর্ব্বণি উপাবৃত্তে প্রাপ্তে সতি প্রচণ্ডঃ নিষ্ঠুরঃ, পাংশুবর্ষণঃ (পাংশূনি বর্ষতি ইতি) ভীমঃ ভয়ঙ্করঃ, পূয়গন্ধঃ দুর্গন্ধঃ, বায়ুঃ সর্ব্বতঃ অভূৎ। ততঃ চ বল্বলেন বিনির্ম্মিতম্ অমেধ্যময়ং বিণ্মূত্রাদিময়ং বর্ষং যজ্ঞশালায়াম্ অভবৎ। ততশ্চ শূলধৃক্ সঃ বল্বলঃ অন্বদৃশ্যত দৃষ্টঃ বভূব॥১-২

বৃহৎকায়ং (বৃহৎ কায়ঃ শরীরং যস্য তং) ভিন্নাঞ্জনচয়োপমং (ভিন্নঃ বিদীর্ণঃ অঞ্জনচয়ঃ উপমা যস্য তম্ অতিকৃষ্ণং)

তং বিলোক্য বৃহৎকায়ং ভিন্নাঞ্জনচয়োপমম্।
তপ্ততাম্রশিখাশ্মশ্রুং দংষ্ট্রোগ্রভ্রূকুটীমুখম্॥৩

সস্মার মুসলং রামঃ পরসৈন্যবিদারণম্।
হলং চ দৈত্যদমনং তে তূর্ণমুপতস্থতুঃ॥৪

তমাকৃষ্য হলাগ্রেণ বল্বলং গগনেচরম্।
মুসলেনাহনৎ ক্রুদ্ধো মূর্ধ্নি ব্রহ্মদ্রুহং বলঃ॥৫

অন্বয়ঃ

তপ্ততাম্রশিখা-শ্মশ্রুং (তপ্ততাম্রবৎ শিখাঃ শ্মশ্রূণি চ যস্য তং) দংষ্ট্রোগ্রভ্রূকুটীমুখং (দংষ্ট্রাভিঃ উগ্রাভ্যাং ভ্রূকুটিভ্যাং যুক্তং মুখং যস্য তং) তং বল্বলং বিলোক্য রামঃ পরসৈন্যবিদারণং (পরসৈন্যং বিদারয়তীতি তথাবিধং) মুসলং তথা দৈত্যদমনং (দৈত্যান্ দময়তীতি তথাবিধং) হলং চ সস্মার; তে চ হল-মুসলে তূর্ণং তৎক্ষণমেব উপজগ্মতুঃ সমীপম্ উপতস্থতুঃ॥৩-৪

গগনেচরম্ আকাশে স্থিতং তং ব্রহ্মদ্রুহং ব্রাহ্মণকুল-দ্রোহকর্ত্তারং বল্বলং হলাগ্রেণ আকৃষ্য ক্রুদ্ধঃ বলরামঃ মুসলেন মূর্দ্ধ্নি অহনৎ॥৫

একোনাশীতিতম অধ্যায়।

[বলরাম কর্ত্তৃক বল্বলাসুর বধ, সূতহত্যাজনিত দোষ মার্জ্জনের জন্য বলরামের তীর্থভ্রমণ এবং দ্বারকায় আগমন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র! অনন্তর সেই সময়ে পর্ব্ব-দিবস উপস্থিত হইলে, অকস্মাৎ যজ্ঞ-ক্ষেত্রের চতুর্দ্দিক হইতে পূয়াদি দুর্গন্ধবিশিষ্ট প্রচণ্ড ঝটিকা-বায়ু পাংশু বর্ষণ করত ভয়ানক বেগে প্রবাহিত হইতে আরম্ভ হইল।১

কিয়ৎকাল পরেই যজ্ঞশালার মধ্যে বল্বল নিক্ষিপ্ত বিষ্ঠা ও মূত্রাদি অমেধ্য দ্রব্যসমুদায় পতিত হইতে লাগিল এবং তাহার পরক্ষণেই শূল-হস্তে বল্বল উপস্থিত হইয়া বলরামের নয়নপথে নিপতিত হইল।২

অঞ্জনরাশির তুল্য ভয়ানক কৃষ্ণবর্ণ, তপ্ত-তাম্রবৎ শিখা ও শ্মশ্রুবিশিষ্ট, উগ্রদংষ্ট্রা, ভ্রূকুটী-কুটিল-মুখ, বৃহৎকলেবর সেই বল্বলকে অবলোকন করিয়া।৩

বলরাম পর-সৈন্য-বিনাশকারী মুষল এবং দৈত্য-দমন হলকে স্মরণ করিলেন। বলদেবের স্মরণ করা মাত্রেই উক্ত হল এবং মুষল তৎক্ষণাৎ তৎসমীপে উপনীত হইল।৪

তখন আকাশচারী সেই বল্বলকে হলাগ্রের দ্বারা আকর্ষণ করত, ক্রোধ-বিস্ফারিত-লোচনে মুষলের দ্বারা সেই ব্রাহ্মণকুলদ্রোহী বল্বলের মস্তকে বলরাম প্রচণ্ড বেগে আঘাত করিলেন।৫

সোঽপতদ্ ভুবি নির্ভিন্নললাটোঽস্রুক্ সমুৎসৃজন্।
মুঞ্চন্নার্তস্বরং শৈলো যথা বজ্রহতোঽরুণঃ ॥৬
সংস্তুত্য মুনয়ো রামং প্রযুজ্যাবিতথাশিষঃ।
অভ্যষিঞ্চন্ মহাভাগা বৃত্রঘ্নং বিবুধা যথা ॥৭
বৈজয়ন্তীং দদুর্মালাং শ্রীধামাম্লানপঙ্কজাম্।
রামায় বাসসী দিব্যে দিব্যান্যাভরণানি চ ॥৮
অথ তৈরভ্যনুজ্ঞাতঃ কৌশিকীমেত্য ব্রাহ্মণৈঃ।
স্নাত্বা সরোবরমগাদ্ যতঃ সরযূরাস্রবৎ ॥৯

(গৈরিকাদিভিঃ) অরুণঃ শৈলঃ বজ্রহতঃ সন্ যথা পততি তথা নিভিন্ন-ললাটঃ (নির্ভিন্নং ললাটং যস্য সঃ) বল্বলঃ অসৃক্ রুধিরং সমুৎসৃজন্ উদ্বমন্ আর্তস্বরং চ মুঞ্চন্ ভুবি অপতৎ ॥৬

(এবং তদ্বধেন সন্তুষ্টাঃ) মুনয়ঃ রামং সংস্তুত্য অবিতথাঃ যথার্থাঃ আশিষঃ প্রযুজ্য বিত্রঘ্নম্ ইন্দ্রং বিবুধাঃ দেবাঃ যথা অভ্যষিঞ্চন্, তথা মহাভাগাঃ রামম্ অভিষিঞ্চন্ স্নাপয়ামাসুঃ ॥৭

শ্রীধামাম্লানপঙ্কজাং (শ্রিয়ঃ শোভায়াঃ ধামনি অম্লানানি পঙ্কজানি যস্যাং তাং) বৈজয়ন্তীং বহুরূপ-পুষ্পরচিতাং মালাং দিব্যে বাসসী বস্ত্রে দিব্যানি আভরণানি চ রামায় দদুঃ ॥৮

তখন গৈরিকাদি রঙ্গে অরুণবর্ণ শৈল-শৃঙ্গ যেমন বজ্রাহত হইয়া ভীমরবে ভূতলে নিপতিত হয়, অদ্য বলদেবের মুষলাঘাতে বিচূর্ণ-মস্তক রক্তাক্ত-কলেবর বল্বল প্রচুর রক্ত বমন করত, মর্ম্মপীড়ক বেদনায় চিৎকার করত ধরণীপৃষ্ঠে নিপতিত হইল।৬

বল্বলের নিধনে মুনিগণ সন্তুষ্ট হইয়া, বলরামকে নানা প্রকারে আশীর্ব্বাদ করত বিশেষ প্রশংসা করিলেন এবং বৃত্রাসুরের নিধনে অমরবৃন্দ বৃত্রহারী দেবেন্দ্রকে যেরূপ অভিষিক্তি করিয়াছিলেন, সেই মহাভাগ মুনিগণও বলরামকে সেইরূপ সকলে একত্র মিলিত হইয়া অভিষিক্তি করিলেন।৭

স্বয়ং কমলার অমল আশ্রয়-স্বরূপ প্রফুল্ল কমল-বিশিষ্ট নানা-পুষ্প-গ্রথিত বৈজয়ন্তী মালা, অপূর্ব্ব বস্ত্রদ্বয় এবং দিব্য আভরণসমূহ বলরামকে তাঁহারা প্রদান করিলেন।৮

অনুস্রোতেন সরযূং প্রয়াগমুপগম্য সঃ।
স্নাত্বা সন্তর্প্য দেবাদীন্ জগাম পুলহাশ্রমম্।১০

গোমতীং গণ্ডকীং স্নাত্বা বিপাশাং শোণ আপ্লুতঃ।
গয়াং গত্বা পিতৄনিষ্ট্বা গঙ্গাসাগরসঙ্গমে ॥১১

উপস্পৃশ্য মহেন্দ্রাদ্রৌ রামং দৃষ্ট্বাভিবাদ্য চ।
সপ্তগোদাবরীং বেণাং পম্পাং ভীমরথীং ততঃ ॥১২

অথ বল্বল-বধানন্তরং তৈঃ মুনিভিঃ অভ্যনুজ্ঞাতঃ রামঃ ব্রাহ্মণৈঃ সহ কৌশিকীনদীম্ এত্য আগত্য তত্র স্নাত্বা ততঃ সরোবরম্ অগাৎ, যতঃ সরসঃ সরযূঃ আস্রবৎ উদগাৎ ॥৯

সঃ বলঃ সরযূম্ অনুস্রোতেন অনুলোমেন প্রয়াগম্ উপগম্য তত্র স্নাত্বা দেবাদীন্ সন্তর্প্য পুলহাশ্রমং শালগ্রামক্ষেত্রং জগাম ॥১০

ততঃ গোমতীং গণ্ডকীং বিপাশাং শোণহ্রদং স্নাত্বা গয়াং গত্বা পিতৄন্ ইষ্ট্বা গঙ্গাসাগরসঙ্গমে উপস্পৃশ্য মহেন্দ্রাদ্রৌ রামং দৃষ্ট্বা সংপূজ্য সপ্তগোদাবরীং বেণাং পম্পাং ভীমরথীং গত্বা ততঃ স্কন্দং দৃষ্ট্বা গিরিশালয়ং শ্রীশৈলং রামঃ যযৌ ॥১১-১২

মুনিগণের মনোঽভীষ্ট পূর্ণ হইলে বলদেব তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক তাঁহাদের অনুমতি লইয়া, ব্রাহ্মণগণের সমভিব্যাহারে কৌশকী তীর্থে গমন করিলেন। তথায় যথাবিধি স্নানাদি সমাপন করত, যে সরোবর হইতে সরযূ নদী উৎপন্ন হইয়াছে, সেই সরোবরে গমন করিলেন।৯

পরে তাহা হইতে সরযূর স্রোত অবলম্বনে অগ্রসর হইয়া প্রয়াগে উপনীত হইলেন। তথায় স্নান, দান, পূজা এবং দেবোদ্দেশে হোমাদি পুণ্য কর্ম্ম সমাপন করিয়া, হলধর পুলহাশ্রমে গমন করিলেন।১০

তৎপরে ক্রমশঃ গোমতী, গণ্ডকী, বিপাশা এবং শোণে অবগাহন ও স্নানাদি করিয়া গয়াক্ষেত্রে গমন করিলেন এবং তথায় পিতৃলোকের উদ্দেশে শ্রাদ্ধ ও ব্রাহ্মণ-ভোজনাদি করাইয়া গঙ্গাসাগর-সঙ্গমে উপস্থিত হইলেন।১১

স্কন্দং দৃষ্ট্বা যযৌ রামঃ শ্রীশৈলং গিরিশালয়ম্।
দ্রবিড়েষু মহাপুণ্যং দৃষ্ট্বাদ্রিং বেঙ্কটং প্রভুঃ ॥১৩
কামকোষ্ণীং পুরীং কাঞ্চীং কাবেরীং চ সরিদ্বরাম্।
শ্রীরঙ্গাখ্যং মহাপুণ্যং যত্র সন্নিহিতো হরিঃ ॥১৪
ঋষভাদ্রিং হরেঃ ক্ষেত্রং দক্ষিণাং মথুরাং তথা।
সামুদ্রং সেতুমগমন্মহাপাতকনাশনম্ ॥১৫
তত্রাযুতমদাদ্ ধেনূর্ব্রাহ্মণেভ্যো হলায়ুধঃ।
কৃতমালাং তাম্রপর্ণীং মলয়ং চ কুলাচলম্ ॥১৬

তত্রাগস্ত্যং সমাসীনং নমস্কৃত্যাভিবাদ্য চ।
যোজিতস্তেন চাশীর্ভিরনুজ্ঞাতো গতোঽর্ণবম্।
দক্ষিণং তত্র কন্যাখ্যাং দুর্গাং দেবীং দদর্শ সঃ ॥১৭
ততঃ ফাল্গুনমাসাদ্য পঞ্চাপ্সরসমুত্তমম্।
বিষ্ণুঃ সন্নিহিতো যত্র স্নাত্বাস্পর্শদ্ গবাযুতম্ ॥১৮
ততোঽভিব্রজ্য ভগবান্ কেরলাংস্তু ত্রিগর্তকান্।
গোকর্ণাখ্যং শিবক্ষেত্রং সান্নিধ্যং যত্র ধূর্জটেঃ ॥১৯

ততঃ মহাপুণ্যং বেঙ্কটম্ অদ্রিং দ্রবিড়েষু দৃষ্ট্বা প্রভুঃ রামঃ কামকোষ্ণীং কাঞ্চীং পুরীং সরিদ্বরাং কাবেরীম্। ততঃ মহাপুণ্যং শ্রীরঙ্গাখ্যং ক্ষেত্রং যযৌ—যত্র হরিঃ সন্নিহিতঃ। ততঃ হরেঃ ক্ষেত্রম্ ঋষভাদ্রিং তথা দক্ষিণাং মথুরাং, ততঃ মহাপাতকনাশনং সামুদ্রং সেতুম্ অগমৎ। তত্র হলায়ুধঃ অযুতং ধেনূঃ ব্রাহ্মণেভ্যঃ অদাৎ। ততঃ কৃতমালাঃ তাম্রপর্ণী মলয়ং, কুলাচলং গত্বা তত্র সমাসীনম্ অগস্ত্যং নমস্কৃত্য অভিবাদ্য তেন আশীর্ভিঃ যোজিতঃ অনুজ্ঞাতঃ চ দক্ষিণম্ অর্ণবং সমুদ্রং গতঃ। তত্রঃ কন্যাখ্যাং দুর্গাং দেবীং সঃ দদর্শ ॥১৩-১৭

ততঃ ফাল্গুনম্ অনন্তপুরম্, উত্তমং পঞ্চাপ্সরসং চ আসাদ্য তত্র স্নাত্বা গবাম্ অযুতম্ অস্পর্শৎ (ব্রাহ্মণেভ্যঃ অস্পর্শয়ৎ) ॥১৮

ততঃ ভগবান্ রামঃ কেরলান্ ত্রিগর্ত্তকান্ দেশান্ অভিব্রজ্য যত্র ধূর্জটেঃ শিবস্য সান্নিধ্যম্ অস্তি, তৎ গোকর্ণাখ্যং শিবক্ষেত্রম্ অগমৎ ॥১৯

তথায় স্নান করিয়া পুরুষোত্তম-ক্ষেত্রে গমন করিলেন এবং জগন্নাথকে দর্শন ও পূজাদি করিয়া, পর্ব্বতস্থ পরশুরাম মূর্ত্তি দর্শন করিলেন; তথা হইতে সপ্ত গোদাবরী, বেণা, পম্পা ও ভীমরথীতে গমন করিলেন।১২

তথায় কার্ত্তিকেয়কে দর্শন করিয়া, বলরাম গিরিশালয় শ্রীপর্ব্বতে যাত্রা করিলেন। সেইস্থান হইতে দ্রবিড়দেশে পুণ্যপ্রদ বেঙ্কট নামক পর্ব্বত দর্শন করিয়া যথাক্রমে কামকোষ্ণী, কাঞ্চীপুরী এবং সরিদ্বরা কাবেরীতে গমন করিলেন।

অনন্তর যে স্থানে শ্রীভগবান্ সর্ব্বদা বিরাজমান, শ্রীরঙ্গনামক সেই পবিত্র তীর্থে গমন করিলেন; পরে হরির ক্ষেত্র ঋষভ পর্ব্বত এবং দক্ষিণ মথুরাতে গমন করিলেন।

এবং মহাপাতক-নাশন সমুদ্র-তীরবর্ত্তী সেতুবন্ধে গমন করিলেন; তথায় বলরাম অযুত গাভী ব্রাহ্মণগণকে দান করিয়াছিলেন।

তৎপরে হলায়ুধ ক্রমান্বয়ে কৃতমালা, তাম্রপর্ণী ভ্রমণ করত মলয়পর্ব্বতে উপনীত হইলেন; তথায় সমাসীন মহামুনি অগস্ত্যকে অবলোকন করিয়া তাঁহাকে প্রণাম করত অভিবাদন করিলেন।

অগস্ত্য তাঁহাকে আশীর্ব্বাদ করত অনুমতি করিলে, বলরাম দক্ষিণসমুদ্রে যাত্রা করিলেন এবং তথায় কন্যানাম্নী দুর্গাদেবী দর্শন করিলেন।১৩-১৭

তথা হইতে অনন্তপুরে গমন করিলেন, তথায় বিষ্ণুর নিত্য বিরাজ করিবার ভূমি পঞ্চাপ্সর নামক উৎকৃষ্ট তীর্থে উপনীত হইয়া অযুত ধেনু ব্রাহ্মণ-গণকে দান করিলেন।১৮

অনন্তর দেব সঙ্কর্ষণ কেরল এবং ত্রিগর্ত্তক দেশসমূহ অতিক্রম করিয়া গোকর্ণ নামক শিবক্ষেত্রে উপনীত হইলেন। এই পুণ্যক্ষেত্রে ভগবান্ ধূর্জটি নিত্য বিরাজ করিতেছেন।১৯

আর্য্যাং দ্বৈপায়নীং দৃষ্ট্বা শূর্পারকমগাদ্ বলঃ।
তাপীং পয়োষ্ণীং নির্বিন্ধ্যামুপস্পৃশ্যাথ দণ্ডকম্ ॥২০

প্রবিশ্য রেবামগমৎ যত্র মাহিষ্মতী পুরী।
মনুতীর্থমুপস্পৃশ্য প্রভাসং পুনরাগমৎ ॥২১

শ্রুত্বা দ্বিজৈঃ কথ্যমানং কুরুপাণ্ডবসংযুগে।
সর্বরাজন্যনিধনং ভারং মেনে হৃতং ভুবঃ ॥২২

দ্বৈপায়নীম্ (দ্বীপম্ অয়নং যস্যাঃ তাং) আর্য্যাং দেবীং দৃষ্ট্বা শূর্পারকং ক্ষেত্রং বলঃ অগাৎ। ততঃ তাপীং পয়োষ্ণীং নির্ব্বিন্ধ্যাম্ উপস্পৃশ্য দণ্ডকম্ অরণ্যং প্রবিশ্য রেবাং নর্ম্মদাং নদীম্ অগমৎ, তত্র রেবাতীরে মাহিষ্মতী পুরী বর্ত্ততে। ততঃ মনুতীর্থম্ উপস্পৃশ্য পুনঃ প্রভাসম্ আগমৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২০-২১

তত্র প্রভাসে দ্বিজৈঃ কথ্যমানং কুরুপাণ্ডবসংযুগে সর্ব্বেষাং বহূনাং তত্রাগতানাং রাজ্ঞাং নিধনং নাশং শ্রুত্বা ভগবতা ভুবঃ ভারং হৃতম্ ইতি বলরামঃ মেনে ॥২২

পরে দ্বীপ-নিবাসিনী আর্য্যা দেবীকে দর্শন করিয়া, বলরাম শূর্পারক তীর্থে গমন করিলেন এবং যথাক্রমে তাপী, পয়োষ্ণী এবং নির্ব্বিন্ধ্যাতে অবগাহন এবং যথাবিধি সন্ধ্যা তর্পণাদি সমাপন করিয়া দণ্ডকারণ্যে প্রবেশ করিলেন।২০

দণ্ডকারণ্য হইতে রেবা (নর্ম্মদা) তীরে উপনীত হইলেন। এই নর্ম্মদাতীরেই যেখানে মাহিষ্মতী পুরী এখনও বিদ্যমান রহিয়াছে। তদনন্তর মনুতীর্থে স্নানাদি করিয়া পুনর্ব্বার তিনি প্রভাসে গমন করিলেন।২১

বলরাম প্রভাসক্ষেত্রে উপস্থিত হইয়া, ব্রাহ্মণগণের মুখে যখন শ্রবণ করিলেন যে, কুরু-পাণ্ডবগণের ভীষণ সংগ্রামে সমবেত রাজন্যবর্গ প্রায় সকলেই নিহত হইয়াছেন, তখন তিনি জগচ্চিন্তামণির ভূভারহরণেচ্ছার পূর্ণ স্ফূর্ত্তি বলিয়াই অবধারণ করিলেন।২২

স ভীম-দুর্য্যোধনয়োর্গদাভ্যাং যুধ্যতোর্মৃধে।
বারয়িষ্যন্ বিনশনং জগাম যদুনন্দনঃ ॥২৩

যুধিষ্ঠিরস্তু তং দৃষ্ট্বা যমৌ কৃষ্ণার্জ্জুনাবপি।
অভিবাদ্যাভবংস্তূষ্ণীং কিংবিবক্ষুরিহাগতঃ ॥২৪

গদাপাণী উভৌ দৃষ্ট্বা সংরব্ধৌ বিজয়ৈষিণৌ।
মণ্ডলানি বিচিত্রাণি চরন্তাবিদমব্রবীৎ ॥২৫

তদা সঃ যদুনন্দনঃ রামঃ মৃধে গদাভ্যাং যুধ্যতোঃ ভীম-দুর্য্যোধনয়োঃ বারয়িষ্যন্ বারয়িতুং বিনশনং কুরুক্ষেত্রং জগাম ॥২৩

যুধিষ্ঠিরঃ যমৌ নকুল-সহদেবৌ, কৃষ্ণার্জ্জুনৌ চ তং রামং দৃষ্ট্বা তম্ অভিবাদ্য কিং বিবক্ষুঃ সঃ ইহ আগতঃ ইতি সংশয়ম্ আপন্নাঃ ভীতাঃ সন্তঃ তূষ্ণীম্ অভবন্ ॥২৪

সংরব্ধৌ ক্রুদ্ধৌ অতএব বিজয়ৈষিণৌ বিজয়ম্ আকাঙ্ক্ষমাণৌ অতঃ গদাপাণী তথা বিচিত্রাণি মণ্ডলানি চরন্তৌ উভৌ ভীম-দুর্যোধনৌ দৃষ্ট্বা ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ ॥২৫

এদিকে কেবল ভীমসেন এবং দুর্য্যোধন গদাযুদ্ধে নিযুক্ত আছেন শুনিয়া, তাঁহাদের উভয়কে নিবারণের অভিলাষে কুরুক্ষেত্রে যাত্রা করিলেন।২৩

তথায় যদুনন্দন বলরামকে উপনীত অবলোকন করিয়া, রাজা যুধিষ্ঠির, নকুল-সহদেব এবং কৃষ্ণার্জ্জুন সকলেই প্রণাম এবং অভিবাদনাদি করিলেন; কিন্তু কি বলিবার অভিপ্রায়ে বলরাম তথায় উপস্থিত হইয়াছেন, তাহা জানিতে না পারায়, ভয়ে কেহ কিছু তাঁহাকে জিজ্ঞাসা না করিয়া তূষ্ণীম্ভাবেই অবস্থান করিলেন।২৪

এদিকে জয়-লাভের কামনায় গদাহস্তে উভয় বীর ভীম এবং দুর্য্যোধন দ্বন্দ্বযুদ্ধে উন্মত্ত হইয়া, পরস্পরে মণ্ডলাকারে বিচরণ করিতেছেন নিরীক্ষণ করিয়া, হলায়ুধ উভয়কে সম্বোধন করত বলিলেন—।২৫

যুবাং তুল্যবলৌ বীরৌ হে রাজন্ হে বৃকোদর।
একং প্রাণাধিকং মন্যে উতৈকং শিক্ষয়াধিকম্ ॥২৬
তস্মাদেকতরস্যেহ যুবয়োঃ সমবীর্য্যয়োঃ।
ন লক্ষ্যতে জয়োঽন্যো বা বিরমত্বফলো রণঃ ॥২৭
ন তদ্‌বাক্যং জগৃহতুর্বদ্ধবৈরৌ নৃপার্থবৎ।
অনুস্মরন্তাবন্যোন্যং দুরুক্তং দুষ্কৃতানি চ ॥২৮

হে রাজন্ দুর্য্যোধন। হে বৃকোদর ভীম। যুবাং তুল্যবলৌ বীরৌ; একং ভীমং (দুর্য্যোধনাৎ) প্রাণাধিকং (প্রাণেন বলেন অধিকং) মন্যে উত অথ চ একং দুর্য্যোধনং শিক্ষয়া (ময়া কৃতয়া গদাপ্রহার-নৈপুণ্যেন) অধিকং মন্যে ॥২৬

তস্মাৎ সমবীর্য্যয়োঃ যুবয়োঃ অন্যতরস্য ইহ যুদ্ধে জয়ঃ অন্যঃ পরাজয়ঃ বা ভবিষ্যতি ইতি ন লক্ষ্যতে। অতঃ নিষ্ফলঃ অয়ং রণঃ যুদ্ধং বিরমতু ॥২৭

হে নৃপ। যদ্যপি তস্য রামস্য বাক্যম্ অর্থবৎ যুক্তিযুক্তং, তথাপি অন্যোঽন্যং দুরুক্তং দুষ্কৃতানি চ অনুস্মরন্তৌ অতঃ বদ্ধবৈরৌ তৌ তৎ ন জগৃহতুঃ ॥২৮

অহে বীরদ্বয়। তোমরা উভয়েই তুল্য বলী হইয়া বৃথা কেন বিজয়ের প্রার্থনায় প্রকৃত অনিষ্টকর এই যুদ্ধে নিযুক্ত রহিয়াছ। হে রাজন্ দুর্য্যোধন। হে বৃকোদর। তোমাদের উভয়ের মধ্যে বৃকোদর যেমন বলে অধিক, দুর্য্যোধন সেইরূপ শিক্ষায় অধিক। আমারই সমীপে দুর্য্যোধন যেরূপ গদাযুদ্ধ শিক্ষা করিয়াছেন, ভীম সেরূপ প্রয়োগ-প্রণালী না জানিলেও, বলে তদপেক্ষা অধিক বলবান্ বলিয়া আমি মনে করি। (বিশেষতঃ ভীমসেন আমার সম্পর্কে যেমন প্রাণাধিক, দুর্য্যোধন আমার শিষ্যত্ব নিবন্ধনও প্রাণাধিক)। অতএব তোমরা উভয়েই আমার নিকট তুল্যবলী ও তুল্য প্রিয় বলিয়া জ্ঞান হইতেছে।২৬

অতএব সমবীর্য্য উভয়ের মধ্যে এই যুদ্ধে কোন নির্দ্দিষ্ট ফল লাভের সম্ভাবনা দেখি না। ইহাতে যে কেহ একজন যে, অন্যকে সম্পূর্ণ পরাজয় করিয়া নিজে সুস্থদেহে জয়ী হইতে পারিবে, এরূপ বোধ হয় কাহাকেও লক্ষ্য হয় না। সুতরাং ঈদৃশ নিষ্ফল রণ হইতে তোমরা প্রতিনিবৃত্ত হও, ইহাই আমার অভিলাষ।২৭

হে রাজন্। বলদেবের বাক্য যুক্তিযুক্ত হইলেও, পরস্পরের কটূক্তি শ্রবণে এবং অত্যাচার সহ্য করিয়া, ভীম এবং দুর্য্যোধন উভয়ের হৃদয় এতই ব্যথিত হইয়াছিল এবং পরস্পরের প্রতি বৈরতাসাধনে পরস্পরে এতই কৃত-সংকল্প হইয়াছিল যে, বলদেবের বাণী তাঁহাদের হৃদয়ে স্পর্শ করিতেও সমর্থ হইল না। তাঁহারা পূর্ব্ববৎ যুদ্ধ করিতে লাগিলেন।২৮

দিষ্টং তদনুমন্বানো রামো দ্বারবতীং যযৌ।
উগ্রসেনাদিভিঃ প্রীতৈর্জ্ঞাতিভিঃ সমুপাগতঃ ॥২৯
তং পুনর্নৈমিষং প্রাপ্তমৃষয়োঽযাজয়ন্ মুদা।
ক্রত্বঙ্গং ক্রতুভিঃ সর্ব্বৈর্নিবৃত্তাখিলবিগ্রহম্ ॥৩০
তেভ্যো বিশুদ্ধবিজ্ঞানং ভগবান্ ব্যতরদ্ বিভুঃ।
যেনৈবাত্মন্যদো বিশ্বমাত্মানং বিশ্বগং বিদুঃ ॥৩১

তৎ স্ববাক্যাগ্রহণং দিষ্টং প্রাচীনকর্ম্মপ্রযুক্তং মন্বানঃ রামঃ দ্বারবতীং গতঃ। তত্র উগ্রসেনাদিভিঃ প্রীতৈঃ জ্ঞাতিভিঃ সমুপাগতঃ সম্মিলিতঃ বভূব ॥২৯

এবং (তীর্থস্নানাদিভিঃ) নিবৃত্তাখিলবিগ্রহং (নিবৃত্তঃ অখিলঃ বিগ্রহঃ কলহঃ তৎপ্রযুক্তঃ দোষঃ যস্য তং) ক্রত্বঙ্গং যজ্ঞমূর্ত্তিং পুনঃ নৈমিষং প্রাপ্তং তং রামম্ ঋষয়ঃ মুদা হর্ষেণ সর্ব্বৈঃ ক্রতুভিঃ অযাজয়ন্ ॥৩০

এতদ্দর্শনে বলরাম বুঝিলেন যে, অদৃষ্টই ইহাদিগকে যুদ্ধে নিয়োজিত করিতেছে; ইহাদিগকে নিবারণের চেষ্টা করা বৃথা পণ্ডশ্রম মাত্র। এই ভাবিয়া তিনি আর কিছু না বলিয়া দ্বারবতীতে প্রস্থান করিলেন। তথায় উগ্রসেনাদি জ্ঞাতিবর্গের সহিত মিলিত হইয়া বিশেষ তৃপ্তিলাভে কিয়ৎকাল অতিবাহিত করিলেন।২৯

তীর্থযাত্রা প্রসঙ্গে বহুকাল প্রবাসে থাকায়, বলদেবের হৃদয়ে কুরু-কলহের গন্ধমাত্রও স্পর্শ করে

স্বপত্ন্যাবভৃথস্নাতো জ্ঞাতিবন্ধুসুহৃদ্‌বৃতঃ।
রেজে স্বজ্যোৎস্নয়েবেন্দুঃ সুবাসাঃ সুষ্ঠ্বলঙ্কৃতঃ ॥৩২

ঈদৃগ্‌বিধান্যসংখ্যানি বলস্য বলশালিনঃ।
অনন্তস্যাপ্রমেয়স্য মায়ামর্ত্ত্যস্য সন্তি হি ॥৩৩

যোঽনুস্মরেত রামস্য কর্ম্মাণ্যদ্ভুতকর্ম্মণঃ।
সায়ং প্রাতরনন্তস্য বিষ্ণোঃ স দয়িতো ভবেৎ ॥৩৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোনাশীতিতমোঽধ্যায়ঃ ॥৭৯

বিভুঃ ভগবান্ বলরামঃ তেভ্যঃ ঋষিভ্যঃ বিশুদ্ধং বিজ্ঞানং ব্যতরৎ দদৌ, যেন জ্ঞানেন আত্মনি অদঃ বিশ্বং, তথা বিশ্বগং (বিশ্বং গচ্ছতি ব্যাপ্য তিষ্ঠতি ইতি তথাভূতম্ আত্মানং) চ তে ঋষয়ঃ বিদুঃ সাক্ষাৎ কুর্য্যুঃ ॥৩১

স্বপত্ন্যা রেবত্যা সহ অবভৃথস্নাতঃ কৃতাবভৃথাখ্যস্নানঃ সুবাসাঃ সুষ্ঠ্বলঙ্কৃতঃ জ্ঞাতিবন্ধুসুহৃদ্‌বৃতঃ রামঃ স্বজ্যোৎস্নয়া ইন্দুঃ চন্দ্রঃ ইব রেজে ॥৩২

ঈদৃগ্‌বিধানি উক্তপ্রকারকাণি অসংখ্যানি এব কর্ম্মাণি অনন্তস্য অপ্রমেয়স্য মায়য়া স্বীকৃতমনুষ্যবিগ্রহস্য বলশালিনঃ বলস্য হি নিশ্চিতঃ সন্তি ॥৩৩

অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতানি আশ্চর্য্যকরাণি কর্ম্মাণি যস্য তস্য) অনন্তস্য শেষাবতারস্য, রামস্য কর্ম্মাণি যঃ পুমান্ সায়ং প্রাতঃ অনুস্মরেত, সঃ ভগবতঃ বিষ্ণোঃ দয়িতঃ প্রিয়ঃ ভবেৎ ॥৩৪

॥ ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একোনাশীতিতমোঽধ্যায়ঃ ॥

নাই। সুতরাং কিছু দিন গৃহে বাস করিয়াই তিনি পুনরায় নৈমিষারণ্যে যাত্রা করিলেন। তথায় ঋষিগণ সাক্ষাৎ যজ্ঞাধিষ্ঠাতা অনন্তদেবকে প্রত্যক্ষে অবলোকন করিয়া, সর্ব্ববিধ যজ্ঞের দ্বারা তাঁহার অর্চ্চনা করিলেন।৩০

ভগবান্ সঙ্কর্ষণও প্রসন্ন হইয়া, বিশুদ্ধ নির্ম্মল জ্ঞান তাঁহাদিগকে প্রদান করিলেন; যে জ্ঞানের প্রসাদে মুক্ত জীব নিত্যানন্দ ব্রহ্মচৈতন্যে জগৎ-স্বরূপ এবং ব্রহ্মচৈতন্য জগদ্‌ব্রহ্মাণ্ডে অনুস্যূত প্রত্যক্ষ করিয়া থাকেন।৩১

পরে স্বকীয়-পত্নী রেবতীর সহ অবভৃথ স্নান করিয়া, জ্ঞাতি ও সুহৃদ্‌বন্ধুগণে পরিবৃত এবং বস্ত্রালঙ্কারাদি-শোভিত ভগবান্ বলদেব জ্যোৎস্নামণ্ডল-মণ্ডিত পূর্ণ-শশধরের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন।৩২

অপ্রমেয় লীলা-মনুষ্য-বিগ্রহ অনন্ত-বলশালী সাক্ষাৎ অনন্তস্বরূপ ভগবান্ বলদেবের এতাদৃশ অসংখ্য লীলাচরিত্র (জগতে অদ্যাপি প্রচারিত) আছে।৩৩

যে ব্যক্তি এই অদ্ভুতকর্ম্মা ভগবান্ অনন্তদেব বলরামের লীলাকর্ম্ম সায়ংকালে ও প্রাতঃকালে প্রযত্ন-সহকারে পাঠ করেন, তিনি ভগবান্ বিষ্ণুর প্রিয়পাত্র হন।৩৪

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একোনাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অশীতিতমঃ অধ্যায়ঃ।

[পরমভাগবতস্য সুদাম্ন উপাখ্যানম্ ।]

রাজোবাচ।

ভগবন্ যানি চান্যানি মুকুন্দস্য মহাত্মনঃ।
বীর্য্যাণ্যনন্তবীর্যস্য শ্রোতুমিচ্ছামহে প্রভো ॥১

কো নু শ্রুত্বাসকৃদ্ ব্রহ্মন্নুত্তমশ্লোকসৎকথাঃ।
বিরমেত বিশেষজ্ঞো বিষণ্ণঃ কামমার্গণৈঃ ॥২

সা বাগ্ যয়া তস্য গুণান্ গৃণীতে
করৌ চ তৎকর্মকরৌ মনশ্চ।
স্মরেদ্ বসন্তং স্থিরজঙ্গমেষু
শৃণোতি তৎপুণ্যকথাঃ স কর্ণঃ ॥৩

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! অনন্তবীর্য্যস্য মহাত্মনঃ প্রভোঃ মুকুন্দস্য যানি অন্যানি বীর্য্যাণি সন্তি, তানি শ্রোতুং বয়ম্ ইচ্ছামহে ইচ্ছাম ॥১

হে ব্রহ্মন্! উত্তমশ্লোকসৎকথাঃ (উত্তমশ্লোকস্য অবিদ্যা-নিবর্ত্তকযশসঃ কৃষ্ণস্য সত্যাঃ দোষনিবর্ত্তিকাঃ কথাঃ) অসকৃৎ বারংবারং শ্রুত্বাপি কামমার্গণৈঃ বিষয়ান্বেষণৈঃ বিষণ্ণঃ বিষাদং প্রাপ্তঃ কঃ নু বিশেষজ্ঞঃ বিবেকী বিরমেত ন কোঽপীত্যর্থঃ ॥২

যয়া বাচা তস্য গুণান্ গৃণীতে কথয়তি, সা এব বাক্ সফলা ইতি। তস্য ভগবতঃ কর্ম্মকরৌ (যজ্ঞানুষ্ঠানাদিরূপং কর্ম্ম কুরুতঃ ইতি তথাভূতৌ) করৌ এব সফলৌ। স্থিরেষু জঙ্গমেষু চ অন্তরাত্মতয়া বসন্তং ভগবন্তম্ এব যৎ মনঃ স্মরেৎ তৎ এব সফলং, তথা তস্য ভগবতঃ পুণ্যকথাঃ যঃ শৃণোতি সঃ কর্ণঃ এব সফলঃ জ্ঞেয়ঃ ॥৩

অশীতিতম অধ্যায়।

[পরম ভাগবত সুদামার উপাখ্যান।]

রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবকে সম্বোধন করিয়া বলিলেন,—হে ভগবন্! অনন্তবীর্য্য প্রভু মুক্তিদাতা মহাত্মা শ্রীকৃষ্ণের অলৌকিক যে সমস্ত বীর্য্যের পরিচায়ক লীলাব্যাপার জগতে বর্ণিত আছে, সেই সমস্ত শ্রবণের জন্য আমার একান্ত বাসনা জন্মিতেছে; আপনি অনুগ্রহ করিয়া তাহা আমার নিকট বর্ণন করুন্।১

হে ব্রহ্মন্! এই সংসারে অভীষ্ট ফল লাভের প্রার্থনায় নিরন্তর পরিশ্রম করিলেও বৃথা পরিশ্রম ও গ্লানি ঘটাব্যতীত কোন বিশেষ ফল যে লাভ করা যায় না, তাহা বিশেষরূপে যাঁহারা পরিজ্ঞাত আছেন, তাদৃশ বিচক্ষণ কোন্ ব্যক্তি উত্তমশ্লোক ভগবানের নিত্যানন্দ-দায়িনী সত্য লীলাকথা বারংবার শ্রবণ না করিয়া, বিরত থাকিতে পারেন?২

অহো! এই ইন্দ্রিয়াদি দেহবর্গ লাভে এরূপ উপায় অবলম্বন করা প্রয়োজন, যাহাতে ইহাদের সার্থকতা ঘটে; যে বাণী ভগবানের লীলাগান করিতে পারে, সেই বাণীই সফলা; যে হস্ত তাঁহার যজ্ঞাদির অর্চ্চনা-বিধিতে ব্যস্ত থাকে, তাহাই প্রকৃত হস্ত এবং যে মন স্থাবর-জঙ্গমাত্মক বস্তু-নিচয়ে অন্তর্যামিরূপে বিদ্যমান শ্রীভগবান্‌কে স্মরণ করে, সেই প্রকৃত মন এবং যে কর্ণ তাঁহার পবিত্র পুণ্য-গাথা শ্রবণ করে, সেই কর্ণই প্রকৃত প্রস্তাবে সফল বলিয়া স্বীকার করিতে হয়।৩

শিরস্তু তস্যোভয়লিঙ্গমানমে-
ত্তদেব যৎ পশ্যতি তদ্ধি চক্ষুঃ।
অঙ্গানি বিষ্ণোরথ তজ্জনানাং
পাদোদকং যানি ভজন্তি নিত্যম্ ॥৪

সূত উবাচ।

বিষ্ণুরাতেন সম্পৃষ্টো ভগবান্ বাদরায়ণিঃ।
বাসুদেবে ভগবতি নিমগ্নহৃদয়োঽব্রবীৎ ॥৫

তস্য উভয়লিঙ্গং চরাচরাত্মকং লিঙ্গং শরীরং যৎ আনমেৎ তৎ এব শিরঃ সফলং, তথা তদুভয়ং যৎ পশ্যতি তৎ হি চক্ষুঃ সফলম্। অথ বিষ্ণোঃ তস্য জনানাং ভক্তানাং চ পাদোদকং নিত্যং যানি ভজন্তি, তানি অঙ্গানি এবং সফলানি ॥৪

সূতঃ উবাচ। বিষ্ণুরাতেন পরীক্ষিতা সংপৃষ্টঃ ভগবান্ বাদরায়ণিঃ শুকঃ ভগবতি বাসুদেবে শ্রীকৃষ্ণে নিমগ্নহৃদয়ঃ (নিমগ্নম্ আসক্তং হৃদয়ং যস্য যথাবিধঃ সন্) অব্রবীৎ ॥৫

শ্রীশুকঃ উবাচ। ইন্দ্রিয়ার্থেষু বিরক্তঃ, জিতেন্দ্রিয়ঃ প্রশান্তাত্মা (প্রশান্তঃ রাগলোভাদি-রহিতঃ আত্মা অন্তঃকরণং

স্থাবর-জঙ্গমভেদে দ্বিবিধ পদার্থকে ভগবান্ নারায়ণের কলেবর-জ্ঞানে যে মস্তক এতদুভয়কে প্রণামার্থ প্রস্তুত থাকে, সেই মস্তকই প্রকৃত মস্তক এবং যে চক্ষু এই উভয়ের অন্তরে ভগবদ্ভাব অবলোকন করে, সেই প্রকৃত চক্ষুঃ। যে সকল অঙ্গ শ্রীহরির চরণামৃত এবং ভগবদ্ভক্তের পাদোদক নিত্য স্বীকার করে, সেই সকল অঙ্গই সংসারে অঙ্গ বলিয়া পরিচিত।৪

সুত তখন ঋষিগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে ঋষিবৃন্দ! ব্যাসনন্দন ভগবান্ শুকদেব রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, মনে মনে ভগবান্ বাসুদেবের গভীর তত্ত্বে চিত্ত সমর্পণ পূর্ব্বক বলিতে আরম্ভ করিলেন—।৫

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! বেদার্থ-পারদর্শী প্রশান্তাত্মা জিতেন্দ্রিয় এবং বিষয়াসক্তিশূন্য শ্রীদাম নামে একজন ব্রাহ্মণ ভগবান্ শ্রীকৃষ্ণের একজন সখা ছিলেন।৬

শ্রীশুক উবাচ।

কৃষ্ণস্যাসীৎ সখা কশ্চিদ্ ব্রাহ্মণো ব্রহ্মবিত্তমঃ।
বিরক্ত ইন্দ্রিয়ার্থেষু প্রশান্তাত্মা জিতেন্দ্রিয়ঃ ॥৬
যদৃচ্ছয়োপপন্নেন বর্ত্তমানো গৃহাশ্রমী।
তস্য ভার্য্যা কুচৈলস্য ক্ষুৎক্ষামা চ তথাবিধা ॥৭
পতিব্রতা পতিং প্রাহ ম্লায়তা বদনেন সা।
দরিদ্রা সীদমানা সা বেপমানাভিগম্য চ ॥৮

যস্য সঃ) ব্রহ্মবিত্তমঃ ব্রহ্মবিদাং শ্রেষ্ঠঃ, কশ্চিৎ ব্রাহ্মণঃ কৃষ্ণস্য সখা আসীৎ ॥৬

যদৃচ্ছয়া উপপন্নেন প্রারব্ধলব্ধেন অন্নাদিনা বর্ত্তমানঃ ব্রাহ্মণঃ গৃহাশ্রমী আসীৎ। কুচৈলস্য (কুৎসিতং চৈলং বস্ত্রং যস্য তস্য) তস্য ব্রাহ্মণস্য চ তথাবিধা ক্ষুৎক্ষামা (ক্ষুধা ক্ষামা দুর্ব্বলা) ভার্য্যা চ আসীৎ ॥৭

একদা ম্লায়তা শুষ্যতা, বদনেন প্রভীতা বেপমানা কম্পমানাঙ্গী, সীদমানা ভর্ত্তৃভোগসম্পাদন-চিন্তয়াকুলিত-চিত্তা চ সতী সা পতিব্রতা ভার্য্যা দরিদ্রং পতিম্ অভিগম্য প্রাহ ॥৮

ঐ ব্রাহ্মণ গৃহস্থাশ্রমে অবস্থান করিলেও, প্রারব্ধ-ফলে যদৃচ্ছালব্ধ অন্নাদিতে যথেষ্ট সন্তুষ্ট থাকিতেন; প্রাপ্তির প্রত্যাশায় কখন উৎকণ্ঠিত বা ব্যস্ত হইতেন না। অতি দীন হীন ভিক্ষারীর ন্যায় জীবনযাত্রা নির্ব্বাহ করিতেন। অর্থাভাবে অতি জীর্ণ ও মলিন বসন পরিধান করিয়াই তাঁহাকে কালাতিপাত করিতে হইত। তাঁহার পত্নীও একান্ত পতিব্রতা; অন্নাভাবে জীর্ণা শীর্ণা হইয়াও, স্বামীর চিন্তানুকরণে কখন প্রতিনিবৃত্তা হইতেন না।৭

কোন সময়ে অন্নাদির একান্ত অভাবে পত্নী অতীব ক্ষুণ্ণমনা হইলেন; এমন কি! ক্ষুধাতুর ভর্ত্তাকে ভোজনার্থ কিছু দিবেন, এমন কিছু সংগ্রহ করা নাই; অথচ স্বামীকে সে সংবাদ প্রদানেও নিতান্ত ব্যথিতা এবং পাছে স্বামীকে উত্তেজিত করা হয়, এই ভয়ে কম্পান্বিত-কলেবরা হইলেন। কিন্তু নিরুপায় দেখিয়া শুষ্কবদনে স্বামীর সমীপে উপস্থিত হইয়া করযোড়ে বলিলেন—।৮

নন্থ ব্রহ্মন্ ভগবতঃ সখা সাক্ষাচ্ছ্রিয়ঃ পতিঃ।
ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ ভগবান্ সাত্বতর্ষভঃ ॥৯
তমুপৈহি মহাভাগ সাধূনাং চ পরায়ণম্।
দাস্যতি দ্রবিণং ভূরি সীদতে তে কুটুম্বিনে ॥১০
আস্তেঽধুনা দ্বারবত্যাং ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বরঃ।
স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি।
কিং স্বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্গুরুঃ॥১১

হে ব্রহ্মন্! ভগবতঃ বৈরাগ্যাদিগুণবতঃ তব সাক্ষাৎ শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ পতিঃ ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, শরণ্যঃ শরণার্হঃ সাত্বতানাং ভক্তানাম্ ঋষভঃ পালকঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ যতঃ সখা ॥৯

অতঃ হে মহাভাগ! সাধূনাং পরায়ণং তম্ এব উপৈহি উপগচ্ছ, সঃ সীদতে ক্লিশ্যমানায়, কুটুম্বিনে পরিজনবর্গসহিতায়, তে তুভ্যং ভূরি বহু দ্রবিণং ধনং দাস্যতি। ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বরঃ (ভোজাদীনাং যাদবানাম্ ঈশ্বরঃ পালকঃ সঃ) অধুনা দ্বারবত্যাং দ্বারকায়াম্ এব আস্তে।

পাদকমলং স্মরতঃ জনস্য জনায়, যদা আত্মানম্ অপি যচ্ছতি দদাতি, তদা ভজতঃ ভজনং কুর্ব্বতে জনায়

হে ব্রহ্মন্! আপনার মুখেই পূর্ব্বে শুনিয়াছি যে, কমলাপতি সাক্ষাৎ শ্রীকৃষ্ণ আপনার সখা। তিনি ব্রাহ্মণভক্ত এবং ভক্তজনের প্রতিপালক। শরণ লইবার উপযুক্ত পাত্র একমাত্র তিনিই। এবং আপনিও বৈরাগ্যাদি অশেষ গুণে সর্ব্বপ্রকারে অলঙ্কৃত—।৯

অতএব সাধু সজ্জনগণের সম্পূর্ণ আশ্রয়স্থল সেই পরমহিতৈষী বাসুদেবের সমীপে যদি আপনি উপস্থিত হন, তাহা হইলে আপনার আর সাংসারিক দুঃখ থাকে না। পরিবারবর্গে পরিবেষ্টিত থাকিয়া অর্থাভাবে আপনি বিলক্ষণ ক্লেশ পাইতেছেন। কিন্তু তাঁহার নিকট গমন করিলে, আপনার সকল অভাব পূর্ণ হইবে; তিনি যথেষ্ট ধন আপনাকে প্রদান করিতে পারেন।১০

স এবং ভার্য্যয়া বিপ্রো বহুশঃ প্রার্থিতো মুহুঃ।
অয়ং হি পরমো লাভ উত্তমশ্লোকদর্শনম্ ॥১২

ইতি সঞ্চিন্ত্য মনসা গমনায় মতিং দধে।
অপ্যস্ত্যুপায়নং কিঞ্চিদ্ গৃহে কল্যাণি দীয়তাম্ ॥১৩

যাচিত্বা চতুরো মুষ্টীন্ বিপ্রান্ পৃথুকতণ্ডুলান্।
চৈলখণ্ডেন তান বদ্ধা ভর্ত্রে প্রাদাদুপায়নম্ ॥১৪

অত্যভীষ্টান্ পরিণামবিরসত্বাৎ ন অভিলষিতান্ অর্থকামান্ বিষয়ভোগান্ জগদ্গুরুঃ যচ্ছতি ইতি কিমু বক্তব্যম্ ॥১০-১১

এবং ভার্য্যয়া বহুশঃ বহুপ্রকারেণ মুহুঃ বারংবারং প্রার্থিতঃ সঃ বিপ্রঃ উত্তমশ্লোকদর্শনম্ ইতি অয়ম্ এব হি পরমঃ লাভঃ ইতি মনসা সঞ্চিন্ত্য গমনায় মতিং দধে। ততশ্চ ভার্য্যাম্ আহ যথা; হে কল্যাণি! অপি যদি গৃহে কিঞ্চিৎ উপায়নং ভগবৎ-সমর্পণযোগ্যং বস্তু অস্তি, তর্হি দীয়তাম্। ইতি উক্তা কথিতা সা (চতুর্দ্দিক্ষু বর্ত্তমানান্ চতুরঃ প্রতিবেশিনঃ) বিপ্রান্ যাচিত্বা চতুরো মুষ্টীন্ পৃথুকতণ্ডুলান্ ধান্যচিপিটকান্ আদায় চৈলখণ্ডেন তান্ বদ্ধা ভর্ত্রে উপায়নং প্রাদাৎ ॥১২-১৪

বিশেষতঃ তিনি সম্প্রতি অতি নিকটেই অবস্থান করিতেছেন। এক্ষণে এই ভোজ, বৃষ্ণী ও অন্ধকাদি যদুবংশীয়গণের প্রতিপালকরূপে এই দ্বারাবতীতেই আছেন।

আহা! যাঁহার চরণ-কমল কেবল হৃদয়-মন্দিরে চিন্তা করিলেই, যিনি ভক্তকে আত্মস্বরূপ পর্য্যন্ত প্রদান করেন, তখন তাঁহার সমীপে উপস্থিত হইয়া সম্পূর্ণ অনভিপ্রেত তুচ্ছ অর্থকামাদির প্রার্থনা করিলে সেই জগদ্গুরু তাহা যে পূরণ করিবেন—ইহাতে আর বলিবার কি আছে?১১

নানাপ্রকার অনুনয় ও বিনয় সহকারে সেই পত্নীকর্ত্তৃক বারংবার প্রার্থিত হইয়া, ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিলেন যে, এই উপলক্ষে উত্তমশ্লোক ভগবান্ শ্রীকৃষ্ণকে দর্শন করিবার একটী উত্তম

স তানাদায় বিপ্রাগ্র্যঃ প্রযযৌ দ্বারকাং কিল।
কৃষ্ণসন্দর্শনং মহ্যং কথং স্যাদিতি চিন্তয়ন্ ॥১৫
ত্রীণি গুল্মান্যতীয়ায় তিস্রঃ কক্ষাশ্চ স দ্বিজঃ।
বিপ্রোঽগম্যান্ধকবৃষ্ণীনাং গৃহেষ্বচ্যুতধর্মিণাম্ ॥১৬
গৃহং দ্ব্যষ্টসহস্রাণাং মহিষীণাং হরের্দ্বিজঃ।
বিবেশৈকতমং শ্রীমৎ ব্রহ্মানন্দং গতো যথা ॥১৭

সঃ বিপ্রঃ তান্ আদায় কৃষ্ণসন্দর্শনং মহ্যং মম কথং স্যাৎ ইতি চিন্তয়ন্ দ্বারকাং কিল প্রযযৌ ॥১৫

ততঃ ত্রীণি গুল্মানি রক্ষার্থং সৈন্যস্থানানি, তথা তিস্রঃ কক্ষাঃ প্রতোলীঃ চ অতীয়ায় অতিক্রম্য, সঃ দ্বিজঃ অন্যৈঃ দ্বিজৈঃ চ সহিতঃ সঃ বিপ্রঃ অচ্যুতধর্ম্মিণাম্ (অচ্যুতস্য এব ধর্ম্মঃ আরাধনং যেষাং তেষাং) অগম্যানাং দুর্গমানাম্ অন্ধকানাং বৃষ্ণীনাং চ গৃহেষু মধ্যে ॥১৬

হরেঃ দ্ব্যষ্টসহস্রাণাং মহিষীণাং গৃহেষু মধ্যে শ্রীমৎ একতমং গৃহং বিবেশ। তদা চ সঃ দ্বিজঃ ব্রহ্মানন্দং গতঃ যথা

অবসর আমার উপস্থিত হইল। অন্য লাভের অপেক্ষা তদীয় দর্শনই আমার পরম লাভ—সন্দেহ নাই। এই প্রকার বিবেচনা করত, ব্রাহ্মণ দ্বারাবতীতে যাইবার জন্য মনস্থ করিলেন।১২

তখন তিনি সেই পতিব্রতা পত্নীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে ভদ্রে! সখার সমীপে গমন করিতে হইলে কিছু উপায়ন লইয়া যাওয়া কর্ত্তব্য! অতএব গৃহে কিছু যদি থাকে, আমাকে প্রদান কর। এতৎ শ্রবণে ব্রাহ্মণী কিছু লজ্জিতা হইলেন এবং তৎক্ষণাৎ প্রতিবেশী ব্রাহ্মণগণের গৃহ হইতে চারি মুষ্টি চিপিটক ভিক্ষা করিয়া একখানি জীর্ণ চেলখণ্ডে বান্ধিয়া উপায়নার্থ স্বামীকে প্রদান করিলেন।১৩-১৪

দরিদ্র ব্রাহ্মণও সেই চিপিটকগুলি সঙ্গে লইয়া, অহো! কোন্ উপায়ে অদ্য আমার কৃষ্ণসন্দর্শন লাভ ঘটিবে, এইরূপ মনে মনে চিন্তা করত দ্বারকাভিমুখে যাত্রা করিলেন।১৫

ক্রমশঃ তিনটী সেনাসন্নিবেশ-স্থল অতিক্রম করত পর পর তিনটী কক্ষাও অতিক্রম করিলেন। পরে

তং বিলোক্যাচ্যুতো দূরাৎ প্রিয়াপর্য্যঙ্কমাস্থিতঃ।
সহসোত্থায় চাভ্যেত্য দোর্ভ্যাং পর্য্যগ্রহীন্মুদা ॥১৮
সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষেরঙ্গসঙ্গাতিনির্বৃতঃ।
প্রীতো ব্যমুঞ্চদবিন্দূন্ নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ ॥১৯
অথোপবেশ্য পর্য্যঙ্কে স্বয়ং সখ্যুঃ সমর্হণম্।
উপহৃত্যাবনিজ্যাস্য পাদৌ পাদাবনেজনীঃ ॥২০

ভবতি তথা বভূব ॥১৭

প্রিয়াপর্য্যঙ্কম্ (প্রিয়ায়াঃ লক্ষ্ম্যাঃ পর্য্যঙ্কম্) আশ্রিতঃ অচ্যুতঃ তং ব্রাহ্মণং দূরাৎ এব বিলোক্য সহসা ঝটিতি উত্থায় অভ্যেত্য সমীপং গত্বা মুদা হর্ষেণ দোর্ভ্যাং তং পর্য্যগ্রহীৎ আলিঙ্গিতবান্ ॥১৮

প্রিয়স্য সখ্যুঃ বিপ্রর্ষেঃ অঙ্গসঙ্গাতিনির্বৃতঃ (অঙ্গসঙ্গেন আলিঙ্গনেন অতীব নির্বৃতঃ আনন্দিতঃ) প্রীতঃ প্রীতিযুক্তঃ, পুষ্করেক্ষণঃ কমললোচনঃ কৃষ্ণঃ নেত্রাভ্যাম্ অবিন্দূন্ আনন্দাশ্রু-বিন্দূন্ ব্যমুঞ্চৎ ॥১৯

অচ্যুতের একান্ত প্রিয়পাত্র এবং বিশ্বাসী অন্ধক ও বৃষ্ণিবংশীয়গণের দুরতিক্রমণীয় বাসভবনসমূহ তত্রত্য ব্রাহ্মণগণের সাহায্যে অতিক্রম করত—।১৬

যথায় শ্রীকৃষ্ণের ষোড়শসহস্র মহিষীগণের বাসমন্দির শোভা পাইতেছিল, তথায় উপনীত হইলেন এবং তন্মধ্যে একটী গৃহে প্রবেশ করিলেন। তথায় উপস্থিত হইয়া ব্রাহ্মণের আর আনন্দের সীমা রহিল না। ব্রহ্মানন্দ লাভে জীব যেরূপ নির্বৃত হয়, অদ্য কৃষ্ণ-মহিষীর প্রকোষ্ঠে প্রবেশ করিয়াই ব্রাহ্মণ তাদৃশ নির্বৃত হইলেন।১৭

সেই সময়ে শ্রীকৃষ্ণ প্রিয়া পত্নী রুক্মিণী সহ পর্য্যঙ্কে সমাসীন ছিলেন; দূর হইতে ব্রাহ্মণকে উপনীত অবলোকন করিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান করত হৃষ্টান্তঃকরণে দ্বিজ সমীপে অগ্রসর হইলেন এবং প্রেমের পুলকে ব্রাহ্মণকে বাহুদ্বয়ে আলিঙ্গন করিলেন।১৮

সেই প্রিয় সখা ব্রাহ্মণের অঙ্গসঙ্গ-জনিত আনন্দে যেন অতি নির্বৃত হওয়ায়, পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণের

অগ্রহীচ্ছিরসা রাজন্ ভগবাঁল্লোকপাবনঃ।
ব্যলিম্পৎ দিব্যগন্ধেন চন্দনাগুরুকুঙ্কুমৈঃ ॥২১
ধূপৈঃ সুরভিভির্মিত্রং প্রদীপাবলিভির্মুদা।
অর্চিত্বাবেদ্য তাম্বূলং গাং চ স্বাগতমব্রবীৎ ॥২২
কুচৈলং মলিনং ক্ষামং দ্বিজং ধমনিসন্ততম্।
দেবী পর্য্যচরৎ সাক্ষাচ্চামরব্যজনেন বৈ ॥২৩

অথ স্বপর্য্যঙ্কে উপবেশ্য সমর্হণং পূজাসাধনম্ উপহৃত্য আনীয়, স্বয়ম্ এব অস্য সখ্যুঃ পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য পাদাবনেজনীঃ অপঃ ॥২০

লোকপাবনঃ ভগবান্ শিরসা অগ্রহীৎ দধার। তথা হে রাজন্! দিব্যগন্ধেন চন্দনাগুরু-কুঙ্কুমৈঃ চ তং দ্বিজং ব্যলিম্পৎ ॥২১

মুদা সুরভিভিঃ ধূপৈঃ প্রদীপাবলিভিঃ তং মিত্রম্ অর্চিত্বা তাম্বূলং গাং ধেনুং চ আবেদ্য প্রদায় স্বাগতম্ অব্রবীৎ পপ্রচ্ছ ॥২২

কুচৈলং মলিনং ক্ষামং ধমনিসন্ততং (ধমনিভিঃ শিরাভিঃ সন্ততং ব্যাপ্তং) তং দ্বিজং সখীজনৈঃ সহ সাক্ষাৎ দেবী

লোচনদ্বয় হইতে প্রচুর পরিমাণে আনন্দাশ্রু নিপতিত হইতে লাগিল।১৯

অনন্তর সখা ব্রাহ্মণকে স্বীয় পর্য্যঙ্কে উপবেশন করাইয়া, অর্ঘ্য পাদ্যাদি পূজা দ্রব্য শ্রীকৃষ্ণ তাঁহাকে প্রদান করিলেন। হে নরনাথ! স্বয়ং ব্রাহ্মণের চরণদ্বয় প্রক্ষালন করত সেই বারি, জগৎপবিত্র জনার্দ্দন মস্তকে ধারণ করিলেন।

পরে অপূর্ব্ব গন্ধ-দ্রব্য এবং অগুরু চন্দন ও কুঙ্কুমাদির দ্বারা কৃষ্ণ ব্রাহ্মণের অঙ্গ প্রলিপ্ত করিলেন; প্রদীপাবলি ও সুরভি ধূপের দ্বারা মিত্রের অর্চ্চনা করিয়া শ্রীকৃষ্ণ তাঁহাকে তাম্বূল ও গাভী প্রভৃতি প্রদান করত কুশল-প্রশ্ন জিজ্ঞাসা করিলেন।২০-২২

অহো, কি আশ্চর্য্য! সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং রুক্মিণীদেবীও সখিগণে পরিবৃতা হইয়া সেই ছিন্ন-বিচ্ছিন্ন বসনধারী, অন্নাভাবে শীর্ণকলেবর, শিরা-ব্যাপ্ত-দেহ ও মলিন-বেশ ব্রাহ্মণকে চামরাদির দ্বারা

অন্তঃপুরজনো দৃষ্ট্বা কৃষ্ণেনামলকীর্ত্তিনা।
বিস্মিতোঽভূদতিপ্রীত্যা অবধূতং সভাজিতম্ ॥২৪
কিমনেন কৃতং পুণ্যমবধূতেন ভিক্ষুণা।
শ্রিয়া হীনেন লোকেঽস্মিন্ গর্হিতেনাধমেন চ ॥২৫
যোঽসৌ ত্রিলোকগুরুণা শ্রীনিবাসেন সম্ভৃতঃ।
পর্য্যঙ্কস্থাং শ্রিয়ং হিত্বা পরিষ্বক্তোঽগ্রজো যথা ॥২৬

রুক্মিণী ব্যজনেন চামরাদিনা পর্য্যচরৎ বীজয়ামাস ॥২৩

অবধূতং মলিনং তং দ্বিজম্ অমলকীর্ত্তিনা কৃষ্ণেন তথা অতিপ্রীত্যা সভাজিতং সম্যক্ পূজিতং দৃষ্ট্বা অন্তঃপুরজনঃ বিস্মিতঃ অভূৎ ॥২৪

শ্রিয়া হীনেন দরিদ্রেণ, অধমেন নীচবৎ প্রতীয়মানেন, অতঃ অস্মিন্ লোকে গর্হিতেন নিন্দিতেন, অনেন অবধূতেন মলিনেন ভিক্ষুণা কিং পুণ্যং কৃতম্ ॥২৫

যঃ অসৌ দ্বিজঃ ত্রিলোকগুরুণা শ্রীনিবাসেন (শ্রিয়ঃ নিবাসেন আশ্রয়ভূতেন) সম্ভৃতঃ আদৃতঃ; তথা পর্য্যঙ্কস্থাং শ্রিয়ং হিত্বা অগ্রজঃ যথা তথা অহং পরিষ্বক্তঃ আলিঙ্গিতঃ ॥২৬

বীজন করিতে লাগিলেন।২৩

অমলকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক তাদৃশ অবধূত-বেশধারী ব্রাহ্মণের বিশেষ সম্মান ও আদর করা দেখিয়া, অন্তঃপুরস্থ জনগণ সকলেই বিস্মিত হইলেন।২৪

তাঁহারা সকলে পরস্পর বলিতে লাগিলেন যে,—জানি না! এই শ্রীহীন ভিক্ষুক পূর্ব্বজন্মে কিরূপ পুণ্যেরই সঞ্চয় করিয়াছেন! সংসারে ইহার ধন নাই; সুতরাং মানও নাই; সুতরাং কেহই ইহার সম্মান না করিলেও—।২৫

ত্রিলোকস্থ ব্রহ্মাদি লোকপালগণেরও যিনি একমাত্র গুরু সেই শ্রীপতি জনার্দ্দন পর্য্যঙ্কস্থা পতি-পরায়ণা প্রিয় পত্নী রুক্মিণীকে পর্য্যন্ত পরিত্যাগ করিয়া, জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় এই ব্রাহ্মণের পরিচর্য্যা যখন করিতেছেন, তখন ইহার সঞ্চিত পুণ্যের আর কি পরিচয় দিব।২৬

কথয়াঞ্চক্রতুর্গাথাঃ পূর্বা গুরুকুলে সতোঃ।
আত্মনো ললিতা রাজন্ করৌ গৃহ্য পরস্পরম্ ॥২৭

শ্রীভগবানুবাচ।

অপি ব্রহ্মন্ গুরুকুলাৎ ভবতা লব্ধদক্ষিণাৎ।
সমাবৃত্তেন ধর্মজ্ঞ ভার্য্যোঢ়া সদৃশী ন বা ॥২৮

প্রায়ো গৃহেষু তে চিত্তমকামবিহতং তথা।
নৈবাতিপ্রীয়সে বিদ্বন্ ধনেষু বিদিতং হি মে ॥২৯

ততঃ চ হে রাজন্! শ্রীদাম-কৃষ্ণৌ পুরা গুরুগৃহে সতোঃ বর্ত্তমানয়োঃ আত্মনোঃ যাঃ ললিতাঃ মনোহরাঃ গাথাঃ কথাঃ তাঃ পরস্পরং করৌ গৃহ্য গৃহীত্বা কথয়াঞ্চক্রতুঃ ॥২৭

শ্রীভগবান্ উবাচ। হে ধর্ম্মজ্ঞ ব্রহ্মন্ লব্ধদক্ষিণাৎ (লব্ধা দক্ষিণা যেন তস্মাৎ) গুরুকুলাৎ গুরুগৃহাৎ সমাবৃত্তেন আগত্য কৃতসমাবর্ত্তনাখ্য-কর্ম্মণা ভবতা অপি কিং সদৃশী স্বযোগ্যা ভার্য্যা উঢ়া পরিণীতা বা? ॥২৮

হে বিদ্বন্! গৃহেষু তথা ধনেষু ত্বং নৈব অতিপ্রীয়সে অতিশয়প্রীতিযুক্তঃ ন ভবসি, তথা তে চিত্তম্ অকামবিহতং (কামৈঃ বিষয়ৈঃ ন বিহতম্ আকৃষ্টং) ভবতি ইতি তু মে ময়া বিদিতম্ এব ॥২৯

যতঃ কামৈঃ অহতচেতসঃ অপি কেচিৎ দৈবীঃ ঈশ্বরমায়া-

কেচিৎ কুর্বন্তি কর্মাণি কামৈরহতচেতসঃ।
ত্যজন্তঃ প্রকৃতীর্দৈবীর্যথাহং লোকসংগ্রহম্ ॥৩০

কচ্চিদ্ গুরুকুলে বাসং ব্রহ্মন্ স্মরসি নৌ যতঃ।
দ্বিজো বিজ্ঞায় বিজ্ঞেয়ং তমসঃ পারমশ্নুতে ॥৩১

স বৈ সৎকর্মণাং সাক্ষাদ্ দ্বিজাতেরিহ সম্ভবঃ।
আদ্যোঽঙ্গ যত্রাশ্রমিণাং যথাহং জ্ঞানদো গুরুঃ ॥৩২

রচিতাঃ প্রাকৃতীঃ বিষয়বাসনাঃ ত্যজন্তঃ এব যথা অহং প্রয়োজনান্তররহিতঃ অপি লোকসংগ্রহার্থং কর্ম্ম করোমি তথা তে অনাসক্তাঃ অপি কর্ম্মাণি কুর্বন্তি ॥৩০

কিঞ্চ হে ব্রহ্মন্! নৌ আবয়োঃ গুরুকুলে বাসং কচ্চিৎ স্মরসি? যতঃ গুরুকুলবাসাৎ দ্বিজঃ বিজ্ঞেয়ং কর্ম্মোপাসনাদিকং বিজ্ঞায় তমসঃ সংসারস্য পারম্ অশ্নুতে মোক্ষং প্রাপ্নোতি ॥৩১

হে অঙ্গ! ইহ সংসারে যত্র সম্ভবঃ জন্মমাত্রং সঃ পিতা আদ্যঃ প্রথমঃ গুরুঃ পূজ্যঃ। দ্বিজাতেঃ সতঃ পুংসঃ সৎকর্ম্মণাং যত্র সম্ভবঃ (উপনীয় বেদাধ্যাপকঃ) সঃ দ্বিতীয়ঃ গুরুঃ। যঃ তু আশ্রমিণাং সর্ব্বেষাম্ অপি জ্ঞানপ্রদঃ, সঃ তু সাক্ষাৎ অহং যথা তথা শ্রেষ্ঠঃ গুরুঃ পূজ্য চ ॥৩২

হে নরনাথ! অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীদাম ব্রাহ্মণের হস্ত ধারণ পূর্ব্বক একত্র উপবেশন করিলেন এবং বাল্যকালে গুরুগৃহে বাসোপলক্ষে যে সকল ব্যাপার ঘটিয়াছিল, সেই সকল মধুর বিষয়ের উত্থাপনে পরস্পরে কথোপকথন করিতে লাগিলেন।২৭

শ্রীভগবান্ বলিলেন,—হে ব্রহ্মন্! পাঠ সাঙ্গ করিয়া আপনি গুরুদক্ষিণা প্রদানে গৃহে সমাবৃত্ত হইয়া, চিত্তানুকারিণী উপযুক্ত ভার্য্যা পরিণয় করিয়াছেন ত?২৮

হে ধর্ম্মজ্ঞ! আপনি গৃহস্থ হইলেও, আপনার চিত্ত কখন বিষয়-চিন্তায় ব্যাকুল নহে। হে বিদ্বন্! ধনৈশ্বর্য্যের কামনা যে আপনি কখনও করেন না, তাহা আমি বিলক্ষণ অবগত আছি।২৯

মনোমধ্যে ভোগের আকাঙ্ক্ষা না থাকিলেও, অনেক লোকে যে কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, সে কেবল লোক-শিক্ষার অভিপ্রায়ে মাত্র। আমি যেমন নিজের প্রয়োজন না থাকিলেও, সৃষ্টিমর্য্যাদা রক্ষার জন্য কর্ম্ম করি, তাঁহারাও সেই প্রকার দৈবীশক্তির অনির্ব্বচনীয় বিকাশ মাত্র বোধে ভোগকে উপেক্ষা করত, নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম-সমূহ নিরন্তর করিয়া থাকেন।৩০

হে ব্রহ্মন্! গুরুকুলে বাসের বৃত্তান্ত কি আপনার স্মরণ হয়? কেনই বা না হইবে? কারণ গুরু-সন্নিধানেই জগত্তত্ত্ব, জীবতত্ত্ব এবং পরমাত্মতত্ত্ব অবধারণ করিয়া ব্রাহ্মণ এই দুরন্ত সংসারকে অতিক্রম করিয়া থাকেন।৩১

হে সখে! এই সংসারে প্রথম যাঁহার ঔরসে জন্মগ্রহণ করা যায়, তিনিই আদিগুরু এবং পূজনীয়;

নন্বর্থকোবিদা ব্রহ্মন্ বর্ণাশ্রমবতামিহ।
যে ময়া গুরুণা বাচা তরন্ত্যঞ্জো ভবার্ণবম্ ॥৩৩
নাহমিজ্যা-প্রজাতিভ্যাং তপসোপশমেন বা।
তুষ্যেয়ং সর্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা ॥৩৪
অপি নঃ স্মর্য্যতে ব্রহ্মন্ বৃত্তং নিবসতাং গুরৌ।
গুরুদারৈশ্চোদিতানামিন্ধনানয়নে ক্বচিৎ ॥৩৫
প্রবিষ্টানাং মহারণ্যমপর্তৌ সুমহৎ দ্বিজ।
বাতবর্ষমভূত্তীব্রং নিষ্ঠুরাঃ স্তনয়িত্নবঃ ॥৩৬

হে ব্রহ্মন্! ইহলোকে, যে ময়া গুরুরূপেণ বক্ত্রা, বাচা উপদেশমাত্রেণ, অঞ্জঃ সুখেন, সংসাররূপং ভবার্ণবং তরন্তি তে এব সর্ব্বেষাং বর্ণানাম্ আশ্রমিণাং চ মধ্যে অর্থকোবিদাঃ স্বপুরুষার্থে কুশলাঃ এব ॥৩৩

ইজ্যা পঞ্চমহাযজ্ঞাদিগৃহস্থধর্ম্মঃ, প্রজাতিঃ প্রকৃষ্টং জন্ম উপনয়নং চ তাভ্যাম্ ইজ্যা-প্রজাতিভ্যাং, তপসা অনশনাদি-বানপ্রস্থধর্ম্মেণ, উপশমেন ইন্দ্রিয়নিগ্রহাদি-যতিধর্ম্মেণ চ সর্ব্বভূতাত্মা অহং তথা ন তুষ্যেয়ং প্রীতঃ ন স্যাং, যথা গুরু-শুশ্রূষয়া তুষ্যেয়ম্ ॥৩৪

কিন্তু জন্মগ্রহণের পর যাঁহার নিকট হইতে ধর্ম্মাদি সৎ কর্ম্মের বীজ প্রাপ্ত হওয়া যায়, অর্থাৎ যিনি উপনীত করিয়া বেদোপদেশ প্রদানে মোক্ষের পথ প্রশস্ত করিয়া দেন, তিনিই জ্ঞানপ্রদ দ্বিতীয় গুরু এবং শ্রীভগবানের ন্যায় পূজ্য ও আদরণীয়।৩২

হে ব্রহ্মন্! আমারই প্রতিভূস্বরূপ জ্ঞানপ্রদ গুরু-গণের উপদেশবাক্যকে আশ্রয় করিয়া যাঁহারা তত্ত্বানু-সন্ধানে প্রবৃত্ত হন, বর্ণাশ্রমবিশিষ্ট ব্যক্তিগণের মধ্যে সুচতুর সেই সকল ব্যক্তিই এই ভীষণ ভব-জলধিকে অনায়াসে অতিক্রম করেন।৩৩

দেখুন! আমি সর্ব্বভূতের অন্তরাত্মা। আমার নিকট কাহারও কোন ভাব অবিদিত নাই। কিন্তু আমি গুরুশুশ্রূষাদ্বারা যেরূপ তৃপ্তি লাভ করিয়া থাকি এবং সন্তুষ্ট হই, তাদৃশ তৃপ্তি বা প্রীতি কেহ কখন গৃহস্থধর্ম্ম যাগ যজ্ঞ, ব্রহ্মচারীর ধর্ম্ম

সূর্য্যশ্চাস্তং গতস্তাবৎ তমসা চাবৃতা দিশঃ।
নিম্নং কূলং জলময়ং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৩৭

বয়ং ভৃশং তত্র মহানিলাম্বুভি-
র্নিহন্যমানা মুহুরম্বুসম্প্লবে।
দিশোঽবিদন্তোঽথ পরস্পরং বনে
গৃহীতহস্তাঃ পরিবভ্রিমাতুরাঃ ॥৩৮

হে ব্রহ্মন্! গুরৌ গুরুসমীপে নিবসতাং নঃ অস্মাকং গুরুদারৈশ্চোদিতানামিন্ধনানয়নে ক্বচিৎ যৎ বৃত্তং জাতং, তৎ কিং ত্বয়া স্মর্য্যতে?৩৫

তদা মহারণ্যং প্রবিষ্টানাং সতাম্ অপর্ত্তৌ বর্ষাকালে অতীতে, হে দ্বিজ! সুমহৎ তীব্রং বাতবর্ষম্ অভূৎ, তথা নিষ্ঠুরাঃ স্তনয়িত্নবঃ মেঘগর্জ্জনানি চ অভবন্ ॥৩৬

তাবৎ সূর্য্যঃ চ অস্তং গতঃ, তদা দিশঃ চ তমসা আবৃতাঃ সর্ব্বং স্থানং জলময়ং জাতম্। অতঃ নিম্নং নতং, কূলম্ উন্নতং চ কিঞ্চন অপি স্থানং ন প্রাজ্ঞায়ত ॥৩৭

উপনয়নাদি এবং তপস্যাদি যতিধর্ম্মের অনুষ্ঠানেও আমার হৃদয়ে উৎপাদন করিতে পারেন না।৩৪

হে ব্রহ্মন্! আমরা যখন গুরুগৃহে বাস করিতাম, তখন সেই সকল দিবসের নানাব্যাপার কি আপনার স্মরণ হয়? যে দিবস গুরু পত্নীগণের আদেশে আমরা উভয়ে ইন্ধনায়নার্থ গমন করি, বিশেষতঃ সে দিনের বৃত্তান্ত কি মনে পড়ে?৩৫

আমরাও তদুপলক্ষে মহারণ্যে প্রবেশ করিলাম; কিন্তু সে সময় বর্ষা অতীত হইলেও, ভয়ঙ্কর বেগে ঝড় বৃষ্টি ও বজ্রাঘাত আরম্ভ হইল।৩৬

এদিকে সূর্য্যদেবও ক্রমশঃ অস্তাচলে গমন করিলেন; দশদিক্ অন্ধকারে আবৃত হইয়া গেল। প্রচুর বর্ষণে সমগ্র স্থান জলপ্লাবিত হইয়া উঠিল।এবং উচ্চ নীচ ভূমিও আর পরিজ্ঞাত হওয়া একান্ত অসম্ভব হইল।৩৭

এতদ্ বিদিত্বা উদিতে রবৌ সান্দীপনির্গুরুঃ।
অন্বেষমাণো নঃ শিষ্যানাচার্য্যোঽপশ্যদাতুরান্ ॥৩৯

অহো হে পুত্রকা যুষ্মস্মদর্থেঽতিদুঃখিতাঃ।
আত্মা বৈ প্রাণিনাং প্রেষ্ঠস্তমনাদৃত্য মৎপরাঃ ॥৪০

এতদেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতম্।
যদ্ বৈ বিশুদ্ধভাবেন সর্বার্থাত্মার্পণং গুরৌ ॥৪১

তুষ্টোঽহং ভো দ্বিজশ্রেষ্ঠাঃ সত্যাঃ সন্তু মনোরথাঃ।
ছন্দাংস্যযাতযামানি ভবন্ত্বিহ পরত্র চ ॥৪২

ইত্থং বিধান্যনেকানি বসতাং গুরুবেশ্মসু।
গুরোরনুগ্রহেণৈব পুমান্ পূর্ণঃ প্রশান্তয়ে ॥৪৩

ব্রাহ্মণ উবাচ।

কিমস্মাভিরনির্বৃত্তং দেবদেব জগৎগুরো।
ভবতা সত্যকামেন যেষাং বাসো গুরাবভূৎ ॥৪৪

অম্বুসংপ্লবে (অম্বুনাং সংপ্লবঃ প্রবাহঃ যস্মিন্ তস্মিন্) তত্র বনে মহানিলাম্বুভিঃ (মহদ্ভিঃ অনিলৈঃ অম্বুভিঃ চ) ভৃশম্ অত্যন্তং নিহন্যমানাঃ সংপীড্যমানাঃ অতঃ দিশঃ অবিদন্তঃ অতঃ ব্যাতুরাঃ ব্যাকুলচিত্তাঃ অথ অতএব পরস্পরং গৃহীতহস্তাঃ বয়ং মুহুঃ পরিবভ্রিম তত্রৈব পরিভ্রমণং কৃতবন্তঃ ॥৩৮

এতৎ ইন্ধনায়নার্থম্ অস্মদ্গমনং বিদিত্বা আচার্য্যঃ গুরুঃ সান্দীপনিঃ রবৌ অনুদিতে অন্বেষ্যমাণঃ আতুরান্ নঃ অস্মান্ অপশ্যৎ ॥৩৯

অহো! হে পুত্রকাঃ! প্রাণিনাম্ আত্মা বৈ এব প্রেষ্ঠঃ তম্ আত্মানম্ অনাদৃত্য মৎপরাঃ মৎসেবারতাঃ সন্তঃ যূয়ম্ অস্মদর্থে অতিদুঃখিতাঃ জাতাঃ ॥৪০

সচ্ছিষ্যৈঃ গুরোঃ নিষ্কৃতম্ উপকারঃ এতদেব ইয়দেব কর্ত্তব্যং যৎ বিশুদ্ধভাবেন গুরৌ সর্ব্বার্থাত্মার্পণম্ সর্ব্বপদার্থস্য আত্মনঃ দেহস্য চ গুরৌ অর্পণং তদর্থে বিনিয়োগঃ ইতি ॥৪১

হে দ্বিজশ্রেষ্ঠাঃ! অহং বঃ যুষ্মভ্যং তুষ্টঃ, অতঃ যুষ্মাকং মনোরথাঃ সত্যাঃ সফলাঃ সন্তু; যুষ্মাভিঃ অধীতানি ছন্দাংসি বেদাঃ ইহ পরত্র চ অযাতযামানি অগতসারাণি ভবন্তু ॥৪২

গুরুগৃহে বসতাম্ অস্মাকং এবংবিধানি বহুনি অনেকানি বৃত্তানি সন্তি, তানি কিং ত্বয়া স্মর্য্যতে? বহুনা কিং? গুরোঃ অনুগ্রহেণ এব পুমান্ ইহ পূর্ণঃ পূর্ণকামঃ সন্ প্রশান্তয়ে সংসারদুঃখ-নিবৃত্তয়ে মুক্তয়ে ভবতি ॥৪৩

তখন সেই মহারণ্যে বাত বর্ষায় একান্ত অভিভূত এবং জলপ্লাবনে দিক্ বিদিক্ পরিজ্ঞাত হইতে নিতান্ত অসমর্থ হইয়া; আমরা উভয়ে পরস্পরের হস্ত ধারণ পূর্ব্বক নিতান্ত অবসন্নের ন্যায় ইতস্ততঃ পরিভ্রমণ করিতে লাগিলাম।৩৮

এদিকে আমাদের আচার্য্য গুরু সান্দীপনি বনিতাগণের মুখে কাষ্ঠাহরণার্থ অপরাহ্নে আমাদের বন-গমনের বার্ত্তা অবগত হইয়া, নিতান্ত উৎকণ্ঠিত হইলেন এবং অতি-প্রত্যুষে গৃহ হইতে বাহির হইয়া আমাদের অন্বেষণার্থ বনে প্রবেশ করিলেন; তিনি বিশেষ অন্বেষণের পর আমাদিগকে তাদৃশ কাতর অবস্থায় পতিত অবলোকন করিলেন।৩৯

গুরুদেব আমাদিগকে সম্বোধন করত বলিলেন, —হে পুত্রগণ! তোমরা আমার জন্য যথেষ্ট ক্লেশ স্বীকার করিয়াছ। দেখ! জীবের আত্মার অপেক্ষা প্রিয় পদার্থ আর কিছুই নাই! কিন্তু তোমরা আমার সেবার জন্য সেই আত্মাকেও উপেক্ষা করিয়া একান্ত শঙ্কটাপন্ন হইয়াছ।৪০

গুরুর প্রত্যুপকারার্থ সৎশিষ্যের এইরূপই কর্ত্তব্য বটে; অতি পবিত্র ভাবে গুরুকে ধনাদি সর্ব্বস্ব, এমন কি দেহ পর্য্যন্ত সমর্পণ করাই সাধু শিষ্যের প্রকৃত লক্ষণ।৪১

হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি তোমাদের প্রতি অতীব প্রসন্ন হইয়াছি। তোমাদের মনোরথ পূর্ণ হউক। আমার সমীপে অধীত এবং অনধীত বেদাদি শাস্ত্র-সমূহ ইহজন্মে বা পরজন্মে চিরকালের জন্য তোমাদের স্ফূর্ত্তি পাইতে থাকুক্।৪২

যস্য চ্ছন্দোময়ং ব্রহ্ম দেহ আবপনং বিভো।
শ্রেয়সাং তস্য গুরুষু বাসোঽত্যন্তবিড়ম্বনম্ ॥৪৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০

ব্রাহ্মণঃ উবাচ। হে জগদ্গুরো! সত্যকামেন ভবতা সহ গুরৌ গুরুগৃহে যেষাং বাসঃ অভূৎ, তৈঃ অস্মাভিঃ কিং কলম্ অনির্বৃত্তম্ অপ্রাপ্তম্ অস্তি ?৪৪

হে বিভো! শ্রেয়সাং ধর্ম্মাদিফলানাম্ আবপনম্ উৎপত্তি-ভূমিঃ, ছন্দোময়ং বেদাত্মকং ব্রহ্ম যস্য দেহঃ, তস্য তব গুরুষু বাসঃ অত্যন্তবিড়ম্বনম্ অত্যন্তানুকরণমাত্রম্ এব ॥৪৫

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০

গুরুগৃহে অবস্থানকালে এই প্রকারের অনেক ঘটনা আমাদের যাহা ঘটিয়াছিল, এক্ষণে আপনার তাহা কিছু কি স্মরণ হয়? হে ব্রহ্মন্! গুরুর অনুগ্রহ হইলে, মানব কামনাপূর্ণ হইয়া শান্তি লাভ করেন।৪৩

ব্রাহ্মণ বলিলেন,—হে দেবদেব জগদ্গুরো! আপনি সত্যকাম! আপনার সহিত আমরা যখন একত্রে গুরুগৃহে বাস করিতাম, তখন আমাদের আবার অভাব কি ?৪৪

হে প্রভো! ছন্দোময় বেদ এবং বেদোক্ত শুভ কর্ম্মসমূহের ক্ষেত্রই যখন আপনার দেহ, তখন আপনার পক্ষে শিক্ষার উপলক্ষে গুরুগৃহে বাস করা কেবল বিড়ম্বনা মাত্র।৪৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাশীতিতমঃ অধ্যায়ঃ।

[সুদাম্নঃ স্বপুরীং প্রত্যাগমনম্, তত্র শ্রীভগবৎপ্রদত্তমৈশ্বর্য্যং লব্ধ্বা শ্রীভগবতো গুণগানম্।]

শ্রীশুক উবাচ।
স ইত্থং দ্বিজমুখ্যেন সহ সংকথয়ন্ হরিঃ।
সর্বভূতমনোঽভিজ্ঞঃ স্ময়মান উবাচ তম্ ॥১

ব্রহ্মণ্যো ব্রাহ্মণং কৃষ্ণো ভগবান্ প্রহসন্ প্রিয়ম্।
প্রেম্না নিরীক্ষণেনৈব প্রেক্ষন্ খলু সতাং গতিঃ ॥২

অন্বয়ঃ

সঃ হরিঃ ইত্থম্ অনেন দ্বিজমুখেন সহসংকথয়ন্ সর্বভূত-মনোঽভিজ্ঞঃ কৃষ্ণঃ স্ময়মানঃ তম্ ব্রাহ্মণম্ উবাচ। যতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, অতঃ সতাং গতিঃ; সঃ প্রেম্না নিরীক্ষণেন প্রেক্ষন্ প্রহসন্ চ প্রিয়ং ব্রাহ্মণম্ উবাচ ॥১-২

একাশীতিতম অধ্যায়।

[সুদামার স্বপুরীতে প্রত্যাগমন এবং সেখানে শ্রীভগবৎ-প্রদত্ত ঐশ্বর্য্য লাভ করিয়া শ্রীভগবানের গুণগান।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! দ্বিজবর শ্রীদাম কর্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, জীবমাত্রেরই ভাবগ্রাহী ভগবান্ শ্রীকৃষ্ণ হাসিতে হাসিতে তাঁহাকে সম্বোধন করত কিয়ৎকাল—।১

শ্রীভগবানুবাচ।

কিমুপায়নমানীতং ব্রহ্মন্ মে ভবতা গৃহাৎ।
অণ্বপ্যুপাহৃতং ভক্তৈঃ প্রেম্না ভূর্যেব মে ভবেৎ।
ভূর্যপ্যভক্তোপহৃতং ন মে তোষায় কল্পতে ॥৩
পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥৪

শ্রীভগবান্ উবাচ। হে ব্রহ্মন্! ভবতা গৃহাৎ মে মহ্যম্ উপায়নং কিম্ অনীতম্ ? মদ্ভক্তৈঃ প্রেম্না উপহৃতং সমর্পিতম্ অণু স্বল্পম্ অপি মে ভূরি এব ভবেৎ, তথা অভক্তেন উপহৃতং তু ভূরি অপি মে তোষায় ন কল্পতে ॥৩

পত্রং পুষ্পং ফলং তোয়ং যঃ ভক্ত্যা মে মহ্যং প্রযচ্ছতি দদাতি, তৎ ভক্ত্যা সমর্পিতং প্রযতাত্মনঃ (প্রযতঃ নিয়তঃ আত্মা মনঃ যস্য তস্য) উপহৃতং পত্রাদিকম্ অপি অহম্ অশ্নামি ॥৪

প্রীতি-প্রফুল্লচিত্তে তাঁহার মুখপানেই নিরীক্ষণ করিয়া রহিলেন; পরে সেই ব্রাহ্মণ-ভক্ত এবং সাধু সজ্জনগণের শরণদাতা ভগবান্ শ্রীকৃষ্ণ সহাস্য-বদনে প্রিয় ব্রাহ্মণকে সম্বোধন করত বলিলেন— ।২

শ্রীভগবান্ বলিলেন,—হে ব্রহ্মন্! বহুকালের পর বাটী হইতে আসিবার সময় রিক্তহস্তে আসা কখনই যখন আপনার পক্ষে সম্ভব নহে, তখন আমার জন্য আপনি কি খাদ্যদ্রব্য আনিয়াছেন।

আপনার আনীত বস্তু সামান্য বলিয়া মনে মনে কখনও কুণ্ঠিত হইবেন না। কারণ, ভক্তগণ প্রেম-পূর্ব্বক অতি সামান্য বস্তু প্রদান করিলেও, আমি তাহা প্রচুর বলিয়া জ্ঞান করি; আবার ভক্তিশূন্য হইয়া যদি কেহ প্রচুর সামগ্রীও আমার উদ্দেশ্যে প্রদান করে, তাহাতেও আমার কিছুমাত্র তৃপ্তিলাভ হয় না।৩

অধিক কি! পত্র, পুষ্প, ফল এবং জলও যে ব্যক্তি আমাকে ভক্তিপূর্ব্বক প্রদান করে, সংযতচিত্ত

ইত্যুক্তোঽপি দ্বিজস্তস্মৈ ব্রীড়িতঃ পতয়ে শ্রিয়ঃ।
পৃথুকপ্রসৃতিং রাজন্ ন প্রাযচ্ছদবাঙ্মুখঃ ॥৫
সর্বভূতাত্মদৃক্ সাক্ষাৎ তস্যাগমনকারণম্।
বিজ্ঞায়াচিন্তয়ন্নায়ং শ্রীকামো মাভজৎ পুরা ॥৬
পত্ন্যাঃ পতিব্রতায়াস্তু সখা প্রিয়চিকীর্ষয়া।
প্রাপ্তো মামস্য দাস্যামি সম্পদোঽমর্ত্ত্যদুর্লভাঃ ॥৭

ইতি উক্তঃ অপি সঃ দ্বিজঃ ব্রীড়িতঃ সন্ হে রাজন্! শ্রিয়ঃ পতয়ে তস্মৈ কৃষ্ণায় পৃথুকপ্রসৃতিং মুষ্টিচতুষ্টয়ম্ ন প্রাযচ্ছৎ, কিন্তু অবাঙ্মুখঃ এব অবর্ত্তত ॥৫

সর্ব্বভূতাত্মদৃক্ সর্ব্বেষাং ভূতানাম্ আত্মদৃক্ মনসঃ সাক্ষী শ্রীকৃষ্ণঃ তস্য দ্বিজস্য সাক্ষাৎ আগমনকারণং বিজ্ঞায় অচিন্তয়ৎ যথা অয়ং পুরা শ্রীকামঃ এব মা মাং ন অভজৎ ॥৬

ইদানীং তু পতিব্রতায়াঃ পত্ন্যাঃ প্রিয়চিকীর্ষয়া এব সখা মাং প্রাপ্তঃ, অতঃ অস্মৈ মর্ত্ত দুর্ল্লভাঃ সম্পদঃ দাস্যামি ॥৭

তাদৃশ ভক্তগণের সেই ভক্ত্যুপহার আমি সাদরে গ্রহণ করিয়া থাকি।৪

এই প্রকারে অভিহিত হইয়াও, হে রাজন্! ব্রাহ্মণ বিশেষ লজ্জিত হইয়া তৎকর্ত্তৃক আনীত সেই চেলবদ্ধ তণ্ডুল-চিপিটক কিছুতেই আর তাঁহার নিকট বাহির করিতে পারিলেন না। কেবল অধোবদনে উপবিষ্টই রহিলেন।৫

সর্ব্বান্তর্য্যামী শ্রীপতি জনার্দ্দন মনে মনে তাঁহার আসিবার কারণ অবধারণ পূর্ব্বক বিবেচনা করিলেন যে, এই ব্রাহ্মণ পূর্ব্বে কখন ঐশ্বর্য্যের কামনায় আমাকে আরাধনা করেন নাই; সুতরাং ইঁহার কোন প্রার্থনা না থাকায়, ইনি আমাকে কিছু প্রদান করিতেও সাহসী হইতেছেন না।৬

কেবল পতিব্রতা পত্নীর প্রিয়-সাধন মানসে আমার সমীপে উপনীত হইয়াছেন; অতএব মর্ত্ত্য-লোকের দুর্ল্লভ সম্পত্তি অদ্য আমি ইঁহাকে প্রদান করিব।৭

ইত্থং বিচিন্ত্য বসনাচ্চীরবদ্ধান্ দ্বিজন্মনঃ।
স্বয়ং জহার কিমিদমিতি পৃথুকতণ্ডুলান্ ॥৮
নন্বেতদুপনীতং মে পরমপ্রীণনং সখে।
তর্পয়ন্ত্যঙ্গ মাং বিশ্বমেতে পৃথুকতণ্ডুলাঃ ॥৯
ইতি মুষ্টিং সকৃজ্জগ্ধ্বা দ্বিতীয়াং জগ্ধুমাদদে।
তাবচ্ছ্রীর্জগৃহে হস্তং তৎপরা পরমেষ্ঠিনঃ ॥১০

এতাবতালং বিশ্বাত্মন্ সর্বসম্পৎসমৃদ্ধয়ে।
অস্মিঁল্লোকেঽথবামুষ্মিন্ পুংসস্তত্তোষকারণম্ ॥১১
ব্রাহ্মণস্তাং তু রজনীমুষিত্বাচ্যুতমন্দিরে।
ভুক্ত্বা পীত্বা সুখং মেনে আত্মানং স্বর্গতং যথা ॥১২
শ্বোভূতে বিশ্বভাবেন স্বসুখেনাভিবন্দিতঃ।
জগাম স্বালয়ং তাত পথ্যনুব্রজ্য নন্দিতঃ ॥১৩

ইত্থং বিচিন্ত্য ভগবান্ দ্বিজন্মনঃ ব্রাহ্মণস্য বসনাৎ চিরবদ্ধান্ পৃথুকতণ্ডুলান্ কিম ইদম্ ইতি উক্ত্বা স্বয়ং জহার ॥৮

হে সখে! ইদং মম পরমপ্রীণনম্ উপানীতম্। এতে পৃথুকতণ্ডুলাঃ হে অঙ্গ! বিশ্বং বিশ্বাত্মকং মাং তর্পয়ন্তি ॥৯

ইতি উক্ত্বা সকৃদ্ একাং মুষ্টিং জগ্ধ্বা দ্বিতীয়াং মুষ্টিং জগ্ধুম্ অত্তুং যদা কৃষ্ণঃ আদদে, তাবৎ তৎপরা তদেকনিষ্ঠা শ্রীঃ লক্ষ্যাংশভূতাঃ রুক্মিণী পরমেষ্ঠিনঃ কৃষ্ণস্য হস্তং জগৃহে জগ্রাহ ॥১০

উবাচ যথা হে বিশ্বাত্মন্! অস্মিন্ লোকে বা অমুষ্মিন্ পরত্র বা পুংসঃ সর্ব্বসম্পৎসমৃদ্ধয়ে (সর্ব্বযোঃ সম্পদাং সমৃদ্ধয়ে) তত্তোষকারণং তব তোষস্য কারণম্ এতাবতা একমুষ্ট্যদনমাত্রেণ এব অলম্ ॥১১

ব্রাহ্মণঃ তু অচ্যুতস্য মন্দিরে স্বাদু অন্নং ভুক্ত্বা পেয়ং চ পীত্বা তাং রজনীং রাত্রীম্ উষিত্বা আত্মানং স্বর্গতং স্বর্গবাসিনং যথা তথা এব সুখং সুখিনং মেনে ॥১২

হে তাত! ততঃ চ শ্বোভূতে সূর্য্যে উদিতে সতি, বিশ্বভাবেন (বিশ্বং ভাবয়তীতি তেন) স্বসুখেন আনন্দমূর্ত্তিনা শ্রীকৃষ্ণেন পথি অনুব্রজ্য অনুগম্য, বিবিধবিনয়োক্ত্যা নন্দিতঃ অভিবন্দিতঃ চ দ্বিজঃ স্বালয়ং স্বগৃহং প্রতি জগাম ॥১৩

এই প্রকার চিন্তা করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রাহ্মণের বস্ত্রাভ্যন্তর হইতে চিপিটক-গ্রন্থি কাড়িয়া লইয়া বলিলেন,—এই যে কি আমার জন্য আনিয়াছেন!৮

হে সখে! এই যে কিছু আমার জন্য আনয়ন করিয়াছেন, তাহাতেই আমার যথেষ্ট তৃপ্তিলাভ হইল। হে অঙ্গ! এই সামান্য চিপিটকই ভুবন-মোহনের মোহ আনয়ন করিয়াছে। আমি বিশ্ব-ভাবন হইলেও ইহাতেই বিশেষ তৃপ্তি লাভ করিলাম।৯

ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রাহ্মণকে এই প্রকার বলিয়া, এক মুষ্টি চিপিটক ভোজন করিলেন এবং পুনরায় ভোজনার্থ দ্বিতীয় মুষ্টি যেমন গ্রহণ করিয়াছেন, এমন সময়ে পতিব্রতা রুক্মিণী আসিয়া পরমেষ্ঠীর হস্ত ধারণ করত ভোজনে নিষেধ করিয়া বলিলেন—।১০

হে ভগবন্! হে বিশ্বাত্মন্! এই চিপিটক ভোজনে আর আপনার প্রয়োজন নাই; যাহা ভক্ষণ করিয়াছেন, তাহাতেই যথেষ্ট হইয়াছে; আপনাকে পরিতুষ্ট করত ইহসংসারে বা স্বর্গাদি পরলোকে জীবের যে কোন প্রাপ্তব্য ধন আছে, হে দয়াময়! এই এক মুষ্টি চিপিটক ভোজনের দ্বারাই সেই যাবতীয় সম্পৎ-প্রদানের তুষ্টি আপনার হৃদয়ে স্পষ্টতঃ অনুভূত হইয়াছে। আর অধিক দিবার কি বাকী আছে, যাহার জন্য দ্বিতীয় মুষ্টি-ভোজনে উদ্যত হইয়াছেন? এই বলিয়া রুক্মিণী দেবী তাঁহাকে ক্ষান্ত করিলেন।১১

অনন্তর ব্রাহ্মণ অতীব স্বাদু অন্নাদি ভোজন এবং উত্তম পেয় বস্তু পান করত স্বর্গবাসী অমরের ন্যায় পরম সুখে সেই রাত্রি শ্রীকৃষ্ণের মন্দিরেই অতিবাহিত করিলেন।১২

পরদিন প্রাতঃকালে গাত্রোত্থান করিলে, পরমানন্দমূর্ত্তি বিশ্বভাবন ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে গমনোদ্যত জানিয়া বিশেষ আদর প্রদর্শনে পথে কিয়দ্দূর তাঁহার অনুগমন করিলেন এবং বিশেষ

স চালব্ধ্বা ধনং কৃষ্ণান্ন তু যাচিতবান্ স্বয়ম্।
স্বগৃহান্ ব্রীড়িতোঽগচ্ছন্মহদ্দর্শননির্বৃতঃ ॥১৪
অহো ব্রহ্মণ্যদেবস্য দৃষ্টা ব্রহ্মণ্যতা ময়া।
যদ্ দরিদ্রতমো লক্ষ্মীমাশ্লিষ্টো বিভ্রতোরসি ॥১৫
কাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।
ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ ॥১৬
নিবাসিতঃ প্রিয়াজুষ্টে পর্য্যঙ্কে ভ্রাতরো যথা।
মহিষ্যা বীজিতঃ শ্রান্তো বালব্যজনহস্তয়া ॥১৭
শুশ্রূষয়া পরময়া পাদসংবাহনাদিভিঃ।
পূজিতো দেবদেবেন বিপ্রদেবেন দেববৎ ॥১৮
স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাম্।
সর্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনম্ ॥১৯

সঃ ব্রাহ্মণঃ কৃষ্ণাৎ ধনম্ অলব্ধ্বা অপি স্বয়ং ব্রীড়িতঃ লজ্জিতঃ এব ন যাচিতবান্, কিন্তু মহদ্দর্শননির্বৃতঃ (মহতঃ ভগবতঃ দর্শনেন এব নির্বৃতঃ আনন্দিতঃ এব) স্বগৃহান্ অগচ্ছৎ ॥১৪

ব্রহ্মণ্যদেবস্য (ব্রহ্মকুলে সাধবঃ তদারাধকাঃ ব্রহ্মণ্যাঃ তেষাং দেবস্য ফলপ্রদস্য কৃষ্ণস্য) অহো! ব্রহ্মণ্যতা ময়া দৃষ্টা। যতঃ উরসি লক্ষ্মীং বিভ্রতা অপি তেন দরিদ্রতমঃ অহম্ আশ্লিষ্টঃ আলিঙ্গিতঃ ॥১৫

দরিদ্রঃ পাপীয়ান্ অহং ক? শ্রীনিকেতনঃ লক্ষ্ম্যাশ্রয়ঃ কৃষ্ণঃ চ ক? অয়ম্ অহং ব্রহ্মবন্ধুঃ স্ম ইতি মত্বা তেন বাহুভ্যাং পরিরম্ভিতঃ আলিঙ্গিতঃ ॥১৬

প্রিয়য়া রুক্মিণ্যা জুষ্টে সেবিতে পর্য্যঙ্কে ভ্রাতরঃ যথা তথা নিবাসিতঃ উপবেশিতঃ; তথা বালব্যজনহস্তয়া মহিষ্যা রুক্মিণ্যা শ্রান্তঃ অহং বীজিতঃ ॥১৭

কিঞ্চ পাদসংবাহনাদিভিঃ পরময়া শুশ্রূষয়া দেবদেবেন (দেবাঃ ব্রহ্মাদয়ঃ তেষাং দেবেন পূজ্যেন) বিপ্রদেবেন (বিপ্রঃ দেবঃ পূজ্যঃ যস্য তেন) অহং দেববৎ পূজিতঃ ॥১৮

যত্তপি রসায়াং পাতালে, ভুবি চ সর্ব্বাসাং সিদ্ধীনাম্ অণিমাদীনাং পুংসাং স্বর্গাপবর্গয়োঃ স্বর্গ-মোক্ষয়োঃ চ কারণং মূলং হি তস্য ভগবতঃ চরণার্চ্চনম্ এব ॥১৯

বিনয়-বচনে আনন্দোৎপাদনাদির দ্বারা অভিবাদনাদি করিলে, হে বৎস! ব্রাহ্মণ স্বীয় গৃহাভিমুখে প্রস্থান করিলেন।১৩

এদিকে স্ত্রীর অনুরোধে ধনপ্রাপ্তির কামনায় তিনি শ্রীকৃষ্ণের সমীপে আগমন করিয়াছিলেন বটে, কিন্তু শ্রীকৃষ্ণ আপাততঃ কিছুমাত্র ধন দিলেন না এবং ব্রাহ্মণ নিজেও লজ্জাবশতঃ কিছু চাহিতেও পারিলেন না; সুতরাং গৃহে গিয়া পত্নীর নিকট কি বলিবেন, তজ্জন্য যেন কিছু লজ্জিত হইলেন; আবার কৃষ্ণসন্দর্শন লাভে একান্ত নির্বৃত হওয়ায়, সে লজ্জাও আর তাঁহার হৃদয়ে স্থান পাইল না।১৪

তিনি মনে মনে ভাবিতে লাগিলেন যে, অহো! অদ্য ব্রহ্মণ্যদেবের ব্রাহ্মণের প্রতি প্রকৃত ভক্তির পরিচয় প্রাপ্ত হইলাম! যে বক্ষে কমলাকে তিনি ধারণ করেন, অদ্য সেই বক্ষে আমার ন্যায় দীন দুঃখী দরিদ্র ব্রাহ্মণকে অবলীলাক্রমে আলিঙ্গন করিয়াছেন।১৫

অহো! আমার ন্যায় ঘোর পাপিষ্ঠ ও দরিদ্র ব্যক্তি কোথায়! আর শ্রীনিকেতন শ্রীকৃষ্ণই বা কোথায়! আমি অতি নিকৃষ্ট ব্রাহ্মণ হইলেও, তিনি বাহুদ্বয়ে আমাকে গাঢ় আলিঙ্গন করিয়াছেন।১৬

অধিক কি! জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় আমার প্রতি সম্মান প্রদর্শনে পত্নীর পর্য্যঙ্কে আমাকে উপবেশন করাইয়াছেন এবং আমার পথ-শ্রমের শান্তির জন্য চামরহস্তা পত্নীর দ্বারা আমার বীজন করাইয়াছেন।১৭

অহো! ব্রাহ্মণগণের সম্মানকারী সেই দেবদেব জনার্দ্দন পাদ-সংবাহনাদি বিবিধ শুশ্রূষার দ্বারা দেবতার ন্যায় আমার অর্চ্চনা করিয়াছেন।১৮

স্বর্গ, মর্ত্ত বা রসাতলের যাবতীয় সম্পদ্‌লাভ করিতে হইলে, অথবা অণিমাদি সর্ব্বপ্রকার সিদ্ধিতে বিভূষিত হইতে হইলে, অধিক কি! যদি মুক্তিলাভেও অভিপ্রায় থাকে, তাহা হইলে সেই ভগবানের চরণার্চ্চনই একমাত্র উপায়।১৯

অধনোঽয়ং ধনং প্রাপ্য মাদ্যন্নুচ্চৈর্ন মাং স্মরেৎ।
ইতি কারুণিকো নূনং ধনং মেঽভূরি নাদদাৎ ॥২০
ইতি তচ্চিন্তয়ন্নন্তঃ প্রাপ্তো নিজগৃহান্তিকম্।
সূর্য্যানলেন্দুসঙ্কাশৈর্বিমানৈঃ সর্বতো বৃতম্ ॥২১
বিচিত্রোপবনোদ্যানৈঃ কূজদ্দ্বিজকুলাকুলৈঃ।
প্রোৎফুল্লকুমুদাম্ভোজ-কহ্লারোৎপলবারিভিঃ ॥২২

অতঃ কারুণিকঃ অপি শ্রীকৃষ্ণঃ অয়ম্ অধনঃ ধনং প্রাপ্য উচ্চৈঃ মাদ্যন্ গর্ব্বিতঃ সন্ মাং ন স্মরেৎ ইতি সংচিন্ত্য কারুণিকঃ অপি কৃষ্ণঃ নূনং নিশ্চিতং মে মহ্যং ভূরি ধনং ন অদদৎ ॥২০

স্বস্য অন্তঃকরণে ইতি এবং তৎ চিন্তয়ন্ সূর্য্যানলেন্দু-সঙ্কাশৈঃ (সূর্য্যাদিসংকাশৈঃ তদ্বদ্দীপ্যমানৈঃ) বিমানৈঃ সর্ব্বতো বৃতং নিজগৃহান্তিকং প্রাপ্তঃ ॥২১

কূজদ্দ্বিজকুলাকুলৈঃ (কূজতাং দ্বিজানাং পক্ষিণাং কুলানি তৈঃ আকুলৈঃ ব্যাপ্তৈঃ) বিচিত্রোপবনোদ্যানৈঃ (বিচিত্রৈঃ উপবনৈঃ উদ্যানৈঃ চ বৃতং) তথা প্রকৃষ্টেন উৎফুল্লানি কুমুদাদীনি যেষু তৈঃ বারিভিঃ জলাশয়ৈঃ চ জুষ্টং যুক্তম্ ॥২২

সেই দীনবন্ধু বিশেষ লক্ষ্য করিয়াছেন যে, আমি সম্পূর্ণ নিঃস্ব ব্যক্তি; অকস্মাৎ প্রচুর ধন পাইলে পাছে আমি উৎপথগামী হইয়া তাঁহাকে স্মরণ না করি, এই নিমিত্ত সেই পরম কারুণিক আমাকে প্রচুর ধন প্রদান করেন নাই।২০

মনে মনে এইরূপ চিন্তা করিতে করিতে ব্রাহ্মণ নিজ বাসস্থানের নিকটবর্ত্তী হইলেন; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, তথায় গিয়া আর তাঁহার পর্ণকুটীরটী তিনি দেখিতে পাইলেন না। তথায় সূর্য্য, চন্দ্র এবং পাবকোপম দীপ্তিবিশিষ্ট হর্ম্ম্যরাজি-বিরাজিত অতি বিস্তৃত অপূর্ব্ব একটী অট্টালিকা শ্রীদাম ব্রাহ্মণ নয়নগোচর করিলেন।২১

তাহার চতুর্দ্দিকে বিচিত্র উপবন-সমূহ শোভা পাইতেছিল এবং অলিকুলের গুঞ্জনে ও পক্ষিকুলের কাকলিতে উপবন-সমূহ নিনাদিত হইতেছিল; কুমুদ, পদ্ম, কহ্লার এবং উৎপল-নিচয় প্রস্ফুটিত হইয়া, তত্রত্য জলাশয়-সমূহের অপূর্ব্ব শোভা বৃদ্ধি করিয়াছিল।২২

জুষ্টং স্বলঙ্কৃতৈঃ পুম্ভিঃ স্ত্রীভিশ্চ হরিণাক্ষিভিঃ।
কিমিদং কস্য বা স্থানং কথং তদিদমিত্যভূৎ ॥২৩
এবং মীমাংসমানং তং নরা নার্য্যোঽমরপ্রভাঃ।
প্রত্যগৃহ্নন্ মহাভাগং গীতবাদ্যেন ভূয়সা ॥২৪
পতিমাগতমাকর্ণ্য পত্ন্যুদ্ধর্ষাতিসম্ভ্রমা।
নিশ্চক্রাম গৃহাত্তূর্ণং রূপিণী শ্রীরিবালয়াৎ ॥২৫

স্বলঙ্কৃতৈঃ পুংভিঃ তথা হরিণাক্ষিভিঃ (হরিণীনাম্ ইব অক্ষীণি যাসাং তাভিঃ) স্ত্রীভিঃ চ জুষ্টং। তৎ আশ্চর্য্যং দৃষ্ট্বা বিতর্কিতবান্ যথা ইদং কিম্? কস্য বা ইদং স্থানং? তৎ মম স্থানম্ ইতি এবং রূপং কথম্ অভূৎ ॥২৩

এবং মীমাংসমানং বিতর্কয়ন্তং তং দ্বিজম্ অমরপ্রভাঃ দেবতুল্যকান্তয়ঃ নরাঃ নার্য্যঃ চ ভূয়সা উচ্চৈঃ, গীতবাদ্যেন তং মহাভাগং প্রত্যগৃহ্লাৎ উপয়নাদিভিঃ আদৃতবন্তঃ ॥২৪

পতিম্ আগতম্ আকর্ণ্য শ্রুত্বা উদ্ধর্ষাতিসম্ভ্রমা (উদ্ভূতেন হর্ষেণ অতিসম্ভ্রমঃ ব্যাকুলতা যস্যাঃ সা) তস্য পত্নী আলয়াৎ কমলবনাৎ, রূপিণী রূপধারিণী শ্রীঃ লক্ষ্মীঃ ইব গৃহাৎ তূর্ণং নিশ্চক্রাম ॥২৫

বিবিধ অলঙ্কারে সুসজ্জিত পুরুষ এবং হরিণনয়না নারীগণে পরিশোভিত প্রাসাদসদৃশ সেই অট্টালিকা অবলোকন করিয়া, ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে, এই অট্টালিকা কোথা হইতে আসিল; কাহারই বা ইহাতে অধিকার? এবং আমার গৃহই বা কোথা গেল?২৩

মনে মনে নানাপ্রকার চিন্তা করিতেছেন, এমন সময়ে অমর-সদৃশ অপূর্ব্ব-দর্শন কতকগুলি নর এবং নারী প্রচুর গীত-বাদ্য সহকারে সেই মহাভাগ্যবান্ ব্রাহ্মণের প্রত্যুদ্গমন পূর্ব্বক বিশেষ অভ্যর্থনা করিতে লাগিলেন।২৪

এদিকে পতি প্রত্যাগমন করিয়াছেন শ্রবণ

পতিব্রতা পতিং দৃষ্ট্বা প্রেমোৎকণ্ঠাশ্রুলোচনা।
মীলিতাক্ষ্যনমৎ বুদ্ধ্যা মনসা পরিষস্বজে ॥২৬
পত্নীং বীক্ষ্য বিস্ফুরন্তীং দেবীং বৈমানিকীমিব।
দাসীনাং নিষ্ককণ্ঠীনাং মধ্যে ভান্তীং স বিস্মিতঃ ॥২৭
প্রীতঃ স্বয়ং তয়া যুক্তঃ প্রবিষ্টো নিজমন্দিরম্।
মণিস্তম্ভশতোপেতং মহেন্দ্রভবনং যথা ॥২৮

পতিং দৃষ্ট্বা প্রেম্না উৎকণ্ঠাবৃদ্ধিতয়া অশ্রূণি লোচনয়োঃ যস্যাঃ সা মীলিতাক্ষী (মীলিতে অক্ষিণী যয়া সা) পতিব্রতা পত্নী পতিং বুদ্ধ্যা অনমৎ তথা মনসা চ পরিষস্বজে আলিঙ্গিতবতী ॥২৬

সঃ ব্রাহ্মণঃ বৈমানিকীং বিমানারূঢ়াং প্রস্ফুরন্তীং দীপ্যমানাং দেবীং দেবস্ত্রিয়ম্ ইব নিষ্ককণ্ঠীনাং (নিষ্কঃ কণ্ঠে যাসাং তাসাং) দাসীনাং মধ্যে ভান্তীং শোভমানাং পত্নীং বীক্ষ্য বিস্মিতঃ অভূৎ ॥২৭

প্রীতঃ চ সন্ তয়া পত্ন্যা যুক্তঃ সহিতঃ স্বয়ং মণিস্তম্ভশতোপেতং (মণীনাং স্তম্ভশতেন উপেতং যুক্তং) মহেন্দ্রস্য ভবনম্ অমরাবতীম্ ইব নিজমন্দিরং প্রবিষ্টঃ ॥২৮

করিয়া, পতিব্রতা ব্রাহ্মণপত্নীর আর আনন্দের পরিসীমা রহিল না; কমলবন হইতে বহির্গতা মূর্ত্তিমতী কমলার ন্যায় স্বামী-সন্দর্শনার্থ পত্নী সত্বর গৃহ হইতে বহির্গতা হইলেন।২৫

বাহিরে আসিবামাত্র যখন পতিকে দর্শন করিলেন, তখন সেই পতিব্রতার আর আনন্দের সীমা রহিল না। প্রেমের আবেগে নয়নধারা নিপতিত হইতে লাগিল; নয়নবারি নিবারণার্থ চক্ষু সঙ্কুচিত করত তিনি পতিকে প্রণাম করিলেন বটে, কিন্তু লোক-লজ্জার ভয়ে আলিঙ্গনে অসমর্থা হইয়া, কেবল মনে মনেই স্বামীকে আলিঙ্গন করিলেন।২৬

এদিকে ব্রাহ্মণ তাদৃশ আলোকসামান্য রূপধারণ করত সুবর্ণ-পদকধারিণী দাসীগণের মধ্যে বিরাজমানা বিমানচারিণী সাক্ষাৎ দেবপত্নী সদৃশ শোভা-বিশিষ্টা পত্নীকে অবলোকন করিয়া, বিস্ময়-সাগরে নিপতিত হইলেন।২৭

পরে মনোমধ্যে নিতান্ত প্রসন্ন হইয়া, পত্নীর সহিত তাদৃশ শত শত মণিস্তম্ভোপশোভিত মহেন্দ্র-ভবন অমরাপুরীতুল্য স্বীয় ভগবদ্দত্ত মন্দিরে প্রবেশ করিলেন।২৮

পয়ঃফেননিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ।
পর্য্যঙ্কা হেমদণ্ডানি চামরব্যজনানি চ ॥২৯
আসনানি চ হৈমানি মৃদুপস্তরণানি চ।
মুক্তাদামবিলম্বীনি বিতানানি দ্যুমন্তি চ ॥৩০
স্বচ্ছস্ফটিককুড্যেষু মহামারকতেষু চ।
রত্নদীপা ভ্রাজমানা ললনারত্নসংযুতাঃ ॥৩১

যত্র মন্দিরে দান্তাঃ হস্তিদন্তনির্ম্মিতাঃ পয়ঃফেননিভাঃ দুগ্ধফেনবৎ শুভ্রাস্তরণযুক্তাঃ, রুক্মময়াঃ পরিচ্ছদাঃ শয্যাঃ পর্য্যঙ্কাঃ চ তথা হেমদণ্ডানি (হেমময়ঃ দণ্ডঃ যেষাং তানি) চামরব্যজনানি সন্তি ॥২৯

মৃদুপস্তরণানি মৃদূনি তুলাদিময়ানি উপস্তরণানি যেষু তানি হৈমানি সুবর্ণময়ানি, আসনানি মুক্তাদামবিলম্বীনি (মুক্তাদাম্নাং বিলম্বাঃ) যেষু তানি দ্যুমন্তি কান্তিযুক্তানি বিতানানি ॥৩০

মহামারকতেষু (মহান্তঃ মারকতাঃ ইন্দ্রনীলমণয়ঃ যেষু) স্বচ্ছস্ফটিককুড্যেষু রত্নদীপাঃ (রত্নানি এব দীপাঃ চ তথাভূতৈঃ) সংযুতাঃ ভ্রাজমানাঃ ললনাঃ চ সন্তি ॥৩১

তথায় হস্তিদন্তনির্ম্মিত স্বর্ণরসাচ্ছাদিত পর্য্যঙ্কোপরি দুগ্ধফেননিভ শয্যাসমূহ এবং বীজনার্থ হেমদণ্ড চামরাদি প্রতিগৃহে শোভা পাইতেছিল।২৯

কোমল আস্তরণবিশিষ্ট সুবর্ণখচিত আসনসমূহ বিস্তৃত করা ছিল এবং মুক্তাদাম-বিলম্বিত উৎকৃষ্ট চন্দ্রাতপ সকল প্রতিগৃহের অপূর্ব্ব শোভাবর্দ্ধন করিতেছিল।৩০

মহামারকত-বিশিষ্ট স্বচ্ছস্ফটিক-নির্ম্মিত গৃহভিত্তিতে রত্নময় দীপ সমূহ এবং রত্নময় ললনাগণের প্রতিকৃতি শোভা পাইতেছিল।৩১

বিলোক্য ব্রাহ্মণস্তত্র সমৃদ্ধীঃ সর্বসম্পদাম্।
তর্কয়ামাস নির্ব্ব্যগ্রঃ স্বসমৃদ্ধিমহৈতুকীম্ ॥৩২

নূনং বতৈতন্মম দুর্গমস্য
শশ্বদ্দরিদ্রস্য সমৃদ্ধিহেতুঃ।
মহাবিভূতেরবলোকতোঽন্যো
নৈবোপপদ্যেত যদূত্তমস্য ॥৩৩

নন্বব্রুবাণো দিশতে সমক্ষং
যাচিষ্ণবে ভূর্য্যপি ভূরিভোজঃ।
পর্জন্যবত্তৎ স্বয়মীক্ষমাণো
দাশার্হকাণামৃষভঃ সখা মে ॥৩৪

কিঞ্চিৎকরোত্যুর্বপি যৎ স্বদত্তং
সুহৃৎকৃতং ফল্গ্বপি ভূরিকারী।
ময়োপনীতাং পৃথুকৈকমুষ্টিং
প্রত্যগ্রহীৎ প্রীতিযুতো মহাত্মা ॥৩৫

তত্র ভবনে এবম্ সর্ব্বসম্পদাং সমৃদ্ধীঃ বিলোক্য নির্ব্যগ্রঃ সাবধানচিত্তঃ ব্রাহ্মণঃ অহৈতুকীম্ আকস্মিকীং স্বস্য সমৃদ্ধিং তর্কয়ামাস ॥৩২

শশ্বদ্দরিদ্রস্য (শশ্বৎ জন্মতঃ সর্ব্বদা দরিদ্রস্য) দুর্ভগস্য ভাগ্যহীনস্য, এতন্মম (এষঃ চাসৌ অহঞ্চেতি তস্য) সমৃদ্ধিহেতুঃ মহাবিভূতেঃ (মহতী বিভূতিঃ লক্ষ্মীঃ যস্য অধীনা তস্য) যদূত্তমস্য শ্রীকৃষ্ণস্য অবলোকতঃ কৃপাদৃষ্টেঃ অন্যৎ বত নূনং ন এব উপপদ্যেত সম্ভাব্যতে ॥৩৩

নন্ু দাশার্হকাণাম্ ঋষভঃ শ্রেষ্ঠঃ, ভূরিভোজঃ বহুভোজী, মে মম সখা শ্রীকৃষ্ণঃ সমক্ষম্ অব্রুবাণঃ এব স্বয়ং তৎ দেয়ং পর্জন্যবৎ ঈক্ষমাণঃ এব ভূরি অপি যাচিষ্ণবে যাচকায় দিশতে দদাতি ॥৩৪

উরু বহু অপি স্বদত্তং যৎ ঐশ্বর্য্যাদি, তৎ কিঞ্চিৎ করোতি স্বল্পং মন্যতে; তথা সুহৃৎকৃতং (সুষ্ঠু প্রেমযুক্তং হৃৎ হৃদয়ং যস্য তেন ভক্তেন কৃতং) ভজনং ফল্গু স্বল্পম্ অপি ভূরিকারী বহু করোতি। অতঃ সঃ মহাত্মা ময়া উপনীতং পৃথুকৈকমুষ্টিং প্রীতিযুক্তঃ প্রত্যগ্রহীৎ প্রতিগৃহীতবান্ ॥৩৫

যাবতীয় সম্পদের পূর্ণ বিকাশ-স্বরূপ স্বীয় অনির্ব্বচনীয় সম্পদের অকস্মাৎ উপস্থিতি অবলোকন করিয়া, ব্রাহ্মণ শান্তভাবে মনে মনে তদ্বিষয়ের আলোচনা করত বলিলেন— ।৩২

অহো। আমার ন্যায় হতভাগ্য পুরুষ এ সংসারে আর কেহ নাই। আমি জন্মাবধি দীন দুঃখী; আমার পক্ষে এতাদৃশ সমৃদ্ধির অকস্মাৎ আগমন সেই যদুবংশাবতংস শ্রীপতি ভগবান্ শ্রীকৃষ্ণের কৃপাদৃষ্টি ব্যতীত অন্য কিছুতেই সম্ভবপর নহে।৩৩

দাশার্হগণের চূড়ামণি সেই হৃদয়সখা শ্রীকৃষ্ণ নাকি প্রচুর সম্পত্তির অধীশ্বর, সুতরাং তিনি যতই দান করেন, উপযুক্তরূপ দেয় বলিয়া কখনই তিনি তাহা মনে করেন না; নিজের প্রদত্ত সামগ্রীকে তিনি অতি অল্প ও সামান্য বলিয়াই জ্ঞান করেন; এইহেতু দিবার পূর্ব্বে কিছু বলেন নাই, অথচ জলদ যেমন কৃষকের অজ্ঞাতসারে রাত্রিকালে ভূরি বর্ষণে তাহার ক্ষেত্রকে প্লাবিত করিয়া দেয়, ত্রিতাপহারী হৃষীকেশও সেইরূপ আমার অজ্ঞাতসারে নিজে বিশেষরূপ লক্ষ্য করিয়াই, এই প্রচুর সম্পত্তি আমাকে প্রদান করিয়াছেন।৩৪

অহো। তিনি আমাকে প্রচুর দিলেও, নিজে অতি সামান্য বলিয়াই তাহাকে মনে করিতেছেন; কিন্তু ভক্ত অতি সামান্য প্রদান করিলেও, তিনি তাহাকে প্রচুর বলিয়া জ্ঞান করেন। নতুবা আমি অতি তুচ্ছ পৃথকমুষ্টি মাত্র আনয়ন করিয়াছিলাম, তাহাতেই সেই পরম পুরুষপ্রসন্ন হইয়া, কেন তাহা স্বয়ং গ্রহণ করিলেন ?৩৫

তস্যৈব মে সৌহৃদসখ্যমৈত্রী
দাস্যং পুনর্জন্মনি জন্মনি স্যাৎ।
মহানুভাবেন গুণালয়েন
বিসজ্জতস্তৎ পুরুষপ্রসঙ্গঃ ॥৩৬
ভক্তায় চিত্রা ভগবান্ হি সম্পদো
রাজ্যং বিভূতির্ন সমর্থয়ত্যজঃ।
অদীর্ঘবোধায় বিচক্ষণঃ স্বয়ং
পশ্যন্ নিপাতং ধনিনাং মদোদ্ভবম্ ॥৩৭

গুণালয়েন ঐশ্বর্য্যাদিগুণসম্পন্নেন, মহানুভাবেন শ্রীকৃষ্ণেন এবম্ প্রেরিতস্য বিসজ্জতঃ বিশেষণ সঙ্গং প্রাপ্নুবতঃ, মম জন্মনি সৌহৃদ-সখ্য-মৈত্রী-দাস্যং (সৌহৃদং প্রেম, সখ্যং বিশ্বাসঃ, মৈত্রী উপকারাশংসনং, দাস্যং সেবকত্বং চ) তথা তৎপুরুষপ্রসঙ্গঃ (তস্য পুরুষাণাং ভক্তানাং প্রকৃষ্টঃ সঙ্গশ্চ) স্যাৎ ॥৩৬

ধনিনাং মদোদ্ভবং (ধনমদেন উদ্ভবঃ যস্য তং) নিপাতং (নরকাদৌ) পশ্যন্ স্বয়ং বিচক্ষণঃ সর্ব্বসাক্ষী অজঃ জন্মাদি-বিকার-শূন্যঃ, ভগবান্ অদীর্ঘবোধায় অবিবেকিনে ভক্তায় হি

আমি জানিলাম ! তিনিই ধন্য ! আমার সম্পত্তির আর প্রয়োজন নাই। ঐশ্বর্য্যাদি সর্ব্বগুণসম্পন্ন সেই মহানুভব শ্রীকৃষ্ণই অনুগ্রহ পূর্ব্বক নিজে আমাকে সঙ্গ প্রদান করিয়াছিলেন ; এক্ষণে সম্পত্তি প্রদানে বুঝি সেই সঙ্গে আমাকে বঞ্চিত করিতেছেন। এক্ষণে সর্ব্বান্তঃকরণে প্রার্থনা করি, যেন সেই ভবভয়হারীর প্রতি আমার প্রেম, সখ্যতা, মৈত্রী এবং দাস্যভাব ও তাঁহার ভক্তগণের সঙ্গ আমি জন্মজন্মান্তরে লাভ করিতে পারি।৩৬

ধনবান্ ব্যক্তি ঐশ্বর্য্যমদে অন্ধ হইয়া প্রায়ই যে নরকগামী হয়, তাহা সেই সর্ব্বসাক্ষী ভগবান্ আজ স্বয়ং প্রত্যক্ষ করিয়া অবিবেকী ভক্তকে কখন রাজ্যৈশ্বর্য্যাদি বিবিধ সম্পদ প্রদান করেন না। আমি অবিবেকী ; আমার যেন ধনমদে মোহের উপস্থিতি কখন না ঘটে।৩৭

ইত্থং ব্যবসিতো বুদ্ধ্যা ভক্তোঽতীব জনার্দনে।
বিষয়ান্ জায়য়া ত্যক্ষ্যন্ বুভুজে নাতিলম্পটঃ ॥৩৮
তস্য বৈ দেবদেবস্য হরের্যজ্ঞপতেঃ প্রভোঃ।
ব্রাহ্মণাঃ প্রভবো দৈবং ন তেভ্যো বিদ্যতে পরম্ ॥৩৯
এবং স বিপ্রো ভগবৎসুহৃত্তদা
দৃষ্ট্বা স্বভৃত্যৈরজিতং পরাজিতম্।
তদ্ধ্যানবেগোদ্গ্রথিতাত্মবন্ধন-
স্তদ্ধাম লেভেঽচিরতঃ সতাং গতিম্ ॥৪০

চিত্রাঃ সম্পদঃ রাজ্যং বিভূতীঃ চ ন সমর্থয়তি ন দদাতি ॥৩৭

বুদ্ধ্যা ইত্থং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ, জনার্দ্দনে অতীব ভক্তঃ সঃ দ্বিজঃ বিষয়ান্ ত্যক্ষ্যন্ বিষয়ত্যাগম্ অভ্যস্যন্, নাতিলম্পটঃ আসক্তিরহিতঃ এব জায়য়া সহ তান্ বুভুজে ॥৩৮

দেবদেবস্য ব্রহ্মাদীনামপি পূজ্যস্য, যজ্ঞপতেঃ যজ্ঞৈঃ সমারাধ্যস্য, প্রভোঃ সর্ব্বস্বামিনঃ তস্য হরেঃ ব্রাহ্মণাঃ এব প্রভবঃ স্বামিনঃ, দৈবং চ তেভ্যঃ পরম্ উৎকৃষ্টম্ অন্যৎ ন বিদ্যতে ইতি ॥৩৯

ব্রাহ্মণ মনে মনে এই প্রকার বিচার করত ভগবান্ জনার্দ্দনে চিত্ত সমর্পণ করিলেন। তিনি বিষয়কে বিষবৎ পরিত্যাগ করিবার অভ্যাস করত অনাসক্ত ভাবে পত্নীসহ ভগবদ্দত্ত সম্পত্তিকে ভোগ করিয়া-ছিলেন।৩৮

অহো ! যিনি ব্রহ্মাদি লোকপাল দেবতাগণেরও পূজ্য, যজ্ঞাদি সৎকর্ম্মের একমাত্র আরাধ্য সর্ব্বান্তর্যামী শ্রীহরি, তাঁহার সমীপে ব্রাহ্মণগণই আবার তাঁহার একমাত্র আরাধ্য। ব্রাহ্মণের অপেক্ষা কাহাকেও তিনি উৎকৃষ্ট বলিয়া বিবেচনা করেন না।৩৯

সেই ভগবদ্ভক্ত ব্রাহ্মণ স্বীয় অবস্থার পর্য্যা-লোচনায় বিশেষ অবধারণ করিলেন যে, যাঁহাকে কেহ কখন পরাজিত করিতে পারে না, সেই অজিত ভগবান্ কেবল স্বীয় ভক্ত ভৃত্যের নিকটই অবলীলা-

এতদ্ ব্রহ্মণ্যদেবস্য শ্রুত্বা ব্রহ্মণ্যতাং নরঃ।
লব্ধভাবো ভগবতি কর্মবন্ধাদ্ বিমুচ্যতে ॥৪১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১

ভগবৎসুহৃদ্ ভগবদ্ভক্তঃ সঃ বিপ্রঃ (অন্যৈঃ) অজিতম্ অপি ভগবন্তম্ এবং স্বভৃত্যৈঃ পরাজিতং বশীকৃতং দৃষ্ট্বা তস্য এব ধ্যানেন গ্রথিতম্ উন্মোচিতম্ আত্মনঃ স্বস্য বন্ধনম্ অবিদ্যাদিরূপং যস্য তথাবিধঃ সঃ অচিরতঃ এব সতাং গতিং প্রাপ্য, তস্য ভগবতঃ ধাম বৈকুণ্ঠাখ্যং স্থানং লেভে প্রাপ্তবান্ ॥৪০

ব্রহ্মণ্যদেবস্য শ্রীকৃষ্ণস্য এতৎ (শ্রীদাম্নে সম্পৎপ্রতিপাদনং) তথা ব্রহ্মণ্যতাং চ শ্রুত্বা ভগবতি লব্ধভাবঃ নরঃ কর্ম্মবন্ধাৎ সংসারাৎ বিমুচ্যতে ॥৪১

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥

ক্রমে অধীনতা স্বীকার করিয়াছেন। সুতরাং তাঁহার চিন্তায় তখন তিনি চিত্তকে সম্পূর্ণ তন্নিষ্ঠ করত, অবিদ্যাবন্ধনকে অতিক্রম করিলেন এবং সাধু সজ্জনগণের প্রাপ্য দুর্লভ ভগবদ্ধাম বৈকুণ্ঠলোকে অনায়াসে গমন করিলেন।৪০

ব্রহ্মণ্যদেব ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রীদামকে এই সম্পত্তি প্রদানের বিবরণ ও তাঁহার ব্রাহ্মণের প্রতি ভক্তির ব্যাপার যে ব্যক্তি শ্রবণ করেন, তিনিও কর্ম্ম-বন্ধন-স্বরূপ এই সংসার হইতে নিষ্কৃতি লাভ করেন।৪১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্ব্যশীতিতমঃ অধ্যায়ঃ।

[কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণপর্ব্বণি যদুভিঃ সহ কুরূণাং নন্দাদিগোপানাং চ মিলনম্।

শ্রীশুক উবাচ।

অথৈকদা দ্বারকায়াং বসতো রাম-কৃষ্ণয়োঃ।
সূর্য্যোপরাগঃ সুমহানাসীৎ কল্পক্ষয়ে যথা ॥১

তং জ্ঞাত্বা মনুজা রাজন্ পুরস্তাদেব সর্বতঃ।
সমন্তপঞ্চকং ক্ষেত্রং যযুঃ শ্রেয়োবিধিৎসয়া ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। রামকৃষ্ণয়োঃ দ্বারকায়াং বসতোঃ সতোঃ একদা কল্পক্ষয়ে কল্পাবসানে যথা ভবতি তথা সুমহান্ সর্ব্বগ্রাসাত্মকঃ সূর্য্যোপরাগঃ সূর্য্যগ্রহণম্ আসীৎ ॥১

হে রাজন্! তং সূর্য্যোপরাগং জ্যোতির্ব্বিদ্ভিঃ কথ্যমানং

দ্ব্যশীতিতম অধ্যায়।

[কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণপর্ব্ব উপলক্ষে যদুগণের সহিত কুরুবৃন্দের এবং নন্দাদিগোপবর্গের মিলন।

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! রামকৃষ্ণ যখন দ্বারকায় বাস করিতেছেন, এমন সময়ে যেন কল্পক্ষয়ের ন্যায় একবার একটী সূর্য্যগ্রহণ উপস্থিত হইল। তাহাতে সূর্য্যদেবের সর্ব্বগ্রাসই ঘটে।১

নিঃক্ষত্রিয়াং মহীং কুর্বন্ রামঃ শস্ত্রভৃতাং বরঃ।
নৃপাণাং রুধিরৌঘেণ যত্র চক্রে মহাহ্রদান্ ॥৩
ঈজে চ ভগবান্ রামো যত্রাস্পৃষ্টোঽপি কর্মণা।
লোকস্য গ্রাহয়ন্নীশো যথান্যোঽঘাপনুত্তয়ে ॥৪
মহত্যাং তীর্থযাত্রায়াং তত্রাগন্ ভারতীঃ প্রজাঃ।
বৃষ্ণয়শ্চ তথাক্রূর-বসুদেবাহুকাদয়ঃ ॥৫
যযুর্ভারত তৎ ক্ষেত্রং স্বমঘং ক্ষপয়িষ্ণবঃ।
গদ-প্রদ্যুম্ন-সাম্বাদ্যাঃ সুচন্দ্র-শুক-সারণৈঃ ॥৬
আস্তেঽনিরুদ্ধো রক্ষায়াং কৃতবর্মা চ যূথপঃ।
তে রথৈর্দেবধিষ্ণ্যাভৈর্হয়ৈশ্চ তরলপ্লবৈঃ ॥৭
গজৈর্নদদ্ভিরভ্রাভৈর্নৃভির্বিদ্যাধরদ্যুভিঃ।
ব্যরোচন্ত মহাতেজাঃ পথি কাঞ্চনমালিনঃ ॥৮

দিব্য-স্রগ্-বস্ত্র-সন্নাহাঃ কলত্রৈঃ খেচরা ইব।
তত্র স্নাত্বা মহাভাগা উপোষ্য সুসমাহিতাঃ ॥৯
ব্রাহ্মণেভ্যো দদুর্ধেনূর্বাসঃ-স্রগ্-রুক্মমালিনীঃ।
রামহ্রদেষু বিধিবৎ পুনরাপ্লুত্য বৃষ্ণয়ঃ ॥১০
দদুঃ স্বন্নং দ্বিজাগ্র্যেভ্যঃ কৃষ্ণে নো ভক্তিরস্ত্বিতি।
স্বয়ং চ তদনুজ্ঞাতা বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ ॥১১
ভুক্ত্বোপবিবিশুঃ কামং স্নিগ্ধচ্ছায়াঙ্ঘ্রিপাঙ্ঘ্রিষু।
তত্রাগতাংস্তে দদৃশুঃ সুহৃৎসম্বন্ধিনো নৃপান্ ॥১২
মৎস্যোশীন-কৌসল্য-বিদর্ভ-কুরু-সৃঞ্জয়ান্।
কাম্বোজ-কৈকয়ান্ মদ্রান্ কুন্তীনানর্ত-কেরলান্ ॥১৩

জ্ঞাত্বা পুরস্তাৎ ততঃ পূর্ব্বতঃ এব সর্ব্বতঃ সর্ব্বদেশতঃ মনুজাঃ শ্রেয়োবিবিৎসয়া পুণ্যার্জনেচ্ছয়া সমন্তপঞ্চকং নাম কুরুক্ষেত্রং যযুঃ ॥২

শস্ত্রভৃতাং বরঃ রামঃ পরশুরামঃ মহীং নিঃক্ষত্রিয়াং কুর্ব্বন্ যত্র নৃপাণাং রুধিরৌঘেণ রুধিরধারয়া মহাহ্রদান চক্রে ॥৩

কর্ম্মণা নৃপবধপ্রযুক্তপাপেন স্বয়ম্ অস্পৃষ্টঃ অপি ভগবান্ রামঃ লোকং সংগ্রাহয়ন্ (অন্যেঽপি এবং কুর্য্যুঃ ইতি শিক্ষয়িতুং) অঘাপনুত্তয়ে পাপবিনাশায়, স্বয়ম্ ঈশঃ অপি যত্র ক্ষেত্রে ঈজে, তৎ ক্ষেত্রং যযুঃ ॥৪

তত্র মহত্যাং তীর্থযাত্রায়াং ভারতীঃ ভারত্যঃ প্রজাঃ আগন্ আজগ্মুঃ, তথা অক্রূর-বসুদেবাহুকাদয়ঃ বৃষ্ণয়ঃ গদপ্রদ্যুম্নসাম্বাঃ কুমারাঃ চ স্বম্ অঘম্ ক্ষপয়িষ্ণবঃ সন্তঃ হে ভারত! তৎ ক্ষেত্রং যযুঃ ॥ সুচন্দ্রশুকসারণৈঃ সহ অনিরুদ্ধঃ (দ্বারকায়াঃ) রক্ষায়াম্ আস্তে; তথা কৃতবর্ম্মা যূথপঃ সেনানী অভূৎ। দেবধিষ্ণ্যাভৈঃ দেববিমান-সদৃশৈঃ রথৈঃ, তরলপ্লবৈঃ (তরলাঃ তরঙ্গাঃ তদ্বৎ প্লবঃ গতিঃ যেষাং তৈঃ) হয়ৈঃ, নদদ্ভিঃ নাদং কুর্ব্বদ্ভিঃ অভ্রাভৈঃ নীলমেঘসদৃশৈঃ গজৈঃ; বিদ্যাধরদ্যুভিঃ (বিদ্যাধরাণাম্ ইব দ্যুতিঃ যেষাং তৈঃ) নৃভিঃ চ। কলত্রৈঃ চ

হে নরনাথ! এইসূর্য্য গ্রহণের বার্ত্তা জ্যোতির্বিদ্ পণ্ডিতগণের মুখে পূর্ব্বেই অবগত হইয়া, দেশ দেশান্তর হইতে শ্রেষ্ঠ মানবগণ স্বকীয় শ্রেয়োলাভের প্রত্যাশায় সমন্তপঞ্চক নামক কুরুক্ষেত্রের পবিত্র তীর্থে উপনীত হইলেন।২

এইস্থানে শস্ত্রধরাগ্রগণ্য জমদগ্নি-নন্দন ভগবান্ পরশুরাম ধরণীকে নিঃক্ষত্রিয়া করিবার অভিপ্রায়ে নৃপতিগণের রুধির-ধারায় বহু বহু মহাহ্রদের সৃষ্টি করিয়াছিলেন।৩

অসীম জ্ঞান এবং বিবেকসম্পন্ন পরশুরাম এই ক্ষত্রিয়-নিধনরূপ ভীষণ কর্ম্মের অনুষ্ঠান করিলেও প্রকৃত প্রস্তাবে সাধারণের ন্যায় তিনি পাপলিপ্ত হন নাই। কিন্তু তথাপি দুষ্কৃতির নিমিত্ত পাছে প্রায়শ্চিত্ত করিতে লোকে অগ্রসর না হয়, এই হেতু কেবল লোকশিক্ষার নিমিত্ত তিনি নিজে পাপবিমোচনের উপলক্ষে যে যে ক্ষেত্রে গমন করিয়াছিলেন, সেই কুরুক্ষেত্রের তীর্থ সমূহে সকলে উপনীত হইলেন।৪

হে ভারত! সেই মহতী তীর্থযাত্রার উপলক্ষে সমগ্র ভারতবাসী প্রজাবর্গ, বৃষ্ণিবংশীয়গণ, অক্রূর, বসুদেব এবং বাহুকাদি সকলে স্ব স্ব পাপ-বিমোচনার্থ সেই কুরুক্ষেত্রে উপনীত হইলেন।৫

অন্যাংশ্চৈবাত্মপক্ষীয়ান্ পরাংশ্চ শতশো নৃপ।
নন্দাদীন্ সুহৃদো গোপান্
গোপীশ্চোৎকণ্ঠিতাশ্চিরম্ ॥১৪

অন্যোন্যসন্দর্শনহর্ষরংহসা
প্রোৎফুল্লহৃদ্‌বক্ত্রসরোরুহশ্রিয়ঃ।
আশ্লিষ্য গাঢ়ং নয়নৈঃ স্রবজ্জলা
হৃষ্যত্ত্বচো রুদ্ধগিরো যযুর্মুদম্ ॥১৫

সহ দিব্যস্রগ্-বস্ত্রসন্নাহাঃ (দিব্যাঃ স্রগ্ বস্ত্রসন্নাহাঃ, সন্নাহঃ কবচং, যেষাং তে) মহাতেজাঃ মহাতেজসঃ যাদবাঃ পথি খেচরাঃ দেবাঃ ইব ব্যরোচন্ত। তত্র তীর্থে স্নাত্বা উপোষ্য সুসমাহিতাঃ সাবধানাঃ তে মহাভাগাঃ ব্রাহ্মণেভ্যঃ বাসঃ স্রগ্রুক্মমালিনীঃ ধেনূঃ দদুঃ ॥

ততঃ পরং রামহ্রদেষু পুনঃ বিধিবৎ আপ্লুত্য স্নাত্বা তে বৃষ্ণয়ঃ কৃষ্ণে নঃ অস্মাকং ভক্তিঃ অস্তু ইতি সংপ্রার্থ্য দ্বিজাতিভ্যঃ স্বন্নং দদুঃ ॥

কৃষ্ণদেবতাঃ কৃষ্ণঃ এব দেবতা যেষাং তে বৃষ্ণয়ঃ তৈঃ ব্রাহ্মণৈঃ অনুজ্ঞাতাঃ স্বয়ং চ কামং যথেচ্ছং ভুক্ত্বা স্নিগ্ধচ্ছায়াঙ্ঘ্রিপাঙ্ঘ্রিষু (স্নিগ্ধাঃ সান্দ্রাঃ শীতলাঃ ছায়াঃ যেষাং তথাবিধানাম্ অঙ্ঘ্রিপাণাং বৃক্ষাণাম্ অঙ্ঘ্রিষু মূলেষু) উপাবিবিশুঃ ॥

হে নৃপ! তে বৃষ্ণয়ঃ তত্র কুরুক্ষেত্রে আগতান্ সুহৃৎ-সম্বন্ধিনঃ নৃপান্ তথা মৎস্যোশীনর কৌশল্য-বিদর্ভ-কুরু-সৃঞ্জয়ান্ ॥

কম্বোজ-কৈকয়-মদ্র-কুন্তীন্ আনর্ত্ত-কেরলান্ তথা অন্যান্ আত্মপক্ষীয়ান্ পরান্ শত্রুপক্ষীয়ান্ চ নৃপান্, নন্দাদীন্ সুহৃদঃ গোপান্ তথা চিরম্ উৎকণ্ঠিতাঃ গোপীঃ চ দদৃশুঃ ॥৫-১৪

অন্যোন্যস্য সন্দর্শনেন যঃ হর্ষঃ তস্য রংহসা বেগেন, প্রোৎফুল্লানি হৃদ্‌বক্ত্রাণি এব সরোরুহাণি তৈঃ শ্রীঃ শোভা যেষাং তে। তথা নয়নৈঃ স্রবন্তি জলানি যেষাং তে, তথা হৃষ্যন্ত্যঃ উদঞ্চিত-রোমাণঃ ত্বচঃ যেষাং তে, বাষ্পেণ রুদ্ধাঃ গদ্‌গদাঃ গিরঃ যেষাং তে জনাঃ গাঢ়ং যথা তথা আশ্লিষ্য আলিঙ্গ্য মুদং যযুঃ ॥১৫

তদুপলক্ষে গদ, প্রদ্যুম্ন এবং সাম্বাদি সকলেই গমন করিয়াছিলেন; কেবল সুচন্দ্র, শুক ও সারণ সহ অনিরুদ্ধ দ্বারকার রক্ষাকার্য্যে নিযুক্ত ছিলেন এবং কৃতবর্ম্মা তথায় সেনানী হইলেন।

দ্বারকাবাসী জনগণ দেববিমান-সদৃশ রথে, তরঙ্গতুল্য গতিশীল অশ্বে এবং নিবিড় জলদসদৃশ গর্জ্জনকারী গজে আরোহণ করত, বিদ্যাধর-তুল্য অপূর্ব্ব দীপ্তিশালী অনুচরগণে পরিবৃত হইয়া, কুরুক্ষেত্রে গমন করিয়াছিলেন।

কাঞ্চনমালাধারী সেই মহাতেজা ব্যক্তিগণ দিব্য পুষ্পমালা, বসন, ভূষণ এবং কবচাদি ধারণে বনিতা সহ পথে গমনকালে স্বর্গবাসী অমরবৃন্দের ন্যায় শোভা পাইয়াছিলেন।

অনন্তর তাঁহারা সেই সমন্তপঞ্চক তীর্থে উত্তীর্ণ হইয়া, তথায় অবগাহন পূর্ব্বক স্নান করিলেন এবং সমাহিত-চিত্তে উপবাসী থাকিয়া, বস্ত্রালঙ্কার-শোভিত স্বর্ণমাল্যাদিবিশিষ্ট ধেনুসমূহ ব্রাহ্মণগণকে দান করিলেন।

তদনন্তর বৃষ্ণিগণ যথাবিধি রামহ্রদে পুনরায় স্নান করত দ্বিজাতিগণকে পরমান্নাদি বহুবিধ ভোজ্যদ্রব্য প্রদান করিলেন এবং "ভগবান্ শ্রীকৃষ্ণে আমাদের ভক্তি হউক।" এই বলিয়া প্রার্থনা করিলেন।

কৃষ্ণভক্ত বৃষ্ণিগণ তাহার পর ব্রাহ্মণগণের অনুমতি গ্রহণ পূর্ব্বক সকলে তৃপ্তির সহিত ভোজন করিলেন এবং স্নিগ্ধচ্ছায়া তরু-সমূহের মূলদেশে বিশ্রাম করিতে লাগিলেন।

কুরুক্ষেত্রে তাঁহারা উপনীত হইয়া সুহৃৎসম্বন্ধী নৃপতিবৃন্দ এবং মৎস্য, উশীনর (অবন্তী), কৌশল্য, বিদর্ভ, কুরু, সৃঞ্জয়, কাম্বোজ, কেকয়, মদ্র, কুন্তী, আনর্ত্ত, কেরল এবং অন্যান্য দেশের আত্মীয়গণ এবং পরপক্ষীয় নৃপতিগণ, ও নন্দ প্রভৃতি সুহৃৎ গোপগণ এবং ধর্ম্মের জন্য উৎকণ্ঠিত-হৃদয়া গোপীগণ উপস্থিত হইয়াছেন অবলোকন করিয়া, সকলে বিশেষ আনন্দ লাভ করিলেন।৬-১৪

স্ত্রিয়শ্চ সংবীক্ষ্য মিথোঽতিসৌহৃদ-
স্মিতামলাপাঙ্গদৃশোঽভিরেভিরে।
স্তনৈঃ স্তনান্ কুঙ্কুমপঙ্করূষিতান্
নিহত্য দোর্ভিঃ প্রণয়াশ্রুলোচনাঃ ॥১৬
ততোঽভিবাদ্য তে বৃদ্ধান্ যবিষ্ঠৈরভিবাদিতাঃ।
স্বাগতং কুশলং পৃষ্ট্বা চক্রুঃ কৃষ্ণকথা মিথঃ ॥১৭

পৃথা ভ্রাতৄন্ স্বসৄর্বীক্ষ্য তৎপুত্রান্ পিতরাবপি।
ভ্রাতৃপত্নীর্মুকুন্দং চ জহৌ সংকথয়া শুচঃ ॥১৮
কুন্ত্যুবাচ।
আর্য্য ভ্রাতরহং মন্যে আত্মানমকৃতাশিষম্।
যদ্ বা আপৎসু মদ্বার্তাং নানুস্মরথ সত্তমাঃ ॥১৯
সুহৃদো জ্ঞাতয়ঃ পুত্রা ভ্রাতরঃ পিতরাবপি।
নানুস্মরন্তি স্বজনং যস্য দৈবমদক্ষিণম্ ॥২০

তথা স্ত্রিয়শ্চ সংবীক্ষ্য অতি সৌহৃদস্মিতামলাপাঙ্গ-দৃশঃ (অতিশয়ঃ স্মিতং মন্দহাসঃ অমলাঃ অপাঙ্গাঃ নেত্রপ্রান্তাঃ তৈঃ যুক্তাঃ দৃশঃ দৃষ্টয়ঃ যাসাং তাঃ) প্রণয়েন প্রীত্যা অশ্রূণি লোচনয়োঃ যাসাং তাঃ; কুঙ্কুমরূষিতান্ স্তনান্ (তাদৃশৈঃ এব) স্বস্তনৈঃ নিহত্য সংপীড্য, মিথঃ দোর্ভিঃ অভিরেভিরে আলিঙ্গনং কৃতবত্যঃ ॥১৬

ততঃ চ তে যাদবাঃ মৎস্যাদয়শ্চ যবিষ্ঠৈঃ ন্যূনবয়স্কৈঃ, অভিবাদিতাঃ সন্তঃ বৃদ্ধান্ অধিকবয়স্কান্ অভিবাদ্য চ স্বাগতং কুশলং পৃষ্ট্বা মিথঃ কৃষ্ণকথাঃ চক্রুঃ ॥১৭

তত্র পৃথা কুন্তী ভ্রাতৄন্ স্বসৄঃ তৎপুত্রান্ পিতরৌ ভ্রাতৃপত্নীঃ মুকুন্দং চ বীক্ষ্য সংকথয়া মিথঃ সপ্রেমগোষ্ঠ্যা শুচঃ ক্লেশান্ জহৌ তত্যাজ ॥১৮

কুন্তী উবাচ। হে আর্য্য! হে ভ্রাতঃ! যৎ যস্মাৎ সত্তমাঃ শ্রেষ্ঠাঃ অপি যূয়ম্ আপৎসু অপি মদ্বার্তাং ন অনুস্মরথ, অতঃ অহম্ আত্মানম্ অকৃতাশিষম্ অকৃতপুণ্যং মন্যে ॥১৯

পরস্পরের সন্দর্শন-জনিত আনন্দোচ্ছ্বাসে পরস্পরে অত্যন্ত প্রফুল্ল হইলেন। আনন্দে তাঁহাদের মুখপদ্ম বিকসিত হইল। নয়ন হইতে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল; পরস্পরে পরস্পরকে গাঢ় আলিঙ্গন করত গদ্‌গদ কণ্ঠে ও রোমাঞ্চিত কলেবরে সকলে পরম প্রীতি অনুভব করিতে লাগিলেন।১৫

এবং নারীগণও পরস্পরকে অবলোকন করিয়া, অপার আনন্দ-সাগরে নিমগ্ন হইলেন; পরস্পরের প্রতি প্রেমাবলোকনে পরস্পরের প্রীতি উৎপাদন করত আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। গাঢ় আলিঙ্গনের অনুরোধে পরস্পরের কুঙ্কুম-রঞ্জিত কুচ-যুগল নিরন্তরই মর্দ্দিত হইতে লাগিল। তাঁহারা এই প্রকারে বাহুদ্বয়ে পরস্পরকে আলিঙ্গন করত বিহার করিতে লাগিলেন।১৬

অনন্তর সেই যাদবাদি বৃষ্ণিগণ বয়ঃজ্যেষ্ঠ বৃদ্ধগণকে অভিবাদন করিয়া এবং ন্যূনবয়স্কগণ কর্তৃক অভিবাদিত হইয়া, পরস্পরের অনাময়াদি কুশল-প্রশ্ন জিজ্ঞাসা করিলেন এবং কৃষ্ণ-কথার আলোচনায় সকলেই নিমগ্ন-হৃদয় হইলেন।১৭

কুন্তীদেবী তথায় ভ্রাতা, ভগিনী, তাঁহাদিগের পুত্রগণ, স্বীয় পিতা, মাতা, ভ্রাতৃপত্নীগণ এবং সাক্ষাৎ মুকুন্দকে উপনীত সন্দর্শন করিয়া, পরম প্রীতি লাভ করিলেন; তাঁহাদিগের সহিত কথোপকথনে তাঁহাদের অদর্শন-জনিত কুন্তীর হৃদয়-ব্যথার নিবারণ হইল।১৮

কুন্তী তাঁহাদিগকে সম্বোধন করত বলিলেন,—হে আর্য্য! হে ভ্রাতঃ! এই সংসারে আমিই প্রকৃত হতভাগিনী! কারণ আপনারা যথেষ্ট শ্রেষ্ঠ ব্যক্তি হইয়াও, আমার বিপদ্‌কালে যে একটী বার্ত্তা পর্য্যন্ত গ্রহণ করেন না এবং একবারও আমার বিষয় স্মরণ করেন না, এতদপেক্ষা আমার দুর্ভাগ্যের পরিচয় আর কি হইবে?১৯

বসুদেব উবাচ।

অম্ব মাস্মানসূয়েথা দৈবক্রীড়নকান্ নরান্।
ঈশস্য হি বশে লোকঃ কুরুতে কার্য্যতেঽথবা ॥২১
কংসপ্রতাপিতাঃ সর্বে বয়ং যাতা দিশং দিশম্।
এতর্হ্যেব পুনঃ স্থানং দৈবেনাসাদিতাঃ স্বসঃ ॥২২

শ্রীশুক উবাচ।

বসুদেবোগ্রসেনাদ্যৈর্যদুভিস্তেঽর্চিতা নৃপাঃ।
আসন্নচ্যুতসন্দর্শপরমানন্দনির্বৃতাঃ ॥২৩
ভীষ্মো দ্রোণোঽম্বিকা পুত্রো গান্ধারী সসুতা তথা।
সদারাঃ পাণ্ডবাঃ কুন্তী সঞ্জয়ো বিদুরঃ কৃপঃ ॥২৪
কুন্তিভোজো বিরাটশ্চ ভীষ্মকো নগ্নজিন্মহান্।
পুরুজিদ্ দ্রুপদঃ শল্যো ধৃষ্টকেতুঃ সকাশিরাট্ ॥২৫
দমঘোষো বিশালাক্ষো মৈথিলো মদ্রকেকয়ৌ।
যুধামন্যুঃ সুশর্মা চ সসুতা বাহ্লিকাদয়ঃ ॥২৬
রাজানো যে চ রাজেন্দ্র যুধিষ্ঠিরমনুব্রতাঃ।
শ্রীনিকেতং বপুঃ শৌরেঃ সস্ত্রীকং বীক্ষ্য বিস্মিতাঃ ॥২৭

যস্য দৈবং প্রারব্ধং কর্ম, অদক্ষিণং প্রতিকূলং ভবতি তং স্বজনম্ অপি সুহৃদঃ জ্ঞাতয়ঃ পুত্রাঃ ভ্রাতরঃ পিতরৌ অপি ন অনুস্মরন্তি ॥২০

বসুদেবঃ উবাচ। হে অম্ব! দেবক্রীড়নকান্ দেবস্য ক্রীড়াসাধনভূতান্ অস্মান্ নরান্ মা অসূয়েথাঃ, হি যস্মাৎ ঈশস্য অন্তর্য্যামিণঃ বশে এব স্থিতঃ লোকঃ সর্ব্বঃ জনঃ কুরুতে অথবা কার্য্যতে ॥২১

হে স্বসঃ! কংসেন প্রতাপিতাঃ ক্লেশিতাঃ সর্ব্বে বয়ং দিশং দিশং যাতাঃ পলায়িতাঃ; এতর্হি এব সম্প্রত্যেব দৈবেন পুনঃ স্থানম্ আসাদিতাঃ প্রাপিতাঃ ॥২২

শ্রীশুকঃ উবাচ। তে সমাগতাঃ নৃপাঃ (কুরুবংস্যাদয়ঃ) বসুদেবোগ্রসেনাদ্যৈঃ যদুভিঃ অর্চ্চিতাঃ সন্তঃ অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য সন্দর্শনজ-পরমানন্দেন নির্বৃতাঃ আসন্ ॥২৩

ভীষ্মঃ দ্রোণঃ অম্বিকাপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ, তথা সসুতা গান্ধারী, সদারাঃ পাণ্ডবাঃ কুন্তী সঞ্জয়ঃ বিদুরঃ কৃপঃ। তথা কুন্তি-ভোজাদয়ঃ তথা যুধিষ্ঠিরম্ অনুব্রতাঃ অন্যে রাজানঃ চ শৌরেঃ শ্রীকৃষ্ণস্য সস্ত্রীকং শ্রীনিকেতম্ শোভাতিশয়াশ্রয়ং বপুঃ বীক্ষ্য বিস্মিতাঃ জাতাঃ ॥২৪-২৭

অহো! যাহার দৈব প্রতিকূল, কেহই তাহার অনুকূল থাকে না; এমন কি! সুহৃদ্‌বর্গ, জ্ঞাতিবর্গ, অধিক কি! নিজের পুত্র, ভ্রাতা এবং পিতা মাতা পর্য্যন্ত তাদৃশ দৈব-প্রতিহত ব্যক্তির স্মরণ পর্য্যন্ত করেন না।২০

এতৎশ্রবণে বসুদেব বলিলেন,—হে অম্ব! ইহাতে দুঃখিত হইয়া আমাদের প্রতি দোষারোপ করা তোমার কর্ত্তব্য নহে। কারণ এই সংসারে মানব কেহ কিছুই নহে। দেবতার হস্তে তাহারা ক্রীড়া-পুত্তলিকা মাত্র। সেই পরমেশের অধীনে অবস্থান পূর্ব্বক জনগণ কার্য্য করে এবং অন্যকে কার্য্যে প্রবৃত্ত করায়।২১

আমরা কংসের দৌরাত্ম্যে প্রপীড়িত হইয়া, বহুকাল হইতে দেশ দেশান্তরে পলায়ন করত জীবন রক্ষা করিয়াছি; হে ভগ্নি! সম্প্রতি কেবল দৈবের আনুকূল্যেই আমরা পুনরায় পূর্ব্বস্থান প্রাপ্ত হইয়াছি।২২

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! উপনীত রাজন্যবর্গ সকলে বসুদেব এবং উগ্রসেনাদি যাদবগণ কর্ত্তৃক বিশেষ সম্মান পূর্ব্বক আদৃত ও অর্চ্চিত হইয়া, অচ্যুত-সন্দর্শন-জনিত পরমানন্দে পরম নির্বৃতি লাভ করিলেন।২৩

ভীষ্ম, দ্রোণ, অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র, সপুত্রা গান্ধারী, সস্ত্রীক যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডব, কুন্তী, সঞ্জয়, বিদুর, কৃপাচার্য্য— ।২৪

কুন্তিভোজ, বিরাট, ভীষ্মক, মহামনা নগ্নজিৎ, পুরুজিৎ, দ্রুপদ, শৈব্য, ধৃষ্টকেতু, কাশীরাজ— ।২৫

দমঘোষ, বিশালাক্ষ মিথিলাপতি বহুলাশ্ব, মদ্র, কেকয়, যুধামন্যু সুশর্ম্মা ও বাহ্লিক প্রভৃতি নৃপতিবৃন্দ— ।২৬

অথ তে রাম-কৃষ্ণাভ্যাং সম্যক্ প্রাপ্তসমর্হণাঃ।
প্রশশংসুর্মুদা যুক্তা বৃষ্ণীন্ কৃষ্ণপরিগ্রহান্ ॥২৮
অহো ভোজপতে যূয়ং জন্মভাজো নৃণামিহ।
যৎ পশ্যথাসকৃৎ কৃষ্ণং দুর্দর্শমপি যোগিনাম্ ॥২৯
যদ্বিশ্রুতিঃ শ্রুতিনুতেদমলং পুনাতি
পাদাবনেজনপয়শ্চ বচশ্চ শাস্ত্রম্।
ভূঃ কালভর্জ্জিতভগাপি যদঙ্ঘ্রিপদ্ম-
স্পর্শোত্থশক্তিরভিবর্ষতি নোঽখিলার্থান্ ॥৩০
তদ্দর্শনস্পর্শনানুপথপ্রজল্প-
শয্যাসনাশনসযৌনসপিণ্ডবন্ধঃ।
যেষাং গৃহে নিরয়বর্ত্মনি বর্ত্ততাং বঃ
স্বর্গাপবর্গবিরমঃ স্বয়মাস বিষ্ণুঃ ॥৩১

অথ রাম-কৃষ্ণাভ্যাং সম্যক্ প্রাপ্তসমর্হণাঃ (প্রাপ্তং সমর্হণম্ আসন-ভোজনাদিসম্মাননং যৈঃ তে) মুদা যুক্তাঃ কৃষ্ণপরিগ্রহান্ বৃষ্ণীন্ প্রশশংসুঃ ॥২৮

অহো ভোজপতে হে উগ্রসেন। ইহলোকে নৃণাং মধ্যে যূয়ং যাদবাঃ এব জন্মভাজঃ সফলজন্মানঃ, যৎ যস্মাৎ যোগিনাম্ অপি দুর্দর্শং কৃষ্ণম্ অসকৃৎ পশ্যথ ॥২৯

শ্রুতিভিঃ নুতা সংস্তুতা যস্য বিশ্রুতিঃ কীর্ত্তিঃ ইদং বিশ্বম্ অলং পুনাতি, যস্য পাদাবনেজনপয়ঃ পাদপ্রক্ষালনজলং ত্রিভুবনং পুনাতি, যস্য বচঃ এব শাস্ত্রং; কালেন ভর্জ্জিতং দগ্ধং নষ্টং ভগং মাহাত্ম্যং যস্যাঃ সা ভূঃ যস্য অঙ্ঘ্রিপদ্মস্পর্শেন উত্থা পুনরাবির্ভূতা শক্তিঃ যস্যাঃ সা তথাভূতা সতী নঃ অস্মাকম্ অখিলান্ অর্থান্ অভিতঃ বর্ষতি ॥৩০

তস্য দর্শনং স্পর্শনম্ অনুপথম্ অনুগতিঃ প্রজল্পঃ গোষ্ঠী, শয্যা শয়নম্, আসনম্, অশনং ভোজনং, যৌনবন্ধঃ বিবাহসম্বন্ধঃ, সপিণ্ডবন্ধঃ দৈহিকসম্বন্ধঃ, যেষাং বঃ অস্তি, নিরয়বর্ত্মনি গৃহে বর্ত্ততাং বঃ যুষ্মাকং গৃহে স্বর্গাপবর্গবিরমঃ (স্বর্গাপবর্গাভ্যাং বিরময়তি বিতৃষ্ণান্ করোতি যঃ সঃ) বিষ্ণুঃ স্বয়ম্ আস আবিরাসীৎ, তে যূয়ম্ এব জন্মভাজঃ ॥৩১

এবং হে নরনাথ! রাজা যুধিষ্ঠিরের অনুগত অন্যান্য যথেষ্ট নরপতিগণ পত্নীসহ ভগবান্ শ্রীকৃষ্ণের তাদৃশ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন মদনমোহন মূর্ত্তি দর্শনে বিস্ময়-সাগরে নিমগ্ন হইলেন।২৭

তাঁহারা সকলে রাম-কৃষ্ণ কর্ত্তৃক বিশেষ সমাদৃত ও অভ্যর্থিত হইয়া নিতান্ত পরিতুষ্ট হইলেন; এবং হর্ষনির্ভর হৃদয়ে কৃষ্ণাশ্রিত বৃষ্ণিবংশীয়গণকে যথেষ্ট প্রশংসা করিলেন।২৮

তাঁহারা উগ্রসেনকে সম্বোধন করত বলিলেন,—হে ভোজপতে! এই সংসারে আপনারাই প্রকৃত মনুষ্য-রূপে জন্মগ্রহণ করিয়াছেন; অহো! যোগিগণেরও দুরারাধ্য কমললোচন শ্রীকৃষ্ণকে যখন নিরন্তরই প্রত্যক্ষ করিতেছেন, তখন এতদপেক্ষা আপনাদের সৌভাগ্যের পরিচয় আর কি হইবে?২৯

অহো! যাঁহার পবিত্র কীর্ত্তিরাশি জনশ্রুতিতে পরিব্যাপ্ত হইয়া সমগ্র ধরণীকে পবিত্র করিতেছে; যাঁহার চরণবারি মন্দাকিনী নামে স্বর্গরাজ্যকে, গঙ্গানামে মর্ত্তধামকে এবং ভোগবতীরূপে পাতাল-পুরীকে পবিত্র করিতেছে; যাঁহার মুখনিঃসৃত বাণী বেদরূপ শাস্ত্রে পরিণত হইয়া বিশ্বসংসারকে পবিত্র করিতেছে; এক্ষণে করাল কাল-কবলে দগ্ধ-মহিমা মহী সেই ভূভারহারী মধুসূদনের সুকোমল চরণার-বিন্দের মধুর সংস্পর্শে সর্ব্বশক্তিসমন্বিতা হইয়া আমাদের সর্ব্ববিধ অভিলাষ পূরণ করিতেছেন।৩০

যাঁহার সাক্ষাৎ সন্দর্শন লাভ করিতে পাইলে, জীবের স্বর্গভোগের কথা দূরে থাকুক, অপবর্গ লাভেও যখন রুচি জন্মে না, আপনারা সাক্ষাৎ নরকের দ্বারভূত ভীষণ সংসার ক্ষেত্রে অবস্থান করিয়াও, সেই ভবভয়হারীর সহিত বিবাহাদির উপলক্ষে যৌন-সম্পর্কে এবং জ্ঞাতিত্ব নিবন্ধন সপিণ্ড-সম্বন্ধে আবদ্ধ হইয়া, শ্রীকৃষ্ণের সাক্ষাৎ সন্দর্শন, স্পর্শ, অনুগমন, তাঁহার সহিত সর্ব্বদা আলাপন, একত্র শয়ন, উপবেশন এবং ভোজনাদি করিতেছেন। অহো! যাঁহাদের অনুরোধে স্বয়ং বিষ্ণু মানব-মূর্ত্তি

শ্রীশুক উবাচ।

নন্দস্তত্র যদূন্ প্রাপ্তান্ জ্ঞাত্বা কৃষ্ণপুরোগমান্।
তত্রাগমদ্ বৃতো গোপৈরনঃস্থার্থৈর্দিদৃক্ষয়া ॥৩২
তং দৃষ্ট্বা বৃষ্ণয়ো হৃষ্টাস্তন্বঃ প্রাণমিবোত্থিতাঃ।
পরিষস্বজিরে গাঢ়ং চিরদর্শনকাতরাঃ ॥৩৩
বসুদেবঃ পরিষ্বজ্য সম্প্রীতঃ প্রেমবিহ্বলঃ।
স্মরন্ কংসকৃতান্ ক্লেশান্ পুত্রন্যাসঞ্চ গোকুলে ॥৩৪
কৃষ্ণ-রামৌ পরিষ্বজ্য পিতরাবভিবাদ্য চ।
ন কিঞ্চনোচতুঃ প্রেম্না সাশ্রুকণ্ঠৌ কুরূদ্বহ ॥৩৫
তাবাত্মাসনমারোপ্য বাহুভ্যাং পরিরভ্য চ।
যশোদা চ মহাভাগা সুতৌ বিজহতুঃ শুচঃ ॥৩৬
রোহিণী দেবকী চাথ পরিষ্বজ্য ব্রজেশ্বরীম্।
স্মরন্ত্যৌ তৎকৃতাং মৈত্রীং বাষ্পকণ্ঠ্যৌ সমূচতুঃ ॥৩৭

শ্রীশুকঃ উবাচ। নন্দঃ তত্র কুরুক্ষেত্রে কৃষ্ণপুরোগমান্ যদূন্ প্রাপ্তান্ আগতান্ শ্রুত্বা দিদৃক্ষয়া কৃষ্ণাদিদর্শনেচ্ছয়া, গোপৈঃ বৃতঃ (তৎসন্নিধৌ বাসচিকীর্ষয়া) অনঃস্থার্থৈঃ (অনঃসু শকটেষু, স্থাপিতৈঃ অর্থৈঃ) সহ এব তত্র অগমৎ ॥৩২

তং নন্দং দৃষ্ট্বা হৃষ্টাঃ বৃষ্ণয়ঃ তন্বঃ করচরণাদি-দেহাবয়বাঃ প্রাণম্ আগতং দৃষ্ট্বা যথা উত্থিতাঃ চেষ্টাবন্তঃ ভবন্তি, তথা তে উত্থিতাঃ সন্তঃ চিরদর্শনকাতরাঃ (চিরাৎ বহুকালানন্তরং জাতং যৎ দর্শনং তেন কাতরাঃ ব্যাকুলাঃ) এব গাঢ়ং যথা তথা তং পরিষস্বজিরে ॥৩৩

বসুদেবঃ তু নন্দং পরিষ্বজ্য সংপ্রীতঃ সন্ কংসকৃতান্ ক্লেশান্ তথা পুত্রয়োঃ রাম-কৃষ্ণয়োঃ গোকুলে ন্যাসং স্থাপনং চকারাৎ নন্দকৃতাং পুত্রপালনাদি মৈত্রীং চ স্মরন্ প্রেম্না বিহ্বলঃ ব্যাকুলঃ, বভূব ॥৩৪

হে কুরূদ্বহ! কৃষ্ণরামৌ তু পিতরৌ পরিষ্বজ্য অভিবাদ্য প্রণম্য প্রেম্না সাশ্রুকণ্ঠৌ সন্তৌ ন কিঞ্চন উচতুঃ ॥৩৫

মহাভাগা যশোদা নন্দঃ চ তৌ সুতৌ আত্মাসনং স্বাঙ্কম্ আরোপ্য উপবেশ্য, বাহুভ্যাং পরিরভ্য চ শুচঃ শোকান্ বিজহতুঃ ত্যজতুঃ ॥৩৬

তৎকৃতাং যশোদাকৃতাং পুত্রপালনাদিরূপাং মৈত্রীং স্মরন্ত্যৌ বাষ্পকণ্ঠ্যৌ বাষ্পম্ আনন্দাশ্রু কণ্ঠে যয়োঃ তে রোহিণী দেবকী চ অথ ব্রজেশ্বরীং যশোদাং পরিষ্বজ্য সমূচতুঃ ॥৩৭

পরিগ্রহে তাঁহাদের গৃহে অবতীর্ণ হইয়াছেন, তখন সেই আপনাদেরই মনুষ্য-জন্ম ধারণ করা প্রকৃত প্রস্তাবে সার্থক বটে।৩১

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! যাদবগণ শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে সেই পবিত্র তীর্থক্ষেত্রে উপনীত হইয়াছেন শ্রবণ করিয়া, ব্রজপতি নন্দ সাক্ষাৎ করিবার উপলক্ষে তাঁহাদিগের বাসস্থানে গমন করিলেন এবং যাইবার সময় তথায় একত্র বাস করিবার অভিপ্রায়েই শকটস্থ ধনরত্নাদি সঙ্গে লইয়া অনুচর গোপগণ সহ একত্রই গমন করিলেন।৩২

তাঁহাকে উপনীত অবলোকন করিয়া, বৃষ্ণিগণের আর আনন্দের সীমা রহিল না; জীবনস্বরূপ মুখ্য প্রাণ লাভে ইন্দ্রিয়াদি দেহবর্গ যেমন সচেতন হইয়া উঠে, যাদবগণ তদীয় সন্দর্শনে স্ব স্ব আসন হইতে গাত্রোত্থান পূর্ব্বক গাঢ় আলিঙ্গনে চির বিরহ সন্তাপ বিদূরিত করিলেন।৩৩

নন্দকে আলিঙ্গন করিয়া বসুদেবের আর আনন্দের সীমা রহিল না; কংসকৃত যাবতীয় ক্লেশ এবং তদীয় ভয়ে গোকুলে পুত্রদ্বয়ের রক্ষার ব্যাপার যুগপৎ তাঁহার স্মৃতিপথে আরূঢ় হইল; তিনি প্রেমে সম্পূর্ণ বিহ্বল হইয়া পড়িলেন।৩৪

রাম-কৃষ্ণ উভয়ে পিতা মাতা নন্দ যশোদার চরণ-বন্দন পূর্ব্বক যখন গাঢ় আলিঙ্গন করিলেন, হে কুরুশ্রেষ্ঠ! তখন প্রেমাশ্রু নিপতনে তাঁহাদের কণ্ঠ রুদ্ধ হইয়া গেল; রাম-কৃষ্ণ পিতামাতাকে আর কিছুই বলিতে পারিলেন না।৩৫

নন্দ যশোদা অমনি স্বীয় অঙ্কোপরি রাম-কৃষ্ণকে উপবেশন করাইয়া, বাহুদ্বয়ে গাঢ় আলিঙ্গন করিলেন এবং সেই সময় যেন পুত্রদ্বয়ের আলিঙ্গনে তাঁহাদের সকল দুঃখের নিবারণ হইল।৩৬

কা বিস্মরেত বাং মৈত্রীমনিবৃতাং ব্রজেশ্বরি।
অপি প্রাপ্যৈন্দ্রমৈশ্বর্য্যং যস্যা নেহ প্রতিক্রিয়া ॥৩৮

এতাবদৃষ্টপিতরৌ যুবয়োঃ স্ম পিত্রোঃ
সম্প্রীণনাভ্যুদয়পোষণপালনানি।
প্রাপ্যোষতুর্ভবতি পক্ষ্ম হ যদ্বদক্ষ্ণো-
র্ন্যস্তাবকুত্রচভয়ৌ ন সতাং পরঃ স্বঃ ॥৩৯

হে ব্রজেশ্বরি! বাং যুবয়োঃ, যস্যাঃ মৈত্র্যাঃ প্রতিক্রিয়া ঐন্দ্র্যম্ ঐশ্বর্য্যম্ অবাপ্য অপি ইহলোকে ন কর্ত্তুং শক্যতে তাদৃশীম্ অনিবৃত্তাং (প্রত্যুপকারেণাপি নিবৃত্তিরহিতাং) মৈত্রীং কা বিস্মরেত ?৩৮

হে ভবতি! অদৃষ্টৌ পিতরৌ যাভ্যাং তৌ এতৌ রাম-কৃষ্ণৌ যুবয়োঃ পিত্রোঃ ন্যস্তৌ; যুবাভ্যাম্ এবং সংপ্রীণনাভ্যুদয়-পোষণ-পালনানি প্রাপ্য অকুত্রচভয়ৌ কচিদপি ভয়রহিতৌ ভূত্বা, অক্ষ্ণোঃ নেত্রয়োঃ রক্ষকং পক্ষ্ম ইব যুবয়োঃ রক্ষণে উষতুঃ স্ম বাসং চক্রতুঃ। যতঃ সতাং পরঃ স্বঃ ইতি বৈষম্যং নাস্তি ॥৩৯

ব্রজেশ্বরী যশোদাকে আলিঙ্গন করিবার কালে, রোহিণী এবং দেবকীর হৃদয়ে পূর্ব্ববৃত্তান্তের স্মরণ হইল; যশোদাকৃত মিত্র-কার্য্যের স্মরণ করত বাষ্পরুদ্ধ-কণ্ঠে যশোদাকে সম্বোধন করিয়া তাঁহারা বলিলেন— ।৩৭

হে ব্রজেশ্বরি! তোমরা আমাদের সহিত যেরূপ মিত্রভাবের পরিচয় দিয়াছ, এ সংসারে এমন কে আছে যে, তাহা বিস্মৃত হইবে। তোমাদের এই নৈসর্গিক কার্য্য জগতে চির বিদ্যমান থাকিবে। ইন্দ্রতুল্য অতুল ঐশ্বর্য্যপ্রদানেও এ জীবনে তাহার পরিশোধ করা কখনই সম্ভবপর নহে ।৩৮

অহো এই পুত্রদ্বয় পূর্ব্বে জনক-জননীকে জানিত না; তোমাদের হস্তেই তাহাদিগকে আমরা ন্যস্ত করিয়াছিলাম। তোমরা পিতা মাতা হইয়া যেরূপ তাহাদিগকে যত্নের সহিত লালন পালন ও পোষণাদি করিয়াছ, তাহা বর্ণনাতীত। পক্ষ্মদ্বয়ের আবরণে নয়নতারা যেমন সুরক্ষিত হয়, সেইরূপ তোমাদের উভয়ের যত্নে আমাদের বালকদ্বয়ও অকুতোভয়ে বিচরণ করিয়াছে। অহো! তোমরা অতীব শ্রেষ্ঠ এবং উদারচেতা! তোমাদের নিকট আপন পর বলিয়া কোন ভেদ-জ্ঞান কখনই থাকিবার সম্ভাবনা নাই ।৩৯

শ্রীশুক উবাচ।
গোপ্যশ্চ কৃষ্ণমুপলভ্য চিরাদভীষ্টং
যৎপ্রেক্ষণে দৃশিষু পক্ষ্মকৃতং শপন্তি।
দৃগ্ভির্হৃদীকৃতমলং পরিরভ্য সর্ব্বা-
স্তদ্ভাবমাপুরপি নিত্যযুজাং দুরাপম্ ॥৪০
ভগবাংস্তাস্তথাভূতা বিবিক্ত উপসঙ্গতঃ।
আশ্লিষ্যানাময়ং পৃষ্ট্বা প্রহসন্নিদমব্রবীৎ ॥৪১

শ্রীশুকঃ উবাচ। গোপ্যঃ চ সর্ব্বাঃ চিরাৎ বহুকালানন্তরম্ অভীষ্টং প্রিয়তমং কৃষ্ণম্ উপলভ্য শ্রীকৃষ্ণস্য প্রেক্ষণে দৃশিষু নেত্রেষু ব্যবধায় পক্ষ্মকৃতং যৎ বিধাতারং শপন্তি। তথা দৃগ্ভিঃ নেত্রদ্বারৈঃ নিত্যযুজাম্ আরূঢ়যোগিনাম্ অপি দুরাপং দুর্লভম তদ্ভাবং ভগবদাত্মতাম্ আপুঃ ॥৪০

ভগবান্ তথাভূতাঃ আত্মভাবম্ আপন্নাঃ, তাঃ গোপীঃ বিবিক্তে একান্তে উপসঙ্গতঃ আশ্লিষ্য অনাময়ং কুশলপ্রশ্নং পৃষ্ট্বা প্রহসন্ ইদম্ অব্রবীৎ ॥৪১

ঋষিবর শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! এদিকে গোপীগণ বহুকালের প্রার্থনীয় রত্ন-স্বরূপ শ্রীকৃষ্ণচন্দ্রকে অবলোকন করিয়া, দর্শনের প্রতিবন্ধকারী পক্ষ্মদ্বয়ের সৃষ্টি-নিবন্ধন বিধাতার উপর দোষারোপ করিতে লাগিলেন। অনন্তর তাঁহারা লোচনরূপ দ্বার দিয়াই ভগবান্‌কে স্বকীয় হৃদয়-মন্দিরে আলিঙ্গন করত, যোগারূঢ় শ্রেষ্ঠ সাধকেরও দুরারাধ্য ভগবদ্ভাবকে অবলীলাক্রমে প্রাপ্ত হইলেন ।৪০

অপি স্মরথ নঃ সখ্যঃ স্বানামর্থচিকীর্ষয়া।
গতাংশ্চিরায়িতাঞ্ছত্রুপক্ষ-ক্ষপণচেতসঃ ॥৪২
অপ্যবধ্যায়থাস্মান্ স্বিদকৃতজ্ঞাবিশঙ্কয়া।
নূনং ভূতানি ভগবান্ যুনক্তি বিযুনক্তি চ ॥৪৩
বায়ুর্যথা ঘনানীকং তৃণং তূলং রজাংসি চ।
সংযোজ্যাক্ষিপতে ভূয়স্তথা ভূতানি ভূতকৃৎ ॥৪৪

হে সখ্যঃ। স্বানাং পিত্রাদীনাম্ অর্থচিকীর্ষয়া (অর্থং প্রয়োজনং কর্ত্তুমিচ্ছয়া) ব্রজাৎ গতান্ চিরায়িতান্ বিলম্বিতান্, যতঃ শত্রুপক্ষ-ক্ষপণ-চেতসঃ (শত্রুপক্ষক্ষপণে বিনাশে চেতঃ যেষাং তান্) নঃ অস্মান্ অপি কিং স্মরথ ।৪২

অকৃতজ্ঞাঃ এতে ইতি বিশঙ্কয়া অপি কিং স্বিং অস্মান্ অবধ্যায়থ অবজানীথ। কিন্তু নূনং নিশ্চিতং সঃ ভগবান্ এব ভূতানি যুনক্তি সংযোজয়তি, বিযুনক্তি বিযোজয়তি চ ॥৪৩

ঘনানীকং মেঘসমুদায়ং তৃণতূলরজাংসি চ বায়ুঃ যথা সংযোজ্য আক্ষিপতে বিযোজয়তি, তথা ভূতকৃৎ বিশ্বস্রষ্টা ভগবান্ ভূতানি সংযোজ্য ভূয়ঃ তানি আক্ষিপতে বিযোজয়তি ॥৪৪

ভগবান্ গোপীগণের তাদৃশ ভাব অবলোকন করিয়া, তাঁহাদিগকে নির্জ্জনে লইয়া আলিঙ্গন করিলেন এবং সহাস্যবদনে তাঁহাদিগকে কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন।৪১

হে সখীগণ! বহুকালের পর তোমাদের সহিত আমার সাক্ষাৎ হইল! এক্ষণে সেই পূর্ব্ববৎ সখ্যভাব কি তোমাদের আর স্মরণ আছে? দেখ! জনকাদি বন্ধু বান্ধবগণের প্রয়োজন সাধনার্থ আমি বহুকাল অন্যত্র অবস্থান করিতেছি এবং তথায় শত্রুপক্ষের নিধন-চিন্তাতেই আমাদের মন নিরন্তর ব্যাপৃত ছিল; তোমাদের বিষয় একবার চিন্তা করিবারও অবকাশ পাই নাই।৪২

অবশ্য আমার কার্য্যে তোমরা মনে মনে দুঃখিত হইলেও, অকৃতজ্ঞ বিবেচনায় আমাদিগকে অবজ্ঞা করা তোমাদিগের কর্ত্তব্য নহে। কারণ ইচ্ছা করিয়া কেহ কখন কোন অন্যায় কর্ম্ম করে না; সকলই বিধির চক্রে ঘটিয়া থাকে। সেই ভূতভাবন ভগবান্ই জীব-সমূহকে একবার মিলিত করিতেছেন; আবার তাহাদের মধ্যে বিচ্ছেদ আনয়নে দুঃখ দিতেছেন।৪৩

অনিল যেমন মেঘসমূহ, তৃণরাশি, তূলা বা ধূলিকণাকে কখন একত্র আবার কখন বিশ্লিষ্ট করিতেছে, সেইরূপ এই জগৎ সংসারের সৃষ্টি-নিধনকারী ভগবান্ শ্রীহরিই ভূতসমূহকে কখন পরস্পরে দৃঢ় আবদ্ধ, কখন বা সম্পূর্ণ বিশ্লিষ্ট করিতেছেন।৪৪

ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে।
দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ ॥৪৫
অহং হি সর্ব্বভূতানামাদিরন্তোঽন্তরং বহিঃ।
ভৌতিকানাং যথা খং বার্ভূর্বায়ুর্জ্যোতিরঙ্গনাঃ ॥৪৬
এবং হ্যেতানি ভূতানি ভূতেষ্বাত্মাত্মনা ততঃ।
উভয়ং ময্যথ পরে পশ্যতাভাতমক্ষরে ॥৪৭

হি যস্মাৎ ময়ি ভূতানাং ভক্তিঃ এব যতঃ অমৃতত্বায় মোক্ষায় কল্পতে সমর্থঃ ভবতি, অতঃ মদাপনঃ মৎপ্রাপকঃ, মৎস্নেহঃ ভবতীনাং যদা আসীৎ, তৎ এতৎ দিষ্ট্যা অতি ভদ্রম্, এব জাতম্ ॥৪৫

হে অঙ্গনাঃ। ভৌতিকানাং পঞ্চমহাভূতকার্য্যাণাং দেহ-ঘট-বৃক্ষাদীনাম্ আকাশাদিপঞ্চমহাভূতানি এব যথা আদ্যন্ত-রূপাণি ভবন্তি, তথা অহম্ এব সর্ব্বভূতানাং জরায়ুজাদি-চতুর্ব্বিধ-শরীরাণাং তৎকারণানাম্ আকাশাদীনাং চ আদিঃ কারণম্, অন্তঃ লয়াধারঃ, অন্তরম্ অন্তর্য্যামী বহিঃ ব্যাপ্য স্থিতঃ এব ॥৪৬

দেখ! আমার নিকটে বা দূরে থাকার জন্য তোমাদের কোন ক্ষতি বৃদ্ধি নাই। কারণ আমার প্রতি কেবল ভক্তি করিতে পারিলেই জীবের মোক্ষ লাভ হয়, সন্দেহ নাই। বিশেষতঃ বহু ভাগ্যফলেই আমার প্রতি তোমাদের যে প্রেম জন্মিয়াছে, তাহার মহিমা অতুলনীয়; সেই স্নেহের ফলে তোমরা আমার স্বরূপ সাক্ষাৎকারে সমর্থা হইবে।৪৫

শ্রীশুক উবাচ।

অধ্যাত্মশিক্ষয়া গোপ্য এবং কৃষ্ণেন শিক্ষিতাঃ।
তদনুস্মরণধ্বস্তজীবকোশাস্তমধ্যগন্ ॥৪৮

আহুশ্চ তে নলিননাভ পদারবিন্দং
যোগেশ্বরৈর্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
গেহং জুষামপি মনস্যুদিয়াৎ সদা নঃ ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২

এবং হি এতানি চতুর্ব্বিধ-শরীরাণি ভূতানি বর্ত্তন্তে, তথা আত্মা জীবাত্মা চ আত্মনা ভোক্তৃরূপেণ তেষু ততঃ ব্যাপ্তঃ বর্ত্ততে, এবং উভয়ম্ অপি জড়চেতনাত্মকং জগৎ পরে সর্ব্ব-কারণভূতে, অক্ষরে জন্মাদি-বিকার-রহিতে ময়ি আভাতং প্রকাশিতং পশ্যত ॥৪৭

শ্রীশুকঃ উবাচ। অধ্যাত্মশিক্ষয়া আত্মতত্ত্বোপদেশেন এবং কৃষ্ণেন শিক্ষিতাঃ গোপ্যঃ তস্য আত্মতত্ত্বস্য অনুস্মরেণন ধ্বস্তঃ জীবকোশঃ জ্ঞানং যাসাং তথাবিধাঃ তাঃ তং সর্ব্বাত্মকং ভগবন্তম্ অধ্যগন্ প্রাপুঃ জ্ঞাতবত্যঃ ॥৪৮

আহুঃ চ যথা হে নলিননাভ! (নলিনং ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তৎ সম্বোধনে) অগাধবোধৈঃ (অগাধঃ অপারঃ বোধঃ জ্ঞানং যেষাং তৈঃ) যোগেশ্বরৈঃ হৃদি বিচিন্ত্যং সংসারকূপপতিতোত্তরণাবলম্বং তে তব পদারবিন্দং গেহং জুষাম্ অপি নঃ অস্মাকম্ মনসি উদিয়াৎ আবির্ভবেৎ ॥৪৯

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥

হে অঙ্গনাগণ! আমি সর্ব্বব্যাপী জগদীশ্বর! ভূতমাত্রেরই আদি কারণরূপে এবং অন্ত্য অবসানের স্থলরূপে আমিই বিদ্যমান রহিয়াছি। ভৌতিক পদার্থমাত্রেরই সার এবং সর্ব্বস্বরূপে যেমন আকাশাদি পঞ্চ মহাভূত প্রতীত হইতেছে, আমিও সেইরূপ দেহীর দেহরূপে বাহিরে এবং অন্তর্যামিরূপে অন্তরে নিরন্তর বিরাজ করিতেছি।৪৬

এই সমগ্র ভূত-নিচয় পঞ্চ মহাভূতে বিদ্যমান রহিয়াছে; কিন্তু আত্মা জীব ভোক্তৃরূপে তাহাতে ব্যাপ্ত হইয়া, জীবত্বের সাধন করিতেছে; এই উভয় জড় এবং চেতনভাব এক আমা হইতেই উৎপন্ন এবং আমাতেই বিরাজ করিতেছে; কিন্তু আমি অক্ষয় ও অব্যয়রূপে নিত্য সর্ব্বত্র অবস্থান করিয়া থাকি।৪৭

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! এই প্রকার অধ্যাত্মতত্ত্বের উপদেশে গোপীগণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উপদিষ্টা হইয়া, ভগবত্তত্ত্বের স্বরূপাবধারণে জীবত্বের কোশস্বরূপ স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে উপাধিত্রয়ের উল্লঙ্ঘনে তদীয় পরম গতি লাভ করিলেন।৪৮

তাঁহারা শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন,—হে পদ্মনাভ! অসীম জ্ঞান-সম্পন্ন যোগেশ্বরগণের অন্তর্হৃদয়ে কেবল আরাধনীয় ভবদীয় চরণারবিন্দই এই ভীষণ সংসার-কূপে পতিত জনগণের পক্ষে নিস্তারের একমাত্র উপায়। হে পতিত-জন-পাবন! আমরা গৃহক্ষেত্রে বাস করত নিতান্তই পতিত হইয়াছি; এক্ষণে প্রার্থনা করি যে, ভবদীয় চরণারবিন্দ যেন নিরন্তর আমাদের হৃদয়ে জাগরূক থাকে।৪৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত দ্ব্যশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্র্যশীতিতমঃ অধ্যায়ঃ।

[দ্রৌপদীসমীপে শ্রীকৃষ্ণপত্নীনাং স্ব-স্বোদ্বাহবর্ণনম্ ।]

শ্রীশুক উবাচ।

তথানুগৃহ্য ভগবান্ গোপীনাং স গুরুর্গতিঃ।
যুধিষ্ঠিরমথাপৃচ্ছৎ সর্ব্বাংশ্চ সুহৃদোঽব্যয়ম্ ॥১

ত এবং লোকনাথেন পরিপৃষ্টাঃ সুসৎকৃতাঃ।
প্রত্যূচুর্হৃষ্টমনসস্তৎপাদেক্ষাহতাংহসঃ ॥২

কুতোঽশিবং ত্বচ্চরণাম্বুজাসবং
মহন্মনস্তো মুখনিঃসৃতং ক্বচিৎ।
পিবন্তি যে কর্ণপুটৈরলং প্রভো
দেহং ভৃতাং দেহকৃদস্মৃতিচ্ছিদম্ ॥৩

হিত্বাত্মধামবিধুতাত্মকৃতত্র্যবস্থ-
মানন্দসংপ্লবমখণ্ডমকুণ্ঠবোধম্।
কালোপসৃষ্টনিগমাবন আত্তযোগ-
মায়াকৃতিং পরমহংসগতিং নতাঃ স্ম ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। গোপীনাং গুরুঃ আত্মতত্ত্বোপদেষ্টা, গতিঃ ফলরূপঃ চ সঃ ভগবান্ এব তথা অস্তু ইতি অনুগৃহ্য অথ অনন্তরং যুধিষ্ঠিরং সর্ব্বান্ সুহৃদঃ চ প্রতি অব্যয়ং কুশলম্ অপৃচ্ছৎ ॥১

তে যুধিষ্ঠিরাদয়ঃ লোকনাথেন শ্রীকৃষ্ণেন এবং কুশলং পরিপৃষ্টাঃ সুসংকৃতাঃ চ তৎপাদেক্ষাহতাংহসঃ (তস্য পাদয়োঃ ঈক্ষয়া দর্শনেন হতং নিরস্তম্ অংহঃ পাপং যেষাং তে) অতএব হৃষ্টমনসঃ (হৃষ্টং মনঃ যেষাং তে) তং প্রত্যূচুঃ ॥২

হে প্রভো! দেহং ভৃতাং দেহধারিণাং দেহকৃৎ চাসৌ অস্মৃতিঃ চ দেহকৃদস্মৃতিঃ দেহসম্পাদকম্ অনাদ্যজ্ঞানং, তৎ ছিনত্তীতি তথাভূতং মহতাং ব্যাসাদীনাং মনস্তঃ মনসঃ সকাশাৎ মুখনিঃসৃতং (মুখপঙ্কজদ্বারা নিঃসৃতং) ত্বচ্চরণাম্বুজ-সবং কথামৃতং ক্বচিদপি যে কর্ণ-পুটৈঃ অলং পিবন্তি, তেষাম্ অশিবম্ অমঙ্গলং কুতঃ স্যাৎ ॥৩

ত্র্যশীতিতম অধ্যায়।

[দ্রৌপদীর নিকট শ্রীকৃষ্ণ পত্নীগণের নিজ নিজ বিবাহ বর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! গোপীগণের আত্মতত্ত্বোপদেশ-নিবন্ধন সাক্ষাৎ গুরু এবং অন্তে প্রাপ্য ফলস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ গোপীগণের প্রতি তাদৃশ অনুগ্রহ প্রকাশ করিবার পর, যুধিষ্ঠিরাদি অন্যান্য সুহৃদ্‌বর্গের নিকট উপনীত হইয়া, তাঁহাদের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন।১

ভগবানের শ্রীপাদপদ্মের প্রতি দৃষ্টি নিপতিত হওয়াতেই, যুধিষ্ঠিরাদি স্বজনবর্গের যাবতীয় দুরিতের উপশম হইয়াছিল। তাঁহারা লোকনাথ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তাদৃশ কুশল প্রশ্নের উপলক্ষে অভিহিত এবং সমাদৃত হইয়া, হৃষ্টচিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।২

হে প্রভো! দেহধারী জীবমাত্রেরই দেহ-প্রতিপাদক অনাদি অজ্ঞানের নির্ম্মূলনকারী ব্যাসাদি মহামনা ব্যক্তিগণের মুখপদ্ম বিনির্গত ভবদীয় চরণারবিন্দের অমৃতপূর্ণ লীলাকথা যে সকল ব্যক্তি কেবল শ্রুতিযুগলের দ্বারা পান করিয়াছে, তাহাদের আবার অমঙ্গল কোথায়।৩

হে ভগবন্! বুদ্ধিকৃত জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়ের অতিক্রমণে আপনি স্বীয় তুরীয় অবস্থায় নিত্য অবস্থান করিতেছেন। আপনার স্বরূপানন্দের সীমা নাই। অখণ্ড এবং অপ্রতিহত জ্ঞানে আপনি চির বিরাজ করিতেছেন। কালক্রমে বেদসমূহ বিলুপ্তপ্রায় হইয়াছে; সুতরাং তাহাদের পুনঃ সংস্থাপনার্থ স্বকীয় যোগমায়াবলে বিগ্রহ-

ঋষিরুবাচ ।

ইত্যুত্তমশ্লোকশিখামণিং জনে-

স্বভিষ্টুবৎস্বন্ধক-কৌরবস্ত্রিয়ঃ ।

সমেত্য গোবিন্দকথা মিথোঽগৃণং-

স্ত্রিলোকগীতাঃ শৃণু বর্ণয়ামি তে ॥৫

দ্রৌপদ্যুবাচ ।

হে বৈদর্ভ্যচ্যুতো ভদ্রে হে জাম্ববতি কৌশলে ।

হে সত্যভামে কালিন্দি শৈব্যে রোহিণি লক্ষ্মণে ॥৬

হে কৃষ্ণপত্ন্য এতন্নো ব্রূত বো ভগবান্ স্বয়ম্ ।

উপযেমে যথা লোকমনুকুর্ব্বন্ স্বমায়য়া ॥৭

রুক্মিণ্যুবাচ ।

চৈদ্যায় মার্পয়িতুমুদ্যতকার্ম্মকেষু

রাজস্বজেয়ভটশেখরিতাঙ্ঘ্রি রেণুঃ ।

নিন্যে মৃগেন্দ্র ইব ভাগমজাবিযূথাৎ

তচ্ছ্রীনিকেতচরণোঽস্তু মমার্চ্চনায় ॥৮

আত্মধাম-বিধূতাত্ম-কৃতত্র্যবস্থম্ (আত্মধাম্না স্বতেজসা বিধূতাঃ নিরস্তাঃ আত্মকৃতাঃ বুদ্ধিকৃতাঃ তিস্রঃ জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তিলক্ষণাঃ অবস্থাঃ যেন তং), আনন্দ-সংপ্লবং পূর্ণানন্দম্, অখণ্ডম্ অপরিচ্ছিন্নম্, অকুণ্ঠবোধং (অকুণ্ঠঃ অপ্রতিহতঃ বোধঃ জ্ঞানং যস্য তং) কালোপসৃষ্ট-নিগমাবনে (কালেন উপসৃষ্টাঃ বিপ্লুতাঃ নিগমাঃ বেদাঃ তেষাম্ অবনে নিমিত্তে রক্ষার্থম্), আত্তযোগমায়াকৃতিং (আত্তা গৃহীতা যোগমায়য়া আকৃতিঃ মূর্ত্তিঃ যেন তং), পরমহংসগতিং (পরমহংসানাং পরমবিবেকিনাং গতিং প্রাপ্যং ফলভূতং) ত্বাং ত্বাং বয়ং নতাঃ স্ম প্রণমামঃ ॥৪

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। উত্তমশ্লোকশিখামণিম্ (উত্তমশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়ঃ অম্বরীষ-বলি-প্রহ্লাদাদয়ঃ তেষাম্ অপি শিখামণিং শ্রেষ্ঠং), শ্রীকৃষ্ণম্ ইতি এবং জনেষু অভিষ্টুবৎসু সৎসু অন্ধক-কৌরবস্ত্রিয়ঃ সমেত্য সঙ্ঘীভূয়ঃ, মিথঃ গোবিন্দস্য যাঃ কথাঃ অগৃণন্ কথয়ামাসুঃ, তাঃ চ ত্রিলোকগীতাঃ (ত্রিষু লোকেষু গীতাঃ প্রসিদ্ধাঃ) গোবিন্দকথাঃ বর্ণয়ামি, ত্বং শৃণু ॥৫

দ্রৌপদী উবাচ। হে বৈদর্ভি রুক্মিণি। হে ভদ্রে। হে কৌশলে জাম্ববতি। সত্যভামে। কালিন্দি। শৈব্যে। রোহিণি। লক্ষ্মণে। ॥৬

ধারণ পূর্ব্বক সংসারে অবতীর্ণ হইয়াছেন মাত্র। হে দেব। আপনি পরমবিবেকী জ্ঞানিগণের একমাত্র গতি। আপনাকে প্রণাম করি।৪

ঋষিবর শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্। জগৎ সংসারে শ্রেষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত প্রহ্লাদাদি মহাজনগণেরও শীর্ষস্থানীয় ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে সমবেত জনগণ কর্ত্তৃক আদৃত ও পরিস্তুত হইলে, বৃষ্ণিবংশীয় এবং কৌরববংশীয় শ্রেষ্ঠ ব্যক্তিগণের কুলকামিনীগণ একত্র হইয়া, ত্রিলোকের কীর্ত্তনীয় যে সকল গোবিন্দকথার আলোচনা করিয়াছিলেন, আমি তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি; শ্রবণ করুন্।৫

প্রথমতঃ দ্রৌপদী কামিনীগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে বৈদর্ভি। হে ভদ্রে। হে জাম্ববতি। হে সত্যভামে। হে কালিন্দি। হে শৈব্যে। হে রোহিণি। হে লক্ষ্মণে।—৬

এবং অন্যান্য যে যে কৃষ্ণকান্তা এই স্থানে উপস্থিত আছ। আমি তোমাদের সকলকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিতেছি, তোমরা সকলে বল দেখি যে, সাক্ষাৎ জগদীশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ কিরূপ অনির্ব্বচনীয় মায়াশক্তির বিকাশে তোমাদের প্রত্যেককে তিনি বিবাহ করিয়াছিলেন? অনুগ্রহ পূর্ব্বক তোমরা প্রত্যেকের বিবরণ কীর্ত্তন কর।৭

রুক্মিণী বলিলেন,—চেদিপতি শিশুপালের করে আমাকে সমর্পণ করিবার অভিপ্রায়ে মদীয় ভ্রাতা কৃতসংকল্প হইলে এবং তদীয় অভিপ্রায়ের সাধনার্থ রাজন্যবর্গ সকলে উদ্যতাস্ত্র হইয়া তৎপ্রতিবিধানার্থ উপস্থিত থাকিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ সেই দুর্জ্জেয় সৈন্য-

সত্যভামোবাচ।

যো মে সনাভিবধতপ্তহৃদা ততেন
লিপ্তাভিশাপমপমার্ষ্টুমুপাজহার।
জিত্বর্ক্ষরাজমথ রত্নমদাৎ স তেন
ভীতঃ পিতাদিশত মাং প্রভবেঽপি দত্তাম্ ॥৯

হে কৃষ্ণপত্ন্যঃ! অচ্যুতঃ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণঃ স্বমায়য়া স্বস্য সংকল্পেন লোকম্ অনুকুর্ব্বন্ যথা বঃ যুষ্মান্ উপযেমে, এতৎ নঃ অস্মভ্যং ব্রূত ॥৭

স্নানান্তে বসুদেব বস্ত্রাদি পরিধান পূর্ব্বক বন্দিগণকে নানাপ্রকার বস্ত্রালঙ্কারাদি প্রদান করিলেন; বসুদেবের পত্নীগণও তথাবিধ বস্ত্রাদি

সদস্যর্ত্বিক্-সুরগণান্ নৃ-ভূত-পিতৃ-চারণান্।
শ্রীনিকেতমনুজ্ঞাপ্য শংসন্তঃ প্রযযুঃ ক্রতুম্ ॥৫৬

ধৃতরাষ্ট্রোঽনুজঃ পার্থা ভীষ্মো দ্রোণঃ পৃথা যমৌ।
নারদো ভগবান্ ব্যাসঃ সুহৃৎ-সম্বন্ধি-বান্ধবাঃ ॥৫৭

বন্ধূন্ পরিষ্বজ্য যদূন্ সৌহৃদাৎ ক্লিন্নচেতসঃ।
যযুর্বিরহকৃচ্ছ্রেণ স্বদেশাংশ্চাপরে জনাঃ ॥৫৮

তথা সদস্যর্ত্বিক্ সুরগণান্ নৃ-ভূত-পিতৃ-চারণান্ অপূজয়ৎ। ততঃ চ তে সর্ব্বে শ্রীনিকেতং লক্ষ্মীপতিং শ্রীকৃষ্ণম্ অনুজ্ঞাপ্য তদনুজ্ঞাং পৃষ্টা ক্রতুং তৎ কর্ম্ম, ভগবন্তং চ প্রশংসন্তঃ স্বাশ্রমান্ যযুঃ ॥৫৬

ততঃ ধৃতরাষ্ট্রঃ অনুজঃ বিদুরঃ, পার্থাঃ যুধিষ্ঠিরভীমার্জ্জুনাঃ, যমৌ নকুলসহদেবৌ, পৃথা কুন্তী, ভীষ্মঃ দ্রোণঃ সুহৃদঃ মিত্রাণি, সম্বন্ধিনঃ মাতুল-শ্বশুরাদয়ঃ বান্ধবাঃ গোত্রিণঃ, নারদঃ, ভগবান্ ব্যাস ॥৫৭

সৌহৃদাক্লিন্নচেতসঃ (সৌহৃদেন স্নেহেন আক্লিন্নং চেতঃ যেষাং তে) বন্ধূন্ যদূন্ পরিষ্বজ্য বিরহকৃচ্ছ্রেণ স্বদেশং যযুঃ। তথা অপরে অপি যযুঃ ॥৫৮

প্রদানে বন্দিগণকে পরিতুষ্ট করিলেন। বসুদেব যজ্ঞসমাপনান্তে অন্নাদি দানের দ্বারা আপামর সকল বর্ণ, এমন কি, অতি নীচ কুক্কুর পর্য্যন্ত জীবেরও তৃপ্তি সাধন করিয়াছিলেন; অকাতরে সকলকেই অন্নাদি প্রদানে পরিতৃপ্ত করিয়াছিলেন।৫৪

পুত্র কলত্রাদি সহ বন্ধুবর্গকে প্রচুর পরিমাণে দ্রব্যসামগ্রী প্রদান করিলেন। বিদর্ভ, কোশল, কুরু, কাশি, কেকয় এবং সৃঞ্জয়গণকে ভূরি পরিমাণে উপহার প্রদানে তিনি সকলের অর্চ্চনা করিলেন।৫৫

সদস্য, ঋত্বিক্, দেবতাগণ, নরলোক, ভূতলোক, পিতৃগণ এবং চারণসমূহকে যথাযোগ্য পূজা করিলেন। অনন্তর তাঁহারা সকলে শ্রীপতি বাসুদেবের অনুমতি গ্রহণে তদীয় কর্ম্মের প্রশংসা করিতে করিতে সত্বর স্ব স্ব আশ্রমে প্রস্থান করিলেন।৫৬

নন্দস্তু সহ গোপালৈর্বৃহত্যা পূজয়ার্চ্চিতঃ।
কৃষ্ণরামোগ্রসেনাদ্যৈর্ন্যবাৎসীৎ বন্ধুবৎসলঃ ॥৫৭
বসুদেবোঽঞ্জসোত্তীর্য্য মনোরথমহার্ণবম্।
সুহৃদ্বৃতঃ প্রীতমনা নন্দমাহ করে স্পৃশন্ ॥৬০

বসুদেব উবাচ।

ভ্রাতরীশকৃতঃ পাশো নৃণাং যঃ স্নেহসংজ্ঞিতঃ।
তং দুস্ত্যজমহং মন্যে শূরাণামপি যোগিনাম্ ॥৬১

অস্মাস্বপ্রতিকল্পেয়ং যৎ কৃতাজ্ঞেষু সত্তমৈঃ
মৈত্র্যর্পিতাফলা চাপি ন নিবর্ত্তেত কর্হিচিৎ ॥৬২

প্রাগকল্পাচ্চ কুশলং ভ্রাতর্বো নাচরাম হি।
অধুনা শ্রীমদান্ধাক্ষা ন পশ্যামঃ পুরঃ সতঃ ॥৬৩

মা রাজ্যশ্রীরভূৎ পুংসঃ শ্রেয়স্কামস্য মানদ।
স্বজনানুত বন্ধূন্ বা ন পশ্যতি যয়ান্ধদৃক্ ॥৬৪

(কৃষ্ণাদিভিঃ) বৃহত্যা পূজয়া অর্চ্চিতঃ সৎকৃতঃ, গোপালৈঃ সহ বন্ধুবৎসলঃ নন্দঃ তত্র কৃষ্ণরামোগ্রসেনাদ্যৈঃ সহ তেষাং প্রীত্যর্থং ন্যবাৎসীৎ ॥৫৭

বসুদেবঃ তু মনোরথ-মহার্ণবম্ (যজ্ঞবিষয়কমনোরথঃ এব মহার্ণবঃ তং) অঞ্জসা অনায়াসেন উত্তীর্য্য প্রীতমনাঃ সুহৃদ্বৃতঃ সন্ নন্দং করে স্পৃশন্ আহ ॥৬০

বসুদেবঃ উবাচ। হে ভ্রাতঃ! নৃণাং স্নেহসংজ্ঞিতঃ যঃ ঈশকৃতঃ পাশঃ তং শূরাণাং (বলেন) যোগিনাং (জ্ঞানাদিনা চ) দুস্ত্যজম্ অহং মন্যে ॥৬১

যৎ যস্মাৎ কৃতাজ্ঞেষু (কৃতম্ উপকারম্ অজানৎসু অপি) অস্মাসু সত্তমৈঃ ভবদ্ভিঃ অকল্পা অনুপমা ইয়ং পুত্রলালনাদি-স্নেহরূপা মৈত্রী অর্পিতা কৃতা, সা অফলা প্রত্যুপকাররহিতা, অপি ন কর্হিচিৎ নিবর্ত্তেত ॥৬২

হে ভ্রাতঃ! প্রাক্ কংসকৃতনিবন্ধদশায়াম্ অকল্পাৎ সামর্থ্যাভাবাৎ এব বঃ যুষ্মাকং কুশলং প্রিয়ং ন আচরাম ন হি কৃতবন্তঃ; অধুনা তু শ্রীমদান্ধাক্ষাঃ (শ্রীমদেন অন্ধে অক্ষিণী যেষাং তে) বয়ং পুরঃ সতঃ অগ্রে বিদ্যমানান্ অপি যুষ্মান্ ন পশ্যামঃ ॥৬৩

হে মানদ! শ্রেয়স্কামস্য পরমপুরুষার্থম্ ইচ্ছতঃ পুংসঃ রাজ্য-শ্রীঃ মা ন অভূৎ। যয়া শ্রিয়া অন্ধদৃক্ লুপ্তবিবেকঃ পুমান্ (কৃতোপকারান্) স্বজনান্ উত বন্ধূন্ চ ন পশ্যতি ॥৬৪

তৎপরে ধৃতরাষ্ট্র, তদীয় অনুজ বিদুর, যুধিষ্ঠির, ভীম এবং অর্জ্জুনাদি কুন্তীপুত্রগণ, ভীষ্ম, দ্রোণ, নারদ, ব্যাসদেব এবং অন্যান্য সুহৃদ্ সম্বন্ধী বান্ধবগণ—।৫৭ সকলেই বন্ধুবর্গ যদুগণকে আলিঙ্গন করত, সৌহার্দ্দ্য প্রেমে আর্দ্রহৃদয় হইয়া, অতি কষ্টে তাঁহাদিগকে পরিত্যাগ পূর্ব্বক স্ব স্ব দেশে প্রতিগমন করিলেন।৫৮

এদিকে শ্রীকৃষ্ণ প্রভৃতি যদুগণ যথেষ্ট উপহার-প্রদানে বন্ধু-বৎসল নন্দরাজের বিশেষ সম্মান করিলেন; তিনি রাম-কৃষ্ণ এবং উগ্রসেনাদির প্রীতি-বর্দ্ধনার্থ কিছুকাল সেই স্থানেই গোপগণ সহ অবস্থান করিলেন।৫৯

বসুদেব তখন মহাসমুদ্র-সদৃশ বিপুল যজ্ঞমহোৎসব সম্পাদনের মনোরথ উত্তীর্ণ হইয়া বিশেষ পরিতৃপ্ত হইলেন এবং সুহৃদগণে পরিবৃত হইয়া, নন্দের হস্ত ধারণে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।৬০

বসুদেব বলিলেন,—হে ভ্রাতঃ! মানবগণের মধ্যে যে স্নেহবন্ধন অবলোকন করিতেছি, তাহা নিশ্চয়ই জগদীশ্বরের কৃত, সন্দেহ নাই। কারণ অপরের কথা দূরে থাকুক্। জগতে এমন কোন বলবান্ বা জ্ঞানবান্ ব্যক্তি দেখা যায় না, যিনি পরাক্রমের পরিচয়ে বা জ্ঞানযোগের প্রভাবে সেই স্নেহপাশকে অতিক্রম করিতে পারেন।৬১

আপনি আমাদের যে উপকার করিয়াছেন, আমরা তাহার গুরুত্ব না জানিলেও, জগতে তাহার তুলনা নাই। অহো! আমরা তাহার কিছুমাত্র প্রত্যুপকারে যত্নবান্ না হইলেও, আপনারা কিন্তু এখনও উপকার করিতে নিবৃত্ত নহেন।৬২

শ্রীশুক উবাচ।

এবং সৌহৃদশৈথিল্যচিত্ত আনকদুন্দুভিঃ।
রুরোদ তৎকৃতাং মৈত্রীং স্মরন্নশ্রুবিলোচনঃ ॥৬৫
নন্দস্তু সখ্যুঃ প্রিয়কৃৎ প্রেম্ণা গোবিন্দ-রাময়োঃ।
অদ্য শ্ব ইতি মাসাংস্ত্রীন্ যদুভির্মানিতোঽবসৎ ॥৬৬
ততঃ কামৈঃ পূর্য্যমাণঃ সব্রজঃ সহবান্ধবঃ।
পরার্দ্ধ্যাভরণক্ষৌম-নানানর্ঘ্যপরিচ্ছদৈঃ ॥৬৭

এবং সৌহৃদেনপ্রেম্ণা শৈথিল্যং চিত্তং যস্য সঃ অতএব অশ্রুবিলোচনঃ (অশ্রূণি বিলোচনয়োঃ যস্য সঃ) আনকদুন্দুভিঃ তৎকৃতাং পুত্রপালনাদি-মৈত্রীং স্মরন্ রুরোদ ॥৬৫

সখ্যুঃ প্রিয়কৃৎ নন্দস্য গোবিন্দরাময়োঃ প্রেম্ণা (বদ্ধঃ তথা) যদুভিঃ মানিতঃ চ অদ্য শ্বঃ ইতি কৃত্বা তত্র ত্রীন্ মাসান্ অবসৎ ॥৬৬

ততঃ পরার্দ্ধ্যৈঃ শ্রেষ্ঠৈঃ আভরণাদিভিঃ উৎকৃষ্টপরিচ্ছদৈঃ চ কামৈঃ পূর্য্যমাণঃ সব্রজঃ ব্রজজনসহিতঃ সহবান্ধবঃ নন্দঃ ॥৬৭

বসুদেবোগ্রসেনাভ্যাং কৃষ্ণোদ্ধব-বলাদিভিঃ দত্তং পারিবর্হং

হে ভ্রাতঃ। পূর্ব্বে কংস-কারাগারে বদ্ধ থাকায়, আপনার উপকারে অসমর্থ ছিলাম; এক্ষণে শ্রীমদে এত অন্ধ হইয়াছি যে, আপনারা সম্মুখে উপস্থিত থাকিলেও তাচ্ছিল্য বশতঃ আমি দেখিতেও পাইতেছি না।৬৩

হে মানদ! যাঁহারা যাথার্থস্বরূপ পরম শ্রেয়োলাভের প্রার্থনা করেন, তাঁহারা যেন রাজ্যৈশ্বর্য্যাদি শ্রী দ্বারা কখন পরিবেষ্টিত না হন। কারণ শ্রীমদে মানব এরূপ অন্ধ হয় যে, প্রকৃত উপকারী স্বীয় স্বজন বন্ধু বান্ধবের প্রতিও তাহাদের দৃষ্টি কখন নিপতিত হয় না।৬৪

এই প্রকার সৌহার্দ্দ্য ও প্রেমে আর্দ্রচিত্ত বসুদেব নন্দ যশোদাকৃত পুত্র-পালনাদি মৈত্রীর কথা স্মরণে অশ্রু বিমোচনপূর্ব্বক রোদন করিলেন।৬৫

বন্ধুবর্গের হিতকারী ব্রজপতি নন্দ রাম-কৃষ্ণের প্রেমে একান্তই বদ্ধ; তাহাতে আবার যদুগণ সর্ব্বদাই তাঁহার বিশেষ যত্ন করিতেন; সুতরাং আজ কাল করিয়া, তিনি সেখানে তিনমাস কাল অবস্থান করিলেন।৬৬

পরে বহুমূল্য আভরণ ও বস্ত্র পরিচ্ছদাদি সর্ব্বপ্রকার অভিলষিত বস্তু সামগ্রী লাভে পূর্ণ-মনোরথ হইলেন।৬৭

বসুদেবোগ্রসেনাভ্যাং কৃষ্ণোদ্ধব-বলাদিভিঃ।
দত্তমাদায় পারিবর্হং যাপিতো যদুভির্যযৌ ॥৬৮
নন্দো গোপাশ্চ গোপ্যশ্চ গোবিন্দচরণাম্বুজে।
মনঃ ক্ষিপ্তং পুনর্হর্ত্তুমনীশা মথুরাং যযুঃ ॥৬৯
বন্ধুষু প্রতিযাতেষু বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ।
বীক্ষ্য প্রাবৃষমাসন্নাং যযুর্দ্বারবতীং পুনঃ ॥৭০

পারিতোষিকম্ আদায় যদুভিঃ (দূরম্ আগত্য প্রস্থাপিতঃ) যযৌ (ইতি দ্বয়োরন্বয়ঃ) ॥৬৮

নন্দঃ গোপাঃ গোপ্যঃ চ গোবিন্দ-চরণাম্বুজে কৃষ্ণপাদপদ্মে ক্ষিপ্তং নিক্ষিপ্তং মনঃ পুনঃ হর্ত্তুম্ অনীশাঃ অসমর্থাঃ এব মথুরাং যযুঃ ॥৬৯

এবং বন্ধুষু সর্ব্বেষু প্রতিযাতেষু প্রস্থিতবৎসু কৃষ্ণদেবতাঃ (কৃষ্ণঃ এব দেবতা যেষাং তে) বৃষ্ণয়ঃ প্রাবৃষং বর্ষর্তুম্ আসন্নাং সন্নিহিতাং বীক্ষ্য জ্ঞাত্বা, পুনঃ দ্বারাবতীং যযুঃ ॥৭০

এবং বসুদেব, উগ্রসেন, রাম-কৃষ্ণ ও উদ্ধব কর্ত্তৃক প্রদত্ত পারিতোষিক বস্তু গ্রহণে এবং বহুদূর পর্য্যন্ত যদুগণ তাঁহার সমভিব্যাহারে গমন করিলে, নন্দরাজ ব্রজবাসী জনগণ ও বান্ধবগণের সহিত ব্রজে প্রস্থান করিলেন।৬৮

ব্রজপতি নন্দ, গোপগণ এবং গোপীগণ একান্ত ক্লেশের সহিতই তথা হইতে মথুরায় গমন করিলেন; কারণ গোবিন্দের চরণারবিন্দে সমর্পিত মন আর তাঁহারা প্রত্যাহরণ করিতে পারেন নাই।৬৯

জনেভ্যঃ কথয়াঞ্চক্রুর্যদুদেবমহোৎসবম্।
যদাসীৎ তীর্থযাত্রায়াং সুহৃৎসন্দর্শনাদিকম্ ॥৭১
যঃ ইদং কীর্ত্তয়েন্নিত্যং শৃণুয়াদ্ বাথ ভক্তিতঃ।
ঋণত্রয়বিনির্ম্মুক্তো গোবিন্দস্য প্রিয়ো ভবেৎ ॥৭২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪

তীর্থযাত্রায়াং যদুদেবস্য বসুদেবস্য মহোৎসবং যজ্ঞমহোৎসবং তথা সুহৃৎসন্দর্শনাদিকং জনেভ্যঃ দ্বারকাবাসিভ্যঃ কথয়াঞ্চক্রুঃ ॥৭১

যঃ পুমান্ ইদং নিত্যং ভক্তিতঃ কীর্ত্তয়েৎ অথ বা শৃণুয়াৎ, সঃ ঋণত্রয়বিনির্ম্মুক্তঃ সন্ গোবিন্দস্য প্রিয়ঃ ভবেৎ ॥৭২

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥

বন্ধুগণ ক্রমশঃ স্ব স্ব গৃহে প্রস্থান করিলে, কৃষ্ণপ্রাণ বৃষ্ণিগণ বর্ষাকাল উপস্থিত অবলোকন করিয়া, সকলেই দ্বারাবতীতেই পুনরায় প্রস্থান করিলেন।৭০

তাঁহারা সকলে গৃহে যাইয়া, তীর্থযাত্রার বিবরণ এবং তীর্থস্থলে যদুশ্রেষ্ঠ বসুদেবের যজ্ঞমহোৎসবের ব্যাপার এবং তথায় সুহৃদ্-সন্দর্শনাদির বার্ত্তা দ্বারাবতীস্থ জনসমূহকে পরিজ্ঞাত করাইলেন।৭১

যে ব্যক্তি এই বিষয়টী নিত্য ভক্তিপূর্ব্বক কীর্ত্তন বা শ্রবণ করেন, তিনি উক্ত ঋণত্রয় হইতে মুক্তিলাভে ভগবানের প্রিয়পাত্র হন।৭২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুরশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চাশীতিতমঃ অধ্যায়ঃ।

[বসুদেবস্য শ্রীভগবত্তত্ত্বকথনম্, ভগবতা দেবকীপ্রার্থনয়া তদীয়মৃতপুত্রাণামানয়নঞ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।
অথৈকদাত্মজৌ প্রাপ্তৌ কৃতপাদাভিবন্দনৌ।
বসুদেবোঽভিনন্দ্যাহ প্রীত্যা সঙ্কর্ষণাচ্যুতৌ ॥১

মুনীনাং স বচঃ শ্রুত্বা পুত্রয়োর্ধামসূচকম্।
তদ্বীর্য্যৈর্জাতবিশ্রম্ভঃ পরিভাষ্যাভ্যভাষত ॥২

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ একদা প্রাপ্তৌ স্বসমীপম্ আগতৌ কৃতপাদাভিবন্দনৌ (কৃতং পাদাভিবন্দনং যাভ্যাং তৌ) আত্মজৌ সঙ্কর্ষণাচ্যুতৌ রামকৃষ্ণৌ প্রীত্যা অভিনন্দ্য বসুদেবঃ আহ ॥১

পঞ্চাশীতিতম অধ্যায়।

[বসুদেবের শ্রীভগবত্তত্ত্বকথন এবং শ্রীভগবান্ কর্ত্তৃক দেবকীদেবীর প্রার্থনায় তাঁহার মৃত পুত্রগণকে আনয়ন।]

ব্যাসাত্মজ শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর একদিবস শ্রীকৃষ্ণ এবং বলরাম পিতা বসুদেবের সমীপে উপস্থিত হইয়া, তাঁহার পাদাভিবাদন করিলে, বসুদেব প্রীত-প্রসন্ন-চিত্তে তাঁহাদিগকে আশীর্ব্বাদ করত বলিলেন।১

কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ সঙ্কর্ষণ সনাতন।
জানে বামস্য যৎ সাক্ষাৎ প্রধানপুরুষৌ পরৌ ॥৩
যত্র যেন যতো যস্য যস্মৈ যদ্ যদ্ যথা যদা।
স্যাদিদং ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ ॥৪
এতন্নানাবিধং বিশ্বমাত্মসৃষ্টমধোক্ষজ।
আত্মনানুপ্রবিশ্যাত্মন্ প্রাণো জীবো বিভর্ষ্যজঃ ॥৫
প্রাণাদীনাং বিশ্বসৃজাং শক্তয়ো যাঃ পরস্য তাঃ।
পারতন্ত্র্যাদ্ বৈ সাদৃশ্যাদ্দ্বয়োশ্চেষ্টৈব চেষ্টতাম্ ॥৬

পুত্রয়োঃ ধামসূচকং পরমেশ্বরত্বজ্ঞাপকং মুনীনাং বচঃ স্মৃত্বা তথা তয়োঃ বীর্য্যৈঃ (গোবর্দ্ধনোদ্ধরণাদিভিঃ) জাতবিশ্রম্ভঃ সঃ বসুদেবঃ পরিভাষ্য তৌ সম্বোধ্য অভ্যভাষত ॥২

হে কৃষ্ণ! মহাযোগিন্ কৃষ্ণ! হে সনাতন সঙ্কর্ষণ! অস্য বিশ্বস্য যৎ যৌ পরৌ কারণরূপৌ সাক্ষাৎ প্রধানপুরুষৌ পরমেশ্বরৌ তৌ বাং যুবাম্ অহং জানে ॥৩

যত্র যস্মিন্ অধিকরণে, যেন কর্ত্রা করণেন, যতঃ অপাদানসংজ্ঞকাৎ উপাদানাৎ, যস্য সম্বন্ধি যৎ স্বামিকং, যস্মৈ সংপ্রদানায়, তথা যৎ বিহারার্থম্ ইদং বিশ্বং স্যাৎ, তত্র যৎ যঃ প্রয়োজ্যকর্ত্তা, যৎ কর্ম্ম যথা স্যাৎ ইতি তৎপ্রকারাত্মকং যদা স্যাৎ ইতি তৎকালাত্মকম্ ইদং বিশ্বং স্যাৎ এবং সর্ব্বাত্মকঃ ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ (প্রধানং ভোগ্যং পুরুষঃ ভোক্তা তয়োঃ ঈশ্বরঃ) ত্বম্ এব ॥৪

আত্মন্ আত্মনি আধারভূতে আত্মনা স্বেনৈব সৃষ্টম্ এতৎ নানাবিধং দেব-তির্য্যঙ্-মনুষ্যাদিরূপং বিশ্বম্ আত্মনা অন্তর্য্যামিরূপেণ অনুপ্রবিশ্য হে অধোক্ষজ! স্বয়ম্ অজঃ অপি জন্মাদিরাহিত্যঃ অপি প্রাণঃ ক্রিয়াশক্তিঃ, জীবঃ জ্ঞানশক্তিঃ চ সন্ ত্বম্ এব বিভর্ষি ধারয়সি পোষয়সি চ ॥৫

প্রাণাদীনাং (প্রাণঃ সমষ্টিপ্রাণাত্মকং সূত্রম্ আদিপদেন কাল-প্রকৃতি-মহত্ত্বাহঙ্কার-মহাভূতপঞ্চকৈকাদশে-ন্দ্রিয়াদি-সংগ্রহঃ তেষাং) বিশ্বসৃজাং বিশ্বকারণানাং যাঃ শক্তয়ঃ তাঃ পারতন্ত্র্যাৎ তথা দ্বয়োঃ চেতনাচেতনয়োঃ বৈ সাদৃশ্যাৎ পরস্য পরমকারণস্য ঈশ্বরস্য এব। দ্বয়োঃ প্রাণজীবয়োঃ তয়োঃ চেষ্টা এব চেষ্টতাং স্যাৎ ইতি ॥৬

কারণ কুরুক্ষেত্র যাত্রাকালে তথায় উপনীত মুনিগণের প্রমুখাৎ পুত্রদ্বয়ের পরমেশ্বরত্ব-ব্যঞ্জক যে সকল কথা শ্রবণ করিয়াছিলেন এবং পুত্রদ্বয়ের গোবর্দ্ধনোদ্ধরণাদি কার্য্য-কলাপের দ্বারা তদনুরূপ বীর্য্যেরও যেরূপ প্রকাশ হইয়াছিল, মহামতি বসুদেবের তাহাতে পুত্রদ্বয়ের প্রতি পরমেশ্বর ভাবেরই বিশেষ প্রতীতি জন্মিয়াছিল; সুতরাং তিনি তদুভয়ের স্মরণে বালকদ্বয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ।২

হে কৃষ্ণ! হে মহাযোগিন্ শ্রীকৃষ্ণ! হে সনাতন বলরাম! এই বিশ্বসংসারের শ্রেষ্ঠ কারণ-স্থানীয় পরম পুরুষ পরমেশ্বর যে তোমরাই দুইজন, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি ।৩

যে অধিকরণে, যৎকর্ত্তৃক, যে উপাদান হইতে, যাঁহার অধিকারে, যাঁহাকে প্রদানার্থ, যে নিয়ন্তা দ্বারা এই বিশ্বব্রহ্মাণ্ড বিদ্যমান রহিয়াছে এবং যে কর্ম্ম যে প্রকারে প্রকটিত হইতেছে এবং যে কাল অনুসারে সেই পরিবর্ত্তনও ঘটিতেছে, সেই সর্ব্বস্বরূপে এক সর্ব্বাত্মক ভগবদ্বেশে তোমরাই বিরাজ করিতেছ। অধিক কি! ভোগ্য প্রকৃতি এবং ভোক্তা পুরুষ বলিয়া যে দুইটী ভাবের পরিচয় জগতে আছে, এতদুভয়ের নিয়ন্তারূপে এক তোমরাই বিরাজ করিতেছ ।৪

হে ব্রহ্মাণ্ডভাণ্ডোদর! তোমরা স্বীয় আত্মস্বরূপে এবং স্বীয় আত্মার দ্বারা সৃষ্ট দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি নানারূপে রচিত এই বিশ্বব্রহ্মাণ্ডের অন্তরে অন্তর্য্যামিরূপে আপনিই প্রবিষ্ট হইয়া আছ! হে অধোক্ষজ! তোমার জন্মাদি ষড়্ভাব বিকার না থাকিলেও, ক্রিয়াশক্তি দ্বারা প্রাণরূপে এবং জ্ঞানশক্তি দ্বারা পুরুষ অর্থাৎ জীবরূপে এই সমগ্র ব্রহ্মাণ্ডের ধারণ এবং পোষণ ব্যাপার নির্ব্বাহ করিতেছ ।৫

সমষ্টি প্রাণনামক সূত্রাত্মা, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চতন্মাত্র এবং একাদশ ইন্দ্রিয়ের সমবায়ে এই সংসার রচিত হইয়াছে, এই সকলের যে শক্তি,

কান্তিস্তেজঃ প্রভা সত্তা চন্দ্রাগ্ন্যর্কর্ক্ষবিদ্যুতাম্।
যৎস্থৈর্য্যং ভূভৃতাং ভূমের্বৃত্তির্গন্ধোঽর্থতো ভবান্
তর্পণং প্রাণনমপাং দেব ত্বং তাশ্চ তদ্রসঃ।
ওজঃ সহো বলং চেষ্টা গতির্বায়োস্তবেশ্বর ॥৮
দিশাং ত্বমবকাশোঽসি দিশঃ খং স্ফোট আশ্রয়ঃ।
নাদো বর্ণস্ত্বমোঙ্কার আকৃতীনাং পৃথক্‌কৃতিঃ ॥৯

চন্দ্রস্য কান্তিঃ, অগ্নেঃ তেজঃ, অর্কস্য সূর্য্যস্য প্রভা, ঋক্ষাণাং নক্ষত্রাণাং বিদ্যুতাং চ সত্তা, ভূভৃতাং পর্ব্বতানাং যৎ স্থৈর্য্যং, ভূমেঃ বৃত্তিঃ সর্ব্বাধারতয়া বর্ত্তনং, গন্ধঃ চ ইত্যেতৎ সর্ব্বম্ অর্থতঃ পরমার্থতঃ ভবান্ এব ॥৭

অপাং তর্পণং তৃপ্তিজনকত্বং, প্রাণনং জীবনহেতুত্বং, দেবত্বং শোধকত্বং, তাঃ স্বরূপতঃ আপঃ চ তাসাং রসঃ চ তথা হে ঈশ্বর! বায়োঃ চ ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং, সহঃ অন্তঃকরণ-সামর্থ্যং, বলং শরীরসামর্থ্যং, চেষ্টা শরীরব্যাপারঃ, গতিঃ চ চেতনাচেতনসাধারণং গমনং চ তবৈব শক্তিঃ ॥৮

তাহা তোমাদেরই অধীন; বিশেষতঃ সম্পূর্ণ বিসদৃশ চেতন ও অচেতনরূপ শক্তিদ্বয়ও পরম কারণ পরমেশ্বর তোমাদেরই অধীন; প্রাণ ও জীবের চেষ্টা তোমাদের দ্বারাই সাধিত হইতেছে।৬

অহো! চন্দ্রের কান্তি, হুতাশনের তেজ, দিবাকরের প্রভা, বিদ্যুৎ ও নক্ষত্রগণের সত্তা, ভূধরের স্থৈর্য্য, সর্ব্বাধাররূপে ধরণীর বিদ্যমানতা ও স্বকীয় ভাব গন্ধ প্রভৃতি যে কোন ভাব জগতে পরিলক্ষিত হইতেছে, সে সমস্ত প্রকৃত প্রস্তাবে এক আপনি মাত্র।৭

সলিলের তৃপ্তিজনকত্ব, জীবন-হেতুত্ব এবং পরিশোধকত্ব যে কোন ভাব আছে, তৎসমুদায় এবং সেই জলের যে রস আছে তৎসমস্ত এক আপনি মাত্র। হে জগদীশ্বর! ইন্দ্রিয়সামর্থ্য ওজঃ, অন্তঃকরণ-সামর্থ্য সহঃ, শরীর-সামর্থ্য বল, শরীর-ব্যাপার চেষ্টা এবং চেতন ও অচেতন সাধারণে গতি বা গমনশক্তিরূপে বায়ুর যে ক্রিয়া প্রতীত হয়, হে পরমেশ্বর! সে সমস্ত আপনারই শক্তি।৮

ইন্দ্রিয়ং ত্বিন্দ্রিয়াণাং ত্বং দেবাশ্চ তদনুগ্রহঃ।
অববোধো ভবান্ বুদ্ধের্জীবস্যানুস্মৃতিঃ সতী ॥১০
ভূতানামসি ভূতাদিরিন্দ্রিয়াণাঞ্চ তৈজসঃ।
বৈকারিকো বিকল্পানাং প্রধানমনুশায়িনাম্ ॥১১
নশ্বরেষ্বিহ ভাবেষু তদসি ত্বমনশ্বরম্।
যথা দ্রব্যবিকারেষু দ্রব্যমাত্রং নিরূপতম্ ॥১২

দিশাম্ উপাধিকৃতাকাশপ্রদেশানাম্ অবকাশঃ তথা দিশঃ চ ত্বং, খং সামান্যাকাশঃ, তদাশ্রয়ঃ স্ফোটঃ শব্দতন্মাত্রং, পরাবস্থা বাক্, নাদঃ পশ্যন্তী, ওঙ্কারঃ বর্ণঃ চ, মধ্যমা আকৃতীনাং পদার্থানাং পৃথক্‌কৃতিঃ পৃথক্‌করণম্ অভিধানং যস্মাৎ তৎপদং বর্ণ-পদাত্মাত্মিকা বৈখরী চ ত্বম্ এব ॥৯

ইন্দ্রিয়াণাম্ অপি ইন্দ্রিয়ং বিষয়প্রকাশন-শক্তিঃ তু দেবাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ, তদনুগ্রহঃ তেষাম্ অধিষ্ঠানশক্তিঃ চ ত্বম্ এব; ত্বং বুদ্ধেঃ অববোধঃ ব্যবসায়াত্মিকা শক্তিঃ, জীবস্য সতী যথার্থা অনুস্মৃতিঃ আত্মানুসন্ধানং চ ভবান্ এব ॥১০

দিক্‌সমূহনামক আকাশের নির্দ্দিষ্ট ভাগসকল, অবকাশ, সাধারণ আকাশ, তাহার আশ্রয়স্বরূপ স্ফোটরূপ শব্দ, শব্দতন্মাত্র, তাহার পরাবস্থা নাদ, ওঙ্কার বর্ণ এবং তাহা হইতে সমুৎপন্ন পদার্থসমূহের পৃথক্ পৃথক্ কৃতি অর্থাৎ নাম এবং বর্ণ হইতে সমুৎপন্ন পদপ্রধান বৈখরী ধ্বনি, এই সমস্তই এক তুমি মাত্র।৯

যে শক্তিবলে ইন্দ্রিয়গণ বিষয়সমূহকে প্রকাশিত করিতেছে, যে দেবতাগণ ইন্দ্রিয়ে অধিষ্ঠান পূর্ব্বক ইন্দ্রিয়কে সাহায্য করিতেছেন, সে সমস্তই তুমি। অধিক কি! ব্যবসায়াত্মিকা বুদ্ধির অববোধ-শক্তি এবং জীবের অনুসন্ধানাত্মিকা অনুস্মৃতি অর্থাৎ অনুসন্ধান ব্যাপারও একা আপনি মাত্র।১০

আকাশাদি পঞ্চ মহাভূতের কারণস্থানীয় তামস অহঙ্কার আপনি এবং ইন্দ্রিয়বর্গের কারণস্বরূপ তৈজস অর্থাৎ রাজস অহঙ্কারও আপনি।

এবং বিবিধভাবে কল্পিত দেবতা ও মনের কারণ-স্থানীয় বৈকারিক অর্থাৎ সাত্বিক অহঙ্কারও

সত্ত্বং রজস্তম ইতি গুণাস্তদ্বৃত্তয়শ্চ যাঃ।
ত্বয্যদ্ধা ব্রহ্মণি পরে কল্পিতা যোগমায়য়া ॥১৩
তস্মান্ন সন্ত্যমী ভাবা যর্হি ত্বয়ি বিকল্পিতাঃ।
ত্বঞ্চামীষু বিকারেষু হ্যন্যদাব্যাবহারিকঃ ॥১৪

গুণপ্রবাহ এতস্মিন্নবুধাস্ত্বখিলাত্মনঃ।
গতিং সূক্ষ্মামবোধেন সংসরন্তীহ কর্ম্মভিঃ ১৫
যদৃচ্ছয়া নৃতাং প্রাপ্য সুকল্পামিহ দুর্লভাম্।
স্বার্থে প্রমত্তস্য বয়ো গতং ত্বন্মায়য়েশ্বর ॥১৬

ভূতানাম্ আকাশাদীনাং কারণং ভূতাদিঃ তামসঃ অহঙ্কারঃ ত্বম্ অসি। ইন্দ্রিয়াণাং কারণং তৈজসঃ রাজসঃ অহঙ্কারঃ ত্বম্ অসি। বিকল্পানাং (বিবিধং কল্পনম্ এভিঃ তে বিকল্পাঃ দেবাঃ মনুষ্যাশ্চ তেষাং) কারণং বৈকারিকঃ সাত্ত্বিকঃ অহঙ্কারঃ ত্বম্ অসি। অনুশায়িনাম্ অনুশয়-পদ-বাচ্য-কর্ম্ম-বাসনাবতাং জীবানাং সংসারকারণং প্রধানং প্রকৃতিশ্চ ত্বমেব ॥১১

ইহ প্রপঞ্চে নশ্বরেষু পদার্থেষু যৎ তস্য পরমার্থভূতম্ অনশ্বরং তৎ ত্বম্ অসি ; যথা দ্রব্যস্য মৃৎসুবর্ণাদেঃ বিকারেষু ঘটকুণ্ডলাদিষু নশ্বরেষু অপি দ্রব্যমাত্রং মৃৎসুবর্ণাদিকং স্বরূপতঃ অনশ্বরং নিরূপিতং ভবতি ॥১২

সত্ত্বং রজঃ তমঃ ইতি প্রকৃতেঃ গুণাঃ গুণকার্য্যভূতাঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদয়ঃ যাঃ তেষাং বৃত্তয়ঃ সুখদুঃখরাগলোভাদয়ঃ চ তে যোগমায়য়া আত্মাজ্ঞানেন অদ্ধা সাক্ষাৎ পরে ব্রহ্মণি ত্বয়ি কল্পিতাঃ ॥১৩

যর্হি যস্মাৎ ত্বয়ি কল্পিতাঃ এব তস্মাৎ অমী ভাবাঃ সুখ-দুঃখাদিবিকারাঃ ত্বয়ি ন সন্তি। যদা ত্বম্ অমীষু বিকারেষু (স্থিতঃ), তদৈব ত্বয়ি প্রতীয়ন্তে. অন্যদা কল্পনারহিতাবস্থায়াম্ অব্যবহারিক. শুদ্ধঃ এব প্রতীয়সে ॥১৪

গুণপ্রবাহে সত্ত্বাদিগুণকার্য্যভূতে এতস্মিন্ দেহাদৌ, অখিলাত্মনঃ তব সূক্ষ্মাং দুর্জ্ঞেয়াং গতিং সচ্চিদানন্দাত্মকং স্বরূপম অবুধাঃ অজ্ঞানন্তঃ, অতএব অবোধেন স্বরূপাজ্ঞাননিবন্ধন-দেহাদ্যভিমানেন কৃতৈঃ কর্ম্মভিঃ ইহ সংসারে সংসরন্তি দেবমনুষ্যতির্য্যগাদিযোনিং প্রাপ্নুবন্তি ॥১৫

হে ঈশ্বর। ইহলোকে দুর্ল্লভাং সুকল্পাং পুরুষার্থসাধন-সমর্থাং নৃতাং নরদেহং প্রাপ্য অপি ত্বন্মায়য়া স্বার্থে স্বপুরুষার্থসাধনে তত্ত্বত্ত্বানুসন্ধানে ভক্ত্যাদৌ প্রমত্তস্য অনবহিতস্য মম বয়ঃ আয়ুঃ বৃথৈব গতম্ ॥১৬

আপনি এবং অনুশয়-পদবাচ্য-কর্ম্ম-বাসনা বিশিষ্ট জীবগণের সংসার-কারণ মূলা প্রকৃতিও আপনি মাত্র।১১

এই প্রপঞ্চ নশ্বর পদার্থসমূহের অন্তরে যিনি সৎস্বরূপ অনশ্বরভাবে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, তিনিই আপনি; মৃৎসুবর্ণাদির বিকারে সমুৎপন্ন ঘটকুণ্ডলাদি পদার্থে মৃত্তিকা এবং সুবর্ণ যেমন নিয়ত বিদ্যমান থাকে, তুমিও সেইরূপ অনন্ত সংসারের অন্তরে নিরন্তর বিদ্যমান রহিয়াছ।১২

প্রকৃতির গুণ সত্ত্ব, রজঃ এবং তমঃ এবং এই গুণত্রয়ের সম্মিলনে সমুৎপন্ন দেহ, ইন্দ্রিয় এবং অন্তঃকরণাদি, তাহাদিগের বৃত্তি, সুখ, দুঃখ, রাগ এবং দ্বেষাদি, এই সমস্ত পদার্থই কেবল আত্মাজ্ঞানরূপা যোগমায়ার দ্বারা পরব্রহ্মস্বরূপ এক আপনাতেই কল্পিত হইয়াছে।১৩

হে কৃষ্ণ! এই সমস্ত সুখ দুঃখাদি ভাবসমূহ যখন আপনাতে কল্পিত হইয়াছে, তখন প্রকৃত প্রস্তাবে তাহারা আপনার স্বরূপে নাই; আপনি যখন সেই সমস্তে অবস্থান করেন, তখনই তাহারা প্রতীত হয়; নতুবা কল্পনার পূর্ব্বাবস্থার ন্যায় শুদ্ধভাবেই আপনি নিরন্তর প্রতীত হন।১৪

সত্ত্বাদি গুণত্রয়ের কার্য্যভূত এই কলেবরে দুর্জ্জেয় সচ্চিদানন্দস্বরূপে তুমি যে নিত্য বিরাজ করিতেছ, অজ্ঞানী ব্যক্তিগণ তাহা অবধারণ করিতে পারে না; সুতরাং আত্মজ্ঞানের অননুভূতি-নিবন্ধন দেহাদিতেই অভিমান বশত. কৃত পাপ-পুণ্যাত্মক কর্ম্মের দ্বারা দেব, মনুষ্য এবং তির্য্যগাদি বিচিত্র যোনি লাভে তাহারা এই সংসারে নিরন্তর পরিভ্রমণ করিতেছে।১৫

হে জগদীশ্বর। এই সংসারে দুর্ল্লভ অথচ পুরুষার্থ-সাধনের সম্পূর্ণ উপযোগী অপূর্ব্ব নরদেহ

অসাবহং মমৈবৈতে দেহে চাস্যান্বয়াদিষু।
স্নেহপাশৈর্নিবধ্নাতি ভবান্ সর্ব্বমিদং জগৎ ॥১৭
যুবাং ন নঃ সুতৌ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরৌ।
ভূভারক্ষত্রক্ষপণ অবতীর্ণৌ তথাত্থ হ ॥১৮
তৎ তে গতোঽস্ম্যরণমদ্য পদারবিন্দ-
মাপন্নসংসৃতিভয়াপহমার্ত্তবন্ধো।

দেহে অসৌ অহম্ অস্য অন্বয়াদিষু পুত্রকলত্রাদিষু চ মম এব এতে ইতি স্নেহরূপৈঃ পাশৈঃ ভবান্ সর্ব্বম্ ইদং জগৎ নিবধ্নাতি ॥১৭

যুবাং নঃ অস্মাকং সুতৌ ন ভবতঃ, কিন্তু সাক্ষাৎ প্রধান-পুরুষেশ্বরৌ ভূভার-ক্ষত্রক্ষপণে ভূভারভূতক্ষত্রিয়-বিনাশায় অবতীর্ণৌ ইতি স্বয়ম্ এব হ স্ফুটম্ আত্থ কথিতবান্ অসি ॥১৮

তস্মাৎ বৃথায়ুঃক্ষপণাৎ, হে আর্ত্তবন্ধো! অদ্য আপন্ন-সংসৃতি-ভয়াপহং (আপন্নানাং শরণম্ আগতানাং সংসৃতিভয়ম্ অপহন্তীতি তথাভূতং) তব পদারবিন্দম্ অরণং শরণং গতঃ অস্মি! যৎ যেন ইন্দ্রিয়ার্থলালসেন হেতুনা মর্ত্ত্যে শরীরে আত্মদৃক্

প্রাপ্ত হইয়াও, তোমার মায়ায় এতই বিমোহিত হইয়াছি যে, ভক্তি প্রভৃতির অনুষ্ঠানে ভবদীয় তত্ত্বানুসন্ধানের দ্বারা স্বকীয় পুরুষার্থ-সাধনে সম্যক্ উদাসীনের ন্যায় জীবনের প্রচুর পরমায়ুঃ আমি বৃথায় অতিবাহিত করিয়াছি।১৬

এই দেহই আমি এবং দেহ সম্বন্ধীয় পুত্রকলত্রাদি স্বজনবর্গকে আমার বলিয়া যে জ্ঞান হয়, এই স্নেহ-পাশে আপনি বিশ্ব সংসারকে আবদ্ধ করিয়াছেন।১৭

তোমরা প্রকৃত প্রস্তাবে আমাদের পুত্র নও; জগতের কারণস্বরূপ প্রকৃতিপুরুষের নিয়ন্তা পরম পুরুষই তোমরা! ধরণীর ভারভূত দুষ্ট ক্ষত্রিয়গণের বিনাশার্থ সংসারে যে অবতীর্ণ হইয়াছ, তাহা হে শ্রীকৃষ্ণ! তুমি নিজমুখেই পূর্ব্বে আমাদিগের নিকট ব্যক্ত করিয়াছ।১৮

জীবনের উৎকৃষ্ট সময়ই যখন আমার বৃথায় অতিবাহিত হইয়াছে, তখন হে কাতর-জন-

এতাবতালমলমিন্দ্রিয়লালসেন
মর্ত্ত্যাত্মদৃক্ ত্বয়ি পরে যদপত্যবুদ্ধিঃ ॥১৯
সূতীগৃহে ননু জগাদ ভবানজো নৌ
সংজজ্ঞ ইত্যনুযুগং নিজধর্ম্মগুপ্ত্যৈ।
নানাতনূর্গগনবদ্ বিদধজ্জহাসি
কো বেদ ভূম্ন উরুগায় বিভূতিমায়াম্ ॥২০

আত্মবুদ্ধিঃ, অহং ত্বয়ি পরে পরমেশ্বরে অপত্যবুদ্ধিঃ জাতঃ অস্মি; এতাবতা এব অলম্ অলং পর্য্যাপ্তম্ ইতি ॥১৯

ননু হে ভগবন্! অজঃ কর্ম্মাধীনজন্মরহিতঃ অপি অহং নিজধর্ম্মাণাং স্বপ্রবর্ত্তিতধর্ম্মমর্য্যাদানাং গুপ্ত্যৈ রক্ষণায়, অনুযুগং প্রতিযুগং জজ্ঞে অবতরামি, ইতি ভবান্ সূতিকাগৃহে নৌ আবাং প্রতি জগাদ; অতঃ গগনবৎ (গগনং যথা ঘটাদ্যুপাধিকৃত-নানাতনূঃ বিদধৎ উপাধিনাশাচ্চ তাঃ পরিত্যজেৎ নির্লেপব্যাপকত্বাদি নিজস্বভাবং ন পরিত্যজতি তথা) নানাতনূঃ বিদধৎ বিভ্রাণঃ ত্বং তাঃ তনূঃ জহাসি, অতঃ হে উরুগায় (বহুধা গীয়সে ইতি)। ভূম্নঃ ব্যাপকস্য এব বিভূতিরূপাং মায়াং কঃ বেদ ॥২০

দুঃখহারিন্! অদ্য আমি আপনার ঐ শরণাগত জনগণের সংসার-ভয়হারী চরণারবিন্দে শরণ লইলাম। অহো! ইন্দ্রিয়ের ভোগ্য বিষয়সমূহের লালসায় আমি মরণধর্ম্মশীল এই মানব দেহে আত্মজ্ঞান করত, পরম পুরুষ পরমেশ্বর তোমাকে পুত্র বলিয়াই ধারণা করিয়াছি! অহো! যথেষ্ট হইয়াছে; এতদপেক্ষা আমার আর কি অপরাধ হইতে পারে?১৯

হে ভগবন্! আপনি জীবের ন্যায় কর্ম্মের বশবর্ত্তী হইয়া জন্ম পরিগ্রহ না করিলেও, কেবল নিজ-প্রবর্ত্তিত ধর্ম্ম-মর্য্যাদার রক্ষার নিমিত্ত প্রতিযুগে দেহ পরিগ্রহে অবতীর্ণ হইয়া থাকেন, তাহা সূতিকাগৃহে আপনি নিজেই আমাদিগকে বলিয়াছিলেন; অতএব মহাকাশ যেমন ঘটাদি বিবিধ উপাধির অন্তরে কখন পরিচ্ছিন্নের ন্যায় অবস্থান করিলেও, উপাধির নাশে নির্লেপ এবং ব্যাপকত্বাদি স্বীয় স্বরূপ হইতে কখন পরিচ্যুত হয় না, সেইরূপ

শ্রীশুক উবাচ ।

আকর্ণ্যেত্থং পিতুর্বাক্যং ভগবান্ সাত্বতর্ষভঃ ।
প্রত্যাহ প্রশ্রয়ানম্রঃ প্রহসন শ্লক্ষ্ণয়া গিরা ॥২১

শ্রীভগবানুবাচ ।

বচো বঃ সমবেতার্থং তাতৈতদুপমন্মহে ।
যন্নঃ পুত্রান্ সমুদ্দিশ্য তত্ত্বগ্রাম উদাহৃতঃ ॥২২

অহং যূয়মসাবার্য্য ইমে চ দ্বারকৌকসঃ ।
সর্ব্বেঽপ্যেবং যদুশ্রেষ্ঠ বিমৃগ্যাঃ সচরাচরম্ ॥২৩

আত্মা হ্যেকঃ স্বয়ংজ্যোতির্নিত্যোঽন্যো নির্গুণো গুণৈঃ ।
আত্মসৃষ্টৈস্তৎকৃতেষু ভূতেষু বহুধেয়তে ॥২৪

খং বায়ুর্জ্যোতিরাপো ভূস্তৎকৃতেষু যথাশয়ম্ ।
আবিস্তিরোঽল্পভূর্য্যেকো নানাত্বং যাত্যসাবপি ॥২৫

শ্রীশুকঃ উবাচ। সাত্বতর্ষভঃ ভক্তপালকঃ ভগবান্ কৃষ্ণঃ ইত্থং পিতুঃ বাক্যং নিশম্য আকর্ণ্য প্রশ্রয়েণ বিনয়েন আনম্রঃ প্রহসন্ শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা তং প্রত্যাহ ॥২১

শ্রীভগবান্ উবাচ। হে তাত। যৎ যেন বচনেন নঃ অস্মান্ পুত্রান্ উদ্দিশ্য বিষয়ীকৃত্য তত্ত্বগ্রামঃ তত্ত্বসমূহঃ সম্যক্ নিরূপিতঃ, তৎ এতৎ বঃ যুষ্মাকং বচঃ সমবেতার্থং যথার্থম্ ইতি উপমন্মহে উপমন্যামহে ॥২২

হে যদুশ্রেষ্ঠ। (ন কেবলম্ আবয়োরেব ইয়ং দৃষ্টিঃ কর্ত্তব্যা কিন্তু) অহং যূয়ম অসৌ আর্য্যঃ বলভদ্রঃ, ইমে চ সর্ব্বে দ্বারকৌকসঃ জনাঃ, সচরাচরং সর্ব্বে অপি এবং পরমাত্মাত্মকয়া এব বিমৃগ্যাঃ বিচার্য্য নিশ্চেতব্যাঃ ॥২৩

যথা খাদীনি মহাভূতানি তৎকৃতেষু স্বকার্য্যেষু ঘটাদিষু যথাশয়ং যথাকার্য্যম্ অবির্ভাবতিরোভাবাদি যান্তি, এবং অসৌ আত্মা অপি আত্মসৃষ্টৈঃ গুণৈঃ গুণপরিণামভূতৈঃ মহদাদিভিঃ হেতুভিঃ তৎকৃতেষু মহদাদিসৃষ্টেষু ভূতেষু দেবমনুষ্যাদিষু স্বয়ংজ্যোতিঃ, নিত্যঃ (শরীরাদিভ্যঃ) অন্যঃ অপি নির্গুণঃ অপি একঃ অদ্বিতীয়ঃ অপি বহুধা ঈয়তে প্রতীয়তে। তত্র মনুষ্যাদৌ আবির্ভাবঃ, বৃক্ষাদৌ তিরোভাবঃ, মশকাদৌ অল্পত্বং হস্ত্যাদৌ ভূরিত্বং যেহত্বং স্বতঃ এব একঃ উপাধিভেদাৎ ন নানাত্বেন প্রতীয়তে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৪-২৫

হে সর্ব্বেশ্বর। আপনি জগতের হিতার্থ প্রয়োজন মত বিচিত্র দেহ কখন ধারণ করেন এবং পুনরায় তাহা পরিত্যাগ করেন বটে, কিন্তু সচ্চিদানন্দ নিত্যমুক্ত ভাবের ব্যাঘাত কখন আপনাতে ঘটে না; সর্ব্বভাবে এবং সর্ব্বরূপে আপনিই সর্বত্র পরিকীর্ত্তিত হইতেছেন। কিন্তু সর্বব্যাপক আপনার বিভূতিস্বরূপ মায়ার ভাব কে অবধারণ করিতে পারে?২০

ব্যাসনন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্। ভক্ত-বৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ পিতা বসুদেবের তাদৃশ বিচার-সঙ্গত বাক্য শ্রবণ করিয়া, বিশেষ বিনয় ও নম্রতা সহকারে এবং মধুর বচনে তাঁহাকে সম্বোধন পূর্বক সহাস্য বদনে বলিতে লাগিলেন—।২১

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে পিতঃ। যে সকল বচনপ্রয়োগে আমাদের ন্যায় পুত্রকে লক্ষ্য করিয়া আপনি তত্ত্বসমূহ প্রকাশ করিলেন, সেই সকল আপনার কথা অতি যুক্তযুক্ত বলিয়াই আমি মনে করি।২২

হে যদুশ্রেষ্ঠ। কেবল আমাদের প্রতি এইরূপ দৃষ্টি করিতে হইবে এমত নহে; আমি, আপনারা, এই অগ্রজ বলরাম, এই দ্বারকাবাসী জনগণ, অধিক কি! স্থাবর এবং জঙ্গমাত্মক সমস্ত পদার্থই পরমাত্মা হইতে সমুৎপন্ন এবং ইহাদের অন্তরে পরমাত্মা বিরাজ করিতেছেন, তাহা বিচারপূর্ব্বক নির্ণয় করা আপনার কর্ত্তব্য।২৩

যেমন ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ এবং ব্যোম এই ভূতপঞ্চক তদোৎপন্ন ঘটাদি যাবতীয় পদার্থের অন্তরে কখন আবির্ভূত এবং কখন তিরোহিত বলিয়া প্রতীত হয়, সেইপ্রকার এক পরমাত্মাও আত্মসৃষ্ট গুণগ্রামের পরিণামে সৃষ্ট মহত্তত্ত্বাদি উপাদানে নির্ম্মিত দেব, মনুষ্য এবং তির্য্যগাদি দেহের অন্তরে স্বয়ংজ্যোতিঃস্বরূপ নিত্য নিরপেক্ষ এবং অদ্বিতীয় হইয়াও বহু প্রকারে প্রতীত হইতেছেন।

শ্রীশুক উবাচ।

এবং ভগবতা রাজন্ বসুদেব উদাহৃতঃ।
শ্রুত্বা বিনষ্টনানাধীস্তূষ্ণীং প্রীতমনা অভূৎ ॥২৬
অথ তত্র কুরুশ্রেষ্ঠ দেবকী সর্ব্বদেবতা।
শ্রুত্বানীতং গুরোঃ পুত্রমাত্মজাভ্যাং সুবিস্মিতা ॥২৭
কৃষ্ণ-রামৌ সমাশ্রাব্য পুত্রান্ কংসবিহিংসিতান্।
স্মরন্তী কৃপণং প্রাহ বৈক্লব্যাদশ্রুলোচনা ॥২৮

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্। এবং ভগবতা উদাহৃতং নিরূপিতম্, আত্মৈকত্বং শ্রুত্বা বিনষ্টা নানাধীঃ যস্য সঃ বসুদেবঃ প্রীতমনাঃ তূষ্ণীম্ অভূৎ ॥২৬

অথ অনন্তরং হে কুরুশ্রেষ্ঠ! সর্ব্বদেবতাত্মকভগবদাধারত্বাৎ সর্ব্বদেবতা দেবকী আত্মজাভ্যাং রাম-কৃষ্ণাভ্যাং গুরোঃ পুত্রম্ আনীতং শ্রুত্বা সুবিস্মিতা সতী ॥২৭

কংসবিহিংসিতান্ পুত্রান্ স্মরন্তী অতঃ বৈক্লব্যাৎ শোকাৎ অশ্রুলোচনা সা কৃষ্ণ-রামৌ সমাশ্রাব্য সম্বোধ্য, কৃপণং দৈন্যং যথাস্যাৎ তথা প্রাহ ॥২৮

দেবকী উবাচ। হে রাম! হে রাম। হে অপ্রমেয়াত্মন্

মনুষ্যদেহে আবির্ভূতের ন্যায়, বৃক্ষদেহে তিরোহিতের ন্যায়, মশকাদিতে অল্পভাবে এবং হস্তীর দেহে মহৎ স্বরূপে এক তিনিই বিরাজ করিতেছেন।২৪-২৫

হে রাজন্। ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উক্ত আত্মার অদ্বিতীয়ভাবের বিষয় শ্রবণ করিয়া, বসুদেবের নানাত্ববুদ্ধি দূর হইল। তিনি অতি প্রসন্নচিত্তে তূষ্ণীম্ভাব ধারণ করিলেন।২৬

হে কুরুশ্রেষ্ঠ! সর্ব্বদেবময় বিষ্ণুকে উদরে ধারণ করিয়াছিলেন; সুতরাং সর্ব্বদেবময়ী সেই দেবকী আর নিস্তব্ধ থাকিতে পারিলেন না। রাম-কৃষ্ণ সান্দীপনি গুরুর নিকট পাঠ সমাপনান্তে গুরুদক্ষিণা দিতে প্রস্তুত হইলে, গুরুপত্নী তাঁহার মৃত পুত্রকে দক্ষিণারূপে প্রাপ্ত হইবার জন্য প্রার্থনা করেন; রাম-কৃষ্ণও সেই মৃত পুত্রই গুরুপত্নীকে প্রদান করিয়াছিলেন শুনিয়া দেবকী বিস্মিতা হইলেন।২৭

দেবক্যুবাচ।

রাম রামাপ্রমেয়াত্মন্ কৃষ্ণ যোগেশ্বরেশ্বর।
বেদাহং বাং বিশ্বসৃজামীশ্বরাবাদিপূরুষৌ ॥২৯
কালবিধ্বস্তসত্ত্বানাং রাজ্ঞামুচ্ছাস্ত্রবর্ত্তিনাম্।
ভূমের্ভারায়মাণানামবতীর্ণৌ কিলাদ্য মে ॥৩০
যস্যাংশাংশাংশভাগেন বিশ্বোৎপত্তিলয়োদয়াঃ।
ভবন্তি কিল বিশ্বাত্মংস্তং ত্বাদ্যাহং গতিং গতা ॥৩১

অচিন্ত্যরূপ, যোগেশ্বরাণাম্ ঈশ্বর কৃষ্ণ! বাং যুবাং বিশ্বসৃজাং ব্রহ্মাদীনাম্ ঈশ্বরৌ আদিপূরুষৌ জগৎ-কারণ-হেতু-ভূতৌ ইতি অহং বেদ বেদ্মি ॥২৯

উচ্ছাস্ত্রবর্ত্তিনাং শাস্ত্রমর্য্যাদাতিলঙ্ঘিনাম্, অতএব ভূমেঃ ভারায়মাণানাম্ অতঃ কালবিধ্বস্তসত্ত্বানাং (কাল-বিধ্বস্ত-সত্ত্বং ধৈর্য্যবিবেকাদিকং যেষাং তেষাং) রাজ্ঞাং ক্ষয়ায় মে ময়ি কিল অদ্য অবতীর্ণৌ ॥৩০

যস্য অংশঃ পুরুষঃ, তস্য অংশঃ প্রকৃতিঃ, তস্যাঃ অংশাঃ গুণাঃ, তেষাং বিভাগেন বিশ্বোৎপত্তিলয়োদয়াঃ ভবন্তি। হে বিশ্বাত্মন্! তং ত্বাম্ অহং অদ্য গতিং শরণং গতা অস্মি ॥৩১

এক্ষণে নির্দ্দয় কংস তাঁহার যে ছয়টি পুত্রকে বিনষ্ট করিয়াছিল; তাহাদের বিষয় স্মরণ করিয়া, দেবকী নিতান্ত কাতরা হইলেন এবং অশ্রুপূর্ণ-লোচনে রাম-কৃষ্ণকে সম্বোধন করত স্বকীয় হৃদয়ব্যথা জানাইয়া বলিলেন—।২৮

দেবকীদেবী বলিলেন,—হে রাম! হে অপ্রমেয়াত্মন্ রাম! হে যোগেশ্বর শ্রীকৃষ্ণ! তোমরা যে বিশ্বস্রষ্টা ব্রহ্মাদিরও ঈশ্বর অনাদি পরম পুরুষ, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি।২৯

অহো! কুটিল কালগতিতে বিনষ্টসত্ত্ব যে সমস্ত রাজন্যবর্গ বেদাদি শাস্ত্রবিহিত সনাতন ধর্ম্মমার্গকে অতিক্রম করত যথেচ্ছাচরণে ধরণীর পক্ষে ভারস্বরূপ হইয়াছে, কেবল তাহাদের ক্ষয়ের জন্যই তোমরা আমার গর্ভে জন্ম পরিগ্রহ করত অবতীর্ণ হইয়াছ।৩০

চিরান্মৃতসুতাদানে গুরুণা কিল চোদিতৌ।
আনিন্যথুঃ পিতৃস্থানাদ্ গুরবে গুরুদক্ষিণাম্ ॥৩২

তথা মে কুরুতং কামং যুবাং যোগেশ্বরেশ্বরৌ।
ভোজরাজহতান্ পুত্রান্ কাময়ে দ্রষ্টুমাহৃতান্ ॥৩৩

ঋষিরুবাচ।
এবং সঞ্চোদিতৌ মাত্রা রামঃ কৃষ্ণশ্চ ভারত।
সুতলং সংবিবিশতুর্যোগমায়ামুপাশ্রিতৌ ॥৩৪

চিরাৎ বহুকালং যাবৎ মৃতস্য সুতস্য আদানে আনীয় দানে নিমিত্তে, গুরুণা সান্দীপনিনা চোদিতৌ যুবাং পিতৃস্থানাৎ যমসদনাৎ আনিন্যথুঃ। আনীয় চ তং গুরবে দক্ষিণাং কিল দত্তবন্তৌ ॥৩২

যথা গুরোঃ কামং কৃতবন্তৌ, তথা মে মমাপি কামং যোগেশ্বরেশ্বরৌ যুবাং কুরুত। ভোজরাজঃ কংসঃ তেন হতান্ পুত্রান্ যুবাভ্যাম্ আহৃতান্ আনীতান্ দ্রষ্টুম্ অহং কাময়ে ॥৩৩

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। হে ভারত! মাত্রা এবং সঞ্চোদিতৌ রামকৃষ্ণৌ যোগমায়াম্ উপাশ্রিতৌ সন্তৌ সুতলং সংবিবিশতুঃ ॥৩৪

যাঁহার অংশস্বরূপ পুরুষের অংশ-স্থানীয়া প্রকৃতির অংশরূপ গুণত্রয়ের বিষম বিভাগের দ্বারা এই বিশ্বসংসারের উৎপত্তি, স্থিতি এবং প্রলয়াদি সকল কার্য্যই সাধিত হইতেছে, হে বিশ্বাত্মন্! আমি তাদৃশ তোমার শরণ লইলাম।৩১

বহুকাল পূর্ব্বে মৃত পুত্রকে আনয়নার্থ ভবদীয় গুরু সান্দীপনি অনুরোধ করিলে, তোমরা পিতৃস্থান যম-সদনে গমন করত মৃত গুরুপুত্রকে আনয়ন করিয়া দক্ষিণা-স্বরূপ গুরুকে প্রদান করিয়াছিলে।৩২

হে যোগেশ্বরেশ্বর! পূর্ব্বে যেমন গুরুদেবের মনস্কামনা পূরণ করিয়াছিলে, অদ্য আমার মনোভীষ্টও সেইরূপ এক্ষণে পূরণ কর। ভোজরাজ কংস আমার ছয়টী পুত্রের প্রাণ বিনষ্ট করিয়াছে। তাহাদিগকে দেখিবার নিমিত্ত আমার প্রাণ অত্যন্ত ব্যাকুল হইতেছে। হে জগজ্জীবন! মৃত পুত্রগণকে জীবিত করিয়া আমাকে দাও। এই আমার সকাতরে প্রার্থনা।৩৩

শ্রীশুকদেব বলিলেন,—হে ভরতবংশাবতংস পরীক্ষিৎ! জননীর প্রার্থনায় রাম-কৃষ্ণ স্বকীয় অচিন্ত্যশক্তি যোগমায়াকে তৎক্ষণাৎ স্মরণ করত, তৎপ্রভাবে সুতলে প্রবেশ করিলেন।৩৪

তস্মিন্ প্রবিষ্টাবুপলভ্য দৈত্যরাড়্-
বিশ্বাত্মদৈবং সুতরাং তথাত্মনঃ।
তদ্দর্শনাহ্লাদপরিপ্লুতাশয়ঃ
সদ্যঃ সমুত্থায় ননাম সান্বয়ঃ ॥৩৫

তয়োঃ সমানীয় বরাসনং মুদা
নিবিষ্টয়োস্তত্র মহাত্মনোস্তয়োঃ।
দধার পাদাববনিজ্য তজ্জলং
সবৃন্দ আব্রহ্ম পুনদ্ যদম্বু হ ॥৩৬

তস্মিন্ সুতলে প্রবিষ্টৌ বিশ্বেষাম্ আত্মনাং দৈবতং দৈবতভূতৌ তথা আত্মনঃ স্বস্য চ দৈবতভূতৌ রাম-কৃষ্ণৌ উপলভ্য দৃষ্ট্বা তয়োঃ দর্শনেন যঃ আহ্লাদঃ তেন পরিপ্লুতঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ দৈত্যরাট্ বলিঃ সান্বয়ঃ সপরিবারঃ সদ্যঃ তদৈব সমুত্থায় ননাম ॥৩৫

তয়োঃ মহাত্মনোঃ রাম-কৃষ্ণয়োঃ বরাসনং শ্রেষ্ঠম্ আসনম্ আনীয় সমর্প্য তত্র আসনে নিবিষ্টয়োঃ তয়োঃ পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য, তৎ জলং সবৃন্দঃ সপরিবারঃ, মুদা যুক্তঃ বলিঃ শিরসা দধার; যৎ অম্বু আব্রহ্ম ব্রহ্মাণম্ অভিব্যাপ্য সর্ব্বং জগৎ পুনৎ পবিত্রয়ৎ বর্ত্ততে হ ॥৩৬

তথায় দৈত্যেশ্বর বলিরাজ বিশ্বসংসারের পরমদৈবত স্বকীয় অভীষ্টদেব রাম-কৃষ্ণকে অকস্মাৎ উপনীত অবলোকন করিয়া অপার আনন্দ-সাগরে নিমগ্ন হইলেন। তিনি পুত্রকলত্রাদিসহ তৎক্ষণাৎ আসন হইতে গাত্রোত্থান করত ভক্তিভরে তাঁহাদিগকে প্রণাম করিলেন।৩৫

সমর্হয়ামাস স তৌ বিভূতিভি-
মর্হার্হবস্ত্রাভরণানুলেপনৈঃ।
তাম্বূলদীপামৃতভক্ষণাদিভিঃ
স্বগোত্র-বিত্তাত্মসমর্পণেন চ ॥৩৭

স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং
বিভ্রন্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।

মহার্হৈঃ শ্রেষ্ঠৈঃ বস্ত্রাভরণানুলেপনৈঃ বিভূতিভিঃ তাম্বূলাদিভিঃ স্রক্‌পদীপামৃততুল্যভক্ষণাদিভিঃ স্বগোত্রবিত্তাত্মসমর্পণেন সঃ বলিঃ তৌ সমর্হয়ামাস। অনুলেপনং চন্দনং। স্বগোত্রং পুত্রপৌত্রকলত্রাদি, বিত্তং ধনম্, আত্মা দেহঃ ॥৩৭

ততশ্চ সঃ ইন্দ্রসেনঃ বলিঃ, প্রেমবিভিন্নয়া ধিয়া ভগবৎপদাম্বুজং মুহুঃ বিভ্রৎ ধারয়ন্, আনন্দজলাকুলেক্ষণঃ (আনন্দজৈঃ জলৈঃ অশ্রুভিঃ আকুলে ব্যাপ্তে ঈক্ষণে অক্ষিণী যস্য সঃ) প্রহৃষ্টানি উদঞ্চিতানি রোমাণি যস্য তথাবিধঃ সঃ হে নৃপ। গদ্গদাক্ষরঃ সন্ উবাচ ॥৩৮

উপবেশনার্থ উৎকৃষ্ট আসন তাঁহাদিগকে প্রদান করিলেন; পরে সেই মহাত্মাদ্বয় আসনে উপবেশন করিলে, বলিরাজ প্রীতপ্রসন্ন-চিত্তে তাঁহাদের চরণ ধৌত করত সপরিবারে সেই জল মস্তকে ধারণ করিলেন। অহো! যে চরণ-বারির স্পর্শে ব্রহ্মলোকাদি চতুর্দ্দশ ভুবন পবিত্র হয়, বলিরাজের পক্ষে সে জল মস্তকে ধারণ করায় আর বিশেষ বিচিত্র কি।৩৬

তদনন্তর তিনি অত্যুৎকৃষ্ট বসন, ভূষণ, চন্দনাদি অনুলেপন, পুষ্পমাল্য, ধূপ, দীপ, অমৃততুল্য সুমধুর ভোজন সামগ্রী এবং তাম্বূলাদি মহাবিভূতি প্রদানে ভগবানের অর্চ্চনা করিলেন; পরে তিনি স্বীয় পুত্র-পৌত্রাদি বংশধর ও কলত্র, সমস্ত ধন এবং স্বীয় দেহ পর্য্যন্ত ভগবানে সমর্পণ পূর্ব্বক আপনাকে কৃতার্থ-জ্ঞান করিলেন।৩৭

হে নরনাথ! ইন্দ্রসেন বলি প্রেমে পুলকিত হইয়া, ভগবৎ-পদারবিন্দ বারংবার মস্তকে ধারণ

উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ
প্রহৃষ্টরোমা নৃপ গদ্গদাক্ষরম্ ॥৩৮

বলিরুবাচ।

নমোঽনন্তায় বৃহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
সাঙ্খ্যযোগবিতানায় ব্রহ্মণে পরমাত্মনে ॥৩৯
দর্শনং বাং হি ভূতানাং দুষ্প্রাপঞ্চাপ্যদুর্লভম্।
রজস্তমঃস্বভাবানাং যন্নঃ প্রাপ্তৌ যদৃচ্ছয়া ॥৪০

বলিঃ উবাচ। অনন্তায় শেষায়, বৃহতে ফণৈকদেশেন বিশ্বধারকায়, বেধসে জগদ্বিধাত্রে, সাংখ্যযোগবিতানায় (সাংখ্যং জ্ঞানশাস্ত্রং, যোগঃ কর্ম্মযোগঃ, ভক্তিযোগঃ অষ্টাঙ্গযোগঃ তয়োঃ বিতানায় প্রবর্ত্তকায়) ব্রহ্মণে বেদান্ত-প্রতিপাদ্যায়, পরমাত্মনে স্মৃতিপ্রতিপাদ্যায়, কৃষ্ণায় নমঃ নমঃ ॥৩৯

যৎ বাং যুবাং নঃ অস্মাকং রজস্তমঃস্বভাবানাম্ অপি যদৃচ্ছয়া প্রযত্নং বিনৈব দর্শনং প্রাপ্তৌ গতৌ, তয়োঃ বাং যুবয়োঃ দর্শনং হি ভূতানাং (স্বপ্রযত্নেন) দুষ্প্রাপম্ অপি দুর্ল্লভং চ ॥৪০

করত আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন; পুলকে তাঁহার দেহ রোমাঞ্চিত হইয়া উঠিল; তিনি গদ্গদাক্ষরে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন।৩৮

বলিরাজ বলিলেন,—হে অনন্তদেব শ্রীকৃষ্ণ! আপনাকে প্রণাম করি। আপনি পরম মহান্! অনন্তদেব ভবদীয় ফণৈকদেশে এই বিশ্বব্রহ্মাণ্ড অবস্থিত রহিয়াছে; আপনিই এই সংসারের সকল ব্যবস্থা করিতেছেন। সাংখ্যনামক জ্ঞানযোগ এবং ভক্তি ও ধ্যানযোগের ব্যবস্থা করত বেদান্তের প্রতিপাদ্য পরম ব্রহ্মভাবে এবং স্মৃতি-প্রতিপাদ্য পরমাত্ম-মূর্ত্তিতে আপনিই বিরাজ করিতেছেন।৩৯

আপনাদের সাক্ষাৎকার লাভ জীবের পক্ষে একান্ত অসম্ভব। কিন্তু কি আশ্চর্য্য! সম্পূর্ণ রজঃ ও তমঃ-স্বভাববিশিষ্ট হইয়াও আমি বিনা চেষ্টায়, না জানি, কি সৌভাগ্যবলে! অদ্য আপনাদের সন্দর্শন লাভ করিলাম।৪০

দৈত্য-দানব-গন্ধর্ব্বাঃ সিদ্ধ-বিদ্যাধ্র-চারণাঃ।
যক্ষ-রক্ষঃ-পিশাচাশ্চ ভূত-প্রমথ-নায়কাঃ ॥৪১

বিশুদ্ধসত্ত্বধাম্ন্যদ্ধা ত্বয়ি শাস্ত্রশরীরিণি।
নিত্যং নিবদ্ধবৈরাস্তে বয়ঞ্চান্যে চ তাদৃশাঃ ॥৪২

কেচনোদ্‌বদ্ধবৈরেণ ভক্ত্যা কেচন কামতঃ।
ন তথা সত্ত্বসংরব্ধাঃ সন্নিকৃষ্টাঃ সুরাদয়ঃ ॥৪৩

ইদমিত্থমিতি প্রায়স্তব যোগেশ্বরেশ্বর।
ন বিদন্ত্যপি যোগেশা যোগমায়াং কুতো বয়ম্ ॥৪৪

দৈত্যদানবগন্ধর্ব্বাদয়ঃ যে বয়ং তে বিশুদ্ধসত্ত্বধাম্নি শাস্ত্রশরীরিণি ত্বয়ি নিত্যং বিশুদ্ধং বৈরং যৈঃ তে তথা অন্যে চ তাদৃশাঃ রাজসাঃ কামতঃ ত্বয়ি নিবদ্ধমনসঃ, তত্র কেচন উদ্বদ্ধবৈরেণ, কেবলং ভক্ত্যা, কেচন কামতঃ যথা ত্বাং সন্নিকৃষ্টাঃ সন্নিকর্ষং প্রাপ্তাঃ তথা তৎসংরব্ধাঃ সত্ত্বগুণবন্তঃ সুরাদয়ঃ ত্বাং ন সন্নিকৃষ্টাঃ ন ত্বদাত্মজং প্রাপ্তাঃ। ইতি ত্রয়াণাম্ অন্বয়ঃ ॥৪১-৪৩

হে যোগেশ্বরেশ্বর। যোগেশাঃ অপি ইদম্ ইতি স্বরূপতঃ, ইত্থম্ ইতি প্রকারতঃ চ এব যোগমায়াং ন বিন্দন্তি, তদা বয়ং দৈত্যাঃ কুতঃ বিদ্মঃ ॥৪৪

নিরপেক্ষৈঃ আপ্তকামৈঃ অপি বিমৃগ্যং যৎ যুষ্মৎ পাদারবিন্দং তদেব ধিষণম্ আশ্রয়ঃ তস্মাৎ অন্যৎ যৎ তদেব অন্ধকূপঃ তস্মাৎ নিষ্ক্রম্য নির্গত্য, বিশ্বস্য শরণং রক্ষিতারঃ বৃক্ষাঃ তেষাং অঙ্ঘ্রিষু (স্বতঃ এব গলিতৈঃ ফলাদিভিঃ) উপলব্ধা প্রাপ্তা বৃত্তিঃ জীবিকা যেন সঃ অহং শান্তঃ সন্ একঃ এব যথা চরামি উত অথবা সর্ব্বেষাং সখায়ঃ যে (তদ্ভক্তাঃ) তৈঃ সহ যথা চরামি তৎ তথা নঃ অস্মান্ প্রসীদ অনুগৃহাণ ॥৪৫

হে প্রভো। ঈশিতব্যানাং নিয়ম্যানাম্ অস্মাকম্ ঈশ। নিয়ন্তঃ! অস্মান্ শাধি কৈঙ্কর্য্যম্ আদিশ! নঃ অস্মান্ নিষ্পাপান্ কুরু। ত্বদাদিষ্টং শ্রদ্ধয়া অনুতিষ্ঠন্ পুমান্ চোদনায়াঃ বিধিনিষেধলক্ষণায়াঃ বিমুচ্যতে বিমুক্তপুণ্যপাপাদিবন্ধনঃ সন্ জীবন্মুক্তঃ ভবতি ॥৪৬

দৈত্য, দানব, গন্ধর্ব্ব, সিদ্ধ, বিদ্যাধর ও চারণগণ এবং যক্ষ, রক্ষ, পিশাচগণ, ভূত, প্রমথ, নায়কগণ এবং আমাদের ন্যায় তাদৃশ দুষ্ট স্বভাব-সম্পন্ন অন্যান্য লোকসমূহও বিশুদ্ধ সত্ত্বগুণের আশ্রয়ভূত শাস্ত্রপ্রতিপাদ্য পরমাত্ম-স্বরূপ পরম পুরুষ আপনার প্রতি নিরন্তর বৈরতাচরণের ভক্তিতে বা প্রার্থনার ভক্তিতে যেরূপ আপনার পরম পদ প্রাপ্ত হইয়াছে, সেরূপ বিশুদ্ধ ভক্তির প্রকাশে সত্ত্বগুণময় দেবতাগণও তাদৃশ পদ প্রাপ্ত হন না।৪১-৪৩

হে যোগেশ্বরেশ্বর! যোগেশ্বরগণও তোমার যোগমায়া যে কি প্রকার ও কি ভাবে কি হয়? তাহার নিরূপণ করিতে যখন পারেন না, তখন আমার ন্যায় দৈত্যবংশধর কি প্রকারে তাহা অবধারণ করিবে ?৪৪

তন্নঃ প্রসীদ নিরপেক্ষবিমৃগ্যযুষ্মৎ-
পাদারবিন্দধিষণান্যগৃহান্ধকূপাৎ।
নিষ্ক্রম্য বিশ্বশরণাঙ্‌ঘ্র্যুপলব্ধবৃত্তিঃ
শান্তো যথৈক উত সর্ব্বসখৈশ্চরামি ॥৪৫

শাধ্যস্মানীশিতব্যেশ নিষ্পাপান্ কুরু নঃ প্রভো।
পুমান্ যচ্ছ্রদ্ধয়াতিষ্ঠংশ্চোদনায়া বিমুচ্যতে ॥৪৬

শ্রীভগবানুবাচ।
আসন্ মরীচেঃ ষট্ পুত্রা ঊর্ণায়াং প্রথমেঽন্তরে।
দেবাঃ কং জহসুর্বীক্ষ্য সুতাং যভিতুমুদ্যতম্ ॥৪৭

শ্রীভগবান্ উবাচ। প্রথমে অন্তরে স্বায়ম্ভুবে মন্বন্তরে মরীচেঃ প্রজাপতেঃ ঊর্ণায়াং ভার্য্যায়াং ষট্ পুত্রাঃ দেবাঃ আসন্। তে চ সুতাং স্বরস্বতীং যভিতুং মৈথুনেন রমিতুম্ উদ্যতং কং ব্রহ্মাণং বীক্ষ্য জহসুঃ ॥৪৭

হে প্রভো! আপনি আমার প্রতি প্রসন্ন হউন্! অহো! নিষ্কিঞ্চন সাধু ব্যক্তিগণের একমাত্র আশ্রয়-স্থল ভবদীয় চরণারবিন্দে চিত্ত সমর্পণ পূর্ব্বক আমি যেন এই ঘোর অন্ধকূপ-সদৃশ ভীষণ গৃহাশ্রম হইতে অবসর লইয়া, বিশ্বসংসারের জীবিকাপ্রদ বৃক্ষমূলে বসতি করত, তদ্‌গলিত ফলেই জীবিকা নির্ব্বাহ করিতে পারি এবং জনসংসর্গ পরিত্যাগ পূর্ব্বক একাকী শান্তভাবে জীব-মাত্রেরই হিতকারী সর্ব্বসখা

তেনাসুরীমগন্ যোনিমধুনাবদ্যকর্ম্মণা।
হিরণ্যকশিপোর্জাতা নীতাস্তে যোগমায়য়া ॥৪৮
দেবক্যা উদরে জাতা রাজন্ কংসবিহিংসিতাঃ।
সা তান্ শোচত্যাত্মজান্
স্বাংস্ত ইমেঽধ্যাসতেঽন্তিকে ॥৪৯
ইত এতান্ প্রণেষ্যামো মাতৃশোকাপনুত্তয়ে।
ততঃ শাপাদ্ বিনির্ম্মুক্তা লোকং যাস্যন্তি বিজ্বরাঃ॥৫০

তেন পরিহাসাত্মকেন অবদ্যকর্ম্মণা দুষ্টকর্ম্মণা তে আসুরীং যোনিম্ অগমন্ প্রাপুঃ। অতঃ অধুনা তৎক্ষণমেব হিরণ্যকশিপোঃ জাতাঃ তে যোগমায়া নীতাঃ দেবক্যাঃ উদরে জাতাঃ। তথা কংসেন বিহিংসিতাঃ। স চ দেবকী তান্ আত্মজান্ মত্বা শোচতি। তে চ অধুনা তব অন্তিকে অধ্যাসতে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৪৮-৪৯

মাতুঃ শোকস্য অপনুত্তয়ে নিরাসার্থম্ ইতঃ স্থানাৎ এতান্ অহং প্রণেষ্যামঃ। ততঃ শাপবিনির্ম্মুক্তাঃ বিজ্বরাঃ নির্দুঃখাঃ সন্তঃ তে লোকং দেবলোকং যাস্যন্তি ॥৫০

ভগবদ্ভক্তগণের সহিত নির্জ্জনে বিচরণ করিতে পারি, তাদৃশ অনুগ্রহ আমার প্রতি প্রকাশ করুন্।৪৫

হে সর্ব্বেশ্বর! আমাদিগকে সদুপদেশ প্রদানে নিষ্পাপ করুন্। হে প্রভো! যাঁহারা প্রকৃত শ্রদ্ধা-সহকারে ভবদীয় অনুশাসনের প্রতিপালন করেন, তাঁহাদিগকে বিধি-নিষেধসূচক কর্ম্মের অধীনে আর কখন থাকিতে হয় না। তাঁহাদিগকে জীবন্মুক্ত বলিয়াই স্বীকার করিতে হইবে।৪৬

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—ঊর্ণানাম্নী পত্নীর গর্ভে প্রজাপতি মরীচির ছয়টি দেবতা পুত্র জন্মে। কোন সময়ে প্রজাপতি ব্রহ্মা স্বকীয় কন্যা সরস্বতীকে রমণ করিতে উদ্যত হইয়াছিলেন দেখিয়া, এই মরীচির পুত্রগণ তাঁহাকে উপহাস করেন।৪৭

তাদৃশ উপহাসরূপ দুর্ব্বিনীত কর্ম্মের দোষে, পুত্রগণ আসুরী যোনি লাভে হিরণ্যকশিপুর ঔরসে জন্ম পরিগ্রহ করিলেন। কিন্তু দৈব-চক্রে তাঁহারা মহামায়ার প্রভাবে তথা হইতে আকৃষ্ট হইয়া,

স্মরোদ্গীথঃ পরিষ্বঙ্গঃ পতঙ্গঃ ক্ষুদ্রভৃদ্ ঘৃণী।
ষড়িমে মৎপ্রসাদেন পুনর্যাস্যন্তি সদ্গতিম্ ॥৫১

ইত্যুক্ত্বা তান্ সমাদায় ইন্দ্রসেনেন পূজিতৌ।
পুনর্দ্বারবতীমেত্য মাতুঃ পুত্রানযচ্ছতাম্ ॥৫২

তান্ দৃষ্ট্বা বালকান্ দেবী পুত্রস্নেহস্নুতস্তনী।
পরিষ্বজ্যাঙ্কমারোপ্য মূর্দ্ধ্ন্যজিঘ্রদভীক্ষ্ণশঃ ॥৫৩

স্মরঃ, উদ্গীথঃ, পরিষ্বঙ্গঃ, পতঙ্গঃ, ক্ষুদ্রভৃৎ, ঘৃণিঃ, ইতি ইমে ষট্ পুত্রাঃ মৎপ্রসাদেন পুনঃ সদ্গতিং যাস্যন্তি ॥৫১

ইতি উক্ত্বা তান্ সমাদায় ইন্দ্রসেনেন বলিনা পূজিতৌ রাম-কৃষ্ণৌ পুনঃ দ্বারবতীম্ এত্য মাতুঃ মাত্রে পুত্রান্ অযচ্ছতাম্ অর্পয়ামাসতুঃ ॥৫২

তান্ বালকান্ দৃষ্ট্বা পুত্রাণাং স্নেহেন স্নুতৌ প্রস্রুতবন্তৌ স্তনৌ যস্যাঃ সা দেবী দেবকী তান্ পরিষ্বজ্য অঙ্কম্ আরোপ্য অভীক্ষ্ণশঃ মূর্দ্ধ্নি অজীঘ্রৎ ॥৫৩

দেবকীর গর্ভে পরিচালিত হন এবং পরে কংস কর্ত্তৃক নিহত হন। সম্প্রতি দেবী দেবকী সেই পুত্রগণকে নিজের গর্ভজাত সন্তান বিবেচনায় শোক করিতেছেন। হে বলিরাজ! উক্ত পুত্রগণ সম্প্রতি আপনার এই সুতলেই অবস্থান করিতেছেন।৪৮-৪৯

এক্ষণে জননী দেবকীর শোকাপনোদনার্থ আমি তাঁহাদিগকে এখান হইতে লইয়া যাইব। তদনন্তর তাঁহারা শাপ-নির্ম্মুক্ত হইয়া, দুঃখের হস্ত হইতে অব্যাহতি লাভে দেবলোকে গমন করিবেন।৫০

স্মর, উদ্গীথ, পরিষ্বঙ্গ, পতঙ্গ, ক্ষুদ্রভৃৎ এবং ঘৃণি নামক উক্ত ছয়টী মরীচিনন্দন কেবল আমার অনুগ্রহেই সদ্গতি লাভ করিবেন।৫১

ভগবান্ এইরূপ বলিলে, বলিরাজ রাম-কৃষ্ণকে তথাস্তু বলিয়া বিশেষ আদর প্রকাশে তদ্বাক্য স্বীকার করিলেন এবং রামকৃষ্ণও উক্ত পুত্র ছয়টীকে লইয়া, পুনরায় দ্বারাবতীতে উপস্থিত হইয়া, জননীকে মৃত

অপায়য়ৎ স্তনং প্রীতা সুতস্পর্শপরিপ্লুতম্ ।
মোহিতা মায়য়া বিষ্ণোর্যয়া সৃষ্টিঃ প্রবর্ত্ততে ॥৫৪

পীত্বামৃতং পয়স্তস্যাঃ পীতশেষং গদাভৃতঃ ।
নারায়ণাঙ্গসংস্পর্শপ্রতিলব্ধাত্মদর্শনাঃ ॥৫৫

তে নমস্কৃত্য গোবিন্দং দেবকীং পিতরং বলম্ ।
মিষতাং সর্ব্বভূতানাং যযুর্ধাম দিবৌকসাম্ ॥৫৬

যয়া সৃষ্টিঃ প্রবর্ত্ততে, তয়া বিষ্ণোঃ মায়য়া মোহিতা দেবকী প্রীতা সতী সুতস্পর্শ-পরিপ্লুতং (সুতস্য স্পর্শেন পরিপ্লুতং ক্ষরদ্দুগ্ধং) স্তনম্ অপায়য়ৎ ॥৫৪

গদাভৃতঃ ভগবতঃ পীতশেষং তস্যাঃ দেবক্যাঃ অমৃতম্ অমৃতময়ং পয়ঃ পীত্বা তথা নারায়ণাঙ্গ-সংস্পর্শ-প্রতিলব্ধাত্ম-দর্শনাঃ (নারায়ণস্য শ্রীকৃষ্ণস্য অঙ্গস্পর্শাৎ প্রতিলব্ধম্ আত্মদর্শনং স্বজ্ঞানং যৈঃ তে) ॥৫৫

গোবিন্দং, দেবকীং, পিতরং বসুদেবং, বলং সঙ্কর্ষণং চ নমস্কৃত্য মিষতাং পশ্যতাং সর্ব্বভূতানাং সতাং বিহায়সা দিবৌকসাং ধাম যযুঃ ॥৫৬

পুত্র সমর্পণ করিলেন ।৫২

বালকগণকে দেখিবা মাত্র দেবকীর আনন্দের আর সীমা রহিল না ; পুত্রস্নেহে তাঁহার পয়োধর হইতে দুগ্ধ স্বতই নির্গত হইতে লাগিল ; তিনি পুত্রগণকে অঙ্কে লইয়া বারংবার তাঁহাদের মস্তক আঘ্রাণ ও মুখচুম্বন করিতে লাগিলেন ।৫৩

অহো ! বালকগণের সংস্পর্শে স্বতই ক্ষরিতস্তনী দেবকী তাঁহাদিগকে প্রচুর পরিমাণে স্তন্য পান করাইলেন । ভগবান্ বিষ্ণুর জগৎ-প্রসবিনী মায়ায় দেবী দেবকী সম্পূর্ণ বিমোহিত হইয়াছিলেন ।৫৪

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণের পীতাবশিষ্ট অমৃতোপম দেবকীর স্তন্য পান করিয়া এবং সাক্ষাৎ নারায়ণের অঙ্গ স্পর্শ করিয়া, উক্ত পুত্র ছয়টির পাপ তাপ সমস্ত দূরে গেল ; তাঁহারা আত্মজ্ঞান লাভ করিলেন ।৫৫

তং দৃষ্ট্বা দেবকী দেবী মৃতাগমননির্গমম্ ।
মেনে সুবিস্মিতা মায়াং কৃষ্ণস্য রচিতাং নৃপ ॥৫৭

এবং বিধান্যদ্ভুতানি কৃষ্ণস্য পরমাত্মনঃ ।
বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য সন্ত্যনন্তানি ভারত ॥৫৮

সূত উবাচ ।

য ইদমনুশৃণোতি শ্রাবয়েদ্ বা মুরারে-
শ্চরিতমমৃতমৃতকীর্ত্তের্বর্ণিতং ব্যাসপুত্রৈঃ ।

তং মৃতানাং পুত্রাণাম্ আগমন-পূর্ব্বকং নির্গমং দৃষ্ট্বা দেবী দেবকী হে নৃপ ! কৃষ্ণস্য রচিতাং (সুবিস্মিতাং) মায়াম্ এব সর্ব্বং মেনে ॥৫৭

হে ভারত ! অনন্তবীর্য্যস্য পরমাত্মনঃ কৃষ্ণস্য এবংবিধানি অনন্তানি বীর্য্যাণি পরাক্রমাঃ সন্তি ॥৫৮

অমৃতকীর্ত্তেঃ (অমৃতং জন্ম-মরণাদি-ভয়-নিবর্ত্তকা শ্রবণানন্দজনকা চ কীর্ত্তিঃ যশঃ যস্য তস্য) মুরারেঃ ইদং ব্যাসপুত্রৈঃ বর্ণিতং জগদঘভিৎ (জগতঃ শ্রবণকীর্ত্তনপরস্য জনস্য অঘং পাপং ভিনত্তি যং তৎ) তথা অলং নিঃশেষং যথা ভবতি তথা তদ্ভক্তসৎকর্ণপূরং (তদ্ভক্তানাং সতাং তু কর্ণপূরং

তৎপরে সেই মরীচিনন্দনগণ ভগবান্ গোবিন্দ, দেবকী দেবী, পিতা বসুদেব এবং বলদেবকে প্রণাম করত, অন্যান্য সকলের সমক্ষে আকাশ-পথে আরোহণ করত আপনাদের নির্দ্দিষ্ট দেবলোকে প্রস্থান করিলেন ।৫৬

তখন দেবকী মৃত পুত্রগণের তাদৃশ পুনরাগমন এবং প্রস্থানের ব্যাপার অবলোকন করিয়া, একান্ত বিস্মিতা হইলেন এবং হে রাজেন্দ্র ! এই সমস্ত এক শ্রীকৃষ্ণেরই অপূর্ব্ব মায়ার রচনা বলিয়া তিনি অবধারণ করিলেন ।৫৭

হে ভরতবংশাবতংশ ! অনন্তবীর্য্য পরমপুরুষ পরমাত্মা শ্রীকৃষ্ণের এই প্রকার অদ্ভুত অনন্ত-বীর্য্য-প্রকাশক কার্য্যের যথেষ্ট পরিচয় আছে ।৫৮

অহো ! যাঁহার পীযূষোপম শ্রবণানন্দজনক কথা

জগদঘভিদলং তদ্ভক্তসৎকর্ণপূরং
ভগবতি কৃতচিত্তো যাতি তৎক্ষেমধাম ॥৫৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫

কর্ণয়োঃ পরমানন্দজনকং) চরিতং যঃ অনুশৃণোতি শ্রাবয়েৎ বা, সঃ ভগবতি কৃতচিত্তঃ (কৃতং স্থিরীকৃতং চিত্তং যেন তথাভূতঃ সন্) তস্য ক্ষেমং ধাম কালাদি-ভয়রহিতং লোকং যাতি ॥৫৯

॥ ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রবণ করিলে, জীবের জন্ম-মরণাদি-জনিত ভবভয়ের নিবারণ হয়, সেই ভগবান্ মুরারির এই পবিত্র সর্ব্বপাপ-প্রণাশন ভক্তজন-শ্রবণানন্দদায়ক সাক্ষাৎ ব্যাস-নন্দনাদির মুখারবিন্দ-বিনির্গত এই লীলা-কথা শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান্, তিনি ভগবানে স্থিরচিত্ত হইয়া কালভয়শূন্য তদীয় মঙ্গলময় ধামে গমন করেন, ।৫৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চাশীতিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়শীতিতমঃ অধ্যায়ঃ।

[সুভদ্রাহরণম্, শ্রীকৃষ্ণস্য মিথিলাগমনম্, তত্র বহুলাশ্ব-সহদেবয়োঃ সদ্মনি প্রবেশশ্চ।]

রাজোবাচ।

ব্রহ্মন্ বেদিতুমিচ্ছামঃ স্বসারং রাম-কৃষ্ণয়োঃ।
যথোপযেমে বিজয়ো যা মমাসীৎ পিতামহী ॥১

অন্বয়ঃ

রাজা পরিক্ষীৎ উবাচ। হে ব্রহ্মন্! যা মম পিতামহী আসীৎ, তাং রাম-কৃষ্ণয়োঃ স্বসারং ভগিনীং সুভদ্রাং বিজয়ঃ অর্জ্জুনঃ যথা যেন প্রকারেণ উপযেমে, তং বিবাহপ্রকারং বেদিতুং বয়ম্ ইচ্ছামঃ ॥১

শ্রীশুক উবাচ।

অর্জ্জুনস্তীর্থযাত্রায়াং পর্য্যটন্নবনীং প্রভুঃ।
গতঃ প্রভাসমশৃণোন্মাতুলেয়ীং স আত্মনঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। প্রভুঃ অর্জ্জুনঃ তীর্থযাত্রায়াম্ অবনীং পৃথ্বীং পর্য্যটন্ প্রভাসং নাম তীর্থং গতঃ। তত্র সঃ আত্মনঃ মাতুলেয়ীং মাতুলকন্যাং সুভদ্রাম্ (তৎসম্বন্ধিনীং কথাং) অশৃণোৎ ॥২

ষড়শীতিতম অধ্যায়।

[সুভদ্রাহরণ, শ্রীকৃষ্ণের মিথিলাযাত্রা এবং
সেখানে বহুলাশ্ব ও সহদেবের
গৃহে প্রবেশ।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্! যিনি আমার পিতামহী ছিলেন, সেই রাম-কৃষ্ণের ভগিনী সুভদ্রাকে বীরকেশরী অর্জ্জুন যে প্রকারে বিবাহ করিয়াছিলেন, সেই বৃত্তান্ত শ্রবণে আমার একান্ত কৌতূহল জন্মিতেছে; আপনি অনুগ্রহ পূর্ব্বক তাহা বর্ণন করুন্।১

এতৎশ্রবণে শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! অসীমপরাক্রম বীরকেশরী অর্জ্জুন তীর্থযাত্রার প্রসঙ্গে সমগ্রা ধরণী পর্য্যটন করত, সর্ব্বশেষে প্রভাস-তীর্থে উপনীত হইলেন এবং তথায় স্বকীয় মাতুল-কন্যা সুভদ্রার সম্বন্ধে জল্পনা তাঁহার কর্ণগোচর হইল।২

দুর্য্যোধনায় রামস্তাং দাস্যতীতি ন চাপরে।
তল্লিপ্সুঃ স যতির্ভূত্বা ত্রিদণ্ডী দ্বারকামগাৎ ॥৩
তত্র বৈ বার্ষিকান্ মাসানবাৎসীৎ স্বার্থসাধকঃ।
পৌরৈঃ সভাজিতোঽভীক্ষ্ণং রামেণাজানতা চ সঃ ॥৪
একদা গৃহমানীয় আতিথ্যেন নিমন্ত্র্য তম্।
শ্রদ্ধয়োপহৃতং ভৈক্ষ্যং বলেন বুভুজে কিল ॥৫

যথা রামঃ তাং দুর্য্যোধনায় দাস্যতি, অপরে বসুদেবাদয়ঃ তথা দাতুম্ ইচ্ছন্তি ইতি শ্রুত্বা তল্লিপ্সুঃ তাং সুভদ্রাং জিহীর্ষুঃ, অর্জ্জুনঃ ত্রিদণ্ডী যতিঃ ভূত্বা দ্বারকাম্ অগাৎ ॥৩

তত্র দ্বারকায়াং পৌরৈঃ তথা অজানতা রামেণ চ অভীক্ষ্ণং সৎকৃতঃ সম্মানিতঃ, স্বার্থসাধকঃ (স্বার্থং কন্যাং যথা সাধয়তি তথাভূতঃ) সঃ অর্জ্জুনঃ বার্ষিকান্ আষাঢ়াদ্যাশ্বিন-পর্য্যন্তান্ চতুরঃ মাসান্ অবাৎসীৎ ॥৪

একদা তম্ আতিথ্যেন নিমন্ত্র্য গৃহম্ আনীয়, বলেন বলরামেণ শ্রদ্ধয়া উপহৃতং প্রদত্তম্ অন্নং ভৈক্ষ্যং কিল অর্জ্জুনঃ বুভুজে ॥৫

সঃ অর্জ্জুনঃ তত্র গৃহে মহতী কন্যা বয়োধিকাং ধীরাণাং কামাদিজয়-সমর্থানাং বীরাণাং বা মনোহরাং কন্যাম্ অপশ্যৎ।

তিনি শুনিলেন যে, ভগবান্ বলরাম স্বীয় ভগ্নী সুভদ্রাকে দুর্য্যোধনের করে সমর্পণ করিতে বাসনা যদিও করিতেছেন, কিন্তু তাহাতে তাঁহার জনক জননী দেবকী বসুদেব বা শ্রীকৃষ্ণের সম্মতি নাই। তখন অর্জ্জুন স্বয়ং সেই কন্যাকে সংগ্রহ করিবার অভিপ্রায়ে, ত্রিদণ্ডীর বেশ ধারণে ও যতিরূপ গ্রহণে দ্বারকায় প্রবেশ করিলেন।৩

তথায় নিজের স্বার্থ-সাধনের অভিসন্ধিতে আষাঢ়াদি আশ্বিন পর্য্যন্ত মাস-চতুষ্টয় অবস্থান করিলেন। তাঁহার বেশ দর্শনে বলরাম বা পুরবাসী জনগণ কেহ তাঁহাকে অর্জ্জুন বলিয়া চিনিতে না পারায়, যতিবোধে সকলেই বিশেষ যত্ন ও সম্মান করিতে লাগিলেন।৪

এমন কি! এক দিবস বলরাম তাঁহাকে গৃহে নিমন্ত্রণ করত, বিবিধ প্রকারে তাঁহার আতিথ্য-সৎকার করিলেন। বলরাম স্বয়ং বিশেষ শ্রদ্ধাদি সহকারে ভোজন সামগ্রী পরিবেশন পূর্ব্বক অর্জ্জুনকে ভোজন করাইলেন।৫

সোঽপশ্যৎ তত্র মহতীং কন্যাং বীরমনোহরাম্।
প্রীত্যুৎফুল্লেক্ষণস্তস্যাং ভাবক্ষুব্ধং মনো দধে ॥৬
সাপি তং চকমে বীক্ষ্য নারীণাং হৃদয়ঙ্গমম্।
হসন্তী ব্রীড়িতাপাঙ্গী তন্ন্যস্তহৃদয়েক্ষণা ॥৭
তাং পরং সমনুধ্যায়ন্নন্তরং প্রেপ্সুরর্জ্জুনঃ।
ন লেভে শং ভ্রমচ্চিত্তঃ কামেনাতিবলীয়সা ॥৮

তথা প্রীত্যুৎফুল্লেক্ষণঃ (প্রীত্যা উৎফুল্লে বিকসিতে ঈক্ষণে যস্য সঃ) তস্যাং কন্যায়াং ভাবক্ষুব্ধং (ভাবেন রত্যভিপ্রায়েণ ক্ষুব্ধং ক্ষুভিতং) মনঃ দধে ॥৬

ব্রীড়িতৌ ব্রীড়াপ্রযুক্তৌ অপাঙ্গৌ নেত্রান্তৌ যস্যাঃ সা তস্মিন্ এব ন্যস্তহৃদয়েক্ষণা (ন্যস্তং হৃদয়ম্ ঈক্ষণে চ যস্যাঃ সা) সা হসন্তী সুভদ্রা নারীণাং হৃদয়ঙ্গমং মনোহরং বীক্ষ্য তম্ অর্জ্জুনং চকমে পতিত্বেন কামিতবতী ॥৭

পরং কেবলং তাং কন্যাম্ এব ধ্যায়ন্ অন্তরম্ হর্ত্তুম্ অবসরং প্রেপ্সুঃ প্রাপ্তুম্ ইচ্ছুঃ, অতি বলীয়সা কামেন ভ্রমচ্চিত্তং যস্য সঃ অর্জ্জুনঃ শং (বলরামাদিকৃত-সম্মাননাদি-জনিতং সুখং) ন লেভে ॥৮

সেই সময়ে তিনি সেই উদাসীন ধীর এবং বীরগণেরও মনোহারিণী প্রাপ্তবয়স্কা যুবতী সুভদ্রাকে অবলোকন করিয়া নিতান্তই প্রীত হইলেন এবং কন্যার রূপে তাঁহার চিত্ত একান্তই আসক্ত হইল।৬

এদিকে ললনাগণের হৃদয়গ্রাহী অপূর্ব্বমূর্ত্তি অর্জ্জুনকে অবলোকন করিয়া সুভদ্রাও মনে মনে তাঁহাকে পতিরূপে প্রার্থনা করত চিত্ত সমর্পণ পূর্ব্বক লজ্জাবনত মুখে হাস্য করিলেন।৭

সুভদ্রাকে সংগ্রহ করিবার নিমিত্ত অবসরের অন্বেষণে অর্জ্জুনের আকাঙ্ক্ষা অতীব বলবতী হইয়া উঠিল; ক্রমশঃ তাঁহার চিত্ত এতই চঞ্চল হইল যে, দ্বারকাবাসীর তাদৃশ যত্নে বা সম্মানেও তাঁহার

মহত্যাং দেবযাত্রায়াং রথস্থাং দুর্গনির্গতাম্।
জহারানুমতঃ পিত্রোঃ কৃষ্ণস্য চ মহারথঃ ॥৯

রথস্থো ধনুরাদায় শূরাংশ্চারুন্ধতো ভটান্।
বিদ্রাব্য ক্রোশতাং স্বানাং স্বভাগং মৃগরাড়িব ॥১০

তচ্ছ্রুত্বা ক্ষুভিতো রামঃ পর্ব্বণীব মহার্ণবঃ।
গৃহীতপাদঃ কৃষ্ণেন সুহৃদ্ভিশ্চানুশাম্যত ॥১১

পিত্রোঃ দেবকীবসুদেবাভ্যাং কৃষ্ণস্য কৃষ্ণেন চ অনুমতঃ মহারথঃ অর্জ্জুনঃ মহত্যাং দেব-যাত্রায়াং দুর্গনির্গতাং (দুর্গাৎ প্রাকারাৎ বহিঃ নির্গতাং) রথস্থাং কন্যাং সুভদ্রাং জহার ॥৯

মৃগরাট্ সিংহঃ যথা স্বভাগং হরতি, তথা রথস্থঃ অর্জ্জুনঃ ধনুঃ আদায় আসর্ক্তঃ রুন্ধতঃ শূরান্ ভটান্ বিদ্রাব্য পলায়িতান্ কৃত্বা, ক্রোশতাং স্বানাং যদুনাং সমক্ষে কন্যাং জহার ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥১০

তৎ হরণং শ্রুত্বা রামঃ পর্ব্বণি অমাবস্যাদৌ মহার্ণবঃ ইব ক্ষুভিতঃ ক্রুদ্ধঃ বভূব। ততঃ কৃষ্ণেন সুহৃদ্ভিঃ চ গৃহীতপাদঃ (গৃহীতৌ পাদৌ যস্য সঃ) অনু অশাম্যত শান্তঃ জাতঃ ॥১১

ততঃ মুদা যুক্তঃ বলঃ পারিবর্হাণি প্রীত্যা দেয়ানি, তথা

প্রাহিণোৎ পারিবর্হাণি বর-বধ্বোর্মুদা বলঃ।
মহাধনোপস্করেভ-রথাশ্ব-নর-যোষিতঃ ॥১২

শ্রীশুক উবাচ।

কৃষ্ণস্যাসীদ্দ্বিজশ্রেষ্ঠ শ্রুতদেব ইতি শ্রুতঃ।
কৃষ্ণৈকভক্ত্যা পূর্ণার্থঃ শান্তঃ কবিরলম্পটঃ ॥১৩

স উবাস বিদেহেষু মিথিলায়াং গৃহাশ্রমী।
অনীহয়াগতাহার্য্য-নির্ব্বর্ত্তিতনিজক্রিয়ঃ ॥১৪

মহধনাঃ অনর্ঘ্যাঃ উপস্করাঃ যেষাং তান্ ইভান্ গজান্, রথান্ অশ্বান্ নরান্ যোষিতঃ দাসীঃ চ বরবধ্বোঃ প্রাহিণোৎ ॥১২

শ্রীশুকঃ উবাচ। শ্রুতদেবঃ ইতি শ্রুতঃ নাম্না প্রসিদ্ধঃ কশ্চিৎ কৃষ্ণে যা একা অনন্যা ভক্তিঃ তয়া পূর্ণার্থঃ পূর্ণ-মনোরথঃ, অতঃ শান্তঃ রাগলোভাদিরহিতঃ, অলম্পটঃ বিষয়াসক্তিশূন্যঃ, কবিঃ বিবেকী, দ্বিজশ্রেষ্ঠঃ কৃষ্ণস্য ভক্তঃ আসীৎ ॥১৩

সঃ চ গৃহাশ্রমী, অতঃ অনীহয়া অনুদ্যমেন এব আগতং যৎ আহার্য্যং ভোজ্যং তেনৈব নির্ব্বর্ত্তিতাঃ নিজাঃ ক্রিয়াঃ যেন তথাবিধঃ সঃ দ্বিজঃ বিদেহেষু বিদেহবংশাবাসদেশেষু মিথিলায়াম্ উবাস ॥১৪

হৃদয়ে কিছুমাত্র শান্তি বা সুখের উদ্রেক ছিল না; সুভদ্রালাভের আশায় তিনি দিন-যামিনী অজ্ঞাতসারেই অতিবাহিত করিতে লাগিলেন।৮

এদিকে বসুদেব, দেবকী এবং শ্রীকৃষ্ণ তাদৃশ যতিবেশধারী অর্জ্জুনকে পরিজ্ঞাত হইয়া, বলরামের অজ্ঞাতসারে তাঁহারই করে সুভদ্রাকে সমর্পণ করিতে স্বীকার করিলেন। ইতিমধ্যে এক দিবস দেবদর্শনের মহোৎসব রথযাত্রা উপলক্ষে সুভদ্রা রথারোহণ পূর্ব্বক যখন দুর্গপ্রাকারের বাহিরে দেবদর্শনার্থ যাত্রা করিয়াছিলেন, মহারথ অর্জ্জুন তাঁহাকে সেই সময়ে হরণ করিলেন।৯

প্রবল-পরাক্রম সৈন্যগণ চতুর্দ্দিক বেষ্টন পূর্ব্বক সুভদ্রাকে রক্ষা করিলেও, মহারথ অর্জ্জুন গাণ্ডিব হস্তে রথারোহণ পূর্ব্বক তাহাদিগের সকলকে নিরস্ত করিলেন এবং কেশরী যেমন মৃগকুলের মধ্য হইতে স্বীয় ভাগ গ্রহণে অবলীলাক্রমে প্রস্থান করে, বীর-কেশরী মহারথ অর্জ্জুনও সেই প্রকারে ক্রুদ্ধ আত্মীয়বর্গের মধ্য হইতে সুভদ্রাকে হরণ করত প্রস্থানে প্রস্তুত হইলেন।১০

অর্জ্জুনের তাদৃশ আচরণ শ্রবণ করিয়া, বিপুল-বিক্রম বলরাম অমাবস্যাদি পর্ব্বোপলক্ষে উদ্বেলিত মহাসমুদ্রের ন্যায় ক্রোধে বিহ্বল হইয়া উঠিলেন; কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ অন্যান্য সুহৃদ্‌গণে মিলিত হইয়া, বলরামের সমীপে গমন করত, তাঁহার চরণ ধারণে তাঁহাকে শান্ত করিলেন।১১

শ্রীকৃষ্ণের মধুর প্রবোধ-বাক্যে বলরামের ক্রোধ দূরে গেল; তিনি তখন প্রসন্ন হইয়া উপঢৌকন-স্বরূপ বর-বধূর অভ্যুদয়ার্থ স্বর্ণালঙ্কারে বিভূষিত

যাত্রামাত্রং ত্বহরহর্দ্দৈবাদুপনমত্যুত।
নাধিকং তাবতা তুষ্টঃ ক্রিয়াশ্চক্রে যথোচিতাঃ ॥১৫
তথা তদ্‌রাষ্ট্রপালোঽঙ্গ বহুলাশ্ব ইতি শ্রুতঃ।
মৈথিলো নিরহম্মান উভাবপ্যচ্যুতপ্রিয়ৌ ॥১৬
তয়োঃ প্রসন্নো ভগবান্ দারুকেণাহৃতং রথম্।
আরুহ্য সাকং মুনিভির্বিদেহান্ প্রযযৌ প্রভুঃ ॥১৭

যাত্রামাত্রং শরীরাদি-নির্ব্বাহ-মাত্রং তু ভোজ্যং দৈবাৎ প্রারব্ধাৎ অহরহঃ প্রত্যহম্ উপনমতি তং প্রতি আগচ্ছতি, উত অধিকং তু প্রযত্নেনাপি ন আগচ্ছতি। সঃ চ তাবতা অপ্রযত্নপ্রাপ্তেন এব তুষ্টঃ সন্ যথোচিতাঃ ক্রিয়াঃ চক্রে ॥১৫

হে অঙ্গ! তদ্‌রাষ্ট্রপালঃ তদ্দেশাধিপতিঃ বহুলাশ্বঃ শ্রুতঃ নাম্না প্রসিদ্ধঃ, মৈথিলঃ জনকস্য বংশ্যঃ, নিরহংমানঃ আসীৎ। উভৌ তৌ শ্রুতদেব-বহুলাশ্বৌ অপি অচ্যুতস্য প্রিয়ৌ ॥১৬

নারদো বামদেবোঽত্রিঃ কৃষ্ণো রামোঽসিতোঽরুণিঃ।
অহং বৃহস্পতিঃ কণ্বো মৈত্রেয়শ্চ্যবনাদয়ঃ ॥১৮
তত্র তত্র তমায়ান্তং পৌরা জানপদা নৃপ।
উপতস্থুঃ সার্ঘ্যহস্তা গ্রহৈঃ সূর্য্যমিবোদিতম্ ॥১৯
আনর্ত্ত-ধন্ব-কুরু-জাঙ্গল-কঙ্ক-মৎস্য-
পাঞ্চাল-কুন্তি-মধু-কেকয়-কোশলার্ণাঃ।

তয়োঃ প্রসন্নঃ সন্ প্রভুঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ দারুকেণ সারথিনা আহৃতম্ আনীতং রথম্ আরুহ্য মুনিভিঃ সাকং বিদেহান্ প্রযযৌ ॥১৭

তান্ মুনীন্ আহ নারদ ইতি। কৃষ্ণঃ দ্বৈপায়নঃ, রামঃ ভার্গবঃ, অহং শুকঃ ইতি। পৌরাঃ পুরবাসিনঃ, জানপদাঃ দেশবাসিনঃ, সার্ঘ্যহস্তাঃ (সার্ঘ্যাঃ হস্তাঃ যেষাং) তথাবিধাঃ সন্তঃ তত্র তত্র মার্গে গ্রহৈঃ গুরু-শুক্রাদিভিঃ, সহ উদিতং সূর্য্যম্ ইব আয়ান্তং তং ভগবন্তম্ উপতস্থুঃ পূজিতবন্তঃ ॥১৮-১৯

হস্তী, অশ্ব, রথ, দাস দাসী প্রভৃতি এবং মহামূল্য ধন ও রত্নসমূহ প্রদান করিতেন।১২

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! শ্রুতদেব নামে একজন সুবিখ্যাত ব্রাহ্মণ শ্রীকৃষ্ণের পরম ভক্ত ছিলেন। কেবল শ্রীকৃষ্ণে নৈষ্ঠিকী ভক্তি করিবার গুণে তাঁহার হৃদয়ে কোন অভাবই উপলব্ধ হইত না; তিনি পরম বিবেকী; সুতরাং বিষয়াসক্তিকে সম্পূর্ণ বিসর্জ্জন করত, অতি শান্তভাবেই কালাতিপাত করিতেন।১৩

তিনি মিথিলাপুরীর মধ্যে বিদেহ-বংশীয়গণের পল্লীতে গৃহাশ্রয়ীরূপে বসতি করিতেন এবং বিনা চেষ্টায় সমাহৃত জীবিকা-লাভেই পরম সন্তোষ অনুভব করিতেন ও তদ্দ্বারাই ভগবানের আরাধনা ও পরিচর্য্যাদি কার্য্যে নিয়ত নিযুক্ত থাকিতেন।১৪

এদিকে দৈববলে প্রত্যহই নিজের ও পরিবার-বর্গের দেহযাত্রা সুশৃঙ্খলা পূর্ব্বক নির্ব্বাহ হইতে পারে, এইরূপ জীবিকা তাঁহার সংগৃহীত হইত; অধিক আর কিছুতেই হইত না। কিন্তু তিনি তাহাতেই পরিতুষ্ট থাকিয়া, তদ্দ্বারাই যথোচিত ভগবদারাধনাদি কার্য্য সম্পাদনে অতি শান্তির সহিত কালাতিপাত করিতেন।১৫

পুষ্পমধু এক মধুচক্রে এবং বিচিত্র ষড়্রস এক মধুস্বরূপে যেমন বিলীন হয়, সেইপ্রকার এই নাম এবং রূপাত্মক বিচিত্র জগৎ সমগ্র চরাচর সহ একা আপনার পরমস্বরূপেই বিলীন হইয়া থাকে।৩১

ভবদীয় দুরন্ত মায়ার প্রভাবেই জীবসন্নিধানে এই দুরতিক্রমণীয় ভ্রমের উদয় হওয়ায়, দেহ গেহাদিতে জীবের অচ্ছেদ্য অভিমান জন্মে ; ইহা বিশেষরূপে নিরূপণ করত, বিবেকী পণ্ডিতগণ শ্রবণ কীর্ত্তনাদির সাহায্যে অনুক্ষণ আপনাতেই মন প্রাণ সমর্পণ পূর্ব্বক নিশ্চিন্তভাবে অবস্থান করিতেছেন। আপনি ভবের অতীত; সুতরাং আপনাতে সমর্পিত-চিত্ত তাদৃশ বিবেকিগণের

ব্যসনশতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং
বণিজ ইবাজ সন্ত্যকৃতকর্ণধরা জলধৌ ॥৩৩
স্বজনসুতাত্মদারধনধামধরাসুরথৈ-
স্ত্বয়ি সতি কিং নৃণাং শ্রয়ত আত্মনি সর্ব্বরসে।
ইতি সদজানতাং মিথুনতো রতয়ে চরতাং
সুখয়তি কো ন্বিহ স্ববিহতে স্বনিরস্তভগে ॥৩৪

(উপায়েষু খিদ্যন্তে ক্লিশ্যন্তি ইতি) ব্যসনশতান্বিতাঃ বহুদুঃখাকুলাঃ চ সন্তঃ অকৃতকর্ণধরাঃ অস্বীকৃতনাবিকাঃ বণিজঃ যথা জলধৌ সমুদ্রে নিমগ্নাঃ ভবন্তি তথা তে ইহ সংসার-সমুদ্রে সন্তি সংসার-দুঃখে নিমগ্নাঃ ভবন্তি ॥৩৩

সর্ব্বরসে (সর্ব্বে রসাঃ আনন্দাঃ যত্র তস্মিন্) আত্মনি পরমাত্মনি ত্বয়ি শ্রয়তঃ ত্বাং সেবমানস্য পুংসঃ স্বজনাদিভিঃ কিং (স্বজনাঃ সুতাঃ আত্মা দেহঃ, ধাম গৃহং, দারাঃ কামিন্যঃ, ধনানি স্বর্ণরত্নাদিসম্পদঃ, ধরা পৃথ্বী, অসবঃ শরীরবলানি, রথঃ হস্ত্যশ্বাদয়ঃ চ এতৈঃ) কিং কঃ উপায়ঃ উপযোগঃ ; ইতি এবং সৎ পরমার্থসত্যং সুখরূপং, ত্বাম্ অজানতাম্ অতএব মিথুনতঃ স্ত্রিয়া মিথুনীভূয়, রতয়ে রতিসুখায়, চরতাং (গৃহেষু বর্ত্তমানানাং) নৃণাং নূনং ইতি ইহ সংসারে স্ব-বিহতঃ স্বতঃ এব নশ্বরঃ, স্বনিরস্তভগঃ (স্বত এব নিরস্তঃ জ্ঞানৈশ্বর্য্যাদিঃ ভগঃ যস্য সঃ) স্বজনাদ্যর্থঃ, কঃ নু সুখয়তি আনন্দয়তি ? ন কোঽপি ইত্যর্থঃ ॥৩৪

আর ভবভয়ের সম্ভাবনা থাকে না। কিন্তু হে জগদীশ! যাহারা এই ভীষণ সংসার-ক্ষেত্রে আপনার শরণ গ্রহণে পরাঙ্মুখ হয় ; শীত, গ্রীষ্ম ও বর্ষাসংজ্ঞক ত্রিবিধ অবচ্ছেদ বিশিষ্ট ভবদীয় ভ্রূভঙ্গিরূপ কাল সংবৎসরের পরিচয়ে তাহাদেরই সমীপে জন্মমরণরূপ তীব্র সংসারভয়ের বারংবার উৎপত্তি করিয়া থাকেন।৩২

হে অজ! জগদ্গুরু আপনার চরণারবিন্দের একান্ত শরণাগত না হইয়া, যাহারা কেবল প্রাণায়াম বলে ইন্দ্রিয়বর্গের সংযমন পূর্ব্বক দুর্দ্দম্য তুরগসদৃশ অতীব চঞ্চল এবং প্রমত্ত মনকে জয় করিতে অভিলাষ করেন, তাঁহারা সম্পূর্ণ ভ্রান্ত;

ভুবি পুরুপুণ্যতীর্থসদনান্যৃষয়ো বিমদা-
স্ত উত ভবৎপদাম্বুজহৃদোঽঘভিদঙ্ঘ্রিজলাঃ।
দধতি সকৃন্মনস্ত্বয়ি য আত্মনি নিত্যসুখে
ন পুনরুপাসতে পুরুষসারহরাবসথান্ ॥৩৫

বিমদাঃ বিগতগর্ব্বাঃ, উত ভবৎপদাম্বুজহৃদঃ (মনসি ত্বৎপদাম্বুজং দধানাঃ) অতএব অঘভিদঙ্ঘ্রিজলাঃ (অঘং ভিনত্তি ইতি অঘভিৎ অঙ্ঘ্রিজলং যেষাং তে) উত অপি যে ঋষয়ঃ তে ভুবি পুরুপুণ্যতীর্থসদনানি (পুরূণি বহূনি পুণ্যানি তীর্থানি সদনানি ক্ষেত্রানি চ তানি) এব উপাসতে সেবন্তে। নিত্যসুখে পরমাত্মনি ত্বয়ি যে জনাঃ সকৃৎ মনঃ দধতি, তে পুনঃ পুরুষসারহরাবসথান্ (পুরুষাণাং সারং বিবেকধৈর্য্যাদিকং হরন্তি তাদৃশাঃ যে অবসথাঃ গৃহাঃ তান্) ন উপাসতে সেবন্তে ॥৩৫

সত ইদমুত্থিত সদিতি চেন্ননু তর্কহতং
ব্যভিচরতি ক্ব চ ক্ব চ মৃষা ন তথোভয়যুক্।
ব্যবহৃতয়ে বিকল্প ইষিতোঽন্ধপরম্পরয়া
ভ্রময়তি ভারতী ত উরুবৃত্তিভিরুক্থজড়ান্ ॥৩৬

নন্বিদম্ আত্মনি প্রতীয়মানং স্বজনাদিবিষয়কং, তথা সুখদুঃখাদিকং চ সতঃ উত্থিতং (উৎপন্নত্বাৎ) সৎ ইতি চেৎ ন; যতঃ ইদম্ অনুমানং তর্কেণ বিচারেণ হতং বাধিতং প্রতীয়তে; (যতঃ উক্তঃ সদুৎপন্নত্বহেতুঃ) ব্যভিচরতি; যতঃ সদুৎপন্নোঽপি ক্ব চ ক্ব চ কচিৎ মৃষা মিথ্যা ভবতি; (যতঃ গুণোপাদানকস্য ফণিনঃ ন গুণত্বং ন চ তৎসত্যতয়া সত্বং ফণিত্বমিথ্যাত্বয়োঃ প্রসিদ্ধত্বাৎ তত্র ফণিনঃ উপাদানত্বে গুণাতিরিক্তম্ অবিদ্যা চেৎ কারণং তদা অবিদ্যাযুক্তঃ এব আত্মা অত্র উপাদানম্ ইত্যাশয়েনাহুঃ) অতঃ উভয়যুক্ (উভাভ্যাম্ উপাদান-নিমিত্ত-কারণাভ্যাং যতঃ যুনক্তি অতঃ) তথা ন সত্যং ভবতি। সংসারস্য অনাদিত্বেন বিচারং বিনৈব) অন্ধপরম্পরয়া অন্ধেন সহ অন্ধভ্রমণবৎ ব্যবহারায়, বিকল্পঃ দেহেন্দ্রিয়াদৌ অহং মমাভিমানলক্ষণঃ ভ্রমঃ ইষিতঃ দৃষ্টঃ। তে তব ভারতী বেদরূপা বাণী উরুবৃত্তিভিঃ (উরুভিঃ বহুভিঃ গৌণীমুখ্যলক্ষণাদিভিঃ বৃত্তিভিঃ উক্থজড়ান্ কর্ম্মশ্রদ্ধাভরাক্রান্তান্ মন্দমতান্ জনান্ ভ্রময়তি মোহয়তি ॥৩৬

কারণ প্রকৃত উপায়ের অনুসরণ করা তাঁহাদের ঘটিল না। কর্ণধার-শূন্য নৌকায় আরোহণ পূর্ব্বক উপার্জ্জনার্থ জলযাত্রায় প্রবৃত্ত বণিকের অদৃষ্টে যেমন সমুদ্রমগ্নরূপ দুর্দ্দশাই ঘটে, হে দয়াময়! ভবদীয় ভক্তিহীন জ্ঞানী বা যোগিগণও সেইরূপ অনন্ত দুঃখে প্রপীড়িত হইয়া, এই ভীষণ সংসার জলধিতেই নিপতিত হন ৩৩।

অহো! সর্ব্ববিধ আনন্দের একমাত্র আকর-স্থানীয় পরমাত্মস্বরূপ ভবদীয় চরণপদ্মে যিনি আশ্রয় গ্রহণ করিতে পারেন, তাঁহাকে ভোগে পরিতৃপ্ত হইবার প্রত্যাশায় স্বজন, সুত, কলত্র, দেহ, গেহ, ধন, রত্ন, ক্ষেত্র, বিত্ত, শারীরিক বল এবং হস্তী, অশ্ব বা রথাদি কোন প্রকার প্রাকৃতিক ভোগ্য বস্তুর আশ্রয় গ্রহণ করিতে হয় না। এক আপনার আশ্রয়েই তাঁহার সকল সাধ পূর্ণ হইয়া থাকে। যাহারা পরমার্থত সত্যস্বরূপ ভবদীয় সুখময় ভাবকে পরিজ্ঞাত না হইয়া, কামিনীর আপাতত কমনীয় মধুর রতিরসের অন্বেষণে বিচরণ করে, অথচ নিজেদের জ্ঞানৈশ্বর্য্যাদি বলের তিরস্কারে সংসারে একান্ত তুচ্ছ ও অকিঞ্চিৎকর হইয়া থাকে, তাদৃশ স্বয়ং অসিদ্ধ ব্যক্তিগণের পক্ষে অকিঞ্চিৎকর ভোগের দ্বারা কি ফল লাভ হইতে পারে? সাংসারিক ভোগে কখন সুখোৎপত্তি ঘটে না।৩৪

যাঁহারা সংসারের যাবতীয় গর্ব্বে জলাঞ্জলি দিয়া হৃদয়-মন্দিরে ভবদীয় চরণপদ্মের নিরন্তর চিন্তা করিয়া থাকেন, তাঁহাদের চরণ-ধৌত বারি স্পর্শ করিলেও সকল পাপ বিনষ্ট হয়। অহো! তাদৃশ ঋষিগণ ভোগসুখ পরিহার পূর্বক পবিত্র তীর্থ-সমূহ এবং পুণ্যপ্রদ ক্ষেত্রেই বিচরণ করিয়া থাকেন। যাঁহারা একবার নিত্য-সুখময় ভবদীয় পরমাত্মভাবে চিত্ত সমর্পণ করিয়াছেন, তাঁহারা আর পুনরায় বিবেক-ধৈর্য্যাদি পুরুষের সর্বসারহারী অন্ধকূপ সদৃশ সুখ-

ন যদিদমগ্র আস ন ভবিষ্যদতো নিধনা-
দনুমিতমন্তরা ত্বয়ি বিভাতি মৃষৈকরসে।
অত উপমীয়তে দ্রবিণজাতিবিকল্পপথৈ-
র্ব্বিতথমনোবিলাসমৃতমিত্যবযন্ত্যবুধাঃ ॥৩৭

যৎ যস্মাৎ ইদং মমাভিমানাদি, অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং ন আস ন আসীৎ, ন চ নিধনাৎ লয়াৎ অনন্তরং ভবিষ্যৎ ভবিষ্যতি অতঃ কারণাৎ অন্তরা মধ্যে ত্বয়ি ত্বদাত্মকে জীবাত্মনি মৃষা মিথ্যাভূতম্ এব বিভাতি ইতি অনুমিতং ভবতি। অতঃ দ্রবিণজাতি-বিকল্প-পথৈঃ (দ্রবিণজাতীনাং শুক্তিরজতাদীনাং যে বিকল্পাঃ ভ্রমাঃ তেষাং পথৈঃ মার্গৈঃ বিষয়ৈঃ উপমীয়তে সদৃশতয়া নিরূপ্যতে। তস্মাৎ মনোবিলাসং (মনসা ভ্রান্ত্যা কল্পিতং বিতথং মিথ্যাভূতম্ আত্মনি সুখদুঃখাদিকম্ ঋতং সত্যম্ ইতি যে অবযন্তি জানন্তি, তে অবুধাঃ অজ্ঞাঃ এব ॥৩৭

কলত্রাদি-বিশিষ্ট গৃহে আবদ্ধ হন না।৩৫

আত্মরূপে স্বপ্রতীয়মান ধনজনাদি স্বজনবর্গ এবং সুখদুঃখাদির ব্যাপারকে সদুৎপন্ন বলিয়া সৎস্বরূপে স্বীকার করা বিধেয় নহে। কারণ সৎস্বরূপ হইতে উৎপন্ন হইলেই যে সৎ হইবে, এ অনুমান তর্কে সুরক্ষিত হয় না। কারণ প্রাকৃতিক জগতে অনেক স্থানে তাহার বৈলক্ষ্য যথেষ্ট প্রতীত হইয়া থাকে। যথা প্রকৃত রজ্জুস্বরূপে প্রতীত সুতরাং উৎপন্ন বলিয়া স্বীকৃত সর্পভাব পরমার্থতঃ কখন সত্য হয় না। অতএব এস্থলে অর্থাৎ সর্পের উৎপত্তি সম্বন্ধে তাহার উপাদানভূত রজ্জু অপেক্ষা তদাতিরিক্ত যদি অবিদ্যা বা ভ্রমকে উৎপত্তির কারণরূপে স্বীকার করা হয়, তাহা হইলে অবিদ্যাযুক্ত আত্মাকে জগতের উপাদানরূপে স্বীকার করায় কোন ক্ষতি হয় না। সুতরাং উপাদান এবং নিমিত্ত এই উভয় কারণে জগৎ উৎপন্ন স্বীকার করা হয়, তাহাতেও ইহার সত্যত্বের স্থাপন হয় না। অনাদিকাল হইতে সংসারের ধারা প্রবাহিত থাকায়, অন্ধের আশ্রয়ে অপর অন্ধের গমনের ন্যায়, বিনা বিচারে দেহে-

স যদজয়া ত্বজামনুশয়ীত গুণাংশ্চ জুষন্
ভজতি সরূপতাং তদনু মৃত্যুমপেতভগঃ।
ত্বমুত জহাসি তামহিরিব ত্বচমাত্তভগো
মহসি মহীয়সেঽষ্টগুণিতেঽপরিমেয়ভগঃ ॥৩৮

সঃ জীবঃ যৎ যস্মাৎ অজয়া ত্বন্মায়য়া মোহিতঃ, অতএব তু অজাং প্রকৃতি-পরিণামাত্মিকাং, দেব-মনুষ্যাদি-মূর্ত্তিম্ অনুশয়ীত আলিঙ্গতি বিভর্ত্তি, ততঃ তৎস্বরূপতাং ভজতি (দেব-মনুষ্যাদ্যাত্মাভিমানং করোতি) তদনু গুণান্ শব্দাদীন্ বিষয়ান্ চ জুষন্ সেবমানঃ অপেতভগঃ তিরোহিতজ্ঞানৈশ্বর্য্যানন্দাদিগুণঃ সন্ মৃত্যুং সংসারং ভজতি প্রাপ্নোতি। আত্তভগঃ নিত্যম্ আপ্ত-জ্ঞানাদি গুণঃ, অষ্টগুণিতে অণিমাদ্যষ্ট-বিভূতি মতি মহসি পরমানন্দস্বরূপে যতঃ ত্বম্ অহিঃ ত্বচম্ ইব তাম্ অজাং মায়াং তু জহাসি। অতঃ ত্বমেব সর্ব্বেষাং সেব্যঃ ॥৩৮

ন্দ্রিয়াদিতে স্বয়ং ও মমতাদির লক্ষণরূপ ভ্রম পরিদৃষ্ট হইতেছে এবং ভবদীয় বেদরূপা বাণীও গৌণ এবং মুখ্যভাবে কর্ম্ম-পরতন্ত্র মন্দবুদ্ধি মানবগণকেই বিধি-নিষেধরূপ বিষম বন্ধনে আবদ্ধ করত সংসার-চক্রে ভ্রমণ করাইতেছেন।৩৬

হে ভগবন্! সৃষ্টির পূর্ব্বে এই প্রত্যক্ষতঃ প্রতীয়মান বিচিত্র সংসার যেমন ছিল না, ইহাতে আমিও আমার বলিয়া তাদৃশ কোনরূপ অভিমানাদিও ছিল না; এবং প্রবল প্রলয়ের পর ভবিষ্যতে যেমন কোন পদার্থ থাকিবে না, তাদৃশ কোন মমাদি অভিমানের বন্ধনও থাকিবে না অতএব মধ্যাবস্থায় ভবদীয় স্বপভূত জীবাত্ম-স্বরূপেই এই মিথ্যাভূত জগৎ সত্যবৎ অনুভূতি হইতেছে মাত্র। সুতরাং শুক্তিকাতে যেমন রজতের ভ্রম হয়, সেইরূপ ভবদীয় স্বরূপে দ্রবিণাদি বিষয়-সমূহেরও ভ্রম-প্রতীতি হইতেছে মাত্র। অতএব মনঃকল্পিত ভ্রান্তিপূর্ণ সুখদুঃখাদির ব্যাপারকে আত্মস্বরূপে যাহারা সত্য বলিয়া জ্ঞান করেন, তাঁহারা প্রকৃত অনভিজ্ঞ।৩৭

যদি ন সমুদ্ধরন্তি যতয়ো হৃদি কামজটা
দুরধিগমোঽসতাং হৃদি গতোঽস্মৃতকণ্ঠমণিঃ।
অসুতৃপযোগিনামুভয়তোঽপ্যসুখং ভগব-
ন্ননপগতান্তকাদনধিরূঢ়পদাদ্ভবতঃ ॥৩৯

হে ভগবন্! যতয়ঃ মন-ইন্দ্রিয়াদি-প্রণিধানশীলাঃ অপি যদি হৃদি স্থিতাঃ কামানাং জটাঃ বাসনাঃ ন সমুদ্ধরন্তি ন উৎপাটয়ন্তি, তর্হি তেষাম্ অসতাং কামবাসনাভিঃ দুষ্টান্তঃ-করণানাং প্রাণিনাং হৃদি গতঃ অপি ভবান্ অস্মৃতকণ্ঠমণিঃ ইব দুরধিগমঃ দুর্জ্ঞেয়ঃ এব। হে ভগবন্! অনধিরূঢ়পদাৎ (অনধিরূঢ়ম্ অপ্রাপ্তং পদং স্বরূপং স্থানং বা যস্ত তস্মাৎ) ভবতঃ তথা অনপগতান্তকাৎ অনিবৃত্তাৎ মৃত্যোঃ সকাশাৎ অসুতৃপযোগিনামিন্দ্রিয়তর্পণপরাণাং যোগচ্ছদ্মনাম্ উভয়তঃ অসুখম্ ইহামুত্র দুঃখং ভবতি ॥৩৯

জীব যখন ভবদীয় অজ্ঞানাম্নী মায়ায় মোহিত হয়, তখনই প্রকৃতির পরিণামভূত দেব-মনুষ্যাদি-মূর্ত্তিকে আলিঙ্গন করত তত্তদ্রূপেই আপনাকে চিন্তা করে এবং দেবমনুষ্যাদির ন্যায় আচরণ করে। সুতরাং তত্তৎ দেহোচিত শব্দাদিবিষয়ের সম্ভোগে জ্ঞানৈশ্বর্য্যাদি স্বকীয় বিভূতিতে বঞ্চিত হইয়া জন্ম-মৃত্যুরূপ সংসার-প্রবাহে নিপতিত হয়। হে ভগবন্! আপনি কিন্তু অণিমাদি অষ্ট বিভূতি-বিশিষ্ট স্বকীয় পরমানন্দস্বরূপে নিত্য সর্ব্বজ্ঞের ন্যায় বিরাজ করিতেছেন; ভবদীয় মহিমার পরিমাণ করা অসম্ভব। বিষধর সর্প যেমন ত্বক্ পরিত্যাগ পূর্ব্বক বিচরণ করে, সর্ব্বজ্ঞ আপনিও সেইরূপ মায়াকে পরিহার পূর্ব্বক পরমানন্দ-স্বরূপে নিত্য বিরাজ করিতেছেন।৩৮

হে ভগবন্! বাহেন্দ্রিয়াদির সংযমন পূর্ব্বক মননশীল যে সকল যতিগণ হৃদয়-কন্দর হইতে কাম-বাসনাকে সমূলে উৎপাটন করিতে সমর্থ হন না, তাঁহারা কপটী। কণ্ঠদেশস্থ মণির বিষয় বিস্মৃত মানব যেমন অন্যত্র তাহার অন্বেষণ করে, কাম-

ত্বদবগমী ন বেত্তি ভবদুত্থশুভাশুভয়ো-
র্গুণবিগুণান্বয়াংস্তর্হি দেহভৃতাঞ্চ গিরঃ।
অনুযুগমন্বহং সগুণগীতপরম্পরয়া
শ্রবণভৃতো যতস্ত্বমপবর্গগতির্মনুজৈঃ ॥৪০

(ত্বাম্ অবগচ্ছতি জানাতি ইতি) ত্বদবগমী, তর্হি তদ জ্ঞানদশায়াং ভবতঃ কর্ম্মফলদাতুঃ ঈশ্বরাদ্ধেতোঃ উত্থয়োঃ ফলজননায় সমুপস্থিতয়োঃ, শুভাশুভয়োঃ প্রাচীনপুণ্যপাপাত্মক-কর্ম্মণোঃ, গুণবিগুণান্বয়ান্ ফলভূত-সুখদুঃখসম্বন্ধান্ ন বেত্তি নানুসন্ধত্তে। তথা দেহভৃতাং দেহাভিমানিনাং গিরঃ নিন্দাস্তুতিবাক্যানি বা বিধিনিষেধলক্ষণাঃ ন বেত্তি। যতঃ অনুযুগং প্রতিযুগং যা সগুণস্ত তব গীতপরম্পরা উপদেশ-সন্ততিঃ, তয়া মনুজৈঃ অন্বহম্ অনুদিনং শ্রবণেন ভৃতঃ চেতসি ধৃতঃ, ত্বং তেষাম্ অপবর্গগতিঃ মোক্ষরূপা গতিঃ ভবসি ॥৪০

বাসনাদিতে অভিভূত-চিত্ত কলুষিতাত্মা তাদৃশ যতিগণও প্রাণিমাত্রেরই হৃদয়ে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত ভবদীয় স্বরূপকে অবধারণ করিতে পারেন না।৩৯

হে সর্ব্বেশ্বর! যিনি ভবদীয় পরমার্থ-স্বরূপের অবধারণ করিয়াছেন, তিনি জ্ঞানের প্রভাবে প্রারব্ধ-নিবন্ধন উপনীত সুখদুঃখাদি দৈব ফলে কখন অভিভূত হন না এবং দেহাভিমানী ব্যক্তি-গণের পক্ষে অবশ্য অনুসরণীয় বিধিনিষেধরূপা বেদ-বাণীর সম্বন্ধে কখন তাঁহাদিগকে ব্যাকুল হইতে হয় না, বা লোকনিন্দা ও প্রশংসার সম্পর্ক রাখিতে হয় না। কারণ প্রতিযুগে সগুণ মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া আপনি জীবোদ্ধারের অভিপ্রায়ে যে সকল উপদেশ-লহরী প্রদান করিয়াছেন, গুরু-পরম্পরায় সেই সমস্ত উপদেশ-বাক্য শ্রেষ্ঠ মানবগণের মুখে শ্রবণ পূর্ব্বক হৃদয়ে ধারণা করত, অপবর্গস্বরূপ ভবদীয় ভাবকে তিনি অবধারণ করিয়াছেন; আপনিই তাদৃশ ব্যক্তিগণকে মোক্ষ প্রদানে কৃতার্থ করিয়া থাকেন।৪০

দ্যুপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া
ত্বমপি যদন্তরাণ্ডনিচয়া ননু সাবরণাঃ।
খ ইব রজাংসি বান্তি বয়সা সহ যচ্ছ্রুতয়-
স্ত্বয়ি হি ফলন্ত্যতন্নিরসনেন ভবন্নিধনাঃ ॥৪১

শ্রীভগবানুবাচ।

ইত্যেতদ্ ব্রহ্মণঃ পুত্রা আশ্রুত্যাত্মানুশাসনম্।
সনন্দনমথানর্চ্চুঃ সিদ্ধা জ্ঞাত্বাত্মনো গতিম্ ॥৪২

ইত্যশেষসমাম্নায়পুরাণোপনিষদ্রসঃ।
সমুদ্ধৃতঃ পূর্ব্বজাতৈর্ব্যোমযানৈর্মহাত্মভিঃ ॥৪৩

ত্বঞ্চৈতদ্ ব্রহ্মদায়াদ শ্রদ্ধয়াত্মানুশাসনম্।
ধারয়ংশ্চর গাং কামং কামানাং ভর্জ্জনং নৃণাম্ ॥৪৪

শ্রীশুক উবাচ।

এবং স ঋষিণাদিষ্টং গৃহীত্বা শ্রদ্ধয়াত্মবান্।
পূর্ণঃ শ্রুতধরো রাজন্নাহ বীরব্রতো মুনিঃ ॥৪৫

দ্যুপতয়ঃ ব্রহ্মাদি-স্বর্গলোকপতয়ঃ তে তব গুণানাম্ অন্তং পারং নৈব যযুঃ নৈব প্রাপুঃ; যতঃ ত্বম্ অপি অনন্ততয়া অন্তাভাবেন আত্মমহিম্নঃ অন্তং ন যাসি। যস্য তব অন্তরা মধ্যে সাবরণাঃ (উত্তরোত্তরং দশগুণ-পৃথ্যাদি সপ্তাবরণযুক্তাঃ) অণ্ডনিচয়াঃ ব্রহ্মাণ্ডসমূহাঃ বয়সা কালেন খে আকাশে রজাংসি ইব বান্তি পরিভ্রমন্তি। অতএব হি শ্রুতয়ঃ ভবন্নিধনাঃ (ভবতি ত্বয়ি নিধনং সমাপ্তিঃ যাসাং তাঃ) তৎস্থূলত্বাদিনিরসনেন ত্বয়ি ফলন্তি তাৎপর্য্যবৃত্ত্যা পর্য্যবস্যন্তি ॥৪১

শ্রীভগবান্ নারায়ণঃ ঋষিঃ উবাচ। ব্রহ্মণঃ পুত্রাঃ সনকাদয়ঃ অনেন প্রকারেণ এতৎ আত্মানুশাসনম্ (আত্মা অনুশিষ্যতে শিক্ষ্যতে যেন তৎ) বেদস্তুত্যাত্মকয়া শ্রুত্যা আত্মনঃ গতিং তত্ত্বং জ্ঞাত্বা সিদ্ধাঃ কৃতার্থাঃ সন্তঃ অথ অনন্তরং সনন্দনম্ আনর্চ্চুঃ পূজয়ামাসুঃ ॥৪২

ইতি এবম্ভূতঃ অশেষাণাং সর্ব্বেষাং সমাম্নায়ানাং বেদানাং, পূর্ব্বকাণ্ডানাং পুরাণানাম্ উপনিষদাং চ রসঃ সারভূতঃ অর্থঃ, পূর্ব্বজাতৈঃ বৃদ্ধৈঃ ব্যোমযানৈঃ সর্ব্বনিরপেক্ষতয়া আকাশ-চারিভিঃ মহাত্মভিঃ (মহান্ বিবেকসমর্থঃ আত্মা অন্তঃকরণং যেষাং তৈঃ) সনকাদিভিঃ সমুদ্ধৃতঃ নির্ণীতঃ ॥৪৩

হে ব্রহ্মদায়াদ ব্রহ্মপুত্র! ত্বং চ অপি এতৎ নৃণাং জীবানাং কামানাম্ অন্তঃকরণবৃত্তি-বিশেষাণাং ভর্জনং নিবর্ত্তকম্ আত্মানুশাসনং শ্রদ্ধয়া বিশ্বাসেন ধারয়ন্ কামং যথেষ্টং গাং তদুপলক্ষিতান্ লোকান্ চ পর্য্যট ॥৪৪

শ্রীশুকঃ উবাচ। আত্মবান্ কৃতাত্ম-সাক্ষাৎকারঃ, শ্রুতধরঃ (শ্রুতং ধরতীতি তথাসৌ) বীরব্রতঃ নৈষ্ঠিকঃ জিতেন্দ্রিয়ঃ, স মুনিঃ নারদঃ এবং গুরুণা শ্রীনারায়ণেন আদিষ্টম্ উপদিষ্টম্, আত্মতত্ত্বং শ্রদ্ধয়া গৃহীত্বা আনন্দেন পূর্ণঃ সন্ তৎ আহ ॥৪৫

হে পরমেশ! ব্রহ্মাদি স্বর্গ-লোকপালগণের পক্ষে ভবদীয় গুণগ্রামের অন্ত পাইবার কথা দূরে থাকুক্! হে অনন্ত! অনন্তত্বনিবন্ধন আপনি নিজেই স্বীয় মহিমার অন্ত অবগত হইতে পারেন না। অহো! নভোমণ্ডলে অসীম এবং অগণ্য রজোরাশি যেমন বায়ুর সঞ্চালনে ইতস্ততঃ ধাবিত হইতে থাকে, আপনার অন্তরে সেইরূপ পৃথিব্যাদি উত্তরোত্তর দশগুণ সপ্ত আবরণে পরিবৃত ব্রহ্মাণ্ড-নিচয়ও প্রচণ্ড কালবেগে পরিভ্রমণ করিতেছে। সৃষ্টিকালে স্থূল বিষয়বর্গের আলোচনায় যে সকল শ্রুতি-বাক্য মূর্ত্তি ধারণে বিরাজ করেন, প্রলয়কালে তাৎপর্য্যতঃ আপনাতেই তাঁহাদের পর্য্যবসান হইয়া থাকে।৪১

ভগবান্ নারায়ণ ঋষি বলিলেন,—হে নারদ! ব্রহ্মপুত্র সনকাদি ঋষিগণ বেদস্তুতিরূপ শ্রুতিবাক্যের সাহায্যে আত্ম-স্বরূপের আলোচনায় পরমতত্ত্ব অবগত হইয়া কৃতার্থ হইলেন। তখন তাঁহারা বিশেষ ভক্তি ও শ্রদ্ধা সহকারে সনন্দনকে পূজা ও অভিবাদন করিলেন।৪২

সমগ্র বেদের পূর্ব্বকাণ্ড এবং উত্তরভাগ উপনিষদের সারগর্ভ অর্থসমূহ অতি বৃদ্ধ নিরপেক্ষ বিমানচারী মহাত্মা সনকাদি ঋষিগণ এই প্রকারই নিরূপণ করিয়াছেন।৪৩

হে ব্রহ্মনন্দন দেবর্ষে নারদ! তুমিও মানবগণের হৃদয়স্থ বৃত্তিবিশেষের নিঃশেষে নির্হরণকারী এই

শ্রীনারদ উবাচ।

নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়ামলকীর্ত্তয়ে।
যো ধত্তে সর্ব্বভূতানামভবায়োশতীঃ কলাঃ ॥৪৬
ইত্যাদ্যমৃষিমানম্য তচ্ছিষ্যাংশ্চ মহাত্মনঃ।
ততোঽগাদাশ্রমং সাক্ষাৎ পিতুর্দ্বৈপায়নস্য মে ॥৪৭
সভাজিতো ভগবতা কৃতাসনপরিগ্রহঃ।
তস্মৈ তদ্ বর্ণয়ামাস নারায়ণমুখাচ্ছ্রুতম্ ॥৪৮

শ্রীনারদঃ উবাচ। সঃ ভগবান্ সর্ব্বেষাং ভূতানাম্ অভবায় সংসারদুঃখনিবারণায় উশতীঃ কমনীয়াঃ কলাঃ মূর্ত্তিঃ ধত্তে অমলকীর্ত্তয়ে (অমলাসর্ব্বদোষ-নিবর্ত্তিকা কীর্ত্তিঃ যস্য তস্মৈ) ভগবতে তস্মৈ কৃষ্ণায় নমঃ ॥৪৬

মহামনাঃ নারদঃ ইতি এবম্ আদ্যম্ ঋষিং তথা তস্য শিষ্যান্ চ আনম্য ততঃ স্থানাৎ মে মম সাক্ষাৎ পিতুঃ দ্বৈপায়নস্য ব্যাসস্য আশ্রমম্ অগাৎ ॥৪৭

ভগবতা ব্যাসেন সভাজিতঃ সমাদৃতঃ অতঃ কৃতাসন-

আত্মানুশাসনকে শ্রদ্ধা এবং বিশ্বাস সহকারে হৃদয়ে অবধারণ পূর্ব্বক সংসারে যথেচ্ছ বিচরণ কর।৪৪

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! নৈষ্ঠিক ব্রতের অনুষ্ঠানে জিতেন্দ্রিয় এবং আত্মসাক্ষাৎকারে কৃতার্থচিত্ত শ্রুতধর নারদ লোকগুরু শ্রীনারায়ণ ঋষির মুখে উপদিষ্ট ব্রহ্মতত্ত্বের লাভে বিশেষ আনন্দিত হইলেন এবং একান্ত শ্রদ্ধা সহকারে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।৪৫

যে সর্ব্বেশ্বর ভগবান্ নিখিল জীবগণের সংসার-দুঃখের নিবারণার্থ কমনীয় বিগ্রহ-সমূহ ধারণে আবির্ভূত হন, সেই পবিত্রকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণকে আমি প্রণাম করি।৪৬

মহামনা দেবর্ষি নারদ এই প্রকারে আদি ঋষি ভগবান্ শ্রীনারায়ণ এবং তদীয় শিষ্যগণকে প্রণাম করত তথা হইতে প্রস্থান করিলেন এবং মদীয় জনক ভগবান্ কৃষ্ণ-দ্বৈপায়নের আশ্রমে উপনীত

ইত্যেতদ্ বর্ণিতং রাজন্ যন্ন প্রশ্নঃ কৃতস্ত্বয়া।
যথা ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে নির্গুণেঽপি মনশ্চরেৎ ॥৪৯

যোঽস্যোৎপ্রেক্ষক আদিমধ্যনিধনে
যোঽব্যক্তজীবেশ্বরো
যঃ সৃষ্টেদমনুপ্রবিশ্য ঋষিণা চক্রে
পুরঃ শাস্তি তাঃ।

পরিগ্রহঃ (কৃতঃ আসনস্য পরিগ্রহঃ স্বীকারঃ যেন সঃ) নারদঃ তস্মৈ দ্বৈপায়নায় নারায়ণমুখাৎ শ্রুতং তৎ শ্রুতিগীতং বর্ণয়ামাস ॥৪৮

হে রাজন্! নঃ অস্মান্ প্রতি ত্বয়া অনির্দ্দেশ্যে নির্গুণে ব্রহ্মণি শ্রুতয়ঃ কথং চরন্তি ইতি যঃ প্রশ্নঃ কৃতঃ তদুত্তরতয়া যথা অনির্দ্দেশ্যে ব্রহ্মণি মনঃ চরেৎ তথা ইতি এতৎ শ্রুতিগীতং ময়া বর্ণিতম্ ॥৪৯

যঃ অস্য বিশ্বস্য উৎপ্রেক্ষকঃ (জীবানাং সমস্ত-পুরুষার্থ-

হইলেন।৪৭

দেবর্ষিকে সমাগত দেখিয়া ব্যাসদেব বিশেষ আদরাতিশয়ে তাঁহার অভ্যর্থনা করত উপবেশনার্থ আসন প্রদান করিলেন; তখন নারদ আসনপরিগ্রহে উপবিষ্ট হইয়া নারায়ণ ঋষির মুখে শ্রুত সমগ্র বেদস্তুতি তৎসমীপে আনুপূর্ব্বিক কীর্ত্তন করিলেন।৪৮

হে রাজন্! অনির্দ্দেশ্য নির্গুণ ব্রহ্মস্বরূপের প্রতিপাদন ব্যাপারে শ্রুতিসমূহ কি প্রকারে সমর্থ হন বলিয়া আপনি আমার নিকট যে প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন, তদুত্তরার্থ মন যেরূপে ব্রহ্মস্বরূপের প্রতিপাদন করিতে পারে, তাহা আমি আনুপূর্ব্বিক শ্রুতিগীত দ্বারা বর্ণন করিলাম।৪৯

অহো! এই বিশ্বসংসারের সৃষ্টি, পালন এবং সংহার কার্য্যে যিনি একামাত্র প্রযোজক থাকিয়া জীবগণের সম্বন্ধে যাবতীয় পুরুষার্থের সংসিদ্ধি করিতেছেন; যিনি প্রকৃতি এবং জীবরূপ পুরুষেরও

যং সম্পদ্য জহাত্যজামনুশয়ী
সুপ্তঃ কুলায়ং যথা
তং কৈবল্যনিরস্তযোনিমভয়ং
ধ্যায়েদজস্রং হরিম্ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭

সিদ্ধয়ে ইদং সৃষ্টিস্থিতিপ্রলয়াদি প্রাপণীয়মিতি আলোচকঃ) তথা অস্য আদি-মধ্য-নিধনে (আদিঃ জন্ম, মধ্যং পালনং, নিধনম্ অন্তঃ এতেষু কর্ম্মসু) যঃ অব্যক্তজীবেশ্বরঃ বর্ত্ততে, যঃ ইদং ব্রহ্মাণ্ডং সৃষ্ট্বা ঋষিণা অন্তর্য্যামিরূপেণ তদনুপ্রবিশ্য পুরঃ শরীরাণি জীবানাং ভোগায়তনানি চক্রে; ততঃ চ তাঃ পুরঃ শাস্তি (তেষাং ভোগান্ দদৎ পরিপালয়তি) তথা যং সংপদ্য প্রাপ্য অনুশয়ী (অনুশেতে তথা সঃ জীবঃ) অজাং কার্য্যকারণ-লক্ষণাং প্রকৃতিং জহাতি পরিত্যজতি তথা যথা সুপ্তঃ জনঃ স্বং কুলায়ং শরীরং ন পশ্যতি, তদ্বৎ কৈবল্যেন নিরস্তা তিরস্কৃতা যোনিঃ মায়া যেন তম্ অভয়ং হরিম্ অজস্রং ধ্যায়েৎ ॥৫০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
সপ্তাশীতিতমোঽধ্যায় ॥

নেতা এবং যিনি অন্তর্য্যামিরূপে জীবের অন্তরে অর্থাৎ ব্রহ্মাণ্ডকে সৃজন করিয়া ঋষিচর্য্যায় তদন্তরে প্রবিষ্ট হইয়া, জীবের ভোগার্থ ভোগায়তন দেহের রচনা করিতেছেন এবং ভোগ প্রদানে সেই দেহাদিকে প্রতিপালন করিতেছেন ও দেহপুরে শয়ান জীব যাঁহাকে প্রাপ্ত হইয়া নিদ্রিত ব্যক্তি যেমন আত্ম-স্বরূপের অবগতিতে স্বীয় দেহের কোন অনুসন্ধান করেন না, সেইরূপ প্রকৃতি এবং প্রাকৃতিক পদার্থকে পরিহার করিয়া থাকেন, সেই মায়াতীত অভয়দাতা কৈবল্যস্বরূপ শ্রীহরির শরণাগত হওয়া জীবমাত্রেরই অবশ্য কর্ত্তব্য।৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
দশমস্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত সপ্তাশীতিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাশীতিতমঃ অধ্যায়ঃ।

[হরি-হরয়োঃ স্বভাববর্ণনম্, বৃকাসুরবৃত্তান্তঃ, বটুরূপেণ বিষ্ণুনা শম্ভোর্ বৃকাসুরভয়াদ্ রক্ষণঞ্চ।]

রাজোবাচ।
দেবাসুরমনুষ্যেষু যে ভজন্ত্যশিবং শিবম্।
প্রায়স্তে ধনিনো ভোজা ন তু লক্ষ্ম্যাঃ পতিং হরিম্ ॥১

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। দেবাসুর-মনুষ্যেষু মধ্যে যে জনাঃ অশিবং (জটাভস্মভুজঙ্গাদি ধারণেন শোভারহিতং) শিবং ভজন্তি, তে প্রায়শঃ ধনিনঃ ভোজাঃ ভোগিনঃ চ ভবন্তি। যে তু লক্ষ্ম্যাঃ পতিং সম্পদ্ভোগাদিবিশিষ্টং হরিং ভজন্তি, তে তু

অষ্টাশীতিতম অধ্যায়।

[হরি-হরের স্বভাব বর্ণন, বৃকাসুরের বৃত্তান্ত এবং বটুরূপধারী বিষ্ণু কর্ত্তৃক শম্ভুকে বৃকাসুরের ভয় হইতে রক্ষণ।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্! দেবতা অসুর এবং মানবগণের মধ্যে যে সকল ব্যক্তি জটাভস্ম-পরিচ্ছন্ন ভুজঙ্গ-পরিবেষ্টিত শ্রীহীন মহাদেবের আরাধনা করেন, তাঁহাদিগকে প্রায়ই ধনী এবং ভোগৈশ্বর্য্য-সম্পন্ন হইতে দেখা যায়। অথচ সর্বৈশ্বর্য্য-সম্পন্ন সাক্ষাৎ শ্রীপতি জনার্দ্দনকে যাঁহারা আরাধন

এতদ্ বেদিতুমিচ্ছামঃ সন্দেহোঽত্র মহান্ হি নঃ।
বিরুদ্ধশীলয়োঃ প্রভ্বোর্বিরুদ্ধা ভজতাং গতিঃ ॥২

শ্রীশুক উবাচ।

শিবঃ শক্তিযুতঃ শশ্বৎ ত্রিলিঙ্গো গুণসংবৃতঃ।
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিধা ॥৩

ততো বিকারা অভবন্ ষোড়শামীষু কঞ্চন।
উপাধাবন্ বিভূতীনাং সর্ব্বাসামশ্নুতে গতিম্ ॥৪
হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।
স সর্ব্বদৃগুপদ্রষ্টা তং ভজন্ নির্গুণো ভবেৎ ॥৫
নিবৃত্তেষ্বশ্বমেধেষু রাজা যুষ্মৎপিতামহঃ।
শৃণ্বন্ ভগবতো ধর্ম্মানপৃচ্ছদিদমচ্যুতম্ ॥৬

তথা ন ভবন্তি, অপি তু দরিদ্রাঃ ভবন্তি ॥১

বিরুদ্ধশীলয়োঃ (বিরুদ্ধং শীলং স্বভাবঃ যয়োঃ) তৌ হরি-হরৌ ভজতাং বিরুদ্ধা গতিঃ ফলং বিরুদ্ধং ভবতি ইতি এতৎ বৈপরীত্যনিদানং বেদিতুম্ ইচ্ছামঃ। যতঃ অত্র বৈপরীত্যেন নঃ অস্মাকং মহান্ সন্দেহঃ বর্ত্ততে ॥২

শ্রীশুকঃ উবাচ। শশ্বৎ নিত্যানন্দরূপঃ পুরুষঃ এব শিবশক্ত্যা প্রকৃত্যা যুতঃ, ত্রিলিঙ্গঃ প্রকৃতিগুণৈঃ সংবৃতঃ ইতি, অতঃ বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসঃ রাজসঃ, তামসঃ চ ইতি অহঙ্কারঃ ত্রিধা ভবতি তদধিষ্ঠাতাপি গুণযুক্তঃ ॥৩

ততঃ অহঙ্কারাৎ বৈকারিকাৎ মনঃ, তৈজসাৎ দশেন্দ্রিয়াণি, তামসাৎ পঞ্চ মহাভূতানি ইত্যেবং ষোড়শ বিকারাঃ অভবন্।

অতঃ অমীষু অহঙ্কারকার্য্যেষু দিগ্‌বাতার্ক-প্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্র-মিত্রকাঃ। প্রজাপত্যাদিষু মধ্যে কিঞ্চন কঞ্চনাশ্রিতম্ অধিদৈবম্ উপাধাবন্ ভজন্, পুরুষঃ সর্ব্বাসাং বিভূতীনাং মধ্যে গতিং (তেন অধিদৈবতেন দাতুং শক্যম্ ঐশ্বর্য্যাদিফলম্) অশ্নুতে প্রাপ্নোতি ॥৪

হরিঃ হি নির্গুণঃ, যতঃ প্রকৃতেঃ পরঃ তন্নিয়ন্তা, সর্ব্বদৃক্ সর্ব্বজ্ঞঃ, উপদ্রষ্টা সাক্ষিরূপঃ সঃ। তং ভজন্ পুরুষঃ নির্গুণঃ ভবেৎ ॥৫

অশ্বমেধেষু নিবৃত্তেষু সৎসু যুষ্মৎপিতামহঃ রাজা যুধিষ্ঠিরঃ, ভগবতঃ কৃষ্ণাৎ সকাশাৎ ধর্ম্মান্ শৃণ্বন্ তম্ অচ্যুতম্ এব ইদং ত্বৎপৃষ্টম্ এব অপৃচ্ছৎ ॥৬

করেন, তাঁহাদিগকে প্রায় নিঃস্ব দরিদ্র হইতেই দেখা যায়।১

অতএব সম্পূর্ণ বিরুদ্ধ স্বভাব-বিশিষ্ট হরিহরের আরাধনায় এরূপ বিপরীত ফলের প্রাপ্তিকারণ জানিতে আমার একান্ত বাসনা হইতেছে। কারণ ঐশ্বর্য্যবান্ শ্রীহরি সাধককে দরিদ্র করেন এবং ঐশ্বর্য্যহীন ভিখারী শঙ্কর সম্পদ্‌শালী করেন, এই বিপরীত ব্যবহারে আমাদের মনে বিশেষ সন্দেহেরই উদয় হইতেছে।২

এতৎ শ্রবণে শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্। ভগবান্ ত্রিলোচন নিত্যানন্দস্বরূপ পরমপুরুষ। প্রকৃতি-নাম্নী শক্তির সংসর্গে প্রাকৃতিক গুণের সাহচর্য্যে তিনি গুণবানের ন্যায় রূপ ধারণ করেন। সুতরাং তদীয় সঙ্গলাভে প্রকৃতি হইতে সাত্ত্বিক, রাজসিক এবং তামস ভেদে ত্রিবিধ অহঙ্কারের সৃষ্টি হইয়া থাকে।৩

সাত্ত্বিক অহঙ্কার হইতে মন, রাজস অহঙ্কার হইতে দশবিধ ইন্দ্রিয় এবং তামস অহঙ্কার হইতে পঞ্চ মহাভূত, এই ষোড়শ বিকারের উৎপত্তি হইয়া থাকে। এই অহঙ্কারকার্য্যের অধিষ্ঠাত্রী দেবতা দিক্, বাত, অর্ক, বহ্নি, ইন্দ্র, প্রচেতা, অশ্বিনীকুমার, উপেন্দ্র এবং মিত্রাদি প্রজাপতিগণের মধ্যে যে কোন দেবতার অর্চ্চনা করিলে, মানব যাবতীয় বিভূতির আধিপত্য লাভ করিতে পারেন। কারণ সগুণ দেবতাগণ গুণফল ঐশ্বর্য্য প্রদানে যথেষ্ট অধিকারী।৪

ভগবান্ শ্রীহরি কিন্তু গুণের অতীত; সুতরাং তাদৃশ নির্গুণ পরম পুরুষের আরাধনা করায় সাধকও গুণহীন হইয়া পড়েন।৫

অশ্বমেধ যজ্ঞের সমাপনান্তে ভবদীয় পিতামহ রাজা যুধিষ্ঠির সাক্ষাৎ শ্রীকৃষ্ণের সমীপে ধর্ম্মবিষয়ক উপদেশ শ্রবণ করিয়া, আপনার জিজ্ঞাসিত এই প্রশ্নেরই কথা তাঁহারই নিকট উত্থাপন করিয়াছিলেন।৬

স আহ ভগবাংস্তস্মৈ প্রীতঃ শুশ্রূষবে প্রভুঃ।
নৃণাং নিঃশ্রেয়সার্থায় যোঽবতীর্ণো যদোঃ কুলে ॥৭

শ্রীভগবানুবাচ।
যস্যাহমনুগৃহ্ণামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ।
ততোঽধনং ত্যজন্ত্যস্য স্বজনা দুঃখদুঃখিতম্ ॥৮

স যদা বিতথোদ্যোগো নির্ব্বিণ্ণঃ স্যাদ্ধনেহয়া।
মৎপরৈঃ কৃতমৈত্রস্য করিষ্যে মদনুগ্রহম্ ॥৯

তদ্ ব্রহ্ম পরমং সূক্ষ্মং চিন্মাত্রং সদনন্তকম্।
বিজ্ঞায়াত্মতয়া ধীরঃ সংসারাৎ পরিমুচ্যতে ॥১০

অতো মাং সুদুরারাধ্যং হিত্বান্যান্ ভজতে জনঃ।
ততস্ত আশুতোষেভ্যো লব্ধরাজ্যশ্রিয়োদ্ধতাঃ।
মত্তাঃ প্রমত্তা বরদান্ বিস্ময়ন্ত্যবজানতে ॥১১

শ্রীশুক উবাচ।
শাপ-প্রসাদয়োরীশা ব্রহ্মা-বিষ্ণু-শিবাদয়ঃ।
সদ্যঃ শাপপ্রসাদোঽঙ্গ শিবো ব্রহ্মা ন চাচ্যুতঃ ॥১২

নৃণাং নিঃশ্রেয়সার্থায় যঃ প্রভুঃ ভগবান্ যদোঃ কুলে অবতীর্ণঃ, সঃ শ্রীকৃষ্ণঃ প্রীতঃ সন্ শুশ্রূষবে তস্মৈ যুধিষ্ঠিরায় আহ ॥৭

শ্রীভগবান্ উবাচ। হে ধর্ম্মনন্দন! যস্য যম্ অহম্ অনুগৃহ্ণামি, তস্য ধনং শনৈঃ হরিষ্যে; ততঃ দুঃখদুঃখিতম্ এনং ত্যক্তুম্ অস্য স্বজনাঃ স্বতঃ এব ত্যজন্তি ॥৮

ততঃ সঃ বিতথোদ্যোগঃ ত্যক্তোদ্যমঃ, ধনেহয়া ধনার্জ্জনার্থ-ব্যাপারেণ নির্ব্বিণ্ণঃ বিরক্তঃ ভবতি, তথা তস্য মৎপরৈঃ মদ্ভক্তৈঃ, সহ কৃতমৈত্রস্য (কৃতং মৈত্রং যেন তস্য) মদনুগ্রহং করিষ্যে করোমি ॥৯

যৎ পরমং সূক্ষ্মং চিন্মাত্রং সৎ অনন্তকং ব্রহ্ম তৎ আত্মতয়া বিজ্ঞায় ধীরঃ সন্ সংসারাৎ পরিমুচ্যতে ॥১০

অতঃ সুদুরারাধ্যং মাং হিত্বা জনঃ অন্যান্ দেবান্ ভজতে। ততঃ ভজনাৎ আশুতোষেভ্যঃ (আশু তুষ্যন্তীতি আশুতোষাঃ তেভ্যঃ) রুদ্রাদিভ্যঃ লব্ধং রাজ্যং যৈঃ তে শ্রিয়া সম্পদা উদ্ধতাঃ মত্তাঃ, গর্ব্বিতাঃ প্রমত্তাঃ, অনবহিতাঃ চ সন্তঃ তান্ বরদান্ দেবান্ বিস্ময়ন্তি অবজানতে অবজ্ঞাং কুর্ব্বন্তি ॥১১

শ্রীশুকঃ উবাচ। হে অঙ্গ! শাপ-প্রসাদয়োঃ ঈশাঃ সমর্থাঃ ব্রহ্মাদয়ঃ এব তত্র সদ্যঃ এব শাপঃ প্রসাদঃ চ যস্য তথাভূতঃ শিবঃ ব্রহ্মা চ। অচ্যুতঃ তু নঃ এবম্বিধঃ, কিন্তু অনুগ্রহৈকস্বভাবঃ ॥১২

অহো! যিনি মানবগণের মুক্তিলাভের পথ প্রদর্শনার্থ পবিত্র যদুবংশে অবতীর্ণ হইয়াছিলেন, সেই পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রবণেচ্ছুক ভবদীয় পিতামহের প্রশ্নে প্রসন্ন হইয়া যেরূপ উত্তর প্রদান করিয়াছিলেন, তাহা আমি সমগ্র বলিতেছি—আপনি শ্রবণ করুন্।৭

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে ধর্ম্মনন্দন! যাহার প্রতি আমি অনুগ্রহ কার, ক্রমশঃ তাহার সকল ধন আমি হরণ করিয়া থাকি এবং তাদৃশ নির্ধন দুঃখ-জর্জ্জরিত ব্যক্তিকে তাহার স্বজনগণও নির্ধন দেখিয়া ক্রমশ. পরিত্যাগ করিয়া থাকে।৮

এই প্রকারে ক্রমশঃ যখন তাহার ধনাদি সম্ভোগের ইচ্ছা বিদূরিত হইয়া ধনোপার্জ্জনের উদ্যম পর্য্যন্ত সম্পূর্ণ পরিত্যক্ত হয়, তাহার হৃদয়ে বৈরাগ্য পূর্ণমাত্রায় জাগরিত হয় এবং মদীয় ভক্তগণের সহিত মিত্রতার স্থাপন ঘটে, তখনই আমি তাহার প্রতি প্রকৃত অনুগ্রহ করিয়া থাকি।৯

সেই অনুগ্রহের ফলে ভক্ত চিন্মাত্র পরম সূক্ষ্ম সৎস্বরূপ অনন্ত ব্রহ্মভাব আত্মস্বরূপে অবধারণ করত শান্ত হইয়া সংসার হইতে মুক্তিলাভ করে।১০

অতএব একান্ত দুরারাধ্য বিবেচনায় আমার আরাধনা পরিহার পূর্ব্বক জনগণ অল্পে পরিতুষ্ট রুদ্রাদি দেবতাগণের আরাধনা করত বিপুল ঐশ্বর্য্যের অধিকারী হইয়া, ধনমদে এতই অভিভূত, গর্ব্বিত এবং উদ্ধত হয় যে, যাঁহাদের প্রসাদে সেই সমস্ত ধনাদির প্রাপ্তি ঘটে, পরিণামে সেই আরাধ্য দেবতাগণেরই অবমাননা অনায়াসে করিয়া থাকে।১১

শ্রীশুকদেব বলিলেন,—হে অঙ্গ! অভিসম্পাত

অত্র চোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
বৃকাসুরায় গিরিশো বরং দত্ত্বাপ সঙ্কটম্ ॥১৩
বৃকো নামাসুরঃ পুত্রঃ শকুনেঃ পথি নারদম্।
দৃষ্ট্বাশুতোষং পপ্রচ্ছ দেবেষু ত্রিষু দুর্ম্মতিঃ ॥১৪
স আহ দেবং গিরিশমুপাধাবাশু সিধ্যসি।
যোঽল্পাভ্যাং গুণদোষাভ্যামাশু তুষ্যতি কুপ্যতি ॥১৫
দশাস্যবাণয়োস্তুষ্টঃ স্তুবতোর্বন্দিনোরিব
ঐশ্বর্য্যমতুলং দত্ত্বা তত আপ সুসঙ্কটম্ ॥১৬

অত্র শাপপ্রসাদয়ে পুরাবিদঃ ইমম্ ইতিহাসম্ উদাহরন্তি যথা বৃকাসুরায় বরং দত্ত্বা গিরিশঃ সঙ্কটম্ আপ প্রাপ ॥১৩

একদা শকুনেঃ পুত্রঃ সঃ দুর্ম্মতিঃ বৃকঃ নামাসুরঃ পথি নারদং দৃষ্ট্বা ত্রিষু দেবেষু মধ্যে আশুতোষং (শীঘ্রঃ কঃ তুষ্যতি ইতি) প্রপচ্ছ ॥১৪

সঃ আহ,—দেবং গিরিশং শিবম্ উপধাব, তর্হি আশু সিধ্যসি। যতঃ সঃ শিবঃ অল্পাভ্যাম্ এব গুণ-দোষাভ্যাম্ আশু তুষ্যতি, কুপ্যতি চ ॥১৫

বন্দিনোঃ ইব স্তুবতোঃ দশাস্য-বাণয়োঃ (দশাস্যঃ রাবণঃ) তুষ্টঃ শিবঃ তয়োঃ অতুলম্ ঐশ্বর্য্যং দত্ত্বা ততঃ তাভ্যাং সুসঙ্কটং আপ। (তত্র রাবণেন শিবস্য কৈলাসোৎপাটনং কৃতম্, বাণেন তু পুরপালকত্বেন বৃতঃ শিবঃ তচ্চ করে তি ॥১৬

করা বা প্রসন্ন হইয়া বর-প্রদান করিবার কর্ত্তা ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব তিন জনেই বটে ; কিন্তু অকস্মাৎ তুষ্ট হইয়া বরদান করিতে বা রুষ্ট হইয়া শাপ প্রদান করিতে ত্রিলোচন এবং ব্রহ্মা যেমন উদ্‌যোগী, ভগবান্ বিষ্ণু সেরূপ কখন নহেন। একমাত্র অনুগ্রহ করাই তাঁহার অনুপম স্বভাব।১২

এই শাপ-প্রসাদের সম্বন্ধে পূর্ব্ব পূর্ব্ব ইতিহাস-বেত্তা পণ্ডিতগণ প্রাচীন ইতিহাসের উল্লেখে বর্ণন করিয়া থাকেন যে, বৃকাসুরকে বর প্রদান করিয়া শঙ্কর একবার বিষম সঙ্কটে পড়িয়াছিলেন।১৩

এক দিবস শকুনির পুত্র দুর্ম্মতি বৃকনামা অসুর পথে দেবর্ষি নারদকে অবলোকন করিয়া, তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিল যে, ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব

ইত্যাদিষ্টস্তমসুর উপাধাবৎ স্বগাত্রতঃ।
কেদার আত্মক্রব্যেণ জুহ্বানোঽগ্নিমুখং হরম্ ॥১৭
দেবোপলব্ধিমপ্রাপ্য নির্ব্বেদাৎ সপ্তমেঽহনি।
শিরোঽবৃশ্চৎ সুধিতিনা তত্তীর্থক্লিন্নমূর্দ্ধজম্ ॥১৮
তদা মহাকারুণিকঃ স ধূর্জ্জটি-
র্যথা বয়ঞ্চাগ্নিরিবোত্থিতোঽনলাৎ।
নিগৃহ্য দোর্ভ্যাং ভুজয়োর্ন্যবারয়ৎ
তৎস্পর্শনাদ্ ভূয় উপস্কৃতাকৃতিঃ ॥১৯

ইতি এবং নারদেন আদিষ্টঃ সঃ অসুরঃ বৃকঃ কেদারক্ষেত্রে স্বগাত্রতঃ আত্মক্রব্যেণ (আত্মনঃ ক্রব্যেণ মাংসেন জুহ্বানঃ তং অগ্নিমুখং হরম্ উপাধাবৎ আরাধিতবান্ ॥১৭

এবং প্রতিদিনং জুহ্বানঃ অপি দেবস্য তস্য শিবস্য উপলব্ধিম্ অপ্রাপ্য নির্ব্বেদাৎ বৈরাগ্যাৎ সপ্তমে অহনি তস্মিন্ কেদারকুণ্ডে স্নাত্বা তেন তীর্থ-জলেন অক্লিন্নাঃ মূর্দ্ধজাঃ যস্য তৎ স্বশিরঃ সুধিতিনা শস্ত্রেণ অবৃশ্চৎ ছেত্তুম্ আরব্ধবান্ ॥১৮

তদা মহাকারুণিকঃ সঃ ধূর্জটিঃ শিবঃ অনলাৎ মূর্ত্তিমান্ অগ্নিঃ ইব উত্থিতঃ দেদীপ্যমানঃ বয়ম্ ইব স্বদোর্ভ্যাং তদ্ভুজয়োঃ নিগৃহ্য শিরঃশ্ছেদং ন্যবারয়ৎ। সঃ চ তস্য ধূর্জটেঃ স্পর্শনাৎ এব ভূয়ঃ উপস্কৃতা নিব্রণা আকৃতিঃ শরীরং যস্য তথাভূতঃ বভূব ॥১৯

এই দেবতাত্রয়ের মধ্যে কোন দেবতা অতি অল্পে পরিতুষ্ট হয় ?১৪

তদুত্তরে দেবর্ষি বলিলেন, দেবদেব গিরিশের আরাধনা কর। সত্বর সিদ্ধিলাভ করিবে। সেই দেব অতি অল্প গুণ দেখিলে বা অল্প দোষ পাইলেই তুষ্ট বা রুষ্ট হইয়া থাকেন।১৫

দশগ্রীব রাবণ এবং বাণ নামক মহীপতি বন্দীর ন্যায় কেবল স্তব মাত্র করায়, মহাদেব প্রসন্ন হইয়া এই উভয়কেই প্রচুর ঐশ্বর্য্য প্রদান করিয়াছিলেন ; কিন্তু দুঃখের বিষয় এতাদৃশ উপকার করিয়াও শম্ভুকে দারুণ সঙ্কটে নিপতিত হইতে হইয়াছিল। মহাদেবের বরে দর্পিত দশমুণ্ড রাবণ মহাদেবের বাসভবন কৈলাস পর্ব্বতকে উৎপাটন করিয়াছিল

তমাহ চাঙ্গালমলং বৃণীষ্ব মে
যথাভিকামং বিতরামি তে বরম্।
প্রীয়েয় তোয়েন নৃণাং প্রপদ্যতঃ-
মহো ত্বয়াত্মা ভৃশমর্দ্দ্যতে বৃথা ॥২০

দেবং স বব্রে পাপীয়ান্ বরং ভূতভয়াবহম্।
যস্য যস্য করং শীর্ষ্ণি ধাস্যে স ম্রিয়তামিতি ॥২১
তচ্ছ্রুত্বা ভগবান্ রুদ্রো দুর্ম্মনা ইব ভারত।
তমিতি প্রহসংস্তস্মৈ দদেঽহেরমৃতং যথা ॥২২

তথা তং বৃকাসুরম্ আহ চ যথা হে অঙ্গ! শিরশ্ছেদেন অলম্ অলং পূর্ণং (ন তৎপ্রয়োজনমস্তি), মে মত্তঃ যথাভিকামং যথাভিলষিতং বরং বৃণীষ্ব। অহং তে তুভ্যং তৎ বিতরামি দদামি। অহং তু তোয়েন জলেন এব প্রপদ্যতাং ভক্তানাং প্রীয়েয় প্রীতঃ ভবামি; ত্বয়া বৃথৈব আত্মা দেহঃ ভৃশম্ অর্দ্দ্যতে পীড্যতে ॥২০

এবমুক্তঃ চ সঃ পাপীয়ান্ দেবাৎ ত্র্যম্বকাৎ যস্য যস্য শিরসি মূর্দ্ধ্নি অহং করং ধাস্যে, সঃ ম্রিয়তাম্ ইতি ভূতভয়াবহং বরং বব্রে ॥২১

হে ভারত! তৎ তস্য বচনং শ্রুত্বা ভগবান্ রুদ্রঃ দুর্ম্মনা ইব প্রহসন্ ওঁ তথা অস্তু ইতি অহেঃ সর্পস্য অমৃতং যথা তথা তস্মৈ বরং দদে দদৌ ॥২২

এবং বাণ রাজা মহাদেবকে তাঁহার পুররক্ষকত্বে নিযুক্ত করিয়াছিলেন।১৬

নারদের তাদৃশ উপদেশে বৃকাসুর কেদারক্ষেত্রে উপনীত হইয়া স্বীয় শরীর হইতে মাংসচ্ছেদন করত অগ্নিতে আহুতি প্রদান পূর্ব্বক মহাদেবের আরাধনা আরম্ভ করিল।১৭

এই প্রকার ছয় দিবস আহুতি প্রদানেও ত্রিলোচনের সাক্ষাৎকার লাভ হইল না দেখিয়া বৃকাসুরের হৃদয়ে একান্ত বৈরাগ্যের উদয় হইল; তখন সেই অসুর কেদার-কুণ্ডে অবগাহন করত আর্দ্র কেশসহ স্বীয় মস্তক মহাদেবকে অর্পণ করিবার মানসে যখন তীক্ষ্ণধার খড়্গের দ্বারা ছেদন করিতে উদ্‌যোগ করিল।১৮

তখনই মহাকারুণিক ভগবান্ ত্রিলোচন দেদীপ্যমান হুতাশনের ন্যায় বিগ্রহপরিগ্রহে তাহার সম্মুখে উপনীত হইলেন এবং কোন এক ব্যক্তিকে প্রাণত্যাগ করিতে প্রস্তুত দেখিলে, আমরা যেমন হস্তধারণে তাহাকে নিবারণ করি, ত্রিপুরারিও সেইরূপ স্বীয় ভুজদণ্ডের দ্বারা বৃকাসুরের বাহুদ্বয় ধারণ পূর্ব্বক তাহার মস্তকচ্ছেদন ব্যাপার হইতে তাহাকে নিবারণ করিলেন। ত্রিলোচনের অঙ্গস্পর্শে বৃকাসুরের দেহ পবিত্র হইল এবং ক্ষতাদির নিবারণে তাহার পূর্ণাঙ্গ লাভ হইল।১৯

শূলপাণি তখন তাহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে শোভন! যথেষ্ট হইয়াছে। আর তোমার মস্তকচ্ছেদন করিতে হইবে না। যথাভিলষিত বর প্রার্থনা কর; আমি তোমাকে তাহাই প্রদান করিব। হে অসুর! মানবগণ শরণাগত হইয়া ভক্তিভরে সামান্য জল মাত্র আমাকে সমর্পণ করিলেই যখন আমি পরিতৃপ্ত হই, তখন তোমার এরূপ দেহকে ক্লেশ দিবার কি প্রয়োজন আছে?২০

ঐ পাপিষ্ঠ তখন মহাদেবের কথায় সন্তুষ্ট হইয়া, লোকমাত্রেরই ভয়প্রদ বর প্রার্থনা করিয়া বলিল যে, হে প্রভো! আমি যাহার মস্তকে কর প্রদান করিব, তৎক্ষণাৎ তাহার যেন মৃত্যু হয়, আপনার নিকট এই বরই আমার প্রার্থনীয়।২১

হে ভারত! বৃকাসুরের প্রার্থনায় পশুপতি চিন্তাকুল হইলেন; কিন্তু পাছে প্রতিশ্রুত বিষয়ের উল্লঙ্ঘন করা হয়, এই আশঙ্কায় হাস্য করত তাহার প্রার্থনা স্বীকার করিলেন এবং বিষধর ভুজঙ্গকে দুগ্ধ প্রদানের ন্যায় সেই খল-প্রকৃতি বৃকাসুরকে তাহার প্রার্থনানুরূপ সেই ভূতভয়াবহ বরই প্রদান করিলেন।২২

ইত্যুক্তঃ সোঽসুরো নূনং গৌরীহরণলালসঃ।
স তদ্‌বরপরীক্ষার্থং শম্ভোর্মূর্ধ্নি কিলাসুরঃ।
স্বহস্তং ধাতুমারেভে সোঽবিভ্যৎ স্বকৃতাচ্ছিবঃ ॥২৩
তেনোপসৃষ্টঃ সন্ত্রস্তঃ পরাধাবৎ সবেপথুঃ।
যাবদন্তং দিবো ভূমেঃ কাষ্ঠানামুদগাদুদক্ ॥২৪
অজানন্তঃ প্রতিবিধিং তূষ্ণীমাসন্ সুরেশ্বরাঃ।
ততো বৈকুণ্ঠমগমদ্ভাস্বরং তমসঃ পরম্ ॥২৫

ইতি শিবেন উক্তঃ সঃ অসুরঃ গৌরীহরণলালসঃ সন্ তস্য বরস্য পরীক্ষার্থং নিশ্চয়ার্থং শম্ভোঃ মূর্দ্ধ্নি এব স্বহস্তং ধাতুম্ আরেভে ; সঃ চ শিবঃ স্বকৃতাৎ বরদানাৎ অবিভ্যৎ ॥২৩

অতঃ তেন অসুরেণ উপসৃষ্টঃ অনুগতঃ, সন্ত্রস্তঃ অতএব সবেপথুঃ সকম্পশ্চ সন্ শিবঃ দিবঃ ভূমেঃ চ যাবৎ অন্তং তাবৎ পরাধাবৎ। ততশ্চ কাষ্ঠানাং দিশাম্ উদক্ উত্তরতঃ উদগাৎ জগাম ॥২৪

সুরেশ্বরাঃ ব্রহ্মাদয়ঃ চ তস্য প্রতিবিধিং বারণোপায়ম্ অজানন্তঃ তূষ্ণীম্ আসন্, ততঃ চ শিবঃ তমসঃ পরম্ অবিদ্যাবরণরহিতং ভাস্বরং প্রদীপ্তং বৈকুণ্ঠং ভগবতঃ স্থানম্ অগমৎ ॥২৫

শিব কর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া সেই অসুর গৌরীদেবীকে হরণ করিবার অভিলাষী হইল। অনন্তর ঐ অসুর মহাদেবের নিকট হইতে বর প্রাপ্ত হইয়া তাহার সত্যাসত্যের পরীক্ষার্থ শম্ভুর মস্তকেই কর প্রদানে উদ্‌যোগী হইল। মহাদেব তখন নিজের প্রদত্ত বরে নিজেই ব্যতিব্যস্ত হইলেন।২৩

তিনি বৃকাসুরের ভয়ে ভীত হইয়া, কম্পিত-কলেবর হইলেন এবং জীবন-রক্ষার্থ স্বর্গ, মর্ত্ত্য ও রসাতলের সর্ব্বত্র পলায়নে প্রবৃত্ত হইয়াও অসুরের হস্ত হইতে নিষ্কৃতি পাইলেন না। বৃকাসুর সর্ব্বত্র তাঁহার পশ্চাৎ পশ্চাৎ দৌড়াইতে লাগিল। তখন উপায়ান্তর না দেখিয়া মহাদেব সকল দিক্ পরিত্যাগ পূর্ব্বক ক্রমান্বয়ে উত্তরাভিমুখেই ধাবিত হইলেন।২৪

মহাদেবের তাদৃশ দুরবস্থা দর্শনে এবং কোনরূপ প্রতিকারের উপায় না দেখিয়া, ব্রহ্মাদি লোকপালগণও নিস্তব্ধভাবে অবস্থান করিয়া রহিলেন ; কিন্তু ত্রিলোচন ক্রমাগত ধাবিত হইয়া, তমোগুণের অতীত অবিদ্যাবরণ-শূন্য স্বপ্রকাশ বৈকুণ্ঠধামে ভগবানের নিকট উপনীত হইলেন।২৫

যত্র নারায়ণঃ সাক্ষান্ন্যাসিনাং পরমা গতিঃ।
শান্তানাং ন্যস্তদণ্ডানাং যতো নাবর্ত্ততে গতঃ ॥২৬

তং তথাব্যসনং দৃষ্ট্বা ভগবান্ বৃজিনার্দ্দনঃ।
দূরাৎ প্রত্যুদিয়াদ্ভূত্বা বটুকো যোগমায়য়া ॥২৭

মেখলাজিনদণ্ডাক্ষৈস্তেজসাগ্নিরিব জ্বলন্।
অভিবাদয়ামাস চ তং কুশপাণির্বিনীতবৎ ॥২৮

যত্র ন্যস্তদণ্ডানাং ত্যক্ত-পরদ্রোহাণাং, শান্তানাং রাগ-লোভাদিরহিতানাং, পরমা গতিঃ পরমফলভূতঃ সাক্ষাৎ নারায়ণঃ আস্তে, তথা যত্র গতঃ যং প্রাপ্তঃ জনঃ যতঃ সকাশাৎ ন আবর্ত্ততে ॥২৬

তথা তাদৃশং ব্যসনং দুঃখং যস্য তং রুদ্রং দৃষ্ট্বা বৃজিনার্দ্দনঃ দুঃখাপহারী, ভগবান্ নারায়ণঃ যোগমায়য়া বটুকঃ ব্রহ্মচারী ভূত্বা মেখলাজিন-দণ্ডাক্ষৈঃ উপলক্ষিতঃ তেজসা অগ্নিঃ ইব জ্বলন্ দেদীপ্যমানঃ কুশপানিঃ দূরাৎ এব প্রত্যুদিয়াৎ তদভিমুখম্ আজগাম ; তথা বিনীতবৎ তম্ অভিবাদয়মাস ॥২৭-২৮

অহো! পরদ্রোহাচরণে সম্পূর্ণ পরাঙ্মুখ রাগ-লোভাদি-বর্জ্জিত ব্যক্তিগণের পরমারাধ্য শ্রেষ্ঠফল-স্বরূপ ভগবান্ নারায়ণ এই স্থানেই অবস্থান করেন। সেস্থানে গমন করত ভগবানের সাক্ষাৎকার লাভ হইলে, জীবকে পুনরায় এই সংসার-স্রোতে নিপতিত হইতে হয় না।২৬

মহাদেবকে তাদৃশ বিপন্ন অবলোকন করিয়া, বিপদহারী নারায়ণ স্বীয় অচিন্ত্য যোগমায়ার বলে মেখলা, অজিন, দণ্ড, অক্ষমালা ও কুশাদিহস্তে ব্রহ্মচারীর বেশ ধারণ করিলেন এবং জাজ্বল্যমান

শ্রীভগবানুবাচ।

শাকুনেয় ভবান্ ব্যক্তং শ্রান্তঃ কিং দূরমাগতঃ।
ক্ষণং বিশ্রম্যতাং পুংস আত্মায়ং সর্ব্বকামধুক্ ॥২৯
যদি নঃ শ্রবণায়ালং যুষ্মদ্ব্যবসিতং বিভো।
ভণ্যতাং প্রায়শঃ পুম্ভির্ধৃতৈঃ স্বার্থান্ সমীহতে ॥৩০

শ্রীশুক উবাচ।

এবং ভগবতা পৃষ্টো বচসামৃতবর্ষিণা।
গতক্লমোঽব্রবীৎ তস্মৈ যথাপূর্ব্বমনুষ্ঠিতম্ ॥৩১

শ্রীভগবানুবাচ।

এবং চেৎ তর্হি তদ্বাক্যং ন বয়ং শ্রদ্দধীমহি।
যো দক্ষশাপাৎ পৈশাচ্যং
প্রাপ্তঃ প্রেতপিশাচরাট্ ॥৩২
যদি বস্তত্র বিশ্রম্ভো দানবেন্দ্র জগদ্গুরৌ।
তর্হ্যঙ্গাশু স্বশিরসি হস্তং ন্যস্য প্রতীয়তাম্ ॥৩৩
যদ্যসত্যং বচঃ শম্ভোঃ কথঞ্চিদ্দানবর্ষভ।
তদৈনং জহ্যসদ্বাচং ন যদ্বক্তানৃতং পুনঃ ॥৩৪

শ্রীভগবান্ উবাচ: হে শাকুনেয়! ব্যক্তং নিশ্চিতং ভবান্ শ্রান্তঃ এব, কিং কিমর্থং দূরম্ আগতঃ? অতঃ ক্ষণং বিশ্রম্যতাং, যতঃ অয়ম্ আত্মা দেহঃ পুংসঃ সর্ব্বকামধুক্ সর্ব্বপুরুষার্থহেতুঃ (অতঃ মা পীড়য়) ॥২৯

যুষ্মদ্ব্যবসিতং যুষ্মাভিঃ নিশ্চিতং কার্য্যং যদি নঃ অস্মাকং শ্রবণায় অলং যোগ্যং, তর্হি হে প্রভো পুরুষব্যাঘ্র! ভণ্যতাং কথ্যতাম্ ॥৩০

শ্রীশুকঃ উবাচ। এবং অমৃতবর্ষিণা বচসা ভগবতা পৃষ্টঃ গতক্লমঃ গতশ্রমঃ, অসুরঃ যথাপূর্ব্বম্ অনুষ্ঠিতং সর্ব্বং তস্মৈ অব্রবীৎ ॥৩১

শ্রীভগবান্ উবাচ। অহো! যঃ প্রেতপিশাচরাট্ দক্ষশাপাৎ পৈশাচ্যং প্রাপ্তঃ, এবং চেৎ এবম্ভূতস্য বচনং ন বয়ং শ্রদ্দধীমহি ॥৩২

হে দানবেন্দ্র! অঙ্গ! বঃ যুষ্মাকং যদি তত্র জগদ্গুরৌ বিশ্রম্ভঃ বিশ্বাসঃ অস্তি, তর্হি আশু স্বশিরসি হস্তং ন্যস্য প্রতীয়তাং তদ্বচনং পরীক্ষ্যতাম্ ॥৩৩

যদি শম্ভোঃ বচঃ কথঞ্চিৎ অসত্যম্ অনৃতং স্যাৎ, তদা হে দানবর্ষভ! অসদ্বাচম্ এনং রুদ্রং জহি তাড়য়! যতঃ পুনঃ সঃ অনৃতং ন বক্তা ন বক্ষ্যতি ॥৩৪

হুতাশনের স্যায়, তদীয় জ্যোতিতে দিক্‌সমূহ আলোকিত হইল। তিনি দূর হইতে বৃকাসুরের অভিমুখে অগ্রসর হইলেন এবং বিশেষ নম্রতা সহকারে তাহাকে অভিবাদন পূর্ব্বক বলিলেন—।২৭-২৮

শ্রীভগবান্ বলিলেন,—হে শকুনি-নন্দন! আপনাকে দেখিয়া আমি একান্ত শ্রান্ত বলিয়াই অনুমান করিতেছি। কি কারণে আপনি এতদূর আগমন করিয়াছেন? এক্ষণে ক্ষণকাল বিশ্রাম করুন্। দেখুন! এই দেহের দ্বারাই জীবের সর্ব্বপ্রকার পুরুষার্থলাভ হইয়া থাকে; সুতরাং এই প্রকারে তাদৃশ দেহের পীড়ন করা আপনার কোনমতে কর্ত্তব্য নহে।২৯

হে প্রভো পুরুষব্যাঘ্র! আমার নিকট আপনার অভিপ্রায় প্রকাশের যদি কোন ব্যাঘাত না থাকে, অনুগ্রহ পূর্ব্বক প্রকাশ করুন্। আমি যথাসামর্থ্য তাহার প্রতিকারে যত্ন করিব।৩০

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! ভগবানের তাদৃশ অমৃতবর্ষিণী বাণী শ্রবণে বৃকাসুরের সকল পরিশ্রমের যেন নিবারণ হইল। সে শান্ত হইয়া নিজের অনুষ্ঠিত সংকল্প তাঁহার নিকট আনুপূর্ব্বিক বর্ণন করিল।৩১

তাহার উক্তি শ্রবণে ভগবান্ নারায়ণ বলিলেন, অহো! দক্ষপ্রজাপতির অভিসম্পাতে পিশাচত্ব লাভে যে ব্যক্তি এক্ষণে প্রেতপিশাচগণের পতি হইয়া আছে, তাহার বাক্যে কিছুমাত্র বিশ্বাস করা কর্ত্তব্য নহে।৩২

হে দানবেন্দ্র! আপনারা যদি জগদ্গুরু বিবেচনায় তাহার কথায় বিশ্বাস করেন, তবে এখনই নিজের মস্তকে কর প্রদানে বরের সত্যাসত্য-

ইত্থং ভগবতশ্চিত্রৈর্বচোভিঃ স সুপেশলৈঃ।
ভিন্নধীর্বিস্মৃতঃ শীর্ষ্ণি স্বহস্তং কুমতির্ব্যধাৎ ॥৩৫

অথাপতদ্ভিন্নশিরা বজ্রাহত ইব ক্ষণাৎ।
জয়শব্দো নমঃশব্দঃ সাধুশব্দোঽভবদ্দিবি ॥৩৬

মুমুচুঃ পুষ্পবর্ষাণি হতে পাপে বৃকাসুরে।
দেবর্ষি-পিতৃ-গন্ধর্ব্বা মোচিতঃ সঙ্কটাচ্ছিবঃ ॥৩৭

এবম্ভূতৈঃ চিত্রৈঃ ভ্রামকৈঃ, সুপেশলৈঃ অতিরম্যৈঃ ভগবতঃ বচোভিঃ ভিন্না ভ্রংশিতা ধীঃ যস্য অতএব বিস্মিতঃ সঃ কুমতিঃ অসুরঃ স্বশীর্ষ্ণি স্বহস্তং ব্যধাৎ নিহিতবান্ ॥৩৫

অথ হস্তদানানন্তরং তৎক্ষণাৎ এব বজ্রাহতঃ ইব ভিন্নশিরাঃ সঃ অপতৎ। তদা চ দিবি নমঃশব্দঃ জয়শব্দঃ সাধুশব্দঃ চ অভবৎ ॥৩৬

পাপে বৃকাসুরে হতে সতি দেবর্ষি-পিতৃ-গন্ধর্ব্বাঃ পুষ্পবর্ষাণি মুমুচুঃ। সঙ্কটাৎ শিবঃ মোচিতঃ। তদা পুরুষোত্তমঃ ভগবান্

সম্বন্ধে পরিচয় গ্রহণ করুন্ ।৩৩

যদি শম্ভুর কথা কোন প্রকারে মিথ্যা হয়, তাহা হইলে হে দানবেন্দ্র! ঐ মিথ্যাবাদীকে এখনই বিনাশ করুন্। যেন ঐ ব্যক্তি পুনরায় এরূপ মিথ্যা বাক্যের দ্বারা আর কাহাকেও কখন প্রতারিত করিতে না পারে ।৩৪

ভগবানের তাদৃশ ভ্রমোৎপাদক মনোহর বাক্যে অসুরের বুদ্ধি বিচলিত হইয়া গেল; ঐ কুমতি বিস্মিতের ন্যায় নিজ মস্তকেই স্বীয় কর স্থাপন করিল ।৩৫

অহো! বৃকাসুর নিজের মস্তকে যেমন কর স্থাপন করিল, অমনিই বজ্রাহতের ন্যায় ছিন্নমস্তক হইয়া ভূমিতে নিপতিত হইল। তখন স্বর্গে চতুর্দ্দিক্ হইতে জয়ধ্বনি, নমঃশব্দ ও সাধুবাদ অমরগণের মুখে

মুক্তং গিরিশমভ্যাহ ভগবান্ পুরুষোত্তমঃ।
অহো দেব মহাদেব পাপোঽয়ং স্বেন পাপ্মনা ॥৩৮

হতঃ কো নু মহৎস্বীশ জন্তুর্বৈ কৃতকিল্বিষঃ।
ক্ষেমী স্যাৎ কিমু বিশ্বেশে কৃতাগস্কো জগদ্গুরৌ ॥৩৯

য এবমব্যাকৃতশক্ত্যুদন্বতঃ।
পরস্য সাক্ষাৎ পরমাত্মনো হরেঃ।

মুক্তং গিরিশম্ অভি আহ,—হে দেব মহাদেব! অয়ং পাপঃ স্বেন পাপ্মনা হতঃ। হে ঈশ! মহৎসু ভক্তেষু অপি কৃতকিল্বিষঃ কৃতাপরাধঃ কঃ নু জন্তুঃ ক্ষেমী স্যাৎ। অতঃ জগদ্গুরৌ জগৎপূজ্যে বিশ্বেশে ত্বয়ি কৃতাগস্কঃ কৃতাপরাধঃ জন্তুঃ ক্ষেমী ন স্যাৎ ইতি তু কিমু বক্তব্যম্ ॥৩৭-৩৯

যঃ এবম্ অব্যাকৃতশক্ত্যুদন্বতঃ (অব্যাকৃতানাং প্রপঞ্চাতীতানাং শক্তীনাম্ উদন্বতঃ সমুদ্রস্য) সাক্ষাৎ পরস্য নিরুপাধিকতয়া পরমেশ্বরস্য পরমাত্মনঃ হরেঃ গিরিত্রমোক্ষং

শ্রুত হইতে লাগিল ।৩৬

পাপাত্মা বৃকাসুর নিহত হওয়ায়, শঙ্কর বিষম সঙ্কট হইতে নিষ্কৃতি লাভ করিলেন ভাবিয়া দেবর্ষিগণ, পিতৃগণ এবং গন্ধর্ব্বগণ আনন্দে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন। তখন পুরুষোত্তম ভগবান্ বিষ্ণু বিপন্মুক্ত গিরিশকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—হে মহেশ্বর! ভবদীয় মহামনা ভক্তগণের প্রতি অন্যায়াচরণ করিলে যখন কেহই নিষ্কৃতি পান না, তখন জগৎপূজ্য বিশ্ব-সংসারের সাক্ষাৎ গুরুস্বরূপ আপনার বিরুদ্ধাচরণ করিলে, কেহই যে অব্যাহতি পাইবে না, তাহাতে আর বক্তব্য কি ।৩৭-৩৯

প্রপঞ্চের অতীত অব্যক্ত শক্তিসমূহের অপার জলধিস্বরূপ, পরাৎপর, পরমেশ, ভগবান্ শ্রীহরির শিবমোচনস্বরূপ অদ্ভুত চরিত্রের বিষয় যিনি ভক্তি সহকারে স্বয়ং শ্রবণ করেন বা অপরকে শ্রবণ করান

গিরিত্রমোক্ষং কথয়েচ্ছৃণোতি বা
বিমুচ্যতে সংসৃতিভিস্তথারিভিঃ ॥৪০

শিবমোচনরূপং চরিত্রং যঃ শৃণোতি বা কথয়েৎ, সঃ সংসৃতিভিঃ তথা অরিভিঃ বিমুচ্যতে ॥৪০

তাঁহার আর শত্রুভয় থাকে না; তিনি সংসার-বন্ধন হইতে অবলীলাক্রমে মুক্তিলাভ করেন।৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
দশম-স্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অষ্টাশীতিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোননবতিতমঃ অধ্যায়ঃ।

[ভৃগুণা ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাণাং পরীক্ষণম্, বিষ্ণোঃ শ্রৈষ্ঠ্যবর্ণনম্, পার্থেন সহ মহাকালপুরং গত্বা ভগবতা ব্রাহ্মণস্য মৃতপুত্রাণামানয়নঞ্চ।]

শ্রীশুক উবাচ।

সরস্বত্যাস্তটে রাজন্ ঋষয়ঃ সত্রমাসত।
বিতর্কঃ সমভূৎ তেষাং ত্রিষ্বধীশেষু কো মহান্ ॥১
তস্য জিজ্ঞাসয়া তে বৈ ভৃগুং ব্রহ্মসুতং নৃপ।
তজ্জ্ঞপ্ত্যৈ প্রেষয়ামাসুঃ সোঽভ্যগাদ্ ব্রহ্মণঃ সভাম্ ॥২
ন তস্মৈ প্রহ্বণং স্তোত্রং চক্রে সত্ত্বপরীক্ষয়া।
তস্মৈ চুক্রোধ ভগবান্ প্রজ্বলন্ স্বেন তেজসা ॥৩
স আত্মন্যুত্থিতং মন্যুমাত্মজায়াত্মনা প্রভুঃ।
অশীশমদ্ যথা বহ্নিং স্বযোন্যা বারিণাত্মভূঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সরস্বত্যাঃ নদ্যাঃ তটে ঋষয়ঃ সত্রম্ আসত অকুর্ব্বত, তদা ত্রিষু অধীশেষু ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রেষু মধ্যে কঃ মহান্ ইতি বিতর্কঃ সমভূৎ সংশয়ঃ উত্থিতঃ ॥১
তস্য মহত্ত্বস্য জিজ্ঞাসয়া তে ঋষয়ঃ তস্য জ্ঞপ্ত্যৈ জ্ঞানার্থং, ব্রহ্মসুতং বৈ ভৃগুং প্রেষয়ামাসুঃ। হে নৃপ! সঃ চ ভৃগুঃ ব্রহ্মণঃ সভাম্ অভ্যগাৎ ॥২
সত্ত্বপরীক্ষয়া (সত্ত্বগুণঃ অস্য অস্তি ন বা ইতি পরীক্ষার্থং) তস্মৈ ব্রহ্মণে সঃ ভৃগুঃ প্রহ্বণং নমস্কারং স্তোত্রং চ ন চক্রে কৃতবান্। এতেন স্বেন তেজসা প্রজ্বলন্ ভগবান্ ব্রহ্মা তস্মৈ ভৃগবে চুকোপ চুক্রোধ ॥৩

একোননবতিতম অধ্যায়।

[ভৃগু কর্ত্তৃক ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের পরীক্ষা, বিষ্ণুর শ্রেষ্ঠত্ব বর্ণন এবং অর্জ্জুনের সহিত মহাকালের পুরে গমন করিয়া ভগবান্ কর্ত্তৃক ব্রাহ্মণের মৃত পুত্রগণকে আনয়ন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! সরস্বতী নদীর তীরে ঋষিগণ সত্রযাগে নিযুক্ত ছিলেন; ইতিমধ্যে তাঁহাদের মনোমধ্যে একটী বিষম সন্দেহ উপস্থিত হইল যে, ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেবের মধ্যে কোন্ দেবতা শ্রেষ্ঠ?১

পরে এই বিষয়ের মীমাংসার জন্য তাঁহারা ব্রহ্মার পুত্র ভৃগুকে তদবধারণার্থ প্রেরণ করেন। মহামুনি ভৃগুও ইহার অবগতির নিমিত্ত প্রথমতঃ ব্রহ্মার সভায় উপনীত হইলেন।২

ততঃ কৈলাসমগমৎ স তং দেবো মহেশ্বরঃ।
পরিরব্ধুং সমারেভ উত্থায় ভ্রাতরং মুদা॥৫
নৈচ্ছৎ ত্বমস্যুৎপথগ ইতি দেবশ্চুকোপ হ।
শূলমুদ্যম্য তং হন্তুমারেভে তিগ্মলোচনঃ॥৬
পতিত্বা পাদয়োর্দেবী সান্ত্বয়ামাস তং গিরা।
অথো জগাম বৈকুণ্ঠং যত্র দেবো জনার্দ্দনঃ॥৭

শয়ানং শ্রিয় উৎসঙ্গে পদা বক্ষস্যতাড়য়ৎ।
তত উত্থায় ভগবান্ সহ লক্ষ্ম্যা সতাং গতিঃ।
স্বতল্পাদবরুহ্যাথ ননাম শিরসা মুনিম্॥৮

আহ তে স্বাগতং ব্রহ্মন্ নিষীদাত্রাসনে ক্ষণম্।
অজানতামাগতান্ বঃ ক্ষন্তুমর্হথ নঃ প্রভো॥৯

ততঃ চ সঃ ব্রহ্মা আত্মজায় ভৃগবে, আত্মনি মনসি উত্থিতং মন্যুং ক্রোধম্, আত্মনা বুদ্ধ্যা স্বযোন্যাঃ অবনেঃ উত্থিতং বহ্নিং কশ্চিৎ প্রভুঃ বারিণা যথা শময়তি, তথা আত্মভূঃ ব্রহ্মা অশীশমৎ শান্তং কৃতবান্॥৪

ততঃ চ সঃ ভৃগুঃ কৈলাসম্ অগমৎ। তত্র সঃ দেবঃ মহেশ্বরঃ উত্থায় ভ্রাতরং যথা তথা তং ভৃগুং মুদা হর্ষেণ পরিরব্ধুম্ আলিঙ্গিতুং সমারেভে॥৫

সঃ চ ভৃগুঃ ত্বং চিতাভস্মাদিধারী উৎপথগঃ অসি ইতি বদন্ তৎপরিরম্ভণং ন ঐচ্ছৎ। তদা তিগ্মলোচনঃ মহাদেবঃ চুকোপ তথা শূলম্ উদ্যম্য তং ভৃগুং হন্তুম্ আরেভে॥৬

কিন্তু দেবী অম্বিকা শিবস্য পাদয়োঃ পতিত্বা গিরা স্তুত্যাদিরূপয়া তং শিবং সান্ত্বয়ামাস। অথ অনন্তরং ভৃগুঃ যত্র দেবঃ জনার্দ্দনঃ আস্তে, তং বৈকুণ্ঠং জগাম॥৭

তথা শ্রিয়ঃ উৎসঙ্গে শয়ানং জনার্দ্দনং বক্ষসি পদা অতাড়য়ৎ। ততঃ সতাং গতিঃ ভগবান্ লক্ষ্ম্যা সহ উত্থায়, স্বতল্পাৎ অবরুহ্য শিরসা মুনিম্ আশু ননাম॥৮

আহ চ হে ব্রহ্মন্! তে ত্বয়া স্বাগতম্। অত্র আসনে ক্ষণং নিষীদ উপবিশ। হে প্রভো! বঃ যুষ্মান্ আগতান্ অজানতাং নঃ অস্মাকম্ অপরাধং ক্ষন্তুম্ অর্হসি॥৯

এবং জনকের সত্ত্বগুণের পরীক্ষার্থ, তিনি তাঁহাকে দর্শন করিয়াও প্রণাম বা অভিবাদনাদি কিছুই করিলেন না। এদিকে কমলাসন ব্রহ্মা পুত্রের তাদৃশ ধৃষ্টতা দর্শনে মনে মনে নিতান্ত অসন্তুষ্ট হইলেন; ক্রোধে যেন তিনি প্রজ্বলিত হইয়া উঠিলেন।৩

পুত্রের প্রতি তাদৃশ বিরক্ত হইয়াও, বাহিরে কিন্তু তাহা কিছুই প্রকাশ করিলেন না; বারির সংস্রবে বহ্নি যেমন আপনাতে উপশমিত হয়, কমলাসনও সেইরূপ স্বীয় বিবেক-বলে চিত্তোত্থিত ক্রোধকে স্বীয় চিত্তমধ্যেই সংবরণ করিলেন।৪

তখন মহর্ষি ভৃগু ব্রহ্মার তাদৃশ অবস্থা অবলোকন করত, তাঁহাকে আর কিছুই না বলিয়া যথায় দেবদেব ত্রিলোচন অবস্থান করিতেছেন, সেই কৈলাসে গমন করিলেন। মহাদেব মহর্ষিকে অকস্মাৎ উপনীত অবলোকন করিয়াই আনন্দে গাত্রোত্থান করিলেন এবং সহোদরের ন্যায় ভৃগুকে আলিঙ্গন করিবার নিমিত্ত তদভিমুখে অগ্রসর হইলেন।৫

কিন্তু ভৃগু তাঁহার আলিঙ্গনকে উপেক্ষা করত বলিলেন যে,—তুমি যথেচ্ছাচারী! আমি তোমাকে স্পর্শ করিব না। এতৎ শ্রবণে মহাদেব ক্রুদ্ধ হইলেন এবং ক্রোধে আরক্তলোচন হইয়া ত্রিশূল উত্তোলন পূর্ব্বক ভৃগুকে প্রহার করিতে উদ্যত হইলেন। কিন্তু দেবী অম্বিকা ত্রিলোচনের পদতলে পতিতা হইয়া, অতীব মধুর বচনে স্বামীকে শান্ত করিলেন।

অনন্তর ভৃগু ভগবান্ বিষ্ণু যে স্থানে আছেন, সেই বৈকুণ্ঠধামে গমন করিলেন। তথায় ভগবান্ বিষ্ণু তখন কমলার ক্রোড়ে নিদ্রিত রহিয়াছেন দেখিয়া, মহর্ষি ভৃগু তাঁহার বক্ষে অকস্মাৎ পদাঘাত করিলেন।

অহো! সাধুগণের পরম আশ্রয় মোক্ষমূর্ত্তি ভগবান্ জনার্দ্দন তৎক্ষণাৎ গাত্রোত্থান করিয়া, কান্তা কমলাসহ শয্যা হইতে অবতরণ করিলেন এবং ভক্তিভরে ও অবনত মস্তকে উভয়ে সেই ঋষিকে প্রণাম করিলেন।৬-৮

অতীব কোমলৌ তাত চরণৌ তে মহামুনে।
বজ্রকর্কশমদ্বক্ষঃস্পর্শেন পরিপীড়িতৌ ॥
ইত্যুক্ত্বা বিপ্রচরণৌ মর্দয়ন্ স্বেন পাণিনা ॥১০
পুনীহি সহলোকং মাং লোকপালাংশ্চ মদ্গতান্।
পাদোদকেন ভবতস্তীর্থানাং তীর্থকারিণা ॥১১
অদ্যাহং ভগবন্ লক্ষ্ম্যা আসমেকান্তভাজনম্।
বৎস্যত্যুরসি মে ভূতির্ভবৎপাদহতাংহসঃ ॥১২

শ্রীশুক উবাচ।

এবং ব্রুবাণে বৈকুণ্ঠে ভৃগুস্তন্মন্দ্রয়া গিরা।
নির্বৃতস্তর্পিতস্তূষ্ণীং ভক্ত্যুৎকণ্ঠোঽশ্রুলোচনঃ ॥১৩
পুনশ্চ সত্রমাব্রজ্য মুনীনাং ব্রহ্মবাদিনাম্।
স্বানুভূতমশেষেণ রাজন্ ভৃগুরবর্ণয়ৎ ॥১৪
তন্নিশম্যাথ মুনয়ো বিস্মিতা মুক্তসংশয়াঃ।
ভূয়াংসং শ্রদ্দধুর্বিষ্ণুং যতঃ শান্তির্যতোঽভয়ম্ ॥১৫

হে তাত! হে মহামুনে! তে চরণৌ অতীব কোমলৌ বজ্রকর্কশ-মদ্বক্ষঃস্পর্শেন পরিপীড়িতৌ ইতি উক্ত্বা স স্বেন পাণিনা বিপ্রচরণৌ মর্দ্দয়ন ॥১০

হে ভগবন্! তীর্থানাং গঙ্গাদীনাম্ অপি তীর্থকারিণা পাবিত্র্যকারিণা স্বস্য তব পাদোদকেন সহলোকং (লোকেন বৈকুণ্ঠেন সহিতং) মাং মদ্গতান্ লোকপালান্ চ পুনীহি ॥১১

হে ভগবন্! অদ্য অহং লক্ষ্ম্যাঃ একান্তভাজনং নিয়তাশ্রয়ঃ আসম্। যতঃ ভবৎপাদহতাংহসঃ (ভবৎপাদস্পর্শেন হতম্ অংহঃ পাপং যস্য তস্য) মে মম বক্ষসি উরসি ভূতিঃ লক্ষ্মীঃ বৎস্যতি ইতি অহং প্রার্থয়ে ॥১২

শ্রীশুকঃ উবাচ। বৈকুণ্ঠে বিষ্ণৌ এবং ব্রুবতি সতি তস্য মন্দ্রয়া গম্ভীরয়া গিরা নির্বৃতঃ সুখিতঃ, অতঃ তর্পিতঃ ভক্ত্যা উৎকণ্ঠঃ বাষ্পরুদ্ধকণ্ঠঃ সন্ অশ্রূণি লোচনয়োঃ যস্য সঃ ভৃগুঃ তূষ্ণীং বভূব ॥১৩

হে রাজন্! ততঃ ব্রহ্মবাদিনাং মুনীনাং স্বসত্রং পুনঃ আব্রজ্য স্বেন যৎ অনুভূতং দৃষ্টং চ ব্রহ্মাদিত্রয়াণাং বৃত্তং তৎ সর্ব্বং ভৃগুঃ অবর্ণয়ৎ ॥১৪

(ভৃগুণা বর্ণিতং) তৎ নিশম্য শ্রুত্বা, অথ অনন্তরং বিস্মিতাঃ আশ্চর্য্যযুক্তাঃ মুক্তসংশয়াঃ (মহত্ত্বে সংশয়রহিতাঃ) মুনয়ঃ বিষ্ণুম্ এব ভূয়াংসং শ্রদ্দধুঃ সর্ব্বোৎকৃষ্টত্বেন নিশ্চিতবন্তঃ। যতঃ যস্মিন্ শান্তিঃ ক্রোধলোভাদিরাহিত্যং, যতঃ সেব্যমানাৎ সেবকানাম্ অভয়ং সংসারভয়-নিবৃত্তিরূপা মুক্তিঃ চ ভবতি ॥১৫

এবং বলিলেন,—হে ব্রহ্মন্! আপনার সর্ব্বাঙ্গীণ মঙ্গল ত! এই আসনে ক্ষণকাল বিশ্রাম করুন্। হে প্রভো! আপনি যে এতক্ষণ এখানে আগমন করিয়াছেন, তাহা আমি জানিতে পারি নাই, তজ্জন্য আমাকে ক্ষমা করুন্।৯

হে তাত মহামুনে! ভবদীয় চরণ-দ্বয় কমল হইতেও সুকোমল! না জানি! বজ্র-সদৃশ দারুণ কর্কশ মদীয় বক্ষঃস্থলের স্পর্শে আপনার পাদতলে কতই বেদনা বোধ হইয়া থাকিবে! এই কথা বলিয়া শ্রীভগবান্ নিজ হস্তে বিপ্রের চরণদ্বয় সংবাহন করিতে বলিলেন।১০

হে ভগবন্! আপনাদের পাদস্পর্শে গঙ্গাদি তীর্থসমূহের তীর্থত্বের পরিচয় যখন হয়, তখন ঐ চরণবারির প্রভাবে মদীয় বৈকুণ্ঠধাম এবং আমার লোকপালগণ সহ আমাকে পবিত্র করুন্।১১

অহো! অদ্যই আমি লক্ষ্মীর প্রকৃত নির্জন বাসের উপযুক্ত আশ্রয় হইলাম! প্রার্থনা করি! আপনার পাদতাড়নে যেমন আমার নিষ্পাপ দেহ হইল, সর্ব্বৈশ্বর্য্যরূপে ভবদীয় চরণ-চিহ্ন যেন আমার বক্ষোপরি নিরন্তর সুস্পষ্ট অঙ্কিত থাকে।১২

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! ভগবান্ বৈকুণ্ঠনাথের তাদৃশ অমৃতপূর্ণ বিনম্র গম্ভীর বাণী শ্রবণ করিয়া, মহর্ষি ভৃগু সম্পূর্ণ নির্বৃত হইলেন; ভক্তির আবেগে তাঁহার নয়ন-যুগল হইতে প্রেমধারা বিগলিত হইতে লাগিল; তিনি নিতান্ত পরিতৃপ্ত হইয়া তূষ্ণীম্ভাব অবলম্বনে ভগবান্‌কে আর কোন উত্তর দিতে পারিলেন না।১৩

হে রাজন্! অনন্তর মহর্ষি ভৃগু সেই ব্রহ্মবাদী ঋষিগণের যজ্ঞক্ষেত্রে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্রদেব সম্বন্ধীয় যাবতীয় স্বীয় অনুভূত ব্যাপার

ধর্ম্মঃ সাক্ষাদ্ যতো জ্ঞানং বৈরাগ্যঞ্চ তদন্বিতম্।
ঐশ্বর্য্যঞ্চাষ্টধা যস্মাদ্ যশশ্চাত্মমলাপহম্ ॥১৬

মুনীনাং ন্যস্তদণ্ডানাং শান্তানাং শমচেতসাম্।
অকিঞ্চনানাং সাধুনাং যমাহুঃ পরমাং গতিম্ ॥১৭

সত্ত্বং যস্য প্রিয়া মূর্ত্তির্ব্রাহ্মণাস্ত্বিষ্টদেবতাঃ।
ভজন্ত্যনাশিষঃ শান্তা যং বা নিপুণবুদ্ধয়ঃ ॥১৮

ত্রিবিধাকৃতয়স্তস্য রাক্ষসা অসুরাঃ সুরাঃ।
গুণিন্যা মায়য়া সৃষ্টাঃ সত্ত্বং তৎ তীর্থসাধনম্ ১৯

যস্মাৎ ধর্ম্মঃ প্রবর্ত্ততে, সাক্ষাৎ সাক্ষাৎকারাত্মকং, জ্ঞানং তদন্বিতং চতুর্বিধং (যতমানসংজ্ঞং ব্যতিরেকসংজ্ঞম্ একেন্দ্রিয়-সংজ্ঞং বশীকারসংজ্ঞম্ ইতি অথবা চতুর্ব্বর্গোপেক্ষালক্ষণং চতুর্ব্বিধং) বৈরাগ্যম্, (অণিমাদিভেদেন) অষ্টধা অষ্টবিধম্ ঐশ্বর্য্যং চ ভবতি, তথা আত্মনঃ শ্রোতৃজনান্তঃকরণস্য রাগ-লোভাদি পাপাত্মকং মলম্ অপহন্তীতি তথাভূতং যশঃ চ ভবতি ॥১৬

মুনীনাং মননশীলানাং, ন্যস্তদণ্ডানাং ত্যক্তপ্রাণিদ্রোহাণাং, শান্তানাং রাগলোভাদিরহিতানাং, শমচেতসাম্ (শমং ব্রহ্ম পশ্যতাম্), অকিঞ্চনানাং সর্ব্বতো বিরক্তানাং, সাধূনাং পরোপকার-শীলানাং যৎ পরমাং গতিম্ উৎকৃষ্টং প্রাপ্যং ফলম্ আহুঃ বদন্তি ॥১৭

সত্ত্বং যস্য প্রিয়া মূর্ত্তিঃ ব্রাহ্মণাঃ তু যস্য ইষ্টদেবতাঃ ইষ্ট দেবতুল্যত্বেন আদরণীয়াঃ, অনাশিষঃ নিষ্কামাঃ, শান্তাঃ রাগাদিরহিতাঃ, নিপুণবুদ্ধয়ঃ বিবেকিনঃ জনাঃ যং বা এব ভজন্তি ॥১৮

যস্য রাক্ষসাঃ তামসাঃ, অসুরাঃ রাজসাঃ, সুরাঃ সাত্ত্বিকাঃ ইতি ত্রিবিধাঃ আকৃতয়ঃ মূর্ত্তয়ঃ এব গুণিন্যা ত্রিগুণাত্মিকয়া মায়য়া সৃষ্টাঃ। তস্য সত্ত্বং সত্ত্বমূর্ত্তিঃ, তীর্থসাধনম্ আত্মবিশুদ্ধেঃ কারণম্ ॥১৯

শ্রীশুক উবাচ।
ইত্থং সারস্বতা বিপ্রা নৃণাং সংশয়নুত্তয়ে।
পুরুষস্য পদাম্ভোজ-সেবয়া তদ্গতিং গতাঃ ॥২০

সূত উবাচ।
ইত্যেতন্মুনিতনয়াস্যপদ্মগন্ধ-
পীযূষং ভবভয়ভিৎ পরস্য পুংসঃ।
সুশ্লোকং শ্রবণপুটৈঃ পিবত্যভীক্ষ্ণং
পান্থোঽধ্বভ্রমণপরিশ্রমং জহাতি ॥২১

শ্রীশুকঃ উবাচ। ইত্থম্ এবং সারস্বতাঃ সরস্বতীতীর-বাসিনঃ বিপ্রাঃ নৃণাং সংশয়নুত্তয়ে বিষ্ণোঃ মহত্ত্বং নির্ণীয় তস্য পুরুষস্য পদাম্ভোজসেবয়া তদ্গতিং তৎস্বরূপং গতাঃ প্রাপ্তাঃ ॥২০

তাঁহাদিগের সমাগে আনুপূর্ব্বিক বর্ণন করিলেন।১৯

ভৃগুর মুখে উক্ত দেবতাত্রয়ের স্বাভাবিক গুণের পরিচয়ে তাঁহাদের প্রত্যেকের আচরণের বিষয় শ্রবণ করিয়া মুনিগণ বিস্মিত হইলেন; পরস্পরের শ্রেষ্ঠত্ব সম্বন্ধে তাঁহাদের সংশয় অপনোদিত হইল। যে ভগবান্ বিষ্ণু হইতে জীবের যাবতীয় ভয়ের নিবারণে তাদৃশ শান্তি লাভ হইয়া থাকে, তাঁহাকেই তাঁহারা সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞানে তদবধি বিশেষ শ্রদ্ধা করিতে লাগিলেন।১৫

মুনিগণ ভাবিলেন যে, শ্রবণ-কীর্ত্তনাদিরূপ ধর্ম্ম, জ্ঞান, চতুর্ব্বিধ বৈরাগ্য, অষ্টবিধ অণিমাদি ঐশ্বর্য্যের প্রদাতা এবং হৃদয়-জাত রাগ-মলাদির নির্হরণকারী তাদৃশ পবিত্র যশ সাক্ষাৎ সম্বন্ধে যাঁহার নিকট হইতে প্রাপ্ত হওয়া যায়, এই সংসারে তাদৃশ পরম-পুরুষ বিষ্ণু অপেক্ষা অন্য কে শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট বলিয়া পরিচিত হইবেন?১৬

রাগ-দ্বেষাদিশূন্য, শমগুণসম্পন্ন, শান্তচেতা, নিষ্কামী ও সচ্চরিত্র মুনিগণের যিনি একমাত্র পবিত্র মোক্ষস্বরূপ পরমা গতি।১৭

বিশুদ্ধ সত্ত্বগুণই যাঁহার প্রিয় মূর্ত্তি, স্বীয় ইষ্ট-দেবতার ন্যায় ব্রাহ্মণগণকে যিনি সমাদর করিয়া থাকেন এবং সম্পূর্ণ উপশান্তচেতা বিবেকী নিষ্কাম ব্যক্তিগণই যাঁহার উপাসনা করিয়া থাকেন, সেই বিষ্ণুই সর্ব্বশ্রেষ্ঠ।১৮

অহো! সত্ত্বরজস্তমোগুণাত্মিকা স্বীয় অচিন্ত্য-শক্তিস্বরূপা মায়ার দ্বারা নির্ম্মিত রাক্ষস, অসুর এবং

শ্রীশুক উবাচ।

একদা দ্বারবত্যান্তু বিপ্রপত্ন্যাঃ কুমারকঃ।
জাতমাত্রো ভুবং স্পৃষ্ট্বা মমার কিল ভারত ॥২২
বিপ্রো গৃহীত্বা মৃতকং রাজদ্বার্য্যুপধায় সঃ।
ইদং প্রোবাচ বিলপন্নাতুরো দীনমানসঃ ॥২৩
ব্রহ্মদ্বিষঃ শঠধিয়ো লুব্ধস্য বিষয়াত্মনঃ।
ক্ষত্রবন্ধোঃ কর্ম্মদোষাৎ পঞ্চত্বং মে গতোঽর্ভকঃ ॥২৪
হিংসাবিহারং নৃপতিং দুঃশীলমজিতেন্দ্রিয়ম্।
প্রজা ভজন্ত্যঃ সীদন্তি দরিদ্রা নিত্যদুঃখিতাঃ ॥২৫
এবং দ্বিতীয়ং বিপ্রর্ষিস্তৃতীয়ন্ত্বেবমেব চ।
বিসৃজ্য স নৃপদ্বারি তাং গাথাং সমগায়ত ॥২৬
তামর্জ্জুন উপশ্রুত্য কর্হিচিৎ কেশবান্তিকে।
পরেতে নবমে বালে ব্রাহ্মণং সমভাষত ॥২৭

সূতঃ উবাচ। মুনিতনয়স্য মুনেঃ ব্যাসস্য তনয়স্য শুকস্য, আস্যপদ্মং মুখকমলং তস্য গন্ধঃ যথার্থঃ তস্মিন্ তং পীযূষম্ অমৃতম্ ইব স্বাদু ভবভয়ভিৎ (ভবভয়ং ভিনত্তি ইতি) ইতি এবং পূর্ব্ব-বর্ণিতম্ এতৎ পরস্য পুংসঃ বিষ্ণোঃ সুশ্লোকং প্রশংসাযোগ্যং যঃ পান্থঃ (সংসারপথি বর্ত্তমানঃ পুমান্) শ্রবণপুটৈঃ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ পিবতি, সঃ অধ্বভ্রমণপরিশ্রমং (জন্মমরণাদি সংসারপরিভ্রমণ-জনিত-তাপ-ত্রয়ং) জহাতি পরিত্যজতি ॥২১

শ্রীশুকঃ উবাচ। হে ভারত! দ্বারবত্যাং তু একদা বিপ্রপত্ন্যাঃ জাতমাত্রঃ কুমারকঃ পুত্রঃ ভুবং স্পৃষ্ট্বা মমার ॥২২

পুত্রমরণাৎ দীনমানসঃ (দীনং দুঃখিতং মানসং যস্য সঃ) আতুরঃ ব্যাকুলচিত্তঃ সঃ বিপ্রঃ মৃতকং পুত্রং গৃহীত্বা রাজদ্বারি উপাধ্যায় বিলপন্ ইদং প্রোবাচ ॥২৩

ব্রহ্মদ্বিষঃ (ব্রাহ্মণান্ দ্বেষ্টীতি তথা তস্য) শঠধিয়ঃ বঞ্চকস্য, লুব্ধস্য বিষয়াত্মনঃ (বিষয়ে আত্মা অন্তঃকরণং যস্য তস্য) ক্ষত্রবন্ধোঃ ক্ষত্রিয়াধমস্য অস্য রাজ্ঞঃ কর্ম্মদোষাৎ মে মম অর্ভকঃ পুত্রঃ পঞ্চত্বং গতঃ মরণং প্রাপ্তঃ ॥২৪

হিংসায়াম্ এব বিহারঃ যস্য তং, দুষ্টং শীলং স্বভাবঃ যস্য তম্, অজিতেন্দ্রিয়ং নৃপতিং ভজন্ত্যঃ প্রজাঃ দরিদ্রাঃ নিত্য-দুঃখিতাঃ চ সত্যঃ সীদন্তি ক্লিশ্যন্তি ॥২৫

এবং সঃ বিপ্রর্ষিঃ মৃতং বালং দ্বিতীয়ং তৃতীয়ং তু চকারাৎ অষ্টমান্তং মৃতপুত্রং নৃপদ্বারি বিসৃজ্য তাং গাথাং বারং বারং সমগায়ত ॥২৬

দেবদেহই তাঁহার ত্রিবিধ মূর্ত্তি; কিন্তু এই ত্রিবিধের মধ্যে তাঁহার সত্ত্ব-মূর্ত্তিই পুরুষার্থের হেতুভূত তীর্থ স্থানীয়।১৯

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! এই প্রকারে সেই সরস্বতীতীরবাসী ব্রাহ্মণগণ দেবতাত্রয়ের মধ্যে শ্রেষ্ঠত্ব সম্বন্ধের সংশয় অপনোদনার্থ পরমপুরুষ ভগবানের পাদপদ্ম আরাধনার ফলেই বৈকুণ্ঠধামে গমন করিয়াছিলেন।২০

সূত বলিলেন,—মহামুনি ব্যাসদেবের পুত্র-মুখারবিন্দ হইতে বিনিঃসৃত ভবভয়-বিনাশকৃৎ পীযূষোপম পবিত্র পরমপুরুষ পরমেশের প্রশংসাযোগ্য লীলা-গাথা যে ব্যক্তি কেবল নিরন্তর শ্রবণযুগলের দ্বারা পান করেন, তাঁহাকে আর এই জন্ম-মরণাদি-সঙ্কুল সংসার-পথে কখন ভ্রমণ-ক্লেশ সহ্য করিতে হয় না।২১

ব্যাসনন্দন শ্রীশুকদেব বলিলেন,—হে মহারাজ! এক সময়ে দ্বারাবতীতে এক ব্রাহ্মণ-পত্নী একটী সন্তান প্রসব করিলেন; কিন্তু দুঃখের বিষয়! ঐ পুত্রটি ভূমিষ্ঠ হইবামাত্র মরিয়া গেল।২২

আত্মজের মৃত্যুতে ব্রাহ্মণ অতীব দুঃখিত হইলেন এবং কাতর-কণ্ঠে বিলাপ করত সেই মৃত লইয়া রাজদ্বারে উপনীত হইলেন এবং একান্ত খেদ করত বলিলেন—।২৩

অহো! ব্রাহ্মণ-দ্বেষী বিষয়-লোলুপ প্রবঞ্চক লোভী অতি নিকৃষ্ট ক্ষত্রিয় রাজার কর্ম্মদোষেই কেবল আমার এই পুত্রটী অকালে পঞ্চত্ব লাভ করিয়াছে।২৪

অহো! দুঃশীল অজিতেন্দ্রিয় এবং হিংসাদোষ-বিশিষ্ট নৃপতির শরণাগত প্রজাগণই নিতান্ত দরিদ্র হইয়া, চিরকাল অনন্ত দুঃখ ভোগ করিয়া থাকে।২৫

কিংস্বিদ্ ব্রহ্মংস্ত্বন্নিবাসে ইহ নাস্তি ধনুর্দ্ধরঃ।
রাজন্যবন্ধুরেতে বৈ ব্রাহ্মণাঃ সত্র আসতে ॥২৮
ধনদারাত্মজাপৃক্তা যত্র শোচন্তি ব্রাহ্মণাঃ।
তে বৈ রাজন্যবেষেণ নটা জীবন্ত্যসুম্ভরাঃ ॥২৯
অহং প্রজা বাং ভগবন্ রক্ষিষ্যে দীনয়োরিহ।
অনিস্তীর্ণপ্রতিজ্ঞোঽগ্নিং প্রবেক্ষ্যে হতকল্মষঃ ॥৩০

কর্হিচিৎ নবমে বালে পরেতে মৃতে সতি কেশবান্তিকে স্থিতঃ অর্জ্জুনঃ তাং গাথাম্ উপশ্রুত্য ব্রাহ্মণং সমভাষত ॥২৭

হে ব্রহ্মন্! কিংস্বিৎ কিমর্থং বৃথা বিকত্থসি? যতঃ ত্বন্নিবাসে ধনুর্দ্ধরঃ রাজন্যবন্ধুঃ ক্ষত্রিয়াভাসঃ অপি কশ্চিৎ নাস্তি। এতে ব্রাহ্মণাঃ বৈ ইব সত্রে যাগে আসতে তিষ্ঠন্তি ॥২৮

যত্র যেষু জীবৎসু সৎসু ধনাদিভিঃ পৃক্তাঃ বিযুক্তাঃ ব্রাহ্মণাঃ শোচন্তি, তে বৈ এব রাজন্যবেষেণ নটাঃ ইব অসুম্ভরাঃ প্রাণপোষণতৎপরাঃ এব জীবন্তি ॥২৯

হে ব্রহ্মন্! ইহ স্থিতঃ সন্ অহং দীনয়োঃ বাং যুবয়োঃ প্রজাঃ জনিষ্যমাণং পুত্রং রক্ষিষ্যে। যদি অনিস্তীর্ণপ্রতিজ্ঞঃ (ন নিস্তীর্ণা অতঃ ভগ্না এব প্রতিজ্ঞা যস্য তথাভূতঃ) চেৎ অহং স্যাং, তদা অগ্নিং প্রবেক্ষ্যে; তেন হতকল্মষঃ প্রতিজ্ঞাভঙ্গ-জনিতদোষমুক্তঃ ভবেয়ম্ ॥৩০

এই প্রকারে দ্বিতীয় ও তৃতীয়বার ঐরূপে ভূমিষ্ঠ হইবামাত্র পুত্রের মৃত্যু হইলে, উক্ত ব্রাহ্মণ পূর্ব্ববৎ মৃতপুত্রকে রাজদ্বারে লইয়া গিয়া আক্ষেপোক্তির প্রয়োগ করিতেন।২৬

ক্রমশ. এই প্রকারে ব্রাহ্মণের নয়টী পুত্রের মৃত্যু হইলে, এক দিবস শ্রীকৃষ্ণের সমীপে উপবিষ্ট অর্জ্জুন ব্রাহ্মণের তাদৃশ কাতরোক্তি শ্রবণ করিয়া, নিতান্ত ক্ষুণ্ণ হইলেন এবং সেই ব্রাহ্মণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।২৭

হে ব্রহ্মন্! আপনাদের আবাস-সন্নিধানে কি এমন কোন ধনুর্ধারী বীর পুরুষ নাই যে, তাঁহার দ্বারা ব্রাহ্মণ-পুত্র রক্ষিত হয়! ইহারা কি কেবল নামমাত্রে ক্ষত্রিয়! কারণ স্বীয় ক্ষাত্রধর্ম্মে জলাঞ্জলি দিয়া, এক্ষণে বুঝি ব্রাহ্মণগণের সহিত সত্রযাগেই তাঁহারা সন্নিবিষ্ট আছেন।২৮

অহো! যে সকল রাজন্যবর্গের প্রতিপাল্য ব্রাহ্মণগণ পুত্র বিত্ত ও কলত্রাদিতে বিযুক্ত হইয়া নিরন্তর শোকসাগরে নিমগ্ন হন, তাদৃশ স্বার্থপর আত্মম্ভরী রাজারা কেবল নটবৎ নৃপতিবেশে সংসারে বিরাজ করেন মাত্র।২৯

অহো! আপনারা স্ত্রীপুরুষে পুত্র-মরণ-নিবন্ধন কতই দুঃখ পাইতেছেন? সে যাহাই হউক্! আমি আপনাদের সন্তানের জীবন রক্ষা করিব; যদি তাহাতে অসমর্থ হই, তাহা হইলে অগ্নিতে প্রবিষ্ট হইয়া প্রতিজ্ঞাভঙ্গের পাপ হইতে নিষ্কৃতি লাভ করিব।৩০

ব্রাহ্মণ উবাচ।
সঙ্কর্ষণো বাসুদেবঃ প্রদ্যুম্নো ধন্বিনাং বরঃ।
অনিরুদ্ধোঽপ্রতিরথো ন ত্রাতুং শক্নুবন্তি যৎ ॥৩১
তৎ কথং নু ভবান্ কর্ম্ম দুষ্করং জগদীশ্বরৈঃ।
ত্বং চিকীর্ষসি বালিশ্যাৎ তন্ন শ্রদ্দধ্মহে বয়ম্ ॥৩২

ব্রাহ্মণঃ উবাচ। সঙ্কর্ষণঃ বলরামঃ, বাসুদেবঃ, ধন্বিনাং বরঃ প্রদ্যুম্নঃ, অপ্রতিরথঃ অনিরুদ্ধঃ যৎ অপত্যং ত্রাতুং রক্ষিতুং ন শক্নুবন্তি ॥৩১

তৎ জগদীশ্বরৈঃ অপি কর্ত্তুং দুষ্করং মদপত্যত্রাণাত্মকং কর্ম্ম কথং নু ভবান্ কর্ত্তুং শক্নুয়াৎ? অতঃ বালিশ্যাৎ মৌর্খ্যাৎ এব ত্বং তৎ চিকীর্ষসি; অতঃ বয়ং ন শ্রদ্দধ্মহে বিশ্বসিমঃ ॥৩২

ব্রাহ্মণ বলিলেন—বাসুদেব, সঙ্কর্ষণ, ধনুর্ধরাগ্রগণ্য প্রদ্যুম্ন এবং অদ্বিতীয় যোদ্ধা সাক্ষাৎ অনিরুদ্ধ যাহা রক্ষা করিতে সমর্থ হন নাই।৩১

তাদৃশ ঈশ্বরতুল্য ব্যক্তিগণেরও দুঃসাধ্য কর্ম্ম করিতে আপনি কি প্রকারে সাহসী হইতেছেন? আমার নিশ্চয়ই বোধ হইতেছে যে, নিতান্ত মূর্খত্ব-

অর্জ্জুন উবাচ।

নাহং সঙ্কর্ষণো ব্রহ্মন্ ন কৃষ্ণঃ কার্ষ্ণিরেব চ।
অহং বা অর্জ্জুনো নাম গাণ্ডীবং যস্য বৈ ধনুঃ ॥৩৩

মাবমংস্থা মম ব্রহ্মন্ বীর্য্যং ত্র্যম্বকতোষণম্।
মৃত্যুং বিজিত্য প্রধনে আনেষ্যে তে প্রজাঃ প্রভো ॥৩৪

এবং বিশ্রম্ভিতো বিপ্রঃ ফাল্গুনেন পরন্তপ।
জগাম স্বগৃহং প্রীতঃ পার্থবীর্য্যং নিশাময়ন্ ॥ ৩৫

অর্জ্জুনঃ উবাচ। হে ব্রহ্মন্! অহং সঙ্কর্ষণঃ, কৃষ্ণঃ বা কার্ষ্ণিঃ এব চ ন, অপি তু অর্জ্জুনঃ এব; যস্য মম গাণ্ডিবং নাম ধনুঃ অস্তি ॥৩৩

হে ব্রহ্মন্! ত্র্যম্বকতোষণং মম বীর্য্যং মা ন অবমংস্থা অত্র অবিশ্বাসং মা কার্ষীঃ। যেন বীর্য্যেণ হে প্রভো! মৃত্যুং প্রধনে সংগ্রামে বিজিত্য তে প্রজাঃ আনেষ্যে ॥৩৪

হে পরন্তপ! ফাল্গুনেন এবং বিশ্রম্ভিতঃ বিশ্বাসং প্রাপিতঃ, সঃ বিপ্রঃ প্রীতঃ সন্ তত্র পার্থস্য বীর্য্যং নিশাময়ন্ শ্রাবয়ন্ স্বগৃহং জগাম ॥৩৫

ভার্য্যায়াঃ প্রসূতিকালে আসন্নে আগতে, সতি আতুরঃ চিন্তাকুলঃ সঃ দ্বিজোত্তমঃ মৃত্যোঃ সকাশাৎ মে প্রজাং পাহি

নিবন্ধনই আপনি এরূপ কর্ম্ম করিতে ইচ্ছুক হইয়াছেন। সুতরাং আপনার বাক্যে আমার তাদৃশ প্রত্যয় হইতেছে না।৩২

অর্জ্জুন বলিলেন,—হে ব্রহ্মন্! আমি স্বয়ং শ্রীকৃষ্ণ, সঙ্কর্ষণ বা কৃষ্ণপুত্র বা তাঁহার পৌত্রও নহি বটে! আমি অর্জ্জুন! গাণ্ডীব ধনুঃই আমার একমাত্র সম্বল।৩৩

আমার বীর্য্যের প্রতি আপনি ওরূপ তাচ্ছল্য করিবেন না! আমি সংগ্রামে সাক্ষাৎ ত্রিলোচনকেও পরিতুষ্ট করিয়াছি! আমি সমরে স্বয়ং যমরাজকেও পরাজিত করিয়া হে প্রভো! আপনার সন্তানগণকে আনয়ন করিব।৩৪

শত্রু-নিসূদন মহাবীর অর্জ্জুনের সান্ত্বনাবাক্যে

প্রসূতিকাল আসন্নে ভার্য্যায়া দ্বিজসত্তমঃ।
পাহি পাহি প্রজাং মৃত্যোরিত্যাহার্জ্জুনমাতুরঃ ॥৩৬

স উপস্পৃশ্য শুচ্যম্ভো নমস্কৃত্য মহেশ্বরম্।
দিব্যান্যস্ত্রাণি সংস্মৃত্য সজ্যং গাণ্ডীবমাদদে ॥৩৭

ন্যরুণৎ সূতিকাগারং শরৈর্নানাস্ত্রযোজিতৈঃ।
তির্য্যগূর্দ্ধমধঃ পার্থশ্চকার শরপঞ্জরম্ ॥৩৮

ততঃ কুমারঃ সঞ্জাতো বিপ্রপত্ন্যা রুদন্ মুহুঃ।
সদ্যোঽদর্শনমাপেদে সশরীরো বিহায়সা ॥৩৯

পাহি ইতি অর্জ্জুনম্ আহ ॥৩৬

সঃ অর্জ্জুনঃ শুচি শুদ্ধম্ অম্ভঃ জলম্ উপস্পৃশ্য আচম্য, মহেশ্বরং নমস্কৃত্য দিব্যানি অস্ত্রাণি অনুস্মৃত্য সজ্যং সজ্জীকৃতং গাণ্ডীবম্ আদদে ॥৩৭

ততশ্চ নানাশস্ত্রৈঃ মন্ত্রৈঃ যোজিতৈঃ শরৈঃ সূতিকাগৃহং তথা ন্যরুণৎ আবৃতবান্, যথা তির্য্যক্ ঊর্দ্ধম্ অধঃ চ আবরণেন পার্থঃ তত্র শরপঞ্জরং চকার ॥৩৮

ততঃ চ বিপ্রপত্ন্যাঃ কুমারঃ সংজাতঃ; সঃ চ মুহুঃ রুদন্ অপি সদ্যঃ সশরীরঃ এব বিহায়সা আকাশমার্গেণ অদর্শনম্ আপেদে ॥৩৯

ব্রাহ্মণ আশ্বস্ত এবং প্রীত হইয়া নিজ ভবনে প্রস্থান করিলেন এবং ব্রাহ্মণীর সমীপে অর্জ্জুনের বীর্য্য কীর্ত্তির পরিচয়ে তাঁহাকে কথঞ্চিৎ শান্ত করিলেন।৩৫

কিছুদিন পরে পত্নীর প্রসবকাল উপস্থিত হইলে, ব্রাহ্মণ নিতান্ত কাতর হইয়া, অর্জ্জুনের নিকট উপস্থিত হইলেন এবং 'মৃত্যুর হস্ত হইতে আমার আসন্ন-প্রসব সন্তানকে রক্ষা করুন্' বলিয়া উচ্চকণ্ঠে নিবেদন করিলেন।৩৬

এই সংবাদ শ্রবণ করিবামাত্র মহামনা অর্জ্জুন পবিত্র জলের দ্বারা হস্ত পদাদি ধৌত করত যথাবিধি আচমন করিলেন এবং দেবদেব মহাদেবকে ভক্তিভরে প্রণাম করত অলৌকিক অস্ত্র শস্ত্রাদি মন্ত্রপূর্ব্বক প্রয়োগের পদ্ধতি স্মরণ করিলেন এবং

তদাহ বিপ্রো বিজয়ং বিনিন্দন্ কৃষ্ণসন্নিধৌ।
মৌঢ্যং পশ্যত মে যোঽহং শ্রদ্দধে ক্লীবকত্থনম্ ॥৪০

ন প্রদ্যুম্নো নানিরুদ্ধো ন রামো ন চ কেশবঃ।
যস্য শেকুঃ পরিত্রাতুং কোঽন্যস্তদবিতেশ্বরঃ ॥৪১

ধিগর্জ্জুনং মৃষাবাদং ধিগাত্মশ্লাঘিনো ধনুঃ।
দৈবোপসৃষ্টং যো মৌঢ্যাদানিনীষতি দুর্ম্মতিঃ ॥৪২

এবং শপতি বিপ্রর্ষৌ বিদ্যামাস্থায় ফাল্গুনঃ।
যযৌ সংযমনীমাশু যত্রাস্তে ভগবান্ যমঃ ॥৪৩

বিপ্রাপত্যমচক্ষাণস্তত ঐন্দ্রীমগাৎ পুরীম্।
আগ্নেয়ীং নৈর্ঋতীং সৌম্যাং বায়ব্যাং বারুণীমথ।
রসাতলং নাকপৃষ্ঠং ধিষ্ণ্যান্যন্যান্যুদায়ুধঃ ॥৪৪

ততোঽলব্ধদ্বিজসুতো হ্যনিস্তীর্ণপ্রতিশ্রুতঃ।
অগ্নিং বিবিক্ষুঃ কৃষ্ণেন প্রত্যুক্তঃ প্রতিষেধতা ॥৪৫

তদা সঃ বিপ্রঃ কৃষ্ণসন্নিধৌ বিজয়ম্ অর্জ্জুনং বিনিন্দন্ আহ যৎ যঃ অহং ক্লীবস্য ষণ্ঢস্য অর্জ্জুনস্য কত্থনং বৃথা প্রগল্‌ভভাষণং শ্রদ্দধে বিশ্বসিতবান্, তস্য মৌঢ্যং মৌর্খ্যং পশ্যত ॥৪০

যস্য মম অপত্যং প্রদ্যুম্নাদয়ঃ পরিত্রাতুং ন শেকুঃ ন সমর্থাঃ জাতাঃ, তস্য অন্যঃ কঃ বা ঈশ্বরঃ সমর্থঃ অবিতা রক্ষকঃ ভবেৎ ॥৪১

অতঃ মৃষাবাচম্ অনৃতবক্তারম্ অর্জ্জুনং ধিক্। আত্মশ্লাঘিনঃ আত্মস্তুতিশীলস্য ধনুঃ গাণ্ডীবম্ অপি ধিক্। যঃ দুর্ম্মতিঃ অর্জ্জুনঃ দৈবেন ঈশ্বরেণ উপসৃষ্টম্ অন্যত্র নীতং, মদপত্যং মৌঢ্যাদ্ আনিনীষতি আনেতুম্ ইচ্ছতি ॥৪২

বিপ্রর্ষৌ এবং শপাত সতি ফাল্গুনঃ অর্জ্জুনঃ বিদ্যাম্ আস্থায় যত্র ভগবান্ যমঃ আস্তে, তাং সংযমনীং পুরীম্ আশু যযৌ ॥৪৩

তত্র বিপ্রাপত্যম্ অচক্ষাণঃ অপশ্যন্, ততঃ ঐন্দ্রীং পুরীম্ অগাৎ; তথা পর্য্যায়েণ আগ্নেয়ীং, নৈর্ঋতীং, সৌম্যাং, বায়ব্যাং, বারুণীং পুরীং ততঃ চ রসাতলং নাকপৃষ্ঠম্ অন্যানি ধিষ্ণ্যানি চ উদ্যতাস্ত্রঃ এব যযৌ ॥৪৪

ততঃ তস্মাৎ এবং সর্ব্বত্রান্বেষণাৎ অপি অলব্ধদ্বিজসুতঃ (ন লব্ধঃ দ্বিজসুতঃ যেন সঃ) অতএব অনিস্তীর্ণপ্রতিশ্রুতঃ (ন নিস্তীর্ণং নিষ্পাদিতং প্রতিশ্রুতং যেন সঃ) অর্জ্জুনঃ যদা অগ্নিং বিবিক্ষুঃ প্রবেষ্টুম্ ইচ্ছুঃ বভূব, তদা প্রতিষেধতা নিবারণং কুর্ব্বতা কৃষ্ণেন প্রত্যুক্তঃ নিবারিতঃ চ ॥৪৫

গাণ্ডীব ধনুতে জ্যা রোপণ করত প্রস্তুত হইলেন।৩৭

অনন্তর নানাপ্রকার অস্ত্রের সাহায্যে শরনিকরের প্রয়োগে সূতিকাগারটি সম্পূর্ণ সমাচ্ছাদিত করিয়া ফেলিলেন। হে রাজন্! সূতিকাগরের দশদিক্ শরের দ্বারা পিঞ্জরতুল্য করিয়া রাখিলেন।৩৮

ইত্যবসরে সেই ব্রাহ্মণপত্নীর একটি পুত্র জন্মগ্রহণ করিল; কিন্তু দুঃখের বিষয় এই যে, এবারে ভূমিষ্ঠ হইবার পর পুত্রটী মুহূর্ত্তকাল মাত্র রোদন করিয়াই আকাশ-পথে অদৃশ্য হইয়া গেল; পুত্রের মৃতদেহও আর পরিলক্ষিত হইল না।৩৯

তখন সেই ব্রাহ্মণ শ্রীকৃষ্ণের সমক্ষেই অর্জ্জুনকে বিশেষরূপে নিন্দা করত বলিলেন, অহো! আমি কি মূর্খ! ক্লীববৎ নিরর্থবাদী অভিমানী ব্যক্তির বাক্যে আমি এরূপ বিশ্বাস করিয়াছিলাম।৪০

ভগবান্ বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন এবং অনিরুদ্ধ যে দুঃসাধ্য কর্ম্মে হস্তক্ষেপ করিতে সাহস করেন না, তাদৃশ অসাধ্য কর্ম সম্পাদন করিতে অন্য কে এই জগতে সমর্থ হইতে পারে?৪১

এতাদৃশ মিথ্যাবাদী অর্জ্জুনকে ধিক্! এবং তাহার গাণ্ডীব ধনুকেও ধিক্! অহো! আত্মশ্লাঘাই তাহার পৌরুষের একমাত্র পরিচয়! কারণ এ ব্যক্তি এতই মূর্খ যে, দৈবের অনায়ত্ত বিষয়কেও সে অবলীলাক্রমে নিজের অধিকারে আনয়নার্থ বাসনা করিয়াছে।৪২

ব্রাহ্মণ এই প্রকারে দোষারোপ পূর্ব্বক নিন্দা করিলে, বীরকেশরী অর্জ্জুন যে স্থানে সর্ব্ব-সংহারকারী ভগবান্ যম অবস্থান করিতেছেন, সেই সংযমনীপুরে সত্বর গমন করিলেন।৪৩

কিন্তু দুঃখের বিষয়! তথায় বিপ্রপুত্রগণকে অবলোকন না করিয়া, তাহাদের অন্বেষণে ক্রমান্বয়ে

দর্শয়ে দ্বিজসূনূংস্তে মাবজ্ঞাত্মানমাত্মনা।
যে তে নঃ কীর্ত্তিং বিমলাং মনুষ্যাঃ স্থাপয়িষ্যন্তি ॥৪৬

ইতি সম্ভাষ্য ভগবানর্জ্জুনেন সহেশ্বরঃ।
দিব্যং স্বরথমাস্থায় প্রতীচীং দিশমাবিশৎ ॥৪৭

সপ্ত দ্বীপান্ সসিন্ধূংশ্চ সপ্তসপ্তগিরীনথ।
লোকালোকং তথাতীত্য বিবেশ সুমহত্তমঃ ॥৪৮

তত্রাশ্বাঃ শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকাঃ।
তমসি ভ্রষ্টগতয়ো বভূবুর্ভরতর্ষভ ॥৪৯

তান্ দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণো মহাযোগেশ্বরেশ্বরঃ।
সহস্রাদিত্যসঙ্কাশং স্বচক্রং প্রাহিণোৎ পুরঃ ॥৫০

তমঃ সুঘোরং গহনং কৃতং মহদ্
বিদারয়দ্ভূরিতরেণ রোচিষা।
মনোজবং নির্বিবিশে সুদর্শনং
গুণচ্যুতো রামশরো যথা চমূঃ ॥৫১

আত্মনা এব আত্মানং মাবজ্ঞ মা অবজানীহি। তে তুভ্যং দ্বিজপুত্রান অহং দর্শয়ে দর্শয়ামি। যে নিন্দিষ্যন্তি, তে এব জনাঃ নঃ আবয়োঃ বিপুলাং কীর্ত্তিং স্থাপয়িষ্যন্তি ॥৪৬

ভগবান্ ঈশ্বরঃ কৃষ্ণঃ ইতি ইত্থং সংভাষ্য অর্জ্জুনেন সহ দিব্যং স্বরথম্ আরুহ্য প্রতীচিং দিশম আবিশৎ প্রযযৌ ॥৪৭

সপ্তসপ্তসংখ্যকাঃ গিরয়ঃ যেষু তান্ সসিন্ধূন্ সপ্তদ্বীপান্ তথা লোকালোকং পর্ব্বতং অতীত্য সুমহত্তমঃ অতি ভয়ানকং তমঃ অন্ধকারং বিবেশ ॥৪৮

হে ভরতর্ষভ! তত্র তমসি শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকাঃ অশ্বাঃ ভ্রষ্টগতয়ঃ বভূবুঃ ॥৪৯

মহাযোগেশ্বরাণাম্ অপি ঈশ্বরঃ, প্রভুঃ সর্ব্বোপায়সমর্থঃ ভগবান্ কৃষ্ণঃ তান্ প্রতিহতগতীন্ অশ্বান্ দৃষ্ট্বা সহস্রাদিত্য-সঙ্কাশং সহস্রসূর্য্যসদৃশপ্রকাশং স্বচক্রং স্বায়ুধং সুদর্শনং প্রাহিণোৎ প্রাযুঙ্‌ক্ত ॥৫০

গুণচ্যুতঃ (গুণাৎ মৌর্ব্ব্যাঃ চ্যুতঃ) রামস্য শরঃ যথা রাবণস্য চমূঃ সেনাঃ বিবেশ, তথা গহনং দুষ্প্রবেশং, সুঘোরং ভয়ঙ্করং কৃতং প্রকৃতিকার্য্যং মহৎ অপারং তমঃ ভূরিতরেণ রোচিষা বিদারয়ং মনোজবং সুদর্শনং নির্ব্বিবিশে ॥৫১

অর্জ্জুন ইন্দ্রপুরী, তৎপরে আগ্নেয়ী, নৈঋ‌র্তী, সৌম্যা, বায়বী, বারুণী এবং রসাতল, স্বর্গ এবং অন্যান্য স্থানসমূহে যথেষ্ট বিচরণ করিলেন।৪৪

যখন কোথাও আর ব্রাহ্মণ-পুত্রগণকে বিশেষ অনুসন্ধান করতও পাইলেন না, তখন প্রতিজ্ঞা-পালনে পরাঙ্মুখ হইয়া, আপনাকে একান্ত হেয় বলিয়া মনে করিলেন এবং সেই লজ্জানিবারণার্থ শ্রীকৃষ্ণের অনভিমতে চিতারোহণে প্রাণ পরিত্যাগে প্রস্তুত হইলেন।৪৫

অনন্তর অর্জ্জুনকে অনলে প্রবেশ করিতে প্রস্তুত দেখিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে নিবারণ করত বলিলেন,—হে অর্জ্জুন! তুমি আপনার প্রতি এতাদৃশ অবজ্ঞা করিও না! আমি তোমাকে সেই ব্রাহ্মণ-পুত্রগণকে প্রদর্শন করাইব! তুমি তাহাদিগকে আনয়ন করিলে, যাহারা তোমার নিন্দা এক্ষণে করিবে বলিয়া ভীত হইতেছ, সেই সকল ব্যক্তিই জগতে আবার আমাদের অক্ষয়কীর্ত্তি এবং বিমল যশ স্থাপন করিবে।২৬

এই বলিয়া ভগবান্ হৃষীকেশ অর্জ্জুনকে সঙ্গে লইয়া, স্বকীয় দিব্যরথে আরোহণ করিলেন এবং নিরন্তর পশ্চিমাভিমুখী হইয়া গমন করিতে লাগিলেন।৪৭

পরে ক্রমশ সপ্তদ্বীপ, সপ্তসমুদ্র এবং সপ্ত সীমা-পর্ব্বত অতিক্রম করত লোকালোক পর্ব্বতকেও অতিক্রম করিলেন; পরে অতি ভয়ানক অন্ধকারের মধ্যে প্রবেশ করিলেন।৪৮

সেই ভীষণ অন্ধকারের মধ্যে প্রবিষ্ট হইয়া শব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক নামক শ্রীকৃষ্ণের বৈকুণ্ঠীয় অশ্বচতুষ্টয় আর অগ্রসর হইতে পারিল না; প্রতি পদে তাহাদের গতিরোধ হইতে লাগিল।৪৯

স্বকীয় অশ্বগণের তাদৃশ দুরবস্থা অবলোকন

দ্বারেণ চক্রানুপথেন তত্তমঃ-
পরং পরং জ্যোতিরনন্তপারম্।
সমশ্নুবানং প্রসমীক্ষ্য ফাল্গুনঃ
প্রতাড়িতাক্ষোঽপি দধেঽক্ষিণী উভে ॥৫২
ততঃ প্রবিষ্টঃ সলিলং নভস্বতা
বলীয়সৈজদ্বৃহদূর্ম্মিভূষণম্।
তত্রাদ্ভুতং বৈ ভবনং দ্যুমত্তমং
ভ্রাজন্মণিস্তম্ভসহস্রশোভিতম্ ॥৫৩

তস্মিন্ মহাভোগমনন্তমদ্ভুতং
সহস্রমূর্দ্ধন্যফণামণিদ্যুভিঃ।
বিভ্রাজমানং দ্বিগুণোল্বণেক্ষণং
সিতাচলাভং শিতিকণ্ঠজিহ্বম্ ॥৫৪
দদর্শ তদ্ভোগসুখাসনং বিভুং
মহানুভাবং পুরুষোত্তমোত্তমম্।
সান্দ্রাম্বুদাভং সুপিশঙ্গবাসসং
প্রসন্নবক্ত্রং রুচিরায়তেক্ষণম্ ॥৫৫

চক্রানুপথেন চক্রানুগতদ্বারেণ তৎ তস্মাৎ তমসঃ পরং দূরে বর্ত্তমানম্ অনন্তপারং সমশ্নুবানং পরং জ্যোতিঃ পরমপ্রকাশরূপং সুদর্শনং প্রসমীক্ষ্য প্রতাড়িতাক্ষঃ (প্রতাড়িতে প্রতিহতে অক্ষিণী যস্য সঃ) ফাল্গুনঃ উভে অক্ষিণী দধে ন্যমীলয়ৎ ॥৫২

ততঃ তমসঃ পরতঃ বলীয়সা প্রচণ্ডেন নভস্বতা বায়ুনা এজন্তঃ উচ্চলন্তঃ, বৃহন্তঃ উর্ম্ময়ঃ তরঙ্গাঃ ভূষণং যস্য তথাভূতং সলিলং প্রবিষ্টঃ সঃ অর্জ্জুনঃ ভগবান্ কৃষ্ণঃ চ তত্র সলিলস্য অধস্তাৎ দ্যুমত্তমং দ্যুতিমৎসু শ্রেষ্ঠং, ভ্রাজতাং মণিময়স্তম্ভানাং সহস্রেণ উপশোভিতং কালপুরাখ্যম্ অদ্ভুতং বৈ ভবনং প্রবিষ্টঃ ॥৫৩

তস্মিন্ ভবনে মহান্ ভোগঃ দেহঃ যস্য তম, অদ্ভুতং বিস্ময়করং, সহস্রং মূর্ধানঃ তেষু ভবাঃ ফণাঃ তাসু যে মণয়ঃ তেষাং দ্যুভিঃ কান্তিভিঃ বিভ্রাজমানং দ্বিগুণেক্ষণোল্বণং (দ্বিগুণানি উল্বণানি ভয়ঙ্করাণি অরুণানি ঈক্ষণানি নেত্রাণি যস্য তং) সিতাচলাভং (সিতাচলঃস্ফটিকপর্ব্বতঃ তস্য আভা ইব আভা যস্য তং) শিতিকণ্ঠজিহ্বং (শিতয়ঃ নীলাঃ কণ্ঠাঃ জিহ্বাঃ চ যস্য তম্) এবম্ভূতম্ অনন্তাখ্যং শেষং দদর্শ ॥৫৪

তদ্ভোগসুখাসনং (তস্য অনন্তস্য ভোগঃ শরীরম্ এব সুখকরম্ আসনং যস্য তং) সান্দ্রাম্বুদাভং (সান্দ্রস্য নিবিড়স্য অম্বুদস্য মেঘস্য ইব আভা যস্য তং) শোভনে পিশঙ্গে বাসসী যস্য তং; প্রসন্নবক্ত্রং রুচিরে সুন্দরে আয়তে দীর্ঘে ঈক্ষণে যস্য তং; মহানুভাবং বিভুং পুরুষোত্তমং দদর্শ ॥৫৫

করিয়া, মহাযোগেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ সহস্র সূর্য্যের যুগপৎ উদয়কালীন প্রভাসদৃশ অনুপম প্রভাবিশিষ্ট স্বকীয় সুদর্শনাস্ত্র তথায় প্রয়োগ করিলেন।৫০

অহো! জ্যাবিনির্মুক্ত শ্রীরামের শর দশাননের সেনাব্যূহের মধ্যে যেমন প্রবেশ করিয়াছিল, মনোবেগ সুদর্শনাস্ত্রও সেইরূপ প্রভূত তেজে বিস্ফুরিত হইয়া, সেই ভয়ানক নিবিড় অপার অন্ধকারকে ভেদ করত প্রবেশ করিয়া চলিলেন।৫১

চক্রানুগত পথের অনুসরণে গভীর অন্ধকারের অনতিদূরে ধাবমান এবং অনন্তপার অন্ধকারকে যেন সম্যক্ আলোক-জ্যোতিতে ব্যাপ্ত করত বিদ্যমান পরম প্রকাশস্বরূপ সুদর্শন চক্রকে পুরোভাগে প্রতীয়মান করত, অর্জ্জুনের লোচনদ্বয় সময়ে সময়ে প্রতিহত হইতে লাগিল। তিনি মধ্যে মধ্যে দৃষ্টি নিমীলিত করিতে লাগিলেন।৫২

এই প্রকারে ক্রমশঃ সেই দারুণ অন্ধকারকে অতিক্রম করত, তাঁহারা প্রচণ্ড বায়ুবেগে সম্পূর্ণ বিচলিত এবং বিপুল তরঙ্গে আলোড়িত সলিলের অন্তরে প্রবেশ করিলেন এবং সলিলের নিম্নে অধস্তলে উভয়ে অবতরণ পূর্বক অপূর্ব দ্যুতি-বিশিষ্ট মণিময় স্তম্ভসমূহে পরিশোভিত কালপুর নামক এক অদ্ভুত রমণীয় ভবনে প্রবেশ করিলেন।৫৩

সেই ভবনের মধ্যে সহস্র মস্তক-বিশিষ্ট প্রকাণ্ড-দেহ এক অদ্ভুত সর্প তাঁহাদের নয়নগোচর হইল। ঐ সর্পের সহস্র ফণার উপরিস্থ অপূর্ব্ব মণি-সমূহের জ্যোতিতে কি অনুপম কান্তিরই প্রতীতি হইতেছিল। উক্ত সহস্র ফণায় দুইটী করিয়া আরক্তবর্ণ তীব্র নয়ন পরিলক্ষিত হইতেছিল; সর্পের বর্ণ স্ফটিক-পর্ব্বতের

মহামণিব্রাতকিরীটকুণ্ডল-
প্রভাপরিক্ষিপ্তসহস্রকুন্তলম্।
প্রলম্বচার্ব্বষ্টভুজং সকৌস্তুভং
শ্রীবৎসলক্ষ্মং বনমালয়াবৃতম্ ॥৫৬

সুনন্দ-নন্দপ্রমুখৈঃ স্বপার্ষদৈ-
শ্চক্রাদিভির্মূর্ত্তিধরৈর্নিজায়ুধৈঃ।
পুষ্ট্যা শ্রিয়া কীর্ত্ত্যজয়াখিলর্দ্ধিভি-
র্নিষেব্যমাণং পরমেষ্ঠিনাং পতিম্ ॥৫৭

মহান্তঃ মণিব্রাতাঃ যেষু তেষাং কিরীটকুণ্ডলানাং যা প্রভা তয়া পরিক্ষিপ্তাঃ সর্ব্বতঃ প্রস্ফুরন্তঃ সহস্রম্ অনন্তাঃ কুন্তলাঃ যস্য তং, প্রলম্বাঃ দীর্ঘাঃ চারবঃ বর্ত্তুলাঃ অষ্টৌ ভুজাঃ যস্য তং; কৌস্তুভেন সহিতং শ্রীবৎসলক্ষ্মং শ্রীবৎসঃ লক্ষ্ম চিহ্নং যস্য তং বা শ্রীবৎসস্য লক্ষ্ম্যা শোভয়া বনমালয়া চ আবৃতং যুক্তম্ ॥৫৬

সুনন্দাদিভিঃ স্বপার্ষদৈঃ তথা মূর্ত্তিধরৈঃ মূর্ত্তিমদ্ভিঃ, চক্রাদিভিঃ নিজায়ুধৈঃ, তথা মূর্ত্তিমতীভিঃ পুষ্ট্যাদিভিঃ শক্তিভিঃ চ নিষেব্যমাণং পরমেষ্ঠিনাং ব্রহ্মাদীনাম্ অপি পতিং দদর্শ। কীর্ত্ত্যজয়া (কীর্ত্তি সহিতয়া অজয়া মায়য়া) অখিলর্দ্ধিভিঃ অণিমাদিবিভূতিভিঃ ॥৫৭

ন্যায় অতীব উজ্জ্বল এবং তাহার কণ্ঠদেশ ও জিহ্বাসমূহ সম্পূর্ণ নীলাভ।৫৪

সেই অনন্ত সর্পের কলেবরকে সুখাসনরূপে স্বীকার করত, নবীন নীরদ-শ্যাম মহানুভব প্রসন্নবদন ভগবান্ পুরুষোত্তম পীতকৌশেয় বস্ত্র পরিধান পূর্ব্বক, আকর্ণায়ত লোচনদ্বয়ের বিকাশে বিরাজ করিতেছিলেন।৫৫

তাঁহার মস্তকে মহামণি-সমূহে খচিত অপূর্ব কিরীট, কর্ণে কুণ্ডল এবং সহস্র কুন্তলে পরিশোভিত মুখমণ্ডলের কি অনুপম শোভারই পরিচয় হইতেছিল! আজানুলম্বিত অষ্ট বাহু, গলদেশে কৌস্তুভ মণি, বক্ষস্থলে শ্রীবৎসলাঞ্ছিত চিহ্ন এবং বনমালায় ভগবান্ অনন্তদেব অপূর্ব শোভা ধারণ করিয়াছিলেন।৫৬

ববন্দ আত্মানমনন্তমচ্যুতো
জিষ্ণুশ্চ তদ্দর্শনজাতসাধ্বসঃ।
তাবাহ ভূমা পরমেষ্ঠিনাং প্রভু-
র্বদ্ধাঞ্জলী সস্মিতমূর্জ্জয়া গিরা ॥৫৮

দ্বিজাত্মজা মে যুবয়োর্দিদৃক্ষুণা
ময়োপনীতা ভুবি ধর্ম্মগুপ্তয়ে।
কলাবতীর্ণাববনের্ভরাসুরান্
হত্বেহ ভূয়স্ত্বরয়েতমন্তি মে ॥৫৯

তম্ আত্মানং স্বস্যৈব মূর্ত্ত্যন্তরম্, অনন্তম্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ ববন্দে ননাম। তথা তস্য দর্শনেন জাতং সাধ্বসং সম্ভ্রমঃ যস্য সঃ) জিষ্ণুঃ অর্জ্জুনঃ চ ননাম। ততঃ বদ্ধাঞ্জলী তৌ কৃষ্ণার্জ্জুনৌ প্রতি পরমেষ্ঠিনাং প্রভুঃ ভূমা পুরুষঃ ঊর্জ্জিতয়া গম্ভীরয়া, গিরা সস্মিতম্ আহ ॥৫৮

যুবয়োঃ যুবাং দ্রষ্টুম্ ইচ্ছুনা ময়া দ্বিজাত্মজাঃ অপনীতাঃ স্বসমীপম্ আনীতাঃ; ধর্ম্মস্য গুপ্তয়ে পালনায়, যতঃ যুবাং মে মম কলয়া অবতীর্ণৌ, অতঃ অবনেঃ ভারভূতান্ অসুরান্ হত্বা ত্বরয়া ঝটিতি, মম অন্তিকং সমীপম্ ইহ ইতম্ আগচ্ছতম্ ॥৫৯

তাঁহার চতুর্দ্দিকে সুনন্দ ও নন্দাদি পার্ষদগণ, মূর্ত্তিমান্ সুদর্শনাদি স্বীয় আয়ুধসমূহ এবং পুষ্টি, শ্রী, কীর্ত্তি এবং স্বয়ং প্রকৃতিদেবী নিখিল বিভূতি সহ পরিবেষ্টন পূর্বক সেই পরমেষ্ঠী ভগবানের সেবা করিতেছিলেন।৫৭

ভগবান্ শ্রীকৃষ্ণ এবং মহাবীর অর্জ্জুন তাঁহাকে দর্শন করিবা মাত্র বদ্ধাঞ্জলি হইয়া প্রণাম করিলেন। তাদৃশ ভগবৎস্বরূপের সন্দর্শনে অর্জ্জুনের হৃদয়ে একটী অনুপম সম্ভ্রমের উদয় হইল। কৃষ্ণার্জ্জুন উভয়ে বদ্ধাঞ্জলি হইয়া দণ্ডায়মান থাকিলে, মহাপুরুষ ভগবান্ অনন্তদেব অতীব গম্ভীর স্বরে তাঁহাদিগকে সম্বোধন পূর্বক বলিলেন—।৫৮

আপনারা উভয়ে কেবল ধর্ম্মের সংস্থাপনার্থ আমারই অংশে অবতীর্ণ হইয়াছেন। আমি কেবল আপনাদের উভয়কে দেখিবার জন্যই উক্ত ব্রাহ্মণের

পূর্ণকামাবপি যুবাং নর-নারায়ণাবৃষী।
ধর্ম্মমাচরতাং স্থিত্যৈ ঋষভৌ লোকসংগ্রহম্ ॥৬০

ইত্যাদিষ্টৌ ভগবতা তৌ কৃষ্ণৌ পরমেষ্ঠিনা।
ওমিত্যানম্য ভূমানমাদায় দ্বিজদারকান্ ॥৬১

ন্যবর্ত্তেতাং স্বকং ধাম সম্প্রহৃষ্টৌ যথাগতম্।
বিপ্রায় দদতুঃ পুত্রান্ যথারূপং যথাবয়ঃ ॥৬২

ঋষভৌ ঋষী নর-নারায়ণৌ যুবাং পূর্ণকামৌ অপি স্থিত্যৈ জগতঃ রক্ষার্থং লোক-সংগ্রহং ধর্ম্মম্ আচরতাম্ আচরতম্ ॥৬০

পরমেষ্ঠিনা ভগবতা ইতি এবম্ আদিষ্টৌ তৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ওম্ ইতি তদাজ্ঞাম্ অঙ্গীকৃত্য তং ভূমানম্ আনম্য দ্বিজপুত্রান্ আদায় ॥৬১

স্বকং ধাম ন্যবর্ত্তেতাং তথা সংপ্রহৃষ্টৌ তৌ যথাগতম্ এব যথারূপং যথাবয়ঃ পুত্রান্ বিপ্রায় দদতুঃ ॥৬২

বৈষ্ণবং ধাম নিশাম্য দৃষ্ট্বা, পরমবিস্মিতঃ পার্থঃ অর্জ্জুনঃ পুংসাং যৎকিঞ্চিৎ পৌরুষং প্রভাবঃ, তৎ সর্ব্বং কৃষ্ণানুকম্পিতং

সন্তানগুলিকে এখানে আনয়ন করিয়াছি। অতএব ধরণীর ভারভূত অসুরগণকে নিহত করত, আপনারা সত্বর মদীয় সমীপে আগমন করুন্।৫৯

আপনারা সর্ব্বৈশ্বর্য্যে নিত্য সমন্বিত, পূর্ণকাম ঋষি। তথাপি কেবল লোকশিক্ষার্থ বেদবিহিত ধর্ম্মকর্ম্মাদির অনুষ্ঠানে জগতে আপনারা সদাচারের প্রতিষ্ঠা ও রক্ষা করুন্।৬০

পরমেষ্ঠী অনন্তদেব কর্ত্তৃক এই প্রকারে আদিষ্ট হইয়া, কৃষ্ণার্জ্জুন উভয়েই তথাস্তু বলিয়া স্বীকার করত, তাঁহাকে প্রণাম করিলেন এবং ব্রাহ্মণের পুত্রগণকে সংগ্রহ করত তথা হইতে নিজ ধামে প্রত্যাবৃত্ত হইলেন। অনন্তর তথায় অতীব হর্ষ-সহকারে ব্রাহ্মণকে আহ্বান করত, তাঁহার যেরূপ পুত্রগুলি ছিল এবং যাহার যেরূপ বয়ঃক্রম হওয়া উচিত, তদনুরূপ সেই পুত্রগুলি তাঁহাকে

নিশাম্য বৈষ্ণবং ধাম পার্থঃ পরমবিস্মিতঃ।
যৎকিঞ্চিৎ পৌরুষং পুংসাং মেনে কৃষ্ণানুকম্পিতম্ ॥৬৩

ইতীদৃশান্যনেকানি বীর্য্যাণীহ প্রদর্শয়ন্।
বুভুজে বিষয়ান্ গ্রাম্যানীজে চাত্যূর্জ্জিতৈর্মখৈঃ ॥৬৪

প্রববর্ষাখিলান্ কামান্ প্রজাসু ব্রাহ্মণাদিষু।
যথাকালং তথৈবেন্দ্রো ভগবান্ শ্রৈষ্ঠ্যমাস্থিতঃ ॥৬৫

কৃষ্ণকৃপালব্ধম্ এব ইতি মেনে ॥৬৩

ইতি এবম্ ঈদৃশানি অনেকানি বীর্য্যাণি অতিমানুষান্ পরাক্রমান্ ইহ ভূর্লোকে প্রদর্শয়ন্ ভগবান্ কৃষ্ণঃ গ্রাম্যান্ বিষয়ান্ বুভুজে; তথা উর্জ্জিতৈঃ পুষ্কল-দক্ষিণমখৈঃ দেবাদীন্ ঈজে আরাধয়ামাস ॥৬৪

শ্রৈষ্ঠ্যং শ্রেষ্ঠত্বম্ আস্থিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ইন্দ্রঃ যথা তথা ব্রাহ্মণাদিষু প্রজাসু অখিলান্ কামান্ যথাকালং প্রববর্ষ সম্পাদয়ামাস ॥৬৫

সমর্পণ করিলেন।৬১-৬২

অনুপম বৈষ্ণবধাম অবলোকন করিয়া, অর্জ্জুনের বিস্ময়ের আর সীমা রহিল না। অহো! পুরুষের যে কোনরূপ প্রভাবের যখনই পরিচয় হউক্ না, সমস্তই যে এক শ্রীকৃষ্ণের প্রসাদে ঘটে এবং তাঁহার তাহাতেই ঘটিল, তাহাই তিনি মনে মনে নিশ্চয় করিলেন।৬৩

এই প্রকারে বিবিধ অমানুষিক পরাক্রমের পরিচয় প্রদান পূর্ব্বক, ভগবান্ শ্রীকৃষ্ণ এই মর্ত্ত্যধামে গ্রাম্য বিষয়-সুখ নানাপ্রকারে সম্ভোগ করিয়াছিলেন এবং প্রচুর দক্ষিণাদানে বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে দেবতাগণের আরাধনা করিয়াছিলেন।৬৪

তিনি সকলের উপর শ্রেষ্ঠত্বের প্রতিপাদনে মর্ত্ত্যধামে অমরেন্দ্রের ন্যায় ব্রাহ্মণাদি প্রজাবর্গের নিখিল অভিলাষের পূরণে যথাকালে জগতের তুষ্টি সাধন করিয়াছিলেন।৬৫

হত্বা নৃপানধর্ম্মিষ্ঠান্ ঘাতয়িত্বার্জ্জুনাদিভিঃ।
অঞ্জসা বর্ত্তয়ামাস ধর্ম্মং ধর্ম্মসুতাদিভিঃ ॥৬৬

অধর্ম্মিষ্ঠান্ কাংশ্চিৎ নৃপান্ স্বয়ং হত্বা কাংশ্চিৎ চ অর্জ্জুনাদিভিঃ ঘাতয়িত্বা ধর্ম্মসুতাদিভিঃ যুধিষ্ঠিরাদিভিঃ অঞ্জসা অনায়াসেন ধর্ম্মং প্রবর্ত্তয়ামাস ॥৬৬

উৎপথগামী অধার্ম্মিক নৃপতিবৃন্দের মধ্যে কতকগুলিকে স্বয়ং বিনষ্ট করিয়াছিলেন এবং কতকগুলিকে অর্জ্জুনাদিকর্ত্তৃক নিহত করাইয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরাদির দ্বারা ধর্ম্মের পথ প্রশস্ত করাইয়াছিলেন।৬৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোননবতিতমোঽধ্যায়ঃ ॥৯১

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একোননবতিতমোঽধ্যায়ঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একোননবতিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবতিতমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণলীলানাং সংক্ষেপতঃ পুনর্বর্ণনম্, শ্রীকৃষ্ণমহিষীণাং তস্মিন্নমুরাগাধিক্যকথনম্, যদুবংশীয়ানামসংখ্যেয়ত্বপ্রতিপাদনঞ্চ।]

শ্রীশুক উবাচ।
সুখং স্বপুর্য্যাং নিবসন্ দ্বারকায়াং শ্রিয়ঃ পতিঃ।
সর্ব্বসম্পৎসমৃদ্ধায়াং জুষ্টায়াং বৃষ্ণিপুঙ্গবৈঃ ॥১

স্ত্রীভিশ্চোত্তমবেষাভির্নবযৌবনকান্তিভিঃ।
কন্দুকাদিভির্হর্ম্ম্যেষু ক্রীড়ন্তীভিস্তড়িদ্দ্যুভিঃ ॥২

নিত্যং সঙ্কুলমার্গায়াং মদচ্যুদ্ভির্মতঙ্গজৈঃ।
স্বলঙ্কৃতৈর্ভটৈরশ্বৈ রথৈশ্চ কনকোজ্জ্বলৈঃ ॥৩

উদ্যানোপবনাঢ্যায়াং পুষ্পিতদ্রুমরাজিষু।
নির্বিশদ্ ভৃঙ্গবিহগৈর্নাদিতায়াং সমন্ততঃ ॥৪

রেমে ষোড়শসাহস্রপত্নীনামেকবল্লভঃ।
তাবদ্ বিচিত্ররূপোঽসৌ তদ্গেহেষু মহর্দ্ধিষু ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। একদা সর্ব্বাভিঃ সম্পদ্ভিঃ সমৃদ্ধায়াং বৃষ্ণিপুঙ্গবৈঃ যাদবশ্রেষ্ঠৈঃ তথা কন্দুকাদিভিঃ হর্ম্ম্যেষু ক্রীড়ন্তীভিঃ, তড়িদ্দ্যুভিঃ (তড়িতাম্ ইব দোঃ দ্যুতিঃ যাসাং তাভিঃ) নবযৌবনকান্তিভিঃ (নবযৌবনেন কান্তিঃ যাসাং তাভিঃ) উত্তমবেষাভিঃ স্ত্রীভিঃ জুষ্টায়াং সেবিতায়াং, মদচ্যুদ্ভিঃ মতঙ্গজৈঃ স্বলঙ্কৃতৈঃ ভটৈঃ অশ্বৈঃ কনকোজ্জ্বলৈঃ রথৈঃ চ নিত্যং সঙ্কুলাঃ

নবতিতম অধ্যায়।

[সংক্ষেপতঃ শ্রীকৃষ্ণলীলাসমূহের পুনরায় বর্ণন, শ্রীকৃষ্ণমহিষীগণের তাঁহাতে অনুরাগাধিক্য কথন এবং যদুবংশীয়দিগের অসংখ্যেয়ত্ব প্রতিপাদন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র! শ্রীকৃষ্ণের দ্বারকাপুরীতে জগতের যাবতীয় শোভা এবং ঐশ্বর্য্য একত্র সমবেত ছিল। স্থির সৌদামনীর ন্যায় নবীন যৌবন-কান্তিতে অপূর্ব্ব বেশ-ভূষাদিতে সম্যক্ পরিচ্ছিন্না, নবীন যদুকুল-কামিনীগণ অট্টালিকার উপরিভাগে কন্দুক-ক্রীড়াচ্ছলে যেন জলদের ক্ষণপ্রভাকেও বিক্ষুব্ধ করত নগরীর অপূর্ব্ব শোভা

প্রোৎফুল্লোৎপলকহ্লার-কুমুদাম্ভোজরেণুভিঃ।
বাসিতামলতোয়েষু কূজদ্দ্বিজকুলেষু চ ॥৬
বিজহার বিগাহ্যাম্ভো হ্রদিনীষু মহোদয়ঃ।
কুচকুঙ্কুমলিপ্তাঙ্গঃ পরিরব্ধশ্চ যোষিতাম্ ॥৭
উপগীয়মানো গন্ধর্বৈর্মৃদঙ্গ-পণবানকান্।
বাদয়দ্ভির্মুদা বীণাং সূত-মাগধ-বন্দিভিঃ ॥৮

সিচ্যমানোঽচ্যুতস্তাভির্হসন্তীভিঃ স্মরেচকৈঃ।
প্রতিসিঞ্চন্ বিচিক্রীড়ে যক্ষীভির্যক্ষরাড়িব ॥৯
তাঃ ক্লিন্নবস্ত্রবিবৃতোরুকুচপ্রদেশাঃ
সিঞ্চন্ত্য উদ্ধৃত-বৃহৎ-কবরপ্রসূনাঃ।
কান্তং স্মরেচকজিহীরষয়োপগুহ্য
জাতস্মরোৎসবলসদ্বদনা বিরেজুঃ ॥১০

ব্যাপ্তাঃ মার্গাঃ যস্যাং তস্যাম্) উদ্যানোপবনাঢ্যায়াম্ (উদ্যানৈঃ পুষ্পপ্রধানৈঃ, উপবনৈঃ ফলপ্রধানৈঃ আরামৈঃ চ আঢ্যায়াং সম্পন্নায়াং) পুষ্পিতদ্রুমরাজিষু (পুষ্পিতাঃ যে দ্রুমাঃ তেষাং রাজিষু পঙ্ক্তিষু) নির্বিশদ্ভৃঙ্গবিহগৈঃ সমন্ততঃ নাদিতায়াং স্বপুর্য্যাং দ্বারকায়াং নিবসন্ ষোড়শ-সহস্রপত্নীনাম্ একবল্লভঃ প্রিয়ঃ, শ্রিয়ঃ পতিঃ শ্রীকৃষ্ণঃ মহর্দ্ধিষু মহসমৃদ্ধিযুক্তেষু, তাসাং গৃহেষু তাবন্তি রূপাণি বিভ্রৎ রেমে ॥১-৫

প্রোৎফুল্লানাং বিকসিতানাম্ উৎপল-কহ্লার-কুমুদাম্ভোজানাং রেণুভিঃ বাসিতানি অমলানি তোয়ানি যেষু তথা কূজন্তি দ্বিজানাং পক্ষিণাং কুলানি যেষু তেষু সরঃসু তথা হ্রদিনীষু অন্তঃ বিগাহ্য মহোদয়ঃ (মহান্ উদয়ঃ বৈভবং যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ যোষিতাং যোষিদ্ভিঃ পরিরব্ধঃ আলিঙ্গিতঃ, অতএব কুচকুঙ্কুম-লিপ্তাঙ্গঃ (কুচকুঙ্কুমেন লিপ্তাঙ্গঃ) এব বিজহার ॥৬-৭

মৃদঙ্গপণবানকান্ বীণাং চ বাদয়দ্ভিঃ গন্ধর্বৈঃ তথা সূতমাগধবন্দিভিঃ চ উপগীয়মানঃ। তথা হসন্তীভিঃ তাভিঃ যোষিদ্ভিঃ স্মরেচকৈঃ সিচ্যমানঃ তথা স্বয়ম্ অপি তাঃ প্রতিষিঞ্চন্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ যক্ষীভিঃ সহ যক্ষরাট্ কুবেরঃ ইব বিচিক্রীড়ে বিক্রীড়িতবান্ ॥৮-৯

সম্পাদন করিতেন। বৃষ্ণিবংশীয় যদুবীরগণ নব-যৌবনের সৌন্দর্য্যে এবং ধনসমৃদ্ধির গৌরবে নিরন্তর আনন্দ-চিত্তেরই পরিচয় দিতেন। বিচিত্রাভরণে সুসজ্জিত বিপুল-বিক্রম মদস্রাবী মাতঙ্গগণ, পদাতি, অশ্বারোহী এবং কণকের ন্যায় ঔজ্জ্বল্যবিশিষ্ট রথসমূহে রাজমার্গ নিরন্তরই সমাচ্ছন্ন থাকিত। তত্রত্য উদ্যান এবং উপবনস্থ বৃক্ষলতাদি পাদপসমূহ ফল-পুষ্পোপশোভিত হইয়া, দ্বারকাপুরীর কি অপূর্ব্ব শোভাই সম্পাদন করিয়াছিল। মধুগন্ধে উন্মত্ত অলিকুলের গুঞ্জনে এবং বিহগকুলের কাকলিতে বন এবং উপবনসমূহ নিরন্তর নিনাদিত হইতেছিল। এক দিবস শ্রীপতি শ্রীকৃষ্ণ তাদৃশ মনোহর দ্বারকাপুরে অবস্থান করত ষোড়শসহস্র মহিষীর ষোড়শসহস্র গৃহে স্বয়ং পৃথক্ পৃথক্ ষোড়শসহস্র মূর্ত্তিধারণে সুখক্রীড়া করিয়াছিলেন।১-৫

স্বচ্ছ-সলিল সরোবরাদিতে বিকসিত উৎপল, কহ্লার, কুমুদ এবং পদ্মনিকরের মধুগন্ধে দিক্‌সকল আমোদিত হইয়াছিল। মধুলুব্ধ ভৃঙ্গকুল মধুর ঝঙ্কারে আলাপ করিতেছিল। পদ্মিনীর পরাগস্পর্শে সুবাসিত পবিত্র সলিলা স্রোতস্বতী (নদী) সমূহের স্বচ্ছ সলিলে অবগাহন পূর্ব্বক ভগবান্ শ্রীকৃষ্ণ বনিতাগণের প্রেমালিঙ্গনে কুচকুঙ্কুম-লিপ্তাঙ্গ হইয়া, মহাপ্রেমিকের ন্যায় পরমানন্দে বিহার করিতেছিলেন।৬-৭

মৃদঙ্গ, পণব, আনক এবং বীণাযন্ত্রাদি বাদনে গন্ধর্ব্বগণ এবং স্তুতি-পাঠাদির দ্বারা সূত, মাগধ এবং বন্দিগণ ভগবানের অমল যশোরাশির কীর্ত্তন করিতেছিলেন।৮

কামিনীগণ হাস্য কৌতুকাদি সহকারে যেরূপ স্ব স্ব সিঞ্চন পাত্রের দ্বারা কৃষ্ণাঙ্গে জল-সিঞ্চন করত প্রেমের পরিচয় দিতেছিলেন, শ্রীকৃষ্ণও তাঁহাদের গাত্রে তাদৃশ জল-সিঞ্চন পূর্ব্বক পত্নীগণে পরিবৃত যক্ষরাজ কুবেরের ন্যায় জলক্রীড়া করিতে লাগিলেন।৯

কৃষ্ণস্তু তৎস্তনবিসর্জ্জিতকুঙ্কুমস্রক্
ক্রীড়াভিষঙ্গধুতকুন্তলবৃন্দবন্ধঃ।
সিঞ্চন্ মুহুর্যুবতিভিঃ প্রতিষিচ্যমানো
রেমে করেণুভিরিবেভপতিঃ পরীতঃ ॥১১

নটানাং নর্ত্তকীনাঞ্চ গীতবাদ্যোপজীবিনাম্।
ক্রীড়ালঙ্কারবাসাংসি কৃষ্ণোঽদাৎ তস্য চ স্ত্রিয়ঃ॥১২

কৃষ্ণস্যৈবং বিহরতো গত্যালাপেক্ষিতস্মিতৈঃ।
নর্ম্মক্ষ্বেলিপরিষ্বঙ্গৈঃ স্ত্রীণাং কিল হৃতা ধিয়ঃ ॥১৩

ঊচুর্মুকুন্দৈকধিয়োঽগির উন্মত্তবজ্জড়ম্।
চিন্তয়ন্ত্যোঽরবিন্দাক্ষং তানি মে গদতঃ শৃণু ॥১৪

মহিষ্য ঊচুঃ।

কুররি বিলপসি ত্বং বীতনিদ্রা ন শেষে
স্বপিতি জগতি রাত্র্যামীশ্বরো গুপ্তবোধঃ।
বয়মিব সখি কচ্চিদ্গাঢ়নির্ব্বিদ্ধচেতা
নলিননয়নহাসোদারলীলেক্ষিতেন ॥১৫

ক্লিন্নানি সিক্তানি বস্ত্রাণি যাসাং তাঃ অতএব বিবৃতাঃ উরুকুচপ্রদেশাঃ যাসাং তাঃ (উদ্ধৃত-বৃহৎ-কবর-প্রসূনাঃ (উদ্ধৃতানি বিস্রস্তানি বৃহৎকবরেভ্যঃ প্রসূনানি যাসাং তাঃ) স্বরেচকস্য সেচন-সাধনস্য জিহীর্ষয়া হরণেচ্ছয়া তং কান্তম্, উপগুহ্য আলিঙ্গ্য, তেন জাতস্মরেণ যঃ উৎসবঃ উৎকৃষ্টঃ হাসঃ তেন লসন্তি বদনানি যাসাং তাঃ সিঞ্চন্ত্যঃ এব বিরেজুঃ ॥১০

কৃষ্ণঃ তু তাসাং স্তনেভ্যঃ বিসর্জ্জিতা কুঙ্কুমস্রক্ যস্য সঃ ক্রীড়ায়াম্ অভিষঙ্গেন অভিনিবেশন ধুতঃ কম্পিতঃ কুন্তলবৃন্দবন্ধঃ যস্য সঃ স্বয়ং মুহুঃ তাঃ সিঞ্চন্ যুবতীভিঃ প্রতিষিচ্যমানঃ করেণুভিঃ পরীতঃ পরিবৃতঃ ইভপতিঃ গজরাট্ ইব রেমে ॥১১

ক্রীড়ার্থং যানি স্বয়ং ধৃতানি অলঙ্কারবাসাংসি তানি গীতবাদ্যোপজীবিনাং নর্ত্তকীনাং নটানাং তেভ্যঃ কৃষ্ণঃ অদাৎ তথা তস্য স্ত্রিয়ঃ চ তানি তেভ্যঃ দদুঃ ॥১২

এবং বিহরতঃ কৃষ্ণস্য গত্যালাপেক্ষিতস্মিতৈঃ নর্ম্মক্ষ্বেলিপরিষ্বঙ্গৈঃ স্ত্রীণাং ধিয়ঃ কিল হৃতাঃ ॥১৩

মুকুন্দৈকধিয়ঃ (মুকুন্দে একস্মিন্ এব ধীঃ যাসাং তাঃ) তম্ অরবিন্দাক্ষং পদ্ম-পলাশলোচনং চিন্তয়ন্ত্যঃ অগিরঃ ক্ষণং ধৃতমৌনাঃ সত্যঃ, ততঃ উন্মত্তবৎ জড়ম্ অনন্বিতং যথা ভবতি তথা যানি বাক্যানি ঊচুঃ, তানি গদতঃ কথয়তঃ মে মত্তঃ শৃণু ॥১৪

মহিষ্যঃ ঊচুঃ। হে কুররি! অস্মিন্ জগতি রাত্র্যাম্

জলকেলির উপলক্ষে কামিনীগণের পরিধেয় বসন আর্দ্র হওয়ায় তাঁহাদের গুরু নিতম্বভাগ ও পীনোন্নত পয়োধরযুগল সুস্পষ্ট প্রতীত হইতেছিল। দ্রুত গমনের বেগে এবং অঙ্গসঞ্চালনাদির জন্য তাঁহাদের বৃহৎ কবরী হইতে প্রসূন-মালা স্খলিত হইতে লাগিল। ক্রীড়াকালে শ্রীকৃষ্ণ যখন কামিনীগণের জল-সিঞ্চন-পাত্র হরণ করিতেন বা বনিতাগণ তাঁহার সিঞ্চন-পাত্র হরণ করিতেন, তখন পরস্পরের আলিঙ্গনোপলক্ষে কামোদ্দীপিতা কামিনীগণ হাস্যব্যঞ্জক প্রফুল্ল বদন-কমলের বিকাসে কি অপূর্ব্ব শোভাই ধারণ করিয়াছিলেন।১০

এদিকে শ্রীকৃষ্ণও বনিতাগণের সহিত ক্রীড়ায় আসক্ত হওয়ায়, তাঁহার গলদেশস্থ মালা কামিনীগণের কুচকুঙ্কুমে আরক্তবর্ণ ধারণ করিল; আলিঙ্গনের আগ্রহে তাঁহার কুন্তল-বন্ধন শিথিল হইয়া ইতস্ততঃ সঞ্চালিত হইল; পরস্পরের গাত্রে জল-সিঞ্চনের উৎসবোপলক্ষে করেণুগণে পরিবৃত গজরাজের ন্যায় যুবতীগণের পরিবেষ্টনে ভগবান্ শ্রীকৃষ্ণ অপূর্ব্ব শোভা ধারণ করিলেন।১১

তাদৃশ ক্রীড়ার উপলক্ষে শ্রীকৃষ্ণ এবং তদীয় বনিতাগণ যে সকল মহামূল্য বস্ত্র এবং অলঙ্কারাদি পরিধান করিতেন, জলক্রীড়ার অন্তে সেই সমস্ত তাঁহারা গীতবাদ্যোপজীবী নর্ত্তকী ও নটগণকে পারিতোষিক স্বরূপে প্রদান করিলেন।১২

এই প্রকার গতি, আলাপ, হাস্য, ঈক্ষণ, কৌতুক ও আলিঙ্গনাদির পরিচয়ে নারীগণের সহিত

নেত্রে ন মীলয়সি নক্তমদৃষ্টবন্ধু-
ত্বং রোরবীষি করুণং বত চক্রবাকি।
দাস্যং গতা বয়মিবাচ্যুতপাদজুষ্টাং
কিং বা স্রজং স্পৃহয়সে কবরেণ বোঢ়ুম্ ॥১৬

ভো ভোঃ সদা নিষ্টনসে উদন্ব-
ন্নলব্ধনিদ্রোঽধিগতপ্রজাগরঃ।
কিংবা মুকুন্দাপহৃতাত্মলাঞ্ছনঃ
প্রাপ্তাং দশাং ত্বঞ্চ গতো দুরত্যয়াম্ ॥১৭

ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ গুপ্তবোধঃ (গুপ্তঃ বাহ্যবিষয়াৎ আন্তরীকৃতঃ বোধঃ জ্ঞানং যস্য তথাভূতঃ সন্) স্বপিতি। ত্বং তু বীতনিদ্রা বিগতনিদ্রা সতী বিলপসি তন্নিদ্রাভঙ্গং কুর্ব্বতী আক্রোশসি। অতঃ হে সখি! বয়ম্ ইব নলিন-নয়নস্য কৃষ্ণস্য হাসেন যৎ উদারং লীলয়েক্ষিতং তেন গাঢ়ং যথা স্যাৎ তথা নির্ব্বিদ্ধং নির্ভিন্নং চেতঃ যস্যাঃ তথাভূতা কচ্চিৎ ত্বমসি ॥১৫

হে চক্রবাকি! নক্তং রাত্রৌ ত্বং নেত্রে ন মীলয়সি! করুণং যথা তথা রোরবীসি। তৎ কিম্ অদৃষ্টবন্ধুঃ অদৃষ্টপাতঃ ত্বম্ অসি! কিংবা বয়মিব দাস্যং গতা সতী অচ্যুতস্য পদে জুষ্টাং স্রজং কবরেণ বোঢ়ুং স্পৃহয়সে। (অতো ব্যগ্রচিত্তাসি) ॥১৬

ভোঃ ভোঃ উদন্বন্ সমুদ্র! ন লব্ধনিদ্রঃ অধিগতপ্রজাগরঃ প্রাপ্তপ্রজাগরঃ ত্বং সদা নিষ্টনসে শব্দং করোষি। তৎ কিম্ অস্মাভিঃ প্রাপ্তাং দুরত্যয়াম্ অনিবর্ত্ত্যাং দশাং মোহরূপাং ত্বম্ অপি গতোঽসি। যতঃ বয়ং যথা সম্ভোগেন মুকুন্দাপহৃতাঃ কুঙ্কুমাদিলাঞ্ছনাঃ তথা ত্বম্ অপি মুকুন্দাপহৃত-শ্রীকৌস্তুভাদি-লাঞ্ছনঃ লক্ষ্যসে ॥১৭

ক্রীড়া করায়, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক কামিনীগণের চিত্ত সম্পূর্ণ আকৃষ্ট হইয়াছিল।১৩

এই প্রকারে একদিবস বনিতাগণ যখন কৃষ্ণ-প্রেমে সম্পূর্ণ বিমোহিতা হইয়াছিলেন, তখন ক্ষণকাল তাঁহারা নীরবে অবস্থান করিলেন। পরে পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণকে হৃদয়ে চিন্তা করত, উন্মাদিনীর ন্যায় অব্যবস্থিতভাবে যে সকল উক্তির প্রয়োগ করিয়াছিলেন, আমি তাহা আপনার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ করুন্।১৪

কোন মহিষী সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে কুররি! রাত্রিতে তোমার ত নিদ্রা দেখিতেছি না! তুমি সমস্ত রাত্রি জাগরিত থাকিয়া চিৎকার ধ্বনিতে এত বিলাপ করিতেছ কেন? তোমার বিলাপ-ধ্বনিতে নিদ্রিত সর্ব্বজ্ঞ জগৎপতি জনার্দ্দনের যে নিদ্রা ভঙ্গ হইবে, তাহা কি তুমি জান না! সখি রে! আমাদের ন্যায় তোমারও কি চিত্ত সেই পদ্ম-পলাশলোচন শ্রীকৃষ্ণের মধুর হাস্য এবং উদার নয়নবাণে জর্জ্জরিত এবং ছিন্ন ভিন্ন হইয়াছে! সেই নিমিত্তই কি আমাদের ন্যায় তুমিও নিদ্রাসুখে বঞ্চিত হইয়া কাতর-প্রাণে রোদন করিতেছ।১৫

হে চক্রবাকি! রাত্রিতে কি তুমি একবারও চক্ষু মুদ্রিত কর না! করুণকণ্ঠে এত রোদন করিতেছ কেন? তুমি কি নারীকুলের পরমবন্ধু পতিরত্নে বঞ্চিত হইয়াছ! কিংবা আমাদের ন্যায় অচ্যুতস্বরূপ পতির চরণে প্রাণসমর্পণে দাসী হইয়া তদীয় চরণ-সেবিত মালার দ্বারা কবরীবন্ধনার্থ প্রার্থনা করিতেছ! বোধ হয়, এই জন্যই তুমি আমাদের ন্যায় ব্যাকুলচিত্তা হইয়া এই প্রকার রোদন করিতেছ।১৬

ওহে রত্নাকর! তুমি এই প্রকারে দিন-যামিনী নিদ্রাশূন্য হইয়া ওরূপ নিরন্তর শব্দ করিতেছ কেন? তুমিও কি আমাদের ন্যায় দারুণ দুর্দ্দশাগ্রস্ত হইয়া বিষম বিপদে পতিত হইয়াছ! অহো! বুঝিলাম! আমরা যেমন মুকুন্দের সহিত সম্ভোগ করিতে গিয়া, কুঙ্কুমলাঞ্ছনাদি সধবার উৎকৃষ্ট চিহ্নসমূহ হারাইয়াছি, তুমিও বুঝি শ্রীকৃষ্ণের সঙ্গ করিতে গিয়া রত্নাকরের দুর্ল্লভ রত্ন শ্রী ও কৌস্তুভাদি অপূর্ব্ব রত্নসমূহে বঞ্চিত হইয়াছ।১৭

ত্বং যক্ষ্মণা বলবতাসি গৃহীত ইন্দো
ক্ষীণস্তমো ন নিজদীধিতিভিঃ ক্ষিণোষি
কচ্চিন্মুকুন্দগদিতানি যথা বয়ং ত্বং
বিস্মৃত্য ভোঃ স্থগিতগীরুপলক্ষ্যসে নঃ ॥১৮

কিং ত্বাচরিতমস্মাভির্মলয়ানিল তেঽপ্রিয়ম্।
গোবিন্দাপাঙ্গনির্ভিন্নে হৃদীরয়সি নঃ স্মরম্ ॥১৯

মেঘ শ্রীমংস্ত্বমসি দয়িতো যাদবেন্দ্রস্য নূনং
শ্রীবৎসাঙ্কং বয়মিব ভবান্ ধ্যায়তি প্রেমবদ্ধঃ।
অত্যুৎকণ্ঠঃ শবলহৃদয়োঽস্মদ্বিধো বাষ্পধারাঃ
স্মৃত্বা স্মৃত্বা বিসৃজসি মুহুর্দুঃখদস্তৎপ্রসঙ্গঃ ॥২০

প্রিয়রাবপদানি ভাষসে
মৃতসঞ্জীবিকয়ানয়া গিরা।
করবাণি কিমদ্য তে প্রিয়ং
বদ মে বল্গিতকণ্ঠ কোকিল ॥২১

হে ইন্দো! ত্বং বলবতা যক্ষ্মণা ক্ষয়রোগেণ গৃহীতঃ, অতএব ক্ষীণঃ সন্ নিজদীধিতিভিঃ স্বকান্তিভিঃ তমঃ অন্ধকারং ন ক্ষিণোষি ন বিনাশয়সি! কচ্চিৎ কিংবা যথা বয়ং তথা ত্বমপি মুকুন্দগদিতানি রহস্যানি বিস্মৃত্য তদেকচিন্তয়া স্থগিতগীঃ স্তব্ধবাক্ স্থিতোঽসীতি নঃ অস্মাভিঃ উপলক্ষ্যসে ॥১৮

হে মলয়ানিল! অস্মাভিঃ তে তব কিং বা অপ্রিয়ম্ অনিষ্টম্ আচরিতম্! যতঃ ত্বং গোবিন্দস্য অপাঙ্গৈঃ নিতরাং ভিন্নে নঃ অস্মাকং হৃদি হৃদয়ে স্মরং কামম্ ঈরয়সি প্রেরয়সি ॥১৯

হে মেঘ! (তাপহরণ-শ্যামত্বাদিসাম্যাৎ) ত্বং নূনং নিশ্চিতং যাদবেন্দ্রস্য কৃষ্ণস্য দয়িতঃ প্রিয়ঃ অসি! ততঃ এব বয়ম্ ইব (তস্য) প্রেম্ণা বদ্ধঃ সন্ ভবান্ অপি তম্ এব শ্রীবৎসাঙ্কং ধ্যায়তি। যতঃ অস্মদ্বিধঃ বয়মিব অত্যুৎকণ্ঠঃ তদ্দর্শনাদ্যুৎসাহযুক্তঃ, শবলহৃদয়ঃ (শবলং বৈবর্ণেন নানাবর্ণং হৃদয়ং মধ্যভাগঃ যস্য তথাভূতঃ ত্বম্ অসি) ত্বং স্মৃত্বা স্মৃত্বা বৃষ্টিরূপাঃ বাষ্পধারাঃ মুহুঃ বিসৃজসি বিমুঞ্চসি। (যুক্তঞ্চৈতৎ যতঃ) তস্য প্রসঙ্গঃ (বিরক্তানাং সুখদঃ অপি সংসারিণাং) দুঃখদঃ ইতি ॥২০

হে বল্গিতকণ্ঠ! রমণীয়কণ্ঠ! কোকিল! প্রিয়রাবস্য প্রিয়ংবদস্য শ্রীকৃষ্ণস্য পদানি ইব পদানি শব্দান্ ত্বং ভাষসে! অতঃ অমৃতসঞ্জীবিকয়া অনয়া গিরা ত্বং মে বদ কথয়, অদ্য তে তব কিং প্রিয়ং করবাণি ইতি ॥২১

হে নিশানাথ! তুমি ভীষণ যক্ষ্মারোগে আক্রান্ত হওয়ায় একান্ত দুর্ব্বল হইয়াছ; সুতরাং স্বীয় কান্তির দ্বারা দিবাকরের ন্যায় অন্ধকারকে আর বিদূরিত করিতে পারিতেছ না! কিংবা বোধ হয়, তুমিও আমাদের ন্যায় মুকুন্দের রহস্য বার্ত্তা বিস্মৃত হইয়া তদেকচিন্তায় নির্ব্বাক্ হইয়া পড়িয়াছ। এই প্রকারই আমাদের মনে নিশ্চয় উপলব্ধ হইতেছে।১৮

হে মলয়পবন! বল দেখি! আমরা তোমার এমন কি অনিষ্টাচরণ করিয়াছি যে, শ্রীগোবিন্দের নয়নবাণে সম্পূর্ণ বিদীর্ণ এই আমাদের হৃদয়-মাঝারে তুমি আবার নূতন করিয়া কামবাণের বিলক্ষণ প্রয়োগ করিতেছ! কিন্তু আমাদের এই ভিন্ন অঙ্গকে পুনরায় ভেদ করা, তোমার কখনই কর্ত্তব্য নহে!১৯

হে মেঘ! তাপোপশমন গুণে এবং কৃষ্ণরূপের সাম্যে তোমাকেও যাদবেন্দ্র শ্রীকৃষ্ণের একজন সখা বলিয়াই আমাদের বিলক্ষণ প্রতীতি হইতেছে। অহো! আমাদের ন্যায় তুমিও কৃষ্ণপ্রেমে আবদ্ধ হইয়া, সেই শ্রীবৎসচিহ্নলাঞ্ছিত ভগবানের মনোহর মূর্ত্তির ধ্যান করিতেছ। অতীব উৎকণ্ঠতানিবন্ধন তোমাকেও নিতান্ত বিষণ্ণচিত্ত বলিয়া আমাদের অনুমান হইতেছে; কারণ, আমরা যেমন কান্ত-বিরহে ক্রন্দন করিয়াই দিনাতিপাত করিতেছি, তুমিও যেন সেইরূপ কৃষ্ণ-সঙ্গ পাইবার উৎকণ্ঠায় তাঁহার স্মরণে বর্ষণ করিবার ছলে বাষ্পবারিই নিরন্তর বিসর্জ্জন করিতেছ। অহো! বুঝিলাম! উদাসীনের পক্ষে কৃষ্ণকথা আনন্দপ্রদ হইলেও, গৃহীর পক্ষে যে শেল-সম, তাহাতে আর সন্দেহ নাই।২০

ন চলসি ন বদস্যুদারবুদ্ধে
ক্ষিতিধর চিন্তয়সে মহান্তমর্থম্।
অপি বত বসুদেবনন্দনাঙ্ঘ্রিং
বয়মিব কাময়সে স্তনৈর্বিধর্ত্তুম্ ॥২২

শুষ্যদ্ধ্রদাঃ করশি(শি)তা বত সিন্ধুপত্ন্যঃ
সম্প্রত্যপাস্তকমলশ্রিয় ইষ্টভর্ত্তুঃ।
যদ্বদ্ বয়ং মধুপতেঃ প্রণয়াবলোক-
মপ্রাপ্য মুষ্টহৃদয়াঃ পুরুকর্শিতাঃ স্ম ॥২৩

হংস স্বাগতমাস্যতাং পিব পয়ো
ব্রূহ্যঙ্গ শৌরেঃ কথাং
দূতং ত্বাং নু বিদাম কচ্চিদজিতঃ
স্বস্ত্যাস্ত উক্তং পুরা।
কিংবা নশ্চলসৌহৃদঃ স্মরতি তং
কস্মাদ্ভজামো বয়ং
ক্ষৌদ্রালাপয় কামদং শ্রিয়মৃতে
সৈবৈকনিষ্ঠা স্ত্রিয়াম্ ॥২৪

হে উদারবুদ্ধে মহাবুদ্ধে, ক্ষিতিধর পর্ব্বত! ত্বং ন চলসি ন কিঞ্চিৎ বদসি চ। অতঃ নূনং নিশ্চিতং কঞ্চিৎ মহান্তম্ অর্থং চিন্তয়সে। অপি বত কিং বয়ম্ ইব ত্বমপি বসুদেবনন্দনাঙ্ঘ্রিং স্তনৈঃ বিধর্ত্তুং কাময়সে? তর্হি তবাপি অস্মদবস্থা ভবিষ্যতি ॥২২

হে সিন্ধুপত্ন্যঃ নদ্যঃ! যদ্বৎ যথা বয়ং মধুপতেঃ কৃষ্ণস্য প্রণয়াবলোকম্ অপ্রাপ্য মুষ্টানি অপহৃতানি হৃদয়ানি যাসাং তাঃ পুরুকর্শিতাঃ তথা কিং যূয়ম্ অপি সংপ্রতি গ্রীষ্মে ইষ্টস্য ভর্ত্তুঃ সিন্ধোঃ প্রণয়াবলোকং মেঘদ্বারা প্রবাহপুত্তিম্ অপ্রাপ্য, শুষ্যদ্ধ্রদা (শুষ্যন্তঃ হ্রদাঃ যাসাং তাঃ) অপেতকমলশ্রিয়ঃ অপাস্তা নির্গতা কমলশ্রীঃ কমলশোভা যাসাং তাঃ কর্শিতাঃ স্থ ॥২৩

হে হংস! তে স্বাগতং। অত্র আস্যতাম্ উপবিশ্যতাং, পয়ঃ ক্ষীরং পিব। অঙ্গ! শৌরেঃ কৃষ্ণস্য কথাং বার্ত্তাং ব্রূহি। ত্বা ত্বাং তু তস্য দূতং বিদাম। অতঃ অজিতঃ কিং স্বস্তি আস্তে। যচ্চ নঃ অস্মান্ প্রতি "ন তাদৃশাং প্রণয়িনীং পশ্যামি ইত্যাদি" পুরা উক্তং তৎ [কিং] চলসৌহৃদঃ (চলম্ অস্থিরং সৌহৃদং প্রেম যস্য সঃ) সঃ স্মরতি! হে ক্ষৌদ্র ক্ষুদ্রস্য দূত! শ্রিয়ম্ ঋতে বিনা বয়ং তং কস্মাৎ ভজামঃ। সৈব শ্রীঃ অনাদৃতা অপি পুনঃ পুনঃ ভজতু! স্ত্রিয়াম্ একনিষ্ঠাঃ বয়ম্! ক্ষৌদ্রালাপং (ক্ষৌদ্রং মধু তদ্বৎ মধুরালাপমাত্রং যস্য তম্) অকামদম্ অরতিপ্রদং তং কস্মাৎ ভজামঃ ॥২৪

রে মধুরকণ্ঠ কোকিল! তুমি তাদৃশ অমৃতোপম জীবনপ্রদ সুললিত স্বরে আমাদের বিরহদুঃখ যেন সম্পূর্ণ উপশমিত করিয়া কত সুললিত শব্দেরই প্রয়োগ করিতেছ। অহো মধুর স্বরে একবার বল দেখি! তোমার কি উপকার আমাদের দ্বারা সাধিত হইতে পারে। আমরা তাহাই করিব।২১

পর্ব্বতের প্রাত নেত্রসঞ্চালন পূর্ব্বক কোন বনিতা বলিলেন,—অহে ধরণীধর! তোমার ন্যায় স্থিরবুদ্ধি আর কাহাকেও আমাদের নয়নগোচর হইতেছে না। তুমি যখন কোন কথা কহিতেছ না এবং কোথায়ও গমনাগমন করিতেছ না, তখন আমাদের নিশ্চয়ই অনুভব হইতেছে যে, কোন একটি গুরুতর বিষয়ের চিন্তাতেই তুমি সম্পূর্ণ নিমগ্ন রহিয়াছ। তুমি ওরূপ কেবল উর্দ্ধেই পরিবর্দ্ধিত হইতেছ কেন? তুমি কি আমাদের ন্যায় বসুদেব-নন্দন প্রাণ-গোবিন্দের চরণারবিন্দকে স্বীয় পয়োধর-স্থানীয় শৃঙ্গের দ্বারা ধারণ করিতে ইচ্ছা করিতেছ।২২

অহো! সিন্ধুপত্নী স্রোতস্বতীগণ! তোমরাও কি আমাদের ন্যায় পতির প্রেমদৃষ্টির অভাবে এতাদৃশ কৃশ অবস্থায় পরিণত হইয়াছ। অহো! মধুপতি শ্রীকৃষ্ণের প্রণয়াবলোকন না পাইয়া আমরা যেমন শূন্য-হৃদয়ে অবস্থান করিতেছি; আমাদের বক্ষের লাবণ্য নাই এবং একান্ত কৃশ হইয়াছি; তুমিও কি সেইরূপ প্রচণ্ড গ্রীষ্মের আগমনে প্রাণপতি সিন্ধুর মেঘদ্বারা অমৃতবৃষ্টির অভাবে ঈদৃশ হীনাবস্থায় নিপতিত হইয়াছ। আহা! আমাদের ন্যায় তোমারও বক্ষোপরি বিকচ-নলিনীর তাদৃশ সৌন্দর্য্য আর পরিলক্ষিত হইতেছে না।২৩

হংসকে অবলোকন করিয়া বলিলেন,—হে হংস! তোমার মঙ্গল ত! এখানে আসিতে কোন

শ্রীশুক উবাচ।

ইত্যাদৃশেন ভাবেন কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।
ক্রিয়মাণেন মাধব্যো লেভিরে পরমাং গতিম্ ॥২৫

শ্রুতমাত্রোঽপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ।
উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাঞ্চ কিং পুনঃ ॥২৬

যাঃ সম্পর্য্যচরন্ প্রেম্ণা পাদসংবাহনাদিভিঃ।
জগদ্গুরুং ভর্ত্তৃবুদ্ধ্যা তাসাং কিং বর্ণ্যতে তপঃ ॥২৭

এবং বেদোদিতং ধর্ম্মমনুতিষ্ঠন্ সতাং গতিঃ।
গৃহং ধর্ম্মার্থকামানাং মুহুশ্চাদর্শয়ৎ পদম্ ॥২৮

আস্থিতস্য পরং ধর্ম্মং কৃষ্ণস্য গৃহমেধিনাম্।
আসন্ ষোড়শসাহস্রং মহিষ্যশ্চ শতাধিকম্ ॥২৯

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং যোগেশ্বরেশ্বরে কৃষ্ণে ক্রিয়মাণেন ঈদৃশেন ভাবেন প্রেম্ণা মাধব্যঃ মাধবস্য স্ত্রিয়ঃ বৈষ্ণবীং গতিং মুক্তিং লেভিরে ॥২৫

উরুগায়োরুগীতঃ (উরুভিঃ গায়ৈঃ গীতৈঃ উরুধাঃ গীতঃ) অতঃ কথঞ্চিৎ শ্রুতমাত্রঃ অপি বা যঃ স্ত্রীণাং মনঃ প্রসহ্য বলাৎ এব আকর্ষতে, তদা সাক্ষাৎ পশ্যন্তীনাং স্বপত্নীনাং মনসঃ আকর্ষণে পুনঃ কিং বক্তব্যম্ ॥২৬

যাঃ স্ত্রিয়ঃ জগদ্গুরুং ব্রহ্মাদিসর্ব্বপূজ্যং শ্রীকৃষ্ণং ভর্ত্তৃবুদ্ধ্যা পাদসংবাহনাদিভিঃ প্রেম্ণা সংপর্য্যচরন্ সেবিতবত্যঃ, তাসাং তপঃ কিং বর্ণ্যতে ॥২৭

সতাং গতিঃ কৃষ্ণঃ এবং বেদোক্তং ধর্ম্মং মুহুঃ অনুতিষ্ঠন্ গৃহং ধর্ম্মাদীনাং পদম্ ইতি অদর্শয়ৎ। গৃহমেধিনাং গৃহস্থানাং পরং ধর্ম্মম্ আস্থিতস্য অনুতিষ্ঠতঃ কৃষ্ণস্য অষ্টোত্তরশতাধিকং ষোড়শসাহস্রং মহিষ্যঃ আসন্ ॥২৮-২৯

ক্লেশ ত হয় নাই। এস। এস। উপবেশন কর। এই দুগ্ধ পান কর। হে শোভন। সেই শূরবংশোদ্ভব শ্রীকৃষ্ণের সংবাদ আমাদিগকে প্রদান কর। দেখ। আমরা তোমাকে আমাদের নিজ অঙ্গতুল্য পরম আত্মীয় কৃষ্ণদূত বলিয়াই অবধারণ করিয়াছি। শ্রীকৃষ্ণ ভাল আছেন ত ? অবশ্য কোন প্রেমিকার প্রেমে বশীভূত থাকিয়া যথেষ্ট আনন্দেই তিনি কালাতিপাত করিতেছেন। আমাদের বিরহ-ব্যাথায় তাঁহার কোন ক্ষতি বৃদ্ধি নাই ; কারণ, তাহা হইলে পূর্ব্বকথা স্মরণ করত আমাদের নিকট অগ্রেই উপস্থিত হইতেন ; আমাদিগকে লইয়া যাইবার জন্য আর তোমাকে কখন প্রেরণ করিতেন না। তুমি তাঁহাকে জানাইও যে, কেবল তোমার কথায় আমরা তাঁহাকে ভজিতে আর যাইব না। হংস রে। মনে করিও না যে শ্রী-ই কেবল তাঁহার পতিব্রতা পত্নী ; আমরাও তাঁহার একনিষ্ঠা পতিপরায়ণা নারী। তবে তাঁহার ন্যায় কেবল মুখে আলাপকারী, কিন্তু অরতিপ্রদ স্বামীর অনুসরণ করা আমাদের ন্যায় পত্নীর পক্ষে সঙ্গত নহে। আমরা স্বামীর আদর প্রার্থনা করি। শ্রীর ন্যায় অনাদৃতভাবে তাঁহার ভজনা করিতে আমরা অক্ষম। আমরা মানিনী ! যাহাই হউক, একবার সেই জীবন-সর্ব্বস্বকে এখানে আসিতে অনুরোধ করিবে। তাঁহাকে দর্শন করিয়া আমাদের জীবনব্রত সমাপ্ত করিব।২৪

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ। ব্রহ্মাদি যোগেশ্বরগণেরও যোগফলদাতা ভগবান্ শ্রীকৃষ্ণে এই প্রকার ভাবের বিনিময়ে সেই মাধবপত্নীগণ মোক্ষস্বরূপ বৈষ্ণবগতি লাভ করিয়াছিলেন।২৫

যে উরুগীত ভগবান্ শ্রীকৃষ্ণের বিষয় মাত্র শ্রবণ করিলে, নারীগণের চিত্ত বলপূর্ব্বক তাঁহার প্রতি আকৃষ্ট হয়, অহো ! তাঁহাকে প্রত্যক্ষে অবলোকন করিলে, তাঁহার প্রতি তাহাদের চিত্ত যে আকৃষ্ট হইবে—তাহাতে আর বক্তব্য কি।২৬

তন্মধ্যে আবার বিশেষ প্রেম ও আদরাতিশয়ে ভর্ত্তৃজ্ঞানে যে সকল কামিনী সেই জগদ্গুরু শ্রীকৃষ্ণের পাদসংবাহনাদির দ্বারা যথেষ্ট পরিচর্য্যা করিয়াছেন, তাঁহাদের তপস্যার বিষয় আর কি বর্ণন করিব।২৭

সাধুগণের পরম আশ্রয় ভগবান্ বাসুদেব এই প্রকারে বেদবোধিত ধর্ম্ম্য-কর্ম্মের যথাবিধি অনুষ্ঠানে

তাসাং স্ত্রীরত্নভূতানামষ্টৌ যাঃ প্রাগুদাহৃতাঃ।
রুক্মিণীপ্রমুখা রাজংস্তৎপুত্রাশ্চানুপূর্ব্বশঃ ॥৩০
একৈকস্যাং দশ দশ কৃষ্ণোঽজীজনদাত্মজান্।
যাবত্য আত্মনো ভার্য্যা অমোঘগতিরীশ্বরঃ ॥৩১
তেষামুদ্দামবীর্য্যাণামষ্টাদশ মহারথাঃ।
আসন্নুদারযশসস্তেষাং নামানি মে শৃণু ॥৩২
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ দীপ্তিমান্ ভানুরেব চ।
সাম্বো মধুর্বৃহদ্ভানুশ্চিত্রভানুর্বৃকোঽরুণঃ ॥৩৩

পুষ্করো বেদবাহুশ্চ শ্রুতদেবঃ সুনন্দনঃ।
চিত্রবাহুর্বিরূপশ্চ কবির্ন্যগ্রোধ এব চ ॥৩৪
এতেষামপি রাজেন্দ্র তনুজানাং মধুদ্বিষঃ।
প্রদ্যুম্ন আসীৎ প্রথমঃ পিতৃবদ্ রুক্মিণীসুতঃ ॥৩৫
স রুক্মিণো দুহিতরমুপযেমে মহারথঃ।
তস্যাং ততোঽনিরুদ্ধোঽভূন্নাগাযুতবলান্বিতঃ ॥৩৬
স চাপি রুক্মিণঃ পৌত্রীং দৌহিত্রো জগৃহে ততঃ।
বজ্রস্তস্যাভবদ্ যস্তু মৌসলাদবশেষিতঃ ॥৩৭

তাসাং মধ্যে রুক্মিণীপ্রমুখাঃ যাঃ অষ্টৌ প্রাগুদাহৃতাঃ পূর্ব্বকথিতাঃ পত্ন্যঃ তাসাং পুত্রাঃ চ অনুপূর্ব্বশঃ বিশেষতঃ কথিতাঃ ॥৩০

অমোঘরতিঃ সত্যসংকল্পঃ ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ সামান্যতঃ তু যাবত্যঃ আত্মনঃ ভার্য্যাঃ তাসু একৈকস্যাং দশ দশ পুত্রান্ অজীজনৎ (তথা বৈকলক্ষমশীত্যুত্তরৈকষষ্টিসহস্রাণি পুত্রাঃ জাতাঃ) ॥৩১

তেষাং পুত্রাণাং মধ্যে অষ্টাদশ পুত্রাঃ মহারথাঃ, অতএব উদারযশসঃ বিপুলকীর্ত্তয়ঃ আসন্। তেষাং নামানি মে মত্তঃ শৃণু ॥৩২

প্রদ্যুম্নঃ, অনিরুদ্ধঃ, দীপ্তিমান্, ভানুঃ, সাম্বঃ, মধুঃ, বৃহদ্ভানুঃ, চিত্রভানুঃ, বৃকঃ, অরুণঃ, পুষ্করঃ, বেদবাহুঃ, শ্রুতদেবঃ, সুনন্দনঃ, চিত্রবাহুঃ, বিরূপঃ, কবিঃ, তথা ন্যগ্রোধঃ ইতি যথাক্রমতঃ অষ্টাদশঃ পুত্রাঃ আসন্ ॥৩৩-৩৪

এতেষাং মধুদ্বিষঃ তনুজানাং পুত্রাণাং মধ্যে হে রাজেন্দ্র! প্রথমঃ রুক্মিণীসুতঃ প্রদ্যুম্নঃ পিতৃবৎ গুণবান্ আসীৎ ॥৩৫

সঃ প্রদ্যুম্নঃ রুক্মিণঃ দুহিতরং কন্যাম্ উপযেমে বিবাহিতবান্। তস্যাং ভার্য্যায়াং, ততঃ প্রদ্যুম্নাৎ অনিরুদ্ধঃ জাতঃ ॥৩৬

সঃ চাপি রুক্মিণঃ দৌহিত্রঃ অনিরুদ্ধঃ রুক্মিণঃ পৌত্রীং জগৃহে, তস্যাং বজ্রঃ আসীৎ, যঃ মৌসলাৎ অবশেষিতঃ ॥৩৭

গৃহকেই ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষস্বরূপ চতুর্ব্বর্গ ফলসংগ্রহের অনুপম আশ্রয়স্বরূপে প্রদর্শন করিয়াছেন।২৮

এই প্রকারে গৃহস্থগণের পরম ধর্মে অবস্থান পূর্ব্বক ভগবান্ শ্রীকৃষ্ণ অষ্টোত্তর শতাধিক ষোড়শ সহস্র পত্নী গ্রহণ করিয়াছিলেন।২৯

তন্মধ্যে রুক্মিণী প্রভৃতি কামিনীকুলের রত্নস্বরূপা যে অষ্ট সংখ্যক্ মহিষীর নাম আমি পূর্ব্বে উল্লেখ করিয়াছি, হে রাজন্! সেই অষ্ট মহিষীর পুত্রগণের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন্।৩০

অব্যর্থরতি সত্যসংকল্প সর্ব্বেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ নিজের যতগুলি পত্নী ছিল, তাঁহাদের প্রত্যেকের গর্ভে তিনি দশটি করিয়া পুত্র উৎপাদন করিয়াছিলেন।৩১

সেই সমস্ত প্রবল-পরাক্রম আত্মজগণের মধ্যে যে অষ্টাদশ জন বিপুল কীর্ত্তিশালী হইয়াছিলেন, তাঁহাদের নাম বর্ণন করিতেছি, শ্রবণ করুন্।৩২

যথা প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, দীপ্তিমান্, ভানু, সাম্ব, মধু, বৃহদ্ভানু, চিত্রভানু, বৃক, অরুণ, পুষ্কর, বেদবাহু, শ্রুতদেব, সুনন্দন, চিত্রবাহু, বিরূপ, কবি এবং ন্যগ্রোধ।৩৩-৩৪

হে রাজেন্দ্র! মধুসূদনের এই অষ্টাদশ পুত্রের মধ্যে, শ্রেষ্ঠা মহিষী রুক্মিণীর পুত্র সর্ব্বজ্যেষ্ঠ প্রদ্যুম্নই পিতার ন্যায় গুণসম্পন্ন হইয়া ছিলেন।৩৫

উক্ত মহারথ স্বীয় মাতুল রুক্মির কন্যাকেই পত্নীত্বে গ্রহণ করেন ; এই পত্নীতে তাঁহার অনিরুদ্ধ নামে যে পুত্র জন্মে, তাঁহার বল অযুতহস্তীর সমতুল্য।৩৬

এই অনিরুদ্ধ রুক্মীর দৌহিত্র হইয়া, আবার রুক্মীর পৌত্রীকেই পাণিগ্রহণ করেন এবং তাঁহার

প্রতিবাহুরভূৎ তস্মাৎ সুবাহুস্তস্য চাত্মজঃ।
সুবাহোঃ শান্তসেনোঽভূচ্ছতসেনস্তু তৎসুতঃ ॥৩৮
ন হ্যেতস্মিন্ কুলে জাতা অধনা অবহুপ্রজাঃ।
অল্পায়ুষোঽল্পবীর্য্যাশ্চ অব্রহ্মণ্যাশ্চ জজ্ঞিরে ॥৩৯
যদুবংশপ্রসূতানাং পুংসাং বিখ্যাতকর্ম্মণাম্।
সংখ্যা ন শক্যতে কর্ত্তুমপি বর্ষাযুতৈর্নৃপ ॥৪০
তিস্রঃ কোট্যঃ সহস্রাণামষ্টাশীতিশতানি চ।
আসন্ যদুকুলাচার্য্যাঃ কুমারাণামিতি শ্রুতম্ ॥৪১

তস্মাৎ প্রতিবাহুঃ, তস্মাৎ সুবাহুঃ, তস্মাৎ শান্তসেনঃ, তস্মাৎ শতসেনঃ ॥৩৮

এতস্মিন্ কুলে অধনাঃ অবহুপ্রজাঃ অল্পায়ুষঃ অল্পবীর্য্যাঃ অব্রহ্মণ্যাঃ চ ন জজ্ঞিরে ॥৩৯

যদুবংশ-প্রসূতানাং বিখ্যাত-কর্ম্মাণাং পুংসাং সংখ্যাং বক্তুং বর্ষশতৈঃ অপি ন শক্যতে ॥৪০

অপরিমিতানাং যদুকুমারাণাম্ আচার্য্যাঃ তিস্রঃ কোট্যঃ অষ্টাশীতি শতানি আসন্ ইতি শ্রুতম্ ॥৪১

হে রাজন্! মহাত্মনাং যাদবানাং সংখ্যানং কঃ করিষ্যতি যত্র অযুতানাং অযুতলক্ষেণ সঃ আহুকঃ উগ্রসেনঃ আস্তে ॥৪২

দেবাসুরাহবহতাঃ (দেবাসুরাহবে অমৃতার্থং দেবাসুর-

গর্ভে অনিরুদ্ধের যে পুত্র জন্মে, তাঁহার নাম বজ্র; মৌসল-যুদ্ধে ইনিই মাত্র অবশিষ্ট ছিলেন।৩৭

বজ্রের পুত্র প্রতিবাহু, প্রতিবাহুর পুত্র সুবাহু; সুবাহু হইতে শান্তসেন এবং শান্তসেন হইতে শতসেন নামক পুত্র জন্মগ্রহণ করেন।৩৮

হে রাজেন্দ্র! এই যদুকুলে কেহ নির্ধন, অল্পায়ুঃ অল্পবীর্য্য এবং অবহুপুত্র অথবা কেহ ব্রাহ্মণের অভক্ত হইয়া জন্মগ্রহণ করেন নাই।৩৯

যদুবংশসম্ভূত বিখ্যাত-কর্ম্মা পুরুষগণের সংখ্যা করিতে শতবৎসরেও কেহ কখন সমর্থ হইবেন না।৪০

আমরা শ্রবণ করিয়াছি যে, যদুকুল-সম্ভূত কুমারগণের উপদেশার্থ তিন কোটি অষ্টসহস্র অষ্ট-শতজন আচার্য্য নিযুক্ত হইয়াছিলেন।৪১

সংখ্যানং যাদবানাং কঃ করিষ্যতি মহাত্মনাম্।
যত্রাযুতানামযুতলক্ষেণাস্তে স আহুকঃ ॥৪২
দেবাসুরাহবহতা দৈতেয়া যে সুদারুণাঃ।
তে চোৎপন্না মনুষ্যেষু প্রজা দৃপ্তা ববাধিরে ॥৪৩
তন্নিগ্রহায় হরিণা প্রোক্তা দেবা যদোঃ কুলে।
অবতীর্ণাঃ কুলশতং তেষামেকাধিকং নৃপ ॥৪৪
তেষাং প্রমাণং ভগবান্ প্রভুত্বেনাভবদ্ধরিঃ।
যে চানুবর্ত্তিনস্তস্য ববৃধুঃ সর্ব্বযাদবাঃ ॥ ৪৫

সংগ্রামে) সুদারুণাঃ অতি ভয়ঙ্করাঃ যে দৈতেয়াঃ হতাঃ তে মনুষ্যেষু চৈদ্যমাগধাদিরূপেণ উৎপন্নাঃ দৃপ্তাঃ গর্ব্বিতাঃ, চ সন্তঃ প্রজাঃ ববাধিরে পীড়িতবন্তঃ ॥৪৩

তেষাং নিগ্রহায় বিনাশায়, হরিণা প্রোক্তাঃ আদিষ্টাঃ, দেবাঃ যদোঃ কুলে অবতীর্ণাঃ। হে নৃপ! তেষাং বৃষ্ণ্যন্ধক দাশার্হাদিরূপেণ একাধিকং শতং কুলং প্রবৃত্তম্ ॥৪৪

তেষাং যাদবানাং, প্রভুত্বেন স্বামিত্বেন, নিমিত্তেন হরিঃ ভক্তদুঃখহর্ত্তা ভগবান্ অবতীর্ণঃ অভবৎ; অতঃ এব তেষাং প্রমাণং চ অভবৎ। যে চ তস্য ভগবতঃ অনুবর্ত্তিনঃ আজ্ঞানু-সারিণঃ, সেবকাঃ তে সর্ব্বে যাদবাঃ ববৃধুঃ ধন-ধান্য-বলাদিভিঃ বৃদ্ধিং প্রাপ্তাঃ ॥৪৫

অতএব অসংখ্য যদুবংশীয়গণের সংখ্যা করা দূরে থাকুক্। সেই বংশের কেবল একজন উগ্রসেন সর্ব্বদা অযুত লক্ষ পরিবারে পরিবৃত থাকিতেন।৪২

অমৃত-সংগ্রহের উপলক্ষে দেবাসুর-সংগ্রাম হয়; সেই সংগ্রামে যে সমস্ত দুর্দ্দান্ত অতি ভয়ঙ্কর-প্রকৃতি অসুর-সমূহ নিহত হইয়াছিল, তাহারাই মনুষ্যকুলে শিশুপাল ও জরাসন্ধাদিরূপে জন্ম পরিগ্রহ করত, ভীষণ দর্পের পরিচয়ে প্রজাবর্গের উৎপীড়ন করিয়াছিল।৪৩

উক্ত প্রচ্ছন্ন অসুরগণের বিনাশের নিমিত্ত শ্রীহরির আদেশ অনুসারে দেবতাগণ যদুকুলে সমুৎপন্ন হন; এবং হে রাজেন্দ্র! তাঁহাদের হইতেই বৃষ্ণি, অন্ধক এবং দাশার্হাদি একাধিক শতকুলের নাম প্রবর্ত্তিত হইয়াছে।৪৪

শয্যাসনাটনালাপ-ক্রীড়া-স্নানাশনাদিষু।
ন বিদুঃ সন্তমাত্মানং বৃষ্ণয়ঃ কৃষ্ণচেতসঃ ॥৪৬
তীর্থং চক্রে নৃপোনং যদজনি যদুষু
স্বঃসরিৎপাদশৌচং
বিদ্বিট্স্নিগ্ধাঃ স্বরূপং যযুরজিতপরা
শ্রীর্যদর্থেঽন্যযত্নঃ।

কৃষ্ণচেতসঃ কৃষ্ণান্তঃকরণাঃ বৃষ্ণয়ঃ শয্যাসনাটনালাপ-ক্রীড়াস্নানাশনাদিষু সন্তং বর্ত্তমানম্ আত্মানং স্বদেহম্ অপি ন বিদুঃ (অন্যবিস্মৃতেঃ কা বার্ত্তা) ॥৪৬

হে নৃপ। (ইতঃ পূর্ব্বং স্বঃসরিৎ স্বর্গনদী গঙ্গা এব সর্ব্বতঃ অধিকং তীর্থম্ আসীৎ) ইদানীং যৎ যদুষু অজনি জাতং তীর্থং কৃষ্ণকীর্ত্তিরূপং তৎ স্বঃসরিৎ স্বর্গনদীং গঙ্গারূপং পাদশৌচং তীর্থম্ উনং লঘু চক্রে। তথা যৎ যস্য বিদ্বিষঃ কংসাদয়ঃ, স্নিগ্ধাঃ গোপ্যাদয়ঃ চ স্বরূপং সাযুজ্যং প্রাপুঃ,

সেই যাদবগণের প্রভুত্ব-নিবন্ধন ভক্ত-দুঃখহারী ভগবান্‌কে অবতীর্ণ হইতে হইয়াছিল। অতএব শ্রীহরির অবতারেই যাদবগণের দেবত্বের পরিচয়। কারণ যাদবগণের মধ্যে যাঁহারা ভৃত্যবৎ ভগবানের আজ্ঞাপালন করিয়াছিলেন, তাঁহারা ধন, ধাম ও বলাদিতে প্রচুর পরিবর্দ্ধিত হইয়াছিলেন।৪৫

বৃষ্ণিগণের হৃদয়ে সাংসারিক অন্য কোন প্রকার আসক্তির পরিচয় ছিল না। অধিক কি! শয়নে, উপবেশনে, ভ্রমণে, কথালাপে অথবা ক্রীড়া, স্নান বা ভোজনাদি ব্যাপারেও তাঁহারা কৃষ্ণৈকপ্রাণ হইয়া স্বীয় দেহপর্য্যন্তেরও পৃথক্ অস্তিত্ব উপলব্ধি করিতেন না।৪৬

হে রাজন্। অহো। স্বর্গনদী গঙ্গা পূর্ব্বে সর্ব্বতীর্থময়ী ছিলেন বটে, কিন্তু বামন-অবতারে যাঁহার চরণ-ধোত বারি বলিয়া গঙ্গার এত মাহাত্ম্য, সেই ভগবান্ মুকুন্দ যদুকুলে জন্ম পরিগ্রহ করায়, কৃষ্ণকীর্ত্তনরূপ তীর্থই অন্যান্য সকল তীর্থের ন্যূনত্ব সম্পাদন করিয়াছিল। যে শ্রীকৃষ্ণের সন্নিধানে কংসাদি বিদ্বেষিগণ এবং গোপিকাদি প্রেমিকাগণ উভয়েই অবলীলাক্রমে সাযুজ্য-মুক্তি লাভ করিয়াছেন। অহো! যাঁহার কৃপাকণিকা পাইবার আশায় ব্রহ্মাদি লোকপালগণও বিশেষ আগ্রহ এবং যত্নের পরিচয় দিয়া থাকেন, সেই সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং কমলা অযাচিতভাবে যাঁহার চরণ সেবার্থ নিত্য নিযুক্ত রহিয়াছেন, যাঁহার অক্ষর-দ্বয়াত্মক এই 'কৃষ্ণ' নামটি মাত্র যথেচ্ছ শ্রবণ বা উচ্চারণ করিলে, সকল পাপ বিদূরিত হয়; এমন কি! মহামায়ার মায়ারও নিবারণ হইয়া যায়, যাঁহার প্রবর্ত্তিত ধর্ম্ম অধুনাপি ঋষিবংশে দেদীপ্যমান রহিয়াছে; তাদৃশ সর্ব্ব-সংহারকারী কালচক্ররূপ সুদর্শন চক্রকে ধারণ করত বিদ্যমান ভগবান্ শ্রীকৃষ্ণের পক্ষে পৃথিবীর ভার হরণরূপ কার্য্য আর কি বিশেষ আশ্চর্য্য-জনক বা অসম্ভব হইতে পারে।৪৭

যন্নামামঙ্গলঘ্নং শ্রুতমথ গদিতং
যৎকৃতো গোত্রধর্ম্মঃ
কৃষ্ণস্যৈতন্ন চিত্রং ক্ষিতিভরহরণং
কালচক্রায়ুধস্য ॥৪৭
জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মম্।

যদর্থে যস্যাঃ কৃপালবপ্রাপ্ত্যর্থম্ অন্যযত্নঃ (অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ ভবতি), সা শ্রীঃ অজিতপরা কৃষ্ণসেবাপরায়ণা তদধীনা ইতি। যৎ যস্য নাম কৃষ্ণেতি দ্ব্যক্ষরং শ্রুতং অথবা গদিতম্ উচ্চারিতং বা অমঙ্গলং পুরুষার্থপ্রতিবন্ধকং পাপম্ অবিদ্যাপর্য্যন্তং হন্তি; গোত্রধর্ম্মঃ (গোত্রেষু তত্তদৃষিবংশেষু ধর্ম্মঃ) যৎকৃতঃ (যেন প্রবর্ত্তিতঃ বর্ত্ততে) তস্য কাল-চক্রায়ুধস্য (কালচক্রং সর্ব্বসংহারক-কালাভিমানি চক্রং সুদর্শনম্ আয়ুধং যস্য তস্য) কৃষ্ণস্য এতৎ ক্ষিতিভারহরণং (ক্ষিতেঃ ভারহরণং) ন চিত্রম্ অসম্ভাবিতয়া আশ্চর্য্যকরং ন ভবতি ॥৪৭

স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন
ব্রজ-পুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্ ॥৪৮
ইত্থং পরস্য নিজবর্ত্ম রিরক্ষয়াত্ত-
লীলাতনোস্তদনুরূপবিড়ম্বনানি।

দেবকীজন্মবাদঃ (দেবক্যাং জন্ম ইতি প্রবাদমাত্রং যস্য সঃ) যদুবর-পরিষৎ (যদুবরাঃ পর্ষৎ সভা যস্য সঃ) স্বৈঃ ভুজৈঃ অধর্ম্মম্ অস্যন্ নিরাকুর্ব্বন্, স্থিরচর-বৃজিনঘ্নঃ (অধিকারি-বিশেষমনপেক্ষ্য এব স্থিরাণাং বৃন্দাবনাদি-গত-তরু-গুল্মাদীনাং, চরাণাং পশুপক্ষ্যাদীনাম্ অপি দর্শনাদিনা বৃজিনঘ্নঃ সংসার-দুঃখহন্তা, তথা সুস্মিতং শোভনং স্মিতং যস্মিন্ তেন শ্রীমুখেন ব্রজ-বনিতানাং গোপীনাং পুরবণিতানাং কুব্জাদীনাং রুক্মিণ্যাদীনাং চ কামদেবং বর্দ্ধয়ন্ যঃ ভগবান্ সর্ব্বত্রাস্তি সঃ জননিবাসঃ জনানাং নিবাসঃ বা জনেষু অন্তর্য্যামিতয়া যঃ নিবসতি সঃ শ্রীকৃষ্ণঃ জয়তি সর্ব্বতঃ উৎকর্ষেণ বর্ত্ততে ॥৪৮

অহো! যিনি স্বয়ং জন্মাদি ষড়্‌বিধ বিকার-বর্জ্জিত হইয়াও দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে; যাদব-শ্রেষ্ঠগণই যাঁহার সভাসদ্; যিনি স্বীয় ভুজবলে অধর্ম্মের নিরাকরণ করত অধিকারি—বিশেষের প্রতি লক্ষ্য না করিয়া, বৃন্দাবনস্থ তরু গুল্মাদিকে এবং পশু পক্ষ্যাদিকেও স্বরূপ প্রদর্শনে সংসার-দুঃখ হইতে নিস্তার করিয়াছিলেন, আবার ইন্দুবিনিন্দিত সহাস্য বদন-কমলের শোভায় ব্রজবনিতাগণ, গোপীগণ, কুব্জাদি মথুরাবাসিনীগণ এবং রুক্মিণী প্রভৃতি মহিষীগণের ভোগ এবং মোক্ষের প্রকটনে সর্ব্ব-ব্যাপিরূপে সর্বত্র বিরাজ করেন। সেই সর্ব্বজগন্নিবাস ভগবান্ শ্রীহরিই সর্ব্বশ্রেষ্ঠভাবে সর্বত্র বিরাজ করিতেছেন। তিনি সকল জীবের অন্তর্যামী এবং অন্তে জীবমাত্রের আশ্রয়ই এক তিনি-মাত্র।৪৮

এই প্রকারে যে ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকৃত (ধর্ম্ম)

কর্ম্মাণি কর্ম্মকষণানি যদূত্তমস্য
শ্রূয়াদমুষ্যপদয়োরনুবৃত্তিমিচ্ছন্ ॥৪৯
মর্ত্ত্যস্তয়ানুসবমেধিতয়া মুকুন্দ-
শ্রীমৎকথাশ্রবণকীর্ত্তনচিন্তয়ৈতি।

ইত্থম্ উক্তপ্রকারেণ নিজ (ধর্ম্ম) বর্ত্ম রিরক্ষয়া স্বকৃত-বেদমার্গরক্ষণেচ্ছয়া আত্তা গৃহীতা লীলাতনুঃ যেন তস্য পরস্য পরমেশ্বরস্য যদূত্তমস্য তদনুরূপ-বিড়ম্বনানি মনুষ্যাবতারযোগ্য-চেষ্টানুকারীণি কর্ম্মকষণানি পাপাত্মক-কর্ম্মনিবর্ত্তকানি, নৈষ্কর্ম্ম-প্রতিপাদকানি চ কর্ম্মাণি অমুষ্য পাদয়োঃ অনুবৃত্তিম্ আসক্তিম্ ইচ্ছন্ যঃ শ্রূয়াৎ শৃণুয়াৎ ॥৪৯

মর্ত্ত্যঃ মনুষ্যঃ সমেধিতয়া তয়া মুকুন্দ-শ্রীমৎকথাশ্রবণ-কীর্ত্তনচিন্তয়া (মুকুন্দস্য মুক্তিদাতুঃ শ্রীকৃষ্ণস্য শ্রীমত্যাঃ কথায়াঃ শ্রবণকীর্ত্তনোৎপন্নয়া চিন্তয়া আসক্ত্যা) দুস্তর-কৃতান্তজবাপবর্গং (দুস্তরঃ যঃ কৃতান্তস্য কালস্য জবঃ বেগঃ তস্য অপবর্গঃ নিবৃত্তিঃ

বেদমার্গের রক্ষণেচ্ছায় লীলাতনু পরিগ্রহে যদুকুলে অবতীর্ণ হইয়াছিলেন, সেই যাদব-চূড়ামণি পরাৎপর পরমেশ্বর-কৃত মানবলীলার উপযুক্ত লীলা-সমূহ এবং পাপ-নিবর্ত্তক ও নিষ্কাম-বুদ্ধির প্রতিপাদক কর্ম্মসমূহ যিনি কেবল ভক্তির প্রার্থনায় শ্রবণ করেন।৪৯

সেই মর্ত্ত্য মানবের মুকুন্দের প্রতি ভক্তি ও প্রেমের উদয় হইয়া, তদীয় লীলাকথার শ্রবণ ও কীর্ত্তনে বিশেষ আসক্তি জন্মে; এই আসক্তির বলে দুরন্ত কাল-শমনের প্রচণ্ড বেগে আর তাঁহাকে আলোড়িত হইতে হয় না। অহো! এই কালভয়ে ভীত হইয়া জগতে কাহারও শান্তি নাই। সমগ্রা ধরণীর আধিপত্য লাভে রাজরাজেশ্বর হইলেও শান্তি নাই। অহো! এই ভগবল্লীলাদি শ্রবণ এবং কীর্ত্তনাদির অভিপ্রায়ে রাজভোগ সমস্ত পরিত্যাগ করিয়া মনু-প্রিয়ব্রতাদি কত মানব বনেগমন করিয়াছেন এবং সেই সর্ব্বশক্তিস্বরূপ

তদ্ধাম দুস্তরকৃতান্তজবাপবর্গং
গ্রামাদ্ বনং ক্ষিতিভুজোঽপি যযুর্যদর্থাঃ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০

যস্মাৎ তৎ) তৎ তস্য ভগবতঃ ধাম এতি গচ্ছতি। যদর্থাঃ ক্ষিতিভুজঃ রাজানঃ অপি পার্থিবসুখাস্পদং রাজ্যং ত্যক্ত্বা গ্রামাৎ বনং যযুঃ ॥৫০

ইতি দশমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে নবতিতমোঽধ্যায়ঃ ॥

পরম মঙ্গলময় ভগবানের পবিত্র ধাম লাভ করিয়াছেন ॥৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত নবতিতম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশমঃ স্কন্ধঃ সমাপ্তঃ

সূচীপত্র

শ্রীমদ্ভাগবত

দশম স্কন্ধ

(পূর্ব্বার্দ্ধ)

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা

* অনবধানতাবশতঃ ৪৮ অধ্যায়ের সর্গসংক্ষেপ বাদ যাওয়ায় এই স্থলে তাহা সন্নিবেশিত হইল।

—দশম স্কন্ধে পূর্ব্বার্দ্ধ সমাপ্ত—

(উত্তরার্দ্ধ)

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৭৪।	রাজসূয়যজ্ঞে শ্রীকৃষ্ণের অগ্রপূজা, তাহাতে ক্রুদ্ধ ও দুর্বাক্য-প্রয়োগরত শিশুপালকে শ্রীভগবান্ কৃষ্ণ কর্ত্তৃক সংহার। ...	২৪৩১
৭৫।	রাজসূয়-যজ্ঞের শেষে মহারাজ যুধিষ্ঠিরের অবভৃথস্নান এবং ময়দানব-নির্ম্মিত সভাতে দুর্য্যোধনের অবমানন। ...	২৪৪০
৭৬।	যদুগণের সহিত শাম্বের যুদ্ধ। ...	২৪৪৮
৭৭।	ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সৌভসহিত শাম্বের বিনাশ। ..	২৪৫৪
৭৮।	শ্রীকৃষ্ণ কর্ত্তৃক দন্তবক্র ও বিদূরথ বধ এবং বলরাম কর্ত্তৃক ব্যাসশিষ্য সূত রোমহর্ষণের বিনাশ। ...	২৪৬১
৭৯।	বলরাম কর্ত্তৃক বল্বলাসুরবধ, সূতহত্যাজনিত দোষমার্জ্জনের জন্য বলরামের তীর্থভ্রমণ এবং দ্বারকায় আগমন। ...	২৪৬৮
৮০।	পরম ভাগবত সুদামার উপাখ্যান। ...	২৪৭৪
৮১।	সুদামার স্বপুরীতে প্রত্যাগমন এবং সেখানে শ্রীভগবৎপ্রদত্ত ঐশ্বর্য্য লাভ করিয়া শ্রীভগবানের গুণগান। ...	২৪৮২
৮২।	কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণপর্ব উপলক্ষে যদুগণের সহিত কুরুবৃন্দের এবং নন্দাদিগোপবর্গের মিলন। ...	২৪৯০
৮৩।	দ্রৌপদীর নিকট শ্রীকৃষ্ণ-পত্নীগণের নিজ নিজ বিবাহবর্ণন। ...	২৫০০
৮৪।	ঋষিগণ কর্ত্তৃক শ্রীভগবানের স্তুতি, বসুদেবের যজ্ঞোৎসব এবং বন্ধুদিগের প্রস্থাপনাদি। ...	২৫১০
৮৫।	বসুদেবের শ্রীভগবত্তত্ত্বকথন এবং শ্রীভগবান্ কর্ত্তৃক দেবকীদেবীর প্রার্থনায় তাঁহার মৃত পুত্রগণকে আনয়ন। ...	২৫২৩
৮৬।	সুভদ্রাহরণ, শ্রীকৃষ্ণের মিথিলাযাত্রা এবং সেখানে বহুলাশ্ব ও সহদেবের গৃহে প্রবেশ। ...	২৫৩৫
৮৭	বেদস্তুতি। ...	২৫৪৭
৮৮।	হরি-হরের স্বভাব বর্ণন, বৃকাসুরের বৃত্তান্ত এবং বটুরূপধারী বিষ্ণু কর্ত্তৃক শম্ভুকে বৃকাসুরের ভয় হইতে রক্ষণ। ...	২৫৬৪

—দশম অধ্যায় সমাপ্ত—

[ষষ্ঠবর্ষ, ফাল্গুন, ১৩৭৪]　　[নবম সংখ্যা—দোলযাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়-বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫'০০ টাকা]　　[প্রতি সংখ্যা ১'৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পাদকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্র-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্. ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই মাঘ, ১৩৭৪।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ব্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮/সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

'আর্য্যশাস্ত্র'

[১৯৫৬ সালের সংবাদপত্রসমূহের রেজিষ্ট্রীকরণ (কেন্দ্রীয়) আইনের ৮নং ধারা অনুসারে নিম্নলিখিত তথ্য প্রকাশিত হইল। ফর্ম নং ৪]

১।	প্রকাশনস্থান—	৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
২।	প্রকাশনের কালক্রম—	মাসিক
৩।	মুদ্রাপকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
	জাতি—	ভারতীয়
	ঠিকানা—	৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
৪।	প্রকাশকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
	জাতি—	ভারতীয়
	ঠিকানা—	৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
৫।	যুগ্ম সম্পাদকের নাম—	মহামহোপাধ্যায় শ্রীযুক্তকালীপদতর্কাচার্য্য
	জাতি—	ভারতীয়
	ঠিকানা—	শান্তিনগর, পোঃ ভদ্রকালী, হুগলী, পশ্চিমবঙ্গ
		শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ
		ভারতীয়
		ভাটপাড়া, ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ
৬।	স্বত্বাধিকারিগণের নাম ও ঠিকানা এবং মোট মূলধনের শতকরা এক বা তাহার অধিকসংখ্যক অংশের মালিকগণ।	—শ্রীসত্যধর্মপ্রচার সঙ্ঘ (জয়গুরু সম্প্রদায়) ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫

আমি শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরিপ্রদত্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

স্বাক্ষর

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

প্রকাশক

১।৩।৬৮

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত

সম্পাদক—আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্ত্তিতআর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

একাদশঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতঃ।

একাদশঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ ।

[যদুকুলবিনাশায় ঋষীণাং শাপদানবর্ণনম্ ।।]

শ্রীবাদরায়ণিরুবাচ ।

কৃত্বা দৈত্যবধং কৃষ্ণঃ সরামো যদুভির্বৃতঃ ।
ভুবোঽবতারয়দ্ভারং জবিষ্ঠং জনয়ন্ কলিম্ ॥১

যে কোপিতাঃ সুবহু পাণ্ডুসুতাঃ সপত্নৈ-
র্দুর্দ্যূত-হেলন-কচগ্রহণাদিভিস্তান্ ।
কৃত্বা নিমিত্তমিতরেতরতঃ সমেতান্
হত্বা নৃপান্ নিরহরৎ ক্ষিতিভারমীশঃ ॥২

ভুভাররাজপৃতনা যদুভির্নিরস্য
গুপ্তৈঃ স্ববাহুভিরচিন্তয়দপ্রমেয়ঃ ।
মন্যেঽবনের্নমু গতোঽপ্যগতং হি ভারং
যদ্ যাদবং কুলমহো অবিষহ্যমাস্তে ॥৩

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ । জবিষ্ঠং বলবত্তরম্ (আগু-যুদ্ধাদিপর্য্যবসায়িনং) কলিং কলহং জনয়ন্ যদুভিঃ বৃতঃ সরামঃ কৃষ্ণঃ দৈত্যবধং (দৈত্যানাং পূতনা-তৃণাবর্ত্ত-কংসাদি-রূপেণ বর্ত্তমানানাং বধং) কৃত্বা ভুবঃ ভারম্ অবতারয়ৎ অবাতারয়ৎ (অড়ভাব আর্ষ্যঃ) ॥১

দুর্দ্যূতহেলন-কচগ্রহণাদিভিঃ (দুর্দ্যূতং কপটদ্যূতং, হেলনম্ অবজ্ঞা, কচগ্রহণং দুঃশাসনেন দ্রৌপদ্যাঃ কেশাকর্ষণম্, এতানি আদি যেষাং গরদান-জতুগৃহদাহাদীনাং তৈঃ সাধনৈঃ) যে পাণ্ডুসুতাঃ যুধিষ্ঠিরাদয়ঃ সপত্নৈঃ দুর্য্যোধনাদিভিঃ সুবহু বহুবারান্ কোপিতাঃ, তান্ পাণ্ডবান্ নিমিত্তং কৃত্বা ইতরেতরতঃ উভয়োঃ পক্ষয়োঃ সমেতান্ নৃপান্ হত্বা ঈশঃ শ্রীকৃষ্ণঃ ক্ষিতিভারং (ক্ষিতেঃ ভারং) নিরহরৎ জহার ॥২

স্ববাহুভিঃ গুপ্তৈঃ সুরক্ষিতৈঃ, যদুভিঃ (নিমিত্তভূতৈঃ) ভুভার-রাজপৃতনাঃ (ভুবো ভারভূতাঃ রাজন্যানাং দৈত্যাংশ-ভূতানাং পৃতনাঃ সেনাঃ) নিরস্য হত্বা, অপ্রমেয়ঃ অচিন্ত্য-প্রভাবঃ শ্রীকৃষ্ণঃ অচিন্তয়ৎ অহো ! যৎ যস্মাৎ অবিষহ্যং যাদবং কুলং হি যতঃ আস্তে, অতঃ অবনেঃ (ভারঃ) গতঃ অপি ভারং হি অগতম্ অহং মন্যে (ইতি অচিন্তয়ৎ) ॥৩

প্রথম অধ্যায় ।

[যদুকুলধ্বংসের জন্য ঋষিগণের অভিশাপ দানবর্ণন ।]

ব্যাসনন্দন শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে রাজেন্দ্র ! এই প্রকারে পরস্পরের মধ্যে বিষম কলহ উৎপাদন পূর্ব্বক যদুশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ অগ্রজ বলরামের সহিত একত্রে মিলিত থাকিয়া পূতনা, তৃণাবর্ত্ত ও কংসাদিরূপে আবির্ভূত দৈত্যসমূহের নিধনসাধন করিয়া পৃথিবীর ভার অপনোদিত করিয়াছিলেন ।১

এদিকে কপট দ্যূতক্রীড়া, অবজ্ঞাপ্রদর্শন, সভা-মধ্যে দ্রৌপদির কেশাকর্ষণ, বিষপ্রয়োগ ও জতুগৃহ-দাহাদিরূপ অতীব অন্যায় আচরণে দুর্য্যোধনগণ যে সকল যুধিষ্ঠিরাদি পাণ্ডুতনয়গণকে বারংবার কোপিত করিয়াছিল, এক্ষণে সেই পাণ্ডবগণকে উপলক্ষ করিয়া বিষম সমরানলে উভয় পক্ষেরই সমবেত রাজন্যগণের সংহারে ভগবান্ শ্রীকৃষ্ণ অবনীর ভার প্রায় নিঃশেষেই হরণ করিয়া-ছিলেন ।২

কিন্তু স্বীয় বাহুবলে সুরক্ষিত যে সমস্ত যাদব-গণের দ্বারা ধরণীর ভারস্বরূপ দৈত্যাংশসম্ভূত নৃপ-গণের নিধন হয়, সেই যাদবগণের বিষয় চিন্তা করিয়া অচিন্ত্যপ্রভাব ভগবান্ বাসুদেব মনে মনে ভাবিলেন, অহো ! অতুলবিক্রম দুর্দ্দম্য যদুকুল যে পর্য্যন্ত জগতে বিদ্যমান থাকিবে, সে পর্য্যন্ত ধরিত্রীর ভার আপনোদিত হইয়াও হইল না, ইহাই আমি মনে করিতেছি ।৩

নৈবান্যতঃ পরিভবোঽস্য ভবেৎ কথঞ্চি-
ন্মৎসংশ্রয়স্য বিভবোন্নহনস্য নিত্যম্।
অন্তঃ কলিং যদুকুলস্য বিধায় বেণু-
স্তম্বস্য বহ্নিমিব শান্তিমুপৈমি ধাম ॥৪

এবং ব্যবসিতো রাজন্ সত্যসঙ্কল্প ঈশ্বরঃ।
শাপব্যাজেন বিপ্রাণাং সঞ্জহ্রে স্বকুলং বিভুঃ ॥৫

স্বমূর্ত্ত্যা লোকলাবণ্যনির্ম্মুক্ত্যা লোচনং নৃণাম্।
গীর্ভিস্তাঃ স্মরতাং চিত্তং পদৈস্তানীক্ষতাং ক্রিয়াঃ ॥৬

আচ্ছিদ্য কীর্ত্তিং সুশ্লোকাং বিতত্য হ্যঞ্জসা নু কৌ।
তমোঽনয়া তরিষ্যন্তীত্যগাৎ স্বং পদমীশ্বরঃ ॥৭

রাজোবাচ।
ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাম্।
বিপ্রশাপঃ কথমভূদ্ বৃষ্ণীনাং কৃষ্ণচেতসাম্ ॥৮

যন্নিমিত্তঃ স বৈ শাপো যাদৃশো দ্বিজসত্তম।
কথমেকাত্মনাং ভেদ এতৎ সর্ব্বং বদস্ব মে ॥৯

মৎসংশ্রয়স্য (অহমেব সংশ্রয়ো যস্য তস্য) অতএব নিত্যং বিভবোন্নহনস্য (বিভবৈঃ বীর্য্যৈশ্বর্য্যৈঃ উন্নহনস্য অত্যুৎকর্ষবতঃ) অস্য যাদবকুলস্য কথঞ্চিৎ অন্যতঃ পরিভবঃ নৈব ভবেৎ। অতঃ যদুকুলস্য অন্তঃ মধ্যে কলিং কলহং বিধায়, শান্তিং (প্রাপ্য) ততঃ ধাম বৈকুণ্ঠম্ উপৈমি উপৈষ্যামি ॥৪

হে রাজন্! এবম্ উক্তপ্রকারেণে ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ সত্যসংকল্পঃ (সত্যঃ সফলঃ সংকল্পঃ যস্য সঃ) ঈশ্বরঃ (সর্ব্বদা সর্ব্বথা সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ) বিভুঃ (অন্তর্য্যামিতয়া সর্ব্বত্র ব্যাপকঃ কৃষ্ণঃ) বিপ্রাণাং শাপব্যাজেন (ব্রাহ্মণ-মাহাত্ম্য-প্রদর্শনার্থং) স্বকুলং সংজহ্রে বিনাশিতবান্ ॥৫

লোকলাবণ্যনির্ম্মুক্ত্যা (লোকানাং প্রাণিনাং চ লাবণ্যস্য নির্ম্মুক্তিঃ ত্যাগঃ যয়া তয়া) স্বমূর্ত্ত্যা নৃণাং লোচনং, (স্ব) গীর্ভিঃ তাঃ স্মরতাং জনানাং চিত্তং (স্ব) পদৈঃ তানি (অঙ্কিতানি ধ্বজাদিচিহ্নানি) ঈক্ষতাং জনানাং ক্রিয়াঃ (অন্যত্র গমনাদিকাঃ আচ্ছিদ্য) ইতি পরেণান্বয়ঃ ॥৬

(ইতঃ উপরি জনিষ্যমাণানাং সংসারতরণার্থং স্বস্য) কৌ পৃথিব্যাং সুশ্লোকাং শোভনাং কীর্ত্তিং বিতত্য বিস্তার্য্য, অনয়া শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদিবিষয়য়া কীর্ত্ত্যা, অঞ্জসা সাধনান্তরমন্তরেণ নু নিশ্চিতং তমঃ (অবিদ্যামূলকং সংসারং জনাঃ) তরিষ্যন্তি ইতি (অভিপ্রেত্য) ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ স্বংপদং স্বস্থানম্ অগাৎ ॥৭

রাজা উবাচ। (হে মুনে!) ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাং কৃষ্ণচেতসাং বৃষ্ণীনাং বিপ্রশাপঃ কথম্ অভূৎ ॥৮

হে দ্বিজসত্তম! যন্নিমিত্তঃ যাদৃশঃ চ বৈ সঃ শাপঃ তথা একাত্মনাম্ (অন্যোন্যম্ ঐক্যমত্যং প্রাপ্তানাং) ভেদঃ কথং জাতঃ, এতৎ সর্ব্বং মে মহ্যং বদস্ব ॥৯

কারণ আমি স্বয়ং যাহাদের আশ্রয়, তাহারা যে বীর্য্য, ঐশ্বর্য্য ও বিভবাদিতে নিত্য সর্বোপরি উৎকর্ষ লাভ করিবে, সে বিষয়ে আর সন্দেহ নাই, ইহাদের কোথাও কোন প্রকারে পরাভবের সম্ভাবনা নাই। অতএব পরস্পরের মধ্যে কলহ উৎপাদনে নিঃশেষে এই কুলের অবসান করিয়া স্বীয় বৈকুণ্ঠধামে গমন করিব।৪

হে নরনাথ! সত্যসংকল্প সর্বান্তর্য্যামী ভগবান্ শ্রীকৃষ্ণ মনে মনে এইরূপ স্থির করিয়া কেবল ব্রাহ্মণের মাহাত্ম্যখ্যাপনার্থই বিপ্রশাপ উপলক্ষমাত্র করিয়া, স্বীয় কুলের উপশম করিয়াছিলেন।৫

শ্রীকৃষ্ণ অনুপম মদনমোহন মূর্ত্তি প্রকাশে জগতের লাবণ্য মলিন করিয়াছিলেন। যাঁহারা তাঁহার সেই মূর্ত্তি অবলোকন করিয়াছিলেন, তাঁহাদের দৃষ্টি জগতের অন্য কোন দ্রষ্টব্য-পদার্থে নিয়োজিত না হইয়া, তাঁহার প্রতিই আকৃষ্ট থাকিত। তাঁহার মধুর এবং সার্থক বাক্যাবলীতে জীবমাত্রেরই চিত্ত আকৃষ্ট হইত এবং চরণলাঞ্ছিত ধ্বজবজ্রাদি চিহ্নদর্শনে লোকে যাবতীয় কার্য্যকলাপ হইতে নিবৃত্ত হইত।৬

ভবিষ্যতে মানবগণের ভবসমুদ্র উত্তীর্ণ হইবার নিমিত্ত কেবল শ্রবণ, কীর্ত্তন ও মননাদির দ্বারাই জীব ঘোর অবিদ্যামূলক সংসার হইতে অনায়াসে নিস্তারলাভ করিতে পারে, তজ্জন্য শ্রবণসুখকর মনোজ্ঞ কীর্ত্তিসমূহ বিস্তার করিয়া স্বধামে গমন

শ্রীশুক উবাচ।

বিভ্রদ্বপুঃ সকলসুন্দরসন্নিবেশং
কর্ম্মাচরন্ ভুবি সুমঙ্গলমাপ্তকামঃ।
আস্থায় ধাম রমমাণ উদারকীর্ত্তিঃ
সংহর্ত্তুমৈচ্ছত কুলং স্থিতকৃত্যশেষঃ ॥১০

কর্ম্মাণি পুণ্যনিবহানি সুমঙ্গলানি
গায়জ্জগৎ কলিমলাপহরাণি কৃত্বা।
কালাত্মনা নিবসতা যদুদেবগেহে
পিণ্ডারকং সমগমন্ মুনয়ো নিসৃষ্টাঃ ॥১১

বিশ্বামিত্রোঽসিতঃ কণ্বো দুর্ব্বাসা ভৃগুরঙ্গিরাঃ।
কশ্যপো বামদেবোঽত্রির্বসিষ্ঠো নারদাদয়ঃ ॥১২

ক্রীড়ন্তস্তানুপব্রজ্য কুমারা যদুনন্দনাঃ।
উপসংগৃহ্য পপ্রচ্ছুরবিনীতা বিনীতবৎ ॥১৩

তে বেষয়িত্বা স্ত্রীবেষৈঃ সাম্বং জাম্ববতীসুতম্।
এষা পৃচ্ছতি বো বিপ্রা অন্তর্ব্বত্ন্যসিতেক্ষণা ॥১৪

প্রষ্টুং বিলজ্জতী সাক্ষাৎ প্রব্রূতামোঘদর্শনাঃ।
প্রসোষ্যন্তী পুত্রকামা কিংস্বিৎ সঞ্জনয়িষ্যতি ॥১৫

শ্রীশুকঃ উবাচ। আপ্তকামঃ শ্রীকৃষ্ণঃ সকলসুন্দরসন্নিবেশং (সকলানাং সুন্দরাণাং সন্নিবেশো বিন্যাসঃ যস্মিন্ তথাভূতং) বপুঃ বিভ্রং বিভ্রাণঃ ভুবি (বর্ত্তমানঃ) দ্বারকাখ্যং ধাম আস্থায় রমমাণঃ সুমঙ্গলং শুভাবহং কর্ম্ম আচরন্ উদারকীর্ত্তিঃ (উদারা সর্ব্বপুরুষার্থ-প্রদা কীর্ত্তির্যস্য সঃ) স্থিতকৃত্যশেষঃ স্থিতঃ কৃত্যে ভূভারহরণরূপে শেষো যস্য সঃ) কুলং সংহর্ত্তুম্ ঐচ্ছৎ ॥১০

যদুদেবগেহে (যদুদেবস্য বসুদেবস্য গেহে) নিবসতা কালাত্মনা সংহাররূপেণ (কৃষ্ণেন পূর্ব্বম্ আহূতাঃ ততঃ) নিসৃষ্টাঃ প্রস্থাপিতাঃ মুনয়ঃ গায়জ্জগৎ কলিমলাপহরাণি (শ্রবণকীর্ত্তনাদিপরাণাং সর্ব্বপুরুষার্থহেতুভূতানি) পুণ্যনিবহানি সুমঙ্গলানি কর্ম্মাণি কৃত্বা পিণ্ডারকং তীর্থং সমগমন্ ॥১১

তে চ বিশ্বামিত্রঃ, অসিতঃ, কণ্বঃ, দুর্ব্বাসা, ভৃগুঃ, অঙ্গিরাঃ, কশ্যপঃ, বামদেবঃ, অত্রিঃ, বশিষ্ঠঃ, নারদাদয়ঃ ॥১২

(তত্র পিণ্ডারকসমীপে) ক্রীড়ন্তঃ যদুনন্দনাঃ তে কুমারাঃ জাম্ববতীসুতং সাম্বং স্ত্রীবেষৈঃ বস্ত্রাভরণাদিভিঃ বেষয়িত্বা (স্ত্রীবেষং বিধায়) তান্ মুনীন্ উপব্রজ্য সমীপম্ এত্য অবিনীতাঃ উদ্ধতাঃ অপি বিনীতবৎ নম্রবৎ উপসংগৃহ্য পাদগ্রহং কৃত্বা পপ্রচ্ছুঃ ॥১৩-১৪

হে অমোঘদর্শনাঃ বিপ্রাঃ! অন্তর্বত্নী গর্ভিণী (অতঃ)

করিলেন।৭

রাজা পরীক্ষিৎ তখন শ্রীশুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে মহামুনে! যদুগণ ব্রাহ্মণভক্ত, বদান্য ও বৃদ্ধগণের সতত সম্মান করিয়া থাকিতেন; শ্রীকৃষ্ণে তাঁহাদের চিত্ত নিয়তই নিরত থাকিত, অতএব এরূপ অবস্থায় তাঁহাদের উপর ব্রহ্মশাপ কিরূপে ঘটিল।৮

হে দ্বিজশ্রেষ্ঠ! তাদৃশ ঐকমত্যাবলম্বিগণের মধ্যে যেরূপে ও যে হেতুবশতঃ অভিসম্পাত হইল, আপনি আনুপূর্ব্বিক তাহা বর্ণন করুন্।৯

শ্রীশুকদেব বলিলেন,—ভগবান্ শ্রীকৃষ্ণ যাবতীয় সৌন্দর্য্যের আকারস্বরূপ মোহন মূর্ত্তি প্রকাশে দ্বারকা-নামক স্বীয় ধামে অবতীর্ণ হইয়া সর্ব্বপুরুষার্থপ্রদ শুভ কীর্ত্তিসমূহের বিস্তার করিয়াছিলেন এবং ধরণীর বিবিধ ভার হরণ করিয়া অবশিষ্ট যদুকুলের ভার হরণ করিবার অভিপ্রায় করিলেন।১০

তিনি সাক্ষাৎ সংহারমূর্ত্তিপরিগ্রহে বসুদেবের গৃহে অবস্থিতি পূর্ব্বক বিশ্বামিত্র, অসিত, কণ্ব, দুর্ব্বাসা, ভৃগু, অঙ্গিরা কশ্যপ, বামদেব, অত্রি, বশিষ্ঠ ও নারদাদি ব্রাহ্মণগণকে নিমন্ত্রণ করিলেন এবং যাবতীয় পুরুষার্থের হেতুভূত শুভপ্রদ ক্রিয়াকলাপ তাঁহাদের দ্বারা সমাপন করাইয়া, পিণ্ডারক তীর্থে তাঁহাদিগকে প্রেরণ করিলেন।১১-১২

এই পিণ্ডারক তীর্থের সন্নিকটে যদুবংশীয় বালকগণ একদিন ক্রীড়া করিতেছিল; তাহারা ঋষিগণকে অবলোকন করিয়া জাম্ববতীতনয় সাম্বকে নারীর ন্যায় পরিচ্ছদ পরাইয়া উক্ত ব্রাহ্মণগণের

এবং প্রলব্ধা মুনয়স্তানূচুঃ কুপিতা নৃপ।
জনয়িষ্যতি বো মন্দা মুসলং কুলনাশনম্ ॥১৬
তচ্ছ্রুত্বা তেঽতিসন্ত্রস্তা বিমুচ্য সহসোদরম্।
সাম্বস্য দদৃশুস্তস্মিন্ মুসলং খল্বয়স্ময়ম্ ॥১৭
কিং কৃতং মন্দভাগ্যৈর্নঃ কিং বদিষ্যন্তি নো জনাঃ।
ইতি বিহ্বলিতা গেহানাদায় মুসলং যযুঃ ॥১৮

সাক্ষাৎ বঃ যুষ্মান্ প্রষ্টুং বিলজ্জতী এষা অসিতেক্ষণা সুনীল-কটাক্ষা (অস্মন্মুখেন) পৃচ্ছতি প্রসোষ্যন্তী আসন্নপ্রসবা পুত্রকামা সা কিং স্বিৎ (প্রশ্নে) জনয়িষ্যতি (পুত্রং কন্যাং বা)॥১৫

হে নৃপ! এবং প্রলব্ধাঃ উপহসিতাঃ অতএব কুপিতাঃ মুনয়ঃ তান্ ঊচুঃ—হে মন্দাঃ মন্দমতয়ঃ! বঃ যুষ্মাকং কুলনাশনং (কুলস্য নাশনং) মুসলং (অসৌ) জনয়িষ্যতি ॥১৬

তৎ মুনিবচনং শ্রুত্বা তে যদুকুমারাঃ অতি সংত্রস্তাঃ সন্তঃ সহসা আশু সাম্বস্য উদরং বিমুচ্য উদ্ঘাট্য তস্মিন্ অয়স্ময়ং লৌহময়ং মুসলং খলু (বিস্ময়ে) দদৃশুঃ ॥১৭

(ততঃ) মন্দভাগ্যৈঃ নঃ অস্মাভিঃ কিং (এতৎ ব্রাহ্মণ-বঞ্চনেন) কৃতং নঃ অস্মান্ প্রতি জনাঃ কিং বদিষ্যন্তি ইতি

সমীপে উপস্থিত হইল এবং উদ্ধতভাব গোপন করত নিতান্ত বিনীতভাবে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিল—

হে সর্বদর্শিন্ ব্রাহ্মণগণ! আমাদের এই বনিতা গর্ভিণী হইয়াছেন। ইনি পুত্রপ্রার্থিনী; কিন্তু স্বয়ং আপনাদিগকে বলিতে লজ্জিতা হইয়া আমাদের দ্বারা আপনাদিগকে জিজ্ঞাসা করিতেছেন যে, ইহার গর্ভে কি সন্তান উৎপন্ন হইবে?১৩-১৫

হে নরপাল! ব্রাহ্মণগণ যদুকুমারগণের এতাদৃশ বিপ্রলম্ভিত বাক্যে উপহসিত হইয়া সাতিশয় ক্রুদ্ধ হইলেন এবং কোপাকুলিতলোচনে বলিয়া উঠিলেন, ওরে দুর্বুদ্ধিগণ! তোমাদের কুলনাশন মুষলই ইনি প্রসব করিবেন।১৬

মুনিগণের তাদৃশ বাক্য শ্রবণে বালকগণ নিতান্ত

তচ্চোপনীয় সদসি পরিম্লানমুখশ্রিয়ঃ।
রাজ্ঞ আবেদয়াঞ্চক্রুঃ সর্ব্বযাদবসন্নিধৌ ॥১৯
শ্রুত্বামোঘং বিপ্রশাপং দৃষ্ট্বা চ মুসলং নৃপ।
বিস্মিতা ভয়সন্ত্রস্তা বভূবুর্দ্বারকৌকসঃ ॥২০
তচ্চূর্ণয়িত্বা মুসলং যদুরাজঃ স আহুকঃ।
সমুদ্রসলিলে প্রাস্যল্লোহঞ্চাস্যাবশেষিতম্ ॥২১

বদন্তঃ বিহ্বলিতাঃ ব্যাকুলচিত্তাঃ সন্তঃ তে মুসলম্ আদায় গেহান্ যযুঃ ॥১৮

পরিম্লানমুখশ্রিয়ঃ (পরিম্লানা মুখশ্রীঃ শোভা যেষাং তে কুমারাঃ) মুসলং সদসি উপনীয় সর্ব্বযাদবসন্নিধৌ (সর্ব্বেষাং যাদবানাং সন্নিধৌ) রাজ্ঞে উগ্রসেনায় আবেদয়াঞ্চক্রুঃ (স্বকৃতং সর্ব্বং বিজ্ঞাপয়ামাসুঃ)॥১৯

হে নৃপ! দ্বারকৌকসঃ (দ্বারকা ওকঃ স্থানং যেষাং তে সর্ব্বে) অমোঘম্ অনিবর্ত্ত্যং ব্রহ্মশাপং শ্রুত্বা (তথা) মুসলং চ দৃষ্ট্বা বিস্মিতাঃ ভয়সন্ত্রস্তাঃ ব্যাকুলাঃ চ বভূবুঃ ॥২০

সঃ যদুরাজঃ আহুকঃ উগ্রসেনঃ তৎ মুসলং চূর্ণয়িত্বা (তচ্চূর্ণান্) তথা অস্য মুসলস্য অবশেষিতং লৌহং চ সমুদ্রসলিলে প্রাস্যৎ প্রক্ষিপ্তবান্ ॥২১

ভীত হইল এবং তৎক্ষণাৎ সাম্বের উদর-বস্ত্র উন্মোচন করিয়া তন্মধ্যে একটী লৌহময় মুষল নিরীক্ষণ করিল।১৭

বালকগণ তখন, "আমরা দুর্ভাগ্যবশতঃ ব্রাহ্মণ-গণের সহিত বঞ্চনা করিয়া কি সর্ব্বনাশই করিলাম! আমাদের কার্য্যশ্রবণে লোকে আমাদিগকে কি বলিবে"! এই বলিয়া তাহারা নিতান্ত চিন্তিত ও ব্যাকুল হইয়া উঠিল।১৮

পরে তাহারা সেই মুষলটী লইয়া মলিন-বদনে রাজসভায় উপস্থিত হইল এবং সমস্ত যদুশ্রেষ্ঠগণের সমক্ষে রাজা উগ্রসেনকে মুষল প্রদর্শন করিয়া আনুপূর্ব্বিক সমস্ত বৃত্তান্ত নিবেদন করিল।১৯

হে রাজন্! দ্বারকাবাসিগণ অব্যর্থ ব্রহ্মশাপ শুনিয়া এবং মুষলটি দেখিয়া বিস্মিত এবং ভয়-বিহ্বল হইলেন।২০

কশ্চিন্মৎস্যোঽগ্রসীল্লোহং চূর্ণানি তরলৈস্ততঃ।
উহ্যমানানি বেলায়াং লগ্নান্যাসন্ কিলৈরকাঃ ॥২২
মৎস্যো গৃহীতো মৎস্যঘ্নৈর্জ্জালেনান্যৈঃ সহার্ণবে।
তস্যোদরগতং লোহং স শল্যে লুব্ধকোঽ-
করোৎ ॥২৩

ততঃ (তত্র সমুদ্রে নিক্ষিপ্তং যৎ অবশেষিতং) লোহং তৎ কশ্চিৎ মৎস্যঃ অগ্রসীৎ গিলিতবান্ চূর্ণানি, তু তরলৈঃ তরঙ্গৈঃ উহ্যমানানি বেলায়াং সমুদ্রতীরে লগ্নানি সন্তি এরকাঃ তৃণবিশেষাঃ কিল আসন্ ॥২২

অর্ণবে তস্মিন্ সমুদ্রে অন্যৈঃ মৎস্যৈঃ সহ (সোঽপি) মৎস্যঃ মৎস্যঘ্নৈঃ ধীবরৈঃ জালেন গৃহীতঃ। তস্য উদরগতং লোহং

যদুরাজ আহুক সেই মুষল চূর্ণ করাইলেন এবং চূর্ণাবশিষ্ট লৌহখণ্ড সহ সেই যাবতীয় চূর্ণ সমুদ্র-জলে নিক্ষেপ করাইলেন।২১

কিন্তু সমুদ্রে নিক্ষিপ্ত ঐ মুষলাবশিষ্ট লৌহখণ্ড এক মৎস্য গ্রাস করিল এবং চূর্ণসমুদায় তরঙ্গে প্রবাহিত হইয়া সমুদ্রতীরে সংলগ্ন হইল এবং সেই চূর্ণবীজে এরকা নামক একজাতীয় তৃণের জন্ম হইল।২২

এদিকে যে মৎস্য সেই লৌহখণ্ডকে গ্রাস

ভগবান্ জ্ঞাতসর্ব্বার্থ ঈশ্বরোঽপি তদন্যথা।
কর্ত্তুং নৈচ্ছদ্ বিপ্রশাপং কালরূপ্যন্বমোদত ॥২৪
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে প্রথমোঽধ্যায়ঃ ॥

(কশ্চিৎ লুব্ধকঃ ব্যাধঃ লব্ধবান্) সঃ চ তং শল্যে বাণস্যাগ্রে (শরাগ্রম্) অকরোৎ ॥২৩

কালরূপী জ্ঞাতসর্ব্বার্থঃ (কৃতযাদবসংহারকল্পঃ) ভগবান্ (শ্রীকৃষ্ণঃ) ঈশ্বরং সর্ব্বং কর্ত্তুং সমর্থোঽপি বিপ্রশাপম্ অন্যথাকর্ত্তুং ন ঐচ্ছৎ অপি তু অন্বমোদত ॥২৪

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে প্রথমোঽধ্যায়ঃ।

করিয়াছিল, সেও অন্যান্য মৎস্যের সহিত মৎস্যজীবীর জালে বদ্ধ হইয়া তীরে আনীত হয়। তাহার উদর হইতে ঐ লৌহ নির্গত হইলে, এক ব্যাধ তাহা লইয়া নিজ শরের অগ্রদেশে শল্যরূপে নিহিত করিল।২৩

ভগবান্ শ্রীকৃষ্ণ এসকল বৃত্তান্ত অবগত থাকিলেও যাদবকুলের সংহার পূর্ব্বেই মনস্থ করিয়াছিলেন; সুতরাং তাহার প্রতীকারে যত্ন না করিয়া বরং ব্রহ্মশাপের অনুমোদনই করিলেন।২৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
একাদশস্কন্ধে পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত প্রথম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

[নিমি-নবযোগীন্দ্রসংবাদমুল্লিখ্য বসুদেবায় নারদস্যোপদেশঃ।]

শ্রীশুক উবাচ।

গোবিন্দভুজগুপ্তায়াং দ্বারবত্যাং কুরূদ্বহ।
অবাৎসীন্নারদোঽভীক্ষ্ণং কৃষ্ণোপাসনলালসঃ ॥১
কো নু রাজন্নিন্দ্রিয়বান্ মুকুন্দচরণাম্বুজম্।
ন ভজেৎ সর্ব্বতোমৃত্যুরুপাস্যমমরোত্তমৈঃ ॥২
তমেকদা তু দেবর্ষিং বসুদেবো গৃহাগতম্।
অর্চ্চিতং সুখমাসীনমভিবাদ্যেদমব্রবীৎ ॥৩

বসুদেব উবাচ।

ভগবন্ ভবতো যাত্রা স্বস্তয়ে সর্ব্বদেহিনাম্।
কৃপণানাং যথা পিত্রোরুত্তমঃশ্লোকবর্ত্মনাম্ ॥৪
ভূতানাং দেবচরিতং দুঃখায় চ সুখায় চ।
সুখায়ৈব হি সাধূনাং ত্বাদৃশামচ্যুতাত্মনাম্ ॥৫
ভজন্তি যে যথা দেবান্ দেবা অপি তথৈব তান্।
ছায়েব কর্ম্মসচিবাঃ সাধবো দীনবৎসলাঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্ কুরূদ্বহ! গোবিন্দভুজগুপ্তায়াং (গোবিন্দস্য ভুজাভ্যাং গুপ্তায়াং পালিতায়াং) দ্বারবত্যাং দ্বারকায়াং কৃষ্ণদর্শনলালসঃ (কৃষ্ণোপাসনলাল ইত্যপি পাঠঃ কৃষ্ণস্য দর্শনে উপাসনে বা লালসা ঔৎসুক্যং যস্য সঃ) নারদঃ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ অবাৎসীৎ ॥১

হে রাজন্! অমরোত্তমৈঃ (অমরেষু উত্তমৈঃ ব্রহ্মাদিভিঃ) উপাস্যং মুকুন্দচরণাম্বুজং (মুকুন্দস্য মুক্তিদাতুঃ শ্রীকৃষ্ণস্য তাপত্রয়নিবর্ত্তকং চরণাম্বুজং) সর্ব্বতোমৃত্যু (সর্ব্বতঃ সর্ব্বথা নিশ্চিতো মৃত্যুঃ যস্য সঃ পুমান্) ইন্দ্রিয়বান্ (বশীকৃতান্তঃকরণো বিবেকী) কঃ নু (বিতর্কে) ন ভজেৎ ॥২

একদা তু গৃহাগতম্ অর্চ্চিতং সুখং যথা স্যাৎ তথা আসীনং তং দেবর্ষিং নারদম্ অভিবাদ্য প্রণম্য বসুদেবঃ ইদম্ অব্রবীৎ ॥৩

বসুদেবঃ উবাচ। হে ভগবন্! পিত্রোঃ যথা (আগমনং পুত্রাণাং সুখায় ভবতি তথা) উত্তমঃশ্লোকবর্ত্মনাং (উৎ গচ্ছতি তমঃ অবিদ্যা যস্মাৎ সঃ উত্তমঃ, উত্তমঃ শ্লোকো যশো যস্য তস্য ভগবতো মার্গভূতানাং) ভবতঃ (ভবতাং) যাত্রা সঞ্চারঃ কৃপণানাম্ আধ্যাত্মিকাদি তাপত্রয়তপ্তানাং সর্ব্বদেহিনাং স্বস্তয়ে (সুখায় এব ভবতি) ॥৪

দেবচরিতং (দেবানাং তাপবৃষ্ট্যাদিনা আচরিতং) ভূতানাং দুঃখায় সুখায় চ ভবতি কিন্তু অচ্যুতাত্মনাং (অচ্যুতে আত্মা যেষাং) ত্বাদৃশাং ত্বদ্বিধানাং সাধূনাং (চরিতং) সুখায় এব ভবতি ॥৫

কিন্তু যে জনাঃ দেবান্ যথা (উচ্চাবচ-যজ্ঞাদিনা) ভজন্তি আরাধয়ন্তি, কর্ম্মসচিবাঃ কর্ম্মানুসারিণঃ দেবাঃ অপি (পুরুষস্য) ছায়া ইব তান্ জনান্ তথৈব কর্ম্মানুসারেণ ভজন্তি ফলং প্রযচ্ছন্তি। সাধবঃ তু দীনবৎসলাঃ প্রীতিযুক্তাঃ (স্বোপকারম্ অনপেক্ষ্য তাপনিরাচিকীর্ষবঃ) ॥৬

দ্বিতীয় অধ্যায়।

[নিমি ও নব যোগীন্দ্র সংবাদ উল্লেখ করিয়া বসুদেবকে শ্রীনারদের উপদেশ প্রদান।]

শ্রীশুকদেব বলিলেন,—হে কুরুবংশাবতংস রাজেন্দ্র! দেবর্ষি নারদ শ্রীকৃষ্ণকে সতত দর্শন করিবার মানসে গোবিন্দচন্দ্রের শ্রীকরকমলের দ্বারা সুরক্ষিত দ্বারকাপুরীতে সর্বদাই বাস করিতেন।১

হে নরনাথ! ব্রহ্মাদি অমরশ্রেষ্ঠগণের উপাস্য মুক্তিদাতা শ্রীগোবিন্দের তাপত্রয়ধ্বংসী চরণারবিন্দ সাক্ষাৎ প্রত্যক্ষে প্রাপ্ত হইয়া ইন্দ্রিয়াদিবিশিষ্ট বিবেকী কোন্ পুরুষ তাহা ভজনা করিতে পরাঙ্মুখ হয়?২

একদিন দেবর্ষি নারদ যথেচ্ছ বিচরণ করিতে করিতে বসুদেবের গৃহে উপস্থিত হইলেন। বসুদেব তাঁহাকে পাদ্য অর্ঘ্যাদির দ্বারা যথেষ্ট অর্চ্চনা ও অভিবাদন পূর্বক আসনে উপবেশন করাইয়া বলিলেন—।৩

ব্রহ্মংস্তথাপি পৃচ্ছামো ধর্ম্মান্ ভাগবতাংস্তব।
যান্ শ্রুত্বা শ্রদ্ধয়া মর্ত্ত্যো মুচ্যতে সর্ব্বতো ভয়াৎ ॥৭

অহং কিল পুরানন্তং প্রজার্থো ভুবি মুক্তিদম্।
অপূজয়ং ন মোক্ষায় মোহিতো দেবমায়য়া ॥৮

যথা বিচিত্রব্যসনাদ্ভবদ্ভির্বিশ্বতোভয়াৎ।
মুচ্যেমহ্যঞ্জসৈবাদ্ধা তথা নঃ শাধি সুব্রত ॥৯

শ্রীশুক উবাচ।

রাজন্নেবং কৃতপ্রশ্নো বসুদেবেন ধীমতা।
প্রীতস্তমাহ দেবর্ষির্হরেঃ সংস্মারিতো গুণৈঃ ॥১০

হে ব্রহ্মন্। তথাপি তব ভগবতান্ ধর্ম্মান্ পৃচ্ছামঃ, যান্ ধর্ম্মান্ শ্রদ্ধয়া শ্রুত্বা অনুষ্ঠায় মর্ত্যঃ (মরণধর্ম্মাঃ প্রাণিনঃ) সর্ব্বতঃ সর্ব্বস্মাৎ ভয়াৎ মুচ্যতে ॥৭

অহং কিল নিশ্চয়ে পুরা পূর্ব্বজন্মনি প্রজার্থঃ পুত্রলাভ-প্রয়োজনঃ সন্ এব ভুবি মুক্তিদম্ অনন্তম্ অপূজয়ম্; দেবমায়য়া মোহিতঃ সন মোক্ষায় তু ন (অপূজয়ম্) ॥৮

অতঃ হে সুব্রত! যথা ভবদ্ভিঃ হেতুভূতৈঃ বিচিত্রব্যসনাৎ (বিচিত্রাণি ব্যসনানি দুঃখানি যস্মিন্ তস্মাৎ অতএব) বিশ্বতোভয়াৎ সংসারাৎ বয়ম্ অঞ্জসা সুখেন মুচ্যেমহি তথা অদ্ধা স্ফুটং নঃ অস্মান্ শাধি শিক্ষয় ॥৯

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ধীমতা বিবেকিনা বসুদেবেন এবং কৃতপ্রশ্নঃ জিজ্ঞাসিতঃ দেবর্ষিঃ নারদঃ হরেঃ গুণৈঃ সংস্মারিতঃ (অতঃ) প্রীতঃ সন্ তং বসুদেবম্ আহ প্রত্যুক্তবান্ ॥১০

হে ভগবন্! পিতামাতার শুভাগমনে যেমন পুত্রের কল্যাণই হইয়া থাকে, সেইরূপ আপনাদের ন্যায় ভগবদ্ভক্ত মহামনা ব্যক্তিগণের শুভাগমনে সংসার-তাপদগ্ধ প্রাণিমাত্রেরই মঙ্গল হইয়া থাকে।৪

দেবতাগণও তাপ এবং বৃষ্ট্যাদি প্রদানরূপ আচরণে লোককে নিয়ত সুখী করিতে পারেন না; তাহাদের আচরণে কখন সুখ, কখন দুঃখ উভয়ই জীব অনুভব করিয়া থাকে। কিন্তু অচ্যুত-চেতা আপনাদের ন্যায় সাধুপুরুষের আচরণ জীবের পক্ষে কেবল সুখেরই উৎপাদন করিয়া থাকে।৫

কারণ দেবতাগণ কর্ম্মের বাধ্য। মানবগণ যেরূপ উত্তম ও মধ্যম যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠানে দেবতাগণের আরাধনা করে, দেবগণ পুরুষের ছায়ার ন্যায় কর্ম্মানুসারেই ফল প্রদান করিয়া থাকেন। কিন্তু সাধুগণ সর্ব্বদাই প্রীতিযুক্ত; তাঁহারা কোন উপকারক কর্ম্মের প্রতীক্ষা না করিয়া জীবের প্রকৃত উপকারই করিয়া থাকেন।৬

হে ব্রহ্মন্! আপনার সমাগমেই আমি যদিও কৃতার্থ হইয়াছি, তথাপি আপনাকে ভাগবত-ধর্ম্ম সম্বন্ধে জিজ্ঞাসা করিতেছি; শ্রদ্ধা-সহকারে যে ধর্ম্মের অনুশীলন করিলে মর্ত্ত্যমানব এই বিবিধ ভয়সঙ্কুল মৃত্যুর হস্ত হইতে অনায়াসে নিষ্কৃতি লাভে সমর্থ হয়, আপনি তাহাই বর্ণন করুন।৭

আমি কিন্তু পূর্ব্বজন্মে কেবল পুত্রবান্ হইবার প্রত্যাশায় সেই পতিতপাবন মোক্ষদাতা অনন্তদেবকে আরাধনা করিয়াছিলাম, ভগবন্মায়ায় মোহিত হইয়া মোক্ষের জন্য একবারও প্রার্থনা করি নাই।৮

হে দেবর্ষে! পরের হিতানুষ্ঠানই যখন আপনাদের একমাত্র ব্রত, তখন আপনার দ্বারা যাহাতে আমি এই দুঃখসঙ্কুল ভব-জলধি হইতে অনায়াসে মুক্তিলাভ করিতে পারি, তদ্বিষয়ের উপায় বিধানে আমাকে স্পষ্টাক্ষরে উপদেশ প্রদান করুন।৯

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! ধীমান্ বসুদেবের তাদৃশ ভগবদ্বিষয়ক প্রশ্নে নারদের চিত্তে ভগবানের গুণরাশি যেন অভিনব বেশ ধারণে জাগরূক হইয়া উঠিল; তিনি বসুদেবের প্রতি সন্তুষ্ট হইয়া প্রীত প্রফুল্লবদনে তদীয় প্রশ্নের উত্তর প্রদান করিবার নিমিত্ত বলিলেন—।১০

নারদ উবাচ।
সম্যগেতদ্ ব্যবসিতং ভবতা সাত্বতর্ষভ।
যৎপৃচ্ছসে ভাগবতান্ ধর্ম্মাংস্ত্বং বিশ্বভাবনান্ ॥১১

শ্রুতোঽনুপঠিতো ধ্যাত আদৃতো বানুমোদিতঃ।
সদ্যঃ পুনাতি সদ্ধর্ম্মো দেববিশ্বদ্রুহোঽপি হি ॥১২

ত্বয়া পরমকল্যাণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।
স্মারিতো ভগবানদ্য দেবো নারায়ণো মম ॥১৩

নারদঃ উবাচ। হে সাত্বতর্ষভ (সাত্বতেষু ভগবদ্ভক্তেষু ঋষভ শ্রেষ্ঠ।) যৎ ত্বং বিশ্বভাবনান্ সর্ব্বশোধকান্ ভাগবতান্ ধর্ম্মান্ পৃচ্ছসি তৎ এতৎ ভবতা সম্যক্ ব্যবসিতং নিশ্চিতম্ ॥১১

সদ্ধর্মঃ ভাগবতো ধর্ম্মঃ শ্রুতঃ (গুরুমুখাৎ), অনুপঠিতঃ ধ্যাতঃ (মনসা চিন্তিতঃ), আদৃতঃ (আস্তিক্যবুদ্ধ্যা স্বীকৃতঃ) অনুমোদিতঃ (পরৈঃ ক্রিয়মাণঃ সংস্তুতঃ) দেববিশ্বদ্রুহঃ (দেবেভ্যঃ বিশ্বস্মৈ চ যে দ্রুহ্যন্তি তান্) অপি সদ্যঃ তৎক্ষণাৎ পুনাতি ॥১২

কিঞ্চ পরমকল্যাণঃ পরমানন্দরূপঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ (পুণ্যং পুণ্যাবহং শ্রবণং কীর্ত্তনং চ যস্য সঃ) ভগবান্ দেবঃ নানাবিধ-ক্রীড়াপরঃ নারায়ণঃ ত্বয়া মম স্মারিতঃ (কিং মে ভাগ্যম্) ॥১৩

হে ভক্তাগ্রগণ্য বসুদেব! তোমার মুখে এতাদৃশ সর্ব্বপাপ-বিনাশন ভাগবদ্ধর্ম্মবিষয়ক প্রশ্ন অতি যুক্তিযুক্ত ও অবশ্যকর্ত্তব্য বলিয়াই প্রতীত হইতেছে।১১

এই উৎকৃষ্ট ভাগবত ধর্ম্ম যদি কেবল গুরুমুখে শ্রবণ, অনুপঠন, মনে মনে চিন্তন, আস্তিকী বুদ্ধিতে আদর, অধিক কি! অন্যকে এই ধর্ম্মের অনুষ্ঠান করিতে দেখিলে তাহাকে উৎসাহপ্রদানও যে ব্যক্তি করে, সে যদি বিশ্বসংসারের, এমন কি! যদি দেবগণেরও বিদ্রোহী হয়, তাহা হইলেও পবিত্র হইবে।১২

অহো! অদ্য আমার কি সৌভাগ্য! অদ্য তোমার দ্বারা সেই পরমানন্দস্বরূপ পুণ্যশ্রবণকীর্ত্তন ভগবান্ দেব নারায়ণ আমার স্মৃতিপথে সমারূঢ় হইয়াছেন।১৩

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
আর্ষভাণাঞ্চ সংবাদং বিদেহস্য মহাত্মনঃ ॥১৪

প্রিয়ব্রতো নাম সুতো মনোঃ স্বায়ম্ভুবস্য যঃ।
তস্যাগ্নীধ্রস্ততো নাভির্ঋষভস্তৎসুতঃ স্মৃতঃ ॥১৫

তমাহুর্বাসুদেবাংশং মোক্ষধর্ম্মবিবক্ষয়া।
অবতীর্ণং সুতশতং তস্যাসীদ্ ব্রহ্মপারগম্ ॥১৬

তেষাং বৈ ভরতো জ্যেষ্ঠো নারায়ণপরায়ণঃ।
বিখ্যাতং বর্ষমেতদ্‌যন্নাম্না ভারতমদ্ভুতম্ ॥১৭

অত্র ত্বৎপৃষ্টভগবদ্ধর্ম্মনির্ণয়ে আর্ষভাণাম্ ঋষভপুত্রাণাং মহাত্মনঃ বিদেহস্য নিমেঃ সম্বাদং নাম ইমং পুরাতনম্ ইতিহাসম্ উদাহরন্তি বৃদ্ধাঃ, বর্ণয়ন্তি তৎ শৃণু ॥১৪

স্বায়ম্ভুবস্য (স্বয়ম্ভূর্ব্রহ্মা তৎপুত্রস্য) মনোঃ যঃ প্রিয়ব্রতঃ নাম সুতঃ প্রসিদ্ধঃ তস্য সুতঃ আগ্নীধ্রঃ, তস্য সুতঃ নাভিঃ, তৎসুতঃ ঋষভঃ স্মৃতঃ কথিতঃ ॥১৫

তম্ ঋষভং মোক্ষধর্ম্মবিবক্ষয়া (মোক্ষধর্ম্মাণাং বিবক্ষয়া প্রবর্ত্তনেচ্ছয়া) অবতীর্ণং বাসুদেবাংশম্ (বাসুদেবস্য ভগবতোঽংশম্) আহুঃ বৃদ্ধাঃ বদন্তি। তস্য চ বেদপারগং ব্রহ্মজ্ঞং সুতশতম্ আসীৎ ॥১৬

এক্ষণে তোমার পৃষ্ট ভাগবদ্ধর্ম্মের নির্ণয়-সম্বন্ধীয় প্রশ্নের উত্তর প্রদানার্থ মহাত্মা নিমিরাজের সহিত ঋষভ-নন্দন নয় জন ব্রহ্মর্ষির সংবাদনামক পুরাতন ইতিহাস যাহা প্রাচীনগণ বলিয়া থাকেন, আমি তাহাই কীর্ত্তন করিতেছি; তুমি শ্রবণ কর।১৪

স্বায়ম্ভুব মনুর প্রিয়ব্রত নামে এক পুত্র ছিল, সেই প্রিয়ব্রতের পুত্র আগ্নীধ্র; আগ্নীধ্রের পুত্র নাভি; সেই নাভির পুত্র ঋষভ নামে পরিকীর্ত্তিত হন।১৫

এই ঋষভদেবকে মোক্ষধর্ম্মের প্রবর্ত্তনার্থ ভগবান্ বাসুদেবের অংশে অবতীর্ণ বলিয়া বৃদ্ধগণ কীর্ত্তন করিয়া থাকেন। তাঁহার ব্রহ্মজ্ঞানবান্ একশত পুত্র জন্মগ্রহণ করেন।১৬

এই পুত্রশতের মধ্যে জ্যেষ্ঠের নাম ভরত; ইনি নারায়ণের একজন পরম ভক্ত। যে বর্ষ পূর্ব্বে অজনাভ নামে অভিহিত হইত, এক্ষণ হইতে সেই

স ভুক্তভোগাং ত্যক্ত্বেমাং নির্গতস্তপসা হরিম্।
উপাসীনস্তৎপদবীং লেভে বৈ জন্মভিস্ত্রিভিঃ ॥১৮

তেষাং নব নবদ্বীপপতয়োঽস্য সমন্ততঃ।
কর্ম্মতন্ত্রপ্রণেতার একাশীতির্দ্বিজাতয়ঃ ॥১৯

নবাভবন্ মহাভাগা মুনয়ো হ্যর্থশংসিনঃ।
শ্রমণা বাতরশনা আত্মবিদ্যাবিশারদাঃ ॥২০

কবির্হরিরন্তরিক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ।
আবির্হোত্রোঽথ দ্রুমিলশ্চমসঃ করভাজনঃ ॥২১

ত এতে ভগবদ্রূপং বিশ্বং সদসদাত্মকম্।
আত্মনোঽব্যতিরেকেণ পশ্যন্তো ব্যচরন্ মহীম্ ॥২২

অব্যাহতেষ্টগতয়ঃ সুরসিদ্ধসাধ্য-
গন্ধর্ব্ব-যক্ষ-নর-কিন্নর-নাগলোকান্।
মুক্তাশ্চরন্তি মুনি-চারণ-ভূতনাথ-
বিদ্যাধর-দ্বিজ-গবাং ভুবনানি কামম্ ॥২৩

তেষাং শতসংখ্যকানাং পুত্রাণাং মধ্যে জ্যেষ্ঠঃ ভরতঃ নারায়ণ-পরায়ণঃ আসীৎ। (পূর্ব্বম্ অজনাভসংজ্ঞয়া বিখ্যাতম্) এতৎ বর্ষং যন্নাম্না ভারতম্ ইতি অদ্ভুতং বিখ্যাতম্ ॥১৭

ভুক্তভোগাম্ (ভুক্তঃ ভোগো যস্যাঃ তাং) ইমাং মহীং ত্যক্ত্বা (গৃহাৎ) নির্গতঃ সন্ তপসা হরিম্ উপাসীনঃ সেবমানঃ সঃ ভরতঃ ত্রিভিঃ জন্মভিঃ বৈ তৎপদবীম্ তস্য হরেঃ পদবীং সাযুজ্যং লেভে ॥১৮

তেষাং (ভরতানুজানাম্ একোনশতসংখ্যকানাং মধ্যে) নব কুশাবর্ত্ত-ইলাবর্ত্ত-ব্রহ্মবর্ত্ত-মলয়-কেতু-ভদ্রসেন-ইন্দ্রস্পৃক্-বিদর্ভ-কীকটনামানঃ অস্য ভারতবর্ষস্য যে নবদ্বীপাঃ তত্তুল্য-নামানঃ ভূখণ্ডাঃ তেষাম্ অধিপতয়ঃ সমন্ততঃ বভুবুঃ। একাশীতিঃ সুতাঃ কর্ম্মতন্ত্রপ্রণেতারঃ কর্ম্মমার্গ-প্রবর্ত্তকাঃ দ্বিজাতয়ঃ অভবন্ ॥১৯

অবশিষ্টাঃ কবিঃ হরিঃ অন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ অগ্নিহোত্রঃ অথ দ্রবিড়ঃ চমসঃ করভাজনঃ ইতি নব মহাভাগাঃ পুত্রাঃ অর্থশংসিনঃ পরমার্থনিরূপকাঃ আত্মবিদ্যাবিশারদাঃ শ্রমণাঃ (বাল্যমারভ্য তত্রৈব কৃতশ্রমাঃ) মুনয়ঃ মননশীলাঃ অভবন্ ॥২০-২১

তে এতে মুনয়ঃ সদসদাত্মকং স্থূলসূক্ষ্মাত্মকং বিশ্বম্ আত্মনঃ স্বস্মাৎ অব্যতিরেকেণ অভেদেন ভগবদ্রূপং পশ্যন্তঃ মহীং ব্যচরন্ ॥২২

অব্যাহতেষ্টগতয়ঃ (অব্যাহতা অপ্রতিহতা ইষ্টা অভিপ্রেতা

বর্ষ উক্ত ভরতের নামানুসারে ভারতবর্ষ বলিয়া বিখ্যাত হইল।১৭

তিনি রাজ্যভোগানন্তর বৈরাগ্য অবলম্বনে গৃহ হইতে নির্গত হন এবং তপস্যার দ্বারা ভগবান্ শ্রীহরির আরাধনা করিয়া তিন জন্মের অন্তে ভগবৎ-পদবী প্রাপ্ত হইয়াছেন।১৮

অপর একোনশতসংখ্যক পুত্রের মধ্যে নয় জন পুত্র কুশাবর্ত্ত, ইলাবর্ত্ত, ব্রহ্মবর্ত্ত, মলয়, কেতু, ভদ্রসেন, ইন্দ্রস্পৃক্, বিদর্ভ ও কীকট নামে ভারতের যে নব ভূখণ্ড, তাহার অধিপতি হইয়াছিলেন। অবশিষ্ট একাশীতি পুত্র কর্ম্মকাণ্ডের প্রবর্ত্তক ব্রাহ্মণ বলিয়া বিখ্যাত হইলেন।১৯

অবশিষ্ট নয়টি পুত্র আত্মবিদ্যার অভ্যাসে বিশেষ পরিশ্রম করিয়া আত্মবিদ্যায় পারদর্শী হইয়াছিলেন ও পরমার্থনিরূপণে এতই দক্ষ হইয়াছিলেন যে, সংসারে কোন পদার্থের প্রতিই তাঁহাদের আসক্তি ছিল না; তাঁহারা দিগম্বর বেশে সর্ব্বত্র বিচরণ করিতেন।২০

তাঁহাদিগের নাম যথা কবি, হরি, অন্তরিক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রবিড়, চমস ও করভাজন।২১

তাঁহারা স্থূলসূক্ষ্মাত্মক এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে আত্ম-স্বরূপ হইতে অভিন্ন ভগবানেরই স্বরূপবোধে প্রত্যক্ষ করত জগতে বিচরণ করিতেন।২২

এই যোগেন্দ্রগণ যথা ইচ্ছা সর্ব্বত্র গমন করিতে পারিতেন; অথচ কোথায়ও তাঁহাদের আসক্তি জন্মিত না। তাঁহারা দেবতা, সিদ্ধ, সাধ্য, গন্ধর্ব্ব, যক্ষ, নর, কিন্নর এবং নাগলোকসমূহ, এদিকে

ত একদা নিমেঃ সত্রমুপজগ্মুর্যদৃচ্ছয়া।
বিতায়মানমৃষিভিরজনাভে মহাত্মনঃ ॥২৪

তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ মহাভাগবতান্ নৃপ।
যজমানোঽগ্নয়ো বিপ্রাঃ সর্ব্ব এবোপতস্থিরে ॥২৫

বিদেহস্তানভিপ্রেত্য নারায়ণপরায়ণান্।
প্রীতঃ সমপূজয়াঞ্চক্র আসনস্থান্ যথার্হতঃ ॥২৬

তান্ রোচমানান্ স্বরুচা ব্রহ্মপুত্রোপমান্ নব।
পপ্রচ্ছ পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতো নৃপঃ ॥২৭

বিদেহ উবাচ।
মন্যে ভগবতঃ সাক্ষাৎ পার্ষদান্ বো মধুদ্বিষঃ।
বিষ্ণোর্ভূতানি লোকানাং পাবনায় চরন্তি হি ॥২৮

দুর্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুর্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্ ॥২৯

গতি র্যেষাং তে) মুক্তাঃ (কাপি অনাসক্তাঃ) সন্তঃ সুর-সিদ্ধ সাধ্য-গন্ধর্ব্ব-যক্ষ-নর কিন্নর-নাগলোকান্ (তথা) মুনি-চারণ-ভূতনাথ-বিদ্যাধর-দ্বিজগবাং ভুবনানি চ কামং যথেষ্টং চরন্তি ॥২৩

তে একদা অজনাভে বর্ষে ঋষিভিঃ বিতায়মানম্ অনুষ্ঠীয়মানং মহাত্মনঃ নিমেঃ সত্রং যদৃচ্ছয়া (অকস্মাদেব) উপজগ্মুঃ ॥২৪

হে নৃপ! সূর্য্যসঙ্কাশান্ (সূর্য্যবদতিতেজস্বিনঃ) মহাভাগবতান্ তান্ দৃষ্ট্বা যজমানঃ অগ্নয়ঃ বিপ্রাশ্চ সর্ব্বে এব উপতস্থিরে প্রত্যুত্থিতবন্তঃ ॥২৫

বিদেহঃ নিমিঃ তান্ নারায়ণপরায়ণান্ অভিপ্রেত্য জ্ঞাত্বা প্রীতঃ সন্ আসনস্থান্ (কৃত্বা) যথার্হতঃ (জ্যেষ্ঠাদিক্রমেণ যথোচিতং) পূজয়াঞ্চক্রে ॥২৬

পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ নম্রঃ) নৃপঃ নিমিঃ স্বরুচা স্বকান্ত্যা রোচমানান্ শোভমানান্ তান্ নব পপ্রচ্ছ ॥২৭

বিদেহঃ উবাচ। বঃ যুষ্মান্ মধুদ্বিষঃ মধুকৈটভহারিণঃ সাক্ষাৎ ভগবতঃ পার্ষদান্ সেবকত্বেন পরমানুগ্রহপাত্ররূপান্ মন্যে। হি যতঃ বিষ্ণোঃ ভূতানি (ভক্তাঃ) লোকানাং পাবনায় চরন্তি ॥২৮

দেহিনাং দেবতির্য্যগাদিদেহধারিণাং জীবানাং মানুষঃ দেহঃ দুর্লভঃ (পরমপুরুষার্থসাধনত্বাৎ, সোঽপি ন বহুকালস্থায়ী যতঃ) ক্ষণভঙ্গুরঃ আশুবিনাশী। অতঃ তত্রাপি জন্মনি বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্ (বৈকুণ্ঠঃ প্রিয়ঃ যেষাং বৈকুণ্ঠস্য প্রিয়াঃ বা যে তেষাং ভগবদ্ভক্তানাং দর্শনম্) অহং দুর্লভং মন্যে ॥২৯

মুনি, চারণ, ভূতনাথ, বিদ্যাধর, দ্বিজ ও গোসমূহের বিহারস্থানে যদৃচ্ছাক্রমে বিচরণ করিতে লাগিলেন।২৩

একদিন তাঁহারা যথেচ্ছা বিচরণ করিতে করিতে এই ভারতবর্ষ মধ্যে ঋষিগণ কর্ত্তৃক অনুষ্ঠীয়মান মহাত্মা নিমিরাজের যজ্ঞস্থলে উপনীত হইলেন।২৪

হে রাজেন্দ্র! দিবাকরের ন্যায় অতুল তেজস্বী তাদৃশ ভগবদ্ভক্ত নয়জন ঋষিকে অবলোকন করিবামাত্র যজমান, হুতাশন ও ব্রাহ্মণগণ সকলেই তাঁহাদের অভিবাদনার্থ সমীপে উপস্থিত হইলেন।২৫

নিমিরাজ বিদেহ তাঁহাদিগকে দর্শন করিয়াই নারায়ণের প্রধান ভক্ত বলিয়া বুঝিতে পারিলেন এবং প্রফুল্লচিত্তে তাঁহাদের সকলকে যথাযোগ্য আসনে উপবেশন করাইয়া, বিনীতভাবে অর্ঘ্যাদি প্রদানে পূজা করিলেন।২৬

এবং ব্রহ্মপুত্র সনকাদি ঋষিগণের ন্যায় অতুল শোভাশালী সেই নয় জন মুনির সমীপে প্রসন্নচিত্তে অগ্রসর হইয়া বিনীতবচনে বলিতে লাগিলেন।২৭

বিদেহ বলিলেন,—হে ঋষিগণ! আপনাদিগকে দর্শন করিয়া আমার স্পষ্টই অনুমান হইতেছে যে, আপনারা সেই মধুকৈটভ-ধ্বংসী দেবদেব ভগবানের পার্ষদ ও নিতান্ত অনুগ্রহের পাত্র। আপনাদের ন্যায় ভগবদ্ভক্তের ইতস্ততঃ বিচরণ কেবল তত্রত্য লোক-সমূহের পবিত্রতা-সাধনের জন্য মাত্র।২৮

যাবতীয় দেহের মধ্যে জীবের মানব-দেহই অতি দুর্লভ। কারণ এই দেহেই পুরুষার্থ লাভ

অত আত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামো ভবতোঽনঘাঃ।
সংসারেঽস্মিন্ ক্ষণার্দ্ধোঽপি সৎসঙ্গঃ শেবধি-
র্নৃণাম্ ॥৩০
ধর্ম্মান্ ভাগবতান্ ব্রূত যদি নঃ শ্রুতয়ে ক্ষমম্।
যৈঃ প্রসন্নঃ প্রপন্নায় দাস্যত্যাত্মানমপ্যজঃ ॥৩১

নারদ উবাচ।

এবং তে নিমিনা পৃষ্টা বসুদেব মহত্তমাঃ।
প্রতিপূজ্যাব্রুবন্ প্রীত্যা সসদস্যর্ত্বিজং নৃপম্ ॥৩২

কবিরুবাচ।

মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য
পাদাম্বুজোপাসনমত্র নিত্যম্।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাদ্-
বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ ॥৩৩
যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া হ্যাত্মলব্ধয়ে।
অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্ ॥৩৪

হে অনঘাঃ! অতঃ (ভবদ্দর্শনস্য দুর্ল্লভত্বাৎ) আত্যন্তিকং নিরতিশয়ং ক্ষেমং ফলং ভবতঃ পৃচ্ছামঃ। অস্মিন্ সংসারে ক্ষণার্দ্ধঃ ক্ষণার্দ্ধকালোঽপি সৎসঙ্গঃ (সভ্যানাং ভবাদৃশাং সঙ্গঃ) নৃণাং শেবধিঃ নিধিঃ পরমপুরুষার্থসাধকঃ ॥৩০

(ততঃ) যৈঃ ধর্ম্মৈঃ প্রসন্নঃ সন্ অজঃ জন্মাদিবিকাররহিতঃ ভগবান্ প্রপন্নায় শরণাগতায় মহ্যম্ আত্মানম্ অপি দাস্যতি তান্ ভাগবতান্ ভগবৎপরিতোষকরান্ ধর্ম্মান্ ব্রূত, যদি নঃ অস্মাকং শ্রুতয়ে শ্রবণায় ক্ষমং যোগ্যং ভবতি ॥৩১

নারদঃ উবাচ। হে বসুদেব! এবং নিমিনা পৃষ্টাঃ তে মহত্তমাঃ মুনয়ঃ সসদস্যর্ত্বিজং (সদস্যৈঃ সভ্যৈঃ ঋত্বিগ্‌ভিঃ চ সহ বর্ত্তমানং) নৃপং নিমিং প্রতিপূজ্য সৎকৃত্য প্রীত্যা অব্রুবন্ প্রশ্নোত্তরমুক্তবান্ ॥৩২

কবিঃ উবাচ। অত্র সংসারে অসদাত্মভাবাৎ (অসতি প্রাকৃতত্বেন বিনশ্বর ইনাতিতুচ্ছে দেহেন্দ্রিয়াদৌ আত্মভাবাৎ আত্মাভিমানাৎ) নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধেঃ (উদ্বিগ্না আধ্যাত্মিকাদিতাপ-ত্রয়েণ ভীতা বুদ্ধির্যস্য তস্য পুংসঃ) অচ্যুতস্য (স্বরূপতো গুণতশ্চ স্বরং চ্যুতিরহিতস্য) পাদাম্বুজোপাসনম্ (পাদাম্বুজয়োঃ উপাসনং ধ্যানপূজানমস্কারাদিভিরারাধনম্ এব) অকুতশ্চিদ্ভয়ং (ন কুতশ্চিদপি কালকর্ম্মস্বভাবাদিভ্যঃ ভয়ং যস্মাৎ তৎ) সর্ব্বভয়নিবর্ত্তকং মন্যে। যত্র যস্মিন্ উপাসনে কৃতে সতি বিশ্বাত্মনা সর্ব্বপ্রকারেণ ভীঃ ভয়ং নিবর্ত্ততে ॥৩৩

অবিদুষাং পুংসাং অঞ্জঃ অনায়াসেন আত্মলব্ধয়ে স্বপ্রাপ্তয়ে যে বৈ উপায়াঃ ভগবতা প্রোক্তাঃ তান্ হি নিশ্চিতং ভাগবতান্ ধর্ম্মান্ বিদ্ধি ॥৩৪

ঘটে। কিন্তু সেই মানবদেহও ক্ষণ-ভঙ্গুর। অতএব এই মনুষ্যজন্মে যদি বৈকুণ্ঠনাথের প্রিয়পাত্র ভক্তগণের দর্শন লাভ হয়, তদপেক্ষা আর অধিক দুর্ল্লভ কিছুই দেখিতে পাওয়া যায় না।২৯

অতএব তাদৃশ নিরতিশয় দুর্ল্লভ সমাগমে নিরতিশয় মঙ্গলপ্রদ ফলের কথাই জিজ্ঞাসা করা বিধেয়; কারণ এই জন্মমৃত্যুরূপ সংসারপ্রবাহে আপনাদের ন্যায় ভক্ত সাধুগণের সম্মিলন আমাদের পক্ষে অপূর্ব্ব মণিস্বরূপ জ্ঞান করিতে হইবে; যেহেতু এই মিলনেই পরমপুরুষার্থের সিদ্ধি ঘটে।৩০

হে পবিত্রচেতাগণ! যে ধর্ম্মের অনুশীলনে ভগবান্ বিষ্ণু প্রসন্ন হইয়া শরণাগত ভক্তজনকে আত্মস্বরূপ পর্য্যন্ত প্রদান করিয়া থাকেন, আপনারা ভগবানের তুষ্টিকর সেই সমস্ত ধর্মকথা আমার নিকট কীর্ত্তন করুন! যদি আমার শ্রবণে অধিকার থাকে।৩১

নারদ বলিলেন,—হে বসুদেব! নিমিরাজ এইরূপ প্রশ্ন করিলে, সেই মহামনা মুনিগণ সদস্য ও ঋত্বিকগণে পরিবৃত মহারাজ বিদেহকে যথেষ্ট আদর করিয়া তাঁহার প্রশ্নের উত্তর প্রদান করিতে আরম্ভ করিলেন।৩২

কবি বলিলেন,—হে মহারাজ! দেহ-গেহাদি যাবতীয় পদার্থই অনিত্য ও মিথ্যাভূত। সেই পদার্থকে যাহারা অভিমানবশতঃ আত্মভাবে ভাবনা করে, তাহাদের চিত্তে কখনই শান্তি থাকে না। অতএব এরূপ স্থলে অচ্যুতদেবের চরণারবিন্দের নিয়ত চিন্তাই অভয়প্রাপ্তির একমাত্র উপায় বলিয়া

যানাস্থায় নরো রাজন্ ন প্রমাদ্যেত কর্হিচিৎ।
ধাবন্ নিমীল্য বা নেত্রে ন স্খলেন্ন পতেদিহ ॥৩৫

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্বা
বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ।
করোতি যদ্‌যৎ সকলং পরস্মৈ
নারায়ণায়েতি সমর্পয়েৎ তৎ ॥৩৬

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যা-
দীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেৎ তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ॥৩৭

অবিদ্যমানোঽপ্যবভাতি হি দ্বয়ো
ধ্যাতুর্ধিয়া স্বপ্ন-মনোরথৌ যথা।
তৎ কর্ম্মসঙ্কল্পবিকল্পকং মনো
বুধো নিরুন্ধ্যাদভয়ং ততঃ স্যাৎ ॥৩৮

হে রাজন্। যান্ ভাগবতান্ ধর্ম্মান্ আস্থায় আশ্রিত্য অনুতিষ্ঠন্ নরঃ কর্হিচিৎ ন প্রমাদ্যেত বিঘ্নৈঃ ন বিহন্যেত, কিঞ্চ নেত্রে নিমীল্য ধাবন্ অপি ইহ এষু ভাগবতধর্ম্মেষু ন স্খলেৎ (প্রত্যবায়েন নরকাদৌ ন)পতেৎ ॥৩৫

কায়েন (গমনাদিনা) বাচা (ভাষণেন) মনসা (সংকল্পেন) ইন্দ্রিয়ৈঃ (দর্শনাদিভিঃ) বুদ্ধ্যা (নিশ্চয়াত্মিকয়া) আত্মনা চিত্তেন (ধ্যানাদিভিঃ) অনুসৃতস্বভাবাৎ (অনুসৃতঃ প্রাপ্তো যঃ সাত্ত্বিকাদিঃ স্বভাবঃ তস্মাৎ) তদ্বশাৎ কার্য্যাদিভিঃ যদ্ যদ্ বিহিতমবিহিতং বা করোতি, তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায় সমর্পয়েৎ ॥৩৬

(যস্মাৎ) ঈশাৎ ভগবতঃ অপেতস্য বিমুখস্য এব তন্মায়য়া (তস্য ভগবতঃ মায়য়া) অস্মৃতিঃ স্বরূপবিস্মৃতিঃ, ততশ্চ বিপর্য্যয়ঃ (দেহাত্মাভিমানো ভবতি ততশ্চ) দ্বিতীয়াভিনিবেশতঃ (দ্বিতীয়ে ভোগ্যবিষয়াদৌ অভিনিবেশতঃ স্নেহাৎ) ভয়ং ভবতি। অতঃ বুধঃ বিবেকী, গুরুদেবতাত্মা , ভগবান্ এব গুরুঃ সর্ব্বশাস্ত্রপ্রবর্ত্তকঃ, দেবতা আরাধ্যঃ, আত্মা স্বরূপং যস্য তথাদৃষ্টিঃ সন্) একয়া অনন্যয়া ফলাভিসন্ধিরহিতয়া, ভক্ত্যা আ (মোক্ষম্ অভিব্যাপ্য) তম্ ঈশম্ এব ভজেৎ ॥৩৭

হি যতঃ দ্বয়ঃ (অয়ং প্রপঞ্চঃ) অবিদ্যমানঃ অবাস্তবঃ, অপি ধাতুঃ পুরুষস্য ধিয়া মনসা স্বপ্নমনোরথৌ (স্বপ্নদৃষ্টপদার্থঃ মনোরথবিষয়ঃ চ পদার্থঃ) যথা (তথা) অবভাতি, অতঃ তৎ তস্মাৎ কর্ম্মসংকল্পবিকল্পকং (কর্ম্মাণি জন্ম-মরণাদি-সংসার-হেতুভূতানি সংকল্পয়তি বিকল্পয়তি যৎ তৎ মনঃ বুধঃ বিবেকী নিরুন্ধ্যাৎ, ততঃ এব অভয়ং স্যাৎ ॥৩৮।

আমি মনে করি; কারণ ভগবদুপাসনে সর্ববিধ ভয়েরই নিবারণ হয়।৩৩

ভগবান্ শ্রীকৃষ্ণ আত্মপ্রাপ্তির জন্য স্বয়ং যে সকল উপায় উপদেশ করিয়াছেন, হে সৌম্য!—অজ্ঞানী জীবের পক্ষে সেই সমস্ত উপায়ই ভাগবত ধর্ম্ম বলিয়া তুমি অবধারণ কর।৩৪

হে রাজেন্দ্র! এই সকল উপায় অনুসারে কার্য্য করিলে, সমতল ও পরিজ্ঞাত পথে চক্ষু মুদ্রিত করিয়া দ্রুতপদে গমন করিলেও পদস্খলন বা পতনের যেমন সম্ভাবনা থাকে না, সেইরূপ উক্ত উপায় অনুসারে কার্য্য করিলে মানব কখন সংসার পথে বিমোহিত হয় না।৩৫

দেহ, বাক্য, মন, ইন্দ্রিয়, বুদ্ধি, চিত্ত, এমন কি! স্বীয় সংস্কার বা স্বভাব অনুসারেও যে যে কর্ম্ম সাধিত হয়, সমস্তই পরাৎপর পরমেশ্বরে সমর্পণ করাই বিধেয়।৩৬

ঈশ্বরবিমুখ ব্যক্তিই কর্ত্তৃত্বাভিমানে মুগ্ধ হইয়া আত্মভাব বিস্মৃত হয়, সুতরাং দেহগেহাদি চিন্তিত নশ্বর পদার্থে আসক্তিবশতঃ নানাপ্রকার শোক-মোহাদিতে ভীত হয়। অতএব যাঁহার মায়ায় এই অভিমানের জন্ম হয়, বিবেকী ব্যক্তিগণ সেই পরমেশ্বরকেই সাক্ষাৎ গুরু, দেবতা ও নিজের পরম-প্রেমের আস্পদ পরমাত্মজ্ঞানে অনন্যা ভক্তি-সহকারেই যেন ভজনা করেন; তাহা হইলে আর

শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণে-
র্জন্মানি কর্ম্মাণি চ যানি লোকে।
গীতানি নামানি তদর্থকানি
গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ ॥৩৯

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।
হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥৪০

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ
জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন্।
সরিৎ-সমুদ্রাংশ্চ হরেঃ শরীরং
যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্যঃ ॥৪১

ভক্তিঃ পরেশানুভবো বিরক্তি-
রন্যত্র চৈষ ত্রিক এককালঃ।
প্রপদ্যমানস্য যথাশ্নতঃ স্যু-
স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসম্ ॥৪২

রথাঙ্গপাণেঃ (রথাঙ্গং চক্রং পাণৌ যস্য তস্য ভগবতঃ) সুভদ্রাণি সকলপাপনিরাসপূর্ব্বকাভীষ্টানুরূপপুণ্যজনকানি জন্মানি কর্ম্মাণি শৃণ্বন্ যানি লোকে গীতানি প্রসিদ্ধানি তদর্থকানি নামানি (তানি চ) গায়ন্ বিলজ্জঃ যথা তথা অসঙ্গঃ অনাসক্তঃ এব বিচরেৎ ॥৩৯

এবংব্রতঃ (এবং ব্রতং বৃত্তং যস্য সঃ পুমান্) স্বপ্রিয়নাম-কীর্ত্ত্যা (স্বপ্রিয়স্য ভগবতঃ নামকীর্ত্ত্যা) জাতানুরাগঃ (জাতঃ অনুরাগঃ প্রেম যস্য সঃ) দ্রুতচিত্তঃ শ্লথদ্ধৃদয়ঃ সন্ কদাচিৎ উচ্চৈঃ হসতি (কদাচিদ্বিয়োগমনুসন্ধায়) রোদতি, (ঔৎসুক্যাৎ) রৌতি ক্রোশতি, (কর্ম্মাণি স্মৃত্বা) গায়তি তথা লোকবাহ্যঃ (লোকব্যবহারম্ অনপেক্ষ্য বর্ত্তমানঃ অতএব) উন্মদবৎ নৃত্যতি ॥৪০

কিঞ্চ খং বায়ুম্ অগ্নিং সলিলং মহীং জ্যোতীংষি সূর্য্যচন্দ্র-নক্ষত্রাণি, সত্ত্বানি জন্তূন্, দিশঃ দ্রুমাদীন্ যৎ কিঞ্চভূতং স্থাবর-জঙ্গমভূতমাত্রং, সরিৎ-সমুদ্রান্ চ হরেঃ শরীরং মত্বা অনন্যঃ (স্বয়মপি অপৃথক্‌সিদ্ধঃ বিবিচ্য) প্রণমেৎ ॥৪১

অশ্নতঃ ভুঞ্জানস্য জনস্য অনুঘাসং প্রতিগ্রাসং যথা তুষ্টিঃ (মনসঃ), পুষ্টিঃ (দেহস্য), ক্ষুদপায়ঃ ক্ষুন্নিবৃত্তিঃ, তৃপ্তিঃ স্যুঃ তথা প্রপদ্যমানস্য (ভগবদেকশরণতয়া শ্রবণাদিকুর্ব্বতঃ জনস্য) ভক্তিঃ প্রেমলক্ষণা, পরেশানুভবঃ (পরেশস্য ভগবতঃ অনুভবঃ যথার্থজ্ঞানম্) অন্যত্র ধনপুত্রকলত্রাদিবিষয়েষু বিরক্তিঃ রাগাভাবঃ এষঃ ত্রিকঃ এককালঃ ভজনসমকালঃ এব যথোত্তরং বর্দ্ধমানো ভবতি ॥৪২

মোহ বা ভয়ের কোন সম্ভাবনা থাকিবে না।৩৭

প্রকৃত প্রস্তাবে অনিত্য ও অবাস্তব হইলেও, মনের কল্পনা অনুসারে স্বপ্নদৃষ্ট পদার্থ ও মনোরাজ্য যেমন তত্তৎকালে সত্যের ন্যায় অনুভূত হয়, সেইরূপ এই প্রপঞ্চ জগৎ মূলে মিথ্যা ও তত্ত্বশূন্য হইলেও বিষয়াসক্তপুরুষের মনের আসক্তি অনুসারে যথার্থ ও নিত্যবস্তুরূপে প্রতিপন্ন হয়। অতএব জন্ম-মরণরূপ সংসারের হেতুভূত কর্ম্মসমুদায় যে মন সংকল্প ও বিকল্পের দ্বারা অবধারণ করে, সর্ব্বাগ্রে তাহারই নিরোধ করা বিবেকী ব্যক্তির অবশ্য কর্ত্তব্য; নতুবা ভয়ের হস্ত হইতে কিছুতেই অব্যাহতি নাই।৩৮

চক্রধারী শ্রীহরির সর্ব্বপাপ-নাশন পুণ্যপ্রদ জন্ম, কর্ম ও তদুপযোগী যে সমস্ত নাম জগতে পরিকীর্ত্তিত আছে, সাধু ভক্তজন জগতের প্রলোভনকে প্রলোভিত করিবার অভিপ্রায়েই বিষয়াসক্তি ও সামাজিক লজ্জায় জলাঞ্জলি প্রদান পূর্ব্বক সেই সমস্ত নামাদি কীর্ত্তন করত অনাসক্তভাবে বিচরণ করিয়া থাকেন।৩৯

সর্ব্বদা এইরূপ আচরণে স্বীয় অভীষ্টদেব ভগবানের নামকীর্ত্তনে হৃদয়ে যখন প্রকৃত প্রেম ও অনুরাগের উদয় হয়, তখন ভক্তের আর লোক-মর্য্যাদার প্রতি কিছুমাত্র দৃষ্টি থাকে না। তিনি জাগতিক সম্বন্ধের ন্যায় ভগবানে সম্বন্ধযুক্ত হইয়া হৃদয়ের উচ্ছ্বাসে কখন উচ্চ হাস্য, অদর্শনে ক্রন্দন

ইত্যচ্যুতাঙ্ঘ্রিং ভজতোঽনুবৃত্ত্যা
ভক্তির্বিরক্তির্ভগবৎপ্রবোধঃ।
ভবন্তি বৈ ভাগবতস্য রাজং-
স্ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ ॥৪৩

রাজোবাচ।

অথ ভাগবতং ব্রূত যদ্ধর্মো যাদৃশো নৃণাম্।
যথা চরতি যদ্ ব্রূতে যৈর্লিঙ্গৈর্ভগবৎপ্রিয়ঃ ॥৪৪

শ্রীহরিরুবাচ।

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥৪৫
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেম-মৈত্রী-কৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥৪৬
অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ ॥৪৭

হে রাজন্! ইতি উক্তপ্রকারেণ অনুবৃত্ত্যা অভ্যাসেন, অচ্যুতাঙ্ঘ্রিং ভজতঃ ভাগবতস্য (যথা) ভক্তিঃ, বিরক্তিঃ, ভগবৎ-প্রবোধঃ বৈ (অবধারণে) ভবন্তি, ততঃ (এব ভক্ত্যাদিত্রিকাৎ সঃ) সাক্ষাৎ পরাং সর্ব্বতঃ উৎকৃষ্টাং শান্তিম্ অত্যন্তক্ষেম-শব্দবাচ্যাং মুক্তিম্ উপৈতি প্রাপ্নোতি ॥৪৩

রাজা উবাচ। (হে ঋষয়ঃ!) অথ যদ্ধর্ম্মঃ (যস্মিন্ ধর্ম্মে নিষ্ঠিতঃ) যাদৃশঃ যৎস্বভাবঃ, নৃণাং মধ্যে যথা চরতি, যৎ ব্রূতে যৈঃ লিঙ্গৈঃ চিহ্নৈঃ (সঃ) ভগবৎপ্রিয়ঃ ভবতি, তং ভাগবতং ভগবদ্ভক্তং ব্রূত বর্ণয় ॥৪৪

শ্রীহরিঃ উবাচ। আত্মনঃ (আত্মত্বাচ্চ মাতৃত্বাৎ আত্মা হি পরমো হরিরিতি) হরেঃ সর্ব্বভূতেষু স্থাবরজঙ্গমাত্মকেষু ভগবদ্ভাবং (নিয়ন্তৃত্বেন বর্ত্তমানস্য নিরতিশয়ৈশ্বর্য্যাদিমত্ত্বম্ এব) তথা আত্মনি ভগবতি ঐশ্বর্য্যাদিগুণপূর্ণে হরৌ এব ভূতানি চ যঃ পশ্যেৎ, সঃ এষঃ ভাগবতোত্তমঃ ॥৪৫

যঃ ঈশ্বরে প্রেম, তদধীনেষু ঈশ্বরাধীনেষু ভক্তেষু মৈত্রীং, বালিশেষু অজ্ঞজনেষু কৃপাং তদ্দুঃখ-প্রহাণেচ্ছাং, দ্বিষৎসু ভগবদ্ভক্তদ্বেষিষু উপেক্ষাম্ ঔদাসীন্যং করোতি, সঃ মধ্যমঃ ॥৪৬

যঃ হরয়ে হরিপ্রাপ্তয়ে অর্চ্চায়াম্ এব (সর্ব্বত্র বিদ্যমানমপি তম্ অজানন্ প্রতিমায়ামেব তস্য) পূজাং শ্রদ্ধয়া ঈহতে করোতি, তদ্ভক্তেষু অন্যেষু গোব্রাহ্মণাদ্যাদিষু চ ন (পূজাং করোতি), সঃ প্রাকৃতঃ (নিকৃষ্টঃ) ভক্তঃ স্মৃতঃ উক্তঃ ॥৪৭

এবং বিয়োগবোধে ঔৎসুক্য প্রদর্শন ও আক্রোশ করত নৃত্যাদির দ্বারা উন্মাদের ন্যায় আচরণ করেন ।৪০

অহো!• ভক্তের ভাব অপূর্ব্ব! তিনি আকাশ, বায়ু, অনল, জল, পৃথিবী, চন্দ্র, সূর্য্য ও নক্ষত্রাদি জ্যোতিষ্কগণ, প্রাণিবর্গ এবং দিক্‌সমূহ, বৃক্ষ, নদী. সমুদ্র এবং স্থাবর-জঙ্গমাত্মক যে কোন পদার্থই নয়নগোচর করেন, অধিক কি! আপনার স্বরূপ পর্য্যন্ত ভগবান্ শ্রীহরির স্বরূপবোধে প্রণাম করিয়া থাকেন ।৪১

যেমন ভোজনকালে প্রতিগ্রাসেই মনের তুষ্টি, দেহের পুষ্টি ও ক্ষুন্নিবৃত্তি ক্রমশই হইয়া থাকে, সেইরূপ অনন্যশরণে ভগবানে নির্ভর করত শ্রবণাদি ভাগবত ধর্ম্মের অনুশীলনে ভক্তের প্রেমলক্ষণা ভক্তি, ভগবৎস্বরূপের উপলব্ধি এবং ধনপুত্রকলত্রাদি বিষয়ে বৈরাগ্য, এই তিনটীই ভজনের সমকালেই ক্রম অনুসারে উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া থাকে ।৪২

হে রাজেন্দ্র! উক্ত অভ্যাসানুসারে ভগবৎ-পাদপদ্ম অনবরত ভজনা করিলে যেমন ভক্তি, বৈরাগ্য ও ভগবৎ-সাক্ষাৎকার ঘটে, সেইরূপ অন্তে সর্ব্বোৎকৃষ্ট শান্তি বা অত্যন্ত ক্ষেম-শব্দবাচ্য মুক্তিলাভও ভক্তের ঘটিয়া থাকে ।৪৩

তখন নিমিরাজ বলিলেন,—হে ব্রাহ্মন্! আপনি এক্ষণে ভগবদ্ধর্ম্মের অনুশীলনকারী ভক্তের পরিচয় বলুন; অর্থাৎ তাঁহারা যে জাতীয় ধর্ম্মের অনুষ্ঠানে ও যাদৃশ স্বভাবের পরিচয়ে জন-সমাজে যেরূপ আচরণ করেন, যেরূপ বলেন বা ভগবদ্ভক্ত বলিয়া যে চিহ্নে তাঁহাকে পরিজ্ঞাত হইতে পারা যায়, এই সমস্ত আপনি বিস্তারিত বর্ণন করুন ।৪৪

এই প্রশ্নের উত্তর প্রদানার্থ শ্রীহরি বলিলেন,—যে

গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ যো ন দ্বেষ্টি ন হৃষ্যতি।
বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্ স বৈ ভাগবতোত্তমঃ ॥৪৮
দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং যো
জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ।
সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ
স্মৃত্যা হরের্ভাগবতপ্রধানঃ ॥৪৯

ন কাম-কর্ম্ম-বীজানাং যস্য চেতসি সম্ভবঃ।
বাসুদেবৈকনিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥৫০
ন যস্য জন্ম-কর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।
সজ্জতেঽস্মিন্নহম্ভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ ॥৫১
ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা।
সর্ব্বভূতসমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥৫২

ইন্দ্রিয়ৈঃ অর্থান্ শব্দাদিবিষয়ান্ গৃহীত্বা অপি (তজ্জনিত-দুঃখসুখেষু) ইদং (দুঃখসুখাদিকম্ অন্তঃকরণধর্ম্মরূপং) বিষ্ণোঃ মায়াং পশ্যন্ যঃ (দুঃখেষু) ন দ্বেষ্টি, (সুখেষু ন) হৃষ্যতি, সঃ বৈ ভাগবতোত্তমঃ ॥৪৮

যঃ হরেঃ স্মৃত্যা দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং সংসারধর্ম্মৈঃ জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ (দেহস্য জন্মাপ্যয়ৌ, উৎপত্তিবিনাশৌ, প্রাণস্য ক্ষুৎ, মনসঃ ভয়ং, বুদ্ধেঃ তর্ষঃ তৃষ্ণাঃ, ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং শ্রমঃ তৈঃ) অবিমুহ্যমানঃ (আত্মনি অমন্যমানঃ) সঃ ভাগবত-প্রধানঃ উত্তমো ভাগবতঃ জ্ঞেয়ঃ ॥৪৯

যস্য চেতসি কামকর্ম্মবীজানাং (কামঃ বিষয়ভোগাভিলাসঃ ততঃ কর্ম্মাণি ততশ্চ বীজানি শরীরগ্রহণে হেতুভূতানি পুণ্য পাপানি তেষাং) সম্ভবঃ উৎপত্তিঃ (ন ভবতি), বাসুদেবৈক-নিলয়ঃ (বাসুদেবঃ একঃ এব নিলয়ঃ আশ্রয়ো যস্য সঃ) সঃ বৈ ভাগবতোত্তমঃ ॥৫০

যস্য অস্মিন্ দেহে ন জন্মকর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ অহম্ভাবঃ গর্ব্বঃ সজ্জতে, সঃ বৈ হরেঃ প্রিয়ঃ ॥৫১

যস্য বিত্তেষু আত্মনি বা স্বঃ পরঃ ইতি ভিদা ন সর্ব্বভূত-ভেদঃ, সমঃ সর্ব্বভূতেষু একাত্মদশা, শান্তঃ জিতেন্দ্রিয়ঃ, সঃ বৈ ভাগবতোত্তমঃ ॥৫২

ব্যক্তি ভূতভৌতিক যাবতীয় পদার্থের অন্তরে সর্ব্ব-পরিপালন-কারী সর্ব্বব্যাপী পরমাত্মা হরির সর্বৈশ্বর্য্য-পূর্ণ ভাব এবং সেই পরিপূর্ণ পরমাত্মাতে যাবতীয় পদার্থের বস্তুভাব সন্দর্শনে সমর্থ হন, তিনিই ভাগবতপ্রধান বলিয়া পরিকীর্ত্তিত।৪৫

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ভক্তের সহিত মিত্রভাব, অনভিজ্ঞ জনে কৃপা এবং ঈশ্বর ও ভক্তের বিদ্বেষভাবাপন্ন ব্যক্তির প্রতি উপেক্ষা প্রদর্শন করেন তাদৃশ ভেদদর্শী ভক্ত মধ্যম ভাগবত বলিয়া অভিহিত।৪৬

ভগবান্ সর্ব্বব্যাপী ও অনন্ত হইলেও যে ব্যক্তি তাহা অবধারণে অসমর্থ হইয়া শালগ্রামাদি প্রতিমাতে শ্রদ্ধাসহকারে বিষ্ণুর অর্চনা করিয়া থাকেন এবং ভগবদ্ভক্ত বা জগতের অন্য পদার্থে ভগবদ্ভাব উপলব্ধি করিতে পারেন না, তাঁহাকে ভক্তপর্য্যায়ের নিকৃষ্ট স্তরে প্রাকৃত ভক্তসংজ্ঞায় গণনা করা হয়।৪৭

হে নরনাথ! নারায়ণে সমর্পিত-চিত্ত যে পুরুষ ইন্দ্রিয়সমূহের দ্বারা ভোগ্য শব্দস্পর্শাদি বিষয়-নিচয় উপভোগ করিয়াও বিষয়-নিষ্ঠ সুখ বা দুঃখে আনন্দিত বা বিষণ্ণ হন না, যাবতীয় সুখদুঃখাদির ব্যাপার এক বিষ্ণুর মায়ারূপে নির্দ্ধারণ করত নিশ্চিন্ত থাকেন তিনিই ভাগবতপ্রধান বলিয়া উক্ত।৪৮

ভগবান্ নারায়ণকে হৃদয়-মন্দিরে অনবরত স্মরণ করত, যে ব্যক্তি দেহেন্দ্রিয়াদির ব্যাপারে বিমোহিত হন না; অর্থাৎ দেহের জন্ম নাশ, ইন্দ্রিয়ের পরিশ্রম জনিত অবসাদ, প্রাণের ক্ষুৎপিপাসা, মনের ক্ষোভ এবং বুদ্ধির আকাঙ্ক্ষাকে সংসারেরই ধর্ম জানিয়া তাহাতে পরিলিপ্ত হন না, তিনিই ভাগবতশ্রেষ্ঠ বলিয়া জানিবে।৪৯

একমাত্র বাসুদেবে আত্মসমর্পণ করত যাঁহার চিত্তে কামনা, তজ্জনিত কর্ম্ম এবং কর্মজনিত কোন প্রকার সংসারের মূলীভূত সংস্কার স্থান পায় না, তিনিই ভাগবতোত্তম বলিয়া কথিত হন।৫০

ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠ-
স্মৃতিরজিতাত্মসুরাদিভির্বিমৃগ্যাৎ।
ন চলতি ভগবৎপদারবিন্দা-
ল্লবনিমিষার্দ্ধমপি যঃ স বৈষ্ণবাগ্র্যঃ ॥৫৩
ভগবত উরুবিক্রমাঙ্ঘ্রিশাখা-
নখমণিচন্দ্রিকয়া নিরস্ততাপে।
হৃদি কথমুপসীদতাং পুনঃ স
প্রভবতি চন্দ্র ইবোদিতেঽর্কতাপঃ ॥৫৪

বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষা-
দ্ধরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।
প্রণয়রশনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ
স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২

ত্রিভুবনবিভবহেতবে ত্রৈলোক্যরাজ্যপ্রাপ্ত্যর্থম্ অপি অজিতাত্মসুরাদিভিঃ (অজিতে হরৌ এব আত্মা চিত্তং যেষাম্; অজিতঃ আত্মা স্বরূপং যেষামিতি বা তৈঃ) সুরাদিভিঃ বিমৃগ্যাৎ দুর্ল্লভাৎ ভগবৎপদারবিন্দাৎ লবার্দ্ধম্ অপি যঃ ন চলতি ভজনং ন ত্যজতি, অকুণ্ঠস্মৃতিঃ অকুণ্ঠা অনপগতা স্মৃতিঃ যস্য সঃ বৈষ্ণবাগ্র্যঃ বৈষ্ণবশ্রেষ্ঠঃ স্মৃতঃ ॥৫৩

ভগবতঃ উরুবিক্রমাঙ্ঘ্রিশাখানখমণিচন্দ্রিকয়া (উরবো বিক্রমাঃ বিন্যাসাঃ যয়োঃ তয়োঃ অঙ্ঘ্র্যোঃ শাখানাং শাখা-সদৃশানাম্ অঙ্গুলীনাং যে নখাঃ তে এব মণয়ঃ মণিতুল্যাঃ চন্দ্রস্থানীয়াঃ, তেষাং চন্দ্রিকা শীতলা দীপ্তিঃ তয়া নিরস্তঃ কামাদিতাপো যস্মিন্ তস্মিন্) উপসীদতাং ভজতাং হৃদি চন্দ্রে উদিতে সতি অর্কতাপঃ ইব সঃ সন্তাপঃ পুনঃ কথং প্রভবতি ॥৫৪

প্রণয়-রশনয়া (প্রণয়ঃ প্রেম এব রসনা রজ্জুঃ তয়া) ধৃতাঙ্ঘ্রি-পদ্মঃ (ধৃতং হৃদয়ে বদ্ধম্ অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ) অঘৌঘনাশঃ (অঘৌঘং পাপসমূহং নাশয়তি যঃ সঃ) সাক্ষাৎ হরিঃ অবশাৎ (অবশেন জরাদিনা বৈবশ্যমাপন্নেন) অভিহিতঃ নাম্না উচ্চারিতোঽপি যস্য হৃদয়ং ন বিসৃজতি মুঞ্চতি, সঃ ভাগবতেষু প্রধানঃ মুখ্যঃ উক্তঃ কথিতঃ ॥৫৫

ইতি একাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

এই মনুষ্য জন্ম ধারণ করিয়া যাঁহার হৃদয়ে সৎকুলে জন্ম, পুণ্যোৎপাদক কর্ম্ম, উৎকৃষ্ট জাতি, শ্রেষ্ঠ আশ্রম বা উচ্চবর্ণ নিমিত্তক অহঙ্কার-ভাবের উদয় না হয়, তিনিই শ্রীহরির একজন প্রিয়পাত্র।৫১

ধনপুত্রাদি সম্পত্তিতে, অধিক কি। দেহে পর্য্যন্ত যাঁহার আত্মীয় বা পর বলিয়া ভেদ-জ্ঞান না থাকে, সকল ভূতের প্রতি সমজ্ঞানে শান্তচিত্তে অবস্থিতি করিতে পারেন, তাঁহাকেই ভগবদ্ভক্ত বলিয়া জানিতে হইবে।৫২

অধিক কি। ত্রিভুবনের রাজত্ব পাইবার নিশ্চয় প্রত্যাশা হইলেও যে ব্যক্তি কখন বিচলিত হন না, এমন কি। ক্ষণকালের জন্যও দেবেন্দ্রবাঞ্ছিত ভগবচ্চরণারবিন্দ হইতে স্খলিত-চিত্ত হন না, তিনিই বৈষ্ণবগণের অগ্রগণনীয়।৫৩

উরুবিক্রম ভগবানের শ্রীপাদপদ্মের অঙ্গুলিস্থিত নখর-মণির শীতল জ্যোতিতে যাঁহাদের চিত্ত-সন্তাপ চন্দ্রোদয়ে নিদাঘ-তাপের ন্যায় নির্ব্বাপিত হয়, তাদৃশ উপাসক ভক্তের হৃদয়ে সংসার-তাপ কি আর স্থান পাইতে পারে?৫৪

উপাসনার অভ্যাসে যাঁহার চিত্ত এতই প্রস্তুত হইয়াছে যে, অবশভাবে একবার স্মরণ করিবামাত্র সর্ব্বপাপ-বিনাশন সাক্ষাৎ কমললোচন কৃষ্ণ যেন প্রণয়রজ্জুতে বদ্ধ-চরণ হইয়া যাঁহার হৃদয়মন্দির কখন পরিত্যাগ করেন না, তিনিই ভাগবতশ্রেষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত হইয়া থাকেন।৫৫

তাঁহার সমিধ্ আহরণার্থ বালিখিল্য ঋষিগণ যখন বনে গমন করেন, তথায় সামান্য গোষ্পদতুল্য খাদ-জলে নিপতিত হইয়াই সমুদ্রে পতনের ন্যায় নিতান্ত বিপন্ন সেই ঋষিগণকে অবলোকন করিয়া, দেবরাজ ইন্দ্র উপহাস করিতে লাগিলেন। কিন্তু সেই সংযমী ঋষিগণ যখন একাগ্রতা সহকারে জগৎপতি পরমাত্মার স্তব করিয়াছিলেন, তখনই তিনি তাঁহাদিগকে সেই বিপদ হইতে উদ্ধার করিয়া-ছিলেন। বৃত্রাসুরের বধ-নিবন্ধন যখন ব্রহ্মহত্যা পাপে দেবেন্দ্র নিপতিত হন, তখন সেই কমলাপতি বিষ্ণুই তাঁহাকে তাদৃশ পাপ হইতে বিমুক্ত করিয়াছেন। অসুর সংগ্রামে দেবগণ পরাজিত হইয়া পলায়ন করিলে, দেব-বনিতাগণ সকলেই অসুর-করে নিপতিত হইয়া রক্ষকহীনা অনাথার ন্যায় অসুরগৃহে নিরুদ্ধা থাকেন। ভগবান্ই তাহাদের রক্ষা বিধান করেন। আবার প্রহ্লাদের ন্যায় স্বকীয় সাধু ভক্তগণের ভয় নিবারণার্থ নৃসিংহ-মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া অসুর-রাজ হিরণ্যকশিপুর প্রাণ বিনাশ করেন।১৯

দেবাসুর সংগ্রামে ইন্দ্রাদি দেবগণের কার্য্যসিদ্ধির নিমিত্ত দৈত্যপতিদিগকে নিহত করিয়াছেন এবং অন্যান্য মন্বন্তরে সেই সেই অবতারে অবতীর্ণ হইয়া, এই ভুবন-সমূহকে রক্ষা করিয়াছেন। পরে বামনরূপে বলির যজ্ঞে উপস্থিত হইয়া ত্রিপাদভূমি যাচ্ঞাচ্ছলে এই ত্রিভুবনের ঐশ্বর্য্য তৎসন্নিধান হইতে হরণ করত অদিতি-নন্দন ইন্দ্রাদিকে প্রদান করিয়াছেন।২০

হৈহয়-কুলান্তক ভৃগুবংশাবতংস পরশুরামরূপে অবতীর্ণ হইয়া, এই ধরণীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়াছেন! অনন্তর লোক-পবিত্র-কারী শ্রীরামরূপে অবতীর্ণ হইয়া সীতাপতি সমুদ্র-বন্ধন করেন এবং লঙ্কাপতি দশাননকে সবংশে নিধন করিয়াছেন। সেই শ্রীরামচন্দ্রের কীর্ত্তি জগতে চির দেদীপ্যমান হউক।২১

ভূমের্ভরাবতরণায় যদুষ্বজন্মা
জাতঃ করিষ্যতি সুরৈরপি দুষ্করাণি।
বাদৈর্বিমোহয়তি যজ্ঞকৃতোঽতদর্হান্
শূদ্রান্ কলৌ ক্ষিতিভুজো ন্যহনিষ্যদন্তে ॥২২

এবং বিধানি কর্ম্মাণি জন্মানি চ জগৎপতেঃ।
ভূরীণি ভূরিযশসো বর্ণিতানি মহাভুজ ॥২৩
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে
চতুর্থোঽধ্যায়ঃ ॥৪

অজন্মা কর্ম্মাধীন-জন্মরহিতঃ ভগবান্ ভূমেঃ ভারাবতরণায় যদুষু জাতঃ স্বেচ্ছয়াবতীর্ণঃ সন্ সুরৈঃ অপি দুষ্করাণি কর্ত্তুমশক্যানি দৈত্যবধ-গোবর্দ্ধনোদ্ধরণাদীনি কর্ম্মাণি করিষ্যতি। (তথা বুদ্ধরূপেণ অবতীর্ণঃ সন্) অতদর্হান্ যজ্ঞানুষ্ঠানাযোগ্যান্ অপি যজ্ঞকৃতঃ (যজ্ঞান্ কুর্ব্বাণান্ দৈত্যান্) বাদৈঃ বেদবিরুদ্ধতর্কৈঃ বিমোহয়িষ্যতি যজ্ঞানুষ্ঠানাৎ নিবারয়িষ্যতি। (তথা) কলৌ কলিযুগস্যান্তে কল্কিরূপেণ অবতীর্ণঃ সন্ শূদ্রান্ রাজ্যানর্হান্ ক্ষিতিভুজঃ রাজ্ঞঃ ন্যহনিষ্যৎ হনিষ্যতি ॥২২

হে মহাভুজ! (ভূরিযশসঃ (ভূরি যশো যস্য তস্য) জগৎপতেঃ ভগবতঃ এবংবিধানি ভূরীণি জন্মানি কর্ম্মাণি চ বর্ণিতানি ॥২৩

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

জন্ম-কর্ম্মাদির অতীত ভূত-ভাবন হৃষীকেশ কেবল দৈত্যভারে সাতিশয় প্রপীড়িতা ধরণীর ভার হরণার্থ নিজ ইচ্ছাক্রমে যদুবংশে অবতীর্ণ হইয়া, দেবগণের দুঃসাধ্য দৈত্যবধ ও গোবর্দ্ধনাদি ধারণরূপ অলোকসামান্য দুষ্কর কর্ম্মসমুদায় সম্পাদন করিবেন। পরে বুদ্ধরূপে অবতীর্ণ হইয়া যজ্ঞানুষ্ঠানে সম্পূর্ণ অযোগ্য অথচ যজ্ঞ-সম্পাদনে তৎপর দৈত্যাংশে সমুৎপন্ন ব্যক্তিগণকে বেদবিরুদ্ধ বিতর্কের দ্বারা যজ্ঞানুষ্ঠান হইতে নিরস্ত করিবেন। অনন্তর কলিযুগের অন্তে কল্কিরূপে বিগ্রহ-ধারণ করিয়া রাজ-কার্য্যের অনুপযোগী ম্লেচ্ছ ক্ষিতিপালগণকে নিধন করিবেন।২২

হে মহাপ্রতাপশালিন্! অতুল বিক্রম-সম্পন্ন প্রভূতকীর্ত্তি জগৎপতি ভগবানের এই প্রকার বিবিধ জন্ম ও কর্ম্মের বিষয় সর্ব্বত্র বর্ণিত আছে।২৩

শ্রীমহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ।

[ভক্তিহীনপুরুষাণাং নিষ্ঠায়াঃ, প্রতিযুগং পূজাবিধানভেদস্য চ বর্ণনম্।]

রাজোবাচ
ভগবন্তং হরিং প্রায়ো ন ভজন্ত্যাত্মবিত্তমাঃ।
তেষামশান্তকামানাং কা নিষ্ঠা বিজিতাত্মনাম্ ॥১

অন্বয়ঃ

রাজা উবাচ। হে আত্মবিত্তমাঃ! যে ভগবন্তং (ভক্তানাং সংসারদুঃখ-হরণশীলং) হরিং ন ভজন্তি, অশান্তকামানাম্

পঞ্চম অধ্যায়।

[ভক্তিহীন পুরুষগণের স্থান এবং প্রতি যুগে পূজাবিধানভেদের বর্ণন।]

নিমিরাজ বলিলেন,—হে জ্ঞানিশ্রেষ্ঠগণ! জগতে জীবগণের মধ্যে প্রায় অনেকেই সেই ভগবান্ শ্রীহরিকে ভজনা করে না। তাদৃশ অজিতেন্দ্রিয় ভোগ-পরতন্ত্র অশান্তচেতা মানবগণের পরিণামে

চমস উবাচ

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্ ॥২

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥৩

দূরে হরিকথাঃ কেচিদ্ দূরে চাচ্যুতকীর্ত্তনাঃ।
স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব তেঽনুকম্প্যা ভবাদৃশাম্ ॥৪
বিপ্রো রাজন্য-বৈশ্যৌ চ হরেঃ প্রাপ্তাঃ পদান্তিকম্।
শ্রৌতেন জন্মনাথাপি মুহ্যন্ত্যাম্নায়বাদিনঃ ॥৫
কর্ম্মণ্যকোবিদাঃ স্তব্ধা মূর্খা পণ্ডিতমানিনঃ।
বদন্তি চাটুকা মূঢ়া যয়া মাধ্ব্যা গিরোৎসুকাঃ ॥৬

অনিবৃত্তবিষয়ভোগতৃষ্ণানাম্ অবিজিতাত্মনাম্ অবশী-কৃতেন্দ্রিয়ান্তঃকরণানাং তেষাং কা নিষ্ঠা কিং প্রাপ্যম্ ইতি ॥১

চমসঃ উবাচ। পুরুষস্য ভগবতঃ মুখ-বাহূরুপাদেভ্যঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ সাধনৈঃ আশ্রমৈঃ ব্রহ্মচর্য্যাদিভিঃ সহ বিপ্রাদয়ঃ চত্বারঃ পৃথক্ বর্ণাঃ জজ্ঞিরে ॥২

এষাং বর্ণাশ্রমবতাং মধ্যে যে আত্মপ্রভবম্ (আত্মনঃ স্বস্য প্রভবঃ উৎপত্তিঃ যস্মাৎ তম্) ঈশ্বরং সর্ব্ব-সামর্থ্যবিশিষ্টং সাক্ষাৎ পুরুষং পুরুষোত্তমম্ (অজ্ঞানাৎ) ন ভজন্তি, (জ্ঞাত্বাপি) অবজানন্তি, তে স্থানাৎ বর্ণাশ্রমাধিকারাৎ ভ্রষ্টাঃ সন্তঃ অধঃ নরকে পতন্তি ॥৩

তথা চ দূরে হরিকথাঃ (হরিকথাশ্রবণং যেষাং তে) অতএব দূরে অচ্যুত-কীর্ত্তনাঃ (অচ্যুতকীর্ত্তনং যেষাং তে) যে কেচিৎ ব্রাহ্মণাদয়ঃ তথা স্ত্রিয়ঃ শূদ্রাদয়ঃ চ যে তে সর্ব্বে ভবাদৃশাং ভগবদ্ভক্তানাং প্রাপ্তাধিকারাণাং রাজ্ঞাম্ অনুকম্প্যাঃ যথোচিতং সাম-দানাদ্যুপায়ৈঃ কৃপয়া শিক্ষণীয়াঃ এব ॥৪

অথ বিপ্রঃ রাজন্যবৈশ্যৌ বা শ্রৌতেন উপনয়নাদিনা, জন্মনা বা হরেঃ পদান্তিকম্ আরাধনেন চরণপ্রাপ্তিযোগ্যত্বং প্রাপ্তাঃ অপি আম্নায়-বাদিনঃ (আম্নায়েষু বেদেষু বাদাঃ অর্থবাদাঃ বিদ্যন্তে যেষাং তে তথাভূতাঃ সন্তঃ) মুহ্যন্তি (তদারাধনং বিহায় স্বর্গাদি-ফলাসক্ত্যা কর্ম্মাণি কুর্ব্বন্তি) ॥৫

কর্ম্মণি অকোবিদাঃ (যথা কর্ম্ম বন্ধায় ন ভবতি তথা কর্ত্তুমজ্ঞাঃ) স্তব্ধাঃ অনম্রাঃ, যতো মূর্খাঃ অপি পণ্ডিত-মানিনঃ (আত্মনঃ পণ্ডিতান্ মন্যন্তে) যয়া বেদোক্তয়া, মাধ্ব্যা শ্রোত্রপ্রিয়য়া, গিরা সমুৎসুকাঃ সন্তঃ মূঢ়াঃ তয়া চাটুকান্ (অপাম সোমমমৃতা অভূম ইত্যাদিকান্) বদন্তি ॥৬

কিরূপ গতি লাভ হইবে, তাহা আপনারা বর্ণন করুন ।১

যোগীন্দ্রগণের মধ্যে চমস-নামক ভ্রাতা এতদুত্তরে বলিলেন,—ভগবান্ পরমপুরুষের মুখ, বাহু, উরু ও পাদদেশ হইতে যথাক্রমে সত্ত্বাদিগুণের তারতম্যে ব্রহ্মচর্য্যাদি আশ্রম সহ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই বর্ণচতুষ্টয় পৃথক্‌ভাবে সমুৎপন্ন হইয়াছে ।২

ইহাদের মধ্যে যে সকল ব্যক্তি মোহবশতঃ নিজেদের উৎপাদনকারী সাক্ষাৎ পরমপুরুষকে ভজনা করে না, কিংবা তাঁহাকে পরিজ্ঞাত হইয়াও উপেক্ষা করে, তাহারা কৃতঘ্নতা দোষে দূষিত হইয়া স্ব স্ব বর্ণ ও আশ্রম হইতে ভ্রষ্ট হইয়া অধঃপতিত হয় ।৩

যাহাদের অদৃষ্টে হরিকথা শ্রবণ বা তৎকীর্ত্তন ঘটে না, তাদৃশ দূরস্থিত ব্যক্তি ও বিবেকহীনা স্ত্রীজাতি এবং সংস্কারবিহীন শূদ্রগণের প্রতি আপনাদের ন্যায় সামর্থ্যবান্ পরমভক্তের বিশেষ অনুকম্পা করা নিতান্ত প্রয়োজন ।৪

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যজাতি উত্তম কূলে জন্ম-গ্রহণ করিয়া উপনয়নাদি সংস্কার ও বেদাধ্যয়নাদির দ্বারা ভগবদ্ভজনের শ্রেষ্ঠ অধিকারী হইলেও, বেদোক্ত কর্ম্মকলাপের আপাততঃ মধুর ফলপ্রসবের ভাবে আসক্ত হইয়াই তৎপ্রাপ্তির আশয়ে নিরা-কাঙ্ক্ষভাবে ভগবানের অর্চ্চনা না করিয়া, কর্ম্মের অনুষ্ঠানে পূর্ব্বাপেক্ষা দৃঢ়রূপে বদ্ধ হয় ।৫

কোন্ উপায়ে অনুষ্ঠান করিলে কর্ম্ম পুনরায় বন্ধনের কারণ হয় না, ইহা যখন পরিজ্ঞাত নহে এবং

রজসা ঘোরসঙ্কল্পাঃ কামুকা অহিমন্যবঃ।
দাম্ভিকা মানিনঃ পাপা বিহসন্ত্যচ্যুতপ্রিয়ান্ ॥৭
বদন্তি তেঽন্যোন্যমুপাসিতস্ত্রিয়ো
গৃহেষু মৈথুন্যপরেষু চাশিষঃ।
যজন্ত্যসৃষ্টান্নবিধানদক্ষিণং
বৃত্ত্যৈ পরং ঘ্নন্তি পশূনতদ্বিদঃ ॥৮
শ্রিয়া বিভূত্যাভিজনেন বিদ্যয়া
ত্যাগেন রূপেণ বলেন কর্ম্মণা।

রজসা রজোগুণাধিক্যেন ঘোরসংকল্পাঃ (ঘোরঃ হিংসা-বিষয়কঃ সংকল্পঃ যেষাং তে), কামুকাঃ (নানাবিধবিষয়ভোগ-কামনয়াবিষ্টাঃ), অহিমন্যবঃ (অহিবন্মন্যুঃ ক্রোধো যেষাং তে), দাম্ভিকাঃ (পরপ্রতারণার্থং ধর্ম্মাচারাভিব্যঞ্জকাঃ), মানিনঃ দুরহঙ্কারিণঃ, পাপাঃ (নিরন্তরং নিষিদ্ধাচার-তৎপরাঃ) অচ্যুতপ্রিয়ান্ ভগবদ্ভক্তান্ বিহসন্তি ॥৭

উপাসিতস্ত্রিয়ঃ উপাসিতাঃ মহত্ত্বেন সেবিতাঃ স্ত্রিয়ঃ যৈঃ তে) তে মৈথুন্যপরেষু গৃহেষু অন্যোন্যম্ আশিষঃ বদন্তি। তথা অসৃষ্টান্নবিধান-দক্ষিণং (ন সৃষ্টা সম্পাদিতা অন্নবিধানদক্ষিণা যত্র তদ্যথা ভবতি তথা) যজন্তি; অতদ্বিদঃ (যজ্ঞানুষ্ঠানজ-হিংসাদোষানভিজ্ঞাঃ) তে বৃত্ত্যৈ জীবিকার্থং পরং কেবলং পশূন্ ঘ্নন্তি ॥৮

নিজের অনভিজ্ঞতাবশতঃ সামান্য পাণ্ডিত্যের অভিমানে দাম্ভিক হইয়া, প্রকৃত জ্ঞানীর সমীপেও তত্ত্বপায় অবগত হইতেও অগ্রসর হয় না, তাদৃশ মূর্খ জনগণ বেদোক্ত আপাততঃ মধুর বাক্যে প্রলোভিত হইয়া তদনুষ্ঠানেরই শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করে।৬

প্রচণ্ড রজোগুণের কুটিল কল্পনায় সর্প-সদৃশ কোপন-স্বভাব কাম-পরতন্ত্র পাপাচারী দাম্ভিকগণ অভিমানের অনুরোধে বিষ্ণুভক্ত ব্যক্তিগণকে উপহাস করিয়া থাকে।৭

তাহারা বয়োবৃদ্ধগণকে উপেক্ষা করিয়া এক নারীপ্রেমেই নিতান্ত আসক্ত থাকে; এবং গৃহস্থের

জাতস্ময়েনান্ধধিয়ঃ সহেশ্বরান্
সতোঽবমন্যন্তি হরিপ্রিয়ান্ খলাঃ ॥৯

সর্ব্বেষু শশ্বৎ তনুভৃৎস্ববস্থিতং
যথা খমাত্মানমভীষ্টমীশ্বরম্।
বেদোপগীতঞ্চ ন শৃণ্বতেঽবুধা
মনোরথানাং প্রবদন্তি বার্ত্তয়া ॥১০

শ্রিয়া ধনাদিসম্পদা, বিভূত্যা আধিপত্যাদিনা, আভিজনেন জনসংগ্রহেণ, বিদ্যয়া তর্কশাস্ত্রাধ্যয়নেন, ত্যাগেন দানেন, রূপেণ সৌন্দর্য্যেণ, বলেন, কর্ম্মণা শ্রৌতাদিনা, জাতস্ময়েন (জাতঃ স্ময়ঃ গর্ব্বঃ তেন) অন্ধধিয়ঃ (অন্ধা বিবেকহীনা ধীঃ যেষাং তে) খলাঃ দুষ্টান্তঃকরণাঃ সহেশ্বরান্ ঈশ্বরসহিতান্ সতঃ হরিপ্রিয়ান্ অবমন্যন্তি অবমন্যন্তে ॥৯

কিঞ্চ অবুধাঃ জনাঃ শশ্বৎ সর্ব্বদা সর্ব্বেষু তনুভৃৎসু প্রাণিষু খম্ আকাশং যথা তথা অবস্থিতং বেদোপগীতম্ (বেদেন উপগীতং) আত্মতয়া অভীষ্টম্ ঈশ্বরং ন শৃণ্বতে শৃণ্বন্তি, কিন্তু মনোরথানাং ব্যবায়ামিষমদ্যাদিবিষয়াণাং বার্ত্তয়া প্রবদন্তি কালং নয়ন্তি ॥১০

পক্ষে মৈথুনসুখের অপেক্ষা যে অন্য সুখ শান্তি আছে—ইহা ধারণা করিতে পারে না, এক বনিতা-বিলাসকেই সংসারের পরম সুখবোধে পরস্পরে আলাপ করিয়া থাকে। তাহারা যজ্ঞে অন্নদান বা দক্ষিণা দান করে না; বরং নিজেদের জীবিকা ও রসনেন্দ্রিয়ের চরিতার্থতার জন্যই মোহপরতন্ত্র হইয়া সর্বদা জীবহিংসাই করিয়া থাকে।৮

ঐ সকল কুটিল ব্যক্তি ধন, সম্পত্তি, শ্রেষ্ঠকুল, বিদ্যা, দানশক্তি, সৌন্দর্য্য, বল ও কীর্ত্তির মদে গর্ব্বিত ও অন্ধদৃষ্টি হইয়া লোকপালাদি দেবতাগণ ও সাধু বৈষ্ণবদিগকে তিরস্কারাদি দ্বারা অবমানিত করিয়া থাকে।৯

লোকে ব্যবায়ামিষমদ্যসেবা
নিত্যাস্তু জন্তোর্ন হি তত্র চোদনা।
ব্যবস্থিতিস্তেষু বিবাহযজ্ঞ-
সুরাগ্রহৈরাসু নিবৃত্তিরিষ্টা ॥১১
ধনঞ্চ ধর্ম্মৈকফলং যতো বৈ
জ্ঞানং সবিজ্ঞানমনুপ্রশান্তি।
গৃহেষু যুঞ্জন্তি কলেবরস্য
মৃত্যুং ন পশ্যন্তি দুরন্তবীর্য্যম্ ॥১২
যদ্‌ঘ্রাণভক্ষো বিহিতঃ সুরায়া-
স্তথা পশোরালভনং ন হিংসা।
এবং ব্যবায়ঃ প্রজয়া ন রত্যা-
ইমং বিশুদ্ধং ন বিদুঃ স্বধর্ম্মম্ ॥১৩

লোকে ব্যবায়ামিষ-মদ্যসেবাঃ (স্ত্রীসম্ভোগং মাংসমদ্যয়োঃ ভক্ষণং চ) নিত্যাঃ (রাগতঃ এব নিত্যপ্রাপ্তাঃ ইতি) তত্র তাসু জন্তোঃ প্রাণিমাত্রস্য চোদনা প্রেরণাবিধিঃ হি ন অস্তি। তেষু ব্যবায়াদিষু বিবাহযজ্ঞ-সুরাগ্রহৈঃ ব্যবস্থিতিঃ নিয়মঃ এব ক্রিয়তে; (বস্তুতস্তু) আসু ব্যবায়ামিষমদ্যসেবাসু নিবৃত্তিরেব ইষ্টা ॥১১

যতঃ (যস্মাৎ নিষ্কাম-ভগবদারাধনরূপাৎ ধর্ম্মাৎ) বৈ প্রসিদ্ধৌ সবিজ্ঞানম্ অপরোক্ষজ্ঞানসহিতং জ্ঞানং (দৃঢ়ং পরোক্ষজ্ঞানম্) অনুপ্রশান্তি (অনু অনন্তরম্ এব প্রকৃষ্টা শান্তিঃ মোক্ষলক্ষণা যস্য তৎ) ভবতি, তৎ ধর্ম্মৈকফলং (ধর্ম্মঃ এব একং ফলং যস্য তৎ) ধনং চ গৃহেষু দেহার্থং যুঞ্জন্তি (অহো অন্ধাঃ তে) কলেবরস্য দুরন্তবীর্য্যং (দুরন্তম্ অপ্রতিহতং বীর্য্যং বলং যস্য তৎ) মৃত্যুং ন পশ্যন্তি ॥১২

যৎ যস্মাৎ সুরায়াঃ ঘ্রাণভক্ষঃ অবঘ্রাণম্ এব বিহিতঃ ন, পানং; তথা পশোঃ আলভনং (দেবতোদ্দেশেন যৎ পশু-হননম্ এব বিহিতং), ন হিংসা (ইতি কীর্ত্যতে); এবং ব্যবায়ঃ প্রজয়া (পুত্রোৎপত্তিঃ নিমিত্তেন এব বিহিতঃ), ন রত্যৈ রতিসুখার্থম্ (অতো মনোরথবাদিনঃ) ইমং বিশুদ্ধং ধর্ম্মং ন বিদুঃ জানন্তি স্ম ॥১৩

কি আশ্চর্য্য! মহাকাশের ন্যায় সর্বব্যাপী অথচ অন্তর্য্যামিরূপে অন্তরচারী বেদান্তবেদ্য পরমানন্দপ্রদ সর্ব্বেশ্বর পরমাত্মার বিষয়ও তাদৃশ দুরাচারিগণ শ্রবণ করিতেও অভিলাষী হয় না; কেবল রমণীসংসর্গ ও মদ্যাদি বিবিধ ইন্দ্রিয় চরিতার্থতার বিষয়ালাপেই দুর্লভ জীবন অতিবাহিত করিয়া থাকে।১০

হে রাজেন্দ্র! স্ত্রীসম্ভোগ, আমিষ-ভোজন ও মদ্য-পানের ব্যবস্থা শাস্ত্রে বর্ণিত আছে বটে, কিন্তু আসক্তিবশতঃ যথেচ্ছাচরণের বিধি কোথায়ও পরিলক্ষিত হয় না; তবে বিবাহের দ্বারা পত্নীসম্ভোগ, যজ্ঞে আমিষভোজন ও সৌত্রামণি প্রভৃতি যাগে মদ্যের ব্যবস্থা করিয়া নিতান্ত আসক্তিশীল পুরুষের পক্ষে নিয়মবিধানে নিবৃত্তিরই বিধান করা হইয়াছে।১১

অহো! যে নিষ্কাম ভগবদারাধনারূপ ধর্ম্মের অনুষ্ঠান করিলে অপরোক্ষ জ্ঞান সহ পরোক্ষ-জ্ঞান হৃদয়ে সংবদ্ধ হয় এবং তৎপরক্ষণেই জীব মোক্ষলক্ষণা শান্তিলাভে নির্বৃত হয়, সেই ধর্ম্ম যে ধনের একমাত্র ফলস্বরূপ, তাদৃশ ধনও কামী ব্যক্তিগণ কেবল দেহাদির নিমিত্ত সাংসারিক ব্যবহারে নিয়োগ করিয়া থাকে। অহো! চক্ষু থাকিতেও তাদৃশ অন্ধপ্রায় বিবেকহীন মানবগণ নিজ কলেবরের অনতিক্রমণীয় মৃত্যুর প্রতি কিছুমাত্র দৃষ্টি করে না।১২

যজ্ঞে যে মদ্যপানের ব্যবস্থা আছে, তাহা প্রকৃত প্রস্তাবে পান না করিয়া তাহার ঘ্রাণ লইলেও বিহিত পানের সিদ্ধি হয়। দেবতার উদ্দেশে পশু-হননের ব্যবস্থায় হিংসাজনিত বিশেষ দোষের স্পর্শ না হইলেও, অপর যে কোন কারণে বধ করিলেই দোষ ঘটিবে; এবং কেবল পুত্রোৎপাদন উদ্দেশ্য ব্যতীত কামতঃ স্ত্রীসম্ভোগ অবিধেয়। বিলাসী ব্যক্তিগণ শাস্ত্রের প্রধান উদ্দেশ্য অবধারণে সক্ষম না হওয়ায়, বিশুদ্ধ ধর্ম্ম জানিতে পারে না।১৩

যে ত্বনেবংবিদোঽসন্তঃ স্তব্ধাঃ সদভিমানিনঃ।
পশূন্ দ্রুহ্যন্তি বিশ্রব্ধাঃ প্রেত্য খাদন্তি তে চ তান্॥১৪

দ্বিষন্তঃ পরকায়েষু স্বাত্মানং হরিমীশ্বরম্।
মৃতকে সানুবন্ধেঽস্মিন্ বদ্ধস্নেহাঃ পতন্ত্যধঃ॥১৫

যে কৈবল্যমসম্প্রাপ্তা যে চাতীতাশ্চ মূঢ়তাম্।
ত্রৈবর্গিকা হ্যক্ষণিকা আত্মানং ঘাতয়ন্তি তে॥১৬

এত আত্মহনোঽশান্তা অজ্ঞানে জ্ঞানমানিনঃ।
সীদন্ত্যকৃতকৃত্যা বৈ কালধ্বস্তমনোরথাঃ॥১৭

হিত্বাত্মমায়ারচিতা গৃহাপত্যসুহৃচ্ছ্রিয়ঃ।
তমো বিশন্ত্যনিচ্ছন্তো বাসুদেবপরাঙ্মুখাঃ॥১৮

রাজোবাচ

কস্মিন্ কালে স ভগবান্ কিং বর্ণঃ কীদৃশো নৃভিঃ।
নাম্না বা কেন বিধিনা পূজ্যতে তদিহোচ্যতাম্॥১৯

যে তু অনেবংবিদঃ (ন এবং বিধং ধর্ম্মং বিদন্তি তে) স্তব্ধাঃ অবিনীতাঃ, যতঃ সদভিমানিনঃ (সন্তঃ এব বয়ম্ ইত্যভিমানবন্তঃ), অতঃ অসন্তঃ পাপবাসিতান্তঃকরণাঃ, বিশ্রব্ধাঃ (অনেন মনোরথাঃ ভবিষ্যন্তি ইতি বিশ্বস্তাঃ) পশূন্ দ্রুহ্যন্তি, ঘ্নন্তি তান্ চ তে পশবঃ প্রেত্য যমপুরং গত্বা খাদন্তি॥১৪

যে তু পরকায়েষু (স্থিতান্ জীবান্) দ্বিষন্তঃ বর্ত্তন্তে, তে (জীবানাং ভগবদংশত্বাৎ) আত্মানং হরিম্ ঈশ্বরম্ এব দ্বিষন্তঃ সানুবন্ধে পুত্রকলত্রাদিসহিতে মৃতকে শবতুল্যে স্বদেহে বদ্ধস্নেহাঃ (বদ্ধঃ স্নেহঃ যৈঃ তে তথাবিধাঃ সন্তঃ) অধঃ পতন্তি॥১৫

যে তু কৈবল্যং তত্ত্বজ্ঞানম্ অসংপ্রাপ্তাঃ মূঢ়তাং চ অতীতাঃ (অতো নাত্যন্তমজ্ঞাঃ কিন্তু বিজ্ঞাভিমানিনঃ স্তব্ধাঃ) যতঃ অক্ষণিকাঃ শ্রবণাদ্যবসররহিতাঃ, যতঃ ত্রৈবর্গিকাঃ ত্রৈবর্গার্থে ব্যাপৃতাঃ, তে আত্মানং ঘাতয়ন্তি হি॥১৬

কালধ্বস্ত মনোরথাঃ (কালেন ধ্বস্তঃ নাশিতঃ মনোরথঃ যেষাং তে) অজ্ঞানে (লৌকিকালৌকিক-সুখোপায়কল্পনায়াং) জ্ঞানমানিনঃ ভ্রান্তাঃ এতে আত্মহনঃ স্বশত্রবঃ অশান্তাঃ রাগলোভাদ্যাকুলচিত্তাঃ অকৃতকৃত্যাঃ (ন কৃতং কৃত্যং শ্রবণাদি-সাধনং যৈঃ তে জনাঃ) সীদন্তি নরকাদৌ ক্লিশ্যন্তি॥১৭

বাসুদেবপরাঙ্মুখাঃ জনাঃ আত্মমায়ারচিতাঃ অত্যায়াসেন রচিতাঃ বা গৃহাপত্যসুহৃৎস্ত্রিয়ঃ অনিচ্ছন্তঃ এব ইহৈব হিত্বা তমঃ নরকং বিশন্তি॥১৮

রাজা উবাচ, ভগবান্ কস্মিন্ কালে কিং বর্ণঃ কীদৃগ্ বর্ণবান্, কীদৃশঃ কীদৃগাকারঃ, কেন বা নাম্না, কেন বা বিধিনা নৃভিঃ পূজ্যতে, তদ্ ইহ অস্মদগ্রে উচ্যতাম্॥১৯

যাহারা শাস্ত্রের গভীর তত্ত্ব অবগত নহে, তাদৃশ অবিনীত পণ্ডিতাভিমানী পাপমনা আত্মম্ভরী ব্যক্তিগণ যেমন অসন্দিগ্ধ-চিত্তে পশুগণকে বিনাশ করে, মৃত্যুর পর যমপুরে গমন করিলে, সেই পশুগণই আবার সেই সকল ব্যক্তির মাংস ভোজন করিয়া থাকে।১৪

যাহারা এই প্রকারে পরদেহের প্রতি দ্বেষ করে, তাহারা প্রকৃত প্রস্তাবে তত্রস্থ সর্ব্বান্তর্য্যামী জগজ্জীবন শ্রীহরিকেই বিদ্বেষ করিয়া থাকে এবং পুত্র-কলত্রাদি সহ শবতুল্য স্বীয় দেহে আসক্তি-বশতঃ নরকে নিপতিত হয়।১৫

যাহারা সম্পূর্ণ তত্ত্বজ্ঞানে অধিকারী হয় নাই, অথচ নিতান্ত মূর্খও নহে, কেবল বিজ্ঞাভিমানী দাম্ভিক মাত্র, তাহারা ত্রিবর্গ-সাধক ব্যাপারে এতই ব্যাপৃত হয় যে, উপদেশ গ্রহণ বা শ্রবণের কিছুমাত্র অবকাশও তাহাদের নাই; তাহারাই প্রকৃত আত্মঘাতী।১৬

ঐহিক ও আমুষ্মিক সুখোপায়ের কল্পনায় ভ্রান্ত অভিমানী অশান্তচেতা ব্যক্তিগণ এ জীবনে কোনরূপ শ্রবণাদি ভক্তিসাধনে বিমুখ হইয়া কালের কুটিল স্রোতে ভগ্নমনোরথ হইয়া নিপতিত হয়; এবং অন্তে নিরাশার অতল গর্ত্তে পতিত হইয়া বিবিধ নরক-যাতনা ভোগ করে।১৭

ঈশ্বর-বিমুখ ব্যক্তিগণ বহু যত্নে ও বহু পরিশ্রমে ও বহু কালের সঞ্চিত মায়ার কুহকে যে গৃহ, অপত্য, কলত্র ও সুহৃদ্‌বর্গের সংগ্রহ করে, অনিচ্ছাসত্ত্বেও পুনরায় তাহা এই স্থানেই পরিত্যাগ করিয়া অজ্ঞানপূর্ণ ঘোর নরকেই প্রবেশ করে।১৮

করভাজন উবাচ

কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু কেশবঃ।
নানাবর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে ॥২০

কৃতে শুক্লশ্চতুর্বাহুর্জটিলো বল্কলাম্বরঃ।
কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ বিভ্রদ্দণ্ড-কমণ্ডলূ ॥২১

মনুষ্যাস্তু তদা শান্তা নির্ব্বৈরাঃ সুহৃদঃ সমাঃ।
যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ ॥২২

করভাজনঃ উবাচ। কৃতং ত্রেতা দ্বাপরঃ কলিঃ চ ইতি এষু যুগেষু কালেষু নানাবর্ণাভিধাকারঃ (নানাপ্রকারাঃ বর্ণাঃ অভিধাঃ আকারাঃ চ যস্য সঃ) কেশবঃ নানা বিধিনা বিবিধেনৈব প্রকারেণ ইজ্যতে পূজ্যতে ॥২০

কৃতে সত্যযুগে ভগবান্ কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ (কৃষ্ণাজিনং কৃষ্ণমৃগচর্ম্ম, অক্ষং কমলাক্ষং) দণ্ডং কমণ্ডলুং চ বিভ্রদ্ বল্কলাম্বরঃ জটিলঃ শুক্লঃ চতুর্ব্বাহুঃ স্মৃতঃ ॥২১

তদা কৃতযুগে, মনুষ্যাঃ ভগবদারাধকাঃ পুরুষাঃ সমাঃ সর্ব্বত্র সুখদুঃখাদি-সমদর্শিনঃ, নির্ব্বৈরাঃ, শান্তাঃ রাগলোভাদি-দোষরহিতাঃ, সুহৃদঃ বিশুদ্ধান্তঃকরণতয়া সর্ব্বোপকারিণঃ, শমেন অন্তঃকরণ-নিগ্রহেণ, দমেন বাহ্যেন্দ্রিয়নিগ্রহেণ চ তপসা ধ্যানযোগেন চ দেবং ভগবন্তং যজন্তি আরাধয়ন্তি ॥২২

বিদেহপতি নিমি বলিলেন,—হে ভগবন্! জগদীশ্বর কোন্ সময়ে কি কি বিগ্রহ, বর্ণ ও নাম গ্রহণে আবির্ভূত হন এবং কিরূপ বিধানেই বা জগতে আরাধিত হন, তাহা আপনি আমার নিকট কীর্ত্তন করুন।১৯

করভাজন বলিলেন,—সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি—এই যুগচতুষ্টয়ে ভগবান্ ক্রমান্বয়ে নানা প্রকার বর্ণ, নাম ও আকার ধারণে আবির্ভূত হইয়া থাকেন এবং বিবিধ প্রকারে পূজিত হন।২০

সত্যযুগে তিনি উপবীতরূপে কৃষ্ণসার মৃগের চর্ম্ম, অক্ষমালা, দণ্ড ও কমণ্ডলু ধারণে ব্রহ্মচারিবেশে পরিলক্ষিত হন; তৎকালে তাঁহার পরিধেয় বল্কল, মস্তকে জটাভার, চতুর্ভুজ মূর্ত্তি ও শুক্লবর্ণ রূপ কীর্ত্তিত আছে।২১

হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ।
ঈশ্বরঃ পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে ॥২৩

ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্বাহুস্ত্রিমেখলঃ।
হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্স্রুবাদ্যুপলক্ষণঃ ॥২৪

তং তদা মনুজা দেবং সর্ব্বদেবময়ং হরিম্।
যজন্তি বিদ্যয়া ত্রয্যা ধর্ম্মিষ্ঠা ব্রহ্মবাদিনঃ ॥২৫

(কৃতযুগে ভগবান্) হংসঃ, সুপর্ণঃ, বৈকুণ্ঠঃ, ধর্ম্মঃ, যোগেশ্বরঃ, অমলঃ, ঈশ্বরঃ, পুরুষঃ, অব্যক্তঃ, পরমাত্মা চ ইতি নামভিঃ গীয়তে ব্যবহ্রিয়তে ॥২৩

ত্রেতায়াম্ অসৌ ভগবান্ রক্তবর্ণঃ, চতুর্ব্বাহুঃ, ত্রিমেখলঃ (ত্রিগুণা দীক্ষাঙ্গভূতা মেখলাঃ কটিসূত্রং যস্য সঃ) হিরণ্যকেশঃ পিশঙ্গকেশঃ, ত্রয্যাত্মা (ঋগাদিবেদত্রয়-প্রতিপাদিতঃ আত্মা মূর্ত্তি র্যস্য সঃ), স্রুক্স্রুবাদ্যুপলক্ষণঃ (স্রুক্স্রুবাদ্যুপলক্ষণং) চিহ্নং যস্য সঃ ॥২৪

তদা ত্রেতায়াং ব্রহ্মবাদিনঃ বেদোক্তার্থাভিজ্ঞাঃ ধর্ম্মিষ্ঠাঃ মনুজাঃ সর্ব্বদেবময়ম্ ইন্দ্রাদি সর্ব্ব-দেবতান্তর্য্যামিণং তং দেবং (মুখ্যং) হরিং ত্রয্যা বিদ্যয়া বেদত্রয়োক্তকর্ম্মভিঃ যজন্তি আরাধয়ন্তি ॥২৫

সত্যযুগে ভগবদুপাসক পুরুষগণ সমগুণাবলম্বী রাগলোভাদি-বর্জ্জিত এবং জীব-মাত্রেরই উপকারী হন। তাঁহারা কাহারও অনিষ্টাচারণ করেন না। তাঁহারা আভ্যন্তরিক ও বাহ্যিক ইন্দ্রিয়ের নিগ্রহ করিয়া তপস্যারূপ ধ্যানযোগের দ্বারা দেবদেব ভগবানের আরাধনা করিয়া থাকেন।২২

উক্ত যুগে ভগবান্ হংস, সুপর্ণ, বৈকুণ্ঠ, ধর্ম্ম, যোগেশ্বর, অমল, ঈশ্বর, পুরুষ, অব্যক্ত ও পরমাত্মা ইত্যাদি নামে কীর্ত্তিত হন।২৩

ত্রেতাযুগে ভগবান্ চতুর্ভুজ পিঙ্গলকেশ ও রক্তবর্ণ মূর্ত্তিধারণে ও ত্রিগুণিত মেখলাগ্রহণে স্রুক্স্রুবাদি উপলক্ষিত ঋগাদি বেদত্রয়-প্রতিপাদিত যজ্ঞমূর্ত্তিতে পরিলক্ষিত হইয়া থাকেন।২৪

সেই ত্রেতাযুগে বেদার্থ-পারদর্শী ধর্ম্মপরায়ণ

বিষ্ণুর্যজ্ঞঃ পৃশ্নিগর্ভঃ সর্ব্বদেব উরুক্রমঃ।
বৃষাকপির্জয়ন্তশ্চ উরুগায় ইতীর্য্যতে ॥২৬
দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ।
শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥২৭
তং তদা পুরুষং মর্ত্ত্যা মহারাজোপলক্ষণম্।
যজন্তি বেদ-তন্ত্রাভ্যাং পরং জিজ্ঞাসবো নৃপ ॥২৮

নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ ॥২৯
নারায়ণায় ঋষয়ে পুরুষায় মহাত্মনে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় সর্ব্বভূতাত্মনে নমঃ ॥৩০
ইতি দ্বাপর উর্ব্বীশ স্তুবন্তি জগদীশ্বরম্।
নানাতন্ত্রবিধানেন কলাবপি যথা শৃণু ॥৩১

(তদা ভগবান্ ব্যাপকত্বাৎ) বিষ্ণুঃ, (যজ্ঞাধিষ্ঠাতৃত্বাৎ) যজ্ঞঃ, (পৃশ্নি-পুত্রত্বাৎ) পৃশ্নিগর্ভঃ, (সর্ব্বদেবাধিষ্ঠাতৃত্বাৎ) সর্ব্বদেবঃ, (উরুধা ক্রমো লীলা যস্য সঃ ইতি) উরুক্রমঃ, (বর্ষতি কামান্ ভক্তেভ্যঃ আকম্পয়তি বিধুনোতি ক্লেশান্ ইতি) বৃষাকপিঃ, (জয়ত্যেব সর্ব্বদা ইতি) জয়ন্তঃ, (তথা উরুধা গীয়তে ইতি উরুগায়ঃ ইতি ঈর্য্যতে কথ্যতে ॥২৬

দ্বাপরে ভগবান্ শ্যামঃ অতসী-পুষ্পসংকাশঃ, পীতবাসাঃ পীতাম্বরধরঃ, নিজায়ুধঃ (নিজানি আয়ুধানি চক্রাদীনি যস্য সঃ) শ্রীবৎসাদিভিঃ (শ্রীবৎসো নাম বক্ষসি দক্ষিণভাগে রোমাং প্রদক্ষিণাবর্ত্তঃ সঃ আদিঃ যেষাং তৈঃ) অঙ্কৈঃ (কর-চরণাদি-গতপদ্মাদীনাঙ্কৈঃ চিহ্নৈঃ লক্ষণৈঃ (বাহ্যৈঃ কৌস্তভাদিভিঃ চ) উপলক্ষিতঃ ॥২৭

তদা হে নৃপ! জিজ্ঞাসবঃ তত্ত্বজ্ঞানেচ্ছবঃ মর্ত্ত্যাঃ মনুষ্যাঃ মহারাজোপলক্ষণং (মহারাজস্য উপলক্ষণানি ছত্র-চামরাদীনি যস্য তং) তং পরং পুরুষং বেদ-তন্ত্রাভ্যাং বেদতন্ত্রোক্ত-প্রকারেণ যজন্তি আরাধয়ন্তি ॥২৮

বাসুদেবায় তে নমঃ, সঙ্কর্ষণায় চ নমঃ, প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ ॥২৯

ঋষয়ে নারায়ণায়, মহাত্মনে পুরুষায়, সর্ব্বভূতাত্মনে (সর্ব্বেষাং ভূতানাম্ আত্মনে অন্তর্য্যামিণে), বিশ্বায় বিশ্বরূপায়, বিশ্বেশ্বরায় (বিশ্বস্য সৃষ্টি-স্থিতি-সংহারাদিনা ঈশ্বরায় নিয়ন্ত্রে) তুভ্যং নমঃ ॥৩০

হে উর্ব্বীশ ভূপতে! ইতি এবং দ্বাপরে জগদীশ্বরং স্তুবন্তি কলৌ অপি যথা নানাতন্ত্রবিধানেন তন্ত্রোক্তপ্রকারেণ তং যথা যজন্তি, তথা শৃণু (নানাস্ত্যাহ নমস্ত ইতি নানাতন্ত্রবিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শয়তি) ॥৩১

মনুষ্যগণ বেদোক্ত যজ্ঞাদি কর্ম্মকলাপের অনুষ্ঠানে সেই সর্ব্বদেবময় হরির আরাধনা করিয়া থাকেন।২৫

এবং ভগবান্ও বিষ্ণু, যজ্ঞ, পৃশ্নিগর্ভ, সর্ব্বদেব, উরুক্রম, বৃষাকপি, জয়ন্ত ও উরুগায়—এই অষ্টবিধ নামে কীর্ত্তিত হইয়াছেন।২৬

দ্বাপরযুগে অতসীপুষ্পসদৃশ শ্যামবর্ণ ও পীতাম্বর পরিহিত ভগবান্ চক্রাদি নিজ আয়ুধধারণে ও শ্রীবৎসনামক বক্ষঃস্থলোপশোভিত দক্ষিণাবর্ত্ত রোমাবলি চিহ্ন এবং করচরণাদিগত ধ্বজপদ্মাদি চিহ্নধারণে এবং কৌস্তভাদি মণিময় বিচিত্র আভরণে বিভূষিত হইয়া আবির্ভূত হন।২৭

হে রাজন্! এই যুগে তত্ত্বজ্ঞানেচ্ছু মর্ত্ত্য-মানবগণ মহারাজোচিত ছত্র চামরাদি আবশ্যকীয় সম্পদে পরিশোভিত পরমপুরুষকে বেদোক্ত এবং তন্ত্রোক্ত প্রকরণে আরাধনা করিয়া থাকেন।২৮

এই সময়ে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই ব্যূহ-চতুষ্টয়ে আবির্ভূত ভগবান্কে প্রণাম করি।২৯

সেই ভগবান্ নারায়ণ ঋষি ও সর্ব্বভূতের অন্তর্যামী বিশ্বরূপে এবং সংসারের সৃষ্টি, স্থিতি ও সংহারাদি দ্বারা সর্ব্বনিয়ন্তা মহাপুরুষ-রূপে বিদ্যমান থাকেন; তাঁহাকে সকলেই সর্ব্বতোভাবে প্রণাম করিয়া থাকে।৩০

হে ক্ষিতিপতে! দ্বাপরযুগে ভগবান্কে এইরূপে স্তব করিয়া থাকে। কিন্তু কলিযুগে জীব বিবিধ তন্ত্রোক্ত প্রকারে যেরূপে সেই ভগবানের আরাধনা করিয়া থাকে, তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর।৩১

কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥৩২
ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিব-বিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥৩৩

(তদা) সুমেধসঃ বিবেকিনঃ হি (ইতি প্রসিদ্ধং) ত্বিষা কান্ত্যা অকৃষ্ণম্ ইন্দ্রনীলমণি-বদুজ্জ্বলং কৃষ্ণবর্ণং শ্রীকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ (অঙ্গানি হৃদয়াদীনি, উপাঙ্গানি কৌস্তুভাদীনি, অস্ত্রাণি সুদর্শনাদীনি, পার্ষদাঃ সুনন্দাদয়ঃ তৈঃ সহিতং) সঙ্কীর্ত্তনপ্রায়ৈঃ (সংকীর্ত্তনং নামোচ্চারণং) সংস্তুতিশ্চ তৎপ্রধানৈঃ যজ্ঞৈঃ যজন্তি আরাধয়ন্তি ॥৩২

হে প্রণতপাল ভক্তরক্ষক। হে মহাপুরুষ। সদা ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং, পরিভবঘ্নং (কুটুম্বে-স্ত্রিয়াদিভিঃ যঃ পরিভবঃ তিরস্কারঃ তং হন্তীতি তৎ), অভীষ্টদোহং ভক্তমনোরথপূরকং, তীর্থাস্পদং (গঙ্গাস্থাশ্রয়ত্বেন সদা পরমপাবনং) শিব-বিরিঞ্চি-নুতং (শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতং) শরণ্যম্ আশ্রয়যোগ্যং, ভৃত্যার্ত্তিহং (ভৃত্যানাম্ আর্ত্তিহরং) ভবাব্ধিপোতং সংসার-দুঃখার্ণব-তারকং তে তব চরণারবিন্দম্ বন্দে ॥৩৩

কলিযুগে মেধাবিশিষ্ট বিবেকী ব্যক্তিগণ ইন্দ্রনীলমণির ন্যায় উজ্জ্বল বর্ণবিশিষ্ট এবং কৌস্তুভাদি আভরণ, সুদর্শনাদি অস্ত্রশস্ত্র ও সনন্দাদি পার্ষদগণে পরিবৃত অলৌকিক অঙ্গপ্রত্যঙ্গবিশিষ্ট শ্রীকৃষ্ণের আরাধনা করিয়া থাকে। এই আরাধনার প্রধান অঙ্গই স্তুতি ও নামোচ্চারণ পূর্ব্বক সংকীর্ত্তন।৩২

স্তবের প্রণালী যথা, হে প্রণত-জনপ্রতিপালক মহাপুরুষ। দুরিতনাশন অভীষ্ট-ফলপ্রদ আপনার চরণারবিন্দে আমরা প্রণাম করি। সর্ব্বতীর্থময়ী গঙ্গা ঐ চরণ হইতে যখন উৎপন্না হইয়াছেন এবং দেবাদিদেব মহাদেব ও কমলাসন ব্রহ্মা নিয়ত ভক্তি-সহকারে ঐ চরণে প্রণাম করিয়া থাকেন, তখন জীবের প্রকৃত আশ্রয়-স্থলই ভবদীয় পাদপদ্ম। হে ভক্তবাঞ্ছাকল্পতরু! আপনার ভৃত্যগণের কখন দুঃখ থাকে না। তাহারা কেবল আপনার চরণ-পদ্মকে ধ্যান করিয়াই এই অপার ও অনন্ত সংসার-সমুদ্রকে অতিক্রম করিতে পারে।৩৩

ত্যক্ত্বা সুদুস্ত্যজ-সুরেপ্সিত-রাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥৩৪
এবং যুগানুরূপাভ্যাং ভগবান্ যুগবর্ত্তিভিঃ।
মনুজৈরিজ্যতে রাজন্ শ্রেয়সামীশ্বরো হরিঃ ॥৩৫

হে মহাপুরুষ। যৎ যঃ ভবান্ সুদস্ত্যজ-সুরেপ্সিত-রাজ্যলক্ষ্মীং অন্যৈঃ সুদুস্ত্যজা যা সুরাণাম্ অপি ঈপ্সিতা অভিলষিতা রাজ্যলক্ষ্মীঃ রাজ্যসম্পৎ তাং (ত্যক্ত্বা আর্য্যস্য পিতুঃ দশরথস্য বচসা) ধর্ম্মিষ্ঠঃ ধর্ম্মমার্গে স্থিতঃ পিতৃপ্রতিশ্রুতসত্যপালনার্থং) অরণ্যং বনম্ অগাৎ, (তথা ভক্তবাৎসল্যেন) দয়িতয়া সীতয়া, ঈপ্সিতং মায়ামৃগং (মায়য়া) স্বর্ণমৃগাকারং মারীচং (যঃ) অন্বধাবৎ (তস্য তে চরণারবিন্দং (সদা) বন্দে ॥৩৪

হে রাজন্। শ্রেয়সাং চতুর্ব্বিধপুরুষার্থানাম্ ঈশ্বরঃ দাতা, ভগবান্ হরিঃ এবং যুগানুরূপাভ্যাং নামরূপাভ্যাং যুগ-বর্ত্তিভিঃ মনুজৈঃ ইজ্যতে ॥৩৫

হে মহাপুরুষ। আপনি রামাবতারে দেবতারও দুর্লভ বিপুল বৈভবসম্পন্ন রাজ্যলক্ষ্মী অনায়াসে পরিত্যাগ পূর্ব্বক ধর্ম্মানুসারে পিতৃসত্য-পালনার্থ স্বকীয় পিতা রাজা দশরথের অভিপ্রায় অনুসারে বনে গমন করিয়াছিলেন এবং তথায় ভক্তবাৎসল্যের অনুরোধে পতিসোহাগিনী ভার্য্যা সীতার মনোরথ পূরণার্থ স্বর্ণবর্ণ মৃগরূপধারী মারীচের পশ্চাদ্ধাবন করিয়াছিলেন, সেই আপনার চরণারবৃন্দে আমরা সতত প্রণিপাত করি।৩৪

হে নরনাথ। সর্ব্ববিধ শ্রেয়ঃস্বরূপ চতুর্ব্বিধ পুরুষার্থদাতা ভগবান্ শ্রীহরি এইপ্রকার যুগানুরূপ নাম ও রূপ অনুসারে তত্তৎ যুগবর্ত্তী মানব কর্ত্তৃক পূজিত ও আরাধিত হইয়া থাকেন।৩৫

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ।
যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বঃ স্বার্থোঽভিলভ্যতে ॥৩৬
ন হ্যতঃ পরমো লাভো দেহিনাং ভ্রাম্যতামিহ।
যতো বিন্দেত পরমাং শান্তিং নশ্যতি সংসৃতিঃ ॥৩৭
কৃতাদিষু প্রজা রাজন্ কলাবিচ্ছন্তি সম্ভবম্।
কলৌ খলু ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ ॥৩৮
ক্বচিৎ ক্বচিন্মহারাজ দ্রবিড়েষু চ ভূরিশঃ।
তাম্রপর্ণী নদী যত্র কৃতমালা পয়স্বিনী ॥৩৯
কাবেরী চ মহাপুণ্যা প্রতীচী চ মহানদী।
যে পিবন্তি জলং তাসাং মনুজা মনুজেশ্বর।
প্রায়ো ভক্তা ভগবতি বাসুদেবেঽমলাশয়াঃ ॥৪০
দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৄণাং
ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্।
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং
গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তম্ ॥৪১

গুণজ্ঞাঃ সারভাগিনঃ গুণাংশ-গ্রাহিণঃ আর্য্যাঃ বৃদ্ধাঃ বিবেকিনঃ কলিম্ এব সভাজয়ন্তি প্রশংসন্তি, যত্র কলৌ সংকীর্ত্তনেনৈব সর্ব্বস্বার্থঃ অভিলষিতার্থঃ লভ্যতে ॥৩৬

ইহ সংসারে ভ্রাম্যতাং দেহিনাম্ অতঃ নাম-সংকীর্ত্তনাৎ অন্যঃ হি পরমঃ লাভঃ ন বিদ্যতে, যতঃ নাম-সংকীর্ত্তনাৎ এব (প্রাণবিয়োগাদনন্তরাৎ) পরমাং মুক্তিরূপাং শান্তিং (প্রাণী) বিন্দেত; (তস্য) সংসৃতিঃ সংসারঃ জন্মমরণাদিদুঃখং চ নশ্যতি ॥৩৭

হে রাজন্! কৃতাদিষু যুগচতুষ্টয়েষু প্রজাঃ কলৌ সম্ভবম্ উৎপত্তিম্ ইচ্ছন্তি (কলৌ মুক্ত্যুপায়-সুকরত্বাৎ) কিল নিশ্চয়েন কলৌ নারায়ণপরায়ণাঃ (নারায়ণঃ এব পরম্ অয়নং আশ্রয়ো যেষাং তে) জনাঃ ভবিষ্যন্তি ॥৩৮

হে মহারাজ! ক্বচিৎ ক্বচিৎ দ্রবিড়েষু দেশেষু ভূরিশঃ বহ্ব্যঃ যত্র তাম্রপর্ণী কৃতমালা পয়স্বিনী মহাপুণ্যা কাবেরী, প্রতীচী মহানদী চ নদ্যঃ সন্তি ॥৩৯

হে মনুজেশ্বর! যে মনুজাঃ তাসাং নদীনাং জলং পিবন্তি তে প্রায়ো-অল্পকালেন অমলাশয়াঃ সন্তঃ ভগবতি বাসুদেবে ভক্তাঃ ভবন্তি ॥৪০

হে রাজন্! যঃ কর্ত্তাঽহম্ অহঙ্কারং পরিহৃত্য ত্যক্ত্বা, শরণ্যং সংসারভয়নিবর্ত্তকত্বাৎ শরণার্হং, মুকুন্দং মুক্তিদাতারং, ভগবন্তং সর্ব্বাত্মনা সর্ব্বভাবেন শরণং গতঃ, সঃ দেবর্ষিভূতাপ্তনৃণাং (দেবাঃ ঋষয়ঃ ভূতাঃ আপ্তাঃ পোষ্যাঃ নরাশ্চ তেষাং) ন কিঙ্করঃ পঞ্চযজ্ঞাদি-নিয়োগ-যোগ্যঃ, ন চায়ং তেষাম্ ঋণী ভবতি (জ্ঞানভক্তিবিশিষ্টত্বাৎ) ॥৪১

সারগ্রাহী গুণজ্ঞ বুদ্ধিমান্ প্রাচীন ব্যক্তিগণ কলিযুগেরই বিশেষ প্রশংসা করিয়া থাকেন, কারণ কলিযুগে অন্যান্য যুগাপেক্ষায় এক কেবল নাম-সঙ্কীর্ত্তনের দ্বারাই জীব যাবতীয় অভীষ্ট লাভ করিতে পারে, সন্দেহ নাই।৩৬

এই ঘোর সংসার-স্রোতে বিবিধ কর্ম্মবশতঃ অনবরত পরিবর্ত্তনশীল জীবের পক্ষে নাম-সংকীর্ত্তন ব্যতীত অন্য কিছুই উপাদেয় নাই। কারণ কেবল নামসংকীর্ত্তন-ফলে সংসারী জীব প্রাণ-বিয়োগের পরই অনন্ত শান্তিস্বরূপ মুক্তিকে লাভ করিয়া থাকে; তাহাদের জন্মমরণাদি-জনিত দুঃখকে আর ভোগ করিতে হয় না।৩৭

হে রাজেন্দ্র! কলিযুগে মুক্তির উপায় সুগম থাকায়, অন্যান্য সত্যাদি যুগচতুষ্টয়ের মধ্যে প্রজাবর্গ এক কলিযুগেই জন্ম প্রার্থনা করেন এবং কলিযুগেই নারায়ণ-পরায়ণ ভগবদ্ভক্ত বহুলোক জন্মগ্রহণ করিবেন।৩৮

হে মহারাজ! দ্রবিড়াদি যে সকল দেশে তাম্রপর্ণী, কৃতমালা, পয়স্বিনী প্রভৃতি পুণ্যসলিলা নদী এবং মহাপুণ্যা কাবেরী, প্রতীচী ও মহানদী প্রভৃতি নদীসমূহ প্রবাহিত আছে।৩৯

হে নরপাল! তত্রত্য যে সমস্ত মানব সেই সকল নদীর পবিত্র জলে স্নান, আচমন ও তাহা পানাদি করেন, তাঁহারা অতি অল্পকাল মধ্যে বিধৌত-পাপ ও নির্ম্মলাত্মা হইয়া ভগবান্ বাসুদেবের ভক্ত হন,—সন্দেহ নাই।৪০

স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য
ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্
ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ ॥৪২

নারদ উবাচ

ধর্ম্মান্ ভাগবতানিত্থং শ্রুত্বাথ মিথিলেশ্বরঃ।
জায়ন্তেয়ান্ মুনীন্ প্রীতঃ সোপাধ্যায়ো হ্যপূজয়ৎ॥৪৩

ত্যক্তান্যভাবস্য (ত্যক্তঃ অন্যস্মিন্ ভগবদ্ব্যতিরিক্তে দেহাদৌ দেবতান্তরে বা ভাবো যেন তস্য) অতএব স্বপাদমূলং ভজতঃ ধ্যানার্চ্চনাদিনা সেবমানস্য পুংসঃ হৃদি সন্নিবিষ্টঃ সন্ কথঞ্চিৎ উৎপতিতং যৎ চ বিকর্ম্ম তৎ সর্ব্বং ধুনোতি নাশয়তি ॥৪২

নারদঃ উবাচ। সোপাধ্যায়ঃ ঋত্বিগ্‌ভিঃ সহিতঃ সঃ মিথিলেশ্বরঃ নিমিঃ হি ইত্থং ভগবতান্ ধর্ম্মান্ শ্রুত্বা প্রীতঃ সন্ জায়ন্তেয়ান্ জয়ন্তীপুত্রান্ অপূজয়ৎ ॥৪৩

ততঃ (কব্যাদয়ঃ) সিদ্ধাঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ অন্তর্দধিরে।

হে রাজন্! যে ব্যক্তি কর্ত্তৃত্বের মূল কারণ অহঙ্কারতত্ত্ব (অভিমানকে) বিসর্জ্জন করিয়া, সংসার-ভয়হারী শরণাগত-পালক মোক্ষদাতা ভগবান্ মুকুন্দের শরণ সর্ব্বতোভাবে গ্রহণ করেন, তিনি দেবতা, ঋষি, সাধারণ প্রাণী ও আত্মীয় স্বজন-বর্গের নিকট কর্ত্তব্য-পাশে বদ্ধ হন না ; সুতরা‌ং পঞ্চযজ্ঞাদির অনুষ্ঠানে তাঁহাকে নিযুক্ত থাকিতেও হয় না। জ্ঞান ও ভক্তির মাহাত্ম্যে তাঁহাকে কাহারও নিকট ঋণী থাকিতে হয় না।৪১

ভগবান্ ব্যতীত দেহগেহাদি মমতাস্পদ পদার্থে যাহারা আসক্তিশূন্য এবং তিনি ব্যতীত অন্য দেবতাতে যাঁহাদের ভেদবুদ্ধি নাই, তাদৃশ বিমলচেতা ব্যক্তিগণ ধ্যানযোগে ভগবানের পাদ-কমল নিরন্তর চিন্তা করায়, ভক্তবৎসল বিষ্ণু তাঁহাদের হৃদয়-মন্দিরে সমাসীন হন এবং অকস্মাৎ যদি তথায় কোন দুষ্কর্ম্মের উদয় হয়, তবে তাহার নিবারণ তিনিই করিয়া থাকেন।৪২

ততোঽন্তর্দধিরে সিদ্ধাঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ।
রাজা ধর্ম্মানুপাতিষ্ঠন্নবাপ পরমাং গতিম্ ॥৪৪

ত্বমপ্যেতান্ মহাভাগ ধর্ম্মান্ ভাগবতান্ শ্রুতান্।
আস্থিতঃ শ্রদ্ধয়া যুক্তো নিঃসঙ্গো যাস্যসে পরম্॥৪৫

যুবয়োঃ খলু দম্পত্যোর্যশসা পূরিতং জগৎ।
পুত্রতামগমদ্ যদ্ বাং ভগবানীশ্বরো হরিঃ॥৪৬

রাজা নিমিঃ চ ধর্ম্মান্ উপাতিষ্ঠন্ পরমাং মোক্ষ-লক্ষণাং গতিম্ অবাপ ॥৪৪

হে মহাভাগ। নিঃসঙ্গঃ নিষ্কামঃ শ্রদ্ধয়া চ যুক্তঃ মত্তঃ শ্রুতান্ এতান্ শুভান্ ভাগবতান্ ধর্ম্মান্ আস্থিতঃ অনুতিষ্ঠন্ ত্বম্ অপি পরং পদং যাস্যসে ॥৪৫

দম্পত্যোঃ যুবয়োঃ যশসা খলু জগৎ পূরিতম্ ; যৎ যস্মাৎ ভগবান্ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণঃ ঈশ্বরঃ হরিঃ বাং যুবয়োঃ পুত্রতাম্ অগমৎ ॥৪৬

নারদ বলিলেন,—মিথিলেশ্বর নিমি ঋত্বিগাদি সভাসদ্‌গণে পরিবৃত হইয়া যোগীন্দ্রগণের মুখে এই প্রকার ভাগবত-ধর্ম্ম শ্রবণে বিশেষ পরিতুষ্ট হইলেন এবং জয়ন্তী-নন্দনগণের যথাযোগ্য অর্চ্চনা করিলেন।৪৩

অনন্তর কবি প্রভৃতি সিদ্ধ নয়জন ভ্রাতা উপস্থিত জন-সমূহের সমক্ষেই অন্তর্হিত হইয়া, তথা হইতে প্রস্থান করিলেন। এদিকে নিমিরাজ তাদৃশ সর্ব্বোৎকৃষ্ট ভাগবত-ধর্ম্মের অনুশীলনে মোক্ষলক্ষণা পরমা গতি প্রাপ্ত হইয়াছিলেন।৪৪

দেবর্ষি তখন বসুদেবকে সম্বোধনপূর্ব্বক বলিলেন,—হে মহাভাগ। আপনিও বিষয়ান্তরের কামনা পরিত্যাগ করিয়া বিশেষ শ্রদ্ধাদি সহকারে মন্মুখ-শ্রুত পবিত্র ভাগবত-ধর্ম্মের অনুষ্ঠান করুন। আপনিও পরম-পদ লাভে সমর্থ হইবেন।৪৫

আপনাদের ন্যায় দম্পতির যশোরাশিতে জগৎ প্লাবিত হইয়াছে, অহো। ঐশ্বর্য্যাদি গুণপূর্ণ

দর্শনালিঙ্গনালাপৈঃ শয়নাসন-ভোজনৈঃ।
আত্মা বাং পাবিতঃ কৃষ্ণে পুত্রস্নেহং প্রকুর্ব্বতোঃ॥৪৭

বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপাল-পৌণ্ড্র-
শাল্বাদয়ো গতি-বিলাস-বিলোকনাদ্যৈঃ।
ধ্যায়ন্ত আকৃতধিয়ঃ শয়নাসনাদৌ
তৎসাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিম্ ॥৪৮

মাপত্যবুদ্ধিমকৃথাঃ কৃষ্ণে সর্ব্বাত্মনীশ্বরে।
মায়ামনুষ্যভাবেন গূঢ়ৈশ্বর্য্যে পরেঽব্যয়ে ॥৪৯

ভূভারাসুর-রাজন্যহন্তবে গুপ্তয়ে সতাম্।
অবতীর্ণস্য নির্বৃত্যৈ যশো লোকে বিতন্যতে ॥৫০

শ্রীশুক উবাচ

এতচ্ছ্রুত্বা মহাভাগো বসুদেবোঽতিবিস্মিতঃ।
দেবকী চ মহাভাগা জহতুর্মোহমাত্মনঃ ॥৫১

কৃষ্ণে পুত্রে দর্শনালিঙ্গনালাপৈঃ শয়নাসনভোজনৈঃ পুত্রস্নেহং প্রকুর্ব্বতোঃ বাং যুবয়োঃ আত্মা পাবিতঃ শোধিতঃ (প্রতিবন্ধক-দোষ-নিরাসেন তৎপ্রাপ্তিযোগ্যঃ কৃতঃ) ॥৪৭

গতি-বিলাস-বিলোকনাদ্যৈঃ আকৃতধিয়ঃ (আকৃতা তদাকারা ধীঃ যেষাং তে) শিশুপালপৌণ্ড্রশাল্বাদয়ঃ নৃপতয়ঃ শয়নাসনাদৌ যং শ্রীকৃষ্ণং বৈরেণ বৈরভাবেন ধ্যায়ন্তঃ যদা তৎসাম্যং তৎসারূপ্যম্ আপুঃ, তর্হি তদনুরক্তধিয়াং (তস্মিন্ অনুরক্তা ধীঃ যেষাং ভবাদৃশাং) তৎসাম্যং ভবতি ইতি পুনঃ কিং বক্তব্যম্ ॥৪৮

মায়ামনুষ্যভাবেন (মায়য়া সংকল্পাত্মিকয়া মনুষ্যনাট্যেন) গূঢ়ৈশ্বর্য্যে (গূঢ়ম্ আচ্ছাদিতম্ ঐশ্বর্য্যম্ ঈশ্বরভাবো যস্য তস্মিন্) সর্ব্বাত্মনি সর্ব্বোপাদান-ভূতে, অব্যয়ে বিকার-রহিতে ঈশ্বরে জগজ্জন্মাদিকর্ত্তরি পরে প্রকৃতি-নিয়ন্তরি কৃষ্ণে অপত্যবুদ্ধিং মা অকৃথাঃ ॥৪৯

ভূভারাসুর-রাজন্য-হন্তবে (ভূভারভূতাঃ অসুরাঃ এব যে রাজন্যাঃ তেষাং হন্তবে বিনাশায়) সতাং সাধূনাং সদাচারাণাং চ গুপ্তয়ে পরিত্রাণায়, অবতীর্ণস্য লোকে (সর্ব্বজনানাং) নির্বৃত্যৈ পরমানন্দলাভায় যশো বিতন্যতে বিস্তৃতং ভবতি ॥৫০

শ্রীশুকঃ উবাচ,—এতৎ নারদোক্তম্ ইতিহাসং শ্রুত্বা অতিবিস্মিতঃ মহাভাগঃ বসুদেবঃ মহাভাগা দেবকী চ আত্মনঃ অন্তঃকরণস্য মোহং দেহাদৌ অহংমমাত্মকম্ অধ্যাসং জহতুঃ ॥৫১

সর্ব্বেশ্বর সাক্ষাৎ শ্রীহরি আপনাদের উভয়ের পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন।৪৬

কৃষ্ণরূপ পুত্রকে দর্শন, আলিঙ্গন ও তাঁহার সহিত আলাপন, একত্র শয়ন, উপবেশন ও ভোজনাদির দ্বারা অনবরত পুত্রস্নেহ করায়, আপনাদের চিত্ত সম্পূর্ণ বিশুদ্ধ হইয়াছে এবং কৃষ্ণস্বরূপ প্রাপ্ত হইবার উপযোগিতাও লাভ করিয়াছে।৪৭

কারণ কৃষ্ণরূপ অবলোকনে ও তাঁহার গতি ও ক্রিয়াদি দর্শনে, তদাকারে আকারিত-চিত্ত শিশুপাল, দন্তবক্র ও সাল্বাদি নৃপতিবৃন্দ শয়ন ও ভোজনাদি কালে যে শ্রীকৃষ্ণকে বৈরভাবে নিরন্তর চিন্তা করিয়া তৎসারূপ্য-পদবী প্রাপ্ত হইয়াছে, তখন প্রেমের তরঙ্গে অনুরক্ত বুদ্ধিতে আসক্ত হইয়া আপনাদের ন্যায় শ্রেষ্ঠ ভক্তবৃন্দ যে তৎপদবীলাভ করিবেন, তাহাতে আর বিচিত্র কি।৪৮

ভগবান্ শ্রীকৃষ্ণ জগতের আদিভূত মূল কারণ হইলেও, তিনি যাবতীয় বিকারের অতীত, অথচ সৃষ্টি, স্থিতি এবং প্রলয়ের কর্ত্তা এবং প্রকৃতিরও নিয়ামক। তিনি স্বীয় অচিন্ত্য যোগমায়া-শক্তিকে অবলম্বন করিয়া মনুষ্যবৎ লীলা করিবার অভিপ্রায়ে অবতীর্ণ হইয়াছেন মাত্র। অতএব তাঁহাতে তোমাদের প্রাকৃতিক অপত্যবুদ্ধি করা কোন মতে বিধেয় নহে।৪৯

অবনির ভারভূত রাজন্যবেশধারী অসুরগণের বিদলনার্থ এবং সদাচারনিষ্ঠ সাধু ভক্তগণের পরিত্রাণার্থে ও সদাচারের প্রতিষ্ঠার্থ সর্ব্বজনানন্দকরী তাঁহার পবিত্র কীর্ত্তি জগতে বিস্তৃত হইয়াছে।৫০

শ্রীশুকদেব বলিলেন,—দেবর্ষি নারদের মুখে এই

ইতিহাসমিমং পুণ্যং ধারয়েদ্ যঃ সমাহিতঃ।
স বিধূয়েহ শমলং ব্রহ্মভূয়ায় কল্পতে ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ একাদশস্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ।

যঃ পুমান্ সমাহিতঃ সন্ ইমং পুণ্যং পুণ্যবহম্ ইতিহাসং ধারয়েৎ, সঃ ইহ জন্মনি শমলং মোক্ষ-প্রতিবন্ধকং পাপং বিধূয় নিরস্য, ব্রহ্মভূয়ায় ব্রহ্মভাবায় মুক্তিলাভায় কল্পতে সমর্থো ভবতি ॥৫২

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ ॥

পবিত্র ইতিহাস কথা শ্রবণ করিয়া, সৌভাগ্যপূর্ণ বসুদেব ও দেবকী নিতান্তই বিস্মিত হইলেন এবং তাঁহাদের অন্তঃকরণ হইতে অহঙ্কার ও মমতারূপ মোহবন্ধন সম্পূর্ণ শিথিল হইয়া গেল।৫১

যে ব্যক্তি অতি পূত মনে এই পবিত্র পুণ্যপ্রদ ইতিহাস হৃদয়ে ধারণা করেন, তিনি এই জন্মেই মোক্ষপ্রতিবন্ধক পাপরাশি হইতে নির্ম্মুক্ত হইয়া ব্রহ্মস্বরূপ মোক্ষলাভে সমর্থ হন।৫২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণোদ্ধবসংবাদারম্ভঃ।]

শ্রীশুক উবাচ
অথ ব্রহ্মাত্মজৈর্দেবৈঃ প্রজেশৈরাবৃতোঽভ্যগাৎ।
ভবশ্চ ভূতভব্যেশো যযৌ ভূতগণৈর্বৃতঃ ॥১
ইন্দ্রো মরুদ্ভির্ভগবান্ আদিত্যা বসবোঽশ্বিনৌ।
ঋভবোঽঙ্গিরসো রুদ্রা বিশ্বে সাধ্যাশ্চ দেবতাঃ ॥২
গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধ-চারণ-গুহ্যকাঃ।
ঋষয়ঃ পিতরশ্চৈব সবিদ্যাধর-কিন্নরাঃ ॥৩
দ্বারকামুপসঞ্জগ্মুঃ সর্ব্বে কৃষ্ণদিদৃক্ষবঃ।
বপুষা যেন ভগবান্ নরলোকমনোরমঃ।
যশো বিতেনে লোকেষু সর্ব্বলোকমলাপহম্ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। অথ অনন্তরম্ আত্মজৈঃ (সনকাদিভিঃ) দেবৈঃ ইন্দ্রাদিভিঃ, প্রজেশৈঃ মারীচ্যাদিভিঃ বৃতঃ ব্রহ্মা, ভূতগণৈঃ বৃতঃ ভূতভব্যেশঃ (ভূতম্ অতীতং ভব্যম্ অনাগতং তয়োঃ ঈশঃ নিয়ামকঃ) ভবঃ রুদ্রঃ চ

ষষ্ঠ অধ্যায়।

[শ্রীকৃষ্ণ ও উদ্ধবের পারস্পরিক আলাপ আরম্ভ।]

শ্রীশুকদেব বলিলেন,—অনন্তর স্বীয় তনয় সনকাদি কুমারগণ, ইন্দ্রাদি দেববৃন্দ এবং মরীচ্যাদি প্রজাপতিগণে পরিবৃত কমলাসন ব্রহ্মা এবং ভূতগণে পরিবৃত ভগবান ত্রিলোচন, মরুদগণে পরিবেষ্টিত পুরন্দর এবং এতদ্ব্যতীত আদিত্যগণ, বসুসমূহ, অশ্বিনীকুমারদ্বয়, ঋভুগণ, অঙ্গিরা, রুদ্র, সাধ্য ও বিশ্ব দেবতাগণ, গন্ধর্ব্ব, অপ্সরা ও নাগগণ, সিদ্ধ চারণ ও গুহ্যকগণ, ঋষিগণ, পিতৃগণ, বিদ্যাধর ও কিন্নরগণ সকলে একত্রিত হইয়া শ্রীকৃষ্ণকে দর্শন করিবার বাসনায় দ্বারকায় আসিয়া উপনীত হইলেন। যে অপূর্ব্ব মদনমোহন মূর্ত্তি ধারণে ভগবান্ শ্রীকৃষ্ণ

তস্যাং বিভ্রাজমানায়াং সমৃদ্ধায়াং মহর্দ্ধিভিঃ।
ব্যচক্ষতাবিতৃপ্তাক্ষাঃ কৃষ্ণমদ্ভুতদর্শনম্ ॥৫
স্বর্গোদ্যানোপগৈর্মাল্যৈশ্ছাদয়ন্তো যদূত্তমম্।
গীর্ভিশ্চিত্রপদার্থাভিস্তুষ্টুবুর্জগদীশ্বরম্ ॥৬

দেবা ঊচুঃ।

নতাঃ স্ম তে নাথ পদারবিন্দং
বুদ্ধীন্দ্রিয়-প্রাণ-মনো-বচোভিঃ।

(কৃষ্ণদিদৃক্ষুঃ দ্বারকাং) যযৌ ॥১

এবং মরুদ্ভিঃ (বৃতঃ) ভগবান্ ইন্দ্রঃ আদিত্যাঃ বসবঃ অশ্বিনৌ, ঋভবঃ, অঙ্গিরসঃ, রুদ্রাঃ, সাধ্যাঃ, বিশ্বে দেবতাঃ, গন্ধর্ব্বাঃ, অপ্সরসঃ, নাগাঃ, সিদ্ধ-চারণ-গুহ্যকাঃ, সবিদ্যাধর-কিন্নরাঃ পিতরশ্চৈব সর্ব্বে কৃষ্ণং দিদৃক্ষবঃ সন্তঃ দ্বারকাম্ উপসংজগ্মুঃ। যেন বপুষা সর্ব্বলোকমনোরমঃ সন্ সর্ব্বলোকমলাপহং যশঃ লোকেষু বিতেনে বিস্তারিতবান্ (তং দিদৃক্ষবঃ আজগ্মুরিতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥২-৪

অবিতৃপ্তাক্ষাঃ (ন বিতৃপ্তানি অক্ষীণি যেষাং তে ব্রহ্মাদয়ঃ) তস্যাং মহর্দ্ধিভিঃ (মহতীভিঃ ঋদ্ধিভিঃ ভোগ্য-ভোগোপকরণৈঃ) সমৃদ্ধায়াং পূর্ণায়াম্ (অতএব) বিভ্রাজমানায়াং শোভমানায়াং দ্বারকায়াম্ অদ্ভুতদর্শনম্ (অদ্ভুতম্ অতিসুন্দরং দর্শনং রূপং

নরলোকের নয়নাভিরাম হইয়া সমগ্র সংসারের পাপ-বিধ্বংসী যশ ভুবনত্রয়ে বিস্তার করিয়াছিলেন, তাদৃশী অতি সুন্দর মূর্ত্তি দর্শন করাই তাঁহাদের অভিপ্রায়।১-৪

অতুল ঐশ্বর্য্যাদি বৈভবের সমাবেশে সম্পূর্ণ সমৃদ্ধিশালী ত্রিভুবনের আদর্শস্থানীয় দ্বারকার মধ্যে প্রবিষ্ট হইয়া, সেই ব্রহ্মাদি দেবতাগণ অতি অদ্ভুত পরমসুন্দর শ্রীকৃষ্ণকে নয়নগোচর করিয়া অবিতৃপ্তের ন্যায় অনিমিষ-লোচনে তাঁহার প্রতিই নিরীক্ষণ করিয়া রহিলেন।৫

অনন্তর নন্দন-কাননে জাত স্বর্গীয় সুগন্ধি কুসুমাদি চয়ন পূর্ব্বক তাঁহারা সেই যদুকুল-তিলক শ্রীকৃষ্ণের মস্তকোপরি ভূরিপরিমাণে বর্ষণ করিয়া বিচিত্র পদপদার্থবিশিষ্ট সুমধুর ও সুললিত বাক্য-

যচ্চিন্ত্যতেঽন্তর্হৃদি ভাবযুক্তৈ-
র্মুমুক্ষুভিঃ কর্ম্মময়োরুপাশাৎ ॥৭

ত্বং মায়য়া ত্রিগুণয়াত্মনি দুর্বিভাব্যং
ব্যক্তং সৃজস্যবসি লুম্পসি তদ্গুণস্থঃ।
নৈতৈর্ভবানজিত কর্ম্মভিরজ্যতে বৈ
যৎ স্বে সুখেঽব্যবহিতেঽভিরতোঽনবদ্যঃ ॥৮

যস্য তং) কৃষ্ণং ব্যচক্ষত অপশ্যন্ ॥৫

তথা স্বর্গোদ্যানোপগৈঃ স্বর্গোদ্যানস্থৈঃ মাল্যৈঃ পুষ্পৈঃ যদূত্তমং শ্রীকৃষ্ণং ছাদয়ন্তঃ চিত্র-পদার্থাভিঃ (চিত্রাণি মনোহারাণি পদানি অর্থাশ্চ প্রতিপাদ্যাঃ যাসু তাভিঃ) গীর্ভিঃ বাণীভিঃ জগদীশ্বরং কৃষ্ণং তুষ্টুবুঃ ॥৬

দেবাঃ ঊচুঃ। হে নাথ! বুদ্ধীন্দ্রিয়প্রাণমনোবচোভিঃ তে তব পদারবিন্দং (বয়ং) নতাঃ স্মঃ নমস্কৃতবন্তঃ। কর্ম্মময়োরুপাশাৎ কর্ম্মময়াৎ দৃঢ়পাশাৎ মুমুক্ষুভিঃ ভাবযুক্তৈঃ ভক্তিযোগনিষ্ঠৈঃ জনৈঃ যৎ চরণারবিন্দম্ অন্তর্হৃদি চিন্ত্যতে (কেবলং ন তু দৃশ্যতে) ॥৭

হে অজিত মায়াপারবশ্যরহিত! ত্বং তু তদ্গুণস্থঃ (তস্যাঃ মায়ায়াঃ গুণেষু রজআদিষু নিয়ন্তৃত্বেন স্থিতঃ সন্) তয়া ত্রিগুণয়া

বিন্যাসে জগৎপতি জনার্দ্দনের স্তব করিতে আরম্ভ করিলেন।৬

দেবতাগণ বলিলেন,—হে অনাথ-শরণ দেব বিশ্বম্ভর! আমরা বুদ্ধি, ইন্দ্রিয়, দেহ, প্রাণ, মন ও বাক্যবলির দ্বারা আপনার চরণারবিন্দে প্রণিপাত করিতেছি। হে দেব! নিতান্ত কৃপা-প্রকাশে আমাদিগকে প্রদর্শন করাইলেও আপনার পাদপদ্ম জীবের পক্ষে নিতান্তই দুর্লভ। কারণ যাঁহারা কর্ম্মময় সংসার-পাশকে নিতান্ত ভয়াবহ জ্ঞানে তাহা হইতে আপনাকে মুক্ত করিবার বাসনা করেন, তাঁহারাই বিশেষ ভক্তি সহকারে ও যত্নাতিশয়ে ঐ চরণপদ্ম কেবল হৃদয়-সরোবরে চিন্তা করেন মাত্র; সাক্ষাতে কিন্তু কখন প্রত্যক্ষ করিতে পারেন না।৭

শুদ্ধির্নৃণাং ন তু তথেড্য দুরাশয়ানাং
বিদ্যা-শ্রুতাধ্যয়ন-দান-তপঃ-ক্রিয়াভিঃ।
সত্ত্বাত্মনামৃষভ তে যশসি প্রবৃদ্ধ-
সচ্ছ্রদ্ধয়া শ্রবণসম্ভৃতয়া যথা স্যাৎ ॥৯
স্যান্নস্তবাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ
ক্ষেমায় যো মুনিভিরার্দ্রহৃদোহ্যমানঃ।
যঃ সাত্বতৈঃ সমবিভূতয় আত্মবদ্ভি-
র্ব্যূহেঽর্চ্চিতঃ সবনশঃ স্বরতিক্রমায় ॥১০
যশ্চিন্ত্যতে প্রয়তপাণিভিরধ্বরাগ্নৌ
ত্রয্যা নিরুক্তবিধিনেশ হবির্গৃহীত্বা।
অধ্যাত্মযোগ উত যোগিভিরাত্মমায়াং
জিজ্ঞাসুভিঃ পরমভাগবতৈঃ পরীষ্টঃ ॥১১

আত্মনি স্থিতয়া মায়য়া দুর্বিভাব্যং মনসাপি অবিতর্ক্যম্ আত্মনি এব আধারভূতে ব্যক্তং মহদাদিপ্রপঞ্চং সৃজসি, অবসি পালয়সি, লুম্পসি সংহরসি চ। তথাপি এতৈঃ সৃষ্ট্যাদিকর্ম্মভিঃ ভবান্ ন অজ্যতে (পুণ্যপাপাদিভিঃ ন লিপ্যতে), যতঃ যে আত্মস্বরূপে অব্যবহিতে অনাবৃতে সুখে অভিরতঃ (অতঃ ভবান্) অনবদ্যঃ অবিদ্যাস্মিতা-রাগ-দ্বেষাভিনিবেশাদি-দোষ-রহিতঃ ॥৮

হে ঈড্য স্তুত্য! হে ঋষভশ্রেষ্ঠ! দুরাশয়ানাং দুষ্টশব্দাদি-বিষয়াবিষ্টচিত্তানাং নৃণাং বিদ্যা-শ্রুতাধ্যয়ন-দান-তপঃক্রিয়াদিভিঃ তথা শুদ্ধিঃ ন ভবতি যথা সত্ত্বাত্মনাং সত্ত্বগুণ-প্রচুরান্তঃকরণানাং (নিত্যং) শ্রবণ-সম্ভৃতয়া (শ্রবণেন সম্ভৃতয়া পুষ্টয়া) তে তব যশসি (বিষয়ে) প্রবৃদ্ধসচ্ছ্রদ্ধয়া যথা স্যাৎ ॥৯

তব অঙ্ঘ্রিঃ নঃ অস্মাকম্ অশুভাশয়-ধূমকেতুঃ (অশুভাশয়ানাং বিষয়-বাসনানাং ধূমকেতুঃ দাহকঃ অগ্নিঃ) স্যাৎ; যঃ ক্ষেমায় মোক্ষায় মুনিভিঃ মুমুক্ষুভিঃ আর্দ্রহৃদা উহ্যমানঃ চিন্ত্যমানঃ যশ্চ আত্মবদ্ভিঃ সাত্বতৈঃ ভক্তৈঃ স্বঃঅতিক্রমায় (স্বর্গমতিক্রম্য বৈকুণ্ঠপ্রাপ্তয়ে) তত্র চ সমবিভূতয়ে তৎসমানৈশ্বর্য্য-লাভায় ব্যূহে বাসুদেবাদিচতুর্ব্যূহোপাসনায়াং সবনশঃ ত্রিকালম্ অর্চ্চিতঃ ॥১০

হে ঈশ! যঃ চ প্রযতপাণিভিঃ সংযত-হস্তৈঃ হবিঃ গৃহীত্বা অধ্বরাগ্নৌ আহবনীয়াদৌ ত্রয্যা নিরুক্তবিধিনা (ত্রয়ীতাৎপর্য্য-বসিতবিধিনা ইন্দ্রাদিরূপেণ যজ্ঞপুরুষো ভগবানেব যাজ্ঞিকৈঃ) চিন্ত্যতে, কিঞ্চ অধ্যাত্মযোগে আত্মাধিকারে যোগে, আত্ম-মায়াম্ (আত্মনঃ তব মায়াং) জিজ্ঞাসুভিঃ যোগিভিঃ উত অপি যঃ চিন্ত্যতে তথা পরম-ভাগবতৈঃ নিরপেক্ষ-ভক্তৈঃ অপি যঃ পরীষ্টঃ সর্ব্বতঃ পূজিতঃ সোঽস্মাকম্ অশুভাশয়-ধূমকেতুঃ স্যাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥১১

হে ভগবন্! আপনি মায়াগুণ রজঃ আদিতে অধিষ্ঠিত থাকিয়া ত্রিগুণাত্মিকা মায়ার দ্বারা নিজ স্বরূপেই এই মহদাদি ব্যক্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি, পালন ও সংহার করিতেছেন; অথচ ইহার কোন কর্ম্মেই আপনি লিপ্ত নহেন। আপনি অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশাদি ক্লেশের অতীত এবং স্বকীয় নিত্য নিরঞ্জন নিরতিশয় সুখে চির-বিদ্যমান।৮

হে অজিত! নিকৃষ্ট বিষয়-বাসনায় সদা উদ্ভ্রান্তচিত্ত মানবগণের চিত্তমালিন্য কেবল বিদ্যা, বেদাধ্যয়ন, দান, তপস্যা ও বেদোক্ত কর্ম্মকলাপের অনুষ্ঠানে তাদৃশ বিনষ্ট হয় না; কিন্তু আচার্য্যাদির মুখে আপনার অমল যশোরাশি শ্রবণে সত্ত্বপ্রধান ব্যক্তিগণের হৃদয়ে যে নিরুপম ভক্তির উদয় হয়, তাহার প্রভাবেই সকল দোষ অপসারিত হয়।৯

হে বাসুদেব! মোক্ষকাঙ্ক্ষী মনন-শীল মুনিগণ প্রেমার্দ্রহৃদয়ে যে চরণের চিন্তায় সদা কালাতিপাত করেন, আত্মজ্ঞানী সাধক ভক্তগণ স্বর্গাদি ফল-বাসনায় জলাঞ্জলি দিয়া কেবল সালোক্য-পদবীর প্রার্থনায় ত্রিকাল-সন্ধ্যাতে আপনার বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই ব্যূহ-চতুষ্টয়ে অবস্থিত আপনার শ্রীচরণচিন্তনে আসক্ত-চিত্ত থাকেন। সেই সর্ব্বফলপ্রদ আপনার চরণ-পদ্ম আমাদিগের যাবতীয় অনিষ্ট-রাশির প্রদহন-কর্ত্তা ধূমকেতু-রূপে উদিত হউক। এই আমাদের প্রার্থনা।১০

হে জগৎপতে! যাজ্ঞিক ব্রাহ্মণগণ যুক্তহস্তে হোমীয় হবি গ্রহণ পূর্ব্বক আহবনীয় যজ্ঞাগ্নিতে

পর্য্যুষ্টয়া তব বিভো বনমালয়েয়ং
সংস্পর্দ্ধিনী ভগবতী প্রতিপত্নিবচ্ছ্রীঃ।
যঃ সুপ্রণীতমমুয়ার্হণমাদদন্নো
ভূয়াৎ সদাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ ॥১২
কেতুস্ত্রিবিক্রমযুতস্ত্রিপতৎপতাকো
যস্তে ভয়াভয়করোঽসুর-দেবচম্বোঃ।
স্বর্গায় সাধুষু খলেম্বিতরায় ভূমন্
পাদঃ পুনাতু ভগবন্ ভজতামঘং নঃ ॥১৩
নস্যোতগাব ইব যস্য বশে ভবন্তি
ব্রহ্মাদয়স্তনুভৃতো মিথুরর্দ্দ্যমানাঃ।
কালস্য তে প্রকৃতি-পূরুষয়োঃ পরস্য
শং নস্তনোতু চরণঃ পুরুষোত্তমস্য ॥১৪

হে বিভো। প্রতিপত্নীবৎ (নিত্যং) সংস্পর্দ্ধিনী ভগবতী ইয়ং শ্রীঃ লক্ষ্মীঃ (বিদ্যমানা অপি) যঃ ত্বম্ অমুয়া পর্য্যুষ্টয়া পর্য্যুষিতয়া ভক্তৈরর্পিতয়া বনমালয়া সুপ্রণীতম্ (সুষ্ঠু সম্পাদিতং যথা ভবতি তথা) অর্হণম্ (পূজাম্) আদদৎ স্বীকৃতবান্, তস্য তব অঙ্ঘ্রিঃ নঃ অস্মাকং সদা অশুভাশয়-ধূমকেতুঃ ভূয়াৎ ॥১২

যঃ অঙ্ঘ্রিঃ (বলিবন্ধনে) ত্রিবিক্রম-যুতঃ (ত্রিভি-র্বিক্রমৈঃ ত্রিলোক-সংগ্রাহকৈঃ ন্যাসৈঃ যুতঃ) ত্রিপতৎপতাকঃ (ত্রিষু লোকেষু পতন্তী গঙ্গা-পতাকাঃ যস্য সঃ) তথা অসুর-দেব-চম্বোঃ (অসুর-দেবয়োঃ চম্বোঃ সেনয়োঃ যথাক্রমং) ভয়াভয়করঃ তথা সাধুষু স্বর্গায় সুখায়, খলেষু অসাধুষু চ ইতরায় নরকাদিদুঃখায় চ ভবতি, হে ভূমন্ ভগবন্! সঃ তব পাদঃ ভজতাং নঃ অস্মাকম্ অঘং সংসারদুঃখহেতুদোষং পুনাতু নিবর্ত্তয়তু ॥১৩

মিথুঃ মিথঃ অর্দ্দ্যমানাঃ যুদ্ধাদিভিঃ পীড্যমানাঃ ব্রহ্মাদয়ঃ অপি তনুভৃতঃ নসি নাসিকায়াম্ ওতাঃ (নাসিকাম্ আবিধ্য তত্র রজ্জুং প্রবেশ্য বদ্ধাঃ) গাবঃ বলিবর্দ্দাঃ ইব যস্য তব বশে ভবন্তি, কালস্য কলয়তুঃ প্রবর্ত্তকস্য, প্রকৃতিপুরুষয়োঃ পরস্য পুরুষোত্তমস্য তে তব চরণঃ নঃ অস্মাকং শং সুখং তনোতু বিদধাতু ॥১৪

বেদোক্ত বিধানানুসারে ইন্দ্রাদি দেবতার নামোচ্চারণ পূর্ব্বক তাৎপর্য্যতঃ যে পরমপুরুষ আপনাকে চিন্তা করিয়া আহুতি প্রদান করেন, আত্মনিষ্ঠ যোগাধিকারে ভবদীয় মায়াসম্বন্ধে জিজ্ঞাসু যোগিগণ যে মায়াময় আপনারই স্বরূপ চিন্তা করিয়া থাকেন এবং অকিঞ্চন পরম-ভাগবত ভক্ত সর্ব্ব-প্রকার প্রকৃতিক বিষয়চিন্তা পরিহার পূর্ব্বক একান্ত-হৃদয়ে যাঁহার পূজা করিয়া থাকেন, আপনিই সেই ভূতভাবন ভগবান্। আপনার চরণপদ্ম আমাদের যাবতীয় দুরিত-হরণে সর্ব্ব-দহনকারী ধূমকেতুরূপে প্রদর্শন করান।১১

হে সর্ব্বসম্পাদনকারিন্ সর্বেশ্বর! আনন্দস্বরূপ স্বয়ং লক্ষ্মী আপনার নিত্যসঙ্গিনী ও আদরের পাত্র তাঁহাকে আপনি নিয়ত-বাসের জন্য নিজ বক্ষঃস্থল সমর্পণ করিয়াছেন। সুতরাং তিনি নিশ্চিন্ত-মনে সর্বোত্তম স্থান অধিকার করত বিরাজ করেন বটে, কিন্তু কি আশ্চর্য্য! ভক্তের প্রদত্ত পুষ্পমালা পর্য্যুষিত হইলেও, প্রেমপুষ্পাঞ্জলি-জ্ঞানে আদরপূর্ব্বক সেই বক্ষে ধারণ করিয়া যেন লক্ষ্মীকে সপত্নীদুঃখে নিপাতিত করিয়াছেন।১২

হে ত্রিবিক্রম! বলিরাজের বন্ধনার্থ আপনার যে ত্রিপাদ বিক্ষেপে তিন লোক ব্যাপ্ত হইয়াছিল, আপনার যে চরণ হইতে উদ্ভূত সলিল ত্রিভুবনে প্রবাহিত হইয়া সংসারতরণের পতাকারূপে বিদ্যমান রহিয়াছে, যে চরণমাহাত্ম্যে অসুর-সৈন্যের ভয় ও দেব-সৈন্যের অভয় নিত্য প্রকাশমান এবং সাধুগণের স্বর্গাদি সুখ ও অসাধুগণের নরকাদি দুঃখ সতত সংঘটিত হয়, হে সর্বাধিপতে ভগবন্! আমরা আপনার সেই চরণের অভিলাষে সতত চিন্তা করিতেছি! আমাদিগকে সংসার-দুঃখ হইতে নিস্তার করুন।১৩

হে দেব! বলিবর্দ্দ যেমন নাসিকায় নিবিষ্ট রজ্জুর দ্বারা আকৃষ্ট হইয়া অবশভাবে প্রভুর আজ্ঞাবর্ত্তী হয়, স্বেচ্ছাধীন আচরণের অধিকার

অস্যাসি হেতুরুদয়-স্থিতি-সংযমানা-
মব্যক্ত-জীব-মহতামপি কালমাহুঃ।
সোঽয়ং ত্রিণাভিরখিলাপচয়ে প্রবৃত্তঃ।
কালো গভীররয় উত্তমপুরুষস্ত্বম্ ॥১৫

ত্বত্তঃ পুমান্ সমধিগম্য যয়াস্য বীর্য্যং
ধত্তে মহান্তমিব গর্ভমমোঘবীর্য্যঃ।
সোঽয়ং তয়ানুগত আত্মন আণ্ডকোষং
হৈমং সসর্জ্জ বহিরাবরণৈরুপেতম্ ॥১৬

তৎ তস্থুষশ্চ জগতশ্চ ভবানধীশো
যন্মায়য়োত্থগুণবিক্রিয়য়োপনীতান্।
অর্থান্ জুষন্নপি হৃষীকপতে ন লিপ্তো
যেঽন্যে স্বতঃ পরিহৃতাদপি বিভ্যতি স্ম ॥১৭

অস্য জগতঃ উদয়-স্থিতি-সংযমানাং হেতুঃ অসি, যতঃ অব্যক্তজীবমহতাম্ (অব্যক্তং প্রকৃতিঃ, জীবঃ পুরুষঃ, মহান্ মহত্তত্ত্বং তেষাম্) অপি কালং নিয়ন্তারং ত্বাম্ আহুঃ; (যঃ) অয়ং (সংবৎসরাত্মকঃ) ত্রিণাভিঃ (ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ঃ যস্য সঃ) গভীররয়ঃ (গভীরঃ রয়ঃ বেগো যস্য সঃ) অখিলাপচয়ে (অখিলস্য জগতঃ অপচয়ে বিনাশায়) প্রবৃত্তঃ কালঃ সঃ অপি ত্বম্ এব, অতঃ ত্বম্ উত্তমপুরুষঃ॥১৫

ত্বত্তঃ পুরুষোত্তমাৎ পুমান্ পুরুষঃ বীর্য্যং শক্তিং সমধিগম্য প্রাপ্য, যয়া শক্ত্যা অমোঘঃ বীর্য্যঃ সর্ব্বথা সমর্থঃ সন্ অস্য জগতঃ গর্ভং বীজম্ ইব প্রকৃতৌ মহান্তং ধত্তে উৎপাদয়ামাস, সঃ অয়ং মহান্ তয়া শক্ত্যা অনুগতঃ যুক্তঃ সন্ আত্মনঃ সকাশাৎ বহিঃ সপ্তভিঃ আবরণৈঃ উপেতম্ আবৃতং হৈমম্ আণ্ডকোষং সসর্জ॥১৬

যৎ যস্মাৎ মায়য়া প্রকৃত্যা, উত্থগুণবিক্রিয়য়া (উত্থা উজ্জৃম্ভিতা যা গুণবিক্রিয়া ইন্দ্রিয়বৃত্তিঃ তয়া) উপনীতান্ অর্থান্ শব্দাদিবিষয়ান্, জুষন্ জুষমাণঃ (দূরাদেব সাক্ষিতয়া অনুভবন্ অপি তৈঃ ন লিপ্তঃ তেষু অনাসক্তঃ ত্বম্) অপিতু যে অন্যে জীবাঃ তে স্বতঃ পরিহৃতাৎ (অধ্যাসপ্রাপ্তত্বে বস্তুতঃ সম্বন্ধরহিতাৎ অপি বিষয়বর্গাৎ) বিভ্যতি নরকাদিভয়ং প্রাপ্নুবন্তি) তৎ তস্মাৎ হে হৃষীকপতে! তস্থুষঃ স্থাবরস্য, জগতঃ জঙ্গমস্য চ ভবান্ এব অধীশঃ নিয়ন্তা ঈশ্বরঃ চ॥১৭

তাহাদের থাকে না; সেইরূপ সর্ব্বকলনকারী সাক্ষাৎ কালস্বরূপ আপনার অব্যক্ত শক্তিসঞ্চারে পরস্পরে যুদ্ধাদি দ্বারা বিমর্দ্দিত ব্রহ্মাদি হইতে আরম্ভ করিয়া যাবতীয় ভূতগ্রাম অবশভাবে আপনার ইঙ্গিতেরই অনুসরণ করিতেছেন; কেহই কখন স্বতন্ত্র-ভাবের পরিচয়প্রদান করিতে পারেন না। আপনি প্রকৃতিপুরুষেরও নিয়ামক; আপনার চরণই আমাদের একমাত্র সুখের নিদান।১৪

হে বিশ্বম্ভর! অব্যক্তস্বরূপ মূলপ্রকৃতি, তাহা হইতে প্রথম উৎপন্ন মহত্তত্ত্ব এবং তদধিষ্ঠিত জীবরূপী মহাপুরুষ এই তিনেরও দণ্ডধারী কাল বলিয়া যখন এক আপনাকেই সর্বত্র নিরূপণ করা হয়, তখন এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের হেতু এক আপনি মাত্র। প্রত্যেকে চারিমাস করিয়া এক এক ভাগ, এইরূপ তিন ভাগে বিভক্ত সংবৎসরাত্মক অব্যাহত গতিবিশিষ্ট অখিল সংসার সংহরণে কালরূপে যাঁহাকে নিরূপণ করা হয়, সেই স্বয়ং কালও এক আপনি; আপনিই পুরুষশ্রেষ্ঠরূপে সর্বত্র পরিকীর্ত্তিত।১৫

হে পুরুষোত্তম! আদিপুরুষ আপনা হইতেই বীর্য্য প্রাপ্ত ও অচিন্ত্য শক্তিযোগে অমোঘবীর্য্য এবং সর্বসমর্থ হইয়া এই প্রতীয়মান জগতের বীজপ্রদানে মূলপ্রকৃতি হইতে প্রথমসৃষ্ট মহত্তত্ত্ব উৎপাদন করিয়াছেন এবং সেই মহত্তত্ত্ব আবার আপনার সান্নিধ্যে অনুগৃহীত হইয়া স্বকীয় স্বরূপ হইতে এই সপ্তাবরণবিশিষ্ট হিরণ্ময় ব্রহ্মাণ্ডকোষ নির্ম্মাণ করিয়াছেন।১৬

হে হৃদয়চারিন্! আপনি এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎব্রহ্মাণ্ডের একমাত্র অধীশ্বর! আপনার অচিন্ত্য শক্তি যোগমায়ার গুণত্রয়ে প্রথম ইন্দ্রিয়-নিচয় উৎপন্ন হইয়াছে; তদনন্তর তাহার ভোগ্য বিষয়-জাত পরিকল্পিত হইয়াছে এবং আপনিই স্বয়ং বিশ্বসংসার অনুভব করিয়াও তাহাতে কিছুমাত্র

স্মায়াবলোকলবদর্শিতভাবহারি-
ভ্রূমণ্ডলপ্রহিতসৌরতমন্ত্রশৌণ্ডৈঃ।
পত্ন্যস্তু ষোড়শসহস্রমনঙ্গবাণৈ-
র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্ন বিভ্ব্যঃ ॥১৮
বিভ্ব্যস্তবামৃতকথোদবহাস্ত্রিলোক্যাঃ
পাদাবনেজসরিতঃ শমলানি হন্তুম্।
আনুশ্রবং শ্রুতিভিরঙ্ঘ্রিজমঙ্গসঙ্গৈ-
স্তীর্থদ্বয়ং শুচিষদস্ত উপস্পৃশন্তি ॥১৯

শ্রীশুক উবাচ।
ইত্যভিষ্টূয় বিবুধৈঃ সেশঃ শতধৃতির্হরিম্।
অভ্যভাষত গোবিন্দং প্রণম্যাম্বরমাশ্রিতঃ ॥২০

ব্রহ্মোবাচ।
ভূমের্ভারাবতারায় পুরা বিজ্ঞাপিতঃ প্রভো।
ত্বমস্মাভিরশেষাত্মন্ তৎ তথৈবোপপাদিতম্ ॥২১

স্মায়াবলোকলবদর্শিতভাবহারিভ্রূমণ্ডলপ্রহিতসৌরতমন্ত্রশৌণ্ডৈঃ (স্মায়াবলোকঃ মন্দস্মিতবিলসিতঃ অবলোকঃ তস্য লবঃ কটাক্ষঃ, তেন দর্শিতঃ যঃ ভাবঃ অভিপ্রায়বিশেষঃ তেন মনোহারি যৎ ভ্রূমণ্ডলং তেন প্রহিতাঃ প্রেষিতাঃ যে সৌরতমন্ত্রাঃ সুরতালাপাঃ তৈঃ শৌণ্ডৈঃ প্রগল্ভৈঃ) অনঙ্গবাণৈঃ (অনঙ্গস্য কামস্য বাণৈঃ সম্মোহনৈঃ) করণৈঃ কামকলাদিভিঃ, ষোড়শসহস্রং পত্ন্যঃ যস্য ইন্দ্রিয়ং মনঃ বিমথিতুং ক্ষোভয়িতুং ন বিভ্ব্যঃ ন সমর্থাঃ বভূবুঃ, (স ভবান্ ন ক্বাপি লিপ্তঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥১৮

হে ঈশ। তব অমৃতকথোদবহাঃ (অমৃতাঃ মধুরাঃ জন্মমরণাদিনিবর্ত্তিকাঃ যাঃ কথাঃ তদেব উদম্ উদকং বহন্তীতি তথাভূতাঃ কীর্ত্তিনদ্যঃ তথা) পাদাবনেজসরিতঃ গাঙ্গাদ্যাঃ চ ত্রিলোক্যাঃ তত্রস্থপ্রাণিজাতস্য শমলানি পাপানি হন্তুং বিভ্ব্যঃ সমর্থাঃ (অতএব) শুচিষদঃ (শুচয়ে আত্মবিশুদ্ধ্যর্থং সীদন্তি ক্লিশ্যন্তি প্রবর্ত্তন্তে তে বিশুদ্ধিকামাঃ) আনুশ্রবং গুর্ব্বোঃ উচ্চারণম্ অনুশ্রূয়তে ইতি অনুশ্রবো বেদস্তত্র ভবং কীর্ত্তিরূপং তীর্থং শ্রুতিভিঃ শ্রবণেন্দ্রিয়ৈঃ, অঙ্ঘ্রিজং নদ্যাত্মকং চ অঙ্গসঙ্গৈঃ এব (কীর্ত্তিদ্বয়ম্) উপস্পৃশন্তি সেবন্তে ॥১৯

শ্রীশুকঃ উবাচ। সেশঃ (ঈশেন রুদ্রেণ সহিতঃ) শতধৃতিঃ ব্রহ্মা বিবুধৈঃ সহ ইতি এবং হরিম্ অভিষ্টূয় প্রণম্য চ অম্বরম্ আশ্রিতঃ গগনস্থঃ সন্ গোবিন্দম্ অভ্যভাষত ॥২০

ব্রহ্মা উবাচ। হে অশেষাত্মন্ সর্ব্বাত্মন্। প্রভো। ভূমেঃ ভারাবতারায় অস্মাভিঃ পুরা ত্বং যথা বিজ্ঞাপিতঃ, তৎ তথৈব উপপাদিতং ত্বয়া সম্পাদিতম্ ॥২১

লিপ্ত হন না। কিন্তু সামান্য জীব মানব বৃথায় কল্পনাজাল-জড়িত অসম্যক্ প্রতি-ভাসমান পদার্থের সম্বন্ধ-কল্পনাতেই আসক্ত হইয়া নানাপ্রকার বিভীষিকা দর্শন করে।১৭

হে অনঙ্গদর্পখর্বকারিন্ বিভো জনার্দ্দন। আপনার ধৈর্য্য ও সামর্থ্যের বিষয় কি বর্ণনা করিব। ষোড়শসহস্র মহিষী সুমন্দ হাস্য-সহকারে কটাক্ষপাত, মনোহর ভ্রূযুগলের ঈষৎ ভঙ্গি করত প্রেমালাপন এবং প্রগল্ভতারূপ শত শত কামবাণের প্রয়োগেও আপনার ইন্দ্রিয়গণকে কিছুমাত্র উদ্‌ভ্রান্ত করিতে পারে নাই।১৮

হে পতিতপাবন। আপনার অমৃতোপম লীলাকথাপ্রবাহিনী কীর্ত্তিনদীগণ এবং চরণনিঃসৃত পবিত্রসলিলা গঙ্গাদি সরিদ্বরাগণ ত্রিলোকবাসীর দুরিতসমূহ দূর করিয়া থাকেন, এই নিমিত্ত মুমুক্ষু সাধকগণ স্ব স্ব আশ্রমোচিত ধর্ম্মের অনুষ্ঠান করত বেদান্তাদিতে উক্ত কীর্ত্তিনদী গুরুমুখ হইতে শ্রবণেন্দ্রিয়ের দ্বারা এবং বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গাদিকে অবগাহনের দ্বারা এই উভয় তীর্থই অনবরত সেবা করিতেছেন।১৯

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজেন্দ্র। কমলাসন ব্রহ্মা রুদ্রাদি দেবগণে পরিবৃত হইয়া ভগবান্ শ্রীহরির স্তব করিলেন এবং গগনাশ্রয়ে গোবিন্দকে প্রণাম পূর্ব্বক বলিতে লাগিলেন।২০

ব্রহ্মা কহিলেন,—হে প্রভো পরমেশ্বর। ধরিত্রীর অসহনীয় ভার হরণার্থ আমরা পূর্ব্বে আপনাকে

ধর্ম্মশ্চ স্থাপিতঃ সৎসু সত্যসন্ধেষু বৈ ত্বয়া।
কীর্ত্তিশ্চ দিক্ষু বিক্ষিপ্তা সর্ব্বলোকমলাপহা ॥২২
অবতীর্য্য যদোর্বংশে বিভ্রদ্ রূপমনুত্তমম্।
কর্ম্মাণ্যুদ্দামবৃত্তানি হিতায় জগতোঽকৃথাঃ ॥২৩
যানি তে চরিতানীশ মনুষ্যাঃ সাধবঃ কলৌ।
শৃণ্বন্তঃ কীর্ত্তয়ন্তশ্চ তরিষ্যন্ত্যঞ্জসা তমঃ ॥২৪
যদুবংশেঽবতীর্ণস্য ভবতঃ পুরুষোত্তম।
শরচ্ছতং ব্যতীয়ায় পঞ্চবিংশাধিকং প্রভো ॥২৫

সত্যসন্ধেষু (সত্যে সন্ধা অভিসন্ধির্যেষাং তেষু) সৎসু সাধুষু, ধর্ম্মঃ চ বৈ প্রসিদ্ধৌ স্থাপিতঃ তথা সর্ব্বলোকমলাপহা (সর্ব্বেষাং লোকানাং শ্রবণকীর্ত্তনাদিপরাণাং জনানাং মলং পাপং হন্তীতি) কীর্ত্তিঃ চ দিক্ষু বিক্ষিপ্তা বিস্তারিতা ॥২২

অনুত্তমং (ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তৎ অনুত্তমং) রূপং বপুঃ বিভ্রৎ বিভ্রাণো যদোঃ বংশে অবতীর্য্য জগতঃ হিতায় উদ্দামবৃত্তানি (উদ্দামানি উৎকটানি বৃত্তানি বিক্রমাঃ যেষু তানি) কর্ম্মাণি অকৃথাঃ ত্বং কৃতবান্ ॥২৩

হে ঈশ! সাধবঃ সদাচারনিষ্ঠাঃ মনুষ্যাঃ যানি তে তব চরিতানি শৃণ্বন্তঃ কীর্ত্তয়ন্তশ্চ অঞ্জসা অনায়াসেন, তমঃ (জন্মমরণাদিসংসারকারণম্ অজ্ঞানং) তরিষ্যন্তি ॥২৪

যেরূপ পরিজ্ঞাত করিয়াছি, হে সর্ব্বস্বামিন্! আপনি সেই সমস্ত কার্য্য তেমনই সুসম্পন্ন করিয়াছেন।২১

সত্যসংকল্প সাধুগণে ধর্ম্ম পুনঃ প্রতিষ্ঠিত করিয়াছেন ও লোকমাত্রেরই পাপহরা পবিত্র কীর্ত্তি-রাশি সর্ব্বত্র সর্ব্বতোভাবে পরিব্যাপ্ত করিয়াছেন।২২

অনুপম মদনমোহন মূর্ত্তিধারণে যদুবংশে অবতীর্ণ হইয়া কেবল জগতের মঙ্গলবিধানার্থই বিবিধ বিক্রমবিশিষ্ট বিচিত্র লীলাব্যাপার আপনি সমাপন করিয়াছেন।২৩

হে মঙ্গলময়! ঘোর কলিযুগের ভীষণ প্রতাপ-কালেও যে সাধু মানবগণ আপনার এই সমস্ত আচরণের বিষয় শ্রবণ ও কীর্ত্তন মাত্র করিবেন, তাঁহারাও এই অপার সংসার-সাগরের ভীষণ ঊর্ম্মি

নাধুনা তেঽখিলাধার দেবকার্য্যাবশেষিতম্।
কুলঞ্চ বিপ্রশাপেন নষ্টপ্রায়মভূদিদম্ ॥২৬
ততঃ স্বধাম পরমং বিশস্ব যদি মন্যসে।
সলোকান্ লোকপালান্নঃ পাহি বৈকুণ্ঠকিঙ্করান্ ॥২৭

(শ্রীশুক উবাচ।
সংস্তুতো ভগবানিত্থং বিবুধৈঃ পদ্মজাদিভিঃ।
প্রতিনন্দ্যাহ তান্ রাজন্ মায়ামনুজ ঈশ্বরঃ ॥)

হে বিভো পুরুষোত্তম! যদুবংশে অবতীর্ণস্য ভবতঃ পঞ্চবিংশাধিকং শরচ্ছতং বর্ষশতং ব্যতীয়ায় অতিক্রান্তম্ অভূৎ ॥২৫

হে অখিলাধার! অধুনা তে তব দেবকার্য্যাবশেষিতং ন অস্তি (ভূমিভারস্য নিরাকৃতত্বাৎ) ইদং কুলঞ্চ বিপ্রশাপেন নষ্টপ্রায়ম্ এব অভূৎ ॥২৬

হে বৈকুণ্ঠ! ততঃ (তস্মাৎ অবতারকার্য্যস্য সিদ্ধত্বাৎ) যদি মন্যসে ইচ্ছসি, (তর্হি) পরমং পরমোৎকৃষ্টং স্বধাম বৈকুণ্ঠং বিশস্ব যাহি, তথা সলোকান্ লোকৈঃ সহিতান্ নঃ অস্মান্ লোকপালান্ কিঙ্করান্ পাহি ॥২৭

ও তাহার কারণ ঘোর অজ্ঞানকে অনায়াসে অতিক্রম করিবেন।২৪

হে পুরুষপ্রধান! প্রভো পরমেশ্বর! যদুবংশে অবতীর্ণ হইয়া মনুষ্যপরিমাণে একশত পঞ্চবিংশ সংবৎসর অতিবাহিত করিয়াছেন।২৫

হে অখিলাধার! সম্প্রতি আপনার দেবকার্য্য-সাধনের আর কিছুই বাকী নাই এবং যদুকুলও বিপ্রশাপে প্রায় বিনষ্ট হইয়াছে।২৬

অতএব যদি ভাল বিবেচনা করেন, তবে স্বীয় পরমধাম বৈকুণ্ঠলোকে গমন করুন; হে বৈকুণ্ঠনাথ! আমরা তোমার কিঙ্কর, অতএব আমাদিগকে ও লোকসমূহকে রক্ষা এবং প্রতিপালন করুন।২৭

শ্রীভগবানুবাচ।

অবধারিতমেতন্মে যদাত্থ বিবুধেশ্বর।
কৃতং বঃ কার্য্যমখিলং ভূমের্ভারোঽবতারিতঃ ॥২৮
তদিদং যাদবকুলং বীর্য্য-শৌর্য্য-শ্রিয়োদ্ধতম্।
লোকং জিঘৃক্ষদ্ রুদ্ধং মে বেলয়েব মহার্ণবঃ ॥২৯
যদ্যসংহৃত্য দৃপ্তানাং যদূনাং বিপুলং কুলম্।
গন্তাস্ম্যনেন লোকোঽয়মুদ্বেলেন বিনঙ্ক্ষ্যতি ॥৩০
ইদানীং নাশ আরব্ধঃ কুলস্য দ্বিজশাপজঃ।
যাস্যামি ভবনং ব্রহ্মন্ এতদন্তে তবানঘ ॥৩১

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তো লোকনাথেন স্বয়ম্ভূঃ প্রণিপত্য তম্।
সহ দেবগণৈর্দেবঃ স্বধাম সমপদ্যত ॥৩২

[শ্রীশুকঃ উবাচ। হে রাজন্। পদ্মজাদিভিঃ বিবুধৈঃ দেবৈঃ মায়ামনুজঃ স্বেচ্ছয়া গৃহীতমনুষ্যনাট্যঃ ঈশ্বরঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ইত্থম্ এবং সংস্তুতঃ স্তুতিপূর্ব্বকং বিজ্ঞাপিতঃ প্রতিনন্দ্য তান্ বিবুধান্ আহ ॥]

শ্রীভগবান্ উবাচ। হে বিবুধেশ্বর! ব্রহ্মন্! সর্ব্বং কার্য্যং নিষ্পন্নম্ ইতি যৎ আত্থ যৎ কথয়সি, তৎ এতৎ মে ময়া অবধারিতং নিশ্চিতম্ এব। বঃ যুষ্মাকম্ অখিলং কার্য্যং কৃতম্; যতঃ ভূমেঃ ভারঃ অবতারিতঃ ॥২৮

বীর্য্যশৌর্য্যশ্রিয়োদ্ধতং (বীর্য্যং যুদ্ধসামর্থ্যং, শৌর্য্যং যুদ্ধে নির্ভয়ত্বং, শ্রীঃ ধনাদিসম্পৎ, তাভিঃ উদ্ধতম্ অনিবার্য্যম্) অতএব লোকং জিঘৃক্ষৎ নাশয়িতুম্ উদ্যুক্তং যদিদং যাদবকুলং তৎ মে ময়া বেলয়া মহার্ণবঃ ইব সর্ব্বতঃ রুদ্ধম্ ॥২৯

(অতঃ) দৃপ্তানাং গর্ব্বিতানাং যদূনাং বিপুলং কুলং যদি অসংহৃত্য (অহম্ অস্মাৎ লোকাৎ লোকান্তরং) গন্তাস্মি গমিষ্যামি, (তদা) উদ্বেলেন উল্লঙ্ঘিতমর্য্যাদেন অনেন যদুকুলেন অয়ং লোকঃ বিনঙ্ক্ষ্যতি ॥৩০

ইদানীং দ্বিজশাপতঃ (অস্য) কুলস্য নাশঃ আরব্ধঃ, অতঃ হে অনঘ! হে ব্রহ্মন্! এতদন্তে (বৈকুণ্ঠং যাস্যন্) তব ভবনং যাস্যামি ॥৩১

শ্রীশুকঃ উবাচ। লোকনাথেন কৃষ্ণেন ইতি এবম্ উক্তঃ স্বয়ম্ভূঃ দেবঃ ব্রহ্মা তং প্রণিপত্য দেবগণৈঃ সহ স্বধাম সমপদ্যত সমগাৎ ॥৩২

[শ্রীশুকদেব বলিলেন,—কমলাপতি মায়ামনুষ্য-রূপধারী ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক এই প্রকারে বন্দিত হইয়া তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক বলিতে লাগিলেন—।]

শ্রীভগবান্ কহিলেন,—হে বিবুধেশ্বর! তোমাদের যে কিছু বক্তব্য ছিল, তাহা আমি সমস্তই অবগত হইয়াছি; তোমাদের সকল কার্য্যই আমি সমাধা করিয়াছি এবং পৃথিবীর ভারও অপনোদিত করা হইয়াছে।২৮

কেবল এই যদুকুলের উপসংহার কার্য্য মাত্র অবশিষ্ট আছে; ইহারা বল, বিক্রম, সাহস ও ধনাদি ঐশ্বর্য্যে সকলের অপেক্ষা শ্রেষ্ঠ ও উন্নত; সুতরাং ইহারা সমগ্র জাতিকে পরাস্ত ও নিহত করিয়া আপনারা পরিব্যাপ্ত হইতে পারে। কিন্তু তীরভূমির দ্বারা সমুদ্রকে সীমাবদ্ধ রাখিবার ন্যায় কেবল আমিই ইহাদিগকে আপন মর্য্যাদা অতিক্রম করিতে দিই নাই।২৯

এই বলদর্পিত যদুগণের বিপুল কুল সংহার না করিয়া যদি আমি এখান হইতে লোকান্তরে গমন করি, তাহা হইলে ইহারা আপনাদের মর্য্যাদা অতিক্রম করিয়া সমুদায় লোক বিনষ্ট করিবে।৩০

সম্প্রতি বিপ্রশাপের প্রভাবে ইহাদের নাশ আরম্ভ হইয়াছে; এই কুল সম্পূর্ণ উৎসন্ন ও নির্ম্মূল হইয়া গেলে, আমি বৈকুণ্ঠলোকে গমন করিব। এবং হে ব্রহ্মন্! সেই সময়ে তোমার ব্রহ্মলোকেও গমন করিব।৩১

লোকনাথ শ্রীকৃষ্ণকর্ত্তৃক ব্রহ্মা এই প্রকারে অভিহিত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন এবং

অথ তস্যাং মহোৎপাতান্ দ্বারবত্যাং সমুত্থিতান্।
বিলোক্য ভগবানাহ যদুবৃদ্ধান্ সমাগতান্ ॥৩৩

শ্রীভগবানুবাচ।

এতে বৈ সুমহোৎপাতা ব্যুত্তিষ্ঠন্তীহ সর্ব্বতঃ।
শাপশ্চ নঃ কুলস্যাসীদ্ ব্রাহ্মণেভ্যো দুরত্যয়ঃ ॥৩৪

ন বস্তব্যমিহাস্মাভির্জিজীবিষুভিরার্য্যকাঃ।
প্রভাসং সুমহৎ পুণ্যং যাস্যামোঽদ্যৈব মা চিরম্ ॥৩৫

যত্র স্নাত্বা দক্ষশাপাদ্ গৃহীতো যক্ষ্মণোড়ুরাট্।
বিমুক্তঃ কিল্বিষাৎ সদ্যো ভেজে ভূয়ঃ কলোদয়ম্ ॥৩৬

বয়ঞ্চ তস্মিন্নাপ্লুত্য তর্পয়িত্বা পিতৄন্ সুরান্।
ভোজয়িত্বোশিজো বিপ্রান্ নানাগুণবতান্ধসা ॥৩৭

তেষু দানানি পাত্রেষু শ্রদ্ধয়োপ্ত্বা মহান্তি বৈ।
বৃজিনানি তরিষ্যামো দানৈর্নৌভিরিবার্ণবম্ ॥৩৮

অথ ব্রহ্মগমনানন্তরং তস্যাং দ্বারবত্যাং সমুত্থিতান্ মহোৎপাতান্ বিলোক্য ভগবান্ সমাগতান্ যদুবৃদ্ধান্ আহ ॥৩৩

শ্রীভগবান্ উবাচ। নঃ অস্মাকং কুলস্য ব্রাহ্মণেভ্যঃ দুরত্যয়ঃ অনুল্লঙ্ঘ্যঃ শাপঃ আসীৎ, অতঃ এতে সুমহোৎপাতাঃ বৈ ইহ সর্ব্বতঃ উত্তিষ্ঠন্তি ॥৩৪

অতঃ হে আর্য্যকাঃ! জিজীবিষুভিঃ জীবিতুম্ ইচ্ছদ্ভিঃ অস্মাভিঃ ইহ ন বস্তব্যং, কিন্তু অদ্যৈব সুমহৎ পবিত্রং পুণ্যং প্রভাসং যাস্যামঃ, অতঃ মা চিরং গমনবিলম্বং মা কুরু ॥৩৫

দক্ষশাপাৎ যক্ষ্মণা ক্ষয়রোগেণ গৃহীতঃ উড়ুরাট্ চন্দ্রঃ যত্র প্রভাসে স্নাত্বা কিল্বিষাৎ ক্ষয়রোগাৎ বিমুক্তঃ সন্ ভূয়ঃ সদ্যঃ এব কলোদয়ং কলাবৃদ্ধিং ভেজে ॥৩৬

বয়ম্ অপি তস্মিন্ তীর্থে আপ্লুত্য স্নাত্বা পিতৄন্ সুরান্ চ তর্পয়িত্বা নানাগুণবতা ষড়্রসোপেতেন অন্ধসা অন্নেন উশিজঃ কমনীয়ান্ উত্তমান্ বিপ্রান্ ভোজয়িত্বা ॥৩৭

তেষু পাত্রেষু বিপ্রেষু মহান্তি বৈ দানানি শ্রদ্ধয়া উপ্ত্বা পাত্রসাৎ কৃত্বা নৌভিঃ অর্ণবম্ ইব দানৈঃ বৃজিনানি দুঃখানি তরিষ্যামঃ ॥৩৮

শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

অন্যান্য দেবগণে পরিবৃত হইয়া দেবদেব কমলাসন স্বকীয় ব্রহ্মলোকে গমন করিলেন।৩২

ব্রহ্মা তথা হইতে গমন করিলে পর, শ্রীকৃষ্ণ দ্বারাবতীতে নানাপ্রকার উৎকট উৎপাতসমূহ উপস্থিত হইতে দেখিয়া, সমাগত প্রাচীন যদুবংশীয়গণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।৩৩

হে আর্য্যগণ! আমাদের কুলের উপর অব্যর্থ এবং দুর্লঙ্ঘ্য ব্রহ্মশাপ ঘটিয়াছে এবং সম্প্রতি অতি ভয়ঙ্কর নানাপ্রকার উৎপাতও সর্ব্বত্র উপস্থিত প্রতীত হইতেছে।৩৪

অতএব আপনারা প্রবীণ। বিশেষ বিবেচনা করিয়া দেখুন যে, যদি বাঁচিবার সাধ থাকে, তাহা হইলে আমাদের এস্থানে আর কোন মতে বাস করা কর্ত্তব্য নহে; তবে চলুন। আমরা আর বিলম্ব না করিয়া সত্বর সর্ব্বশ্রেষ্ঠ ও পবিত্র প্রভাসতীর্থে গমন করি।৩৫

দক্ষপ্রজাপতির অভিসম্পাতে উড়ুপতি চন্দ্র যখন ক্ষয়রোগগ্রস্ত হন, তখন এই পবিত্র তীর্থে স্নান করত তিনি সেই পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া পুনরায় কলাবৃদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন।৩৬

আমরাও সেই তীর্থে অবগাহন পূর্ব্বক দেবলোক ও পিতৃলোকের তর্পণ করিব এবং নানাপ্রকার রসবিশিষ্ট উপাদেয় অন্নাদি উৎকৃষ্ট ব্রাহ্মণগণকে ভোজন করাইব।৩৭

তাদৃশ সৎপাত্রে প্রচুর পরিমাণে দান করিলে, আমরা সুন্দর ও বিস্তীর্ণ নৌকাযোগে সমুদ্র উত্তীর্ণ হইবার ন্যায়, কেবল এক দানের বলে এই অপার দুঃখসাগর অতিক্রম করিব।৩৮

পণ্ডিত-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অনুবাদ সমাপ্ত।

শ্রীশ্রীঠাকুর-শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিতআর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

একাদশ-স্কন্ধে

উদ্ধব-গীতাংশঃ।*

শ্রীশ্রীঠাকুর-শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতঃ।

---

* মহাভারতের মধ্যে যেমন 'গীতা', সেখানে যেরূপ শ্রীভগবান্ প্রিয় সখা অর্জ্জুনকে উপদেশ করিয়া সমগ্র বিশ্বকে পরমানন্দলাভের যোগপথ দেখাইয়াছেন, সেইরূপ শ্রীমদ্ভাগবতের মধ্যে 'উদ্ধব-গীতা'; সেখানে শ্রীভগবান্ পরমভক্ত উদ্ধবকে উপদেশ করিয়া বিশ্ববাসীকে পরমতত্ত্বের অনুসন্ধানের পথনির্দ্দেশ করিয়াছেন। আমরা পরমারাধ্য শ্রীশ্রীঠাকুর সীতারামদাসোঙ্কারনাথ মহারাজের ব্যাখ্যা ও অনুবাদসহ সেই উদ্ধব-গীতা' প্রকাশ করিলাম।

শ্রীশুক উবাচ।

এবং ভগবতাদিষ্টা যাদবাঃ কুরুনন্দন।
গন্তুং কৃতধিয়স্তীর্থং স্যন্দনান্ সমযুযুজন্ ॥৩৯
তন্নিরীক্ষ্যোদ্ধবো রাজন্ শ্রুত্বা ভগবতোদিতম্।
দৃষ্ট্বারিষ্টানি ঘোরাণি নিত্যং কৃষ্ণমনুব্রতঃ ॥৪০
বিবিক্ত উপসঙ্গম্য জগতামীশ্বরেশ্বরম্।
প্রণম্য শিরসা পাদৌ প্রাঞ্জলিস্তমভাষত ॥৪১

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুক বলিলেন)। হে কুরুনন্দন (হে কুরুনন্দন) ভগবতা (ভগবান্) শ্রীকৃষ্ণেন (শ্রীকৃষ্ণ কর্ত্তৃক) এবং (এইরূপ) আদিষ্টাঃ (আজ্ঞপ্ত) যাদবাঃ (যাদবগণ) তীর্থং (তীর্থে) গন্তুং (গমন করিতে) কৃতধিয়ঃ সন্তঃ (কৃতনিশ্চয় হইয়া) স্যন্দনান্ (রথসকল) সমযুযুজন্ (যোজিত করিলেন) ॥৩৯

রাজন্ (হে রাজন্)। ঘোরাণি (দারুণ) অরিষ্টানি (উৎপাতসকল) দৃষ্ট্বা (দেখিয়া) ভগবতা (ভগবানের) উদিতং (কথিত বচন) শ্রুত্বা (শ্রবণ করিয়া) তৎ (প্রভাস গমন উদ্যোগ) নিরীক্ষ্য (দেখিয়া) নিত্যং (নিত্য) অনুব্রতঃ (কৃষ্ণপ্রাণ) উদ্ধবঃ (উদ্ধব) জগতাম্ (জগতের) ঈশ্বরেশ্বরম্ (ব্রহ্মাদির ঈশ্বর শ্রীকৃষ্ণের নিকটে) বিবিক্তে (নির্জ্জনে) উপসংগম্য (গমন করিয়া) শিরসা (মস্তকের দ্বারা) তস্য (তাঁহার) পাদৌ (চরণযুগল) প্রণম্য (প্রণাম করত) প্রাঞ্জলিঃ (কৃতাঞ্জলিপুটে) তম্ (তাঁহাকে) অভাষত (বলিলেন) ॥৪০-৪১

উদ্ধব উবাচ।

দেবদেবেশ যোগেশ পুণ্যশ্রবণকীর্ত্তন।
সংহৃত্যৈতৎ কুলং নূনং লোকং সন্ত্যক্ষ্যতে ভবান্॥
বিপ্রশাপং সমর্থোঽপি প্রত্যহন্ ন যদীশ্বরঃ ॥৪২
নাহং তবাঙ্ঘ্রিকমলং ক্ষণার্দ্ধমপি কেশব।
ত্যক্তুং সমুৎসহে নাথ স্বধাম নয় মামপি ॥৪৩

শ্রীউদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন) দেবদেবেশ (হে দেবগণেরও দেবেশ) যোগেশ (যোগেশ্বর) পুণ্যশ্রবণকীর্ত্তন (পবিত্রকীর্ত্তি)। এতৎ (এই) কুলং (কুলকে) সংহৃত্য (সংহার করিয়া) নূনং (নিশ্চিত) ভবান্ (আপনি) ইমং (এই) লোকং (লোক) সংত্যক্ষ্যতে (পরিত্যাগ করিবেন) যতঃ (যেহেতু) ঈশ্বরঃ (ঈশ্বর) অতঃ (এজন্য) সমর্থঃ (সমর্থ হইয়াও) বিপ্রশাপং (ব্রাহ্মণের শাপ) ন প্রত্যহন্ (প্রতিহত করিলেন না) ॥৪২

কেশব (হে কেশব)। তব (আপনার) অঙ্ঘ্রিকমলম্ (চরণযুগল) অহং (আমি) ক্ষণার্দ্ধম্ (অর্দ্ধক্ষণ) অপি (ও) ত্যক্তুং (ত্যাগ করিতে) ন উৎসহে (সমর্থ হইব না), অতঃ (এই হেতু) নাথ (হে নাথ)। মাম্ (আমাকে) অপি (ও) স্বধাম (স্বধামে) নয় (লইয়া চলুন) ॥৪৩

শ্রীশ্রীগুরবে নমঃ।
ওঁ নমো ভগবতে বাসুদেবায়।
শ্রীমদ্‌ভাগবতোক্ত
শ্রীউদ্ধব-গীতা

উৎপত্তি-স্থিতি-ভঙ্গানি জায়ন্তে জগতো যতঃ।
সর্ব্বকারণকর্ত্তারমোঙ্কারং প্রণমাম্যহম্॥
নমস্তে সর্ব্বভূতানাং জননীমজসম্ভবাম্।
শ্রিয়মুন্নিদ্র-পদ্মাক্ষীং বিষ্ণোর্বক্ষঃস্থলস্থিতাম্॥
ত্বং মাতা সর্ব্বভূতানাং দেবদেবো হরিঃ পিতা।
ত্বয়ৈতদ্ বিষ্ণুনা চাম্ব জগদ্ ব্যাপ্তং চরাচরম্ ॥

শ্রীশুকদেব বলিলেন—হে কুরুকুল আনন্দপ্রদ পরীক্ষিৎ! শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্রের এইরূপ আদেশপ্রাপ্ত হইয়া যাদবসকল প্রভাসতীর্থে যাইবার জন্য স্থির করত রথসমূহে অশ্ব যোজিত করিতে লাগিলেন।৩৯

হে রাজন্! ভীষণ উপদ্রবসকল দর্শন করিয়া শ্রীভগবানের কথিত বাক্য শ্রবণপূর্ব্বক যদুবংশীয়গণের প্রভাসক্ষেত্রে গমন উদ্যোগ দেখিয়া সতত কৃষ্ণৈকশরণ উদ্ধব জগতের ঈশ্বর, ব্রহ্মাদিরও ঈশ্বর শ্রীকৃষ্ণের নিকট একান্তে উপস্থিত হইয়া মস্তকের দ্বারা চরণযুগলে প্রণাম করত করজোড়ে বলিতে লাগিলেন।৪০-৪১

উদ্ধব বলিলেন—হে দেবদেবেশ। হে নিখিল

তব বিক্রীড়িতং কৃষ্ণ নৃণাং পরমমঙ্গলম্।
কর্ণপীযূষমাস্বাদ্য ত্যজন্ত্যন্যস্পৃহাং জনাঃ ॥৪৪

শয্যাসনাটনস্থান-স্নানক্রীড়াশনাদিষু।
কথং ত্বাং প্রিয়মাত্মানং বয়ং ভক্তাস্ত্যজেম হি ॥৪৫

ত্বয়োপভুক্তস্রগ্-গন্ধ-বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥৪৬

কৃষ্ণ (হে কৃষ্ণ) নৃণাং (নরগণের) কর্ণপীযূষং (কর্ণের সুধাবৎ স্বাদজনক) পরমমঙ্গলং (পরম মঙ্গল) তব (আপনার) বিক্রীড়িতম্ (লীলাসকল) আস্বাদ্য (শ্রবণ করিয়া) জনাঃ (জনগণ) অন্যস্পৃহাং (বৈষয়িক সুখেচ্ছা) ত্যজন্তি (ত্যাগ করে) ॥৪৪

অতঃ (এই হেতু) যে (যে) ভক্তাঃ (ভক্তগণ আমরা) শয্যাসনাটনস্থানস্নান-ক্রীড়াশনাদিষু (শয়ন ভ্রমণ উপবেশন অবস্থিতি স্নান ক্রীড়া ভোজনাদিতে) ত্বাং (আপনাকে) নিত্যং (নিত্য) সেবিতবন্তঃ (সেবা করিতেছি), তে (সেই) বয়ং (আমরা) প্রিয়ম্ (প্রিয়) আত্মানং (আত্মস্বরূপ) ত্বাং

যোগের ফলদাতা যোগেশ্বর, পুণ্যশ্রবণকীর্ত্তন। এই যদুবংশকে বিনষ্ট করিয়া নিশ্চিত আপনি নরলোক ত্যাগ করিবেন। যেহেতু আপনি ঈশ্বর, ব্রাহ্মণগণের অভিশাপ অবশ্য অন্যথা করিতে সমর্থ—তাহা করিলেন না।৪২

হে কেশব! আপনার চরণযুগল আমি ক্ষণার্দ্ধ-কালও ত্যাগ করিয়া থাকিতে পারিব না। অতএব হে অগতির গতি, অনাথের নাথ! আমাকেও আপনার ধামে লইয়া চলুন।৪৩

হে কৃষ্ণ! মানবগণের কর্ণযুগলের অমৃতের ন্যায় সুস্বাদু, মধুর, অশেষ কলুষরাশি নিবৃত্তিপূর্ব্বক পরম মঙ্গল ও আনন্দজনক আপনার লীলাসমুদয় শ্রবণ করত জনগণ দেহ গেহ ধন স্ত্রী পুত্র বিষয় বৈভবাদির আসক্তি পরিত্যাগ করেন।৪৪

অতএব একত্র শয়ন, ভ্রমণ, উপবেশন, অবস্থিতি,

বাতরশনা য ঋষয়ঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ।
ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসি-
নোঽমলাঃ ॥৪৭

বয়ন্ত্বিহ মহাযোগিন্ ভ্রমন্তঃ কর্ম্মবর্ত্মসু।
ত্বদ্‌বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ ॥৪৮

স্মরন্তঃ কীর্ত্তয়ন্তস্তে কৃতানি গদিতানি চ।
গত্যুৎস্মিতেক্ষণক্ষ্বেলি যন্নৃলোকবিড়ম্বনম্ ॥৪৯

(আপনাকে) কথং (কি প্রকারে) ত্যজেম হি (ত্যাগ করিব) ॥৪৫

ত্বয়া (তোমা কর্ত্তৃক) উপভুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ (ত্যক্ত মাল্য গন্ধ বাস অলঙ্কারে অলঙ্কৃত) উচ্ছিষ্টভোজিনঃ (উচ্ছিষ্টভোজী) দাসাঃ (দাস) বয়ং (আমরা) তব (আপনার) মায়াং (মায়া) হিঃ (নিশ্চিত) জয়েম (জয় করিব) ॥৪৬

বাতবসনাঃ (দিগম্বর) শ্রমণাঃ (ভিক্ষু) ঊর্দ্ধমন্থিনঃ (ঊর্দ্ধরেতা) অমলা (নির্ম্মল) শান্তাঃ (কামক্রোধাদিরহিত) সন্ন্যাসিনঃ (সন্ন্যাসিগণ) ত্যক্তভোগাঃ (ভোগত্যাগী) ঋষয়ঃ (ঋষিগণ) (তে তোমার) ব্রহ্মাখ্যম্ (ব্রহ্মনামক) অক্ষরং (অক্ষর) ধাম (ধাম) যান্তি (গমন করেন) ॥৪৭

স্নান, ক্রীড়া, ভোজনাদিকালে যে ভক্তগণ নিত্য আপনাকে সেবা করিয়া আসিতেছে, সেই আমরা আত্মা হইতেও প্রিয়তম আপনাকে কিরূপে ত্যাগ করিয়া অবস্থান করিব?৪৫

আপনার উপভুক্ত পরিত্যক্ত মাল্য গন্ধ বস্ত্র অলঙ্কারে অলঙ্কৃত উচ্ছিষ্টভোজী দাস আমরা আপনার অঘটন-ঘটনপটীয়সী মায়াকে নিশ্চিতই জয় করিতে সমর্থ হইব।৪৬

দিগম্বর, আহারাদি সঙ্কোচ, শীত গ্রীষ্ম বাত বর্ষা আদি সহনের দ্বারা শ্রমকারী ভিক্ষু, অষ্টবিধ মৈথুনত্যাগী ঊর্দ্ধরেতা, পাপ-বিরহিত ঋষিসকল আপনার ব্রহ্মনামক অক্ষরধামে গমন করিয়া থাকেন।৪৭

হে মহাযোগিন্! আমরা কিন্তু ইহলোকে কর্ম্মমার্গে দেব-মনুষ্যাদি নানা যোনিতে ভ্রমণ

শ্রীশুক উবাচ।
এবং বিজ্ঞাপিতো রাজন্ ভগবান্ (১)দেবকীসুতঃ।
একান্তিনং প্রিয়ং ভৃত্যমুদ্ধবং সমভাষত ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬

মহাযোগিন্ (হে মহাযোগিন্)। বয়ং (আমরা) তু (কিন্তু) ইহ (সংসারে) কর্ম্মবর্ত্মসু (কর্মপথসমূহে) ভ্রমন্তঃ (ভ্রমণ করিতে করিতে) তাবকৈঃ (আপনার ভক্তগণসঙ্গে) তে (আপনার) কৃতানি (কর্ম্মসকল) গদিতানি (উপদেশাবলী) তথা (ও) গত্যুৎস্মিতেক্ষণ-ক্ষ্বেলি (গতি হাস্য দর্শন পরিহাস যৎ চ (যাহা) নৃলোকবিড়ম্বনং (মনুষ্যগণের অনুকরণ), তৎ চ (তাহা) স্মরন্তঃ (স্মরণ) চ (ও) কীর্ত্তয়ন্তঃ (কীর্ত্তন করিয়া) এবং (এইরূপ) ত্বদ্বার্ত্তয়া (আপনার কথার দ্বারা) দুস্তরং (অপার) তমঃ (সংসার দুঃখ) তরিষ্যাম (উত্তীর্ণ হইব) ॥৪৮-৪৯

শ্রীশুকঃ উবাচ (শ্রী শুকদেব বলিলেন) রাজন্ (হে রাজন্)। এবং (এইরূপ) বিজ্ঞাপিতঃ (নিবেদিত) ভগবান্ (ভগবান্) দেবকীসুতঃ (দেবকীসুত) একান্তিনং (অনন্যদৈবত) প্রিয়ং (প্রিয়) ভৃত্যম্ (সেবক) উদ্ধবং (উদ্ধবকে) প্রত্যভাষত (বলিলেন) ॥৫০

শ্রীমদ্‌ভাগবতে একাদশস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে
শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

করিতে করিতে আপনার চরণারবিন্দমকরন্দলুব্ধ ভক্ত পরম-ভাগবতগণের সহিত অনুষ্ঠিত লীলাসমূহ ও উপদেশসকল এবং গমন হাস্য নিরীক্ষণ পরিহাস প্রভৃতি মানবানুকরণ লীলাস্মরণ ও কীর্ত্তন করিয়া তোমার প্রেমময়ী কথার দ্বারা দুস্তর সংসারসাগর গোস্পদের ন্যায় অনায়াসে উত্তীর্ণ হইব।৪৮-৪৯

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্। পরমভক্ত শ্রীউদ্ধব এই কথা বলিলে তখন দেবকীনন্দন শ্রীভগবান্ অনন্যশরণ দয়িত সেবক উদ্ধবকে কহিলেন।৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের
একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
ষষ্ঠ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

১। পরমাত্মার সেই (অণু হইতে অণু, মহৎ হইতে মহৎ) মূর্ত্তিই ভগবৎশব্দের বাচ্য এবং ভগবৎশব্দই সেই আদি অক্ষর 'পরমাত্মার বাচক'......হে দ্বিজ! সেই পরমব্রহ্ম শব্দের অগোচর হইলে তাঁহার পূজার জন্য তাঁহাকে ভগবৎ-শব্দদ্বারা কীর্ত্তন করা যায়। হে মৈত্রেয়! বিশুদ্ধ এবং সর্ব্বকারণের কারণ মহাবিভূতিশালী সেই পরমব্রহ্মতেই ভগবৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে। ভগবৎশব্দে ভ-কারের দুইটী অর্থ; প্রথম তিনিই সকলের ভরণকর্ত্তা, দ্বিতীয় সমস্তের আধার; গ-কারের দুইটী অর্থ গময়িতা (সমস্ত কর্ম্ম ও জ্ঞানের প্রাপক) ও স্রষ্টা। সমগ্র ঐশ্বর্য্য, ধর্ম্ম, যশ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য এই ছয়টীর নাম ভগ। অখিলের আত্মভূত সেই পরমাত্মায় ভূতগণ অবস্থান করিতেছে ব-কারের দ্বারা—এই অর্থই লাভ হইয়া থাকে। হে সাধুশ্রেষ্ঠ! এবম্বিধ অর্থসম্পন্ন 'ভগবৎ' এই মহান্ শব্দ পরম ব্রহ্মস্বরূপ, সেই বাসুদেব ব্যতিরিক্ত অন্য কুত্রাপি প্রযুক্ত হয় না। সেই পরমব্রহ্মেই এই ভগবৎশব্দ সার্থকতা লাভ করিয়া থাকে, অন্যত্র ইহা প্রযুক্ত হইলে নিরর্থক হয়। ভূতগণের উৎপত্তি, প্রলয়, অগতি গতি এবং বিদ্যা ও অবিদ্যাকে তিনি জানেন এইজন্য তাঁহাকে ভগবান্ বলা যায়। জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য ও তেজ প্রভৃতি সদ্‌গুণসমূহই ভগবৎশব্দের বাচ্য।

শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠে অংশে পঞ্চমোঽধ্যায়ঃ।

সপ্তমঃ অধ্যায়ঃ।

[উদ্ধবপৃষ্টেন শ্রীভগবতা তস্মৈ জ্ঞানোপদেশকরণং, তত্র প্রসঙ্গেনাবধূতোপাখ্যান-মারভ্য তদীয়-চতুর্বিংশতিগুরুষু অষ্টগুরুভ্য উপদেশগ্রহণবর্ণনম্।]

শ্রীভগবানুবাচ।

যদাত্থ মাং মহাভাগ তচ্চিকীর্ষিতমেব মে।
ব্রহ্মা ভবো লোকপালাঃ স্বর্বাসং মেঽভিকাঙ্ক্ষিণঃ॥১

ময়া নিষ্পাদিতং হ্যত্র দেবকার্য্যমশেষতঃ।
যদর্থমবতীর্ণোঽহমংশেন ব্রহ্মণার্থিতঃ॥২

কুলং বৈ শাপনির্দ্দগ্ধং নঙ্ক্ষ্যত্যন্যোন্যবিগ্রহাৎ।
সমুদ্রঃ সপ্তমেঽহ্ন্যেতাং পুরীঞ্চ প্লাবয়িষ্যতি॥৩

যর্হ্যেবায়ং ময়া ত্যক্তো লোকোঽয়ং নষ্টমঙ্গলঃ।
ভবিষ্যত্যচিরাৎ সাধো কলিনাপি নিরাকৃতঃ॥৪

ন বস্তব্যং ত্বয়ৈবেহ ময়া ত্যক্তে মহীতলে।
জনোঽধর্ম্মরুচির্ভদ্র ভবিষ্যতি কলৌ যুগে॥৫

অন্বয়ঃ

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান বলিলেন্),—মহাভাগ (হে মহাভাগ)। মাং প্রতি (আমাকে) যৎ (যাহা) আত্থ (বলিতেছ), তৎ (তাহা) মে (আমার) চিকীর্ষিতং (বাঞ্ছিত); যতঃ (যেহেতু) ব্রহ্মা (প্রজাপতি), ভবঃ (মহেশ্বর), লোকপালাঃ (লোকপালসমূহ) অপি (ও) মে (আমার) স্বর্বাসম্ (বৈকুণ্ঠবাস) অভিকাঙ্ক্ষিণঃ (আকাঙ্ক্ষা করত) বর্ত্তন্তে (অপেক্ষা করিতেছেন)॥১

ব্রহ্মণা (ব্রহ্মা কর্ত্তৃক) অর্থিতঃ (যাচিত) অহম্ (আমি) অংশেন (অংশের সহিত) যদর্থম্ (যে জন্য) অবতীর্ণঃ (আবির্ভূত), তৎ (তাহা) দেবকার্য্যং (দেবকার্য্য) হি অত্র (এখানে) ময়া (আমা কর্ত্তৃক) অশেষতঃ (অশেষভাবে) নিষ্পাদিতম্ (নিষ্পাদিত হইয়াছে)॥২

অন্বয়ঃ

যৎ অবশিষ্টং (যে অবশিষ্ট) কুলং (কুল) বৈ দৃশ্যতে (দৃষ্ট হইতেছে), তৎ অপি (তাহাও) শাপনির্দ্দগ্ধং (শাপের দ্বারা ভস্মীভূত) সৎ (হইয়া) অন্যোন্যবিগ্রহাৎ (পরস্পর কলহহেতু) নঙ্ক্ষ্যতি (এব বিনষ্ট হইয়া যাইবে)। সমুদ্রঃ (সমুদ্র) চ (ও) সপ্তমেঽহ্নি (সপ্তম দিবসে) এতাং (এই) পুরীং (দ্বারকাকে) চ (ও) প্লাবয়িষ্যতি (প্লাবিত করিবে)॥৩

সাধো (হে সাধো)। অয়ং (এই) লোকঃ (লোক) যর্হি (যখন) এব (ই) ময়া (আমাকর্ত্তৃক) ত্যক্তঃ (ত্যক্ত) ভবিষ্যতি (হইবে), তদৈব (তখনই) কলিনা (কলির দ্বারা) নিরাকৃতঃ (অভিভূত) সন্ (হইয়া) নষ্টমঙ্গলং (কল্যাণ-বিহীন) ভবিষ্যতি (হইবে)॥৪

সপ্তম অধ্যায়।

[উদ্ধবের দ্বারা জিজ্ঞাসিত শ্রীভগবান্ কর্ত্তৃক তাঁহাকে জ্ঞানোপদেশকরণ এবং সেই উপদেশমধ্যে প্রসঙ্গক্রমে অবধূতের উপাখ্যান আরম্ভ করিয়া তদীয় চতুর্বিংশতি গুরুর মধ্যে অষ্ট সংখ্যক গুরুর নিকট হইতে উপদেশ গ্রহণবর্ণন]

যো গূঢ়ঃ সর্ব্বভূতেষু সর্ব্বভূতানি শাস্তি যঃ।
সর্ব্বভূত-স্বরূপী চ ওঙ্কারং প্রণমাম্যহম্॥

শ্রীভগবান্ বলিলেন—মহাভাগ। আমাকে যাহা বলিতেছ—তাহাই আমার অভিপ্রেত, যেহেতু প্রজাপতি ব্রহ্মা, শঙ্কর ও লোকপালবৃন্দও আমার বৈকুণ্ঠবাস আকাঙ্ক্ষা করিতেছেন।১

ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া আমি অংশের সহিত যে ভূভার হরণরূপ দেবকার্য্য করিবার জন্য অবতীর্ণ হইয়াছিলাম, তাহা আমি সম্পূর্ণরূপে নিষ্পন্ন করিয়াছি।২

যে অবশিষ্ট কুল দেখা যাইতেছে, তাহাও ব্রাহ্মণ-গণের দারুণ শাপের দ্বারা ভস্মসাৎ হইয়া পরস্পর কলহকরত বিনাশপ্রাপ্ত হইবে। সমুদ্রও সপ্তম দিবসে এই দ্বারকাপুরীকে জলের দ্বারা প্লাবিত করিবে।৩

হে সাধো। যখনই আমি এই মরলোক পরিত্যাগ করিব, তৎক্ষণাৎ কলির দ্বারা অভিভূত হইয়া ইহা মঙ্গল-বিরহিত হইবে; সংসারে কল্যাণের লেশমাত্র থাকিবে না।৪

ত্বন্তু সর্ব্বং পরিত্যজ্য স্নেহং স্বজনবন্ধুষু।
ময্যাবেশ্য মনঃ সম্যক্ সমদৃগ্ বিচরস্ব গাম্ ॥৬
যদিদং মনসা বাচা চক্ষুর্ভ্যাং শ্রবণাদিভিঃ।
নশ্বরং গৃহ্যমাণঞ্চ বিদ্ধি মায়া-মনোময়ম্ ॥৭
পুংসোঽযুক্তস্য নানার্থো ভ্রমঃ স গুণদোষভাক্।
কর্ম্মাকর্ম্ম-বিকর্ম্মেতি গুণদোষধিয়ো ভিদা ॥৮
তস্মাদ্ যুক্তেন্দ্রিয়গ্রামো যুক্তচিত্ত ইদং জগৎ।
আত্মনীক্ষস্ব বিততমাত্মানং ময্যধীশ্বরে ॥৯
জ্ঞান-বিজ্ঞানসংযুক্ত আত্মভূতঃ শরীরিণাম্।
আত্মানুভবতুষ্টাত্মা নান্তরায়ৈর্বিহন্যসে ॥১০
দোষবুদ্ধ্যোভয়াতীতো নিষেধান্ন নিবর্ত্ততে।
গুণবুদ্ধ্যা চ বিহিতং ন করোতি যথার্ভকঃ ॥১১

ময়া (আমাকর্ত্তৃক) মহীতলে (ধরণী) ত্যক্তে সতি (পরিত্যক্ত হইলে) কলৌ (কলি) যুগে (যুগে) জনঃ (মানব) অধর্মরুচিঃ (অধর্ম্মপরায়ণ) ভবিষ্যতি (হইবে) এব (ই); অতঃ (এই হেতু) ভদ্র (হে সাধো)! ত্বয়া (তুমি) ইহ (এখানে) ন বস্তব্যম্ (থাকিবে না)।৫

স্বজনবন্ধুষু (স্বজন বন্ধুগণে) সর্ব্বং (সমস্ত) স্নেহং (প্রীতি) পরিত্যজ্য (পরিত্যাগ করত) মনঃ (মন) ময়ি (আমাতে) সম্যক্ (উত্তমরূপে) আবেশ্য (আবিষ্ট করিয়া) সমদৃক্ (সমদৃষ্টি হইয়া) ত্বং তু (তুমিও) গাং (পৃথিবী) বিচরস্ব (ভ্রমণ কর)॥৬

মনসা (মন), বাচা (বাক্য), চক্ষুর্ভ্যাং (চক্ষুদ্বয়), শ্রবণাদিভিঃ (ও কর্ণাদির দ্বারা) গৃহ্যমাণং (গৃহীত) নশ্বরম্ ইদং (নশ্বর এই) যং (যাহা) তৎ (তাহা) মায়া-মনোময়ম্ (মায়া-মনঃকল্পিত) বিদ্ধি (জানিবে)॥৭

অযুক্তস্য (বিক্ষিপ্তচিত্তের) নানার্থঃ (বহুবিধ ভেদবিষয়) ভ্রমঃ (ভ্রম) ভবতি (হয়), সঃ (সেই) পুমান্ (পুরুষ) এব (ই) গুণদোষযুক্তঃ (গুণ-দোষের ভাগী হন), তস্য এব (সেই) গুণ-দোষধিয়ঃ (সুখদুঃখাদি আকুলচিত্তের) কর্ম্ম (বিহিত কর্ম্ম), অকর্ম্ম (বিহিত অকরণ), বিকর্ম্ম (নিষিদ্ধাচরণ) ইতি (এই) ভিদা (ভেদ)॥৮

তস্মাৎ (অতএব) যুক্তেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয়) যুক্তচিত্তঃ (সমাহিতাত্মা) সন্ (হইয়া) ইদম্ (এই দেহাদি) আত্মনি (জীবাত্মায়) তথা (ও) আত্মানম্ (আত্মাকে) অপি (ও) অধীশ্বরে (সর্ব্বেশ্বরে) ময়ি (আমাতে) বিততম্ (ব্যাপ্ত) ঈক্ষস্ব (দেখ)॥৯

জ্ঞানবিজ্ঞানসংযুক্তঃ (পরোক্ষ ও অপরোক্ষজ্ঞানসম্পন্ন) আত্মানুভব-তুষ্টাত্মা (আত্মোপলব্ধিতে হৃষ্টচিত্ত) অতঃ (এই হেতু) শরীরিণাং (দেবগণের) আত্মভূতঃ (আত্মভূত) ত্বং (তুমি) নান্তরায়ৈঃ (তাহাদের কৃত বিঘ্নসকলের দ্বারা) ন বিহন্যসে (ব্যাহত হইবে না)॥১০

উভয়াতীতঃ (গুণদোষবুদ্ধি অতীত) দোষবুদ্ধ্যা (দোষবুদ্ধি হেতু) ন নিবর্ত্ততে (নিবৃত্ত হন না), অর্ভকঃ (বালক) যথা (যেরূপ) তথা (তদ্রূপ) চ (ও) গুণবুদ্ধ্যা (গুণবুদ্ধিতে) ন করোতি (কার্য্যানুষ্ঠান করেন না)॥১১

সমস্ত বন্ধুবান্ধব আত্মীয় স্বজনগণে কৃত অনুরাগ পরিত্যাগপূর্ব্বক মন পরমেশ্বর আমাতে উত্তমরূপে নিবিষ্ট করিয়া 'সর্ব্বত্র একমাত্র বাসুদেব আমি আছি' এইরূপ দেখিতে দেখিতে তুমি পৃথিবীতে বিচরণ কর।৬

আমি এই পৃথিবী পরিত্যাগ করিলে কলিযুগে মনুষ্যগণ অধর্ম্মে অনুরাগী হইবে; অতএব হে সাধো! তুমি আর এস্থানে অবস্থান করিও না।৫

মন, বাক্য, চক্ষু ও কর্ণাদির দ্বারা যাহা কিছু ক্ষণভঙ্গুর বিষয় গৃহীত হয়, তাহা আমার মায়ারচিত ও জীবের মনঃকল্পিত জানিবে।৭

অতাত্ত্বিক বিক্ষিপ্তচিত্ত পুরুষের নানার্থ ভেদ বিষয়ক ভ্রম হয়, তজ্জন্য সেই পুরুষ গুণ-দোষের ভাগী অর্থাৎ সুখদুঃখাদি বিশিষ্ট হয়; সেই সুখদুঃখাদি আকুলচিত্তের বিহিতকর্ম্ম, বিহিত অকরণ অকর্ম্ম, নিষিদ্ধাচরণ বিকর্ম্মাদি অনুষ্ঠানে বিধিনিষেধাদির জন্য পুণ্যপাপাদি বন্ধন হইয়া থাকে।৮

অতএব ইন্দ্রিয়সমূহকে বশীভূত করত সমাধি-নিষ্ঠচিত্ত অবহিতমানস হইয়া এই দেহেন্দ্রিয়াত্মক

সর্ব্বভূতসুহৃচ্ছান্তো জ্ঞান-বিজ্ঞাননিশ্চয়ঃ।
পশ্যন্ মদাত্মকং বিশ্বং ন বিপদ্যেত বৈ পুনঃ ॥১২

শ্রীশুক উবাচ।

ইত্যাদিষ্টো ভগবতা মহাভাগবতো নৃপ।
উদ্ধবঃ প্রণিপত্যাহ তত্ত্বজিজ্ঞাসুরচ্যুতম্ ॥১৩

উদ্ধব উবাচ।

যোগেশ যোগবিন্যাস যোগাত্মন্ যোগসম্ভব।
নিঃশ্রেয়সায় মে প্রোক্তস্ত্যাগঃ সন্ন্যাসলক্ষণঃ ॥১৪

সর্ব্বভূতসুহৃৎ (সমস্ত জীবের মিত্র) শান্তঃ (শমপ্রাপ্ত) জ্ঞান-বিজ্ঞাননিশ্চয়ঃ (জ্ঞান-বিজ্ঞানপারদর্শী) বৈ বিশ্বং (জগৎ) মদাত্মকং (মন্ময়) পশ্যন্ (দেখিয়া) পুনঃ (পুনরায়) ন বিপদ্যেত (বিপত্তিপ্রাপ্ত হন না)॥১২

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন),—নৃপ (হে নরপতে)! ইতি এবং (এইরূপ) ভগবতা (শ্রীভগবানের দ্বারা) আদিষ্টঃ (আজ্ঞপ্ত) মহাভাগবতঃ (পরম ভক্ত) উদ্ধবঃ (উদ্ধব) তত্ত্বং (তত্ত্ব) জিজ্ঞাসুঃ (জিজ্ঞাসু) সন্ (হইয়া) অচ্যুতং (অচ্যুতকে) প্রণিপত্য (প্রণাম করত) আহ (বলিলেন)॥১৩

উদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন),—যোগেশ (হে যোগেশ)! যোগবিন্যাস (হে যোগসাধনের উপায়সমর্পণকর্ত্তা)! যোগাত্মন্ (হে যোগময়)! যোগসম্ভব (হে যোগসম্ভব)! অয়ং (এই) সন্ন্যাসলক্ষণঃ (সন্ন্যাসলক্ষণ) ত্যাগঃ (ত্যাগ) মে (আমাকে) নিঃশ্রেয়সায় (মোক্ষের জন্য তোমা কর্ত্তৃক) প্রোক্তঃ (উক্ত হইল)॥১৪

ত্যাগোঽয়ং দুষ্করো ভূমন্ কামানাং বিষয়াত্মভিঃ।
সুতরাং ত্বয়ি সর্ব্বাত্মন্নভক্তৈরিতি মে মতিঃ ॥১৫

সোঽহং মমাহমিতি মূঢ়মতির্বিগাঢ়-
স্ত্বন্মায়য়া বিরচিতাত্মনি সানুবন্ধে।
তৎ ত্বঞ্জসা নিগদিতং ভবতা যথাহং
সংসাধয়ামি ভগবন্ননুশাধি ভৃত্যম্ ॥১৬

সর্ব্বাত্মন্ (হে সর্ব্বাত্মন্)! ভূমন্ (হে ভূমন্)! কামানাম্ (বিষয়সমূহের) অয়ং (এই) ত্যাগঃ (ত্যাগ) বিষয়াত্মভিঃ (বিষয়াসক্তচিত্ত) সুতরাং ত্বয়ি (আপনাতে) অভক্তৈঃ (অভক্ত কর্ত্তৃক) দুষ্করঃ (দুষ্কর) ইতি (ইহা) মে (আমার) মতিঃ (বিশ্বাস)॥১৫

জগৎ জীবাত্মায় এবং জীবাত্মাকেও পরমাত্মা আমাতে আচ্ছন্ন পূর্ণ আবৃত অর্থাৎ মদ্রূপ দর্শন কর।৯

জ্ঞান—বেদতাৎপর্য্যনিশ্চয় ও বিজ্ঞান—অনুভব উভয়ের দ্বারা সম্যক্ যুক্ত হইয়া আত্মাকে উপলব্ধি করত সন্তুষ্টচিত্ত দেবগণেরও আত্মভূত তুমি দেবতাগণ কর্ত্তৃক উপদ্রবের দ্বারা বিঘ্নিত হইবে না।১০

বালক যেমন দোষগুণ বিচার না করিয়া যথেচ্ছ-ভাবে কর্ম্ম করে, তদ্রূপ দ্বন্দ্বাতীত যোগী দোষবুদ্ধিতে কর্ম্ম হইতে নিবৃত্তিত হন না বা বিহিত কর্ম্ম করা কর্ত্তব্য এরূপ বুদ্ধিতে কর্ম্মানুষ্ঠান করেন না। প্রাক্তন সংস্কার বশে নিষিদ্ধ কর্ম্মে প্রবৃত্ত হন—দোষ বুদ্ধিতে নয়।১১

নিখিল প্রাণীর মিত্র, শমগুণসম্পন্ন, শাস্ত্র ও অনুভবের দ্বারা আত্মতত্ত্বসাক্ষাৎকারী ব্যক্তি চরাচর বিশ্ব আমা-ময় 'সব বাসুদেব' এইরূপে দেখিয়া পুনর্ব্বার আর সংসারে যাতায়াত করেন না। তাঁহাদের সংসার চিরদিনের জন্য নিবর্ত্তিত হয়[১]।১২

(১) ৭ শ্লোকে মন বাক্যাদির দ্বারা যাহা কিছু গৃহীত হয়, তাহা মায়া-মনোময় বলিয়াছেন। এখানে বলিতেছেন চরাচর বিশ্ব আমাময়—ইহার অর্থ কি?

বৃক্ষকে বৃক্ষ বলিয়া দর্শন মায়াময়, বৃক্ষকে ভগবান্ বলিয়া দর্শনই প্রকৃত দর্শন। হাঁড়ী কলসী সরা প্রভৃতি মৃন্ময় দ্রব্য যেমন মাটির দ্বারা নির্ম্মিত, ভিতরে বাহিরে মৃত্তিকা ভিন্ন আর কিছু নাই, তদ্রূপ এই বিশ্বের যাবৎ পদার্থ ভগবানের দ্বারাই নির্ম্মিত। তিনি ব্যতীত দ্বিতীয় কিছু নাই। যোগ যাগ জ্ঞান দান ধ্যান সকলের উদ্দেশ্য হইল 'এক বাসুদেবই জগৎরূপে লীলা করিতেছেন' এই চরম ও পরম জ্ঞানলাভের জন্য। ভিন্ন ভিন্ন রূপে দর্শন অবিদ্যা মায়া, এক দর্শনই যথার্থ সত্য দর্শন।

সত্যস্য তে স্বদৃশ আত্মন আত্মনোঽন্যং
বক্তারমীশ বিবুধেষ্বপি নানুচক্ষে।
সর্ব্বে বিমোহিতধিয়স্তব মায়য়েমে
ব্রহ্মাদয়স্তনুভৃতো বহিরর্থভাবাঃ ॥১৭

তস্মাদ্ভবন্তমনবদ্যমনন্তপারং
সর্ব্বজ্ঞমীশ্বরমকুণ্ঠবিকুণ্ঠধিষ্ণ্যম্।
নির্ব্বিণ্ণধীরহমু হ বৃজিনাভিতপ্তো
নারায়ণং নরসখং শরণং প্রপদ্যে ॥১৮

সঃ (তদ্রূপ উপদিষ্ট) অহং (আমি) মূঢ়মতিঃ (মোহিত-চিত্ত) যতঃ (যেহেতু) ত্বন্মায়য়া (আপনার মায়ার দ্বারা) বিরচিতাত্মনি (বিরচিতদেহে) সানুবন্ধে (পুত্রকলত্রাদিতে) মমাহম্ (আমার আমি) ইতি (এইরূপ) বিগাঢ়ঃ (নিমগ্ন) অতঃ (এই হেতু) ভগবন্ (হে ভগবন্)। ভবতা (আপনা কর্ত্তৃক) যৎ (যাহা) নিগদিতং (কথিত), তৎ তু (তাহা) যথা (যেরূপে) অহম্ (আমি) অঞ্জসা (শীঘ্র) সংসাধয়ামি (সাধন করিতে পারি), তথা (তদ্রূপ) ত্বং (আপনি) ভৃত্যং (সেবক) মাম্ (আমাকে) অনুশাধি (শিক্ষা দিন) ॥১৬

ঈশ (হে ঈশ্বর)! সত্যস্য (পরমার্থভূত) আত্মনঃ (পরমাত্মা) তে (আপনার) আত্মনঃ (আপনা হইতে) অন্যং (অপর) বক্তারং (বক্তা) বিবুধেষু (দেবগণের মধ্যে) অপি (ও) ন অনুচক্ষে (দেখিতেছি না), যতঃ (যেহেতু) তব (আপনার) মায়য়া (মায়ার দ্বারা) বহিরর্থভাবাঃ (বাহ্যবিষয়ে আসক্ত-বুদ্ধি) তনুভৃতঃ (দেহধারী) ইমে (এই) ব্রহ্মাদয়ঃ (ব্রহ্মাদি) সর্ব্বে (সকলে) বিমোহিতধিয়ঃ (বিমোহিতবুদ্ধি) এব (ই) ॥১৭

তস্মাৎ (সেই হেতু) বৃজিনাভিতপ্তঃ (দুঃখের দ্বারা তাপিত) নির্ব্বিণ্ণধীঃ (সর্ব্বত্র বিরক্তবুদ্ধি) অহম্ (আমি) উ (হে ভগবন্)! হ (স্ফুট) অনবদ্যম্ (মোহাদি দোষরহিত) অনন্তপারং (দেশকালের অপরিচ্ছেদ্য) সর্ব্বজ্ঞম্ (সর্ব্বজ্ঞ—সকল পদার্থের জ্ঞানসম্পন্ন) ঈশ্বরম্ (ঈশ্বর) অকুণ্ঠবিকুণ্ঠধিষ্ণ্যং (কালাদির দ্বারা অব্যাহত বৈকুণ্ঠবাসী) নরসখং (জীবের হিতকারী) নারায়ণং (নারায়ণ) ত্বাং (আপনাকে) শরণং (আশ্রয়) প্রপদ্যে (গ্রহণ করি) ॥১৮

শ্রীশুকদেব বলিলেন—হে নরনাথ! এইরূপ শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্রের দ্বারা আদেশপ্রাপ্ত হইয়া মহাভাগবত উদ্ধব তত্ত্ব জানিতে ইচ্ছুক হইয়া অচ্যুতকে প্রণামপূর্ব্বক বলিলেন।১৩

উদ্ধব বলিলেন—হে যোগেশ—কর্ম্ম, ভক্তি, জ্ঞান এই যোগত্রয়ের ঈশ্বর! হে যোগবিন্যাস—যোগিগণের হৃদয়ে যোগত্রয়ের সমর্পণকারিন্! হে যোগাত্মন্—যোগস্বরূপ! হে যোগসম্ভব! আপনা হইতেই সকলের যোগে প্রবৃত্তি হয়—এই সন্ন্যাস-লক্ষণ ত্যাগ আপনি আমায় মোক্ষের নিমিত্ত বলিলেন।১৪

হে স্থাবর-জঙ্গমাত্মক চরাচর বিশ্বের আত্মা! হে ভূমন্—মহতো মহীয়ান্! শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাদি বিষয়সমূহের ত্যাগ বিষয়াসক্তমানস সুতরাং আপনাতে ভক্তিহীনগণ অতিকষ্টে করিতে পারে—ইহাই আমার বিশ্বাস।১৫

আপনি যাহাকে এই ত্যাগের উপদেশ করিতেছেন, সেই আমি বিমোহিতচিত্ত; যেহেতু আপনার মায়ায় বিরচিতশরীরে পুত্র কলত্র আত্মীয় স্বজনে 'আমার আমি' এই মোহসাগরে নিমগ্ন হইয়া আছি। অতএব হে ভগবন্! আপনার কথিত অমূল্য বাক্যসকল যে প্রকারে আমি অনায়াসে সংসাধনে সমর্থ হই, সেইরূপ আপনি আপনার সেবক আমাকে শিক্ষা দান করুন।১৬

হে সর্বনিয়ন্তা! সত্য পরমাত্মা আপনার ঈদৃশ তত্ত্বের আপনি ব্যতীত অপর বক্তা দেবতাগণের মধ্যেও অবলোকন করিতেছি না; যেহেতু আপনার মায়ার দ্বারা দেহ গেহ পুত্র কলত্রাদি পদার্থসমূহে 'আমি আমার' অধ্যাসসম্পন্ন এই দেহধারী ব্রহ্মাদি দেবগণ সকলেই বিমোহিতবুদ্ধি হইয়া থাকেন।১৭

হে ভগবন্! অতএব চতুর্দ্দিকে দুঃখের দ্বারা সমাচ্ছন্ন, সর্ব্বত্র বিরক্তবুদ্ধি আমি মোহাদি নিখিল

শ্রীভগবানুবাচ।

প্রায়েণ মনুজা লোকে লোকতত্ত্ববিচক্ষণাঃ।
সমুদ্ধরন্তি হ্যাত্মানমাত্মনৈবাশুভাশয়াৎ ॥১৯

আত্মনো গুরুরাত্মৈব পুরুষস্য বিশেষতঃ।
যৎপ্রত্যক্ষানুমানাভ্যাং শ্রেয়োঽসাবনুবিন্দতে ॥২০

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—লোকে (সংসারে) লোকতত্ত্ববিচক্ষণঃ (পরমার্থের পরীক্ষক) মনুজাঃ (মনুষ্যগণ) আত্মনা (বিবেকবুদ্ধির দ্বারা) এব (ই) আত্মানম্ (আত্মাকে) অশুভাশয়াৎ (বিষয়বাসনা হইতে) প্রায়েণ (সম্পূর্ণ বৎ) সমুদ্ধরন্তি (উদ্ধার করেন) ॥১৯

আত্মনঃ (জীবগণের) বিশেষতঃ পুরুষস্য (পুরুষ মনুষ্যের) আত্মা (আত্মা) এব (ই) গুরুঃ (গুরু), যৎ (যেহেতু) অসৌ (সেই) আত্মা (আত্মা) প্রত্যক্ষানুমানাভ্যাং (প্রত্যক্ষ ও অনুমানের দ্বারা) শ্রেয়ঃ (পরম পুরুষার্থভূত আত্মাকে) অনুবিন্দতে (সুবিদিত করে) ॥২০

দোষ বিরহিত, দেশকালের দ্বারা অপরিচ্ছেদ্য, অননুমেয়, স্থাবর জঙ্গমাত্মক নিখিল জগতের সমস্ত প্রাণীর ভূত ভবিষ্যৎ বর্ত্তমান ত্রিকালজ্ঞ ঈশ্বর কালাদি কর্ত্তৃক অব্যাহত বৈকুণ্ঠনিবাসী জীবগণের অহৈতুক হিতকারী নারায়ণ আপনার আশ্রয় গ্রহণ করি।১৮

শ্রীভগবান্ বলিলেন,—হে উদ্ধব! ইহলোকে দৃশ্যমান লোকমঙ্গলহেতু বিচারকুশল মানবসকল স্বীয় বুদ্ধিবলেই আত্মাকে বিষয় বাসনা হইতে সচরাচর (প্রায়) উত্তমরূপে উদ্ধার করেন।১৯

চরাচর জীবসমূহের বিশেষতঃ মানবের আত্মাই গুরু, তাহার কারণ আত্মা প্রত্যক্ষ ও অনুমানের দ্বারা পরমপুরুষার্থভূত আত্মতত্ত্বকে অবগত করাইয়া থাকেন। মানব দেহের কথা কি, পশ্বাদি শরীরেও হিতাহিত জ্ঞানে আত্মাই গুরু[১] ।২০

(১) আত্মা মানুষের কোথায় অবস্থান করেন?

"হৃদি হ্যেষ আত্মা" প্রশ্নোপনিষদি।

হৃদয়াকাশেই আত্মা বাস করেন।

"অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম"—ছান্দোগ্য ৮।১।১।

পুরুষত্বে চ মাং ধীরাঃ সাঙ্খ্যযোগবিশারদাঃ।
আবিস্তরাং প্রপশ্যন্তি সর্ব্বশক্ত্যুপবৃংহিতম্ ॥২১

এক-দ্বি-ত্রি-চতুষ্পাদো বহুপাদস্তথাপদঃ।
বহ্ব্যঃ সন্তি পুরঃ সৃষ্টাস্তাসাং মে পৌরুষী প্রিয়া ॥২২

পুরুষত্বে (পুরুষ জন্মে) সাঙ্খ্যযোগবিশারদাঃ (জ্ঞান ও ভক্তিযোগে বিচক্ষণ) ধীরাঃ (নির্মৎসরগণ) সর্ব্বশক্ত্যুপবৃংহিতম্ (সমস্ত শক্তিপূর্ণ) আত্মানং মাম্ (আত্মা আমাকে) আবিস্তরাং (সর্ব্বতোভাবে) প্রপশ্যন্তি (দর্শন করেন) ॥২১

এক-দ্বি-ত্রি-চতুষ্পাদঃ (একপদ দ্বিপদ ত্রিপদ চতুষ্পদ) বহুপাদঃ (বহু পাদ) তথা (ও) অপদঃ (পদহীন) বহ্ব্যঃ (অনেক) পুরঃ (শরীরসমূহ) সৃষ্টাঃ (উৎপন্ন হইয়াছে), (সাক্ষাৎ) তাসাং (তাহাদের মধ্যে) পৌরুষী (মানুষী) (তনুঃ) মে (আমার) প্রিয়া (প্রিয়) ॥২২

"ব্রহ্মনগর স্থানীয় এই শরীরের মধ্যে যে ক্ষুদ্র হৃদয়পদ্মরূপ প্রাসাদ আছে, তাহাতে ক্ষুদ্র অন্তরাকাশাখ্য ব্রহ্ম আছেন। সেই হৃদয়পদ্মে যে অন্তরাকাশ তাঁহাকেই অন্বেষণ করিতে হইবে। তাঁহাকেই বিশেষরূপে জানিবার ইচ্ছা করিতে হইবে।"

এষ ম আত্মাঽন্তর্হৃদয়েঽণীয়ান্—ছান্দোগ্য—৩।১৪।৩

হৃদয়কমলে অবস্থিত যথোক্ত গুণবিশিষ্ট আমার এই আত্মাই ব্রীহি যব সর্ষপ শ্যামাক কিম্বা শ্যামাকতণ্ডুল হইতেও সূক্ষ্মতর; হৃদয় কমলস্থিত আমার এই আত্মাই পৃথিবী হইতে বিশালতর, অন্তরীক্ষ হইতে বৃহত্তর, দ্যুলোক হইতে অতিশয় বিশাল—এই সমস্ত লোক হইতে অত্যন্ত বিশালতর।" যিনি সর্ব্বকর্ম্মা সর্ব্বকাম সর্ব্বগন্ধ সর্ব্বরস, তিনি সমস্ত ব্যাপিয়া বিদ্যমান, তিনি ইন্দ্রিয়শূন্য আগ্রহবর্জ্জিত, ইনিই হৃদয়পদ্মে অবস্থিত আমার আত্মা, ইনি ব্রহ্ম।

আত্মা কেবল হৃদয়েই থাকেন?

না, চক্ষুতেও তিনি অবস্থান করেন।

য আত্মাঽপহতপাপ্মা—ছান্দোগ্য ৮।৭।১

"একদা প্রজাপতি বলিয়াছিলেন যে, আত্মা নিষ্পাপ, বিজর, বিমৃত্যু, বিশোক, ক্ষুধাহীন, পিপাসাহীন, সত্যকাম ও সত্যসঙ্কল্প—তাঁহারই অনুসন্ধান করা উচিত, তাঁহাকেই

অত্র মাং মৃগয়ন্ত্যদ্ধা যুক্তা হেতুভিরীশ্বরম্।
গৃহ্যমাণৈগু´ণৈর্লিঙ্গৈরগ্রাহ্যমনুমানতঃ ॥২৩
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অবধূতস্য সংবাদং যদোরমিততেজসঃ ॥২৪
অবধূতং দ্বিজং কঞ্চিচ্চরন্তমকুতোভয়ম্।
কবিং নিরীক্ষ্য তরুণং যদুঃ পপ্রচ্ছ ধর্ম্মবিৎ ॥২৫

অত্র (পৌরুষী তনুতে) মুক্তাঃ (অপ্রমত্তপুরুষগণ) অগ্রাহ্যম্ (চক্ষুর দ্বারা অগ্রাহ্য) ঈশ্বরং (ঈশ্বর) মাং (আমাকে) গৃহ্যমাণৈঃ গুণৈঃ (বুদ্ধি প্রভৃতি হেতু দ্বারা) তথা (ও) তৈঃ (সেই) লিঙ্গৈঃ (চিহ্নের দ্বারা) এব (ই) অনুমানতঃ (অনুমানের দ্বারা) মাং (আমাকে) মৃগয়ন্তি (নির্ণয় করেন) ॥২৩

অত্র (এই বিষয়ে) অবধূতস্য (অবধূত) চ (ও) অমিততেজসঃ (পরম বিবেকী) যদোঃ (যদুর) সংবাদম্ (সংবাদ) ইমং (এই) পুরাতনম্ (পুরাতন) ইতিহাসম্ (ইতিহাস) অপি (ও) উদাহরন্তি (উদাহরণ দিয়া থাকেন) ॥২৪

পুরুষজন্মে জ্ঞান ও ভগবদুপাসনায় নিপুণবুদ্ধি, ধীর, দেহেন্দ্রিয়াদিসংঘাতজয়ী পুরুষগণ জ্ঞান ঐশ্বর্য্য প্রভৃতি শক্তিসমূহ পূর্ণ আত্মা আমাকে উত্তমরূপে অবলোকন করিতে সমর্থ হন।২১

একপদ দ্বিপদ ত্রিপদ চতুষ্পদ এবং বহুপদ অপদ প্রভৃতি অনেক জীবগণের শরীরসকল সৃষ্ট হইয়াছে, তন্মধ্যে একমাত্র মানুষ-দেহই আমার প্রিয়।২২

এই নরকলেবরে মুক্ত ভাক্তমান্ পুরুষগণ চক্ষুর

বিশেষরূপে জানার জন্য আগ্রহ করা উচিত। যিনি (শাস্ত্র আচার্য্যের নিকট হইতে) এই আত্মার পরিচয় পাইয়া তদনুযায়ী ইহাকে বিশেষরূপে অনুভব করেন, তিনি সমস্ত লোক ও সমস্ত কাম্য লাভ করেন।" দেবরাজ ইন্দ্র একশত এক বৎসর ব্রহ্মার কাছে বাস করত এই আত্মপুরুষকে অবগত হইয়াছিলেন।

যদুরুবাচ।
কুতো বুদ্ধিরিয়ং ব্রহ্মন্নকর্ত্তুঃ সুবিশারদা।
যামাসাদ্য ভবাঁল্লোকং বিদ্বাংশ্চরতি বালবৎ ॥২৬

প্রায়ো ধর্ম্মার্থকামেষু বিবিৎসায়াঞ্চ মানবাঃ।
হেতুনৈব সমীহন্তে আয়ুষো যশসঃ শ্রিয়ঃ ॥২৭

ধর্ম্মবিৎ (ধর্মজ্ঞ) যদুঃ (যদু) কঞ্চিৎ (কোন) তরুণং (যুবক) কবিম্ (বিবেকী) (অতএব) অকুতোভয়ং (নির্ভয়) চরন্তম্ (বিচরণকারী) অবধূতং (অবধূত) দ্বিজং (দ্বিজকে) নিরীক্ষ্য (দেখিয়া) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন) ॥২৫

যদুঃ উবাচ (যদু বলিলেন),—ব্রহ্মন্ (হে ব্রহ্মন্) অকর্ত্তুঃ (কর্মাচরণবিহীন আপনার) ইয়ং (এই) সুবিশারদা (অতি নিপুণা) বুদ্ধিঃ (বুদ্ধি) কুতঃ (কোথা হইতে) জাতা (উৎপন্না হইল), যাং (যে) বুদ্ধিম্ (বুদ্ধিকে) আসাদ্য (প্রাপ্ত হইয়া) বিদ্বান্ (জ্ঞানী) অপি (হইয়াও) ভবান্ (আপনি) বালবৎ (বালকের মত) লোকং (ইহলোকে) চরতি (বিচরণ করিতেছেন) ॥২৬

দ্বারা অগ্রাহ্য ঈশ্বর আমাকে বুদ্ধ্যাদি হেতুর দ্বারা অর্থাৎ জড় বুদ্ধ্যাদির প্রকাশ স্বপ্রকাশ চৈতন্যব্যতীত হয় না ইত্যাদি যুক্তির দ্বারা ও অনুমানের দ্বারা ঈশ্বর প্রবর্ত্তক আমাকে নির্ণয় করেন। (ঈশ্বর আছেন তজ্জন্য জগৎ আছে—অন্বয়—ঈশ্বর না থাকিলে জগৎ থাকিত না এই ব্যতিরেক, ইহা দ্বারা প্রবর্ত্তক ভগবানের নির্ণয় করিয়া থাকেন)।২৩

অন্বয়-ব্যতিরেকের দ্বারা অসম্ভাবনা নিবারণ করত আত্মার দ্বারা আত্মার সম্যক্ উদ্ধারবিষয়ে অবধূত ও পরম বিবেকী যদুর সংবাদ এই পুরাতন ইতিহাসও বিদ্বান্‌গণ উদাহরণ দিয়া থাকেন।২৪

হে উদ্ধব। পরম ধার্ম্মিক যদু তরুণ, বিবেকী, নির্ভয়ে সর্ব্বত্র বিচরণশীল, অভ্যঙ্গাদি সংস্কাররহিত শরীর, কোন অবধূত ব্রাহ্মণকে অবলোকন করত সাদরে জিজ্ঞাসা করিয়া-

ত্বন্তু কল্পঃ কবির্দক্ষঃ সুভগো মিতভাষণঃ* ।
ন কর্ত্তা নেহসে কিঞ্চিজ্জড়োন্মত্তপিশাচবৎ ॥২৮

জনেষু দহ্যমানেষু কাম-লোভ-দবাগ্নিনা ।
ন তপ্যসেঽগ্নিনা মুক্তো গঙ্গাম্ভঃস্থ ইব দ্বিপঃ ॥২৯

ত্বং হি নঃ পৃচ্ছতাং ব্রহ্মন্নাত্মন্যানন্দকারণম্ ।
ব্রূহি স্পর্শবিহীনস্য ভবতঃ কেবলাত্মনঃ ॥৩০

শ্রীভগবানুবাচ ।
যদুনৈবং মহাভাগো ব্রহ্মণ্যেন সুমেধসা ।
পৃষ্টঃ সভাজিতঃ প্রাহ প্রশ্রয়াবনতং দ্বিজঃ ॥৩১

হে দ্বিজ ! প্রায়ঃ (সচরাচর) মানবাঃ (মানব সকল) আয়ুষঃ (আয়ুর) যশসঃ (যশের) তথা (ও) শ্রিয়ঃ এব হেতুনা (সম্পদের জন্যই) ধার্ম্মার্থকামেষু (ধর্ম অর্থ কাম বিষয়ে) তথা (ও) বিবিৎসায়াং (সেই সেই সাধন বিচারে) চ সমীহন্তে (প্রবর্ত্তিত হয়) ॥২৭

তু (কিন্তু) ত্বং (আপনি) কল্পঃ (সমর্থ) কবিঃ (জ্ঞানী) দক্ষঃ (নিপুণ) সুভগঃ (সুন্দর) মিতভাষণঃ (সদ্বক্তা) অপি (হইয়াও) জড়োন্মত্ত-পিশাচবৎ (জড় উন্মত্ত পিশাচের ন্যায়) কিঞ্চিৎ (কিছুই) ন ঈহসে (ইচ্ছা করেন না), অতঃ কস্যাপি কর্ম্মণঃ (এই হেতু কোন কর্ম্মেরও) কর্ত্তা (কর্ত্তা) ন (নহেন) ॥২৮

কাম-লোভদবাগ্নিনা (কাম লোভ দাবাগ্নির দ্বারা) জনেষু (লোকসকল) দহ্যমানেষু অপি (দহ্যমান হইলেও) গঙ্গাম্ভঃস্থঃ (গঙ্গাসলিলস্থিত) দ্বিপঃ (হস্তীর) ইব (ন্যায়) অগ্নিনা (কামাদি অগ্নি হইতে) মুক্তঃ (মুক্ত) সন্ (হইয়া) ন তপ্যসে (সন্তাপিত হইতেছেন না) ॥২৯

ব্রহ্মন্ (হে ব্রহ্মন্) ! স্পর্শবিহীনস্য (বিষয় ভোগ রহিত অতএব) কেবলাত্মনঃ (বিশুদ্ধান্তঃকরণ) ভবতঃ (আপনার) আত্মনি (মনে) আনন্দকারণং (আনন্দকারণ) পৃচ্ছতাং (জিজ্ঞাসাকারী) নঃ (আমাদিগকে) ব্রূহি (বলুন) ॥৩০

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন)—ব্রহ্মণ্যেন (ব্রাহ্মণ-ভক্ত) সুমেধসা (সুবুদ্ধিমান্) যদুনা (যদু কর্ত্তৃক) এবং (এইরূপ) সভাজিতঃ (সৎকৃত) চ (ও) পৃষ্টঃ (জিজ্ঞাসিত) মহাভাগঃ (মহাপ্রভাব) দ্বিজঃ (অবধূত) প্রশ্রয়াবনতং (বিনয়নম্র) নৃপং (রাজাকে) প্রাহ (বলিলেন) ॥৩১

ছিলেন[১] ।২৫

যদু কহিলেন—হে ব্রহ্মন্ ! ইন্দ্রিয়সমূহের প্রীতির জন্য আপনি কোন কর্ম্মানুষ্ঠান করেন না, অকর্ত্তা আপনার এই অতি কুশলবুদ্ধি কোথা হইতে সমুৎপন্না হইয়াছে—যে বুদ্ধি লাভ করত আপনি পণ্ডিত প্রজ্ঞাবান্ হইয়াও বালকের ন্যায় সংসারে বিচরণ করিতেছেন ।২৬

হে ব্রহ্মন্ ! সচরাচর মনুষ্যগণ আয়ু, যশ এবং ঐশ্বর্য্যের কামনাতেই ধর্ম্ম অর্থ কামাদিতে এবং তৎ তৎ সাধনে ও আত্মবিচারে প্রবৃত্ত হইয়া থাকে ।২৭

কিন্তু আপনি সমর্থ, বিদ্বান্, সকল কার্য্যে নিপুণ, সুন্দর সুস্থশরীর, মিতভাষী, সদ্বক্তা হইয়াও জড় উন্মত্ত পিশাচের তুল্য অবস্থান করিতেছেন ; কিছুই অভিলাষ করেন না, এ জন্য কোন কর্ম্মেরও কর্ত্তা নহেন ।২৮

ভূমণ্ডলস্থ মনুষ্যগণ কাম-লোভরূপ দাবাগ্নির

---

(১) এই অবধূত অন্য কেহ নহেন, স্বয়ং দত্তাত্রেয় ।
যোগর্দ্ধিমাগুরুত্তমাং যদু-হৈহয়াদ্যা ইত্যুক্তত্বাৎ
অলর্ক, প্রহ্লাদ, যদু, কার্ত্তবীর্য্যার্জ্জুন প্রভৃতিকে ইনি আত্মজ্ঞান দান করেন ।

দত্তাত্রেয় কে ?
—অত্রিপুত্র বিষ্ণু অবতার ।
দত্তাত্রেয় হরে কৃষ্ণ উন্মত্তানন্দদায়ক ।
দিগম্বর মুনে বাল পিশাচ জ্ঞানসাগর ॥

* "পাঠান্তরে—"সুভগোঽমৃতভাষণঃ" ।

'ওঁ নমো ভগবতে দত্তাত্রেয়ায়' স্মরণমাত্রসন্তুষ্টায় মহাভয়-নিবারণায় মহাজ্ঞানপ্রদায় চিদানন্দাত্মনে বালোন্মত্ত-পিশাচ-বেষায়েতি মহাযোগিনেঽবধূতায়েতি অনসূয়ানন্দবর্দ্ধনায়াত্রি-পুত্রায়েতি সর্ব্বকাম-ফলপ্রদায় ওঁ ।

এখনও ইনি ভক্তের মহাভয় নিবারণ করেন, দেখা দেন । এই কলিযুগে একনাথস্বামী ও তাঁহার গুরু জনার্দনস্বামী তাঁহার দর্শন লাভ করিয়াছেন ।

ব্রাহ্মণ উবাচ।

শান্তি মে গুরবো রাজন্ বহবো বুদ্ধ্যুপাশ্রিতাঃ।
যতো বুদ্ধিমুপাদায় মুক্তোঽটামীহ তান্ শৃণু ॥৩২

পৃথিবী বায়ুরাকাশমাপোঽগ্নিশ্চন্দ্রমা রবিঃ।
কপোতোঽজগরঃ সিন্ধুঃ পতঙ্গো মধুকৃদ্গজঃ ॥৩৩

মধুহা হরিণো মীনঃ পিঙ্গলা কুররোঽর্ভকঃ।
কুমারী শরকৃৎ সর্প ঊর্ণনাভিঃ সুপেশকৃৎ ॥৩৪

এতে মে গুরবো রাজন্ চতুর্বিংশতিরাশ্রিতাঃ।
শিক্ষাবৃত্তিভিরেতেষামন্বশিক্ষমিহাত্মনঃ ॥৩৫

ব্রাহ্মণঃ উবাচ (ব্রাহ্মণ বলিলেন),—রাজন্ (হে রাজন্)। বুদ্ধ্যুপাশ্রিতাঃ (বুদ্ধির দ্বারা স্বীকৃত) মে (আমার) বহবঃ (বহু) গুরবঃ (গুরুগণ) সন্তি (আছেন), যতঃ (যাঁহাদের হইতে) বুদ্ধিম্ (বুদ্ধি) উপাদায় (গ্রহণ করত) (তাপত্রয় হইতে) মুক্তঃ (মুক্ত) সন্ (হইয়া) ইহ (সংসারে) অটামি (ভ্রমণ করিতেছি); তান্ (সেই গুরুগণের নাম) শৃণু (শ্রবণ করুন) ॥৩২

পৃথিবী (ধরণী), বায়ুঃ (অনিল) আকাশম্ (আকাশ) আপঃ (জল) অগ্নিঃ (অনল) চন্দ্রঃ (চন্দ্র) রবিঃ (আদিত্য) কাপোতঃ (কপোত) অজগরঃ (অজগর) সিন্ধুঃ (সিন্ধু) পতঙ্গঃ (পতঙ্গ) মধুকৃৎ (মধুমক্ষিকা) গজঃ (হস্তী) ॥৩৩

মধুহা (ভ্রমর) হরিণঃ (হরিণ) মীনঃ (মৎস্য) পিঙ্গলা (বেশ্যা) কুররঃ (কুরর) অর্ভকঃ (বালক) কুমারী (কুমারী) শরকৃৎ (শরনির্ম্মাতা) সর্পঃ (সর্প) ঊর্ণনাভিঃ (ঊর্ণনাভি) সুপেশকৃৎ (কাঁচপোকা) ॥৩৪

রাজন্ (হে রাজন্)। এতে (এই) চতুর্বিংশতি (চতুর্বিংশতি) গুরবঃ (গুরু) মে (আমাকর্ত্তৃক) আশ্রিতাঃ (আশ্রিত হইয়াছে), ইহ (এই জগতে) এতেষাং (ইহাদের) বৃত্তিভিঃ (চেষ্টা প্রভৃতির দ্বারা) আত্মনঃ (আপনার) শিক্ষাঃ (শিক্ষণীয় অর্থসকল) অন্বশিক্ষম্ (শিক্ষা করিয়াছি) ।৩৫

দ্বারা দগ্ধীভূত হইলেও গঙ্গাসলিলে অবস্থিত হস্তীর সদৃশ আপনি কামাদি অগ্নি হইতে মুক্ত হইয়া বিন্দুমাত্র সন্তাপ ভোগ করিতেছেন না।২৯

হে ব্রহ্মন্! বিষয়ভোগ-সুখ-বিবর্জিত, বিশুদ্ধ-চিত্ত আপনার হৃদয়ে আনন্দের কারণ কি? আমরা জিজ্ঞাসু, আমাদের নিকট আপনার নিরন্তর আনন্দে স্থিতির হেতু কি তাহা বলুন।৩০

পরম ব্রাহ্মণভক্ত রাজর্ষিশ্রেষ্ঠ যদুকর্ত্তৃক এবম্বিধ সুপূজিত ও জিজ্ঞাসিত হইয়া ভগবদুপাসনাদি তেজঃ-সম্পন্ন ব্রাহ্মণ বিনয়াবনত রাজাকে বলিলেন।৩১

ব্রাহ্মণ কহিলেন,—হে নরনাথ! বুদ্ধির দ্বারা শরণাগত আমার অনেক গুরু আছেন—যে গুরু-সমূহের নিকট শিক্ষালাভ করিয়া আমি আধ্যাত্মিকাদি তাপত্রয় হইতে বিমুক্ত হইয়া ইহলোকে সুখে বিচরণ করিতেছি; সেই গুরুগণের বিবরণ শ্রবণ করুন।৩২

প্রথম পৃথিবী, দ্বিতীয় বায়ু, তৃতীয় আকাশ, চতুর্থ জল, পঞ্চম অগ্নি, ষষ্ঠ শশধর, সপ্তম প্রভাকর, অষ্টম পারাবত, নবম অজগর, দশম সিন্ধু, একাদশ পতঙ্গ, দ্বাদশ মধুমক্ষিকা, ত্রয়োদশ হস্তী।৩৩

চতুর্দ্দশ ভ্রমর, পঞ্চদশ হরিণ, ষোড়শ মীন, সপ্তদশ পিঙ্গলা, অষ্টাদশ কুরর, একোনবিংশ বালক, বিংশ কুমারী, একবিংশ শরনির্মাতা, দ্বাবিংশ সর্প, ত্রয়োবিংশ ঊর্ণনাভ (মাকড়সা), চতুর্ব্বিংশ সুপেশকৃৎ (কাঁচপোকা)।৩৪

শ্রীধর স্বামীপাদ :—

কপোত-মীন-হরিণ-কুমারী-গজ-পন্নগাঃ।
পতঙ্গঃ কুররশ্চাষ্টৌ হেয়ার্থে গুরবো মতাঃ॥
মধুকৃন্মধুহর্ত্তা চ পিঙ্গলা চ ত্রয়োঽপরঃ।
উপাদেয়ার্থবিজ্ঞানে শেষাঃ পৃথ্ব্যাদয়ো মতাঃ।
তদবান্তরভেদশ্চ তত্র তত্র স্ফুটীকৃতঃ॥

কপোত, মীন, হরিণ, কুমারী, গজ, সর্প, পতঙ্গ, কুরর, এই অষ্ট গুরু সাধারণ; মধুকর, মধুহারী ও পিঙ্গলা এই গুরুত্রয় অসাধারণ; আর অবশিষ্ট ক্ষিতি প্রভৃতি অন্যান্য সাধারণ শিক্ষাগুরু বলিয়া গণ্য।

যতো যদনুশিক্ষামি যথা বা নাহুষাত্মজ।
তৎ তথা পুরুষব্যাঘ্র নিবোধ কথয়ামি তে ॥৩৬
ভূতৈরাক্রম্যমাণোঽপি ধীরো দৈববশানুগৈঃ।
তদ্ বিদ্বান্ ন চলেন্মার্গাদন্বশিক্ষং ক্ষিতের্ব্রতম্ ॥৩৭
শশ্বৎ পরার্থসর্ব্বেহঃ পরার্থৈকান্তসম্ভবঃ।
সাধুঃ শিক্ষেত ভূভৃত্তো নগশিষ্যঃ পরাত্মতাম্ ॥৩৮
প্রাণবৃত্ত্যৈব সন্তুষ্যেন্মুনির্নৈবেন্দ্রিয়প্রিয়ৈঃ।
জ্ঞানং যথা ন নশ্যেত নাবকীর্য্যেত বাঙ্মনঃ ॥৩৯

পুরুষব্যাঘ্র (হে পুরুষশ্রেষ্ঠ)। নাহুষাত্মজ (হে নাহুষনন্দন)। যতঃ (যে গুরু হইতে) যদ্ (যাহা) অনুশিক্ষামি (শিক্ষা করিয়াছি), তৎ (তাহা) কথয়ামি (বলিতেছি) ত্বং (আপনি) নিবোধ (শুনুন) ॥৩৬

দৈববশানুগৈঃ (দৈববশবর্ত্তী) ভূতৈঃ (প্রাণিগণ কর্ত্তৃক) আক্রম্যমাণঃ সন্ (পীড়িত হইয়া) অপি (ও) ধীরঃ (শান্ত জন) তৎ (তাহা) (দৈববশানুগতত্ব) বিদ্বান্ (জানিয়া) মার্গাৎ (ধর্ম্মপথ হইতে) ন চলেৎ (বিচলিত হন না) ইতি (এই) ক্ষিতেঃ (পৃথিবীর) ব্রতং (ব্রত) অহম্ (আমি) অন্বশিক্ষম্ (শিক্ষা করিয়াছি) ॥৩৭

সাধুঃ (জন) ভূভৃত্তঃ (পর্ব্বত হইতে) শশ্বৎ (সতত) পরার্থসর্ব্বেহঃ (পরের ইষ্টজন্য সকল চেষ্টাবিশিষ্ট) পরার্থৈকান্তসম্ভবঃ (পরপ্রয়োজনে জীবনধারণ শিখিবে ও) নগশিষ্যঃ (বৃক্ষের শিষ্য) সন্ (হইয়া) পরাত্মতাং (পরাধীনতা ও পরোপকার) শিক্ষেত (শিক্ষা করিবে) ॥৩৮

মুনিঃ (যোগী) প্রাণবৃত্ত্যা এব (প্রাণধারণ উপযোগী বৃত্তির দ্বারাই) সন্তুষ্যেৎ (সন্তুষ্ট হইবেন), ইন্দ্রিয়প্রিয়ৈঃ (ইন্দ্রিয়প্রিয় শব্দাদি বিষয়ের দ্বারা) ন (ইন্দ্রিয়গণকে লালিত করিবেন না) যথা (যেমন) জ্ঞানং (জ্ঞান) ন নশ্যেৎ (নাশ না হয়) চ (ও) বাঙ্মনঃ (বাক্য মন) ন অবকীর্য্যেত (বিক্ষিপ্ত না হয়) ॥৩৯

হে রাজন্! আমি এই চতুর্বিংশতি গুরুর আশ্রয় গ্রহণ করিয়াছি, এই জগতে ইঁহাদের আচরণের দ্বারা আমি আমার শিক্ষণীয় বিষয়সকল পরিপাটি-রূপে শিক্ষা করিয়াছি।৩৫

হে পুরুষশার্দ্দূল যযাতি-তনয়! আমি যে গুরু হইতে হেয় বা উপাদেয় যাহা শিক্ষা করিয়াছি, তাহা বলিব—শ্রবণ করুন।৩৬

স্বকীয় প্রারব্ধপ্রেরিত প্রাণিগণ কর্ত্তৃক পীড়িত হইয়াও ধৈর্য্যবান্ অনুদ্বিগ্ন-চিত্তজন সেই পীড়াদি দৈববশে উপস্থিত হইয়াছে জানিয়া ধর্মপথ হইতে বিচলিত হন না। এই ক্ষমাব্রত আমি ক্ষিতির নিকট শিক্ষা করিয়াছি।৩৭

সাধু ব্যক্তির সর্ব্বদা পরের ইষ্টসাধনের জন্যই নিখিল চেষ্টা করা কর্ত্তব্য; পরের জন্যই জন্ম ও জীবন-ধারণ, ইহা পর্ব্বতের নিকট হইতে শিখিবে এবং বৃক্ষ হইতে পরোপকার ও পরাধীনতা শিক্ষা করিবে।৩৮

মুনি প্রাণধারণ উপযোগী বৃত্তির দ্বারাই সন্তুষ্ট থাকিবেন। ইন্দ্রিয়ের প্রীতিকর শব্দাদি বিষয়ের দ্বারা ইন্দ্রিয়গণকে পরিপুষ্ট করিবেন না। পক্ষান্তরে আহার অভাবে জ্ঞান নষ্ট না হয়, বাক্য মন বিক্ষিপ্ত না হয়—এরূপ মাত্র দেহরক্ষার উপযোগী বিষয় গ্রহণ করিবেন। ইহা প্রাণবায়ুর নিকট শিক্ষণীয়। প্রাণবায়ু মাত্র দেহরক্ষার উপযোগী বিষয় গ্রহণ করিয়া থাকে।৩৯

যদু—আপনি পৃথিবীর নিকট কি শিক্ষা করিয়াছেন?

দত্তাত্রেয়—পৃথিবী আমাকে ক্ষমাগুণ শিক্ষা দিয়াছেন। ভূতধাত্রী যিনি সকলকে ধারণ করিয়া আছেন, মানুষ তাঁহার উপর কত অত্যাচার করে। মলমূত্র ত্যাগ, কর্ষণ, বিদারণ, দহন আদি কত প্রকার অত্যাচার প্রতিনিয়ত করিয়া থাকে, তিনি অবাধে তাহা সহ্য ও সকলকে ক্ষমা করেন। তাঁহার নিকট হইতে ক্ষমাগুণ শিখিয়াছি

ায়েম্বাবিশন্ যোগী নানাধর্ম্মেষু সর্ব্বতঃ।
ণ-দোষব্যপেতাত্মা ন বিষজ্জেত বায়ুবৎ ॥৪০
ার্থিবেম্বিহ দেহেষু প্রবিষ্টস্তদ্গুণাশ্রয়ঃ।
ৈর্ন যুজ্যতে যোগী গন্ধৈর্বায়ুরিবাত্মদৃক্ ॥৪১
ন্তর্হিতশ্চ স্থিরজঙ্গমেষু
ব্রহ্মাত্মভাবেন সমন্বয়েন।

বায়ুবৎ (বায়ুর ন্যায়) গুণদোষ-ব্যপেতাত্মা (সুখদুঃখাদি াশূন্যচিত্ত:) সন্ (হইয়া) যোগী (যোগী) নানা ধর্ম্মেষু ়বিষয়সমূহে) আবিশন্ (ভোগ করিয়াও) ন বিষজ্জেত াসক্তি করিবেন না) ॥৪০

তথা (তদ্রূপ) বায়ুঃ (বায়ু) গন্ধৈঃ (গন্ধের দ্বারা) ন তে (যুক্ত হয় না) এবম্ (এইরূপ) আত্মদৃক্ (আত্মদর্শী) র্থিবেষু (পার্থিব) ইহ (এই) দেহেষু (দেহে) প্রবিষ্টঃ াবিষ্ট) তদ্গুণাশ্রয়ঃ (দেহের গুণাশ্রয়রূপে প্রতীয়মান লেও) গুণৈঃ (গুণসমূহের দ্বারা) ন যুজ্যতে (সংশ্লিষ্ট না) ॥৪১

অন্তর্হিতশ্চ (দেহমধ্যগত হইয়াও) মুনিঃ (মুনি) বিততস্য র্ব্বগত) আত্মনঃ (আত্মার) ব্রহ্মাত্মভাবেন (ব্রহ্মস্বরূপ বনাদ্বারা) স্থির জঙ্গমেষু (স্থাবর জঙ্গমে) সমন্বয়েন (পরস্পর মিলন) ব্যাপ্ত্যা (সর্ব্বত্র স্থিতির দ্বারা) নভস্ত্বম্ (আকাশতুল্যত্ব) অব্যবচ্ছেদং (অবিয়োগ) চ (ও) অসঙ্গং (অলিপ্তত্ব) ভাবয়েৎ (ভাবনা করিবেন) ॥৪২

বাহ্যবায়ু হইতে শিক্ষার বিষয় বলিতেছেন—
ায়ু যেমন সর্বত্র প্রবেশ করিয়াও কাহারও সহিত সক্ত হয় না, এবংবিধ সুখদুঃখাদি চিন্তাশূন্য চিত্ত ইয়া যোগী হেয়-উপাদেয় নানাবিধ রূপ রসাদি র্ম্মযুক্ত বিষয়সকল ভোগ করিয়াও তাহাতে নুরাগী হন না।৪০

বায়ু যেমন সুরভি আদি গন্ধের আশ্রয়রূপে ্রতীয়মান হইলেও বস্তুতঃ গন্ধের দ্বারা যুক্ত হয় না, ইরূপ দেহাদি ভিন্ন আত্মদর্শী যোগী পার্থিব এই দেহসমূহে প্রবিষ্ট তাহার গুণের আশ্রয় হইয়া দেবত্ব-মনুষ্যত্ব-স্থূলত্ব-কৃশত্ব প্রভৃতি দেহধর্ম্মবানের ন্যায় প্রতীয়মান হইলেও গুণসমূহের দ্বারা যুক্ত হন না র্থাৎ "আমি মনুষ্য" এইরূপ অভিমান করেন না।৪১

দেহান্তর্গত হইলেও মুনি সর্ব্বগত আত্মার ব্রহ্মস্বরূপ ভাবনা দ্বারা স্থাবর জঙ্গমে অবিরোধে সর্বত্র স্থিতির দ্বারা আকাশের সমানত্ব অন্তরে বাহিরে সর্বত্র বর্ত্তমানত্ব ও অসঙ্গত্ব চিন্তা করিবেন।৪২

ব্যাপ্ত্যাব্যবচ্ছেদমসঙ্গমাত্মনো
মুনির্নভস্ত্বং বিততস্য ভাবয়েৎ ॥৪২
তেজোঽবন্নময়ৈর্ভাবৈর্মেঘাদ্যৈর্বায়ুনেরিতৈঃ।
ন স্পৃশ্যতে নভস্তদ্বৎ কালসৃষ্টৈর্গুণৈঃ পুমান্॥৪৩
স্বচ্ছঃ প্রকৃতিতঃ স্নিগ্ধো মাধুর্য্যস্তীর্থভূর্নৃণাম্।
মুনিঃ পুনাত্যপাং মিত্রমীক্ষোপস্পর্শ-কীর্ত্তনৈঃ ॥৪৪

বায়ুনা (বায়ুর দ্বারা) ঈরিতৈঃ (প্রেরিত) মেঘাদৈঃ (মেঘাদির দ্বারা) যথা (যেরূপ) নভঃ (আকাশ) ন স্পৃশ্যতে (সংস্পৃষ্ট হয় না), কালসৃষ্টৈঃ (কাল সৃষ্ট) গুণৈঃ (গুণসমূহের দ্বারা) তেজোঽবন্নময়ৈঃ (তেজ জল পৃথিবীময় দেহ ইন্দ্রিয় আদির দ্বারা) পুমান্ (জীব) ন স্পৃশ্যতে (লিপ্ত হন না) ॥৪৩

স্বচ্ছঃ (নির্ম্মলাত্মা) প্রকৃতিতঃ (স্বভাবতঃ) স্নিগ্ধঃ (জীব-সকলে অনুরাগবান্) মাধুর্য্যঃ (মধুরালাপী) তীর্থভূঃ (তীর্থস্থান) অপাং মিত্রং (উদকতুল্য মুনি) নৃপ (হে নরনাথ)। ঈক্ষোপ-স্পর্শকীর্ত্তনৈঃ (দর্শন স্পর্শন ও কীর্ত্তনের দ্বারা) জনং (জনগণকে) পুনাতি (পবিত্র করেন) ॥৪৪

বায়ু কর্ত্তৃক প্রেরিত মেঘসমূহের দ্বারা আকাশ যেমন স্পৃষ্ট হয় না, সেইরূপ কালসৃষ্ট গুণ, কার্য্য, তেজ, জল ও পৃথিবীময় দেহেন্দ্রিয়ের দ্বারা জীবও লিপ্ত হন না।৪৩

হে নৃপ। বিশুদ্ধচিত্ত, স্বভাবতঃ স্নিগ্ধ—জনগণে অনুরাগ বিশিষ্ট, মধুর আলাপী, পরম-পাবনসলিল-সদৃশ মুনি—দর্শন স্পর্শন কীর্ত্তনের দ্বারা জনগণকে পবিত্র করিয়া থাকেন।৪৪

তেজস্বী তপসা দীপ্তো দুর্দ্ধর্ষোদরভাজনঃ।
সর্ব্বভক্ষোঽপি যুক্তাত্মা নাদত্তে মলমগ্নিবৎ ॥৪৫
কচিচ্ছন্নঃ ক্বচিৎ স্পষ্ট উপাস্যঃ শ্রেয় ইচ্ছতাম্।
ভুঙ্‌ক্তে সর্ব্বত্র দাতৄণাং দহন্ প্রাগুত্তরাশুভম্ ॥৪৬

অগ্নিবৎ (অগ্নির ন্যায়) তপসা (তপস্যার দ্বারা) দীপ্তঃ প্রভাসম্পন্ন) তেজস্বী (প্রভাবশালী) যুক্তাত্মা (যুক্তচিত্ত) দুর্দ্ধর্ষঃ (অক্ষোভ্য) উদরভাজনঃ (উদর পাত্র) মুনিঃ (মুনি) সর্ব্বভক্ষঃ (সমস্ত ভোজনকারী) অপি (হইয়াও) অগ্নিবৎ অগ্নির ন্যায়) মলং (মল) ন আদত্তে (গ্রহণ করেন না) ॥৪৫

ক্বচিৎ (কোনস্থানে) ছন্নঃ (আবৃত), ক্বচিৎ (কোনস্থানে) স্পষ্টঃ (সমুজ্জ্বল) বহ্নিঃ (অনল) শ্রেয়ঃ (মঙ্গল) ইচ্ছতাম্ ইচ্ছাকারিগণের) উপাস্যঃ (উপাস্য) সন্ (হইয়া) দাতৄণাং হোমকারিগণের) প্রাগুত্তরাশুভং (ভূত ভবিষ্যৎ পাপ) দহন্ দগ্ধ করিয়া) সর্ব্বত্র (সর্ব্বস্থানে) (পুত্তচরু পুরোডাশাদি) ভুঙ্‌ক্তে (ভোজন করেন) (মুনি তদ্রূপ হইবেন) ॥৪৬

অগ্নি যেমন দগ্ধ করিয়াও তজ্জন্য দোষভাগী হন না, তদ্রূপ তপস্যার দ্বারা প্রভান্বিত বলবান্, পরমেশ্বর-ধ্যান-পরায়ণ অক্ষোভণীয় পরিগ্রহ-পরিশূন্য মুনি অগ্নির ন্যায় সর্ব্বভক্ষ হইয়াও অগ্নি যেমন মল গ্রহণ করে না, তদ্রূপ তিনি পাপী হন না।৪৫

কোন স্থানে কাষ্ঠভস্মাদিতে আচ্ছন্ন, কোন স্থানে কাষ্ঠাদিতে প্রকাশিত অনল আত্মকল্যাণকামিগণের উপাস্য হইয়া দাতাসমূহের ভূত ভবিষ্যৎ পাপ ভস্মীভূত করিয়া সর্ব্বত্র আহুতি গ্রহণ করেন, তদ্রূপ মুনিও করিয়া থাকেন।৪৬

স্বমায়য়া সৃষ্টমিদং সদসল্লক্ষণং বিভুঃ।
প্রবিষ্ট ঈয়তে তত্তৎস্বরূপোঽগ্নিরিবৈধসি ॥৪৭
বিসর্গাদ্যাঃ শ্মশানান্তা ভাবা দেহস্য নাত্মনঃ।
কলানামিব চন্দ্রস্য কালেনাব্যক্তবর্ত্মনা ॥৪৮

(যথা (যেরূপ) অগ্নিঃ (অনল) এধসি (কাষ্ঠে) স্থিতঃ (স্থিত) তত্তৎ (সেই সেই) স্বরূপঃ (স্বরূপ) ঈয়তে (প্রতীত হয়), এবং (এইরূপ) বিভুঃ (সর্ব্বগত আত্মা) স্বমায়য়া (প্রকৃতির দ্বারা) সৃষ্টং (সৃষ্ট) সদসল্লক্ষণং (বিপ্রশূদ্রাদিরূপ শরীরে) প্রবিষ্টঃ (প্রবিষ্ট হইয়া) তদ্রূপ প্রতীত হইয়া থাকেন ॥৪৭

যথা (যেরূপ) কলানাং (কলাসমূহের উৎপত্তি আদি হয়), ন চন্দ্রস্য (চন্দ্রের হয় না) ; তথা (তদ্রূপ) অব্যক্তবর্ত্মনা (অলক্ষিত বেগ) কালেন (কালের দ্বারা) দেহস্য (শরীরের এব (ই) বিসর্গাদ্যাঃ (জন্মাদি) শ্মশানান্তাঃ (মরণান্ত) ভাবাঃ (ভাবসকল) ভবন্তি (হয়), ন আত্মনঃ (আত্মার হয় না) ॥৪৮

অনল যেরূপ স্বতঃ আকার-বিশেষরহিত হইলেও কাষ্ঠে অবস্থিত হইয়া কাষ্ঠের আকারে আকারিত হয়, এইরূপ সর্বগত আত্মা স্বভাবতঃ আকারবিহীন হইয়াও প্রকৃতির দ্বারা সৃষ্ট দেবতির্য্যগ্ আদিরূপ শরীরে প্রবিষ্ট হইয়া তৎ তৎ রূপে প্রতীত হইয়া থাকেন।৪৭

যেমন কলাসমূহের উৎপত্তি ক্ষয় আদি হয় কিন্তু চন্দ্রের হয় না, তদ্রূপ অব্যক্তশক্তিসম্পন্ন অলক্ষিত-বেগ কালের দ্বারা শরীরেরই জন্মাদি মরণান্ত ভাবসকল হইয়া থাকে, আত্মার নহে।৪৮

"জ্যোতিষ শাস্ত্রে উক্ত হইয়াছে যে, সোমমণ্ডল চন্দ্র এবং তেজোময় মণ্ডল সূর্য্য ; রসময় সোমমণ্ডল সূর্য্যের প্রতিবিম্বেই স্বরূপে প্রতীত হয়। সূর্য্য একস্থানে অবস্থিত আছেন এবং চতুর্দ্দিকে মণ্ডলাকারে অবস্থিত সাতাইসটী অশ্বিনী প্রভৃতি নক্ষত্র ও মেষাদি রাশিচক্রই জ্যোতিশ্চক্র নামে অভিহিত হয়। এই জ্যোতিশ্চক্র মেষাদি দ্বাদশ মাসে সূর্য্যমণ্ডল পরিভ্রমণ করিয়া থাকে। পৃথিবী অহোরাত্রে চক্রের ন্যায় আপন অক্ষে পরিভ্রমণ করিয়া ত্রিংশৎ দিবসে এই এক এক রাশিকে অতিক্রম করে। সূর্য্যাভিমুখে প্রতীত পৃথিবীর ভাগে দিবা এবং তদ্‌বিপরীতে রাত্রি। এইরূপে দ্বাদশ রাশি অতিক্রম করিয়া দ্বাদশ মাসে পৃথিবী একবার সূর্য্যমণ্ডলকে চতুর্দ্দিকে পরিবেষ্টন করে। এদিকে আপ্যমণ্ডল চন্দ্রও একমাস বা ত্রিংশৎ দিবসে পৃথিবীকে বেষ্টন করিয়া থাকে। যে সময় সূর্য্য ও পৃথিবীর অন্তরে আপ্যমণ্ডল সমসূত্র রেখায় এক রাশিতে অবস্থান করে, তখন সূর্য্যাভিমুখে অবস্থিত আপ্যমণ্ডলের ভাগই প্রতিবিম্বিত হয় ; পৃথিবীর অভিমুখে অবস্থিত প্রতি-বিম্বিতাংশের বিপরীত ভাগ আলোকহীনতানিবন্ধন পৃথিবীর

কালেন হ্যোঘবেগেন ভূতানাং প্রভবাপ্যয়ৌ।
নিত্যাবপি ন দৃশ্যেতে আত্মনোঽগ্নের্যথার্চ্চিষাম্ ॥৪৯
গুণৈর্গুণানুপাদত্তে যথাকালং বিমুঞ্চতি।
ন তেষু যুজ্যতে যোগী গোভির্গা ইব গোপতিঃ ॥৫০

বুধ্যতে স্বে ন ভেদেন ব্যক্তিস্থ ইব তদ্গতঃ।
লক্ষ্যতে স্থূলমতিভিরাত্মা চাবস্থিতোঽর্কবৎ ॥৫১
নাতিস্নেহঃ প্রসঙ্গো বা কর্ত্তব্যঃ ক্বাপি কেনচিৎ।
কুর্ব্বন্ বিন্দেত সন্তাপং কপোত ইব দীনধীঃ ॥৫২

হি ওঘবেগেন (জলপ্রবাহবৎ বেগসম্পন্ন) কালেন (কালের দ্বারা) আত্মনঃ (আত্মসম্বন্ধী) ভূতানাং (ভূতগণের দেহসমূহের) প্রভবাপ্যয়ৌ (উৎপত্তি বিনাশ) হি নিত্যৌ অপি (নিত্য হইলেও) অগ্নেঃ (অগ্নির) অর্চ্চিষাং (জ্বালা সকলের) যথা (যেরূপ), তথা (তদ্রূপ) প্রতিক্ষণং (প্রতিক্ষণ) ভবন্তৌ অপি (হইলেও) ন দৃশ্যেতে (দৃষ্ট হয় না) ॥৪৯

গোপতিঃ (সূর্য্য) যথা (যেমন) গোভিঃ (রশ্মিসকলের দ্বারা) গাঃ (জলসমূহ) যথাকালম্ (গ্রীষ্মাদিকালে) উপাদত্তে গ্রহণ করেন) (চ) বর্ষাকালে (বর্ষাকালে) বিমুঞ্চতি (বর্ষণ করেন) এবং (এইরূপ) যোগী (যোগী) গুণৈঃ (ইন্দ্রিয়সকলের দ্বারা) গুণান্ (শব্দাদি বিষয়সকল) উপাদত্তে (স্বীকার করেন) যথাকালং (যথাকালে অর্থী আগত হইলে দান করেন) তেষু (বিষয়সমূহ) ন যুজ্যতে (আসক্ত হন না) ॥৫০

ব্যক্তিস্থঃ (জলাদি উপাধিপ্রতিবিম্বিত) অর্কবৎ (সূর্য্যের ন্যায়) বস্তুতঃ একোঽপি (বস্তুত এক হইলেও) স্থূলমতিভিঃ (স্থূলমতিগণ কর্তৃক) তদ্গতঃ (জলগত) ইব (ন্যায়) ভেদেন (বহুভাবে) লক্ষ্যতে (দৃষ্ট হন) তথা (তদ্রূপ দেহাদি উপাধি প্রবিষ্ট) স্বেন (স্বীয়রূপে) একোঽপি (একই) আত্মা (আত্মা) স্থূলমতিভিঃ (স্থূলবুদ্ধিগণ দ্বারা) ভেদেন (বহুভাবে) এব বুধ্যতে (প্রতীত হইয়া থাকেন) ॥৫১

ক্ব (কোথাও) অপি (ও) কেনচিৎ (কাহারও সহিত) অতিস্নেহঃ (অতিস্নেহ) বা (কিংবা) প্রসঙ্গঃ (সস্নেহ পালনাদি) ন কর্ত্তব্যঃ (করা উচিত নয়) (করিলে) দীনধীঃ (দীনবুদ্ধি) কপোত ইব (কপোতের ন্যায়) সন্তাপং (সন্তাপ) বিন্দেত (প্রাপ্ত হয়) ॥৫২

যেমন অগ্নির জ্বালাসকলের উৎপত্তি ও বিনাশ প্রতিক্ষণ হইলেও দৃষ্টিগোচর হয় না, তদ্রূপ জলপ্রবাহবৎ বেগসম্পন্ন কালের আত্মসম্বন্ধী শরীরের উৎপত্তি এবং বিনাশ প্রতিক্ষণ হইলেও দেখা যায় না ।৪৯

যেমন ভুবন-ভাস্কর রাশিসমূহের দ্বারা জলসকল গ্রীষ্মাদিকালে গ্রহণ করেন এবং বর্ষাকালে বর্ষণ করিয়া থাকেন, এইরূপ যোগী ইন্দ্রিয়গণের দ্বারা শব্দাদি বিষয়সমুদয় স্বীকার করেন, অর্থী আগত হইলে দান করিয়া থাকেন, কিন্তু তাহাতে যুক্ত হন না অর্থাৎ "লাভ করিয়াছিলাম দান করিয়াছি" এরূপ অভিনিবেশ করেন না ।৫০

জলে প্রতিবিম্বিত একমাত্র সূর্য্য যেরূপ স্থূলবুদ্ধি মানবগণের নিকট বহুরূপে পরিদৃষ্ট হইয়া থাকেন তদ্রূপ অদ্বিতীয় একমাত্র আত্মাকে স্থূলবুদ্ধি মানবগণ বহুরূপে দর্শন করিয়া থাকে।৫১

অতিশয় প্রীতি উপলালনাদি আসক্তি কোন বিষয়ে কাহারও সহিত করা কর্ত্তব্য নহে, তাহা করিলে বিবেকহীন কপোতের মত সন্তাপ প্রাপ্ত হইতে হয় ।৫২

নিকট প্রতীত হয় না। পরে প্রতিপদাদি আরম্ভ করিয়া আপ্যমণ্ডল পৃথিবীর চতুর্দ্দিকে পরিভ্রমণ করিতে গিয়া যেমন সমরাশি হইতে বিচ্যুত হইয়া বিষম-রাশিতে অবস্থান করে অর্থাৎ সূর্য্য আপ্যমণ্ডলে ও পৃথিবী ত্রিভুজের ত্রিকোণস্থানীয় হয়, সেই সময় সূর্য্যপ্রতিবিম্বিত আপ্যমণ্ডলের আংশিক ভাগ পৃথিবীর নিকট পরিদৃষ্ট হয় এবং ক্রমশঃ সূর্য্যসন্নিধান হইতে আপ্যমণ্ডল পৃথিবী বেষ্টনার্থ যতই দূরে যাইতে থাকে, ততই তাহার সূর্য্যপ্রতিবিম্বিত ভাগ পরিবর্দ্ধিত ভাবে পৃথিবীর নিকট পরিদৃষ্ট হয় ; এই এক এক দিবসের প্রতিবিম্বিত পরিদৃষ্ট আপ্যমণ্ডলের অংশকে এক এক কলা নামে অভিহিত করা হয়। এইরূপে পঞ্চদশ দিবসে আপ্যমণ্ডল পরিভ্রমণ করিতে করিতে নিজগতিতে যখন সূর্য্য ও পৃথিবীর সম্পূর্ণ দূরে অবস্থান করে. অর্থাৎ পৃথিবী যখন সূর্য্য ও আপ্যমণ্ডলের মধ্যবর্ত্তী

কপোতঃ কশ্চনারণ্যে কৃতনীড়ো বনস্পতৌ।
কপোত্যা ভার্য্যয়া সার্দ্ধমুবাস কতিচিৎ সমাঃ ॥৫৩
কপোতৌ স্নেহগুণিত-হৃদয়ৌ গৃহধর্ম্মিণৌ।
দৃষ্টিং দৃষ্ট্যাঙ্গমঙ্গেন বুদ্ধিং বুদ্ধ্যা ববন্ধতুঃ ॥৫৪
শয্যাসনাটন-স্থান-বার্ত্তা-ক্রীড়াশনাদিকম্।
মিথুনীভূয় বিশ্রব্ধৌ চেরতুর্বনরাজিষু ॥৫৫

যং যং বাঞ্ছতি সা রাজন্ তর্পয়ন্ত্যনুকম্পিতা।
তং তং সমানয়ৎ কামং কৃচ্ছ্রেণাপ্যজিতেন্দ্রিয়ঃ ॥৫৬
কপোতী প্রথমং গর্ভং গৃহ্নন্তী কাল আগতে।
অণ্ডানি সুষুবে নীড়ে স্বপত্যুঃ সন্নিধৌ সতী ॥৫৭
তেষু কালে ব্যজায়ন্ত রচিতাবয়বা হরেঃ।
শক্তিভির্দুর্বিভাব্যাভিঃ কোমলাঙ্গতনূরুহাঃ ॥৫৮

কশ্চন (কোন এক) কপোতঃ (কপোত) অরণ্যে (বনে) বনস্পতৌ (বৃক্ষে) কৃতনীড়ঃ (কুলায় নির্ম্মাণ করত) ভার্য্যয়া (ভার্য্যা) কপোত্যাঃ (কপোতীর) সার্দ্ধং (সহিত) কতিচিৎ (কতিপয়) সমাঃ (বৎসর) উবাস (বাস করিয়াছিল) ॥৫৩

স্নেহগুণিতহৃদয়ৌ (প্রেমবদ্ধহৃদয়) গৃহধর্ম্মিণৌ (গৃহধর্ম্মী) কপোতৌ (কপোত কপোতী) দৃষ্ট্যা (দৃষ্টির দ্বারা) দৃষ্টিম্ (দৃষ্টি) অঙ্গেন (অঙ্গের দ্বারা) অঙ্গং (অঙ্গ) বুদ্ধ্যা (বুদ্ধির দ্বারা) বুদ্ধিং (বুদ্ধি) ববন্ধতুঃ (বন্ধন করিয়াছিল) ॥৫৪

বিশ্রব্ধৌ (বিশ্বস্ত) তৌ দম্পতী (সেই দম্পতী) মিথুনীভূয় (উভয়ে একত্রে) বনরাজিষু (বনমধ্যে) শয্যাসনাটন-স্থান-বার্ত্তা-ক্রীড়াসনাদিকং (শয্যা-আসন-বিচরণ-স্থিতি, কথোপকথন, ক্রীড়া, ভোজনাদি) চেরতুঃ (করিত) ॥৫৫

কপোতেন (কপোত কর্ত্তৃক) অনুকম্পিতা (কৃপাপূর্ব্বক প্রেরিতা) তর্পয়ন্তী (পরিতৃপ্তা) সা (সেই) কপোতী (কপোতী) যং যং (যাহা যাহা) বাঞ্ছতি (ইচ্ছা করিত) রাজন্ (হে রাজন্) অজিতেন্দ্রিয়ঃ (কামী) কাপোতঃ (কপোত) কৃচ্ছ্রেণ অপি (কষ্ট করিয়াও) তং তং (সেই সেই) কামং (বাসনা) সমানয়ৎ (সম্পাদন করিত) ॥৫৬

কালে (কাল) আগতে সতি (আগত হইলে) প্রথমং (প্রথম) গর্ভং (গর্ভ) গৃহ্নতী (গ্রহণকারিণী) কপোতী (কপোতী) নীড়ে (কুলায়) স্বপত্যুঃ (স্বীয় স্বামীর) সন্নিধৌ (সন্নিকটে) অণ্ডানি (অণ্ডসকল) সুষুবে (প্রসব করিল) ॥৫৭

তেষু (সেই অণ্ডসকলে) কালে (যথাকালে) হরেঃ (হরির) দুর্বিভাব্যাভিঃ (অচিন্তনীয়) শক্তিভিঃ (শক্তির দ্বারা) (স্বভাব কর্ম্মাদিশক্তির দ্বারা) রচিতাবয়বাঃ (নির্ম্মিত অঙ্গ) কোমলাঙ্গতনূরুহাঃ (কোমলাঙ্গ পক্ষযুক্ত) শাবকাঃ (শাবক-সকল) ব্যজায়ন্ত (সমুৎপন্ন হইল) ॥৫৮

কোন বনে এক কপোত ভার্য্যা কপোতীর সহিত বৃক্ষে কুলায় নির্ম্মাণ পূর্ব্বক কয়েক বৎসর বাস করিয়াছিল।৫৩

প্রেমনিবদ্ধহৃদয় মৈথুনসুখনিরত কপোত-কপোতী দৃষ্টির দ্বারা দৃষ্টি, অঙ্গের দ্বারা অঙ্গ, বুদ্ধির দ্বারা বুদ্ধি বন্ধন করিয়া সুখে অবস্থান করিত।৫৪

নিঃশঙ্ক সেই কপোত দম্পতী সকল সময়ে উভয়ে একত্র হইয়া বনমধ্যে শয়ন, উপবেশন, ভ্রমণ, অবস্থান, পরস্পর বার্ত্তালাপ, ক্রীড়া ও ভোজনাদি করিত, ক্ষণকালও স্বতন্ত্র থাকিত না।৫৫

হে রাজন্! সেই কপোতী হাস্যসহ দর্শন আলাপাদির দ্বারা কপোতকে প্রীত করিত, সে যে যে সামগ্রী বাঞ্ছা করিত, অজিতেন্দ্রিয় কপোত কষ্ট করিয়াও তাহাকে সেই সেই কাম্য বস্তু প্রদান করিত।৫৬

প্রথম গর্ভবতী সতী কপোতী প্রসবকাল উপস্থিত হইলে পতির নিকটে কুলায় কয়েকটী অণ্ড প্রসব করিল।৫৭

সেই জলভরিত অণ্ডসকলে শ্রীহরির অভাবনীয়া কাল-কর্ম্ম-স্বভাবাদি শক্তিসমূহের দ্বারা তাহাদের অঙ্গসকল নির্ম্মিত হইল। কোমলাঙ্গ রোমবিশিষ্ট শিশুগণ যথাকালে ডিম্ব হইতে সঞ্জাত হইয়াছিল।৫৮

হইয়া সমসূত্র রেখায় এক রাশিতে অবস্থান করে, তখন সূর্য্য প্রতিবিম্বিত আপ্যমণ্ডলের ভাগ পূর্ণমাত্রায় পৃথিবীর অভিমুখেই পরিদৃষ্ট হয়, সুতরাং আপ্যমণ্ডলে সূর্য্যের সম্পূর্ণ প্রতিবিম্ব যাহা পৃথিবী হইতে লক্ষিত হয়,

প্রজাঃ পুপুষতুঃ প্রীতৌ দম্পতী পুত্রবৎসলৌ।
শৃণ্বন্তৌ কূজিতং তাসাং নির্বৃতৌ কলভাষিতৈঃ ॥৫৭

পুত্রবৎসলৌ (পুত্রস্নেহযুক্ত) তৌ (সেই) দম্পতী (দম্পতী) প্রজাঃ (শাবকসকল) পুপুষতুঃ (পোষণ করিতে লাগিল), তাসাং (তাহাদের) কূজিতং (কূজন) শৃণ্বন্তৌ (শ্রবণে) প্রীতৌ (প্রীত) কলভাষিতৈঃ (মধুর অস্ফুট ধ্বনিতে) নির্বৃতৌ (আনন্দিত হইত) ॥৫৭

সেই শাবকগণের কূজন ও মধুর ধ্বনি শ্রবণে উভয়ে সুখানুভব করিত। প্রীতিসম্পন্ন পুত্রবৎসল সেই কপোতদম্পতী আনন্দিত চিত্তে শাবকগণকে পোষণ করিত।৫৭

তাসাং পতত্রৈঃ সুস্পর্শৈঃ কূজিতৈর্মুগ্ধচেষ্টিতৈঃ।
প্রত্যুদগমৈরদীনানাং পিতরৌ মুদমাপতুঃ ॥৬০

অদীনানাং (হৃষ্ট) তাসাং (তাহাদের) সুস্পর্শৈঃ (সুখস্পর্শ) প্রত্যুদগমৈঃ (অচিরোদগত) পতত্রৈ (পক্ষের দ্বারা) মুগ্ধ-চেষ্টিতৈঃ (শিশুব্যবহার) কূজিতৈঃ (মধুর কূজনে) পিতরৌ (পিতামাতা) মুদম্ (আনন্দ) আপতুঃ (প্রাপ্ত হইত) ॥৬০

পুলকিত শিশুগণের অচিরোদগত সুখস্পর্শ পক্ষের দ্বারা তাহাদের শিশুগণোচিত ক্রীড়া ও মধুর কূজনে পিতামাতা আনন্দলাভ করিত।৬০

তাহারই নাম পঞ্চদশ কলার সমাবেশ পূর্ণচন্দ্র। আবার চন্দ্র এক এক দিবসে যতই সূর্য্যের নিকটবর্ত্তী হইতে থাকে, প্রত্যহ তাহার যে প্রতিবিম্বিতাংশ পৃথিবীর দৃষ্টির বহির্ভূত হইতে লাগিল, সেই অংশের নাম কলা; সেই কলাহ্রাসে কৃষ্ণপক্ষের আরম্ভ হইয়া পুনরায় যখন আপ্যমণ্ডল সূর্য্য ও পৃথিবীর অন্তরালে সমসূত্র রেখায় এক রাশিতে অবস্থান করে, তখনই অমাবস্যা হয়। অতএব আপ্যমণ্ডল যে স্থানেই অবস্থান করুক না, সূর্য্যের সম্পূর্ণ প্রতিবিম্বগ্রহণে তাহার কোনরূপ প্রতিবন্ধক ঘটে না, সুতরাং পূর্ণচন্দ্ররূপেও কোন ব্যাঘাত নাই; কেবল পৃথিবী সম্পর্কে তাহার ন্যূনাতিরেক দৃষ্টির তারতম্যে কলাক্ষয় ও কলা বৃদ্ধি এবং পূর্ণচন্দ্র বা অমাবস্যা ঘটিলেও তদ্বিপরীতে পূর্ণচন্দ্র আছে, কেবল গতির ইতর বিশেষ মাত্র ; সেইরূপ জীবাত্মার জন্মনাশাদি ষট্‌ প্রকার কেবল দেহের ভাবে মাত্র। আত্মা পূর্ণচন্দ্রের ন্যায় অক্ষয় অজর ও অমর ভাবেই বিদ্যমান আছেন। দেহধর্ম আত্মাতে আরোপ করত বিকৃত ভাবের পরিচয় তাহাতে হয় মাত্র ॥৪৮,

শাস্ত্রীমহাশয়ের ভাগবত হইতে।

(৩৮)—২

যদু—আপনি পর্ব্বতের নিকট কি শিক্ষা করিয়াছেন?

দত্তাত্রেয়—সর্ব্বদা পরের উপকার করা পর্ব্বতের নিকট শিখিয়াছি। পর্ব্বত পৃথিবী ধারণ, প্রস্রবণ, মণিরত্ন দানাদির দ্বারা সকলের উপকার করে; সাধুগণকে গুহায় স্থানদান করিয়া থাকে, পরোপকার করা ব্যতীত পর্ব্বতের আর অন্য কোন কর্ম্ম নাই, পর্ব্বতকে খণ্ড খণ্ড করিয়া লইয়া গিয়া মানবগণ গৃহাদি নির্ম্মাণ করে, পর্ব্বতের উৎপত্তি কেবল পরের উপকারের জন্য। আমিও আমার গুরু পর্ব্বতের মত সতত লোকের উপকারই করিয়া থাকি।

যদু—আপনি বৃক্ষের নিকট কি শিক্ষা করিয়াছেন? (৩)

দত্তাত্রেয়—বৃক্ষও পরের উপকারের জন্য দেহ ধারণ করে, মূল পুষ্পাদির দ্বারা মানবের সেবা করে, ত্বক্‌ এবং কাষ্ঠের দ্বারাও মানুষ উপকৃত হয়, বৃক্ষের এমন কোন অংশ নাই যাহার দ্বারা লোকের উপকার না হয়। জীবিতকালে ফলপুষ্পাদি দান, শুষ্ক হইয়া যাইলেও কাষ্ঠাদির দ্বারা সেবা করে। শেষ পর্য্যন্ত ভস্মের দ্বারাও লোক উপকৃত হয়—বৃক্ষচ্ছেদককেও বৃক্ষ ছায়া দান করে। লোকে ইচ্ছামত তাহাদিগকে অন্যত্র লইয়া গিয়া প্রোথিত করে, সে নিষেধ করে না। বৃক্ষ শীত, গ্রীষ্ম বর্ষা ঝড় ঝঞ্ঝা অবাধে সহ্য করে। যোগিগণের বৃক্ষের ন্যায় পরোপকারী ও ধীর স্থির হওয়া কর্ত্তব্য। বৃক্ষগুরু আমাকে ইহা শিক্ষাদান করিয়াছেন॥

যদু—আপনি বায়ু হইতে কি শিখিয়াছেন? (৪)

দত্তাত্রেয়—বায়ু আমায় প্রাণবৃত্তি শিক্ষা দিয়াছেন। প্রাণবায়ু ও বাহ্যবায়ু ভেদে বায়ু দুই প্রকার। প্রাণরক্ষার জন্য আহারের প্রয়োজন; ইন্দ্রিয়ের তৃপ্তিকর আহার করা যোগিগণের উচিত নহে "ঔষধবদশনমাচরেৎ" ক্ষুধা রোগের ঔষধ ভোজন, ঔষধের মত ভোজন করিতে হয়। সে ভোজন সাত্ত্বিক দ্রব্যই করা উচিত। ভোজন ত্যাগ করা কর্ত্তব্য নহে, তাহাতে চিত্ত ব্যাকুল হইতে পারে। মাত্র দেহরক্ষার জন্য আহার করা কর্ত্তব্য। বাহ্যবায়ুর নিকট বিষয়ের সেবা করিয়া

স্নেহানুবদ্ধহৃদয়াবন্যোন্যং বিষ্ণুমায়য়া।
বিমোহিতৌ দীনধিয়ৌ শিশূন্ পুপুষতুঃ প্রজাঃ ॥৬১
একদা জগ্মতুস্তাসামন্নার্থং তৌ কুটুম্বিনৌ।
পরিতঃ কাননে তস্মিন্নর্থিনৌ চেরতুশ্চিরম্ ॥৬২

বিষ্ণুমায়য়া (বিষ্ণুমায়ার দ্বারা) বিমোহিতৌ (বিমোহিত) দীনধিয়ৌ (দীনচিত্ত) (অতএব) অন্যোন্যং (পরস্পর) স্নেহানুবদ্ধহৃদয়ৌ (স্নেহযুক্তহৃদয়) শিশূন্ (শিশু) প্রজাঃ (শাবকগণকে) পুপুষতুঃ (পোষণ করিত) ॥৬১

একদা (একদিন) কুটুম্বিনৌ (সন্ততিসম্পন্ন) তৌ (উভয়ে) তাসাম্ (তাহাদের) অন্নার্থং (আহারের জন্য) তস্মিন্ (সেই) কাননে (বনে) অর্থিনৌ (অর্থী) প্রার্থয়ন্তৌ (খাদ্য অন্বেষণ করত) পরিতঃ (সর্ব্বত্র) চিরং (বহুক্ষণ) চেরতুঃ (বিচরণ করিতে লাগিল) ॥৬২

শ্রীভগবানের অচিন্তনীয়া মায়ার দ্বারা মোহপ্রাপ্ত পরস্পর প্রেমানুবন্ধনে বদ্ধহৃদয় তাহাদের পোষণের নিমিত্ত কপোতদম্পতী বালক পুত্রগণকে পোষণ করিত।৬১

তাহাদের ভোজনের জন্য ভক্ষ্যদ্রব্য আনয়নের নিমিত্ত পুত্রসম্পন্ন পিতামাতা একদিন অরণ্যে গমন করত তথায় বহুক্ষণ বিচরণপূর্ব্বক ভক্ষ্য সংগ্রহ করে।৬২

দৃষ্ট্বা তাঁল্লুব্ধকঃ কশ্চিদ্ যদৃচ্ছাতো বনেচরঃ।
জগৃহে জালমাতত্য চরতঃ স্বালয়ান্তিকে ॥৬৩
কপোতশ্চ কপোতী চ প্রজাপোষে সদোৎসুকৌ।
গতৌ পোষণমাদায় স্বনীড়মুপজগ্মতুঃ ॥৬৪

ইত্যবৎসরে (এই অবসরে) যদৃচ্ছাতঃ (যদৃচ্ছাক্রমে) বনেচরঃ (বনচরঃ) কশ্চিৎ (কোন) লুব্ধকঃ (ব্যাধ) স্বালয়ান্তিকে (নীড়ের নিকটে) চরতঃ (বিচরণকারী) তান্ (তাহাদিগকে) দৃষ্ট্বা (দেখিয়া) জালম্ (জাল) আতত্য (বিস্তার করিয়া) তান্ (তাহাদিগকে) জগৃহে (ধরিল) ॥৬৩

কপোতঃ (কপোত) কপোতী (কপোতী) প্রজাপোষে (সন্তানপোষণে) সদোৎসুকৌ (সদা-উৎসুক) সন্তৌ (হইয়া) গতৌ (আহার সংগ্রহের জন্য গমন করিয়াছিল), ততঃ (অনন্তর) তৌ (উভয়ে) পোষণম্ (খাদ্য) আদায় (লইয়া) স্বনীড়ং (স্বীয় কুলায়) উপজগ্মতুঃ (উপস্থিত হইল) ॥৬৪

সেই সময় অকস্মাৎ এক বনচর ব্যাধ নীড়ের নিকটে ক্রীড়াশীল সেই কপোত শিশুগণকে দেখিয়া জাল বিস্তীর্ণ করিয়া তাহাদের গ্রহণ করিল।৬৩

অনন্তর পুত্রগণের পোষণে সতত উৎকণ্ঠিতচিত্ত, তাহা আনয়নের জন্য গত কপোত কপোতী ভক্ষ্যদ্রব্য লইয়া আপনাদের নীড়ের নিকট উপস্থিত হইল।৬৪

তাহাতে অনাসক্ত থাকিতে হয়—শিক্ষা করিয়াছি। জল অনল সুগন্ধ দুর্গন্ধ বায়ু সর্ব্বত্র প্রবহমান হইয়াও কাহারও সহিত সংশ্লিষ্ট হয় না। এইরূপ যোগিগণ সর্ব্বত্র ভ্রমণ করিয়াও কাহারও সহিত মিলিত হইবেন না এবং বায়ুর ন্যায় দেহধর্ম্ম হইতে বিযুক্ত থাকিবেন অর্থাৎ অহঙ্কার হইতে আত্মাকে পৃথকভাবে দর্শন করিতে হয়—ইহা আমার বায়ুগুরু শিক্ষা দিয়াছেন।

যদু—আপনি আকাশের নিকট কি শিখিয়াছেন? (৫)

দত্তাত্রেয়—সর্ব্বব্যাপকত্ব ও নিঃসঙ্গতা আকাশগুরু আমাকে শিক্ষা দিয়াছেন। আকাশ দেখিয়া আমি পরমাত্মার ধারণা করিতে শিখিয়াছি। আকাশ যেমন সকলের অন্তরে বাহিরে বর্ত্তমান থাকিয়াও সঙ্গরহিত, এইরূপ পরমাত্মাও সকলের বাহ্য-অভ্যন্তরে নিয়ত বিদ্যমান; তাঁহার দ্বারাই জগৎ সমাচ্ছন্ন হইলেও তিনি নিঃসঙ্গ। ঘটাকাশ মঠাকাশ জলাকাশ মেঘাকাশ এইরূপ আকাশের উপাধিযোগে নানা নাম হইলেও আকাশ যেমন পরিচ্ছিন্ন হয় না, তদ্রূপ সেই একমাত্র অদ্বিতীয় পরমাত্মা সর্ব্বত্র পরিপূর্ণ থাকিয়াও কাহারও সহিত লিপ্ত নহেন। সমস্ত ব্যাপিয়া সতত বর্ত্তমান—এ শিক্ষা আমি আকাশের নিকট পাইয়াছি। আরও আকাশ যেমন বায়ু-চালিত মেঘের দ্বারা সংশ্লিষ্ট হন না, তদ্রূপ তেজ, জল, অন্ন ও পৃথিবীর স্ব স্ব কালজাত দেহাদির দ্বারা পরমাত্মা সংশ্লিষ্ট হন না—এ শিক্ষাও আকাশ-গুরু দিয়াছেন।

কপোতী স্বাত্মজান্ বীক্ষ্য বালকান্ জালসংবৃতান্।
তানভ্যধাবৎ ক্রোশন্তী ক্রোশতো ভৃশদুঃখিতা ॥৬৫
সাসকৃৎ স্নেহগুণিতা দীনচিত্তাজমায়য়া।
স্বয়ঞ্চাবধ্যত শিচা বদ্ধান্ পশ্যন্ত্যপস্মৃতিঃ ॥৬৬

কপোতী (কপোতী) স্বাত্মজান্ (স্বীয়) বালকান্ (বালকগণকে) জালসংবৃতান্ (জালবদ্ধ) বীক্ষ্য (দেখিয়া) ভৃশদুঃখিত (অত্যন্ত দুঃখিতা) সতী (হইয়া) ক্রোশন্তী (কূজন করিতে করিতে) ক্রোশতঃ (সকাতর কূজনকারী) তান্ (তাহাদিগের দিকে) অভ্যধাবৎ (ধাবিত হইল) ॥৬৫

অজমায়য়া (বিষ্ণুমায়ার দ্বারা) দীনচিত্তা (দুঃখিতচিত্তা) অসকৃৎ (অতিশয়) স্নেহগুণিতা (স্নেহসম্পন্না) সা (সেই কপোতী) বদ্ধান্ (বদ্ধ শিশুগণকে) পশ্যন্তী (দেখিয়া) অপস্মৃতিঃ (হতজ্ঞানী হইয়া) স্বয়ং চ (আপনিও) শিচা (জালের দ্বারা) অবধ্যত (বদ্ধ হইল) ॥৬৬

কপোতী স্বীয় বালক-পুত্রগণকে জালনিবদ্ধ ও কাতরভাবে কূজন করিতে দেখিয়া অত্যন্ত দুঃখিত হইয়া আপনিই দুঃখের সহিত কূজন করিতে করিতে তাহাদের দিকে ধাবিত হইল।৬৫

ভগবানের মায়ার দ্বারা তাহাদের প্রতি অত্যন্ত স্নেহবদ্ধা দুঃখিতচিত্তা কপোতী হতজ্ঞানা হইয়া সেই বালকগণকে জালবদ্ধ দেখিয়াও আপনিও জালে পতিত হইল।৬৬

কপোতশ্চাত্মজান্ বদ্ধানাত্মনোঽপ্যধিকান্ প্রিয়ান্।
ভার্য্যাঞ্চাত্মসমাং দীনো বিললাপাতিদুঃখিতঃ ॥৬৭
অহো মে পশ্যতাপায়মল্পপুণ্যস্য দুর্ম্মতেঃ।
অতৃপ্তস্যাকৃতার্থস্য গৃহস্ত্রৈবর্গিকো হতঃ ॥৬৮

দীনঃ (দীন) কপোতঃ (কপোত) চ (ও) আত্মনঃ (আপনা হইতে) অপি (ও) অধিকান্ প্রিয়ান্ (অধিক প্রিয়) আত্মজান্ (সন্তানগণকে) বদ্ধান্ (বদ্ধ) তথা (এবং) আত্মসমাং (আত্মসদৃশী) ভার্য্যাং (পত্নীকে) চ (ও) বদ্ধান্ দৃষ্ট্বা (আবদ্ধা দেখিয়া) অতিদুঃখিতঃ (অতি দুঃখিত) সন্ (হইয়া) বিললাপ (বিলাপ করিতে লাগিল) ॥৬৭

অহো (অহো) অল্পপুণ্যস্য (অল্পপুণ্য) দুর্ম্মতেঃ (দুর্ম্মতি) মে (আমার) অপায়ং (সর্ব্বনাশ) পশ্যত (দেখ)। অতৃপ্তস্য (অতৃপ্ত) অকৃতার্থস্য (অকৃতার্থ) মম (আমার) ত্রৈবর্গিকঃ (ধর্ম্মার্থ কামের হেতুভূত) গৃহঃ (গৃহ) হতঃ (হত হইল) ॥৬৮

কপোতও আপনার শরীর হইতেও অধিক প্রিয় স্বীয় পুত্রগণকে বদ্ধ ও আত্মসদৃশী ভার্য্যাকে দীনা বদ্ধা দেখিয়া অত্যন্ত দুঃখিত অন্তঃকরণে শোক করিতে লাগিল।৬৭

অহো! অল্পপুণ্য দুর্ম্মতি আমার কি সর্ব্বনাশ হইল দেখ ; দৃষ্টসুখে অতৃপ্ত, ধর্ম্ম-অর্থ-কাম ত্রিবর্গের সাধনভূত গৃহাশ্রয় নষ্ট হইয়া যাইল।৬৮

যদু—আপনি জলের নিকট কি শিখিয়াছেন? (৬)

দত্তাত্রেয়—তীর্থজল যেরূপ স্বভাবতঃ স্বচ্ছ ও মধুর-স্নিগ্ধ, সকলকে তৃপ্ত করে, যতই তাপিত হউক না কেন জলে অবগাহনে জলপানে তাহার সে তাপ শান্তি হয়, বেশী কি, জল দর্শন করিলেও হৃদয়ের তাপ দূর হইয়া থাকে, মধুরালাপী মুনিগণেরও জলের মত পবিত্রকারক হইয়া দর্শন স্পর্শন কীর্ত্তনের দ্বারা জগৎ পবিত্র করা বিধেয়, জলের মত তাপশান্তি করা সাধুগণের অবশ্য কর্ত্তব্য—ইহা জলের কাছে শিক্ষা করিয়াছি।

যদু—আপনি অগ্নির নিকট কি শিক্ষা করিয়াছেন? (৭)

দত্তাত্রেয়—অগ্নিগুরু আমায় অক্ষোভ্যতা যথালাভে সন্তোষ আত্মলাভের কৌশল অবিনশ্বরত্ব শিখাইয়াছেন। যদৃচ্ছ ভোজনে সর্ব্বভক্ষ্য অগ্নি যেমন মললিপ্ত হন না, যোগীরাও তদ্রূপ অপ্রধর্ষণীয় হইয়া শ্রদ্ধাপূর্ব্বক যিনি যাহা দেন, তদ্দ্বারা জীবনধারণ করা কর্ত্তব্য। অগ্নি যেমন কাষ্ঠের মধ্যে থাকেন, মন্থন করিলে প্রকাশিত হন, সেইরূপ শ্রীভগবান্ জীবের হৃদয়-কমলে আছেন। শ্রবণ কীর্ত্তনাদি ভজনের দ্বারা তিনি প্রীত হইয়া দর্শন দান করেন। কাষ্ঠের অভাবে অগ্নিশিখার নাশ হইলেও যেমন অগ্নিত্বের নাশ হয় না ; সেই প্রকার আত্মার নাশ হয় না। বিভু ভগবান্ আপনার মায়ার দ্বারা সৃষ্ট সৎ অসৎ রূপ জগতে প্রবেশপূর্ব্বক কাষ্ঠনিহিত অনলের ন্যায় দেব তির্য্যক্ বিপ্র শূদ্র আদি সকল প্রাণীতে সর্ব্বময়রূপে বিরাজ করিতেছেন ; অগ্নিগুরু আমায় ইহা শিখাইয়াছেন। আরও যেমন অগ্নির শিখাসমূহের উৎপত্তি বিনাশ হয়, অগ্নির নহে, সেইরূপ প্রবল বায়ুবেগতুল্য কালবশে দেহেরই জন্ম-মরণ হয়—আত্মার নহে, ইহা শিখিয়াছি।

[ষষ্ঠবর্ষ, চৈত্র, ১৩৭৪]　　[দশম সংখ্যা—মদনভঞ্জিকা যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়-বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পূজক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]　　[প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্র-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্. ডি. পি. এইচ.; ডি. টি. এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই চৈত্র, ১৩৭৪।

কার্য্যালয় :—
৭৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮।সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

ওঁশ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পাদক—আর্য্যশাস্ত্র

অনুরূপানুকূলা চ যস্য মে পতিদেবতা।
শূন্যে গৃহে মাং সংত্যজ্য পুত্রৈঃ স্বর্যাতি সাধুভিঃ ॥৬৯
সোঽহং শূন্যে গৃহে দীনো মৃতদারো মৃতপ্রজঃ।
জিজীবিষে কিমর্থং বা বিধুরো দুঃখজীবিতঃ ॥৭০

যস্য (যে) মে (আমার) পতিদেবতা (পতিব্রতা) অনুকূলা (অনুরক্তা) চ (ও) অনুরূপা (সদৃশী) পত্নী (পত্নী) শূন্যে (শূন্য) গৃহে (গৃহে) মাং (আমাকে) সংত্যজ্য (পরিত্যাগ-পূর্ব্বক) সাধুভিঃ (সাধু) পুত্রৈঃ (পুত্রগণের সঙ্গে) স্বর্যাতি (স্বর্গে গমন করিতেছে), দীনঃ (দীন) সঃ (সেই) অহং (আমি) মৃতদারঃ (পত্নীশূন্য) মৃতপ্রজঃ (সন্তানবিহীন) দুঃখজীবিতঃ (দুঃখজীবন) বিধুরঃ (শোকার্ত্ত) কিমর্থং (কিজন্যই) বা (বা) জিজীবিষে (জীবিত থাকিব) ॥৬৯।৭০

পতিদেবতা অনুকূলা চিত্তানুকারিণী রূপযৌবন-সম্পন্না মনোহারিণী আমার ভার্য্যা শূন্যগৃহে আমাকে পরিত্যাগপূর্ব্বক সাধুপুত্রগণের সহিত স্বর্গে গমন করিতেছে। পত্নীবিহীন, পুত্র বিরহিত-দীন দুঃখময় জীবন আমি আর কি জন্যই বা জীবিত থাকিতে অভিলাষ করিব? ।৬৯।৭০

তাংস্তথৈবাবৃতান্ শিগ্ভির্মৃত্যুগ্রস্তান্ বিচেষ্টতঃ।
স্বয়ঞ্চ কৃপণঃ শিক্ষু পশ্যন্নপ্যবুধোঽপতৎ ॥৭১
তং লব্ধ্বা লুব্ধকঃ ক্রূরঃ কপোতং গৃহমেধিনম্।
কপোতকান্ কপোতীঞ্চ সিদ্ধার্থঃ প্রযযৌ গৃহম্ ॥৭২

তান্ (তাহাদিগকে) তথা এব (সেইরূপ) শিগ্ভিঃ (জালের দ্বারা) আবৃতান্ (আবদ্ধ) বিচেষ্টতঃ (নিশ্চেষ্ট) মৃত্যুগ্রস্তান্ (মৃত্যুগ্রস্ত) পশ্যন্ (দেখিয়া) অপি (ও) অবুধঃ (নির্ব্বোধ) (কপোত) স্বয়ং চ (স্বয়ং ও) শিক্ষু (জালে) অপতৎ (পতিত হইল) ॥৭১

ক্রূরঃ (নির্দ্দয়) লুব্ধকঃ (ব্যাধ) গৃহমেধিনম্ (গৃহাসক্ত) তং (সেই) কপোতং (কপোতকে) কপোতীং (কপোতী) চ (ও) কপোতকান্ (কপোত শাবকগণকে) লব্ধ্বা (লাভ করিয়া) সিদ্ধার্থঃ সন্ (সিদ্ধ মনোরথ হইয়া) গৃহং (গৃহে) প্রযযৌ (প্রস্থান করিল) ॥৭২

জালের দ্বারা আবদ্ধ মরণাপন্ন চেষ্টাশূন্য শিশু-গণকে দেখিয়া মোহবশে তাহাদের প্রতি আসক্ত সেই অবোধ কপোতও স্বয়ং জালে পতিত হইল।৭১

নিষ্ঠুর ব্যাধ সেই গৃহাসক্ত কপোত, কপোতপুত্রগণ ও কপোতীকে লাভ করিয়া লব্ধ-মনোরথ হইয়া গৃহে গমন করিল।৭২

যদু—আপনি চন্দ্রের নিকট কি শিখিয়াছেন? (৮)

দত্তাত্রেয়—দেহের জন্ম মরণাদি দশাসমূহের ব্যাপার চন্দ্রগুরু আমায় শিক্ষা দিয়াছেন। শুক্লা প্রতিপদ হইতে এক একটা কলা বৃদ্ধি হইয়া পূর্ণিমা হয়—পুনরায় কৃষ্ণা প্রতিপদ হইতে ১৫ দিনের পনেরটী কলার ক্ষয় হইলে চন্দ্রকে দেখা যায় না—কিন্তু তাহার অমানাম্নী মহাকলার ক্ষয় বা বৃদ্ধি কোন কালে হয় না, সর্ব্বদা একভাবে থাকেন। তদ্রূপ আত্মা অমার কলার ন্যায় হ্রাস-বৃদ্ধি, জন্ম-মরণ আদি শূন্য। উৎপত্তি বিনাশ দেহেরই হইয়া থাকে; আত্মা আকাশের মত সতত সর্ব্বত্র পরিপূর্ণভাবে অবস্থান করিতেছেন। চন্দ্র আমায় তাঁহার কলার ক্ষয়বৃদ্ধি দেখাইয়া দেহের ক্ষয়বৃদ্ধির কথা শিখাইয়াছেন।

যদু—আপনি সূর্য্যের কাছে কি শিক্ষা করিয়াছেন? (৯)

দত্তাত্রেয়—সূর্য্য পৃথিবী হইতে রস আকর্ষণপূর্ব্বক যথাকালে তাহা বর্ষণ করেন। রসগ্রহণে বা ত্যাগে তাহার কোনরূপ আসক্তি নাই, তদ্রূপ যোগিগণও বিষয়সকল গ্রহণ ও যথাকালে প্রার্থী আসিলে তাহা দান করিবেন। লাভ করিলাম বা দিলাম—এ অভিনিবেশ যোগীর থাকিবে না। বহুজলপূর্ণ পাত্রে যেমন একমাত্র সূর্য্য বহুরূপে স্থূলমতি মানবগণের নিকট দৃষ্ট হন, তদ্রূপ একমাত্র আত্মা উপাধিবশে বহুরূপে প্রতিভাত হন। সূর্য্যের মত আত্মাও একমাত্র। তিনি অন্তর বাহির সমাচ্ছন্ন করিয়া নিরন্তর বিরাজমান আছেন, তদিতর কিছুই নাই। মেঘে আবৃত হইলেও সূর্য্য যেরূপ সূর্য্যই থাকেন, তদ্রূপ দেব মনুষ্য পশু পক্ষী কীট পতঙ্গ বৃক্ষলতা প্রভৃতি বহু উপাধি যোগে বহুরূপে প্রতীত হইলেও কেবল একমাত্র তিনিই আছেন 'একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম নেহ নানাস্তি কিঞ্চন, সর্ব্বং খল্বিদং ব্রহ্ম, জগদাত্মৈব সকলম্ আত্মৈবেদং সর্ব্বম্।' সূর্য্যগুরু আমায় পরমাত্মা একমাত্র—

এবং কুটুম্ব্যশান্তাত্মা দ্বন্দ্বারামঃ পতত্রিবৎ।
পুষ্ণন্ কুটুম্বং কৃপণঃ সানুবন্ধোঽবসীদতি ॥৭৩
যঃ প্রাপ্য মানুষং লোকং মুক্তিদ্বারমপাবৃতম্।
গৃহেষু খগবৎ সক্তস্তমারূঢ়চ্যুতং বিদুঃ ॥৭৪

এবম্ (এইরূপ) অশান্তাত্মা (অশান্তচিত্ত) দ্বন্দ্বারামঃ (সংসারাসক্ত) কৃপণঃ (দীন) কুটুম্বী (কুটুম্বী) কুটুম্বং (কুটুম্ব) (পুত্রাদি আত্মীয়) পুষ্ণন্ (পোষণ করত) পতত্রিবৎ (কপোতের ন্যায়) সানুবন্ধঃ (পিত্রাদির অনুগত শিশুগণের সহিত) অবসীদতি (অবসন্ন হয়) ॥৭৩

যঃ (যে) অপাবৃতং (অনর্গল) মুক্তিদ্বারং (মুক্তিদ্বার) মানুষং লোকং (নরলোক) প্রাপ্য (প্রাপ্ত হইয়া) গৃহেষু (গৃহে) খগবৎ (পক্ষীর ন্যায়) সক্তঃ (আসক্ত হয়), তম্ (তাহাকে) আরূঢ়চ্যুতং (মুক্তিসোপান হইতে ভ্রষ্ট) বিদুঃ (জানেন) ॥৭৪

এইরূপ কপোতের ন্যায় সুখদুঃখরত রাগ লোভাদির দ্বারা অভিভূতচিত্ত কুটুম্বী মানব কুটুম্বগণকে পোষণ করিতে করিতে পুত্রকলত্রাদির সহিত দীন হইয়া দুঃখে বিনষ্ট হইয়া থাকে।৭৩

নিরাবরণ মুক্তির সাধনভূত মানবশরীর প্রাপ্ত হইয়া যে কপোতের ন্যায় গৃহে আসক্ত হয়, বিবেকিগণ তাহাকে শ্রেয়োমার্গের সোপানে আরোহণ করিয়া পদস্খলিত বলিয়া থাকেন।৭৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭

শ্রীমদ্ভাগবতে একাদশস্কন্ধে সপ্তমাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ইহা শিক্ষা দিয়াছেন।

যদু—কপোতের ব্যাপার আপনি কিরূপে অবগত হইলেন? (১০)

দত্তাত্রেয়—আমি যে বৃক্ষমূলে থাকিতাম কপোতদম্পতী সেই বৃক্ষে আসিয়া কুলায় নির্ম্মাণ পূর্ব্বক বাস করিতে থাকে। তাহাদের বৃক্ষে আগমন, নীড় নির্ম্মাণ, যথাসুখে বিহার, কপোতীর গর্ভ, ডিম্ব প্রসব, অণ্ড হইতে কপোতশাবকদের জন্ম, তাহাদের বর্দ্ধন, শেষে ব্যাধ কর্ত্তৃক সপরিবারে কপোতের বন্ধন—সমস্তই আমি সচক্ষে প্রত্যক্ষ করিয়াছি।

যদু—কপোতের নিকট কি শিক্ষালাভ করিয়াছেন?

দত্তাত্রেয়—সন্তানগণের প্রতি অত্যন্ত স্নেহ করিলে প্রাণিগণের বিবেক লেশমাত্র থাকেনা; সন্তান-স্নেহে জীব অনায়াসে আত্মবিসর্জ্জন করে—এ শিক্ষা কপোতগুরু দিয়াছেন।

যদু—সন্তানগণকে কিভাবে পালন করা কর্ত্তব্য?

দত্তাত্রেয়—অতিথির মত যত্নের সহিত সন্ততিগণকে লালন পালন ভরণ-পোষণ করিতে হয়। তাহাদের উপর মমতার ছাপ দিলে অর্থাৎ "আমার সন্তান" এইভাবে পুত্রকন্যাগণের প্রতি মমত্ব স্থাপন করিলে কপোতদম্পতির মত মৃত্যু অনিবার্য্য।

বহু জন্মের পর দেবদুর্ল্লভ, মুক্তির দ্বারস্বরূপ মনুষ্যজন্ম লাভ হয়। সেই মানবজন্ম লাভ করিয়া যে ব্যক্তি কপোতের মত গৃহে আসক্ত হইয়া মুক্তির জন্য চেষ্টা করেনা, লোকে তাহাকে আরূঢ়চ্যুত (সোপানে উঠিয়া পতিত) বলিয়া থাকে। তজ্জন্য মানব মাত্রেরই মুক্তিলাভের জন্য প্রাণপণ চেষ্টা করা কর্ত্তব্য।

অষ্টমঃ অধ্যায়ঃ।

[ব্রাহ্মণেনাজগরাদি-নবগুরূণাং বর্ণনম্।]

ব্রাহ্মণ উবাচ।

সুখমৈন্দ্রিয়কং রাজন্ স্বর্গে নরক এব চ।
দেহিনাং যদ্‌যথা দুঃখং তস্মান্নেচ্ছেত তদ্ বুধঃ ॥১
গ্রাসং সুমৃষ্টং বিরসং মহান্তং স্তোকমেব বা।
যদৃচ্ছয়ৈবাপতিতং গ্রসেদাজগরোঽক্রিয়ঃ ॥২

শয়ীতাহানি ভূরীণি নিরাহারোঽনুপক্রমঃ।
যদি নোপনমেদ্ গ্রাসো মহাহিরিব দিষ্টভুক্ ॥৩

ওজঃ-সহো-বলযুতং বিভ্রদ্দেহমকর্ম্মকম্।
শয়ানো বীতনিদ্রশ্চ নেহেতেন্দ্রিয়বানপি ॥৪

অন্বয়ঃ

ব্রাহ্মণঃ উবাচ,—রাজন্ (হে ভূপাল)। যৎ (যেহেতু) যথা (যথাক্রমে) দেহিনাং (দেহিগণের) স্বর্গে (স্বর্গে) নরকে (নরকে) এব (ই) ঐন্দ্রিয়কং (ইন্দ্রিয়জনিত) সুখং (সুখ) চ (ও) দুঃখং (দুঃখ) ভবতি (হয়), তস্মাৎ (অতএব) তৎ (তাহা) ন ইচ্ছেত (ইচ্ছা করিবে না) ॥১

যদৃচ্ছয়া (দৈবক্রমে) এব (ই) আপতিতং (উপস্থিত) গ্রাসং (ভক্ষ্য) সুমৃষ্টং (স্বাদু) বিরসং (বিরস) মহান্তং (প্রচুর) বা (অথবা) স্তোকম্ (অল্প) এব অক্রিয়ঃ (উদাসীন) আজগরো (অজগরবৃত্তিসম্পন্ন) গ্রসেৎ (ভোজন করিবেন) ॥২

অন্বয়ঃ

যদি (যদি) গ্রাসঃ (ভক্ষ্য) ন উপনমেৎ (না উপস্থিত হয়), তর্হি (তাহা হইলে) দিষ্টভুক্ (দেবনির্ভর) মহাহিঃ (অজগর) ইব (মত) অনুপক্রমঃ (নিরুদ্যম) নিরাহারঃ (নিরাহার) ভূরীণি (বহু) অহানি (দিন) (ব্যাপ্য) শয়ীত (শয়ন করিয়া থাকিবে) ॥৩

ওজঃ-সহো-বলযুতম্ (ইন্দ্রিয়বল, মনোবল শরীরবলযুক্ত) আদি (ও) অকর্ম্মকং (কর্ম্মশূন্য) দেহং (দেহ) বিভ্রৎ (ধারণ করিয়া) শয়ানঃ (শায়িত) চ (ও) বীতনিদ্রঃ (নিদ্রাজয়ী) ভবেৎ (হইবেন), ইন্দ্রিয়বান্ (ইন্দ্রিয়যুক্ত) অপি (হইয়াও) ন ঈহেত (চেষ্টা করিবেন না) ॥৪

অষ্টম অধ্যায়।

[ব্রাহ্মণ কর্তৃক অজগরাদি নব গুরুর বর্ণন।]

ব্রাহ্মণ বলিলেন,—হে রাজন্! প্রারব্ধবশে দুঃখের মত শরীরিগণের ইন্দ্রিয়জনিত সুখ যেমন স্বর্গে হয়, তদ্রূপ নরকেও হইয়া থাকে, তজ্জন্য বিবেকী ইন্দ্রিয়সুখ ইচ্ছা করিবেন না।১

আহার—স্বাদু, সুমিষ্ট, বিরস, উদর পূরণ পর্য্যন্ত প্রচুর অথবা অল্প, দৈবক্রমে যাহা লাভ হইবে উদাসীন অজগরবৃত্তিমান্ তাহাই ভোজন করিবেন।২

আহার যদি না উপস্থিত হয়, তাহা হইলে প্রারব্ধই আহারের প্রতিবন্ধকের কারণ অনুভব করিয়া অজগরের ন্যায় নিরুদ্যম ও অনাহারী হইয়া বহুদিন শয়ন করিয়া থাকিবেন।৩

ইন্দ্রিয় ও শরীর সামর্থ্যযুক্ত হইয়াও নির্ব্ব্যাপারের ন্যায়ই দেহধারণ করত শায়িত হইয়া পরমাত্ম-চিন্তাপর হইবেন এবং ইন্দ্রিয়সম্পন্ন হইয়াও কোন চেষ্টা করিবেন না।৪

বদু—আপনার অজগর-গুরুর সঙ্গে কোথায় দেখা হইয়াছিল? (১১)

দত্তাত্রেয়—একদিন ভ্রমণ করিতে করিতে ভীষণ অরণ্যের মধ্যে উপস্থিত হই। সেইখানে অজগর-গুরুকে দেখিতে পাই।

বদু—তাহার কাছে কি শিক্ষা করিয়াছেন?

দত্তাত্রেয়—অজগর বৃত্তির জন্য কোন চেষ্টা করে না—একস্থানে পড়িয়া থাকে। দৈবক্রমে তাহার সম্মুখে যাহা উপস্থিত হয়, তদ্দ্বারা জীবন রক্ষা করে। যতির কর্ত্তব্য অজগর-বৃত্তি অবলম্বন করা, অল্প বা প্রচুর, স্বাদু কিংবা বিরস আহার্য্য যাহা উপস্থিত হইবে, তাহাদ্বারাই ক্ষুন্নিবৃত্তি করিবে। আহার যদি না উপস্থিত হয়, প্রারব্ধই আহারের প্রতিবন্ধকের

মুনিঃ প্রসন্নগম্ভীরো দুর্বিগাহ্যো দুরত্যয়ঃ।
অনন্তপারো হ্যক্ষোভ্যঃ স্তিমিতোদ ইবার্ণবঃ ॥৫

সমৃদ্ধকামো হীনো বা নারায়ণপরো মুনিঃ।
নোৎসর্পেত ন শুষ্যেত সরিদ্ভিরিব সাগরঃ ॥৬

মুনিঃ (মুনি) অনন্তপারঃ (অপার) স্তিমিতোদঃ (নিশ্চল সলিল, প্রশান্তজল) অর্ণবঃ (সমুদ্র) ইব (মত) প্রসন্নগম্ভীরঃ প্রসন্ন গম্ভীর—বাহে প্রসন্ন অভ্যন্তরে গম্ভীর) দুর্বিগাহ্যঃ (দুরবগাহ) দুরত্যয়ঃ (অনতিক্রমণীয়) অক্ষোভ্যঃ (অধৃষ্য, অবিচলনীয়) ভবেৎ (হইবেন) ॥৫

নারায়ণপরঃ (নারায়ণপরায়ণ) মুনিঃ (মুনি) সমৃদ্ধকামঃ (কাম্যবস্তুর দ্বারা সমৃদ্ধিযুক্ত) বা (অথবা) হীনঃ (হীন) সরিদ্ভিঃ (নদীগণের দ্বারা) সাগরঃ (সাগরের) ইব (ন্যায়) ন উপসর্পেত (স্ফীত, হৃষ্ট হন না) ন শুষ্যেত (শুষ্ক ক্ষুব্ধ হন না) ॥৬

প্রশান্ত-সলিল সাগরের ন্যায় মুনি বাহিরে প্রসন্ন অন্তরে গম্ভীর, দুরবগাহ—(অভিপ্রায় কেহ যেন বুঝিতে সমর্থ না হয় এইরূপ) ও অনতিক্রমণীয়, অপার (উভয়দিকেই সীমাশূন্য) অধিকারী হইবেন।৫

নদীসমূহের জলের দ্বারা বর্ষাকালে যেমন সমুদ্র স্ফীত (বর্দ্ধিত) হয় না অথবা গ্রীষ্মকালে জলাভাবে শুষ্ক হয় না, তদ্রূপ ভোগ্যবস্তু প্রাপ্ত হইলে কিংবা সম্ভোগবিহীন হইলেও নারায়ণে একনিষ্ঠ মুনি হৃষ্ট হন না অথবা শোক করেন না।৬

দৃষ্ট্বা স্ত্রিয়ং দেবমায়াং তদ্ভাবৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রলোভিতঃ পতত্যন্ধে তমস্যগ্নৌ পতঙ্গবৎ ॥৭

যোষিদ্ধিরণ্যাভরণাম্বরাদি-
দ্রব্যেষু মায়ারচিতেষু মূঢ়ঃ।
প্রলোভিতাত্মা হ্যুপভোগবুদ্ধ্যা
পতঙ্গবন্নশ্যতি নষ্টদৃষ্টিঃ ॥৮

অজিতেন্দ্রিয়ঃ (অজিতেন্দ্রিয়—কামী) দেবমায়াং (দেবমায়া) স্ত্রিয়ং (স্ত্রী) দৃষ্ট্বা (দেখিয়া) তদ্ভাবৈঃ (তাহার প্রভাবে) প্রলোভিতঃ (প্রলোভিত) সন্ (হইয়া) অগ্নৌ (অনলে) পতঙ্গবৎ (পতঙ্গের ন্যায়) অন্ধে (অন্ধকার) তমসি (নরকে) পততি (পতিত হয়) ॥৭

মূঢ়ঃ (মূর্খ, জড়) মায়ারচিতেষু (মায়ানির্ম্মিত) যোষিদ্ধিরণ্যাভরণাম্বরাদি-দ্রব্যেষু (নারী, সুবর্ণ, আভরণ বস্ত্রাদি দ্রব্যসমূহে) উপভোগবুদ্ধ্যা (উপভোগ বুদ্ধিতে) প্রলোভিতাত্মা (প্রলোভিতচিত্ত) পতঙ্গবৎ (পতঙ্গের ন্যায়) নষ্টদৃষ্টিঃ (দৃষ্টিশূন্য) সন্ (হইয়া) নশ্যতি (বিনাশ প্রাপ্ত হয়) ॥৮

ভগবানের মায়ারূপিণী নারীকে দর্শন করিয়া তাহার হাব ভাব কটাক্ষাদির দ্বারা প্রলুব্ধ অজিতেন্দ্রিয় মানব অগ্নিতে পতঙ্গের ন্যায় দারুণ নরকে পতিত হয়।৭

মায়ারচিত স্ত্রী সুবর্ণ আভরণ উত্তম বসনাদি দ্রব্যসমূহে উপভোগ বুদ্ধির দ্বারা আসক্তচিত্ত, লুপ্তবিবেক, মূঢ়ব্যক্তি পতঙ্গের ন্যায় বিনষ্ট হইয়া থাকে।৮

কারণ ইহা স্থির নিশ্চয় করিয়া উদ্যমবিরহিত অনাহারী হইয়া বহুদিন শায়িত থাকিবে; ইন্দ্রিয় সামর্থ্য থাকিলেও কোন চেষ্টা করিবে না, বীতনিদ্র হইয়া পরমাত্মার চিন্তা করিয়া মানব-জীবনের সার্থকতা সম্পাদন করিবে। ঈশ্বর-চিন্তার জন্য মানব-দেহ লাভ করত তাহা না করিলে শেষে অনুতাপ করিতে হয়। অজগর-গুরুর কাছে আহারের জন্য নিশ্চেষ্টতা শিক্ষা করিয়াছি।

যদু—আর কাহার কাছে কি শিক্ষা করিয়াছেন? (১২)

দত্তাত্রেয়—কোনদিন ভ্রমণ করিতে করিতে সমুদ্রের তীরে উপস্থিত হইয়া সমুদ্র দেখিয়া অত্যন্ত আনন্দ হইল। একদৃষ্টে দেখিতে লাগিলাম। অনন্তর "হে সমুদ্র! তুমি আমার গুরু" বলিয়া প্রণাম করিলাম।

যদু—সমুদ্রের কাছে কি শিক্ষা করিয়াছেন?

দত্তাত্রেয়—মুনি বাহিরে প্রসন্ন ও অন্তরে গম্ভীর হইবেন। অলক্ষ্য অভিপ্রায়হেতু তিনি সকলের দুরবগাহভাবে বিচরণ করিবেন; তেজস্বিত্ব-হেতু অনতিক্রমণীয় স্বরূপের

স্তোকং স্তোকং গ্রসেদ্ গ্রাসং দেহো বর্ত্তেত যাবতা।
গৃহানহিংসন্নাতিষ্ঠেদ্ বৃত্তিং মাধুকরীং মুনিঃ ॥৯
অণুভ্যশ্চ মহদ্ভ্যশ্চ শাস্ত্রেভ্যঃ কুশলো নরঃ।
সর্ব্বতঃ সারমাদদ্যাৎ পুষ্পেভ্য ইব ষট্পদঃ ॥১০
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্লীত ভিক্ষিতম্।
পাণিপাত্রোদরামাত্রো মক্ষিকেব ন সংগ্রহী ॥১১
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্লীত ভিক্ষুকঃ।
মক্ষিকা ইব সংগৃহ্লন্ সহ তেন বিনশ্যতি ॥১২
পদাপি যুবতীং ভিক্ষুর্ন স্পৃশেদ্ দারবীমপি।
স্পৃশন্ করীব বধ্যেত করিণ্যা অঙ্গসঙ্গতঃ ॥১৩

গৃহান্ (গৃহস্থগণকে) অহিংসন্ (হিংসা না করিয়া) যাবতা (যে পরিমাণে) দেহঃ (শরীর) বর্ত্তেত (রক্ষা হয়), তাবতা (সেই পরিমাণ) স্তোকং স্তোকং (অল্প অল্প) গ্রাসং (ভক্ষ্য) গ্রসেৎ (ভোজন করিবেন), মুনিঃ (মুনি) এবংপ্রকারেণ (এই প্রকার) মাধুকরীং (মধুকরের) বৃত্তিং (বৃত্তিতে) তিষ্ঠেৎ (অবস্থান করিবেন) ॥৯

কুশলঃ (নিপুণ) নরঃ (মানব) অণুভ্যঃ (সামান্য) চ (ও) মহদ্ভ্যঃ (মহৎ) শাস্ত্রেভ্যঃ (শাস্ত্র হইতে) পুষ্পেভ্যঃ (পুষ্প হইতে) ষট্পদঃ (ভ্রমরের) ইব (ন্যায়) সর্ব্বতঃ (সর্ব্বত্র) সারম্ (শ্রেষ্ঠাংশ) আদদ্যাৎ (গ্রহণ করিবেন) ॥১০

সায়ন্তনং (সায়ং কাল) বা (কিংবা) শ্বস্তনং (পরদিনের জন্য) ভিক্ষিতং (ভিক্ষালব্ধ আহার্য্য) ন সংগৃহ্লীত (সংগ্রহ করিবেন না), পাণিপাত্রোদরামাত্রঃ (করপাত্র উদরপাত্র) ভবেৎ (হইবেন), কিন্তু (কিন্তু) মক্ষিকা (মধুমক্ষিকার) ইব (ন্যায়) সংগ্রহী (সঞ্চয়ী) ন ভবেৎ (হইবেন না) ॥১১

ভিক্ষুকঃ (ভিক্ষুক) সায়ন্তনং (সায়ংকালে) বা (অথবা) শ্বস্তনং (পরদিনের জন্য) ন সংগৃহ্লীত (সংগ্রহ করিবেন না), সংগৃহ্লন্ সন্ (সংগ্রহ করিলে) মক্ষিকা ইব (মক্ষিকারই ন্যায়) তেন (তাহার) সহ (সহিত) পশ্যতি (বিনষ্ট হইবেন) ॥১২

ভিক্ষুঃ (ভিক্ষু) পদা (পদের দ্বারা) অপি (ও) দারবীং (দারুময়ী) যুবতীং (যুবতীকে) অপি (ও) ন স্পৃশেৎ (স্পর্শ করিবেন না) স্পৃশন্ সন্ (স্পর্শ করিলে) করিণ্যা (হস্তিনীর) অঙ্গসঙ্গতঃ (অঙ্গ সঙ্গে) করী ইব (হস্তীর মত) বধ্যেত (নাশ প্রাপ্ত হইবেন, বদ্ধ হইবেন) ॥১৩

যে পরিমাণ আহারের দ্বারা দেহরক্ষা হয় সেই পরিমাণই ভক্ষ্য, গৃহস্থগণকে পীড়ন না করিয়া অল্প অল্প সংগ্রহ পূর্ব্বক মুনি মাধুকরী বৃত্তিতে অবস্থান করিবেন ।৯

ভ্রমর যেমন পুষ্পসকল হইতে তাহাদের সার মধুই গ্রহণ করে, তদ্রূপ বিবেকী মানব সামান্য ক্ষুদ্র ও মহৎ শাস্ত্রসমূহ হইতে সর্ব্বতোভাবে সারই গ্রহণ করিবেন ।১০

সায়ংকালে ইহা ভোজন করিব অথবা আগামী কল্য ভোজন করিব—ইহা মনে করিয়া ভিক্ষালব্ধ অন্নাদি সংগ্রহ করিবেন না। করপাত্র ও উদরপাত্র হইবেন—মক্ষিকার ন্যায় সঞ্চয়ী হইবেন না ।১১

ভিক্ষুক সায়ংকাল বা আগামী দিনের জন্য সংগ্রহ করিবেন না। সংগ্রহ করিলে মক্ষিকার ন্যায় দ্রব্যের সহিত বিনষ্ট হইবেন ।১২

সন্ন্যাসী কাষ্ঠনির্ম্মিতা যুবতীকে পদের দ্বারাও স্পর্শ করিবেন না; স্পর্শ করিলেই করিণীর অঙ্গ-সঙ্গে মোহিত হস্তীর ন্যায় বদ্ধ হইবেন, পুনরায় সংসারবন্ধন অপরিহার্য্য ।১৩

আবির্ভাব-নিমিত্ত অনন্তপার দেশ কালের দ্বারা পরিচ্ছিন্ন হইবেন না। রাগাদির অভাব হেতু বিকার-বিরহিত হইবেন। বর্ষাকালে নদীসমূহের জল সাগরে আসিয়া মিলিত হইলে সাগর যেমন স্ফীত অথবা গ্রীষ্মকালে জলাভাবে শুষ্ক হয় না, তদ্রূপ মুনি প্রারব্ধবশে সমৃদ্ধিলাভে স্ফীত অথবা তাহার অভাবে ক্ষুব্ধ হইবেন না—ইহা সমুদ্রগুরু শিক্ষা দিয়াছেন।

যদু—আপনি পতঙ্গের কাছে কি শিখিয়াছেন? (১৩)

দত্তাত্রেয়—একদিন রাত্রে দেখিলাম, কোনস্থানে আগুন জ্বলিতেছে, অগ্নি দেখিয়া রাশি রাশি পতঙ্গ তাহাতে পতিত হইয়া জীবন বিসর্জ্জন দিল। রমণীরূপের আকর্ষণে

নাধিগচ্ছেৎ স্ত্রিয়ং প্রাজ্ঞঃ কর্হিচিন্মৃত্যুমাত্মনঃ।
বলাধিকৈঃ স হন্যেত গজৈরন্যৈর্গজো যথা ॥১৪
ন দেয়ং নোপভোগ্যঞ্চ লুব্ধৈর্যদ্দুঃখসঞ্চিতম্।
ভুঙ্ক্তে তদপি তচ্চান্যো মধুহেবার্থবিন্মধু ॥১৫

প্রাজ্ঞঃ (বিদ্বান্) কর্হিচিৎ (কখন) আত্মনঃ (আপনার) মৃত্যুঃ (মরণ কারণ) স্ত্রিয়ং (নারীতে) ন অধিগচ্ছেৎ (গমন করিবেন না), গচ্ছন্ চেৎ তর্হি (যদি গমন করেন তাহা হইলে) বলাধিকৈঃ (বলবান্) অন্যৈঃ (অন্য) গজৈঃ (গজসমূহের) যথা (যেমন) গজঃ (গজকে) হন্যেত (হনন করে), স তথা হন্যেত (তিনি তদ্রূপ হত হইবেন) ॥১৪

লুব্ধৈঃ (লোভিগণ কর্তৃক) দুঃখসঞ্চিতম্ (দুঃখ সঞ্চিত) অপি (ও) যৎ (যাহা) ন দেয়ং (দাতব্য-দানযোগ্য হয় না) চ (ও) ন উপভোগ্যম্ (উপভোগ্য হয় না) অর্থবিৎ (সন্ধানী) মধুহা (মধুহারী) মধু ইব (মধুর ন্যায়) তৎ চ (তাহাই) অন্যঃ (অন্য) ভুঙ্ক্তে (ভোগ করে) ॥১৫

বিবেকী পুরুষ কখন স্ত্রীগমন করিবেন না, অর্থাৎ ভোগ্যবুদ্ধিতে আসক্ত হইবেন না। নারীকে আপনার মৃত্যুরূপাই দেখিবেন, তাহাতে আসক্ত হইলে যেমন বলবান্ অন্য হাতী হস্তিনীতে আসক্ত হস্তীকে বিনাশ করে, তদ্রূপ বলশালী অন্যপুরুষ নারীতে আসক্ত সেই পুরুষকে বিনাশ করিয়া থাকে।১৪

লোভিগণ কর্তৃক অদত্ত অনুপভুক্ত যে ধন তাহা অপরে ভোগ করে। যদি সে ব্যক্তি দান না করে তাহা হইলেও মক্ষিকার সঞ্চিত মধু যেমন মধুহা মধুকরকে যাইতে দেখিয়া তরুকোটরে মধুচক্র আছে—এইরূপ অনুমান করত হরণ করে, তদ্রূপ লোভীর ধন অন্যে ভোগ করিয়া থাকে।১৫

এইরূপ অজিতেন্দ্রিয় মানবকুল আত্মবিসর্জ্জন করে। রমণী হিরণ্য আভরণ বসনাদি পদার্থসমূহে উপভোগবুদ্ধিতে আকৃষ্ট হইয়া মূঢ় মানব দৃষ্টিহীন ও বিনাশপ্রাপ্ত হইয়া থাকে। জগতে দেবমায়ারূপিণী কামিনী ও কাঞ্চন দৃঢ় শৃঙ্খলস্বরূপ। এই শৃঙ্খল যিনি ছিন্ন করিতে সমর্থ হন, তিনি মুক্তি লাভ করিতে পারেন। কিন্তু ছিন্ন করা অতীব কঠিন। কাঞ্চনে মাত্র রূপ আছে, আর কামিনীতে শব্দ স্পর্শ রূপ রস গন্ধ—পাঁচটাই বর্ত্তমান।

সুদুঃখোপার্জিতৈর্বিত্তৈরাশাসানাং গৃহাশিষঃ।
মধুহেবাগ্রতো ভুঙ্ক্তে যতির্বৈ গৃহমেধিনাম্ ॥১৬
গ্রাম্যগীতং ন শৃণুয়াদ্ যতির্বনচরঃ ক্বচিৎ।
শিক্ষেত হরিণাদ্ বদ্ধান্মৃগয়োর্গীতমোহিতাৎ ॥১৭

সুদুঃখোপার্জ্জিতৈঃ (অতিশয় দুঃখে উপার্জ্জিত) বিত্তৈঃ (ধন) গৃহাশিষঃ (গৃহে কুশল) আশাসানাং (কামনাকারী) গৃহমেধিনাং (গৃহস্থগণের) মধুহা (মধুহারী) মধু ইব (মধুর ন্যায়) অগ্রতঃ (অগ্রে) যতিঃ (সন্ন্যাসী) ভুঙ্ক্তে (ভোগ করেন) ॥১৬

বনচরঃ (বনবাসী) যতিঃ (সন্ন্যাসী) ক্বচিৎ (কখনও) গ্রাম্যগীতং (গ্রাম্যগীত) ন শৃণুয়াৎ (শ্রবণ করিবেন না) মৃগয়োঃ (ব্যাধের) গীতমোহিতাৎ (গীতমোহিত) বদ্ধাৎ (বদ্ধ) হরিণাৎ (হরিণ হইতে) গৃহম্ (গৃহ) ইদং (ইহা) শিক্ষেত (শিক্ষা করিবেন) ॥১৭

অতিদুঃখে উপার্জ্জিত ধন গৃহকুশল বিষয়ভোগ-কামনাকারী গৃহস্থগণের অন্নাদি ভোগসকল যতিই মধুহার ন্যায় অগ্রেই ভোজন করেন।১৬

বনচর যতি কখনও গ্রাম্যগীত শ্রবণ করিবেন না, ইহা ব্যাধের গীতমোহিত বদ্ধহরিণ হইতে শিক্ষা করিবেন।১৭

পতঙ্গ-মাতঙ্গ-কুরঙ্গ-ভৃঙ্গ-মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ।
একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ॥

পতঙ্গ রূপে, মাতঙ্গ স্পর্শে, কুরঙ্গ শব্দে, ভৃঙ্গ গন্ধে ও মীন রসে প্রলোভিত হইয়া এক একটি প্রলোভনে জীবন বিসর্জ্জন করে, আর নারীতে পাঁচটাই বর্ত্তমান—তাহার আকর্ষণে পড়িলে কাহারও পরিত্রাণ নাই। মুনির রূপ হইতে সতত দূরে থাকা কর্ত্তব্য—আমার পতঙ্গগুরু ইহা শিক্ষা দিয়াছেন।

যদু—মধুকরের কাছে কি শিখিয়াছেন ? (১৪)

নৃত্য-বাদিত্র-গীতানি জুষন্ গ্রাম্যাণি যোষিতাম্।
আসাং ক্রীড়নকো বশ্য ঋষ্যশৃঙ্গো মৃগীসুতঃ ॥১৮

যোষিতাং (নারীগণের) গ্রাম্যাণি (গ্রাম্য) নৃত্যবাদিত্র-গীতানি (নৃত্যবাদ্যগীত) জুষন্ (উপভোগ করত) মৃগীসুতঃ (মৃগীপুত্র) ঋষ্যশৃঙ্গঃ (ঋষ্যশৃঙ্গ) আসাং (স্ত্রীগণের) বশ্যঃ (বশীভূত) ক্রীড়নকঃ (ক্রীড়াপুত্তল) অভূৎ (হইয়াছিলেন) ॥১৮

কামিনীগণের গ্রাম্য নৃত্যবাদিত্রগীত উপভোগ করিয়া মৃগীতনয় ঋষ্যশৃঙ্গ তাহাদের বশ্যতাপন্ন ক্রীড়নক হইয়াছিলেন।১৮

জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রসবিমোহিতঃ।
মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা ॥১৯

মীনঃ (মৎস্য) বড়িশৈঃ (বড়িশের দ্বারা) যথা (যেমন) মৃত্যুম্ (মৃত্যু) ঋচ্ছতি (প্রাপ্ত হয়), তথা (তদ্রূপ) অসদ্বুদ্ধিঃ (মন্দবুদ্ধি) জনঃ (মানব) অতিপ্রমাথিন্যা (অতিশয় দুর্জ্জয়া, ক্ষোভিকা) জিহ্বয়া (জিহ্বার দ্বারা) রস-বিমোহিতঃ (রসের দ্বারা মোহিত) সন্ (হইয়া) মৃত্যুং গচ্ছতি (যমালয়ে যায়) ॥১৯

নিরতিশয় দুর্জ্জয়া জিহ্বার দ্বারা রসে আসক্ত দুর্বুদ্ধিজন বড়িশ (আমিষলিপ্ত লৌহ কণ্টকের) দ্বারা মৎস্য যেমন মৃত্যু প্রাপ্ত হয়, তদ্রূপ শমন-সদনে গমন করে।১৯

দত্তাত্রেয়—মধুকর যেমন নানাবিধ পুষ্প হইতে মধুপান করিয়া জীবন রক্ষা করে, মুনি গৃহস্থগণকে পীড়ন না করিয়া মাত্র দেহরক্ষার জন্য সপ্তগৃহ হইতে ভক্ষ্য সংগ্রহ করিবেন, কদাচ গৃহস্থের শ্রদ্ধাভক্তিতে আকৃষ্ট হইয়া একজনের নিকট ভোজন করিবেন না। তাহা হইলে মোহবশে বদ্ধ হইবেন। ভ্রমর প্রাতঃকালে প্রস্ফুটিত পদ্মে মধুপান করিতে আরম্ভ করে; মধুপানে উন্মত্ত হইয়া সে পদ্ম পরিত্যাগ করিতে পারে না। সূর্য্য অস্তগমন করিলে পদ্ম মুদ্রিত হয়, মূর্খ ভ্রমরও সেই সঙ্গে দেহ বিসর্জ্জন করে, তজ্জন্য মুনিগণের কখন একান্নাদী হইতে নাই। নানাস্থান হইতে ভিক্ষা এবং পুষ্প হইতে সার গ্রহণের ন্যায় ক্ষুদ্র বা বৃহৎ সকল শাস্ত্র হইতে সারগ্রহণ ও হাতে বা উদরে যতটুকু ধরে, তাহাই সংগ্রহ করা কর্ত্তব্য—ইহাই ভ্রমরগুরু আমাকে শিক্ষা দিয়াছে। আর মধুমক্ষিকা শিক্ষা দিয়াছে—সায়ংকাল বা পরদিনের জন্য ভিক্ষা সংগ্রহ করিয়া রাখা মুনির কর্ত্তব্য নহে; তাহা হইলে মধুমক্ষিকার মত ভক্ষ দ্রব্যের সহিত বিনষ্ট হইতে হয়।

যদু—গজগুরু আপনাকে কি শিক্ষা দিয়াছেন? (১৫)

দত্তাত্রেয়—ভিক্ষুকের পদের দ্বারাও কাষ্ঠময়ী রমণী স্পর্শ করা উচিত নয়, স্পর্শ করিলে করিণীর অঙ্গসঙ্গে হস্তীর ন্যায় জীবন নাশ অনিবার্য্য।

যদু—হস্তীর ব্যাপার কি?

দত্তাত্রেয়—কোনদিন গভীর অরণ্যে বিচরণ করিতেছি, দেখিলাম—একটী বৃক্ষে এক হস্তিনী বাঁধা রহিয়াছে। ভীষণ বনে কে উহাকে কি উদ্দেশ্যে বাঁধিয়া রাখিয়াছে জানিবার জন্য ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করত দেখিলাম দূরে কয়েকজন লোক বসিয়া আছে। দেখিতে দেখিতে এক হস্তিযূথ তথায় উপস্থিত হইলে তন্মধ্যে একটী হস্তী স্পর্শলোভে বন্দিনী হস্তিনীর দিকে ধাবিত হইতেই লতাপাতায় আচ্ছাদিত গভীর গর্ত্তে পতিত হইয়া ভীষণ চীৎকার করিতে লাগিল। তখন ব্যাপার বুঝিতে পারিলাম—হস্তীকে বন্দী করিবার জন্যই হস্তি-ধারকগণ হস্তিনীকে বাঁধিয়া ও গর্ত্ত করিয়া রাখিয়াছে। আরও কিয়দ্দূর অগ্রসর হইয়া দেখিলাম—একটী হস্তিনীর প্রতি এক হস্তী ধাবিত হইয়াছে; অন্য বলবান্ হস্তী আসিয়া তাহাকে ধরিয়া ফেলিল। শুধু মুনি কেন, স্পর্শ-লোভে যে কেহ রমণীর প্রতি ধাবমান হইবে তাহার মৃত্যু নিশ্চিত। রমণী-স্পর্শে আকৃষ্ট হওয়া বিষপান করা অপেক্ষা ভীষণ যন্ত্রণাদায়ক। বিষপানে শুধু জীবন নষ্ট হয়, আর রমণীস্পর্শলোভে দেহ যাইবেই এবং নরকযন্ত্রণা ভোগ করার পর ছাগজন্ম লাভ অনিবার্য্য। জগতে যতপ্রকার বন্ধন আছে, রমণীর রূপ বা স্পর্শবন্ধনের মত আর কোন বন্ধন নাই। মুনিগণের অতি সাবধানে থাকিতে হয়। মাংসময়ী যুবতী তো দূরের কথা কাষ্ঠের স্ত্রীমূর্ত্তি পদের দ্বারাও মুনির স্পর্শ করা কোনক্রমে উচিত নহে—গজগুরু ইহাই আমায় শিক্ষাদান করিয়াছেন।

ইন্দ্রিয়াণি জয়ন্ত্যাশু নিরাহারা মনীষিণঃ।
বর্জ্জয়িত্বা তু রসনং তন্নিরন্নস্য বর্দ্ধতে ॥২০
তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্ বিজিতান্যেন্দ্রিয়ঃ পুমান্।
ন জয়েদ্ রসনং যাবজ্জিতং সর্বং জিতে রসে ॥২১

নিরাহারাঃ (অনাহার) মনীষিণঃ (বিদ্বানগণ) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়সকল) আশু (শীঘ্র) জয়ন্তি (জয় করেন)। তু (কিন্তু) রসনং (রসনাকে) বর্জ্জয়িত্বা (বর্জ্জন করিয়া) নিরন্নস্য (নিরাহারীর) তৎ (তাহা) বর্দ্ধতে (বর্দ্ধিত হয়) ॥২০

যাবৎ (যে পর্য্যন্ত) রসনং (রসনাকে) ন জয়েৎ (জয় না করেন), তাবৎ (তদবধি) বিজিতান্যেন্দ্রিয়ঃ (অন্য ইন্দ্রিয়সমূহ জয়কারী) পুমান্ (পুরুষ) জিতেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয়) ন স্যাৎ (হন না)। রসে (রসনাকে) জিতে (জয় করিলে) সর্ব্বং (সমস্ত ইন্দ্রিয়) জিতম্ (জয় করা হয়) ॥২১

প্রশস্তমনা জনগণ অনাহারের দ্বারা রসনা ব্যতীত অন্য ইন্দ্রিয়গণকে শীঘ্র জয় করেন, কিন্তু রসনাকে জয় করিতে সমর্থ হয় না, যেহেতু নিরাহারীর তাহা বর্দ্ধিত হইয়া থাকে।২০

বিশেষরূপে ইন্দ্রিয়জয়কারী পুরুষও সে পর্য্যন্ত জিতেন্দ্রিয় হন না, যে অবধি রসনাকে জয় করিতে সমর্থ না হন, যেহেতু সকল ইন্দ্রিয়ের দ্বারভূতা রসনেন্দ্রিয় জিত হইলে সকল ইন্দ্রিয় জিত হয়।২১

পিঙ্গলা নাম বেশ্যাসীদ্ বিদেহনগরে পুরা।
তস্যা মে শিক্ষিতং কিঞ্চিন্নিবোধ নৃপনন্দন ॥২২
সা স্বৈরিণ্যেকদা কান্তং সঙ্কেত উপনেষ্যতী।
অভূৎ কালে বহির্দ্বারে বিভ্রতী রূপমুত্তমম্ ॥২৩

নৃপনন্দন (হে রাজকুমার)। পুরা (পূর্ব্বে) বিদেহনগরে (বিদেহ নগরে) পিঙ্গলানাম (পিঙ্গলা নামে) বেশ্যা (বেশ্যা) আসীৎ (ছিল), তস্যাঃ (তাহার নিকট) মে (আমার) কিঞ্চিৎ (কিছু) শিক্ষিতং (শিক্ষিত হইয়াছি) তৎ (তাহা) শৃণু (শ্রবণ করুন) ॥২২

সা (সেই) স্বৈরিণী (স্বেচ্ছাচারিণী) একদা (একদিন) কান্তং (কামীকে) সঙ্কেতে (রতিস্থানে) উপনেষ্যতি (আনিবার জন্য) উত্তমং (উত্তম) রূপং (রূপ) বিভ্রতী (বেশধারণ করত) বহির্দ্বারে (বহির্দ্বারে) অভূৎ (অপেক্ষা করিতেছিল) ॥২৩

হে রাজতনয়। পূর্ব্বে বিদেহনগর মিথিলায় পিঙ্গলা নামে এক বেশ্যা ছিল, তাহার সকাশে যাহা কিছু শিখিয়াছি, তাহা আমার নিকট শ্রবণ করুন।২২

সেই কামচারিণী বেশ্যা একদিন সুন্দর রতিসমর্থ ধনদাতা লম্পট পুরুষকে একান্তে রতিস্থানে আনয়ন করিবার জন্য উত্তম বেশভূষায় সজ্জিতা হইয়া রাত্রিতে গৃহ হইতে বাহিরের দ্বারে উপবেশন করিয়াছিল।২৩

যদু—মধুকর গুরু আপনাকে কি শিক্ষা দিয়াছেন? (১৬)

দত্তাত্রেয়—অর্থোপার্জ্জন দ্বারা সৎকার্য্যের অনুষ্ঠান করা কর্ত্তব্য। যে ব্যক্তি তাহা না করিয়া সঞ্চয় করে, তাহার অর্থ তাহাকে বিনষ্টকরত অপরে ভোগ করিয়া থাকে। মধুকরগণ কত কষ্টে অতি সুগুপ্ত স্থানে মধুচক্র নির্ম্মাণ ও মধুসঞ্চয় করিয়া রক্ষা করে, আর অপর ব্যক্তি আসিয়া মধুকরের প্রাণ বিনাশপূর্ব্বক মধু আহরণ করিয়া থাকে। কদাচ সঞ্চয় করা উচিত নহে—মধুকরগুরু আমায় ইহা শিক্ষা দিয়াছেন।

যদু—যতি ব্রহ্মচারীর কাছে কি শিখিয়াছেন? (১৭)

দত্তাত্রেয়—উত্তম না করিলেও ভোগ স্বতঃই উপস্থিত হয়—ইহা আমি ব্রহ্মচারীর কাছে শিক্ষা করিয়াছি। গৃহস্থ গৃহের মঙ্গলের জন্য দুঃখার্জ্জিত বিত্তের দ্বারা অগ্রে যতি ও ব্রহ্মচারীর সেবা করিয়া থাকেন।

যতিশ্চ ব্রহ্মচারী চ পক্কান্নস্বামিনাবুভৌ।
তয়োরন্নমদত্ত্বা তু ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ ॥

যতি এবং ব্রহ্মচারী ইঁহারা পক্কান্নের স্বামী। ইঁহাদের দান না করিয়া ভোজন করিলে পাপ হয়, তজ্জন্য চান্দ্রায়ণ-ব্রত আচরণ করিবে—শাস্ত্র এই কথা বলিয়াছেন। তজ্জন্য গৃহস্থ যতি-ব্রহ্মচারিগণকে অগ্রে ভোজন করাইয়া থাকেন। উদরান্নের জন্য কোন উত্তমের প্রয়োজন নাই—ইহাই আমি যতির নিকট শিখিয়াছি।

মার্গ আগচ্ছতো বীক্ষ্য পুরুষান্ পুরুষর্ষভ।
তান্ শুল্কদান্ বিত্তবতঃ কান্তান্ মেনেঽর্থকামুকা ॥২৪
আগতেষ্বপযাতেষু সা সঙ্কেতোপজীবিনী।
অপ্যন্যো বিত্তবান্ কোঽপি মামুপৈষ্যতি ভূরিদঃ ॥২৫

পুরুষর্ষভ (হে পুরুষপ্রধান)। অর্থকামুকা (অর্থলোলুপা) সা (সেই পিঙ্গলা) মার্গে (পথে) আগচ্ছতঃ (আগমনকারী) বিত্তবতঃ (ধনবান্) পুরুষান্ (পুরুষগণকে) বীক্ষ্য (দেখিয়া) তান্ (তাহাদিগকে) শুল্কদান্ (শুল্কদাতা) কান্তান্ (কামুক) মেনে (মনে করিল) ॥২৪

আগতেষু (আগত) অপযাতেষু (অপগত) তেষু (তাহারা পথে আগত হইয়া চলিয়া যাইলে) সঙ্কেতোপজীবিনী (রতিশুল্ক জীবিকা-অবলম্বিনী) সা (সে) মেনে (মনে করিতে লাগিল), অপি (এবং যে) এতেভ্যঃ (ইহাদের অপেক্ষা) অন্যঃ (অপর) ভূরিদঃ (প্রচুর ধনদাতা) বিত্তবান্ (ধনবান্) কঃ অপি (কেহ হয়ত) মাম্ (আমাকে) উপৈষ্যতি (গ্রহণ করিবে) ॥২৫

হে পুরুষোত্তম! ধনাভিলাষে আকুলচিত্তা সেই পিঙ্গলা পথে আগমনকারী পুরুষগণকে দেখিয়া তাহাদিগকে ধনবান্ রতিশুল্ক-প্রদানকারী সুরতযোগ্য কামুক মনে করিয়াছিল।২৪

রতিশুল্ক-উপজীবিনী সেই পিঙ্গলা পথে যাতায়াতকারী লোক সকলকে দেখিতে লাগিল। আগত পুরুষ তাহার সম্মুখ দিয়া চলিয়া যাইবার পর মনে করিল—অন্য কোন বহুধনদাতা নাগর আমার নিকট আসিবে।২৫

এবং দুরাশয়া ধ্বস্ত-নিদ্রা দ্বার্য্যবলম্বতী।
নির্গচ্ছন্তী প্রবিশতী নিশীথং সমপদ্যত ॥২৬
তস্যা বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়া দীনচেতসঃ।
নির্ব্বেদঃ পরমো জজ্ঞে চিন্তাহেতুঃ সুখাবহঃ ॥২৭

এবং (এইরূপ) দুরাশয়া (দুরাশাহেতু) দ্বারি (দ্বারে) অবলম্বতী (দাঁড়াইয়া) ধ্বস্তনিদ্রা (নিদ্রাশূন্যা) নির্গচ্ছন্তী (নির্গমন) প্রবিশতী (প্রবেশ করিতে করিতে) নিশীথং (অর্দ্ধরাত্র) সমপদ্যত (উপস্থিত হইল) ॥২৬

বিত্তাশয়া (ধনের আশায়) দীনচেতসঃ (দীনচিত্তা) শুষ্যদ্‌বক্ত্রায়া (শুষ্ক-বদনা) তস্যা (তাহার) সুখাবহঃ (সুখপ্রাপক) চিন্তাহেতুঃ (চিন্তার কারণ) পরমঃ (পরম, অত্যন্ত) নির্ব্বেদঃ (বৈরাগ্য, অনুতাপ) জজ্ঞে (উপস্থিত হইল) ॥২৭

এইরূপ দুরাশাহেতু নিদ্রাবিহীনা পিঙ্গলা একবার গৃহে প্রবেশ করিতে লাগিল, আবার দ্বারে আসিয়া পথপানে চাহিয়া রহিল। এই প্রকার পুনঃ পুনঃ প্রবেশ ও নির্গমনে নিশীথকাল (অর্দ্ধরাত্র) উপস্থিত হইল।২৬

ধনলাভের আশায় শুষ্কবদনা, মলিনচিত্তা সেই পিঙ্গলার চিন্তাহেতু সুখজনক পরম বৈরাগ্য উৎপন্ন হইল।২৭

যদু—আপনার হরিণগুরু কি শিক্ষা দিয়াছেন? (১৮)

দত্তাত্রেয়—কোনদিন বনের ধার দিয়া যাইতেছি, দেখিলাম—একজন ব্যাধ সুস্বরে বাঁশী বাজাইতেছে। বংশীধ্বনি বৃক্ষের পাতায় পাতায় আকাশে বাতাসে খেলা করিতেছে, মনে ভাবিতেছি এই জনমানবশূন্য অরণ্যে কেন ব্যাধ এমন মধুর ধ্বনি করিতেছে? পরক্ষণে দেখিলাম—সেই বাঁশীর সুরে আকৃষ্ট হইয়া দলে দলে হরিণগণ আসিতেছে। ব্যাধ জাল পাতিয়া রাখিয়াছিল, হরিণসকল তাহাতে বদ্ধ হইয়া প্রাণ হারাইল। গ্রাম্য নৃত্যগীতবাদ্যাদির আকর্ষণ অতি প্রবল। মৃগীসুত ঋষ্যশৃঙ্গ নৃত্যগীত বাদ্যের দ্বারা রমণীগণের ক্রীড়াপুতুল হইয়াছিলেন, এইজন্য বনচর যতিগণের গ্রাম্যগীতাদি শ্রবণ করা কর্ত্তব্য নহে। ভগবানের নাম লীলা গুণ কীর্ত্তন অবশ্য শ্রোতব্য।

যদু—মৎস্যের নিকট কি শিখিয়াছেন? (১৯)

দত্তাত্রেয়—রসাসক্তি যে মৃত্যুর কারণ, তাহা আমি মৎস্যের নিকট শিখিয়াছি। মানব বড়শীতে আমিষ গাঁথিয়া মৎস্য ধরিবার জন্য জলে নিক্ষেপ করে। মৎস্য আমিষের লোভে বড়শী গিলিয়া প্রাণ হারায়, তদ্রূপ রসের লোভে মানুষ জীবন বিসর্জ্জন দেয়। দশটী ইন্দ্রিয়ের মধ্যে রসনাই অতি ভীষণ।

তস্যা নির্ব্বিণ্ণচিত্তায়া গীতং শৃণু যথা মম।
নির্ব্বেদ আশাপাশানাং পুরুষস্য যথা হ্যসিঃ ॥২৮

ন হ্যঙ্গাজাতনির্ব্বেদো দেহবন্ধং জিহাসতি।
যথা বিজ্ঞানরহিতো মনুজো মমতাং নৃপ ॥২৯

পিঙ্গলোবাচ।
অহো মে মোহবিততিং পশ্যতাবিজিতাত্মনঃ।
যা কান্তাদসতঃ কামং কাময়ে যেন বালিশা ॥৩০
সন্তং সমীপে রমণং রতিপ্রদং
বিত্তপ্রদং নিত্যমিমং বিহায়।
অকামদং দুঃখভয়াধিশোক-
মোহপ্রদং তুচ্ছমহং ভজেহজ্ঞা ॥৩১

নির্ব্বিণ্ণচিত্তায়াঃ (খিন্না, শোকের দ্বারা কাতরচিত্তা) তস্যাঃ (তাহার) গীতং (গীত) মম (আমার নিকট) যথা (যথাবৎ) শৃণু। (শ্রবণ করুন) পুরুষস্য (পুরুষের) নির্ব্বেদঃ (বৈরাগ্য) আশাপাশানাং (আশাপাশ সমূহের) যথা (যথার্থ) অসিঃ (ছেদক, তরবার), অঙ্গ (হে রাজন্)। অজাতনির্ব্বেদঃ (বৈরাগ্যবিহীন মানব) দেহবন্ধং (দেহবন্ধন) ন জিহাসতি (ত্যাগ করিতে পারেন না)। নৃপ (হে নরনাথ)। বিজ্ঞানরহিতঃ (বিজ্ঞানবিহীন) মনুজঃ (মানব) যথা (যেমন) মমতাং (মমতা) ন জিহাসতি, (ত্যাগে সমর্থ হয় না, তদ্রূপ জানিবেন) ॥২৮-২৯

পিঙ্গলোবাচ (পিঙ্গলা বলিল),—অহো (অহো)! অবিজিতাত্মনঃ (অজিতচিত্তা) মে (আমার) মোহ-বিততিং (মোহের বিস্তৃতি) পশ্যত (দেখ), যা (যে) অহং (আমি) বালিশা (অজ্ঞানা, মূর্খা) যেন (যেহেতু) অসতঃ (অসৎ) কান্তাৎ (কামী লম্পট হইতে) কামং (কাম) কাময়ে (কামনা করিয়াছি) ॥৩০

অহম্ (আমি) অজ্ঞা (মূর্খা) সমীপে (নিকটে) রতিপ্রদং (রতিপ্রদ) বিত্তপ্রদম্ (ধনদাতা) ইমং (এই) সন্তং (সাধু) রমণং (অপরোক্ষ ঈশ্বরকে) বিহায় (পরিত্যাগ করিয়া) নিত্যম্ (নিত্য) অকামদং (অকামদাতা) দুঃখ-ভয়াধি-শোকমোহপ্রদং (দুঃখ ভয় মনঃপীড়া শোক মোহপ্রদ) তুচ্ছং (হীন) [কান্তং] (লম্পট পরদারীকে) ভজে (ভজনা করিয়াছি) ॥৩১

সেই শোককাতর-চিত্তার গীত সবিশেষ আমার নিকট শ্রবণ করুন। সে বলিল,—যেহেতু পুরুষগণের আশাপাশের ছেদক একমাত্র বৈরাগ্য, হে প্রিয়। যাহার বৈরাগ্য উদয় হয় নাই, সে ব্যক্তি দেহরচনাকারী আশপাশ ত্যাগ করিতে অভিলাষ করেন না। হে রাজন্! বিজ্ঞানবিরহিত মনুষ্য যেমন মমতা পরিত্যাগ করিতে পারে না, তদ্রূপ বৈরাগ্যরহিত ব্যক্তিও আশপাশ-মুক্ত হইতে সমর্থ হয় না।২৮-২৯

পিঙ্গলা বলিল,—অহো! মনকে জয় করিতে অসমর্থা আমার মোহের বিশালত্ব দেখ—যে মোহ অজ্ঞানবশে আমি বিবেকশূন্যা হইয়া অসৎ এবং কামী পুরুষের নিকট হইতে ভোগ ও ধনাদি কামনা করিতেছি।৩০

ক্রীড়াপ্রদ, রতিদাতা, সুখদ, বিত্তপ্রদ লক্ষ্মীপতি নিত্য বিনাশরহিত হৃদয়ে বর্ত্তমান শ্রীভগবান্‌কে পরিত্যাগপূর্ব্বক অভীষ্ট ভোগপ্রদানে অসমর্থ, দুঃখ ভয় মনঃপীড়া শোকে মোহপ্রদ, তুচ্ছ পরদারী কামীকে অতীব মূর্খা আমি ভজনা করিয়াছি।৩১

রসনাকে যিনি জয় করিতে পারেন, তাঁহার অন্যান্য ইন্দ্রিয় সহজেই বশতাপন্ন হয়। রসনায় রসেন্দ্রিয়, বাগেন্দ্রিয়, স্পর্শেন্দ্রিয়—তিনটী ইন্দ্রিয় আছে। রসনাকে জয় করা অতি কঠিন। নিরাহারে থাকিলে রসনাবৃত্তি বর্দ্ধিতই হইয়া থাকে। অন্যান্য সমস্ত ইন্দ্রিয় জয় করিয়া মানব যাবৎ রসনাকে জয় করিতে না পারে, তাবৎ জিতেন্দ্রিয় হইতে পারে না। আত্ম-

অহো ময়াত্মা পরিতাপিতো বৃথা
সাঙ্কেত্যবৃত্ত্যাতিবিগর্হ্যবার্তয়া।
স্ত্রৈণান্নরাদ্ যার্থতৃষোঽনুশোচ্যাৎ
ক্রীতেন বিত্তং রতিমাত্মনেচ্ছতী ॥৩২
যদস্থিভির্নির্ম্মিতবংশবংশ্য—
স্থূণং ত্বচা রোমনখৈঃ পিনদ্ধম্।
ক্ষরন্নবদ্বারমগারমেতদ্
বিণ্মূত্রপূর্ণং মদুপৈতি কান্যা ॥৩৩
বিদেহানাং পুরে হ্যস্মিন্নহমেকৈব মূঢ়ধীঃ।
যান্যমিচ্ছন্ত্যসত্যস্মাদাত্মদাৎ কামমচ্যুতাৎ ॥৩৪
সুহৃৎ প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাম্।
তং বিক্রীয়াত্মনৈবাহং রমেঽনেন যথা রমা ॥৩৫

অতিবিগর্হ্য-বার্তয়া (অতিনিন্দিত জীবিকা) সাঙ্কেতবৃত্ত্যা (রতি-বৃত্তির দ্বারা) অর্থতৃষঃ (লুব্ধ) স্ত্রৈণাৎ (স্ত্রীলম্পট) নরাৎ (নর হইতে) ক্রীতেন (স্বয়ং বিক্রীত আত্মদেহের দ্বারা) যা (যে) অহং (আমি) বিত্তম্ (ধন) আত্মনঃ (আপনার) রতিম্ (রতি) ইচ্ছতী (ইচ্ছা করিয়া), অহো (হায়) ময়া (আমার দ্বারা) বৃথা (অনর্থক) আত্মা (আত্মা) তাপিতঃ (তাপিত হইয়াছে) ॥৩২

অস্থিভিঃ (অস্থির দ্বারা) নির্ম্মিতবংশবংশ্যস্থূণং (বিধাতা বিহিত বংশস্তম্ভের ন্যায়) ত্বচা (ত্বক্) রোমনখৈঃ (রোমনখের দ্বারা) পিনদ্ধং (আবৃত) ক্ষরন্ নবদ্বারং (ক্ষরিত নবদ্বার) বিণ্মূত্রপূর্ণং (বিষ্ঠা মূত্রপূর্ণ) যৎ (যে) এতৎ (এই) আগারং (আগাররূপ নরশরীর) মৎ (আমা ভিন্ন) অন্যা (অন্যা) কা (কে) উপৈতি (সেবা করে) ॥৩৩

অস্মিন্ (এই) বিদেহানাং (বিদেহগণের) পুরে (নগরে) অহম্ (আমি) এব (ই) একা (একমাত্র) মূঢ়ধীঃ (মূঢ়বুদ্ধি) অসতী (অসতী), যা (যে) অহম্ (আমি) অস্মাৎ (এই) আত্মদাৎ (আত্মদাতা) অচ্যুতাৎ (অচ্যুত, অচঞ্চল হইতে) অন্যম্ (অন্য) [কান্তং] (লম্পটকে) ইচ্ছন্তী (ইচ্ছা করিতেছি) (অন্য কান্ত কামনা করিতেছি) ॥৩৪

যে আমি স্ত্রী-লম্পট ধনাদিতৃষ্ণাযুক্ত শোচনীয় মানবের নিকট হইতে স্বয়ং বিক্রীত দেহের দ্বারা রতি ও বৃত্তি ইচ্ছা করিয়া অতিনিন্দিত জীবিকা পর-পুরুষ সঙ্গে রতিবৃত্তির দ্বারা হায়! আমি আত্মাকে বৃথা সন্তাপিত করিয়াছি।৩২

অস্থির দ্বারাই নির্ম্মিত বংশস্তম্ভের ন্যায় চর্ম্ম ও নখসমূহের দ্বারা আচ্ছাদিত ক্ষরিত নবদ্বার, বিষ্ঠামূত্র পরিপূরিত এই ভূতাবাস নরশরীরকে আমি ভিন্ন অন্য কোন নারীই বা কান্তবুদ্ধিতে সেবা করে।৩৩

জ্ঞানবান্ বিদেহগণের এই মিথিলাপুরীতে মোহিতচিত্তা একমাত্র আমিই, যেহেতু অসতী দুষ্টা আমি, বিনাশবিহীন পরমানন্দময়-স্বরূপপ্রদানকারী ভগবান্ ভিন্ন অন্যের নিকট কামভোগের ইচ্ছা করিয়া থাকি।৩৪

কল্যাণকামী মানবের সর্ব্বপ্রযত্নে রসনাকে জয় করা কর্ত্তব্য। রসনা জয় না করিলে মৃত্যু অবশ্যম্ভাবী—মৎস্যগুরু ইহা শিক্ষা দিয়াছেন।

নিরাশঃ সুখী পিঙ্গলাবৎ ॥ ১১ ॥ সাংখ্যসূত্র চতুর্থ আখ্যায়িকাধ্যায়।

যদু—পিঙ্গলা বেশ্যার কথা আপনি কি করিয়া জানিলেন? তাহার কাছে কি শিক্ষা করিয়াছেন? বেশ্যার বাড়ী কি করিতে গিয়াছিলেন? (২০)

দত্তাত্রেয়—তপোবন, অরণ্য, বিষ্ণুমন্দির বা বেশ্যালয় আমার পক্ষে সবই সমান। যেস্থানে সূর্য্যাস্ত হয়, সেই স্থানেই রাত্রি যাপন করি; কোনদিন যদৃচ্ছাক্রমে ভ্রমণ করিতে করিতে বিদেহনগরে সূর্য্যাস্ত হওয়ায় পিঙ্গলার প্রাঙ্গণে শায়িত ছিলাম। পিঙ্গলা কান্তসমাগমের জন্য বেশভূষা করিয়া দ্বারে আসিয়া উপবেশন করিল দেখিলাম, অনন্তর একে একে লোকসকল তাহার সম্মুখ দিয়া চলিয়া যাইতে লাগিল। সে মনে করিল অপর কেহ ধনবান্ প্রেমিক আসিবে। সেইভাবে একবার গৃহপ্রবেশ করে আবার বহির্দ্বারে আগমনকরত চতুর্দ্দিকে দৃষ্টি নিক্ষেপ করিতে থাকে, কিন্তু কেহই আসিল

কিয়ৎ প্রিয়ং তে ব্যভজন্ কামা যে কামদা নরাঃ।
আদ্যন্তবন্তো ভার্য্যায়া দেবা বা কালবিদ্রুতাঃ ॥৩৬
নূনং মে ভগবান্ প্রীতো বিষ্ণুঃ কেনাপি কর্ম্মণা।
নির্ব্বেদোঽয়ং দুরাশায়া যন্মে জাতঃ সুখাবহঃ ॥৩৭

অয়ং (ইনি) চ (ই) শরীরিণাম্ (শরীরিগণের) সুহৃৎ (সদানুমত সঙ্গী) শ্রেষ্ঠতমঃ প্রিয়তমঃ (প্রিয়তম) নাথঃ (নাথ) (আত্মা) তম্ (তাঁহাকে) আত্মনা (আত্মাকে—নিজেকে) এব (ই) বিক্রীয় (বিক্রয় করিয়া) (মূল্যস্বরূপ দিয়া) অনেন (ইহার সহিত) যথা (যেমন) রমা (লক্ষ্মী) তথা (তদ্রূপ) অহং (আমি) রেমে (রমণ করিব) ॥৩৫

আদ্যন্তবন্তঃ (আদি অন্তবিশিষ্ট) যে (যে) কামদাঃ (কামদাতা) কামাঃ (কামী) নরাঃ (নরগণ) বা (অথবা) কালবিদ্রুতাঃ (কাল-কবলিত) দেবাঃ (দেবতাসকল) তে (তাহাদের) ভার্য্যায়াঃ (ভার্য্যাগণের) কিয়ৎ (কতটুকু) প্রিয়ং (প্রিয়) ব্যভজন্ (করিতে পারিয়াছেন) ॥৩৬

নূনং (নিশ্চিত) মে (আমার) কেনাপি (কোনও) কর্ম্মণা (কর্ম্মের দ্বারা) ভগবান্ (ভগবান্) বিষ্ণুঃ (বিষ্ণু) প্রীতঃ (প্রীত) যৎ (যেহেতু) দুরাশায়াঃ (দুষ্টাশা) মে

এই অবিনাশী—শরীরিগণের প্রিয়তম, নাথ (স্বামী) সদানুমত জীবন মরণে সঙ্গী এবং আত্মা, তাঁহাকেই এই দেহ সমর্পণপূর্ব্বক বশীভূত করিয়া রমার ন্যায় অনুক্ষণ রমণ করিব।৩৫

বিষয় সকল, আর যে কামপ্রদ নর অথবা দেবগণ তাহাদের পত্নীগণের কি প্রিয় অনুষ্ঠান করিয়াছেন!—যেহেতু তাহারা স্বয়ংই উৎপত্তি-বিনাশবিশিষ্ট নশ্বর দেহধারী।৩৬

নিশ্চিত আমার জন্মান্তরীয় কোন কর্ম্মের দ্বারা শ্রীভগবান্ বিষ্ণু প্রীত হইয়াছেন, যেহেতু দুষ্টচিন্তা

না। তখন বিষণ্ণহৃদয়া পিঙ্গলা দুঃখসূচক যে গান করিয়াছিল তাহা শ্রবণ করুন—নির্ব্বেদই পুরুষের আশপাশ ছেদন করিবার উত্তম অস্ত্র। জ্ঞানহীন মানব যেমন মমতা ত্যাগ করিতে পারে না, তদ্রূপ নির্ব্বেদ উপস্থিত না হইলে ভববন্ধন মোচন হয় না। পিঙ্গলা বলিয়াছিল,—অহো! আমার মোহের

মৈবং স্যুর্মন্দভাগ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবঃ।
যেনানুবন্ধং নির্হৃত্য পুরুষঃ শমমৃচ্ছতি ॥৩৮
তেনোপকৃতমাদায় শিরসা গ্রাম্যসঙ্গতাঃ।
ত্যক্ত্বা দুরাশাঃ শরণং ব্রজামি তমধীশ্বরম্ ॥৩৯

(আমার) অয়ং (এই) সুখাবহঃ (সুখদ, সুখজনক) নির্ব্বেদঃ (বৈরাগ্য, অনুতাপ) জাতঃ (উপস্থিত হইল) ॥৩৭

মা এবম্ (আমি মন্দভাগ্যা নহি), অন্যথা (তাহা হইলে) নির্ব্বেদহেতবঃ (অনুতাপকারণ) ক্লেশাঃ (ক্লেশসমূহ) মন্দভাগ্যায়াঃ (মন্দভাগিনী) [মে] (আমার) [ন] স্যুঃ (হইত না), যেন (যাহার দ্বারা) অনুবন্ধং (গৃহাদি) নির্হৃত্য (পরিত্যাগপূর্ব্বক) পুরুষঃ (পুরুষ) শমঃ (উপশম, শান্তি) ঋচ্ছতি (প্রাপ্ত হয়) ॥৩৮

তেন (সেই বিষ্ণুর) উপকৃতং (উপকার) শিরসা (মস্তকের দ্বারা) আদায় (গ্রহণপূর্ব্বক) গ্রাম্যসঙ্গতাঃ (বিষয়সম্বন্ধীয়) দুরাশাঃ (দুরাশা) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) অধীশ্বরং (অধীশ্বর) তং (তাহাকে) শরণং ব্রজামি (শরণ গ্রহণ করিব) ॥৩৯

আমার এই সুখজনক বৈরাগ্য সঞ্জাত হইল।৩৭

সেই করুণাময় ভগবানের অনুগ্রহ ব্যতীত হতভাগিনী আমার বৈরাগ্যের কারণ ক্লেশই হইত না। যে বৈরাগ্যের দ্বারা পুরুষ দেহ গেহাদিতে 'আমি, আমার' রূপ মোহ পরিত্যাগপূর্ব্বক শান্ত্যাত্মক মোক্ষ প্রাপ্ত হন।৩৮

এই হেতু সেই শ্রীভগবানের উপকাররূপ বৈরাগ্য মস্তকের দ্বারা গ্রহণ করত বিষয়জনিত ভোগ ত্যাগ করিয়া সর্ব্বনিয়ন্তার শরণাপন্ন হইব।৩৯

প্রভাব দেখ, আমি অত্যন্ত জ্ঞানহীনা, সেইজন্য নিন্দিত উপপতির নিকট কাম কামনা করিতেছি। আমার মত জ্ঞানহীনা আর কেহ নাই। আমি নিকটে নিত্য রতিপ্রদ, বিত্তপ্রদ, রমণ প্রত্যক্ষ ঈশ্বরকে ত্যাগ করিয়া নিন্দিত কাম-প্রদ মূক, দুঃখ-ভয়-ব্যাধি-শোক-মোহপ্রদ, অতি তুচ্ছ ঘৃণিত

সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্ যথালাভেন জীবতী।
বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ ॥৪০

সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণম্।
গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ॥৪১

এতৎ (ইহাতে) শ্রদ্দধতী (শ্রদ্ধাবিশিষ্টা) সন্তুষ্টা (সন্তুষ্টা) অহং (আমি) যথালাভেন (যথালাভে) জীবতী সতী (জীবনধারণ করিয়া) রমণেন (সুন্দর রমণীয়) অমুনা (সেই) আত্মনা (আত্মার সহিত) এব (ই) বিহরামি (বিহার করিব) ॥৪০

বিষয়ৈঃ (বিষয়ের দ্বারা) মুষিতেক্ষণং (অপহৃতদৃষ্টি) (অতএব) সংসারকূপে (সংসার-কূপে) পতিতং (পতিত) কালাহিনা (কালসর্পের দ্বারা) গ্রস্তম্ (গ্রস্ত) আত্মানং (আত্মাকে) কঃ (কে) অন্যঃ (অন্য) (বিষ্ণু ভিন্ন) ত্রাতুম্ (ত্রাণ করিতে) অধীশ্বরঃ (সমর্থ) (আর কেহ নহে) ॥৪১

যথালাভে সন্তুষ্টা তাহার দ্বারাই জীবনধারণ-পূর্বক এই পরমাত্মতত্ত্বে শ্রদ্ধাবিশিষ্টা হইয়া সেই স্বরূপভূত প্রিয় পরম রমণীয় প্রাণকান্তের সহিত অহরহ বিহার করিব।৪০

সংসার-কূপে পতিত, বিষয়সমূহে অপহৃত-বিবেক, কালসর্প-কবলিত ব্যক্তিকে শ্রীভগবান্ ব্যতীত অন্য কে রক্ষা করিতে সমর্থ হইবে?৪১

আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্বিদ্যেত যদাখিলাৎ।
অপ্রমত্ত ইদং পশ্যেদ্ গ্রস্তং কালাহিনা জগৎ ॥৪২

ব্রাহ্মণ উবাচ।
এবং ব্যবসিতমতির্দুরাশাং কান্ততর্ষজাম্।
ছিত্ত্বোপশমমাস্থায় শয্যামুপবিবেশ সা ॥৪৩

যদা (যখন) অপ্রমত্তঃ (কার্য্যান্তরে অনাসক্ত) সন্ (হইয়া) ইদং (এই) জগৎ (জগৎ) কালাহিনা (কালসর্পের দ্বারা) গ্রস্তং (গ্রস্ত) পশ্যেৎ (দেখিবে), (এবং) অখিলাৎ (সমস্ত হইতে) নির্বিদ্যেত (উদাসীন হইবে, বৈরাগ্যপ্রাপ্ত হইবে), তদা (তখন) আত্মা (আত্মা) এব (ই) আত্মনঃ (আত্মার) গোপ্তা (রক্ষক) ভবতি (হইবেন) ॥৪২

ব্রাহ্মণ উবাচ (শ্রীব্রাহ্মণ বলিলেন) এবং (এইরূপ) ব্যবসিতমতিঃ (নিশ্চিতবুদ্ধি) সা (সেই পিঙ্গলা) কান্ততর্ষজাং (কান্ততৃষ্ণাজনিত) দুরাশাং (দুরাশা) ছিত্ত্বা (ছেদন করিয়া) উপশমম্ (উপশম, শান্তি) আস্থায় (লাভ করিয়া) শয্যাম্ (শয্যায়) উপবিবেশ (শয়ন করিল) ॥৪৩

যখন সাবধান হইয়া এই জগৎ কালরূপ ভুজঙ্গমের কবলিত দেখিবে এবং অখিল প্রপঞ্চ হইতে বৈরাগ্য-প্রাপ্ত হইবে, তখন আত্মার রক্ষাকর্ত্তা পরমাত্মাই হইবেন।৪২

কান্তের কামনা করিতেছি। হায়! এতদিন আমার জীবন বৃথা নষ্ট হইয়াছে, আমি অতিশয় নিন্দিত রতিবৃত্তিকে জীবিকা করত লম্পটের দারা ঘৃণিত অনুশোচনীয় পুরুষের নিকট দেহ বিক্রয়পূর্ব্বক ধন ও রতিসুখ কামনা করিয়া বৃথা আত্মাকে পরিতাপিত করিয়াছি। এইরূপ ভাবে পিঙ্গলা আপনার পূর্ব্বকৃত পাপের জন্য বহু অনুতাপ করিতে লাগিল। পরে সে বলিল,—এই বিদেহনগরে আমার মত দুর্ভাগিনী বিমূঢ়া আর কেহ নাই, যেহেতু আমি আত্মদ শ্রীভগবান্‌কে ত্যাগ করত অন্য লম্পটগণকে কামনা করিয়াছি। অতঃপর দেহিগণের প্রিয়তম, নাথ ও আত্মা শ্রীভগবান্‌কে আমার আত্মাকে মূল্যস্বরূপ দিয়া কিনিয়া লইব এবং রমার ন্যায় তাহার সহিত রমণ করিব। নিশ্চয়ই আমি জন্মান্তরে বা ইহজন্মে কোন পুণ্যকর্ম্ম করিয়া থাকিব, যাহার ফলে শ্রীভগবান্ আমার প্রতি প্রীত হইয়াছেন, আমার এই নির্ব্বেদ উপস্থিত হইয়াছে। আমি মন্দভাগ্যা নহি, তাহা হইলে নির্ব্বেদজনক ক্লেশ আমার উপস্থিত হইত না; এইরূপ ক্লেশ হইতেই মানব সংসার বন্ধন ছেদন করত শান্তিলাভ করিয়া থাকে। আমি ভগবানের কৃপা বলিয়া এ নির্ব্বেদ গ্রহণ করত তাঁহারই শরণাগত হইলাম। এই ভাবে পিঙ্গলা পূর্ব্বকৃত পাপের জন্য অনুশোচনা করত ভগবচ্চরণে শরণাপন্না হইল। অনন্তর কান্ততৃষ্ণাজনিত দুরাশা পরিত্যাগপূর্ব্বক শান্তিলাভ করত শয্যায় শয়ন করিল। আশাই পরম দুঃখ, নৈরাশ্যই পরম সুখ। আমি পিঙ্গলা গুরুর নিকট নৈরাশ্য শিক্ষা করিয়াছি।

আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখম্।
যথা সংছিদ্য কান্তাশাং সুখং সুষ্বাপ পিঙ্গলা ॥৪৪

আশা (আশা) হি (ই) পরমং (পরম) দুঃখং (দুঃখ) নৈরাশ্যং (নৈরাশ্য) পরমং (পরম) সুখম্ (সুখ) ইতি (ইহা) পিঙ্গলা (পিঙ্গলা) যথা (যেমন) কান্তাশাং (কান্তের আশা) সংছিদ্য (সম্যক্ ছেদন করত) সুখং সুষ্বাপ (সুখে নিদ্রিত হইল) ॥৪৪

শ্রীব্রাহ্মণ বলিলেন,—এইরূপ কৃতনিশ্চয়মতি সেই পিঙ্গলা উপপতির অভিলাষজনিত দুরাশা পরিত্যাগপূর্বক শান্তি আশ্রয় করত শয্যায় শয়ন করিয়াছিল ।৪৩

নিশ্চিত আশাই পরম দুঃখ এবং নৈরাশ্যই পরম সুখ। নাগরের আশা পরিত্যাগপূর্ব্বক পিঙ্গলা সুখে নিদ্রিতা হইয়াছিল ।৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮

শ্রীমদ্ভাগবতে একাদশস্কন্ধে সপ্তমাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ।

[কুররাদি সপ্তগুরূণাং বর্ণনম্, অবধূতোপাখ্যানসমাপ্তিশ্চ।]

ব্রাহ্মণ উবাচ।

পরিগ্রহো হি দুঃখায় যদ্ যৎ প্রিয়তমং নৃণাম্।
অনন্তং সুখমাপ্নোতি তদ্ বিদ্বান্ যস্ত্বকিঞ্চনঃ ॥১

অন্বয়ঃ

নৃণাং (মানবগণের) যদ্ যদ্ (যাহা যাহা) প্রিয়তমং (প্রিয়তম), তস্য তস্য (তাহার তাহার) পরিগ্রহঃ (আসক্তি) দুঃখায় (দুঃখের নিমিত্ত) হি (ই) (হয়) তু (কিন্তু) যঃ (যে) অকিঞ্চনঃ (ত্যক্তপরিগ্রহ) তৎ (তাহা)

নবম অধ্যায়।

[কুররাদি সপ্ত গুরুগণের বর্ণন এবং অবধূতউপাখ্যান সমাপ্তি।]

অগ্রে সৃষ্টেঃ প্রপঞ্চস্য য আস্তে বটবীজবৎ।
স্রষ্টারঞ্চ পুনস্তস্য প্রণবং প্রণতোঽস্ম্যহম্॥

ব্রাহ্মণ বলিলেন,—হে তাত! মনুষ্যগণের যাহা যাহা প্রিয়তম, সেই সেই বস্তুর পরিগ্রহই দুঃখের নিমিত্ত হয়, কিন্তু যিনি সেই পরিগ্রহের দুঃখহেতুত্ব অবগত হইয়া অকিঞ্চন নিষ্পরিগ্রহ হন—তিনি অনন্তসুখ প্রাপ্ত হইয়া থাকেন।১

বন্ধু—পিঙ্গলার এইরূপ ভাব-পরিবর্ত্তনের কারণ আপনার কৃপা বলিয়া আমার মনে হইতেছে, আপনি কৃপা করিয়া তাঁহাকে সুবুদ্ধি দানকরত পাপ-পারাবার হইতে উদ্ধার করিয়াছেন। আপনার অশেষ কৃপায় পিঙ্গলা শান্তিলাভে সমর্থা হইয়াছে।

এই পিঙ্গলার উপাখ্যান মহাভারতের শান্তিপর্ব্বেতে কথিত হইয়াছে।

সামিষং কুররং জঘ্নুর্বলিনোঽন্যে নিরামিষাঃ।
তদামিষং পরিত্যজ্য স সুখং সমবিন্দত ॥২

ন মে মানাবমানৌ স্তো ন চিন্তা গেহপুত্রিণাম্।
আত্মক্রীড় আত্মরতির্বিচরামীহ বালবৎ ॥৩

বিদ্বান্ (জানেন), [সঃ] (তিনি) অনন্তং (অনন্ত) সুখম্ (সুখ) আপ্নোতি (প্রাপ্ত হন্) ॥১

সামিষং (সামিষ) কুররম্ (কুররকে) অন্যে (অন্য) নিরামিষং (নিরামিষ) বলিনঃ (বলবান্) কুররাঃ (কুররগণ) জঘ্নুঃ (নিহত করে), সঃ (সে) তদা (তখন) আমিষং (আমিষ) পরিত্যজ্য (পরিত্যাগ পূর্ব্বক) সুখং (সুখ) সমবিন্দত (প্রাপ্ত হয়) ॥২

মে (আমার) মানাবমানৌ (মান অপমান) ন স্তঃ (নাই), গেহপুত্রিণাং (গেহ-সন্তানপালিগণের) যা (যে) চিন্তা (চিন্তা), [সা অপি] (তাহাও) ন (নাই), (সুতরাং) ইহ (সংসারে) আত্মক্রীড়ঃ (আত্মক্রীড়) আত্মরতিঃ (আত্মসন্তুষ্ট) বালবৎ (বালকের ন্যায়) বিচরামি (বিচরণ

মুখে আমিষ গ্রহণকারী কুররনামক পক্ষীকে আমিষশূন্য শ্যেন গৃধ্রাদি তাহার প্রাণবিনাশের জন্য উদ্যুক্ত হয়, তখন সেই কুররপক্ষী আমিষ পরিত্যাগ করত সুখপ্রাপ্ত হইয়া থাকে।২

আমার লোককৃত মান অপমানজনিত সুখ দুঃখ নাই এবং গৃহপুত্রবান্‌গণের ন্যায় চিন্তাও নাই। আমি অনুক্ষণ পরমাত্মার সহিত ক্রীড়া করিয়া, তিনি সকল রূপ ধারণ করিয়া বিরাজ করিতেছেন, সেই বিশ্বরূপের কখন প্রণাম, কখন প্রদক্ষিণরূপ ক্রীড়া, কখন আত্মরতি, কখন বা তাঁহার প্রেমে আত্মহারা হইয়া বালকের মত ইহলোকে বিচরণ করিয়া

যদু—কুরর পক্ষীর কাছে কি শিখিয়াছেন? (২১)

দত্তাত্রেয়—আসক্তিই আত্মনাশের কারণ। আসক্তি ত্যাগ করিয়া অকিঞ্চন হইতে পারিলে মানুষ শান্তিলাভে সমর্থ হইয়া থাকে। কোন দিন দেখিলাম একটী দুর্ব্বল কুরর পক্ষী একখণ্ড মাংস লইয়া উড়িয়া যাইতেছে। আমিষার্থী বলবান্

দ্বাবেব চিন্তয়া মুক্তৌ পরমানন্দ আপ্লুতৌ।
যো বিমুগ্ধো জড়ো বালো যো গুণেভ্যঃ পরং গতঃ ॥৪

কচিৎ কুমারী ত্বাত্মানং বৃণানান্ গৃহমাগতান্।
স্বয়ং তানর্হয়ামাস কাপি যাতেষু বন্ধুষু ॥৫

করিতেছি ॥৩

যঃ (যে) বিমুগ্ধঃ (অজ্ঞ) জড়ঃ (অনুদ্যম) বালঃ (বালক), যঃ (যিনি) গুণেভ্যঃ (গুণ সকল হইতে) পরং গতঃ (অতীত হইয়াছেন), মুক্তঃ (মুক্ত) দ্বৌ এব (দুইজনই) পরমানন্দে (পরমানন্দে) আপ্লুতৌ (আপ্লুত) [সুতরাং] চিন্তয়া মুক্তৌ (চিন্তারহিত) হয় ॥৪

কচিৎ তু (একদা) বন্ধুষু (পিতা প্রভৃতি আত্মীয়গণ) ক অপি (কোথাও, বাটী হইতে অন্যত্র) যাতেষু (গমন করিলে) কুমারী (অবিবাহিতা কন্যা) তু আত্মানং (আপনাকে) বৃণানান্ (বরণ করিতে—বিবাহের সম্বন্ধ করিতে) গৃহে (গৃহে) আগতান্ (আগত) তান্ (তাহাদিগকে) স্বয়ম্ (স্বয়ং) অর্হয়ামাস (আতিথ্যদানে পূজা করিয়াছিল) ॥৫

থাকি।৩

এই সংসারে চিন্তামুক্ত ও পরমানন্দে নিমগ্ন মাত্র দুইজন। এক—অজ্ঞ মান-অপমানে অনভিজ্ঞ জড় উদ্যমবিহীন বালক, আর অপর—যিনি গুণসমূহের নিয়ন্তা পরমেশ্বরে একনিষ্ঠভাব প্রাপ্ত হইয়াছেন।৪

কোনস্থানে একটী কুমারী আপনার বিবাহের সম্বন্ধ করিতে গৃহে আগত বরপক্ষীয়গণকে দেখিয়া তৎকালে তাহার পিতা প্রভৃতি কার্য্যান্তরে-গমন করায় সে স্বয়ংই তাহাদের আতিথ্য সৎকার করিয়াছিল।৫

অন্য কুরর পক্ষী তাহাকে মারিয়া আমিষ কাড়িয়া লইবার জন্য তাহাকে আক্রমণ করিল। দুর্ব্বল কুরর প্রাণরক্ষার নিমিত্ত যেমন আমিষ পরিত্যাগ করিল, অমনি বলবান্ কুররগণ তাহাকে ত্যাগ করিয়া চলিয়া যাইল। বিষয়ের আসক্তিতে মানুষের আত্মনাশ হয়। বিষয়ে আসক্তিই মৃত্যুর কারণ—কুরর-গুরুর নিকট শিখিয়াছি।

তেষামভ্যবহারার্থং শালীন্ রহসি পার্থিব।
অবঘ্নন্ত্যাঃ প্রকোষ্ঠস্থাশ্চক্রুঃ শঙ্খাঃ স্বনং মহৎ ॥৬
সা তজ্জুগুপ্সিতং মত্বা মহতী ব্রীড়িতা ততঃ।
বভঞ্জৈকৈকশঃ শঙ্খান্ দ্বৌ দ্বৌ পাণ্যোরশেষয়ৎ ॥৭

পার্থিব (হে ভূপতে)। তেষাম্ (তাহাদের) অভ্যবহারার্থং (ভোজনের জন্য) রহসি (নিৰ্জ্জনে) শালীন্ (ধান্যাদি) অবঘ্নন্ত্যাঃ (উদূখলে রাখিয়া মুষলের দ্বারা আঘাতকারিণী তাহার) প্রকোষ্ঠস্থাঃ (হস্তস্থিত) শঙ্খাঃ (শঙ্খসকল) মহৎ স্বনং (মহাশব্দ) চক্রুঃ (করিয়াছিল) ॥৬

সা (সেই কুমারী) তৎ (তাহা) জুগুপ্সিতং (আগন্তগণ চাউল প্রস্তুতের কথা জানিতে পারিবে, ইহা নিন্দিত) মত্বা (মনে করিয়া) মহতী (অতিশয়) ব্রীড়িতা (লজ্জিতা) [অভূৎ] (হইয়াছিল), ততঃ (অনন্তর) একৈকশঃ (এক একগাছি করিয়া) ক্রমেণ (ক্রমে) বভঞ্জ (ভাঙ্গিয়া ফেলিয়া)। পাণ্যোঃ (হস্তদ্বয়ে) দ্বৌ দ্বৌ (দুইগাছি করিয়া) অবশেষয়ৎ (অবশেষ রাখে) ॥৭

হে রাজন্! সেই আগতগণের ভোজনের জন্য নির্জ্জনে উদূখলে ধান্য নিক্ষেপ করিয়া যখন মুষলের দ্বারা আঘাত করিতেছিল, তৎকালে তাহার হস্তস্থিত শঙ্খবলয়সকল পরস্পর আহত হইয়া অত্যন্ত ঝন্ ঝন্ শব্দ করিতে থাকে।৬

তখন—সেই মহাকুলোৎপন্না বুদ্ধিমতী কুমারী স্বয়ংই তণ্ডুল প্রস্তুত করিতেছে—ইহাদের কি কোন পরিচারিকা নাই—নিশ্চয় ইহারা দরিদ্র—যদি শঙ্খ শব্দ শুনিয়া ইহাঁরা এই কথা মনে করেন তজ্জন্য তণ্ডুল প্রস্তুত করা নিন্দিত কর্ম্ম ভাবিয়া হস্ত হইতে এক এক গাছি করিয়া সেই শঙ্খবলয়সমূহ খুলিয়া ফেলিল।৭

উভয়োরপ্যভূদ্ ঘোষো হ্যবঘ্নন্ত্যাঃ স্ম শঙ্খয়োঃ।
তত্রাপ্যেকং নিরভিদদেকস্মান্নাভবদ্ ধ্বনিঃ ॥৮
অন্বশিক্ষমিমং তস্যা উপদেশমরিন্দম।
লোকাননুচরন্নেতান্ লোকতত্ত্ববিবিৎসয়া ॥৯

[পুনঃ] অবঘ্নন্ত্যাঃ (অবঘাত করিবার সময়) স্বশঙ্খয়োঃ (স্বীয় শঙ্খ) উভয়োঃ (দুই গাছির) অপি (ও) ঘোষঃ (ধ্বনি) অভূৎ (হইয়াছিল), তত্র (তাহার) অপি (ও) একং (একগাছি) নিরভিদৎ (ভাঙ্গিয়া ফেলিল), একস্মাৎ (একগাছির) ধ্বনিঃ (শব্দ) ন অভবৎ (হইল না) ॥৮

অনন্তর পুনরায় মুষলের আঘাত করিবার সময় আপনার দুইগাছি শঙ্খের পরস্পরের সংঘর্ষে শব্দ হইয়াছিল, তখন আর একগাছি খুলিয়া রাখায় একগাছি শঙ্খের আর কোনরূপ শব্দ হইল না।৮

হে শত্রুদমন। লোকতত্ত্ব জানিবার জন্য সর্বত্র পরিভ্রমণ করিতে করিতে আমি সেই কুমারীর নিকট এই উপদেশ শিক্ষা করিয়াছিলাম।৯

যদু—বালকগুরুর নিকট কি শিক্ষা করিয়াছেন? (২২)

দত্তাত্রেয়—বালকগুরুর কাছে নিরীহতা শিখিয়াছি। বালকের হৃদয়ে ইন্দ্রিয়ের প্রভাব না থাকায় সত্ত্বাদিগুণের বিকাশ বা তজ্জন্য কোন ক্ষোভ হয় না। বালক সতত নিশ্চিন্তান্তঃকরণে আনন্দে অবস্থান করে। নিশ্চেষ্ট বালক ও ইন্দ্রিয়ক্ষোভশূন্য ভগবদ্ভক্ত জ্ঞানী—এই দুই ব্যক্তিই পরমানন্দে আপ্লুত থাকেন, ইঁহারা কখন চিন্তান্বিত হন না।

চেষ্টাই দুঃখের কারণ, গুণক্ষোভে সে চেষ্টা হইয়া থাকে। আমার নিরীহতা শিক্ষার গুরু বালক।

বহুভির্যোগে বিরোধো রাগাদিভিঃ কুমারীশঙ্খবৎ ॥৯
সাংখ্যসূত্র—৪ অঃ।

যদু—কুমারী-গুরুর কাছে কি শিক্ষা লাভ করিয়াছেন? (২৩)

দত্তাত্রেয়—কোনদিন ইতস্ততঃ বিচরণ করিতে করিতে এক গৃহস্থের বাটীর নিকট পথিপার্শ্বে উপবিষ্ট হই। গৃহস্থেরা কেহই বাটীতে ছিল না, মাত্র একটী কুমারী কন্যা ছিল। সেই সময় তাহার বিবাহের সম্বন্ধ করিবার জন্য কয়েকজন ব্যক্তি উপস্থিত হয়। কুমারী তাহাদের জলযোগাদি করাইবার তণ্ডুল না থাকায় স্বয়ং উদূখলে ধান্য ভানিতে থাকে।

বাসে বহূনাং কলহো ভবেদ্ বার্ত্তা দ্বয়োরপি।
এক এব চরেৎ তস্মাৎ কুমার্য্যা ইব কঙ্কণঃ ॥১০
মন একত্র সংযুঞ্জ্যাজ্জিতশ্বাসো জিতাসনঃ।
বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণমতন্দ্রিতঃ ॥১১
যস্মিন্মনো লব্ধপদং যদেত-
চ্ছনৈঃ শনৈর্মুঞ্চতি কর্ম্মরেণূন্।

অরিন্দম (হে শত্রুবিজয়িন্)। লোকতত্ত্ববিবিৎসয়া (লোকচরিত জানিবার জন্য) এতান্ (এই) লোকান্ (লোকে) অনুচরন্ (বিচরণ করিয়া) তস্যাঃ (তাহার) ইমম্ (এই) উপদেশম্ (উপদেশ) অন্বশিক্ষম্ (শিক্ষা করিয়াছিলাম) বহূনাম্ (অনেকের) একত্র (একত্র) বাসে (বাসে) কলহঃ (কলহ) ভবেৎ (হয়), দ্বয়োঃ (দুইজনের) অপি (ও) বার্ত্তা (বার্ত্তালাপ) [ভবেৎ] (হইয়া থাকে), তস্মাৎ (সেই হেতু) কুমার্য্যাঃ (কুমারীর) কঙ্কণঃ ইব (কঙ্কণের ন্যায়) একঃ (একাকী) এব (ই) চরেৎ (বিচরণ করিবে) ৯-১০

অতন্দ্রিতঃ (অনলস) জিতাসনঃ (স্থিরাসন) জিতশ্বাসঃ (শ্বাস জয়পূর্ব্বক) বৈরাগ্যাভ্যাসযোগেন (বৈরাগ্য ও অভ্যাস যোগের দ্বারা) ধ্রিয়মাণং (স্থিরীকৃত) মনঃ (মনকে) একত্র (একস্থানে ভগবানে) সংযুঞ্জ্যাৎ (সংযুক্ত করিবেন) ॥১১

বহুলোকের একত্র বাসে কলহ হইয়া থাকে। দুইজন একত্র অবস্থান করিলেও পরস্পর আলাপ হয়, তজ্জন্য কুমারীর কঙ্কণের ন্যায় একাকীই বিচরণ করা কর্ত্তব্য।১০

আলস্যবিরহিত যোগী আসন জয় ও শ্বাস জয় করত বৈরাগ্য ও অভ্যাস যোগের দ্বারা স্থিরীকৃত মন লক্ষ্য শ্রীভগবানে উত্তমরূপে যুক্ত করিবেন।১১

এই সংকল্প-বিকল্পকারী মন পরমানন্দস্বরূপ

মুষলের আঘাতকালে কুমারীর কঙ্কণ ঝন্ ঝন্ শব্দে বাদিত হইতে থাকিলে, কুমারী একে একে সমস্ত কঙ্কণ খুলিয়া ফেলিয়া মাত্র দুইগাছি করিয়া রাখে। তাহাতেও শব্দ হইতেছে দেখিয়া এক এক গাছি মাত্র অবশেষ রাখিল; তখন আর শব্দ

সত্ত্বেন বৃদ্ধেন রজস্তমশ্চ
বিধূয় নির্ব্বাণমুপৈত্যনিন্ধনম্ ॥১২
তদৈবমাত্মন্যবরুদ্ধচিত্তো
ন বেদ কিঞ্চিদ্ বহিরন্তরং বা।
যথেষুকারো নৃপতিং ব্রজন্ত-
মিষৌ গতাত্মা ন দদর্শ পার্শ্বে ॥১৩

যৎ (যে) এতৎ (এই) মনঃ (মন) যস্মিন্ (যাহাতে, শ্রীভগবানে) লব্ধপদং (স্থানপ্রাপ্ত হইয়া) শনৈঃ শনৈঃ (ধীরে ধীরে) কর্ম্মরেণূন্ (কর্ম্মবাসনা সকল) মুঞ্চতি (ত্যাগ করিবে), বৃদ্ধেন (বর্দ্ধিত) সত্ত্বেন (সত্ত্বগুণের দ্বারা) রজঃ (রজঃ) চ (ও) তমঃ (তমঃ) বিধূয় (পরিত্যাগ পূর্ব্বক) অনিন্ধনং (কাষ্ঠাভাবে অগ্নির ন্যায়) নির্ব্বাণম্ (নির্ব্বাণ) উপৈতি (প্রাপ্ত হয়) ॥১২

ইষুকারঃ (শর-নির্ম্মাতা) যথা (যেমন) ইষৌ (শরে) গতাত্মা (দত্তচিত্ত) ব্রজন্তং (বাদ্যোদ্যমসহ গমনকারী) নৃপতিং (রাজাকে) ন বিবেদ (জানিতে পারে নাই), [তথা] (তদ্রূপ) তদা (তখন) এবম্ (এইরূপ) আত্মনি (আত্মায়) অবরুদ্ধ-চিত্তঃ (অবরুদ্ধচিত্ত হইয়া) বহিঃ (বাহ্য) বা (কিংবা) অন্তরং (অভ্যন্তর) কিঞ্চিৎ (কিছুই) ন বেদ (জানিতে পারে না) ॥১৩

শ্রীভগবানে স্থানলাভ করিয়া ধীরে ধীরে কর্ম্মবাসনা পরিত্যাগ করে। তখন উপশমাত্মক বর্দ্ধিত সত্ত্বগুণের দ্বারা রজ ও তমোগুণকে অভিভূত করত কাষ্ঠশূন্য অগ্নির ন্যায় নির্ব্বাণপ্রাপ্ত হয়।১২

শরনির্ম্মাতা যেমন বাণে একলক্ষ্য হওয়ায় বাদ্যোদ্যমসহকারে গমনকারী নৃপতিকে জানিতে পারে নাই, ভক্তশ্রেষ্ঠ শ্রীভগবানে অবরুদ্ধচিত্ত হইয়া বাহ্য বা অভ্যন্তর কিছুই জানিতে পারেন না।১৩

হইল না। আমি কুমারী-গুরুর নিকট হইতে বহুলোকের একত্র বাসের দোষ এমন কি যতির দুইজন একসঙ্গে থাকা উচিত নয় শিক্ষা করিয়াছি। 'দ্বাভ্যামপি তথৈব' সাংখ্যসূত্র ১০ ৪অঃ। ইষুকারবন্নৈকচিত্তস্য সমাধিহানিঃ ॥৪।১৪ সাংখ্যসূত্র।

একচার্য্যনিকেতঃ স্যাদপ্রমত্তো গুহাশয়ঃ।
অলক্ষ্যমাণ আচারৈর্মুনিরেকোঽল্পভাষণঃ ॥১৪
গৃহারম্ভোঽহি দুঃখায় বিফলশ্চাধ্রুবাত্মনঃ।
সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখমেধতে ॥১৫
একো নারায়ণো দেবঃ পূর্ব্বসৃষ্টং স্বমায়য়া।
সংহৃত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বরঃ ॥১৬
এক এবাদ্বিতীয়োঽভূদাত্মাধারোঽখিলাশ্রয়ঃ।
কালেনাত্মানুভাবেন সাম্যং নীতাসু শক্তিষু।
সত্ত্বাদিষ্বাদিপুরুষঃ প্রধানপুরুষেশ্বরঃ ॥১৭
পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ।
কেবলানুভবানন্দসন্দোহো নিরুপাধিকঃ ॥১৮

অপ্রমত্তঃ (প্রমাদপরিশূন্য, অবহিত) মুনিঃ (মুনি) আচারৈঃ (আচার সমূহের দ্বারা) (গতির দ্বারা) অলক্ষ্যমাণঃ (গুপ্ত সর্ব্বক্রিয়) একচারী (একাকী বিচরণকারী) অনিকেতঃ (নিয়ত নিকেত গৃহ—রহিত) অল্পভাষণঃ (অল্পভাষী) গুহাশয়ঃ (অন্তর্হৃদয়বাসী) একঃ (এক) স্যাৎ (হইবেন) ॥১৪

অধ্রুবাত্মনঃ (অনিত্য দেহধারীর) গৃহারম্ভঃ (গৃহ নির্ম্মাণ) বিফলঃ (বিফল) চ (ও) দুঃখায় (দুঃখের নিমিত্ত হয়) হি সর্পঃ (সর্প) পরকৃতঃ (অপরের কৃত) বেশ্ম (গৃহে, গর্ত্তে) প্রবিশ্য (প্রবেশ পূর্ব্বক) সুখম্ (সুখ) এধতে (প্রাপ্ত হয়) ॥১৫

আত্মাধারঃ (আত্মার আধার) অখিলাশ্রয়ঃ (নিখিল জগতের আশ্রয়) দেবঃ (জ্যোতির্ম্ময়) নারায়ণঃ (নারায়ণ) একঃ (একমাত্র) ঈশ্বরঃ (ঈশ্বর) কল্পান্তে (মহাপ্রলয়ে) কালকলয়া (কালশক্তি) স্বমায়য়া (স্বীয় মায়ার দ্বারা) ইদং (এই) পূর্ব্বসৃষ্টং (পূর্ব্বসৃষ্ট) বিশ্বম্ ॥১৬

সংহৃত্য (সংহার করিয়া) একঃ এব (একমাত্র) অভূৎ (ছিলেন), কালেন (কালক্রমে) আত্মানুভাবেন (স্বকীয় প্রভাবের দ্বারা) সত্ত্বাদিষু (সত্ত্বাদি) শক্তিষু (শক্তিসমূহ) সাম্যং নীতাসু (সমতা প্রাপ্ত হইলে) [সঃ] (সেই) আদিপুরুষঃ (আদিপুরুষ) প্রধান-পুরুষেশ্বরঃ (প্রকৃতি পুরুষের ঈশ্বর) পরাবরাণাং (মুক্ত ও বদ্ধ জীবগণের) পরমঃ (পরম শ্রেষ্ঠ) কৈবল্যসংজ্ঞিতঃ (কৈবল্য নামাভিধেয়) আস্তে (থাকেন)। [তদা সঃ] (তখন তিনি) নিরুপাধিকঃ (উপাধিশূন্য) কেবলানুভবানন্দসন্দোহঃ (নির্ব্বিষয় স্বপ্রকাশ আনন্দসমূহ পরমানন্দ হন) (সান্দ্র আনন্দের দ্বারা অনুভবযোগ্য হইয়া থাকেন) ॥১৬-১৮

মুনি—সর্পের ন্যায় সতত একাকী বিচরণশীল, নির্দ্দিষ্ট বাসস্থানবিহীন, বিষয়ান্তরে অনাসক্ত, নির্জ্জনে বাসকারী, আচারের দ্বারা কোনরূপ আপনার ভাবপ্রকাশ না করিয়া এক অসহায় মিতভাষী হইবেন।১৪

অনিশ্চিত দেহের জন্য গৃহনির্ম্মাণ দুঃখের কারণ ও বিফল হয়, এই হেতু সর্প যেমন পরকৃত গৃহে (গর্ত্তে) প্রবেশপূর্ব্বক সুখে অবস্থান করে, তদ্রূপ মুনিও গৃহহীন হইয়া পরমানন্দে যত্র তত্র সুখে অবস্থান করিবেন।১৫

জ্যোতির্ম্ময়, জগতের সৃষ্টি স্থিতি নাশরূপ ক্রীড়া-পরায়ণ, স্বকীয়া মায়া প্রকৃতির দ্বারা পূর্ব্বসৃষ্ট এই বিশ্ব কল্পান্তে কালশক্তির সহায়ে সংহার পূর্ব্বক সমস্ত প্রপঞ্চের আশ্রয়, আত্মার আধার, একমাত্র, স্বজাতীয়-বিজাতীয়-ভেদশূন্য, অদ্বিতীয় ঈশ্বর নারায়ণ ছিলেন।১৬

যদু—শর-নির্ম্মাতার কাছে কি শিখিয়াছেন? (২৪)

দত্তাত্রেয়—কোনদিন দেখি এক কর্ম্মকার বাণ নির্ম্মাণ করিতেছে। এমন সময় এক রাজা লোকজন সহ বাদ্যধ্বনি করিতে করিতে চলিয়া যাইল। শরকারী কর্ম্মকার চক্ষু চাহিয়াও দেখিল না। রাজা চলিয়া যাইবার পর আমি তাহার নিকট উপস্থিত হইলাম। তখন তাহার বাণ নির্ম্মাণ হইয়া গিয়াছে। সে আমাকে প্রণাম করিলে আমি জিজ্ঞাসা করিলাম "তোমার সম্মুখ দিয়া বাদ্যধ্বনি করিতে করিতে রাজা গমন করিলেন, তুমি তাঁহার কোনরূপ সম্মান করিলে না কেন?"

কেবলাত্মানুভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাম্।
সংক্ষোভয়ন্ সৃজত্যাদৌ তয়া সূত্রমরিন্দম ॥১৯
তামাহুস্ত্রিগুণব্যক্তিং সৃজন্তীং বিশ্বতোমুখম্।
যস্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্ ॥২০

অরিন্দম (হে অরিন্দম)। [সঃ] (তিনি) কেবলাত্মানুভাবেন (একমাত্র আত্মপ্রভাবের দ্বারা) ত্রিগুণাত্মিকাং (ত্রিগুণাত্মিকা) স্বমায়াং (স্বীয় মায়াকে) [ঈক্ষণেন] (ঈক্ষণের দ্বারা) সংক্ষোভয়ন্ (সংক্ষুব্ধ করিয়া) আদৌ (প্রথমে) তয়া (মায়ার দ্বারা) [সৃষ্টেঃ] (সৃষ্টির) সূত্রং (সূত্র) মহত্তত্ত্বং (মহত্তত্ত্ব) সৃজতি (সৃজন করেন), বিশ্বতোমুখং (অখিল বিশ্ব) সৃজন্তীং (সৃষ্টিকারিণী) তাং (সেই) মায়াং (মায়াকে) ত্রিগুণব্যক্তিম্ (ত্রিগুণের অভিব্যক্তি স্বরূপা) আহুঃ (বলেন)। যস্মিন্ (যাহাতে) ইদং (এই) বিশ্বং (বিশ্ব) প্রোতং (গ্রথিত) যেন (যাহার দ্বারা) পুমান্ (পুরুষ) সংসরতে (সংসারীরূপে পরিণত হয়) [সঃ] (সেই)।

আত্মশক্তি বিশেষ কালের দ্বারা সত্ত্বরজস্তমঃশক্তি-সমূহ সমতাপ্রাপ্ত হইলে সেই আদিপুরুষ প্রকৃতি পুরুষের নিয়ন্তা ব্রহ্মাদি দেবতাগণ ও অন্যান্য জীব সকলের প্রাপ্যফলভূত সত্ত্বাদি উপাধিরহিত নির্বিষয় স্বপ্রকাশ জ্ঞান আনন্দের সমূহ চিদানন্দরূপ কৈবল্য নামে কথিত হন।১৭-১৮

হে অরিন্দম! কেবল আত্মপ্রভাব কালের দ্বারা

যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সন্তত্য বক্ত্রতঃ।
তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং মহেশ্বরঃ ॥২১
যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া।
স্নেহাদ্দ্বেষাদ্ভয়াদ্ বাপি যাতি তত্তৎসরূপতাম্ ॥২২

ঊর্ণনাভিঃ (ঊর্ণনাভি) যথা (যেমন) হৃদয়াৎ (হৃদয় হইতে) বক্ত্রতঃ (বদনবিবরের দ্বারা) ঊর্ণাং (ঊর্ণাসূত্র) সন্তত্য (বিস্তার করিয়া) তয়া (তাহার দ্বারা) বিহৃত্য (বিহার করত) ভূয়ঃ (পুনরায়) তাং (তাহাকে) গ্রসতে (গ্রাস করে), [তথা] (তদ্রূপ) মহেশ্বরঃ (মহেশ্বর) সৃষ্টিং গ্রসতে প্রকাশতে চ (সৃষ্টি গ্রাস ও প্রকাশ করেন)॥১৯-২১

দেহী (দেহী) স্নেহাৎ (স্নেহহেতু), দ্বেষাৎ (দ্বেষবশে) বা (কিংবা) ভয়াৎ (ভয়ের নিমিত্ত) ধিয়া (বুদ্ধির দ্বারা) যত্র যত্র (যেখানে যেখানে) সকলং (একাগ্র) মনঃ (মন) ধারয়েৎ (ধারণ করে), তত্তৎ (সেই সেই) সরূপতাং (সারূপ্য) যাতি (প্রাপ্ত হয়)॥২২

ত্রিগুণময়ী স্বকীয়া মায়া প্রকৃতিকে সংক্ষুভিত করিয়া সেই প্রকৃতির দ্বারা প্রথমে ক্রিয়াশক্তি প্রধান মহত্তত্ত্ব সৃজন করেন। অহঙ্কার দ্বারে নানাবিধ ত্রিগুণাত্মিক বিশ্বসৃজনকারিণী তাঁহাকে গুণত্রয়ের অভিব্যক্তিস্বরূপিণী বলিয়া থাকেন। যে কারণভূত সমষ্টি প্রাণরূপ সূত্রে এই বিশ্ব গ্রথিত, প্রাণরূপ যাহার দ্বারা পুরুষ জীব সংসারিরূপে পরিণত হইয়া

সে বলিল "রাজা গিয়াছেন আমি তো জানিতে পারি নাই।" শরনির্মাতা আমার চিত্তের একাগ্রতা শিক্ষার গুরু।

অনারম্ভোঽপি পরগৃহে সুখী সর্পবৎ। সাংখ্যসূত্র ৫।১২॥

যদু—সর্পগুরুর কাছে কি শিখিয়াছেন? (২৫)

দত্তাত্রেয়—ক্ষণস্থায়ী শরীরের জন্য গৃহনির্মাণ করা বিফল। পরগৃহে সুখে বাসকারী সর্পগুরু আমায় ইহা শিক্ষা দিয়াছেন। কুমারী ও যোগী 'সংসর্গ ত্যাজ্য' ইহা শিক্ষা দিয়াছেন, আর সর্প শিখাইয়াছেন জনসঙ্গ ত্যাগ। সে যেমন মানবগণ কর্তৃক শঙ্কিত হইয়া একাকী বিচরণ করে, নিয়ত একস্থানে থাকে না, আচার বা গতির দ্বারা সবিষ নির্বিষ কেহ বুঝিতে পারে না, তদ্রূপ মুনি অসহায় মিতভাষী শক্তিসম্পন্ন কি শক্তিহীন কোনরূপ পরিচয় না দিয়া একাকী পরিভ্রমণ করিবেন—সর্পগুরু

ইহা শিক্ষা দিয়াছেন।

যদু—মাকড়সা-গুরুর কাছে আপনি কি শিক্ষা করিয়াছেন? (২৬)

দত্তাত্রেয়—শ্রীভগবান্ কি প্রকারে বিশ্ব বিস্তার করেন মাকড়সা-গুরু আমায় তাহা শিক্ষা দিয়াছেন। সেই সচ্চিদানন্দময় শ্রীভগবান্ আদিদেব আপনার স্বরূপভূতা শক্তি মায়াকে ঈক্ষণ দ্বারা ক্ষোভিত করেন। মায়া সর্বপ্রথমে সৃষ্টির সূত্র মহত্তত্ত্বকে প্রসব করেন, সেই মায়া হইতে সত্ত্বাদিগুণত্রয়ের অভিব্যক্তি হয়। তিনিই এ বিরাট্ ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্রী। মাকড়সা যেমন স্বহৃদয় হইতে মুখবিবর দ্বারা সূত্র বিস্তারপূর্বক তাহাতে ক্রীড়া করত গ্রাস করে, তদ্রূপ যাঁহাতে এই বিশ্ব মণির ন্যায় গ্রথিত, যাঁহার দ্বারা পুরুষ সংসারগতি প্রাপ্ত হয়,

কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যাং তেন প্রবেশিতঃ।
যাতি তৎসাত্মতাং রাজন্ পূর্ব্বরূপমসন্ত্যজন্ ॥২৩

এবং গুরুভ্য এতেভ্য এষা মে শিক্ষিতা মতিঃ।
স্বাত্মোপশিক্ষিতাং বুদ্ধিং শৃণু মে বদতঃ প্রভো ॥২৪

রাজন্ (হে নরনাথ)। পেশস্কৃতং (কাঁচপোকাকে) ধ্যায়ন্ (ধ্যান করিয়া) কশ্চিৎ (কোন) কীটঃ (তৈলপায়ী তেলাপোকা) তেন (কাঁচপোকার দ্বারা) কুড্যাং (কোটরে) প্রবেশিতঃ (প্রবেশিত) সন্ (হইয়া) ধ্যায়ন্ (তাহাকে ধ্যান করত) পূর্ব্বরূপং (পূর্ব্বরূপ) অসন্ত্যজন্ [অপি] (ত্যাগ না করিয়াও) তৎসাত্মতাং (তাহার তুল্যরূপতা) যাতি (প্রাপ্ত হয়) ॥২৩

রাজন্ (হে রাজন্)। এবম্ (এইরূপে) এতেভ্যঃ (এই) গুরুভ্যঃ (গুরুগণ হইতে) এষা (এই) মে (আমার) মতিঃ (মতি) শিক্ষিতা (শিক্ষিতা হইয়াছে)। প্রভো (হে প্রভো)। স্বাত্মোপশিক্ষিতাং (দেহ হইতে শিক্ষিতা) বুদ্ধিং (বুদ্ধি) বদতঃ (কথনকারী) মে (আমার নিকট) শৃণু (শ্রবণ করুন) ॥২৪

থাকেন, যেমন

ঊর্ণনাভি (মাকড়সা) হৃদয় হইতে উদ্গতা ঊর্ণা মুখ হইতে প্রসারিত করিয়া তাহার দ্বারা ক্রীড়া করণানন্তর পুনরায় সেই ঊর্ণাকে গ্রাস করে, এইরূপ মহেশ্বর আপনা হইতে বিশ্ব প্রসারিত করত তাহাতে বিহারপূর্ব্বক আপনাতেই সমস্ত উপসংহার করিয়া থাকেন।১৯-২১

শরীরী নিশ্চয়াত্মিকা বুদ্ধির দ্বারা যে যে বিষয়ে সঙ্কল্প-বিকল্পাত্মক মনকে স্নেহ, দ্বেষ অথবা ভয় হেতু নিশ্চলভাবে ধারণ করে, মন সেই সেই সমানরূপতা প্রাপ্ত হইয়া থাকে।২২

হে নরনাথ। কোটরে প্রবেশিত কীট তেলা-পোকা পেশস্কৃত কাঁচপোকাকে ধ্যানকরত পূর্ব্বরূপ ত্যাগ না করিয়াই সেই দেহেই পেশস্কৃতের সারূপ্য প্রাপ্ত হয়—দেহান্তরে সারূপ্যলাভের সম্বন্ধে আর কি বক্তব্য ?২৩

এই গুরুসকল হইতে আমি এইরূপ শিক্ষিত হইয়াছি। আপনার দেহ হইতে যাহা শিক্ষা করিয়াছি তাহা বলিতেছি—শ্রবণ করুন।২৪

সেই মহেশ্বরও এই বিশ্বের গ্রাস ও প্রকাশ করিয়া থাকেন। ঈশ্বরের বিশ্ব-বিস্তারের শিক্ষাদাতা আমার মাকড়সা-গুরু।

যদু—কাঁচপোকা-গুরু আপনাকে কি শিক্ষা দিয়াছেন ? (২১)

দত্তাত্রেয়—কোনদিন দেখিলাম একটী কাঁচপোকা এক তেলাপোকাকে ধরিয়া লইয়া যাইতেছে। তাহাকে লইয়া গিয়া আপনার বিবরে রাখিল। আমি তেলাপোকার কি গতি হয় জানিবার জন্য নিত্য তথায় গিয়া দেখিতাম। কয়েকদিন পরে দেখিলাম তেলাপোকা ভয়ে কাঁচপোকাকে ভাবিতে ভাবিতে কাঁচপোকা হইয়া গিয়াছে। স্নেহ, দ্বেষ বা ভয়ে যে ব্যক্তি যে বস্তুতে অনন্যভাবে মন স্থাপিত করে, সে সেই ভাব প্রাপ্ত হয়—কাঁচপোকা-গুরু ইহাই আমার শিক্ষা দিয়াছেন।

মূলে চতুর্ব্বিংশতি গুরুর কথা আছে, কিন্তু গণনায় ২৭টী হইতেছে। এই বৈষম্যের কারণ পর্ব্বতগুরু ও বৃক্ষগুরু মধুকর ও মধুহারী গুরুর অনেকাংশে গুণসাম্য থাকায় পূজ্যপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী টীকাকারের মতে উহা এক, একটী বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। আর দেহগুরু অবধূত নিজেই চতুর্ব্বিংশতির একটী পৃথক্ বলিয়াছেন।

শ্রীধর স্বামীপাদ বলিয়াছেন—কপোত, মীন, হরিণ, কুমারী, গজ, সর্প, পতঙ্গ ও কুরর এই অষ্টগুরু সাধারণ। মধুকর, মধুহারী ও পিঙ্গলা তিনটী গুরু অসাধারণ, আর অবশিষ্ট ক্ষিতি প্রভৃতি অনন্যসাধারণ বলিয়া গণ্য।

দেহো গুরুর্মম বিরক্তিবিবেকহেতু-
বিভ্রৎ স্ম সত্ত্বনিধনং সততার্ত্ত্যুদর্কম্।
তত্ত্বান্যনেন বিমৃশামি যথা তথাপি
পারক্যমিত্যবসিতো বিচরাম্যসঙ্গঃ ॥২৫

জায়াত্মজার্থ-পশু-ভৃত্য-গৃহাপ্তবর্গান্
পুষ্ণাতি যৎপ্রিয়চিকীর্ষয়া বিতন্বন্।
স্বান্তে সকৃচ্ছ্র-মবরুদ্ধধনঃ স দেহঃ
সৃষ্ট্বাস্য বীজমবসীদতি বৃক্ষধর্ম্মা ॥২৬

জিহ্বৈকতোঽমুমপকর্ষতি কর্হি তর্ষা
শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক চ কর্ম্মশক্তি-
র্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি ॥২৭

সৃষ্ট্বা পুরাণি বিবিধান্যজয়াত্মশক্ত্যা,
বৃক্ষান্ সরীসৃপ-পশূন্ খগ-দন্দশূকান্।
তৈস্তৈরতুষ্টহৃদয়ঃ পুরুষং বিধায়
ব্রহ্মাবলোকধিষণং মুদমাপ দেবঃ ॥২৮

(একপক্ষে) বিবেকবিরক্তিহেতুঃ (বিবেক বিরক্তির কারণ) দেহঃ (দেহ) মম (আমার) গুরুঃ (গুরু) সততার্ত্ত্যুদর্কং (উত্তরকালে সতত পীড়া ক্লেশময়) সত্ত্বনিধনং (উৎপত্তি নাশ) বিভ্রৎ (গ্রহণকারী) [অন্যপক্ষে] তথা (তদ্রূপ) অনেন (এই দেহের দ্বারা) তত্ত্বানি (তৎসমূহ) বিমৃশামি (বিচার করি), ততঃ (অনন্তর) পারক্যম্ (শ্ব-শৃগালাদি ভক্ষ্য) অবসিতঃ (নিশ্চয় করিয়া) অসঙ্গঃ (নিঃসঙ্গ) সন্ (হইয়া) বিচরামি (বিচরণ করিতেছি) ॥২৫

যৎপ্রিয়চিকীর্ষয়া (যে আত্মার প্রিয় করিবার ইচ্ছায়) জায়াত্মজার্থপশুভৃত্যগৃহাপ্তবর্গান্ (পত্নী পুত্র ধন পশু ভৃত্য বিশ্বস্তপাত্রসমূহ) বিতন্বন্ (বিস্তার করিয়া) পুষ্ণাতি (পোষণ করে), সকৃচ্ছ্রম্ (কষ্টের সহিত) অবরুদ্ধধনঃ (ধন সঞ্চয় করিয়া থাকে), সঃ (সেই) দেহঃ (দেহ) বৃক্ষধর্ম্মা (বৃক্ষের ধর্ম্ম গ্রহণ করত) অস্য (ইহার) স্বান্তে (হৃদয়ে) বীজং (কর্ম্মবীজ) সৃষ্ট্বা (সৃজন করিয়া) অবসীদতি (অবসন্ন হয়) ॥২৬

জিহ্বা (জিহ্বা) অমুম্ (দেহাভিমানী পুরুষকে) একতঃ (রসের দিকে) অপকর্ষতি (আকর্ষণ করে), কর্হি (কখন বা) তর্ষা (তৃষ্ণা পানীয়ের দিকে) অন্যতঃ শিশ্নঃ (শিশ্ন স্ত্রীসহবাসের দিকে) কুতশ্চিৎ (কখন) ত্বক্ (ত্বক্ স্পর্শের দিকে) উদরং (উদর ভক্ষের দিকে) শ্রবণম্ (শ্রবণ শব্দের পানে) অন্যতঃ ঘ্রাণঃ (ঘ্রাণ গন্ধের দিকে) চ (ও) চপলদৃক্ (চঞ্চল দৃষ্টি রূপের দিকে) কর্ম্মশক্তিঃ (কর্ম্মেন্দ্রিয় সকল) ক চ ইথং (এইরূপ কর্ম্মের দিকে আকর্ষণ করে), বহ্ব্যঃ (বহু) সপত্ন্য ইব (সপত্নীর ন্যায়) গেহপতিং (গৃহপতিকে) লুনন্তি (আকর্ষণ করে) ॥২৭

দেবঃ (শ্রীভগবান্) অজয়াত্মশক্ত্যা (দুর্ব্বার মায়ার দ্বারা) বিবিধং (বহুবিধ) পুরাণি (মুখ-নাসিকাদি নবদ্বারযুক্ত শরীর-সকল) সৃষ্ট্বা (সৃষ্টি করিয়া) বৃক্ষান্ (বৃক্ষ) সরীসৃপ-পশূন্ (সরীসৃপ পশুসকল) খগদন্দশূকান্ (পক্ষী ও রাক্ষসগণকে) সৃষ্ট্বা (সৃষ্টি করত) তৈঃ তৈঃ (সেই সেই সৃষ্টির দ্বারা) অতুষ্টহৃদয়ঃ (অতৃপ্তমনা) সন্ (হইয়া) ব্রহ্মাবলোকধিষণং (ব্রহ্মদর্শন বুদ্ধিশক্তিসম্পন্ন) পুরুষং (পুরুষ) বিধায় (সৃষ্টি করিয়া) মুদম্ (আনন্দ) আপ (প্রাপ্ত হইয়াছিলেন) ॥২৮

হে নরমণি! উত্তরকালে সতত পীড়াদুঃখময় উৎপত্তি-বিনাশশীল হইয়াও দেহ আমার গুরু। এই দেহের দ্বারা যথাযথ তত্ত্ববিচার করি. তথাপি পরে শৃগাল কুকুরের ভক্ষ্য ইহা নিশ্চয় করত ইহাতে আসক্তিরহিত হইয়া সুখে বিচরণ করিয়া থাকি।২৫

কষ্টের সহিত ধন সঞ্চয়কারী পুরুষ যে দেহের ভোগসম্পাদনের ইচ্ছায় ভার্য্যা পুত্র ধন পশু সেবক বিশ্বস্তপাত্রসকল সম্বর্দ্ধিত করিয়া পোষণ করে, আয়ুশেষে পুরুষের দেহান্তরনিমিত্ত কর্ম্মবীজ সৃজন-পূর্বক বৃক্ষস্বভাব এই দেহ বিনষ্ট হইয়া থাকে।২৬

এই দেহাভিমানী পুরুষকে জিহ্বা রসের দিকে আকর্ষণ করে, পিপাসা জলের প্রতি, শিশ্ন মৈথুনের দিকে, ত্বক্ স্পর্শ ও উদর অন্নের প্রতি, শ্রবণ শব্দে, ঘ্রাণ গন্ধে, চঞ্চলদৃষ্টি রূপের প্রতি—এইরূপ কর্ম্মেন্দ্রিয় বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ বচন, আদান, গমন, বিসর্গ ও আনন্দরূপ স্ব স্ব বিষয়ের প্রতি আকর্ষণপূর্বক বহুসপত্নী যেমন এক স্বামীকে আকর্ষণ করত বিপন্ন করে, তদ্রূপ করিয়া থাকে।২৭

লব্ধ্বা সুদুর্লভমিদং বহুসম্ভবান্তে
মানুষ্যমর্থদমনিত্যমপীহ ধীরঃ।
তূর্ণং যতেত ন পতেদনুমৃত্যু যাব-
ন্নিঃশ্রেয়সায় বিষয়ঃ খলু সর্ব্বতঃ স্যাৎ ॥২৯
এবং সঞ্জাতবৈরাগ্যো বিজ্ঞানালোক আত্মনি।
বিচরামি মহীমেতাং মুক্তসঙ্গোঽনহঙ্কৃতিঃ ॥৩০

ন হ্যেকস্মাদ্ গুরোর্জ্ঞানং সুস্থিরং স্যাৎ সুপুষ্কলম্।
ব্রহ্মৈতদদ্বিতীয়ং বৈ গীয়তে বহুধর্ষিভিঃ ॥৩১

শ্রীভগবানুবাচ।
ইত্যুক্ত্বা স যদুং বিপ্রস্তমামন্ত্র্য গভীরধীঃ।
বন্দিতোঽভ্যর্থিতো রাজ্ঞা যযৌ প্রীতো যথাগতম্ ॥৩২

ধীরঃ (ধীমান্) বহুসম্ভবান্তে (অনেকজন্মের পর) ইহ (সংসারে) ইদম্ (এই) অনিত্যম্ (অনিত্য) অপি (হইলেও) অর্থদম্ (নিত্যবস্তু প্রাপক) অতএব সুদুর্লভং (অতি দুর্লভ) মানুষ্যং (মানব দেহ) লব্ধ্বা (লাভ করিয়া) [ইদম্] (এই) অনুমৃত্যুঃ (ক্ষণভঙ্গুর) [শরীরং] (শরীর) যাবৎ (যে পর্য্যন্ত) ন পতেৎ (পতিত না হয়), [তাবৎ] নিঃশ্রেয়সায় (মুক্তির জন্য) তূর্ণং (সত্বর) যতেত (যত্ন করিবে); বিষয়ঃ (বিষয়ভোগ) খলু সর্ব্বতঃ (পশ্বাদি-যোনিতেও) স্যাৎ (হয়) ॥২৯

এবং (এইরূপ) সঞ্জাতবৈরাগ্যঃ (লব্ধবৈরাগ্য) বিজ্ঞানালোকঃ (বিশিষ্ট জ্ঞানরূপ জ্যোতির্ম্ময়) আত্মনি (আত্মায়) স্থিতঃ সন্ (অবস্থিত হইয়া) অনহঙ্কৃতঃ (অহঙ্কার রহিত) মুক্তসঙ্গঃ (সঙ্গশূন্য) এতাং (এই) গাং (পৃথিবী) বিচরামি (বিচরণ করিতেছি) ॥৩০

একস্মাৎ (একজন) গুরোঃ (গুরু হইতে) জ্ঞানং (জ্ঞান) সুস্থিরং (সুস্থির) সুপুষ্কলম্ (সুপ্রচুর) নাপি স্যাৎ (হয় না) হি অদ্বিতীয়ং (অদ্বিতীয়) ব্রহ্ম (ব্রহ্ম) ঋষিভিঃ (ঋষিগণ কর্ত্তৃক) বহুধা (বহুপ্রকারে) গীয়তে (বর্ণিত হইয়া থাকে) * ॥৩১

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—গভীরধীঃ (গভীর-বুদ্ধি) সঃ (সেই) বিপ্রঃ (ব্রাহ্মণ অবধূত) যদুম্ (যদুকে) ইদম্ (ইহা) উক্ত্বা (বলিয়া) আমন্ত্র্য (সম্বর্দ্ধনা করিয়া) রাজ্ঞা (রাজা কর্ত্তৃক) বন্দিতঃ (বন্দিত) অর্চ্চিতঃ (সুন্দররূপে পূজিত) সন্ (হইয়া) যথাগতং (যেরূপে আগত হইয়াছিলেন। যযৌ (সেইভাবে গমন করিলেন) ॥৩২

শ্রীভগবান্ আত্মশক্তি ত্রিগুণময়ী প্রকৃতির দ্বারা বৃক্ষ, সরীসৃপ (সর্প বৃশ্চিকাদি জীব), পশু, পক্ষী ও দন্দশূকাদি বিবিধ জীবের শরীর সৃষ্টি করিয়া তত্তৎ দেহে অপরিতৃপ্ত হইয়া অপরোক্ষ ব্রহ্মজ্ঞানলাভযোগ্য বুদ্ধিবিশিষ্ট পুরুষশরীর নির্ম্মাণ করত আনন্দিত হইয়াছিলেন।২৮

বহু জন্মজন্মান্তরের পর সকল পুরুষার্থ সাধনভূত অনিত্য হইলেও অত্যন্ত দুষ্প্রাপ্য মানুষ শরীর লাভ করিয়া এই জন্মেই ক্ষণভঙ্গুরত্বহেতু অবিশ্বস্ত এই দেহ যাবৎ রোগাদির দ্বারা বিপন্ন না হয়, তাবৎকাল ধীর ব্যক্তি জিতেন্দ্রিয় হইয়া শীঘ্র মোক্ষলাভের জন্য যত্নবান্ হইবেন, যেহেতু বিষয়সুখ শূকরাদি জন্মেও সুলভ।২৯

এইরূপ বৈরাগ্য লাভ করিয়া আত্মসাক্ষাৎকার-রূপ আলোকসম্পন্ন আমি আত্মস্বরূপে অবস্থিত অহঙ্কার-বিরহিত দেহগেহাদিতে মমতা-বিবর্জ্জিত হইয়া এই ভূমণ্ডলে পরিভ্রমণ করিতেছি।৩০

একজন গুরু হইতে জ্ঞান সুদৃঢ় সুপ্রচুর সুনির্ণীত হয় না, যেহেতু এই যে অদ্বিতীয় ব্রহ্ম ঋষিগণ নানা শাস্ত্রে বহুপ্রকারে বর্ণনা করিয়াছেন।৩১

শ্রীভগবান্ বলিলেন,—সেই প্রগাঢ় বুদ্ধিবিশিষ্ট বিপ্র দত্তাত্রেয় যদুকে এই কথা বলিয়া তাঁহাকে সম্বর্দ্ধনপূর্ব্বক রাজা কর্ত্তৃক স্তুত ও পূজিত হইয়া প্রীতচিত্তে যথেচ্ছা গমন করিলেন।৩২

---

* শিক্ষাগুরু অনেক হইতে পারেন, কিন্তু জ্ঞানপ্রদ দীক্ষাদাতা গুরু একজনই শাস্ত্র-সম্মত।

অবধূতবচঃ শ্রুত্বা পূর্ব্বেষাং নঃ স পূর্ব্বজঃ।
সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তঃ সমচিত্তো বভূব হ ॥৩৩

নঃ (আমাদের) পূর্ব্বেষাং (পূর্ব্ববর্ত্তিগণের) পূর্ব্বজঃ (পূর্ব্বজঃ) সঃ (যদুরাজ) অবধূতবচঃ (অবধূতের বাক্য) শ্রুত্বা (শ্রবণ করিয়া) সর্ব্বসঙ্গ-বিমুক্তঃ (সর্ব্বসঙ্গবিমুক্ত) সন্ (হইয়া) সমচিত্তঃ (সমচিত্ত) বভূব (হইয়াছিল) ॥৩৩

আমাদের পূর্ব্বপুরুষগণের ও প্রাচীন সেই বৃদ্ধ যদু অবধূতের বাক্য শ্রবণ করত সমস্ত সঙ্গবিনির্মুক্ত সর্ব্বত্র একমাত্র বাসুদেব দর্শনে কৃতার্থ হইলেন। ৩৩

(১) ভগবান্ স্বীয় ব্রহ্মবিৎকুলেরই শ্লাঘা করিলেন—পূর্ব্বপুরুষগণের নয়।

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ একাদশস্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥৯

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে নবমাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথ কৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দশমঃ অধ্যায়ঃ।

[দেহাধ্যাসাদাত্মনোঽপি সংসারবন্ধোঽস্তীতি বোধনম্, জগতো মিথ্যাত্বনিরূপণঞ্চ।]

শ্রীভগবানুবাচ।
ময়োদিতেষবহিতঃ স্বধর্ম্মেষু মদাশ্রয়ঃ।
বর্ণাশ্রমকুলাচারমকামাত্মা সমাচরেৎ ॥১

অন্বয়ঃ

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন) মদাশ্রয়ঃ (আমার আশ্রিত) অকামাত্মা (নিষ্কাম) জনঃ (জন) ময়া (আমা-কর্ত্তৃক) উদিতেষু (কথিত) স্বধর্ম্মেষু (স্বধর্ম্মে) অবহিতঃ (অবধানযুক্ত) সন্ (হইয়া) বর্ণাশ্রম-কুলাচারং (বর্ণাশ্রম কুলাচার অনুযায়ী কর্ম্মসকল) সমাচরেৎ (আচরণ করিবে) ॥১

অন্বীক্ষেত বিশুদ্ধাত্মা দেহিনাং বিষয়াত্মনাম্।
গুণেষু তত্ত্বধ্যানেন সর্ব্বারম্ভবিপর্য্যয়ম্ ॥২

অন্বয়ঃ

বিষয়াত্মনাং (বিষয়াসক্ত) দেহিনাং (দেহিগণের) গুণেষু (বিষয়সুখসমূহে) সর্ব্বারম্ভবিপর্য্যয়ম্ (সমস্ত কর্ম্মের পরিণাম বৈপরীত্য) তত্ত্বধ্যানেন (যথার্থ অবলোকন দ্বারা) অন্বীক্ষেত (পুনঃ পুনঃ দেখিবে), [ততঃ] (অনন্তর) বিশুদ্ধাত্মা (বিশুদ্ধচিত্ত নিষ্কাম) [ভবেৎ] (হইবে) ॥২

দশম অধ্যায়।

[দেহাধ্যাসবশতঃ আত্মারও সংসার বন্ধন আছে—ইহাই বোধন এবং জগতের মিথ্যাত্ব নিরূপণ।]

আব্রহ্মস্তম্বপর্য্যন্তং ভূতানি বাপ্যজীববৎ।
যঃ সংসরতি ভূতাত্মা প্রণবং প্রণতোঽস্ম্যহম্।

শ্রীভগবান্ কহিলেন—হে প্রিয় উদ্ধব! আমার কথিত শ্রীবৈষ্ণবধর্ম্মে অপ্রমত্ত, সাবধান, আমার শরণাপন্ন নিষ্কামপুরুষ বর্ণাশ্রম-কুলাচার অনুসারে কর্ম্মানুষ্ঠান করিবেন।১

বিশুদ্ধচিত্ত ব্যক্তি গুণসমূহে পরমার্থত্ব অভি-নিবেশের দ্বারা বিষয়াসক্ত দেহিগণের সমস্ত উদ্যোগের বিপর্য্যয় অর্থাৎ সুখের উদ্দেশে ক্রিয়মাণ

সুপ্তস্য বিষয়ালোকো ধ্যায়তো বা মনোরথঃ।
নানাত্মকত্বাদ্ বিফলস্তথা ভেদাত্মধীর্গুণৈঃ ॥৩
নিবৃত্তং কর্ম্ম সেবেত প্রবৃত্তং মৎপরস্ত্যজেৎ।
জিজ্ঞাসায়াং সম্প্রবৃত্তো নাদ্রিয়েৎ কর্ম্মচোদনাম্ ॥৪

[বিষয়ং] (বিষয়) ধ্যায়তঃ (ধ্যানকারী) সুপ্তস্য (নিদ্রিতের) [যথা] (যেমন) বিষয়ালোকঃ (বিষয়দর্শন) বা (কিংবা) মনোরথং (অভিলাষ) নানাত্মকত্বাৎ (নানাত্মকত্ব হেতু) (ইন্দ্রিয়জন্যত্বহেতু) বিফলঃ (বিফল), তথা (তদ্রূপ) গুণৈঃ (ইন্দ্রিয়গণের দ্বারা) ভেদাত্মধীঃ (বহির্বিষয়ক ভেদবুদ্ধি) বিফলা (মনোজন্য স্বপ্ন মনোরথের ন্যায় বিফলা) ॥৩

মৎপরঃ (মৎপরায়ণ) নিবৃত্তং (নিত্য) কর্ম্ম (কর্ম্ম) সেবেত (আচরণ করিবেন), প্রবৃত্তং (কাম্য) ত্যজেৎ (ত্যাগ করিবেন), ততঃ (অনন্তর) জিজ্ঞাসায়াং (আত্মবিচারে) সম্প্রবৃত্তঃ (সম্যক্ প্রবৃত্ত) সন্ (হইয়া) কর্ম্মচোদনাং (নিত্য নৈমিত্তিক কাম্য কর্ম্মবিধি) ন আদ্রিয়েৎ (আদর করিবেন না) ॥৪

কর্ম্মসকলের দুঃখজনকত্বরূপ ফলের বিপরীত ভাব অবলোকন করিবেন।২

বিষয়ধ্যানকারী সুপ্ত মানবের স্বপ্নমনোরথ নানা আলম্বনহেতু যেমন বিফল হয়, তদ্রূপ ইন্দ্রিয়গণের দ্বারা বাহ্যবিষয়িণী ভেদবুদ্ধি মনোনিমিত্তে স্বপ্নদর্শনের ন্যায় পরমার্থিক-ফলবিহীনা।৩

আমাতে আসক্তচিত্ত ভক্ত নিষ্কাম নিত্য নৈমিত্তিক কর্ম্মসকল আচরণ ও কাম্যকর্ম্ম ত্যাগ করিবেন। আত্মতত্ত্ববিচারে সম্যগ্‌রূপে প্রবৃত্ত হইলে নিত্য নৈমিত্তিক কর্মেরও আদর করিবেন না।৪

—বিষয়দর্শন কি স্বপ্নদর্শনের মত ?

—হাঁ, জাগ্রত, স্বপ্ন, সুষুপ্তি এই তিনটী অবস্থা কোনটাই সত্য নহে। জাগ্রতকালে স্বপ্ন মিথ্যা, স্বপ্নসময়ে জাগ্রত মিথ্যা, সুষুপ্তিতে জাগ্রত ও স্বপ্ন দুইটাই মিথ্যা; তুরীয় অবস্থায় জাগ্রতাদি অবস্থা-ত্রয়ই মিথ্যা।

—সত্য কি ?

—সত্য একমাত্র ভগবান্ বাসুদেব। তিনিই নানারূপ ধারণকরত লীলা করিতেছেন। বৃক্ষ, বৃক্ষ নহে—বাসুদেব, এইরূপ দর্শনই অভ্যাস করিতে হয়। যেমন স্বর্ণের কটক, কেয়ুর, বলয় স্বর্ণ ভিন্ন আর কিছু নহে, সেইরূপ এই জগতের যাহা কিছু সব ভগবান্।

(২) নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনাদরে প্রত্যবায় হইবে না ?

—নিদ্রিত ব্যক্তির হস্তস্থিত পুষ্প যেমন আপনি হস্তচ্যুত হয়, তদ্রূপ যখন ওঙ্কার ঊর্দ্ধমুখ হন, সুষুম্নার দ্বার মুক্ত হইয়া যায়, তখন নিত্যকর্ম্মাদি করিবার সামর্থ্যই সাধকের থাকে না। সাধক কর্ম্ম ত্যাগ করেন না, কর্ম্মই সাধককে ত্যাগ করিয়া থাকে।

যমানভীক্ষ্ণং সেবেত নিয়মান্ মৎপরঃ ক্বচিৎ।
মদভিজ্ঞং গুরুং শান্তমুপাসীত মদাত্মকম্ ॥৫
অমান্যমৎসরো দক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ।
অসত্বরোঽর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্ ॥৬

মন্নিষ্ঠ শ্রীবৈষ্ণবভক্ত অহিংসাদি যমসকল পুনঃ পুনঃ সমাদরে ও শৌচ, সন্তোষ প্রভৃতি নিয়মসমূহ আত্মজ্ঞানের অবিরোধে যথাশক্তি আচরণ করিবেন এবং আমার সাক্ষাৎকারী শান্ত রাগলোভাদি দোষরহিত মদগতপ্রাণ গুরুকে সেবা করিবেন।৫

অভিমানশূন্য, পরের উৎকর্ষ অসহিষ্ণুতা-বিরহিত, আলস্যবর্জ্জিত, পুত্র-দারাদিতে মমতাবিহীন, পরমেশ্বরে এবং গুরুদেবে সুদৃঢ়ভক্তিসম্পন্ন, অব্যগ্র, অর্থ-জিজ্ঞাসু ও গুরু প্রভৃতিতে দোষদৃষ্টিবিহীন বৃথা-আলাপরহিত।৬

(৩) অসত্বর শব্দের অর্থ কি ?

—নহি ব্রহ্ম ত্বরমাণেন লভ্যম্—যাহারা অতি শীঘ্র কিছু লাভ করিতে চাহেন, তাঁহারা বঞ্চিত হন। কত জন্মজন্মান্তরের দুষ্ট সংস্কার পাপ দূর না হইলে আত্মজ্ঞান লাভ হইতে পারে না।

জায়াপত্য-গৃহক্ষেত্র-স্বজন-দ্রবিণাদিষু।
উদাসীনঃ সমং পশ্যন্ সর্ব্বেষ্বর্থমিবাত্মনঃ ॥৭

মৎপরঃ (মৎপরায়ণ ভক্ত) যমান্ (অহিংসা, সত্য, অস্তেয়, অপরিগ্রহ এই যমসকল) অভীক্ষ্ণং (সাদরে) সেবেত (আচরণ করিবেন), নিয়মান্ (শৌচ সন্তোষ তপস্যা সাধনার ঈশ্বরপ্রণিধানরূপ নিয়মসকল) কচিৎ (যথাশক্তি) [সেবেত] (আচরণ করিবেন), মদভিজ্ঞং (আমাকে যিনি অবগত আছেন এমন) মদাত্মকং (মদ্রূপ, মন্নিষ্ঠ) শান্তং (শান্ত) গুরুম্ (গুরুকে) উপাসীত (উপাসনা করিবেন)॥৫

অমানী (নিরভিমান) অমৎসরঃ (পরশ্রীকাতরতাবর্জ্জিত, অদ্বেষী) দক্ষঃ (অনলস) নির্ম্মমঃ (মমতাশূন্য) নিপুণঃ (কুশল) দৃঢ়সৌহৃদঃ (গুরুতে সুদৃঢ়ভক্তি) অসত্বরঃ (অব্যগ্র) অর্থজিজ্ঞাসুঃ (তত্ত্বজিজ্ঞাসু) অনসূয়ুঃ (অসূয়াশূন্য) অমোঘবাক্ (ব্যর্থ আলাপরহিত)॥৬

বিলক্ষণঃ স্থূল-সূক্ষ্মাদ্দেহাদাত্মেক্ষিতা স্বদৃক্।
যথাগ্নির্দারুণো দাহ্যাদ্দাহকোঽন্যঃ প্রকাশকঃ ॥৮

জায়াপত্য-গৃহক্ষেত্র-স্বজনদ্রবিণাদিষু (পত্নী, পুত্র, গৃহ, ক্ষেত্র, স্বজন, অর্থাদিতে) উদাসীনঃ (উদাসীন), সর্ব্বেষু (সকল বিষয়ে) আত্মনঃ (আপনার) অর্থম্ ইব (প্রয়োজনের ন্যায়) সমং (সমান) পশ্যন্ (দেখিয়া) স্থূলসূক্ষ্মাৎ (স্থূল সূক্ষ্ম) দেহাৎ (দেহ হইতে) বিলক্ষণঃ (বিভিন্ন), আত্মা (আত্মা) ঈক্ষিতা (দ্রষ্টা) স্বদৃক্ (স্বপ্রকাশ) দাহ্যাৎ (দাহ্য) কাষ্ঠাৎ (কাষ্ঠ হইতে) যথা (যেরূপ) অন্যঃ (পৃথক্) দাহকঃ (অগ্নি) প্রকাশকঃ (প্রকাশক), তদ্রূপ আত্মা শরীরদ্বয় হইতে ভিন্ন দেহদ্বয়ের প্রকাশক॥৭-৮

স্ত্রী, পুত্র, গৃহ, ক্ষেত্র, আত্মীয় ও ধনাদিতে উদাসীন আপনার প্রয়োজন সর্বত্র সমানের ন্যায় দেখিয়া অর্থাৎ সমস্ত দেহে আত্মার একত্বহেতু জায়াপুত্রাদির দেহে ও অন্য শরীরে আত্মার সুখাদি সমানই—এইরূপ দেখিয়া গুরুকে উপাসনা করিবে। যেমন দাহক ও প্রকাশক অগ্নি কাষ্ঠ হইতে অন্য, তদ্রূপ দ্রষ্টা স্বপ্রকাশ আত্মা পৃথিবী আদি পঞ্চমহাভূত, পরিণামাত্মক স্থূলদেহ ও বুদ্ধি, ইন্দ্রিয়, মন সংখ্যাত্মক সূক্ষ্মদেহ হইতে বিভিন্ন—স্বতন্ত্র।৭-৮ (পঞ্চীকৃত ক্ষিতি অপ তেজ মরুৎ ব্যোম এই পঞ্চভূতাত্মক স্থূলদেহ এবং অপঞ্চীকৃত পঞ্চপ্রাণ, মন, বুদ্ধি, দশ ইন্দ্রিয়-সমন্বিত সূক্ষ্মদেহ।

আত্মা

জগতে মূলতত্ত্ব একটী। শাস্ত্র ও আচার্য্য কর্ত্তৃক তাহা অবগত হইয়া তপস্যাদির দ্বারা প্রত্যক্ষ করিতে পারিলে মানুষ কৃতার্থ হয়। তাঁহাকে প্রিয়তমরূপে জানিলে আর যাতায়াত করিতে হয় না।

কঠোপনিষদে কথিত হইয়াছে ধর্মরাজ যম নচিকেতাকে তিনটি বর দিতে চাহেন। তৃতীয় বর নচিকেতা প্রার্থনা করেন—পরলোকগামী আত্মা আছেন কেহ বলেন, কেহবা নাই বলিয়া থাকেন। আপনার উপদেশ হইতে আমি আত্মার অস্তিত্ব অনস্তিত্ব জানিতে চাই।

যমরাজ, নচিকেতা আত্মজ্ঞান লাভের উপযুক্ত কিনা জানিবার জন্য প্রথমে তাঁহাকে নিরস্ত করিতে চেষ্টা করেন। পরে অর্থসম্পদ্, দীর্ঘ আয়ু, রাজ্য, ঐশ্বর্য্য, অপ্সরা প্রভৃতির প্রলোভন দেখান। নচিকেতা সেই সব প্রত্যাখ্যান করত আত্মতত্ত্বই জানিতে চাহেন

—আত্মজ্ঞান লাভই কি সকলের কাম্য?

—হাঁ, একমাত্র "আমি" কে জানিলে আর জানিবার কিছু অবশিষ্ট থাকে না। এই আমি বা আত্মা বা জ্ঞান শাস্ত্র ও আচার্য্যসহায়ে পরোক্ষভাবে জানিয়া তাহার পর শমদমাদি সাধনের দ্বারা প্রত্যক্ষ করিবার জন্য প্রাণপণ করিতে হয়।

—আত্মা কে?

—আত্মা শ্রীভগবান্।

অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ।

—আত্মার কথা বিশেষভাবে বল।

অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ।
অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যৎ তৎ পশ্যসি তদ্ বদ ॥১।২।১৪
—কেনোপনিষৎ

—ধর্ম্ম হইতে অন্য, অধর্ম্ম হইতে ভিন্ন, কার্য্য কারণ হইতে স্বতন্ত্র এবং ভূত ভবিষ্যৎ বর্ত্তমান হইতে পৃথক্ বলিয়া আপনি যাহা প্রত্যক্ষ করিতেছেন তাহা আমাকে বলুন।

যম বলিলেন—

সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি
তপাংসি সর্ব্বাণি চ যদ্ বদন্তি।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তত্তে পদং সংগ্রহেণ ব্রবীমি ওমিত্যেতৎ ॥
ঐ ১।২।১৫

সমস্ত বেদ যে পরম বাঞ্ছিত বস্তুটির উত্তমরূপে প্রতিপাদন করেন, সমুদয় তপস্যাদি কর্ম্ম যাঁহার প্রাপ্তির উপায়, যাঁহাকে লাভ করিবার জন্য ব্রহ্মচারী গুরুগৃহে বাস ও কঠোর ব্রহ্মচর্য্য ব্রতের আচরণ করিয়া থাকেন—আমি তোমায় সেই প্রাপ্তব্য বস্তুটি সংক্ষেপে বলিতেছি—তাহা ওম্। এই অক্ষর ওঙ্কার অপর ব্রহ্ম, ইনিই পরব্রহ্ম। এই অক্ষরকে জানিয়া উপাসনার দ্বারা প্রত্যক্ষ করত যিনি যাহা ইচ্ছা করেন, তাঁহার তাহাই লাভ হইয়া থাকে।১৬

ইহাই শ্রেষ্ঠ অবলম্বন। পরব্রহ্ম ও অপরব্রহ্ম দুই-ই ইহার দ্বারা প্রত্যক্ষ করিতে পারা যায়। তাঁহাকে উর্দ্ধগত জ্যোতির্ম্ময় আত্মারূপে প্রত্যক্ষ করত তাঁহাতে একীভূত হইলে সাধক ব্রহ্মলোকে পূজিত হন।১৭

ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চি-
ন্নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥১৮

—আত্মা জন্মেন না, মৃত হন না। এই আত্মা কোন অন্য কারণ হইতে সম্ভূত হন না, ইহা হইতে কোন বস্তু উৎপন্ন হয় না, ইনি জন্মশূন্য, নিত্য (সর্ব্বদা একরূপ), শাশ্বত (অক্ষয়) ও পুরাতন (সনাতন), দেহ বিনষ্ট হইলেও ইনি বিনষ্ট হন না।

এইভাবে কঠশ্রুতি এই পরম তত্ত্বের পরিচয় প্রদান করিয়াছেন।

প্রশ্নোপনিষদে শৈব্য সত্যকাম প্রশ্ন করেন—কেহ যদি যাবজ্জীবন একাগ্রচিত্তে প্রণবের অভিধ্যান করেন, তাহা হইলে তিনি কোন্ লোক জয়ে সমর্থ হন? তদুত্তরে পিপ্পলাদ বলেন,—হে সত্যকাম! এই ওঙ্কার পর এবং অপর ব্রহ্ম, তজ্জন্য বিদ্বান্ এই ওঙ্কার আয়তনে পর অথবা অপর ব্রহ্ম যাহা প্রার্থনা করেন, তাহাই প্রাপ্ত হন। একমাত্রা, দ্বিমাত্রা উপাসনার কথা বলিয়া শেষে বলেন—যে ব্যক্তি অ উ ম ত্রিমাত্রাত্মক ওঙ্কারে সূর্য্যমণ্ডলস্থ পরমপুরুষকে অনুক্ষণ ধ্যান করেন, তিনি জ্যোতির্ম্ময় সূর্য্যে সম্মিলিত হন, সামসমূহের দ্বারা হিরণ্যগর্ভলোকে নীত হন, তিনি হিরণ্যগর্ভ হইতেও উত্তম পুরুষকে দর্শন করিয়া থাকেন। ঋক্‌সকলের দ্বারা প্রাপ্য মনুষ্যলোক, যজুঃসমূহের দ্বারা লভ্য চন্দ্রলোক এবং সামনিচয়ের দ্বারা যে ব্রহ্মলোক মেধাবিগণ জানেন—এই ত্রিবিধ লোককেই বিদ্বান্ ওঙ্কার অবলম্বনে প্রাপ্ত হন ও যাহা শান্ত, অজর, অমৃত, সভয় ও অনুত্তম তাহাও এই ওঙ্কার অবলম্বনে লাভ করেন।

মাণ্ডুক্যোপনিষদে কথিত হইয়াছে—

ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব যচ্চান্যৎ ত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব ॥১

ওঁ এই অভিধানাত্মক অক্ষরটি ক্ষরণরহিত, বিনাশ বা ব্যয়বিহীন, পরম পদস্বরূপ পরমব্যোম,

সমস্ত স্থূল সূক্ষ্মবস্তু পরিপূরিত এই জগৎ, পরমপদ ওঙ্কারের সুস্পষ্ট বিবরণ এই যে, ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমান সমুদয় ওঙ্কারই এবং অন্য যাহা কিছু ত্রিকালাতীত তাহাও ওঙ্কারমাত্র।

সর্ব্বং হ্যেতদ্ ব্রহ্ম, অয়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পাৎ ॥২

এই সমস্তই ব্রহ্ম, এই আত্মা ব্রহ্ম, উক্ত আত্মা চতুষ্পাৎ (চারিটি অংশবিশিষ্ট)।

সোঽয়মাত্মাধ্যক্ষরমোঙ্কারোঽধিমাত্রম্ পাদা মাত্রা মাত্রাশ্চ পাদাঃ, অকার উকারো মকার ইতি ॥৮

ওঙ্কার সেই আত্মা। এই ওঙ্কার মাত্রারূপে বিদ্যমান। সমষ্টিতে বিরাট্ হিরণ্যগর্ভ ও ঈশ্বর, ব্যষ্টিতে বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ—আত্মার এই পাদ-সকল ওঙ্কারের মাত্রা এবং ওঙ্কারের অকার উকার মকার এই মাত্রাগুলিও আত্মার পাদ।

অমাত্রশ্চতুর্থোঽব্যবহার্য্যঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈত এবমোঙ্কার আত্মৈব। সংবিশত্যাত্মনাত্মানং য এবং বেদ য এবং বেদ ॥১২

পাদ ও মাত্রার একত্ব যিনি জানেন, তাঁহার দ্বারা প্রযুক্ত মাত্রাহীন ওঙ্কার তুরীয় ব্যবহারের অতীত, বিশ্বপ্রপঞ্চের নিবৃত্তিস্থান মঙ্গলময় অদ্বৈত অদ্বিতীয়, যিনি এইরূপ জানেন, তিনি স্বয়ংই পরমাত্মাতে প্রবেশ করিয়া থাকেন ॥১২

"শান্তং নির্ম্মলমাকাশমবাঙ্‌মানসগোচরম্
স্বানুভূত্যৈব বেদ্যঞ্চ ব্রহ্মৈবাহমিতি স্মরেৎ ॥
প্রণবকল্প

তৈত্তিরীয়োপনিষৎ চতুর্থ অনুবাক্

যশ্ছন্দসামৃষভো বিশ্বরূপঃ। ছন্দোভ্যোঽধ্যমৃতাৎ সম্বভূব। স মেন্দ্রো মেধয়া স্পৃণোতু ॥১।৪।১

"যে ওঙ্কার সর্ববেদের প্রধান, সমস্ত শব্দে ব্যাপ্ত এবং অমৃতস্বরূপ বেদের সাররূপে প্রাদুর্ভূত হইয়াছেন সেই ওঙ্কারস্বরূপ পরমেশ্বর আমাকে প্রজ্ঞার দ্বারা তৃপ্ত করুন। হে দেব। আমি যেন অমরত্বের কারণ ব্রহ্মজ্ঞানের আধার হইতে পারি। আমার শরীর যেন উপযুক্ত হয়, জিহ্বা যেন অতিশয় মধুরভাষিণী হয়, কর্ণদ্বয়ে যেন বহু ব্রহ্মকথা শুনিতে পাই। তুমি ব্রহ্মের কোষস্বরূপ, কিন্তু তুমি লৌকিক প্রজ্ঞার দ্বারা আবৃত আছ, তুমি আমার শ্রবণলব্ধ জ্ঞান রক্ষা কর" ।১।৪।১

প্রতিবেশোঽসি প্র মা ভাহি, প্র মা পদ্যস্ব ।১।৪।৩

—তুমি সকলের বিশ্রামাগার, অতএব শরণাগত আমার নিকট সর্ব্বতোভাবে প্রতিভাত হও, আমাকে পূর্ণরূপে প্রাপ্ত হও, আমাকে সম্পূর্ণ তদাত্মক তুমিময় করিয়া লও।

ওমিতি ব্রহ্ম ওমিতীদং সর্ব্বম্ (ঐ সপ্তম অনুবাক্)

—ওম্ ইহা ব্রহ্ম, চরাচর সমস্ত বিশ্ব—ওঙ্কার।

ছান্দোগ্য প্রথম অধ্যায় প্রথম খণ্ড।

ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীত ॥
ওমিতি হ্যুদ্গায়তি তস্যোপব্যাখ্যানম্ ॥১

ওম্ এই বর্ণাত্মক অক্ষরকে উপাসনা করিবে। ইহা উদ্গীথভক্তির অবয়ব, কারণ ওম্ এই শব্দ হইতে আরম্ভ করিয়াই উদ্গীথ গান করিয়া থাকেন। সেই অক্ষরের উপাসনা, মহিমা ও ফল ইত্যাদি বিষয়ে ব্যাখ্যা আরম্ভ হইতেছে।১

এষাং ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপো রসঃ॥২

পৃথিবী এই চরাচরভূতগণের রস, সার-সলিলসমূহ পৃথিবীর রস, ওষধিসকল সলিলসমুদয়ের রস, ওষধিনিকরের পুরুষ রস, বাক্ পুরুষের রস, ঋক্‌মন্ত্র বাকের রস, সাম ঋকমন্ত্রের রস, উদ্গীথ ওঙ্কার সামমন্ত্রের রস।২

স এষ রসানাং রসতমঃ পরমঃ পরার্ধ্যোঽষ্টমো যদুদ্গীথঃ ॥৩

সেই এই উদ্গীথনামক ওঙ্কার। ইহাই রস-সকলের মধ্যে রসতম, সর্ব্বপ্রধান, সর্ব্বোত্তম, পরমাত্মার স্থানীয় এবং অষ্টম। বৃহদারণ্যকোপনিষৎ, পঞ্চমাধ্যায়, প্রথম ব্রাহ্মণ,—

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥

ওঁ খং ব্রহ্ম। খং পুরাণং বায়ুরং খমিতি হ স্মাহ কৌরব্যায়ণীপুত্রো বেদোঽয়ং ব্রাহ্মণা বিদুর্বেদৈনেন যদ্ বেদিতব্যম্॥১

পরপ্রণব পূর্ণ, অপর প্রণব পূর্ণ, পূর্ণ পরপ্রণব হইতে পূর্ণ অপর প্রণব উদ্গত হন, পরপ্রণবের পূর্ণত্ব গ্রহণ করিলে পূর্ণই অবশিষ্ট থাকেন।

ওমই আকাশব্রহ্ম। আকাশ চিরন্তন। কৌর-ব্যায়ণীপুত্র বলিয়াছিলেন,—বায়ুর আধারই আকাশ। যিনি বিজ্ঞেয় ব্রহ্ম, লোকে তাঁহাকে অপর প্রণবের দ্বারা জানে বলিয়া ব্রাহ্মণেরা বুঝিয়া-ছিলেন উহা ব্রহ্মের বাচক।

এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্॥—মাণ্ডুক্য।

ইনিই সর্ব্বেশ্বর, ইনিই সর্বজ্ঞ, ইনি অন্তর্য্যামী, ইনি সকলের উপাদানকারণ, অতএব ইনিই ভূতগণের উৎপত্তি-বিলয়ের অধিষ্ঠান।

ইহা আত্মার তৃতীয়পাদ প্রাজ্ঞের সম্বন্ধে বলা হইয়াছে। ওঙ্কারের মকারমাত্রাও ইনি। ওঙ্কারই ব্যষ্টিতে আত্মা, সমষ্টিতে ঈশ্বর পরমাত্মা।

মকারপাদটী সর্বেশ্বর।

অকারে রেচিতং পদ্মমুকারেণৈব ভিদ্যতে।
মকারে লভতে নাদমর্দ্ধমাত্রা তু নিশ্চলা ॥
শুদ্ধস্ফটিকসঙ্কাশং নিষ্কলং পাপনাশনম্।
লভতে যোগযুক্তাত্মা পুরুষস্তৎ পরং পদম্ ॥

—ব্রহ্মবিদ্যোপনিষদি।

অকারে পদ্ম রেচিত হয়, উকারে ভিন্ন হয়, মকারে নাদ লাভ হইয়া থাকে। অর্দ্ধমাত্রা নিশ্চলা শুদ্ধ স্ফটিকের ন্যায় পাপনাশন নিষ্কল পরমপদ যোগযুক্ত পুরুষ লাভ করেন। ওঙ্কারের মকারপাদটি নাদময়।

ব্রহ্মপ্রণবসন্ধানং নাদো জ্যোতির্ম্ময়ঃ শিবঃ।
স্বয়মাবির্ভবেদাত্মা মেঘাপায়েঽংশুমানিব ॥

— নাদবিন্দুপনিষদি।

মেঘ দূর হইলে সূর্য্যের মত ব্রহ্মপ্রণব সংলগ্ন জ্যোতির্ম্ময় মঙ্গলমূর্ত্তি নাদ আত্মা স্বয়ম্ আবির্ভূত হন।

ইত্যুক্তে পরমাত্মাসৌ শঙ্করং লোকশঙ্করম্ ।
নাদাত্মতত্ত্বং তেভ্যস্তু প্রদদৌ প্রণবাত্মকম্ ॥

—বেদান্তরামায়ণে।

ইত্যুক্তঃ শঙ্করস্তস্মৈ দদৌ নাদাত্মকং শিবম্।
প্রণবাত্মকং পরং তত্ত্বং লব্ধবান্ পরমাত্মনঃ ॥

—শিবপুরাণ জ্ঞানসংহিতায়।

—বিষ্ণু শঙ্করকে বলিলে পর তিনি ব্রহ্মা ও বিষ্ণুকে প্রণবাত্মক নাদাত্মতত্ত্ব দান করিলেন।

শঙ্কর এই কথা বলিয়া তাঁহাকে নাদাত্মক মঙ্গলময় তত্ত্ব দিলেন, বিষ্ণু প্রণবাত্মক পরম নাদাত্মতত্ত্ব পরমাত্মা হইতে লাভ করিলেন।

মুক্তিদং সাধকানাঞ্চ মকারো মুক্তিদো মতঃ।

—রামহৃদয়োপনিষদি।

—সাধকগণের মুক্তিদাতা মকার মুক্তিপ্রদ।

প্রণবাত্মক জ্যোতির্ম্ময় নাদই আত্মা।

প্রণবস্য তু নাদান্তে পরমানন্দ-বিগ্রহঃ।
মুক্তেরয়ং মহামার্গো মকারাখ্যোঽন্তরাত্মনঃ ॥

—যোগবিদ্যা।

প্রণবের নাদান্তে পরমানন্দবিগ্রহ অন্তরাত্মার মুক্তির মহামার্গ এই মকার।

মুক্তেরয়ং মহামার্গো মকারাখ্যোঽন্তরাত্মনঃ।
নাদস্তোৎপাদয়ত্যেষ কুম্ভকঃ প্রাণসংযমঃ ॥　ঐ

অন্তরাত্মার এই মকারনামক মুক্তির মহামার্গ প্রাণসংযম এই কুম্ভক নাদ উৎপত্তি করেন।

তদা পশ্চিমাভিমুখ-প্রকাশঃ স্ফটিক-ধূম্র বিন্দু-নাদ-কলা-নক্ষত্র-খদ্যোত-দীপ-নেত্র-সুবর্ণ-নবরত্নাদিপ্রভা দৃশ্যন্তে। তদেব প্রণবস্বরূপম্।—

—মণ্ডলব্রাহ্মণোপনিষদি।

মেরুদণ্ডের মধ্যে সুষুম্নায় স্ফটিক (কাঁচ), ধূম্র, বিন্দু (চন্দ্রকলাবৎ জ্যোতি), নাদ (দীপশিখাবৎ জ্যোতি), কলা (বিদ্যুৎ তুল্য জ্যোতি), নক্ষত্র, জোনাকী, দীপ, নেত্র, সুবর্ণ ও নবরত্নাদি প্রভা দৃষ্ট হয়—তাহাই প্রণবের স্বরূপ।

আমরা উপনিষৎ কয়েকখানি ও শিবপুরাণাদির প্রমাণের দ্বারা বুঝিলাম যে, জ্যোতির্ম্ময় প্রণবাত্মক নাদই আত্মা।

সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
　সম্যগ্ জ্ঞানেন ব্রহ্মচর্য্যেণ নিত্যম্।
অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্রো
　যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ ॥ ৩।১।৫

—মুণ্ডকোপনিষদি।

যাঁহাকে ক্ষীণদোষ সন্ন্যাসিগণ প্রত্যক্ষ করেন, সেই জ্যোতির্ম্ময় শুভ্র আত্মাই হৃদয়াকাশে নিত্য নিরন্তর সত্য তপস্যা সম্যগ্ জ্ঞান ও অটুট ব্রহ্মচর্য্যের দ্বারা লভ্য।

যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং
　কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয়
　নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি ॥ ৩।১।৩
ঐ

—যখন সাক্ষাৎকামী সাধক সুবর্ণের ন্যায় স্বয়ং-জ্যোতি নিখিল সংসারের কর্ত্তা, পরমেশ্বর জগৎকারণ ব্রহ্মকে দর্শন করেন, তখন সেই বিদ্বান্ পুণ্যপাপ বিধৌত করিয়া নির্লেপ বিগতক্লেশ হইয়া নিরতিশয় সমতা অভেদপ্রাপ্ত হন।

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো জ্যোতিরিবাধূমকঃ।
ঈশানো ভূতভব্যস্য স এবাদ্য স উ শ্বঃ এতদ্ বৈতৎ ॥

— কঠোপনিষদি ২।১।১৩

—যিনি কালত্রয়ের নিয়ন্তা, তিনিই অঙ্গুষ্ঠ পরিমিত পুরুষ, অন্তরাত্মা, নির্ধূম জ্যোতির ন্যায় যোগীদের দ্বারা দৃষ্ট হন। তিনি আজও আছেন—কালও থাকিবেন।

তদালক্ষণমাত্মনো জ্যোতিরূপং প্রপশ্যতি।
তত্তেজো দৃশ্যতে যেন ক্ষণমাত্রং নিরাবিলম্।
সর্ব্বপাপৈর্বিনির্মুক্তঃ স যাতি পরমাং গতিম্ ॥

—শিবসংহিতা।

—চক্ষু বন্ধকরত যোগী জ্যোতিঃস্বরূপ আত্মাকে দেখিতে পান। যিনি ক্ষণকালও ঐ তেজ স্পষ্ট ও নির্ম্মলভাবে দেখিতে সমর্থ হন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পরমগতি লাভ করেন।

বিধূম ইব দীপ্তার্চ্চিরাদিত্য ইব দীপ্তিমান্।
বৈদ্যতোঽগ্নিরিবাকাশে পশ্যন্ত্যাত্মানমাত্মনি।

— ব্রহ্মপুরাণে মহাভারতাদিতে।

ধূমশূন্য প্রজ্বলিত অগ্নির ন্যায় অথবা উজ্জ্বল সূর্য্যসদৃশ কিংবা আকাশস্থ বিদ্যুতের মত আত্মাকে যোগিগণ অন্তরে দেখিতে পান।

আত্মানং রবিচন্দ্রবহ্নিবপুষং তারাত্মকং সন্ততম্।
নিত্যানন্দগুণালয়ং সুকৃতিনঃ পশ্যন্তি রুদ্ধেন্দ্রিয়ঃ ॥

—সারদাতিলকে।

—নিষ্পাপ সুকৃতিবৃন্দ আত্মাকে সূর্য্য অগ্নি চন্দ্র বা তারকার আকারে দেখিতে পান, ইহাতে নিত্য

আনন্দ লাভ হইয়া থাকে।

নেত্রে পশ্যতি যজ্জ্যোতিস্তারারূপং প্রকাশকম্।
স জীবঃ সর্ব্বভূতানামাত্মানাঞ্চ সমাহিতঃ॥
—শিবপুরাণ, সনৎকুমারসংহিতা।

—সমাহিত ব্যক্তি চক্ষুতে যে নক্ষত্রের ন্যায় জ্যোতি দেখিতে পান, তাহা সমস্ত প্রাণীর জীবাত্মা।

হিরণ্ময়ে পরে কোষে বিরজং ব্রহ্মনির্ম্মলম্।
তচ্ছুভ্রং জ্যোতিষাং জ্যোতিস্তদ্ যদাত্মবিদো বিদুঃ॥ ২।২।৯
—মুণ্ডকোপনিষদি।

—হিরণ্ময় শ্রেষ্ঠ হৃদয়পদ্মে অবিদ্যাদি দোষশূন্য নির্ম্মল যে ব্রহ্ম অবস্থিত, তিনি শুভ্রবর্ণ সূর্য্যচন্দ্রাদি জ্যোতিষ্কমণ্ডলীর অবভাসক—আত্মজ্ঞানিগণ তাঁহাকে বিদিত আছেন।

শুক্ল-তেজোময়ং ব্রহ্ম ইতি সিদ্ধম্।
—অদ্বয়তারকোপনিষদি।

নিখিল জ্যোতির মধ্যে শ্বেতজ্যোতিই নিষ্কল ব্রহ্ম। "বটবীজ, শ্যামাক, শ্যামাক তণ্ডুল, চুলের অগ্রভাগের শতভাগের একভাগ, উড়িধান্যের শুঁয়ো, শুক্রগ্রহ, চন্দ্র, সূর্য্য, পরমাণু, প্রাদেশ প্রমাণ সূক্ষ্ম, জোনাকী, স্ফটিক, তার (মুক্তা) অথবা নানাপ্রকার জ্যোতি একত্র দর্শন হয়, আত্মা সমস্ত জ্যোতিরই জ্যোতি—এই সমস্ত প্রকাশিত আকার ব্রহ্মে অবস্থিত।"

যে সকল যোগীর চিত্ত, শ্বাস ও ইন্দ্রিয় জয় হইয়াছে—তাহাদের নিকট এই সমস্ত চিদাকার জ্যোতি পুনঃ পুনঃ প্রকাশিত হয়।"

জ্যোতিরেব পরং ব্রহ্ম জ্যোতিরেব পরং সুখম্।
জ্যোতিরেব পরা শান্তির্জ্যোতিরেব পরং পদম্॥
—গুরুতত্ত্বধৃত তত্ত্বসারায়ণান্তর্গত রামগীতা।

জ্যোতিই পরম ব্রহ্ম, জ্যোতিই পরম সুখ, জ্যোতিই পরম শান্তি এবং জ্যোতিই পরমপদ।

চৈতন্যং সর্ব্বভূতানাং শব্দব্রহ্মেতি যে মতম্।
তৎ প্রাপ্য কুণ্ডলীরূপং প্রাণিনাং দেহমধ্যগম্।
বর্ণাত্মনাবির্ভবন্তি গদ্য-পদ্যাদি ভেদতঃ॥
—সারদাতিলক।

—সর্বভূতের চৈতন্যই শব্দব্রহ্ম ওঙ্কার। ইনিই কুণ্ডলিনী শক্তিরূপে প্রাণিগণের দেহে অবস্থিত গদ্য পদ্যাদি ভেদে বর্ণরূপে আবির্ভূত হন।

স তারো বীজতামেষ প্রাণিষ্বেব ব্যবস্থিতঃ।
ব্রহ্মাণ্ডগ্রস্তমেতেন ব্যাপ্তং স্থাবর-জঙ্গমম্॥
নাদঃ প্রাণশ্চ জীবশ্চ ঘোষশ্চেত্যাদি কথ্যতে॥
—প্রপঞ্চসার চতুর্থ পটল।

—আদি বীজ এই ওঙ্কার নিখিল প্রাণীতেই অবস্থিত। ইহার দ্বারা ব্রহ্মাণ্ড গ্রস্ত (গিলিত), স্থাবর জঙ্গম সমাচ্ছন্ন করত ইনি বিদ্যমান—নাদ, জীব, ঘোষ ইত্যাদি নামে ইনি কথিত হইয়া থাকেন।

মিতভোজন, সন্ধ্যায় ও ব্রাহ্মমুহূর্ত্তে আত্মহৃদয়ে আত্মসাক্ষাতের অভ্যাসকারী প্রজ্বলিত দীপের ন্যায় আপনার মনঃপ্রদীপের দ্বারা নিরাকার আত্মাকে দর্শন করিয়া মুক্ত হইয়া যান।

মহাভারত কৌশিকের প্রতি ধর্ম্মব্যাধের উক্তি।

শরীর মধ্যে অগ্নির ন্যায় প্রকাশময় যে মানসিক জ্যোতি বিদ্যমান রহিয়াছে, তাহাকেই জীবাত্মা বলিয়া কীর্ত্তন করা যায়। —শান্তিপর্ব্ব ১৮৭ অধ্যায়।

আমরা কয়েকখানি শ্রুতি এবং পুরাণ তন্ত্রাদির সাহায্যে প্রণবাত্মক জ্যোতির্ম্ময় নাদই যে আত্মা তাহা অবগত হইলাম। এই ওঙ্কারই পরব্রহ্ম, ইনিই অপর ব্রহ্ম, ইনি সমষ্টিতে ঈশ্বর—ব্যষ্টিতে জীব।

বেদসমূহ সুন্দররূপে ইহাকেই প্রতিপাদন করেন। কঠোর তপস্যা করত তপস্বিগণ ইহাকে লাভ করিতে সমর্থ হন। ইহাকে প্রাপ্ত হইবার জন্য ব্রহ্মচারিগণ গুরুগৃহে বাস করিয়া ব্রহ্মচর্য্যানুষ্ঠান করেন। যিনি

নিরোধোৎপত্ত্যণুবৃহন্নানাত্বং তৎকৃতান্ গুণান্।
অন্তঃপ্রবিষ্ট আধত্তে এবং দেহগুণান্ পরঃ ॥৯
যোঽসৌ গুণৈর্বিরচিতো দেহোঽয়ং পুরুষস্য হি।
সংসারস্তন্নিবন্ধোঽয়ং পুংসো বিদ্যাচ্ছিদাত্মনঃ ॥১০

[কাষ্ঠে প্রবিষ্টঃ অগ্নিঃ যথা] (যেমন কাষ্ঠে প্রবিষ্ট অগ্নি) নিরোধোৎপত্ত্যণুবৃহন্নানাত্বং (নাশ উৎপত্তি সূক্ষ্ম বৃহৎ নানাত্ব) তৎকৃতান্ (তন্নিষ্ঠ নাশাদি) গুণান্ (গুণ সকল) ধত্তে (ধারণ করে), [তথা] (তদ্রূপ) পরঃ (পরমেশ্বর) অন্তঃ (হৃদয়ে) প্রবিষ্টঃ (প্রবিষ্ট হইয়া) এবং (পূর্ব্বোক্ত গুণসমূহ) আধত্তে (গ্রহণ করেন) ॥৯

পুরুষস্য (পুরুষের) গুণৈঃ (গুণসকলের দ্বারা) বিরচিতঃ (নির্ম্মিত) যঃ (যে) অসৌ (সেই) দেহঃ (শরীর), অয়ং (এই) পুংসঃ (পুরুষের) সংসারঃ (সংসার), অয়ং (এই) তন্নিবন্ধঃ (তাহার বন্ধন কারণ); হি (যেহেতু) আত্মনঃ বিদ্যা (আত্মবিজ্ঞান) [তস্য] (তাহার) ছিৎ (ছেদনকর্ত্রী) ॥১০

তস্মাজ্জিজ্ঞাসয়াত্মানমাত্মস্থং কেবলং পরম্।
সঙ্গম্য নিরসেদেতদ্‌বস্তুবুদ্ধিং যথাক্রমম্ ॥১১
আচার্য্যোঽরণিরাদ্যঃ স্যাদন্তেবাস্যুত্তরারণিঃ।
তৎসন্ধানং প্রবচনং বিদ্যাসন্ধিঃ সুখাবহঃ ॥১২

তস্মাৎ (অতএব) জিজ্ঞাসয়া (বিচারের দ্বারা) কেবলং (একমাত্র) পরম্ (পরমাশ্রয়) আত্মস্থম্ (দেহস্থিত) আত্মানং (পরমাত্মাকে) সংগম্য (অনুভব করিয়া) এতদ্‌বস্তুবুদ্ধিং (দেহাদি বস্তুবুদ্ধি, দেহাত্মক জ্ঞান) যথাক্রমং (স্থূল সূক্ষ্মক্রমে) নিরসেৎ (ত্যাগ করিবে) ॥১১

যেরূপ কাষ্ঠে প্রবিষ্ট অগ্নি স্বতঃ নাশরহিত হইলেও নাশ উৎপত্তি সূক্ষ্ম বৃহৎ নানাত্ব প্রভৃতি কাষ্ঠকৃত গুণসকল প্রাপ্ত হয়, সেইরূপ নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্তস্বরূপ আত্মা দেহে প্রবেশ করিয়া দেহগুণ অনিত্যাদি প্রাপ্ত হন।৯

পরমেশ্বরের গুণ পরিণামের দ্বারা যে সেই সূক্ষ্ম আর এই স্থূল দেহ বিরচিত হইয়াছে। তাহাতে আত্মার অধ্যাসহেতু এই জন্মমরণময় জীবের সংসার; সেই হেতু আত্মবিদ্যাই তাহার ছেদনকারিণী নিবর্ত্তিকা।১০ (১)

সেইহেতু বিচারের দ্বারা দেহেস্থিত কেবল শুদ্ধ অসঙ্গ দেহ হইতে বিভিন্ন আত্মাকে সম্যকরূপে অনুভব করত দেহাদিতে আত্মবুদ্ধি স্থূল সূক্ষ্মক্রমে পরিত্যাগ করিবে।১১

যে কোন সাধনা করুন না কেন, সকলের কাম্য এই ওঙ্কার আত্মা। উপনয়নকালে দ্বিজাতিগণ আচার্য্যমুখে গায়ত্রীসহিত ইঁহাকে পরোক্ষভাবে প্রাপ্ত হন। কোন কোন গৃহী মন্ত্রসহ ইঁহার উপদেশ গুরুর নিকট পরোক্ষভাবে লাভ করিয়া থাকেন।

কুটীচক, বহূদক, হংস, সন্ন্যাসিগণও ইঁহার অধিকারী নহেন; যাঁহাকে এই ওঙ্কার কৃপাপূর্ব্বক দর্শন দান করেন, তিনি পরমহংস হইয়া যান। পরমহংস তুরীয়াতীত ও অবধূতগণ আমরণ ইঁহাকে অবলম্বন করত সংসার-সাগর হইতে উত্তীর্ণ হইয়া পরমানন্দ-পারাবারে নিমগ্ন হন।

আমরা শাস্ত্রসাহায্যে বুঝিলাম—ওঙ্কারই পরম তত্ত্ব, ওঙ্কারই আত্মা, ওঙ্কারই চরাচর জগৎ, ওঙ্কারই বেদাদি বাঙ্ময় নিখিল শাস্ত্র। ওঙ্কারই ঈশ্বর, ওঙ্কারই পরমব্রহ্ম, ওঙ্কারের দ্বারা জঙ্গমাত্মক জগৎ অন্তরে বাহিরে সমাচ্ছন্ন। অনন্তকোটী ব্রহ্মাণ্ডে একমাত্র পুরুষোত্তম বাসুদেব ওঙ্কারই লীলা করিতেছেন।)

আত্মজ্ঞান কি পুনরায় বল।

—একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম, নেহ নানাস্তি কিঞ্চন, সর্ব্বং খল্বিদং ব্রহ্ম। একমাত্র পরমাত্মাই জীব জগৎ সাজিয়া লীলা করিতেছেন। তিনি ভিন্ন আর কিছু নাই। জড় চেতন সমস্তই তাঁহার লীলাতনু। তিনি হৃদয়ে ওঙ্কারনাদরূপে, বাহিরে মহাকাশরূপে বিরাজমান—ইহার নাম আত্মজ্ঞান।

—আত্মাকে দেখিতে পাওয়া যায়?

—হ্যাঁ, জ্যোতিরূপে ও আকাশরূপে আত্মাকে দর্শন এবং

বৈশারদী সাতিবিশুদ্ধবুদ্ধি-
ধু্নোতি মায়াং গুণসম্প্রসূতাম্‌।
গুণাংশ্চ সন্দহ্য যদাত্মমেতৎ
স্বয়ঞ্চ শাম্যত্যসমিদ্‌ যথাগ্নিঃ ॥১৩
অথৈষাং কর্ম্মকর্ত্তৄণাং ভোক্তৄণাং সুখ-দুঃখয়োঃ।
নানাত্বমথ নিত্যত্বং লোক-কালাগমাত্মনাম্‌ ॥১৪

আচার্য্যঃ (গুরু) আদ্যঃ (উপরিস্থ) অরণিঃ (কাষ্ঠ) অন্তেবাসী (শিষ্য) উত্তরারণিঃ (নিম্নস্থ কাষ্ঠ) স্যাৎ (হন) প্রবচনং (উপদেশ—মধ্যস্থিত মন্থন ব্যাপার) তৎসন্ধানং (তাহাদের মিলন) সুখাবহঃ (সুখদ, সুখজনক) বিদ্যাসন্ধিঃ (অনলতুল্য) ॥১২

গুণান্‌ (গুণসকল) সন্দহ্য (ভস্মীভূত করিয়া) যথা (যেমন) অসমিৎ (কাষ্ঠহীন) অগ্নিঃ (অনল) স্বয়ং (স্বয়ং) চ (ও) শাম্যতি (নির্ব্বাপিত হয়), তদ্বৎ (সেইরূপ) বৈশারদী (অতি নিপুণ শিষ্য কর্ত্তৃক প্রাপ্তা) সা (সেই) অতিবিশুদ্ধবুদ্ধিঃ (অতিবিশুদ্ধবুদ্ধি) গুণসংপ্রসূতাং (গুণজননী) মায়াং (মায়া) ধুনোতি (নিবর্ত্তিত করে) [এবং] (এবং) যদাত্মকম্‌ এতদ্‌ (যদাত্মক এই বিশ্ব জীবের সংসার নিমিত্ত) তৎ (তাহা) চ (ও) তদ্‌গুণান্‌ (তাহার গুণসকলকে ভস্মসাৎ করে, অতি নিপুণ শিষ্য কর্ত্তৃক প্রাপ্তা অতি বিশুদ্ধ বুদ্ধি উপশান্ত করে) ॥১৩

আচার্য্য উপরিস্থ অরণি, শিষ্য নিম্নস্থ কাষ্ঠ, উপদেশ মধ্যস্থিত মন্থন ব্যাপার, বিদ্যা সন্ধি উভয়ের সংঘটনে উত্থিত অগ্নির ন্যায় সুখজনক মোক্ষ-প্রাপক।১২ (১)

নিপুণা অতিবিশুদ্ধা আত্মবিষয়িণী বুদ্ধি সত্ত্বাদিগুণ

মন্যসে সর্ব্বভাবানাং সংস্থা হ্যৌৎপত্তিকী যথা।
তত্তদাকৃতিভেদেন জায়তে ভিদ্যতে চ ধীঃ ॥১৫

এবমপ্যঙ্গ সর্ব্বেষাং দেহিনাং দেহযোগতঃ।
কালাবয়বতঃ সন্তি ভাবা জন্মাদয়োঽসকৃৎ ॥১৬

অথ (যদি) এষাং (এই) কর্ম্মকর্ত্তৄণাং (কর্ম্মকর্ত্তা) সুখদুঃখয়োঃ (সুখদুঃখ) ভোক্তৄণাং (ভোগকারিগণের) লোককালাগমাত্মনাম্‌ (লোক কাল শাস্ত্রবোধক ব্যাপারের) নানাত্বং (নানাত্ব) অথচ নিত্যত্বম্‌ (নিত্যত্ব)

[যদি] (যদি) মন্যসে (মনে কর), সর্ব্বভাবানাং (ভোগ্য পদার্থসকলের) সংস্থা (স্থিতি) ঔৎপত্তিকী (প্রবাহরূপে নিত্যা) (ইহা যদি বোধ কর), তত্তদাকৃতিভেদেন (সেই সেই আকৃতি ভেদের দ্বারা) ধীঃ (বুদ্ধি) জায়তে (সঞ্জাত হয়) চ (ও) ভিদ্যতে (ভিন্না হয়), এবমপি (এইরূপ হইলে) অঙ্গ (হে উদ্ধব)! দেহযোগতঃ (দেহযোগহেতু) সর্ব্বেষাং (সমস্ত) দেহিনাং (দেহিগণের) কালাবয়বতঃ (সংবৎসরাদি কালরূপে) অসকৃৎ (বারংবার) জন্মাদয়ঃ (জন্ম-স্থিতি মরণাদি) ভাবাঃ (অবস্থাসকল) সন্তি (হইতে পারে) ॥১৪-১৬

কার্য্যরূপা মোহিকা মায়াকে নিবারিতা করে। যদাত্মক এই পুরুষের বন্ধন সেই গুণসমূহকেও সম্যক্‌ ভস্মীভূত করিয়া কাষ্ঠশূন্য অগ্নির ন্যায় উপশান্ত হইয়া থাকে অর্থাৎ সাক্ষাৎ পরমানন্দরূপ হয়।১৩

কর্ম্মকর্ত্তা সুখদুঃখের ভোক্তা, এই জীবগণের যদি

নাদরূপে আত্মাকে শ্রবণ করা যায়। অনুপম সে জ্যোতি বাহিরেও দেখা যায়।

—ধ্যানের সময়?

—না, সকল সময়ই দেখা যায়, অবশ্য তিনি যখন দেখা দেন।

(১) বিদ্যা কি?

—নাহং দেহশ্চিদাত্মেতি বুদ্ধির্বিদ্যেতি ভণ্যতে।

আমি দেহ নই চিদাত্মা—ইহার নাম বিদ্যা। 'ব্রহ্মাস্মি'

—আমি ব্রহ্ম?

—হাঁ, আমি বা আত্মা স্থূলসূক্ষ্ম দেহের অতীত। যাহারা অজ্ঞান তাহারা দেহকে আমি মনে করে।

"আমি দেহ" এই বোধ অবিদ্যা, "আমি ব্রহ্ম" এই বোধের নাম মুক্তি। যখনই জীবাত্মা দেহাভিমান ত্যাগ করেন তখনই তাঁহার "আমি ঈশ্বর" এই জ্ঞান হয়। ভক্তগণ শান্তচিত্ত হইলেই পরাবাণীতে নীরব ভাষায় 'যদা যদা হি

অত্রাপি কর্ম্মণাং কর্ত্তুরস্বাতন্ত্র্যঞ্চ লক্ষ্যতে।
ভোক্তুশ্চ দুঃখ-সুখয়োঃ কো ন্বর্থো বিবশং ভজেৎ॥১৭

অত্রাপি (এ বিষয়ে) [যদি] (যদি) কর্ম্মণাং (কর্ম্মসকলের) কর্ত্তুঃ (কর্ত্তা) চ (ও) সুখদুঃখয়োঃ (সুখদুঃখের) ভোক্তুঃ (ভোক্তা জীবের) অস্বাতন্ত্র্যং (পরাধীনতা) লক্ষ্যতে (লক্ষিত হয়), তর্হি (তাহা হইলে) কঃ নু (হে উদ্ধব!) অর্থঃ (পুরুষার্থ) বিবশঃ (বিবশ) (অস্বাধীন জীবকে) ভজেৎ (ভজনা করে)॥১৭

ন দেহিনাং সুখং কিঞ্চিদ্ বিদ্যতে বিদুষামপি।
তথা চ দুঃখং মূঢ়ানাং বৃথাহঙ্করণং পরম্॥১৮

বস্তুতঃ (বস্তুত) বিদুষাং (বিদ্বান্) দেহিনাম্ (দেহিগণের) অপি (ও) কিঞ্চিৎ (কিঞ্চিৎ) সুখং (সুখ) ন বিদ্যতে (নাই), তথা চ (আর) মূঢ়ানাং (অবিবেকিগণের) দুঃখং (দুঃখ) চ (ও) ন (কিছু নাই), (অতএব এই) অহঙ্করণং (অহঙ্কার) পরং (অতিশয়) বৃথা (অনর্থক)॥১৮

নানাত্ব ভোগস্থান, ভোগ কাল তাহার উপায় বোধক শাস্ত্রের বা ভোক্তা আত্মার নিত্যত্ব ও স্রক্‌চন্দনাদি ভোগ্য পদার্থ, সকলের স্থিতি-প্রবাহরূপে নিত্য যদি মনে কর তাহার কর্ত্তা কোন ঈশ্বর নাই ও আত্মস্বরূপভূত নিত্য এক জ্ঞান নাই, তাহা হইলে ঘটপটাদি আকারভেদে বুদ্ধি উৎপন্না হয় ও ভিন্না হয়। হে প্রিয়! এইরূপ অঙ্গীকার করিলেও দেহ সম্বন্ধহেতু সংবৎসরাদি কালরূপ পুনঃ পুনঃ জন্ম-স্থিতি-মরণাদি অবস্থা হইতে পারে।১৪-১৬

এইরূপ অঙ্গীকার করিলেও কর্ম্মকর্ত্তার সুখদুঃখের ভোক্তার পরাধীনতা লক্ষিত হয়, যেমন অনিচ্ছায় দুষ্কর্ম্মে প্রবৃত্তি; স্বাধীনতা থাকিলে দুঃখভোগ অসম্ভব এইরূপ যদি হয়, তাহা হইলে কালকর্ম্মগুণের অধীন পুরুষকে কে সুখদুঃখ অনুভব-করায়?।১৭

বিদ্বান্ দেহিগণেরও কখন কিঞ্চিন্মাত্র সুখ নাই এবং মূঢ়গণেরও অল্পমাত্রও দুঃখ নাই। তাহাদের প্রারব্ধবশে ভোগসুখ ঐশ্বর্য্যসুখ দৃষ্ট হয়। বস্তুত সুখদুঃখ অন্তঃকরণের ধর্ম্মহেতু উভয়ত্র বৃথা অহঙ্করণ—অর্থাৎ আমি সুখী, আমি দুঃখী এই অহঙ্কার অনর্থক।১৮

ধর্ম্মস্ত" অথবা 'ব্রহ্মাস্মি শিবোঽহং' ইত্যাদি শুনিতে পান। তবে সে জ্ঞান স্থায়ী হয় না। মহাজনগণ বলেন "এখানকার বাতাসে "ব্রহ্মাস্মি" জ্ঞান থাকিতে পারে না।

—ব্রহ্মাস্মি জ্ঞান কবে স্থির হয়?

—যখন শ্বাস প্রশ্বাসের ক্রিয়া থাকে না, প্রাণ সুষুম্নায় স্থিরভাবে অবস্থান করে, তখন "ব্রহ্মাস্মি" জ্ঞানে ভক্ত স্থিতিলাভ করেন।

—জ্ঞানী ও ভক্তের প্রভেদ কি?

—জ্ঞানী বিচার মার্গ অবলম্বনপূর্ব্বক 'সব আমি'তে লয় করিয়া স্থির হন, আর ভক্ত শরণাগতি পথে 'সব তুমি' 'সব তুমি' করিতে করিতে তুমিতে প্রবেশ করেন, তুমি কর্ত্তৃক গ্রস্ত হইয়া 'আমি আমি' করিতে থাকেন। ভক্তের তুমির শেষ মরলোকে হয় না; বাঞ্ছিত লোকে গমনকরত তুমির সেবায় তুমি হইয়া অবস্থিত হন। সাধন পথে মা, গুরু গুরু করিতে করিতে গুরুর কাছে পৌছিয়া দেন; অনন্তর তিনটীতে মিশিয়া একটী হইয়া যান। লীলায় তিনটী, চরমে তিনটী একটি হইয়া যান।

—ভক্ত কি সাকাররূপে দর্শন পান?

—নিশ্চয়ই পান। দর্শন পান, ইষ্টদেবতা বরদান করেন, অনন্তর ভক্তকে শুভাশুভ পথে চালিত করত তাহার কর্ম্মক্ষয় করিতে করিতে পরমানন্দ-সাম্রাজ্যের দিকে লইয়া যান।

শরণাগতকে মা বুকে করিয়া গুরু গুরু নাম শুনাইতে শুনাইতে গুরুধামে লইয়া যান।

যদি প্রাপ্তিং বিঘাতঞ্চ জানন্তি সুখ-দুঃখয়োঃ।
তেঽপ্যদ্ধা ন বিদুর্যোগং মৃত্যুর্ন প্রভবেদ্ যথা ॥১৯
কো ন্বর্থঃ সুখয়ত্যেনং কামো বা মৃত্যুরন্তিকে।
আঘাতং নীয়মানস্য বধ্যস্যেব ন তুষ্টিদঃ ॥২০
শ্রুতঞ্চ দৃষ্টবদ্দুষ্টং স্পর্দ্ধাসূয়াত্যয়ব্যয়ৈঃ।
বহ্বন্তরায়কামত্বাৎ কৃষিবচ্চাপি নিষ্ফলম্ ॥২১

অন্তরায়ৈরবিহতো যদি ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ।
তেনাপি নির্জ্জিতং স্থানং যথা গচ্ছতি তচ্ছৃণু ॥২২

ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈঃ স্বর্লোকং যাতি যাজ্ঞিকঃ।
ভুঞ্জীত দেববৎ তত্র ভোগান্ দিব্যান্
নিজার্জ্জিতান্ ॥২৩

যদি (বিদ্বান্ বলিয়া) সুখদুঃখয়োঃ (সুখদুঃখের) প্রাপ্তিঃ (প্রাপ্তি) চ (ও) বিঘাতং (নাশ) তে (তাহারা) জানন্তি (জানেন), (তথাপি তাহারা) যথা (যে প্রকারে) মৃত্যুঃ (মৃত্যু) ন প্রভবেৎ (না হয়), (সেই) যোগম্ (উপায়) অপি অদ্ধা (সত্বর) ন বিদুঃ (জানিতে পারেন না) ॥১৯

[যথা] (যেমন) আঘাতং (বধ করিতে) নীয়মানস্য (নীয়মান, আনীত) বধ্যস্য (বধ্যের) ইব (ন্যায়) অন্তিকে (সমীপে) মৃত্যুঃ (মৃত্যু) ন তুষ্টিদঃ (তুষ্টিদান করে না), (সেইরূপ) নু (হে উদ্ধব!) অর্থঃ (অর্থ) বা (কিংবা) কামঃ (কাম) কিম্ (কি প্রকারে) এনং (ইহাকে) সুখয়তি (সুখী করে) ॥২০

শ্রুতং (স্বর্গাদি) স্পর্দ্ধাসূয়াত্যয়ব্যয়ৈঃ (পরসুখ অসহন, পরগুণে দোষ অবিষ্কার, একান্ত নাশ ও কিঞ্চিৎ ব্যয় ইহাদের দ্বারা) দৃষ্টবৎ (প্রত্যক্ষ) দুষ্টং (দোষযুক্ত) বহ্বন্তরায়কামত্বাৎ (বহুবিঘ্ন কামত্বহেতু) অপি (স্বর্গও) কৃষিবৎ (কৃষির ন্যায়) নিষ্ফলম্ (নিষ্ফল) ॥২১

যদি (যদি) অন্তরায়ৈঃ (বিঘ্নসমূহের দ্বারা) অবিহতঃ (অবাধিত) স্বধর্ম্মঃ (স্বধর্ম্ম) অনুষ্ঠিতঃ (আচরিত হয়), তর্হি (তাহা হইলে) তেন (সেই ধর্ম্মের দ্বারা) অপি (ও) নির্জ্জিতং (নির্জ্জিত) স্থানং (স্থান) যথা (যে প্রকারে) গচ্ছতি (গমন করে), তৎ শৃণু (তাহা শ্রবণ কর) ॥২২

যাজ্ঞিকঃ (যাজ্ঞিক) ইহ (ইহলোকে) যজ্ঞৈঃ (যজ্ঞের দ্বারা) দেবতাঃ (দেবগণকে) ইষ্ট্বা (পূজা করিয়া) স্বর্লোকং (স্বর্গলোক) যাতি (গমন করেন), তত্র (সেস্থানে) দেববৎ (দেবতার ন্যায়) নিজার্জ্জিতান্ (স্বীয় উপার্জ্জিত) দিব্যান্ (স্বর্গীয়) ভোগান্ (ভোগসকল) ভুঞ্জীত (উপভোগ করেন) ॥২৩

যদি বিদ্বান্ সুখপ্রাপ্তির এবং দুঃখের নাশের উপায় জানেন, তাহা হইলেও যাহাতে মৃত্যু না হয় সাক্ষাৎ সে উপায় জানেন না।১৯

যেমন বধ করিবার জন্য বধ্যভূমিতে আনীত বধ পুরুষের সমীপে মৃত্যু তুষ্টি প্রদান করে না, তদ্রূপ অর্থ ও কাম এই দেহীকে কি সুখ প্রদান করিতে পারে ?২০

স্বর্গাদি সুখ ও দৃষ্টসুখের ন্যায় পরমসুখ-অসহন, পরগুণে দোষ আবিষ্কার, একান্ত নাশ ও কিঞ্চিৎ ব্যয় হেতু ক্রমে ক্ষয় ইহাদের দ্বারা প্রত্যক্ষ দোষযুক্ত বহুবিঘ্ন কামত্বহেতু স্বর্গও কৃষিকর্ম্মের ন্যায় নিষ্ফল।২১

যদি ধর্ম্ম বিঘ্নসমূহের দ্বারা অবাধিত সুন্দরভাবে আচরিত হয়, তাহা হইলে সেই ধর্ম্মের দ্বারা সাধিত স্থানে পুরুষ যে প্রকারে গমন করে, তাহা আমার নিকট হইতে শ্রবণ কর।২২

যাজ্ঞিক পুরুষ ইহলোকে যজ্ঞসমূহের দ্বারা ইন্দ্রাদি দেবতাগণকে আরাধনা করত স্বর্গে গমন করেন, স্বীয় উপার্জ্জিত দিব্য ভোগসকল দেবতার ন্যায় ভোগ করিয়া থাকেন।২৩

—মা কে ?

—মা-ই বেদপ্রসবিনী, ওঙ্কাররূপিণী, জগন্ময়ী, জগদ্ধাত্রী, মহালক্ষ্মী, মহাবিদ্যা, মহাসরস্বতী, সচ্চিদানন্দরূপিণী, কুলকুণ্ডলিনী, আত্মস্বরূপিণী ; মা-ই সব—সবই মা।

স্বপুণ্যোপচিতে শুভ্রে বিমান উপগীয়তে।
গন্ধর্বৈর্বিহরন্ মধ্যে দেবীনাং হৃদ্যবেশধৃক্ ॥২৪
স্ত্রীভিঃ কামগযানেন কিঙ্কিণীজালমালিনা।
ক্রীড়ন্ ন বেদাত্মপাতং সুরাক্রীড়েষু নির্বৃতঃ ॥২৫
তাবৎ স মোদতে স্বর্গে যাবৎ পুণ্যং সমাপ্যতে।
ক্ষীণপুণ্যঃ পতত্যর্বাগনিচ্ছন্ কালচালিতঃ ॥২৬

হৃদ্যবেশধৃক্ (সুন্দর বেশধারী সেই যাজ্ঞিক) স্বপুণ্যোপচিতে (নিজপুণ্যার্জ্জিত) শুভ্রে (উদ্দীপ্ত) বিমানে (বিমানে) বিহরন্ (বিহার করিতে করিতে) দেবীনাং (দেবীগণের) মধ্যে (মধ্যে) গন্ধর্বৈঃ (গন্ধর্ব্বগণ কর্ত্তৃক) উপগীয়তে (বন্দিত হন) ॥২৪

(তিনি) কিঙ্কিণীজালমালিনা (বহুক্ষুদ্র ঘন্টিকা শোভিত) কামগযানেন (কামগামী বিমানের দ্বারা) স্ত্রীভিঃ (স্ত্রীগণসহ) নির্বৃতঃ (সন্তুষ্টচিত্তে) সুরাক্রীড়েষু (নন্দনাদি স্বর্গ উদ্যানে) ক্রীড়ন্ (ক্রীড়া করিতে করিতে) আত্মপাতং (স্বীয় পতন) ন বেদ (জানিতে পারেন না) ॥২৫

যাবৎ (যে পর্য্যন্ত) পুণ্যং (পুণ্য) সমাপ্যতে (সমাপ্ত না হয়), তাবৎ (তদবধি) সঃ (তিনি) স্বর্গে (স্বর্গে) মোদতে (হৃষ্ট হন); [অনন্তর] ক্ষীণপুণ্যঃ (ক্ষীণপুণ্য হইয়া) কালচালিতঃ (কালপ্রেরিত) অনিচ্ছন্ (ইচ্ছা না করিলেও) অর্ব্বাক্ (অধঃ) পততি (পতিত হন) ॥২৬

দেবীগণের মধ্যে মনোহর রূপ ধারণপূর্বক বিহার করিতে করিতে স্বীয় পুণ্য উপার্জিত বিমানে অবস্থিত হইয়া গন্ধর্বগণ কর্তৃক বন্দিত হন।২৪

ক্ষুদ্র ঘন্টিকাসমূহ শোভিত যথেচ্ছ গমনকারী বিমানের দ্বারা নন্দনকানন আদি দেবোদ্যানে রমণীগণের সহিত সন্তুষ্ট হইয়া ক্রীড়া করিতে করিতে পুণ্যক্ষয়ে আত্মপাতের কথা বিদিত হইতে পারেন না।২৫

যে পর্যন্ত পুণ্য ভোগের সমাপ্তি না হয় তাবৎকাল, তিনি স্বর্গে আনন্দলাভ করেন, অনন্তর ক্ষীণপুণ্য হইয়া ইচ্ছা না করিলেও কালের দ্বারা চালিত হইয়া অধঃপতিত হইয়া থাকেন।২৬

যদ্যধর্ম্মরতঃ সঙ্গাদসতাং বাজিতেন্দ্রিয়ঃ।
কামাত্মা কৃপণো লুব্ধঃ স্ত্রৈণো ভূতবিহিংসকঃ ॥২৭
পশূনবিধিনালভ্য প্রেত-ভূতগণান্ যজন্।
নরকানবশো জন্তুর্গত্বা যাত্যুল্বণং তমঃ ॥২৮
কর্ম্মাণি দুঃখোদর্কাণি কুর্বন্ দেহেন তৈঃ পুনঃ।
দেহমাভজতে তত্র কিং সুখং মর্ত্ত্যধর্ম্মিণঃ ॥২৯

অজিতেন্দ্রিয়ঃ (অজিতেন্দ্রিয় জন) যদি (যদি) অসতাং (অসত্তের) সঙ্গাৎ (সঙ্গহেতু) অধর্ম্মরতঃ (অধর্ম্মরত) [হয়] বা (এইরূপ হইলে) কামাত্মা (কামাত্মা) কৃপণঃ (কৃপণ) লুব্ধঃ (লোভী) স্ত্রৈণঃ (স্ত্রীর বশীভূত) ভূতহিংসকঃ (প্রাণিহিংসাপরায়ণ) (হয়, তাহা হইলে) অবিধিনা (অশাস্ত্রীয়-ভাবে) পশূন্ (পশুগণকে) আলভ্য (হনন করিয়া) প্রেতভূত-গণান্ (প্রেতভূতগণকে) যজন্ (অর্চনা করত) সঃ (সেই জীব) অবশঃ (অবশভাবে) নরকান্ (নরকসমূহে) গত্বা (গমন করিয়া) উল্বণং (স্ফুট, ব্যক্ত) তমঃ (স্থাবরযোনি) যাতি (প্রাপ্ত হয়) ॥২৭-২৮

[আর যদি] দেহেন (দেহের দ্বারা) দুঃখোদর্কাণি (পরিণাম দুঃখপ্রদ) কর্ম্মাণি (কর্ম্মসকল) কুর্ব্বন্ (করিয়া) তৈঃ (সেই কর্ম্মসমূহের দ্বারা) পুনঃ (পুনরায়) দেহম্ (শরীর) আভজতে (প্রাপ্ত হয়), (তাহা হইলে) তত্র (সে বিষয়ে) মর্ত্ত্যধর্ম্মিণঃ (মরণশীলের) কিং সুখম্ (কি সুখ) কিছুই নয় ॥২৯

যদি পুরুষ বিষয়াক্রান্তচিত্ত অসৎগণের সঙ্গহেতু অধর্মে রত হয়, তাহা হইলে অবশীভূত-ইন্দ্রিয়, বিষয়াবিষ্টচিত্ত, দীন, ভোগতৃষ্ণাকুল, স্ত্রীলম্পট, প্রাণিপীড়ক হইয়া শাস্ত্রবিধান ব্যতীত পশুগণকে হত্যা করিয়া প্রেতভূতগণকে অর্চনাপূর্বক জীব নরকে গমনকরত অবশভাবেই ঘোর অজ্ঞানবহুল স্থাবরাদি যোনি প্রাপ্ত হইয়া থাকে।২৭-২৮

এবংবিধ পরিণামে দুঃখপ্রদানকারী কর্ম্মসকল দেহের দ্বারা করিয়া সেই কৃতকর্মসমূহের দ্বারা পুনরায় দেহ প্রাপ্ত হয়—এইরূপ হইলে মরণস্বভাব জীবের কি সুখ ?২৯

লোকানাং লোকপালানাং মদ্ভয়ং কল্পজীবিনাম্।
ব্রহ্মণোঽপি ভয়ং মত্তো দ্বিপরার্দ্ধপরায়ুষঃ ॥৩০

গুণাঃ সৃজন্তি কর্ম্মাণি গুণোঽনুসৃজতে গুণান্।
জীবস্তু গুণসংযুক্তো ভুঙ্‌ক্তে কর্ম্মফলান্যসৌ ॥৩১

যাবৎ স্যাদ্ গুণবৈষম্যং তাবন্নানাত্বমাত্মনঃ।
নানাত্বমাত্মনো যাবৎ পারতন্ত্র্যং তদৈব হি ॥৩২

যাবদস্যাস্বতন্ত্রত্বং তাবদীশ্বরতো ভয়ম্।
য এতৎ সমুপাসীরংস্তে মুহ্যন্তি শুচার্পিতাঃ ॥৩৩

কাল আত্মাগমো লোকঃ স্বভাবো ধর্ম্ম এব চ।
ইতি মাং বহুধা প্রাহুর্গুণব্যতিকরে সতি ॥৩৪

লোকপালানাং (ইন্দ্রাদি লোকপালগণের) কল্পজীবিনাং (কল্পজীবী) লোকানাং (লোকসমূহের) মদ্ভয়ং (আমা হইতে ভীতি) (জনন-মরণরূপ ভয় আছে), (অধিক কি) দ্বিপরার্দ্ধপরায়ুষঃ (দ্বিপরার্দ্ধকালজীবী) ব্রহ্মণঃ (ব্রহ্মার) অপি (ও) মত্তঃ (আমা হইতে) ভয়ম্ (ভয়) আস্তে (আছে) ॥৩০

গুণাঃ (ইন্দ্রিয়গণ) কর্ম্মাণি (কর্ম্ম সকল) সৃজন্তি (সৃষ্টি করে), গুণঃ (সত্ত্বাদি গুণ) গুণান্ (ইন্দ্রিয়সমূহকে) অনুসৃজতে (প্রবর্ত্তিত করে),—(আত্মা নয়); তু (কিন্তু) গুণসংযুক্তঃ (গুণসংযুক্ত) অসৌ (এই) জীবঃ (জীব) কর্ম্মফলানি (কর্ম্মফল সকল) ভুঙ্‌ক্তে (ভোগ করে) ॥৩১

আত্মনঃ (আত্মার) যাবৎ (যে অবধি) গুণবৈষম্যং (সত্ত্বাদি গুণের বিষমতা), তাবৎ (তদবধি) নানাত্বং (বহুত্ব) স্যাৎ (হয়), হি (নিশ্চিত) আত্মনঃ (আত্মার) যাবৎ (যে পর্য্যন্ত) নানাত্বং (নানাত্ব), তদা এব (তত্তদিনই) পারতন্ত্র্যম্ (পরাধীনতা) ।৩২

অস্য (এই) আত্মনঃ (আত্মার) যাবৎ (যে পর্য্যন্ত) অস্বতন্ত্রত্বং (পরাধীনতা), তাবৎ (ততকাল) ঈশ্বরতঃ (ঈশ্বর হইতেও) ভয়ং (ভয়), যে (যাহারা) এতৎ (এই ভোগপ্রসূ-কর্ম্ম) উপাসীরন্ (সেবা করে), তে (তাহারা) শুচা (শোকের দ্বারা) অর্পিতাঃ (আক্রান্ত হইয়া) মুহ্যন্তি (মুগ্ধ হয়) ।৩৩

গুণব্যতিকরে সতি (গুণক্ষোভ হইলে) মাং (আমাকে) কালঃ (কাল) আত্মা (আত্মা) আগমঃ (আগম) লোকঃ (লোক) স্বভাবঃ (স্বভাব) বা (অথবা) ধর্ম্মঃ (ধর্ম্ম) এব (ও) ইতি (এইরূপ) বহুধা (বহু প্রকার) আহুঃ (বলেন) ॥৩৪

ভোগস্থানসকলের, কল্পজীবী লোকপালগণের আমা হইতে ভয় আছে। অধিক কি, দ্বিপরার্দ্ধকাল পরমায়ুবিশিষ্ট ব্রহ্মারও আমা হইতে ভয় বিদ্যমান।৩০

গুণ-কার্য্য ইন্দ্রিয়সকল কর্ম্মসমূহ সৃষ্টি করে। সত্ত্বাদিগুণ ইন্দ্রিয়নিচয়কে প্রবর্ত্তিত করিয়া থাকে। গুণ কার্য্য দেহ ইন্দ্রিয় অন্তঃকরণাদিসংযুক্ত অধ্যাসের দ্বারা একতাপ্রাপ্ত সেই জীব কর্ম্মফল সুখদুঃখাদি অনুভব করিয়া থাকে।৩১

গুণ-বৈষম্য সত্ত্বাদিগুণসকলের অহঙ্কার ইন্দ্রিয়াদি-রূপে যে পর্য্যন্ত থাকে, তাবৎকালই আত্মার উপাধি-জনিত নানাত্ব; অধ্যাসের দ্বারা যদবধি আত্মার নানাত্ব—তাবৎ তাহার কামাধীনত্ব।৩২

যাবৎ এই আত্মার অস্বতন্ত্রত্ব কর্ম্মাধীনত্ব ততকাল পর্য্যন্ত কালরূপ ঈশ্বরের আমা হইতে ভয় হইয়া থাকে। যে জনগণ এই দেহ ইন্দ্রিয় পুত্র কলত্রাদি-রূপ গুণ পরিণাম আসক্তির সহিত সেবা করে, তাহারাই শোকান্বিত হইয়া ক্লেশপ্রাপ্ত হয়।৩৩

বিদ্বান্‌গণ মায়াক্ষোভ হইলে কাল, আত্মা (ভোক্তা) আগম (শাস্ত্র) লোক (ভোগস্থান) স্বভাব (দেবত্বাদি পরিণাম হেতু) ধর্ম্ম (তাহার ভোগ কারণ) এইরূপ আমাকে বহুপ্রকার বলিয়া থাকেন।৩৪ (১)

(১)—কি বলিলেন ?

—মায়াক্ষোভ হইলে অর্থাৎ যখন সৃষ্টি আরম্ভ হয়, তখন একমাত্র আমাকেই কাল, আত্মা, আগম, ভূরাদিলোক দেবত্ব প্রভৃতি স্বভাব ধর্ম্ম ইত্যাদি বহুপ্রকারে বর্ণনা করিয়া থাকেন।

আমা হইতে ব্যতিরিক্ত কিছু নাই। এক আমিই নানা নহে, নানা আকারে প্রতিভাত হইয়া থাকি ; আমি অবিভক্ত

উদ্ধব উবাচ।

গুণেষু বর্ত্তমানোঽপি দেহজেষ্বনপাবৃতঃ।
গুণৈর্ন বধ্যতে দেহী বধ্যতে বা কথং বিভো ॥৩৫

কথং বর্ত্তেত বিহরেৎ কৈর্বা জ্ঞায়েত লক্ষণৈঃ।
কিং ভুঞ্জীতোত বিসৃজেচ্ছয়ীতাসীত যাতি বা ॥৩৬

এতদচ্যুত মে ব্রূহি প্রশ্নং প্রশ্নবিদাং বর।
নিত্যবদ্ধো নিত্যমুক্ত এক এবেতি মে ভ্রমঃ ॥৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ একাদশস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥১০

শ্রীউদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—বিভো (হে বিভো)! গুণেষু (গুণসকল) বর্ত্তমানঃ অপি (বর্ত্তমান থাকিলেও) দেহী (জীব) দেহজেষু (দেহজধর্ম্মে তৎকার্য্য সুখদুঃখে) অনপাবৃতঃ (অনাসক্ত) [হয়], কথং (কেন) গুণৈঃ (গুণ দ্বারা) ন বধ্যতে (আবদ্ধ হন না), বা (অথবা) কথং (কেন) বধ্যতে (আবদ্ধ হন)? কথং (কি প্রকারে) বর্ত্তেত (অবস্থান করেন), বিহরেৎ (বিহার করেন) বা (কিংবা) কৈঃ (কি) লক্ষণৈঃ (লক্ষণের দ্বারা) জ্ঞায়েত (জ্ঞাত হওয়া যায়)? কিং (কি প্রকারে) ভুঞ্জীত (ভোজন করেন), উত বিসৃজেৎ (পরিত্যাগ করেন), শয়ীত (শয়ন করেন) আসীত (অবস্থান করেন), বা (কিংবা) যাতি (গমন করেন)?৩৫-৩৬

অচ্যুত (হে অচ্যুত)! নিত্যবদ্ধঃ (নিত্যবদ্ধ) নিত্যমুক্তঃ (নিত্যমুক্ত) একঃ (এক) এব (এতদ্ বিষয়ে) মে (আমার) প্রশ্নং (প্রশ্ন) (এই) ভ্রমঃ (ভ্রম) প্রশ্নবিদাংবর (হে প্রশ্নবিদ্‌গণের শ্রেষ্ঠ)! এতৎ (ইহা) মে (আমাকে) ব্রূহি (বলুন) ॥৩৭

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে দশমাধ্যায়ে
শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

উদ্ধব বলিলেন—হে বিভো! গুণকার্য্য দেহাদিতে বর্ত্তমান থাকিয়াও দেহী (আত্মা) দেহজাত কর্ম সুখ দুঃখাদিতে কিরূপে অসংস্পৃষ্ট থাকেন, গুণের দ্বারা বদ্ধ হন না, কেন আবদ্ধ হন, কি প্রকারে অবস্থান বা বিচরণ করেন, কি লক্ষণের দ্বারা বিদিত হওয়া যায়; কি ভোজন করেন, কি প্রকারে মল-মূত্রাদি ত্যাগ করেন? শয়ন, অবস্থান, গমন কোন্ লক্ষণের দ্বারা জানা যায়?৩৫-৩৬

হে প্রশ্নবিদ্‌গণের প্রধান অচ্যুত! এই বিষয়ে আমার প্রশ্নের উত্তর বলুন। একমাত্র জীব নিত্যবদ্ধ নিত্যমুক্ত কি প্রকারে হইতে পারে? আমার এই ভ্রান্তি দূর করুন।৩৭

থাকিয়াই মায়ার দ্বারা যেন বিভক্তমত হই।
—তাঁহার কিছু পরিবর্ত্তন হয় না?

—না, আকাশের মত তিনি বিশ্বের অন্তরে বাহিরে সতত বিরাজমান।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ।

[বদ্ধস্য মুক্তস্য সাধূনাং চ লক্ষণকথনম্, সদ্ভক্তিলাভোপায়বর্ণনঞ্চ।]

শ্রীভগবানুবাচ।

বদ্ধো মুক্ত ইতি ব্যাখ্যা গুণতো মে ন বস্তুতঃ।
গুণস্য মায়ামূলত্বান্ন মে মোক্ষো ন বন্ধনম্ ॥১

শোক-মোহৌ সুখং দুঃখং দেহাপত্তিশ্চ মায়য়া।
স্বপ্নে যথাত্মনঃ খ্যাতিঃ সংসৃতির্ন তু বাস্তবী ॥২

বিদ্যাবিদ্যে মম তনূ বিদ্ধ্যুদ্ধব শরীরিণাম্।
মোক্ষ-বন্ধকরী আদ্যে মায়য়া মে বিনির্ম্মিতে ॥৩

একস্যৈব মমাংশস্য জীবস্যৈব মহামতে।
বন্ধোঽস্যাবিদ্যয়ানাদির্বিদ্যয়া চ তথেতরঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীভগবানুবাচ,—বদ্ধঃ (বদ্ধ) মুক্তঃ (মুক্ত) ইতি (এই) ব্যাখ্যা (উক্তি) মে (আমার) গুণতঃ (উপাধিহেতু), বস্তুতঃ (যথার্থতঃ) ন (নহে); গুণস্য (গুণের) মায়ামূলত্বাৎ (মায়ামূলত্বহেতু) মে (আমার) মোক্ষঃ (মুক্তি) ন (নাই), বন্ধনম্ (বন্ধন) ন (নাই) ॥১

শোকমোহৌ (শোকমোহ) সুখং (সুখ) দুঃখং (দুঃখ) দেহাপত্তিঃ (শরীরের উৎপত্তি) মায়য়া (মায়ামাত্র, মায়ার দ্বারা হয়), যথা (যেমন) স্বপ্নে (স্বপ্নে) আত্মনঃ (বুদ্ধির) খ্যাতিঃ (বিবর্ত্ত, মায়াময় রূপে বর্ত্তন) সংসৃতিঃ (সংসার) বাস্তবী (সত্য) ন তু (নহে) ॥২

উদ্ধব (হে উদ্ধব)! শরীরিণাম্ (শরীরিগণের) বিদ্যাবিদ্যে (বিদ্যা ও অবিদ্যা) মম (আমার) তনূ (শক্তি) বিদ্ধি (জানিবে), মোক্ষবন্ধকরী (বন্ধ ও মোক্ষকারিণী) আদ্যে (অনাদি) মে (আমার) মায়য়া (মায়ার দ্বারা) বিনির্ম্মিতে (বিনির্ম্মিতা) ॥৩

মহামতে (হে মহামতে)! একস্য এব (একমাত্র) অনাদেঃ (অনাদি) মম (আমার) অংশস্য (অংশ) অস্য (এই) জীবস্য (জীবের) এব (ই) অবিদ্যয়া (অবিদ্যার দ্বারা) বন্ধঃ (বন্ধ) চ (ও) বিদ্যয়া (বিদ্যার দ্বারা) তথা ইতরঃ (মোক্ষ হয়) ॥৪

একাদশ অধ্যায়।

[বন্ধ, মুক্ত ও সাধুগণের লক্ষণকথন এবং সদ্ভক্তিলাভের উপায় বর্ণন।]

ঈশ্বর-ব্রহ্ম-বিষ্ণূনাং রজঃ-সত্ত্ব-তমোগুণৈঃ।
জনকং যৎ পরং বস্তু তারকং পাতু নঃ সদা ॥

শ্রীভগবান্ বলিলেন,—বদ্ধ ও মুক্ত জীবাত্মায় এই যে ব্যবহার, তাহা আমার সত্ত্বাদিগুণের উপাধিহেতু—স্বরূপতঃ নহে। গুণের মূল মায়া, তজ্জন্য আমার মোক্ষ নাই—বন্ধনও নাই।১

যেমন বুদ্ধির খ্যাতি (ভ্রমজ্ঞান) স্বপ্ন, তদ্রূপ অন্তঃকরণগত শোকমোহ সুখদুঃখ, এবং দেহের উৎপত্তি মায়ার দ্বারা হয়, সংসার ঔপাধিকী—বাস্তবী নহে।২

হে উদ্ধব! আমার সংকল্পরূপা মায়ার দ্বারা বিনির্ম্মিত জীবগণের অনাদি বন্ধ-মোক্ষকরী বিদ্যা ও অবিদ্যা আমার শক্তি বলিয়া জানিবে।৩

হে মহামতে! এক আমারই অংশ জীবের অনাদি (বহুকালিক) অবিদ্যার দ্বারা বন্ধ আর আমার দত্ত স্বরূপসাক্ষাৎকার-রূপিণী বিদ্যার দ্বারা মোক্ষ হইয়া থাকে।৪ (১)

(১) শ্রীপাদ শ্রীধর—যাবৎ অবিদ্যা প্রবর্ত্তিত করি, তাবৎ বন্ধ, যখন বিদ্যা দান করি, তখন মোক্ষ স্ফুরিত হয়। স্কন্দপুরাণে কথিত হইয়াছে—

বন্ধকো ভবপাশেন ভবপাশাচ্চ মোচকঃ।
কৈবল্যদঃ পরং ব্রহ্ম বিষ্ণুরেব সনাতনঃ ॥

কৈবল্যদাতা সনাতন পরমব্রহ্ম বিষ্ণুই ভবপাশে বন্ধন করেন, আবার তিনিই ভববন্ধন হইতে মুক্ত করিয়া থাকেন। ঋগ্বেদে কথিত হইয়াছে—

ন হন্যতে ন জীয়তে ত্বোতো নৈনমংহো অশ্নোত্যন্তিতো ন দূরাৎ। ঋগ্বেদ—৩।৫৭।২

—তুমি যাহাকে রক্ষা কর, কেহ তাহাকে বিনাশ বা পরাভব করিতে পারে না। পাপ দূর বা নিকট হইতে তাহাকে স্পর্শ করিতে পারে না।

অথ বদ্ধস্য মুক্তস্য বৈলক্ষণ্যং বদামি তে।
বিরুদ্ধধর্ম্মিণোস্তাত স্থিতয়োরেকধর্ম্মিণি ॥৫
সুপর্ণাবেতৌ সদৃশৌ সখায়ৌ
যদৃচ্ছয়ৈতৌ কৃতনীড়ৌ চ বৃক্ষে।
একস্তয়োঃ খাদতি পিপ্পলান্ন-
মন্যো নিরন্নোঽপি বলেন ভূয়ান্ ॥৬

তাত (হে প্রিয়)! অথ (অনন্তর) তে (তোমাকে) বিরুদ্ধধর্ম্মিণোঃ (বিরুদ্ধধর্ম্মে) অবস্থিতয়োঃ (অবস্থিত) বদ্ধস্য (বদ্ধের) চ (ও) মুক্তস্য (মুক্তের) বৈলক্ষণ্যং (পার্থক্য) বদামি (বলিব) ॥৫

এতৌ (এই) সদৃশৌ (সমানরূপী) সখায়ৌ (পরস্পর মিত্রভাবাপন্ন) সুপর্ণৌ (উত্তম পক্ষবিশিষ্ট), এতৌ (এই দুইটী) যদৃচ্ছয়া (স্বভাববশে) বৃক্ষে (বৃক্ষদেহে) কৃতনীড়ৌ (কুলায় বাসস্থান নির্ম্মাণকারী), তয়োঃ (উভয়ের মধ্যে) একঃ (একটী জীব) পিপ্পলান্নং (অশ্বত্থফল, কর্ম্মফল) খাদতি (ভক্ষণ করিতেছে), অন্যঃ (অপর) নিরন্নঃ (নিরাহার) অপি (ও) বলেন (বলে) ভূয়ান্ (শ্রেষ্ঠতর) ॥৬

(ইহার মধ্যে যিনি) বিদ্বান্ (বিদ্যাযুক্ত) অপিপ্পলাদঃ

হে বৎস! একই শরীরে নিয়ম্য ও নিয়ন্তৃরূপে স্থিত বিরুদ্ধধর্ম্মবিশিষ্ট জীব ও ঈশ্বরের, বদ্ধের ও মুক্তের বিভিন্নতা তোমাকে বলিব।৫

এই জীব ও ঈশ্বররূপ পক্ষীদ্বয়সদৃশ চিদ্রূপত্বহেতু সমানরূপ, অবিয়োগ সহযোগহেতু সখ্যভাবাপন্ন, যদৃচ্ছাক্রমে দেহরূপ বৃক্ষে হৃদয়রূপে নীড় বা নিকেতনে অবস্থিত। তাঁহার মধ্যে একটি জীব পিপ্পলান্ন সুখ-দুঃখাদি কর্ম্মফল ভক্ষণ করে; অন্য ঈশ্বর নিরন্ন কর্মফল বিষয়ভোগরহিত হইয়াও জ্ঞান শক্ত্যাদি বলের দ্বারা তাহা হইতে অধিক মহিমাময়।৬ (১)

আত্মানমন্যঞ্চ স বেদ বিদ্বা-
নপিপ্পলাদো ন তু পিপ্পলাদঃ।
যোঽবিদ্যয়া যুক্ স তু নিত্যবদ্ধো
বিদ্যাময়ো যঃ স তু নিত্যমুক্তঃ ॥৭
দেহস্থোঽপি ন দেহস্থো বিদ্বান্ স্বপ্নাদ্ যতোত্থিতঃ।
অদেহস্থোঽপি দেহস্থঃ কুমতিঃ স্বপ্নদৃগ্ যথা ॥৮

(কর্ম্মফল ভোগ করেন না), সঃ (তিনি) আত্মনঃ (আপনার) অন্যং (অন্য জীবকে) বেদ (জানেন), তু (কিন্তু) যঃ (যিনি) পিপ্পলাদঃ (কর্ম্মফলভোক্তা), (তিনি) ন তথা (জানেন না); যঃ (যিনি) অবিদ্যয়া (অবিদ্যা) যুক্ (যুক্ত), স তু (তিনিই) নিত্যবদ্ধঃ (নিত্যবদ্ধ) চ (আর) যঃ (যিনি) বিদ্যাময়ঃ (বিদ্যাময়), স তু (তিনিই) নিত্যমুক্তঃ (নিত্যমুক্ত) ॥৭

যথা (যেমন) স্বপ্নাৎ (স্বপ্ন হইতে) উত্থিতঃ (উত্থিত) বিদ্বান্ (জ্ঞানী) দেহস্থঃ অপি (দেহস্থ হইয়াও) দেহস্থঃ ন (দেহস্থিত নহেন, আপনাকে দেহস্থিত নহে মনে করেন), এবং (এইরূপ) যথা (যেমন) কুমতিঃ (মূঢ়বুদ্ধি) স্বপ্নদৃক্ (স্বপ্নদ্রষ্টা) অদেহস্থঃ অপি (দেহস্থ না হইয়াও) দেহস্থঃ (দেহস্থ মনে করেন) ॥৮

তন্মধ্যে যিনি বিদ্বান্, তিনি কর্ম্মফল ভোজন করেন না, আত্মা ও অন্যকে জানেন; যিনি কর্মফল ভোক্তা, তিনি আত্মা ও পরমাত্মাকে জানেন না। যিনি অবিদ্যার দ্বারা যুক্ত, তিনিই নিত্যবদ্ধ, আর যিনি বিদ্যাময় সর্ব্বজ্ঞ ঈশ্বর, তিনি নিত্যমুক্ত।৭

স্বপ্ন হইতে উত্থিত ব্যক্তি যেরূপ, তদ্রূপ বিদ্বান্ জীবন্মুক্ত—দেহস্থ থাকিয়াও দেহস্থ হন না; স্বপ্নদ্রষ্টা মন্দমতি দেহাভিমানী অজ্ঞ দেহস্থ না হইয়াও দেহস্থ হইয়া থাকে।৮ (২)

(১) দ্বা সুপর্ণা সযুজা সখয়া
সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য-
নশ্নন্নন্যোঽভিচাকশীতি ॥ শ্বেতাশ্বতর ৪,৬।

আত্মা ও পরমাত্মারূপ দুইটী পক্ষী, একটী বৃক্ষ জীবশরীর আশ্রয় করত একত্র অবস্থিত থাকেন, তন্মধ্যে একটী (জীবাত্মা) পিপ্পল কর্ম্মফল আস্বাদন করেন, অপরটী (পরমাত্মা) কোন ফল ভোগ করেন না।

(২) বিশেষভাবে জাগরিত ও নিদ্রিতে ভেদ বল।
—মানুষ যখন স্বপ্ন দেখে, তখন সে তাহা সত্য বলিয়া

ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু গুণৈরপি গুণেষু চ।
গৃহ্যমাণেষ্বহং কুর্য্যান্ন বিদ্বান্ যস্ত্ববিক্রিয়ঃ ॥৯
দৈবাধীনে শরীরেঽস্মিন্ গুণভাব্যেন কর্ম্মণা।
বর্ত্তমানোঽবুধস্তত্র কর্ত্তাস্মীতি নিবধ্যতে ॥১০
এবং বিরক্তঃ শয়ন আসনাটন-মজ্জনে।
দর্শন-স্পর্শন-ঘ্রাণ-ভোজন-শ্রবণাদিষু ॥১১
ন তথা বধ্যতে বিদ্বাংস্তত্র তত্রাদয়ন্ গুণান্।
প্রকৃতিস্থোঽপ্যসংসক্তো যথা খং সবিতানিলঃ ॥১২
বৈশারদ্যেক্ষয়াসঙ্গশিতয়া ছিন্নসংশয়ঃ।
প্রতিবুদ্ধ ইব স্বপ্নান্নানাত্বাদ্ বিনিবর্ত্ততে ॥১৩
যস্য স্যুর্ব্বীতসংকল্পাঃ প্রাণেন্দ্রিয়মনোধিয়াম্।
বৃত্তয়ঃ স বিনির্ম্মুক্তো দেহস্থোঽপি হি তদ্‌গুণৈঃ ॥১৪

তুঃ যঃ (যিনি) অবিক্রিয়ঃ (বিকারভাব-রহিত) বিদ্বান্ (জ্ঞানী) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণ) ইন্দ্রিয়ার্থেষু (বিষয়সমূহে) গুণৈঃ (গুণসকল) গুণেষু (গুণকার্য্যে, বিষয়) গৃহ্যমাণেষু (গ্রহণ করিলেও) অহং (অহঙ্কার, আমি আমার) ন কুর্য্যাৎ (করেন না, ॥৯

অবুধঃ (অজ্ঞানী) গুণভাব্যেন (ইন্দ্রিয় প্রবর্ত্তিত) কর্ম্মণা (কর্ম্মের দ্বারা) অস্মিন্ (এই) দৈবাধীনে (দৈবাধীন) শরীরে (শরীরে) বর্ত্তমানঃ অপি (বর্ত্তমান থাকিয়াও) তত্র (তাহাতে) [অহং] (আমি) কর্ত্তা অস্মি (কর্ত্তা) ইতি (জ্ঞানের দ্বারা) নিবধ্যতে (নিবদ্ধ হয়) ॥১০

এবং (এইরূপ) বিদ্বান্ (জ্ঞানী) শয়নে (শয়ন) আসনা-টন-মজ্জনে (উপবেশন, গমন ও স্নানে) অঙ্গেষু (অঙ্গ) দর্শন-স্পর্শন ঘ্রাণ-ভোজন-শ্রবণাদিষু (দর্শন, স্পর্শন, ঘ্রাণ ভোজন শ্রবণাদিতে) বিরক্তঃ (বিরক্ত) সন্ (হইয়া) তত্র তত্র (সেই সেই স্থানে) গুণান্ (গুণসমূহ) আদয়ন্ (গ্রহণ করিয়া) তথা (তদ্রূপ, অবুধের ন্যায়) ন বধ্যতে (বদ্ধ হন না), (কিন্তু) প্রকৃতিস্থঃ অপি (প্রকৃতিস্থ হইয়াও) খং (আকাশ), সবিতা (সূর্য্য), অনিলঃ (বায়ু) যথা (যেমন), (তদ্রূপ) অসংসক্তঃ (নির্লিপ্ত) থাকেন ॥১১-১২

অসঙ্গশিতয়া (বৈরাগ্যের দ্বারা তীক্ষ্ণীকৃত) বৈশারদ্যা (সর্ব্বতোমুখী) ঈক্ষয়া (দৃষ্টির দ্বারা) ছিন্নসংশয়ঃ (ছিন্নসংশয়) সন্ (হইয়া) স্বপ্নাৎ (স্বপ্ন হইতে) প্রতিবুদ্ধ ইব (জাগরিতের ন্যায়) নানাত্বাৎ (বিষয় হইতে) বিনিবর্ত্ততে (নিবর্ত্তিত হন) ॥১৩

ইন্দ্রিয়গণ ইন্দ্রিয়ের অর্থ বিষয়সমূহে অর্থাৎ গুণসকল দ্বারা গুণকার্য্যে শব্দাদি বিষয়সকল গৃহ্যমাণ হইলেও রাগাদিশূন্য বিদ্বান্ "অহং" অহঙ্কার করেন না, অর্থাৎ আমি গ্রহণ করিতেছি ইহা মনে করেন না।৯ (১)

মূর্খ পূর্ব্বকর্ম্মাধীন এই শরীরে বর্ত্তমান হইয়া ইন্দ্রিয়কার্য্য কর্ম্মের দ্বারা 'আমি কর্ত্তা' এই অভিমানে দেহে নিবদ্ধ হইয়া থাকে।১০

এইরূপ বৈরাগ্যসম্পন্ন বিদ্বান্ তৎ তৎ বিষয়সমূহে ইন্দ্রিয়সকলকে উপভোগ করাইয়া শয়ন, উপবেশন, ভ্রমণ, মজ্জন আদি কর্ম্মে বর্ত্তমান থাকিয়াও দর্শন স্পর্শন ঘ্রাণ ভোজন শ্রবণাদিতে অজ্ঞের ন্যায় আবদ্ধ হন না। বিদ্বান্ কর্মসমূহের সাক্ষিরূপ অবস্থান করেন, তজ্জন্য তাঁহার কর্ম্মকৃত বন্ধন হয় না। অজ্ঞ কর্তৃত্বহেতু বদ্ধ হইয়া থাকে। যেমন আকাশ সর্বত্র অবস্থিত, সূর্য্য সর্ব্বলোকের চক্ষু এবং বায়ু সর্বত্র গমনকারী হইয়াও লিপ্ত হন না, তদ্রূপ অনাসক্ত বিদ্বান্ প্রকৃতিতে থাকিয়াও আবদ্ধ হন না।১১-১২

মনে করে; নিদ্রাভঙ্গ হইলে স্বপ্ন অলীক সে বুঝিতে পারে। সংসার-স্বপ্ন দর্শনকারী অজ্ঞানী মোহনিদ্রায় আচ্ছন্ন। সে যে স্বপ্ন দেখিতেছে বুঝিতে পারে না। গুরুকৃপায় মোহনিদ্রা অপগত হইলে জাগরিত বিদ্বান্ দেহ গেহ স্ত্রী পুত্র আত্মীয় স্বজন সমস্তই 'স্বপ্ন' ইহা বুঝিতে পারে এবং তাহাতে আকৃষ্ট হয় না।

(১) তত্ত্ববিত্তু মহাবাহো গুণ-কর্ম্মবিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্তে ইতি মত্বা ন সজ্জতে॥ শ্রীগীতা

কিন্তু হে মহাবাহো! আত্মা হইতে গুণ ও কর্ম্ম পৃথক্— এই উভয়ের তত্ত্বজ্ঞ পুরুষ গুণ অর্থাৎ ইন্দ্রিয়গণই গুণসকলে অর্থাৎ শব্দাদি বিষয়সমূহে প্রবৃত্ত হইতেছে ইহা জানিয়া নিজ কর্তৃত্বাভিমান করেন না—দ্রষ্টারূপে অবস্থিত হন।

যস্যাত্মা হিংস্যতে হিংস্রৈর্যেন কিঞ্চিদ্ যদৃচ্ছয়া।
অর্চ্চ্যতে বা কচিৎ তত্র ন ব্যতিক্রিয়তে বুধঃ॥১৫
ন স্তুবীত ন নিন্দেত কুর্ব্বতঃ সাধ্বসাধু বা।
বদতো গুণ-দোষাভ্যাং বর্জ্জিতঃ সমদৃঙ্মুনিঃ॥১৬

ন কুর্য্যান্ন বদেৎ কিঞ্চিন্ন ধ্যায়েৎ সাধ্বসাধু বা।
আত্মারামোঽনয়া বৃত্ত্যা বিচরেজ্জড়বন্মুনিঃ॥১৭
শব্দব্রহ্মণি নিষ্ণাতো ন নিষ্ণায়াৎ পরে যদি।
শ্রমস্তস্য শ্রমফলো হ্যধেনুমিব রক্ষতঃ॥১৮

যস্য (যাঁহার) প্রাণেন্দ্রিয়-মনোধিয়াং (প্রাণ, ইন্দ্রিয়, মন ও বুদ্ধির) বৃত্তয়ঃ (ব্যাপারসকল) বীতসংকল্পাঃ (বিনিবৃত্ত-সঙ্কল্প) স্যুঃ (হয়), স তু (তিনি কিন্তু) দেহস্থঃ অপি (দেহস্থিত হইয়াও) তদ্গুণৈঃ (দেহগুণে) মুক্তঃ (মুক্ত)॥১৪

যস্য (যাঁহার) আত্মা (দেহ) হিংস্রৈঃ (দুর্জ্জন) হিংস্যতে (হিংসা করে), যেন (যে কেহ) যদৃচ্ছয়া (স্বীয় অভিলাষ অনুসারে) কিঞ্চিৎ (কিছু) অর্চ্যতে (পূজা করে), তত্র কচিৎ (হিংসায় পূজায়) বা [যস্য আত্মা] (যাঁহার চিত্ত) ন ব্যতিক্রিয়তে (বিকৃত হয় না), [সঃ] (তিনি) বুধঃ (পণ্ডিত)॥১৫

গুণদোষাভ্যাং (গুণ ও দোষ) বর্জ্জিতঃ (বর্জ্জিত) সমদৃক্ (সমদর্শী) মুনিঃ (মুনি) সাধু (হিত) অসাধু (অহিত) কুর্ব্বতঃ (কারী) বা (কিংবা) বদতঃ (প্রশংসা বা নিন্দাকারিগণকে) ন স্তুবীত (স্তব করেন না), ন নিন্দেত (নিন্দা করেন না)॥১৬

আত্মারামঃ (আত্মজ্ঞানী) মুনিঃ (মুনি) কিঞ্চিৎ (কিছু) সাধু (হিত) অসাধু (অহিত) ন কুর্য্যাৎ (করেন না), ন বদেৎ (বলেন না), ন ধ্যায়েৎ (তদ্বিষয় চিন্তা করেন না), অনয়া (এইরূপ) বৃত্ত্যা (স্থিতিতে) জড়বৎ (জড়ের ন্যায়) বিচরেৎ (বিচরণ করেন)॥১৭

(কেবল) শব্দব্রহ্মণি (বেদে) নিষ্ণাতঃ (অভিজ্ঞ) মুনিঃ (জ্ঞানী) যদি (যদি) পরে (পরব্রহ্মে) ন নিষ্ণায়াৎ (ধ্যানাদি যোগ না করেন), (তাহা হইলে) অধেনুং (চিরপ্রসূতা দুগ্ধহীনা গাভীর) রক্ষতঃ (পালকের) ইব (ন্যায়) তস্য (তাহার) শ্রমঃ (পরিশ্রম) শ্রমফলঃ (পণ্ড হয়)॥১৮

বিদ্বান্ বৈরাগ্যের দ্বারা তীক্ষ্ণা (নিপুণা) সর্ব্বতোমুখী বুদ্ধির দ্বারা ছিন্নসংশয়—অসম্ভাবনাদি সংশয়-বিরহিত স্বপ্ন হইতে জাগরিতের ন্যায় ভেদদর্শন হইতে (দেহাদি প্রপঞ্চ হইতে) নিবারিত হইয়া থাকেন।১৩

যাঁহার প্রাণ, ইন্দ্রিয় মন ও বুদ্ধির ব্যাপার-সকল সংকল্প-রহিত হয়, তিনি দেহস্থ থাকিয়াও দেহের গুণ-সমূহের দ্বারা বিনির্মুক্ত জানিবে।১৪

যাঁহার দেহ দুর্জ্জনের দ্বারা পীড়িত অথবা ভক্ত কর্তৃক স্বেচ্ছাক্রমে অর্চ্চিত হইলে, যিনি দুর্ব্যবহারে বা পূজায় কিছুমাত্র বিকৃত হন না, তাঁহাকে বিদ্বান্ বলিয়া জানিবে।১৫ (১)

হিত বা অহিতকারী কিংবা নিন্দা-প্রশংসাপরায়ণ জনগণকে যিনি স্তব বা নিন্দা করেন না, গুণদোষ-বর্জ্জিত অর্থাৎ সর্ব্বব্যবহার-বিমুখ সেই সমদৃষ্টিসম্পন্ন ব্যক্তি মুনি বলিয়া কথিত হন।১৬ (২)

---

(১) বিদ্বান্ কাহাকে বলে ?

—যাঁহার প্রণব উর্দ্ধমুখ হইয়াছে অর্থাৎ ব্রহ্মলক্ষ্যে আত্মশর সন্ধানে যিনি নিপুণ। ব্রহ্মলক্ষ্যে শরের ন্যায় ব্রহ্মে একীভূত হইয়া অবস্থানকারী বিদ্বান্। নিরালম্ব শ্রুতি বলেন—

"সর্ব্বান্তরস্থস্বসংবিদ্ রূপবিদ্, বিদ্বান্" চরাচর সকলের অন্তরস্থিত স্বকীয় সংবিদ্ রূপ যিনি বিদিত হইয়াছেন, তিনি বিদ্বান্।

(২) মুনির লক্ষণ কি ?

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে॥ শ্রীগীতা

দুঃখে অনুদ্বিগ্নচিত্ত, সুখসমূহে অভিলাষবিহীন, অনুরাগ-ভয়-ক্রোধবিরহিত স্থিতপ্রজ্ঞ ব্যক্তিকে মুনি বলে॥

গাং দুগ্ধদোহামসতীঞ্চ ভার্য্যাং
দেহং পরাধীনমসৎপ্রজাঞ্চ।
বিত্তং ত্বতীর্থীকৃতমঙ্গ বাচং
হীনাং ময়া রক্ষতি দুঃখদুঃখী ॥১৯
যস্যাং ন মে পাবনমঙ্গ কর্ম্ম
স্থিত্যুদ্ভবপ্রাণনিরোধমস্য।
লীলাবতারেপ্সিতজন্ম বা স্যাদ্
বন্ধ্যাং গিরং তাং বিভৃয়ান্ন ধীরঃ ॥২০
এবং জিজ্ঞাসয়াপোহ্য নানাত্ব-ভ্রমমাত্মনি।
উপারমেত বিরজং মনো ময্যর্প্য সর্ব্বগে ॥২১
যদ্যনীশো ধারয়িতুং মনো ব্রহ্মণি নিশ্চলম্।
ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি নিরপেক্ষঃ সমাচর ॥২২

(যিনি) দুগ্ধদোহাং (দুগ্ধহীন) গাম্ (গাভী) অসতীং (অসতী) ভার্য্যাং (ভার্য্যা) পরাধীনং (ইন্দ্রিয়ের অধীন) দেহম্ (দেহ) অসৎপ্রজাম্ (অসৎ পুত্র) অতীর্থীকৃতং (দানাদি সৎকার্য্যে ব্যয়রহিত) বিত্তং (ধন) ময়া হীনং বাচং (ভগবৎ-কথাহীন বাক্য, আমার কথা বিরহিত) রক্ষতি (রক্ষা করে) [সঃ] (তিনি) দুঃখদুঃখী (নিরবচ্ছিন্ন দুঃখভাগী হন) ॥১৯

যস্যাম্ (যে বাক্যে) অস্য (এই) জগতঃ (জগতের) স্থিত্যুদ্ভবপ্রাণনিরোধং (পালন, সৃষ্টিসংহারবিষয়ক) মে (আমার) পাবনং (পবিত্রকারক) কর্ম্ম নঃ (কর্ম্মের প্রকাশ নাই) লীলাবতারেপ্সিতজন্ম (লীলাবতারে জগতের প্রেমাস্পদ মধুর কথা) [ন চ] (নাই), ধীরঃ (ধীমান্) তাং (সেই) বন্ধ্যাং (নিষ্ফলা) গিরং (বাক্য) ন বিভৃয়াৎ (ধারণ করেন না) ॥২০

এবং (এইরূপ) জিজ্ঞাসয়া (জানিতে ইচ্ছা করিয়া) আত্মনি (আত্মবিষয়ে) নানাত্বভ্রমম্ (বহুত্বভ্রম) অপোহ্য (দূর করিয়া) সর্ব্বগে (সর্ব্বগত) ময়ি (আমাতে) বিরজং (নির্ম্মল) মনঃ (মন) অর্প্য (সমর্পণ করিয়া) উপারমেত (উপরত হইবে) ॥২১

যদি (যদি) মনঃ (মন) ব্রহ্মণি (ব্রহ্ম) ময়ি (আমাতে) নিশ্চলং (নিশ্চল) ধারয়িতুম্ (ধারণ করিতে) অনীশঃ (অসমর্থ) (হও, তাহা হইলে) নিরপেক্ষঃ সন্ (অনন্যমনা হইয়া) সর্ব্বাণি (সমস্ত) কর্ম্মাণি (কর্ম্ম) সমাচর (আচরণ কর) ॥২২

যোগের দ্বারা আত্মায় রমণকারী অর্থাৎ সতত আত্মানন্দে আত্মহারা, আত্মক্রীড়, মঙ্গল বা অমঙ্গল হিতাহিত কিছুই করেন না, বলেন না, সে বিষয়ে ধ্যান করেন না, এইরূপ স্থিতিতে যিনি জড়ের ন্যায় বিচরণ করিয়া থাকেন, সেই মুনি মুক্ত বলিয়া বিদিত হইবে।১৭

যিনি কেবল শব্দব্রহ্ম বেদে নিপুণ, বেদের পারগামী হইয়াও যদি পরম ব্রহ্মে ধ্যানাদি অভ্যাসের দ্বারা তাঁহাতে একনিষ্ঠ না হন, তাহা হইলে তাঁহার দুগ্ধহীনা গাভীকে দুগ্ধলাভের জন্য পালনকারী ব্যক্তির ন্যায় কেবল শ্রমই ফল হইয়া থাকে।১৮

হে প্রিয়! প্রসবরহিতা দুগ্ধশূন্যা গাভী, কামচারিণী দুষ্টা ভার্য্যা, শত্রুপোষ্য শরীর, দৃষ্ট অদৃষ্ট সাধনশূন্য সন্তান, সৎপাত্রে দান না করিয়া দুষ্কীর্ত্তি ও পাপ আপাদক অর্থ, আমার লীলাপ্রতিপাদন বিহীনা অন্য বিষয়িণী বাণী যে ব্যক্তি রক্ষা করে, সে নিরন্তর দুঃখভাগী হইয়া থাকে।১৯

হে দয়িত! এই বিশ্বের স্থিতি-উৎপত্তি-বিনাশরূপ আমার পবিত্রতা-সম্পাদক কর্ম ও লীলাবতারসমূহে অভিলষিত জন্মাদি যে কথায় নাই, ধীমান্ সেই নিষ্ফলা জন্মমৃত্যুপ্রদায়িনী বাণী উচ্চারণ করিবেন না।২০

এবংবিধ বিচারের দ্বারা আত্মায় দেব-মনুষ্যাদি দেহের অধ্যাসরূপ নানাত্বভ্রম নিরাকৃত করিয়া নির্ম্মল মনকে সর্ব্বময় ভগবান্ আমাতে সমর্পণ পূর্ব্বক (উত্তমরূপে ধারণ করত) কর্ম্মসমূহ হইতে বিরত হইবে।২১

যদি ব্রহ্মে (আমাতে) অচঞ্চল ভাবে মন ধারণ করিতে অসক্ত হও, তাহা হইলে ফলকামনাবিরহিত হইয়া সমস্ত কর্ম্ম অনুষ্ঠান কর।২২

শ্রদ্ধালুর্মৎকথাঃ শৃণ্বন্ সুভদ্রা লোকপাবনীঃ।
গায়ন্ননুস্মরন্ কর্ম্ম জন্ম চাভিনয়ন্ মুহুঃ ॥২৩

মদর্থে ধর্ম্ম-কামার্থানাচরন্ মদপাশ্রয়ঃ।
লভতে নিশ্চলাং ভক্তিং ময্যুদ্ধব সনাতনে ॥২৪

সৎসঙ্গলব্ধয়া ভক্ত্যা ময়ি মাং স উপাসিতা।
স বৈ মে দর্শিতং সদ্ভিরঞ্জসা বিন্দতে পদম্ ॥২৫

উদ্ধব (হে উদ্ধব)। শ্রদ্ধালুঃ (শ্রদ্ধান্বিত হইয়া) লোকপাবনী (লোকপবিত্রকারিণী) সুভদ্রাঃ (অত্যন্ত মঙ্গলকারিণী) মৎকথাঃ (আমার কথাসকল) শৃণ্বন্ (শ্রবণ) কর্ম্ম (কর্ম্ম) চ (ও) জন্ম (জন্ম) মুহুঃ (নিরন্তর) গায়ন্ (কথন) অনুস্মরন্ (অনুস্মরণ) অভিনয়ন্ (স্বয়ং অনুকরণ) এবং (এইরূপ) মদপাশ্রয়ঃ (আমার আশ্রিত হইয়া) মদর্থে (আমার উদ্দেশে) ধর্ম্মকামার্থান্ (ধর্ম্ম কাম অর্থের) আচরন্ (আচরণ পূর্ব্বক) সেবমানঃ (সেবা করিয়া) সনাতনে (সনাতন) ময়ি (আমাতে) নিশ্চলাং (অচঞ্চলা, অব্যভিচারিণী) ভক্তিং (ভক্তি) লভতে (লাভ করেন) ॥২৩-২৪

ময়ি (আমাতে) সৎসঙ্গলব্ধয়া (সৎসঙ্গপ্রাপ্ত) ভক্ত্যা (ভক্তির দ্বারা) সঃ (সেই ভক্ত) মাম্ (আমাকে) উপাসিতা (যিনি ধ্যান করেন), সঃ (তিনি) সদ্ভিঃ (সাধুগণ কর্ত্তৃক) দর্শিতং (দর্শিত) মে (আমার) পদম্ (স্থান) অঞ্জসা (শীঘ্র) বিন্দতে (লাভ করিয়া থাকেন) ॥২৫

হে উদ্ধব! তদ্রূপ শ্রদ্ধাসম্পন্ন হইয়া পুণ্যবহা পুণ্যপ্রদায়িনী জনগণের পাপবিনাশিনী পবিত্রকারিণী আমার কথা শ্রবণ গান করত অনুস্মরণ করিতে করিতে ও আমার জন্ম এবং কর্ম পুনঃ পুনঃ অভিনয় করত আর আমার প্রীতির জন্য ধর্ম, অর্থ ও কাম-সেবাকারী আমার শরণাগত মানব সর্ব্বকারণের কারণ আমাতে ঐকান্তিকী (নিশ্চলা) ভক্তিলাভ করিয়া থাকেন।২৩-২৪

সাধুসঙ্গে প্রাপ্ত আমাতে ভক্তির দ্বারা সেই ভক্ত আমাকে ধ্যান করেন। তিনি সাধুগণের প্রদর্শিত আমার পরমপদ সত্বর প্রাপ্ত হইয়া থাকেন।২৫

উদ্ধব উবাচ।

সাধুস্তবোত্তমঃশ্লোক মতঃ কীদৃগ্‌বিধঃ প্রভো।
ভক্তিস্ত্বয্যুপযুজ্যেত কীদৃশী সদ্ভিরাদৃতা ॥২৬

এতন্মে পুরুষাধ্যক্ষ লোকাধ্যক্ষ জগৎপ্রভো।
প্রণতায়ানুরক্তায় প্রপন্নায় চ কথ্যতাম্ ॥২৭

ত্বং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।
অবতীর্ণোঽসি ভগবন্ স্বেচ্ছোপাত্তপৃথগ্‌বপুঃ ॥২৮

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—উত্তমঃশ্লোক (হে উত্তমশ্লোক)। তব (আপনার) সাধুঃ (উত্তম) মতঃ (মত) কীদৃগ্‌বিধঃ (কিরূপ)? প্রভো (হে প্রভো)। সদ্ভিঃ (সাধুগণ কর্ত্তৃক) আদৃতা (আদৃতা), কীদৃশী (কি প্রকার) ভক্তিঃ (ভক্তি) ত্বয়ি (আপনাতে) উপপদ্যতে (উপযুক্ত হয়) করিতে হয়)? পুরুষাধ্যক্ষ (হে পুরুষপ্রবর্ত্তক)। লোকাধ্যক্ষ (হে লোকাধ্যক্ষ)। জগৎপ্রভো (হে জগৎপ্রভো)। প্রণতায় (প্রণত) অনুরক্তায় (অনুরক্ত) চ (ও) প্রপন্নায় (প্রপন্ন) মে (আমাকে) এতৎ (ইহা) কথ্যতাম্ (বলুন) ॥২৬-২৭

ভগবন্ (হে ভগবন্)। ত্বং (আপনি) ব্রহ্ম (ব্রহ্ম) পরমং ব্যোম (আকাশের ন্যায় অসঙ্গ), প্রকৃতেঃ (প্রকৃতির) পরঃ (অতীত) পুরুষঃ (পুরুষ) [ত্বং] (আপনি) স্বেচ্ছোপাত্ত-পৃথগ্‌বপুঃ (ভক্তগণের ইচ্ছায় পৃথক্ দেহ ধারণপূর্ব্বক) অবতীর্ণঃ অসি (অবতীর্ণ হইয়াছেন) ॥২৮

শ্রীউদ্ধব বলিলেন—হে উত্তমঃশ্লোক! কিরূপ সাধু আপনার অভিমত? হে প্রভো! তদ্রূপ সংসারে ভক্তিও বহুপ্রকার আছে, তন্মধ্যে সাধুগণ কর্ত্তৃক সমাদৃতা যে ভক্তি আপনাতে উপযুক্ত হয়, তাহাও কীদৃশী? হে পুরুষগণের সর্ব্বময় কর্ত্তা, হে লোকসমূহের প্রধান কর্ম্মকারক জগৎপ্রভো! আমার জিজ্ঞাসিত এই কথাগুলির উত্তর প্রণত, অনুরক্ত, শরণাগত ভক্ত আমাকে বলুন।২৬-২৭

হে ভগবন্! আপনি পরমব্রহ্ম, আকাশের ন্যায় অসঙ্গ, প্রকৃতির নিয়ন্তা, পুরুষ হইয়াও ভক্তগণের ইচ্ছায় তাঁহাদের কৃপা করিবার জন্য শরীর

শ্রীভগবানুবাচ।
কৃপালুরকৃতদ্রোহস্তিতিক্ষুঃ সর্ব্বদেহিনাম্।
সত্যসারোঽনবদ্যাত্মা সমঃ সর্ব্বোপকারকঃ ॥২৯
কামৈরহতধীর্দান্তো মৃদুঃ শুচিরকিঞ্চনঃ।
অনীহো মিতভুক্ শান্তঃ স্থিরো মচ্ছরণো মুনিঃ ॥৩০
অপ্রমত্তো গভীরাত্মা ধৃতিমান্ জিতষড়্‌গুণঃ।
অমানী মানদঃ কল্পো মৈত্রঃ কারুণিকঃ কবিঃ ॥৩১
আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্।
ধর্ম্মান্ সন্ত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স তু সত্তমঃ ॥৩২
জ্ঞাত্বাজ্ঞাত্বাথ যে বৈ মাং যাবান্ যশ্চাস্মি যাদৃশঃ।
ভজন্ত্যনন্যভাবেন তে মে ভক্ততমা মতাঃ ॥৩৩
মল্লিঙ্গ-মদ্ভক্তজন-দর্শন-স্পর্শনার্চ্চনম্।
পরিচর্য্যা-স্তুতি-প্রহ্ব-গুণ-কর্ম্মানুকীর্ত্তনম্ ॥৩৪

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন)।—কৃপালুঃ (পরদুঃখ অসহিষ্ণু) অকৃতদ্রোহঃ (প্রাণিগণের অহিংসক) তিতিক্ষুঃ (ত্যাগশীল) সত্যসারঃ (সত্যাশ্রয়ী) অনবদ্যাত্মা (অসূয়াদি-রহিত, অনিন্দিতমনা) সমঃ (সুখদুঃখাদিতে তুল্য) সর্ব্বোপকারকঃ (যথাশক্তি সকলের উপকারক) কামৈঃ অহতধীঃ (কামের দ্বারা অক্ষুভিত চিত্ত) দান্তঃ (জিতেন্দ্রিয়) মৃদুঃ (কোমল স্বভাব) শুচিঃ (সদাচার) অকিঞ্চনঃ (অপরিগ্রহ) অনীহঃ (নিরীহ) মিতভুক্ (মিতভোজী) (লঘ্বাহারী) শান্তঃ (সংযতচিত্ত) স্থিরঃ (স্বধর্ম্মে স্থির) মচ্ছরণঃ (আমার শরণাগত) মুনিঃ (মননশীল)

অপ্রমত্তঃ (সাবধান) গম্ভীরাত্মা (নির্ব্বিকার) ধৃতিমান্ (ধৈর্য্যশালী) জিতষড়্‌গুণঃ (ক্ষুধাদিজয়ী) অমানী (মন আকাঙ্ক্ষা রহিত) মানদঃ (অপরকে মানদানকারী) কল্পঃ (পরবোধন দক্ষ) মৈত্রঃ (মিত্রভাবাপন্ন) কারুণিকঃ (করুণাময়) কবিঃ (সম্যগ্‌জ্ঞানী) এবং (এইরূপ) [যঃ] (যিনি) স্বকান্ (স্বীয়) গুণান্ (গুণ) দোষান্ (দোষসকল) আজ্ঞায় (জানিয়া) ময়া (আমাকর্ত্তৃক) আদিষ্টান্ (আজ্ঞপ্ত, উপদিষ্ট) অপি (ও) সর্ব্বান্ (সমস্ত) ধর্ম্মান্ (ধর্ম্ম) সন্ত্যজ্য (ত্যাগ করিয়া) মাং (আমাকে) ভজেৎ (ভজনা করেন), সঃ তু (তিনিই) সত্তমঃ (উত্তম ভক্ত) ॥২৯-৩২

অথ (অনন্তর, ঐরূপ গুণলাভ করিবার পর) অহং (আমি) যাবান্ (যে পরিমাণ দেশকাল অপরিচ্ছিন্ন) যাদৃশঃ (যেরূপ, সচ্চিদানন্দাদিরূপ) চ (ও) যঃ (সর্ব্বাত্মা) [ইতি] (ইহা) জ্ঞাত্বা (জানিয়া) অজ্ঞাত্বা (না জানিয়া) অপি (ও) যে (যাহারা) মাম্ (আমাকে) অনন্যভাবেন (অনন্যভাবে) ভজন্তি (ভজনা করে), তে (তাহারা) মে (আমার) ভক্ততমাঃ (ভক্তশ্রেষ্ঠ) মতাঃ (ইহা আমার মত) ॥৩৩

মল্লিঙ্গ-মদ্ভক্তজনদর্শনস্পর্শনার্চ্চনং (আমার প্রতিমা ও আমার ভক্তগণের দর্শন স্পর্শন পূজা) পরিচর্য্যা-স্তুতি-প্রহ্ব-গুণ-কর্ম্মানুকীর্ত্তনম্ (সেবা, স্তব, নমস্কার ও গুণকর্ম্ম লীলাকীর্ত্তন) ॥৩৪

ধারণ করত অবতীর্ণ হইয়া থাকেন।২৮

শ্রীভগবান্ বলিলেন—পরদুঃখ সহ্য করিতে অসমর্থ, সমস্ত দেহিগণের হিংসাবিহীন, পরের অপরাধ সহিষ্ণু, একমাত্র সত্যসাধনপরায়ণ, অসূয়াদি দোষবিরহিত চিত্ত, শত্রু ও মিত্রে সমভাবাপন্ন, সকলের উপকারক, কামের দ্বারা অক্ষুভিত বুদ্ধি, নিগৃহীত ইন্দ্রিয়,' কোমলচিত্ত, বাহ্য-অভ্যন্তরে শৌচ সম্পন্ন, পরিগ্রহশূন্য, ইহ-পরলোকের ভোগ বিরাগী, লঘুআহারী, শমগুণসম্পন্ন, সংযতচিত্ত, আমাতে দৃঢ়প্রত্যয়, স্বধর্ম্মে স্থির একমাত্র আমার শরণাগত, মননশীল, ক্ষুধা-পিপাসা-শোক-মোহ জরা-মৃত্যুপ্রভৃতি ষড়্‌গুণ-জয়কারী, স্ব-সৎকার অনভিলাষী, অপরের মানপ্রদ, সৎকারকারী, অপরকে আমার কথা বুঝাইতে সমর্থ, অবঞ্চক, করুণাসম্পন্ন, তত্ত্বজ্ঞ এবং গুণ ও অযুক্ত দোষসকল বিদিত হইয়া আমাকর্ত্তৃক বেদরূপে উপদিষ্ট স্বধর্ম-সমূহ পরিত্যাগপূর্ব্বক যিনি আমাকে ভজনা করেন, তিনিই সত্তম অর্থাৎ যথার্থ সাধুশ্রেষ্ঠ বলিয়া কথিত হন। ২৯-৩২

আমি যেরূপ দেশ কালাদির দ্বারা অপরিচ্ছিন্ন, সকলের আত্মভূত, সচ্চিদানন্দরূপ,—আমাকে সেইরূপ জানিয়া—পুনঃ পুনঃ শাস্ত্র ও গুরুদেবের উপদেশে

মৎকথাশ্রবণে শ্রদ্ধা মদনুধ্যানমুদ্ধব।
সর্ব্বলাভোপহরণং দাস্যেনাত্মনিবেদনম্ ॥৩৫
মজ্জন্ম-কর্ম্মকথনং মম পর্ব্বানুমোদনম্।
গীত-তাণ্ডব-বাদিত্রগোষ্ঠীভির্মদ্গৃহোৎসবঃ ॥৩৬
যাত্রাবলিবিধানঞ্চ সর্ব্ববার্ষিকপর্ব্বসু।
বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মদীয়ব্রতধারণম্ ॥৩৭

মমার্চ্চাস্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোদ্যমঃ।
উদ্যানোপবনাক্রীড়-পুরমন্দিরকর্ম্মণি ॥৩৮
সম্মার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ।
গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্ যদমায়য়া ॥৩৯
অমানিত্বমদাম্ভিত্বং কৃতস্যাপরিকীর্ত্তনম্।
অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতম্ ॥৪০

মৎকথাশ্রবণে (আমার কথা শ্রবণে) শ্রদ্ধা (শ্রদ্ধা), মদনুধ্যানং (আমার চিন্তা), সর্ব্বলাভোপহরণং (সমস্ত লব্ধদ্রব্য আমাতে সমর্পণ), দাস্যেন (দাসভাবে) আত্মনিবেদনং (আত্মোৎসর্গ), মজ্জন্ম-কর্ম্মকথনং (আমার জন্ম কর্ম্ম লীলাকীর্ত্তন), মম (আমার) পর্ব্বানুমোদনং (জন্মাষ্টমী প্রভৃতি পর্ব্বের সানন্দ প্রবর্ত্তন) গীত-তাণ্ডব-বাদিত্রগোষ্ঠীভিঃ (গীত নৃত্যবাদ্য সহকারে স্ব স্ব পরিজন সহিত) মদ্গৃহোৎসবঃ (আমার গৃহে উৎসব) সর্ব্ববার্ষিকপর্ব্বসু (সমস্ত বার্ষিক পর্ব্বে—দোল রাসযাত্রা প্রভৃতি পর্ব্বসমূহে) যাত্রাবলিবিধানং (পুষ্পাদি উপহার প্রদান দোলাদি যাত্রার বিধান) বৈদিকী (বৈদিকী) তান্ত্রিকী (তান্ত্রিকী) দীক্ষা (উপদেশ কর্ম্মের নিয়ম), মদীয়-ব্রতধারণম্ (আমার ব্রতধারণ) মম (আমার) অর্চ্চা-স্থাপনে (প্রতিমাপ্রতিষ্ঠায়) শ্রদ্ধা (শ্রদ্ধা), [মম] (আমার) উদ্যানোপবনাক্রীড়-পুরমন্দিরকর্ম্মণি (পুষ্পোদ্যান, ফলপ্রধান উপবন, ক্রীড়াস্থান, পুরী, মন্দির প্রভৃতি নির্ম্মাণকর্ম্মে) (সামর্থ্য থাকিলে) স্বতঃ (স্বয়ং) (অথবা) সংহত্য (অন্যের সহিত মিলিত হইয়া) উদ্যমঃ (উদ্যম)

সম্মার্জ্জনোপলেপাভ্যাং (সম্মার্জ্জন—গোময় আদির দ্বারা আলেপন) সেকমণ্ডলবর্ত্তনৈঃ (প্রোক্ষণ, সর্ব্বতোভদ্রাদি মণ্ডলকরণের দ্বারা) অমায়য়া (মায়াশূন্যভাবে, নিষ্কামভাবে) দাসবৎ (দাসের ন্যায়) যৎ (যাহা) মহ্যং (আমার) গৃহ-শুশ্রূষণম্ (গৃহ সেবন), অমানিত্বম্ (অ-মান) অদম্ভিত্বং (অ-দম্ভ) কৃতস্য (স্বীয় অনুষ্ঠিত ধর্ম্মের) অপরিকীর্ত্তনং (অ-খ্যাপন) উদ্ধব! (হে উদ্ধব)! (এই সমস্ত কর্ত্তব্য) মে (আমাকে), নিবেদিতং (নিবেদিত) দীপাবলোকং (দীপালোক) ন উপযুঞ্জ্যাৎ (সে আলোকে অন্য কার্য্য করিবে না) ॥৩৫-৪০

বিশেষরূপে বিদিত হইয়া অনন্যভাবে যিনি আমাকে ভজনা করেন, আমার মতে তিনি আমার ভক্তত্তম।৩৩

আমার প্রতিমা আদি ও আমার ভক্তজনের দর্শন, স্পর্শন, পূজা, পদসেবা আদি পরিচর্য্যা, স্তব, নমস্কার পরিপাটীরূপে গুণ ও কর্ম্মের কীর্ত্তন করা।৩৪

হে উদ্ধব! আমার কথা শ্রবণে শ্রদ্ধা, সুনিয়মে আমার ধ্যান, সমস্ত লব্ধ ইষ্টবস্তু আমাতে সমর্পণ, দাসভাবে অহঙ্কারআস্পদ দেহ ও আত্মা সমর্পণ, আমার হইয়া অবস্থান, আমার জন্মকর্ম্ম কীর্ত্তন, জন্মাষ্টমী প্রভৃতি আমার পর্ব্বসমূহের সানন্দ প্রবর্ত্তন, গীত, উদ্দণ্ড নৃত্য ও বাদ্য সহকারে নিজ নিজ পরিবার বর্গের সহিত আমার গৃহে উৎসব, আমার দর্শনের জন্য তীর্থ ও দেবমন্দিরাদিতে গমন, জন্মাষ্টমী স্নানযাত্রা দোলযাত্রা রাস প্রভৃতি বিশেষতঃ চাতুর্ম্মাস্য পর্ব্বসকলে পূজাবিধান, বিবিধ বস্ত্র অলঙ্কার মিষ্টান্ন মাল্য চন্দন পুষ্পাদি পূজোপহার প্রদান, বৈদিকী তান্ত্রিকী মন্ত্রগ্রহণের দ্বারা সংস্কার লাভ, আমার প্রিয় ব্রত একাদশী প্রভৃতি বিধিপূর্বক আচরণ অর্থাৎ উপবাস, রাত্রি জাগরণাদি যেমন বিধান আছে তদ্রূপ অনুষ্ঠান, আমার প্রতিমা স্থাপনে শ্রদ্ধা (আদর), একাকী বা ভক্তগণের সহিত মিলিত হইয়া পুষ্পোদ্যান, ফলপ্রধান উপবন, ক্রীড়াস্থান নির্ম্মাণে উদ্যোগ করা, ফলের অভিসন্ধিরূপ কাপট্য ত্যাগ করত সম্মার্জ্জন (রজো দূরীকরণ), গোময় ও জলের দ্বারা উপলেপন, জলের দ্বারা

যদ্ যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥৪১
সূর্য্যোঽগ্নির্ব্রাহ্মণো গাবো বৈষ্ণবঃ খং মরুজ্জলম্।
ভূরাত্মা সর্ব্বভূতানি ভদ্র পূজাপদানি মে ॥৪২

লোকে (লোকে, শাস্ত্রে) যৎ যৎ (যাহা যাহা) ইষ্টতমং (বাঞ্ছিততম) চ (ও) যৎ (যাহা) আত্মনঃ (আপনার) অতি প্রিয়ং (অতিশয় প্রিয়) মহ্যং (আমাকে) তৎ তৎ (তাহা তাহা) নিবেদয়েৎ (নিবেদন করিবে) (তাহাদ্বারা) আনন্ত্যায় (অক্ষয় ফলজনক) কল্পতে (হয়) ॥৪১

ভদ্র (হে ভদ্র)! সূর্য্যঃ (সূর্য্য) অগ্নিঃ (অগ্নি) ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণসকল) গাবঃ (গোগণ) বৈষ্ণবঃ (বৈষ্ণব) খং (আকাশ) মরুৎ (বায়ু) জলং (জল) ভূঃ (পৃথিবী) আত্মা (আত্মা) (এবং) সর্ব্বভূতানি (অখিল প্রাণী) মে (আমার) পূজাপাদানি (পূজার আধার) ॥৪২

প্রোক্ষণ, সর্ব্বতোভদ্রাদি মণ্ডল নির্ম্মাণ, আমার গৃহের সেবা, 'আমি কর্ত্তা' এই অভিমান পরিত্যাগ, সৎকর্মের অনুষ্ঠান করিয়া লোকের নিকট আপনার উৎকর্ষ খ্যাপন না করা, স্বীয় অনুষ্ঠিত ধর্ম্মের কথা কাহাকেও না বলা কর্ত্তব্য। আমায় নিবেদিত দীপালোকে অন্য কার্য্য করিবে না। আমায় নিবেদিত অন্ন ও দীপ স্বয়ং একাকী ব্যবহার করিবে না, পরমার্থ সিদ্ধির জন্য বৈষ্ণবগণকে প্রদান করত স্বয়ং উপভোগ করিবে।৩৪-৪০

ষড়্ভির্মাসোপবাসৈশ্চ যৎ ফলং পরিকীর্ত্তিতম্।
বিষ্ণোর্নৈবেদ্যসিক্থেন তৎ ফলং ভুঞ্জতাং কলৌ॥
হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ।
পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ॥

ছয় মাস উপবাসে যে ফল কথিত হইয়াছে, কলিযুগে বিষ্ণুর নৈবেদ্য প্রসাদ একগ্রাস ভোজনে সেই ফল লাভ হয়।

যাঁহার হৃদয়ে রূপ, মুখে নাম, উদরে হরির নৈবেদ্য, পাদোদক ও নির্ম্মাল্য মস্তকে, তিনি স্বয়ং ভগবান্ অচ্যুত।

সূর্য্যে তু বিদ্যয়া ত্রয্যা হবিষাগ্নৌ যজেত মাম্।
আতিথ্যেন তু বিপ্রাগ্র্যে গোষ্বঙ্গ যবসাদিনা ॥৪৩
বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা হৃদি খে ধ্যাননিষ্ঠয়া।
বায়ৌ মুখ্যধিয়া তোয়ে দ্রব্যৈস্তোয়পুরস্কৃতৈঃ ॥৪৪

তু (কিন্তু) অঙ্গ (হে উদ্ধব)! সূর্য্যে (সূর্য্যরূপ আধারে) ত্রয্যা (সূর্য্যসূক্ত উপস্থাপন আদি) বিদ্যয়া (বিদ্যার দ্বারা) অগ্নৌ (অগ্নিতে) হবিষা (ঘৃতের দ্বারা), বিপ্রাগ্র্যে (উত্তম ব্রাহ্মণে) আতিথ্যেন (আতিথ্যবিধানের দ্বারা), গোষু (গাভীগণকে) যবসাদিনা (তৃণাদির দ্বারা), বৈষ্ণবে (বৈষ্ণবে) সৎকৃত্যা (বন্ধুবৎ সম্মানের দ্বারা), হৃদি খে (হৃদয়াকাশে) ধ্যাননিষ্ঠয়া (সশ্রদ্ধ চিন্তার দ্বারা) বায়ৌ (বায়ুতে) মুখ্যধিয়া (প্রাণদৃষ্টির দ্বারা) তোয়ে (জলে) তোয়পুরস্কৃতৈঃ (তোয়াদি প্রমুখ তুলসী চন্দনাদি) দ্রব্যৈঃ (দ্রব্যের দ্বারা) মাং (আমাকে) যজেত (পূজা করিবেন) ॥৪৩-৪৪

জগতে যে যে বস্তু প্রিয়তম এবং যাহা আপনার অতিপ্রিয় বস্তু, তত্তৎ বস্তুসকল আমাকে নিবেদন করিবে—তাহা অনন্ত সুখের জন্য হইয়া থাকে।৪১

হে সাধো! সূর্য্য, অগ্নি, ব্রাহ্মণ, গো, বৈষ্ণব, আকাশ, বায়ু, জল, পৃথিবী, আত্মা এবং সর্ব্বভূত আমার পূজার উৎকৃষ্ট আধার।৪২

গাভীগণকে তৃণাদি ভোজনদানে ও গাত্র কণ্ডূয়নাদি দ্বারা, ভাস্কররূপ আমার পূজার আধারে বেদোক্ত সূক্ত মন্ত্র ও উপস্থাপনাদির দ্বারা পূজা করিবেন; অগ্নিতে ঘৃতের দ্বারা, উত্তম ব্রাহ্মণে আতিথ্য বিধানের দ্বারা, বৈষ্ণবে বন্ধুর ন্যায় সম্মান প্রদর্শনের দ্বারা, হৃদয়াকাশে ধ্যাননিষ্ঠায়, বায়ুতে মুখ্যপ্রাণদৃষ্টি দ্বারা, জলে পুষ্পাদিসহ জলাঞ্জলি প্রদানে আমাকে পূজা করিবেন।৪৩-৪৪

স্থণ্ডিলে মন্ত্রহৃদয়ৈর্ভোগৈরাত্মানমাত্মনি।
ক্ষেত্রজ্ঞং সর্ব্বভূতেষু সমত্বেন যজেত মাম্ ॥৪৫

ধিষ্ণ্যেষ্বিত্যেষু মদ্রূপং শঙ্খ-চক্র-গদাম্বুজৈঃ।
যুক্তং চতুর্ভুজং শান্তং ধ্যায়ন্নর্চ্চেৎ সমাহিতঃ ॥৪৬

স্থণ্ডিলে (প্রলিপ্ত সংস্কৃত ভূমিতে) মন্ত্রহৃদয়ৈঃ (রহস্যমন্ত্রদ্বারা) আত্মনি (স্বদেহে) ভোগৈঃ (শাস্ত্রবিহিত ভোগপ্রদানে) সর্ব্বভূতেষু (নিখিল প্রাণীতে) ক্ষেত্রজ্ঞম্ (ক্ষেত্রজ্ঞ) আত্মানং (আত্মা) মাং (আমাকে) সমত্বেন (সমতার দ্বারা) যজেত (পূজা করিবেন) ॥৪৫

এষু (এই) ধিষ্ণ্যেষু (স্থানসমূহে) ইতেষু (প্রাপ্ত হইলে) শঙ্খচক্রগদাম্বুজৈঃ (শঙ্খচক্রগদাপদ্ম) যুক্তৈঃ (যুক্ত) শান্তং (শান্ত) চতুর্ভুজং (চতুর্ভুজ) মদ্রূপং (আমার রূপ) সমাহিতঃ সন্ (সমাহিত হইয়া) ধ্যায়ন্ (ধ্যান করত) অর্চ্চয়েৎ (পূজা করিবেন) ॥৪৬

প্রলিপ্ত সংস্কৃত ভূমিতে রহস্য মন্ত্র-ন্যাসের দ্বারা, শরীরে শাস্ত্রবিহিত মন্নিবেদিত বিষয়সকলের দ্বারা এবং সর্ব্বভূতে ক্ষেত্রজ্ঞ আত্মা সর্ব্বান্তর্য্যামী আমাকে সমতার দ্বারা অর্চ্চনা করিবেন।৪৫

একাগ্রচিত্ত হইয়া এই সকল অধিষ্ঠানে শঙ্খ-চক্র-গদা-পদ্মযুক্ত চতুর্ভুজ শান্ত আমার রূপ ধ্যান করত এইরূপে পূজা করিবেন।৪৬

(১) ইষ্টাপূর্ত্ত (যজ্ঞাদি বৈদিক কর্ম্ম, অন্ন-

ইষ্টাপূর্ত্তেন মামেবং যো যজেত সমাহিতঃ
লভতে ময়ি সদ্ভক্তিং মৎস্মৃতিঃ সাধুসেবয়া ॥৪৭

প্রায়েণ ভক্তিযোগেন সৎসঙ্গেন বিনোদ্ধব।
নোপায়ো বিদ্যতে সম্যক্ প্রায়ণং হি সতামহম্ ॥৪৮

ইষ্টাপূর্ত্তেন (যজ্ঞ ও উদ্যান উপবনাদির দ্বারা) সমাহিতঃ সন্ (সমাহিত হইয়া) যঃ (যিনি) মাং (আমাকে) যজেত (পূজা করেন), (তিনি) মদ্ভক্তিং (আমার ভক্তি) লভতে (লাভ করেন) এবং (আর) সাধুসেবয়া (সাধু সেবার দ্বারা) মৎস্মৃতিঃ (আমার জ্ঞান লাভ হয়) ॥৪৭

উদ্ধব (হে উদ্ধব)! প্রায়েণ (প্রায়) সৎসঙ্গেন (সৎসঙ্গজাত) ভক্তিযোগেন (ভক্তিযোগ) বিনা (ব্যতীত) সম্যক্ (উত্তমরূপে) (সংসারতরণে) উপায়ঃ (উপায়) ন বিদ্যতে (নাই) (এই হেতু) অহং (আমি) হি (নিশ্চয়) সতাং (সাধুগণের) প্রায়ণম্ (আশ্রয়) ॥৪৮

প্রদানাদি স্মার্ত্ত কর্ম্ম—তাহার দ্বারা সমাহিত হইয়া যিনি আমাকে পূজা করেন, তিনি আমাতে প্রেমলক্ষণা ভক্তি লাভ করিয়া থাকেন ও সাধুসেবার দ্বারা আমার স্মৃতি লাভ হয়।৪৭

হে উদ্ধব! প্রায় সাধুসঙ্গ ও ভক্তিযোগ ব্যতীত আমার প্রাপ্তির উত্তম উপায় নাই, যেহেতু আমি সাধুগণের সর্ব্বোৎকৃষ্ট আশ্রম, সৎসঙ্গই আমার অন্তরঙ্গ।৪৮

(১) ইষ্ট—অগ্নিহোত্রং তপঃ সত্যং ভূতানাং চানুকম্পনম্।
আতিথ্যং বৈশ্বদেবশ্চ ইষ্টমিত্যভিধীয়তে॥
পূর্ত্ত—বাপী-কূপ-তড়াগাদিদেবতায়তনানি চ।
অন্নপ্রদানমারামং পূর্ত্তমিত্যভিধীয়তে॥

(১) [পরপৃষ্ঠায় ৪৯ শ্লোকে দ্রষ্টব্য।]

সুগোপনীয় কি বলিলেন?

—সাধুসঙ্গের মহিমা। মানুষ যতই কেন অধঃপাতিত হউক না, সে যদি সাধুর আশ্রয় গ্রহণ করে, তাহা হইলে তাহাকে অন্য কোনরূপ সাধনা করিতে হয় না, মাত্র সাধুসঙ্গগুণে নিঃশেষে নিষ্কলুষ হয়। সত্বশুদ্ধি কিভাবে হইয়া যায় তাহা সে বুঝিতে পারে না। যতপ্রকার সাধন আছে, সাধুসঙ্গের মত আর দ্বিতীয় সাধন নাই। সাধুর দর্শনে, স্পর্শনে, পাদসেবনে মানব দেবতাগণেরও বন্দনীয় হয়।

অথৈতৎ পরমং গুহ্যং শৃণ্বতো যদুনন্দন।
সুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখা॥৪৯

যদুনন্দন (হে যদুনন্দন)। অথ (অনন্তর) এতৎ (এই) পরমং (পরম) গুহ্যং (গোপনীয়) (বাক্য) শৃণু (শ্রবণ কর), ত্বং (তুমি) মে (মম) ভৃত্যঃ (সেবক) সুহৃৎ (সদানুগত সঙ্গী) সখা (সমপ্রাণ) ॥৪৯

হে যদুনন্দন! অনন্তর এই বক্ষ্যমাণ পরম রহস্য সুগোপনীয় (১) হইলেও তুমি আমার ভৃত্য, সেবক, সদানুগত সঙ্গী ও সমপ্রাণ। তোমাকে বলিতেছি শ্রবণ কর।৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ॥১১

শ্রীমদ্‌ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে একাদশোঽধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথ কৃতান্বয়ঃ সমাপ্ত।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
একাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ।

[সৎসঙ্গমহিমকথনম্, কর্মানুষ্ঠান-কর্মত্যাগব্যবস্থাবর্ণনং চ।]

শ্রীভগবানুবাচ।

ন রোধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম এব চ।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো নেষ্টাপূর্ত্তং ন দক্ষিণা॥১

ব্রতানি যজ্ঞশ্ছন্দাংসি তীর্থানি নিয়মা যমাঃ।
যথাবরুন্ধে সৎসঙ্গঃ সর্ব্বসঙ্গাপহো হি মাম্॥২

অন্বয়ঃ

যোগঃ (মন্ত্র, হঠ, লয় ও রাজযোগ) ন (নহে), সাংখ্যং (তত্ত্ববিবেক) ন (নহে) চ (এবং) ধর্ম্মঃ (অহিংসাদি ধর্ম্ম) এব (ও) ন (নহে), স্বাধ্যায়ঃ (স্বাধ্যায়, বেদাদি পাঠ) ন (নহে), তপঃ (তপস্যা) ন (নহে), ইষ্টাপূর্ত্তং (ইষ্টাপূর্ত্ত) ন (নহে), দক্ষিণা (দান) ন রোধয়তি (বশ করিতে পারে না) ॥১

অন্বয়ঃ

হি সর্ব্বসঙ্গাপহঃ (অখিলদোষনাশক) সৎসঙ্গঃ (সৎসঙ্গ) যথা (যেরূপ) মাম্ (আমাকে) অবরুন্ধে (বশীভূত করে), ব্রতানি (ব্রতসকল) যজ্ঞঃ (যজ্ঞ) ছন্দাংসি (বেদসমূহ) তীর্থানি (নিখিল তীর্থ) নিয়মাঃ (নিয়ম সকল) যমাঃ (যমসমুদায়) তথা (সেইরূপ) ন (বশবর্ত্তী করিতে পারে না) ॥২

দ্বাদশ অধ্যায়।

[সৎসঙ্গের মহিমা কথন এবং কর্মানুষ্ঠান ও কর্মত্যাগ ব্যবস্থা বর্ণন।]

সর্ব্বভূতহৃদাকাশে কাশতে নির্ম্মলং পরম্।
আকাশবৎ সর্ব্বগং যত্তারকং পাতু সর্ব্বদা॥

অসৎসঙ্গনিবর্ত্তক সৎসঙ্গ যেরূপ আমায় বশীভূত করে, মন্ত্র, হঠ, লয় ও রাজযোগ, সাংখ্য (তত্ত্ববিবেক) পরোপকারাদি ধর্ম্ম, স্বাধ্যায় (বেদাদি শাস্ত্রঅধ্যয়ন), তপস্যা (কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা), সন্ন্যাস, ইষ্টাপূর্ত্ত কর্ম্ম, দক্ষিণাদান, একাদশীর উপবাস আদি ব্রত-সকল, দেবপূজা, স-রহস্য মন্ত্রসমুদায়, পবিত্র তীর্থসমূহ, শৌচাদি নিয়ম, অহিংসাদি যম আমায় তদ্রূপ বশীভূত করিতে পারে না।১-২

সৎসঙ্গেন হি দৈতেয়া যাতুধানা মৃগাঃ খগাঃ।
গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধাশ্চারণ-গুহ্যকাঃ ॥৩

বিদ্যাধরা মনুষ্যেষু বৈশ্যাঃ শূদ্রাঃ স্ত্রিয়োঽন্ত্যজাঃ।
রজস্তমঃপ্রকৃতয়স্তস্মিংস্তস্মিন্ যুগেঽনঘ ॥৪

বহবো মৎপদং প্রাপ্তাস্ত্বাষ্ট্র-কায়াধবাদয়ঃ।
বৃষপর্ব্বা বলির্বাণো ময়শ্চাথ বিভীষণঃ ॥৫

সুগ্রীবো হনুমানৃক্ষো গজো গৃধ্রো বণিক্‌পথঃ।
ব্যাধঃ কুব্জা ব্রজে গোপ্যো যজ্ঞপত্ন্যস্তথাপরে ॥৬

তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ।
অব্রতাতপ্ততপসঃ সৎসঙ্গান্মামুপাগতঃ ॥৭

কেবলেন হি ভাবেন গোপ্যো গাবো নগা মৃগাঃ।
যেঽন্যে মূঢ়ধিয়ো নাগাঃ সিদ্ধা মামীয়ুরঞ্জসা ॥৮

যং ন যোগেন সাঙ্খ্যেন দান-ব্রত-তপোঽধ্বরৈঃ।
ব্যাখ্যা-স্বাধ্যায়-সন্ন্যাসৈঃ প্রাপ্নুয়াদ্ যত্নবানপি ॥৯

সৎসঙ্গেন (সৎসঙ্গের দ্বারা) দৈতেয়াঃ (দৈত্য), যাতুধানাঃ (রাক্ষস), মৃগাঃ (পশু), খগাঃ (পক্ষী) চ (ও) গন্ধর্ব্বাপ্সরসঃ (গন্ধর্ব্ব অপ্সর), নাগাঃ (নাগ), সিদ্ধাঃ (সিদ্ধ), চারণগুহ্যকাঃ (চারণ গুহ্যক) চ (ও) বিদ্যাধরাঃ (বিদ্যাধরগণ) (এবং) মনুষ্যেষু (মনুষ্যসমূহের মধ্যে) বৈশ্যাঃ (বৈশ্য), স্ত্রিয়ঃ (স্ত্রী), অন্ত্যজাঃ (অন্ত্যজগণ) তস্মিন্ তস্মিন্ (সেই সেই) যুগে যুগে (সত্যাদি যুগভেদে) সৎসঙ্গে অনেকে আমায় প্রাপ্ত হইয়াছে ॥৩-৪

ত্বাষ্ট্রকায়াধবাদয়ঃ (বৃত্রপ্রহ্লাদাদি), বৃষপর্ব্বা (বৃষপর্ব্বা), বলিঃ (বলি), ময়ঃ (ময়) অথ (আর) বিভীষণঃ (বিভীষণ), সুগ্রীবঃ (সুগ্রীব), হনুমান্ (হনুমান্), ঋক্ষঃ (জাম্ববান্), গজঃ (গজ), গৃধ্রঃ (জটায়ু), বণিক্‌পথঃ (তুলাধার), ব্যাধঃ (ধর্ম্মব্যাধ), কুব্জা (কুব্জা), ব্রজে (ব্রজে) গোপ্যঃ (গোপীসমূহ) তথা (ও) অধ্বরে (যজ্ঞে) যজ্ঞপত্ন্যঃ (যজ্ঞপত্নীগণ) (আমার পদ প্রাপ্ত হইয়াছে) ॥৫-৬

তে (তাহারা) ন অধীতশ্রুতিগণাঃ (বেদসকল পাঠ করে নাই), উপাসিতমহত্তমাঃ ন (মহত্তমগণের সেবা করে নাই), অব্রতাতপ্ততপসঃ (ব্রততপস্যা বিরহিত), তথাপি সৎসঙ্গাৎ (সৎ সঙ্গে) মাম্ (আমাকে) উপাগতাঃ (প্রাপ্ত হইয়াছে) ॥৭

কেবলেন (কেবল, একমাত্র) ভাবেন (প্রেমের দ্বারা) পূর্ব্বোক্তানাং (পূর্ব্বোক্তগণের মধ্যে) গোপ্যঃ (গোপীগণ), গাবঃ (গোসকল), নগাঃ (যমলার্জ্জুনাদি বৃক্ষসমূহ), মৃগাঃ (মৃগসকল), অন্যে (অন্য) যে যে মূঢ়ধিয়ঃ (মূঢ়বুদ্ধি), নাগাঃ (কালিয়াদি নাগগণ), সিদ্ধাঃ (সিদ্ধসমূহ) তে (তাহারা) অপি (ও) মাম্ (আমাকে) অঞ্জসা (অনায়াসে) ঈয়ুঃ প্রাপুঃ (প্রাপ্ত হইয়াছে) ॥৮

যং (যে আমাকে) সাঙ্খ্যেন (সাঙ্খ্য), যোগেন (যোগ), দানব্রততপোঽধ্বরৈঃ (দানব্রত তপস্যা) (ও) ব্যাখ্যাস্বাধ্যায়-সন্ন্যাসৈঃ (শাস্ত্রব্যাখ্যা, স্বাধ্যায়—বেদপাঠ, সন্ন্যাসের দ্বারা) যত্নবান্ অপি (যত্ন করিয়াও) ন প্রাপ্নুয়াৎ (প্রাপ্ত হয় না) ॥৯

একমাত্র সাধুসঙ্গের দ্বারা দৈতেয়, রাক্ষস, পক্ষী, গন্ধর্ব্ব, অপ্সরা, নাগ, সিদ্ধ, চারণ, গুহ্যক ও বিদ্যাধরগণ ; মানুষ মধ্যে বৈশ্য, শূদ্র, স্ত্রী, অন্ত্যজজাতি, অধিক আর কি বলিব, রজঃ এবং তমঃপ্রকৃতি বহু প্রাণিগণ তৎ তৎ যুগে আমার পরমপদ প্রাপ্ত হইয়াছে।৩-৪

বৃত্রাসুর, প্রহ্লাদ, বৃষপর্ব্বা, বলি, বাণ, ময়, বিভীষণ, সুগ্রীব, হনুমান্, জাম্ববান্, গজ, গৃধ্র, তুলাধার, ধর্ম্ম-ব্যাধ, কুব্জা, ব্রজে গোপিকাসকল, যজ্ঞে যাজ্ঞিক ব্রাহ্মণপত্নীগণ আমার পদ লাভ করিয়াছে।৫-৬

তাহারা শ্রুতিসমূহ অধ্যয়ন কিংবা মহত্তম বিদ্বান্‌গণের সেবা, কখন কোন ব্রত অথবা তপস্যা আচরণ করে নাই ; কেবলমাত্র সৎসঙ্গের প্রভাবে আমাকে লাভ করিয়াছে।৭

একমাত্র আমাতে আবেশিত চিত্তের দ্বারাই গোপিকাকুল, গোগণ, যমলার্জ্জুনাদি বৃক্ষসকল, মৃগসমূহ, কালিয় প্রভৃতি নাগসমুদায় এবং অন্যান্য

রামেণ সার্দ্ধং মথুরাং প্রণীতে
শ্বাফল্কিনা ময্যনুরক্তচিত্তাঃ।
বিগাঢ়ভাবেন ন মে বিয়োগ-
তীব্রাধয়োঽন্যং দদৃশুঃ সুখায় ॥১০
তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেন নীতা
ময়ৈব বৃন্দাবনগোচরেণ।
ক্ষণার্দ্ধবৎ তাঃ পুনরঙ্গ তাসাং
হীনা ময়া কল্পসমা বভূবুঃ ॥১১

তা নাবিদন্ ময্যনুষঙ্গবদ্ধ-
ধিয়ঃ স্বমাত্মানমদস্তথেদম্।
যথা সমাধৌ মুনয়োঽব্ধিতোয়ে
নদ্যঃ প্রবিষ্টা ইব নাম-রূপে ॥১২

মৎকামা রমণং জারমস্বরূপবিদোঽবলাঃ।
ব্রহ্ম মাং পরমং প্রাপুঃ সঙ্গাচ্ছতসহস্রশঃ ॥১৩

শ্বাফল্কিনা (অক্রূরের দ্বারা) রামেণ (বলরামের) সার্দ্ধং (সহিত) মথুরাং (মথুরা) প্রণীতে (নীত হইলে) ময়ি (আমাতে) অনুরক্তচিত্তাঃ (অনুরক্তচিত্তা) (গোপীগণ) বিয়োগতীব্রাধয়ঃ (বিয়োগরূপ দুঃসহ মনঃপীড়ায়) বিগাঢ়ভাবেন (প্রগাঢ় প্রেমহেতু) মে (আমা ব্যতীত) অন্যং (অন্য) সুখায় (সুখের নিমিত্ত) ন দদৃশুঃ (দেখে নাই) ॥১০

প্রেষ্ঠতমেন (প্রিয়তম) বৃন্দাবনগোচরেণ (আমি যখন বৃন্দাবনে ছিলাম), তাঃ তাঃ এব (সেই সেই) ক্ষপাঃ (রাত্রিসকল) ময়া (আমার সহিত) ক্ষণার্দ্ধবৎ (ক্ষণার্দ্ধের ন্যায়) নীতাঃ (অতিবাহিত করিত) পুনঃ (পুনরায়); ময়া (আমি) হীনাঃ (হীন) তাঃ (সেই) রাত্রয়ঃ (রাত্রিসকল) তাসাং (গোপীগণের) কল্পসমাঃ বভূবুঃ (কল্প কালের সমান হইয়াছিল) ॥১১

সমাধৌ (সমাধিতে) প্রবিষ্টাঃ (প্রবিষ্ট) মুনয়ঃ (মুনিসকল) অব্ধিতোয়ে (সাগর সলিলে) প্রবিষ্টাঃ নদ্যঃ ইব (নদীর ন্যায়) (আপনাদের) নামরূপে (নামরূপ) ন অবিদন্ (জানিতে পারেন না), তথা (তদ্রূপ) ময়ি (আমাতে) অনুষঙ্গবদ্ধধিয়ঃ (আবদ্ধচিত্তা) তাঃ (সেই গোপীগণ) ইদং (নিকটস্থ) স্বম্ (স্বীয়) আত্মানম্ (দেহ) অদঃ (দূরস্থ পতিপুত্রাদিকেও বিস্মৃত হইয়াছিল) ॥১২

মৎকামাঃ (আমাতে অনুরক্তা) (অথচ) অস্বরূপবিদঃ (আমার স্বরূপ অনভিজ্ঞা) অবলাঃ (সেই গোপীগণ) শতসহস্রশঃ (বহুকাল ব্যাপিয়া) সঙ্গাৎ (সৎসঙ্গহেতু) রমণং (তাহাদের সহিত রমমাণ) জারং (উপপতিরূপে আমাকে জানিয়াও) পরমং (পরম) ব্রহ্ম (ব্রহ্ম) মাং (আমাকে) প্রাপুঃ (প্রাপ্ত হইয়াছিল) ॥১৩

আরও মূঢ়বুদ্ধিজনগণ কৃতার্থ হইয়া অনায়াসে আমাকে প্রাপ্ত হইয়াছে।৮

যত্নবান্ হইয়াও যোগ, সাঙ্খ্য, দান, ব্রত, তপস্যা, যজ্ঞ, ব্যাখ্যা, স্বাধ্যায় ও সন্ন্যাসের দ্বারা মানবগণ যে আমাকে লাভ করিতে সমর্থ হয় না, কেবল সৎসঙ্গের দ্বারা সেই আমাকে লাভ করিয়া থাকে।৯

অক্রূর রামের সহিত আমায় মথুরা লইয়া যাইলে পরম প্রেমে অনুরক্তচিত্তা গোপীগণ আমার বিয়োগে অসহনীয় মনোবেদনায় আমি ভিন্ন অন্য কিছু সুখের কারণ দেখে নাই, তাহারা দিবানিশি কেবলমাত্র আমারই চিন্তা করিয়াছিল।১০

হে উদ্ধব! আমি যখন বৃন্দাবনে ছিলাম প্রিয়তম আমার সহিত গোপীগণের যে যে রাত্রিসকল ক্ষণার্দ্ধের ন্যায় অতিবাহিত হইত; আমাবিহীন সেই সেই রাত্রি তাহাদের নিকট কল্পের সমান মনে হইয়াছিল।১১

আমাতে আসক্তির দ্বারা বদ্ধচিত্তা গোপীসকল পতিপুত্রাদি মমতা আস্পদ বস্তু, অহঙ্কার আস্পদ দেহ, পরলোক ও ইহলোক জানিতে পারে নাই। তাহারা সমাধিকালে মুনিগণের ন্যায়, সমুদ্রে নদীসমূহের মত নাম-রূপ পরিত্যাগপূর্ব্বক আমাতেই

তস্মাৎ ত্বমুদ্ধবোৎসৃজ্য চোদনাং প্রতিচোদনাম্।
প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ শ্রোতব্যং শ্রুতমেব চ ॥১৪

মামেকমেব শরণমাত্মানং সর্ব্বদেহিনাম্।
যাহি সর্ব্বাত্মভাবেন ময়া স্যা হ্যকুতোভয়ঃ ॥১৫

উদ্ধব উবাচ।

সংশয়ঃ শৃণ্বতো বাচং তব যোগেশ্বরেশ্বর।
ন নিবর্ত্তত আত্মস্থো যেন ভ্রাম্যতি মে মনঃ ॥১৬

শ্রীভগবানুবাচ।

স এষ জীবো বিবরপ্রসূতিঃ
প্রাণেন ঘোষেণ গুহাং প্রবিষ্টঃ।
মনোময়ং সূক্ষ্মমুপেত্য রূপং
মাত্রা স্বরো বর্ণ ইতি স্থবিষ্ঠঃ ॥১৭

যথানলঃ খেঽনিলবন্ধুরূষ্মা
বলেন দারুণ্যধিমথ্যমানঃ।
অণুঃ প্রজাতো হবিষা সমিধ্যতে
তথৈব মে ব্যক্তিরিয়ং হি বাণী ॥১৮

তস্মাৎ (অতএব) উদ্ধব (হে উদ্ধব)! ত্বং (তুমি) চোদনাং (শ্রুতি) প্রতিচোদিনাং (স্মৃতি) প্রবৃত্তং (প্রবৃত্ত কর্ম্ম) চ (ও) নিবৃত্তং (নিবৃত্ত কর্ম্ম) চ (এবং) শ্রোতব্যং (শ্রবণীয়) চ (আর) শ্রুতম্ (শ্রুত) এব (ও) উৎসৃজ্য (বিসর্জ্জন করত) সর্ব্বাত্মভাবেন (সর্ব্বাত্মভাবে) সর্ব্বদেহিনাম্ (সমস্ত শরীরিগণের) একম্ এব (একমাত্র) আত্মানং (আত্মা) মাম্ (আমাকে) শরণং (শরণ) যাহি (গ্রহণ কর), ময়া (আমার দ্বারা) হি (ই) (তুমি) অকুতোভয়ঃ (সর্ব্বত্র ভয়শূন্য) স্যাঃ (হও) ॥১৪ ১৫

উদ্ধবঃ উবাচ (উদ্ধব কহিলেন),—যোগেশ্বরেশ্বর (হে যোগেশ্বরের ঈশ্বর)! তব (আপনার) বাচং (বাক্য) শৃণ্বতঃ (শ্রবণ করিয়া আমার) আত্মস্থঃ (হৃদয়স্থিত) সংশয়ঃ (সন্দেহ) ন নিবর্ত্ততে (নিবর্ত্তিত হইতেছে না), যেন (সেই) (সংশয়ের দ্বারা) মে (আমার) মনঃ (মন) ভ্রাম্যতি (ভ্রমিত হইতেছে ॥১৬

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—সঃ (সেই) এষঃ (এই) জীবঃ (পরমাত্মা) বিবরপ্রসূতিঃ (আধারাদি চক্রে অভিব্যক্ত হইয়া) ঘোষেণ (পরাখ্য নাদবিশিষ্ট) প্রাণেন (প্রাণের সহিত) গুহাং (আধারচক্রে) প্রবিষ্টঃ (প্রবিষ্ট হইয়া) মনোময়ং (মনোময়) সূক্ষ্মং (সূক্ষ্ম) রূপম্ (রূপ) উপেত্য (প্রাপ্ত হইয়া) মাত্রা (মাত্রা) স্বরঃ (স্বর) বর্ণঃ (বর্ণ) ইতি (এই) স্থবিষ্ঠঃ (অতি স্থূল নানা বেদাত্মক) (হন) ॥১৭

(প্রথমাবস্থায়) অনলঃ (অগ্নি) যথা (যেমন) খে (কাষ্ঠস্থ আকাশে) (অতি সূক্ষ্মরূপ) ঊষ্মা (কেবল তাপরূপ) (তাহাই মধ্যম অবস্থায়) দারুণি (কাষ্ঠমধ্যে) অধিমথ্যমানঃ) (অধিক মথ্যমান) অনিলবন্ধুঃ (বায়ুসহায়) সন্ (হইয়া) অণুঃ (কিঞ্চিৎ স্থূলাকারে ব্যক্তরূপ) প্রজাতঃ (হয়), (শেষে) হবিষা (ঘৃতের দ্বারা) (যেমন) সমিধ্যতে (বর্দ্ধিত, সম্যগ্ ব্যক্তরূপ হয়), তথা (তদ্রূপ) এব (ই) মে (আমার) ইয়ং (এই) বাণী (বেদরূপা-বাণী) ব্যক্তিঃ (অভিব্যক্ত হইয়া থাকে) ॥১৮

প্রবিষ্টা হইয়াছিল।১২

আমার স্বরূপ-অনভিজ্ঞা, আমাতে অত্যন্ত আসক্তচিত্তা অবলাসকল সৎসঙ্গ-প্রভাবে সর্ব্বতোভাবে রতিসুখপ্রদ জারবুদ্ধিতেও পরমব্রহ্ম আমাকে লাভ করিয়াছিল।১৩

অতএব হে উদ্ধব! তুমি শ্রুতি-স্মৃতি-বিহিত কর্ম্ম, অতিবাহিত কর্ম্ম ও শ্রোতব্য সমস্ত পরিত্যাগপূর্ব্বক 'কাল, কর্ম্ম স্বভাবাদির নিয়ন্তা আমি' এই নিশ্চয়ে সমস্ত দেহিগণের আত্মা একমাত্র আমার শরণ গ্রহণ কর—আমার দ্বারাই তুমি অকুতোভয়—সর্ব্বত্র ভীতি বিরহিত হইবে।১৪-১৫

শ্রীউদ্ধব বলিলেন—হে যোগেশ্বরেশ্বর! আপনার বাক্য শ্রবণ করত কার্য্য ত্যাজ্য কিনা এইরূপ মনস্থিত সংশয় নিবারিত হইতেছে না—যে সন্দেহের দ্বারা আমার মন বিভ্রান্ত হইতেছে; অতএব আপনি তাহা ছেদন করুন।১৬

এবং গদিঃ কর্ম্ম গতিবিসর্গো
ঘ্রাণো রসো দৃক্ স্পর্শঃ শ্রুতিশ্চ।
সঙ্কল্পবিজ্ঞানমথাভিমানঃ
সূত্রং রজঃ-সত্ত্ব-তমোবিকারঃ ॥১৭
অয়ং হি জীবস্ত্রিবৃদব্জযোনি-
রব্যক্ত একো বয়সা স আদ্যঃ।
বিশ্লিষ্টশক্তির্বহুধেব ভাতি
বীজানি যোনিং প্রতিপদ্য যদ্বৎ ॥২০
যস্মিন্নিদং প্রোতমশেষমোতং
পটো যথা তন্তুবিতানসংস্থঃ।
য এষ সংসারতরুঃ পুরাণঃ
কর্ম্মাত্মকঃ পুষ্পফলে প্রসূতে ॥২১

এবং (এইরূপ) (আমার) গদিঃ (ভাষণ), কর্ম্ম গতিঃ (করের কর্ম্ম, চরণের গতি), বিসর্গঃ (পায়ুপস্থের মলমূত্র ত্যাগ), ঘ্রাণঃ (নাসিকার ঘ্রাণ), রসঃ (রসনার রসাস্বাদ), দৃক্ (নয়নের দর্শন), স্পর্শঃ (ত্বকের স্পর্শ), শ্রুতিঃ (কর্ণের শ্রবণ), সংকল্প (মনের সংকল্প), বিজ্ঞানম্ (বুদ্ধির বিজ্ঞান), অভিমানঃ (অহঙ্কারের অভিমান), সূত্রং (প্রধানের, প্রকৃতির) রজঃ-সত্ত্ব-তমোবিকারঃ (রজঃ-সত্ত্ব-তমোরূপ বিকার) (আমার অভিব্যক্তি)॥১৭

বীজানি (বীজসকল) যদ্বৎ (যেমন) যোনিং (ক্ষেত্র) প্রতিপদ্য (লাভ করিয়া, পতিত হইয়া) বহুধা ইব (বহু প্রকারের ন্যায়) (হয়, সেইরূপ) অয়ং (এই) হি (ই) অব্জযোনিঃ (লোকরূপ পদ্মের কারণভূত) ত্রিবৃৎ (ত্রিগুণাশ্রয়) অব্যক্তঃ (অব্যক্ত) আদ্যঃ (আদ্য) জীবঃ (ঈশ্বর) বয়সা (কালের দ্বারা) বিশ্লিষ্টশক্তিঃ (বাগ্ ইন্দ্রিয়াদিরূপ বিভক্তশক্তি হইয়া) বহুধা (দেব-মানবাদি বহুপ্রকারে) ভাতি (প্রকাশিত হন)॥২০

তন্তু-বিতান সংস্থঃ (সূত্রসংস্থানে স্থিত) পটঃ (বস্ত্র) যথা (যেমন) (তদ্রূপ) যস্মিন্ (যাহাতে) ইদং (এই) বিশ্বম্ (বিশ্ব) ওতং প্রোতং (সর্ব্বতোভাবে জড়িত) যঃ (যিনি) [সঃ] (তিনি) এষঃ (এই) কর্ম্মাত্মকঃ (কর্ম্মাত্মক প্রবৃত্তি) পুরাণঃ (পুরাতন) সংসারতরুঃ (সংসারবৃক্ষ) পুষ্পফলে (ভোগ অপবর্গরূপ পুষ্পফল) প্রসূতে (প্রসব করেন)॥২১

শ্রীভগবান্ বলিলেন,—সেই এই পরমাত্মা আধারাদি চক্রে অভিব্যক্ত হইয়া পরাখ্য নাদবিশিষ্ট প্রাণের সহিত আধার চক্রে প্রবেশপূর্ব্বক প্রাণময় পরানামে সূক্ষ্মরূপে, মণিপুর চক্রে মনোময় পশ্যন্তী নামে, হৃদয়ে মধ্যমা নামে, পরে কণ্ঠস্থ বিশুদ্ধচক্রে উপস্থিত হইয়া মুখে বৈখরী নামে মাত্রা হ্রস্ব-দীর্ঘাদি পরে উদাত্তাদি স্বর, অকারাদি বর্ণরূপে অনন্তর স্থূল বেদরূপে আমিই পরিণত হইয়া থাকি।১৭

প্রথমাবস্থায় যেমন বহ্নি কাষ্ঠস্থ আকাশে অতি সূক্ষ্মরূপ অব্যক্ত তাপরূপ, তাহাই মধ্যম অবস্থায় কাষ্ঠমধ্যে অধিক মথ্যমান বলপূর্ব্বক ঘর্ষণে সূক্ষ্মরূপ হয়, অনন্তর বায়ু-সহায় হইয়া কিঞ্চিৎ স্থূলাকারে ব্যক্তরূপ হয়—পরে ঘৃতের দ্বারা সম্বর্দ্ধিত হইয়া থাকে, তদ্রূপ আমার এই বাণীও পশ্যন্তী-মধ্যমা-বৈখরীরূপে অভিব্যক্ত হইয়া থাকে।১৮

এবংবিধ বাগিন্দ্রিয়ের কর্ম্মভাষণ, করের কর্ম্ম আদান, চরণের গতি, পায়ু ও উপস্থের মলমূত্রত্যাগ, নাসিকার ঘ্রাণ, রসনায় রসাস্বাদ, নয়নের দর্শন, ত্বকের স্পর্শ, কর্ণের শ্রবণ, মনের সঙ্কল্প, বুদ্ধির বিজ্ঞান অহঙ্কারের অভিমান, প্রধানের রজঃ-সত্ত্ব-তমোবিকার আমারই অভিব্যক্তি।১৯

যেমন বীজসকল ক্ষেত্রে পতিত হইয়া বহুপ্রকারের ন্যায় হয়, তদ্রূপ লোকরূপ পদ্মের নিমিত্তভূত ত্রিগুণাশ্রয় অব্যক্ত আদ্য ঈশ্বর কালের দ্বারা বাগিন্দ্রিয়াদিরূপ বিভক্তশক্তি হইয়া দেব-মানব-তির্য্যগ্ আদি বহুরূপে প্রতিভাত হইয়া থাকেন।২০

সূত্রসমূহে সংস্থিত বস্ত্র যেমন দীর্ঘতন্তুসকলে ওত, তির্য্যক্-তন্তুসমুদয়ে প্রোত, তদ্রূপ এই বিশ্বও যে কারণাত্মক ঈশ্বরে সম্পূর্ণরূপে ওতপ্রোত— তাহা হইতে পৃথক্ হয় না, সেই সমষ্টি ও ব্যষ্ট্যাত্মক

দ্বে অস্য বীজে শতমূলস্ত্রিনালঃ
পঞ্চস্কন্ধঃ পঞ্চরসপ্রসূতিঃ।
দশৈকশাখো দ্বিসুপর্ণনীড়-
স্ত্রিবল্কলো দ্বিফলোঽর্কং প্রবিষ্টঃ ॥২২

অদন্তি চৈকং ফলমস্য গৃধ্রা
গ্রামেচরা একমরণ্যবাসাঃ।
হংসা য একং বহুরূপমিজ্যৈ-
র্মায়াময়ং বেদ স বেদ বেদম্ ॥২৩

দ্বে (দুইটী, পুণ্য পাপ) অস্য (ইহার) বীজে (বীজ), সঃ (সেই) শতমূলঃ (অপরিমিত বাসনারূপ শতমূল), ত্রিনালঃ (সত্ত্বাদিগুণরূপ ত্রিনাল), পঞ্চস্কন্ধঃ (পঞ্চভূতরূপ পঞ্চস্কন্ধ), পঞ্চরসঃ (পঞ্চ শব্দাদি বিষয় রস), প্রসূতিঃ (নিখিল প্রপঞ্চের প্রসব কর্ত্তা), দশৈকশাখঃ (একাদশ ইন্দ্রিয় শাখা), দ্বিসুপর্ণনীড়ঃ (জীবাত্মা পরমাত্মারূপ পক্ষীদ্বয়ের কুলায়), ত্রিবল্কলঃ (বাতপিত্ত শ্লেষ্মারূপ ত্রিবল্কল), দ্বিফলঃ (সুখদুঃখরূপ দুইটী ফল), সঃ (তাহা) অর্কং প্রবিষ্টঃ (সূর্য্যমণ্ডল পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া রহিয়াছে) ॥২৩

অস্য (ইহার) একং (একটি) ফলং (দুঃখরূপ ফল) গৃধ্রাঃ (কামী) গ্রামেচরাঃ (গৃহস্থগণ) অদন্তি (ভোজন করেন), অরণ্যবাসাঃ (সন্ন্যাসী) হংসাঃ (পরমহংস বিবেকিগণ) একং (একটি সুখরূপ ফল ভোগ করিয়া থাকেন), যঃ (যিনি) ইজ্যৈঃ (পূজ্য গুরুগণের নিকট) বহুরূপং (বহুরূপ) (এই) মায়াময়ং (মায়াময় সংসার) বেদ (জানেন), সঃ (তিনি) বেদং (বেদতত্ত্বার্থ) বেদ (অবগত হন) ॥২৩

শরীর তাহাই কর্ম্মাত্মক প্রবৃত্তি স্বভাব অনাদি সংসার-তরু অদৃষ্টরূপে পুষ্প ও সুখদুঃখাদিরূপ ফল প্রসব করে ॥২১

এই বৃক্ষে পুণ্য ও পাপরূপ দুইটী বীজ, অপরিমিত বাসনারূপ শতমূল, সত্ত্বাদিগুণরূপ ত্রিনাল, পঞ্চমহাভূতরূপ পঞ্চস্কন্ধ, শব্দাদি পঞ্চবিষয় রস, নিখিল সংসারের প্রসবকর্ত্তা একাদশ ইন্দ্রিয় শাখা, জীবাত্মা-পরমাত্মা রূপ দুইটী কুলায়, বাত পিত্ত শ্লেষ্মারূপ ত্রি-বল্কল, সুখ-দুঃখরূপ দুইটী ফল সূর্য্যমণ্ডল পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া আছে।২২

এই শরীর-বৃক্ষের দুঃখাত্মক একটি ফল গৃধ্র (বিষয়াভিলাষী) গৃহস্থগণ ভোজন করে এবং হংস (বিবেকী অরণ্যবাসী সন্ন্যাসী) সকল সুখরূপ ফল ভোজন করেন। এইরূপ মায়াময় বহুরূপে জাত, একমাত্র পরমাত্মাকে পূজনীয় গুরুমুখে যিনি অবগত হন, তিনিই বেদতত্ত্বার্থ বিদিত হইয়াছেন।২৩

এবং গুরূপাসনয়ৈকভক্ত্যা
বিদ্যাকুঠারেণ শিতেন ধীরঃ।
বিবৃশ্চ্য জীবাশয়মপ্রমত্তঃ
সম্পদ্য চাত্মানমথ ত্যজাস্ত্রম্ ॥২৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ একাদশস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২

উদ্ধব (হে উদ্ধব)! (তুমি) অপ্রমত্তঃ (অবহিত), ধীরঃ (ধীর) সন্ (হইয়া) একভক্ত্যা (একান্ত ভক্তির দ্বারা) গুরূপাসনয়া (গুরু উপাসনা) শিতেন (শাণিত) বিদ্যাকুঠারেণ (বিদ্যাকুঠারের দ্বারা) এবং (এইরূপ) জীবাশয়ং (লিঙ্গশরীর) বিবৃশ্চ্য (ছেদন করত) চ (ও) আত্মানং (পরমাত্মাকে) সম্পদ্য (প্রাপ্ত হইয়া) অথ (অনন্তর) অস্ত্রং (সাধনোপায় কর্ম্মাদি) ত্যজ (ত্যাগ কর) ॥২৪

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে দ্বাদশোধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

উক্তপ্রকার সাবধান জিতেন্দ্রিয় হইয়া একান্ত ভক্তিসহকারে গুরু-উপাসনারূপ শাণিত বিদ্যা-কুঠারের দ্বারা দেহাদিতে আত্মাধ্যাস ছেদন করিয়া পরমাত্মাকে প্রাপ্ত হইয়া অনন্তর সাধনের উপায় কর্ম্মাদি ত্যাগ কর।২৪ (১)

(১) গুরু-উপাসনারূপ শাণিত "বিদ্যা" কি? -
—"অহং ব্রহ্মাস্মি" "আমি ব্রহ্ম"—ইহার নাম বিদ্যা। ইহার দ্বারা "আমি দেহ" রূপ অবিদ্যাকে নাশ করিতে হয়।
—জীব ও ঈশ্বর কি এক?
—জীব ঈশ্বরের অংশ, জীবের দেহাভিমান দূর হইলেই 'আমি ঈশ্বর' "অহং ব্রহ্মাস্মি" এই জ্ঞান লাভ হয়।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
দ্বাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ অধ্যায়ঃ।

[হংসরূপিণঃ শ্রীভগবতো ব্রহ্মণে জ্ঞানোপদেশঃ।]

সত্ত্বং রজস্তম ইতি গুণা বুদ্ধের্ন চাত্মনঃ।
সত্ত্বেনান্যতমৌ হন্যাৎ সত্ত্বং সত্ত্বেন চৈব হি ॥১

সত্ত্বাদ্ধর্ম্মো ভবেদ্ বৃদ্ধাৎ পুংসো মদ্ভক্তিলক্ষণঃ।
সাত্ত্বিকোপাসয়া সত্ত্বং ততো ধর্ম্মঃ প্রবর্ত্ততে ॥২

ধর্ম্মো রজস্তমো হন্যাৎ সত্ত্ববৃদ্ধিরনুত্তমঃ।
আশু নশ্যতি তন্মূলো হ্যধর্ম্ম উভয়ে হতে ॥৩

আগমোঽপঃ প্রজা দেশঃ কালঃ কর্ম্ম চ জন্ম চ।
ধ্যানং মন্ত্রোঽথ সংস্কারো দশৈতে গুণহেতবঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—সত্ত্বং (সত্ত্ব) রজঃ (রজঃ) তমঃ (তম) ইতি (এই) গুণাঃ (গুণত্রয়) বুদ্ধেঃ (প্রকৃতির) আত্মনঃ (আত্মার) ন (নহে), সত্ত্বেন (সত্ত্ববৃত্তির দ্বারা) অন্যতমৌ (রজঃতমোকে) হন্যাৎ (জয় করিবে) চ (ও) সত্ত্বং (সত্য দয়াদি বৃত্তিরূপ সত্ত্ব) সত্ত্বেন (উপশমাত্মক সত্ত্বগুণের দ্বারা জয় করিবে) ॥১

বৃদ্ধাৎ (প্রবৃদ্ধ) সত্ত্বাৎ (সত্ত্বগুণ হইতে) পুংসঃ (পুরুষের) মদ্ভক্তিলক্ষণঃ (আমার ভক্তিলক্ষণ) ধর্ম্মঃ (ধর্ম্ম) ভবেৎ (হয়), ততঃ (অনন্তর) সাত্ত্বিকোপাসয়া (সাত্ত্বিক পদার্থের সেবার দ্বারা) ধর্ম্মঃ (ধর্ম্ম) প্রবর্ত্ততে (প্রবর্ত্তিত হয়) ॥২

অনুত্তমঃ (সর্ব্বোত্তম) সত্ত্ববৃদ্ধিঃ (সত্ত্ববৃদ্ধিকারণ) ধর্ম্মঃ (ধর্ম্ম) রজস্তমঃ (রজ ও তমোগুণকে) হন্যাৎ (হনন করে), উভয়ে (রজস্তম) হতে (হত হইলে) তন্মূলঃ (রজস্তমোজাত) অধর্ম্মঃ (অধর্ম্ম) আশু হি (সত্বরই) নশ্যতি (নষ্ট হয়) ॥৩

আগমঃ (শাস্ত্র), অপঃ (জল), প্রজাঃ (সন্ততিগণ), দেশঃ (পবিত্র দেশ), কালঃ (ব্রাহ্মমুহূর্ত্তাদি), কর্ম্ম (নিত্যকর্ম্ম), জন্ম (শ্রীবৈষ্ণব শৈব দীক্ষাদিরূপ জন্ম), ধ্যানং (শ্রীবিষ্ণুর ধ্যান) মন্ত্রঃ (প্রণবাদি মন্ত্র), অথ (এই সমস্ত হইতে সম্ভূত) সংস্কারঃ (সংস্কার),—এতে (এই) দশ (দশটি) গুণহেতবঃ (সত্ত্বাদির উৎপত্তির কারণ) ॥৪

ত্রয়োদশ অধ্যায়।

[হংসরূপী শ্রীভগবানের ব্রহ্মাকে জ্ঞানোপদেশ।]

বেদা যস্য শিরঃ প্রোক্তং শাস্ত্রাণ্যঙ্গানি যস্য চ।
অঙ্গানি যস্য রোমাণি প্রণবঃ স বিরাজতে॥

শ্রীভগবান্ বলিলেন,—সত্ত্ব রজঃ তমঃ এই গুণত্রয় প্রকৃতির—আত্মার নহে। সত্ত্বগুণের বৃদ্ধির দ্বারা রজ ও তমোগুণকে নিরস্ত করিবে; সত্ত্বকে সত্য দয়াদি বৃত্তিরূপ উপশমাত্মক সত্ত্বগুণের দ্বারা জয় করিবে।১

বৃদ্ধিপ্রাপ্ত সত্ত্বগুণ হইতে পুরুষের আমার ভক্তিলক্ষণ ধর্ম্ম হয়। সাত্ত্বিক পদার্থের সেবাদ্বারা সত্ত্বগুণ বর্দ্ধিত হইয়া থাকে—অনন্তর ধর্ম্ম নিষ্পাদিত হয়।২

অত্যুৎকৃষ্ট সত্ত্বগুণ হইতে যাহার বৃদ্ধি হয়, সেই ধর্ম্ম—রজঃ ও তমোগুণকে বিনাশ করে। উভয়ে (রজঃ ও তমঃ) হত হইলে তাহাদের মূল বিদ্যা—প্রতিবন্ধক অজ্ঞান সত্বরই বিনষ্ট হইয়া থাকে।৩

(১) শাস্ত্র, জল, প্রজাসমূহ, দেশ, কাল, কর্ম্ম, জন্ম, ধ্যান, মন্ত্র ও সংস্কার—এই দশটি পদার্থ সত্ত্বাদি গুণগণের উৎপত্তির হেতু।৪

---

(১) নিবৃত্তি-শাস্ত্রই সেবা করিবে। প্রবৃত্তি পাষণ্ডশাস্ত্র সেবা করিবে না। তীর্থ-সলিলই সেব্য—গন্ধোদক সুরাদি নহে। নিবৃত্ত জনগণের সঙ্গ করিবে, প্রবৃত্ত দুরাচারগণের সঙ্গ সর্ব্বদা ত্যাজ্য। নির্জ্জন স্থানে বাস করিবে—পথ বা দ্যূতকার সমীপে নহে। ব্রাহ্মমুহূর্ত্তাদি সময়ে ধ্যান করিবে—প্রদোষে নিশীথে নহে। নিত্যকর্ম্মের অনুষ্ঠান করিবে—কাম্য অভিচারাদি কর্ম্ম করিবে না। শ্রীবৈষ্ণব ও শৈব-দীক্ষালক্ষণ জন্ম, শাক্ত ক্ষুদ্রদীক্ষা রূপ নহে। ধ্যান শ্রীবিষ্ণুর—কামিনী বা শত্রুর নহে। মন্ত্র প্রণবাদি জপ করিবে। সংস্কার দ্বিবিধ। প্রথম অঙ্গরাগ—দ্রব্যাদির দ্বারা উদ্বর্ত্তন, মার্জ্জন, বিমলীকরণ, এইটী রজস্তমোগুণ বর্দ্ধক, ভজ্জন্য ত্যাজ্য। দ্বিতীয়—সত্ত্ব-শুদ্ধির দ্বারা আত্মার নির্ম্মলীকরণ—ইহাই আচরণীয়।

তত্তৎ সাত্ত্বিকমেবৈষাং যদ্ যদ্ বৃদ্ধাঃ প্রচক্ষতে।
নিন্দন্তি তামসং তৎ তদ্ রাজসং তদুপেক্ষিতম্ ॥৫

সাত্ত্বিকান্যেব সেবেত পুমান্ সত্ত্ববিবৃদ্ধয়ে।
ততো ধর্ম্মস্ততো জ্ঞানং যাবৎ স্মৃতিরপোহনম্ ॥৬

এষাং (ইহাদের মধ্যে) যৎ যৎ (যাহা যাহা) বৃদ্ধাঃ (জ্ঞানিগণ) প্রচক্ষতে (প্রশংসা করেন), তৎ তৎ (সেই সেই) এব (ই) সাত্ত্বিকং (সাত্ত্বিক); (যাহা যাহা) নিন্দন্তি (নিন্দা করেন), তৎ তৎ তামসং (সেই সকল তামস) (এবং যাহা উপেক্ষা করেন) তৎ (তাহা) রাজসং (রাজস) জানিবে ॥৫

যাবৎ (যাবৎ কাল পর্য্যন্ত) ধর্ম্মঃ (ধর্ম্ম), ততঃ (ধর্ম্ম হইতে) জ্ঞানং (জ্ঞান), ততঃ (জ্ঞান হইতে) স্মৃতিঃ (আত্মার পরোক্ষজ্ঞান), অপোহনং (ইন্দ্রিয়ের বৃত্তি—বিস্মৃতি হয়) তাবৎ (তদবধি) পুমান্ (পুরুষ) সত্ত্ববিবৃদ্ধয়ে (সত্ত্বগুণবৃদ্ধির জন্য) সাত্ত্বিকানি (সত্ত্ববৃদ্ধিকর যাহা যাহা তাহা) এব (ই) সেবেত (সেবা করিবেন) ॥৬

এই শাস্ত্রাদির মধ্যে জ্ঞানবৃদ্ধগণ যাহা যাহা প্রশংসা করেন, সেই সেই সাত্ত্বিক, যাহা যাহা নিন্দা করেন, তাহা তাহা তামস, আর যাহা উপেক্ষা করেন তাহা রাজস।৫

যে পর্য্যন্ত বিষয়িণী স্মৃতি নিরাশ না হয়, দেহাত্মাভিমান দূর না হয়, তাবৎকাল সত্ত্বগুণ বিশেষরূপে বৃদ্ধির জন্য পুরুষ সত্ত্ববৃদ্ধিকর পদার্থের সেবা করিবেন। সেই সাত্ত্বিক সেবায় ধর্ম্ম হয়, অনন্তর জ্ঞান—পরমাত্মসাক্ষাৎকার হইয়া থাকে।৬

বেণুসঙ্ঘর্ষজো বহ্নির্দগ্ধ্বা শাম্যতি তদ্বনম্।
এবং গুণব্যত্যয়জো দেহঃ শাম্যতি তৎক্রিয়ঃ ॥৭

উদ্ধব উবাচ।

বিদন্তি মর্ত্ত্যাঃ প্রায়েণ বিষয়ান্ পদমাপদাম্।
তথাপি ভুঞ্জতে কৃষ্ণ তৎ কথং শ্ব-খরাজবৎ ॥৮

বেণুসঙ্ঘর্ষজঃ (বেণুসঙ্ঘর্ষজাত) বহ্নিঃ (অগ্নি) (যেমন) তদ্বনং (সেই বন) দগ্ধ্বা (দগ্ধ করিয়া) শাম্যতি (শান্ত হয়), এবং (এইরূপ) গুণব্যত্যয়জঃ (সত্ত্ব রজঃ তমোগুণের মিলনে উৎপন্ন) দেহঃ (শরীর সাধন অভ্যাসের দ্বারা উৎপন্ন দেহোত্থ-জ্ঞান) তৎক্রিয়ঃ (তদ্রূপ জীবোপাধি দগ্ধ করিয়া) পশ্চাৎ (পশ্চাৎ) স্বয়ং (স্বয়ং) শাম্যতি (উপশান্ত হয়) ॥৭

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব কহিলেন),—মর্ত্ত্যাঃ (মানবগণ) প্রায়েণ (প্রায়ই) বিষয়ান্ (বিষয় সকল) আপদাং (আপদের) পদং (কারণ) বিদন্তি (জানেন), কৃষ্ণ (হে কৃষ্ণ)! তথাপি (তথাপি) শ্ব-খরাজবৎ (কুকুর, গর্দ্দভ ও ছাগের তুল্য) (তাহারা) কথং (কেন) তদ্ (তাহা) ভুঞ্জতে (ভোগ করেন) ॥৮

বেণুসংঘর্ষণে উৎপন্ন অনল যেমন তাহার কারণভূত বেণুবন দগ্ধ করিয়া স্বয়ংই নির্ব্বাপিত হয়, তদ্রূপ গুণত্রয়ের মিলনে সম্ভূত দেহ স্বতঃ উৎপন্ন জ্ঞানের দ্বারা স্বীয়কারণভূত গুণগণকে নিরাশ করত স্বয়ং উপশান্ত হইয়া থাকে।৭ (১)

শ্রীউদ্ধব বলিলেন,—হে কৃষ্ণ! মানবগণ প্রায়ই বিষয়সমূহ আপদের কারণ বলিয়া অবগত আছেন, তথাপি কুকুর, গর্দ্দভ ও ছাগের মত তাঁহারা কি হেতু সেই বিষয় ভোগ করিয়া থাকেন?৮

---

(১) স্বতঃ উৎপন্ন জ্ঞান কি?

—আমি ব্রহ্ম। মানুষের যেমন যেমন সত্ত্বশুদ্ধি হইতে থাকে, তেমন তেমন ভিতর হইতে "অহং ব্রহ্মাস্মি" এই নিঃশব্দ পরাবাণী উঠিতে থাকে।

—মন্ত্রজপের দ্বারা দেবতা দর্শন হয়—তাহা কি মিথ্যা?

—না। সগুণ মন্ত্র জপের দ্বারা সগুণ দেবতার সাক্ষাৎকার লাভ হয়। দেবতা বর দেন—সগুণ মন্ত্র ইষ্ট-অঙ্গে লীন হইয়া যায়, নির্গুণ-মন্ত্র ওঙ্কার নাদরূপে সুষুম্নায় নিরন্তর ধ্বনিত হইতে থাকে।

—তারপর?

শ্রীভগবানুবাচ।

অহমিত্যন্যথাবুদ্ধিঃ প্রমত্তস্য যথা হৃদি।
উৎসর্পতি রজো ঘোরং ততো বৈকারিকং মনঃ ॥৯
রজোযুক্তস্য মনসঃ সঙ্কল্পঃ সবিকল্পকঃ।
ততঃ কামো গুণধ্যানাদ্ দুঃসহঃ স্যাদ্ধি দুর্ম্মতেঃ ॥১০

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—প্রমত্তস্য (বিবেকহীনের) হৃদি (হৃদয়ে) যথা (যথাবৎ) দেহাদৌ (দেহাদিতে) অহম্ (আমি) ইতি (এই) অন্যথাবুদ্ধিঃ (মিথ্যাজ্ঞান) উৎসর্পতি (উপস্থিত হয়), ততঃ (অহংবুদ্ধির) ঘোরং (দারুণ) রজঃ (রজঃ) বৈকারিকং (সত্ত্বপ্রধান) মনঃ (মনকে) ও ব্যাপ্ত করে ॥৯

রজোযুক্তস্য (রজোযুক্ত) মনসঃ (মনের) সবিকল্পকঃ (ইহা ভোগ্য এইরূপ বিবিধ বিকল্পযুক্ত) সংকল্পঃ (সংকল্প) স্যাৎ (হয়), ততঃ (অনন্তর) গুণধ্যানাৎ (গুণের ধ্যান হইতে) দুর্মতেঃ (দুর্মতি পুরুষের) দুঃসহঃ (দুঃসহ) কামঃ (কাম) স্যাৎ (হয়) ॥১০

শ্রীভগবান্ বলিলেন,—বিচার-বিহীন মানবের প্রথমে দেহাদিতে অহং-মিথ্যাবুদ্ধি হৃদয়ে উৎপন্ন হয়—অনন্তর সত্ত্বকার্য্যহেতু সত্ত্বপ্রধান মনের প্রতিও দুঃখ-কারণ দারুণ রজঃ মনকে ব্যাপ্ত করে।৯

রজোগুণযুক্ত মনের ইহা ভোগ্য এইরূপ নানাবিধ বিকল্পযুক্ত সঙ্কল্প হয়, অনন্তর গুণের ধ্যান করিতে করিতে তাহা হইতে দুর্মতি পুরুষের অসহনীয় কাম সমুৎপন্ন হইয়া থাকে।১০

করোতি কামবশগঃ কর্ম্মাণ্যবিজিতেন্দ্রিয়ঃ।
দুঃখোদর্কাণি সম্পশ্যন্ রজোবেগ-বিমোহিতঃ ॥১১

রজস্তমোভ্যাং যদপি বিদ্বান্ বিক্ষিপ্তধীঃ পুনঃ।
অতন্দ্রিতো মনো যুঞ্জন্ দোষদৃষ্টির্ন সজ্জতে ॥১২

রজোবেগ-বিমোহিতঃ (রজোগুণপ্রবাহে বিক্ষুব্ধচিত্ত) অজিতেন্দ্রিয়ঃ (অজিতেন্দ্রিয়) (অতএব) কামবশগঃ (কামের বশীভূত) (জন) দুঃখোদর্কাণি (পরিণাম-দুঃখপ্রদ) সম্পশ্যন্ (জানিয়াও) কর্ম্মাণি (কর্ম্মসকল) করোতি (করে) ॥১১

যদপি (যদিও) বিদ্বান্ (বিদ্বান্) রজস্তমোভ্যাং (রজ ও তমোগুণের দ্বারা) বিক্ষিপ্তধীঃ (বিচলিত চিত্ত) (কখন কিছু হইলেও) অতন্দ্রিতঃ (জিতেন্দ্রিয় বলিয়া) (রজস্তমোগুণে) মনঃ যুঞ্জন্ (মন নিযুক্ত করিলেও) দোষদৃষ্টিঃ (তাহাতে দোষ দর্শন করিয়া) ন সজ্জতে (আসক্ত হন না) ॥১২

রজোগুণের বিষমপ্রবাহে বিমোহিত-চিত্ত, অজিতেন্দ্রিয়, কামের বশতাপন্ন মানব কর্ম্মসমূহ পরিণামে দুঃখ প্রদান করিয়া থাকে তাহা বিদিত হইয়াও কর্মসমূহের অনুষ্ঠান করে।১১

বিদ্বান্ (দেহাদি হইতে আত্মা ভিন্ন জ্ঞানবান্) যখন রজঃ ও তমোগুণের দ্বারা বিচলিত-চিত্ত হন, তখন পুনরায় আলস্য-রহিত হইয়া বিষয়ে দোষদর্শন করত মনোনিরোধ পূর্ব্বক বিষয়ে আসক্ত হন না (১)।১২

সেই নাদ শুনিতে শুনিতে অনুপম, অলৌকিক জ্যোতি আকাশ প্রভৃতির দর্শন হয়। "যদা যদা হি ধর্মস্য" "ব্রহ্মাস্মি" অরব রব ভিতর হইতে উত্থিত হইতে থাকে।

—ইহাই কি সাধনার শেষ?

—না। জ্যোতি, আকাশ, দেবতা, বিবিধ নাদ যতক্ষণ ব্রহ্মজ্ঞান না হয়, ততক্ষণ শুনিতে পাওয়া যায়। ব্রহ্মজ্ঞান হইলে দ্রষ্টব্য শ্রোতব্য কিছুই থাকে না।

(১) সাত্ত্বিকাদি গুণের কথা তুমি বিশেষভাবে বল।

—অহিংসা সত্যমস্তের-ব্রহ্মচর্য্যাপরিগ্রহাঃ।
অক্রোধো গুরুশুশ্রূষা শৌচং সন্তোষ আর্জ্জবম্ ॥
—শারীরকোপনিষৎ।

অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য, অপরিগ্রহ, অক্রোধ, গুরুসেবা, শৌচ, সন্তোষ, সরলতা, অমানিত্ব, অদম্ভিত্ব, আস্তিকত্ব অহিংস্রতা এই সকল সাত্ত্বিক গুণ।

আমি কর্তা, আমি ভোক্তা, আমি বক্তা—এই সমস্ত রাজস গুণ।

নিদ্রা, আলস্য, মোহ, অনুরাগ, মৈথুন, চৌর্য্য—ইহারা তামস গুণ।

অপ্রমত্তোঽনুযুঞ্জীত মনো ময্যর্পয়ন্ শনৈঃ।
অনির্বিণ্ণো যথাকালং জিতশ্বাসো জিতাসনঃ॥১৩
এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষ্যৈঃ সনকাদিভিঃ।
সর্বতো মন আকৃষ্য ময্যদ্ধাবেশ্যতে যথা॥১৪

উদ্ধব উবাচ।

যদা ত্বং সনকাদিভ্যো যেন রূপেণ কেশব।
যোগমাদিষ্টবানেতদ্ রূপমিচ্ছামি বেদিতুম্॥১৫

শ্রীভগবানুবাচ।

পুত্রা হিরণ্যগর্ভস্য মানসাঃ সনকাদয়ঃ।
পপ্রচ্ছুঃ পিতরং সূক্ষ্মাং যোগস্যৈকান্তিকীং
গতিম্॥১৬

সনকাদয় উচুঃ।

গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসি চ প্রভো।
কথমন্যোন্যসন্ত্যাগো মুমুক্ষোরতিতিতীর্ষোঃ॥১৭

অপ্রমত্তঃ (অবহিত) অনির্বিণ্ণঃ (বিষাদবিহীন) জিতশ্বাসঃ (শ্বাসজয়ী) জিতাসনঃ (আসন জয় করত) যথাকালং (ত্রি সন্ধ্যায়) ময়ি (আমাতে) মনঃ (মন) অর্পয়ন্ (অর্পণ করিয়া) শনৈঃ (ক্রমশঃ) যুঞ্জীত (সমাধি অবলম্বন করিবেন)॥১৩

যথা (যে প্রকারে) সর্ব্বতঃ (সমস্ত বিষয় হইতে) মনঃ (মনকে) আকৃষ্য (আকর্ষণ করিয়া) ময়ি (আমাতে) অদ্ধা (শীঘ্র) আবেশ্যতে (আবিষ্ট করিতে পারে), সনকাদিভিঃ (সনকাদি) মচ্ছিষ্যৈঃ (মদীয় শিষ্যগণ) এতাবান্ (এতাদৃশ) যোগঃ (যোগ) আদিষ্টঃ (উপদেশ করিয়াছেন)॥১৪

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব কহিলেন),—কেশব (হে কেশব)। ত্বং (আপনি) সনকাদিভ্যঃ (সনকাদিগণকে) যদা (যখন) যেন (যে) রূপেণ (রূপে) এতদ্রূপং (এইরূপ) যোগম্ (যোগ) আদিষ্টবান্ (উপদেশ করিয়াছিলেন), তৎ (তাহা) বেদিতুম্ (জানিতে) ইচ্ছামি (ইচ্ছা করি)॥১৫

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—হিরণ্যগর্ভস্য (ব্রহ্মার) সনকাদয়ঃ (সনকাদি) মানসাঃ (মানস) পুত্রাঃ (পুত্রগণ) পিতরং (পিতা ব্রহ্মাকে) যোগস্য (যোগের) ঐকান্তিকীং (ঐকান্তিকী) সূক্ষ্মাং (দুর্জ্ঞেয়া) গতিং পপ্রচ্ছুঃ (জিজ্ঞাসা করিয়াছিলেন)॥১৬

প্রভো (হে প্রভো)। গুণেষু (গুণসমূহে) চেতঃ (চিত্ত) আবিশতে (আবিষ্ট হয়) চ (ও) চেতসি (চিত্তে) গুণাঃ (গুণ সকল) (প্রবেশ করে), (অতএব) অতিতিতীর্ষোঃ (বিষয় অতিক্রম করিতে ইচ্ছুক) মুমুক্ষোঃ (মোক্ষাভিলাষীর) অন্যোন্যসংত্যাগঃ (পরস্পর মিলিত গুণ ও চিত্তের সম্বন্ধচ্ছেদ) কথং (কি প্রকারে) ভবেৎ (হইবে)?১৭

অনলস, সাবধান পুরুষ জিতশ্বাস ও জিতাসন হইয়া আনন্দরূপ আমাতে মন অর্পণ করিয়া ধীরে ধীরে স্থির করিবেন।১৩

বিষয় হইতে মন আকর্ষণ করত যেরূপে সাক্ষাৎ আমাতে স্থির করিতে পারা যায়, এতাদৃশ যোগ আমার শিষ্য সনকাদি কর্তৃক উপদিষ্ট হইয়াছে।১৪

শ্রীউদ্ধব বলিলেন,—হে কেশব। যখন যেরূপে আপনি সনকাদিগণকে ঐরূপ যোগ উপদেশ করিয়াছিলেন, আমি তাহা জানিতে ইচ্ছা করি।১৫

শ্রীভগবান্ বলিলেন,—চতুর্মুখ ব্রহ্মার মানস-পুত্র সনকাদিগণ যোগের দুর্জ্ঞেয়া ঐকান্তিকী সুনিশ্চিতা গতি (পরিণাম) পিতাকে জিজ্ঞাসা করেন।১৬

শ্রীসনকাদি বলিলেন,—হে প্রভো। স্বভাবতঃ রাগাদিবশে বিষয়সমূহে চিত্ত আসক্ত হয়, গুণসকলও বাসনারূপে চিত্তে প্রবেশ করে, অতএব সংসার-সাগর অতিক্রম করিতে ইচ্ছুক মুমুক্ষুর পরস্পর মিলিত গুণ ও চিত্তের সম্বন্ধ ত্যাগ (বিভাগ) কিরূপে হয়?১৭

সত্যজ্ঞান সাত্ত্বিক, ধর্ম্মজ্ঞান রাজস, তিমিরান্ধ তামস জ্ঞান।

শ্রীভগবানুবাচ।

এবং পৃষ্টো মহাদেবঃ স্বয়ম্ভূর্ভূতভাবনঃ।
ধ্যায়মানঃ প্রশ্নবীজং নাভ্যপদ্যত কর্ম্মধীঃ ॥১৮

স মামচিন্তয়দ্দেবঃ প্রশ্নপারতিতীর্ষয়া।
তস্যাহং হংসরূপেণ সকাশমগমং তদা ॥১৯

দৃষ্ট্বা মাং ত উপব্রজ্য কৃত্বা পাদাভিবন্দনম্।
ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা পপ্রচ্ছুঃ কো ভবানিতি ॥২০

ইত্যহং মুনিভিঃ পৃষ্টস্তত্ত্বজিজ্ঞাসুভিস্তদা।
যদবোচমহং তেভ্যস্তদুদ্ধব নিবোধ মে ॥২১

বস্তুনো যদ্যনানাত্ব আত্মনঃ প্রশ্ন ঈদৃশঃ।
কথং ঘটেত বো বিপ্রা বক্তুর্বা মে ক আশ্রয়ঃ ॥২২

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),— (সনকাদি কর্ত্তৃক) ভূতভাবনঃ (প্রাণিস্রষ্টা) ভগবান্ (ভগবান্) মহাদেবঃ (মহাদেব) স্বয়ম্ভূঃ (ব্রহ্মা) এবং (এইরূপ) পৃষ্টঃ জিজ্ঞাসিত) সন্ (হইয়া) ধ্যায়মানঃ (ধ্যান করিয়াও) কর্ম্মধীঃ (কর্ম্মে বিক্ষিপ্ত চিত্ত) (তিনি) প্রশ্নবীজং (প্রশ্নের মূল) ন অভ্যপদ্যত (ধরিতে পারিলেন না) ॥১৮

সঃ (সেই) দেবঃ (দেব ব্রহ্মা) প্রশ্নপার-তিতীর্ষয়া (প্রশ্নপার গমনের ইচ্ছায়) মাম্ (আমাকে) অচিন্তয়ৎ (চিন্তা করিলেন), তদা (তখন) হংসরূপেণ (হংসরূপে) তস্য (তাহার) সকাশম্ (সমীপে) অগমম্ (উপস্থিত হইলাম) ॥১৯

তে (সনকাদি তাহারা) মাং (আমাকে) দৃষ্ট্বা (দেখিয়া) ব্রহ্মাণম্ (ব্রহ্মাকে) অগ্রতঃ (অগ্রে) কৃত্বা (করিয়া) (আমার নিকটে) উপব্রজ্য (আসিয়া) (আমার) পাদাভিবন্দনং (পদবন্দনা) কৃত্বা (করত) (আমাকে) কঃ (কে) ভবান্ (আপনি) ইতি (ইহা) পপ্রচ্ছুঃ (জিজ্ঞাসা করিলেন) ॥২০

তদা (তখন) তত্ত্বজিজ্ঞাসুভিঃ (তত্ত্বজিজ্ঞাসু) (সেই সনকাদি) মুনিভিঃ (মুনিগণ কর্ত্তৃক) অহম্ (আমি) ইতি (এইরূপ) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) অহং (আমি) তেভ্যঃ (তাহাদিগকে) যং (যাহা) অবোচম্ (বলিয়াছিলাম), উদ্ধব (হে উদ্ধব)! (তাহা) মে (আমার নিকট) নিবোধ (অবগত হও) ॥২১

বিপ্রাঃ (হে বিপ্রগণ)! বঃ (তোমাদের) (কে আপনি) ঈদৃশঃ (এইরূপ) আত্মনঃ (আত্মসম্বন্ধে) প্রশ্নঃ (প্রশ্ন) কথং (কি প্রকারে) ঘটেত (সঙ্গত হয়), (যদি আত্মা সম্বন্ধীয় হয়, তাহা হইলে বস্তুনঃ (পরমাত্মরূপের) অনানাত্বে (একত্ব হইলে) বক্তুঃ (উত্তরদাতা আমার) বা কঃ (কি) আশ্রয়ঃ (কি করিয়া উত্তর দিব) ?২২

শ্রীভগবান্ বলিলেন,—সনকাদি কর্ত্তৃক প্রাণিগণের সৃষ্টিকারী ভগবান্ মহাদেব ব্রহ্মা এইরূপ জিজ্ঞাসিত হইয়া ধ্যান করিয়াও কর্ম্মে বিক্ষিপ্ত বুদ্ধিহেতু প্রশ্নের মূল বিদিত হইতে পারিলেন না।১৮

যখন সেই দেব প্রজাপতি প্রশ্নের উত্তর জিজ্ঞাসার জন্য আমাকে চিন্তা করিলেন, তখন আমি হংসরূপ ধারণপূর্ব্বক ব্রহ্মার সমীপে উপস্থিত হইলাম।১৯

অতঃপর সনকাদি আমাকে দর্শন করত ব্রহ্মাকে অগ্রে করিয়া আমার নিকটে আগমনপূর্ব্বক চরণ বন্দনান্তর "আপনি কে" ইহা জিজ্ঞাসা করিলেন।২০

এইরূপ তত্ত্বজিজ্ঞাসু মুনিগণ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তখন তাঁহাদিগকে আমি যাহা বলিয়াছিলাম—হে উদ্ধব! তুমি আমার সেই বচন শ্রবণ কর।২১

(শ্রীহংস উবাচ, শ্রীহংস বলিলেন)—হে বিপ্রগণ! পরমাত্মভূত জীবের সম্বন্ধে "কে আপনি" এই প্রশ্ন যদি তোমরা করিয়া থাক, তাহা হইলে আত্মার অনানাত্ব চৈতন্যের একরূপতাহেতু বিশেষ অংশ নির্দ্দেশ অযোগ্যত্বের কারণ তোমাদের এইরূপ প্রশ্ন কি প্রকারে সম্ভব হয়—উত্তরদাতা আমার আশ্রয় কি? আত্মার একত্ব নিমিত্ত কি ভেদ আশ্রয় করত উত্তর দান করিব ?২২ (১)

---

(১) ভগবান্ কি বলিলেন ?
—এই আত্মা ব্যতীত সংসারে দ্বিতীয় কোন পদার্থ নাই।

পঞ্চাত্মকেষু ভূতেষু সমানেষু চ বস্তুতঃ।
কো ভবানিতি বঃ প্রশ্নো বাচারম্ভো হ্যনর্থকঃ ॥২৩
মনসা বচসা দৃষ্ট্যা গৃহ্যতেঽন্যৈরপীন্দ্রিয়ৈঃ।
অহমেব ন মত্তোঽন্যদিতি বুধ্যধ্বমঞ্জসা ॥২৪
গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসি চ প্রজাঃ।
জীবস্য দেহ উভয়ং গুণাশ্চেতো মদাত্মনঃ ॥২৫
গুণেষু চাবিশচ্চিত্তমভীক্ষ্ণং গুণসেবয়া।
গুণাশ্চ চিত্তপ্রভবা মদ্রূপ উভয়ং ত্যজেৎ ॥২৬
জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তঞ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ।
তাসাং বিলক্ষণো জীবঃ সাক্ষিত্বেন বিনিশ্চিতঃ ॥২৭
যর্হি সংসৃতিবন্ধোঽয়মাত্মনো গুণবৃত্তিদঃ।
ময়ি তুর্যে স্থিতো জহ্যাৎ ত্যাগস্তদ্‌গুণচেতসাম্ ॥২৮

পঞ্চাত্মকেষু (পঞ্চাত্মক) ভূতেষু (ভূতসমূহে) বস্তুতঃ (পরমার্থতঃ) সমানেষু (দেব-মনুষ্যাদি শরীরসমূহ সমান হইলে) কঃ ভবান্ (আপনি কে) বঃ (তোমাদের) প্রশ্নঃ (প্রশ্ন) (নিশ্চয়) অনর্থকঃ (অনর্থক) বাচারম্ভঃ (বাগাড়ম্বর মাত্র) ॥২৩

মনসা (মন) বচসা (বাক্য) দৃষ্ট্যা (দৃষ্টি) অপি (ও) অন্যৈঃ (অন্য) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণের দ্বারা) (যাহা) গৃহ্যতে (গৃহীত হয়), (তাহা) অহম্ এব (আমিই); অন্যৎ (অন্য) ন (নাই) ইতি (ইহা) অঞ্জসা (নিঃসংশয়) বুধ্যধ্বম্ (অবগত হইবে) ॥২৪

চেতঃ (চিত্ত) গুণেষু (বিষয়ে) আবিশতে (অভিনিবিষ্ট, ব্যাপ্ত হয়) চ (ও) গুণাঃ (বিষয়সমূহ) চেতসি (চিত্তে আবিষ্ট হয়), (এইরূপ) গুণাঃ (বিষয় সকল) চ (ও) চেতঃ (চিত্ত) উভয়ং (উভয়) (একত্র গ্রথিত) প্রজাঃ (হে প্রজা, পুত্রগণ) মদাত্মনঃ (মদাত্মক-জীবের) দেহঃ (দেহ উপাধিমাত্র—স্বরূপ নয়) ॥২৫

অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ) গুণসেবয়া (বিষয় সেবার দ্বারা) গুণেষু (বিষয়সমূহে) আবিশচ্চিত্তং (আবিষ্টচিত্তকে) চ (ও) চিত্তপ্রভবাঃ (সংস্কারহেতু চিত্তে সঞ্জাত) গুণাঃ (বিষয়সমুদায়কে) মদ্রূপঃ (আমার ধ্যাতা) (সেই) উভয়ং (উভয়কে) ত্যজেৎ (ত্যাগ করিবেন) ॥২৬

গুণতঃ (সত্ত্বাদি গুণ হইতে) জাগ্রৎ (জাগ্রৎ) স্বপ্নঃ (স্বপ্ন) চ (ও) সুষুপ্তং (সুষুপ্তি) বুদ্ধিবৃত্তয়ঃ (বুদ্ধির দশা স্থিতি) তাসাং (তাহাদের) সাক্ষিত্বেন (সাক্ষিত্বহেতু) জীবঃ (জীব) বিলক্ষণঃ (বিভিন্ন অবস্থা রহিত) বিনিশ্চিতঃ (ইহা বিশেষরূপে নির্ণীত) ॥২৭

পঞ্চাত্মক ভূতসমূহ পরমার্থতঃ সমান হইলে দেব মনুষ্য আদি শরীরসকলেও "আপনি কে" তোমাদের এই প্রশ্নই অনর্থক বাক্য মাত্রেই আবদ্ধ—পরমার্থ-বিচার পূর্ব্বক নহে।২৩

মন, বাক্য, দৃষ্টি ও অন্য ইন্দ্রিয়গণের দ্বারা যাহা যাহা গৃহীত হইয়া থাকে, সেই সেই বস্তু আমিই। আমা ভিন্ন কিছু নাই—তত্ত্ববিচারের দ্বারা বিদিত হও।২৪

হে পুত্রগণ। বিষয়সমূহে চিত্ত আবিষ্ট হয় এবং বিষয়সকল-ও চিত্তে প্রবেশ করে, তথাপি গুণ ও চিত্ত এই উভয় আমার অংশভূত জীবের দেহ ভোগায়তন উপাধি—স্বরূপ নহে।২৫

বারংবার বিষয়সেবার হেতু তাহার সংস্কারে চিত্ত বিষয়ে আসক্ত হয়, চিত্ত ও চিত্তসঞ্জাত—বাসনারূপে চিত্তে উৎপন্ন গুণসকল এই উভয়ই আমার ধ্যাতা জ্ঞানী ত্যাগ করিবেন।২৬ (১)

"কে আপনি" জিজ্ঞাসা করিয়াছ। দ্বিতীয় অপর কিছু না থাকায় আমি কে—কি প্রকারে তোমাদিগকে বুঝাইব? অবিশেষ আত্মার কি জাতি গুণ বিশেষ আশ্রয় করিয়া উত্তর দিব?

(১) কি ভাবে ত্যাগ করা যায়?

—জগতে যাহা কিছু দর্শন, শ্রবণ, গ্রহণ, কথন, মনন করা যায়, সব ভগবান্—তিনি ব্যতীত আর কিছু নাই। যেমন সুবর্ণের হার বলয়াদি সুবর্ণ ভিন্ন অন্য কিছু নহে, তদ্রূপ সংসারের সমুদায় বস্তুই শ্রীভগবান্—এইরূপ অভ্যাস করিতে হয়। অনন্যভক্ত "সব তুমি, সব তুমি" বলিয়া প্রণাম করিতে করিতে ভগবন্ময় হইয়া যান।

অহঙ্কারকৃতং বন্ধমাত্মনোঽর্থবিপর্য্যয়ম্।
বিদ্বান্ নির্বিদ্য সংসারচিন্তাং তুর্য্যে স্থিতস্ত্যজেৎ ॥২৯

যাবন্নানার্থধীঃ পুংসো ন নিবর্ত্তেত যুক্তিভিঃ।
জাগর্ত্ত্যপি স্বপন্নজ্ঞঃ স্বপ্নে জাগরণং যথা ॥৩০

যহি (যেহেতু) সংসৃতিবন্ধঃ (সংসার বন্ধন) আত্মনঃ (আত্মার) গুণবৃত্তিদঃ (গুণ-বৃত্তিপ্রদ বিষয় ও চিত্তপ্রদায়ক) (অতএব) তুর্য্যে (চৈতন্যরূপে) ময়ি (আমাতে) স্থিতঃ সন্ (স্থিত হইয়া) (এই সংসার বন্ধন) জহ্যাৎ (ত্যাগ করিবে) তৎ (তখন) গুণচেতসাং (গুণ ও চিত্তের) ত্যাগঃ (ত্যাগ) [ভবেৎ] (হইবে) ॥২৮

অহঙ্কার-কৃতং (অহঙ্কার কৃত) বন্ধম্ (বন্ধন) আত্মনঃ (আত্মার) অর্থবিপর্য্যয়ং (অনর্থ হেতু) বিদ্বান্ (জানিয়া) নির্বিদ্য (ইহা দুঃখ বিদিত হইয়া) তুর্য্যে (তুরীয় আনন্দরূপ আমাতে) স্থিতঃ (অবস্থিতি করিয়া) সংসারচিন্তাং (সংসার চিন্তা) জহ্যাৎ (ত্যাগ করিবে) ॥২৯

যাবৎ (যে পর্য্যন্ত) যুক্তিভিঃ (যুক্তি সকলের দ্বারা) পুংসঃ (পুরুষের) নানার্থধীঃ (নানা বিষয়গ্রহণবুদ্ধি) ন নিবর্ত্তেত (নিবৃত্ত না হয়), (তাবৎ কাল অবধি তাহার) স্বপ্নে (নিদ্রাবস্থায়) যথা (যেমন) জাগরণং (স্বপ্নদর্শন) (তদ্রূপ সেই অজ্ঞ) জাগর্ত্তি অপি (সংসারবন্ধন হইতে মুক্ত হইয়াও) স্বপন্ (সংসার বদ্ধ) আস্তে (থাকে) ॥৩০

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি ইহারা সত্ত্বাদি গুণপরিণাম বুদ্ধির অবস্থাবিশেষ। জীব সেই বৃত্তিসকলের সাক্ষিত্বহেতু অবস্থাত্রয় হইতে বিভিন্ন জাগ্রদাদি অবস্থাবিরহিত—ইহা বিশেষরূপে নির্ণীত হইয়াছে।২৭

যেহেতু সংসারবন্ধন আত্মার বিষয় ও চিত্ত-প্রদায়ক, অতএব চৈতন্যরূপ আমাতে অবস্থিত হইয়া এই সংসার বন্ধন পরিত্যাগ করিবে, তখন গুণ ও চিত্তের ত্যাগ হইবে।২৮ (১)

দেহাদিতে "আমি" এই অভিমান কৃত আত্মার বন্ধন পরমানন্দস্বরূপ পরম পুরুষার্থরূপেরও অনর্থহেতু জানিয়া বিশেষ বিরক্ত হইয়া তুর্য্য আমাতে অবস্থানপূর্ব্বক সংসার-চিন্তা পরিত্যাগ করিবে।২৯

যে পর্য্যন্ত যুক্তির দ্বারা নানাবিষয়গ্রহণকারিণী বুদ্ধি নিবৃত্ত না হয়, তদবধি নিদ্রিত অবস্থায় যেমন স্বপ্নদর্শন হইয়া থাকে, তদ্রূপ সেই অজ্ঞ সংসারবন্ধনে মুক্ত হইয়াও সংসারে বদ্ধ থাকে।৩০

---

(১) আমাতে স্থিত হইয়া ইহার অর্থ কি?

—"ব্রহ্মাস্মি" এইভাবে ভগবানে একীভূত হইয়া অবস্থান করিতে হয়। প্রণবধনুর দ্বারা ব্রহ্মলক্ষ্যে আত্মশর নিক্ষেপ পূর্ব্বক তাহাতে সম্মিলিত হইয়া অবস্থিতিকেই ভগবান্ "আমাতে অবস্থিত হইয়া" বলিয়াছেন; "আমি দেহ" এই বোধ বন্ধন, "আমি ব্রহ্ম" ইহাই মুক্তি—ভগবৎসাক্ষাৎকার।

—ইহাতে কি করিতে হয়?

—কিছুই করিবার নাই—প্রণবপ্রাপ্ত প্রণবধনু হইতে আত্মশর ক্ষেপণ করিয়া স্থিরভাবে অবস্থান করিয়া থাকেন।

—ইহা তো জ্ঞানীর কথা—

—শ্রীভগবান্ ভক্তকে জ্ঞানী করিয়া লয়েন।

—ভক্তেরা লীলাচিন্তা করেন তো?

সগুণ সাক্ষাৎকারের পর প্রণব ভিন্ন অন্য কিছু ভক্তের না থাকায় লীলাচিন্তা করিতে পারেন না, সমস্ত বাণীই প্রণব গ্রাস করেন।

—ঠিক বুঝলাম না।

—এই অবস্থায় না উপস্থিত হইলে কেহ বুঝিতে পারে না। তথাপি শ্রবণ কর—লীলাচিন্তা করিতে হইলে কথার প্রয়োজন অর্থাৎ রামচন্দ্র, লক্ষ্মণ ও সীতার সহিত বনে যাইতেছেন—অযোধ্যাবাসী সকল ক্রন্দন করিতেছেন। এই কথাগুলি মনে মনে উচ্চারণ করিলে তবে রামের বনগমন-লীলা চিন্তা করিতে পারা যায়, কিন্তু সগুণ সাক্ষাৎকারী ভক্তের রামচন্দ্র মনে করিতেই প্রাণ ওঙ্কারে প্রবেশ করে—তাহার আর লীলাচিন্তা হয় না।

অসত্ত্বাদাত্মনোঽন্যেষাং ভাবানাং তৎকৃতা ভিদা।
গতয়ো হেতবশ্চাস্য মৃষা স্বপ্নদৃশো যথা ॥৩১

যো জাগরে বহিরনুক্ষণধর্ম্মিণোঽর্থান্
ভুঙ্‌ক্তে সমস্তকরণৈর্হৃদি তৎসদৃক্ষান্।
স্বপ্নে সুষুপ্ত উপসংহরতে স একঃ
স্মৃত্যন্বয়াৎ ত্রিগুণবৃত্তিদৃগিন্দ্রিয়েশঃ ॥৩২

আত্মনঃ (আত্মা ব্যতীত) অন্যেষাং (অন্য) ভাবানাম্ (দেহাদির) অসত্ত্বাৎ (অবিদ্যমানতাহেতু) তৎকৃতা (দেহাদি কৃতা) ভিদা (বর্ণাশ্রম রূপ ভেদ) গতয়ঃ (গতি, স্বর্গাদি ফল) চ (ও) হেতবঃ (কর্ম্মসকল) অস্য (আত্মার) যথা (যেমন) স্বপ্নদৃশঃ (স্বপ্নদ্রষ্টা) (তাহার ন্যায়) মৃষা (মিথ্যা) ॥৩১

যঃ (যিনি) জাগরে (জাগ্রদবস্থায়) বহিঃ (বহির্ব্যাপারে) সমস্তকরণৈঃ (চক্ষুরাদি ইন্দ্রিয়গণের দ্বারা) অনুক্ষণধর্ম্মিণঃ (ক্ষণিক বাল্য তারুণ্যাদি ধর্ম্মরত) অর্থান্ (বিষয়সকল) ভুঙ্‌ক্তে (ভোগ করেন), স্বপ্নে (স্বপ্নকালে) হৃদি (হৃদয়ে) তৎসদৃক্ষান্ (জাগরণদৃষ্টসদৃশ বাসনাময় পদার্থসকল) (ভোগ করেন যিনি) ত্রিগুণবৃত্তিদৃক্ (সত্ত্বাদি অবস্থাত্রয় দ্রষ্টা) ইন্দ্রিয়েশঃ (ইন্দ্রিয়সমূহের ঈশ্বর) সুষুপ্তে (সুষুপ্তিকালে)

আত্মা ব্যতীত দেব মনুষ্যাদি ভাবসকলের অবিদ্যমানত্বহেতু আত্মায় দেহাদিকৃত বর্ণাশ্রমাদি ভেদ, স্বর্গাদি ফল ও কর্মসকল আত্মার স্বপ্নদ্রষ্টার স্বপ্নদর্শনের ন্যায় মিথ্যা—অবিদ্যাকল্পিত।৩১

যিনি জাগ্রদবস্থায় ক্ষণিক, বাল্য তারুণ্যাদিধর্ম্মবিশিষ্ট স্থূল দেহাদি বাহ্যব্যাপার সমস্ত ইন্দ্রিয়ের দ্বারা ভোগ করেন, যিনি স্বপ্নে হৃদয়ে জাগরণদৃষ্ট সদৃশ কামনাময় বিষয়সকল ভোগ করিয়া থাকেন, যিনি সুষুপ্তিতে সে সমস্ত সমাপ্ত করেন, তিনি তিন অবস্থায় স্মৃতির অন্বয়-অনুবৃত্তিহেতু জাগ্রদাদি অবস্থায় দ্রষ্টা ইন্দ্রিয়সমূহের ঈশ্বর একমাত্র।৩২ (১)

(১) কি বলিলেন?
—বাল্য, যৌবন ও বার্দ্ধক্যে দেহের এবং জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি অবস্থাত্রয়ের পরিবর্ত্তনে আত্মার কোনরূপ পরিবর্ত্তন হয় না। তিনি একভাবেই অবস্থান করেন। তিনি একমাত্র।

এবং বিমৃশ্য গুণতো মনসস্ত্র্যবস্থা
মন্মায়য়া ময়ি কৃতা ইতি নিশ্চিতার্থাঃ।
সঞ্ছিদ্য হার্দমনুমানসদুক্তিতীক্ষ্ণ-
জ্ঞানাসিনা ভজত মাখিলসংশয়াধিম্ ॥৩৩

ঈক্ষেত বিভ্রমমিদং মনসো বিলাসং
দৃষ্টং বিনষ্টমতিলোলমলাতচক্রম্।
বিজ্ঞানমেকমুরুধেব বিভাতি মায়া
স্বপ্নস্ত্রিধা গুণবিসর্গকৃতো বিকল্পঃ ॥৩৪

স্মৃত্যন্বয়াৎ (স্মৃতির অনুবৃত্তিহেতু) স্মৃত্যা (স্মৃতির দ্বারা) প্রতিসন্ধানেন (সকল অবস্থায়) অন্বয়াৎ (অনুবৃত্তি সম্বন্ধহেতু) উপসংহরতে (সমাপ্ত করেন), সঃ (তিনি) একঃ এ (একমাত্র) ॥৩২

এবং (এইরূপ) বিমৃশ্য (বিচার পূর্ব্বক) মনসঃ (মনের) গুণতঃ (সত্ত্বাদি গুণযোগহেতু) (যে) ত্র্যবস্থাঃ (অবস্থাত্রয়), [তাঃ] (সে সকল) মন্মায়য়া (আমার অবিদ্যার দ্বারা) ময়ি (আমাতে) কৃতাঃ (কল্পিতা) ইতি (ইহা) নিশ্চিতার্থাঃ (নিশ্চয় জানিয়া) অনুমান-সদুক্তি-তীক্ষ্ণজ্ঞানাসিনা (অনুমান ও সাধুগণের উপদেশরূপ নিশিত জ্ঞানখড়্গের দ্বারা) অখিলসংশয়াধিং (সমস্ত সংশয়ের অহঙ্কার) ছিত্বা (ছেদন করিয়া) হার্দ্দং (হৃদিস্থিত) মা (আমাকে) ভজত (ভজন কর) ॥৩৩

উক্তপ্রকারে বিচার করিয়া গুণহেতু যে এই মনের অবস্থাত্রয়, তাহা আমার স্বরূপ-আবরণকারিণী মায়ার দ্বারা আমার অংশভূত জীবে কল্পিত মাত্র, তত্ত্বতঃ নহে—ইহা নিশ্চয় বিদিত হইয়া অনুমান ও সাধুগণের সদুপদেশরূপ শাণিত জ্ঞানখড়্গের দ্বারা নিখিল সংশয়-অহঙ্কার সম্পূর্ণভাবে ছেদন করত হৃদয়স্থিত আমাকে ভজনা কর।৩৩

আত্মায় দৃষ্ট এই সমস্ত সুখ দুঃখাদি ভেদ মনের ক্রীড়ামাত্র—অলাতচক্রের ন্যায় অতিচঞ্চল ভ্রমমাত্র অনুমান করিবে। একমাত্র বিজ্ঞানই বহুপ্রকারে দৃষ্ট হইতেছেন - দেহ ইন্দ্রিয়, অন্তঃকরণরূপ যে এই

দৃষ্টিং ততঃ প্রতিনিবর্ত্ত্য নিবৃত্ততৃষ্ণ-
স্তূষ্ণীং ভবেন্নিজসুখানুভবো নিরীহঃ।
সংদৃশ্যতে ক্ব চ যদীদমবস্তুবুদ্ধ্যা
ত্যক্তং ভ্রমায় ন ভবেৎ স্মৃতিরানিপাতাৎ ॥৩৫
দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতং বা
সিদ্ধো ন পশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপম্।
দৈবাদপেতমুত দৈববশাদুপেতং
বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ ॥৩৬
দেহোঽপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ
স্বারম্ভকং প্রতিসমীক্ষত এব সাসুঃ।
তং সপ্রপঞ্চমধিরূঢ়-সমাধিযোগঃ
স্বাপ্নং পুনর্ন ভজতে প্রতিবুদ্ধবস্তুঃ ॥৩৭

দৃষ্টং (দৃষ্ট), বিনষ্টম্ (বিনাশশীল) অতিলোলম্ (অত্যন্ত চঞ্চল), অলাতচক্রম্ (অলাতচক্রবৎ ক্ষণস্থায়ী), মনসঃ (মনের) বিলাসম্ (বিলাস) ইদং (এই জগৎ) বিভ্রমম্ (বিশেষ ভ্রমময়) ঈক্ষেত (দেখিবে), (কিন্তু) বিজ্ঞানম্ (পরমাত্মচৈতন্য) একং (একমাত্র) ; (কেবল) ত্রিধা (ত্রিবিধ) গুণবিসর্গকৃতঃ (গুণপরিণামজাত) স্বপ্নঃ (স্বপ্নতুল্য) বিকল্পঃ (ভেদ) উরুধা (বহুপ্রকারে) বিভাতি (দৃষ্ট হয়)—(সেই ভেদই) মায়া (মায়া) ॥৩৪

ততঃ (দৃশ্য স্থূল জগৎ হইতে) দৃষ্টিং (দৃষ্টি) প্রতিনিবর্ত্ত্য (প্রতিনিবৃত্ত করিয়া) নিবৃত্ততৃষ্ণঃ (বিগততৃষ্ণ) চ (ও) তূষ্ণীং (মনোবাক্যের ব্যাপারবিহীন) ভবেৎ (হইবে), নিজসুখানুভবঃ (স্বীয় আনন্দানুভূতিসম্পন্ন) চ (ও) নিরীহঃ (ইচ্ছাশূন্য নিশ্চেষ্ট) (হইবে), যদি (যদি) ক্ব চ (কোন) (নিতান্ত আবশ্যক আহারাদি ব্যাপারে) ইদং (ইহা) দৃশ্যতে (দৃষ্ট হয়), (তথাপি) অবস্তুবুদ্ধ্যা (অকিঞ্চিৎ-করত্বজ্ঞানে) ত্যক্তং (ত্যক্ত) (তাহা) ভ্রমায় (ভ্রম বলিয়া গণ্য) ন ভবেৎ (হইবে না) (যেহেতু) আনিপাতাৎ (দেহপাত পর্য্যন্ত) স্মৃতিঃ (সংস্কারমাত্রে প্রকাশ-ভাস হইয়া থাকে) ॥৩৫

যতঃ (যেহেতু) সিদ্ধঃ (জ্ঞানসিদ্ধ) স্বরূপম্ (ব্রহ্মানুভব) অধ্যগমৎ (প্রাপ্ত হয়), (এই হেতু) দেহং (দেহ) নশ্বরম্ (নাশশীল) (আসন হইতে) উত্থিতং (উত্থিত) (অথবা তাহাতে) অবস্থিতঃ (অবস্থিত) ন পশ্যতি (দেখেন না), অথ মদিরা-মদান্ধঃ (মদ্যপানে অন্ধদৃষ্টি) যথা (যেমন) দৈবাৎ (দৈবাৎ) বাসঃ (পরিধেয় বসন) অপেতম্ (পরিত্যক্ত), উত দৈববশাৎ (দৈববশে) উপেতং (গৃহীত) বা পরিকৃতম্ (অথবা পরিহিত) অনুসন্ধান করে না, তদ্রূপ ॥৩৬

যাবৎ (যে পর্য্যন্ত) স্বারম্ভকং (প্রারব্ধদেহজনক) কর্ম (কর্ম) (আছে), [তাবৎ] (তদবধি) খলু (নিশ্চিত) দেহঃ (দেহ) অপি (ও) দৈববশগঃ (দৈববশে) সাসুঃ (প্রাণ-ধারণকরত—সপ্রাণ) প্রতিসমীক্ষতে এব (জীবিত থাকিবেই) অধিরূঢ়সমাধিযোগঃ (সমাধিযোগ প্রাপ্ত), (অতএব) প্রতিবুদ্ধবস্তুঃ (পরমার্থ-বস্তুজ্ঞান সম্পন্ন ব্যক্তি) সপ্রপঞ্চং (ইন্দ্রিয়-বিষয়ভোগাদি সহিত) স্বাপ্নং (স্বপ্নতুল্য) তং (সেই) দেহং (দেহকে) ন ভজতে (ভজনা করেন না) ॥৩৭

ত্রিবিধ গুণপরিণামজাত ভেদ তাহা মায়া অর্থাৎ অবিদ্যাকল্পিত ।৩৪

এই হেতু দৃশ্য স্থূল জগৎ হইতে দৃষ্টি প্রতিনিবৃত্ত করত তৃষ্ণারহিত, মনোবাক্যের ব্যাপারশূন্য মৌন হইয়া আত্মানন্দ অনুভূতিসম্পন্ন হইবে। কখনও যদি এই দেহাদি আহারাদি ব্যাপারে সচেষ্ট হয়, তথাপি তাহা অকিঞ্চিৎকর হইলেও ভ্রম বলিয়া গণ্য হইবে না, কেননা দেহপাত পর্য্যন্ত সংস্কাররূপে তাহার স্মৃতি থাকাই স্বাভাবিক ।৩৫

আত্মনিষ্ঠ পুরুষ যে দেহ হইতে আত্মতত্ত্ব বিদিত হইয়াছেন, সেই দেহ প্রারব্ধ কর্ম্মবশে আসন হইতে উত্থিত অথবা সেই স্থানেই অবস্থিত, তাহা হইতে কখন নির্গত পুনরায় সেই স্থানেই আগত—ইহা জানিয়া মদিরা মদের দ্বারা অন্ধপুরুষ পরিহিতবস্ত্র গত অথবা স্থিত—যেমন জানে না, তদ্রূপ অনুসন্ধান করেন না ।৩৬

প্রাণ ও ইন্দ্রিয়ের সহিত দেহও যেহেতু প্রারব্ধ কর্ম্মের অধীন, এই হেতু দেহ আরম্ভক কর্ম্ম যে পর্য্যন্ত আছে, তাবৎকাল জীবিত থাকিবেই, অনন্তর সমাধিলাভ করত আত্মতত্ত্ব অবগত হইয়া স্বপ্নের ন্যায়

মৈয়তদুক্তং বো বিপ্রা গুহ্যং যৎ সাংখ্যযোগয়োঃ।
জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া ॥৩৮

অহং যোগস্য সাংখ্যস্য সত্যস্যর্ত্তস্য তেজসঃ।
পরায়ণং দ্বিজশ্রেষ্ঠাঃ শ্রিয়ঃ কীর্ত্তের্দমস্য চ ॥৩৯

বিপ্রাঃ (হে বিপ্রগণ)। সাংখ্যযোগয়োঃ (আত্মানাত্ম-বিবেক অষ্টাঙ্গ যোগের) যৎ (যাহা) গুহ্যং (গোপনীয়), (তাহা) বঃ (তোমাদিগের প্রতি) ময়া (আমাকর্ত্তৃক) এতৎ (ইহা) উক্তং (কথিত হইল), যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া (তোমাদের জিজ্ঞাসিত ধর্ম্ম বলিবার ইচ্ছায়) মা (আমাকে) আগতং (আগত) যজ্ঞং (বিষ্ণু) জানীত (জানিবে) ॥৩৮

দ্বিজশ্রেষ্ঠাঃ (হে দ্বিজশ্রেষ্ঠগণ)। অহং (আমি) যোগস্য (যোগের), সাংখ্যস্য (সাংখ্যের), সত্যস্য (সত্যের) (সমদর্শন) ঋতস্য (সুনৃতা বাণীর), তেজসঃ (তেজের), শ্রিয়ঃ (ঐশ্বর্য্যের), কীর্ত্তেঃ (কীর্ত্তির) চ (ও) দমস্য (দমের) পরায়ণম্ (পরমাশ্রয়) ॥৩৯

প্রপঞ্চের সহিত সেই দেহ পুনরায় ভজনা করেন না।৩৭

হে বিপ্রগণ! সাংখ্য ও যোগের যে রহস্য ইহা আমি তোমাদিগকে বলিলাম। তোমাদের ধর্ম্ম উপদেশ করিবার জন্য হংসরূপে আগত আমাকে বিষ্ণু বলিয়া অবগত হও।৩৮

হে দ্বিজোত্তমসকল! যেহেতু আমি অষ্টাঙ্গ-যোগ, সাংখ্য, আত্মানাত্ম বিবেক, সত্য, সমদর্শন ঋত —সুনৃতা বাণী, প্রভাব, সম্পৎ, যশ ও ইন্দ্রিয় নিগ্রহের পরম আশ্রয়।৩৯ (১)

মাং ভজন্তি গুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকম্।
সুহৃদং প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়োঽগুণাঃ ॥৪০

ইতি মে ছিন্নসন্দেহা মুনয়ঃ সনকাদয়ঃ।
সভাজয়িত্বা পরয়া ভক্ত্যাঽগৃণত সংস্তবৈঃ ॥৪১

অগুণাঃ (যে পরিণামবিহীন গুণসকল) (আর যে সমস্ত) সাম্যাসঙ্গাদয়ঃ (প্রাকৃত বস্তুতে ঔদাসীন্যহেতু সমত্ব অপ্রাকৃত আসক্তি প্রভৃতি গুণ) সর্ব্বে (সকল) এব (ই) নির্গুণং (নির্গুণ) নিরপেক্ষকং (নিরপেক্ষক) সুহৃদং (সুহৃদ্) প্রিয়ম্ (প্রিয়) আত্মানং মাং (আত্মা আমাকে) ভজন্তি (ভজনা করে) ॥৪০

ইতি (এইরূপ) মে (আমার দ্বারা) ছিন্নসন্দেহাঃ (সংশয় শূন্য) সনকাদয়ঃ (সনকাদি) মুনয়ঃ (মুনিগণ) পরয়া (পরা) ভক্ত্যা (ভক্তিসহকারে) সংস্তবৈঃ (উত্তম স্তবসকলের দ্বারা) (আমাকে) সভাজয়িত্বা (পূজা পূর্ব্বক) অগৃণত (স্তব করিয়াছিলেন) ॥৪১

এই হেতু নির্গুণ অর্থাৎ প্রাকৃত গুণবশ্যতারহিত অপেক্ষাশূন্য, সকলের হিতে রত আত্মা আমাকে সমতা অসঙ্গ আদি সমস্ত গুণ ভজনা করিয়া থাকে।৪০

এইরূপ আমা হইতে সংশয়বিরহিত সনকাদি মুনিগণ আমাকে পূজা করিয়া পরম ভক্তিসহকারে উত্তম স্তবের দ্বারা স্তুতি করিয়াছিলেন।৪১

(১) ভক্তগণ কিভাবে গুণত্যাগ করিতে সমর্থ হন?
ভাগবতগণ অনন্যভাবে ভগবান্‌কে আশ্রয় করত তাঁহার নাম, রূপ, লীলা, গুণ মহাপারাবারে নিমগ্ন হইয়া যান, সেবাই তাঁহাদের এক মাত্র সম্বল হয়, ভগবান্ চতুর্ব্বিধা মুক্তি দান করিতে আসিলেও তাঁহারা তাহা গ্রহণ করেন না—সেবাই জীবনের সম্বল করিয়া সংসার-সাগর হইতে উত্তীর্ণ হইয়া যান। একান্ত ভক্তের কিছুই ভাবিতে হয় না—শ্রীভগবান্ তাঁহার সমস্ত ভার গ্রহণ করেন।

তৈরহং পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ পরমর্ষিভিঃ।
প্রত্যেয়ায় স্বকং ধাম পশ্যতঃ পরমেষ্ঠিনঃ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩

তৈঃ (সেই) পরমর্ষিভিঃ (মুনিসত্তমগণ কর্তৃক) অহং (আমি) সম্যক্ পূজিতঃ (উত্তমরূপে অর্চিত) সংস্তুতঃ সন্ (সম্যক্ প্রকারে স্তুত হইয়া) পরমেষ্ঠিনঃ (ব্রহ্মার) পশ্যতঃ (সমক্ষে) স্বকং ধাম (স্বীয় ধামে) প্রত্যেয়ায় (প্রত্যাগত হইলাম) ॥৪২

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

সেই মুনিশ্রেষ্ঠগণ কর্তৃক আমি উত্তমরূপে পূজিত এবং সম্যক্ প্রকারে স্তুত হইয়া দর্শনকারী পরমেষ্ঠী ব্রহ্মার নিকট হইতে বৈকুণ্ঠে প্রত্যাগত হইলাম।৪২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত ত্রয়োদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ।

[ভক্তের্মহত্ত্বকথনম্, ধ্যানযোগবর্ণনঞ্চ।]

উদ্ধব উবাচ।
বদন্তি কৃষ্ণ শ্রেয়াংসি বহূনি ব্রহ্মবাদিনঃ।
তেষাং বিকল্পপ্রাধান্যমুতাহো একমুখ্যতা ॥১

ভবতোদাহৃতঃ স্বামিন্ ভক্তিযোগোঽনপেক্ষিতঃ।
নিরস্য সর্ব্বতঃ সঙ্গং যেন ত্বয্যাবিশেন্মনঃ ॥২

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব কহিলেন) ব্রহ্মবাদিনঃ (ব্রহ্মবাদিগণ) বহূনি (বহু) শ্রেয়াংসি (শ্রেয়ঃ সাধনসমূহ) বদন্তি (বলেন), কৃষ্ণ (হে কৃষ্ণ), তেষাং (তাহাদের মধ্যে) বিকল্পপ্রাধান্যম্ (স্ব স্ব প্রধান) উতাহো (কিংবা) একমুখ্যতা (একের প্রধানতা) একটী প্রধান ॥১

স্বামিন্ (হে প্রভো)। ভবতা (আপনা কর্তৃক) সর্ব্বতঃ (সর্ব্বতোভাবে) অনপেক্ষিতঃ (অহৈতুক, নিরপেক্ষ) ভক্তিযোগঃ (ভক্তিযোগ) উদাহৃতঃ (কথিত হইয়াছে), যেন (যাহার দ্বারা) সঙ্গং (সঙ্গ) নিরস্য (ত্যাগ করত) ত্বয়ি (আপনাতে) মনঃ (মন) আবিশেৎ (আবিষ্ট হয়) ॥২

চতুর্দ্দশ অধ্যায়।

[ভক্তির মহত্ত্বকথন এবং ধ্যানযোগ বর্ণন।]

পুরাণং বাচকং যস্য জ্ঞাপকং ধর্ম্মশাস্ত্রকম্।
ইতিহাসা যস্য হাসাঃ প্রণবঃ স বিরাজতে ॥

শ্রীউদ্ধব বলিলেন—হে কৃষ্ণ! বেদবাদি-ব্রাহ্মণগণ শ্রেয়ঃসাধনের বহু উপায় বলিয়াছেন—তাহার মধ্যে সমস্তগুলিই কি স্ব স্ব প্রধান বা কতকগুলি প্রধান অথবা একটির মুখ্যতা প্রাধান্য—আমায় বলুন।১

হে প্রভো! আপনি অহৈতুক নিষ্কাম ভক্তি-যোগের কথা বলিয়াছেন—যে ভক্তিযোগের দ্বারা সকল বিষয়ে আসক্তি ত্যাগ করত মন আপনাতে অভিনিবিষ্ট করিতে হয়।২

শ্রীভগবানুবাচ।

কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা।
ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মকঃ ॥৩

তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্ব্বজায় সা।
ততো ভৃগ্বাদয়োঽগৃহ্নন্ সপ্ত ব্রহ্মমহর্ষয়ঃ ॥৪

তেভ্যঃ পিতৃভ্যস্তৎপুত্রা দেব-দানব-গুহ্যকাঃ।
মনুষ্যাঃ সিদ্ধ-গন্ধর্ব্বাঃ সবিদ্যাধর-চারণাঃ ॥৫

কিংদেবাঃ কিন্নরা নাগা রক্ষঃ-কিম্পুরুষাদয়ঃ।
বহ্ব্যস্তেষাং প্রকৃতয়ো রজঃ-সত্ত্ব-তমোভুবঃ ॥৬

যাভির্ভূতানি ভিদ্যন্তে ভূতানাং পতয়স্তথা।
যথাপ্রকৃতি সর্ব্বেষাং চিত্রা বাচঃ স্রবন্তি হি ॥৭

এবং প্রকৃতিবৈচিত্র্যাদ্ভিদ্যন্তে মতয়ো নৃণাম্।
পারম্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োঽপরে ॥৮

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—বেদসংজ্ঞিতা (বেদ-নিরূপিতা) ইয়ং (এই) বাণী (বাণী) (তাহা) কালেন (পূর্ব্বকালে) প্রলয়ে (প্রলয়ে) নষ্টা (নষ্ট হইয়াছে), যস্যাং (যে বেদবাণীতে) মদাত্মকঃ (মৎস্বরূপভূত) ধর্ম্মঃ (ধর্ম্ম) (তাহা) ময়া (আমি) আদৌ (ব্রহ্মকল্পাদিতে) ব্রহ্মণে (ব্রহ্মাকে) প্রোক্তা (বলিয়াছি) ॥৩

তেন (তাহার দ্বারা) সা (সেই বেদবাণী) পূর্ব্বজায় (সৃষ্টির প্রথম জাত) স্বপুত্রায় (স্বপুত্র) মনবে (মনুকে) প্রোক্তা (কথিত হয়), ততঃ (মনু হইতে) ভৃগ্বাদয়ঃ (ভৃগু আদি) সপ্ত ব্রহ্মমহর্ষয়ঃ (সপ্ত ব্রহ্মবাদি মহর্ষিগণ) অগৃহ্নন্ (গ্রহণ করেন, প্রাপ্ত হন) ॥৪

তেভ্যঃ (সেই) পিতৃভ্যঃ (ভৃগু আদি পিতৃগণ হইতে) তৎপুত্রাঃ (তাহাদের পুত্রপরম্পরা) দেব-দানব-গুহ্যকাঃ (দেব-দানব-গুহ্যক) মনুষ্যাঃ (মনুষ্য) সিদ্ধ-গন্ধর্ব্বাঃ (সিদ্ধ-গন্ধর্ব্ব) সবিদ্যাধরচারণাঃ (বিদ্যাধরগণ সহ চারণ) কিংদেবাঃ (কিংদেব) কিন্নরাঃ (কিন্নর) নাগাঃ (নাগ) রক্ষঃ-কিংপুরুষাদয়ঃ (রাক্ষস ও কিংপুরুষ আদি সকলে) (বেদপ্রাপ্ত হইয়াছিল), তেষাং (তাহাদের) রজঃসত্ত্বতমোভুবঃ (রজঃ-সত্ত্ব-তমোগুণোৎপন্ন) প্রকৃতয়ঃ (প্রকৃতি) বহ্ব্যঃ (বহুপ্রকার) ॥৫-৬

যাভিঃ (যে বেদবাণী সকলের দ্বারা) ভূতানি (ভূতসকল) তথা (এবং) ভূতানাং (ভূতগণের) পতয়ঃ (পতিসকল) ভিদ্যন্তে (ভেদ হইয়াছে), (তাহাদের) সর্ব্বেষাং (সকলের) যথাপ্রকৃতি (স্বভাব অনুসারে) চিত্রা বাচঃ (বেদার্থ ব্যাখ্যান বিষয়া বাণী) স্রবন্তি হি (নিঃসৃত হইয়াছে) ॥৭

এবং (এইরূপ) প্রকৃতিবৈচিত্র্যাৎ (স্বভাব ভেদহেতু) নৃণাং (মানবগণের) মতয়ঃ (বুদ্ধিসমূহ) ভিদ্যন্তে (ভিন্ন হয়), কেষাঞ্চিৎ (কোন কোন বেদ-অধ্যয়নশূন্যগণের) (মধ্যে) পারম্পর্য্যেণ (উপদেশ পরম্পরায়) অপরে (অপর) পাষণ্ডমতয়ঃ (বেদবিরুদ্ধাচারী মতের সমর্থন হয়) ॥৮

শ্রীভগবান্ বলিলেন—এই বেদনাম্নী বাণী প্রলয়কালে নষ্ট হইয়াছিল, অনন্তর সৃষ্টির আদিতে আমি প্রজাপতি ব্রহ্মাকে—যাহাতে আমার স্বরূপভূত ধর্ম্ম কথিত হইয়াছে সেই বেদবাণী—বলিয়াছিলাম।৩

ব্রহ্মা সেই বেদবাণী পূর্ব্বজাত স্বপুত্র মনুকে বলেন, অনন্তর তাহা হইতে ভৃগু, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু এই সপ্ত ঋষি গ্রহণ করিয়াছিলেন।৪

সেই পিতৃগণ হইতে তাঁহার পুত্রসকল, দেব, দানব, গুহ্যক, মানব, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধরগণ-সহ চারণগণ গ্রহণ করেন। কিংদেব, কিন্নর, নাগ, রাক্ষস, কিংপুরুষ আদি রজঃ-সত্ত্ব-তমোগুণসম্ভূত—তাহাদের স্বভাব বহুপ্রকার।৫-৬

যে বাসনার বৈচিত্র্যে দেবতা, অসুর ও মনুষ্য আদি ভূতগণ ও ভূতপতিসকল ভিন্ন হইয়া থাকে, স্ব স্ব প্রকৃতি ও রুচি অনুসারে বাসনার বশবর্ত্তী হইয়া বেদবাক্যেরও বিভিন্ন তাৎপর্য্য কীর্ত্তন করে।৭

এইরূপ প্রকৃতির বিচিত্রতাহেতু কোন কোন অধ্যয়নশূন্য মানবগণেরও পরম্পরা উপদেশক্রমে বুদ্ধিসমূহ বিভিন্ন হয়—তাহা হইতেই অপর বেদ-

মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ।
শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথাকর্ম্ম যথারুচি ॥৯
ধর্ম্মমেকে যশশ্চান্যে কামং সত্যং দমং শমম্।
অন্যে বদন্তি স্বার্থং বা ঐশ্বর্য্যং ত্যাগভোজনম্।
কেচিদ্ যজ্ঞ-তপো-দানং ব্রতানি নিয়মান্ যমান্॥১০

পুরুষর্ষভ (হে পুরুষোত্তম)। যথাকর্ম (স্ব স্ব কর্ম্মানুসারে) মন্মায়া-মোহিতধিয়ঃ (আমার মায়ায় মোহিতচিত্ত) পুরুষাঃ (পুরুষগণ) যথারুচি (ইচ্ছানুসারে) অনেকান্তং (নানাবিধ) শ্রেয়ঃ (শ্রেয়) বদন্তি (বলেন) ॥৯

একে (কেহ কেহ) ধর্ম্মঃ (ধর্ম্ম) অন্যে (অপর কেহ কেহ) যশঃ, (যশ) কামং (কাম), সত্যং (সত্য), দমং (দম), শমং (শম); অন্যে (অপরে) ত্যাগ-ভোজনং (ত্যাগ ও ভোগ), স্বার্থম্ (নিজপ্রয়োজন), ঐশ্বর্য্যং (ঐশ্বর্য্য) বদন্তি (বলেন), কেচিৎ (কেহ কেহ) যজ্ঞং (যজ্ঞ), তপঃ (তপস্যা), দানং (দান) ব্রতানি (ব্রতসমূহ) [বদন্তি] (বলেন) ॥১০

বিরুদ্ধ অর্থকল্পক পাষণ্ডমতের সমর্থন হইয়া থাকে।৮

হে পুরুষপ্রধান! আমার মায়ায় (১) মোহিত-বুদ্ধি পুরুষগণ নিজ নিজ কর্ম্মানুসারে আপনাদের অভিলাষের অনুরূপ নানাবিধ শ্রেয়ঃ ফল ও তাহার সাধনও বলিয়া থাকেন।৯

কর্মমীমাংসকগণ ধর্ম্ম, কাব্যালঙ্কারকারিকসকল যশ, বাৎস্যায়ন আদি কাম, যোগশাস্ত্রকারিগণ সত্য দম ও শম,—অপর দৃষ্টার্থবাদি-গণ সকল ঐহিক ঐশ্বর্য্যকে পুরুষার্থ বলেন—এই হেতু সামাদি উপায়-সকলই শ্রেয়ঃসাধন—ইহাই তাহাদের মত। নাস্তিকগণ শাস্ত্রবিধি ত্যাগপূর্ব্বক ভোজন, বৈদিকগণ যজ্ঞ,—কেহ তপস্যা, দান ব্রতসকল, যম, নিয়ম প্রভৃতি কল্যাণের সাধন বলিয়া থাকেন।১০

আদ্যন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্ম্মবিনির্ম্মিতাঃ।
দুঃখোদর্কাস্তমোনিষ্ঠাঃ ক্ষুদ্রানন্দাঃ শুচার্পিতাঃ ॥১১

ময্যর্পিতাত্মনঃ সভ্য নিরপেক্ষস্য সর্ব্বতঃ।
ময়াত্মনা সুখং যৎ তৎ কুতঃ স্যাদ্ বিষয়াত্মনাম্॥১২

এষাং (তথাবিধ বাদিগণের) কর্ম্মবিনির্ম্মিতাঃ (কর্ম্মলব্ধ) লোকাঃ (লোকসকল) আদ্যন্তবন্তঃ (আদি-অন্তবিশিষ্ট অনিত্য) এব (ই) (অতএব) দুঃখোদর্কাঃ (ক্লেশ পরিণাম) তমোনিষ্ঠাঃ (অন্ধকারময়) ক্ষুদ্রাঃ (অকিঞ্চিৎকর) নন্দাঃ (নিন্দিত) শুচার্পিতাঃ (শোকাকুলা) ভবন্তি (হয়) ॥১১

সভ্য (হে সজ্জন)। ময়ি (আমাতে) অর্পিতাত্মনঃ (সমর্পিতচিত্ত) সর্ব্বতঃ (সর্ব্বতোভাবে) নিরপেক্ষস্য (নিরপেক্ষের) ময়া (পরমানন্দরূপ আমি) আত্মনা (যাঁহার হৃদয়ে স্ফুরিত), (তাঁহার) যৎ (যে) সুখং (সুখ) তৎ (তাহা) বিষয়াত্মনা (বিষয়াসক্তগণের) কুতঃ স্যাৎ (কোথায়) ?১২

এই ধর্ম্মাদি সাধনের ফলসমূহ কর্ম্মের দ্বারা সম্পাদিত, আদি-অন্তবিশিষ্ট, অনিত্য, পরিণামে দুঃখজনক, অজ্ঞানবহুল, তুচ্ছ, অপকৃষ্ট, শোক-সমাচ্ছন্ন।১১

হে সাধো! সচ্চিদানন্দবিগ্রহ আমাতে নিবেশিতমানস, সমস্ত বৈষয়িক সুখে অপেক্ষাশূন্য ভক্তের হৃদয়ে পরমানন্দরূপ আমার আত্মস্বরূপে স্ফুরণহেতু যে সুখ তিনি লাভ করেন, বিষয়াবিষ্টচিত্ত-গণের সে সুখ কোথায়?১২ (২)

(১)—মায়ার স্বরূপ কি?

—ঈশ্বরস্য মহামায়া তদাজ্ঞাবশবর্ত্তিনী। তৎসঙ্কল্পানুসারিণী। বিবিধানন্ত-মহামায়া শক্তিসংসেবিতানন্ত-মহামায়া জালজনন-মন্দিরা মহাবিষ্ণোঃ ক্রীড়াশরীররূপিণী ব্রহ্মাদীনামগোচরা এতাং মহামায়াং তরন্ত্যেব যে বিষ্ণুমেব ভজন্তি, নান্যে তরন্তি কদাচন।

—ত্রিপাদ্‌বিভূতিমহানারায়ণোপনিষদি।

ঈশ্বরের মহামায়া তাঁহার আজ্ঞাবশবর্ত্তিনী তাঁহার সঙ্কল্পের অনুগমনকারিণী বিবিধ অনন্ত মহামায়া শক্তি সম্যক্‌রূপে সেবিত, অনন্ত মহামায়া জাল নির্ম্মাণ মন্দিরা মহাবিষ্ণুর ক্রীড়াশরীর রূপিণী, ব্রহ্মাদির অগোচরা যাঁহারা বিষ্ণুকে ভজনা করেন তাঁহারা এই মহামায়া হইতে উত্তীর্ণ হন—অপরে কদাচ উত্তীর্ণ হইতে পারে না।

গীতায় শ্রীভগবান্ বলিয়াছেন,—

অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ।
ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥১৩
ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং
ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥১৪
ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ।
ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্ ॥১৫

অকিঞ্চনস্য (যাহার কিছু নাই), দান্তস্য (জিতেন্দ্রিয়), শান্তস্য (শান্ত), সমচেতসঃ (সমচেতার) ময়া (আমাকে প্রাপ্ত হইয়া) সন্তুষ্টমনসঃ (সন্তুষ্টচিত্তের) সর্ব্বাঃ (সমস্ত) দিশঃ (দিক্) সুখময়াঃ (সুখময়) ॥১৩

ময়ি (আমাতে) অর্পিতাত্মা (অর্পিতচিত্ত) পারমেষ্ঠ্যং (ব্রহ্মপদ) ন (নয়), মহেন্দ্রধিষ্ণ্যং (ইন্দ্রপদ) ন (নহে), সার্ব্বভৌমং (পৃথিবীর আধিপত্য) ন (নহে), রসাধিপত্যং (পাতালের অধীশ্বরত্ব) ন (নহে), যোগসিদ্ধীঃ (যোগ ও সিদ্ধি) ন (নহে), অপুনর্ভবং (মোক্ষ) ন (নহে), অন্যৎ (অন্য কিছুই) মদ্বিনা (আমাকে ত্যাগ করত) ন ইচ্ছতি (ইচ্ছা করেন না) ॥১৪

পরিগ্রহশূন্য, জিতেন্দ্রিয়, নির্জ্জিত অন্তকরণ, রাগদ্বেষরহিত, পরমানন্দস্বরূপ আমাতেই পরিতুষ্টচিত্ত পুরুষের সমস্ত দিক্ই সুখময়।১৩

আমাতে সমর্পিতচিত্ত পুরুষ আমাকে ত্যাগ করিয়া ব্রহ্মপদ, ইন্দ্রত্ব, সম্পূর্ণ ভূমণ্ডলের আধিপত্য, পাতালের অধিশ্বরত্ব, অণিমাদি যোগসিদ্ধি অথবা মোক্ষও অভিলাষ করেন না।১৪

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥

(২) —ভগবান্ ভক্তহৃদয়ে কিরূপে স্ফুরিত হন?
—অলৌকিক শব্দাদি বিষয়, লীলা, অশ্রু, পুলক, আনন্দ, জ্যোতি, মাভৈঃ বাণী "বদ বদ" ব্রহ্মাস্মি, শিবোঽহম্ এইরূপ ভাবে ভগবান্ ভক্তের হৃদয়ে স্ফুরিত হইয়া তাঁহাকে অপার্থিব আনন্দ দান করেন।

নিরপেক্ষং মুনিং শান্তং নির্বৈরং সমদর্শনম্।
অনুব্রজাম্যহং নিত্যং পূয়েয়েত্যঙ্ঘ্রিরেণুভিঃ ॥১৬
নিষ্কিঞ্চনা ময্যনুরক্তচেতসঃ
শান্তা মহান্তোঽখিলজীববৎসলাঃ।
কামৈরনালব্ধধিয়ো জুষন্তি তে
যন্নৈরপেক্ষ্যং ন বিদুঃ সুখং মম ।১৭

ভবান্ (তুমি) যথা (যেরূপ) মে (আমার) প্রিয়তমঃ (প্রিয়তম), তথা (তদ্রূপ) আত্মযোনিঃ (ব্রহ্মা) ন (নহেন), শঙ্করঃ (শঙ্কর) ন (নহেন) চ (ও) সঙ্কর্ষণঃ (বলরাম) ন (নহেন), শ্রীঃ (লক্ষ্মী) ন (নহেন), আত্মা (মূর্ত্তি) এব (ও) ন চ (প্রিয়তম নহে) ॥১৫

অহং (আমি) নিরপেক্ষং (নিরপেক্ষ) নির্বৈরং (নির্বৈর) সমদর্শনং (সমদর্শন) শান্তং (শান্ত) মুনিং (মুনির) নিত্যং (নিত্য) অনুব্রজামি (অনুগমন করি)—ইতি (এই হেতু) (তাঁহাদের) অঙ্ঘ্রিরেণুভিঃ (পাদরজের দ্বারা আপনাকে ও আমার অন্তর্বর্ত্তী কোটি কোটি ব্রহ্মাণ্ডকে) পূয়েয় (পবিত্র করিতে সমর্থ হইয়া থাকি) ॥১৬

যেমন তুমি আমার প্রিয়তম, তদ্রূপ পুত্র ব্রহ্মা, আমার স্বরূপভূত শঙ্কর, ভ্রাতা সঙ্কর্ষণ, ভার্য্যা শ্রী এবং আমার মূর্ত্তিও প্রিয় নহে।১৫ (১)

আমি নিষ্কাম, শান্ত, ক্রোধরহিত, মাৎসর্য্যাদি-বিহীন, সমদর্শন, হেয়োপাদেয় বুদ্ধিবিরহিত, আমার রূপ-গুণ-লীলামননকারী মুনির নিত্য অনুগমন করিয়া থাকি—তাঁহার পদধূলির দ্বারা আমার

ন নাকপৃষ্ঠং ন চ পারমেষ্ঠ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা সমঞ্জস ত্বা বিরহয্য কাঙ্ক্ষে ॥
শ্রীমদ্ভা-৬।১১ ॥ ২৫ ॥
ন নাকপৃষ্ঠং ন চ সার্ব্বভৌমং ন পারমেষ্ঠ্যং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা বাঞ্ছন্তি যৎপাদরজঃপ্রপন্নাঃ ॥
ঐ ১০।১৬।৩৭ ॥

(১) উদ্ধব ভিন্ন আর কেহ প্রিয় নহেন?
—উদ্ধবকে লক্ষ্য করিয়া ভক্ত মাত্রই তাঁহার প্রিয় এই

বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রায়ঃ প্রগল্ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে ॥১৮
যথাগ্নিঃ সুসমৃদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্‌বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥১৯

ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা ॥২০
ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্।
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥২১

নিষ্কিঞ্চনাঃ (অকিঞ্চন) ময়ি (আমাতে) অনুরক্তচেতসঃ (অনুরক্তচিত্ত) শান্তাঃ (নিবৃত্তিপ্রধান) মহান্তঃ (১) (নিরভিমান) অখিলজীববৎসলাঃ (সকল জীবে দয়ালু) কামৈঃ (কামসমূহের দ্বারা) অনালব্ধধিয়ঃ (অস্পৃষ্ট হৃদয়) মম (আমার) যৎ (যে) নৈরপেক্ষ্যং (অহৈতুক) সুখং (সুখ) জুষন্তি (ভোগ করেন) তে (তাহা অন্যে) ন বিদুঃ (জানে না) ॥১৭

অজিতেন্দ্রিয়ঃ (অজিতেন্দ্রিয়) মদ্ভক্তঃ (আমার ভক্ত) বিষয়ৈঃ (বিষয় সকলের দ্বারা) বাধ্যমানঃ অপি (আকৃষ্যমাণ হইলেও) প্রগল্ভয়া (সমর্থা) ভক্ত্যা (ভক্তির দ্বারা) প্রায়ঃ (প্রায়) বিষয়ৈঃ (বিষয় পঙ্কের দ্বারা) ন অভিভূয়তে (অভিভূত হন না) ॥১৮

উদ্ধব (হে উদ্ধব)। সুসমৃদ্ধার্চ্চিঃ (প্রজ্বলিত শিখা) অগ্নিঃ (অনল) যথা (যেমন) এধাংসি (কাষ্ঠ সকল) ভস্মসাৎ (ভস্মীভূত) করোতি (করে), তথা (তদ্রূপ) মদ্‌বিষয়া (মৎসম্বন্ধিনী) ভক্তিঃ (ভক্তি) এনাংসি (নিখিল পাপ) কৃৎস্নশঃ (নিঃশেষে) তথা (সেইরূপ দগ্ধ করিয়া থাকে) ॥১৯

উদ্ধব (হে উদ্ধব)। মম (আমার) উর্জ্জিতা (সাধনাত্মিকা) ভক্তিঃ (ভক্তি) যথা (যেমন) মাং (আমাকে) সাধয়তি (বশবর্ত্তী করে), তথা (সেইরূপ) যোগঃ (যোগ) ন (নহে), সাংখ্যং (সাঙ্খ্য) ধর্ম্মঃ (ধর্ম্ম) ন (নহে), স্বাধ্যায়ঃ (বেদাধ্যয়ন) তপঃ (তপস্যা) ত্যাগঃ (ত্যাগ) ন সাধয়তি (আমাকে প্রাপ্ত করাইতে পারে না) ॥২০

শ্রদ্ধয়া (শ্রদ্ধাকৃত) একয়া (একনিষ্ঠা) ভক্ত্যা (ভক্তির দ্বারা) এব (ই) প্রিয়ঃ (প্রিয়) আত্মা (আত্মা) অহং (আমি) সতাং (ভাগবতগণের) গ্রাহ্যঃ (লভ্য), মন্নিষ্ঠা (আমাতে দার্ঢ্যগতা) ভক্তিঃ (ভক্তি) শ্বপাকান্ (কুক্কুরমাংসভোজিগণকে) অপি (ও) সম্ভবাৎ (জাতিদোষ হইতে) পুনাতি (পবিত্র করে) ॥২১

অন্তর্বর্ত্তী ব্রহ্মাণ্ডসকল পবিত্র করি ।১৬

অকিঞ্চন, পরিগ্রহরহিত, আমাতে অনুরক্তচিত্ত রাগাদিবিহীন, মহান্, অহঙ্কার আবরণশূন্য, নিখিল-জীবসমূহে দয়াযুক্ত, বিষয়ের দ্বারা অস্পৃষ্টবুদ্ধি ভক্তগণ আমার যে প্রত্যাশারহিত পরমসুখ ভোগ করেন, সে সুখ অন্যে জানে না ।১৭

অজিতেন্দ্রিয় আমার ভক্ত বিষয়সমূহ কর্ত্তৃক আকৃষ্যমাণ হইলেও প্রতিক্ষণ বর্দ্ধমানা ভক্তির দ্বারা সুরক্ষিত হইয়া বিশেষভাবে বিষয়ের দ্বারা আকুল হন না ।১৮ (২)

হে উদ্ধব ! যেরূপ সুপ্রজ্বলিত অগ্নি কাষ্ঠসকল ভস্মীভূত করে, তদ্রূপ সদ্‌বিষয়িণী ভক্তি সমস্ত পাপ সম্পূর্ণরূপে ভস্মসাৎ করিয়া থাকে ।১৯

আমার তেজস্বিনী প্রবৃদ্ধা ভক্তি আমাকে যেরূপ বশ্যতাপন্ন করে—যোগ, সাঙ্খ্য, জ্ঞান, ধর্ম্ম, স্বাধ্যায়, তপস্যা ও সন্ন্যাস প্রভৃতি আমাকে সেইরূপ বশীভূত করিতে পারে না ।২০

কথা বলিয়াছিলেন। ভক্তের জন্যই ভগবান্ লীলাদেহ ধারণকরত বার বার মর্ত্ত্যভূমে আগমন করিয়া থাকেন।

(১)—মহান্ত শব্দের অর্থ কি ?

—ভগবান্ বলিয়াছেন,—আমাতে অনুরক্তচিত্ত ভক্তগণ সর্ব্বদা অখিলজীবে ভক্তিরস দানে ইচ্ছুক হন—লোকে তাঁহা-দিগকে মহান্ত বলে।

—ভগবদ্ধর্ম্ম প্রচারকের নাম মহান্ত ?

—হাঁ।

(২) —অজিতেন্দ্রিয় ভক্তেরও উপায় আছে ?

—হাঁ। দুষ্ট প্রারব্ধ কর্ম্মের দ্বারা বিষয়ে আকর্ষিত হইয়াও ভগবানের নাম ত্যাগ করেন না, রোগ-ভোগের ন্যায় বিষয়-ভোগ হইতে পরিত্রাণ লাভের জন্য ভগবান্‌কে আহ্বান করিতে থাকেন—ভগবান্ সত্বর তাঁহার ভোগেচ্ছা বিদূরিত

ধর্ম্মঃ সত্য-দয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি ॥২২
কথং বিনা রোমহর্ষং দ্রবতা চেতসা বিনা।
বিনানন্দাশ্রুকলয়া শুধ্যেদ্ভক্ত্যা বিনাশয়ঃ ॥২৩

সত্যদয়োপেতঃ (সত্য দয়াযুক্ত) ধর্ম্মঃ (ধর্ম্ম) বা (কিংবা) তপসা (তপস্যার দ্বারা) অন্বিতা (যুক্তা) বিদ্যা (বিদ্যা) মদ্ভক্ত্যা (আমার ভক্তি) অপেতম্ (বিরহিত) আত্মানং (আত্মাকে) হি (নিশ্চয়) সম্যক্ (উত্তম রূপে) ন প্রপুনাতি (পবিত্র করিতে পারে না) ॥২২

রোমহর্ষং (রোমাঞ্চ) দ্রবতা (দ্রবীভাবগত) চেতসা (চিত্ত) বিনা (ব্যতীত) আনন্দাশ্রুকলয়া (আনন্দজনিত নেত্রজল) বিনা (বিনা) ভক্ত্যা (ভক্তি) বিনা (ভিন্ন) কথম্ (কিরূপে) আশয়ঃ (অন্তঃকরণ) শুধ্যেৎ (শুদ্ধ হইবে) ॥২৩

শ্রীবৈষ্ণব সাধুগণের প্রিয় আত্মা আমি কেবল শ্রদ্ধাপূর্ব্বিকা ভক্তির দ্বারাই গ্রহণীয়। আমাতে অনন্যভাবে স্থিতা ভক্তি কুক্কুর-মাংস-ভক্ষণকারিগণকেও বাসনাময় সংসার হইতে অথবা জাতিদোষ হইতেও উদ্ধার করিয়া থাকে।২১

সত্য, দয়া, ধর্ম্ম এবং তপস্যাসমন্বিত বিদ্যা শাস্ত্রাভ্যাসও আমার ভক্তিরহিত অন্তঃকরণকে নিশ্চয়ই সম্যক্ পূত করিতে পারে না।২২

রোমাঞ্চ, চিত্তের আর্দ্রতা, আনন্দাশ্রুপ্রবাহ বিনা ভক্তি কি প্রকারে জানা যাইবে এবং ভক্তি ব্যতীত অন্তঃকরণই বা কিরূপে শুদ্ধ হইবে ?২৩

বাগ্ গদ্গদা দ্রবতে যস্য চিত্তং
রুদত্যভীক্ষ্ণং হসতি কচিচ্চ।
বিলজ্জ উদ্গায়তি নৃত্যতে চ
মদ্ভক্তিযুক্তো ভুবনং পুনাতি ॥২৪

(আমার ভাবে) যস্য (যাহার) বাগ্ গদ্গদা (বাক্য গদ্গদ), চিত্তং (চিত্ত) দ্রবতে (দ্রবীভূত), (যিনি) অভীক্ষ্ণং (পুনঃপুনঃ) রুদতি (রোদন করেন) চ (ও) হসতি (হাস্য করেন), কচিৎ (কখন) উদ্গায়তি (উচ্চৈঃস্বরে গান করেন) চ (ও) নৃত্যতে (নৃত্য করেন) মদ্ভক্তিযুক্তঃ (আমার ভক্তিযুক্ত) (সেই ভক্ত) ভুবনং (ভুবন) পুনাতি (পবিত্র করিয়া থাকেন) ॥২৪

যাঁহার বাক্য গদ্গদ প্রেমবশে স্খলিত হয়, যাহার চিত্ত গলিত, বহির্ব্যাপারে শিথিল হইয়া পড়ে, যিনি আমার বিরহে পুনঃপুনঃ রোদন করেন, আমার ক্রীড়ারহস্য স্মরণে কখনও বা হাস্য করেন, লজ্জা পরিত্যাগ পূর্ব্বক আমার চরিত্রগান ও নৃত্য করেন, আমার প্রেমভক্তিসম্পন্ন সেই পুরুষ ভুবনকে পবিত্র করিয়া থাকেন।২৪

করত নিত্যসঙ্গী করেন।

—ভক্তির লক্ষণ কি ?

—আচার্য্যগণ ভক্তির বহু লক্ষণ বলিয়াছেন। ইহলোক ও পরলোকের সমস্ত কামনা ত্যাগ করত অনন্যভাবে সেবার নামই ভক্তি। ভজ্ ধাতুর অর্থ সেবা। ভজ্ ধাতুর উত্তর ক্তি প্রত্যয় করিয়া ভক্তিশব্দ নিষ্পন্ন হইয়াছে, সেইজন্য বুধগণ ভগবানের সেবাকেই ভক্তি বলেন। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য, আত্মনিবেদন—প্রহ্লাদ এই নববিধা ভক্তির কথা বলিয়াছেন।

শ্রীভগবান্ রামচন্দ্র শ্রীলক্ষ্মণকে ভক্তিসঞ্চারের উপায় বলিয়াছেন,—আমার ভক্তগণের সঙ্গ, নিরন্তর আমার এবং তাঁহাদের পরিচর্য্যা, আমার রামনবমী আদি পর্ব্বদিনে উৎসব-করণ, একাদশী প্রভৃতিতে উপবাস, সর্ব্বদা আমার প্রিয়বিষয়িণী কথা শ্রবণ, অধ্যয়ন ও তাহার নিগূঢ় অর্থ উদ্ভাবনে অনুরাগ এবং আমার পূজায় পরনিষ্ঠা ও আমার নামকীর্ত্তন। শবরীকে বলিয়াছিলেন,—সাধুসঙ্গ প্রথম সাধন, দ্বিতীয় আমার কথা আলাপ, তৃতীয় মদ্গুণকীর্ত্তন, চতুর্থ উপনিষদাদি মৎপ্রতিপাদক বাক্যের ব্যাখ্যা, পঞ্চম ঈশ্বরজ্ঞানে অকপটভাবে অবিরত আচার্য্যের অনুবৃত্তি, ষষ্ঠ পুণ্যশীলতা, যমাদি নিয়মাদি এবং আমার অর্চ্চনায় নিরন্তর নিতান্ত নিষ্ঠা, সপ্তম সাঙ্গ আমার মন্ত্রের উপাসনা, অষ্টম আমা অপেক্ষাও ভক্তগণের অধিকতর সম্বর্দ্ধনা, শমাদির সহিত বাহ্যবিষয়ে বৈরাগ্য ও সর্ব্বভূতে ব্রহ্মবুদ্ধি, নবম আমার তত্ত্ববিচার, স্ত্রী পুরুষ যে কেহ এই নবধা ভক্তির সাধনা করিবেন তিনি প্রেমলক্ষণা ভক্তি লাভে সমর্থ হইবেন।

যথাগ্নিনা হেম মলং জহাতি
ধ্মাতং পুনঃ স্বং ভজতে চ রূপম্।
আত্মা চ কর্ম্মানুশয়ং বিধূয়
মদ্ভক্তিযোগেন ভজত্যথো মাম্ ॥২৫
যথা যথাত্মা পরিমৃজ্যতেঽসৌ
মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ।
তথা তথা পশ্যতি বস্তু সূক্ষ্মং
চক্ষুর্যথৈবাঞ্জনসম্প্রযুক্তম্ ॥২৬
বিষয়ান্ ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিষজ্জতে।
মামনুস্মরতশ্চিত্তং ময্যেব প্রবিলীয়তে ॥২৭
তস্মাদসদভিধ্যানং যথা স্বপ্নমনোরথম্।
হিত্বা ময়ি সমাধৎস্ব মনো মদ্ভাবভাবিতম্ ॥২৮

হেম (স্বর্ণ) যথা (যেমন) অগ্নিনা (অগ্নির দ্বারা) ধ্মাতং (তাপিত হইয়া) মলং (মালিন্য) জহাতি (ত্যাগ করে), পুনঃ (পুনরায়) (যদি তাপিত হয়) স্বং (স্বীয়) রূপং (রূপ) (অধিক) ভজতে (প্রাপ্ত হয়), (তদ্রূপ) মদ্ভক্তিযোগেন (আমার ভক্তিযোগের দ্বারা) আত্মা (আত্মা) চ (ও) কর্ম্মানুশয়ং (কর্ম্মবাসনা) বিধূয় (পরিত্যাগ পূর্ব্বক) অথো (অনন্তর) মাং (আমাকে) ভজতি (ভজনা করিয়া থাকে) ॥২৫

মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ (আমার পবিত্রকথা শ্রবণ-কথনের দ্বারা) অসৌ (এই আত্মা) যথা যথা (যেমন যেমন) পরিমৃজ্যতে (শুদ্ধ হয়) (যেমন) অঞ্জনসংপ্রযুক্তং (কজ্জলাবলিপ্ত) চক্ষুঃ (চক্ষু) সূক্ষ্মং (সূক্ষ্ম) বস্তু (বস্তু) পশ্যতি (দেখে), (আত্মা) তথা তথা (তেমন তেমন পরিমার্জ্জিত হইয়া সূক্ষ্মবস্তু দেখিয়া থাকে) ॥২৬

বিষয়ান্ (বিষয় সকল) ধ্যায়তঃ (ধ্যানকারী পুরুষের) চিত্তং (চিত্ত) বিষয়েষু (বিষয় পঙ্ককে) বিষজ্জতে (আসক্ত হয়), (আর) মাম্ (আমাকে) অনুস্মরতঃ (ধ্যানকারীর) চিত্তং (চিত্ত) ময়ি (আমাতে) এব (ই) প্রবিলীয়তে (প্রলীন হয় অর্থাৎ একীভূত হইয়া যায়) ॥২৭

যেমন অগ্নির দ্বারা সন্তাপিত স্বুবর্ণ মলিনতা ত্যাগ করে ও স্বীয় ঔজ্জ্বল্য প্রাপ্ত হয়, তদ্রূপ জীবও আমার ভক্তিযোগের দ্বারা সংসারের হেতুভূত কর্ম-বাসনা পরিহার করিয়া আমার লোকে সাক্ষাৎভাবে আমাকে সেবা করে।২৫

আমার পবিত্র গাথা শ্রবণ ও কীর্ত্তনের দ্বারা আত্মা যেমন যেমন পরিশুদ্ধ হয়, তেমন তেমন সেই জীব, অঞ্জনসংলিপ্ত নয়ন যেরূপ দোষশূন্য হইয়া সূক্ষ্মবস্তু দর্শন করে, তদ্রূপ সূক্ষ্মবস্তু—আত্মতত্ত্ব দেখিয়া থাকে।২৬

শব্দাদি বিষয় চিন্তাকারী পুরুষের চিত্ত যেরূপ বিষয়ে সংসক্ত হয়, তদ্রূপ উত্তমরূপে আমা-পরায়ণ ভক্তের চিত্ত আমাতেই লয় প্রাপ্ত হইয়া থাকে। মদাকারা চিত্তবৃত্তি লাভে ভক্ত মন্ময় হইয়া আনন্দে মগ্ন হয়।২৭

অতএব স্বপ্ন-মনোরথের ন্যায় দেহ, ইন্দ্রিয় ও বিষয় সকলের চিন্তা ত্যাগ করিয়া মদ্ভাবভাবিত শ্রবণ, কীর্ত্তন, স্মরণাদির দ্বারা শোধিত মন আমাতে সুস্থির কর।২৮

—সূক্ষ্ম বস্তু কি ?

—জ্যোতি। চিত্ত শুদ্ধ হইতে থাকিলে তুষার, ধূম, সূর্য্য, বায়ু, অগ্নি, জোনাকী, বিদ্যুৎ, স্ফটিক, চন্দ্রের রূপের ন্যায় জ্যোতি সকলের দর্শন হয়—এ সকল ভগবানের অভিব্যক্তি-সূচক।

—জ্যোতি কি ভিতরে দেখা যায় ?

—ভিতরে ও থাম, খুটি, দেওয়াল, ধান্যাগার, বৃক্ষ, পর্ব্বত যে দিকে যোগী দৃষ্টিপাত করেন, সেই সেই স্থলেই জ্যোতির দর্শন করিয়া থাকেন। যে যে পদার্থে যোগীর দৃষ্টি পড়ে—"তে সর্ব্বে চিন্ময়া ভান্তি তড়িদ্বৎ তৎক্ষণে ভৃশং" বিদ্যুতের মত স্পষ্ট চিন্ময় বলিয়া প্রকাশিত হয়।

—জ্যোতি কত প্রকার ?

—কোটিশত প্রকার।

জ্যোতিরেব পরং ব্রহ্ম জ্যোতিরেব পরং সুখম্।
জ্যোতিরেব পরা শান্তি র্জ্যোতিরেব পরং পদম্ ॥

সুষুম্না প্রবেশ হইলে স্ফটিক, ধূম্র, বিন্দু, নাদ, কলা, নক্ষত্র,

স্ত্রীণাং স্ত্রীসঙ্গিনাং সঙ্গং ত্যক্ত্বা দূরত আত্মবান্।
ক্ষেমে বিবিক্ত আসীনশ্চিন্তয়েন্মামতন্দ্রিতঃ ॥২৯

ন তথাস্য ভবেৎ ক্লেশো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্ যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥৩০

উদ্ধব উবাচ।
যথা ত্বামরবিন্দাক্ষ যাদৃশং বা যদাত্মকম্।
ধ্যায়েন্মুমুক্ষুরেতন্মে ধ্যানং মে বক্তুমর্হসি ॥৩১

শ্রীভগবানুবাচ।
সম আসন আসীনঃ সমকায়ো যথাসুখম্।
হস্তাবুৎসঙ্গ আধায় স্বনাসাগ্রকৃতেক্ষণঃ ॥৩২

অসদভিধ্যানং (মিথ্যাবস্তু চিন্তা) যথা (যেমন) স্বপ্নমনোরথং (স্বপ্ন মনোরথের ন্যায় অলীক), তস্মাৎ (সেই হেতু) (তাহা) হিত্বা (ত্যাগ করিয়া) মদ্ভাবভাবিতং (আমার ভজনের দ্বারা শোধিত) মনঃ (মন) ময়ি (আমাতে) সমাধৎস্ব (উত্তম রূপে ধারণ কর) ॥২৮

আত্মবান্ (ধীর আত্মজ্ঞ) স্ত্রীণাং (নারীগণের) স্ত্রীসঙ্গিনাং (স্ত্রীসঙ্গীকামী পুরুষসমূহের) সঙ্গং (সঙ্গ) দূরতঃ (দূর হইতে) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) ক্ষেমে (নির্ভয়স্থানে) বিবিক্তে (বিজনে) আসীনঃ (আসীন হইয়া) অতন্দ্রিতঃ (নিরলস) (ভাবে) মাং (আমাকে) চিন্তয়েৎ (চিন্তা করিবেন) ॥২৯

যোষিৎসঙ্গাৎ (রমণীসঙ্গে) তথা (ও) তৎসঙ্গিসঙ্গতঃ (তৎসঙ্গিকামী পুরুষের সঙ্গ হইতে) পুংসঃ (পুরুষের) যথা (যেরূপ) ক্লেশঃ (উদ্বেগ, উপতাপ) বন্ধঃ (সংসার বন্ধন) ভবেৎ (হয়), তথা (তদ্রূপ) অন্যপ্রসঙ্গতঃ (অপর সংসর্গে) ন ভবেৎ (হয় না) ॥৩০

শ্রীউদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব কহিলেন),—অরবিন্দাক্ষ (হে কমললোচন)! মুমুক্ষুঃ (মোক্ষেচ্ছু) ত্বাং (আপনাকে) যাদৃশং (যেমন) যদাত্মকং (যদাত্মক ধ্যেয়স্বরূপ) যথা (যে প্রকারে) ধ্যায়েৎ (ধ্যান করেন), মে (আমার) (কীদৃশ ধ্যান কর্ত্তব্য) এতৎ (ইহা) মে (আমাকে) বক্তুমর্হসি (বলুন) ॥৩১

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান বলিলেন),—জিতেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয়) সমে (সমান) আসনে (আসনে) যথাসুখম্ (যথাসুখে) আসীনঃ (উপবিষ্ট) চ (ও) স্বনাসাগ্রকৃতেক্ষণঃ (স্বনাসাগ্রেদত্ত দৃষ্টি) সন্ (হইয়া) উৎসঙ্গে (ক্রোড়ে) হস্তৌ (হস্তদ্বয়) আধায় (রাখিয়া) ॥৩২

বশীকৃত-ইন্দ্রিয়-অন্তঃকরণ, আত্মবান্ অনলস হইয়া স্ত্রী এবং স্ত্রীসঙ্গী কামুক পুরুষগণের সঙ্গ দূর হইতে পরিত্যাগপূর্ব্বক নির্ভয়, নির্জ্জন স্থানে উপবেশন করত আমার চিন্তা করিবেন।২৯

পুরুষের রমণীসঙ্গে এবং তৎসঙ্গী পুরুষের সঙ্গ হইতে যেমন ক্লেশ ও বন্ধন, পাপোৎপত্তি হয়, তদ্রূপ অন্য প্রসঙ্গে হয় না।৩০ —শ্রীমদ্ভাগবত ১৫।১।৬১

শ্রীউদ্ধব বলিলেন,—হে কমললোচন! যে প্রকারে, যেরূপ গ্রহণে, যৎস্বরূপ অবলম্বনে আপনাকে মুমুক্ষুগণ ধ্যান করেন—আমার কিরূপ ধ্যান করা কর্ত্তব্য ইহা আমাকে বলুন।৩১

শ্রীভগবান্ বলিলেন,—সমস্থানে, চেলাজিন কুশোত্তর আসনে, যথাসুখে, সমাসীন হইয়া হস্তদ্বয় ক্রোড়ে রাখিয়া, নাসিকার অগ্রভাগে দৃষ্টি স্থাপনপূর্ব্বক।৩২

জোনাকী প্রদীপ, নেত্র সুবর্ণ, নবরত্নাদি প্রভা দেখা যায়। সে সকল প্রণব-স্বরূপ।

—স্ত্রীসঙ্গ সকলেরই ত্যাজ্য?

—স্ত্রীসঙ্গত্যাগ ব্যতীত মানুষ স্বরূপ-প্রতিষ্ঠ হইতে পারে না।

শ্রুতি বলেন—

মাস্তি প্রমদাং দৃষ্ট্বা সুরাং পীত্বা চ মাদ্যতি।
তস্মাদ্ দৃষ্টিবিষাং নারীং দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ ৩১ ॥
সম্ভাষণং সহ স্ত্রীভিরালাপঃ প্রেক্ষণং তথা।
নৃত্যং গানং সহাসঞ্চ পরিবাদাংশ্চ বর্জ্জয়েৎ ॥
—নারদপরিব্রাজক উঃ।

সুরাপান করত মানুষ উন্মত্ত হয়, আর স্ত্রীদর্শন মাত্রেই

প্রাণস্য শোধয়েন্মার্গং পূর-কুম্ভক-রেচকৈঃ।
বিপর্য্যয়েণাপি শনৈরভ্যসেন্নির্জিতেন্দ্রিয়ঃ ॥৩৩

হৃদ্যবিচ্ছিন্নমোঙ্কারং ঘণ্টানাদং বিসোর্ণবৎ।
প্রাণেনোদীর্য্য তত্রাথ পুনঃ সংবেশয়েৎ স্বরম্ ॥৩৪

পূর-কুম্ভক-রেচকৈঃ (পূরক কুম্ভক রেচকের দ্বারা অনুলোমে) প্রাণস্য (প্রাণের) মার্গং (পথ) শোধয়েৎ (শোধন করিবে) (ও) বিপর্য্যয়েণ অপি (বিলোম—বিপরীত ক্রমেও) শনৈঃ (ধীরে ধীরে) অভ্যসেৎ (অভ্যাস করিবে) ॥৩৩

(মূলাধার হইতে আরম্ভ করিয়া) বিসোর্ণবৎ (কমল-নাল তন্তু তুল্য) অবিচ্ছিন্নং (অবিচ্ছিন্ন) ঘণ্টানাদং (ঘণ্টানাদ সদৃশ) হৃদি (হৃদয়ে অবস্থিত) ওঁকারং (ওঁকারকে) প্রাণেন (প্রাণবায়ুর দ্বারা) উদীর্য্য (উৰ্দ্ধ-মুৰ্দ্ধান্ত পর্য্যন্ত প্রাপ্ত করাইয়া) অথ (অনন্তর) তত্র (ওঁকারে) পুনঃ (পুনরায়) স্বরং (নাদ) সংবেশয়েৎ (সন্নিবিষ্ট করিবে) ॥৩৪

ইন্দ্রিয়গণকে প্রত্যাহার করত পূরক-কুম্ভক রেচকের দ্বারা প্রাণের পথ সুষুম্নাকে শোধন করিবে। বিপরীতক্রমে রেচক, পূরক, কুম্ভক এইরূপ ধীরে ধীরে অভ্যাস করিবে।৩৩

মূলাধার হইতে আরম্ভ করিয়া সতত অবিচ্ছিন্ন ঘণ্টানাদের ন্যায় কমল-নাল-তন্তুতুল্য হৃদয়ে অবস্থিত ওঁকারকে প্রাণবায়ুর দ্বারা মূৰ্দ্ধাপর্য্যন্ত (উৰ্দ্ধে দ্বাদশাঙ্গুল অবধি) লইয়া গিয়া অনন্তর সেই ওঙ্কারে ঘণ্টানাদ সদৃশ উদাত্ত নাদ স্থির করিবে।৩৪

উন্মত্ত হইয়া থাকে, তজ্জন্য দৃষ্টিবিষা নারীকে দূর হইতে পরিত্যাগ করিবে। নারীদিগের সহিত সম্ভাষণ, আলাপ, দর্শন, নৃত্য, গান, হাস্যপরিহাস ও নিন্দাবাদ পরিত্যাগ করিবে।

সুজীর্ণোঽপি সুজীর্ণাসু বিদ্বান্ স্ত্রীষু ন বিশ্বসেৎ।
সুজীর্ণেষ্বপি কন্থাসু সজ্জতে জীর্ণমম্বরম্ ॥

—সন্ন্যাসোপনিষৎ।

—বিদ্বান্ স্বয়ং অতি বৃদ্ধ হইলেও অত্যন্ত বৃদ্ধা স্ত্রীগণকে বিশ্বাস করিবেন না, কারণ অতিজীর্ণ কন্থাতে জীর্ণ বস্ত্রও

এবং প্রণবসংযুক্তং প্রাণমেব সমভ্যসেৎ।
দশকৃত্বস্ত্রিষবণং মাসাদর্ব্বাগ্ জিতানিলঃ ॥৩৫

হৃৎপুণ্ডরীকমন্তঃস্থমূর্দ্ধনালমধোমুখম্।
ধ্যাত্বোৰ্দ্ধমুখমুন্নিদ্রমষ্টপত্রং সকর্ণিকম্।
কর্ণিকায়াং ন্যসেৎ সূর্য্য-সোমাগ্নীনুত্তরোত্তরম্ ॥৩৬

এবং (এই প্রকারে) প্রণবসংযুক্তং (প্রণবসংযুক্ত) প্রাণং (প্রাণবায়ুকে) এব (ই) ত্রিষবণং (ত্রিসন্ধ্যায়) দশকৃত্বঃ (দশবার) সমভ্যসেৎ (সম্যক্ অভ্যাস করিবে), (অনন্তর) মাসাৎ অর্ব্বাগ্ (মাসাভ্যন্তরে) জিতানিলঃ (জিতপ্রাণ) (হইবে) ॥৩৫

অন্তঃস্থম্ উৰ্দ্ধনালং (দেহমধ্যবর্ত্তী উৰ্দ্ধনাল) অধোমুখম্ (অধোমুখ) অষ্টপত্রং (অষ্টপত্র) সকর্ণিকং (কর্ণিকাযুক্ত কদলী পুষ্পের ন্যায়) হৃৎপুণ্ডরীকং (হৃদয় কমল আছে তাহাতে) উৰ্দ্ধমুখম্ (উৰ্দ্ধমুখ), অধোনালং (অধোনাল) ধ্যাত্বা (ধ্যান করত) উত্তরোত্তরং (উত্তরোত্তর) সূর্য্যসোমাগ্নীন্ (সূর্য্য, সোম ও অগ্নিকে) ন্যসেৎ (বিন্যাস করিবেন ॥৩৬

এইরূপ প্রণবসংযুক্ত প্রাণায়াম্ ত্রিসন্ধ্যা দশবার করিয়া যিনি অভ্যাস করেন, তিনি একমাসের মধ্যে প্রাণজয়ে সমর্থ হন।৩৫

দেহের অভ্যন্তরে উৰ্দ্ধনাল (ডাঁটা) অধোমুখ, অষ্টপত্র মুকলিত কদলী-পুষ্পের ন্যায় যে হৃদয়-কমল আছে, তাহা উৰ্দ্ধমুখ অধোনাল বিকসিত অষ্টপত্র কর্ণিকা (বীজকোষ) যুক্ত ধ্যান করিয়া সেই কর্ণিকায় প্রথমে সূর্য্যমণ্ডল পরে চন্দ্র, শেষে বহ্নিমণ্ডল ধ্যান করিবেন ॥৩৬

সংযুক্ত করা যায়।

অঙ্গারসদৃশী নারী ঘৃতকুম্ভসমঃ পুমান্।
তস্মান্নারীষু সংসর্গং দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ প্রপান্নামৃত ॥৩২
যথৈব বহ্নিসান্নিধ্যাদাজ্যং দ্রবতি নিশ্চয়ম্।
তথা যুবতি সান্নিধ্যাৎ পুংসাং চেতশ্চলত্যহো ॥৩৩
সর্ব্বথা পরিহর্ত্তব্যো যোষিদসঙ্গঃ সুদুর্ম্মদঃ।
যোগিনামপি সর্ব্বেষাং সত্যং চৈবোৰ্দ্ধরেতসাম্ ॥ ঐ ৩৪অ-৩৪
অজেয়া বৈষ্ণবী মায়া যোষিদ্রূপা ন সংশয়ঃ।
ন শক্নুবন্তি তাং জেতুং ব্রহ্মেশানাদয়োঽপি হি ॥ ৩৯ ।ঐ

বহ্নিমধ্যে স্মরেদ্ রূপং মমৈতদ্ধ্যানমঙ্গলম্।
সমং প্রশান্তং সুমুখং দীর্ঘচারুচতুর্ভুজম্ ॥৩৭
সুচারু-সুন্দরগ্রীবং সুকপোলং শুচিস্মিতম্।
সমানকর্ণবিন্যস্তস্ফুরন্মকরকুণ্ডলম্ ॥৩৮
হেমাম্বরং ঘনশ্যামং শ্রীবৎসশ্রীনিকেতনম্।
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বনামালাবিভূষিতম্ ॥৩৯
নূপুরৈর্বিলসৎপাদং কৌস্তুভপ্রভয়া যুতম্।
দ্যুমৎকিরীটকটক-কটিসূত্রাঙ্গদাযুতম্ ॥৪০
সর্ব্বাঙ্গসুন্দরং হৃদ্যং প্রসাদসুমুখেক্ষণম্।
সুকুমারমভিধ্যায়েৎ সর্ব্বাঙ্গেষু মনো দধৎ ॥৪১
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যো মনসাকৃষ্য মন্মনঃ।
বুদ্ধ্যা সারথিনা ধীরঃ প্রণয়েন্ময়ি সর্ব্বতঃ ॥৪২

(সেই) বহ্নিমধ্যে (অগ্নিমধ্যে) এতৎ (বক্ষ্যমাণ) ধ্যানমঙ্গলং (ধ্যানের শুভ বিষয়), সমং (অনুরূপাবয়ব), প্রশান্তং (প্রশান্ত), সুমুখং (সুন্দরবদন), দীর্ঘচারুচতুর্ভুজং (দীর্ঘ মনোহর চতুর্ভুজ) রূপং (রূপ) স্মরেৎ (স্মরণ করিবেন) ॥৩৭

সুচারুসুন্দরগ্রীবং (অতি রমণীয় সুন্দর গ্রীবাযুক্ত), সুকপোলং (সুকপোল), শুচিস্মিতং (বিশুদ্ধ হাস্যসমন্বিত), সমান-কর্ণবিন্যস্ত-স্ফুরন্মকর-কুণ্ডলম্ (সমান কর্ণদ্বয়ে অর্পিত শোভমান মকরাকার কুণ্ডলবিশিষ্ট), হেমাম্বরং (স্বর্ণবসন), ঘনশ্যামং (ঘন মেঘকান্তি), শ্রীবৎস-শ্রীনিকেতনং (শ্রীবৎসমণি ও লক্ষ্মীর নিকেতন), শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বনমালা-বিভূষিতম্ (শঙ্খ চক্র গদা পদ্ম বনমালাবিভূষিত) নূপুরৈঃ বিলসৎপাদং (নূপুর শোভমান চরণযুগল), কৌস্তুভপ্রভয়া (কৌস্তুভ প্রভা) যুতং (যুক্ত), দ্যুমৎকিরীট-কটককটিসূত্রাঙ্গদাযুতম্ (কান্তিমৎ কিরীট কটক কটিসূত্র অঙ্গদ সমালঙ্কৃত), সর্ব্বাঙ্গসুন্দরং (সর্ব্বাঙ্গসুন্দর), হৃদ্যং (হৃদয়গ্রাহী) প্রসাদ-সুমুখেক্ষণং (প্রসন্নতাহেতু শোভন বদন-নয়নসম্পন্ন), সুকুমারম্ (অতি-কোমল) (রূপ) অভিধ্যায়েৎ (গাঢ়ভাবে ধ্যান করিবেন)। (আমার এইরূপ) সর্ব্বাঙ্গেষু (সর্ব্বাঙ্গে) মনঃ (মন) দধৎ (ধারণ করত) ইন্দ্রিয়ার্থেভ্যঃ (বিষয়সকল হইতে) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়গণকে) মনসা (মনের দ্বারা) আকৃষ্য (আকর্ষণ

সেই বহ্নিমধ্যে বক্ষ্যমাণ ধ্যানের শুভ বিষয় অনুরূপ অবয়ব। প্রশান্ত সুন্দর আনন, আজানু-লম্বিত মনোহর চতুর্ভুজরূপ স্মরণ করিবে।৩৭

অতিশয় রমণীয় সুন্দর গ্রীবাদেশ, সুন্দর কপোলদ্বয়, ঈষৎ মধুর হাস্যবদন, স্বচ্ছ মকরাকৃতি কুণ্ডলসমন্বিত সমান কর্ণযুগল, স্বর্ণবর্ণ পীতবসনধারী, মেঘের ন্যায় শ্যামবর্ণ, বক্ষঃস্থল শ্রীবৎসমণি ও লক্ষ্মীর নিবাস, শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বনমালাবিভূষিত, নূপুর শোভমান চরণযুগল, কৌস্তুভ প্রভাসম্পন্ন কান্তিমৎ কিরীট কটক কটিসূত্র অঙ্গদাদির দ্বারা সমলঙ্কৃত, সর্ব্বাঙ্গসুন্দর, মনোরম, প্রসন্নতাহেতু শোভনবদন-নয়নসম্পন্ন, অতি কোমল আমার এবংবিধ রূপ পদ হইতে মস্তক পর্য্যন্ত সমস্ত অঙ্গে মনোনিবেশ পূর্ব্বক একাগ্রচিত্তে ধ্যান করিবেন। শব্দাদি বিষয় হইতে মনের দ্বারা ইন্দ্রিয়সকলকে প্রত্যাহারপূর্ব্বক সেই সঙ্কল্প-বিকল্পাত্মক মনকে সারথিভূতা নিশ্চয়াত্মিকা বুদ্ধির দ্বারা সকল বিষয় হইতে আকর্ষণ করত পরমানন্দ-বিগ্রহ আমাতে বিবেকী উত্তমরূপে স্থাপন করিবেন।৩৮-৪২

নারী অঙ্গারসদৃশী—পুরুষ ঘৃতকুম্ভতুল্য, তজ্জন্য দূর হইতে নারীসঙ্গ ত্যাগ করিবে। যেরূপ অগ্নির নিকট ঘৃত থাকিলে তাহা গলিত হয়, তদ্রূপ যুবতীসান্নিধ্যে পুরুষগণের চিত্ত বিচলিত হইয়া থাকে। সমস্ত যোগীদিগের এবং ঊর্দ্ধরেতাগণেরও অত্যন্ত দুর্দ্ধর্ষ কামিনীসঙ্গ পরিহার করা কর্ত্তব্য—ইহা সত্য।

রমণীরূপিণী বৈষ্ণবীমায়া অজেয়া—ইহাতে কিছুমাত্র সংশয় নাই। অন্য পুরুষ তো দূরের কথা—ব্রহ্মা-মহেশ্বর আদি দেবগণও তাঁহাকে জয় করিতে সমর্থ হন না।

—তাহা হইলে উপায়?

—দূর হইতে প্রণাম করা এবং সর্ব্বদা মা মা করত চরণ দর্শন করাই একমাত্র উপায়।

তৎ সর্বব্যাপকং চিত্তমাকৃষ্যৈকত্র ধারয়েৎ।
নান্যানি চিন্তয়েদ্ভূয়ঃ সুস্মিতং ভাবয়েন্মুখম্ ॥৪৩
তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্য ব্যোম্নি ধারয়েৎ।
তচ্চ ত্যক্ত্বা মদারোহো ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥৪৪
এবং সমাহিতমতির্মামেবাত্মানমাত্মনি।
বিচষ্টে ময়ি সর্বাত্মন্ জ্যোতির্জ্যোতিষি সংযুতম্ ॥৪৫

করিয়া) মন্মনঃ (শুদ্ধমনঃ) সর্বতঃ (আমার সর্ব্বাঙ্গযুক্ত) সারথিনা (সহায়করূপা) বুদ্ধ্যা (বুদ্ধির দ্বারা) ময়ি (আমাতে) প্রণয়েৎ (উত্তমরূপে নিযুক্ত করিবেন) ॥৩৮-৪২

সর্ব্বব্যাপকং (সর্ব্বব্যাপক) তৎ (সেই) চিত্তম্ (চিত্তকে) আকৃষ্য (আকর্ষণ করিয়া) একত্র (একস্থানে) ধারয়েৎ (ধারণ করিবেন)। ভূয়ঃ (পুনরায়) অন্যানি (অন্য কিছু) ন চিন্তয়েৎ (চিন্তা করিবেন না), (আমার) সুস্মিতং (মনোরম হাস্যযুক্ত) মুখং (মুখ) ভাবয়েৎ (ভাবনা করিবেন) ॥৪৩

তত্র (তথায়) লব্ধপদং (স্থিরীভূত) চিত্তম্ (চিত্তকে) আকৃষ্য (আকর্ষণ করিয়া) ব্যোম্নি (সর্ব্বকারণরূপ আকাশে) ধারয়েৎ (ধারণ করিবেন), মদারোহঃ (শুদ্ধ ব্রহ্মে আরূঢ় হইয়া) তচ্চ (সর্ব্বকারণরূপ) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) কিঞ্চিৎ অপি (কিছুই) ন চিন্তয়েৎ (চিন্তা করিবেন না) ॥৪৪

সর্ব্বব্যাপক সেই চিত্তকে সমস্ত অঙ্গ হইতে আকর্ষণ পূর্ব্বক একটি অঙ্গে ধারণ করিবেন; অন্য অঙ্গসকল পুনরায় চিন্তা করিবেন না—কেবল সুন্দর, ঈষদ্ হাস্যসমন্বিত মুখই ধ্যান করিবেন।৪৩

মুখে স্থিরীভূত চিত্তকে তাহা হইতে আকর্ষণ করিয়া সর্ব্বকারণরূপ আকাশে ধারণ করিবেন। সেই কারণও ত্যাগ করিয়া শুদ্ধব্রহ্ম আমাতে আরূঢ় হইয়া ধাতৃ-ধ্যেয় বিভাগও ত্যাগ করত চিন্তাশূন্য

—আকাশে কেন ধারণা করিতে হয়?

—ব্রহ্ম আকাশ-শরীর বলিয়া।

"আকাশ-শরীরং ব্রহ্ম" তৈত্তিরীয়োপনিষৎ—(১।৬।২ শিক্ষাধ্যায়)—ব্রহ্ম আকাশ শরীর।

"ঋচো অক্ষরে পরমে ব্যোমন্"—শ্বেতাশ্বতরোপনিষৎ ৪ ৮

ধ্যানেনেত্থং সুতীব্রেণ যুঞ্জতো যোগিনো মনঃ।
সংযাস্যত্যাশু নির্ব্বাণং দ্রব্য-জ্ঞান-ক্রিয়াভ্রমঃ ॥৪৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ একাদশস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

সর্ব্বাত্মন্ (হে সর্ব্বাত্মন্)। এবং (এইরূপ) সমাহিতমতিঃ (সমাহিতবুদ্ধি) জ্যোতিষি (জ্যোতিতে) জ্যোতিঃ সংযুতম্ (জ্যোতি সংযুক্ত) আত্মানং (আত্মা) মামেব (আমাকেই) আত্মনি ময়ি (আত্মা আমাতে) বিচষ্টে (সংযুক্ত করিবেন) ॥৪৫

ইত্থং (এই প্রকার) সুতীব্রেণ (সুতীব্র) ধ্যানেন (ধ্যানের দ্বারা) মনঃ (মনঃ) যুঞ্জতঃ (সমাধানকারী) যোগিনঃ (যোগীর) দ্রব্যজ্ঞানক্রিয়াভ্রমঃ (অধিভূত, অধিদেব, অধ্যাত্ম ভ্রম অধ্যাস) আশু (শীঘ্র) নির্ব্বাণং (শান্তি) সংযাস্যতি (সম্যক্ রূপে প্রাপ্ত হয়) ॥৪৬

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ে
শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ
সমাপ্তঃ।

হইয়া অবস্থান করিবেন।৪৪

হে সর্ব্বাত্মন্! এবংবিধ সমাহিতবুদ্ধি মহাভূত তেজে যেমন দীপাদি জ্যোতিযুক্ত হয়,-তদ্রূপ পরমাত্মা আমাতেই আত্মা সংযুক্ত করিবেন।৪৫

এই প্রকার সদৃঢ়ধ্যানে মন সমাধানকারী যোগীর দেহাদিতে আত্মভ্রম বোধে বৃত্তিভ্রম ও কার্য্য কর্ত্তৃত্ব ভ্রম অথবা দৃশ্য দ্রষ্টা দর্শনরূপ ভ্রম সত্বর নির্ব্বাণ প্রাপ্ত হয়।৪৬

যে পরমাকাশরূপ অক্ষরব্রহ্মে ঋগাদি বেদসকল, দেবমণ্ডলী আশ্রিত আছেন, তাঁহাকে যে জানেনা সে বেদের দ্বারা কি করিবে! যাঁহারা এইরূপে বিদিত হন, তাঁহারাই কৃতার্থ হইয়া থাকেন।

যদ্ বৈ তদ্ব্রহ্মেতীদং বাব তদ্যোঽয়ং বহির্ধা পুরুষাদাকাশো
যো বৈ স বহির্ধা পুরুষাদাকাশঃ॥

—ছান্দোগ্যোপনিষৎ ৩।১২।৭

গায়ত্রী অবলম্বনে যাঁহাকে ব্রহ্মরূপে নির্দ্দেশ করা হইয়াছে—তিনিই পুরুষের বহিঃস্থ এই আকাশ, দেহমধ্যস্থ আকাশ, আমার হৃদয়পদ্মস্থ আকাশ। ঐ হৃদয়াকাশনামক ব্রহ্ম পূর্ণ ও অবিনাশী। যিনি ব্রহ্মকে ঐরূপ জানেন, তিনি পূর্ণ অবিনাশী ঐশ্বর্য্য লাভ করেন।

—দেহের বাহিরের আকাশ তো ভূতাকাশ?

—হাঁ, পরমাকাশ ওতপ্রোতভাবে ভূতাকাশে বিদ্যমান আছেন।

আকাশো বৈ নাম নাম-রূপয়োর্নির্বহিতা।

—ছান্দোগ্য ৮।১৪।১

শ্রুতিতে আকাশনামে যিনি প্রসিদ্ধ তিনি নাম-রূপের অভিব্যক্তির কারণ। ঐ নাম-রূপ যাঁহার মধ্যে তিনিই ব্রহ্ম, তিনিই আত্মা।

ওঁ খং ব্রহ্ম। —বৃহদারণ্যক ৫।১।১

ওম্-ই আকাশ-ব্রহ্ম—আকাশ সনাতন চিরন্তন। কৌরব্যায়নীপুত্র বলিয়াছেন—বায়ুর অর্থাৎ সূত্রের অপর প্রণবের আধারই আকাশ। ওঁকার সর্ব্ব-বেদস্বরূপ, যাহা কিছু জানিবার আছে, ইঁহার দ্বারা জানা যায়—ইহা ব্রাহ্মণগণ অবগত আছেন।

—তাহা হইলে প্রথমে অন্তরাকাশ ধারণা করিয়া তারপর পরমাকাশ পরমব্রহ্মে সম্মিলিত হইতে হয়?

—হাঁ।

—আকাশ কত প্রকার?

—পঞ্চ প্রকার। আকাশ, পরাকাশ মহাকাশ, সূর্য্যাকাশ, পরমাকাশ।

—আকাশসমূহের বিবরণ কি?

—বাহ্য অভ্যন্তর অন্ধকারময় আকাশ, বাহ্যাভ্যন্তরে কালানলসদৃশ পরাকাশ, সবাহ্যভ্যন্তরে অপরিমিত প্রকাশ তুল্য তত্ত্ব মহাকাশ, সবাহ্যাভ্যন্তরে ভাস্কর সদৃশ সূর্য্যাকাশ, অনির্ব্বচনীয় জ্যোতি, সর্ব্বব্যাপক, নিরতিশয় আনন্দলক্ষণ পরমাকাশ।

—মণ্ডলব্রাহ্মণ ৪র্থ।

—আকাশ দর্শনে কি হয়?

—যেমন যেমন দর্শন করে, সেই সেই রূপ হইয়া যায়।

—আকাশের কথা আর কোন শ্রুতি বলিয়াছেন?

—অদ্বয়তারকোপনিষদে মধ্যস্থলক্ষণে কথিত হইয়াছে—প্রাতঃকালের চিত্রাদিবর্ণ অখণ্ড সূর্য্য-চক্রবৎ, বহ্নিজ্বালাবলী সদৃশ, তদ্‌বিহীন অন্তরীক্ষের তুল্য দর্শন করে—পুনঃ পুনঃ তাহার দর্শনে গুণরহিত আকাশ হয়। বিস্ফুরৎ তারকাকার সংদীপ্যমান গাঢ়তমতুল্য পরমাকাশ। কালানল সম দ্যোতমান মহাকাশ। সর্ব্বোৎকৃষ্ট পরম প্রকাশ প্রদ্যোতমান তত্ত্বাকাশ। কোটি সূর্যপ্রকাশ বিভূতিসদৃশ সূর্য্যাকাশ। এইরূপ বাহ্য অভ্যন্তরে ব্যোম পঞ্চক তারক লক্ষ্য তাহার দর্শনকারী বিমুক্ত ফল তদ্রূপ ব্যোমের সমান হয়।

—এই আকাশের নাম কি পরম পদ?

—হাঁ, পরমপদ, পরমব্রহ্ম, পরম ব্যোম ইত্যাদি। যোগী, জ্ঞানী পরমব্যোমে একীভূত হন আর ভক্ত পরম ব্যোমে বৈকুণ্ঠধামে তাঁহার ঈপ্সিততমকে লাভ করত কৈঙ্কর্য্য করেন।

—কোন্‌টি সত্য?

—আকাশময় কলেবর এবং বৈষ্ণবীতনু দুইটাই সত্য—শ্রুতি বলিয়াছেন। বাল্মীকিরামায়ণে শেষ অধ্যায়েও দুইটী তনুর কথা ভগবান্ ব্রহ্মা শ্রীরাম-চন্দ্রকে বলিয়াছেন।

—সমস্ত সাধন-পথেই কি আকাশ দর্শন হয়?

—যখন সাধক সাধন-বলে পিণ্ডদেহকে অতিক্রম করে, তখন ব্রহ্মাণ্ডে সমষ্টি দেহে উপনীত হয়।

ব্রহ্মাণ্ডের প্রতীকই হইল আকাশ। মহাশূন্য ইহার অতীত। সন্তগণ বলেন—মহাশূন্যের পরপারে ভ্রমর গুহা—সত্যরাজ্য ভ্রমর গুহার অতীত। আকাশই মহত্তত্ত্ব—বিষ্ণু।

—এইরূপ ধ্যান কি মুমুক্ষু মাত্রকেই করিতে হয়?

—যাঁহারা জগন্মাতার কৃপাপ্রাপ্ত হন নাই, পুরুষকারপরায়ণ তাঁহাদের এই সমস্ত করিতে হয়। আর যাঁহারা শরণাগত, মাতার কৃপাপাত্র হইয়াছেন, মাতা তাহাদিগকে নাদ শুনাইতে শুনাইতে, বিবিধ জ্যোতি দেখাইতে দেখাইতে মহাকাশে লইয়া গিয়া সম্মিলিত করিয়া দেন। তখন প্রপন্নভক্তের স্বতঃই আত্মস্ফূর্ত্তি হইতে থাকে, ভক্ত ভগবানে খেলা চলে, ভক্ত ভগবানের ভিতর ঘুমাইয়া পড়েন। ভগবান্ তাঁহাকে জাগ্রত করিয়া "আমি আমি" খেলা করিতে থাকেন। ভক্ত সেই আমিতে আমির আমি-হারা হইয়া ভগবানের সঙ্গে যেন মিশিয়া যান।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ অধ্যায়ঃ।

[অষ্টাদশসিদ্ধিবর্ণনম্।]

শ্রীভগবানুবাচ।

জিতেন্দ্রিয়স্য যুক্তস্য জিতশ্বাসস্য যোগিনঃ।
ময়ি ধারয়তশ্চেত উপতিষ্ঠন্তি সিদ্ধয়ঃ ॥১

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—জিতেন্দ্রিয়স্য (জিতেন্দ্রিয়) (১) যুক্তস্য (স্থিরচিত্ত), জিতশ্বাসস্য (জিতপ্রাণ), ময়ি (আমাতে) চেতঃ (চিত্ত) ধারয়তঃ (ধারণকারী) যোগিনঃ (যোগীর) সিদ্ধয়ঃ (অণিমাদি সিদ্ধিসমূহ) উপতিষ্ঠন্তি (উপস্থিত হয়) ॥১

পঞ্চদশ অধ্যায়।

[অষ্টাদশসিদ্ধিবর্ণন।]

বেদান্তা যস্য সর্ব্বেঽপি শরীরশ্রুতিমস্তকম্।
বাগজালং যেন সংব্যাপ্তং প্রণবঃ স বিরাজতে ॥

শ্রীভগবান্ বলিলেন,—অন্তরিন্দ্রিয় বহিরিন্দ্রিয় জয়কারী স্থিরচিত্ত, জিতপ্রাণ, আমাতে চিত্ত ধারণকারী যোগীর অণিমাদি সিদ্ধিসকল স্বয়ংই উপস্থিত হইয়া থাকে।১

উদ্ধব উবাচ।

কয়া ধারণয়া কাস্বিৎ কথংস্বিৎ সিদ্ধিরচ্যুত।
কতি বা সিদ্ধয়ো ব্রূহি যোগিনাং সিদ্ধিদো ভবান্ ॥২

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—অচ্যুত (হে অচ্যুত)!

শ্রীউদ্ধব কহিলেন,—হে অচ্যুত! আপনি যোগিগণের সিদ্ধি প্রদান করিয়া থাকেন। কি ধারণার দ্বারা কি নাম্নী, কি প্রকার বা সিদ্ধিলাভ হয়, সেই সিদ্ধিসমূহের সংখ্যাই বা কত—আপনি আমাকে তাহা বলুন।২

(১) জিতেন্দ্রিয়।

শ্রুত্বা স্পৃষ্ট্বাথ দৃষ্ট্বাথ ভুক্ত্বা ঘ্রাত্বা চ যো নরঃ।
ন হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ ॥

যে মানব শ্রবণ, স্পর্শন, দর্শন, ভোজন ও আঘ্রাণ করত আনন্দিত বা অহৃষ্ট হন না, তিনিই জিতেন্দ্রিয়।

শ্রীভগবানুবাচ।

সিদ্ধয়োঽষ্টাদশ প্রোক্তা ধারণা যোগপারগৈঃ।
তাসামষ্টৌ মৎপ্রধানা দশৈব গুণহেতবঃ ॥৩
অণিমা মহিমা মূর্ত্তের্লঘিমা প্রাপ্তিরিন্দ্রিয়ৈঃ
প্রাকাম্যং শ্রুতদৃষ্টেষু শক্তিপ্রেরণমীশিতা ॥৪

যোগিনাং (যোগিগণের) ভবান্ (আপনি) সিদ্ধিদঃ (সিদ্ধিদাতা) (অতএব) কয়া (কি) ধারণয়া (ধারণার দ্বারা) কথং স্বিৎ (কিরূপী) কা স্বিৎ (কি নাম) সিদ্ধিঃ (সিদ্ধি) কতি বা (কত) সিদ্ধয়ঃ (সিদ্ধিসকল) (ধারণা কত প্রকার) (আপনি ইহা) ব্রূহি (বলুন) ॥২

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন), যোগপারগৈঃ (যোগপারগ মুনিগণ) সিদ্ধয়ঃ (সিদ্ধি) অষ্টাদশ (অষ্টাদশ প্রকার) প্রোক্তাঃ (বলিয়াছেন), ধারণা (ধারণা অষ্টাদশ প্রকার) তাসাং (সেই সিদ্ধিগণের মধ্যে) অষ্টৌ (আটটী) মৎপ্রধানাঃ (আমার একান্ত আশ্রিত) (আর) দশ এব (দশটী) গুণ-হেতবঃ (সত্ত্বোৎকর্ষহেতু সমুৎপন্না) ॥৩

মূর্ত্তেঃ (দেহের) অণিমা (অণিমা), মহিমা (মহিমা), লঘিমা (লঘিমা), ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণের সহিত তাহাদের অধিষ্ঠাত্রী দেবতাগণের সম্বন্ধী) প্রাপ্তিঃ (প্রাপ্তি), শ্রুতদৃষ্টেষু (পারলৌকিকও দর্শনযোগ্য) প্রাকাম্য (প্রাকাম্য), শক্তিপ্রেরণম্ (মায়ার ক্ষুদ্র ক্ষুদ্র অংশের প্রেরণ) ঈশিতা (ঈশিতা) ॥৪

শ্রীভগবান্ বলিলেন,—যোগের পারগামী সিদ্ধগণ সিদ্ধি অষ্টাদশ প্রকার বলিয়াছেন। তাহার কারণভূতা ধারণাও অষ্টাদশ প্রকার। তন্মধ্যে আটটী সিদ্ধি আমার একান্ত আশ্রিত এবং অপর দশটী সত্ত্বগুণের উৎকৃষ্টতাহেতু উৎপন্ন হইয়া থাকে।৩

অণিমা, মহিমা, লঘিমা এই তিনটী সিদ্ধি দেহের। ইন্দ্রিয়গণের সহিত তৎ তৎ বিষয় সম্বন্ধই প্রাপ্তি নাম্নী চতুর্থী সিদ্ধি। শ্রুত (পারলৌকিক) দৃষ্ট (দর্শনযোগ্য) পরোক্ষ পদার্থসমূহে দর্শন সামর্থ্য প্রকাম্য নামক পঞ্চমী সিদ্ধি। জীবগণে স্বশক্তি সঞ্চারণ ঈশিতা-সিদ্ধি।৪

—সিদ্ধ ব্যক্তিকে কি করিয়া চিনিতে পারা যায়?

—সিদ্ধস্য ত্রীণি চিহ্নানি দাতা ভোক্তা(প)যাচকঃ।
সিদ্ধমন্ত্রস্য তন্ত্রোক্তাঃ প্রবর্ত্তন্তেঽত্র সিদ্ধয়ঃ ॥—বৌধায়ন
তন্ত্রোক্ত সিদ্ধমন্ত্র ব্যক্তির দাতা ভোক্তা হইয়াও অযাচক—এই তিনটি লক্ষণ প্রকাশ পাইবে।

গুণেষ্বসঙ্গো বশিতা যৎকামস্তদবস্যতি।
এতা মে সিদ্ধয়ঃ সৌম্য অষ্টাবৌৎপত্তিকা মতাঃ ॥৫

অনূর্ম্মিমত্ত্বং দেহেঽস্মিন্ দূরশ্রবণদর্শনম্।
মনোজবঃ কামরূপং পরকায়প্রবেশনম্ ॥৬

গুণেষু (বিষয়ে) অসঙ্গঃ (অসম্পর্ক), বশিতা (বশিতা), যৎকামঃ (যে যে সুখ কামনা করে), তৎ অবস্যতি (তাহার সীমায় প্রাপক) (ইহা কামাবসায়িতা), সৌম্য (হে প্রিয়দর্শন)। এতাঃ (সেই সকল) মে (আমার) ঔৎপত্তিকা (স্বাভাবিকী) অষ্টৌ (অষ্ট) সিদ্ধয়ঃ (সিদ্ধি) মতাঃ (সম্মতা) ॥৫

অস্মিন্ (এই) দেহে (দেহে) অনূর্ম্মিমত্ত্বং (ক্ষুৎ-পিপাসাদি ক্ষোভরাহিত্য) দূরশ্রবণদর্শনং (দূরে শ্রবণ ও দর্শন) মনোজবং (মনের বেগে দেহের গতি) কামরূপং (যথেচ্ছরূপ ধারণ) পরকায়-প্রবেশনম্ (পরশরীরে প্রবেশ) ॥৬

গুণকার্য্য বিষয়সমূহে অনাসক্তিই বশিতা এবং যখন যে বিষয়লাভের কামনা উপস্থিত হয়, তৎক্ষণাৎ তাহা পূর্ণভাবে প্রাপ্তির নাম কামাবসায়িতা সিদ্ধি। হে প্রিয়দর্শন। এই অণিমাদি আমার স্বাভাবিকী সিদ্ধি।৫

গুণহেতু সিদ্ধিসকল,—এই দেহে প্রথম ক্ষুৎ-পিপাসারাহিত্য, দূরশ্রবণ দ্বিতীয়া, দূরদর্শন তৃতীয়া, মনোজব—মনের ন্যায় বেগে দেহের গতি চতুর্থী, আকাঙ্ক্ষিত রূপপ্রাপ্তি পঞ্চমী, পরশরীরে প্রবেশ ষষ্ঠী সিদ্ধি।৬

—সাধারণ ব্যক্তি সহজে কিভাবে সিদ্ধিলাভে সমর্থ হয়?

—মন্ত্রজপের দ্বারা সিদ্ধিলাভ হইয়া থাকে। উত্তম, মধ্যম, অধম—তিন প্রকার মন্ত্রসিদ্ধির লক্ষণ।

—মন্ত্রসিদ্ধির বিবরণ বল।

স্বচ্ছন্দমৃত্যুর্দেবানাং সহক্রীড়ানুদর্শনম্,
যথাসঙ্কল্পসংসিদ্ধিরাজ্ঞাপ্রতিহতা গতিঃ ॥৭
ত্রিকালজ্ঞত্বমদ্বন্দ্বং পরচিত্তাদ্যভিজ্ঞতা।
অগ্ন্যর্কাম্বুবিষাদীনাং প্রতিষ্টম্ভোঽপরাজয়ঃ ॥৮
এতাশ্চোদ্দেশতঃ প্রোক্তা যোগ-ধারণসিদ্ধয়ঃ।
যয়া ধারণয়া যা স্যাদ্ যথা বা স্যান্নিবোধ মে ॥৯

ভূত-সূক্ষ্মাত্মনি ময়ি তন্মাত্রং ধারয়েন্মনঃ।
অণিমানমবাপ্নোতি তন্মাত্রোপাসকো মম ॥১০
মহত্যাত্মন্ পরে ময়ি যথাসংস্থং মনো দধৎ।
মহিমানমবাপ্নোতি ভূতানাঞ্চ পৃথক্ পৃথক্ ॥১১
পরমাণুময়ে চিত্তং ভূতানাং ময়ি রঞ্জয়ন্।
কালসূক্ষ্মার্থতাং যোগী লঘিমানমবাপ্নুয়াৎ ॥১২

স্বচ্ছন্দমৃত্যুঃ (ইচ্ছামরণ), দেবানাং সহ ক্রীড়ানুদর্শনং (দেবগণের সহিত অপ্সরাগণের ক্রীড়াদর্শন), যথাসঙ্কল্পসিদ্ধিঃ (সঙ্কল্প অনুরূপ প্রাপ্তি), অপ্রতিহতা আজ্ঞা গতিঃ চ (অপ্রতিহতা গতি, অমোঘ আজ্ঞা), ত্রিকালজ্ঞত্বম্ (ত্রিকালজ্ঞত্ব), অদ্বন্দ্বম্, (শীতোষ্ণাদির দ্বারা অনভিভব), অগ্ন্যর্কাম্বুবিষাদীনাং (অগ্নি, সূর্য্য ও জলাদির) প্রতিষ্টম্ভঃ (স্তম্ভন), অপরাজয়ঃ (অপরাজয়) ।৭-৮

এতাঃ (এই) উদ্দেশতঃ (উদ্দেশে) যোগধারণসিদ্ধয়ঃ (যোগধারণা সিদ্ধিসমূহ) প্রোক্তাঃ (কথিত হইল), যয়া (যে) ধারণয়া (ধারণার দ্বারা) যত্র (যে সিদ্ধি) স্যাৎ (হয়) বা (অথবা) যেন প্রকারেণ (যে প্রকারে) স্যাৎ (হয়), (তাহা) মে (আমার নিকট) নিবোধ (অবগত হও) ॥৯

ভূতসূক্ষ্মাত্মনি (ভূত সূক্ষ্মরূপ উপাধিযুক্ত) ময়ি (আমাতে) তন্মাত্রং (ভূতসূক্ষ্মমাত্র) মনঃ (মন) ধারয়েৎ (ধারণ করিবে), (ইহার দ্বারা) মম (আমার) তন্মাত্রোপাসকঃ (ভূতসূক্ষ্মমাত্র উপাসনাকারী) অণিমানম্ (অণিমা) অবাপ্নোতি (প্রাপ্ত হন), মহতি আত্মন্ পরে ময়ি (মহত্তত্ত্বরূপ আমাতে) যথা-সংস্থং মনঃ (মহত্তত্ত্বাকার মন) দধৎ (ধারণা করিয়া) ভূতানাং চ পৃথক্ পৃথক্ (ভূতগণের ভিন্ন ভিন্ন) মহিমানম্ অবাপ্নোতি (মহিমা প্রাপ্ত হন) ॥১০-১১

ভূতানাং (ভূতগণের) পরমাণুময়ে (পরমাণুময়) ময়ি (আমাতে) চিত্তং (চিত্ত) রঞ্জয়ন্ (রঞ্জিত করিয়া) যোগী (যোগী) কালসূক্ষ্মার্থতাং (কাল পরমাণু উপাধিরূপতা) (সিদ্ধি) লঘিমানম্ (লঘিমা) অবাপ্নুয়াৎ (প্রাপ্ত হন) ॥১২

স্বচ্ছন্দমৃত্যু—স্বেচ্ছামৃত্যু সপ্তমী, দেবগণসহ অপ্সরাগণের ক্রীড়াদর্শন প্রাপ্তি অষ্টমী, যথাসংকল্প-সিদ্ধি সংকল্প অনুরূপ প্রাপ্তি নবমী, অপ্রতিহতাগতি অমোঘ আজ্ঞা দশমী, ক্ষুদ্রসিদ্ধি, ত্রিকালজ্ঞত্ব ভূত-ভবিষ্যদ্-বর্ত্তমান কালগত পদার্থজ্ঞান, অদ্বন্দ্ব—শীতোষ্ণাদির দ্বারা অনভিভব, পরচিত্তাদ্যভিজ্ঞতা—পরচিত্তের ভাব অবধারণ করা, অগ্নি, সূর্য্য, জল ও বিষাদির স্তম্ভন ও অপরাজয় ।৭-৮

এই যোগধারণা সিদ্ধিসকল উদ্দেশে লক্ষণপূর্ব্বক সংজ্ঞা মাত্রে বলিলাম। এই সিদ্ধিসমূহ যে ধারণার দ্বারা লাভ হয়, তাহা আমার নিকট শ্রবণ কর ।৯

ভূতসূক্ষ্মশরীর আমাতে, ভূতসূক্ষ্মাকার মন ধারণা করত সেই তন্মাত্র উপাসক মদীয় অণিমা সিদ্ধি প্রাপ্ত হন ।১০

(যোগী) মহত্তত্ত্বাত্মক আমাতে মহত্তত্ত্বাকার মন ধারণা করিয়া ভূতগণের ভিন্ন ভিন্ন মহিমা প্রাপ্ত হইয়া থাকেন ।১১

যোগী বায়ু আদি ভূতসকলের পরমাণুময়

বিনাক্লেশে অভীষ্ট সিদ্ধিই মন্ত্রসিদ্ধির উত্তম চিহ্ন। মৃত্যু নিবারণ করিতে পারা, দেবতাকে দেখিতে পাওয়া, বিনাক্লেশে প্রয়োগ সিদ্ধকরা মন্ত্রসিদ্ধির প্রধান লক্ষণ ॥৫৮

পরশরীরে প্রবেশ করিতে পারা, রুদ্ধ পরকীয় পুরে প্রবেশ করিতে পারা, শূন্য মার্গে উঠিতে পারা, সর্ব্বত্র গতি, খেচরীদিগের সহিত মিলন, তাহাদিগের কথা শ্রবণ ও ভূবিবর দর্শন মন্ত্র-সিদ্ধির উত্তম লক্ষণ। মন্ত্রসিদ্ধি লাভ করিলে খ্যাতিলাভ ও ভূষণ বাহনাদি লাভ করা যায় সুচিরকাল বাঁচিয়া থাকিতে পারে, রাজা ও রাজপরিবার-গণকে বশীভূত করিতে পারে, সকল স্থানে লোকের নিকট অত্যাশ্চর্য্য কার্য্য দেখাইয়া সুখে থাকিতে পারে, সকল প্রকার রোগ আরোগ্য করিতে পারে, দৃষ্টিপ্রদানে বিষদোষ

ধারয়ন্ ময্যহংতত্ত্বে মনো বৈকারিকেঽখিলম্।
সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং প্রাপ্তিং প্রাপ্নোতি মন্মনাঃ॥১৩
মহত্যাত্মনি যঃ সূত্রে ধারয়েন্ময়ি মানসম্।
প্রাকাম্যং পারমেষ্ঠ্যং মে বিন্দতেঽব্যক্তজন্মনঃ॥১৪

বৈকারিকে (বৈকারিক, সাত্ত্বিক) অহংতত্ত্বে (অহঙ্কার রূপ উপাধিবিশিষ্ট) ময়ি (আমাতে) অখিলং (সম্পূর্ণ) মনঃ (মন) ধারয়ন্ (ধারণা করিয়া) মন্মনাঃ (মচ্চিত্ত) সর্ব্বেন্দ্রিয়াণাং (সমস্ত ইন্দ্রিয়ের) প্রাপ্তিঃ (আধিপত্যরূপ) প্রাপ্তিং (সিদ্ধি) প্রাপ্নোতি (লাভ করেন)॥১৩

যঃ (যিনি) মহতি (মহৎ) আত্মনি (আত্মা) সূত্রে (ক্রিয়াশক্তি প্রধান সূত্র উপাধিযুক্ত) ময়ি (আমাতে) মানসং (মন) ধারয়েৎ (ধারণ করেন), (তিনি) অব্যক্তজন্মনঃ (অব্যক্তজন্মা সূত্র আধার) পারমেষ্ঠ্যং (সর্ব্বোৎকৃষ্ট, সর্ব্বোত্তম) প্রাকাম্যং (প্রাকাম্য সিদ্ধি) বিন্দতে (প্রাপ্ত হন)॥১৪

উপাধিক আমাতে চিত্ত ধারণা করত কাল ও পরমাণু তুল্য হওয়া সামর্থ্য লঘিমা সিদ্ধি প্রাপ্ত হন।১২

সাত্ত্বিক অহংতত্ত্বে অহঙ্কার উপাধিক আমাতে একাগ্র মন ধারণা করিয়া মচ্চিত্ত আমার উপাসক সমস্ত প্রাণীর ইন্দ্রিয়গণের আত্মত্ব, ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃত্ব লক্ষণ প্রাপ্তিসিদ্ধি হইয়া থাকে।১৩

মহৎ আত্মা সূত্রে (ক্রিয়াশক্তি প্রধান সূত্র-সংজ্ঞক উপাধিযুক্ত আমাতে) যিনি মানস ধারণা করেন, তিনি অব্যক্তজন্মা সূত্র আমার সর্ব্বোৎকৃষ্ট প্রাকাম্য সিদ্ধিলাভ করেন।১৪

বিষ্ণৌ ত্র্যধীশ্বরে চিত্তং ধারয়েৎ কালবিগ্রহে।
স ঈশিত্বমবাপ্নোতি ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞচোদনাম্॥১৫
নারায়ণে তুরীয়াখ্যে ভগবচ্ছব্দশব্দিতে।
মনো ময্যাদধদ্ যোগী মদ্ধর্ম্মা বশিতামিয়াৎ॥১৬

(যিনি) ত্র্যধীশ্বরে (ত্রিগুণ মায়া নিয়ন্তায়) (অতএব) কালবিগ্রহে (অন্তর্য্যামী) বিষ্ণৌ (সর্ব্বব্যাপকে) (আমাতে) চিত্তং (চিত্ত) ধারয়েৎ (ধারণ করেন), সঃ (তিনি) ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞচোদনাম্ (জীব এবং তাহার উপাধির প্রবর্ত্তক) ঈশিত্বং (ঈশিত্ব) সিদ্ধিম্ অবাপ্নোতি (লাভ করেন)॥১৫

ভগবচ্ছব্দশব্দিতে (ভগবৎশব্দে কথিত) তুরীয়াখ্যে (তুরীয় নামক) নারায়ণে (নারায়ণে) (আমাতে) মনঃ (মন) আদধৎ (সমাধান করিয়া) মদ্ধর্ম্মা (আমার ধর্ম্মযুক্ত) যোগী (যোগী) বশিতাম্ ইয়াৎ (বশিত্বনামক সিদ্ধি প্রাপ্ত হন)॥১৬

ত্রিগুণ ও মায়া নিয়ন্তা, কালবিগ্রহ অন্তর্য্যামী, সর্ব্বব্যাপক আমাতে যিনি চিত্ত ধারণা করেন, তিনি জীব এবং উপাধির প্রবর্ত্তক ঈশিত্ব-সিদ্ধি প্রাপ্ত হন।১৫

ভগবৎ শব্দিত, জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তি এই অবস্থাত্রয় রহিত, তুরীয়নামক নারায়ণ আমাতে মন সমাধান করিয়া আমার ধর্ম্মযুক্ত যোগী গুণকার্য্যে অনাসক্তি-রূপা বশিতা নাম্নী সিদ্ধিপ্রাপ্ত হইয়া থাকেন।১৬

নিবারণ করিতে পারে, চতুর্ব্বিধ বিদ্যায় অনায়াসে পরদর্শী হইতে পারে। বৈরাগ্য, মুমুক্ষা, ত্যাগশীলতা, সকলকে বশীভূত করিবার শক্তি, অষ্টাঙ্গ যোগের অভ্যাস, ভোগ-বাসনা পরিত্যাগ, সকলজীবের প্রতি দয়া, সর্ব্বজ্ঞতা প্রভৃতি গুণের বিকাশ এই সকল গুণ মধ্যবিধ সিদ্ধির লক্ষণ॥৫৯

খ্যাতিলাভ, বাহনভূষণাদি লাভ, দীর্ঘজীবন লাভ, রাজা ও রাজপরিবার বর্গের বাৎসল্য প্রাপ্তি, লোকবশীকরণশক্তি, অতুল ঐশ্বর্য্য, ধন সম্পদ, স্ত্রীপুত্রাদি সম্পদ এই সকল অধম সিদ্ধির লক্ষণ। মন্ত্রসিদ্ধির প্রথম অবস্থায় এই সকল গুণের বিকাশ হইতে থাকে। যিনি প্রকৃত মন্ত্রসিদ্ধি লাভ করিতে পারেন, তিনি সাক্ষাৎ শিব হইয়া থাকেন—এ বিষয়ে কোন সংশয় নাই॥ (তর্করত্নমহাশয় সম্পাদিত তন্ত্রসার)

—মধ্যবিধ সিদ্ধি অষ্টাঙ্গযোগ অভ্যাস। অষ্টাঙ্গ যোগ কি?

—যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি। পাতঞ্জলদর্শনোক্ত যোগই অষ্টাঙ্গযোগ।

—যমাদি কাহাকে বলে?

—অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য-অপরিগ্রহ যম। শৌচ সন্তোষ, তপস্যা, স্বাধ্যায়, ঈশ্বরপ্রণিধান—নিয়ম।

স্থিরভাবে সুখে উপবেশন করার নাম আসন—পদ্মাসন, স্বস্তিকাসন ইত্যাদি। প্রাণায়াম—শ্বাস প্রশ্বাসের স্বাভাবিক গতি ভঙ্গ করিয়া তদুভয়কে শাস্ত্রোক্ত নিয়মের অধীন করা বা স্থান বিশেষে বিরত করা। আসন সিদ্ধ হইলে এই দুঃসাধ্য

নির্গুণে ব্রহ্মণি ময়ি ধারয়ন্ বিশদং মনঃ।
পরমানন্দমাপ্নোতি যত্র কামোঽবসীয়তে ॥১৭
শ্বেতদ্বীপপতৌ চিত্তং শুদ্ধে ধর্ম্মময়ে ময়ি।
ধারয়ন্ শ্বেততাং যাতি ষড়ূর্ম্মিরহিতো নরঃ ॥১৮

নির্গুণে (নির্গুণ) ব্রহ্মণি (ব্রহ্ম) ময়ি (আমাতে) বিশদং (নির্ম্মল) মনঃ (মন) ধারয়ন্ (ধারণা করিয়া) যত্র (যে পরমানন্দরূপে) কামঃ (সকল কামনা) অবসীয়তে (পূর্ণতা প্রাপ্ত হয়), তং (সেই) পরমানন্দং (পরমানন্দরূপ) (কামাবসায়িতাম্ অর্থাৎ কামনার পূর্ণতারূপ সিদ্ধি) অবাপ্নোতি (লাভ করেন) ॥১৭

শ্বেতদ্বীপপতৌ (শ্বেতদ্বীপ পতি) শুদ্ধে (শুদ্ধ সত্ত্বাত্মকে) ধর্ম্মময়ে (ধর্ম্মময়) [ময়ি] (আমাতে) চিত্তং (চিত্ত) ধারয়ন্ (ধারণা করিয়া) ষড়ূর্ম্মিরহিতঃ (ক্ষুৎপিপাসাদি ষড়্‌বিধ ক্ষোভ রহিত) নরঃ (মানব) শ্বেততাং (শুদ্ধ-রূপতা) যাতি (প্রাপ্ত হন) ॥১৮

প্রাকৃত গুণবশ্যাদিরহিত নির্গুণ ব্রহ্ম আমাতে শুদ্ধ মন ধারণা করত যে পরমানন্দ প্রাপ্তিতে সমস্ত কাম সমাপ্ত হয়, সেই পরমানন্দরূপ কামাবসায়িতা (কামনার পূর্ণতারূপ) সিদ্ধিলাভ করেন।১৭

শ্বেতদ্বীপপতি, গুণপারতন্ত্র্য-রহিত, সত্ত্বাত্মক, ধর্ম্মময় অনিরুদ্ধমূর্ত্তি আমাতে চিত্ত ধারণা করিয়া নর ক্ষুৎপিপাসাদি রহিত হইয়া শুদ্ধরূপতা প্রাপ্ত হন।১৮

ময্যাকাশাত্মনি প্রাণে মনসা ঘোষমুদ্বহন্।
তত্রোপলব্ধা ভূতানাং হংসো বাচঃ শৃণোত্যসৌ ॥১৯
চক্ষুস্ত্বষ্টরি সংযোজ্য ত্বষ্টারমপি চক্ষুষি।
মাং তত্র মনসা ধ্যায়ন্ বিশ্বং পশ্যতি দূরতঃ ॥২০

আকাশাত্মনি (আকাশাত্মা যে সমষ্টিরূপ প্রাণ, তদ্রূপ) প্রাণে (প্রাণ) ময়ি (আমাতে) মনসা (মনের দ্বারা) ঘোষম্ (নাদ) উদ্বহন্ (চিন্তা করিয়া) তত্র (আকাশে) উপলব্ধা (জাত) ভূতানাং (ভূতগণের) বাচঃ (বাক্যসমূহ) অসৌ (সেই) হংসঃ (জীব) শৃণোতি (শ্রবণ করে) ॥১৯

ত্বষ্টরি (সূর্য্যে) চক্ষুঃ (চক্ষু) চ (ও) চক্ষুষি (চক্ষে) ত্বষ্টারং (ভাস্করকে) সংযোজ্য (সংযোজিত করিয়া) তত্র (সূর্য্যে) মাং (আমাকে) মনসা (মনের দ্বারা ধ্যান করত) দূরতঃ (দূর হইতে) বিশ্বং (বিশ্ব) পশ্যতি (দেখেন) ॥২০

আকাশের ন্যায় নির্ম্মল, সর্ব্বব্যাপকস্বরূপ সমষ্টি প্রাণে প্রাণ উপাধিক আমাতে মনের দ্বারা নাদ চিন্তা করিয়া জীব সেই আকাশে অভিব্যক্ত ভূতগণের বাক্য শুনিতে পান।১৯

সূর্য্যে চক্ষু সংযোজিত করিয়া ও সূর্য্যকে চক্ষুতে সংযোজনা পূর্ব্বক সেই উভয় রূপে আমাকে মনের দ্বারা ধ্যান করিয়া দূর হইতেই বিশ্ব অবলোকন করেন।২০

কার্য্য সহজে সম্পন্ন হয়, নচেৎ বড়ই দুষ্কর।

প্রত্যাহার—চিত্তের ইন্দ্রিয়ানুবর্ত্তিত্ব ভঙ্গ করত ইন্দ্রিয়গণের চিত্তের অনুবর্ত্তিত্বকরণ প্রত্যাহার।

—সহজে প্রাণায়াম কি করিয়া করা যায়?

—কৃতাঞ্জলি হইয়া বসিয়া থাকিলে স্বতঃই প্রাণায়াম হয়। নামজপে প্রাণায়াম হয়।

—প্রত্যাহার তো খুব কঠিন।

—যাঁহারা "নাদ" লাভ করিয়াছেন, তাঁহাদের কঠিন নহে—প্রত্যাহার হইতে সমাধি পর্য্যন্ত নাদের ভূমি।

চিত্তকে নাভি, হৃদয়, সহস্রার প্রভৃতি দেশবিশেষে বন্ধন করিয়া রাখার নাম ধারণা।

ধারণীয় পদার্থে চিত্তবৃত্তির একতানতার নাম ধ্যান।

ক্রমে সেই ধ্যান যখন কেবল ধ্যেয় বস্তুকেই প্রকাশিত করিবে অর্থাৎ আমি ধ্যান করিতেছি ইত্যাদি প্রকার ভেদজ্ঞান লুপ্ত করিয়া দিবে তখন তাহার নাম সমাধি। ধ্যানের অত্যন্ত বিস্মৃতির নাম সমাধি।

—পাতঞ্জলে সিদ্ধিলাভের উপায় কি বলিয়াছেন?

—সংযম।

—সংযম কাহাকে বলে?

—কোন এক আলম্বনে ধারণা, ধ্যান ও সমাধি—এই ত্রিবিধ মানস-প্রক্রিয়া প্রয়োগ করার নাম সংযম।

ধর্ম্মলক্ষণ অবস্থা ত্রিবিধ পরিণামে সংযম করিলে অতীত অনাগত জ্ঞান লাভ হয়।

মনো ময়ি সুসংযোজ্য দেহং তদনু বায়ুনা।
মদ্ধারণানুভাবেন তত্রাত্মা যত্র বৈ মনঃ ॥২১
যদা মন উপাদায় যদ্ যদ্ রূপং বুভূষতি।
তত্তদ্ভবেন্মনোরূপং মদ্‌যোগবলমাশ্রয়ঃ ॥২২

মনঃ (মন) চ (ও) দেহং (দেহ) তদনুবায়ুনা (দেহানুবর্ত্তী বায়ুর সহিত) ময়ি (আমাতে) সুসংযোজ্য (সুন্দররূপে সংযোজিত করিয়া) মদ্ধারণানু-ভাবেন (মদীয় ধারণাপ্রভাবে) যত্র (যেস্থানে) মনঃ (মন) [যাতি] (গমন করে), তত্র বৈ (সেস্থানে) আত্মা চ (দেহও গমন করিয়া থাকে) ॥২১

যদা (যখন) মনঃ (মনকে) উপাদায় (উপাদানকারণ-রূপে পরিকল্পনা করত) যৎ যৎ (যে যে) রূপং (দেবতারূপ) বুভূষতি (হইতে ইচ্ছা করেন), মদ্‌যোগবলম্ (আমাতে মন ধারণা প্রভাব) এব (ই) আশ্রয়ঃ (সাধক কারণ) মনোরূপং (মনের অভীষ্টরূপ) ভবেৎ (হয়) ॥২২

সিদ্ধঃ (যোগী) পরকায়ং (পরশরীরে) বিশন্ (প্রবেশ

মন ও দেহ দেহানুবর্ত্তী বায়ুর সহিত আমাতে সুন্দররূপে সংযোজিত করিয়া যে ধারণা কৃত হয় মদীয় ধারণা প্রভাবে যে স্থানে মন যায়, সেইস্থানে দেহও গমন করে।২১

যখন মনকে বশ করিয়া যে যে দেবাদিরূপ হইতে ইচ্ছা করে, আমার যোগবল-আশ্রয় সাধক মনের অভীষ্ট রূপ প্রাপ্ত হন।২২

বশীকৃতপ্রাণ-ইন্দ্রিয়-শরীর সিদ্ধযোগী পর-শরীরে প্রবেশ করিতে ইচ্ছা করিয়া সেই স্থানে

সংযমের দ্বারা সংস্কার সাক্ষাৎ করিলে পূর্ব্বজন্মবৃত্তান্ত জানিতে পারা যায়।

পরচিত্তে সংযম করিলে পরচিত্ত-জ্ঞান হয়।

হস্তি, গরুড়, বায়ু প্রভৃতির বলে সংযম করিলে হস্তী গরুড়াদির ন্যায় বল হয়।

সূর্য্যে চিত্ত সংযম করিলে ভুবনকোষ জানা যায়। সূর্য-মণ্ডলে সুষুম্না নাড়ী সংযুক্ত করিয়া যোগী সমাহিত হন—এইজন্য উহার নাম সুষুম্নাদ্বার এবং সুষুম্না নাড়ীর নাম সূর্য্যদ্বার। চন্দ্রে তারা ব্যূহ জ্ঞান, ধ্রুবে তদ্‌গতি জ্ঞান, নাভিচক্রে কায়ব্যূহ

পরকায়ং বিশন্ সিদ্ধ আত্মানং তত্র ভাবয়েৎ।
পিণ্ডং হিত্বা বিশেৎ প্রাণো বায়ুভূতঃ ষড়ঙ্ঘ্রিবৎ ॥২৩
পার্ষ্ণ্যাপীড্য গুদং প্রাণং হৃদুরঃকণ্ঠমূর্দ্ধসু।
আরোপ্য ব্রহ্মরন্ধ্রেণ ব্রহ্ম নীত্বোৎসৃজেৎ তনুম্ ॥২৪

করিতে ইচ্ছা করিয়া) তত্র (সেই শরীরে) আত্মানং (আত্মাকে) ভাবয়েৎ (চিন্তা করিবেন), ততঃ (অনন্তর) পিণ্ডং (স্থূল দেহ) হিত্বা (ত্যাগ করিয়া) প্রাণঃ (প্রাণপ্রধান লিঙ্গশরীরোপাধি) বায়ুভূতঃ (বায়ুভূত) সন্ (হইয়া) ষড়ঙ্ঘ্রিবৎ (ভ্রমরের মত) বিশেৎ (প্রবেশ করেন) ॥২৩

পার্ষ্ণ্যা (পাদমূলের দ্বারা) গুদম্ (মূলাধার) আপীড্য (সম্যক্‌রূপে নিরুদ্ধ করিয়া) প্রাণং (প্রাণোপাধি আত্মাকে) (ক্রমে) হৃদুরঃকণ্ঠমূর্দ্ধসু (হৃদয় বক্ষ কণ্ঠদেশ ও মস্তকে) আরোপ্য (আরোপ করিয়া) ব্রহ্মরন্ধ্রেণ (মূর্দ্ধদ্বারে) ব্রহ্ম (ব্রহ্মে) নীত্বা (প্রাপ্ত করিয়া) তনুম্ (দেহ) উৎসৃজেৎ (পরিত্যাগ করিবেন) ॥২৪

আত্মাকে চিন্তা করিবেন; অনন্তর স্থূলদেহের অভিমান ত্যাগ করিয়া প্রাণপ্রধান লিঙ্গ-শরীর উপাধি বায়ুভূত হইয়া ভ্রমরের ন্যায় পরশরীরে প্রবেশ করেন।২৩

পাদমূলের দ্বারা মূলাধার সম্যক্‌রূপে নিরুদ্ধ করিয়া প্রাণোপাধি আত্মাকে হৃদয়, বক্ষ, কণ্ঠদেশ ও মস্তকে আরোপিত করিয়া ব্রহ্মরন্ধ্রে মূর্দ্ধদ্বারে ব্রহ্মে প্রাপ্ত করাইয়া শরীর পরিত্যাগ করিবেন।২৪

জ্ঞান, কূর্ম্মনাড়ীতে স্থৈর্য্য, মস্তকস্থ জ্যোতিতে সিদ্ধদর্শন, প্রতিভা জ্ঞানে সংযম করিলে সমস্ত জ্ঞান লাভ হয়—

হৃৎপদ্মে চিত্ত-সংযম করিলে আপন চিত্তের সংস্কার ও পরচিত্তস্থ অভিপ্রায় সমস্ত বুঝিতে পারা যায়।

পূর্ব্বোক্ত প্রাতিভজ্ঞান উৎপন্ন হইলে সূক্ষ্ম, ব্যবহিত, অতিদূরস্থ এবং ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান যোগী সমস্ত জানিতে পারেন। দিব্যশব্দ-শ্রবণ, দিব্য স্পর্শের অনুভব, দিব্যরূপ দর্শন, দিব্য রসাস্বাদ, দিব্য গন্ধ অনুভূত হয়।

ঐ সকল ক্ষমতা সমাধিকালে উপসর্গ (প্রতিবন্ধক),

বিহরিষ্যন্ সুরাক্রীড়ে মৎস্থং সত্ত্বং বিভাবয়েৎ।
বিমানেনোপতিষ্ঠন্তি সত্ত্ববৃত্তীঃ সুরস্ত্রিয়ঃ ॥২৫
যথা সঙ্কল্পয়েদ্ বুদ্ধ্যা যদা বা মৎপরঃ পুমান্।
ময়ি সত্যে মনো যুঞ্জংস্তথা তৎ সমুপাশ্নুতে ॥২৬

সুরাক্রীড়ে (দেবোদ্যানে) বিহরিষ্যন্ (বিহার করিতে ইচ্ছা করিয়া) মৎস্থং (আমার মূর্ত্তিরূপ) সত্ত্বং (শুদ্ধ সত্ত্ব) যদা (যখন) বিভাবয়েৎ (চিন্তা করিবে), তদা (তখন) সত্ত্ববৃত্তীঃ (সত্ত্বাংশভূতা) সুরস্ত্রিয়ঃ (সুরকামিনীগণ) বিমানেন (বিমানের সহিত) উপতিষ্ঠন্তি (তাঁহার সমীপে আগমন করেন) ॥২৫

মৎপরঃ (আমার সেবানিষ্ঠ) পুমান্ (পুরুষ) সত্যে (সত্য সঙ্কল্প) ময়ি (আমাতে) মনঃ (মন) যুঞ্জন্ (সংযুক্ত করিয়া) বুদ্ধ্যা (বুদ্ধির দ্বারা) যদা (যখন) যথা (যে প্রকার বস্তু) সমুপাশ্নুতে (সম্যগ্‌রূপে প্রাপ্ত হন) ॥২৬

দেবোদ্যানে বিহার করিতে ইচ্ছা করিয়া আমার মূর্ত্তিরূপ শুদ্ধ সত্ত্ব যখন চিন্তা করিবেন, তখন সত্ত্বাংশভূতা সুরকামিনীগণ বিমানের সহিত তাঁহার নিকটে উপস্থিত হন।২৫

আমার আরাধনাপরায়ণ পুরুষ সত্যসঙ্কল্প আমাতে মন সংযুক্ত করিয়া বুদ্ধির দ্বারা যখন যে প্রকার বস্তু সংকল্প করেন, তখন তাহা প্রাপ্ত হইয়া থাকেন।২৬

যো বৈ মদ্ভাবমাপন্ন ঈশিতুর্বশিতুঃ পুমান্।
কুতশ্চিন্ন বিহন্যেত তস্য চাজ্ঞা যথা মম ॥২৭
মদ্ভক্ত্যা শুদ্ধসত্ত্বস্য যোগিনো ধারণাবিদঃ।
তস্য ত্রৈকালিকী বুদ্ধির্জন্মমৃত্যুপবৃংহিতা ॥২৮

যঃ (যে) বৈ পুমান্ (পুরুষ) ঈশিতুঃ (সর্ব্বনিয়ন্তা) বশিতুঃ (স্বতন্ত্র) মৎ (আমার) ভাবম্ (ধ্যান) আপন্নঃ (প্রাপ্ত হন) যথা (যেমন) মম (আমার) তথা (তদ্রূপ) তস্য (তাঁহার) চ (ও) আজ্ঞা (আজ্ঞা) কুতশ্চিৎ (কুত্রাপি) ন বিহন্যেত (প্রতিহত হয় না) ॥২৭

মদ্ভক্ত্যা (আমার ভক্তির দ্বারা) শুদ্ধচিত্তস্য (শুদ্ধচিত্ত) ধারণাবিদঃ (ধারণাপারদর্শী) তস্য (সেই) যোগিনঃ (যোগীর) জন্মমৃত্যুপবৃংহিতা (জন্মমৃত্যুসহিতা) ত্রৈকালিকী (ত্রিকাল বস্তু বিষয়া) বুদ্ধিঃ (বুদ্ধি) উৎপন্না হয় ॥২৮

যে পুরুষ সর্ব্বনিয়ন্তা স্বতন্ত্র আমার ধ্যান প্রাপ্ত হন, যেরূপ আমার তদ্রূপ তাঁহার আজ্ঞা কুত্রাপি প্রতিহত হয় না।২৭

আমার ভক্তিদ্বারা শুদ্ধচিত্ত, ধারণাভিজ্ঞ সেই যোগীর জন্মমৃত্যুর সহিত ত্রিকালবস্তুবিষয়া বুদ্ধি সঞ্জাত হইয়া থাকে। (ত্রিকালজ্ঞ হন, জন্মমৃত্যুর বিষয়ও জানিতে পারেন)।২৮

মুক্তিদায়ক সমাধি বিঘ্নপ্রদ, ব্যুত্থানকালে সিদ্ধি। এইরূপ বহুসিদ্ধির কথা পাতঞ্জল দর্শনে কথিত হইয়াছে।

—অণিমাদি সিদ্ধি কি প্রকার পাতঞ্জলে বর্ণিত আছে ?

—ভূতজয় হইলে অণিমা লঘিমা মহিমা প্রাপ্তি প্রাকাম্য বশিত্ব ঈশিত্ব এবং যত্রকামাবসায়িত্ব।

১ম অণিমা। শরীর আয়তনে বা প্রমাণে বৃহৎ হইলেও সংযম বলে পরমাণু তুল্য হইবার শক্তি।

২য় লঘিমা। গুরু ভার হইলেও তুলার ন্যায় লঘু হওয়ার সামর্থ্য।

৩য় মহিমা। ক্ষুদ্র হইয়াও পর্ব্বতাদি প্রমাণ অর্থাৎ বৃহৎকায় হওয়ার সামর্থ্য। ইহাকে কেহ গরিমা সিদ্ধিও বলেন।

৪র্থ প্রাপ্তি। ইচ্ছামাত্রে দূরস্থ বস্তুকে নিকটে লাভ করার সামর্থ্য।

৫ম প্রাকাম্য। ইচ্ছাশক্তির অব্যাঘাত অর্থাৎ সকল ইচ্ছা—পর্ব্বতাভ্যন্তরে কি ভূমধ্যে প্রবেশ করিব—এইরূপ ইচ্ছা হইলেও তাহা সিদ্ধ করিবার সামর্থ্য।

৬ষ্ঠ বশিত্ব। যে শক্তি থাকায় যোগীর নিকট ভূত ও ভৌতিক পদার্থসকল বশীভূত (আজ্ঞাকারী হইয়া) থাকে।

৭ম যত্রকামাবসায়িত্ব। অর্থাৎ সত্যসঙ্কল্পতা। ভূত ও ভৌতিক বস্তুর প্রতি তাঁহারা যখন যে শক্তির উদ্দেশে সঙ্কল্প উৎপাদন করেন, সে সকল বস্তু তখনই তদ্রূপ শক্তিবিশিষ্ট হন। যোগীরা এতদ্রূপ সত্যসঙ্কল্পতার প্রভাবে বিষকে অমৃতশক্তি-

অগ্ন্যাদিভির্ন হন্যেত মুনের্যোগময়ং বপুঃ।
মদ্‌যোগশান্তচিত্তস্য যাদসামুদকং যথা ॥২৯
মদ্‌বিভূতীরভিধ্যায়ন্ শ্রীবৎসাস্ত্রবিভূষিতাঃ।
ধ্বজাতপত্র-ব্যজনৈঃ স ভবেদপরাজিতঃ ॥৩০

যাদসাং (জলচরগণের) যথা (যেমন) উদকং (জল অভিঘাতক হয় না), মদ্‌যোগশান্তচিত্তস্য (আমার যোগের দ্বারা শান্তচিত্ত) মুনেঃ (মুনির) যোগময়ং (যোগপরিপক্ব) বপুঃ (শরীর) অগ্ন্যাদিভিঃ (অগ্নিপ্রভৃতির দ্বারা) ন হন্যেত (বিনষ্ট হয় না) ॥২৯

যঃ (যিনি) শ্রীবৎসাস্ত্রবিভূষিতাঃ (শ্রীবৎস শঙ্খ-চক্র-গদাদি বিভূষিত), ধ্বজাতপত্র-ব্যজনৈঃ (ধ্বজা-ছত্র-ব্যজনযুক্ত) মদ্‌বিভূতীঃ (আমার অবতারসকল) অভিধ্যায়ন্ (অনুধ্যান করেন), সঃ (তিনি) অপরাজিতঃ (অপরাজিত) ভবেৎ (হন) ॥৩০

জলচর মৎস্যাদির জল যেমন অভিঘাতক হয় না, তদ্রূপ আমার যোগে শান্তচিত্ত মুনির যোগময় প্রাণায়ামাদির দ্বারা বশীকৃত দেহ অগ্নি প্রভৃতির দ্বারা বিনষ্ট হয় না।২৯

যিনি শ্রীবৎস, শঙ্খ, চক্র গদাদি বিভূষিত ধ্বজ-ছত্রব্যজনযুক্ত আমার অবতার সকল একাগ্রচিত্তে ধ্যান করেন, তিনি অপরাজিত হইয়া থাকেন।৩০

উপাসকস্য মামেবং যোগধারণয়া মুনেঃ।
সিদ্ধয়ঃ পূর্ব্বকথিতা উপতিষ্ঠন্ত্যশেষতঃ ॥৩১
জিতেন্দ্রিয়স্য দান্তস্য জিতশ্বাসাত্মনো মুনেঃ।
মদ্ধারণাং ধারয়তঃ কা সা সিদ্ধিঃ সুদুর্লভা ॥৩২

মাম্ (আমাকে) উপাসকস্য (ভজনাকারী) মুনেঃ (যোগীর) এবং (উক্ত প্রকারে) যোগধারণয়া (যোগধারণার দ্বারা) পূর্ব্বকথিতাঃ (পূর্ব্বকথিত) অশেষতঃ (সমুদায়) সিদ্ধয়ঃ (সিদ্ধি) উপতিষ্ঠন্তি (উপস্থিত হয়) ॥৩১

জিতেন্দ্রিয়স্য (জিতেন্দ্রিয়), দান্তস্য (বশীকৃতচিত্ত), জিতশ্বাসাত্মনঃ (প্রাণ ও শরীর জয়কারী), মদ্ধারণাং (আমার স্বরূপ ধারণা) ধারয়তঃ (ধারণাকারী) মুনেঃ (যোগীর) যা (যে) সিদ্ধিঃ (সিদ্ধি) (সুদুর্লভা), সা (তাহা) কা (কি) ?৩২

আমার উপাসক যোগীর উক্ত প্রকার যোগ-ধারণার দ্বারা পূর্ব্বকথিতা সম্পূর্ণ সিদ্ধিসকল আগমন করে।৩১

জিতেন্দ্রিয়, বশীকৃত অন্তঃকরণ, শ্বাস ও শরীর জয়ী, আমার স্বরূপ ধারণায় ধারণাকারী মুনির (যোগীশ্বরের) যে সিদ্ধি সুদুর্লভা তাহা কি ? অর্থাৎ তাঁহার কোন সিদ্ধিই সুদুর্ল্লভা নহে।৩২

সম্পন্ন করিয়া মৃত জীবকে জীবিত করিতে পারেন, অমৃতকেও বিষশক্তিযুক্ত করিয়া জীবিত জীবকে মৃত করিতে পারেন। পরে এই সিদ্ধির প্রতিও বৈরাগ্য হইলে বৈরাগ্যের পূর্ণতা হয়। তখন অসম্প্রজ্ঞাত সমাধি হইয়া কৈবল্য প্রাপ্তি হয়।"

এখন বুঝা সহজেই যাইবে যে, প্রাকৃতিক সিদ্ধি প্রকৃতি-বিযুক্ত স্বরূপপ্রতিষ্ঠ পুরুষের থাকে না। ঐ সকল সিদ্ধি চিত্তসত্ত্বের ধর্ম্ম—চিত্ত অব্যক্ত হইয়া গেলে উহারা আপনিই তিরোহিত হইয়া যায়।

কিন্তু মনে রাখিতে হইবে ঈশ্বরের উপাধি বিশুদ্ধসত্ত্ব প্রকৃতির অতীত—উহা কখনও অব্যক্ত হয় না। ঈশ্বরোপাসক ভক্ত যোগী পরমেশ্বরের সঙ্গে যোগযুক্ত হইলে পারমৈশ্বর্য্যরূপা মহদ্যশক্তির অধিকারী হন—উহা মহাবিভূতি ও অবিনশ্বর। (শ্রীবিশুদ্ধানন্দ প্রসঙ্গ)

—শ্রুতিতে অণিমাদি সিদ্ধির প্রাপ্তির উপায় বর্ণিত আছে ?

—হাঁ, ততঃ সিদ্ধমহূর্ত্তা জীবন্মুক্তো ভবেন্মুনিঃ।
অণিমাদি ভজন্ত্যেনং যূনং বরবধূরিব ॥
শ্রীশ্রীরামরহস্যোপনিষদি।

অনন্তর মুনি সিদ্ধমন্ত্র হইয়া জীবন্মুক্ত হন। যুবা বরকে বধূর ন্যায় অণিমাদি ইঁহাকে ভজনা করে।

—শ্রুতিতে সিদ্ধির কথা আছে ?

—হাঁ, যোগশিখোপনিষদে কথিত হইয়াছে—নাদে মনোলয়ে দূরশ্রবণ হয়। বিন্দুতে মনোলয়ে দূরদর্শন হইয়া থাকে। কালাত্মায় মন লীন হইলে ত্রিকালজ্ঞ হয়, পরকায়ে মনোযোগ করিলে পরকায়-প্রবেশ হইয়া থাকে। মস্তকে অমৃত চিন্তা করিলে ক্ষুধা, তৃষ্ণা ও বিষ নষ্ট হয়। পৃথিবীতে ধারণায় পাতাল গমন, সলিলে চিত্ত ধারণা করিলে অগ্নির দ্বারা দগ্ধ হয় না, বায়ুতে মনোলয়ে আকাশ গমন, আকাশে চিত্ত ধারণায় অণিমাদির আবির্ভাব হয়। বিরাট্‌রূপে মন যুক্ত

অন্তরায়ান্ বদন্ত্যেতা যুঞ্জতো যোগমুত্তমম্।
ময়া সম্পদ্যমানস্য কালক্ষেপণহেতবঃ ॥৩৩

উত্তমং (উত্তম) যোগং (যোগ) যুঞ্জতঃ (অনুষ্ঠানকারী) যোগিনঃ (যোগিগণ) এতাঃ (এই সিদ্ধি সকলকে) অন্তরায়ান্ (বিঘ্ন) বদন্তি (বলেন) যতঃ (যেহেতু) ময়া সম্পদ্যমানস্য (আমাকে লাভ করিবার মধ্যে) (আমার প্রাপ্তির পথে) কালক্ষেপণ-হেতবঃ (কাল বিলম্বের কারণ) ॥৩৩

জন্মৌষধিতপোমন্ত্রৈঃ (জন্ম, ঔষধি, তপস্যা, মন্ত্রসমূহের

উত্তম যোগকারী যোগীগণ এই সিদ্ধিসকলকে যোগপথের বিঘ্ন বলিয়া থাকেন যেহেতু আমাকে প্রাপ্ত হইবার মার্গে সিদ্ধিজাল কালবিলম্বের হেতু।৩৩

জন্ম, ঔষধি, তপস্যা মন্ত্রসমূহের দ্বারা যত সংখ্যক

জন্মৌষধি-তপোমন্ত্রৈর্যাবতীরিহ সিদ্ধয়ঃ।
যোগেনাপ্নোতি তাঃ সর্ব্বা নান্যৈর্যোগগতিং ব্রজেৎ ॥ ৩৪

দ্বারা) যাবতীঃ (যতসংখ্যক) সিদ্ধয়ঃ (সিদ্ধি) ইহ (ইহলোকে) ভবন্তি (হয়), তাঃ (সেই) সর্ব্বাঃ (সমস্ত) অপি (ই) যোগেন (উক্ত প্রকার যোগের দ্বারা) যোগী প্রাপ্নোতি (প্রাপ্ত হন)। যোগগতিং (আমার সালোক্য আদি) অন্যৈঃ (জন্মাদি অন্য সাধনের দ্বারা) ন ব্রজেৎ (প্রাপ্ত হয় না) ॥৩৪

সিদ্ধি ইহলোকে হইয়া থাকে সেই সমস্তই পূর্ব্বকথিত যোগের দ্বারা যোগী লাভ করেন কিন্তু যোগের গতি (আমার সালোক্যাদি লাভ) জন্মাদি সাধনান্তরের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না।৩৪

করিলে মহিমাপ্রাপ্ত হয়॥ চতুর্মুখে মন যুক্ত করিলে জগৎ সৃষ্টি করিতে সমর্থ হইয়া থাকে। ইন্দ্ররূপী আত্মাকে ভাবনা করত মর্ত্ত্যভোগ লাভ করেন। বিষ্ণুরূপে মন যুক্ত করত মহাযোগী নিখিল জগৎপালনে সমর্থ হন। মহাযোগী রুদ্ররূপে চিত্তধারণা করিয়া তেজের দ্বারা সংহার করেন। নারায়ণে মন যুক্ত করত যোগী নারায়ণময় হন। বাসুদেবে মন যুক্ত করিয়া যোগী সর্ব্বসিদ্ধি প্রাপ্ত হন। যোগযুক্ত জিতেন্দ্রিয় যোগী যেরূপ সঙ্কল্প করেন, তাহাই প্রাপ্ত হন—এই স্থলে ভাবই কারণ।

যথা সংকল্পয়েদ্ যোগী যোগযুক্তঃ জিতেন্দ্রিয়ঃ।
তথা তত্তদবাপ্নোতি ভাব এবাত্র কারণম্॥

—সিদ্ধি কামনা করা উচিত নয় ?

—কামনা না করিলেও সিদ্ধিসমূহ স্বতঃ আবির্ভূত হয়।

কল্পিতা অকল্পিতা ভেদে সিদ্ধি দ্বিবিধা। রস, ঔষধি, ক্রিয়াসমূহ ও মন্ত্রাভ্যাস আদি সাধনার দ্বারা লব্ধ সিদ্ধি কল্পিতা—অনিত্যা, অল্পবীর্য্যা। ঈশ্বরপ্রিয়, সাম্যযোগনিষ্ঠগণের সিদ্ধি সকল অকল্পিতা—

সিদ্ধা নিত্যা মহাবীর্য্যা ইচ্ছারূপা স্বযোগজাঃ।
চিরকালাৎ প্রজায়ন্তে বাসনারহিতেষু চ॥

—যোগশিখোপনিষদি।

বাসনাবিহীন যোগিগণের সিদ্ধি নিত্যা, মহাবীর্য্যা স্বযোগজাতা। সিদ্ধিসমূহ সুচিরকালে উৎপন্ন হয়। অব্যয় পরমাত্মপদ লাভার্থ সেই সকল সিদ্ধি গোপন করা কর্ত্তব্য। "বিনা কার্য্যং সদা গুপ্তঃ যোগসিদ্ধস্য লক্ষণম্।" যেমন আকাশকে উদ্দেশ করত পথে গমনকারী পথিকগণ নানা তীর্থ দর্শন করেন, তদ্রূপ লাভালাভ বিবর্জিত যোগমার্গে স্বয়ংই সিদ্ধিজাল প্রবর্ত্তিত হয়। সিদ্ধির দ্বারাই "সিদ্ধ, জীবন্মুক্ত" জানা যায়। সিদ্ধিহীন মানব বদ্ধ বলিয়া জানিবে। অপূর্ণ সাধকের সিদ্ধির দ্বারা লোকপূজা লাভের জন্য সিদ্ধির সাধনা বা প্রাপ্তসিদ্ধি প্রদর্শন ক্ষতিকর। ঈশ্বরপ্রাপ্ত যোগীর কথা স্বতন্ত্র। ভগবান স্বয়ং বলিয়াছেন,—উত্তম যোগিগণ সিদ্ধিসমূহকে আমাকে প্রাপ্ত হইবার পথে বিঘ্নস্বরূপ বলিয়াছেন। কাম্য ভগবানকে লাভ করা সিদ্ধি নয়।

সর্ব্বাসামপি সিদ্ধীনাং হেতুঃ পতিরহং প্রভুঃ।
অহং যোগস্য সাংখ্যস্য ধর্ম্মস্য ব্রহ্মবাদিনাম্ ॥৩৫
অহমাত্মান্তরো বাহ্যোঽনাবৃতঃ সর্ব্বদেহিনাম্।
যথা ভূতানি ভূতেষু বহিরন্তঃ স্বয়ং তথা ॥৩৬

সর্ব্বাসাং (সমস্ত) সিদ্ধীনাম্ (সিদ্ধির) অপি (ই) অহম্ (আমি) এব (ই) হেতুঃ (দাতা) যোগস্য (সিদ্ধিকরণের), সাংখ্যস্য (জ্ঞানের) ব্রহ্মবাদিনাং (ব্রহ্মবাদিগণ প্রতিপাদিত) ধর্ম্মস্য (ধর্ম্মের) চ (ও) অহং (আমি) এব (ই) পতিঃ (পালক) চ (ও) প্রভুঃ (স্বামী) ॥৩৫

সর্ব্বদেহিনাম্ (সমস্ত জীবের) অন্তরঃ (অন্তর্য্যামী) বাহ্যঃ (ব্যাপক) যতঃ (যে হেতু) অনাবৃতঃ (নিরাবরণ) (আত্মা) এব ভূতেষু (পঞ্চভূত কার্য্য শরীর সমূহে) ভূতানি (ভূতসকল) যথা (যেমন) অন্তঃ (অন্তরে) বহিঃ (বাহে) (বর্ত্তমান) তথা (তদ্রূপ) স্বয়ম্ (স্বয়ং) অহমপি (আমিও) (অবস্থান করি) ॥৩৬

সিদ্ধিসমূহের আমিই হেতু, দাতা, সিদ্ধির কারণ, যোগের, জ্ঞানের, সাংখ্যের বেদবাদিগণ কর্ত্তৃক প্রতিপাদিত ধর্ম্মেরও আমিই পালক এবং স্বামী।৩৫

আমি অখিল প্রাণীর অন্তর্য্যামী ও ব্যাপক যেহেতু আত্মা অনাবৃত। পঞ্চমহাভূত কার্য্য দেহাদিতে ভূতসমূহ যেমন ভিতরে ও বাহিরে বর্ত্তমান সেই মত স্বয়ং আমিও অন্তর বাহে নিয়ত বিদ্যমান আছি।৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥৩৭

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে পঞ্চদশোঽধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
পঞ্চদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতা স্ববিভূতীনাং বর্ণনম্।]

উদ্ধব উবাচ।
ত্বং ব্রহ্ম পরমং সাক্ষাদনাদ্যন্তমপাবৃতম্।
সর্ব্বেষামপি ভাবানাং ত্রাণ-স্থিত্যপ্যয়োদ্ভবঃ ॥১

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন),—সর্ব্বেষাং (সকল) ভাবানাম্ (পদার্থসমূহের) অপি (ই) ত্রাণস্থিত্যপ্যয়োদ্ভবঃ (রক্ষণ, জীবন, বিনাশ, উৎপত্তি যাহা হইতে হয়), সঃ (সেই) ত্বম্ (আপনি) অনাদ্যন্তম্ (উৎপত্তি বিনাশরহিত) অপাবৃতং

শ্রীউদ্ধব কহিলেন,—হে প্রভো। পদার্থসমূহের রক্ষণ, জীবন-নাশ ও উদ্ভব যাহা হইতে হইয়া থাকে সেই আপনি উৎপত্তি-বিনাশ-বিরহিত, আবরণ-বিহীন পরম ব্রহ্ম।১

ষোড়শ অধ্যায়।

[শ্রীভগবান্ কর্ত্তৃক স্বীয় বিভূতিসকলের বর্ণনা।]

যজ্জপ্ত্বা পরমাত্মানং বিশ্বামিত্রাদয়ো দ্বিজাঃ।
ব্রাহ্মণ্যং লেভিরে ব্রহ্ম তারং দিশতু নঃ ফলম্ ॥

উচ্চাবচেষু ভূতেষু দুর্জ্ঞেয়মকৃতাত্মভিঃ।
উপাসতে ত্বাং ভগবন্ যাথাতথ্যেন ব্রাহ্মণাঃ ॥২
যেষু যেষু চ ভাবেষু ভক্ত্যা ত্বাং পরমর্ষয়ঃ।
উপাসীনাঃ প্রপদ্যন্তে সংসিদ্ধিং তদ্ বদস্ব মে ॥৩
গূঢ়শ্চরসি ভূতাত্মা ভূতানাং ভূতভাবন।
ন ত্বাং পশ্যন্তি ভূতানি পশ্যন্তং মোহিতানি তে ॥৪

(নিরাবরণ) সাক্ষাৎ (সাক্ষাৎ) পরমং (পরম) ব্রহ্ম (ব্রহ্ম) ॥১

ভগবন্ (হে ভগবন্)। উচ্চাবচেষু (উৎকৃষ্ট ও নিকৃষ্ট) ভূতেষু (ভূতগণের মধ্যে) অকৃতাত্মভিঃ (সাধনবিমুখ অতএব অশোধিতমানসগণের) দুর্জ্ঞেয়ং (দুর্জ্ঞেয়) ত্বাং (তোমাকে) ব্রাহ্মণাঃ (বেদবিদ্‌গণ) যাথাতথ্যেন (উক্ত পরমার্থরূপে) উপাসতে (উপাসনা করেন) ॥২

অতঃ (এই হেতু) যেষু যেষু (যে যে) ভাবেষু (পদার্থ সকলে) ভক্ত্যা (ভক্তিসহকারে) ত্বাম্ (আপনাকে) উপাসীনাঃ (চিন্তা করিয়া) পরমর্ষয়ঃ (বিবেকিগণ) সংসিদ্ধিং (পরম প্রেমরূপা ভক্তি অথবা জ্ঞান) প্রপদ্যন্তে (লাভ করেন), তৎ (সেই বস্তু) মে (আমাকে) বদস্ব (বলুন) ॥৩

ভূতভাবন (হে ভূতপালক)। (যেহেতু) ত্বং (আপনি) ভূতানাং (ভূতগণের মধ্যে) গূঢ়ঃ (অপ্রকট ভাবে) চরসি (বিচরণ করেন), (সেইজন্য) ভূতাত্মা (ভূতগণের আত্মা) (অন্তরে অবস্থান করিলেও) তে (আপনার) (মায়ার দ্বারা)

হে ভগবন্! উৎকৃষ্ট নিকৃষ্ট ভূতসমূহে অবস্থিত শ্রবণ মননাদি সাধনবিমুখ অশোধিত অন্তঃকরণগণের দুর্জ্ঞেয় হইলেও আপনাকে বেদান্তরহস্যবিদ্‌গণ উক্ত পরমার্থরূপে উপদেশ করিয়া থাকেন।২

এইহেতু যে যে পদার্থসমূহে ভক্তিসহকারে আপনাকে সেবা করিয়া বিবেকিসকল পরম প্রেম-রূপা ভক্তি লাভ করেন, সেই বস্তুর কথা আমায় বলুন।৩

হে ভূতপালক! যে হেতু আপনি ভূতগণের মধ্যে অপ্রকটরূপে বিচরণ করেন, অতএব ভূতসকলের আত্মা অন্তরে অবস্থান করিলেও আপনার মায়ায় মোহিত ভূতগণ আপনি দেখিলেও আপনাকে

যাঃ কাশ্চ ভূমৌ দিবি বৈ রসায়াং
বিভূতয়ো দিক্ষু মহাবিভূতে।
তা মহ্যমাখ্যাহ্যনুভাবিতাস্তে
নমামি তে তীর্থপদাঙ্ঘ্রিপদ্মম্ ॥৫

শ্রীভগবানুবাচ।
এবমেতদহং পৃষ্টঃ প্রশ্নং প্রশ্নবিদাং বর।
যুযুৎসুনা বিনশনে সপত্নৈরর্জ্জুনেন বৈ ॥৬

মোহিতানি (মোহিত) ভূতানি (ভূত সকল) পশ্যন্তম্ অপি (আপনি দর্শন করিলেও) ত্বাং (আপনাকে) ন পশ্যন্তি (দেখিতে পাইতেছে না) ॥৪

মহাবিভূতে (হে সর্বৈশ্বর্য্যসম্পন্ন)। ভূমৌ (ভূমণ্ডলে) দিবি (স্বর্গে) রসায়াং (অধোলোকে) দিক্ষু (সকলদিকে) যাঃ (যে) কাঃ (কিছু) বিভূতয়ঃ (বিভূতিসমূহ) তে (আপনি) অনুভাবিতাঃ (অনুভবগোচর করাইয়াছেন), তাঃ (সে সমস্ত) মহ্যম্ (আমাকে) আখ্যাহি (বলুন), তে (আপনার) তীর্থ-পদাঙ্ঘ্রি পদ্মং (তীর্থগণের আশ্রয় চরণকমলে) নমামি (প্রণাম করি) ॥৫

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—প্রশ্নবিদাংবর (হে শ্রেষ্ঠ প্রশ্নকারিন্)। এবম্ (এইরূপ) এতৎ (এই) প্রশ্নঃ (প্রশ্ন) এব (ই) বিনশনে (কুরুক্ষেত্রে) সপত্নৈঃ (শত্রুগণসহ) যুযুৎসুনা (যুদ্ধেচ্ছু) অর্জ্জুনেন (অর্জ্জুন কর্ত্তৃক) অহং (আমি) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়াছিলাম) ॥৬

দেখিতে পায় না।৪

হে সর্বৈশ্বর্য্যসম্পন্ন ভূমিতলে, স্বর্গে, অধোলোকে, সমস্তদিকে যে কিছু বিভূতিসকল অনুভবগোচর করাইয়াছেন, সেই সমস্ত বিভূতি আমাকে বলুন—তীর্থসমূহের আশ্রয় স্বরূপ আপনার পাদপদ্মে প্রণাম করিতেছি।৫

শ্রীভগবান্ বলিলেন,—হে প্রশ্নবিদ্‌গণের প্রধান! তুমি যেরূপ জিজ্ঞাসা করিতেছ, অবিকল এই প্রশ্ন কুরুক্ষেত্রে দুর্য্যোধন আদি শত্রুগণের সহিত যুদ্ধ করিতে ইচ্ছুক অর্জ্জুনও আমাকে জিজ্ঞাসা করিয়াছিল।৬

জ্ঞাত্বা জ্ঞাতিবধং গর্হ্যমধর্ম্ম্যং রাজ্যহেতুকম্।
ততো নিবৃত্তো হন্তাহং হতোঽয়মিতি লৌকিকঃ ॥৭
স তদা পুরুষব্যাঘ্রো যুক্ত্যা মে প্রতিবোধিতঃ।
অভ্যভাষত মামেবং যথা ত্বং রণমূর্দ্ধনি ॥৮
অহমাত্মোদ্ধবামীষাং ভূতানাং সুহৃদীশ্বরঃ।
অহং সর্ব্বাণি ভূতানি তেষাং স্থিত্যুদ্ভবাপ্যয়ঃ ॥৯

অহং (আমি) হন্তা (হননকারী), অয়ং চ (এ ব্যক্তি) ময়া (আমাকর্ত্তৃক) হতঃ (বিনষ্ট)—ইতি (এই) লৌকিকঃ (প্রাকৃতমতি) (অর্জ্জুন) যদা (যখন) রাজ্যহেতুকং (রাজ্য-লাভার্থ) জ্ঞাতিবধং (জ্ঞাতিবধ) নিন্দ্যং (নিন্দনীয়) চ (ও) অধর্ম্মং (ধর্ম্মবিরুদ্ধ) জ্ঞাত্বা (জানিয়া) ততঃ (যুদ্ধ হইতে) নিবৃত্তঃ (নিবৃত্ত) হইয়াছিল ॥৭

তদা (তখন) সঃ (সেই) পুরুষব্যাঘ্রঃ (পুরুষশ্রেষ্ঠ) মে (আমাকর্ত্তৃক) যুক্ত্যা (যুক্তির দ্বারা) প্রতিবোধিতঃ সন্ (বিজ্ঞাপিত হইয়া) রণমূর্দ্ধনি (সংগ্রামমুখে) এবং (এইরূপ) মাম্ (আমাকে) অভ্যভাষত (বলিয়াছিল) যথা (যেমন) ত্বম্ (তুমি অধুনা বলিতেছ) ॥৮

উদ্ধব (হে উদ্ধব)! অমীষাং (এই) ভূতানাম্ (ভূতগণের) আত্মা, (আত্মা), সুহৃদ (সদানুগত সঙ্গী) পালকঃ (রক্ষক) চ (ও) ঈশ্বরঃ (নিয়ন্তা) অহং (আমি) সর্ব্বাণি (সমস্ত) ভূতানি (ভূত) (এবং) তেষাং (সেই ভূতগণের) স্থিত্যুদ্ভবাপ্যয়ঃ (স্থিতি উৎপত্তি নাশ) অহম্ (আমি) এব (ই) ॥৯

আমি বিনাশকারী, এই ব্যক্তি আমাকর্ত্তৃক নিহত এইরূপ প্রাকৃতমতি অর্জ্জুন যখন রাজ্যলাভের নিমিত্ত জ্ঞাতিবধ নিন্দনীয় ও অধর্ম্মজনক বিদিত হইয়া যুদ্ধ হইতে বিরত হইয়াছিল।৭

তখন আমি সেই পুরুষপ্রধানকে যুক্তির দ্বারা প্রতিবুদ্ধ করিলে যেরূপ তুমি বলিতেছ যুদ্ধক্ষেত্রে অর্জ্জুন আমায় এইরূপই বলিয়াছিল।৮

হে উদ্ধব। অখিলভূতের আত্মা, সুহৃৎ, পালক ও নিয়ন্তা আমি এবং সমস্তভূত ও ভূতগণের স্থিতি উৎপত্তি নাশ আমিই।৯

আমি গতিশীলগণের গতি (কর্ম্মজ্ঞানী প্রভৃতির

অহং গতির্গতিমতাং কালঃ কলয়তামহম্।
গুণানাঞ্চাপ্যহং সাম্যং গুণিন্যৌৎপত্তিকো গুণঃ ॥১০
গুণিনামপ্যহং সূত্রং মহতাঞ্চ মহানহম্।
সূক্ষ্মাণামপ্যহং জীবো দুর্জ্জয়ানামহং মনঃ ॥১১
হিরণ্যগর্ভো বেদানাং মন্ত্রাণাং প্রণবস্ত্রিবৃৎ।
অক্ষরাণামকারোঽস্মি পদানিচ্ছন্দসামহম্ ॥১২

অহং (আমি) গতিমতাং (গতিশীলের) গতিঃ (গতি), কলয়তাম্ (বশকারিগণের) অহং (আমি) কালঃ (কাল), গুণানাম্ (সত্বাদি গুণসমূহের) অহং (আমি) সাম্যং (প্রকৃতি) (ও) গুণিনি (গুণবান্‌পদার্থে) ঔৎপত্তিকঃ (স্বাভাবিক) গুণঃ (গুণ) অহম্ (আমি) এব (ই) ॥১০

গুণিনাম্ (গুণবিশিষ্টগণের মধ্যে) অহং (আমি) সূত্রং (ক্রিয়াপ্রধানকার্য্য প্রাণ), মহতাম্ (বৃহৎগণের মধ্যে) অহং (আমি) মহান্ (মহতত্ত্ব), সূক্ষ্মাণাম্ (সূক্ষ্মবস্তুসমূহের মধ্যে) অহং (আমি) জীবঃ (জীব), দুর্জ্জয়ানাম্ (দুর্জয় সকলের মধ্যে) অহং (আমি) মনঃ (মন) ॥১১

বেদানাম্ (বেদ অধ্যাপকগণের মধ্যে) অহং (আমি) হিরণ্যগর্ভঃ (ব্রহ্মা), মন্ত্রাণাম্ (মন্ত্রসমূহের মধ্যে) ত্রিবিৎ (ত্রিবর্ণাত্মক) প্রণবঃ (ওঁকার) অহম্ (আমি) এব (ই), অক্ষরাণাম্ (অক্ষর সকলের মধ্যে) অহম্ (আমি) অকারঃ (অকার) অস্মি (হই), ছন্দসাং (ছন্দের মধ্যে) পদানি (ত্রিপদা গায়ত্রী) অহম্ (আমি) ॥১২

প্রাপ্য ফল) বশকারিগণের মধ্যে আমি কাল, সত্বাদি গুণের মধ্যে আমি প্রকৃতি ও গুণসম্পন্ন পদার্থে স্বাভাবিক গুণ আমিই।১০

সত্বাদি গুণ সমন্বিতগণের মধ্যে আমি সূত্রক্রিয়া প্রথম কার্য্য প্রাণ, মহৎগণের মধ্যে আমি মহত্তত্ত্ব, সূক্ষ্মবস্তু সকলের মধ্যে আমি জীব, দুর্জ্জয়সমূহের মধ্যে আমি মন।১১

বেদ অধ্যাপকবৃন্দের মধ্যে আমি হিরণ্যগর্ভ, মন্ত্রসকলের মধ্যে অকার, উকার ও মকার যাহাতে বর্ত্তমান সেই ত্রিবৃৎ ওঁকার আমিই। অক্ষরসমূহের মধ্যে অকার, ছন্দের মধ্যে ত্রিপদা গায়ত্রী আমি।১২

ইন্দ্রোঽহং সর্ব্বদেবানাং বসূনামস্মি হব্যবাট্।
আদিত্যানামহং বিষ্ণু রুদ্রাণাং নীললোহিতঃ ॥১৩
ব্রহ্মর্ষীণাং ভৃগুরহং রাজর্ষীণামহং মনুঃ।
দেবর্ষীণাং নারদোঽহং হবির্দ্ধান্যস্মি ধেনুষু ॥১৪
সিদ্ধেশ্বরাণাং কপিলঃ সুপর্ণোঽহং পতত্রিণাম্।
প্রজাপতীনাং দক্ষোঽহং পিতৃণামহমর্য্যমা ॥১৫,

মাং বিদ্ধ্যুদ্ধব দৈত্যানাং প্রহ্লাদমসুরেশ্বরম্।
সোমং নক্ষত্রৌষধীনাং ধনেশং যক্ষ-রক্ষসাম্ ॥১৬
ঐরাবতং গজেন্দ্রাণাং যাদসাং বরুণং প্রভুম্।
তপতাং দ্যুমতাং সূর্য্যং মনুষ্যাণাঞ্চ ভূপতিম্ ॥১৭
উচ্চৈঃশ্রবাস্তুরঙ্গাণাং ধাতূনামস্মি কাঞ্চনম্।
যমঃ সংযমতাঞ্চাহং সর্পাণামস্মি বাসুকিঃ ॥১৮

সর্ব্বদেবানাম্ (সমস্তদেবগণের মধ্যে) অহম্ (আমি) ইন্দ্রঃ (ইন্দ্র), বসূনাম্ (বসুগণের মধ্যে) অহং (আমি) হব্যবাট্ (হব্যবাট্ পাবক), আদিত্যানাম্ (আদিত্যগণের মধ্যে) অহং (আমি) বিষ্ণুঃ (বিষ্ণু, বামন), রুদ্রাণাম্ (একাদশ রুদ্রের মধ্যে) অহং (আমি) নীললোহিতঃ (নীললোহিত সদাশিব) ॥১৩

ব্রহ্মর্ষীণাম্ (ব্রহ্মর্ষিগণের মধ্যে) অহং (আমি) ভৃগুঃ (ভৃগু), রাজর্ষীণাং (রাজর্ষিগণের মধ্যে) মনুঃ (মনু) অহং (আমি), দেবর্ষীণাম্ (দেবর্ষিসমূহের মধ্যে) অহং (আমি) নারদঃ (নারদ), ধেনুষু (ধেনুগণের মধ্যে) হবির্দ্ধানী (কামধেনু) অহমস্মি (আমি) ॥১৪

সিদ্ধেশ্বরাণাং (সিদ্ধেশ্বরগণের মধ্যে) কপিলঃ (কপিল), পতত্রিণাং (পক্ষিসমূহের মধ্যে) সুপর্ণঃ (গরুড়) অহং (আমি), প্রজাপতীনাম্ (প্রজাপতিগণের মধ্যে) অহং (আমি) দক্ষঃ (দক্ষ), পিতৃণাম্ (পিতৃসমূহের মধ্যে) অর্য্যমা (অর্য্যমা রাজা) অহম্ (আমি) ॥১৫

উদ্ধব (হে উদ্ধব)। দৈত্যানাম্ (দৈত্যগণের মধ্যে) অসুরেশ্বরং (অসুরেশ্বর) প্রহ্লাদং (প্রহ্লাদ) মাং (আমাকে) বিদ্ধি (জানিবে), নক্ষত্রৌষধীনাং (নক্ষত্র ওষধিগণের মধ্যে) সোমং (চন্দ্র), যক্ষরক্ষসাং (যক্ষরক্ষগণের মধ্যে) ধনেশম্ (কুবের) আমাকে জানিবে ॥১৬

(আমাকে) গজেন্দ্রাণাম্ (গজেন্দ্রগণের মধ্যে) ঐরাবতং (ঐরাবত), যাদসাং (জলজন্তুগণের) প্রভুম্ (প্রভু) বরুণং (বরুণ), তপতাং (প্রতাপশালী) দ্যুমতাং (দ্যুতিমদ্গণের মধ্যে) সূর্য্যং (সূর্য্য) (চ) মনুষ্যাণাং (মনুষ্যগণের) ভূপতিম্ (নরপতি) (জানিবে) ॥১৭

তুরঙ্গানাম্ (অশ্বগণের মধ্যে) (আমি) উচ্চৈঃশ্রবাঃ (উচ্চৈশ্রবা), ধাতুনাম্ (ধাতুসমূহের মধ্যে) অহং (আমি) কাঞ্চনং (স্বর্ণ), সংযমতাম্ (সংযমশীলদিগের মধ্যে) অহং (আমি) যমঃ (যম) চ (ও) সর্পাণাং (সর্পদিগের মধ্যে) বাসুকিঃ (বাসুকি) আমি (হই) ॥১৮

সকল দেবতার মধ্যে আমি ইন্দ্র, বসুগণের মধ্যে আমি পাবক, আদিত্যগণের মধ্যে আমি বামন, একাদশ রুদ্রের মধ্যে আমি নীললোহিত সদাশিব।১৩

ব্রহ্মর্ষিগণের মধ্যে আমি ভৃগু, দেবর্ষিসমূহের মধ্যে আমি নারদ, ধেনুসকলে হবির্ধানী (কামধেনু) আমি।১৪

সিদ্ধেশ্বরসমূহের মধ্যে কপিল, পক্ষিগণের মধ্যে সুপর্ণ গরুড় আমি, প্রজাপতিসমুদায়ের মধ্যে আমি দক্ষ, পিতৃগণের রাজা অর্য্যমা আমি।১৫

হে উদ্ধব। দৈত্যনিকরের মধ্যে আমাকে অসুরেশ্বর প্রহ্লাদ বলিয়া জানিবে। নক্ষত্র ওষধিসমূহের মধ্যে চন্দ্র ও যক্ষরাক্ষসের মধ্যে আমাকে ধনেশ্বর কুবের বলিয়া বিদিত হইবে।১৬

আমাকে গজেন্দ্রগণের মধ্যে ঐরাবত, জলজন্তুগণের মধ্যে প্রভু বরুণ, তাপবান্ ও দীপ্তিবান্‌গণের মধ্যে ভাস্কর, মনুষ্যগণের মধ্যে পৃথিবীপতি বলিয়া জানিবে।১৭

অশ্বগণের মধ্যে উচ্চৈঃশ্রবা, ধাতুসমূহের মধ্যে সুবর্ণ, দণ্ডদাতাগণের মধ্যে আমি যম, সর্পগণের মধ্যে আমি বাসুকি।১৮

নাগেন্দ্রাণামনন্তোঽহং মৃগেন্দ্রঃ শৃঙ্গিদংষ্ট্রিণাম্ ।
আশ্রমাণামহং তুর্য্যো বর্ণানাং প্রথমোঽনঘ ॥১৯
তীর্থানাং স্রোতসাং গঙ্গা সমুদ্রঃ সরসামহম্ ।
আয়ুধানাং ধনুরহং ত্রিপুরঘ্নো ধনুষ্মতাম্ ॥২০
ধিষ্ণ্যানামস্ম্যহং মেরুর্গহনানাং হিমালয়ঃ ।
বনস্পতীনামশ্বত্থ ওষধীনামহং যবঃ ॥২১

নাগেন্দ্রাণাং (সর্পরাজগণের মধ্যে) অহম্ (আমি) অনন্তঃ (অনন্ত), শৃঙ্গিদংষ্ট্রিণাম্ (অজগর-ব্যাঘ্র-বরাহাদির মধ্যে) অহং (আমি) (পশুরাজ) মৃগেন্দ্রঃ (সিংহ). আশ্রমাণাং (আশ্রমচতুষ্টয়ের মধ্যে) তুর্য্যঃ (চতুর্থ সন্ন্যাস-আশ্রম আমি), অনঘ (হে নিষ্পাপ)। বর্ণানাং (বর্ণসকলের মধ্যে) প্রথমঃ (প্রথম ব্রাহ্মণ) অহম্ (আমি) ॥১৯

স্রোতসাং (স্রোতস্বতী) তীর্থানাম্ (তীর্থগণের মধ্যে) অহং (আমি) গঙ্গা (গঙ্গা), সরসাং (স্থির জলাশয়গণের মধ্যে) সমুদ্রঃ (সাগর), আয়ুধানাম্ (অস্ত্রসকলের মধ্যে) অহং (আমি) ধনুঃ (ধনু), ধনুষ্মতাং (ধনুর্দ্ধরগণের মধ্যে আমি) ত্রিপুরঘ্নঃ (ত্রিপুরারি মহাদেব) ॥২০

ধিষ্ণ্যানাম্ (আশ্রয়স্থান সকলের মধ্যে) অহং (আমি) মেরুঃ (মেরু). গহনানাং (দুর্গমগণের মধ্যে) হিমালয়ঃ (হিমালয়), বনস্পতীনাম্ (বনস্পতিগণের মধ্যে) অশ্বত্থঃ (অশ্বত্থ), ওষধীনাম্ (ওষধি মধ্যে) অহং (আমি) যবঃ (যব) ॥২১

সর্পরাজগণের মধ্যে অনন্ত, শৃঙ্গিদংষ্ট্রিগণের মধ্যে আমি মৃগেন্দ্র সিংহ, আশ্রমসমূহের মধ্যে আমি সন্ন্যাস আশ্রম; হে নিষ্পাপ! সকল বর্ণের মধ্যে আমি প্রথম বর্ণ ব্রাহ্মণ।১৯

প্রবাহরূপ তীর্থসমূহের মধ্যে আমি গঙ্গা, স্থির জলাশয়গণের মধ্যে আমি সমুদ্র, অস্ত্রসকলের মধ্যে আমি ধনু, ধনুর্দ্ধরগণের মধ্যে আমি ত্রিপুরারি।২০

নিবাসস্থানসমূহের মধ্যে মেরু আমি, দুর্গম-সকলের মধ্যে হিমালয়, বনস্পতিগণের মধ্যে আমি অশ্বত্থ, ওষধি-সংহতির মধ্যে যব।২১

পুরোধসাং বশিষ্ঠোঽহং ব্রহ্মিষ্ঠানাং বৃহস্পতিঃ ।
স্কন্দোঽহং সর্ব্বসেনান্যামগ্রণ্যাং ভগবানজঃ ॥২২
যজ্ঞানাং ব্রহ্মযজ্ঞোঽহং ব্রতানামবিহিংসনম্ ।
বায়্বগ্ন্যর্কাম্বুবাগাত্মা শুচীনামপ্যহং শুচিঃ ॥২৩
যোগানামাত্মসংরোধো মন্ত্রোঽস্মি বিজিগীষতাম্ ।
আন্বীক্ষিকী কৌশলানাং বিকল্পঃ খ্যাতিবাদিনাম্ ॥২৪

পুরোধসাম্ (পুরোহিতগণের মধ্যে) অহং (আমি) বশিষ্ঠঃ (বশিষ্ঠ), ব্রহ্মিষ্ঠানাং (বেদার্থনিষ্ঠগণের মধ্যে) বৃহস্পতিঃ (বৃহস্পতি), সর্ব্বসেনান্যাম্ (অখিল সেনাপতির মধ্যে) অহং (আমি) স্কন্দঃ (কার্ত্তিকেয়). অগ্রণ্যাম্ (সৎপথ-প্রবর্ত্তকগণের মধ্যে) অজঃ (ব্রহ্মা) অহম্ (আমি) ॥২২

যজ্ঞানাম্ (যজ্ঞগণের মধ্যে) অহং (আমি) ব্রহ্মযজ্ঞঃ (ব্রহ্মযজ্ঞ), ব্রতানাম্ (ব্রহ্মসমূহের মধ্যে) অবিহিংসনং (অহিংসা), শুচীনাম্ অপি (নিত্যশুদ্ধ শোধকগণের মধ্যেও) বায়্বগ্ন্যর্কাম্বুবাগাত্মা (পবন-দহন-তপন-সলিল-বচনরূপ আত্মা) শুচিঃ (শুচি) অহম্ (আমি) ॥২৩

অহং (আমি) যোগানাম্ (অষ্টাঙ্গ যোগের মধ্যে) আত্মসংরোধঃ (সমাধি), বিজিগীষতাম্ (জয়েচ্ছুগণের মধ্যে) মন্ত্রঃ (নীতি), কৌশলানাম্ (বিবেকাদি নৈপুণ্যের মধ্যে) আন্বীক্ষিকী (আত্মা-অনাত্মাবিবেক বিদ্যা), খ্যাতিবাদিনাং (খ্যাতিবাদিগণের মধ্যে) (যাহা এইরূপই এইরূপ নয় এবংবিধ দুরন্ত) বিকল্পঃ (বিকল্প), (সেই) অহমস্মি (আমি হই) ॥২৪

ঋত্বিক্‌গণের মধ্যে আমি বশিষ্ঠ, বেদার্থনিষ্ঠগণের মধ্যে আমি বৃহস্পতি, সমস্ত সেনানীর মধ্যে আমি কার্ত্তিকেয়, সন্মার্গপ্রবর্ত্তকগণের মধ্যে আমি ব্রহ্মা।২২

যজ্ঞসমূহের মধ্যে আমি ব্রহ্মযজ্ঞ বেদপাঠ, ব্রত-সমুদয়ের মধ্যে আমি অহিংসা, নিত্যশুদ্ধ শোধকগণের মধ্যে বায়ু, অগ্নি, সূর্য্য, জল, বাক্ ও আত্মরূপ শোধক আমি।২৩

অষ্টাঙ্গ যোগের মধ্যে আমি সমাধি, জয়েচ্ছুগণের মধ্যে আমি নীতি, বিবেক-আদি নিপুণগণের মধ্যে আত্মানাত্ম-বিবেক বিদ্যা, খ্যাতিবাদিগণের আমি

স্ত্রীণাস্তু শতরূপাহং পুংসাং স্বায়ম্ভুবো মনুঃ।
নারায়ণো মুনীনাঞ্চ কুমারো ব্রহ্মচারিণাম্ ॥২৫

ধর্ম্মাণামস্মি সন্ন্যাসঃ ক্ষেমাণামবহির্ম্মতিঃ।
গুহ্যানাং সুনৃতং মৌনং মিথুনানামজস্ত্বহম্ ॥২৬

সংবৎসরোঽস্ম্যনিমিষামৃতুনাং মধু-মাধবৌ।
মাসানাং মার্গশীর্ষোঽহং নক্ষত্রাণাং তথাভিজিৎ ॥২৭

তু (আর) স্ত্রীণাম্ (স্ত্রীগণের মধ্যে) অহং (আমি) শতরূপা (শতরূপা), পুংসাং (পুরুষসমূহের মধ্যে) স্বায়ম্ভুবঃ (স্বায়ম্ভুব) মনুঃ (মনু) চ (এবং) মুনীনাং (মুনিগণের মধ্যে) নারায়ণঃ (নারায়ণ), ব্রহ্মচারিণাম্ (ব্রহ্মচারিগণের মধ্যে) কুমারঃ (সনৎকুমার) ॥২৫

ধর্ম্মাণাম্ (ধর্ম্মসকলের মধ্যে) সন্ন্যাসঃ (সন্ন্যাস, ভূতগণে অভয়দান), ক্ষেমাণাম্ (অভয়স্থানসমূহ মধ্যে) অবহির্মতি (অন্তর্নিষ্ঠা), গুহ্যানাং (গোপনীয়গণের মধ্যে) সুনৃতং (প্রিয়বচন) চ (ও) মৌনং (মৌন), মিথুনানাম্ (মিথুনগণের মধ্যে) অজঃ (প্রজাপতি ব্রহ্মা) অহমস্মি (আমি হই) ॥২৬

অনিমিষাং (কালসমূহের মধ্যে) সংবৎসরঃ (সংবৎসর), ঋতুনাং (ঋতুসকলের মধ্যে) মধুমাধবৌ (বসন্ত), মাসানাং (মাসসমূহের মধ্যে) মার্গশীর্ষঃ (অগ্রহায়ণ) তথা (ও) নক্ষত্রাণাম্ (নক্ষত্রসকলের মধ্যে) অহম্ (আমি) অভিজিৎ (অভিজিৎ নক্ষত্র) ॥২৭

অহং যুগানাঞ্চ কৃতং ধীরাণাং দেবলোঽসিতঃ।
দ্বৈপায়নোঽস্মি ব্যাসানাং কবীনাং কাব্য আত্মবান্ ॥২৮

বাসুদেবো ভগবতাং ত্বন্তু ভাগবতেষ্বহম্।
কিম্পুরুষাণাং হনুমান্ বিদ্যাধ্রাণাং সুদর্শনঃ ॥২৯
রত্নানাং পদ্মরাগোঽস্মি পদ্মকোষঃ সুপেশসাম্।
কুশোঽস্মি দর্ভজাতীনাং গব্যমাজ্যং হবিঃষ্বহম্ ॥৩০

যুগানাম্ (যুগসকলের মধ্যে) অহং (আমি) কৃতং (সত্যযুগ), ধীরাণাং (ধীরগণের মধ্যে) দেবল ও অসিত ব্যাসানাং (ব্যাসসমূহের মধ্যে) দ্বৈপায়নঃ (শ্রীকৃষ্ণদ্বৈপায়ন) কবীনাম্ (কবিগণের মধ্যে) আত্মবান্ (আত্মজ্ঞানী) কাব্যঃ (শুক্রাচার্য্য) অহম্ অস্মি (আমি হই) ॥২৮

ভগবতাং (ষড়্‌গুণযুক্ত আবির্ভাবের মধ্যে) বাসুদেবঃ (বাসুদেব) অহং (আমি), ভাগবতেষু (ভক্তগণের মধ্যে) ত্বং তু (তুমিই), কিম্পুরুষাণাং (বানরগণের মধ্যে) হনুমান্ (হনুমান্), বিদ্যাধ্রাণাম্ (বিদ্যাধরগণের মধ্যে) অহম্ (আমি) সুদর্শনঃ (সুদর্শন) ॥২৯

রত্নানাং (রত্নগণের মধ্যে) পদ্মরাগঃ (পদ্মরাগ) অস্মি (আমি), সুপেশসাং (সুন্দরগণের মধ্যে) পদ্মকোষঃ (পদ্মের গর্ভভাগ), দর্ভজাতীনাং (কাশ-দূর্ব্বাদির মধ্যে) কুশঃ (কুশ), হবিঃষু (ঘৃতসমূহের মধ্যে) গব্যম্ (গব্য) আজ্যং (ঘৃত) অহম্ অস্মি (আমি হই) ॥৩০

বিকল্প ।২৪

নারীগণের মধ্যে আমি শতরূপা, পুরুষসমূহের মধ্যে আমি স্বায়ম্ভুব মনু, মুনিগণের মধ্যে আমি নারায়ণ, ব্রহ্মচারিবৃন্দের মধ্যে আমি সনৎকুমার।২৫

ধর্মনিকরের মধ্যে সর্ব্বভূতের অভয়দানরূপ সন্ন্যাস, অভয়স্থানসমূহের মধ্যে আমি অন্তর্নিষ্ঠা, গোপনীয় সকলের মধ্যে আমি প্রিয়বচন ও মৌন, মিথুনগণের মধ্যে আমি ব্রহ্মা।২৬

কালসমূহের মধ্যে আমি সংবৎসর, ঋতুগণের মধ্যে আমি মধু-মাধব চৈত্র-বৈশাখ—বসন্ত ; মাস-সকলের মধ্যে আমি মার্গশীষ (অগ্রহায়ণ), নক্ষত্রগণের মধ্যে আমি অভিজিৎ—উত্তরাষাঢ়া চতুর্থপাদ।২৭

যুগসমূহের মধ্যে আমি সত্যযুগ, জিতেন্দ্রিয়গণের মধ্যে দেবল ও অসিত আমি, বেদবিভাগকারিগণের মধ্যে আমি দ্বৈপায়ন কবি, তীক্ষ্ণবুদ্ধিগণের মধ্যে আমি আত্মজ্ঞ সূক্ষ্মবুদ্ধিমান্ শুক্র।২৮

ষড়্‌গুণযুক্ত(১) আবির্ভাবের মধ্যে আমি বাসুদেব, চিত্তের অধিষ্ঠাতা ভক্তগণের মধ্যে তুমি উদ্ধবই আমি, কিম্পুরুষ—(বানর) গণের মধ্যে আমি

(১) জ্ঞান, বল, ঐশ্বর্য্য, বীর্য্য, শক্তি, তেজ।

ব্যবসায়িনামহং লক্ষ্মীঃ কিতবানাং ছলগ্রহঃ।
তিতিক্ষাস্মি তিতিক্ষূণাং সত্ত্বং সত্ত্ববতামহম্ ‖৩১
ওজঃ সহো বলবতাং কর্ম্মাহং বিদ্ধি সাত্বতাম্।
সাত্বতাং নবমূর্ত্তীনামাদিমূর্ত্তিরহং পরা ‖৩২

ব্যবসায়িনাম্ (ব্যবসায়িগণের, উদ্যমশীলগণের) অহং (আমি) লক্ষ্মীঃ (লক্ষ্মী সম্পৎ), কিতবানাং (বঞ্চনানিকরের মধ্যে) ছলগ্রহঃ (ধূর্ত্ততা), তিতিক্ষূণাং (সহিষ্ণুগণের মধ্যে) তিতিক্ষা (সহিষ্ণুতা, ক্ষমা), সত্ত্ববতাং (সাত্ত্বিকগণের মধ্যে) সত্ত্বম্ (সত্ত্ব) অহমস্মি (আমি হই) ‖৩১

বলবতাম্ (বলবান্গণের) অহম্ (আমি) ওজঃ (ওজঃ) চ (ও) সহঃ (সহঃ), সাত্বতাম্ (ভাগবতগণের মধ্যে) অহং (আমি) (ভক্ত্যাত্মক শ্রবণকীর্ত্তন) কর্ম্ম (কর্ম্ম) বিদ্ধি (জানিবে), সাত্বতাং (ভাগবতানাং) নবমূর্ত্তীনাম্ (নবমূর্ত্তির মধ্যে, নবব্যূহ অর্চ্চনায়) অহং (আমি) পরা (শ্রেষ্ঠা) আদিমূর্ত্তিঃ (বাসুদেব) ‖৩২

হনুমান্ বিদ্যাধরবৃন্দের মধ্যে আমি সুদর্শন।২৯

মণিগণের মধ্যে আমি পদ্মরাগ মণি, সুন্দরের মধ্যে পদ্মকোষ আমি, দর্ভজাতিগণের মধ্যে আমি কুশ, ঘৃতসমূহের মধ্যে আমি গব্যঘৃত।৩০

ব্যবসায়িগণের (যত্নপরায়ণদিগের) আমি লক্ষ্মী (সম্পৎ), বঞ্চকগণের মধ্যে ধূর্ত্ততা আমি, তিতিক্ষুগণের মধ্যে সহিষ্ণুতা, ধীরগণের সত্ত্ব ধৈর্য্য আমি।৩১

বলবান্গণের আমি ওজঃ-(১) সহঃ-বল (ইন্দ্রিয় মন ও দেহের সামর্থ্য), ভক্তগণের মধ্যে আমি ভক্ত্যাত্মক শ্রবণকীর্ত্তনাদিরূপ কর্ম্ম, নব ভাগবতমূর্ত্তির

(১) পরাক্রম, পরাভিভব—শক্তি, শত্রুনির্জ্জয়-সামর্থ্য।

—ব্যূহ কত প্রকার?

—চারি প্রকার ও চতুর্বিংশতি প্রকার।

—চারি প্রকার কি?

—একমাত্র নিরঞ্জন জ্ঞানস্বরূপ ভগবান্ বাসুদেবই পরমার্থ তত্ত্ব, তিনি আপনাকে চারিপ্রকারে বিভক্ত করিয়া বাসুদেব ব্যূহরূপে, সঙ্কর্ষণ ব্যূহরূপে, প্রদ্যুম্ন ব্যূহরূপে ও অনিরুদ্ধ ব্যূহরূপে প্রতিষ্ঠিত। বাসুদেব পরমাত্মা, সঙ্কর্ষণ জীব, প্রদ্যুম্ন মন,

বিশ্বাবসুঃ পূর্ব্বচিত্তির্গন্ধর্ব্বাপ্সরসামহম্।
ভূধরাণামহং স্থৈর্য্যং গন্ধমাত্রমহং ভুবঃ ‖৩৩
অপাং রসশ্চ পরমস্তেজিষ্ঠানাং বিভাবসুঃ।
প্রভা সূর্য্যেন্দুতারাণাং শব্দোঽহং নভসঃ পরঃ ‖৩৪

অহং (আমি) গন্ধর্ব্বাপ্সরসাং (গন্ধর্ব্ব ও অপ্সরাগণের মধ্যে) বিশ্বাবসুঃ (বিশ্বাবসু) পূর্ব্বচিত্তিঃ (পূর্ব্বচিত্তি), অহং (আমি) ভূধরাণাং (অনন্ত-কূর্ম্মাদিগণের) স্থৈর্য্যং (স্থৈর্য্য), ভুবঃ (ধরণীর) গন্ধমাত্রম্ (সুগন্ধ) অহম্ (আমি) ‖৩৩

অহম্ (আমি) অপাং (জলসমূহের) পরমঃ (মধুর) রসঃ (রস), তেজিষ্ঠানাং (তেজঃশালিগণের মধ্যে) বিভাবসুঃ (অগ্নি) সূর্য্যেন্দুতারাণাং (সূর্য্য, চন্দ্র ও তারাগণের) প্রভা (প্রভা, দীপ্তি) নভসঃ (আকাশের) পরঃ (পরাখ্য) শব্দঃ (অব্যক্ত রব, পরনাদ) ‖৩৪

মধ্যে আমি শ্রেষ্ঠা আদিমূর্ত্তি বাসুদেব।৩২

(বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন অনিরুদ্ধ, নারায়ণ, হয়গ্রীব, বরাহ, নৃসিংহ ও ব্রহ্মা—নবব্যূহ অর্চ্চনায় নবমূর্ত্তির মধ্যে আমি বাসুদেব।)

আমি গন্ধর্ব্ব ও অপ্সরাগণের মধ্যে বিশ্বাবসু, পূর্ব্বচিত্তি, ভূধর অনন্ত কূর্ম্মাদিগণের স্থৈর্য্য ও পৃথিবীর আমিই সুগন্ধ।৩৩

আমি সলিলসমূহে রস, তেজঃশালিগণের মধ্যে আমি অগ্নি, সূর্য্য, চন্দ্র ও তারানিকরের আমি প্রভা (দীপ্তি), আকাশের শব্দ সমষ্টি নাদ আমি।৩৪

অনিরুদ্ধ অহঙ্কার। তাঁহাদের মধ্যে বাসুদেব পরা প্রকৃতি, অন্যান্য সঙ্কর্ষণাদি কার্য্য, ঐরূপ ভগবান্কে অভিগমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগের দ্বারা শতবর্ষকাল অর্চ্চনা করত ক্ষীণক্লেশ হইয়া শ্রীভগবান্কেই লাভ করা যায়। ইহাই পঞ্চরাত্রোক্ত ভাগবত-ধর্ম্ম।

—অভিগমনাদি কাহাকে বলে?

—তদ্গতভাবে কায়মনোবাক্য ভগবদ্গৃহে গমনাদি,

ব্রহ্মণ্যানাং বলিরহং বীরাণামহমর্জ্জুনঃ।
ভূতানাং স্থিতিরুৎপত্তিরহং বৈ প্রতিসংক্রমঃ ॥৩৫

গত্যুক্ত্যুৎসর্গোপাদানমানন্দস্পর্শলক্ষণম্।
আস্বাদশ্রুত্যবঘ্রাণমহং সর্ব্বেন্দ্রিয়েন্দ্রিয়ম্ ॥৩৬

পৃথিবী বায়ুরাকাশ আপো জ্যোতিরহং মহান্।
বিকারঃ পুরুষোঽব্যক্তং রজঃ সত্ত্বং তমঃ পরম্।
অহমেতৎ প্রসংখ্যানং জ্ঞানং তত্ত্ববিনিশ্চয়ঃ ॥৩৭
ময়েশ্বরেণ জীবেন গুণেন গুণিনা বিনা।
সর্ব্বাত্মনাপি সর্ব্বেণ ন ভাবো বিদ্যতে ক্বচিৎ ॥৩৮

ব্রহ্মণ্যানাম্ (ব্রাহ্মণসেবিগণের মধ্যে) অহং (আমি) বলিঃ (বলি), বীরাণাম্ (বীরগণের মধ্যে) অহম্ (আমি) অর্জ্জুনঃ (অর্জ্জুন পার্থ), ভূতানাম্ (ভূতগণের) অহম্ (আমি) উৎপত্তিঃ (উৎপত্তি) স্থিতিঃ (স্থিতি) বৈ (ও) প্রতিসংক্রমঃ (প্রলয় নাশ) ॥৩৫

গত্যুক্ত্যুৎসর্গোপাদানম্ আনন্দ-স্পর্শলক্ষণং (গমন, ভাষণ, ত্যাগ, গ্রহণ, আনন্দ পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের এই ব্যাপার) (তাহা আমি), আস্বাদ-শ্রুত্যবঘ্রাণং (আস্বাদ, শ্রবণ, গন্ধগ্রহণ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দর্শনাদি ব্যাপার আমি), সর্ব্বেন্দ্রিয়েন্দ্রিয়ম্ (সকল ইন্দ্রিয়গণের ইন্দ্রিয়—তাহাদের বিষয়গ্রহণ শক্তি)

অহম্ (আমি) ॥৩৬

অহং (আমি) পৃথিবী (পৃথিবী) বায়ুঃ (বায়ু) আকাশঃ (আকাশ), আপঃ (জল), জ্যোতিঃ (জ্যোতি), মহান্ (মহান্), অহং (আমি) বিকারঃ (পঞ্চমহাভূত একাদশ ইন্দ্রিয়) পুরুষঃ (পুরুষ) পরম্ (ব্রহ্ম) অব্যক্তং (অব্যক্ত) রজঃ সত্ত্বং (সত্ত্ব) তমঃ (তম—এই গুণত্রয়) অহম্ (আমি), এতৎপ্রসংখ্যানং (ইহাদের গণনা) জ্ঞানং (জ্ঞান) তত্ত্ববিনিশ্চয়ঃ (তত্ত্ব বিনির্ণয়) অহম্ (আমিই) ৩৭ ॥

ঈশ্বরেণ (ঈশ্বর), জীবেন (জীব), গুণেন (গুণ), গুণিনা (গুণী), সর্ব্বাত্মনা (ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ) অপি (ও) সর্ব্বেণ

ব্রাহ্মণসেবিগণের মধ্যে আমি বলি, বীরসকলের মধ্যে আমি অর্জ্জুন—পার্থ; ভূতগণের উৎপত্তি, স্থিতি ও নাশ আমি।৩৫

গমন, কথন, ত্যাগ, গ্রহণ, আনন্দ এই পাদাদি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের ব্যাপার, স্পর্শ, দর্শন, আস্বাদ, শ্রবণ, আঘ্রাণ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের ব্যাপার,—এই সমস্তই আমি। আমিই সকল ইন্দ্রিয়গণের ইন্দ্রিয়—তাহাদের অধিষ্ঠাতৃ-দেবতা।৩৬

(শ্রীভগবানের প্রতিবিম্বগ্রাহিত্বের নাম স্বচ্ছত্ব)

পৃথিবী, বায়ু, আকাশ, জল, জ্যোতি এই পঞ্চতন্মাত্র; অহঙ্কার; মহত্তত্ত্ব; পঞ্চমহাভূত, একাদশ ইন্দ্রিয়—এই ষোড়শ বিকার; জীব, প্রকৃতি এই পঞ্চবিংশতি তত্ত্ব ও সত্ত্ব রজঃ তম এই গুণত্রয় ও পরব্রহ্ম—এ সমস্ত আমিই।

এই তত্ত্বসমূহের গণনা, লক্ষণ দ্বারা ইহাদের জ্ঞান ও তাহার ফলতত্ত্বনিশ্চয় আমিই।৩৭

ঈশ্বর সৃষ্ট্যাদিকর্ত্তা, শুভাশুভ ফলভোক্তা জীব, সত্ত্বাদি গুণ, মহদাদি গুণী, সমস্ত উপাধিরূপ সকলের

উপাদান—পূজাদ্রব্যাদি আহরণ বা আয়োজন. ইজ্যা পূজা, স্বাধ্যায়, অষ্টাক্ষরাদি মন্ত্রজপ, যোগধ্যান, স্বীয় ইষ্টদেবতাকে আপনার আত্মারূপে ভাবনা।

এই পঞ্চ প্রকার অর্চনা—

সার্ষ্টি-সামীপ্য-সালোক্য-সাযুজ্য-সারূপ্যদাক্রমাৎ।

পদ্মপুরাণ পাতালখণ্ড ৪৭ অঃ

পঞ্চপ্রকার অর্চনার দ্বারা ক্রমে পঞ্চবিধা মুক্তি লাভ হইয়া থাকে।

অভিগমন	সার্ষ্টি	তত্তুল্যতারূপা মুক্তি।
উপাদান	সামীপ্য	নৈকট্যরূপা মুক্তি।
যোগ	সালোক্য	তুল্যলোকে বাসরূপা মুক্তি।
স্বাধ্যায়	সাযুজ্য	অভেদ মুক্তি।
ইজ্যা	সারূপ্য	সমানরূপতা মুক্তি।

স্বচ্ছ বিশদ, শান্ত, রাগাদিরহিত শ্রীভগবানের উপলব্ধিস্থান সত্ত্বগুণ—অধিভূতরূপে তাহার সংজ্ঞা মহান্, অধ্যাত্মরূপে চিত্ত এবং উপাস্তরূপে বাসুদেব। তাহার অধিষ্ঠাতা ক্ষেত্রজ্ঞ। অহঙ্কারে সঙ্কর্ষণ উপাস্ত—রুদ্র অধিষ্ঠাতা, মনে অনিরুদ্ধ উপাস্ত—চন্দ্র অধিষ্ঠাতা, বুদ্ধিতে প্রদ্যুম্ন উপাস্ত—ব্রহ্মা অধিষ্ঠাতা।

শ্রীমদ্ভাগবত ৩।২৬।২১

সংখ্যানং পরমাণূনাং কালেন ক্রিয়তে ময়া।
ন তথা মে বিভূতীনাং সৃজতোঽণ্ডানি কোটিশঃ ॥৩৯
তেজঃ শ্রীঃ কীর্ত্তিরৈশ্বর্য্যং হ্রীস্ত্যাগঃ সৌভগং ভগঃ।
বীর্য্যং তিতিক্ষা বিজ্ঞানং যত্র যত্র স মেঽংশকঃ ॥৪০

(সমস্ত) ময়া (আমি) বিনা (ব্যতীত) কচিৎ (কোন) ভাবঃ (পদার্থ) ন বিদ্যতে (নাই) ॥৩৮

পরমাণূনাং (পরমাণুসকলের) সংখ্যানং (গণনা) কালেন (কালক্রমে) যথা (যদি) ময়া (আমার দ্বারা) ক্রিয়তে (কৃত হয়), তথা (কিন্তু) কোটিশঃ (কোটি কোটি) অণ্ডানি (ব্রহ্মাণ্ডসকলের) সৃজতঃ (সৃজনকারী) মে (আমার) বিভূতীনাং (বিভূতিসকলের) ন (সংখ্যা করিতে সমর্থ হই না) ॥৩৯

যত্র যত্র (যেখানে সেখানে) তেজঃ (তেজ), শ্রীঃ (শ্রী), কীর্ত্তিঃ (কীর্ত্তি), ঐশ্বর্য্যঃ (ঐশ্বর্য্য), হ্রীঃ (লজ্জা), ত্যাগঃ (ত্যাগ), সৌভগং (সৌভাগ্য), (মনোনয়ন আহ্লাদকত্ব) ভগঃ (ভাগ্য), বীর্য্যং (বল), তিতিক্ষা (সহিষ্ণুতা) বিজ্ঞানং (বিজ্ঞান), সঃ (তাহা) মে (আমার) অংশকঃ (বিভূতি) ॥৪০

অন্তর্য্যামী এই সমস্তই আমি—আমি ভিন্ন আর কিছু নাই।৩৮ (১)

কালক্রমে পরমাণুসকলের সংখ্যা আমি করিতে পারি, তথাপি কোটি কোটি ব্রহ্মাণ্ড সৃজনকারী আমার বিভূতিসকলের গণনা করিতে আমি সমর্থ হই না।৩৯

প্রভাব, সম্পৎ, কীর্ত্তি, ঐশ্বর্য্য, নিয়ন্তৃত্ব, লজ্জা, বৈরাগ্য, সৌভাগ্য, মনোনয়ন আহ্লাদকত্ব ভাগ্য,

জ্ঞেয়ঃ স এব রাজেন্দ্র জীবঃ সঙ্কর্ষণঃ প্রভুঃ।
সঙ্কর্ষণাচ্চ প্রদ্যুম্নো মনোভূতঃ স উচ্যতে॥
প্রদ্যুম্নাৎ যোঽনিরুদ্ধস্তু সোঽহঙ্কারঃ স ঈশ্বরঃ॥

মোক্ষধর্ম্ম পর্ব্ব ৩৩৯॥

সঙ্কর্ষণ	প্রদ্যুম্ন	অনিরুদ্ধ	
জীব	মন	অহঙ্কার	
প্রাজ্ঞ	তৈজস	বিশ্ব	ব্যষ্টিতে
ম	উ	অকার	
নাদ			

এতাবন্তে কীর্ত্তিতাঃ সর্ব্বাঃ সংক্ষেপেণ বিভূতয়ঃ।
মনোবিকারা এবৈতে যথা বাচাভিধীয়তে ॥৪১
বাচং যচ্ছ মনো যচ্ছ প্রাণান্ যচ্ছেন্দ্রিয়াণি চ।
আত্মানমাত্মনা যচ্ছ ন ভূয়ঃ কল্পসেঽধ্বনে ॥৪২

সংক্ষেপেণ (সংক্ষেপে) এতাঃ (এই) সর্ব্বাঃ (সমস্ত) বিভূতয়ঃ (বিভূতি) তে (তোমাকে) ময়া (আমার দ্বারা) কীর্ত্তিতাঃ (কথিত হইল), এতে (ইহারা) মনোবিকারাঃ (মনোবিকার) যথা (যেমন আকাশকুসুম আদি বাক্য মাত্রের দ্বারা অভিহিত হয়, তদ্রূপ) বাচা (বাক্যের দ্বারা) অভিধীয়তে (আমি বলিলাম) ॥৪১

বাচং (বাক্য) যচ্ছ (সংযত কর), মনঃ (মন) যচ্ছ (সংযত কর), প্রাণান্ (প্রাণ) চ (ও) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়সকল) যচ্ছ (সংযত কর), আত্মানম্ (বুদ্ধিকে) আত্মনা (সত্বসম্পন্না বুদ্ধির দ্বারা) যচ্ছ (সংযত কর), তেন (তাহার দ্বারা) অধ্বনে (সংসারমার্গে) ভূয়ঃ (পুনর্ব্বার) ন কল্পসে (যাতায়াত করিতে হইবে না) ॥৪২

বল, ক্ষমা, যথার্থজ্ঞান যে যে স্থানে দৃষ্ট হয়, তাহা আমার বিভূতিই।৪০

আমার এই বিভূতিসকল তোমায় বলিলাম—ইহারা মনোবিকার, যেমন শশশৃঙ্গ আদি বাক্যমাত্র দ্বারা অভিহিত হয়, তদ্রূপ বাক্যের দ্বারা আমি বলিলাম।৪১

এই হেতু বিবেক বুদ্ধির দ্বারা বাক্যকে তাহার

(১)—ভগবান্ ভিন্ন আর কিছু নাই?

—না, একমাত্র তিনি লীলা করিবার জন্য বহুরূপ ধারণ করত আপনার সহিত আপনিই খেলা করিতেছেন। দেবতা, মনুষ্য, পশুপক্ষী, কীটপতঙ্গ, বৃক্ষলতা, হিমালয়, বালুকণা—সমস্তই তাঁহার শ্রীবিগ্রহ। আপনি বহু সাজে সাজিয়াছেন, আবার আকাশের মত সমস্ত সৃষ্ট পদার্থের অন্তরে বাহিরে বিরাজ করিতেছেন।

সমষ্টিতে	সঙ্কর্ষণ বুদ্ধি	প্রদ্যুম্ন মন	অনিরুদ্ধ অহঙ্কার
	ঈশ্বর	হিরণ্যগর্ভ	বৈশ্বানর
	ম	উকার	অকার

যো বৈ বাঙ্মনসী সম্যগসংযচ্ছন্ ধিয়া যতিঃ।
তস্য ব্রতং তপো দানং স্রবত্যামঘটাম্বুবৎ ॥৪৩
তস্মান্মনোবচঃপ্রাণান্ নিযচ্ছেন্মৎপরায়ণঃ।
মদ্ভক্তিযুক্তয়া বুদ্ধ্যা ততঃ পরিসমাপ্যতে ॥৪৪

যঃ (য) যতিঃ (যতি) ধিয়া (সত্ত্বসম্পন্না বুদ্ধির দ্বারা) বাঙ্মনসী (বাক্য ও মন) অসংযচ্ছন্ (সংযত করেন না), তস্য (তাহার) ব্রতং (ব্রত), তপঃ (তপস্যা) দানম্ (দান) আমঘটাম্বুবৎ (কাঁচা মাটীর ঘটস্থিত জলের ন্যায়) স্রবতি (গলিয়া যায়) ॥৪৩

তস্মাৎ (সেই হেতু) মৎপরায়ণঃ (আমাতে অত্যাসক্ত) মদ্ভক্তিযুক্তয়া (আমার ভক্তিযুক্ত) বুদ্ধ্যা (বুদ্ধির দ্বারা) বচঃ (বাক্য) মনঃ (মন) প্রাণান্ (ইন্দ্রিয়গণকে) নিযচ্ছেৎ (নিয়ন্ত্রিত করিবেন), ততঃ (অনন্তর) পরিসমাপ্যতে (কৃতকৃত্য হইবেন) ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে ষোড়শাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

বিষয় হইতে নিবৃত্ত কর, প্রাণকে বশ কর, ইন্দ্রিয় সকলকে ও বুদ্ধিকে সংযত কর। এইরূপ করিলে পুনরায় আর সংসার পথে পরিভ্রমণ করিতে হইবে না।৪২

যে যতি বাক্য ও মনকে সত্ত্বসম্পন্না বুদ্ধির দ্বারা সম্যগ্ নিরুদ্ধ করেন না, তাঁহার ব্রহ্মচর্য্যাদি ব্রত, কৃচ্ছ্র, চান্দ্রায়ণাদি তপস্যা ও দান কাঁচামাটীর ঘটস্থিত জলের ন্যায় সমস্ত ক্ষরিত হইয়া যায়।৪৩

অতএব মৎপরায়ণ ভক্ত আমার ভক্তিযুক্ত বুদ্ধির দ্বারা বাক্য, মন, প্রাণ বশ করিবেন—তাহাতেই কৃতার্থ হইবেন।৪৪

অকার অনিরুদ্ধ, বিশ্ব, অহঙ্কার একই বস্তু—উকার প্রদ্যুম্ন, তৈজস মন এবং মকার সঙ্কর্ষণ জীব (বুদ্ধি) প্রাজ্ঞ একই বস্তুর নামভেদ মাত্র।

—চতুর্বিংশতি ব্যূহের নাম বল।

—কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ, দামোদর, সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, পুরুষোত্তম, অধোক্ষজ, নারসিংহ, অচ্যুত, জনার্দ্দন, উপেন্দ্র, হরি, শ্রীকৃষ্ণ।

জয় বাসুদেব অনিরুদ্ধ, প্রদ্যুম্ন সঙ্কর্ষণ।
জয় অধোক্ষজ পদ্মনাভ অচ্যুত জনার্দ্দন ॥
জয় বিষ্ণু ত্রিবিক্রম জয় পুরুষোত্তম বামন।
জয় হৃষীকেশ কেশব জয় মাধব মধুসূদন ॥
জয় দামোদর, শ্রীধর জয় নৃসিংহ নারায়ণ।
জয় গোবিন্দ উপেন্দ্র কৃষ্ণ হরিনামকীর্ত্তন ॥ (দরবেশ)

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তদশঃ অধ্যায়ঃ।

[বর্ণধর্মনিরূপণম্, ব্রহ্মচারি-গৃহস্থধর্মবর্ণনঞ্চ।]

উদ্ধব উবাচ ॥

যত্ত্বয়াভিহিতঃ পূর্ব্বং ধর্মস্ত্বদ্ভক্তিলক্ষণঃ।
বর্ণাশ্রমাচারবতাং সর্ব্বেষাং দ্বিপদামপি ॥১
যথানুষ্ঠীয়মানেন ত্বয়ি ভক্তির্নৃণাং ভবেৎ।
স্বধর্ম্মেণারবিন্দাক্ষ তন্মমাখ্যাতুমর্হসি ॥২
পুরা কিল মহাবাহো ধর্ম্মং পরমকং প্রভো।
যৎ তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাত্থ মাধব ॥৩
স ইদানীং সুমহতা কালেনামিত্রকর্ষণ।
ন প্রায়ো ভবিতা মর্ত্ত্যলোকে প্রাগনুশাসিতঃ ॥৪
বক্তা কর্ত্তাবিতা নান্যো ধর্ম্মস্যাচ্যুত তে ভুবি।
সভায়ামপি বৈরিঞ্চ্যাং যত্র মূর্ত্তিধরাঃ কলাঃ ॥৫
কর্ত্রাবিত্রা প্রবক্ত্রা চ ভবতা মধুসূদন।
ত্যক্তে মহীতলে দেব বিনষ্টং কঃ প্রবক্ষ্যতি ॥৬

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ। সর্ব্বেষাং (সমস্ত) বর্ণাশ্রমাচারবতাম্ (বর্ণাশ্রম আচার বিশিষ্ট এবং বর্ণাশ্রমাচারহীন) অপি দ্বিপদাং (নরগণের) ত্বয়া (আপনাকর্ত্তৃক) যঃ (যে) ত্বদ্ভক্তিলক্ষণঃ (আপনার ভক্তিলক্ষণ) (তাহার সাধন) ধর্ম্মঃ (ধর্ম্ম) পূর্ব্বম্ (পূর্ব্বে) অভিহিতঃ (অভিহিত হইয়াছে), অরবিন্দাক্ষ (হে কমললোচন)। যথা (যে প্রকারে) অনুষ্ঠীয়মানেন (অনুষ্ঠীয়মান, আচরিত) স্বধর্ম্মেণ (স্বধর্ম্মের দ্বারা) ত্বয়ি (আপনাতে) নৃণাং (মানবগণের) ভক্তিঃ (ভক্তি) ভবেৎ (হয়), তৎ (তাহা) মম (আমার নিকটে) আখ্যাতুম্ (বলিতে) অর্হসি (যোগ্য হউন, বলুন) ॥১-২

মহাবাহো (হে মহাবাহো)। পুরা কিল (পূর্ব্বকালে) (আপনি) তেন (সেই) হংসরূপেণ (হংসরূপে) যৎ (যে) পরমকং (পরম মোক্ষসুখরূপ) ধর্ম্মং (ধর্ম্ম) ব্রহ্মণে (ব্রহ্মাকে) অভ্যাত্থ (বলিয়াছিলেন), প্রভো মাধব (হে প্রভো মাধব)। সুমহতা (অতি দীর্ঘ) কালেন (কালে) অমিত্রকর্ষণ (হে অরাতিসূদন)। প্রাগনুশাসিতঃ (পূর্ব্বোপদিষ্ট) সঃ (সেই) ধর্ম্মঃ (ধর্ম্ম) ইদানীং (অধুনা) মর্ত্ত্যলোকে (মর্ত্ত্যে) প্রায়ঃ (প্রায়) ন ভবিতা (আচরিত হয় না) ॥৩-৪

অচ্যুত (হে অচ্যুত)। তে (আপনার) (এই) ধর্ম্মস্য (ধর্ম্মের) ভুবি (ভূমণ্ডলে) বক্তা (বক্তা), কর্ত্তা (অনুষ্ঠাতা), অবিতা (রক্ষক) (আপনা ব্যতীত) অন্যঃ (অন্য) ন (নাই); (অধিক কি) যত্র (যেখানে) মূর্ত্তিধরাঃ (মূর্ত্তিমতী) কলাঃ (বেদাদি বিদ্যা) (বিদ্যমান, সেই) বৈরিঞ্চ্যাম্ (ব্রহ্মার) সভায়াম্ (সভাতে) অপি (ও) ন (নাই) ॥৫

দেব মধুসূদন (হে দেব মধুসূদন)। (সেই ধর্ম্মের) কর্ত্রা (কর্ত্তা) অবিত্রা (রক্ষক) চ (ও) প্রবক্ত্রা (প্রবক্তা) ভবতা (আপনি) মহীতলে (পৃথিবী) ত্যক্তে (ত্যাগ করিলে) (সেই) বিনষ্টং (বিনষ্ট) (ধর্ম্ম) কঃ (কে) প্রবক্ষ্যতি (উপদেশ করিবে) ॥৬

সপ্তদশ অধ্যায়।

[বর্ণধর্ম্ম নিরূপণ এবং ব্রহ্মচারী ও গৃহস্থধর্ম্ম বর্ণন]

যং মত্বা বিভুমীশানং দুঃখং নোপৈতি সাধকঃ।
সর্ব্বদুঃখৌঘসংহর্ত্তৃ তারং দিশতু নঃ ফলম্ ॥

শ্রীউদ্ধব বলিলেন,—আপনি কল্পের আদিতে বর্ণাশ্রম আচারবিশিষ্ট ও বর্ণাশ্রমহীন সমস্ত মানবের আপনার ভক্তিলক্ষণ যে বৈষ্ণব ধর্ম্ম বলিয়াছেন।১

হে কমললোচন। যে প্রকার অনুষ্ঠিত স্বধর্ম্মের দ্বারা মনুষ্যগণের আপনাতে ভক্তি হয়, সেই ধর্ম্ম এবং তাহার অনুষ্ঠান আমায় বলুন।২

হে মহাবাহো প্রভো মাধব। পরম সুখরূপ যে ধর্ম্ম পূর্ব্বে হংসরূপ ধারণ করত ব্রহ্মাকে বলিয়াছিলেন— ।৩

হে শত্রুবিমর্দ্দন! আপনাকর্ত্তৃক পূর্ব্ব-উপদিষ্ট ধর্ম্ম কালক্রমে অধুনা মর্ত্ত্যলোকে (একেবারেই) নাই এবং ভবিষ্যতে থাকিবে না।৪

হে অচ্যুত। এই ভূমণ্ডলে এবং যে স্থানে মূর্ত্তিমতী

তৎ ত্বং নঃ সর্ব্বধর্ম্মজ্ঞ ধর্ম্মস্ত্বদ্ভক্তিলক্ষণঃ।
যথা যস্য বিধীয়েত তথা বর্ণয় মে প্রভো ॥৭

শ্রীশুক উবাচ।

ইত্থং স্বভৃত্যমুখ্যেন পৃষ্টঃ স ভগবান্ হরিঃ।
প্রীতঃ ক্ষেমায় মর্ত্ত্যানাং ধর্ম্মানাহ সনাতনান্ ॥৮

শ্রীভগবানুবাচ।

ধর্ম্ম্য এষ তব প্রশ্নো নৈঃশ্রেয়সকরো নৃণাম্।
বর্ণাশ্রমাচারবতাং তমুদ্ধব নিবোধ মে ॥৯

আদৌ কৃতযুগে বর্ণো নৃণাং হংস ইতি স্মৃতঃ।
কৃতকৃত্যাঃ প্রজা জাত্যা তস্মাৎ কৃতযুগং বিদুঃ ॥১০

বেদঃ প্রণব এবাগ্রে ধর্ম্মোঽহং বৃষরূপধৃক্।
উপাসতে তপোনিষ্ঠা হংসং মাং মুক্তকিল্বিষাঃ ॥১১

ত্রেতামুখে মহাভাগ প্রাণান্ মে হৃদয়াৎ ত্রয়ী।
বিদ্যা প্রাদুরভূৎ তস্যা অহমাসং ত্রিবৃন্মখঃ ॥১২

সর্ব্বধর্ম্মজ্ঞ (হে সর্ব্বধর্ম্মজ্ঞ)। তৎ (সেই হেতু) নঃ (আমাদের মনুষ্যগণের মধ্যে) ত্বদ্ভক্তিলক্ষণঃ (আপনার ভক্তিলক্ষণ) ধর্ম্মঃ (ধর্ম্ম) যথা (যেমন) বিধীয়েত (অনুষ্ঠেয়), প্রভো (হে প্রভো)। তথা (তাহা) মে (আমার নিকট) ত্বং (আপনি) বর্ণয় (বলুন) ॥৭

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুক বলিলেন),—ইত্থং (এইরূপ) স্বভৃত্যমুখ্যেন (স্বীয় ভক্তশ্রেষ্ঠ উদ্ধব কর্ত্তৃক) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) সঃ (সেই) ভগবান্ (ভগবান্) হরিঃ (হরি) প্রীতঃ সন্ (প্রীত হইয়া) মর্ত্ত্যানাং (মানবগণের) ক্ষেমায় (মঙ্গলের জন্য) সনাতনান্ (সনাতন, চিরন্তন) ধর্ম্মান্ (শ্রীবৈষ্ণব ধর্ম্ম) আহ (বলিলেন) ॥৮

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—

বর্ণাশ্রমাচারবতাং (বর্ণাশ্রম-আচারসম্পন্ন) নৃণাং (মানবগণের) ধর্ম্ম্যঃ (ধর্ম্মযুক্ত) এষঃ (এই) প্রশ্নঃ (প্রশ্ন) নৈঃশ্রেয়সকরঃ (ভক্তিজনক), উদ্ধব (হে উদ্ধব)। তং (সেই ধর্ম্ম) মে (আমার নিকট) নিবোধ (অবগত হও) ॥৯

আদৌ (প্রথম) কৃতযুগে (সত্যযুগে) নৃণাং (নরগণের) বর্ণঃ (বর্ণ) হংসঃ (হংস) ইতি (এই বলিয়া) স্মৃতঃ (স্মৃত হইত), (সে সময়) প্রজাঃ (প্রজাগণ) জাত্যা (জন্মমাত্রেই) কৃতকৃত্যাঃ (কৃতার্থ) জাতাঃ (হইত), তস্মাৎ (সেই হেতু) কৃতযুগং (কৃতযুগ) (বলিয়া) বিদুঃ (জানেন) ॥১০

বেদঃ (বেদ) প্রণবঃ (প্রণব) এব (ই) অগ্রে (প্রথমে ছিল), (অনন্তর) অহং (আমি) বৃষরূপধৃক্ (চতুষ্পাদ-যুক্ত বেদরূপধারী) ধর্ম্মঃ (ধর্ম্ম) (হই), (তখন) মুক্তকিল্বিষাঃ (নিষ্পাপ) তপোনিষ্ঠাঃ (তপোনিষ্ঠগণ) হংসং (শুদ্ধ) মাম্ (আমাকে) উপাসতে (ধ্যান করেন) ॥১১

বেদাদি বিদ্যাসমূহ বর্ত্তমান, সেই প্রজাপতি ভগবান্ বিরিঞ্চির সভাতেও আপনি ব্যতীত অন্য কেহ সেই পরম ধর্ম্মের বক্তা, কর্ত্তা ও রক্ষক নাই।৫

অতএব হে মধুসূদন। কর্ত্তা, রক্ষক ও প্রবক্তা আপনি এই পৃথিবী পরিত্যাগ করিলে সেই বিনষ্ট ধর্ম্ম পুনরায় কে বলিবে?৬

সেই হেতু হে সর্ব্বধর্ম্মজ্ঞ প্রভো পরমেশ্বর। আপনার ভক্তিলক্ষণ ধর্ম্ম আমাদের ন্যায় বর্ণাশ্রম বিশিষ্টগণের যে প্রকার অনুষ্ঠান করা কর্ত্তব্য, তাহা আপনি আমার নিকট বর্ণনা করুন।৭

শ্রীশুকদেব বলিলেন,—আপনার সেবকগণের মধ্যে সর্ব্বোত্তম সেবক সখা উদ্ধব কর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত ভগবান্ হরি সন্তুষ্ট হইয়া মরণধর্ম্মশীল জীবগণের মঙ্গলের নিমিত্ত সনাতন শ্রীবৈষ্ণব ধর্ম্ম বলিয়াছিলেন।৮

শ্রীভগবান্ বলিলেন,—হে প্রিয়তম উদ্ধব। তোমার এই উত্তম প্রশ্ন ধর্ম্মজনক ও মানবগণের ভক্তিপ্রদ মোক্ষসাধক, অতএব বর্ণাশ্রম-আচার-সম্পন্নগণের সেই ধর্ম্ম আমার নিকট শ্রবণ কর।৯

কল্পের আদিতে সত্যযুগে মনুষ্যগণের হংস নামক বর্ণ ছিল, তৎকালে প্রজাগণ জন্মদ্বারাই কৃতকৃতার্থ হইত, তজ্জন্য সেই যুগ কৃতযুগ বলিয়া অভিহিত হইয়া থাকে।১০

প্রণব, বেদ এবং বৃষরূপধারী চতুষ্পাৎ ধর্ম্ম আমিই

বিপ্র-ক্ষত্রিয়-বিট্-শূদ্রা মুখ-বাহূরু-পাদজাঃ।
বৈরাজাৎ পুরুষাজ্জাতা য আত্মাচারলক্ষণাঃ ॥১৩
গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম।
বক্ষঃস্থলাদ্ বনেবাসঃ সন্ন্যাসঃ শিরসি স্থিতঃ ॥১৪

বর্ণানামাশ্রমাণাঞ্চ জন্মভূম্যনুসারিণীঃ।
আসন্ প্রকৃতয়ো নৃণাং নীচৈর্নীচোত্তমোত্তমাঃ ॥১৫
শমো দমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জ্জবম্।
মদ্ভক্তিশ্চ দয়া সত্যং ব্রহ্মপ্রকৃতয়স্ত্বিমাঃ ॥১৬

মহাভাগ (হে মহাভাগ)। (অনন্তর) ত্রেতামুখে (ত্রেতাযুগ আরম্ভে) মে (আমার) হৃদয়াৎ (হৃদয়স্থিত) প্রাণাৎ (প্রাণ হইতে) ত্রয়ী (বেদত্রয়রূপা) বিদ্যা (বিদ্যা) প্রাদুরভূৎ প্রাদুর্ভূতা হয়), তস্যাঃ (তাহার সকাশ হইতে) অহং (আমি) ত্রিবৃৎ (হোতা, অধ্বর্য্যু, উদ্‌গাতা এই ত্রিরূপ) মখঃ (যজ্ঞঃ) প্রকাশিত হই ॥১২

বৈরাজাৎ (বিরাট্) পুরুষাৎ (পুরুষ) (আমার বিরাট্ শরীরের) মুখবাহূরুপাদজাঃ (মুখ, বাহু, উরু, পাদ হইতে উৎপন্ন) যে (যে) আত্মাচার-লক্ষণাঃ (বর্ণাশ্রমোচিত স্বধর্ম্ম নিরত) বিপ্রক্ষত্রিয়বিট্‌শূদ্রাঃ (বিপ্র, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রগণ) জাতাঃ (সঞ্জাত হয়) ॥১৩

মম (আমার) জঘনতঃ (জঘন দেশ হইতে) গৃহাশ্রমঃ (গৃহাশ্রম) হৃদঃ (হৃদয় হইতে) ব্রহ্মচর্য্যং (ব্রহ্মচর্য্য), বক্ষঃস্থলাৎ (বক্ষস্থল হইতে) বনেবাসঃ (বানপ্রস্থ) (জাত হয় আর) সন্ন্যাসঃ (সন্ন্যাস) মে (আমার) শিরসি (মস্তকে) স্থিতঃ (অবস্থিত) ॥১৪

বর্ণানাম্ (বর্ণসকলের) চ (ও) আশ্রমাণাঞ্চ (আশ্রম সমূহের) জন্মভূম্যনুসারিণীঃ (জন্মস্থান অনুসারে) নীচৈর্নীচোত্তমোত্তমাঃ (নীচস্থান জাত নীচ এবং উত্তমস্থানে উৎপন্ন উত্তম) (এইরূপ) নৃণাং (নরগণের) প্রকৃতয়ঃ (স্বভাব) হয় ॥১৫

শমঃ (শম), দমঃ (দম), তপঃ (তপস্যা), শৌচং (শৌচ), সন্তোষঃ (তৃপ্তি), ক্ষান্তিঃ (ক্ষমা) আর্জ্জবং (সরলতা),

অগ্রে ছিলাম। নিষ্পাপ তপঃপরায়ণ প্রজাবৃন্দ সেই হংস শুদ্ধ পরমাত্মা আমাকে ধ্যান করিতেন।১১

হে মহাভাগ! কালক্রমে ত্রেতাযুগ উপস্থিত হইলে বৈরাজরূপ আমার হৃদয়-কমলস্থিত প্রাণ হইতে ঋগ্ যজু সামরূপ ত্রয়ী বেদবিদ্যা আবির্ভূত হইয়াছিল। সেই ত্রয়ী হইতে হোতা, অধ্বর্য্যু ও উদ্‌গাতা এই ত্রিবিধ যজ্ঞরূপে আমি প্রকাশিত হইয়াছিলাম।১২

অনন্তর আমার বিরাট্ শরীরের মুখ, বাহু, উরু ও চরণ হইতে ক্রমে বর্ণাশ্রমবিহিত স্বধর্ম্ম পালনে রত ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রসকল সমুৎপন্ন হইয়াছিল।১৩

বিরাট্‌রূপ আমার জঘন হইতে গৃহস্থাশ্রম, বক্ষের অধে হৃদয়স্থল হইতে নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য, বক্ষঃস্থল হইতে বানপ্রস্থ এবং সন্ন্যাস আশ্রম আমার মস্তক হইতে সমুৎপন্ন হয়।১৪

বর্ণ ও আশ্রমসকলের জন্মস্থান অনুসারে নীচস্থানে উৎপন্ন নীচ এবং উত্তমস্থানে জাত উত্তম মানবগণের এইরূপ প্রকৃতি হইয়া থাকে।১৫

অন্তঃকরণ নিগ্রহ—শম, বাহ্যেন্দ্রিয় নিগ্রহ—দম, তত্ত্বালোচনা কায়-শোষণাদি—তপস্যা, বাহ্য অভ্যন্তর শুদ্ধতা—শৌচ, লাভালাভে তৃপ্তি—সন্তোষ, ক্ষমা, সরলতা, আমাতে অনন্যা ভক্তি, পরদুঃখ দূর করিবার ইচ্ছা—দয়া এবং হিত—মধুর যথার্থ ভাষণ, এই সমস্ত ব্রাহ্মণত্ব অভিব্যঞ্জক স্বভাবসিদ্ধ কর্ম্ম।১৬

—সত্যযুগে প্রণবই ছিলেন?

—হাঁ, সাধক যখন সগুণ সাক্ষাৎকার লাভ করেন, তখন তাঁহার মন্ত্র ইষ্ট অঙ্গে লয় হয়। মন্ত্রলয়ের সঙ্গে সঙ্গে নিখিল বেদ ও শাস্ত্র লয় হইয়া যায়—মাত্র প্রণবই থাকেন। সেই অবস্থাপন্ন সিদ্ধপুরুষ তখন সত্যযুগে বাস করেন।

প্রণবলাভকারী কলিযুগে থাকিয়াও সত্যযুগে থাকেন?

—হাঁ, সেই প্রণবপ্রাপ্ত পরমহংস কলির মধ্যে সত্যযুগের প্রবাহ আনয়ন করিয়া তাপিত জীবকুলের শান্তি বিধান করিয়া থাকেন।

—কি বলিলেন?

—শূদ্র হইতে বৈশ্য, তাহা হইতে ক্ষত্রিয়, তদপেক্ষা ব্রাহ্মণ শ্রেষ্ঠ।

তেজো বলং ধৃতিঃ শৌর্য্যং তিতিক্ষৌদার্য্যমুদ্যমঃ।
স্থৈর্য্যং ব্রহ্মণ্যমৈশ্বর্য্যং ক্ষত্রপ্রকৃতয়স্ত্বিমাঃ ॥১৭
আস্তিক্যং দাননিষ্ঠা চ অদম্ভো ব্রহ্মসেবনম্।
অতুষ্টিরর্থোপচয়ে বৈশ্যপ্রকৃতয়স্ত্বিমাঃ ॥১৮

শুশ্রূষণং দ্বিজ-গবাং দেবানাঞ্চাপ্যমায়য়া।
তত্র লব্ধেন সন্তোষঃ শূদ্রপ্রকৃতয়স্ত্বিমাঃ ॥১৯
অশৌচমনৃতং স্তেয়ং নাস্তিক্যং শুষ্কবিগ্রহঃ।
কামঃ ক্রোধশ্চ তর্ষশ্চ স্বভাবোঽন্ত্যাবসায়িনাম্ ॥২০

দয়া (দয়া), সত্যং (সত্য, চ (ও) মদ্ভক্তিঃ (আমার ভক্তি) ইমাঃ তু (এই সকল) ব্রহ্মপ্রকৃতয়ঃ (ব্রাহ্মণস্বভাব) ॥১৬

তেজঃ (প্রতাপ), বলং (বল), ধৃতিঃ (ধৈর্য্য), শৌর্য্যং (শূরতা), তিতিক্ষা (সহনশীলতা), ঔদার্য্যম্ (উদারতা), উদ্যমঃ (উদ্যম), ব্রহ্মণ্যম্ (ব্রাহ্মণ ভক্তি) (ও) ঐশ্বর্য্যম্ (ঐশ্বর্য্য) ইমাঃ তু (এই সকল) ক্ষত্রপ্রকৃতয়ঃ (ক্ষত্রিয়স্বভাব) ॥১৭

আস্তিক্যং (আস্তিক্য), দাননিষ্ঠা (দান নিষ্ঠা), অদম্ভঃ (দম্ভরাহিত্য), ব্রহ্মসেবনম্ (ব্রাহ্মণসেবা), অর্থোপচয়ে (অর্থোপার্জ্জনে) অতুষ্টিঃ (অতৃপ্তি) ইমাঃ তু (এই সকল) বৈশ্যপ্রকৃতয়ঃ (বৈশ্যের স্বভাব) ॥১৮

অমায়য়া (অকপটে) দেবানাং (দেববৃন্দের) দ্বিজগবাং (দ্বিজ ও গোগণের) শুশ্রূষণং (সেবা), তত্র (সে বিষয়ে, সে কার্য্যে) লব্ধেন (লব্ধ অর্থের দ্বারা) সন্তোষঃ (সন্তোষ) ইমাঃ তু (এই সকল) শূদ্রপ্রকৃতয়ঃ (শূদ্রস্বভাব) ॥১৯

অশৌচম্ (অশুদ্ধি), অনৃতং (মিথ্যা ব্যবহার), স্তেয়ং (চৌর্য্য), নাস্তিক্যং (নাস্তিকতা), শুষ্কবিগ্রহঃ (নিষ্কারণ কলহ), কামঃ (কাম), ক্রোধঃ (ক্রোধ) চ (ও) তর্ষঃ (তৃষ্ণা) অন্ত্যাবসায়িনাং (অন্ত্যজগণের) স্বভাবঃ (স্বভাব) ॥২০

অপরের দ্বারা অনভিভবনীয়ত্ব—তেজ, অন্যকে অভিভব করিবার সামর্থ্য—বল, সন্তাপসহন—ধৈর্য্য, নির্ভয়ে যুদ্ধাদিতে প্রবেশসামর্থ্য—শৌর্য্য, দীনে স্বঅপরাধসহন—তিতিক্ষা, দানোৎসাহ—ঔদার্য্য, ধনাদিসঞ্চয়—উৎসাহ, সত্যসংকল্পতা—স্থৈর্য্য, ব্রাহ্মণ-ভক্তি,নিয়ন্তৃত্ব ঐশ্বর্য্য এই সকল ক্ষত্রিয় প্রকৃতি।১৭

গুরু-বেদান্ত বাক্যে বিশ্বাস—আস্তিক্য, দান-নিষ্ঠা, পরপ্রতারণারাহিত্য—অদম্ভ, ব্রাহ্মণসেবিত্ব, ধনবৃদ্ধিতে সতত উৎসাহ—এই সমস্ত বৈশ্যগণের স্বভাব।১৮

কাপট্যশূন্য হইয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য গো-সকলের এবং দেবগণের সেবা, সেবালব্ধ অর্থাদির দ্বারা সন্তুষ্টচিত্তে জীবিকানির্ব্বাহ—এই সমুদয় শূদ্র প্রকৃতি।১৯

অশৌচ, মিথ্যাভাষণ, চৌর্য্য, গুরু শাস্ত্রাদিতে অবিশ্বাস, নির্হেতুক বিরোধ, বিষয়াভিলাষ, ক্রোধ, তর্ষ (অভিলাভেচ্ছা)—এই সকল বর্ণাশ্রমবিহীন অন্ত্যজগণের স্বভাব।২০

গৃহস্থাশ্রম হইতে ব্রহ্মচর্য, তদপেক্ষা বানপ্রস্থ, তাহা হইতে সন্ন্যাস শ্রেষ্ঠ।

—ব্রহ্মচারী কত প্রকার?

—সাবিত্র (গায়ত্র), প্রাজাপত্য, ব্রাহ্ম ও বৃহৎ ভেদে চারি প্রকার।

—সাবিত্র প্রভৃতির ভেদ কি?

—উপনয়নের পর যিনি তিন দিন গুরুগৃহে অবস্থান করত অ-লবণভোজন এবং গায়ত্রী জপ করেন, চতুর্থ দিনে সমাবর্ত্তন করত ব্রহ্মচর্য্য ব্রত সমাপন করেন, তিনি গায়ত্র বা সাবিত্র ব্রহ্মচারী।

প্রাজাপত্য ব্রহ্মচারী উপনয়নের পর এক বর্ষকাল গুরুগৃহে অবস্থিতি পূর্ব্বক গায়ত্রী, পুরুষসূক্ত ও বেদের শাখা অধ্যয়ন করত বৎসরান্তে সমাবর্ত্তন করেন।

ব্রাহ্ম ব্রহ্মচারী উপনয়নের পর যতদিন চতুর্বেদ, তিন দুই কিংবা একবেদ অথবা আপনার সম্পূর্ণ শাখা না পড়া হয়, ততদিন ব্রহ্মচর্য্য ব্রত পালন করত গুরুগৃহে বাস করিবেন।

অহিংসা সত্যমস্তেয়মকাম-ক্রোধ-লোভতা।
ভূতপ্রিয়হিতেহা চ ধর্ম্মোঽয়ং সার্ব্ববর্ণিকঃ ॥২১

দ্বিতীয়ং প্রাপ্যানুপূর্ব্ব্যাজ্জন্মোপনয়নং দ্বিজঃ।
বসন্ গুরুকুলে দান্তো ব্রহ্মাধীয়ীত চাহূতঃ ॥২২

মেখলাজিন-দণ্ডাক্ষ-ব্রহ্মসূত্র-কমণ্ডলূন্।
জটিলোঽধৌত-দদ্-বাসোঽরক্তপীঠঃ কুশান্ দধৎ ॥২৩

স্নান-ভোজন-হোমেষু জপোচ্চারে চ বাগ্‌যতঃ।
ন চ্ছিন্দ্যান্নখলোমানি কক্ষোপস্থগতান্যপি ॥২৪

রেতো নাবকিরেজ্জাতু ব্রহ্মব্রতধরঃ স্বয়ম্।
অবকীর্ণেঽবগাহ্যাপ্সু যতাসুস্ত্রিপদীং জপেৎ ॥২৫

অহিংসা (অহিংসা), সত্যম্ (সত্য), অকামক্রোধলোভতা (কাম ক্রোধ লোভহীনতা), ভূতপ্রিয়হিতেহা (প্রাণিগণের প্রিয় ও হিত চেষ্টা)—অয়ং (এই) সার্ব্ববর্ণিকঃ (সকলবর্ণের) ধর্ম্মঃ (ধর্ম্ম) ॥২১

দ্বিজঃ (ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য) আনুপূর্ব্ব্যাৎ (গর্ভাধানাদি সংস্কার ক্রমে) দ্বিতীয়ং (দ্বিতীয়) জন্মোপনয়নং (জন্ম উপনয়ন) প্রাপ্য (প্রাপ্ত হইয়া) আহূতঃ (আচার্য্যের দ্বারা আমন্ত্রিত) গুরুকুলে (গুরুকুলে) বসন্ (বাস করত) দান্তঃ (তপঃক্লেশ-সহিষ্ণু) জিতেন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়জয়কারী, বশী) সন্ (হইয়া) আহূতঃ (আমন্ত্রিত) ব্রহ্ম (বেদ) অধীয়ীত (অধ্যয়ন করিবেন) ॥২২

মেখলাজিন-দণ্ডাক্ষ-ব্রহ্মসূত্র-কমণ্ডলূন্ (মেখলা, কুশনির্ম্মিত কটিবন্ধ, মৃগচর্ম্ম, দণ্ড, অক্ষমালা, যজ্ঞসূত্র, কমণ্ডলু এই সকল) চ (ও) কুশান্ (কুশসমূহ) দধৎ (ধারণপূর্ব্বক) জটিলঃ (জটাযুক্ত) (তৎকালে) অধৌতদদ্‌বাসোঽরক্তপীঠঃ (দন্তকাষ্ঠের দ্বারা দন্তধাবন, বস্ত্রে ক্ষার সংযোগ করিবেন না, রক্তবর্ণ আসনে উপবেশন করিবেন না) ॥২৩

স্নান-ভোজন-হোমেষু (স্নান ভোজন হোমকালে) বাগ্‌যতঃ (মৌনী হইবেন), নখলোমানি (নখ ও লোম) কক্ষোপস্থ-গতানি অপি (কক্ষ উপস্থগত লোম ও) ন ছিন্দ্যাৎ (ছিন্ন করিবেন না) ॥২৪

ব্রহ্মব্রতধরঃ (ব্রহ্মচারী) জাতু (কখন) (স্বয়ং বুদ্ধিপূর্ব্বক) রেতঃ (শুক্র) ন অবকিরেৎ (ক্ষরণ করিবেন না), দৈবাৎ (স্বয়ং) অবকীর্ণে (ক্ষরিত হইলে) অপ্‌সু (জলে) অবগাহ্য (অবগাহনপূর্ব্বক) যতাসুঃ (প্রাণ সংযত করত) ত্রিপদীং (গায়ত্রী) জপেৎ (জপ করিবেন) ॥২৫

অহিংসা, অস্তেয়, কাম-ক্রোধ-লোভশূন্যতা, প্রাণিগণের প্রিয় ও হিতানুষ্ঠানে অভিলাষ—সকল বর্ণেরই ইহা সাধারণ ধর্ম্ম ।২১

ত্রৈবর্ণিক দ্বিজ গর্ভাধানাদি সংস্কারক্রমে উপনয়নরূপ দ্বিতীয় জন্ম লাভ করিয়া গুরুকুলে অবস্থানপূর্ব্বক দান্ত—ইন্দ্রিয়জয়ী হইবেন,—গুরু আহ্বান করিলে তন্নিকটে যাইয়া বেদ অধ্যয়ন করিবেন ।২২

ব্রহ্মচারী গুরুগৃহে অবস্থানকালে জটাধারণ করিবেন; দন্তকাষ্ঠের দ্বারা দন্তধাবন, বস্ত্রে ক্ষার সংযোগ ও রক্তবর্ণ আসনে উপবেশন করিবেন না। কুশ-নির্ম্মিত কটিবন্ধ, মৃগচর্ম্ম, দণ্ড, অক্ষমালা, যজ্ঞসূত্র ও কুশসমূহ গ্রহণপূর্ব্বক অবস্থান করিবেন ।২৩

স্নান, ভোজন, হোম এবং মন্ত্রজপ, সন্ধ্যাবন্দন-সময়ে ও মলমূত্র ত্যাগকালে মৌনী হইবেন। নখ এবং কক্ষ উপস্থগত লোমও ছিন্ন করিবেন না ।২৪—

পঞ্চম ও ষষ্ঠ বৎসর বয়সে গুরুকুলে গমন ও যতদিন না সমস্ত বেদ-অধ্যয়ন হয়, ততদিন ব্রহ্মচর্য ব্রত ধারণ করিয়া গুরুকুলে বাস করার নাম ব্রহ্মচর্য্যব্রত। এক বেদ পড়িতে সাধারণতঃ দ্বাদশ বৎসর সময় লাগে (যদি মেধাবী ব্রহ্মচারী হয়) বৃহৎ ও নৈষ্ঠিক ব্রহ্মচারী আজীবন গুরুগৃহে বাসপূর্ব্বক ব্রহ্মচর্য্য ব্রত পালন করিবেন।

শ্রুতি বলেন,—ধর্ম্মের তিনটি বিভাগ—যজ্ঞ, অধ্যয়ন ও দান একটি, তপস্যা একটি এবং।

অত্যন্তমাত্মানমাচার্য্যকুলেঽবসাদয়ন্ সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি, ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি।”

ছান্দোগ্য ২।২৩।১

অগ্ন্যর্কাচার্য্য-গো-বিপ্র-গুরু-বৃদ্ধ-সুরান্ শুচিঃ।
সমাহিত উপাসীত সন্ধ্যে দ্বে যতবাগ্ জপন্ ॥২৬
আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥২৭

যতবাক্ (মৌনী) শুচিঃ (পবিত্র) সমাহিতঃ (অভ্রান্তচিত্ত) সন্ (হইয়া) দ্বে সন্ধ্যে (প্রাতঃ ও সায়ংকালে) জপন্ (গায়ত্রী জপ করত) অগ্ন্যর্কাচার্য্য-গোবিপ্রগুরুবৃদ্ধসুরান্ (অগ্নি, সূর্য্য, আচার্য্য, গো, ব্রাহ্মণ, গুরু, বৃদ্ধ ও দেবগণকে) উপাসীত (উপাসনা করিবেন) ॥২৬

আচার্য্যং (আচার্য্যকে) মাং (আমার সদৃশ) বিজানীয়াৎ (জানিবেন), কর্হিচিৎ (কখন) (তাঁহাকে) ন অবমন্যেত (অবমাননা করিবেন না) ; মর্ত্ত্যবুদ্ধ্যা (মানুষজ্ঞানে) ন অসূয়েত (তাঁহার গুণে দোষারোপ করিবে না), (যেহেতু) গুরুঃ (গুরু) সর্ব্বদেবময়ঃ (সর্ব্বদেবময়) ॥২৭

ব্রহ্মচারী স্বয়ং বুদ্ধিপূর্ব্বক কখনও বীর্য্যপাতন করিবেন না। দৈবাৎ বীর্য্য ক্ষরিত হইলে জলে অবগাহনপূর্ব্বক প্রাণায়াম করিয়া ত্রিপদী গায়ত্রী জপ করিবেন।২৫

স্নানাদির দ্বারা শুচি, একাগ্রচিত্ত হইয়া অগ্নি, সূর্য্য, আচার্য্য, গো, ব্রাহ্মণ, বৃদ্ধ ও দেবগণকে উপাসনা করিবেন।

হোমের দ্বারা অগ্নি, অর্ঘ্যাদির দ্বারা সূর্য্য, সমিধ্ আহরণের দ্বারা আচার্য্য, তৃণ দানাদির দ্বারা গো, দানাদির দ্বারা বিপ্র, প্রণামাদির দ্বারা শাস্ত্র-উপদেষ্টার, সেবার দ্বারা বৃদ্ধের, পূজাদির দ্বারা দেবগণের অর্চনা করিতে হয়। অনন্তর বাক্ সংযম পূর্ব্বক উভয় সন্ধ্যায় গায়ত্রী জপ করিবেন।২৬

যাবজ্জীবন আপনাকে গুরুগৃহে ক্ষয় করিয়া গুরুগৃহে বাসকারী ব্রহ্মচারী ধর্ম্মের তৃতীয় বিভাগ। ইঁহারা সকলে পুণ্যলোক অর্থাৎ মহরাদি লোক লাভ করেন আর ব্রহ্মসংস্থ—প্রণবে সুস্থিত উপাসক অমৃতত্ব লাভ করেন।

সায়ং প্রাতরুপানীয় ভৈক্ষ্যং তস্মৈ নিবেদয়েৎ।
যচ্চান্যদপ্যনুজ্ঞাতমুপযুঞ্জীত সংযতঃ ॥২৮
শুশ্রূষমাণ আচার্য্যং সদোপাসীত নীচবৎ।
যান-শয্যাসন-স্থানৈর্নাতিদূরে কৃতাঞ্জলিঃ ॥২৯

সায়ং (সন্ধ্যা) প্রাতঃ (প্রাতঃকালে) ভৈক্ষ্যং (ভিক্ষালব্ধবস্তু) উপানীয় (আনিয়া) তস্মৈ (আচার্য্যদেবকে) নিবেদয়েৎ (নিবেদন করিবেন), অন্যৎ (অন্য) অপি (ও) যচ্চ (যাহা প্রাপ্ত হইবেন, তাহা নিবেদন করিবেন) অনুজ্ঞাতং (আজ্ঞা পাইলে) সংযতঃ (সংযত) সন্ (হইয়া) উপযুঞ্জীত (ভোজন করিবেন) ॥২৮

(আচার্য্যের) যানশয্যাসনস্থানৈঃ (যান, শয্যা, আসন স্থান হইতে) নাতিদূরে (সমীপে) কৃতাঞ্জলিঃ (কৃতাঞ্জলি) শুশ্রূষমাণঃ (নিয়োগ প্রতীক্ষা করিয়া) আচার্য্যং (আচার্য্যকে) সদা (সতত) নীচবৎ (ভৃত্যের ন্যায়) উপাসীত (উপাসনা করিবেন) ॥২৯

ব্রহ্মচারী আচার্য্যকে আমার স্বরূপ জানিবেন—কখন তাঁহাকে অবমাননা করিবেন না—মনুষ্যজ্ঞানে তাঁহার গুণে দোষ আবিষ্কার করিবেন না, যেহেতু গুরু সর্বদেবময়।২৭

সায়ং ও প্রাতঃকালে ভিক্ষালব্ধ দ্রব্য আনয়ন করিয়া আচার্য্যকে নিবেদন করিবেন, অন্যও যাহা কিছু প্রাপ্ত হইবেন তাহাও তাহাকে দিবেন, তিনি আজ্ঞা করিলে সংযত হইয়া ভোজন করিবেন।২৮

আচার্য্যের গমনকালে অনুগমন, নিদ্রাকালে অতি সাবধানে তাঁহার নিকট শয়ন, বিশ্রামকালে পদসেবার জন্য নিকটে অবস্থান, অতি নীচের ন্যায় কৃতাঞ্জলিপুটে অবিরত তাঁহার আজ্ঞার প্রতীক্ষা করিবেন।২৯

—ব্রহ্মসংস্থ—ইহার অর্থ কি ?

—সগুণ সাক্ষাৎকারের পর মন্ত্র এবং বেদাদি নিখিল শাস্ত্র যাঁহার শেষ হইয়া গিয়াছে, নাদাত্মক জ্যোতির্ম্ময় ওঙ্কারে যিনি সর্ব্বদা সুস্থিত, তিনিই ব্রহ্মসংস্থ।

এবংবৃত্তো গুরুকুলে বসেদ্ ভোগবিবর্জ্জিতঃ।
বিদ্যা সমাপ্যতে যাবদ্ বিভ্রদ্ ব্রতমখণ্ডিতম্ ॥৩০
যদ্যসৌ ছন্দসাং লোকমারোক্ষ্যন্ ব্রহ্মবিষ্টপম্।
গুরবে বিন্যসেদ্দেহং স্বাধ্যায়ার্থং বৃহদ্‌ব্রতঃ ॥৩১
অগ্নৌ গুরাবাত্মনি চ সর্ব্বভূতেষু মাং পরম্।
অপৃথগ্ধীরুপাসীত ব্রহ্মবর্চ্চস্ব্যকল্মষঃ ॥৩২

যাবৎ (যে পর্য্যন্ত) বিদ্যা (বিদ্যা) সমাপ্যতে (সমাপ্ত না হয়), তাবৎ (তদবধি) অখণ্ডিতং (অখণ্ডিত) ব্রতং (ব্রত) বিভ্রৎ (ধারণ করত) গুরুকুলে (গুরুকুলে) এবংবৃত্তঃ (এইরূপ বৃত্তিপরায়ণ) ভোগবিবর্জ্জিতঃ (ভোগবিরহিত) সন্ (হইয়া) বসেৎ (বাস করিবেন) ॥৩০

অসৌ (ব্রহ্মচারী) যদি (যদি) ছন্দসাং লোকং (মহর্লোক) (অথবা) ব্রহ্মবিষ্টপম্ (ব্রহ্মলোক) আরোক্ষ্যন্ (আরোহণ করিতে ইচ্ছুক হন) (তাহা হইলে) স্বাধ্যায়ার্থং (অধীত বিদ্যার গুরুদক্ষিণার জন্য ও অধিক স্বাধ্যায়ের নিমিত্ত) বৃহদ্‌ব্রতঃ (নৈষ্ঠিক ব্রহ্মচারী) সন্ (হইয়া) গুরবে (গুরুদেবকে) দেহং (দেহ) সমর্পয়েৎ (সমর্পণ করিবেন) ॥৩১

ব্রহ্মবর্চ্চস্বী (ব্রহ্মতেজঃসম্পন্ন) (অতএব) অকল্মষঃ

এইরূপ চেষ্টাযুক্ত হইয়া ভোগ পরিত্যাগপূর্ব্বক যাবৎ অধ্যয়ন সমাপ্ত না হয়, তাবৎকাল অখণ্ডিত অবিচ্ছিন্ন ব্রতধারণ করত গুরুকুলে বাস করিবেন।৩০

যদি সেই ব্রহ্মচারী মহর্লোক অথবা ব্রহ্মলোক আরোহণ করিতে অভিলাষ করেন, তাহা হইলে অধীত বিদ্যার গুরুদক্ষিণার জন্য ও অধিক স্বাধ্যায়ের নিমিত্ত নৈষ্ঠিক ব্রহ্মচারী হইয়া গুরুদেবকে শরীর সমর্পণ করিবেন (১)।৩১

বেদ-অভ্যাস জনিত তেজঃসম্পন্ন, পাপাদি দোষ বিরহিত, ভেদবুদ্ধিবিহীন ব্রতী অগ্নি, গুরু, আত্মা ও সর্ব্বভূতে পরমাত্মা আমাকে উপাসনা করিবেন।৩২

ব্রহ্মচারী, বানপ্রস্থী ও সন্ন্যাসী—নারীগণকে

(১) —গুরুদেবকে দেহদান কি ?

—সমস্ত ভোগবিলাস পরিবর্জ্জন করত গুরুসেবায় আত্মোৎসর্গ করার নামই গুরুদেবকে শরীরসমর্পণ।

স্ত্রীণাং নিরীক্ষণ-স্পর্শ-সংলাপ-ক্ষ্বেলনাদিকম্।
প্রাণিনো মিথুনীভূতানগৃহস্থোঽগ্রতস্ত্যজেৎ ॥৩৩
শৌচমাচমনং স্নানং সন্ধ্যোপাস্তির্মমার্চ্চনম্।
তীর্থসেবাজপোঽস্পৃশ্যাভক্ষ্যাসম্ভাষ্যবর্জ্জনম্ ॥৩৪
সর্ব্বাশ্রমপ্রযুক্তোঽয়ং নিয়মঃ কুলনন্দন।
মদ্ভাবঃ সর্ব্বভূতেষু মনো-বাক্-কায়সংযমঃ ॥৩৫

(নিষ্পাপ) অগ্নৌ (অগ্নিতে) গুরৌ (গুরুতে) আত্মনি (আত্মায়) চ (ও) সর্ব্বভূতেষু (নিখিল জীবে) অপৃথগ্‌ধীঃ (পার্থক্যজ্ঞান-রহিত) সন্ (হইয়া) পরং (পরমাত্মা) মাম্ (আমাকে) উপাসীত (ভজন করিবেন) ॥৩২

অগৃহস্থঃ (নৈষ্ঠিক ব্রহ্মচারী, বানপ্রস্থী ও যতি) স্ত্রীণাং (নারীগণের) নিরীক্ষণ-স্পর্শ-সংলাপ-ক্ষ্বেলনাদিকং (দর্শন, স্পর্শন, সম্ভাষণ, উপহাস,—নারীঘটিত যে কোন ব্যাপার) (তাহা এবং) মিথুনীভূতান্ (মিথুনীভূত) প্রাণিনঃ (প্রাণিদিগকে) অগ্রতঃ ত্যজেৎ (একবারে দেখিবেন না) ॥৩৩

শৌচম্ (শৌচ), আচমনং (আচমন), স্নানং (স্নান), সন্ধ্যোপাস্তিঃ (সন্ধ্যা উপাসনা), মম (আমার) অর্চ্চনং (পূজা), তীর্থসেবা (তীর্থসেবা), অস্পৃশ্যা-ভক্ষ্যাসম্ভাষ্যবর্জ্জনং (অস্পৃশ্য,

সপ্রেম অবলোকন, স্পর্শ, আলিঙ্গন, তাহাদের সহিত গুহ্য সম্ভাষণ, পরিহাস আদি করিবেন না ও মিথুনীভূত পশুপক্ষী প্রভৃতি সম্মুখস্থ হইলে, তাহাদের না দেখিয়া সে স্থান পরিত্যাগ করিবেন।৩৩

শৌচ, আচমন, স্নান, সন্ধ্যা উপাসনা, আমার অর্চ্চনা, তীর্থসেবা, গায়ত্রী আদি মন্ত্রজপ, অস্পৃশ্য স্পর্শ, অভক্ষ্য ভক্ষণ, 'পাষণ্ড' প্রভৃতি অসংভাষ্য সম্ভাষণ বর্জ্জন করিবেন।

হে যদুনন্দন! সর্ব্বভূতে আমার ভাব (সর্ব্বভূত ব্রহ্ম—এইভাব দর্শন অভ্যাস) মন, বাক্য ও শরীরকে বিপথ-প্রবৃত্তি হইতে সংযম—এই নিয়মসকল প্রতিআশ্রমে সম্যক্‌রূপে বিহিত (২)।৩৪-৩৫

(২)—সর্ব্বভূতে মদ্ভাব—ইহার অর্থ কি ?

—সমস্তভূতে একমাত্র ভগবান্ অবস্থান করিতেছেন এইভাবে সতত দর্শন-অভ্যাস ও ভক্তিকরার নাম সর্ব্বভূতে

এবং বৃহদ্‌ব্রতধরো ব্রাহ্মণোঽগ্নিরিব জ্বলন্।
মদ্ভক্তস্তীব্রতপসা দগ্ধকর্ম্মাশয়োঽমলঃ ॥৩৬
অথানন্তরমাবেক্ষ্যন্ যথাজিজ্ঞাসিতাগমঃ।
গুরবে দক্ষিণাং দত্ত্বা স্নায়াদ্ গুর্ব্বনুমোদিতঃ ॥৩৭

অভক্ষ্য ও অসত্তায়ের বর্জ্জন করিবে); কুলনন্দন (হে যদুবংশ)। সর্ব্বভূতেষু (সমস্ত প্রাণীতে) মদ্‌ভাবঃ (আমার স্থিতি, আমার ন্যায় ভক্তি) মনোবাক্-কায়সংযমঃ (মন, বাক্য, শরীর সংযম) অয়ং (এই) নিয়মঃ (নিয়ম) ॥৩৪-৩৫

এবং (এই প্রকারে) বৃহদ্‌ব্রতধরঃ (নৈষ্ঠিক ব্রহ্মচারী) তীব্রতপসা (কঠোর তপস্যার দ্বারা) অগ্নিঃ ইব (অগ্নির ন্যায়) জ্বলন্ (দীপ্ত হইয়া) দগ্ধকর্ম্মাশয়ঃ (বিশুদ্ধচিত্ত) অমলঃ (নির্ম্মল) ব্রাহ্মণঃ (ব্রাহ্মণ) মদ্ভক্তঃ (আমার ভক্ত হন) ॥৩৬

অথ (অনন্তর) অনন্তরং (পরবর্ত্তী আশ্রম) আবেক্ষ্যন্ (প্রবেশ করিতে ইচ্ছা করত) যথাজিজ্ঞাসিতাগমঃ (যথাবদ্ বিচারিত-বেদার্থজন) গুর্ব্বনুমোদিতঃ সন্ (গুরু কর্ত্তৃক অনুমোদিত হইয়া) গুরবে (গুরুকে) দক্ষিণাং (দক্ষিণা)

এইরূপ নৈষ্ঠিক ব্রহ্মচারী ব্রাহ্মণ (বেদার্থবিদ্) অবিচ্ছিন্ন কঠোর তপস্যার দ্বারা কর্ম্মবাসনা ভস্মীভূত করিয়া অগ্নির ন্যায় প্রদীপ্ত আমার ভক্ত বিশুদ্ধ, জীবন্মুক্ত হইয়া থাকেন।৩৬

যথাবদ্ বেদার্থ অবগত হইয়া গৃহস্থাশ্রমে প্রবেশ করিতে ইচ্ছুক উপকুর্ব্বাণ ব্রহ্মচারী গুরুদেবকে দক্ষিণা দান পূর্ব্বক গুরুদেব কর্ত্তৃক অনুমোদিত (অনুজ্ঞাত) হইয়া সমাবর্ত্তন স্নান করিবেন।৩৭

সকাম হইলে গৃহস্থাশ্রম; যদি নিষ্কাম হন, তাহা হইলে বানপ্রস্থ আশ্রমে প্রবেশ করিবেন। যদি

মদ্ভাব। শ্রীভগবান্ ব্যতীত আর কিছু নাই—ইহাই পরম সত্য। তাঁহার শ্রীমুখের বাণী—কঙ্কণ, বলয়, মুকুট, কুণ্ডলাদি স্বর্ণালঙ্কারের আকৃতি ও নামভেদ হইলেও সেই সমস্ত যেরূপ স্বর্ণ ব্যতীত অন্য কিছু নহে, তদ্রূপ চরাচর সমস্ত পদার্থই

গৃহং বনং বোপবিশেৎ প্রব্রজেদ্ বা দ্বিজোত্তমঃ।
আশ্রমাদাশ্রমং গচ্ছেন্নান্যথা মৎপরশ্চরেৎ ॥৩৮
গৃহার্থী সদৃশীং ভার্য্যামুদ্‌বহেদজুগুপ্সিতাম্।
যবীয়সীন্তু বয়সা যাং সবর্ণামনুক্রমাৎ ॥৩৯

দত্ত্বা (দিয়া) স্নায়াৎ (অভ্যঙ্গাদি করিয়া সমাবর্ত্তন করিবেন) ॥৩৭

(সকাম) গৃহং (গৃহ) (নিষ্কাম) বনং বা (বনে) প্রবিশেৎ (প্রবেশ করিবেন) বা (অথবা) মৎপরঃ (মৎপরায়ণ) দ্বিজোত্তমঃ (দ্বিজোত্তম) প্রব্রজেৎ (সন্ন্যাস গ্রহণ করিবেন), (কিন্তু) আশ্রমাৎ (আশ্রম হইতে) আশ্রমং (আশ্রমে) গচ্ছেৎ (গমন করিবেন) অন্যথা (অন্যপ্রকার) ন চরেৎ (প্রতিলোম আশ্রমে গমন করিবেন না) ॥৩৮

গৃহার্থী (গৃহস্থ হইতে ইচ্ছুক) যাং (যে ভার্য্যা) অজুগুপ্সিতাম্ (অনিন্দিতা) বয়সা (বয়সে) যবীয়সীং (ন্যূনা), সবর্ণাং (সবর্ণা) সদৃশীং (সদৃশী) (সেই) ভার্য্যাম্ (পত্নীকে) অনুক্রমাৎ (বর্ণানুক্রমে) উদ্‌বহেৎ (বিবাহ করিবেন) ॥৩৯

ব্রাহ্মণ দ্বিজোত্তম হন, জ্ঞানলাভ করত মুক্তিলাভ বাসনা জাগ্রত হইয়া থাকে, তাহা হইলে সন্ন্যাস আশ্রমে প্রবিষ্ট হইবেন—আশ্রম হইতে আশ্রমান্তরে গমন করিবেন—মৎপরায়ণ পুরুষ অনাশ্রমী হইবেন না। অথবা যিনি মৎপরায়ণ নহেন, তিনি অন্যথা আচরণ করিবেন না।৩৮ (১)

গৃহার্থী আপনার অনুরূপা, কুল এবং লক্ষণে অনিন্দিতা, অল্পবয়স্কা, সবর্ণা কন্যাকে বর্ণক্রমে বিবাহ করিবেন।৩৯

একমাত্র আমি ভিন্ন আর কিছু নহে। সকল সাজে সাজিয়া একমাত্র আমিই লীলা করিতেছি।

(১) শ্রীপাদ শ্রীধর—মদ্ভক্তস্যাশ্রম-নিয়মাভাবস্তাগ্রে বক্ষ্যমাণত্বাৎ—মদ্ভক্তের আশ্রমনিয়ম নাই অগ্রে বলিবেন।

ইজ্যাধ্যয়ন-দানানি সর্ব্বেষাঞ্চ দ্বিজন্মনাম্।
প্রতিগ্রহোঽধ্যাপনঞ্চ ব্রাহ্মণস্যৈব যাজনম্ ॥৪০
প্রতিগ্রহং মন্যমানস্তপস্তেজো-যশোনুদম্।
অন্যাভ্যামেব জীবেত শিলৈর্বা দোষদৃক্ তয়োঃ॥৪১
ব্রাহ্মণস্য হি দেহোঽয়ং ক্ষুদ্রকামায় নেষ্যতে।
কৃচ্ছ্রায় তপসে চেহ প্রেত্যানন্তসুখায় চ ॥৪২

শিলোঞ্ছবৃত্ত্যা পরিতুষ্টচিত্তো
ধর্ম্মং মহান্তং বিরজং জুষাণঃ।
ময্যর্পিতাত্মা গৃহ এব তিষ্ঠন্
নাতিপ্রসক্তঃ সমুপৈতি শান্তিম্ ॥৪৩
সমুদ্ধরন্তি যে বিপ্রং সীদন্তং মৎপরায়ণম্।
তানুদ্ধরিষ্যে ন চিরাদাপদ্ভ্যো নৌরিবার্ণবাৎ ॥৪৪

ইজ্যাধ্যয়ন-দানানি (যাগ অধ্যয়ন দান—এই তিনটী) সর্ব্বেষাং (সমস্ত) দ্বিজন্মনাং (ব্রাহ্মণ. ক্ষত্রিয়, বৈশ্যগণের) চ (ই) (তুল্যরূপে বিহিত) ; প্রতিগ্রহম্ (প্রতিগ্রহ), অধ্যাপনং (পাঠন) যাজনং (যাজন) (এই তিনটী) ব্রাহ্মণস্য এব (ব্রাহ্মণেরই বিহিত) ॥৪০

(যিনি) প্রতিগ্রহং (প্রতিগ্রহকে) তপস্তেজো-যশোনুদং (তপস্যা. তেজ, যশঃ আদির নাশক) মন্যমানঃ (মনে করেন), অন্যাভ্যাং (অধ্যাপন যাজনের দ্বারা) জীবেত (জীবিকা অর্জ্জন করিবেন), তয়োঃ (অধ্যাপন ও যাজনে) দোষদৃক্ (দোষদ্রষ্টা) শিলৈঃ (স্বামিত্যক্ত ক্ষেত্রপতিত শস্যের দ্বারা) জীবেত (জীবনধারণ করিবেন) ॥৪১

ব্রাহ্মণস্য (ব্রাহ্মণের) তু অয়ং (এই কৃচ্ছ্রসাধক) দেহঃ (দেহ) ক্ষুদ্রকামায় (তুচ্ছভোগের জন্য) ন ইষ্যতে (নহে), ইহ (ইহলোকে) কৃচ্ছ্রায় (কষ্টকর) তপসে (তপস্যার জন্য) চ (ও) প্রেত্য (পরলোকে যাইয়া) অনন্তসুখায় (অনন্ত সুখের নিমিত্ত) ইষ্যতে (জানিবে) ॥৪২

শিলোঞ্ছবৃত্ত্যা (শিল ও উঞ্ছবৃত্তির দ্বারা) পরিতুষ্টচিত্তঃ (পরিতৃপ্তচিত্ত) বিরজং (নিষ্কাম) মহান্তং (আতিথ্যাদি মহান্) ধর্ম্মং (ধর্ম্ম) জুষাণঃ (সেবমান) ময়ি (আমাতে) অর্পিতাত্মা (সমর্পিতচিত্ত) গৃহে (গৃহে) এব (ই) তিষ্ঠন্ (থাকিয়া) ন অতিপ্রসক্তঃ সন্ (অত্যাসক্ত না হইয়া) শান্তিং (শান্তি) সমুপৈতি (প্রাপ্ত হন) মোক্ষাধিকারী হন ॥৪৩

মৎপরায়ণম্ (আমাতে অত্যাসক্ত) সীদন্তং (অবসন্ন) বিপ্রং (বিপ্রকে) যে (যাঁহারা) সমুদ্ধরন্তি (দারিদ্র্য হইতে উত্তীর্ণ করেন) (দরিদ্র্য মাচন করেন), অর্ণবাৎ (সাগর হইতে) নৌঃ (নৌকার) ইব (ন্যায়) তান্ (তাঁহাদিগকে) (আমি) ন চিরাৎ (অতি শীঘ্র) আপদ্ভ্যঃ আপদসমূহ (হইতে) উদ্ধরিষ্যে (উদ্ধার করি) ॥৪৪

যজ্ঞ, অধ্যয়ন, দান—এই তিনটি ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের আবশ্যক ধর্ম্ম। যাজন, প্রতিগ্রহ এবং অধ্যাপন এই তিনটি ব্রাহ্মণেই বৃত্তি ।৪০

যিনি প্রতিগ্রহকে তপস্যা, তেজ ও যশ আদির হানিকর বোধ করেন, তিনি অধ্যাপন ও যজনের দ্বারা জীবিকা অর্জ্জন করিবেন। সেই অধ্যাপন যাজনে দোষদ্রষ্টা ব্রাহ্মণ শিলবৃত্তি অর্থাৎ স্বামিত্যক্ত ক্ষেত্র-পতিত শস্য সংগ্রহপূর্ব্বক তদ্দ্বারা জীবন ধারণ করিবেন ।৪১

ব্রাহ্মণের এই শরীর তুচ্ছ বিষয়ভোগের নিমিত্ত নহে। জীবদ্দশায় বৃত্তিসঙ্কোচ আদি কষ্ট ও তত্ত্ব আলোচনার জন্য এবং মরণের পর অনন্তসুখ ও মোক্ষের জন্য হইয়া থাকে ।৪২

শিল (ক্ষেত্রপতিত ধান্যাদি সংগ্রহ), উঞ্ছ (বিপণাদি-পতিত শস্যাদি গ্রহণ)—শিলোঞ্ছবৃত্তির দ্বারা সন্তুষ্টমনা নিষ্কাম আতিথ্যাদি পূর্ব্বক ধর্ম্মসেবী, আমাতে অর্পিত-চিত্ত, গৃহে থাকিয়াও অতি আসক্তিবিহীন সেই পুরুষই শান্তিপ্রাপ্ত হইয়া থাকেন ।৪৩

মৎপরায়ণ. বৃত্তিসঙ্কোচ হেতু ক্লিষ্ট বিপ্রকে যে ধনবান্‌গণ বৃত্তিসম্পাদনের দ্বারা ক্লেশ হইতে উদ্ধার করেন, তাহাদিগকে আমি সাগর হইতে নৌকার ন্যায় অতি সত্বর সমস্ত আপৎ হইতে মোচন করি ।৪৪

সর্ব্বাঃ সমুদ্ধরেদ্ রাজা পিতেব ব্যসনাৎ প্রজাঃ।
আত্মানমাত্মনা ধীরো যথা গজপতির্গজান্ ॥৪৫
এবংবিধো নরপতির্বিমানেনার্কবর্চ্চসা।
বিধূয়েহাশুভং কৃৎস্নমিন্দ্রেণ সহ মোদতে ॥৪৬
সীদন্ বিপ্রো বণিগ্‌বৃত্ত্যা পণ্যৈরেবাপদং তরেৎ।
খড়্গেন বাপদাক্রান্তো ন শ্ববৃত্ত্যা কদাচন ॥৪৭

বৈশ্যবৃত্ত্যা তু রাজন্যো জীবেন্মৃগয়য়াপদি।
চরেদ্ বা বিপ্ররূপেণ ন শ্ববৃত্ত্যা কথঞ্চন ॥৪৮
শূদ্রবৃত্তিং ভজেদ্ বৈশ্যঃ শূদ্রঃ কারুকটক্রিয়াম্।
কৃচ্ছ্রান্মুক্তো ন গর্হ্যেণ বৃত্তিং লিপ্সেত কর্ম্মণা ॥৪৯
বেদাধ্যায়-স্বধা-স্বাহা-বল্যন্নাদ্যৈর্যথোদয়ম্।
দেবর্ষি-পিতৃ-ভূতানি মদ্রূপাণ্যন্বহং যজেৎ ॥৫০

ধীরঃ (ধৈর্য্যশালী বুদ্ধিমান্) যথা (যেরূপ) আত্মনা (আত্মার দ্বারা) (শুভবুদ্ধির দ্বারা) আত্মানং (আপনাকে), গজপতিঃ (গজরাজ) (যেমন) গজান্ (গজগণকে) উদ্ধরেৎ (উদ্ধার করেন), (তদ্রূপ) রাজা (রাজা) পিতা ইব (পিতার ন্যায়) ব্যসনাৎ (বিপদ হইতে) সর্ব্বাঃ (সমস্ত) প্রজাঃ (প্রজাগণকে) সমুদ্ধরেৎ (উদ্ধার করিবেন) ॥৪৫

এবংবিধঃ (এইরূপ) নরপতিঃ (রাজা) ইহ (ইহলোকে) কৃৎস্নম্ (সম্পূর্ণ) অশুভং (অমঙ্গল) বিধূয় (বিদূরিত করত) অর্কবর্চ্চসা (ভাস্করের ন্যায় প্রভাসম্পন্ন) বিমানেন (বিমানে) ইন্দ্রেণ (ইন্দ্রের) সহ (সহিত) মোদতে (আনন্দ করেন) ॥৪৬

সীদন্ (ক্লিষ্ট, অবসন্ন) বিপ্রঃ (ব্রাহ্মণ) বণিগ্‌বৃত্ত্যা (বণিক্‌-বৃত্তি অবলম্বনে) (দ্রব্য ক্রয়বিক্রয় দ্বারা) এব (ও) আপদং (আপদ) তরেৎ (উদ্ধার হইবেন) বা (অথবা) আপদাক্রান্তঃ (বিপন্ন ব্রাহ্মণ) খড়্গেন (ক্ষত্রিয়-বৃত্তি অবলম্বন করিবেন), কদাচন (কখন) ন শ্ববৃত্ত্যা (নীচ সেবার দ্বারা জীবিকার্জ্জন করিবেন না) ॥৪৭

রাজন্যঃ (ক্ষত্রিয় অবসন্ন হইলে) বৈশ্যবৃত্ত্যা (বৈশ্যবৃত্তির দ্বারা) বা (কিংবা) মৃগয়য়া (মৃগয়ার দ্বারা) আপদি (আপদ কালে) জীবেৎ (জীবন ধারণ করিবেন) বা (অথবা) বিপ্ররূপেণ (বিপ্রবৃত্তি—অধ্যাপনাদি) চরেৎ (আচরণ করিবেন) (অধ্যাপনাদির দ্বারা জীবিত থাকিবেন) কথঞ্চন (কোনরূপে কখন) শ্ববৃত্ত্যা ন (নীচ সেবা করিবেন না) ॥৪৮

বৈশ্যঃ (বৈশ্য) (অবসন্ন হইলে) শূদ্রবৃত্তিঃ (শূদ্রবৃত্তি) ভজেৎ (হইবেন), শূদ্রঃ (শূদ্র) (যদি ক্লিষ্ট হন তাহা হইলে) কারুকটক্রিয়াং (কারুজাতির বৃত্তি—কট নির্ম্মাণাদি কার্য্যের দ্বারা জীবিকার্জ্জন করিবেন) (কিন্তু) কৃচ্ছ্রাৎ (দুঃখ হইতে) মুক্তঃ সন্ (মুক্ত হইলে) গর্হ্যেণ (নিন্দিত) কর্ম্মণা (কর্ম্মের দ্বারা) বৃত্তিং (বৃত্তি) ন লিপ্সেত (ইচ্ছা করিবেন না) ॥৪৯

বুদ্ধিমান্ যেমন সাত্ত্বিকী বুদ্ধির দ্বারা আপনাকে এবং গজরাজ যেরূপ গজগণকে মোচন করেন, তদ্রূপ নরপতি পিতার ন্যায় প্রজাবৃন্দকে বিপদ হইতে উদ্ধার করিবেন।৪৫

এইরূপ ভূপতি এই জন্মেই অশেষ অশুভ প্রতিবন্ধক পাপ বিদূরিত করিয়া সূর্য্যের ন্যায় তেজঃসম্পন্ন বিমানে আরোহণপূর্ব্বক গমন করিয়া ইন্দ্রের সহিত সুখ ভোগ করেন।৪৬

শিলোঞ্ছ, প্রতিগ্রহাদি হইতে জীবিকা নির্ব্বাহ-অভাবে ক্লিষ্ট বিপ্র বণিক্‌বৃত্তি—সুরা লবণাদি নিষিদ্ধ দ্রব্য ভিন্ন অন্য দ্রব্যের ক্রয় বিক্রয়াদির দ্বারা আপদ হইতে উত্তীর্ণ হইবেন। তাহাতে যদি আপদ্ আইসে তাহা হইলে ক্ষত্রিয়-বৃত্তি অবলম্বন করিবেন, কিন্তু কুক্কুর বৃত্তি—সেবার দ্বারা কখনও জীবন ধারণ করিবেন না।৪৭

আপৎকালে ক্ষত্রিয় বৈশ্যবৃত্তি—কৃষ্যাদির দ্বারা, তাহাতে অসুবিধা হইলে মৃগয়া অবলম্বনে জীবন ধারণ করিবেন অথবা বিপ্ররূপে অধ্যাপনাদির সহায়ে প্রাণরক্ষা করিবেন, কিন্তু কখনও কুকুর-বৃত্তি—নীচ সেবার দ্বারা জীবন ধারণ করিবেন না।৪৮

আপৎকালে বৈশ্য শূদ্রবৃত্তি—ত্রৈবর্ণিক সেবা করিবেন। বিপন্ন শূদ্র কারুবৃত্তি—কট নির্ম্মাণাদির দ্বারা জীবিকা সংগ্রহ করিবেন। আপদ্ হইতে উত্তীর্ণ হইলে আর নিন্দিত বৃত্তির সম্পাদন করিতে ইচ্ছা করিবেন না।৪৯

যদৃচ্ছয়োপপন্নেন শুক্লেনোপার্জ্জিতেন বা।
ধনেনাপীড়য়ন্ ভৃত্যান্ ন্যায়েনৈবাহরেৎ ক্রতূন্ ॥৫১
কুটুম্বেষু ন সজ্জেত ন প্রমাদ্যেৎ কুটুম্ব্যপি।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥৫২

বেদাধ্যায়-স্বধা-স্বাহা-বল্যন্নাদ্যৈঃ (বেদাধ্যয়ন, শ্রাদ্ধ, হোম, বলি, অন্নাদির দ্বারা) যথোদয়ং (যেমন সামর্থ্য) দেবর্ষি-পিতৃভূতানি (দেবতা, পিতৃগণ ও প্রাণীসমূহ) মদ্রূপেণ (আমার রূপ মনে করিয়া) অন্বহং (প্রতিদিন) যজেৎ (অর্চ্চনা করিবেন)॥৫০

যদৃচ্ছয়া (স্বয়ং দৈবাৎ) উপপন্নেন (আগত) বা (কিংবা) শুক্লেন (শুভ) কর্ম্মণা (কর্ম্মের দ্বারা) (প্রাপ্ত) ধনেন (ধনের দ্বারা) ভৃত্যান্ (পোষ্যগণকে) অপীড়য়ন্ (পীড়িত না করিয়া) ন্যায়েন (যথান্যায়ে) ক্রতূন্ (যজ্ঞ) আহরেৎ (অনুষ্ঠান করিবেন)॥৫১

কুটুম্বী অপি (কুটুম্বযুক্ত হইয়াও) কুটুম্বেষু (পুত্র দারাদি স্বজনগণে) ন সজ্জেত (আসক্ত হইবেন না), (ঈশ্বর নিষ্ঠায়) ন প্রমাদ্যেৎ (প্রমত্ত হইবেন না, ভুলিবেন না), বিপশ্চিৎ (বিদ্বান্)

বেদ-অধ্যয়ন, শ্রাদ্ধ, হোম, বলি, অন্নাদির দ্বারা বিভব অনুসারে দেব ঋষি-পিতৃগণ ও ভূতসকলকে আমারই রূপ মনে করিয়া প্রত্যহ অর্চ্চনা করিবেন। বেদ-অধ্যয়নের দ্বারা ঋষিগণ, স্বধা দ্বারা পিতৃগণ, স্বাহাদ্বারা দেববৃন্দ, বলিপ্রদানে ভূতসমূহ ও অন্নজলাদির দ্বারা মনুষ্যগণকে পূজা করিতে হয়।৫০

বিনা চেষ্টায় প্রাপ্ত বা স্বীয় শুদ্ধবৃত্তিলব্ধ ধনের দ্বারা পোষ্যবর্গকে পীড়িত না করিয়া উদ্বৃত্ত ধনের দ্বারা যজ্ঞানুষ্ঠান করিবেন।৫১

গৃহস্থ কুটুম্বযুক্ত হইয়াও স্ত্রীপুত্রাদি আত্মীয় সমূহে আসক্ত ও ঈশ্বর নিষ্ঠায় অনবহিত হইবেন না।

—গৃহস্থ কত প্রকার?

—ছয় প্রকার।

—কি কি।

পুত্রদারাপ্তবন্ধূনাং সঙ্গমঃ পান্থসঙ্গমঃ।
অনুদেহং বিয়ন্ত্যেতে স্বপ্নো নিদ্রানুগো যথা ॥৫৩
ইত্থং পরিমৃশন্মুক্তো গৃহেষ্বতিথিবদ্ বসন্।
ন গৃহৈরনুবধ্যেত নির্ম্মমো নিরহঙ্কৃতঃ ॥৫৪

অদৃষ্টম্ (অদৃষ্টকে) অপি (ও) দৃষ্টবৎ (দৃষ্টের ন্যায়) নশ্বরং (নাশশীল) পশ্যেৎ (দেখিবেন)॥৫২

পুত্রদারাপ্তবন্ধূনাং (পুত্র, স্ত্রী, আত্মীয় বন্ধুগণের) সঙ্গমঃ (মিলন) নিদ্রানুগঃ (নিদ্রানুবর্ত্তী) যথা (যেমন) স্বপ্নঃ (স্বপ্ন, সেইরূপ) পান্থসঙ্গমঃ (পথিকগণের একমাত্র মিলনের ন্যায়) (যেহেতু) এতে (ইহারা) অনুদেহং (প্রতি শরীর) বিয়ন্তি (আশ্রয় করে)॥৫৩

ইত্থং (এইরূপ) পরিমৃশন্ (নিশ্চয় বোধে) উক্তঃ (জন) নির্ম্মমঃ (মমতাবিহীন) নিরহঙ্কারঃ সন্ (অহঙ্কারবিরহিত হইয়া) অতিথিবৎ (অতিথির ন্যায় উদাসীন হইয়া) গৃহেষু (গৃহে) বসন্ (বাস করিয়া) গৃহৈঃ (গৃহধর্ম্মে) ন অনুবধ্যেত (আবদ্ধ হন না)॥৫৪

জ্ঞানবান্ ব্যক্তি দৃষ্টের ন্যায় অদৃষ্ট স্বর্গাদিও নশ্বর বলিয়া জানিবেন।৫২

পুত্র, পত্নী, আত্মীয়, বন্ধুবর্গের সংযোগ পান্থশালায় পথিকের মিলনের তুল্য। নিদ্রাকালে স্বপ্নের ন্যায় এই পুত্রাদি প্রতিদেহেই বিনষ্ট হইয়া থাকে।৫৩

এইরূপ দৃষ্ট-অদৃষ্টবিষয় সমূহের অনিত্যতা বিবেচনা করত মমতা-রহিত "আমার-আমি" এই অভিমানবিহীন হইয়া গৃহী অতিথির ন্যায় উদাসীন-ভাবে গৃহে বাস করিয়া গৃহের দ্বারা আবদ্ধ হন না—মুক্তই হইয়া থাকেন।৫৪

—বার্ত্তাক, শালীন, যাযাবর, ঘোর সংপ্রাসিক, উঞ্ছবৃত্তি ও অযাচিত।

—ইঁহাদের লক্ষণ কি?

কর্ম্মভির্গৃহমেধীয়ৈরিষ্ট্বা মামেব ভক্তিমান্।
তিষ্ঠেদ্ বনং বোপবিশেৎ প্রজাবান্ বা পরিব্রজেৎ॥৫৫
যস্ত্বাসক্তমতির্গেহে পুত্র-বিত্তৈষণাতুরঃ।
স্ত্রৈণঃ কৃপণধীর্মূঢ়ো মমাহমিতি বধ্যতে॥৫৬
অহো মে পিতরৌ বৃদ্ধৌ ভার্য্যা বালাত্মজাত্মজাঃ।
অনাথা মামৃতে দীনাঃ কথং জীবন্তি দুঃখিতাঃ॥৫৭
এবং গৃহাশয়াক্ষিপ্তহৃদয়ো মূঢ়ধীরয়ম্।
অতৃপ্তস্তাননুধ্যায়ন্ মৃতোঽন্ধং বিশতে তমঃ॥৫৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ॥১৭

ভক্তিমান্ (ভক্তিমান্ ব্যক্তি) গৃহমেধীয়ৈঃ (গার্হস্থ্যোচিত) কর্ম্মভিঃ (কর্ম্মের দ্বারা) মাম্ (আমাকে) এব (ই) ইষ্ট্বা (অর্চ্চনা করিয়া) গৃহে (গৃহে) তিষ্ঠেৎ (থাকিবেন) বা (অথবা) বনে (বনে) উপবিশেৎ (গমন করিবেন), (কিন্তু যখন) প্রজাবান্ (পুত্রবান্) (হইবেন, তখন) পরিব্রজেৎ (সন্ন্যাস গ্রহণ করিবেন)॥৫৫

তু (কিন্তু) যঃ (যে) গেহে (গৃহে) আসক্তমতিঃ (আসক্তচিত্ত) পুত্রবিত্তৈষণাতুরঃ (পুত্র ও বিত্তের অভিলাষ কাতর), স্ত্রৈণঃ (স্ত্রীবশগ, কামী), কৃপণধীঃ (কার্পণ্যগলিত হৃদয়), মূঢ়ঃ (মূর্খ), (সে) মম (আমার) অহং (আমি— এই অভিমানে) বধ্যতে (বদ্ধ হয়)॥৫৬

অহো (অহো) মে (আমার) পিতরৌ (পিতামাতা) বৃদ্ধৌ (বৃদ্ধ), ভার্য্যা (পত্নী), বালাত্মজা ভার্য্যা (শিশুপুত্রবতী পত্নী), আত্মজাঃ (পুত্রগণ) মাম্ (আমি) ঋতে (বিনা) অনাথাঃ (অনাথ) দুঃখিতাঃ (দুঃখিত), কথং (কি প্রকারে) (তাহারা) জীবন্তি (জীবিত থাকিবে)॥৫৭

এবং (এইরূপ) গৃহাশয়াক্ষিপ্তহৃদয়ঃ (গৃহবাসনায় সর্ব্বত্র বিক্ষিপ্ত হৃদয়) অতৃপ্তঃ (অতৃপ্ত) অয়ং (এই) মূঢ়ধীঃ (মূঢ়বুদ্ধি) তান্ (তাহাদিগকে) অনুধ্যায়ন্ (ধ্যান করিতে করিতে) মৃতঃ সন্ (মরিয়া) অন্ধং তমঃ (অতি তামসী যোনি) বিশতে (প্রাপ্ত হইয়া থাকে)॥৫৮

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে সপ্তদশাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

সেই ভক্তিমান্ গৃহস্থগণ বিহিত কর্ম্মের দ্বারা আমাকে অর্চ্চনা করত যথাসুখে গৃহে অথবা বনে অবস্থান করিবেন এবং পুত্রবান্ হইলে সন্ন্যাস গ্রহণ করিবেন।৫৫

কিন্তু গৃহে অর্থাৎ গৃহোপলক্ষিত বিষয়ে আসক্তবুদ্ধি, পুত্র ধনাদি কামনায় ব্যাকুল, স্ত্রীর বশীভূত, কৃপণবুদ্ধি মূঢ়জন "আমার—আমি" এই মোহরজ্জু দ্বারা বদ্ধ হইয়া থাকে।৫৬

অহো! আমার পিতামাতা বৃদ্ধ, পত্নী শিশুপুত্রবতী, পুত্রগণ আমার অভাবে অনাথ ও দুঃখিত হইয়া কিরূপে জীবন ধারণ করিবে?৫৭

এবংবিধ গৃহকামনায় বিক্ষিপ্তহৃদয়, বিষয় সুখে তৃপ্তিহীন এই মূঢ়বুদ্ধি স্ত্রী-পুত্র প্রভৃতিকে চিন্তা করিতে করিতে অতি তামসী যোনি প্রাপ্ত হয়।৫৮

—কৃষি, গো-রক্ষা, বাণিজ্যরূপ বৈশ্যোচিত বৃত্তির দ্বারা যিনি স্বধর্ম্মের পালন করেন, তিনি বার্ত্তাক গৃহস্থ।

যিনি যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান এবং প্রতিগ্রহ এই ষট্‌কর্ম্মে নিরত থাকিয়া যাজন, অধ্যাপন' এবং প্রতিগ্রহের দ্বারা জীবন নির্ব্বাহ করেন, তিনি শালীন গৃহস্থ।

যিনি সৎপুরুষগণের গৃহসমূহে গমন করত মুষ্টি মুষ্টি খাদ্য প্রার্থনা করত কুটুম্বগণের ভরণ-পোষণের জন্য আবশ্যক অন্ন সংগ্রহ করেন, তিনি যাযাবর গৃহস্থ।

যিনি আপনার আহৃত পবিত্র জলের দ্বারা সমস্ত কার্য্য করেন, প্রতিদিন সৎপুরুষগণের নিকট একদিন নির্ব্বাহের মত অন্নগ্রহণ করিয়া থাকেন, তিনি ঘোর সংন্যাসিক।

যিনি ক্ষেত্রপতিত বা বাজার উঠিয়া যাইবার পর সেইস্থানে পতিত শস্য একটি একটি করিয়া খুটিয়া লইয়া জীবন ধারণ করেন, তিনি উঞ্ছবৃত্তি।

আর যিনি কাহারও নিকট যাচ্ঞা না করিয়া দৈব ইচ্ছাতে প্রাপ্ত অন্নের দ্বারা জীবিকা নির্ব্বাহ করেন, তিনি অযাচক।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত সপ্তদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাদশঃ অধ্যায়ঃ।

[বানপ্রস্থ-সন্ন্যাসাশ্রমধর্ম্মকথনম্।]

শ্রীভগবানুবাচ

বনং বিবিক্ষুঃ পুত্রেষু ভার্য্যাং ন্যস্য সহৈব বা।
বন এব বসেচ্ছান্তস্তৃতীয়ং ভাগমায়ুষঃ ॥১
কন্দ-মূল-ফলৈর্বন্যৈর্মেধ্যৈর্বৃত্তিং প্রকল্পয়েৎ।
বসীত বল্কলং বাসস্তৃণপর্ণাজিনানি বা ॥২

কেশ-রোম-নখ-শ্মশ্রু-মলানি বিভৃয়াদ্ দতঃ।
ন ধাবেদপ্সু মজ্জেত ত্রিকালং স্থণ্ডিলেশয়ঃ ॥৩
গ্রীষ্মে তপ্যেত পঞ্চাগ্নীন্ বর্ষাস্বাসারষাড্ জলে।
আকণ্ঠমগ্নঃ শিশির এবংবৃত্তস্তপশ্চরেৎ ॥৪

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—বনং (বনে) বিবিক্ষুঃ (প্রবেশেচ্ছু) পুত্রেষু (পুত্রগণের নিকট) ভার্য্যাং (পত্নীকে) ন্যস্য (রাখিয়া) বা (অথবা) (ভার্য্যার) সহ (সহিত) এব (ই) শান্তঃ সন্ (সংযত হইয়া) আয়ুষঃ (আয়ুর) তৃতীয়ং (তৃতীয়) ভাগং (ভাগ) বনে (অরণ্যে) এই (ই) বসেৎ (বাস করিবেন) ॥১

(তখন) মেধ্যৈঃ (পবিত্র) বন্যৈঃ (বন্য) কন্দমূলফলৈঃ (ওল-মূল-ফলের দ্বারা) বৃত্তিং (জীবনোপায়) প্রকল্পয়েৎ (কল্পনা করিবেন), (অনায়াসলব্ধ) বল্কলং (বল্কল) বা (অথবা) বাসঃ (আচ্ছাদন) তৃণপর্ণাজিনানি (কুশ পত্র, মৃগচর্ম্মাদি) বসীত (পরিবেন) ॥২

কেশরোমশ্মশ্রুমলানি (কেশ, রোম, নখ, শ্মশ্রু, মল) বিভৃয়াৎ (ধারণ করিবেন), দতঃ (দন্তসকল) ন ধাবেৎ (মার্জ্জনা করিবেন না) ত্রিকালম্ (ত্রিসন্ধ্যায়) অপ্সু (জলে) মজ্জেত (মুষলের ন্যায় স্নান করিবেন), স্থণ্ডিলেশয়ঃ (ভূমিশায়ী হইবেন) ॥৩

গ্রীষ্মে (গ্রীষ্মকালে) পঞ্চ অগ্নীন্ তপ্যেত (পঞ্চাগ্নি মধ্যে থাকিয়া তপস্যা করিবেন), বর্ষাসু (বর্ষাকালে) আসারষাট্ (ধারাসহিষ্ণু), শিশিরে (শীতকালে) জলে (জলে) আকণ্ঠমগ্নঃ (কণ্ঠ পর্য্যন্ত নিমজ্জিত করিয়া থাকিবেন), এবংবৃত্তঃ সন (এইরূপ বৃত্তিসম্পন্ন হইয়া) তপঃ (তপস্যা) চরেৎ (আচরণ করিবেন) ॥৪

অষ্টাদশ অধ্যায়।

[বানপ্রস্থ আশ্রম ও সন্ন্যাস আশ্রমের ধর্ম্ম কথন।]

আলোড্য সর্ব্বশাস্ত্রাণি নিশ্চিন্বন্তি মুনীশ্বরাঃ।
ধ্যেয়ং তারকমিত্যেব তারকং তদুপৈম্যহম্ ॥

শ্রীভগবান্ বলিলেন;—বনগমন করিতে ইচ্ছুক গৃহী ভার্য্যার ভার পুত্রের উপর অর্পণ করিয়া অথবা ভার্য্যার সহিতই আয়ুর তৃতীয় ভাগ পঞ্চসপ্ততি বর্ষ পর্য্যন্ত (৭৫) জিতেন্দ্রিয় হইয়া বনেই বাস করিবেন।১

তৎকালে বনজাত পবিত্র কন্দ (ওল)-মূল-ফলের দ্বারা জীবিকানির্ব্বাহ করিবেন, যথালব্ধ বৃক্ষের বল্কল পরিধান অথবা পত্র, অজিন, মৃগচর্ম্মাদি পরিধান ও উত্তরীয় ধারণ করিবেন।২

ভূমিশায়ী ভবেত্তত্র মুনিঃ সর্ব্বাতিথির্নৃপঃ।৩।১৯॥
চর্ম্মকাশকুশৈঃ কুর্য্যাৎ পরিধানোত্তরীয়কে ॥৩।২০
বিষ্ণুপুরাণ।

কেশ, লোম, নখ, শ্মশ্রু, গাত্রমল ধারণ করিবেন। দন্তকাষ্ঠের দ্বারা দন্ত মার্জ্জনা করিবেন না, ত্রিসন্ধ্যায় মুষলের ন্যায় সলিলে নিমজ্জিত হইয়া স্নান করিবেন, পবিত্র ভূমিতে শয়ন করিবেন।৩

গ্রীষ্মকালে উপরে সূর্য্য, চতুর্দ্দিকে অগ্নি প্রজ্বলিত করিয়া শরীরকে তাপিত করিবেন, বর্ষায় অনাবৃত স্থানে থাকিয়া জলধারা-সহিষ্ণু হইবেন, শীতকালে জলে কণ্ঠ পর্য্যন্ত নিমগ্ন করিয়া থাকিবেন—এইরূপ বিশেষ তপস্যার অনুষ্ঠান করিবেন।৪

অগ্নিপকং সমশ্নীয়াৎ কালপকমথাপি বা।
উলূখলাশ্মকুট্টো বা দন্তোলূখল এব বা ॥৫
স্বয়ং সঞ্চিনুয়াৎ সর্ব্বমাত্মনো বৃত্তিকারণম্।
দেশ-কাল-বলাভিজ্ঞো নাদদীতান্যদাহৃতম্ ॥৬

অগ্নিপকম্ (হবিষ্যান্ন) অথাপি বা (অথবা) কালপকং (বৃক্ষ হইতে স্বয়ং পতিত ফল) সমশ্নীয়াৎ (ভক্ষণ করিবেন), উলূখলাশ্মকুট্টঃ (উলূখল অথবা প্রস্তরের দ্বারা কুটিয়া অন্ন প্রস্তুত করত ভোজন করিবেন) বা (কিংবা) এব (ই) দন্তোলূখলঃ (দন্তোলূখল হইবেন) ॥৫

দেশকালবলাভিজ্ঞঃ (দেশ, কাল, বল, অভিজ্ঞ) আত্মনঃ (আপনার) বৃত্তিকারণং (বৃত্তিকারণ জীবনোপায়) সর্ব্বং (সমস্ত) স্বয়ং (স্বয়ং) সঞ্চিনুয়াৎ (আহরণ করিবেন), অন্যদা (কালান্তরে) আহৃতং (আনীত) কালান্তরে ন আদদীত (গ্রহণ করিবেন না) ॥৬

অগ্নিপক্ক কন্দমূল অথবা কালপক্ক ফল ভক্ষণ করিবেন। উলূখল অথবা প্রস্তরের দ্বারা কুটিয়া অন্ন প্রস্তুত করত ভোজন করিবেন কিংবা দন্তোলূখল হইবেন অর্থাৎ ভক্ষ্যদ্রব্য চর্ব্বণ করিয়া ভোজন করিবেন।৫

দেশ-কাল-বল অভিজ্ঞ বানপ্রস্থী আপনার বৃত্তিকারণ সমস্ত দ্রব্য স্বয়ংই আহরণ করিবেন—কালান্তরে আহৃত ভক্ষ্য কালান্তরে গ্রহণ করিবেন না।৬

—বানপ্রস্থ কত প্রকার ?

—চারি প্রকার। বৈখানস, বালখিল্য, ঔদুম্বর, ফেণপ।

—ইঁহাদের লক্ষণ কি ?

—বৈখানস—আশ্রমে সর্ব্বদা অবস্থান পূর্ব্বক কুলপতির ছত্রছায়ায় আপনার ধর্ম্মপালন করত নিবাস করেন। জলের সাহায্যে তিনি চাউল, শ্যামা-চাউল স্বতঃ উৎপন্ন হয়—এই অন্নের নাম ঋষি অন্ন—ইহা দ্বারা জীবিকা নির্ব্বাহ ও আশ্রমধর্ম্ম পালন বৈখানস বানপ্রস্থ করিয়া থাকেন।

বালখিল্য বানপ্রস্থ অধিক অন্ন সংগ্রহ করেন না, নূতন অন্ন লাভ হইলে পুরাতন সমস্ত অন্ন সত্বর অপরকে দান করেন। জটা এবং বল্কল ধারণ করত আটমাস বৃত্তি উপার্জ্জন করেন, চারিমাস সংগৃহীত অন্ন ভোজনে জীবন যাপন করিয়া থাকেন, কার্ত্তিক পূর্ণিমায় সংগৃহীত ফুল এবং ফল ত্যাগ করেন।

ঔদুম্বর বানপ্রস্থ প্রাতে উঠিয়া যেদিকে দৃষ্টি পতিত হয় সেইদিকে যাইয়া তথা হইতে ডুমুর, কুল আদি ফল, নীবার শ্যামাকাদি অন্ন সংগ্রহ পূর্ব্বক তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া থাকেন।

ফেণপ বানপ্রস্থ, শুষ্কপত্র এবং ফল ভোজন করত যে কোন স্থানে অবস্থান পূর্ব্বক স্বকীয় কর্ত্তব্য পালন করেন।

এই বানপ্রস্থব্রত আরও কঠোর। তিনি আপনার হাতে কোন কন্দ তুলিবেন না, ফল পাড়িবেন না। বৃক্ষ হইতে স্বয়ং পতিত ফল অথবা শুষ্ক পত্রের দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন। ত্যাগহেতু উত্তরোত্তর শ্রেষ্ঠ।

বন্যৈশ্চরুপুরোডাশৈর্নির্ব্বপেৎ কালচোদিতান্।
ন তু শ্রৌতেন পশুনা মাং যজেত বনাশ্রমী ॥৭
অগ্নিহোত্রঞ্চ দর্শশ্চ পূর্ণমাসশ্চ পূর্ব্ববৎ।
চাতুর্ম্মাস্যানি চ মুনেরাম্নাতানি চ নৈগমৈঃ ॥৮

বনাশ্রমী (বানপ্রস্থাশ্রমী) বন্যৈঃ (বনজাত নীবারাদিসাধিত) চরুপুরোডাশৈঃ (চরুপুরোডাশের দ্বারা) কালচোদিতান্ (কালবিহিত) (যাগ) নির্ব্বপেৎ (নির্ব্বাহ করিবেন), তু (কিন্তু) পশুনা শ্রৌতেন (শ্রৌত পশুযাগের দ্বারা) মাং (আমাকে) ন যজেত (অর্চ্চনা করিবেন না) ॥৭

অগ্নিহোত্রং (অগ্নিহোত্র), দর্শঃ (অমাবস্যা যাগ), পূর্ণমাসঃ (পূর্ণিমা বিহিত যাগ) চ (ও) চাতুর্ম্মাস্যানি (চাতুর্ম্মাস্য ব্রত) নৈগমৈঃ (বেদজ্ঞগণ) মুনেঃ (বনাশ্রমীর সম্বন্ধে) আম্নাতানি (কীর্ত্তন করিয়াছেন) ॥৮

বনাশ্রমী বনোৎপন্ন নীবারাদিসাধিত চরুপুরোডাশের দ্বারা কালবিহিত নবান্নপ্রাশনের জন্য আগ্রায়ণাদি বৈদিক কর্ম্ম করিবেন। বানপ্রস্থী শ্রৌত পশুযাগের দ্বারা আমার অর্চ্চনা করিবেন না।৭

অগ্নিহোত্র, অমাবস্যা যাগ, পূর্ণিমাবিহিত যাগ ও চাতুর্ম্মাস্য ব্রত বেদবিদ্‌গণ বনাশ্রমীর সম্বন্ধে বিধান করিয়াছেন।৮

এবং চীর্ণেন তপসা মুনির্ধমনিসন্ততঃ।
মাং তপোময়মারাধ্য ঋষিলোকাদুপৈতি মাম্ ॥৯
যস্ত্বেতৎ কৃচ্ছ্রতশ্চীর্ণং তপো নিঃশ্রেয়সং মহৎ।
কামায়াল্পীয়সে যুঞ্জ্যাদ্ বালিশঃ কোঽপরস্ততঃ ॥১০
যদাসৌ নিয়মেঽকল্পো জরয়া জাতবেপথুঃ।
আত্মন্যগ্নীন্ সমারোপ্য মচ্চিত্তোঽগ্নিং সমাবিশেৎ ॥১১

ধমনিসন্ততঃ (শিরাব্যাপ্ত) মুনিঃ (মুনি) এবং (এইরূপ) চীর্ণেন (আচরিত) তপসা (তপস্যার দ্বারা) তপোময়ং (তপোময়) মাম্ (আমাকে) আরাধ্য (আরাধনা করিয়া) ঋষিলোকাৎ (মহর্লোকাদিক্রমে) মাম্ (আমাকে) উপৈতি (প্রাপ্ত হন)॥৯

তু (কিন্তু) কৃচ্ছ্রতঃ (কষ্টের দ্বারা) চীর্ণম্ (আচরিত) এতৎ (এই) মহৎ (মহৎ) নিঃশ্রেয়সং (মোক্ষফল) তপঃ (তপস্যা) যঃ (যে ব্যক্তি) অল্পীয়সে (ক্ষুদ্র) কামায় (কামহেতু) যুঞ্জ্যাৎ (উপযোগ করে), ততঃ (তাহা হইতে) কঃ (কে) অপরঃ (অপর) বালিশঃ (মূর্খ) আছে ?১০

যদা (যখন) জরয়া (জরাদ্বারা) জাতবেপথুঃ (কম্পমান) অসৌ (বনবাসী) নিয়মে (আশ্রম ধর্ম্মসাধনে), অকল্পঃ (অসমর্থ হইবেন), (তখন) আত্মনি (আত্মায়) অগ্নীন্ (অগ্নিসকল) সমারোপ্য (সমারোপিত করিয়া) মচ্চিত্তঃ (মৎপরায়ণ হইয়া) অগ্নিং (অগ্নিতে) সমাবিশেৎ (প্রবেশ করিবেন)॥১১

এই যাবজ্জীবন কৃত তপস্যার দ্বারা ধমনিব্যাপ্ত-শরীর মুনি তপোময় জ্ঞান-বিগ্রহ আমায় আরাধনা করিয়া ঋষিলোক হইতে আমাকে প্রাপ্ত হন।৯

কষ্টের দ্বারা অনুষ্ঠিতা এই মহৎ মোক্ষসাধন তপস্যা যিনি কিন্তু তুচ্ছ ফলের জন্য করেন, তাঁহার অপেক্ষা আর কে মূর্খ আছে ?১০

যখন সেই বনাশ্রমী জরার দ্বারা কম্পিতকলেবর, স্বধর্ম্মপালনে অসমর্থ হইবেন, তখন আহবনীয়াদি অগ্নিসকল স্ব-হৃদয়ে সমারোপিত করিয়া মনের দ্বারা আমাকে চিন্তা করিতে করিতেই অগ্নিতে প্রবেশ করিবেন।১১

(১) —'তুচ্ছ ফলের জন্য' ইহার অর্থ কি ?

—তপস্যার উদ্দেশ্য হইল সত্ত্বগুণ লাভ। মোক্ষপ্রদ সত্ত্বগুণ-লাভ হইলে মনকে প্রাপ্ত হওয়া যায়—মন স্থির হয়। অচঞ্চল মন বুদ্ধিরূপে পরিণত হইয়া পরমানন্দময় আত্মাকে লাভ করাইয়া দিয়া জনন মরণ হইতে নিষ্কৃতি দান করিয়া থাকে। সেই তপস্যা—যে ধন, জন, প্রতিষ্ঠা, লোকবশীকরণ, মান সম্ভ্রম লাভের জন্য ব্যয় করে, তাহার মত মূর্খ জগতে আর কে আছে ?

যদা কর্ম্মবিপাকেষু লোকেষু নিরয়াত্মসু।
বিরাগো জায়তে সম্যঙ্ন্যস্তাগ্নিঃ প্রব্রজেৎ ততঃ ॥১২
ইষ্ট্বা যথোপদেশং মাং দত্ত্বা সর্বস্বমৃত্বিজে।
অগ্নীন্ স্বপ্রাণ আবেশ্য নিরপেক্ষঃ পরিব্রজেৎ ॥১৩
বিপ্রস্য বৈ সন্ন্যাসতো দেবা দারাদিরূপিণঃ।
বিঘ্নান্ কুর্বন্ত্যয়ং হ্যস্মানাক্রম্য সমিয়াৎ পরম্ ॥১৪

যদা (যখন) কর্ম্মবিপাকেষু (স্বকর্ম্ম পরিপাকলব্ধ) নিরয়াত্মসু (পরিণাম দুঃখপ্রদ) লোকেষু (লোকসকলে) সম্যক্ (উত্তমরূপে) বিরাগঃ (বিরাগ) জায়তে (উৎপন্ন হইবে), (তখন) ন্যস্তাগ্নিঃ (অগ্নিহোত্র ত্যাগ করিয়া) ততঃ (অনন্তর) প্রব্রজেৎ (সন্ন্যাস গ্রহণ করিবেন)॥১২

যথোপদেশং (শাস্ত্রের উপদেশ অনুসারে) মাম্ (আমাকে) ইষ্ট্বা (পূজা করিয়া) সর্ব্বস্বম্ (সর্ব্বস্ব) ঋত্বিজে (পুরোহিতকে) দত্ত্বা (দান করত) স্বপ্রাণে (স্বীয় আত্মায়) অগ্নীন্ (অগ্নিসকল) আবেশ্য (আবেশিত করত) নিরপেক্ষঃ (নিষ্কাম হইয়া) পরিব্রজেৎ (সন্ন্যাসী হইবেন)॥১৩

যখন সুখদুঃখবহুল নরকতুল্য স্বকর্ম্ম-পরিপাকলব্ধ স্বর্গাদি লোকসমূহে, এমন কি ব্রহ্মলোকেও বিরাগ উৎপন্ন হইবে, তখন আত্মায় অগ্নি সমারোপিত করিয়া সন্ন্যাস গ্রহণ করিবেন।১২

যদি সর্ব্ববিষয়ে বিরক্ত হন, তাহা হইলে শাস্ত্রের উপদেশ অনুসারে শ্রাদ্ধাষ্টক পূর্ব্বক প্রাজাপত্যের দ্বারা আমাকে অর্চ্চনা করত ঋত্বিক্‌কে সর্ব্বস্ব

বিভৃয়াচ্চেন্মুনির্বাসঃ কৌপীনাচ্ছাদনং পরম্।
ত্যক্তং ন দণ্ডপাত্রাভ্যামন্যৎ কিঞ্চিদনাপদি ॥ ১৫
দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং পিবেজ্জলম্।
সত্যপূতং বদেদ্ বাক্যং মনঃপূতং সমাচরেৎ ॥১৬

মৌনানীহানিলায়ামা দণ্ডা বাগ্-দেহ-চেতসাম্।
ন হ্যেতে যস্য সন্ত্যঙ্গ বেণুভির্ন ভবেদ্ যতিঃ ॥১৭
ভিক্ষাং চতুর্ষু বর্ণেষু বিগর্হ্যান্ বর্জ্জয়ংশ্চরেৎ।
সপ্তাগারানসংক্লৃপ্তাংস্তুষ্যেল্লব্ধেন তাবতা ॥১৮

হি (নিশ্চিত) অয়ম্ (এইব্যক্তি) অস্মান্ (আমাদিগকে) আক্রম্য (অতিক্রম করিয়া) পরং (ব্রহ্মকে) সমিয়াৎ (প্রাপ্ত হইবে), (এই হেতু) সন্ন্যাসতঃ (সন্ন্যাসকারী) বিপ্রস্য (বিপ্রের) দারাদিরূপিণঃ (দারাদিরূপী) দেবাঃ (দেবতাগণ) বিঘ্নান্ (বহুবিঘ্ন) কুর্ব্বন্তি (করেন) ॥১৪

মুনিঃ (মুনি) চেৎ (যদি) বাসঃ (বস্ত্র) বিভৃয়াৎ (পরিধান করেন), (তাহা হইলে) কৌপীনাচ্ছাদনং (যতটুকু বস্ত্রদ্বারা কৌপীন আচ্ছাদিত হয়, ততটুকু ধারণ করিবেন) ত্যক্তং (প্রৈষ মন্ত্রোচ্চারণের পূর্ব্বে যাহা ত্যাগ করিয়াছেন, তাহা আর ধারণ করিবেন না) দণ্ডপাত্রাভ্যাম্ (দণ্ডপাত্র বিনা) অনাপদি (অনাপৎ কালে) অন্যৎ (অন্য) কিঞ্চিৎ [অপি] (কিছুই) ন (ধারণ করিবেন না) ॥১৫

দৃষ্টিপূতং (দৃষ্টিদ্বারা পবিত্র স্থান দেখিয়া) পাদং (পদ) ন্যসেৎ (ক্ষেপণ করিবেন), বস্ত্রপূতং (বস্ত্রের দ্বারা ছাঁকিয়া) জলং (জল) পিবেৎ (পান করিবেন), সত্যপূতং (সত্যপূত) বাক্যং (বাক্য) বদেৎ (বলিবেন), মনঃপূতং (মনের দ্বারা বিচার পূর্ব্বক যাহা শুদ্ধ, তাহা) সমাচরেৎ (সম্যক্ আচরণ করিবেন) ॥১৬

বাগ্দেহচেতসাং (বাক্য, শরীর ও চিত্তের) (ইহাদের যথাক্রমে) মৌনানীহানিলায়ামাঃ (মৌন, অনীহা, প্রাণায়াম ইহারা) দণ্ডাঃ (দণ্ড) (মৌন-বাক্যের, কাম্যকর্ম্ম-ত্যাগ দেহের ও প্রাণায়াম চিত্তের দণ্ড), অঙ্গ (হে উদ্ধব) যস্য (যাহার) এতে (এই সকল) ন সন্তি (নাই), সঃ (তিনি) বেণুভিঃ (বংশদণ্ডের দ্বারা) যতিঃ (যতি) ন ভবেৎ (হন না) ॥১৭

চতুর্ষু বর্ণেষু (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র চারিবর্ণের গৃহে)

প্রদানান্তর স্বপ্রাণে আত্মায় অগ্নি আবেশিত করিয়া প্রব্রজ্যা অবলম্বন করিবেন।১৩ (১)

সন্ন্যাসকারী বিপ্রের দারাদিতে আবিষ্ট দেবগণ 'এই ব্রাহ্মণ আমাদিগকে উল্লঙ্ঘন করিয়া সনাতন ব্রহ্মে গমন করিবে'—এই ঈর্ষ্যায় বিঘ্ন করিয়া থাকেন।১৪

যতি যদি বাস পরিধান করিতে ইচ্ছা করেন, তাহা হইলে যতটুকু বস্ত্রের দ্বারা কৌপীন আচ্ছাদিত হয় সেই পরিমাণ বহির্বাস ধারণ করিবেন—দণ্ডপাত্র ভিন্ন অন্য কিছুই অনাপৎকালে লইবেন না।১৫

দৃষ্টির দ্বারা সম্যক্ নিরীক্ষণ পূর্ব্বক শুদ্ধস্থানে পাদক্ষেপ করিবেন, বস্ত্রের দ্বারা শোধিত জলপান করিবেন, সত্যের দ্বারা পূত বাক্য বলিবেন, মনের দ্বারা সম্যক্ বিচার পূর্ব্বক যাহা শ্রদ্ধার্হ তাহা আচরণ করিবেন ॥১৬

হে প্রিয় উদ্ধব। যে যতির বাক্য, দেহ ও চিত্তের যথাক্রমে মৌন, অনীহ আর প্রাণায়ামরূপ ত্রিদণ্ড নাই, তিনি মাত্র বংশদণ্ড ধারণেই সন্ন্যাসী হন না। বাক্যের দণ্ড—মৌন, দেহের দণ্ড—কাম্যকর্ম্ম ত্যাগ, আর চিত্তের দণ্ড—প্রাণায়াম। এই অন্তর্ধৃত দণ্ড-

(১)—সন্ন্যাসী কত প্রকার? তাঁহাদের লক্ষণ কি?

—ভিক্ষুকোপনিষদে কথিত হইয়াছে—কুটীচক, বহূদক, হংস, পরমহংস—চারিপ্রকার মোক্ষার্থী ভিক্ষু। তন্মধ্যে কুটীচক—গৌতম, ভরদ্বাজ, যাজ্ঞবল্ক্য, বশিষ্ঠ প্রভৃতি অষ্টগ্রাস ভোজনপূর্ব্বক যোগমার্গে মোক্ষই প্রার্থনা করেন।

বহূদকবৃন্দ ত্রিদণ্ডী, কমণ্ডলু, শিখা, যজ্ঞোপবীত, কাষায় বস্ত্রধারী ব্রহ্মর্ষি গৃহে মধু, মাংস বর্জ্জন পূর্ব্বক অষ্টগ্রাস ভিক্ষা করত যোগমার্গে মোক্ষই প্রার্থনা করিয়া থাকেন।

হংসগণ গ্রামে একরাত্রি, নগরে পঞ্চরাত্রি, ক্ষেত্রে সপ্তরাত্রি বাস করেন। গোমূত্র গোময় আহারকারী, নিত্য চান্দ্রায়ণ—পরায়ণ যোগমার্গে একমাত্র মোক্ষই প্রার্থনা করিয়া থাকেন।

পরমহংস—সংবর্ত্তক, আরুণি, শ্বেতকেতু, জড়ভরত, দত্তাত্রেয়, শুক, বামদেব, হারীত প্রভৃতি অষ্টগ্রাস ভোজন পূর্ব্বক যোগমার্গে মোক্ষই প্রার্থনা করিয়া থাকেন। বৃক্ষমূলে

বহির্জলাশয়ং গত্বা তত্রোপস্পৃশ্য বাগ্‌যতঃ।
বিভজ্য পাবিতং শেষং ভুঞ্জীতাশেষমাহৃতম্ ॥১৯
একশ্চরেন্মহীমেতাং নিঃসঙ্গঃ সংযতেন্দ্রিয়ঃ।
আত্মক্রীড় আত্মরত আত্মবান্ সমদর্শনঃ ॥২০

বিবিক্ত-ক্ষেমশরণো মদ্ভাববিমলাশয়ঃ।
আত্মানং চিন্তয়েদেকমভেদেন ময়া মুনিঃ ॥২১
অন্বীক্ষেতাত্মনো বন্ধং মোক্ষঞ্চ জ্ঞাননিষ্ঠয়া।
বন্ধ ইন্দ্রিয়বিক্ষেপো মোক্ষ এষাঞ্চ সংযমঃ ॥২২

বিগর্হ্যান্ (অভিশপ্ত, পতিত) বর্জয়ন্ (ত্যাগ করিয়া) (যথা) লভেত (লব্ধ) দ্রব্যেণ (দ্রব্যের দ্বারা) তুষ্যেৎ (সন্তুষ্ট হইবেন), অসংকল্পিতান্ (পূর্ব্বে অনুদ্দিষ্ট) সপ্ত আগারান্ (সপ্তগৃহে) ভিক্ষাং (ভিক্ষা) চরেৎ (আচরণ করিবেন) ॥১৮

(গ্রাম হইতে) বহিঃ (বাহিরে) জলাশয়ং (জলাশয়ের নিকট) গত্বা (যাইয়া) তত্র (সেইস্থানে) উপস্পৃশ্য (আচমন করত) বাগ্‌যতঃ সন্ (মৌন হইয়া) পাবিতম্ (প্রোক্ষণাদির দ্বারা শোধিত) আহৃতং (ভক্ষ্য) বিভজ্য (বিষ্ণু, ব্রহ্মা, সূর্য্য ও ভূতগণকে নিবেদন করিয়া) শেষম্ (শেষ) অশেষং (নিঃশেষে) ভুঞ্জীত (ভোজন করিবেন) ॥১৯

নিঃসঙ্গঃ (সঙ্গশূন্য) সংযতেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয়) সন্ (হইয়া) এতাং (এই) মহীম্ (পৃথিবী) একঃ (একাকী) চরেৎ (বিচরণ করিবেন), (এবং) আত্মক্রীড়ঃ (আত্মক্রীড়), আত্মরতঃ (আত্মরত), আত্মবান্ (আত্মবান্), সমদর্শনঃ (সমদর্শন) হইবে ॥২০

মুনিঃ (মুনি) বিবিক্তক্ষেমশরণঃ (নির্জ্জন নির্ভয় স্থান আশ্রয় করিবেন), মদ্ভাববিমলাশয়ঃ (আমার ভাবে শুদ্ধচিত্ত হইবেন), ময়া (আমার সহিত) অভেদেন (অভেদে) আত্মানং (আত্মাকে) চিন্তয়েৎ (চিন্তা করিবেন) ॥২১

জ্ঞাননিষ্ঠয়া (জ্ঞাননিষ্ঠার দ্বারা) আত্মনঃ (আত্মার) বন্ধং (বন্ধ) চ (ও) মোক্ষম্ (মোক্ষ) অন্বীক্ষেত (দেখিবেন), ইন্দ্রিয়বিক্ষেপঃ (ইন্দ্রিয়গণের পুনঃ পুনঃ বিষয় অনুসন্ধান) বন্ধঃ (বন্ধ) চ (ও) এষাং (ইহাদের) সংযমঃ (সংযম) মোক্ষঃ (মোক্ষ) ॥২২

ত্রয় ধারণ ব্যতীত বংশদণ্ডধারণ, গৈরিক বস্ত্র পরিধান, মস্তক মুণ্ডন করিলেও তিনি সন্ন্যাসীপদবাচ্য নহেন।১৭

অভিশপ্ত ও পতিতজন বর্জ্জন পূর্ব্বক ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের নিকট ভিক্ষাচরণ করিবেন। এইস্থানে যাইলে এইরূপ লাভ হইবে—পূর্ব্বে এইরূপ উদ্দেশ না করিয়া সপ্তগৃহে ভিক্ষাচরণ করিবেন—যথালাভে সন্তুষ্ট হইবেন।১৮

গ্রামের বাহিরে জলাশয়ের সমীপে গমনপূর্ব্বক তথায় আচমন করত মৌন হইয়া প্রোক্ষণাদির দ্বারা শোধিত ভক্ষ্যদ্রব্য বিষ্ণু, ব্রহ্মা, সূর্য্য ও ভূতগণকে নিবেদন করিয়া অবশেষে নিঃশেষে ভোজন করিবেন।১৯

একাকী, অসহায়, আসক্তিরহিত, নিয়তেন্দ্রিয়, আত্মক্রীড়, সর্ব্বত্র ভগবান্ দর্শনকারী, আত্মসন্তুষ্ট, ধৃতিমান্, বশীকৃত অন্তঃকরণ ও সমদর্শন হইয়া মহীতলে আনন্দিতচিত্তে বিচরণ করিবেন।২০

বিজন নির্ভয় স্থান আশ্রয়ী, আমাতে একান্তা

ও শূন্য গৃহে, শ্মশানে দিগম্বর অথবা বস্ত্রাবৃত হইয়া বাস করেন। তাঁহাদের ধর্ম্মাধর্ম্ম, লাভালাভ, শুদ্ধি-অশুদ্ধি নাই। দ্বৈতবর্জ্জিত ও লোষ্ট্রে কাঞ্চনে সমজ্ঞান-সম্পন্ন, সর্ব্ববর্ণে ভিক্ষাচরণ করত সর্ব্বত্র আত্মা বর্ত্তমান—ইহা দর্শন করেন। অনন্তর উলঙ্গ, নির্দ্বন্দ্ব, নিষ্পরিগ্রহ, শুক্লধ্যানপরায়ণ, আত্মনিষ্ঠ প্রাণ ধারণের জন্য যথোক্তকালে ভিক্ষাচরণ পূর্ব্বক শূন্যাগার, দেবগৃহ, তৃণ, কূট, বল্মীক, বৃক্ষমূল, কুলালশালা, অগ্নিহোত্র-শালা, নদীপুলিন, গৃহকন্দর, কুহর, কোটর, নির্ঝর, স্থণ্ডিল আদিতে অবস্থান করিয়া থাকেন। ব্রহ্মমার্গে (সুষুম্নায়) উত্তমরূপে সম্পন্ন হইয়া শুদ্ধচিত্ত পরমহংস-আচারের দ্বারা যাঁহারা দেহত্যাগ করেন, তাঁহারা পরমহংস।

তস্মান্নিয়ম্য ষড়্বর্গং মদ্ভাবেন চরেন্মুনিঃ।
বিরক্তঃ ক্ষুদ্রকামেভ্যো লব্ধ্বাত্মনি সুখং মহৎ ॥২৩

পুরগ্রামব্রজান্ সার্থান্ ভিক্ষার্থং প্রবিশংশ্চরেৎ।
পুণ্যদেশ-সরিচ্ছৈল-বনাশ্রমবতীং মহীম্ ॥২৪

তস্মাৎ (সেই হেতু) ষড়্বর্গং (কামাদিষড়্রিপু) নিয়ম্য নিয়ন্ত্রিত করিয়া) ক্ষুদ্রকামেভ্যঃ (ক্ষুদ্র কামনাসমূহে) বিরক্তঃ (বিরক্ত) আত্মনি (আত্মায়) মহৎ (ভূমা) সুখং (সুখ) লব্ধ্বা (লাভ করিয়া) মদ্ভাবেন (আমার প্রেমে আত্মাহারা হইয়া) চরেৎ (বিচরণ করিবেন) ॥২৩

ভিক্ষার্থং (ভিক্ষার জন্য) সার্থান্ (যাত্রিক-জনসমূহযুক্ত) পুরগ্রাম-ব্রজান্ (পুরগ্রাম গোষ্ঠে) প্রবিশন্ (প্রবেশ করিয়া) পুণ্যদেশ-সরিচ্ছৈল-বনাশ্রমবতীং (পুণ্যদেশ, সরিৎ, শৈল, বন, আশ্রমবিশিষ্ট) মহীং (পৃথিবীতে) চরেৎ (বিচরণ করিবেন) ॥২৪

ভক্তির দ্বারা নির্ম্মল অন্তঃকরণ মুনি (যতি) আমার সহিত অভেদভাবে একমাত্র আত্মাকেই চিন্তা করিবেন ।২১ (১)

ইন্দ্রিয়গণের বিক্ষেপই বন্ধ এবং ইন্দ্রিয়বৃন্দের সংযমই মোক্ষ—এই জ্ঞাননিষ্ঠার দ্বারা আত্মার বন্ধ ও মোক্ষ পর্য্যালোচনা করিবেন ।২২

সেইজন্য ষড়্বর্গ মনের সহিত জ্ঞানেন্দ্রিয়বর্গকে বশীভূত করিয়া ক্ষুদ্র কাম্যবস্তু হইতে বিরক্ত মুনি আমার ঐকান্তিকী ভক্তির দ্বারা অন্তঃকরণে মহৎ ভূমাসুখ লাভ করিয়া স্বচ্ছন্দে বিচরণ করিবেন ।২৩

হট্টাদিযুক্ত পুর, তদ্‌বিহীন গ্রাম ও গোষ্ঠ, যাত্রিক জনগণযুক্ত স্থানে ভিক্ষার জন্য প্রবেশ করিয়া পবিত্র দেশ, নদী, পর্ব্বত, বন, আশ্রমযুক্ত মহীতলে পরিভ্রমণ করিবেন ।২৪

---

(১) ভক্ত সন্ন্যাসী আত্মাকে ভগবানের সহিত অভেদে চিন্তা করিলে অপরাধী হইবেন না?

—ভগবান্ সকলের আত্মার আত্মা। জীব ভগবানের অংশ, তাঁহার প্রকৃতি। জীব-ব্রহ্মের অভেদ চিন্তাই উপাসনা। জীব, আত্মার আত্মাকে চিন্তা করা ভিন্ন আর কি চিন্তা করিবে? ভক্তপ্রধান শ্রীমদ্ রামানুজাচার্য্যও "ব্রহ্মাস্মি" এইভাবে পরমাত্মধ্যানের কথা ব্রহ্মসূত্রে বলিয়াছেন। ওঁকার লাভ হইলে লীলা চিন্তা প্রভৃতি করিবার সামর্থ্য থাকে না। নাদ শুনিতে শুনিতে মন অবশভাবেই পরমাত্মায় নিমজ্জিত হইয়া যায়।

—সন্ন্যাসী কি এই চারি প্রকার?

—না। নারদ পরিব্রাজক ও সন্ন্যাসোপনিষৎ—কুটীচক, বহূদক, হংস, পরমহংস, তুরীয়াতীত, অবধূত এই ছয় প্রকার সন্ন্যাসীর কথা বলিয়াছেন।

—তাহার লক্ষণ কি?

—কুটীচক—শিখা-যজ্ঞোপবীতী, দণ্ড-কমণ্ডলুধারী, কৌপীন-শাটী কন্থাধর, পিতা মাতা ও গুরুর আরাধনাপরায়ণ, পিটর (স্থালী পেটারী), খনিত্র (খন্তা) শিক্যাদি সাধনপর, একত্র অন্নভোজনশীল, শ্বেত-ঊর্দ্ধ পুণ্ড্রধারী ত্রিদণ্ড।

বহূদক—শিখাদি কন্থাধর, ত্রিপুণ্ড্রধারী কুটীচকের ন্যায় সমস্ত সমান। মাধুকরী করত অষ্টগ্রাস ভোজন নিরত।

হংস—জটাধারী, ত্রিপুণ্ড্র ঊর্দ্ধপুণ্ড্রধারী, সংকল্প না করিয়া মাধুকরী ভোজনশীল, কৌপীন-দণ্ড-ধারণকারী।

পরমহংস—শিখা-যজ্ঞোপবীতরহিত, পঞ্চগৃহে করপাত্রী; এক কৌপীন, এক শাটী, একটি বৈনবদণ্ড অথবা এক শাটীধর, ভস্মভূষিত কলেবর।

সর্ব্বত্যাগী তুরীয়াতীত গোমুখ বৃত্তির দ্বারা ফলাহারী। যদি অন্নাহার করেন, তাহা হইলে মাত্র তিন গৃহে ভিক্ষা করিয়া। দেহমাত্র অবশিষ্ট, দিগম্বর, মৃতের ন্যায় শরীর বৃত্তিসম্পন্ন।

অবধূতের কোন নিয়ম নাই। পতিত, অভিশপ্ত বর্জ্জন-পূর্ব্বক সর্ব্ববর্ণে অজগর বৃত্তির দ্বারা দেহ রক্ষা করত স্বরূপ অনুসন্ধানপরায়ণ।

[ষষ্ঠবর্ষ, বৈশাখ, ১৩৭৫]　　[একাদশ সংখ্যা—চান্দনী যাত্রা]

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়-বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

যুগ্ম-সম্পাদক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]　　[প্রতি সংখ্যা ১.৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্.
ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড
এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই বৈশাখ, ১৩৭৪।

কার্য্যালয় :-
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

৺৭শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

বানপ্রস্থাশ্রমপদেষ্বভীক্ষ্ণং ভৈক্ষ্যমাচরেৎ।
সংসিধ্যত্যাশ্বসম্মোহঃ শুদ্ধসত্ত্বঃ শিলান্ধসা ॥২৫
নৈতদ্ বস্তুতয়া পশ্যেদ্ দৃশ্যমানং বিনশ্যতি।
অসক্তচিত্তো বিরমেদিহামুত্র চিকীর্ষিতাৎ ॥২৬

বানপ্রস্থাশ্রমপদেষু (বানপ্রস্থাশ্রমীদিগের আশ্রয়ে) অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ) ভৈক্ষ্যমাচরেৎ (ভৈক্ষাচরণ করিবেন), (যেহেতু) শিলান্ধসা (শিলবৃত্তির দ্বারা প্রাপ্ত অন্নে) শুদ্ধসত্ত্বঃ (শুদ্ধসত্ত্ব) অসম্মোহঃ (নিবৃত্তমোহ হইয়া) আশু (সত্বর) সংসিধ্যতি (সম্যক্ প্রকারে সিদ্ধ হন)। এতদ্ (এই স্বাদু অন্নাদি) বস্তুতয়া (বস্তু বলিয়া) ন পশ্যেৎ (দেখিবেন না)। (যেহেতু) দৃশ্যমানং (দৃশ্যমান হইলেও) বিনশ্যতি (বিনষ্ট হইবে), (অতএব) ইহামুত্র (ইহলোক ও পরলোকে) অসক্তচিত্তঃ (অসক্তচিত্ত হইয়া) চিকীর্ষিতাৎ (তাঁহার সাধন কৃত্য অকৃত্য হইতে) বিরমেৎ (বিরত হইবে) ॥২৫-২৬

বানপ্রস্থ-আশ্রমসকলে বারংবার ভৈক্ষ্যাচরণ করিবেন, যেহেতু শিলবৃত্তিলব্ধ অন্নের দ্বারা শুদ্ধ-সত্ত্ব হইয়া নিবৃত্তমোহ জন সত্বর মুক্ত হইয়া থাকে।২৫

এই দৃশ্যমান মিষ্টান্নাদি সত্য বলিয়া দেখিবেন না, যেহেতু সমুদয় বিনষ্ট হয়, তন্নিমিত্ত অসক্তচিত্ত হইয়া পরলোকের সাধন কৃত্য-অকৃত্য হইতে বিরত হইবেন।২৬

এই যে জগৎ, মন, বাক্য ও প্রাণের সহিত অহঙ্কারাস্পদ শরীর ও তজ্জন্য সুখাদি সমস্ত 'আত্মায় মায়া মাত্র' ইহা বিচারের দ্বারা নিশ্চয় করিয়া আত্ম-নিষ্ঠ হইয়া তাহার অধ্যাস ত্যাগ করত পুনরায় তাহা চিন্তা করিবেন না।২৭

যদেতদাত্মনি জগন্মনো-বাক্-প্রাণসংহতম্।
সর্ব্বং মায়েতি তর্কেণ স্বস্থস্ত্যক্ত্বা ন তৎ স্মরেৎ ॥২৭
জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ।
সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ ॥২৮

মনোবাক্প্রাণসংহতং (মন, বাক্য, প্রাণসংহতি অহঙ্কারাস্পদ শরীর) যৎ (যে) এতদ্ (এই) জগৎ (জগৎ) (সেই) সর্ব্বম্ (সমস্ত) আত্মনি (আত্মায়) মায়া (মায়া) ইতি (ইহা) তর্কেণ (বিচারের দ্বারা) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) স্বস্থঃ সন্ (স্বস্থ হইয়া) তৎ (তাহা) ন স্মরেৎ (স্মরণ করিবেন না) ॥২৭

জ্ঞাননিষ্ঠঃ (জ্ঞানবান্) বিরক্তঃ (বিরক্ত) বা (কিংবা) অনপেক্ষকঃ (মোক্ষেও অপেক্ষাশূন্য—নিষ্কাম) মদ্ভক্তঃ (আমার ভক্ত) সলিঙ্গান্ (ত্রিদণ্ডাদি চিহ্নযুক্ত) আশ্রমান (আশ্রমসকল) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) অবিধিগোচরঃ (শাস্ত্রবিধিতে নিরপেক্ষ হইয়া) চরেৎ (বিচরণ করিবেন) ॥২৮

ইহ ও পরলোকের বিষয়সমূহে বিরক্ত অতএব মোক্ষেও আসক্তিশূন্য জ্ঞাননিষ্ঠ অথবা আমার ভক্ত, যেহেতু আমার বিধি নিষেধের অধীন হন না, তজ্জন্য ত্রিদণ্ডসহিত আশ্রমধর্ম্ম ও তাহাতে আসক্তি পরিত্যাগ পূর্ব্বক যথাসুখে বিচরণ করিবেন।২৮

পরমহংসোপনিষদে যোগী পরমহংসগণের গৌণ-মুখ্য ভেদের কথা আছে। গৌণ পরমহংসগণ স্বশরীর উপভোগ ও লোকের উপকারের জন্য কৌপীন দণ্ড, আচ্ছাদন করিবেন। মুখ্য পরমহংস সকল দণ্ড, কমণ্ডলু, আচ্ছাদন কিছু রাখিবেন না। ইহাতে কথিত হইয়াছে—রসের সহিত ভিক্ষু হিরণ্য দর্শন করিলে ব্রহ্মহত্যাকারী হন। রসের সহিত স্পর্শ করিলে পৌকস (চণ্ডাল) হন। সরসে গ্রহণ করিলে আত্মহত্যাকারী হন।

—সন্ন্যাসীর কঠিন নিয়ম পালন করিতে হয়?

—নিশ্চয়ই। সন্ন্যাসোপনিষদে কথিত হইয়াছে—সন্ন্যাসীর পক্ষে ঘৃত কুক্কুরের মূত্রসদৃশ, মধু সুরার ন্যায়, তৈল শূকরমূত্র সমান, সূপ (ঝোল) লশুনের মত, মাষাপূপাদি গোমাংসতুল্য, ক্ষীর মূত্রের সমান। সেই জন্য সন্ন্যাসী যত্ন-সহকারে ঘৃতাদি বর্জ্জন করিবেন। আরও বলিয়াছেন আজ্য রুধিরের ন্যায় ত্যাগ করিবেন। একত্র অন্ন—মাংসের মত, গন্ধলেপন—অশুদ্ধ লেপনসদৃশ, ক্ষার অন্ত্যজের ন্যায়, বস্ত্র উচ্ছিষ্ট পাত্রতুল্য, অভ্যঙ্গ স্ত্রীসঙ্গের ন্যায়, মিত্রাহ্লাদক মূত্রের মত, স্পৃহা গোমাংসের সদৃশ, জ্ঞাতচর (পূর্ব্বপরিচিত) দেশ

বুধো বালকবৎ ক্রীড়েৎ কুশলো জড়বচ্চরেৎ।
বদেদুন্মত্তবদ্ বিদ্বান্ গোচর্য্যাং নৈগমশ্চরেৎ ॥২৯
বেদবাদরতো ন স্যান্ন পাষণ্ডী ন হৈতুকঃ।
শুষ্কবাদবিবাদে ন কঞ্চিৎ পক্ষং সমাশ্রয়েৎ ॥৩০

নোদ্বিজেত জনাদ্ধীরো জনং চোদ্বেজয়েন্ন তু।
অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন।
দেহমুদ্দিশ্য পশুবদ্ বৈরং কুর্য্যান্ন কেনচিৎ ॥৩১

বুধঃ (পণ্ডিত) বালকবৎ (বালকের ন্যায়) ক্রীড়েৎ (ক্রীড়া করিবেন), কুশলঃ (নিপুণ) জড়বৎ (জড়ের ন্যায়) চরেৎ (বিচরণ করিবেন), বিদ্বান্ (বিদ্বান্) উন্মত্তবৎ (উন্মত্তের মত) বদেৎ (বলিবেন) নৈগমঃ (বেদনিষ্ঠ) গোচর্য্যাং (গো-র ন্যায়) (অনিয়ত আচারে) চরেৎ (বিচরণ করিবেন) ॥২৯

বেদবাদরতঃ (কেবল কর্ম্মকাণ্ড ব্যাখ্যাদিনিষ্ঠ) ন স্যাৎ (হইবেন না), পাষণ্ডী (শ্রুতি-স্মৃতি বিরুদ্ধ কর্ম্মের অনুষ্ঠাতা) ন (হইবেন না), হৈতুকঃ (হেতুবাদী) ন (হইবেন না), শুষ্কবাদ-বিবাদে (শুষ্ক বাদবিতণ্ডায়) কঞ্চিৎ (কোন) পক্ষং (পক্ষ) ন সমাশ্রয়েৎ (আশ্রয় করিবেন না) ॥৩০

ধীরঃ (ধীর) জনাৎ (জন হইতে) ন উদ্বিজেত (উদ্বিগ্ন হইবেন না) চ (ও) জনং (কোন জীবকে) ন তু উদ্বেজয়েৎ (উদ্বিগ্ন করিবেন না), অতিবাদান্ (কটূক্তিসকল) তিতিক্ষেত (সহ্য করিবেন), কঞ্চন (কাহাকেও) ন অবমন্যেত (অবমান করিবেন না), দেহম্ (শরীরকে) উদ্দিশ্য (উদ্দেশ উপলক্ষ্য করিয়া) কেনচিৎ (কাহারও সহিত) পশুবৎ (পশুর ন্যায়) বৈরং (শত্রুতা) ন কুর্য্যাৎ (করিবেন না) ॥৩১

জ্ঞানী বালকের মত মান-অপমান-বিবেকশূন্যের ন্যায় ক্রীড়া করিবেন—নিপুণ হইয়া ফলানুসন্ধান-রহিত জড়ের ন্যায় বিচরণ করিবেন, পণ্ডিত হইয়াও উন্মত্তের তুল্য লোকরঞ্জন না করিয়া অবস্থান করিবেন ও বেদনিষ্ঠ বেদজ্ঞ হইয়াও অনিয়তাচারীর মত আচরণ করিবেন।২৯

কেবল বেদোক্ত কর্ম্মকাণ্ড ব্যাখ্যাদিনিষ্ঠ হইবেন না। শ্রুতি-স্মৃতিবিরুদ্ধ কর্ম্মের অনুষ্ঠাতা ও কেবল তর্কনিষ্ঠ হইবেন না। নিষ্প্রয়োজন বাদ বিতণ্ডায় কোন পক্ষ অবলম্বন করিবেন না।৩০

চণ্ডাল বাটিকার তুল্য, স্ত্রী অহির ন্যায়, সুবর্ণ কালকূটের সমান, সভাস্থল শ্মশানস্থলসদৃশ, রাজধানী কুম্ভীপাকের ন্যায়, শবপিণ্ডের মত একত্রান্ন। পরিব্রাজক নামসঙ্কীর্ত্তন, দেবতার প্রসাদগ্রহণ, বাহ্য দেবার্চ্চন করিবেন না।

শুশ্রূষালাভ, পূজা যশের জন্য শিষ্যগ্রহণ করিবেন না—করুণাবশে গ্রহণ করিতে পারেন। একজন ভিক্ষু যথোক্ত, দুইজন মিথুন, তিনজন একত্র থাকিলে গ্রাম, তাহার ঊর্দ্ধ নগর। যতির মিথুন, গ্রাম, নগর করা উচিত নহে—করিলে স্বধর্ম্মচ্যুত হন। একাকী ভ্রমণ করিবেন।

ভূমিশয্যা, পাণিপাত্রে ঔষধের ন্যায় ভোজন—সন্ন্যাসোপনিষৎ। আরুণিকোপনিষৎ পরমহংস পরিব্রাজকগণের আসন শয়ন—ভূমিতে; মৃৎপাত্র অলাবু অথবা দারুপাত্র কিংবা পাণিপাত্র—উদরপাত্র। (নারদ পরিব্রাজক)

পরমহংস করপাত্রী তস্মোদ্ধূলন পর সর্ব্বত্র ভূতলে শয়ন। পরমহংস প্রণব ব্যতীত অন্য কিছু শ্রবণ করিবেন না—প্রণব কীর্ত্তন করিবেন না।

পরমহংস পরিব্রাজক

—সন্ন্যাসিগণের কিরূপ গতি হয় ?

—আতুর ও কুটীচকের ভূর্লোক, বহূদকের স্বর্গলোক, হংসের তপোলোক, পরমহংসের সত্যলোক, তুরীয়াতীত ও অবধূতের আপনার আত্মায় কৈবল্যপ্রাপ্তি।

সন্ন্যাসী কিভাবে জীবনযাপন করিবেন ?

—একাকী পর্য্যটন করিবেন, যেখানে সূর্য্যাস্ত হইবে সেইস্থানে শায়িত হইবেন, বালোন্মত্ত পিশাচের ন্যায় মরণ বা জীবিত আকাঙ্ক্ষা করিবেন না। ভৃত্য যেমন প্রভুর আজ্ঞার প্রতীক্ষা করে, তদ্রূপ কালের প্রতীক্ষা করিবেন।

—আতুর কাহাকে বলে ?

ষণ্ড, বিকল, অন্ধ, পাতকী, পতিত, পরদারী, চণ্ডী, লিঙ্গী, পাষণ্ডী প্রভৃতি যাহারা সন্ন্যাসগ্রহণে অনধিকারী, তাহারা

এক এব পরো হ্যাত্মা ভূতেষ্বাত্মন্যবস্থিতঃ।
যথেন্দুরুদপাত্রেষু ভূতান্যেকাত্মকানি চ ॥৩২
অলব্ধ্বা ন বিষীদেত কালে কালেঽশনং কচিৎ।
লব্ধ্বা ন হৃষ্যেদ্‌ধৃতিমানুভয়ং দৈবতন্ত্রিতম্ ॥৩৩

ভূতানি (সর্ব্বভূত) একাত্মকানি (একাত্মক) উদপাত্রেষু (বহুজলপাত্রে) (প্রতিবিম্বিত একমাত্র) ইন্দুঃ (চন্দ্র) যথা (যেমন বহুরূপে প্রতিভাত হয়), (তদ্রূপ) একঃ (এক) এব (মাত্র) পরঃ আত্মা (পরমাত্মা) ভূতেষু (সর্ব্বভূতে) চ (ও) আত্মনি (স্বীয় আত্মায়) অবস্থিতঃ (অবস্থিত) ॥৩২

ধৃতিমান্ (ধৈর্য্যশালী ব্যক্তি) কালে কালে (যথাকালে) অশনম্ (ভোজন) অলব্ধ্বা (লাভ না করিয়া) কচিৎ (কখন)

লোকসকল হইতে উদ্বিগ্ন হইবেন না—জনকেও উৎকণ্ঠিত (ক্ষুভিত) করিবেন না। আরও ধীর বশীকৃত-অন্তঃকরণ হইয়া নিন্দা-বাক্যসকল সহ্য করিবেন, কাহাকেও অবমাননা করিবেন না—শরীরকে উপলক্ষ্য করিয়া কাহারও সহিত পশুর মত শত্রুতা করিবেন না।৩১

যেহেতু একই চন্দ্র বহু জলপাত্রে অবস্থিত হয়, তদ্রূপ দেহাদি ব্যতিরিক্ত একই পরমাত্মা দেবমনুষ্যাদি শরীরে ও আপনাতেও অবস্থিত ভূত-শরীরসকল ভৌতিকত্বহেতু একাত্মকই জানিবেন।৩২

আহারার্থং সমীহেত যুক্তং তৎ প্রাণধারণম্।
তত্ত্বং বিমৃশ্যতে তেন তদ্ বিজ্ঞায় বিমুচ্যতে ॥৩৪
যদৃচ্ছয়োপপন্নান্নমদ্যাচ্ছ্রেষ্ঠমুতাপরম্।
তথা বাসস্তথা শয্যাং প্রাপ্তং প্রাপ্তং ভজেন্মুনিঃ ॥৩৫

ন বিষীদেত (বিষণ্ণ হইবেন না), লব্ধ্বা (লাভ করিয়া) ন হৃষ্যেৎ (হৃষ্ট হইবেন না); উভয়ং (লাভ বা অলাভ উভয়) দৈবতন্ত্রিতম্ (দৈবাধীন), (তাহা হইলেও) আহারার্থং (আহারের জন্য) সমীহেত (সম্যক্ চেষ্টা করিবেন), (কেননা) তৎ (তাহা) প্রাণধারণং (প্রাণধারণের) যুক্তং (উপযুক্ত উপায়), তেন (সেই প্রাণধারণের দ্বারা) তত্ত্বং (তত্ত্ব) বিমৃশ্যতে (বিচারিত হয়), তৎ (সেই তত্ত্ব) বিজ্ঞায় (বিশেষ রূপে বিদিত হইয়া) বিমুচ্যতে (বিমুক্ত হইয়া থাকে) ॥৩৩-৩৪

যেহেতু লাভ-অলাভ উভয়ই দৈবাধীন, অতএব ধৈর্যশালী ব্যক্তি যথাকালে ভোজন না পাইয়া বিষণ্ণ হইবেন না এবং যথাসময়ে ভক্ষ্যদ্রব্য পাইয়াও কখন হৃষ্ট হইবেন না। আহারের জন্য সম্যক্ চেষ্টা করিবেন, কেননা আহারই প্রাণধারণের উপযুক্ত উপায়। প্রাণধারণের দ্বারাতত্ত্ব বিচারিত হয়—সেই তত্ত্ব বিশেষভাবে জানিয়া মানব বিমুক্ত হইয়া থাকে।৩৩-৩৪

উৎকৃষ্ট অথবা নিকৃষ্ট, প্রারব্ধবশে যথাপ্রাপ্ত অন্ন ভোজন করিবেন। তদ্রূপ প্রাপ্তবস্ত্র, প্রাপ্ত শয্যা

প্রাণের উৎক্রমণ আসন্নকালে 'প্রৈষ' মন্ত্র উচ্চারণ পূর্ব্বক সন্ন্যাস লইতে পারে—তাহাদিগকে আতুর সন্ন্যাসী বলে।

—সন্ন্যাসগ্রহণ করিলে কি হয় ?

—ষষ্টিং কুলান্যতীতানি ষষ্টিমাগামিকানি চ।
কুলান্যুদ্ধরতে প্রাজ্ঞঃ সন্ন্যস্তমিতি যো বদেৎ॥
—সন্ন্যাসোপনিষৎ

যে বিদ্বান্ "সংন্যস্ত" ইহা বলেন, তিনি ষষ্টি অতীত এবং ষষ্টি আগামি-কুলকে উদ্ধার করেন। তিনি সন্ন্যাসগ্রহণকারীর মত পরজন্মে পুরুষদেহ লাভ করিয়া থাকেন।

—পরমহংস বাহ্য কৌপীন, আচ্ছাদন, দণ্ড, কমণ্ডলু গ্রহণে অথবা ত্যাগেই হন—কিংবা পরমহংসত্বলাভের কোন তত্ত্ব আছে ?

—সগুণ সাক্ষাৎকারের পর মন্ত্র এবং বেদাদি নিখিল শাস্ত্র প্রণবে লয় হইয়া যায়। সগুণ-সাক্ষাৎকারলাভকারী ওঙ্কার-সম্বল মহাপুরুষই পরমহংস। তিনি যে বেশেই থাকুন, দণ্ড-কমণ্ডলু গ্রহণ করুন আর না করুন—তিনিই পরমহংস।

—সন্ন্যাসীমাত্রকেই কি সর্ব্বত্যাগের কথা শ্রুতি বলিয়াছেন ?

—না। শাট্যায়নীশ্রুতিতে কথিত হইয়াছে—এষণা ত্যাগ করত অগ্রণী হইয়া মৌনগ্রহণ পূর্ব্বক ত্রিদণ্ড, উপবীত, কৌপীন, বেষ্টন বস্ত্র, শিক্য ও পবিত্র এই পঞ্চমাত্রা ধারণ করিয়া যে কোন স্থানে বাস করিবেন। এই বিষ্ণুলিঙ্গপঞ্চক ত্যাগ

শৌচমাচমনং স্নানং ন তু চোদনয়া চরেৎ।
অন্যাংশ্চ নিয়মান্ জ্ঞানী যথাহং লীলয়েশ্বরঃ ॥৩৬

যদৃচ্ছয়া (দৈবক্রমে) উপপন্নান্নং (উপস্থিত ভোজ্য) শ্রেষ্ঠম্ (স্বাদু) উত (কিংবা) অপরম্ (অস্বাদু) (নির্বিবচারে) অদ্যাৎ (ভক্ষণ করিবেন) তথা (সেইরূপ) প্রাপ্তং (প্রাপ্ত) বাসঃ (বস্ত্র, বহির্বাস) তথা (তদ্রূপ) প্রাপ্তং প্রাপ্তং (যথাপ্রাপ্ত) শয্যাং (শয্যা) মুনিঃ (বাচংযম) ভজেৎ (সেবা করিবেন)। লীলয়া (লীলায়) যথা (যেমন) অহম্ (আমি) ঈশ্বরঃ (স্বাধীন) (তদ্রূপ) জ্ঞানী (জ্ঞানী) শৌচম্ (শৌচ) আচমনং (আচমন) স্নানং (স্নান) চ (ও) অন্যান্ (অন্য) নিয়মান্ (নিয়মসকল) চরেৎ (আচরণ করিবেন), ন তু চোদনয়া (বিধি-কিঙ্কর হইয়া আচরণ করিবেন না) ॥৩৫-৩৬

মুনি প্রত্যাখ্যান না করিয়া স্বীকার করিবেন ।৩৫

যেমন আমি ঈশ্বর লীলাতেই (স্বেচ্ছাতেই) বিচরণ করি, সেইরূপ জ্ঞানী শৌচ, আচমন, স্নান অন্য নিয়মসকলও লোকশিক্ষার জন্যই করিবেন—শাস্ত্রোপদেশে বিধিকিঙ্কর হইয়া করিবেন না ।৩৬

ন হি তস্য বিকল্পাখ্যা যা চ মদ্‌বীক্ষয়া হতা।
আ দেহান্তাৎ কচিৎ খ্যাতিস্ততঃ সম্পদ্যতে ময়া ॥৩৭

তস্য (জ্ঞানীর) বিকল্পাখ্যা (ভেদপ্রতীতি আমি ভিন্ন অন্যস্ফূর্ত্তি) ন হি (নাই) (ব্যবহারিকী), (যাহা থাকে) মদ্‌বীক্ষয়া (আমার দর্শনের দ্বারা) হতা (বিনষ্ট হয়), কচিৎ (কচিৎ) আ দেহান্তাৎ (দেহপাত পর্য্যন্ত) খ্যাতিঃ (ভেদ প্রতীতি) ততঃ (দেহাবসানের পর) ময়া (আমার সহিত) সম্পদ্যতে (মিলিত হন) ॥৩৭

যেহেতু সেই জ্ঞানীর ভেদপ্রতীতি নাই, যাহা পূর্ব্বে ছিল আমার সর্ব্বাত্মত্ব-জ্ঞানের দ্বারা দেহপাত পর্য্যন্ত বিনষ্ট হইয়াছে। কখন আবশ্যক ভিক্ষাচরণ আদিতে যে কিছু প্রতীতি দেখা যায়, তাহা প্রারব্ধবশে বাধিত অনুবৃত্তিমাত্র,—অধিকারসম্পাদিকা নহে। অনন্তর দেহপাতের পর আমার সহিত একীভূত হইয়া মুক্ত হন ।৩৭

করিবেন না—দেহান্তে তাহার সহিত মৃত্তিকায় প্রোথিত করিতে হয়। বিষ্ণুলিঙ্গ ত্যাগ করিলে কোটিকল্পেও গতি হয় না। আমরণ যথাশক্তি ত্রিসন্ধ্যায় স্নান, তর্পণ, মার্জ্জন, উপস্থান ও পঞ্চযজ্ঞ করিবেন।

—পঞ্চ যজ্ঞ কি ?

—জপযজ্ঞ, যোগযজ্ঞ, তপোযজ্ঞ, স্বাধ্যায় যজ্ঞ ও জ্ঞানযজ্ঞ। ত্রিসন্ধ্যায় প্রণবের সহিত সশিরসা সপ্তব্যাহৃতিযুক্তা চতুষ্পদা গায়ত্রী জপ—জপযজ্ঞ।

সতত একাগ্রচিত্তে ভক্তিসহকারে হরি এবং গুরুর সেবার নাম যোগযজ্ঞ। বাক্-মন-কায়-কর্ম্মের অহিংসা—তপোযজ্ঞ। নানা উপনিষদ্ অভ্যাস—স্বাধ্যায় যজ্ঞ।

অব্যগ্রচিত্তে 'ওম্' উচ্চারণ পূর্ব্বক আত্মাকে ব্রহ্মাগ্নিতে হোম করাই সমস্ত যজ্ঞের উত্তমোত্তম যজ্ঞ 'জ্ঞানযজ্ঞ' বলিয়া জানিবে।

—তাহা হইলে এই বৈষ্ণবসন্ন্যাসিগণ কর্ম্মত্যাগ করেন না ?

—না।

—বৈষ্ণবসন্ন্যাসী কত প্রকার ?

—কুটীচক, বহূদক, হংস, পরমহংস—ইঁহারা "বিষ্ণুক্রীড়া বিষ্ণুরতয়ো বিমুক্তা বিষ্ণ্বাত্মকা বিষ্ণুমেবাপয়ন্তি।"

বিষ্ণুই ইঁহাদের ক্রীড়নক, বিষ্ণুতেই রতি, বিষ্ণুই আত্মা দেহান্তে ইঁহারা বিষ্ণুকেই প্রাপ্ত হন।

—শ্রুতিতে সন্ন্যাসের সম্বন্ধে বিভিন্ন মত কথিত হইয়াছে ?

—হাঁ। বিদ্বান্ যতি গুরূপদিষ্ট মার্গেই গমন করিবেন। অধিকারী ভেদে সন্ন্যাসবিধিও নানা উপনিষদে নানা প্রকার কথিত হইলেও গৌণ অধিকারী দণ্ড, কৌপীন, আচ্ছাদন আদিযুক্ত এবং মুখ্য অধিকারী দিগম্বর, সর্ব্বত্যাগী—ইহা সাধারণ উপনিষৎসমূহে কথিত হইয়াছে। কেবল বৈষ্ণব সন্ন্যাসীর পঞ্চযজ্ঞ করিবার কথা শাট্যায়ন শ্রুতিতে দেখা যায়। শ্রীভগবান্ বলিয়াছেন—

জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তোবানপেক্ষকঃ।
সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥ ১১।১৮।২৮

দুঃখোদর্কেষু কামেষু জাতনির্ব্বেদ আত্মবান্।
অজিজ্ঞাসিতমদ্ধর্ম্মো গুরুং মুনিমুপব্রজেৎ ॥৩৮
তাবৎ পরিচরেদ্ভক্ত্যা শ্রদ্ধাবাননসূয়কঃ।
যাবদ্ ব্রহ্ম বিজানীয়ান্মামেব গুরুমাদৃতঃ ॥৩৯

আত্মবান্ (আত্মজ্ঞানী) দুঃখোদর্কেষু (পরিণাম দুঃখজনক) কামেষু (কামনাসকলে) জাতনির্ব্বেদঃ (বৈরাগ্যযুক্ত, উদাসীন হইবেন) অজিজ্ঞাসিত-মদ্ধর্ম্মঃ (আমার প্রাপ্তির সাধন যিনি বিদিত নহেন, তিনি) মুনিং (মুনি) গুরুম্ (গুরুর নিকট) উপব্রজেৎ (গমন করিবেন) ॥৩৮

যাবৎ (যে পর্য্যন্ত) ব্রহ্ম (ব্রহ্ম) ন (না) বিজানীয়াৎ (বিশেষরূপে অবগত হইবেন), তাবৎ (তদবধি) শ্রদ্ধাবান্ (শ্রদ্ধাবান্) অনসূয়কঃ (অসূয়াশূন্য হইয়া) মাম্ এব গুরুম্ (আমার ন্যায় গুরুকে) ভক্ত্যা (ভক্তিসহকারে) আদৃতঃ (আদরপূর্ব্বক) পরিচরেৎ (পরিচর্য্যা করিবেন) ॥৩৯

পরিণাম-দুঃখপ্রদ বিষয়সকলে সঞ্জাত-বৈরাগ্য আত্মবান্, আমার প্রাপ্তিসাধনে যিনি শিক্ষিত নহেন, এমন যতি মননশীল গুরুর সমীপেই যাইবেন।৩৮

শ্রদ্ধাসম্পন্ন ও দোষদর্শন-রহিত হইয়া ভক্তি-সহকারে আদরের সহিত আমারই স্বরূপ গুরুকে, যে পর্য্যন্ত বিশেষরূপে ব্রহ্মকে অবগত হইতে না পারিবেন, তাবৎকাল পরিচর্য্যা করিবেন।৩৯

যিনি জ্ঞানেন্দ্রিয়ের সহিত মনকে বশ করিতে পারেন নাই, অত্যন্ত বিষয়াসক্তচিত্ত, সেই জ্ঞান-

মুমুক্ষু হইয়া যিনি জ্ঞাননিষ্ঠ অথবা মোক্ষেও আকাঙ্ক্ষাশূন্য আমার ভক্ত ত্রিদণ্ডাদি আশ্রমলিঙ্গ সহিত তাহার ধর্ম্মসমূহে আসক্তি ত্যাগ করত বিধিকিঙ্কর না হইয়া যথোচিত ধর্ম্ম আচরণ করিবেন।

জীবের ভগবদ্ভজনই পরম ধর্ম্ম। শ্রীভগবান্ শ্রীউদ্ধবকে বলিয়াছেন—হে উদ্ধব! জ্ঞানের সহিত স্বীয় আত্মাকে ভক্তিভাবে ভজনা কর।

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ।
সুদুর্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥

শ্রীমদ্ভা ৬।১৪।৫

যস্ত্বসংযতষড়্বর্গঃ প্রচণ্ডেন্দ্রিয়সারথিঃ।
জ্ঞানবৈরাগ্যরহিতস্ত্রিদণ্ডমুপজীবতি ॥৪০
সুরানাত্মানমাত্মস্থং নিহ্নুতে মাঞ্চ ধর্ম্মহা।
অবিপক্ককষায়োঽস্মাদমুষ্মাচ্চ বিহীয়তে ॥৪১

তু (কিন্তু) যঃ (যে) অসংযতষড়্বর্গঃ (অজিতেন্দ্রিয়) প্রচণ্ডেন্দ্রিয়সারথিঃ (অত্যাসক্ত, ইন্দ্রিয়সারথি বুদ্ধি) (অতএব) জ্ঞানবৈরাগ্যরহিতঃ (জ্ঞানবৈরাগ্যবিহীন) (সে) ত্রিদণ্ডম্ (কৃত্রিম সন্ন্যাসলক্ষণ) উপজীবতি (তাহা আশ্রয় করিয়া জীবিকা অর্জ্জন করিয়া থাকেন) ॥৪০

যঃ (যে) সুরান্ (সুরগণকে) আত্মস্থম্ (আত্মস্থ) আত্মানং (আত্মা) মাম্ (আমাকে) চ (ও) নিহ্নুতে (প্রতারিত করে) অবিপক্ককষায়ঃ (অপ্রাপ্ত পাপপরিপাক) (সেই) ধর্ম্মহা (ধর্ম্মহন্তা) অস্মাৎ (ইহলোক হইতে) চ (ও) অমুষ্মাৎ (পরলোক হইতে) বিহীয়তে (বিভ্রষ্ট হয়) ॥৪১

বিজ্ঞান-রহিত যতি কেবল ত্রিদণ্ডের দ্বারা উপজীবিকা অর্জ্জন করেন।৪০

পাপাদি যাহার নিবৃত্ত হয় নাই, সেই ধর্ম্মঘাতক গৃহাশ্রমত্যাগী যেহেতু যজ্ঞাদি ত্যাগহেতু সুরগণকে, ভোগসঙ্কোচের দ্বারা স্বীয় আত্মাকে, জ্ঞানের অভাবহেতু আত্মস্থ আমাকেও বঞ্চনা করে, তজ্জন্য সেই ব্যক্তি ইহলোক ও পরলোক হইতে বিভ্রষ্ট হইয়া থাকে।৪১

হে মহামুনে! কোটি সিদ্ধ মুক্তগণের মধ্যেও প্রশান্তচিত্ত নারায়ণপরায়ণ একটি ভক্তও সুদুর্লভ।

শ্রীভগবানের বাণী :—

যোগস্য তপসশ্চৈব ন্যাসস্য গতয়োঽমলাঃ।
মহর্জনস্তপঃ সত্যং ভক্তিযোগস্য মদ্গতিঃ ॥

শ্রীমদ্ভা ১১।২৪।১৪

যোগ, তপস্যা ও সন্ন্যাসের নির্ম্মলগতি—মহঃ, জন, তপঃ ও সত্যলোকে হয়, আর ভক্তিযোগের গতি মদীয় বৈকুণ্ঠলোকে হইয়া থাকে॥ ভগবৎশরণাগতিই মানবমাত্রের ভগবৎলাভের উপায়। "তবাস্মি" "প্রপন্নোঽহং" "প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ"।

ভিক্ষোর্ধর্ম্মঃ শমোঽহিংসা তপ ঈক্ষা বনৌকসঃ।
গৃহিণো ভূতরক্ষেজ্যা দ্বিজস্যাচার্য্যসেবনম্ ॥৪২

ভিক্ষোঃ (সন্ন্যাসীর) ধর্ম্মঃ (ধর্ম্ম)—শমঃ (অন্তঃকরণের স্থিরতা শান্তি), অহিংসা (কায়মনোবাক্যে পরপীড়া বর্জ্জন), বনৌকসঃ (বানপ্রস্থের)—তপঃ (তপস্যা), ঈক্ষা (আত্মানাত্ম বিবেক); গৃহিণঃ (গৃহীর)—ভূতরক্ষেজ্যা (ভূতরক্ষার জন্য যাগ); দ্বিজস্য (ব্রহ্মচারীর) আচার্য্যসেবনম্ (গুরুসেবা) ॥৪২

সন্ন্যাসীর—শম ও অহিংসা মুখ্য কর্ম্ম, বানপ্রস্থের—তপস্যা (চান্দ্রায়ণাদি), ঈক্ষা (তত্ত্ববিচার) শ্রেষ্ঠ ধর্ম্ম, গৃহস্থের—পঞ্চ মহাযজ্ঞ ও উপনীত ব্রহ্মচারীর—আচার্য-সেবাই পরমধর্ম্ম ।৪২

ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং সন্তোষো ভূতসৌহৃদম্।
গৃহস্থস্যাপ্যৃতৌ গন্তুঃ সর্ব্বেষাং মদুপাসনম্ ॥৪৩

ব্রহ্মচর্য্যং (ব্রহ্মচর্য্য), তপঃ (তপস্যা), শৌচং (শৌচ), সন্তোষঃ (সন্তোষ), ভূতসৌহৃদম্ (ভূতদয়া), ঋতৌ (ঋতুকালে) গন্তুঃ (ভার্য্যাগমন) গৃহস্থস্য (গৃহস্থের ধর্ম্ম); মদুপাসনং (আমার উপাসনা) সর্ব্বেষাম্ (সকলেরই ধর্ম্ম) ॥৪৩

গৃহস্থগণের—ব্রহ্মচর্য্য, তপস্যা, শৌচ, সন্তোষ, ভূতদয়া, ঋতুকালে ভার্য্যাগমন ; এবং আমার উপাসনা সমস্ত লোকেরই ধর্ম্ম ।৪৩

অপরাধসহস্রভাজনং পতিতং ভীমভবার্ণবোদরে।
অগতিং শরণাগতং হরে কৃপয়া কেবলমাত্মসাৎ কুরু ॥

ইহাই ভক্তের সম্বল। ভক্তের কাম্য প্রেমভক্তি।

—প্রেমভক্তি কাহাকে বলে ?

—"যদ্দ্বারা ইষ্টবিষয়ে অতিশয় মমতা ও চিত্ত সর্ব্বতোভাবে নির্ম্মল হয়, ঈদৃশ ভাবভক্তি গাঢ়তাপ্রাপ্ত হইলেই পণ্ডিতেরা তাহাকে প্রেমভক্তি বলিয়া নির্দ্দেশ করেন।

"ভাব অনন্যমমতা লাভ করিলে প্রেম হয়।"

"ভাব বা রতি সান্দ্রতা অর্থাৎ গাঢ়তা প্রাপ্ত হইলে তাহাকে প্রেম বলে। কৃষ্ণের সহিত জীবের নিত্য সুখ সম্বন্ধতার নাম প্রেম।"

"প্রেমী ভক্তের নিকট প্রপঞ্চ পর্য্যন্ত বৈকুণ্ঠরূপে প্রতিভাত হয়" "প্রেমই প্রযত্নের চরম ফল, প্রেমই জীবের নিত্যধর্ম্ম, প্রেমই পুরুষার্থ"।

"এই প্রেমভক্তি নির্গুণা, নিষ্কামা, কেবলা, আত্যন্তিকী, অহৈতুকী ও অকিঞ্চনা প্রভৃতি নামে আখ্যাত হইয়া থাকে ॥"

শ্রীভগবান্ রামচন্দ্র শবরীকে নবধা ভক্তিসাধনের কথা বলিয়াছিলেন। প্রথম—সাধুসঙ্গ, দ্বিতীয়—মৎকথালাপ, তৃতীয়—সদ্গুণকীর্ত্তন, চতুর্থ—উপনিষদাদি সৎপ্রতিপাদক বাক্যের ব্যাখ্যা, পঞ্চম—ঈশ্বর জ্ঞানে গুরুসেবা, ষষ্ঠ—পুণ্যশীলতা যমাদি, নিয়মাদি এবং মদীয় অর্চনায় নিরন্তর নিতান্ত নিষ্ঠা, সপ্তম—সাঙ্গ আমার মন্ত্রের উপাসনা, অষ্টম—ভাগবত সেবা, বৈরাগ্য সর্ব্বভূতে ব্রহ্মবুদ্ধি, ; নবম—আমার তত্ত্ববিচার।

যে কেহ এই নববিধ সাধনে সংসিদ্ধ হইয়াছে, তাহারই হৃদয়ে প্রেমলক্ষণা ভক্তি সঞ্জাত হয়। প্রেমভক্তি সঞ্জাত হইবামাত্র আমার স্বরূপানুভব হইয়া থাকে।

—জ্ঞানিগণেরও প্রেমভক্তি হয় ?

—ব্রহ্মজ্ঞান না হওয়া পর্য্যন্ত পরাভক্তিই হয় না।

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ শ্রীশ্রীগীতা ১৮।৫৪

"আমি ব্রহ্ম" এই ভাবে অবস্থিত প্রসন্নচিত্ত নষ্টদ্রব্যের জন্য শোক করেন না এবং অপ্রাপ্তের আকাঙ্ক্ষা করেন না। সর্ব্বভূতে সমজ্ঞানসম্পন্ন হইয়া সর্ব্বভূতে আমার ভাবনা-লক্ষণ পরাভক্তি লাভ করেন। সেই ভক্তিপ্রভাবে আমার স্বরূপ, আমার সর্ব্বব্যাপিত্ব জানিয়া পরিণামে আমাতেই প্রবেশ করিয়া থাকেন।

শ্রীভগবান্ রামানন্দস্বামী পরাভক্তির লক্ষণ বলিয়াছেন—

বিবেক, বিমোক, অভ্যাস, ক্রিয়া, কল্যাণ, ও অনুদ্ধর্ষ—এই সপ্তসাধনে উৎপন্না—যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি এই আটটি—যাহার সুখবোধক অঙ্গ—

সা তৈলধারা সমনিত্যসংস্মৃতি-
সন্তানরূপেশিপরানুরক্তিঃ।

তৈলধারার ন্যায় অবিচ্ছিন্ন সেই নিত্য সম্যক্ স্মৃতির বিস্তাররূপা যে ঈশ্বরে অনুরক্তি—নিরতিশয় প্রীতি তাহাই পরাভক্তি।

ইতি মাং যঃ স্বধর্ম্মেণ ভজেন্নিত্যমনন্যভাক্।
সর্ব্বভূতেষু মদ্ভাবো মদ্ভক্তিং বিন্দতে দৃঢ়াম্ ॥৪৪

ইতি (এইরূপ) মাং (আমাকে) স্বধর্ম্মেণ (স্বধর্ম্মের দ্বারা) অনন্যভাক্ (অনন্যপরায়ণ) যঃ (যিনি) নিত্যং (সতত) ভজেৎ (ভজনা করেন), সর্ব্বভূতেষু (সর্ব্বপ্রাণীতে) মদ্ভাবঃ (অন্তর্য্যামীরূপে আমার ভাবনা) (তিনি) দৃঢ়াং (স্থিরা, গাঢ়া) ভক্তিং (ভক্তি) বিন্দতে (লাভ করেন) ॥৪৪

এইরূপ অনন্যপ্রয়োজন হইয়া যিনি স্বধর্ম্মের দ্বারা নিত্য আমাকে ভজনা করেন, তিনি সর্ব্বভূতে আমাকে দর্শন করত আমার সুদৃঢ়া ভক্তি লাভ করিয়া থাকেন।৪৪

—পরাভক্তি লাভ করা তো অত্যন্ত কঠিন।

হাঁ। ওগুলার লাভ হইলে তবে পরাভক্তি লাভ হয়

কর্ম্মাসক্তি ও ফলত্যাগ-লক্ষণ সন্ন্যাসের দ্বারা নৈষ্কর্ম্ম্যসিদ্ধি সর্ব্বকর্ম্ম নিবৃত্তি লক্ষণা সত্ত্বশুদ্ধি লাভ হয়। অনন্তর সর্ব্বসঙ্গ ত্যাগপূর্ব্বক নির্জ্জনে বাস, বৈরাগ্য আশ্রয়, ধ্যান যোগানুষ্ঠান, লঘু আহার, বাক্য-মন-শরীর সংযম; অহঙ্কার, বল, দর্প, ক্রোধ ও পরিগ্রহ পরিত্যাগ পূর্ব্বক মমতাশূন্য হইয়া শান্তভাব অর্থাৎ পরম উপশান্তিপ্রাপ্ত জ্ঞানী "ব্রহ্মভূয়ায়" "ব্রহ্ম আমি" এইরূপ নিশ্চলভাবে অবস্থানে সমর্থ হন। অনন্তর পরাভক্তি লাভ হয়।

এই পরাভক্তির নামান্তরই প্রেমভক্তি। ভক্ত, জ্ঞানী—সকলেরই ইহাই কাম্য।

—প্রেমভক্তিলাভের পর কি হয়?

—এক অদ্বয়জ্ঞানকে জ্ঞানিগণ ব্রহ্ম, যোগিবৃন্দ পরমাত্মা ও ভক্তদল ভগবান্ বলেন। প্রেমভক্তি লাভ হইলে জ্ঞানী, যোগী, ভক্ত স্ব স্ব ইষ্টে সম্মিলিত হইয়া থাকেন।

জ্ঞানমাত্রং পরং ব্রহ্ম পরমাত্মেশ্বরঃ পুমান্। শ্রীভাঃ ৩।৩২

জ্ঞানই পরমব্রহ্ম—তাঁহার নামান্তর পরমাত্মা, ঈশ্বর, পুরুষ।

—জ্ঞান ও ভক্তির মধ্যে মানুষ কিসে স্থিতিলাভ করত মুক্ত হয়?

—মহাভারতোক্ত শ্রীমদ্ভগবদ্গীতা, অনুগীতা ও অনুস্মৃতি এবং শ্রীমদ্ভাগবতে কথিত শ্রীউদ্ধবগীতা এই চারিখানি গ্রন্থ

ভক্ত্যোদ্ধবানপায়িন্যা সর্ব্বলোকমহেশ্বরম্।
সর্ব্বোৎপত্ত্যপ্যয়ং ব্রহ্ম কারণং মোপযাতি সঃ ॥৪৫

উদ্ধব (হে উদ্ধব)। অনপায়িন্যা (অচলা) ভক্ত্যা (ভক্তির দ্বারা) সর্ব্বলোকমহেশ্বরং (অখিল লোকনিয়ন্তা) সর্ব্বোৎপত্ত্যপ্যয়ং (সকলের উৎপত্তি-সংহারক) (অতএব সৃষ্টি সংহারের) কারণং (কারণ) ব্রহ্ম (ব্রহ্মরূপ বৈকুণ্ঠনিবাসী) মা (আমাকে) উপযাতি (প্রাপ্ত হন) ॥৪৫

হে উদ্ধব! অবিনাশিনী ভক্তির দ্বারা সর্ব্বলোক-মহেশ্বর, অখিলের উৎপত্তি বিনাশক, সকলের কারণ ব্রহ্মস্বরূপ বৈকুণ্ঠনিবাসী আমাকে প্রাপ্ত হইয়া থাকেন।৪৫

শ্রীভগবানের শ্রীমুখের বাণী।

শ্রীগীতায় বলিয়াছেন—

অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ ॥ ১৮।৭০

যিনি আমাদের এই ধর্ম্মানুগত সংবাদ পাঠ করিবেন তাঁহার জ্ঞানযজ্ঞের দ্বারা আমার অর্চ্চনা করা হইবে।

অনুস্মৃতিতে নারদকে শ্রীভগবান্ এইরূপ বলিয়াছেন—

নৈষ্কৈবল্যপদং দেব কাঙ্ক্ষেঽহং তু পরন্তপ।
একীভাবস্ত্বয়া মেঽস্তু ন মে জন্ম ভবেৎ পুনঃ ॥৬২

—হে পরন্তপ! আমি তোমার নিকট নৈষ্কৈবল্যপদ প্রার্থনা করি। তোমার সহিত আমার একীভাব হউক—যেন আমার আর পুনর্জন্ম না হয়।

অনুগীতায় শ্রীভগবান্ বলিয়াছেন—

যাঁহার অন্তকালে উচ্ছ্বাস মাত্র কালও পরমাত্মার সহিত জীবাত্মার অভেদজ্ঞান জন্মে, তাঁহার নিশ্চয়ই মুক্তিলাভ হইয়া থাকে—সন্দেহ নাই। নিমেষমাত্রও জীবাত্মাতে পরমাত্মাকে নিরুদ্ধ করিলে চিত্তপ্রসন্নতার দ্বারা কৃতকার্য্য হইতে পারা যায় ॥১৮ অধ্যায়

বিশুদ্ধ সত্ত্বগুণ অবলম্বন পূর্ব্বক সর্ব্ববিষয়ে অভিমান পরিত্যাগ করিয়া পরব্রহ্মের স্বরূপত্ব লাভ করেন---জ্ঞানবান্ ব্যক্তি চিত্ত হইতে জ্ঞানলাভ করিয়া সংযতভাবে মৌন অবলম্বন পূর্ব্বক অবস্থান করিবেন। ঐ ৫১ অধ্যায়

ইতি স্বধর্ম্মনির্ণিক্তসত্ত্বো নির্জ্ঞাতমদ্‌গতিঃ।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নো ন চিরাৎ সমুপৈতি মাম্ ॥৪৬

বর্ণাশ্রমবতাং ধর্ম্ম এষ আচারলক্ষণঃ।
স এব মদ্ভক্তিযুতো নিঃশ্রেয়সকরঃ পরঃ ॥৪৭

এতত্তেঽভিহিতং সাধো ভবান্ পৃচ্ছতি যচ্চ মাম্।
যথা স্বধর্ম্মসংযুক্তো ভক্তো মাং সমিয়াৎ পরম্ ॥৪৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮

ইতি (এইরূপে) স্বধর্ম-নির্ণিক্তসত্ত্বঃ (স্বধর্মের দ্বারা শুদ্ধসত্ত্ব) (অতএব) নির্জ্ঞাতমদ্‌গতিঃ (নিশ্চয়রূপে আমার ঐশ্বর্য্য বিজ্ঞাতা) জ্ঞান-বিজ্ঞানসম্পন্নঃ (জ্ঞান বিজ্ঞান সমন্বিত) বিরক্তঃ (নিস্পৃহ বৈরাগ্যযুক্ত) মাং (আমাকে) সমুপৈতি (সম্যক্‌রূপে লাভ করেন) ॥৪৬

বর্ণাশ্রমবতাম্ (বর্ণাশ্রমিগণের) এষঃ (এই) আচারলক্ষণঃ (আচারলক্ষণ) ধর্ম্মঃ (ধর্ম) সঃ এব (তাহাই) মদ্ভক্তিযুতঃ সন্ (আমার ভক্তিযুক্ত হইয়া) পরঃ (পরম) নিঃশ্রেয়সকরঃ (মুক্তিপ্রদায়ক হয়) ॥৪৭

স্বধর্ম্মসংযুক্তঃ (স্বধর্ম্মসমন্বিত) ভক্তঃ (ভক্ত) যথা (যে প্রকারে) পরং (পরমাত্মা) মাং (আমাকে) সমিয়াৎ (প্রাপ্ত হন), সাধো (হে সাধো)! ভবান্ (তুমি) যৎ (যাহা) পৃচ্ছতি চ (জিজ্ঞাসা করিয়াছ), এতৎ (এই) তে (তোমাকে) অভিহিতম্ (বলিলাম) ॥৪৮

শ্রীমদ্‌ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে একাদশাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

এইরূপ স্বধর্ম্মের দ্বারা বিশুদ্ধ-অন্তঃকরণ নিশ্চয়রূপে আমার ঐশ্বর্য্য-বিজ্ঞাতা শাস্ত্রীয় জ্ঞান ও ব্রহ্মানুভূতি বিজ্ঞানসম্পন্ন বিরক্ত, সমস্ত আসক্তিশূন্য আমাকে সম্যক্‌রূপে লাভ করিয়া থাকেন।৪৬

বর্ণাশ্রমিগণের এই আচারলক্ষণ (পিতৃলোক প্রাপ্তিফলক) ধর্ম্ম যদি আমার ভক্তিযুক্ত হয়, তাহাই সর্ব্বসাধন শ্রেষ্ঠ হইয়া মুক্তিপ্রদ হইয়া থাকে।৪৭

হে সাধো উদ্ধব! স্বধর্ম্মসম্পন্ন ভক্ত কিরূপে পরমাত্মা আমাকে প্রাপ্ত হন, তুমি ইহা জিজ্ঞাসা করিয়াছিলে——তাহা তোমাকে বলিলাম।৪৮

শ্রীউদ্ধবগীতায় বলিয়াছেন—

অভীক্ষ্ণশস্তে গদিতং জ্ঞানং বিস্পষ্টযুক্তিমৎ।
এতদ্ বিজ্ঞায় মুচ্যেত পুরুষো নষ্টসংশয়ঃ ॥ ২৪ (২৯ অঃ)

সুস্পষ্ট যুক্তিবিশিষ্ট জ্ঞান আমি তোমায় পুনঃ পুনঃ উত্তমরূপে বলিলাম। এই তত্ত্বজানিয়া নষ্ট-সংশয় পুরুষ মুক্ত হয়।

শান্তিগীতায় ও উত্তরগীতাতেও জ্ঞানের কথাই বলিয়াছেন।

যাঁহারা নির্ব্বেদযুক্ত বিরক্ত তাঁহাদের জ্ঞানই আশ্রয়ণীয়। তবে সে-জ্ঞান ভক্তিযুক্ত হইলে সাধকের কোন চিন্তা থাকে না—শ্রীভগবানই সমস্ত ব্যবস্থা করেন।

যাঁহার কোন সম্বল নাই, তাঁহার শরণাগতি "আমি তোমার শরণাগত" এই মহামন্ত্রই অবলম্বনীয়।

শ্রীশুকদেব শ্রীপরীক্ষিৎকে শেষে বলিয়াছিলেন—

অহং ব্রহ্ম পরং ধাম ব্রহ্মাহং পরমং পদম্।
এবং সমীক্ষ্য চাত্মানমাত্মন্যাধায় নিষ্কলে ॥১১।১২।৫।

"আমিই পরম ধাম ব্রহ্ম, আমিই পরমপদ ব্রহ্ম," এইরূপ নিশ্চয় করিয়া নিরুপাধি আত্মায় আত্মপ্রতিষ্ঠা কর। সমস্তই অধিকার লইয়া; যিনি যেমন অধিকারী, তিনি সেই পথ অবলম্বনে শ্রীভগবান্‌কে লাভ করিতে সমর্থ হন।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ঊনবিংশঃ অধ্যায়ঃ।

[ভক্তেঃ, সাধনস্য, যম-নিয়মাদীনাং চ বর্ণনম্।]

শ্রীভগবানুবাচ।

যো বিদ্যাশ্রুতসম্পন্ন আত্মবান্ নানুমানিকঃ।
মায়ামাত্রমিদং জ্ঞাত্বা জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেৎ ॥১

জ্ঞানিনস্ত্বহমেবেষ্টঃ স্বার্থো হেতুশ্চ সম্মতঃ।
স্বর্গশ্চৈবাপবর্গশ্চ নান্যোঽর্থো মদৃতে প্রিয়ঃ ॥২
জ্ঞানবিজ্ঞানসংসিদ্ধাঃ পদং শ্রেষ্ঠং বিদুর্মম।
জ্ঞানী প্রিয়তমোঽতো মে জ্ঞানেনাসৌ বিভর্ত্তি মাম্ ॥৩

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—যঃ (যিনি) বিদ্যাশ্রুতসম্পন্নঃ (অনুভব পর্য্যন্ত শ্রুতসমন্বিত) (অতএব) আত্মবান্ (আত্মজ্ঞানী) ন আনুমানিকঃ (কেবল পরোক্ষ জ্ঞানবান্ নহেন), (তিনিই) ইদং (এই) (তাহার সাধন) জ্ঞানং (জ্ঞান) চ (ও) মায়ামাত্রং (মায়ামাত্র—ইহা জানিয়া) ময়ি (আমাতে) সন্ন্যসেৎ (সমর্পণ করিবেন) ॥১

অন্বয়ঃ

(যেহেতু) অহম্ (আমি) এব (ই) জ্ঞানিনঃ (জ্ঞানিগণের) ইষ্টঃ (আকাঙ্ক্ষিত ইষ্ট), স্বার্থঃ (ফল) হেতুঃ (ও তাহার সাধন) সম্মতঃ (সম্মত, অনুমত), (সেই হেতু) (তাঁহার) স্বর্গঃ (স্বর্গ), অপবর্গঃ (মুক্তি), অন্যঃ (অন্য) অর্থঃ (প্রয়োজন) মদৃতে (আমা ব্যতীত) ন প্রিয়ঃ (প্রিয় নহে) ॥২

ঊনবিংশ অধ্যায়।

[ভক্তি, সাধন ও যম-নিয়মাদি সকলের বর্ণন।]

বেদান্তাম্ভোজ-সংঘানাং ভাস্করায় প্রকাশিনে।
নির্ম্মলায় স্বরূপায় প্রণবায় নমো নমঃ॥

শ্রীভগবান্ বলিলেন,—যিনি আত্মানুভবের সহিত শ্রুতসম্পন্ন, প্রাপ্তআত্মতত্ত্ব, কেবল পরোক্ষজ্ঞানবান্ নহেন, তিনি এই অহং-মমাত্মক জগৎ মায়ামাত্র—মায়াতে অধ্যাসিতমাত্র অবগত হইয়া জ্ঞান ও জ্ঞানের সাধন আমাতে সম্যক্‌রূপে সমর্পণ করিবেন।১ (১)

তাদৃশ জ্ঞানীর আমিই বাঞ্ছিত—স্বার্থফলভূত ও তাহার সাধন বলিয়া সম্মত, এইজন্য আমায় ত্যাগ করত তাঁহার অভ্যুদয়, মোক্ষ অথবা অন্য প্রিয় বিষয় নাই।২

জ্ঞানবিজ্ঞানের দ্বারা বিশুদ্ধ-অন্তঃকরণগণই আমার অনুত্তম স্বরূপ বিদিত আছেন। এই হেতু জ্ঞানী আমার প্রিয়তম, যেহেতু জ্ঞানের দ্বারা সেই জ্ঞানী আমাকে হৃদয়ে ধারণ করিয়া থাকেন।৩

(১)—জ্ঞান শ্রীভগবানে সমর্পণ করিতে হয়?

—হাঁ। অপরোক্ষ ব্রহ্মজ্ঞানী এই দ্বৈত জগৎ তাহার নিবৃত্তিসাধন ও আমাতে মায়ামাত্র জানিয়া জ্ঞান ও তাহার সাধন আমাতে সন্ন্যাস করিবেন—ইহার নাম বিদ্বৎসন্ন্যাস। "এই বিশ্ব ব্রহ্ম"—এই ভাবে জগৎ-দর্শনে দ্বৈতনিবৃত্তি হয় না। "বাসুদেবঃ সর্ব্বং" এ জ্ঞান মায়া। অন্য কিছু নাই একমাত্র পরমপুরুষ আছেন, সব ব্রহ্ম—এই জ্ঞান এবং জ্ঞানের সাধন শ্রীভগবানে সমর্পণ করিয়া ভজনা করিতে হয়।

—জ্ঞানের সাধন কি?

অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জ্জবম্।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ॥
—শ্রীশ্রীগীতা ১৩।৮

আত্মশ্লাঘারাহিত্য, অদাম্ভিকতা, অহিংসা, ক্ষমা, সরলতা, আচার্য্যোপাসনা, শৌচ, স্থৈর্য্য (সন্মার্গে একনিষ্ঠতা), শরীর সংযম, বিষয়বৈরাগ্য, নিরহঙ্কারিতা, জন্ম মৃত্যু-জরা, ব্যাধি, দুঃখ ও দোষের বারংবার সমালোচন, প্রীতি ত্যাগ, পুত্র, কলত্র ও

তপস্তীর্থং জপো দানং পবিত্রাণীতরাণি চ।
নালং কুর্ব্বন্তি তাং সিদ্ধিং যা জ্ঞানকলয়া কৃতা ॥৪
তস্মাজ্‌জ্ঞানেন সহিতং জ্ঞাত্বা স্বাত্মানমুদ্ধব।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নো ভজ মাং ভক্তিভাবিতঃ ॥৫
জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন মামিষ্ট্বাত্মানমাত্মনি।
সর্ব্বযজ্ঞপতিং মাং বৈ সংসিদ্ধিং মুনয়োঽগমন্ ॥৬

ত্বয্যুদ্ধবাশ্রয়তি যস্ত্রিবিধো বিকারো
মায়ান্তরাপততি নাদ্যপবর্গয়োর্যৎ।
জন্মাদয়োঽস্য যদমী তব তস্য কিং স্যু-
রাদ্যন্তয়োর্যদসতোঽস্তি তদেব মধ্যে ॥৭

জ্ঞানবিজ্ঞানসংসিদ্ধাঃ (জ্ঞানবিজ্ঞানসম্পন্ন) মম (আমার) শ্রেষ্ঠং (পরমোৎকৃষ্ট) পদং (পদস্বরূপ) বিদুঃ (জানেন), অসৌ (সেই জ্ঞানী) জ্ঞানেন (জ্ঞানের দ্বারা) মাং (আমাকে) বিভর্ত্তি (ধারণ করেন), অতঃ (এই হেতু) জ্ঞানী (জ্ঞানী) মে (আমার) প্রিয়তমঃ (প্রিয়তম) ॥৩

যা (যে) জ্ঞানকলয়া (লবমাত্র জ্ঞানের দ্বারা) কৃত (অনুষ্ঠিত হয়), তপঃ (তপস্যা), তীর্থং (তীর্থ), জপঃ (জপ), দানম্ (দান), ইতরাণি (অন্য) পবিত্রাণি (পবিত্র কর্ম্মসকলও) তাং (সেই) সিদ্ধিং (সিদ্ধি) ন অলং কুর্ব্বন্তি (হয় না) ॥৪

তস্মাৎ (অতএব) উদ্ধব (হে উদ্ধব)! জ্ঞানেন (জ্ঞানের) সহিতং (সহিত) স্বাত্মানং (স্বীয় আত্মা আমাকে) জ্ঞাত্বা (বিদিত হইয়া) জ্ঞান-বিজ্ঞানসম্পন্নঃ (জ্ঞানবিজ্ঞান সমন্বিত) ভক্তিভাবিতঃ (ভক্তিবাসিত, ভক্তি পবিত্রীকৃত) সন্ (হইয়া) মাং (আমাকে) ভজ (ভজনা কর) ॥৫

মুনয়ঃ (মুনিগণ) জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন (জ্ঞান-বিজ্ঞানযজ্ঞের দ্বারা) আত্মনি (আত্মায়) সর্ব্বযজ্ঞপতিম্ (নিখিল যজ্ঞপতি) আত্মানং (আত্মা) মাম্ (আমাকে) ইষ্ট্বা (অর্চ্চনা করিয়া) সংসিদ্ধিম্ (মোক্ষ) অগমন্ (প্রাপ্ত হইয়াছেন) ॥৬

লেশমাত্র জ্ঞানের দ্বারা যে সিদ্ধি অনুষ্ঠিত হইয়া থাকে, সেই সিদ্ধি তপস্যা, তীর্থ, মন্ত্রজপ, সৎপাত্রে ধনদান এবং অন্যান্য বিশুদ্ধ কর্ম্মসকলের দ্বারা লাভ হয় না।৪

অতএব হে উদ্ধব! জ্ঞানের সহিত আপনার আত্মাকে অবগত হইয়া জ্ঞানবিজ্ঞানসম্পন্ন ভক্তিতে পূর্ণ হইয়া আমাকেই ভজনা কর—অন্য সমস্ত পরিত্যাগ কর।৫

মুনিসকল জ্ঞানবিজ্ঞানরূপ যজ্ঞের দ্বারা নিখিল যজ্ঞপতি পরমাত্মা আমাকে আত্মায় ধ্যান করিয়া আমাকেই প্রাপ্ত হইয়াছেন।৬

হে উদ্ধব! প্রকৃতি-কার্য্যভূত দেহ, ইন্দ্রিয়, অন্তঃকরণরূপ ত্রিবিধ বিকার যে তোমাতে প্রতীত হয়, তাহা মায়াস্বরূপ আবরণের দ্বারা মধ্যেই বিজ্ঞাত হয়, যেহেতু আদি ও অন্তে তাহা নাই। অতএব এই দেহাদির সেই জন্মাদি বিকারসকল হয়, তখন

গৃহাদির প্রতি অনাসক্তি, ইষ্টে ও অনিষ্টে সমচিত্ততা, আমার প্রতি ঐকান্তিকী ভক্তি, শুদ্ধ নির্জ্জনস্থানে অবস্থান, জনসমাজে বিরাগ, আত্মজ্ঞানপরায়ণতা এবং তত্ত্বজ্ঞানের প্রয়োজন মোক্ষের সর্ব্বোৎকৃষ্টত্ব ইহার আলোচনা এই বিংশতিটি জ্ঞানের সাধনকে শ্রীভগবান্ গীতায় জ্ঞান বলিয়াছেন। ইহা শ্রীভগবানে সমর্পণ করিতে হইবে।

—অনন্তর জ্ঞানি-ভক্ত কি করিবেন?

—"ব্রহ্মাস্মি" এই জ্ঞানে যিনি স্থিতিলাভ করিয়াছেন, যাঁহার যোগ শেষ হইয়া গিয়াছে, তিনি ভক্তিভাবে শ্রীভগবানের ভজন করিবেন।

—তাঁহার ভজনের প্রকার কি?

—ধ্যানই তাঁহার ভজন। কদাচিৎ ধ্যানভঙ্গে

প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়ো ভবেৎ॥ ২।২।৪

—মুণ্ডকোপনিষৎ।

ওঙ্কার ধনু, জীবাত্মাই শর, ব্রহ্ম তাহার লক্ষ্য—প্রমাদবিহীন হইয়া ভেদ করিতে হইবে॥ তারপর শরের ন্যায় লক্ষ্য ব্রহ্মের সহিত তন্ময়—অভিন্ন সম্মিলিত হইবে। পুনঃ পুনঃ শরক্ষেপই

উদ্ধব উবাচ।

জ্ঞানং বিশুদ্ধং বিপুলং যথৈতদ্
বৈরাগ্যবিজ্ঞানযুতং পুরাণম্।
আখ্যাহি বিশ্বেশ্বর বিশ্বমূর্ত্তে
ত্বদ্ভক্তিযোগঞ্চ মহদ্বিমৃগ্যম্ ॥৮

তাপত্রয়েণাভিহতস্য ঘোরে
সন্তপ্যমানস্য ভবাধ্বনীশ।
পশ্যামি নান্যচ্ছরণং তবাঙ্ঘ্রি-
দ্বন্দ্বাতপত্রাদমৃতাভিবর্ষাৎ ॥৯

দষ্টং জনং সম্পতিতং বিলেঽস্মিন্
কালাহিনা ক্ষুদ্রসুখোরুতর্ষম্।
সমুদ্ধরৈনং কৃপয়াপবর্গ্যৈ-
র্বচোভিরাসিঞ্চ মহানুভাব ॥১০

উদ্ধব (হে উদ্ধব)! ত্বয়ি (তোমাতে) যঃ (যে) ত্রিবিধঃ (তিনপ্রকার গুণময়) যৎ (যে) বিকারঃ (বিকার) (দেহাধ্যাস) আশ্রয়তি (আশ্রয় করিয়া আছে), (তাহা) মায়া (মায়ামাত্র); (সেই মায়া কেবল) অন্তরা (মধ্যে) আপততি (প্রাপ্ত হয়)—আদ্যপবর্গয়োঃ (আদ্যন্তে) ন (নহে), (এই নিমিত্ত) তস্য (সেই বিকারের) যদমী (সেই) জন্মাদয়ঃ (জন্মস্থিতি নাশ) স্যুঃ (হয়), (তোমার) তৎ (তাহা) কিম্ (কি)? যৎ (যেহেতু) অসতঃ (অসৎ বস্তুর) আদ্যন্তয়োঃ (আদি ও অন্তে) যৎ (যাহা) মধ্যে (মধ্যে) তৎ (তাহা) এব (ই) ॥৭

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—বিশ্বেশ্বর (হে বিশ্বেশ্বর)! বৈরাগ্য-বিজ্ঞানযুতং (বৈরাগ্য-বিজ্ঞানযুক্ত) মহদ্বিমৃগ্যং (ব্রহ্মাদিরও অন্বেষণীয়), (অতএব) পুরাণম্ (পুরাতন) এতৎ (এই) বিশুদ্ধং (বিশুদ্ধ) জ্ঞানং (জ্ঞান) যথা (যে প্রকারে) বিপুলং (বিপুল) (নিশ্চিত হয়), বিশ্বমূর্ত্তে (হে বিশ্বমূর্ত্তে), ত্বদ্ভক্তিযোগম্ (আপনার ভক্তিযোগও) আখ্যাহি (বলুন) ॥৮

ঈশ (হে ঈশ)! ঘোরে (দারুণ) ভবাধ্বনি (সংসার পথে) তাপত্রয়েণ (ত্রিতাপের দ্বারা) অভিহতস্য (নিপীড়িত) সন্তপ্যমানস্য (সন্তাপিতের) তব (আপনার) অঙ্ঘ্রিদ্বন্দ্বাতপত্রাৎ (পাদযুগলরূপ ছত্র হইতে) অমৃতাভিবর্ষাৎ (পরমানন্দ বর্ষণ ভিন্ন) অন্যৎ (অন্য) শরণং (আশ্রয়) ন পশ্যামি (দেখিতেছি না) ॥৯

মহানুভাব (হে মহাপ্রভাব)! অস্মিন্ (এই) বিলে (সংসার

অধিষ্ঠানভূত তোমার কি? যেমন অসৎ সর্পাদির আদ্যন্তে বর্ত্তমান যে রজ্জু প্রভৃতি অদৃষ্ট আছে তাহাও মধ্যেই সৎ হয়, এই হেতু সর্পাদিগত বিকারসকল তাহার অধিষ্ঠান রজ্জ্বাদিতে নাই, তদ্রূপ দেহাদিগত বিকারও তোমাতে নাই।৭

শ্রীউদ্ধব বলিলেন,—হে বিশ্বেশ্বর, বিশ্বমূর্ত্তি! বৈরাগ্য-বিজ্ঞানসম্পন্ন অনাদি বেদসিদ্ধ পবিত্র এই জ্ঞান যে প্রকারে নিশ্চিত হয় এবং ব্রহ্মাদি মহদ্গণের বিশেষভাবে অন্বেষণীয় আপনার ভক্তিযোগও বিস্তারপূর্ব্বক বলুন।৮

আধ্যাত্মিকাদি ত্রিতাপের দ্বারা বিড়ম্বিত ভীষণ সংসারমার্গে অতিশয় পীড়িত জীবের সকলদিকে অমৃতবর্ষণকারী আপনার চরণযুগলরূপ ছত্র ভিন্ন আশ্রয় দেখিতেছি না।৯

হে মহাপ্রভাব! এই সংসারকূপে সম্যক্‌রূপে পতিত ক্ষুদ্র বিষয়সুখে বিষম তৃষ্ণাসম্পন্ন, তদ্রূপ কালরূপ সর্পের দ্বারা দষ্ট আমাকে কৃপাপূর্ব্বক উদ্ধার করুন ও মোক্ষসাধনভূত বাণীসমূহের দ্বারা উত্তমরূপে অভিষিক্ত করুন।১০

তাঁহার ভজন।

ধনুস্তারং শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়ো ভবেৎ ॥ ৩৮ ॥
রুদ্রহৃদয় উপনিষদি

লক্ষ্যং সর্ব্বগতঞ্চৈব শরঃ সর্ব্বগতো মুখঃ।
বেদ্ধা সর্ব্বগত শ্চৈব শিবলক্ষ্যং ন সংশয়ঃ ॥৩৯ ঐ

—জ্ঞান কি?

—যে জ্ঞানের দ্বারা অষ্টাবিংশতি তত্ত্ব ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত

শ্রীভগবানুবাচ

ইত্থমেতৎ পুরা রাজা ভীষ্মং ধর্ম্মভৃতাং বরম্।
অজাতশত্রুঃ পপ্রচ্ছ সর্ব্বেষাং নোঽনুশৃণ্বতাম্ ॥১১
নিবৃত্তে ভারতে যুদ্ধে সুহৃন্নিধনবিহ্বলঃ।
শ্রুত্বা ধর্ম্মান্ বহূন্ পশ্চান্মোক্ষধর্ম্মানপৃচ্ছত ॥১২

তানহং তেঽভিধাস্যামি দেবব্রতমুখাচ্ছ্রুতান্।
জ্ঞান-বৈরাগ্য-বিজ্ঞান-শ্রদ্ধাভক্ত্যুপবৃংহিতান্ ॥১৩
নবৈকাদশ পঞ্চ ত্রীন্ ভাবান্ ভূতেষু যেন বৈ।
ঈক্ষেতাথৈকমপ্যেষু তজ্জ্ঞানং মম নিশ্চিতম্ ॥১৪

কূপে) সংপতিতং (সম্যক্‌রূপে পতিত) (তথায়) কালাহিনা (কালসর্পের দ্বারা) দষ্টং (দষ্ট) ক্ষুদ্রসুখোরুতর্ষম্ (ক্ষুদ্র সুখে মহাতৃষ্ণাযুক্ত) এনং (এই) জনং (জন আমাকে) সমুদ্ধর (উদ্ধার করুন)। অপবর্গ্যৈঃ (মোক্ষসাধনভূত) বচোভিঃ (বাক্যসকলের দ্বারা) কৃপয়া (কৃপাপূর্ব্বক) আসিঞ্চ (সম্যক্‌রূপে অভিষিক্ত করুন) ॥১০

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—পুরা (পূর্ব্বে) ভারতে যুদ্ধে (কুরুক্ষেত্র সমর) নিবৃত্তে (নিবৃত্ত হইলে) সুহৃন্নিধনবিহ্বলঃ (স্বজনবিনাশে ব্যাকুলচিত্ত) অজাতশত্রুঃ (অজাতশত্রু) রাজা (রাজা যুধিষ্ঠির) অনুশৃণ্বতাং (শ্রবণকারী) নঃ (আমাদের) সর্ব্বেষাম্ (সকলের সমক্ষে) এতৎ (এই) ইত্থং (তুমি যেমন জিজ্ঞাসা করিলে এইরূপ) ধর্ম্মভৃতাং (ধার্মিকগণের) বরং (শ্রেষ্ঠ ধার্মিকাগ্রগণ্য) ভীষ্মং (ভীষ্মকে) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করেন)। (তাঁহার নিকট) বহূন্ (বহু) ধর্ম্মান্ (ধর্ম) শ্রুত্বা (শ্রবণ করত) পশ্চাৎ (পরে) মোক্ষ-ধর্ম্মান্ (মোক্ষধর্ম্ম) অপৃচ্ছত (জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥১১-১২

(অধুনা) দেবব্রতমুখাৎ (দেবব্রতের মুখ হইতে) শ্রুতান্ (শ্রুত) জ্ঞান-বিজ্ঞান-বৈরাগ্য-শ্রদ্ধা-ভক্ত্যুপবৃংহিতান্ (জ্ঞান-বিজ্ঞান-বৈরাগ্য-শ্রদ্ধা-ভক্তি সহিত) তান্ (সেই) ধর্ম্মান্ (ধর্ম্মসকল) অহং (আমি) তে (তোমাকে) অভিধাস্যামি (বলিব) ॥১৩

ভূতেষু (ব্রহ্মাদি স্থাবরান্ত ভূতসকলে) (প্রকৃতি পুরুষ মহৎ অহঙ্কার, পঞ্চতন্মাত্র এই) নব (নয়টী) একাদশ (ইন্দ্রিয়সকল ও মন এই) পঞ্চ (পঞ্চ মহাভূত) ত্রীন্ ভাবান্ (সত্ত্বাদি গুণত্রয়) যেন (যে জ্ঞানের দ্বারা) (এই অষ্টাবিংশতি তত্ত্ব অনুগত) ঈক্ষেত (দর্শন করে), অথ (দর্শনের পর) অপি (আর) এষু (এই সকল) ভাবেষু (পদার্থে) একং (একত্ব) (পৃথগ্ নয় যাহার দ্বারা দর্শন করে) তৎ (সেই) জ্ঞানং (জ্ঞান) মম (মদ্‌বিষয়ক) নিশ্চিতম্ (ইহা নিশ্চিত) ॥১৪

শ্রীভগবান্ বলিলেন,—হে উদ্ধব! ভারতযুদ্ধের অবসানে অজাতশত্রু রাজা যুধিষ্ঠির শ্রোতৃবৃন্দ আমাদের সমক্ষেই ভগবদ্ধর্ম্মপরায়ণগণের শ্রেষ্ঠ শর-শয্যাশায়ী ভীষ্মকে তোমার পৃষ্ট এই প্রশ্নই জিজ্ঞাসা করিয়াছিলেন।১১

ভারত যুদ্ধ নিবৃত্ত হইলে সুহৃদ্‌গণের নিধনহেতু বিহ্বল হইয়া রাজা যুধিষ্ঠির বহু ধর্ম্ম শ্রবণ করিয়া শেষে মোক্ষধর্ম্ম জিজ্ঞাসা করেন।১২

দেবব্রত ভীষ্মের মুখে শ্রুত জ্ঞান-বিজ্ঞান-শ্রদ্ধা-ভক্তির সহিত সেই ধর্মসমূহ আমি তোমাকে বলিতেছি।১৩

প্রকৃতি, পুরুষ, মহৎ, অহঙ্কার, পঞ্চতন্মাত্র এই নয়টী; পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও মন এই একাদশ; পঞ্চমহাভূত ও সত্ত্ব, রজঃ, তমঃ গুণত্রয়—এই অষ্টাবিংশতি তত্ত্ব ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত সমস্ত কার্য্যে অনুগত ইহা নিশ্চয়রূপে দৃষ্ট হয়, অনন্তর এই তত্ত্বসমূহে একমাত্র পরমাত্মতত্ত্ব অনুস্যূত এই জগৎ পরমকারণের কার্য্য মাত্র—এই ত্রিবিধ ভাব যে জ্ঞানের দ্বারা সুস্পষ্টরূপে প্রতীত হয়—তাহাই জ্ঞান।১৪

সমস্ত পদার্থের আশ্রিত ও সেই সকলে একমাত্র পরমাত্মতত্ত্ব অনুগত দেখা যায়, তাহাই জ্ঞান। এই জ্ঞানে জগৎ কার্য্য-কারণাত্মক দৃষ্ট হইলেও ইহা পরম কারণাত্মক—তাহা হইতে স্বতন্ত্র নয়, অনুভূত হয়।

জ্ঞানঞ্চৈকাত্ম্যদর্শনম্ ॥ ১১।২১ ॥
সর্ব্বভূতে একমাত্র পরমাত্মার উপলব্ধি জ্ঞান।

এতদেব হি বিজ্ঞানং ন তথৈকেন যেন যৎ।
স্থিত্যুৎপত্ত্যপ্যয়ান্ পশ্যেদ্ভাবানাং ত্রিগুণাত্মনাম্ ॥১৫
আদাবন্তে চ মধ্যে চ সৃজ্যাৎ সৃজ্যং যদন্বিয়াৎ।
পুনস্তৎপ্রতিসংক্রামে যচ্ছিষ্যেত তদেব সৎ ॥১৬
শ্রুতিঃ প্রত্যক্ষমৈতিহ্যমনুমানং চতুষ্টয়ম্।
প্রমাণেষ্বনবস্থানাদ্ বিকল্পাৎ স বিরজ্যতে ॥১৭

যৎ (যখন) যেন (যে) একেন (একে অনুগত, একাত্মক ভাবসকল পূর্ব্বে দেখা হইয়াছিল, যে সকল) তথা (পূর্ব্বের ন্যায় দেখেন না, কিন্তু একমাত্র ব্রহ্মই দেখেন, তখন) এতৎ (ইহা) এব (ই) বিজ্ঞানং (বিজ্ঞান) ত্রিগুণাত্মনাং (ত্রি-গুণাত্মক) ভাবানাং পশ্যেৎ (দেখিবে)। (সে স্থলে) আদৌ (উৎপত্তিতে), অন্তে (প্রলয়ে), মধ্যে (স্থিতিতে) সৃজ্যাৎ (কার্য্য হইতে) সৃজ্যং (কার্য্যান্তর) (প্রতি) যৎ (যাহা) অন্বিয়াৎ (অনুগমন করে), তৎপ্রতিসংক্রামে (তাহাদের প্রলয়ে) যৎ (যাহা) শিষ্যেত (অবশিষ্ট থাকে), তৎ (তাহা) এব (ই) সৎ (সৎ) ॥১৫-১৬

শ্রুতিঃ (শ্রুতি), প্রত্যক্ষম্ (প্রত্যক্ষ), ঐতিহ্যম্ (ঐতিহ্য), অনুমানম্ (অনুমান)—(এই) চতুষ্টয়ং (চারিটি) (প্রমাণ) প্রমাণেষু (প্রমাণসকলে) অনবস্থানাৎ (সর্ব্বকালিক অবস্থানের অভাব হেতু) (নশ্বরত্বনিশ্চয়ের হেতু) বিকল্পাৎ (প্রপঞ্চ হইতে) সঃ (ভক্ত) বিরজ্যতে (বিরত হন) ॥১৭

তদ্রূপ যে জ্ঞানের দ্বারা একে অনুগত একাত্মক যে পদার্থসকল পূর্ব্বে দেখা হইয়াছিল, তাহাদিগকে পূর্ব্ববৎ না দেখিয়া তাহা একমাত্র পরম কারণ ব্রহ্মই এরূপে দৃষ্ট হন তাহাই বিজ্ঞান—অপরোক্ষজ্ঞান। ত্রিগুণাত্মক সাবয়ব পদার্থসমূহের স্থিতি, উৎপত্তি ও প্রলয় মানিতে হইবে। সৃষ্টির পূর্ব্বে আদিতে ও মধ্যে যাহা কার্য্য হইতে কার্য্যান্তরে অনুগমন করে সেই ভাবসকলের প্রলয়েও যাহা অবশেষ থাকে তাহাই সৎ—পরমার্থভূত।১৫-১৬

শ্রুতি—"নেহ নানাস্তি কিঞ্চন" সংসারে নানা কিছু নাই, প্রত্যক্ষ—বস্ত্ররূপ কার্য্য তন্তু ব্যতিরেকে দেখা যায় না; বটগাছে যক্ষ আছে এই মহাজন প্রসিদ্ধ ঐতিহ্য, অনুমান—কার্য্যত্বহেতু শুক্তিতে রজতের ন্যায় বিশ্ব মিথ্যা। শ্রুতি, প্রত্যক্ষ, ঐতিহ্য, ও অনুমান এই প্রমাণচতুষ্টয় প্রমাণসকলের দ্বারা নশ্বরত্ব-নিশ্চয়হেতু বিবেকী প্রপঞ্চ হইতে বিরত হইবেন।১৭

কর্ম্মণাং পরিণামিত্বাদাবিরিঞ্চ্যাদমঙ্গলম্।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥১৮
ভক্তিযোগঃ পুরৈবোক্তঃ প্রীয়মাণায় তেঽনঘ।
পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরম্ ॥১৯
শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনম্।
পরিনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম ॥২০

বিপশ্চিৎ (জ্ঞানী) কর্ম্মণাং (কর্ম্মসমূহের) পরিণামিত্বাৎ (পরিণামিত্বহেতু) আবিরিঞ্চ্যাৎ (ব্রহ্মলোক পর্য্যন্ত) (কর্ম্মের ফল) অদৃষ্টম্ অপি (অদৃষ্ট হইলেও) দৃষ্টবৎ (দৃষ্টের ন্যায়) নশ্বরম্ (ক্ষণস্থায়ী) (অতএব) অমঙ্গলং (অমঙ্গল দুঃখরূপ) পশ্যেৎ (দেখিবেন) ॥১৮

অনঘ (হে নিষ্পাপ)। প্রীয়মাণায় (প্রীতিপ্রাপ্ত) তে (তোমাকে) ভক্তিযোগঃ (ভক্তিযোগ) পুরা (পূর্ব্বে) এব (ও) ময়া (আমাকর্ত্তৃক) উক্তঃ (কথিত হইয়াছে), পুনশ্চ (পুনরায়) মদ্ভক্তেঃ (আমার ভক্তির) পরম্ (পরম) কারণং (কারণ) কথয়িষ্যামি (বলিব) ॥১৯

সুখকারণ কর্ম্মসকলের পরিণামিত্বহেতু ব্রহ্মলোক পর্য্যন্ত অদৃষ্ট সুখ ও দৃষ্টের ন্যায় অমঙ্গল, দুঃখ-মিশ্র বিবেকী ইহা দর্শন করিবেন।১৮

হে নিষ্পাপ ! যদিও ভক্তিযোগ পূর্ব্বে তোমায় বলিয়াছি, তথাপি তাহাতে তোমার মনের অভিনিবেশ দেখিয়া তুমি আনন্দিত হইতেছ বলিয়া আমার ভক্তিলাভের শ্রেষ্ঠ (প্রধান) কারণ পুনরায় বলিতেছি।১৯

—বিজ্ঞান কি ?

—বিজ্ঞানদশায় বৃক্ষ প্রস্তর আদি পদার্থ যাহা দৃষ্টিগোচর হয়, সব পরমাত্মা—পরমাত্মা ভিন্ন দ্বিতীয় কিছুই বিজ্ঞানের নয়নগোচর হয় না। সর্ব্বত্র আত্মরমণকে দেখিতে দেখিতে বিজ্ঞানসম্পন্ন প্রেমিক পরমানন্দে মগ্ন হইয়া যান।

আদরঃ পরিচর্য্যায়াং সর্ব্বাঙ্গৈরভিবন্দনম্।
মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ ॥২১
মদর্থেষ্বঙ্গচেষ্টা চ বচসা মদ্গুণেরণম্।
ময্যর্পণঞ্চ মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনম্ ॥২২
মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ।
ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্ ব্রতং তপঃ ॥২৩
এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাম্।
ময়ি সঞ্জায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে ॥ ২৪

যে (আমার) অমৃতকথায়াং (অমৃতময়ী কথাতে) শ্রদ্ধা (শ্রদ্ধা), শশ্বৎ (নিত্য) মদনুকীর্ত্তনং (আমার নাম, লীলাগুণ কীর্ত্তন), পূজায়াং (পূজাতে) পরিনিষ্ঠা (অত্যাসক্তি), স্তুতিভিঃ (স্তুতিসকলের দ্বারা) মম (আমার) স্তবনং (স্তব), পরিচর্য্যায়াম্ (সেবায়) আদরঃ (আদর), সর্ব্বাঙ্গৈঃ (সাষ্টাঙ্গের দ্বারা) অভিবন্দনং (প্রণাম), মদ্ভক্তপূজাভ্যধিকা (আমা হইতে আমার ভক্তগণের অধিক পূজা), সর্ব্বভূতেষু (নিখিলভূতে) মন্মতিঃ (মদীয়ত্বজ্ঞান), মদর্থে (আমার নিমিত্ত) অঙ্গচেষ্টা (হস্তাদি পরিচালন), বচসা (বাক্যের দ্বারা) মদ্গুণেরণম্ (মদীয় গুণ অন্বেষণ কথন), ময়ি (আমাতে) মনসঃ (মনের) অর্পণং (অর্পণ), সর্ব্বকামবিসর্জ্জনং (সমস্ত কামনা পরিত্যাগ), মদর্থে (আমার জন্য) অর্থপরিত্যাগঃ (অর্থব্যয়) চ (ও) ভোগস্য (ভোগের) সুখস্য (সুখের) পরিত্যাগঃ (পরিত্যাগ), ইষ্টং (ইষ্টাপূর্ত্ত), দত্তং (দান), জপ্তং (জপ), ব্রতং (ব্রত), তপঃ (তপস্যা) (ইত্যাদি) যৎ (যাহা কিছু কর্ম্ম) মদর্থং (আমার নিমিত্ত) কার্য্যম্ (করণীয়), উদ্ধব (হে উদ্ধব), আত্মনিবেদিনাং (আত্মনিবেদনকারী) মনুষ্যাণাম্ (মনুষ্যগণের) এবং (এইরূপ) ধর্ম্মৈঃ (ধর্ম্মসমূহের দ্বারা) ময়ি (আমাতে) ভক্তিঃ (ভক্তি) সঞ্জায়তে (সঞ্জাত হয়), অস্য ? (এই ভক্তিমানের) কঃ (কি) অন্যঃ (অন্য) অর্থঃ (প্রয়োজন) অবশিষ্যতে (অবশিষ্ট থাকে ?) ॥২০-২৪

অমৃততুল্যা আমার কথাতে শ্রদ্ধা, শ্রবণের আদর, অনুক্ষণ কথা ব্যাখ্যান ও আমার পূজায় অত্যন্ত আসক্তি, স্তুতিসমূহের দ্বারা আমার স্তব, মন্দির মার্জ্জনাদি ক্রিয়ায় অতিশয় যত্ন, সর্ব্বাঙ্গের দ্বারা দণ্ডবৎ প্রণাম, আমার পূজা হইতে আমার ভক্তের বিশেষভাবে পূজা, সমস্ত প্রাণীতে মদীয়ত্বজ্ঞান, "সমস্তই বাসুদেব আমি" এইভাবে দর্শন অভ্যাস আমার জন্য আমার আরাধনার উপকরণ তুলসী-পুষ্পাদি সংগ্রহ, কর্ম্মে অঙ্গচেষ্টা—কায়িক ব্যাপার, বাক্যের দ্বারা সতত আমার গুণকীর্ত্তন, আমাতে মনের সমস্ত কামনা অর্পণ, আমার আরাধনায় অর্থব্যয় এবং ভোগ-মাল্য-চন্দন অন্যান্য বিষয়সুখ পরিত্যাগ (১) যাগাদি (২) কর্ম্ম; দান, হোম, মন্ত্রজপ, ব্রত, তপস্যা এই সমস্ত কার্য্যই আমার জন্য অনুষ্ঠান, আপনাকে ও দেহ-পুত্র-কলত্রআদি-নিবেদনকারি-মানবের কথিত ধর্ম্মের দ্বারা আমাতে ভক্তি সমুৎপন্ন হয়। এই ভক্তের আর কি অন্য সাধনরূপ প্রয়োজন অবশিষ্ট থাকিতে পারে ?২০-২৪

(১) ভোগসুখ পরিত্যাগের অর্থ কি ?

—দেহরক্ষার জন্য ভোজন, লজ্জা নিবারণের জন্য বস্ত্র, শীত নিবারণের জন্য কন্থা বা কম্বল—ভক্ত ইহার অধিক নিজ ব্যবহারের জন্য রাখিবেন না। সাংসারিক ভোগসুখ সমস্ত ভগবানের প্রীতির জন্য পরিত্যাগ পূর্ব্বক ভক্ত আনন্দিত মনে ভগবৎসেবা—ভগবানের নাম লইয়া দিবানিশি অবস্থান করিবেন।

(২) ইষ্ট—অগ্নিহোত্রং তপঃ সত্যং ভূতানাং চানুকম্পনম্।
আতিথ্যং বৈশ্বদেবশ্চ ইষ্টমিত্যভিধীয়তে ॥

যদাত্মন্যর্পিতং চিত্তং শান্তং সত্ত্বোপবৃংহিতম্।
ধর্ম্মং জ্ঞানং সবৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাভিপদ্যতে ॥২৫
যদর্পিতং তদ্বিকল্পে ইন্দ্রিয়ৈঃ পরিধাবতি।
রজস্বলঞ্চাসন্নিষ্ঠং চিত্তং বিদ্ধি বিপর্য্যয়ম্ ॥২৬
ধর্ম্মো মদ্ভক্তিকৃৎ প্রোক্তো জ্ঞানঞ্চৈকাত্ম্যদর্শনম্।
গুণেষ্বসঙ্গো বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাণিমাদয়ঃ ॥২৭

যদা (যখন) সত্ত্বোপবৃংহিতং (বৰ্দ্ধিতসত্ত্বগুণযুক্ত), শান্তং (শান্ত) চিত্তম্ (চিত্ত) আত্মনি (আত্মা) ময়ি (আমাতে) অর্পিতং (অর্পিত) (হয়), (তখন) ধর্ম্মং (ধর্ম্ম) জ্ঞানং (জ্ঞান) চ (ও) সবৈরাগ্যম্ (বৈরাগ্যের সহিত) ঐশ্বর্য্যং (ঐশ্বর্য্য) চ (ও) অভিপদ্যতে (প্রাপ্ত হন) ॥২৫

যৎ (যখন) তদ্বিকল্পে (তদ্বিপরীত দেহ গেহাদিতে) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণের দ্বারা) পরিধাবতি (চিত্ত পরিধাবিত হয়), (তখন) রজস্বলং (রজোগুণযুক্ত) বিপর্য্যয়ং (বৈপরীত্য) চিত্তম্ (চিত্ত) অসন্নিষ্ঠং (অসদ্বস্তুস্থিত) বিদ্ধি (জানিবে) ॥২৬

মদ্ভক্তিকৃৎ (আমার ভক্তিজনক কার্য্য) ধর্ম্মঃ (ধর্ম্ম) প্রোক্তঃ (বলিয়া কথিত হয়), (ঐকাত্ম্যদর্শন) জ্ঞানং (জ্ঞান) গুণেষু (গুণে) অসঙ্গঃ (অনাসক্তি), বৈরাগ্যম্ (বৈরাগ্য), অণিমাদয়ঃ (অণিমাদি) ঐশ্বর্য্যং (ঐশ্বর্য্য নামে উক্ত হইয়া থাকে) ॥২৭

যখন বৰ্দ্ধিত সত্ত্বগুণযুক্ত শমতাপ্রাপ্ত চিত্ত আত্মস্বরূপ আমাতে অর্পিত হয়, তখন ধর্ম্ম, জ্ঞান, ও বৈরাগ্যের সহিত ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়া থাকেন ।২৫

যখন রজোগুণ-ব্যাপ্ত-চিত্ত দেহ, গেহ, বিত্তাদি বিষয়ে আসক্ত হইয়া ইন্দ্রিয়সকলের দ্বারা সর্ব্বতোভাবে বিষয়ে ধাবিত হয়, তখন নিষিদ্ধ বিষয়াসক্ত হইয়া থাকে। সেই চিত্ত বিপর্য্যয়-প্রাপ্ত জানিবে। তাহার ফলে অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য, অনৈশ্বর্য্য প্রাপ্ত হইয়া থাকে ।২৬

আমার ভক্তিজনক কার্য্য ধর্ম্ম বলিয়া কথিত হয়। আত্মা-পরমাত্মায়, সর্ব্বভূতে এক পরমাত্মভাবের উপলব্ধি, অভিন্ন দর্শন জ্ঞান। সত্ত্বাদিগুণে অসঙ্গই বৈরাগ্য এবং অণিমাদি ঐশ্বর্য্য জানিবে ।২৭

উদ্ধব উবাচ

যমঃ কতিবিধঃ প্রোক্তো নিয়মো বারিকর্ষণ।
কঃ শমঃ কো দমঃ কৃষ্ণ কা তিতিক্ষা ধৃতিঃ প্রভো ॥২৮
কিং দানং কিং তপঃ শৌর্য্যং কিং সত্যমৃতমুচ্যতে।
কস্ত্যাগঃ কিং ধনঞ্চেষ্টং কো যজ্ঞঃ কা চ দক্ষিণা ॥২৯

উদ্ধবঃ উবাচ (উদ্ধব কহিলেন),—অরিকর্ষণ (হে রিপুনাশন)! যমঃ (যম) বা (ও) নিয়মঃ (নিয়ম) কতিবিধঃ (কতপ্রকার) প্রোক্তঃ (উক্ত হয়)? শমঃ (শম) কঃ (কি)? কৃষ্ণ (হে কৃষ্ণ)! তিতিক্ষা (সহিষ্ণুতা) কা (কি)? প্রভো (হে প্রভো) ধৃতিঃ (ধৃতিঃ) (কি)?২৮

দানং (দান) কিং (কি), তপঃ (তপস্যা) কিং (কি), শৌর্য্যং (শৌর্য্য) কিং (কি), সত্যং (সত্য) কিং (কি), কিম্ (কি) ঋতম্ (ঋত) (বলিয়া) উচ্যতে (কথিত হয়)? ত্যাগঃ (ত্যাগ) কঃ (কি), ধনং (ধন) কিং (ক) চ (ও) ইষ্টং (ইষ্ট) কিং (কিং), যজ্ঞঃ (যজ্ঞ) কঃ (কি) চ (এবং) (দক্ষিণা) কা (কি)? ॥২৯

শ্রীউদ্ধব কহিলেন,—হে অরাতিনাশন! যম ও নিয়ম কত প্রকার? শম কি? দম কি? হে কৃষ্ণ! সহিষ্ণুতা বা কি? হে প্রভো! ধৈর্য্য কি?২৮

দান কি? তপস্যা কি? সত্য কি? ঋত নামে কি কথিত হয়? ত্যাগ কি? ধন কি ও ইষ্ট কি—(অভিপ্রেত) যজ্ঞ কি? এইরূপ দক্ষিণা বা কি?২৯

পূর্ত্ত—বাপী-কূপ-তড়াগাদি-দেবতায়তনানি চ।
অন্নপ্রদানমারামং পূর্ত্তমিত্যভিধীয়তে॥

দত্ত—শরণাগতসন্ত্রাণং ভূতানাং বাপ্যহিংসনম্।
বহির্বেদি চ যদ্দানং দত্তমিত্যভিধীয়তে॥

পুংসঃ কিংস্বিদ্ বলং শ্রীমন্ ভগো লাভশ্চ কেশব।
কা বিদ্যা হ্রীঃ পরা কা শ্রীঃ কিং সুখং দুঃখমেব চ ॥৩০
কঃ পণ্ডিতঃ কশ্চ মূর্খঃ কঃ পন্থা উৎপথশ্চ কঃ।
কঃ স্বর্গো নরকঃ কশ্চ কো বন্ধুরুত কিং গৃহম্ ॥৩১
ক আঢ্যঃ কো দরিদ্রো বা কৃপণঃ কঃ ক ঈশ্বরঃ।
এতান্ প্রশ্নান্ মম ব্রূহি বিপরীতাংশ্চ সৎপতে ॥৩২

শ্রীমন্ (হে শ্রীমন্)। পুংসঃ (পুরুষের) বলং (বল) কিংস্বিৎ (কি)? কেশব (হে কেশব)। ভগঃ (ভগ) (কি), লাভঃ (লাভ) (কি), পরা (পরা) বিদ্যা কা (কি), হ্রীঃ (লজ্জা) কা (কি), শ্রীঃ (শ্রী) কা (কি) এবং (আর) সুখং (সুখ) কিং (কি) বা (ও) দুঃখং (দুঃখ) (দুঃখ কি) ?৩০

পণ্ডিতঃ (পণ্ডিত) কঃ (কে), মূর্খঃ (মূর্খ) কঃ (কে), পন্থাঃ (পথ) কঃ (কি), উৎপথঃ (বিপরীত পথ) কঃ (কে), স্বর্গঃ (স্বর্গ) কঃ (কি), নরকঃ (নরক) কঃ (কি), বন্ধুঃ (বন্ধু) কঃ (কে) উত (আর) গৃহম্ (গৃহ) কিম্ (কি) ?৩১
আঢ্যঃ (ধনবান্) কঃ (কে), দরিদ্রঃ (দরিদ্র) কঃ (কে), কৃপণঃ (কৃপণ) কঃ (কে), ঈশ্বরঃ (ঈশ্বর) কঃ (কে)? সৎপতে (হে সাধুগণের পতি) মম (আমার) এতান্ (এই) প্রশ্নান (প্রশ্নসকল) চ (ও) বিপরীতান্ (ইহাদের বিপরীত) ব্রূহি (বলুন) ॥৩২

হে শ্রীমন্ কেশব! পুরুষের বল কি? ভগ কি? লাভ কি? পরা বিদ্যা কি? হ্রী কি? শ্রী কি? সুখ ও দুঃখ কি ?৩০

পণ্ডিত কে? মূর্খ কে? পথ কি? উৎপথ কি? স্বর্গ কি? নরক কি? বন্ধু কে? গৃহ কি ?৩১

ধনবান্ কে? দরিদ্র কে? ঈশ্বর কে? হে সাধুগণের পতি! এই প্রশ্নসকল, বিপরীত অশমাদিও আমার নিকট বলুন ।৩২

শ্রীভগবান্ বলিলেন, পরপীড়া বর্জ্জন—অহিংসা; হিত, প্রিয় যথার্থভাষণ সত্য; পরস্ব অপহরণ-

শ্রীভগবানুবাচ

অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ।
আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমাভয়ম্ ॥৩৩
শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং মদর্চ্চনম্।
তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্যসেবনম্ ॥৩৪
এতে যমাঃ সনিয়মা উভয়োর্দ্বাদশ স্মৃতাঃ।
পুংসামুপাসিতাস্তাত যথাকামং দুহন্তি হি ॥৩৫

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—অহিংসা (অহিংসা), সত্যম্ (বাক্য-মনের যাথার্থ্য), অস্তেয়ম্ (মনের দ্বারাও পরস্বগ্রহণ না করা), অসঙ্গঃ (অনাসক্তি), হ্রীঃ (নিন্দিত কর্ম্মে লজ্জা), অসঞ্চয়ঃ (অসঞ্চয়), আস্তিক্যং (ধর্ম্মে বিশ্বাস) চ (ও) ব্রহ্মচর্য্যং (অষ্টবিধ মৈথুন ত্যাগ), স্থৈর্য্যং (স্থিরতা), ক্ষমা (ক্ষমা), অভয়ং (অভয়), শৌচং (বাহ্য অভ্যন্তর শুদ্ধি), জপং (জপ), তপঃ (তপস্যা), হোমঃ (হোম), শ্রদ্ধা (শ্রদ্ধা, ধর্ম্মে আদর), আতিথ্যং (অতিথি সৎকার), মদর্চ্চনং (আমার পূজা), তীর্থাটনং (তীর্থভ্রমণ), পরার্থেহা (পরের উপকারের জন্য চেষ্টা), তুষ্টিঃ (সন্তোষ), আচার্য্যসেবনম্ (গুরুসেবা), উভয়োঃ (নিবৃত্তি-প্রবৃত্তিতে) সনিয়মাঃ (নিয়মসহিত) এতে (এই) যমাঃ (যম) দ্বাদশ; (দ্বাদশ) তাত (হে প্রিয়)। (ইহারা উপাসিত হইলে) পুংসাং (পুরুষের) হি (নিশ্চিত) যথাকামং (যেমন ইচ্ছা—কামনা অনুসারে ফল) দুহন্তি (প্রদান করে) ॥৩৩-৩৫

রাহিত্য—অস্তেয়; অনাসক্তি—অসঙ্গ; ঔদ্ধত্য অভাব—হ্রী; অসঞ্চয়—অপরিগ্রহ; শাস্ত্রাদিতে বিশ্বাস—আস্তিক্য; উপস্থ-সংযম—ব্রহ্মচর্য্য; বৃথা আলাপবর্জ্জন—মৌন, সত্যসংকল্পতা—স্থৈর্য্য, পরাপরাধসহন—ক্ষমা, ও অভয় এই দ্বাদশটি যম।

বাহ্যাভ্যন্তর শৌচ, মন্ত্রজপ, তপস্যা, হোম, বৈদিক যজ্ঞাদি, শ্রদ্ধা, আতিথ্য, আমার অর্চ্চনা, তীর্থভ্রমণ, পরোপকারের ইচ্ছা, সন্তোষ ও গুরুসেবা এই দ্বাদশটী নিয়মের সহিত যম কথিত হইল। হে তাত! ইহারা অনুষ্ঠিত হইলে নিবৃত্তগণের মোক্ষ এবং প্রবৃত্তগণকে অভ্যুদয় দান করে ।৩৩-৩৫

শমো মন্নিষ্ঠতা বুদ্ধের্দম ইন্দ্রিয়সংযমঃ।
তিতিক্ষা দুঃখসম্মর্ষো জিহ্বোপস্থজয়ো ধৃতিঃ ॥৩৬
দণ্ডন্যাসঃ পরং দানং কামত্যাগস্তপঃ স্মৃতম্।
স্বভাববিজয়ঃ শৌর্য্যং সত্যঞ্চ সমদর্শনম্ ॥৩৭

অন্যচ্চ সুনৃতা বাণী কবিভিঃ পরিকীর্ত্তিতা।
কর্ম্মস্বসঙ্গমঃ শৌচং ত্যাগঃ সন্ন্যাস উচ্যতে ॥৩৮
ধর্ম্ম ইষ্টং ধনং নৃণাং যজ্ঞোঽহং ভগবত্তমঃ।
দক্ষিণা জ্ঞানসন্দেশঃ প্রাণায়ামঃ পরং বলম্ ॥৩৯

বুদ্ধেঃ (বুদ্ধিবৃত্তির) মন্নিষ্ঠতা (আমাতে স্থিতত্ব) শমঃ (শম), ইন্দ্রিয়সংযমঃ (ইন্দ্রিয়সংযম) দমঃ (দম), দুঃখসংমর্ষঃ (দুঃখসহন) তিতিক্ষা (তিতিক্ষা), জিহ্বোপস্থজয়ঃ (জিহ্বা উপস্থজয়) ধৃতিঃ (ধৈর্য্য), দণ্ডন্যাসঃ (ভূতদ্রোহ ত্যাগ) পরং (শ্রেষ্ঠ) দানং (দান), কামত্যাগঃ (ভোগে উপেক্ষা) তপঃ (তপস্যা) স্মৃতঃ (স্মৃত), স্বভাববিজয়ঃ (বাসনাপ্রতিবন্ধ) শৌর্য্যং (শূরতা), সমদর্শনং (সমদর্শন) সত্যম্ (সত্য)।

চ (এবং) অন্যচ্চ (ঋত) সুনৃতা (সত্য) বাণী (কথা) কবিভিঃ (কবিগণ) পরিকীর্ত্তিতা (বলিয়াছেন)। কর্ম্মসু (কর্ম্মসকলে) অসঙ্গমঃ (অনাসক্তি), শৌচম্ (শৌচ), ত্যাগঃ (ত্যাগ) সন্ন্যাসঃ (সন্ন্যাস বলিয়া) উচ্যতে (কথিত হয়)। নৃণাং (মনুষ্যগণের) ধর্ম্মঃ (ধর্ম্ম) ইষ্টং (অভীষ্ট) ধনম্ (ধন) ভগবত্তমঃ (পরমেশ্বর) অহং (আমি) যজ্ঞঃ (যজ্ঞ), জ্ঞানসন্দেশঃ (জ্ঞানোপদেশ) দক্ষিণা (দক্ষিণা), প্রাণায়ামঃ (প্রাণায়াম) পরং (শ্রেষ্ঠ) বলম্ (বল) ॥৩৬-৩৯

বুদ্ধিবৃত্তির আমাতে স্থিতত্তা—শম, ইন্দ্রিয়সংযম—দম; দুঃখসহন—তিতিক্ষা, জিহ্বোপস্থজয়—ধৈর্য্য, দণ্ডন্যাস—ভূতদ্রোহত্যাগ শ্রেষ্ঠ দান, ভোগে উপেক্ষা তপস্যা, বাসনাপ্রতিবন্ধ শূরতা, সমদর্শন সমব্রহ্ম তাহার আলোচনা সত্য, বিদ্বান্‌গণ ঋতকেই সুনৃতা বাণী বলিয়াছেন। লৌকিক অলৌকিক কর্ম্মসকলে অসঙ্গম—কর্ত্তৃত্ব অভিমান রাহিত্যই শৌচ, ইহামুত্র ফলভোগ বিরাগরূপ ত্যাগই সন্ন্যাস বলিয়া উক্ত হয়। নরগণের ধর্ম্ম—ইষ্ট ধন, পরমেশ্বর আমি যজ্ঞ, জ্ঞানোপদেশ দক্ষিণা, প্রাণায়ামই—শ্রেষ্ঠ বল।৩৬-৩৯

মন্নিষ্ঠতা বুদ্ধি—শম, শান্তিমাত্র নহে। দম—ইন্দ্রিয়সংযম, চৌরাদি দমন নহে। তিতিক্ষা—বিহিত দুঃখের সহন, ভারাদি বহন নহে। জিহ্বা ও উপস্থের জয় (বেগধারণ) ধৃতি, কেবল অনুবেগ নহে। দণ্ড—ভূতদ্রোহ, তাহার ত্যাগ দান-ধন অর্পণ নহে। কামত্যাগ (ভোগ উপেক্ষা) তপস্যা, কৃচ্ছ্রাদি নহে। স্বভাব বাসনা তাহার বিজয় প্রতিবন্ধ শৌর্য্য—বিক্রান্তি নহে। সত্য বিষয়ত্বহেতু ব্রহ্মের আলোচনা সত্য, সাধারণ যথার্থ ভাষণ নহে। বিদ্বান্‌গণ হিতকারিণী সত্যবাণীকেও সত্য বলেন। স্বভাব বলে পরদোষ আবিষ্কারক সত্য সত্য নহে; হিত ও প্রিয় যে বাক্য, তাহা সত্য। প্রাচীন আচার্য্যবৃন্দ যথার্থ আচরণকে সত্য, আর যথার্থ-ভাষণকে ঋত বলিয়াছেন। আপনার সুখদুঃখের ন্যায় অপরের সুখদুঃখ আলোচনা সমদর্শন। কর্ম্মে অনাসক্তি শৌচ, স্নানাদির দ্বারা শুচি হওয়া মাত্র নহে। মানবগণের ইষ্ট ধন ধর্ম্ম,—সাধারণ গো, অশ্বপ্রভৃতি নহে। ভগবান্ বলিয়াছেন, "বসুদেবনন্দন আমি শ্রীকৃষ্ণই যজ্ঞ, আমার জন্ম ও দোল-যাত্রাদি অনুষ্ঠানই যজ্ঞ মনে করিয়া অনুষ্ঠান করিবে।" যজ্ঞ থাকিলেই তাহার দক্ষিণা, তাই তিনি বলিয়াছেন—মদীয় যাত্রাদি উৎসবান্তে যে আমার নাম কীর্ত্তনাদি রসের উদ্ভব, স্বজন ভক্তগণে তাহার বিতরণ দক্ষিণা (ধন কন্যাদিদান নহে) অথবা জ্ঞানোপদেশ দক্ষিণা। দুর্দান্তমনের দমন প্রাণায়ামের দ্বারা হয়, অতএব প্রাণায়াম পরম বল, সিংহ ব্যাঘ্রাদির সহিত ক্রীড়া নহে। আমার প্রেম ঐশ্বর্য্যাদি লাভই পরম ভাগ্য, ব্রহ্মাদির অধীশ্বরত্ব নহে। উত্তম লাভ আমার ভক্তি—পুত্রাদি নহে। জীবাত্মার অবিদ্যাকৃত যে অনাত্মজ্ঞান তাহার বাধই বিদ্যা—কেবল জ্ঞানমাত্র নহে। অকর্ম্মসমূহে হেয়ত্বদর্শন হ্রী- কেবল লজ্জামাত্র নহে। গুণসকল ভূষণ—কিরীট কুণ্ডলাদি নহে। সুখ—দুঃখের অনুসন্ধান না করা সুখ। বিষয়ভোগের অপেক্ষাযুক্ত সুখই দুঃখ—অগ্নিদাহাদি দুঃখ নহে। বন্ধন ও মোক্ষ যিনি জ্ঞাত আছেন, তিনি পণ্ডিত, কেবল পরোক্ষজ্ঞানী পণ্ডিত নহেন। দেহে ও গৃহাদিতে 'আমি' 'আমার' অভিমানবিশিষ্ট ব্যক্তিই

ভগো ম ঐশ্বরো ভাবো লাভো মদ্ভক্তিরুত্তমঃ।
বিদ্যাত্মনি ভিদাবাধো জুগুপ্সা হ্রীরকর্ম্মসু ॥৪০
শ্রীর্গুণা নৈরপেক্ষ্যাদ্যাঃ সুখং দুঃখসুখাত্যয়ঃ।
দুঃখং কামসুখাপেক্ষা পণ্ডিতো বন্ধমোক্ষবিৎ ॥৪১
মূর্খো দেহাদ্যহংবুদ্ধিঃ পন্থা মন্নিগমঃ স্মৃতঃ।
উৎপথশ্চিত্তবিক্ষেপঃ স্বর্গঃ সত্ত্বগুণোদয়ঃ ॥৪২
নরকস্তম-উন্নাহো বন্ধুর্গুরুরহং সখে।
গৃহং শরীরং মানুষ্যং গুণাঢ্যো হ্যাঢ্য উচ্যতে ॥৪৩
দরিদ্রো যস্ত্বসন্তুষ্টঃ কৃপণো যোঽজিতেন্দ্রিয়ঃ।
গুণেষ্বসক্তধীরীশো গুণসঙ্গো বিপর্য্যয়ঃ ॥৪৪

যে (আমার) ঐশ্বরঃ (ঈশ্বর) ভাবঃ (ঐশ্বর্য্যাদি ষাড়্গুণ্য) ভগঃ (ভাগ্য), মদ্ভক্তিঃ (আমার ভক্তি) উত্তমঃ (উত্তম) লাভঃ (লাভ), বিদ্যা (বিদ্যা) আত্মনি (আত্মায়) ভিদা (ভেদ) বাধঃ (বাধক) (অভেদপ্রতীতি), অকর্ম্মসু (অকর্ম্মসকলে) জুগুপ্সা (লজ্জা) হ্রীঃ (হ্রী), নৈরপেক্ষ্যাদ্যাঃ (অপেক্ষা রহিতা) গুণাঃ (গুণসমূহ) শ্রীঃ (শ্রী), দুঃখসুখাত্যয়ঃ (সুখদুঃখ অতিক্রম) সুখং (সুখ), কামসুখাপেক্ষা (বিষয় ভোগাপেক্ষা) দুঃখং (দুঃখ), বন্ধমোক্ষবিৎ (বন্ধমোক্ষবেত্তা) পণ্ডিতঃ (পণ্ডিত) ॥৪০-৪১

দেহাদ্যহংবুদ্ধিঃ (দেহাদিতে যাহার অহং বুদ্ধি আছে) মূর্খঃ (সেই মূর্খ), মন্নিগমঃ (আমার প্রাপ্তির উপায় সন্মার্গ) পন্থাঃ (পথ) স্মৃতঃ (স্মরণের বিষয়), চিত্তবিক্ষেপঃ (চিত্তবিক্ষেপ প্রভৃতি মার্গ) উৎপথঃ (কুমার্গ), সত্ত্বগুণোদয়ঃ (সত্ত্বগুণের উদ্রেক) স্বর্গঃ (স্বর্গ), তমউন্নাহঃ (তমোগুণাধিক্য) নরকঃ (নরক)। সখে উদ্ধব (হে সখে উদ্ধব)। অহং (আমি) বন্ধুঃ (বন্ধু) (অতএব) গুরুঃ (গুরু), মানুষ্যং শরীরং (মানুষরূপ শরীর) গৃহং (গৃহ), গুণাঢ্যঃ (গুণসম্পন্ন) আঢ্যঃ (আঢ্য) উচ্যতে (কথিত হয়)। যঃ (যে) অসন্তুষ্টঃ (অসন্তুষ্ট) (সেই) দরিদ্রঃ (দরিদ্র), যঃ (যে) অজিতেন্দ্রিয়ঃ (সেই) কৃপণঃ (কৃপণ) গুণেষু (বিষয়সমূহে) অসক্তধীঃ (অনাসক্তচিত্ত) ঈশঃ (প্রভু, স্বতন্ত্র), গুণসঙ্গঃ (গুণে

আমার ঐশ্বর্য্যাদি ষাড়্গুণ্য (জ্ঞান, বল, ঐশ্বর্য্য, বীর্য্য, শক্তি, তেজ)—ভগ ভাগ্য। আমার ভক্তিই—উত্তম লাভ, আত্মা-পরমাত্মায় অভেদপ্রতীতি—বিদ্যা, অকর্ম্ম অনুষ্ঠানে লজ্জা—হ্রী, অপেক্ষারহিত গুণসকল—শ্রী, সুখদুঃখ অতিক্রম—সুখ, বিষয় ভোগাপেক্ষা—দুঃখ, বন্ধন-মোক্ষবেত্তা—পণ্ডিত, দেহাদিতে অহংবুদ্ধিমান্—মূর্খ, আমা প্রাপ্তির উপায়—পথ বলিয়া স্মৃত হয়, চিত্তবিক্ষেপ প্রবৃত্তিমার্গ—কুপথ, সত্ত্বগুণের উদ্রেক—স্বর্গ, তমোগুণের আধিক্য—নরক। হে সখে উদ্ধব! আমি বন্ধু, আমি গুরু, মানবশরীর গৃহ, গুণসম্পন্ন

মূর্খ—বিদ্যাহীনই মূর্খ নহে। আমাকে প্রাপ্ত করায় যে নিবৃত্তমার্গ, তাহাই সন্মার্গ—কণ্টকাদিশূন্য পথ সন্মার্গ নহে। চিত্তবিক্ষেপ প্রবৃত্তিমার্গ—তাহাই কুমার্গ—চৌরাদিসঙ্কুল পথ নহে। তমোগুণের উদ্রেক নরক—তামিস্রাদি নহে। গুরুই বন্ধু—ভ্রাতাদি নহে। স চ অহমেব যথাহং জগদ্গুরুঃ। সেই গুরু আমি যেহেতু আমি জগদ্গুরু।

এক এব পরো বন্ধুর্বিষমে সমুপস্থিতে।
গুরুঃ সকলধর্ম্মাত্মা যত্রাকিঞ্চনগো হরিরিতি ॥

বিষম কাল উপস্থিত হইলে একমাত্র পরমবন্ধু, সকল ধর্ম্মের আত্মা স্বরূপ গুরু।

সসাধন ভোগ আয়তন মানুষের দেহই গৃহ—হর্ম্ম্যাদি নহে। গুণসম্পন্নই আঢ্য, ধনী আঢ্য নহে। অসন্তুষ্ট ব্যক্তি নিঃস্ব,—দরিদ্র নহে। যে অজিতেন্দ্রিয়, সেই কৃপণ, শোচ্য—ব্যয়কুণ্ঠ দীন নহে। যাহার বুদ্ধি বিষয়ে অনাসক্ত, তিনিই ঈশ্বর, স্বতন্ত্র,—রাজাদি ঈশ্বর নহে। গুণে আসক্তই অনীশ, অপ্রভু।

এত উদ্ধব তে প্রশ্নাঃ সর্ব্বে সাধু নিরূপিতাঃ।
কিং বর্ণিতেন বহুনা লক্ষণং গুণ-দোষয়োঃ।
গুণ-দোষদৃশির্দোষো গুণস্তূভয়বর্জ্জিতঃ ॥৪৫

আসক্তি) বিপর্য্যয়ঃ (বিপরীত, অনীশ)। উদ্ধব (হে উদ্ধব)। এতে (এই) তে (তোমার) সর্ব্বে (সমস্ত) প্রশ্নাঃ (প্রশ্ন) সাধু (লোকোপ-যোগিতায়) নিরূপিতাঃ (নিরূপিত হইল)। গুণ-দোষয়োঃ (গুণ ও দোষের) লক্ষণং (লক্ষণ) বহুনা (বহু) বর্ণিতেন (বর্ণনায়) কিং (কি প্রয়োজন)? গুণ-দোষদৃশিঃ (গুণ-দোষের যে দৃষ্টি) দোষঃ (তাহাই দোষ) উভয়বর্জ্জিতঃ (গুণ-দোষবর্জ্জিত দৃষ্টি) গুণঃ (গুণ) ॥৪২-৪৫

ব্যক্তিই আঢ্য বলিয়া কথিত হইয়া থাকে। যে ব্যক্তি অসন্তুষ্ট, সে-ই দরিদ্র। যে অজিতেন্দ্রিয়, সে-ই কৃপণ। বিষয়ে অনাসক্তচিত্ত ব্যক্তিই ঈশ্বর, গুণে আসক্ত অনীশ। হে উদ্ধব! তোমার প্রশ্নসকল সুন্দররূপে নিরূপিত হইল; গুণ-দোষের লক্ষণ বহু বর্ণনায় কি প্রয়োজন? গুণ-দোষদর্শনই দোষ আর গুণ-দোষ দর্শন না করাই গুণ ॥৪০-৪৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে ঊনবিংশাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত ঊনবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

বিংশঃ অধ্যায়ঃ।

[জ্ঞানযোগস্য, কর্মযোগস্য, ভক্তিযোগস্য চ বর্ণনম্।]

উদ্ধব উবাচ
বিধিশ্চ প্রতিষেধশ্চ নিগমো হীশ্বরস্য তে।
অবেক্ষতেঽরবিন্দাক্ষ গুণং দোষঞ্চ কর্ম্মণাম্ ॥১

বর্ণাশ্রমবিকল্পঞ্চ প্রতিলোমানুলোমজম্।
দ্রব্য-দেশ-বয়ঃ-কালান্ স্বর্গং নরকমেব চ ॥২

অন্বয়ঃ

শ্রীউদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—বিধিঃ (বিধি) চ (ও) প্রতিষেধঃ (নিষেধ) ঈশ্বরস্য (ঈশ্বর) তে (আপনার) নিগমঃ (আজ্ঞারূপ বেদ) অরবিন্দাক্ষ (হে কমললোচন) কর্ম্মণাং (কর্ম্মসমূহের) গুণং দোষং (গুণ-দোষ) (পুণ্যপাপ) সঃ (সেই) (বেদ) অবেক্ষতে (অপেক্ষা করে) প্রতিপাদন করিয়া থাকে ॥১

প্রতিলোমানুলোমজং (উত্তমবর্ণা স্ত্রীতে হীনবর্ণ পুরুষজাত সন্তান প্রতিলোম। হীনবর্ণা স্ত্রীতে উত্তমবর্ণজাত সন্তান

বিংশ অধ্যায়।

[জ্ঞানযোগ, কর্মযোগ ও ভক্তিযোগের বর্ণন।]

জীবা জীবন্তি যেনৈব প্রাণাপানাদিচেষ্টয়া।
যমাশ্রিতা উভৌ তস্মৈ প্রণবায় নমো নমঃ॥

শ্রীউদ্ধব বলিলেন,—হে কমললোচন! বিধি ও নিষেধ ঈশ্বর আপনার আজ্ঞারূপ বেদ কর্ম্মসকলের গুণদোষ—পুণ্যপাপাত্মক ফল প্রতিপাদন করে।১

উত্তমবর্ণা স্ত্রীতে হীনবর্ণ পুরুষজাত সন্তান প্রতিলোম, হীনবর্ণা স্ত্রীতে উত্তমবর্ণজাত সন্তান অনুলোম, তাহাদের হইতে উদ্ভূত অনুলোমজ গুণদোষ জাত বর্ণ এবং আশ্রমসমূহের ভেদ দ্রব্য, দেশ, বয়স,

গুণদোষভিদাদৃষ্টিমন্তরেণ বচস্তব।
নিঃশ্রেয়সং কথং নৃণাং নিষেধ-বিধিলক্ষণম্ ॥৩

পিতৃ-দেব-মনুষ্যাণাং বেদশ্চক্ষুস্তবেশ্বর।
শ্রেয়স্ত্বনুপলব্ধেঽর্থে সাধ্য-সাধনয়োরপি ॥৪

গুণদোষভিদাদৃষ্টির্নিগমাৎ তে নহি স্বতঃ।
নিগমেনাপবাদশ্চ ভিদায়া ইতি হ ভ্রমঃ ॥৫

শ্রীভগবানুবাচ

যোগাস্ত্রয়ো ময়া প্রোক্তা নৃণাং শ্রেয়োবিধিৎসয়া।
জ্ঞানং কর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োঽন্যোঽস্তি কুত্রচিৎ ॥৬

অনুলোম এবং তাহাদের হইতে উদ্ভূত—অনুলোমজ গুণদোষজাত) বর্ণাশ্রমবিকল্পং (বর্ণ এবং আশ্রম সমূহের ভেদ) দ্রব্যদেশবয়ঃকালান্ (দ্রব্য, দেশ, বয়স, কালসমূহ) স্বর্গং (স্বর্গ) চ (ও) নরকং (নরক) বেদের অপেক্ষা করে ॥২

গুণদোষভিদাদৃষ্টিম্ (গুণ ও দোষ ভেদ দর্শন) অন্তরেণ (বিনা) তব (আপনার) বিধি-নিষেধলক্ষণং (বিধি-নিষেধ লক্ষণ) বচঃ (বাক্য) কথং (কি প্রকারে) (সম্ভব হয়) ? (কি প্রকারেই বা) নৃণাং (নরগণের) নিঃশ্রেয়সম্ (মুক্তি) হয় ॥৩

ঈশ্বর (হে ঈশ্বর)। অনুপলব্ধে (অদৃষ্ট) অর্থে (অর্থে) (মোক্ষস্বর্গাদিতে) সাধ্য-সাধনয়োঃ (সাধ্যসাধনের হেতুভূত) তব (আপনার) বেদঃ (বেদ) পিতৃদেবমনুষ্যাণাং (পিতৃ, দেব ও মনুষ্যগণের) শ্রেয়ঃ (শ্রেষ্ঠ) চক্ষুঃ (প্রবাপক) ॥৪

গুণদোষভিদাদৃষ্টিঃ (গুণদোষ-ভেদদৃষ্টি) তে (আপনার) নিগমাৎ (বেদ হইতে) (হয়) ভিদায়াঃ (ভেদের) নিগমনে (বেদের দ্বারা) অপবাদঃ (বিশেষ বিধি) স্বতঃ (স্বয়ং) ন হি (হয় না) ইতি (ইহাতে) মে (আমার) ভ্রমঃ (ভ্রম হইতেছে) ॥৫

শ্রীভগবানুবাচ (শ্রীভগবান্ বলিলেন),—নৃণাং (মানবগণের) শ্রেয়ঃ (মঙ্গল) বিধিৎসয়া (বিধান করিবার ইচ্ছায়) জ্ঞানং (জ্ঞান) কর্ম্ম (কর্ম্ম) চ (ও) ভক্তিঃ (ভক্তি) ত্রয়ঃ (তিনটী) যোগাঃ (যোগ, উপায়) ময়া (আমা কর্ত্তৃক) প্রোক্তাঃ (কথিত হইয়াছে)। (নরগণের মুক্তিলাভের) অন্যঃ (অন্য) উপায়ঃ (উপায়) কুত্রচিৎ (কোথাও) ন অস্তি (নাই) ॥৬

কালসমূহ স্বর্গ ও নরক বেদের অপেক্ষা করে।২

গুণ-দোষভেদদর্শন ব্যতীত বিধি-নিষেধাত্মক আপনার বচন কি প্রকারে মানবগণের পুরুষার্থ-চতুষ্টয় প্রাপক হয়।৩

হে ঈশ্বর! প্রত্যক্ষ প্রভৃতির দ্বারা অদৃষ্ট স্বর্গ-মোক্ষাদিতে ও সাধ্য-সাধন ব্যাপারে আপনার বেদ পিতৃ, দেব ও মনুষ্যগণের শ্রেষ্ঠ চক্ষুস্বরূপ।৪

আপনার বেদরূপ বচন হইতেই তাহা হয়—স্বতঃই গুণ দোষ ভেদদৃষ্টি হয় না। আপনার বচনের দ্বারাই সেই সেই ভেদের অপবাদ (বিশেষ বিধি)—ইহা শুনিয়া আমার অত্যন্ত ভ্রম হইতেছে।৫

শ্রীভগবান বলিলেন—মনুষ্যগণের, পুরুষার্থ সাধন ইচ্ছায় জ্ঞান, কর্ম্ম ও ভক্তি—এই তিনটী যোগ (উপায়)। ব্রহ্ম-কর্ম্ম-দেবতা কাণ্ডের দ্বারা আমি বলিয়াছি ইহা ভিন্ন অন্য উপায় কোথায়ও নাই।৬ (১)

---

(১)—জ্ঞান, কর্ম্ম ও ভক্তি—এই তিনটী ব্যতীত কি শ্রেয়োলাভ হয় না?

—না।

—শ্রেয়ঃশব্দের অর্থ কি?

—আভিধানিক অর্থ—ধর্ম্ম, মোক্ষ, মঙ্গল, সুখ। এখানে লৌকিক ধর্ম্ম, মঙ্গল, সুখ বুঝাইবে না। পরম ব্রহ্মকেই শ্রেয়ঃ-পদে লক্ষ্য করা হইয়াছে। নিষ্কাম কর্ম্মানুষ্ঠানের দ্বারা যাঁহারা শুদ্ধ-চিত্ত, কর্ম্মত্যাগী ও বিরক্ত, তাঁহারা জ্ঞান-যোগের অধিকারী। যাঁহারা ভোগী, বিষয়সুখাভিলাষী, অত্যাসক্ত তাঁহাদের পক্ষে নিষ্কাম কর্ম্মযোগ। যাঁহারা অতি আসক্ত নহেন, কোন সৌভাগ্যের উদয়ে ভগবৎকথায় শ্রদ্ধাসম্পন্ন—তাঁহারা ভক্তিযোগের অধিকারী।

নির্ব্বিণ্ণানাং জ্ঞানযোগো ন্যাসিনামিহ কর্ম্মসু।
তেষ্বনির্ব্বিণ্ণচিত্তানাং কর্ম্মযোগস্তু কামিনাম্ ॥৭
যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধশ্চ যঃ পুমান্।
ন নির্ব্বিণ্ণো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ ॥৮

কর্ম্মসু (কর্ম্মসমূহে) নির্ব্বিণ্ণানাং (বিরক্তগণের) (অতএব) ন্যাসিনাম্ (কর্ম্মত্যাগিগণের) জ্ঞানযোগঃ (জ্ঞানযোগ), তেষু (কর্ম্ম সকলে) অনির্ব্বিণ্ণচিত্তানাং (দুঃখবুদ্ধিশূন্য) কামিনাম্ (কামিগণের) কর্ম্মযোগঃ (কর্ম্মযোগ), যদৃচ্ছয়া (কোন সৌভাগ্যের উদয়ে) মৎকথাদৌ (আমার কথাদিতে) যঃ (যিনি) জাতশ্রদ্ধঃ (শ্রদ্ধাসম্পন্ন) পুমান্ (পুরুষ) নির্ব্বিণ্ণঃ (বৈরাগ্যযুক্ত, খিন্ন) ন (নহেন), অতিসক্তঃ (অত্যন্ত আসক্তিসম্পন্ন) ন (নহেন), অস্য (ইঁহার) ভক্তিযোগঃ (ভক্তিযোগ) সিদ্ধিদঃ (ভগবৎসাক্ষাৎরূপ সিদ্ধিপ্রদ) ॥৭-৮

যাবতা (যতদিন পর্য্যন্ত) ন নির্ব্বিদ্যেত (বৈরাগ্য উপস্থিত

ইহাদের মধ্যে কর্ম্মসমূহে বিরক্ত ত্যাগীদিগের জ্ঞানযোগ এবং কর্ম্মে হেয়-বুদ্ধিহীন কামী আসক্ত-চিত্তগণের কর্ম্মযোগই ফলপ্রদ।৭

যে পুরুষ কোন সৌভাগ্যের উদয়ে আমার কথাদিতে শ্রদ্ধাবিশিষ্ট হন, বিরক্ত নহেন বা অতি আসক্ত নহেন, তাঁহার এই ভক্তিযোগ পরম পুরুষার্থ প্রদান করিয়া থাকে।৮

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥৯
স্বধর্ম্মস্থো যজন্ যজ্ঞৈরনাশীঃকাম উদ্ধব।
ন যাতি স্বর্গ-নরকৌ যদ্যন্যন্ন সমাচরেৎ ॥১০

না হয়) বা (অথবা) মৎকথাশ্রবণাদৌ (আমার কথা শ্রবণাদিতে) যাবৎ (যে অবধি) শ্রদ্ধা (শ্রদ্ধা) ন জায়তে (উৎপন্ন না হয়), তাবৎ (তাবৎকাল) কর্ম্মাণি (কর্ম্মসকল) কুর্ব্বীত (করিবেন) ॥৯

উদ্ধব (হে উদ্ধব)। অনাশীঃকামঃ (অ-ফলকাম) স্বধর্ম্মস্থঃ সন্ (স্বধর্ম্মস্থ হইয়া) যদি (যদি) অন্যৎ (নিষিদ্ধ কর্ম্ম) ন সমাচরেৎ (আচরণ না করেন), তদা (তাহা হইলে) যজ্ঞৈঃ (যজ্ঞসমূহের দ্বারা) যজন্ (অর্চ্চনা করিয়া) স্বর্গনরকৌ (স্বর্গনরক) ন যাতি (গমন করেন না) ॥১০

নিত্য নৈমিত্তিক কর্ম্মসকল তাবৎকাল করিবেন—যে পর্য্যন্ত বিরক্তি উপস্থিত না হয়—অথবা আমার কথা শ্রবণাদিতে যতদিন শ্রদ্ধা সঞ্জাত না হয়।৯

হে উদ্ধব! ফলকামনা-রহিত স্বধর্ম্মে-স্থিত পুরুষ যজ্ঞের দ্বারা আমাকে আরাধনা করিয়া যদি অন্য কোন নিষিদ্ধ আচরণ না করেন, তাহা হইলে স্বর্গে কিংবা নরকে গমন করেন না।১০

তপস্যা, অষ্টাঙ্গযোগ, যথাসম্ভব জ্ঞানভক্তির অন্তর্নিবিষ্ট কাম্য একমাত্র "পরতত্ত্ব" অদ্বয়জ্ঞান। তাহার প্রাপ্তির উপায় জ্ঞানযোগ, কর্ম্মযোগ, ভক্তিযোগ।

বিরক্ত, অত্যাসক্ত ও শ্রীভগবানের কথানুরক্ত যথাক্রমে এই পথ তিনটির অধিকারী। শ্রীভগবান্ ত্রিবিধ অধিকারীকেই উপদেশ করিয়াছেন। জ্ঞানী জ্ঞানোপদেশ, কর্ম্মী কর্ম্মোপদেশ ও ভক্ত ভক্তির উপদেশ গ্রহণ করিয়া স্ব স্ব পথে শ্রদ্ধাসম্পন্ন হইয়া অগ্রসর হইলে অচিরেই গন্তব্যস্থানে উপস্থিত হইতে সমর্থ হইবেন। স্বীয় অধিকারে লক্ষ্য না করিয়া অন্য পথে গমন করিলে ইষ্টসিদ্ধি হইতে বিলম্ব হইবে। এইজন্য আপন আপন অধিকারে সুস্থির থাকিয়া জ্ঞান, কর্ম্ম, ভক্তির অনুষ্ঠান করা কর্ত্তব্য। পথ তিনটির উপদেষ্টা স্বয়ং ভগবান্। কাজেই জ্ঞানী যদি কর্ম্ম ও ভক্তির, কর্ম্মী যদি জ্ঞান ও ভক্তির, ভক্ত যদি জ্ঞান ও কর্ম্মের নিকৃষ্টতা প্রতিপাদনে চেষ্টিত হন, তাহা হইলে শ্রীভগবান্‌কেই আঘাত করা হইবে—ইহা যেন জ্ঞানী, কর্ম্মী ও ভক্ত বিস্মৃত না হন—সকলের কাম্য হইল পরমানন্দময় শ্রীভগবান্‌কে লাভ করা। ভক্ত যদি 'জ্ঞান কর্ম্ম কিছু নয়' ইহার প্রতিপাদন করিতে সতত চেষ্টিত হন, জ্ঞানী যদি ভক্তিকে মানসিক ব্যাধি বলিয়া নাসিকা কুঞ্চিত করেন, কর্ম্মী যদি ভক্তি ও জ্ঞানকে উপেক্ষা করিতে সচেষ্ট হন, তাহা হইলে তাঁহারা ভগবদ্দ্রোহী হইবেন—ইহা স্মরণ রাখা কর্ত্তব্য।

অস্মিন্ লোকে বর্ত্তমানঃ স্বধর্ম্মস্থোঽনঘঃ শুচিঃ।
জ্ঞানং বিশুদ্ধমাপ্নোতি মদ্ভক্তিং বা যদৃচ্ছয়া ॥১১
স্বর্গিণোঽপ্যেতমিচ্ছন্তি লোকং নিরয়িণস্তথা।
সাধকং জ্ঞান-ভক্তিভ্যামুভয়ং তদসাধকম্ ॥১২
ন নরঃ স্বর্গতিং কাঙ্ক্ষেন্নারকীং বা বিচক্ষণঃ।
নেমং লোকঞ্চ কাঙ্ক্ষেত দেহাবেশাৎ প্রমাদ্যতি ॥১৩

স্বধর্ম্মস্থঃ (স্বধর্ম্মে স্থিত) অনঘঃ (নিষ্পাপ) শুচিঃ (পবিত্র) (মানব) অস্মিন্ লোকে (এই লোকে) বর্ত্তমানঃ সন্ (বিদ্যমান থাকিয়াই) বিশুদ্ধং (বিশুদ্ধজ্ঞান) বা (কিংবা) যদৃচ্ছয়া (স্বয়ম্ আগত) মদ্ভক্তিম্ (আমার ভক্তি) অথাপ্নোতি (প্রাপ্ত হন) ॥১১

নিরয়িণঃ (নরকবাসিগণ) যথা (যেমন) তথা (তদ্রূপ) স্বর্গিণঃ (স্বর্গবাসিগণ) অপি (ও) জ্ঞান-ভক্তিভ্যাম্ (জ্ঞান ভক্তি উভয়ের) সাধকম্ (সাধক) এতম্ (এই মর্ত্ত্যলোক) ইচ্ছন্তি (ইচ্ছা করেন), উভয়ং (স্বর্গিশরীর নারকিশরীর) তদসাধকং (জ্ঞান-ভক্তির অসাধক) ॥১২

বিচক্ষণঃ (বিবেকী) নরঃ (মানব) (যেমন) নারকীং (নারকী গতি) ন কাঙ্ক্ষেৎ (আকাঙ্ক্ষা করেন না), (তদ্রূপ) ন স্বর্গতিম্ (স্বর্গগতি) (চাহেন না); ইমং (এই) লোকং (লোক) ন কাঙ্ক্ষেত (আকাঙ্ক্ষা করেন না), (যেহেতু) দেহাবেশাৎ (দেহাসক্তিতে) প্রমাদ্যতি (কর্ত্তব্যে অকর্ত্তব্য বুদ্ধি আসিয়া উপস্থিত হয়) (কর্ত্তব্য-কার্য্যে বিস্মৃতি হয়) ॥১৩

কিন্তু এই দেহেই বর্ত্তমান থাকিয়া স্বধর্ম্মস্থ, নিষিদ্ধ-ত্যাগী, রাগাদিমলশূন্য, পবিত্র পুরুষ অনায়াসে বিশুদ্ধ জ্ঞান কিংবা আমার ভক্তিলাভ করেন। ১১

যেরূপ নারকিগণ তদ্রূপ স্বর্গবাসিগণও এই লোক (মনুষ্য দেহ) ইচ্ছা করেন, যেহেতু ইহা জ্ঞান ও ভক্তির দ্বারা মুক্তির সাধক। স্বর্গবাসী ও নারকীর শরীর জ্ঞানযোগ ও ভক্তিযোগ সাধনে অপারগ।১২

বিদ্বান্ মানব নারকীগতির মত স্বর্গগতিও কামনা করেন না, মর্ত্ত্যলোকও তাঁহার বাঞ্ছিত নহে; যেহেতু শরীরে আসক্তি নিবন্ধন প্রমাদ—অর্থাৎ কর্ত্তব্য কার্য্যে বিস্মৃতি হইয়াই থাকে। ১৩

এতদ্ বিদ্বান্ পুরা মৃত্যোরভবায় ঘটেত সঃ।
অপ্রমত্ত ইদং জ্ঞাত্বা মর্ত্ত্যমপ্যর্থসিদ্ধিদম্ ॥১৪
ছিদ্যমানং যমৈরেতৈঃ কৃতনীড়ং বনস্পতিম্।
খগঃ স্বকেতমুৎসৃজ্য ক্ষেমং যাতি হ্যলম্পটঃ ॥১৫
অহোরাত্রৈশ্ছিদ্যমানং বুদ্ধ্বায়ুর্ভয়বেপথুঃ।
মুক্তসঙ্গঃ পরং বুদ্ধ্বা নিরীহ উপশাম্যতি ॥১৬

অর্থসিদ্ধিদং (প্রয়োজনসাধক) জ্ঞাত্বা (জানিয়া) অপ্রমত্তঃ (মুক্তসঙ্গ) সন্ (হইয়া) মৃত্যোঃ (মৃত্যুর) পুরা (পূর্ব্বে) এতদ্ (এই মর্ত্ত্যদেহসাধক) বিদ্বান্ (জানিয়া) সঃ (তিনি) অভবায় (মুক্তির জন্য) ঘটেত (প্রযত্ন করিবেন) ॥১৪

যমৈঃ (যমের ন্যায় নির্দ্দয়) এতৈঃ (পুরুষগণ-কর্ত্তৃক) কৃতনীড়ং (পক্ষীর নির্ম্মিত কুলায়) ছিদ্যমানং (ছিদ্যমান, ছিন্ন হইলে) স্বকেতং (স্বীয় আশ্রয়) বনস্পতিম্ (বনস্পতিকে) উৎসৃজ্য (ত্যাগ করিয়া) অলম্পটঃ (অনাসক্ত) খগঃ (পক্ষী) যথা (যেমন) ক্ষেমং (মঙ্গল, শান্তি) যাতি (লাভ করে), তদ্বৎ (তদ্রূপ) ইদং (এই) মর্ত্ত্যং (মর্ত্ত্য) শরীরং (শরীর) অপি (ও) ॥১৫

অহোরাত্রৈঃ (দিবারাত্রির দ্বারা) আয়ুঃ (আয়ু) ছিদ্যমানং (ছেদিত হইতেছে) বুদ্ধ্বা (বুঝিয়া) ভয়বেপথুঃ (ভয়ে কম্পমান) (ব্যক্তি) মুক্ত-সঙ্গঃ (সঙ্গশূন্য) নিরীহঃ (নিরীহ) পরং (পরমাত্মাকে) বুদ্ধ্বা (অবগত হইয়া) উপশাম্যতি (উপশান্ত হইবেন) ॥১৬

যে বৃক্ষে পক্ষী বাসা বাঁধিয়া বাস করে, সেই স্বীয় আশ্রয়-বৃক্ষ যমের ন্যায় নির্দ্দয় ব্যক্তিগণ কর্ত্তৃক ছিদ্যমান দেখিয়া অনাসক্ত পক্ষী যেমন তাহা ত্যাগ করত যথাসুখে অন্যত্র গমন পূর্ব্বক শান্তিলাভ করিয়া থাকে, তদ্রূপ বিবেকী শরীর সম্বন্ধজনিত অনর্থ জানিয়া এই প্রাপ্ত শরীর পুরুষার্থ প্রাপ্তির সাধন হইলেও মরণধর্ম্মশীল ইহা বিদিত হইয়া মৃত্যুর পূর্ব্বে সমর্থ অবস্থাতেই আলস্য পরিহার পূর্ব্বক সাবধানে মুক্তির জন্য যত্ন করিবেন।১৪-১৫

বিদ্বান্ অহোরাত্রসমূহের দ্বারা আয়ুক্ষয় হইয়া যাইতেছে বুঝিয়া ভয়ে কম্পিত-কলেবর

নৃদেহমাদ্যং সুলভং সুদুর্লভং
প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্ ।
ময়ানুকূলেন নভস্বতেরিতং
পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা ॥১৭
যদারম্ভেষু নির্ব্বিণ্ণো বিরক্তঃ সংযতেন্দ্রিয়ঃ ।
অভ্যাসেনাত্মনো যোগী ধারয়েদচলং মনঃ ॥১৮

সুদুর্লভং (সুদুষ্প্রাপ্য) (তথাপি) সুলভম্ (অনায়াসলভ্য) আদ্যং (সর্ব্বকালের মূল) সুকল্পং (পটুতর) গুরুকর্ণধারম্ (গুরুকর্ণধার যাহার) অনুকূলেন (অনুকূল) ময়া (আমাকর্ত্তৃক) নভস্বতা (বায়ুর দ্বারা) ঈরিতং (প্রেরিত) নৃদেহং (নরদেহ) (প্রাপ্ত হইয়া) যঃ (যে) পুমান্ (পুরুষ) ভবাব্ধিং (ভবসাগর হইতে) ন তরেৎ (উত্তীর্ণ হইতে চেষ্টা না করে), সঃ (স) আত্মহা (আত্মঘাতী) ॥১৭

যদা (যখন) আরম্ভেষু (আরব্ধ কর্ম্মসমূহে) নির্ব্বিণ্ণঃ (দুঃখদর্শনহেতু উদ্বিগ্ন) বিরক্তঃ (কর্ম্মফলে বিরক্ত হইবে), তদা (তখন) সংযতেন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়গণকে সংযম পূর্ব্বক) আত্মনঃ (আত্মবিষয়িণী) অভ্যাসেন (বৃত্তি বিস্তার দ্বারা) মনঃ (মনকে) অচলং (অচলভাবে) ধারয়েৎ (ধারণ করিবেন) ॥১৮

দেহাদিতে আসক্তি রহিত দেহের অতীত পরমাত্মাকে জানিয়া ইচ্ছাশূন্য হইয়া উপশম প্রাপ্ত হন ।১৬

আদ্য (সমস্ত ফলের মূল), অনন্ত (সাধনের দ্বারা যাহা লাভ করা যায় না) তথাপি সুলভ, (অকস্মাৎ প্রাপ্ত), সর্ব্বসাধনসমর্থ—গুরু যাহার কর্ণধার, আমাকর্ত্তৃক অনুকূল বায়ুর দ্বারা প্রেরিত নৌকা (তরণের উপায়) নরকলেবর প্রাপ্ত হইয়া যে পুরুষ ভবপারাবার উত্তীর্ণ না হয়, সে আত্মহত্যাকারী ।১৭

যখন আরব্ধ কর্ম্মসকলে দুঃখদর্শনে উদ্বিগ্ন এবং তাহার ফলসমূহেও বিরক্ত হইবে, তখন ইন্দ্রিয়গণকে

(১) মনকে কিভাবে বশে আনয়ন করিতে হইবে ।

—"মনুষ্য যখন কিছু প্রার্থনা করে, তখন তাহার বুদ্ধি মনরূপে পরিণত হয় ।" শান্তিপর্ব্ব ।

—বুদ্ধিতে সঙ্কল্প উঠিলেই মন হইয়া যায় ?

ধার্য্যমাণং মনো যর্হি ভ্রাম্যদাশ্বনবস্থিতম্ ।
অতন্দ্রিতোঽনুরোধেন মার্গেণাত্মবশং নয়েৎ ॥১৯
মনোগতিং ন বিসৃজেজ্জিতপ্রাণো জিতেন্দ্রিয়ঃ ।
সত্ত্বসম্পন্নয়া বুদ্ধ্যা মন আত্মবশং নয়েৎ ॥২০
এষ বৈ পরমো যোগো মনসঃ সংগ্রহঃ স্মৃতঃ ।
হৃদয়জ্ঞত্বমন্বিচ্ছন্ দম্যস্যেবার্ব্বতো মুহুঃ ॥২১

ধার্য্যমাণং (ধার্য্যমাণ) মনঃ (মন) যর্হি (যখন) আশু (শীঘ্র) ভ্রাম্যৎ (পরিভ্রমণ করত) অনবস্থিতম্ (অনবস্থিত. চঞ্চল হইবে), তদা (তখন) অতন্দ্রিতঃ (অনলস হইয়া) অনুরোধেন (কিঞ্চিৎ অপেক্ষা পূরণরূপ) মার্গেণ (মার্গাবলম্বনে) আত্মবশং (আত্মবশে) নয়েৎ (আনয়ন করিবেন) ॥১৯

জিতপ্রাণঃ (প্রাণজয়ী) জিতেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয় মনোগতিং (মনের গতি) ন বিসৃজেৎ (উপেক্ষা করিবেন না), (পরন্ত) সত্ত্বসম্পন্নয়া বুদ্ধ্যা (সত্ত্বসম্পন্ন বুদ্ধির দ্বারা) আত্মবশং (আত্মবশে) নয়েৎ (আনয়ন করিবেন) ॥২০

এষঃ (এই) মনসঃ (মনের) সংগ্রহঃ (গ্রহণ, একত্রীকরণ) পরমঃ (উৎকৃষ্ট) যোগঃ (যোগ) স্মৃতঃ (স্মরণের বিষয়), (যেমন অশ্বচালক) দম্যস্য (অদম্য) অর্ব্বতঃ (অশ্বের) হৃদয়জ্ঞত্বম্ (স্বীয় অভিপ্রায় গতি) অন্বিচ্ছন্ (অপেক্ষা করিয়া

সংযত করিয়া এই যোগী আত্মবিষয়িণী বৃত্তিসন্ততির দ্বারা আপনার মন অচলভাবে আমাতে ধারণ করিবেন ।১৮

আমাতে ধৃত হইলেও মন যদি শীঘ্রই বিষয়ান্তরে গমন করিয়া দ্বিগুণ চঞ্চল হয়, তখন অনলস হইয়া তাহার অনুগমন করত ধীরে ধীরে তাহাকে বশীভূত করিবেন ।১৯ .

জিতশ্বাস, জিতেন্দ্রিয় যোগী মনের গতি উপেক্ষা করিবেন না । পরন্ত বর্দ্ধিত—সত্ত্বসম্পন্না বুদ্ধির দ্বারা আপনার বশে আনয়ন করিবেন ।২০ (১)

—হাঁ । 'যখন বুদ্ধি আত্মার সহিত অভিন্নরূপে অবস্থান করিয়া ঘটাদি বিবিধ জ্ঞানের উৎপাদন করে, তখন উহাকে জ্ঞানরূপে কীর্ত্তন করা যায়" ।

শান্তিপর্ব্ব ২০৮ অধ্যায় ।

সাংখ্যেন সর্ব্বভাবানাং প্রতিলোমানুলোমতঃ।
ভবাপ্যয়াবনুধ্যায়েন্মনো যাবৎ প্রসীদতি ॥২২
নির্ব্বিণ্ণস্য বিরক্তস্য পুরুষস্যোক্তবেদিনঃ।
মনস্ত্যজতি দৌরাত্ম্যং চিন্তিতস্যানুচিন্তয়া ॥২৩

প্রথমে তাহার অনুবর্ত্তন করে, অনন্তর রশ্মির দ্বারা তাহাকে ইচ্ছামত পথে লইয়া যায়, তদ্রূপ মনের অনুবর্ত্তন করত মনকে বশীভূত করিবেন) ॥২১

মনঃ (মন) যাবৎ (যে পর্য্যন্ত) প্রসীদতি (প্রসন্ন হয়), (তদবধি) সাংখ্যেন (তত্ত্ব-বিবেকের দ্বারা) সর্ব্বভাবানাং (মহদাদি দেহ পর্য্যন্ত সমস্ত পদার্থের) প্রতিলোমানুলোমতঃ (প্রকৃত্যাদি ক্রমে ও পৃথিব্যাদি ক্রমের দ্বারা) ভবাপ্যয়ৌ (উৎপত্তিবিনাশ) অনুধ্যায়েৎ (সতত ধ্যান করিবেন) ॥২২

মনকে বশে আনয়নের উপায় নাদ-শ্রবণ। প্রণব ধনুদ্বারা ব্রহ্মলক্ষ্যে মুহুর্মুহুঃ শরক্ষেপ এবং তাহাতে একীভূত হইয়া অবস্থানই মনকে বশ করিবার উত্তম উপায়।

সৃষ্টিলয় ধ্যান কি ?

—উচ্চ সাধকগণের সৃষ্টিসংহারই ধ্যান করিতে হয়।

—তাহা কিরূপ ?

পরম পুরুষ হইতে
|
প্রকৃতি হইতে
|
মহান্ হইতে
|
অহঙ্কার ,, (অহঙ্কার ত্রিবিধ)

(১) সাত্ত্বিক অহঙ্কার (২) রাজস অহঙ্কার (৩) তামস অহঙ্কার

ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতাগণ-	ইন্দ্রিয়বৃন্দ—	আকাশ
দিক্, বায়ু, সূর্য্য বরুণ,	শ্রোত্র, ত্বক্, চক্ষু	বায়ু
অশ্বিনীকুমার, অগ্নি, ইন্দ্র,	জিহ্বা, ঘ্রাণ, জ্ঞানেন্দ্রিয়	তেজ
উপেন্দ্র, যম, প্রজাপতি,	বাক্ পাণি পাদ পায়ু	জল
চন্দ্র, মন।	উপস্থ—কর্ম্মেন্দ্রিয়।	পৃথিবী

প্রকৃতি, মহান্, অহঙ্কার এই ক্রমে সৃষ্টি—পৃথিবী জলে, জল তেজে এই ক্রমে লয় ধ্যান করিতে হয়।

যমাদিভির্যোগপথৈরান্বীক্ষিক্যা চ বিদ্যয়া।
মমার্চ্চোপাসনাভির্বা নান্যৈর্যোগ্যং স্মরেন্মনঃ ॥২৪
যদি কুর্য্যাৎ প্রমাদেন যোগী কর্ম্ম বিগর্হিতম্।
যোগেনৈব দহেদংহো নান্যৎ তত্র কদাচন ॥২৫

উক্তবেদিনঃ (গুরু উপদেশ প্রাপ্ত) নির্ব্বিণ্ণস্য (খিন্ন অনুতাপী) বিরক্তস্য (বৈরাগ্যযুক্ত) পুরুষস্য (পুরুষের) চিন্তিতস্য (গুরুর উপদেশ চিন্তার) অনুচিন্তয়া (পুনঃ পুনঃ চিন্তার দ্বারা) মনঃ (মন) দৌরাত্ম্যং (দেহাভিমান) ত্যজতি (ত্যাগ করে) ॥২৩

যমাদিভিঃ (যমাদি) যোগপথৈঃ (যোগপথের দ্বারা) চ (ও) আন্বীক্ষিক্যা বিদ্যয়া (তত্ত্ব পদার্থএর শোধনের দ্বারা) বা (কিংবা) মম (আমার) অর্চ্চোপাসনাভিঃ (আমার

অদমনীয় অশ্বের স্বীয় মনের অভিপ্রায় গতি অপেক্ষা করত ধীরে ধীরে যেমন অশ্বচালক অশ্বকে শিক্ষা প্রদান করে—তৎকালে তাহার গতির কিছু অনুবর্ত্তন করিয়া থাকে—তখন রশ্মি ধরিয়াই গমন করে, উপেক্ষা করে না—তদ্রূপ কিঞ্চিৎ মনের অনুসরণ করত তাহাকে বশীভূত করিবেন। এই অনুবৃত্তি মার্গে মনের নিরোধই পরম যোগ বলিয়া জ্ঞানিগণ কর্তৃক স্মৃত হইয়া থাকে।২১

তত্ত্ব বিবেকের দ্বারা মহদাদিদেহান্ত সমস্ত ভাবের অনুলোমে প্রকৃত্যাদি ক্রমে উৎপত্তি, প্রতিলোমে পৃথিবী আদি ক্রমে বিনাশ যে পর্য্যন্ত মন নিশ্চল না হয়, তাবৎকাল সতত ধ্যান করিবেন।২২

নানাবিধ ব্যাপারে উদ্বিগ্ন, তাহার ফলে বিরক্ত, গুরু-কর্তৃক উপদিষ্ট আত্মতত্ত্ব-আলোচক পুরুষের চিন্তিত তত্ত্বের পুনঃ পুনঃ পরিপাটীরূপে চিন্তার দ্বারা মন দৌরাত্ম্য (দেহাভিমান) ত্যাগ করে।২৩

যমাদি যোগপথ, তত্ত্ববিচার অথবা আমার শ্রীবিগ্রহের উপাসনাদি দ্বারা মন ধ্যানযোগ্য পরমাত্মা আমাকে স্মরণ করে—অন্য উপায়ের দ্বারা হয় না।২৪

যে যেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ত্তিতঃ।
কর্ম্মণাং জাত্যশুদ্ধানামনেন নিয়মঃ কৃতঃ।
গুণ-দোষবিধানেন সঙ্গানাং ত্যাজনেচ্ছয়া ॥২৬
জাতশ্রদ্ধো মৎকথাসু নির্ব্বিণ্ণঃ সর্ব্বকর্ম্মসু।
বেদ দুঃখাত্মকান্ কামান্ পরিত্যাগেঽপ্যনীশ্বরঃ ॥২৭

ততো ভজেত মাং প্রীতঃ শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ।
জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্ ॥২৮

প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো মাসকৃন্মুনেঃ।
কামা হৃদয্যা নশ্যন্তি সর্ব্বে ময়ি হৃদি স্থিতে ॥২৯

প্রতিমাপূজা ধ্যানাদি দ্বারা) যোগ্যং (পরমাত্মাকে) মনঃ (মন) স্মরেৎ (স্মরণ করে), অন্যৈঃ (অন্য উপায়ের দ্বারা) ন (নহে) ॥২৪

যদি (যদি) প্রমাদেন (অনবধানতাবশে) যোগী (যোগী) বিগর্হিতং (অত্যন্ত কুৎসিৎ) কর্ম্ম (কর্ম্ম) কুর্য্যাৎ (করিয়া ফেলেন), (তখন) যোগেন (যোগের দ্বারা) এব (ই) অংহঃ (পাপ) দহেৎ (দগ্ধ করিবেন), তত্র (সে বিষয়ে) কদাচ (কখন) অন্যৎ (অন্য কর্ত্তব্য) ন (নাই) ॥২৫

যে যে (স্ব স্ব) অধিকারে (অধিকারে) যা (যে) নিষ্ঠা (দৃঢ়তা, স্থিতি), সঃ (তাহা) গুণঃ (গুণ) পরিকীর্ত্তিতঃ (সঙ্কথিত হয়); গুণদোষবিধানেন (গুণদোষ বিধানের দ্বারা) সঙ্গানাং (সঙ্গ) ত্যাজনেচ্ছয়া (ত্যাগের ইচ্ছায়) জাত্যশুদ্ধানাং (উৎপত্তি মাত্র অশুদ্ধ) কর্ম্মণাম্ (কর্ম্মসমূহের) নিয়মঃ (সঙ্কোচ) কৃতঃ (করা হইয়াছে) ॥২৬

মৎকথাসু (আমার কথায়) জাতশ্রদ্ধঃ (শ্রদ্ধাসম্পন্ন) সর্ব্বকর্ম্মসু (সকল কর্ম্মে) নির্ব্বিণ্ণ (বিরক্ত) দুঃখাত্মকান (দুঃখময়) কামান্ (কামনাসমূহ) বেদ (জানিয়াও) পরিত্যাগে (পরিত্যাগে) অনীশ্বরঃ অপি (অসমর্থ হইলেও) শ্রদ্ধালুঃ (শ্রদ্ধাযুক্ত) দৃঢ়নিশ্চয়ঃ (ভক্তির দ্বারা সমস্ত হইবে—এই দৃঢ় নিশ্চয়) (অতএব) প্রীতঃ (প্রীত হইয়া) তান্ (সেই) কামান্ (কামনা সকল) জুষমাণঃ (সেবমান) দুঃখোদর্কান্ (পরিণামে দুঃখপ্রদ তাহাদের) গর্হয়ন্ (নিন্দা করত) মাং (আমাকে) ভজেত (ভজনা করিবেন) ॥২৭-২৮

প্রোক্তেন (মৎকথিত) ভক্তিযোগেন (ভক্তি যোগের দ্বারা) মা (আমাকে) অসকৃৎ (নিত্য) ভজতঃ (ভজনকারীর) মুনেঃ (মুনির) ময়ি (আমি) হৃদি (হৃদয়ে) স্থিতে (অবস্থিত হইলে) হৃদয্যাঃ (হৃদ্‌গতা) সর্ব্বে (সমস্ত) কামাঃ (কামনা) নশ্যন্তি (নাশ হইয়া যায়) ॥২৯

যোগী যদি অনবধানতাহেতু কখনও অত্যন্ত নিন্দিত কর্ম্ম করেন, তখন সেই পাপ যোগের দ্বারাই ভস্মীভূত করিবেন—সে স্থলে অন্য কৃচ্ছ্রাদি প্রায়শ্চিত্তের আবশ্যক হয় না। জ্ঞানী জ্ঞানবিচারের দ্বারা ও ভক্ত নামসঙ্কীর্ত্তনের দ্বারা দুষ্ট প্রারব্ধ হেতু অনুষ্ঠিত পাপ দূর করিবেন।২৫

স্ব স্ব অধিকারে (যেমন জ্ঞানী জ্ঞানাভ্যাসে, যোগী যোগাভ্যাসে, ভক্ত নাম-সঙ্কীর্ত্তনে) যে স্থিতি তাহা গুণ বলিয়া কথিত হয়—যেহেতু বিষয়াসক্তি ত্যাগের ইচ্ছায় এই গুণ-দোষবিধানের দ্বারা স্বাভাবিক অশুদ্ধ কর্ম্মের সঙ্কোচ করা হইয়াছে। কর্ম্মসমূহ উৎপত্তি হইতেই অশুদ্ধ, তথাপি বিষয়াসক্তি বর্জ্জন করিবার জন্য গুণ-দোষের বিচার করত কর্ম্মের ব্যবস্থা করা হইয়াছে। আপন আপন অনুসারে কর্ম্মের অনুষ্ঠান—গুণ এবং অধিকার অধিকার অতিক্রম করাই—দোষ।২৬

আমার কথাতে শ্রদ্ধাযুক্ত, সকল কর্ম্মে নির্ব্বিণ্ণ (বিরক্ত) ব্যক্তি কামসকল দুঃখময় জানিয়াও তাহার পরিত্যাগে যদি অসক্ত হন, তাহা হইলে তিনি পরিণামে দুঃখজনক কামনাসকল উপভোগ করিয়া তাহাদের নিন্দা করিতে করিতে প্রসন্নচিত্ত ও শ্রদ্ধাবান্ হইয়া "ভক্তির দ্বারাই সমস্ত হইবে" ইহা দৃঢ়নিশ্চয় করিয়া আমাকে ভজনা করিবেন।২৭-২৮

কথিত ভক্তিযোগের দ্বারা আমাকে নিরন্তর ভজনাকারী মুনির আমি (জ্যোতির্ম্ময় নাদরূপে) হৃদয়ে অবস্থিত হইলে, হৃদ্‌গতা নিখিল কামনা

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি ময়ি দৃষ্টেঽখিলাত্মনি ॥৩০
তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ।
ন জ্ঞানং ন চ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ ॥৩১

অখিলাত্মনি (অখিলের আত্মা) ময়ি (আমাকে) দৃষ্টে (দেখিলে) অস্য (দ্রষ্টার) হৃদয়গ্রন্থিঃ (হৃদয়গ্রন্থি) ভিদ্যতে (ভিন্ন হয়), সর্ব্বসংশয়াঃ (নিখিল সংশয়) ছিদ্যন্তে (ছিন্ন হয়) চ (ও) কর্ম্মাণি ক্ষীয়ন্তে (কর্ম্মসকল ক্ষীণ হইয়া থাকে) ॥৩০

তস্মাৎ (সেই হেতু) মদ্ভক্তিযুক্তস্য (আমার ভক্তিযুক্ত) মদাত্মনঃ (মচ্চিত্ত) যোগিনঃ (যোগীর) জ্ঞানং (জ্ঞান) ন (নহে), বৈরাগ্যং ন চ (বৈরাগ্যও নহে), ইহ (ইহলোকে) প্রায়ঃ (প্রায়) শ্রেয়ঃ (শ্রেয়সাধন হয়) ॥৩১

যৎ (যাহা) কর্ম্মভিঃ (কর্ম্মসমূহের দ্বারা), যৎ (যাহা)

বিনষ্ট হইয়া যায়।২৯

সর্ব্বভূতের আত্মা আমাকে দর্শন করিলে আমার ভক্তের হৃদয়গ্রন্থি ভিন্ন (দেহাদিতে আত্মা অভিমান নিবর্ত্তিত) হয়, অসম্ভাবনাদি সমস্ত সংশয় ছিন্ন ও সংসারের হেতুভূত কর্ম্মসকল ক্ষয় হইয়া থাকে।৩০

সেইহেতু আমার ভক্তিযুক্ত, মদ্‌গত-অন্তঃকরণ যোগীর প্রকৃতি বিবিক্ত আত্মজ্ঞান বিষয়-বিতৃষ্ণা আদি বৈরাগ্য প্রায়ই শ্রেয়ঃ সাধন হয় না। ৩১

—শ্রেষ্ঠা ভক্তির লক্ষণ কি ?
—দুর্লভা ভক্তির লক্ষণ শ্রবণ কর—

যো মে সম্বন্ধোঽপগতঃ স বিষ্ণু-
র্যশ্চারিভূতো মম সোঽপি বিষ্ণুঃ।
দিবং বিয়দ্ভূ-ককুভশ্চ বিষ্ণু-
র্ভূতানি বিষ্ণুর্ভুবনানি বিষ্ণুঃ॥

—বিষ্ণুধর্ম্মোত্তরে।

যাহার সহিত আমার সম্বন্ধ বিরহিত হইয়াছে, তিনি বিষ্ণু, যিনি আমার শত্রু, তিনি বিষ্ণু ; দ্যুলোক, আকাশ, অবনি ও দিক্‌সকল বিষ্ণু, স্থাবর জঙ্গম ভূতসকল বিষ্ণু, চতুর্দ্দশ ভুবন বিষ্ণু।

যৎ কর্ম্মভির্যৎ তপসা জ্ঞান-বৈরাগ্যতশ্চ যৎ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি ॥৩২
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্ যদি বাঞ্ছতি॥৩৩

তপসা (তপস্যার দ্বারা), যৎ (যাহা) জ্ঞানবৈরাগ্যতঃ (জ্ঞান-বৈরাগ্যের দ্বারা), যোগেন (যোগ), দানধর্ম্মেন (দানধর্ম্মের দ্বারা), ইতরৈঃ (অপর) শ্রেয়োভিঃ (শ্রেয়ঃ সাধনকার্য্য সমূহের দ্বারা) অপি (ও) (লাভ করে)।

মদ্ভক্তঃ (আমার ভক্ত) মদ্ভক্তিযোগেন (আমার ভক্তি যোগের দ্বারা) (সেই) সর্ব্বং (সমস্ত) স্বর্গাপবর্গং (স্বর্গ ও মোক্ষ) যদি (যদি) কথঞ্চিৎ (কিছুও) (অধিক কি) মদ্ধাম (বৈকুণ্ঠ) বাঞ্ছতি (ইচ্ছা করেন), (তখন তাহাও) অঞ্জসা (তৎক্ষণাৎ) লভতে (লাভ করেন) ॥৩২-৩৩

যাহা যজ্ঞাদি কর্ম্মসমূহ, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা, জ্ঞান, বৈরাগ্য, যোগ, দান-ধর্ম্ম, অন্য মঙ্গলজনক কার্য্যসকলের দ্বারা প্রাপ্ত হয়।

আমার ভক্ত আমার ভক্তিযোগের দ্বারা সেই সকল এবং স্বর্গ ও মোক্ষ, অধিক কি, যদি আমার বৈকুণ্ঠও অভিলাষ করেন, তখন তাহাও তৎক্ষণাৎ প্রাপ্ত হইয়া থাকেন।৩২-৩৩

ন মেঽস্তি বন্ধুর্ন চ মে হস্তি শত্রু-
র্ন ভৃত্যবর্গো ন জনো মদন্যঃ।
ত্বং বাহমন্যশ্চ শরীরভেদে
বিভিন্নমীশস্য হরেঃ শরীরম্ ॥ ঐ

আমার বন্ধু নাই, আমার শত্রু নাই, ভৃত্যনিকর নাই, আমি ভিন্ন অন্য কোন জন নাই। তুমি, আমি বা অন্য কেহ শরীর-সমূহ ভেদে পরমেশ্বর হরির বিভিন্ন শরীর।

অহং ভগবতস্তস্য মম চাসৌ সুরেশ্বরঃ।
তত্রাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥
নমো ভগবতে তস্মৈ যেন সর্ব্বমিদং ততম্।
তমেব চ প্রপন্নোঽস্মি মম যো যস্য চাপ্যহম্॥

আমি সেই শ্রীভগবানের, সেই সুরেশ্বর আমার, আমি

ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হ্যেকান্তিনো মম।
বাঞ্ছন্ত্যপি ময়া দত্তং কৈবল্যমপুনর্ভবম্ ॥৩৪
নৈরপেক্ষ্যং পরং প্রাহুর্নিঃশ্রেয়সমনল্পকম্।
তস্মান্নিরাশিষো ভক্তির্নিরপেক্ষস্য মে ভবেৎ ॥৩৫

মম (আমার) একান্তিনঃ (একান্ত) ভক্তাঃ (ভক্ত) ধীরাঃ (ধৈর্য্যশালী) সাধবঃ (সাধুগণ) কিঞ্চিৎ (কিছুই ন বাঞ্ছন্তি (ইচ্ছা করেন না), (অধিক কি) ময়া (আমাকর্তৃক) দত্তম্ (দত্ত) অপি (ও) অপুনর্ভবম্ (কৈবল্যও) বাঞ্ছা করেন না ॥৩৪

অনল্পকং (মহৎ) নৈরপেক্ষ্যং (অপেক্ষাশূন্যতা, স্বতন্ত্রতা) পরং (উৎকৃষ্ট) নিঃশ্রেয়সং (মোক্ষ ও তাহার ফল) প্রাহুঃ (বলেন), তস্মাৎ (সেই হেতু) নিরপেক্ষস্য (অপেক্ষা-রহিত) নিরাশিষঃ (নিষ্কাম ব্যক্তির) মে (আমার) ভক্তিঃ (ভক্তি) ভবেৎ (হয়) ॥৩৫

আমার অনন্যভক্ত ধৈর্য্যসম্পন্ন সাধুগণ কিছুই বাঞ্ছা করেন না—এমন কি, কৈবল্যমুক্তি দান করিলেও তাঁহারা তাহা স্পৃহা করেন না।৩৪

যেহেতু সর্ব্বাপেক্ষারহিত নিষ্কাম পুরুষেরই আমার ভক্তি হয়, সেইজন্য নৈরপেক্ষ্য, অতি-উৎকৃষ্ট মহান্ পুরুষার্থসাধন বলিয়া থাকেন।৩৫

ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্ ॥৩৬

বুদ্ধেঃ (বুদ্ধির) পরম্ (অতীত, ঈশ্বর) উপেয়ুষাং (প্রাপ্ত) সমচিত্তানাং (সমচিত্ত) সাধূনাং (সাধু) ময়ি (আমাতে) একান্তভক্তানাং (একান্ত ভক্তগণের) গুণদোষোদ্ভবাঃ (বিহিত—অবিহিত কর্ম্মোৎপন্ন) গুণাঃ (পাপ-পুণ্য সকল) ন (হয় না) ॥৩৬

আমাতে একান্ত ভক্ত, সমচিত্ত জ্ঞানী, ঈশ্বরপ্রাপ্ত সাধুগণের গুণদোষ সমুদ্ভূত (বিহিত-অবিহিত কর্ম সঞ্জাত) পাপ-পুণ্যসকল হয় না।৩৬

তাঁহার অন্তর্হিত হইব না—তিনিও আমার অন্তর্হিত হইবেন না। যাঁহার দ্বারা চরাচর বিশ্ব সমাচ্ছন্ন, সেই শ্রীভগবান্‌কে নমস্কার। আমার যিনি ও যাঁহার আমি, তাঁহারই আমি শরণাগত হইতেছি।

—সুন্দর ভক্তির লক্ষণ।

—এই একাদশ-স্কন্ধেও ঐরূপ একটি ভক্তির কথা কবি নিমিকে বলিয়াছিলেন—

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ
জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন্।
সরিৎ-সমুদ্রাংশ্চ হরেঃ শরীরং
যৎকিঞ্চ ভূতং প্রণমেদনন্যঃ ॥১১।২।৩৯

আকাশ, বায়ু, অনল, জল, পৃথিবী, চন্দ্র, সূর্য্য ও নক্ষত্রাদি, জ্যোতিষ্কমণ্ডলী, প্রাণিনিচয় এবং দিক্‌সমূহ, বৃক্ষ, নদী, সমুদ্র, স্থাবর-জঙ্গমাত্মক যে কোন পদার্থ—এমন কি, আপনার স্বরূপ পর্য্যন্ত ভগবান্ শ্রীহরির শরীরবোধে অনন্যভক্ত প্রণাম করিয়া থাকেন।

হরিরেব জগৎ জগদেব হরি-
র্হরিতো জগতো ন ভিন্নতনুঃ।
ইতি যস্য মতিঃ পরমার্থগতিঃ
স নরো ভবসাগরমুত্তরতি ॥

—হরিই জগৎ, জগৎই হরি, হরি ও জগতের শরীর ভিন্ন নহে—পরমার্থগতিপ্রদ এইরূপ যাঁহার মতি শুদ্ধ হয়, সেই মানব ভবপারাবার হইতে অক্লেশে উত্তীর্ণ হন।

এবমেতান্ ময়াদিষ্টাননুতিষ্ঠন্তি মে পথঃ।
ক্ষেমং বিন্দন্তি মৎস্থানং যদ্ ব্রহ্ম পরমং বিদুঃ ॥৩৭

এবং (এইরূপ) ময়া (আমাকর্ত্তৃক) আদিষ্টান্ (আদিষ্ট) এতান্ (এই) মে (আমার) পথঃ (আমার প্রাপ্তির উপায় সকল) (যাঁহারা) অনুতিষ্ঠন্তি (অনুষ্ঠান করেন), (তাঁহারা) ক্ষেমং (কাল মায়াদি-রহিত) মৎস্থানং (আমার লোক) বিন্দন্তি (প্রাপ্ত হন), যৎ (যাহা) পরমং ব্রহ্ম (পরম ব্রহ্ম) তৎ (তাহা) বিদুঃ (অবগত হন) ॥৩৭

এবংবিধ আমার আদিষ্ট নিষ্কাম কর্ম্মযোগ জ্ঞান-ভক্তিরূপ আমার পথ (আমার প্রাপ্তির উপায়) যাঁহারা অনুষ্ঠান করেন, তাঁহারা সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধ ব্রহ্মকে অবগত হন ও কর্ম্মফলাদি-ভয়রহিত আমার বৈকুণ্ঠলোক লাভ করিয়া থাকেন।৩৭ (১)

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে বিংশোঽধ্যায়ঃ ॥১৫

শ্রীমদ্‌ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে বিংশোঽধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

(১) (বিশ্বনাথ) নিষ্কাম কর্ম্মী ক্ষেম কল্যাণ, ভক্তগণ আমার স্থান বৈকুণ্ঠ, জ্ঞানিসমূহ ব্রহ্মকে অবগত হন।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে
শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত
বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একবিংশঃ অধ্যায়ঃ।

[দ্রব্য-দেশাদীনাং গুণ-দোষবর্ণনম্।]

শ্রীভগবানুবাচ
য এতান্ মৎপথো হিত্বা ভক্তি-জ্ঞান-ক্রিয়াত্মকান্।
ক্ষুদ্রান্ কামাংশ্চলৈঃ প্রাণৈর্জুষন্তঃ সংসরন্তি তে ॥১

স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ত্তিতঃ।
বিপর্য্যয়স্তু দোষঃ স্যাদুভয়োরেষ নির্ণয়ঃ ॥২

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন,—যে (যাহারা) এতান্ (এই) ভক্তিজ্ঞানক্রিয়াত্মকান্ (ভক্তি, জ্ঞান ও ক্রিয়াত্মক) মৎপথঃ (আমার পথ) হিত্বা (ত্যাগ করিয়া) চলৈঃ (ভঙ্গুর, চঞ্চল) প্রাণৈঃ (ইন্দ্রিয়গণের দ্বারা)

একবিংশ অধ্যায়।

[দ্রব্য-দেশাদির গুণ ও দোষ বর্ণন।]

ইতরস্য মহামন্ত্রজালস্য ফলদোঽপি যঃ।
সর্ব্বমন্ত্রাদিরূপায় প্রণবায় নমো নমঃ॥

শ্রীভগবান্ বলিলেন—ভক্তি-জ্ঞান ক্রিয়াত্মক এই আমার পথসকল পরিত্যাগ করিয়া যাহারা চঞ্চল ইন্দ্রিয়গণের দ্বারা অতিশয় তুচ্ছ বিষয় ভোগপরায়ণ, তাহারাই বিবিধ যোনি প্রাপ্ত হইয়া থাকে।১

স্ব স্ব অধিকারে স্থিতি—তাহা গুণ বলিয়া

শুদ্ধ্যশুদ্ধী বিধীয়েতে সমানেষ্বপি বস্তুষু।
দ্রব্যস্য বিচিকিৎসার্থং গুণ-দোষৌ শুভাশুভৌ ॥৩

ধর্ম্মার্থং ব্যবহারার্থং যাত্রার্থমিতি চানঘ।
দর্শিতোঽয়ং ময়াচারো ধর্ম্মমুদ্বহতাং ধুরম্ ॥৪

ভূম্যম্ব্যগ্ন্যনিলাকাশা ভূতানাং পঞ্চ ধাতবঃ।
আব্রহ্মস্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ ॥৫

বেদেন নাম-রূপাণি বিষমাণি সমেষ্বপি।
ধাতুষূদ্ধব কল্প্যন্তে এতেষাং স্বার্থসিদ্ধয়ে ॥৬

দেশ-কালাদিভাবানাং বস্তূনাং মম সত্তম।
গুণ-দোষৌ বিধীয়েতে নিয়মার্থং হি কর্ম্মণাম্ ॥৭

ক্ষুদ্রান্ (ক্ষুদ্র) কামান্ (কামনা সকল) জুষন্তঃ (উপভোগ করে), তে (তাহারা) সংসরন্তি (নানা যোনি প্রাপ্ত হয়) ॥১

স্বে স্বে (স্ব স্ব) অধিকারে (অধিকারে) যা (যে) নিষ্ঠা (দৃঢ়তা, শ্রদ্ধা), সঃ (তাহা) গুণঃ (গুণ বলিয়া) পরিকীর্ত্তিতঃ (কথিত হয়), তু (কিন্তু) বিপর্য্যয়ঃ (তাহার বিপরীত) দোষঃ (দোষ) স্যাৎ (হয়)। উভয়োঃ (গুণ-দোষের) এষঃ (এই) নির্ণয়ঃ (নিশ্চয় সিদ্ধান্ত) ॥২

সমানেষু (সমান) বস্তুষু (বস্তুসকলে) অপি (ও) শুদ্ধ্যশুদ্ধী (শুদ্ধি অশুদ্ধি—গুণে শুদ্ধি, দোষে অশুদ্ধি) (যাহারা) বিধীয়েতে (বিধান করেন), দ্রব্যস্য (দ্রব্যের) বিচিকিৎসার্থং (সন্দেহের দ্বারা স্বাভাবিক প্রবৃত্তি প্রতিবন্ধের জন্য) গুণ-দোষৌ (গুণ-দোষ) শুভাশুভৌ (অর্থ অনর্থ) (গুণই শুভ—দোষই অশুভ) ॥৩

অনঘ (হে নিষ্পাপ)। ধর্ম্মার্থং (ধর্ম্মের জন্য), ব্যবহারার্থং (ব্যবহারের নিমিত্ত), যাত্রার্থং (প্রাণ রক্ষার কারণে) ময়া (আমি) ধর্ম্মং (ধর্ম্মরূপ) ধুরম্ (ভার) উদ্বহতাম্ (বাহকগণের) অয়ম্ (এই) আচারঃ (আচার) দর্শিতঃ (নির্দ্দিষ্ট করিয়াছি) ॥৪

ভূম্যম্ব্যগ্ন্যনিলাকাশাঃ (ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ) (সেই) পঞ্চধাতবঃ (পাঁচটি ধাতু) আব্রহ্মস্থাবরাদীনাং (ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত) ভূতানাম্ (ভূতগণের) আত্মসংযুতাঃ (আত্মায় মিলিত হইয়া) শারীরাঃ (শরীর আরম্ভক) (হয়) ॥৫

উদ্ধব (হে উদ্ধব)। ধাতুষু (ধাতুসমূদয়) সমেষু অপি (সম হইলেও) এতেষাং (জীবজাতিগণের) স্বার্থসিদ্ধয়ে (প্রয়োজনসিদ্ধির জন্য) বিষমাণি (ভিন্ন ভিন্ন) চ (ও) নামরূপাণি (নাম-রূপ-সমূহ) বেদেন (বেদ দ্বারা) কল্প্যন্তে (কল্পিত হইয়াছে) ॥৬

সত্তম (হে সাধুশ্রেষ্ঠ)। কর্ম্মণাং (কর্ম্মসমূহের) নিয়মার্থং (সঙ্কোচের জন্য) দেশকালাদিভাবানাং (দেশ-কালাদি ভাব-পদার্থ তৎসম্বন্ধি-ধান্যাদি) বস্তূনাং (বস্তুসমূহেরও) গুণ-

---

কথিত হয়। অযোগ্যতাহেতু পরাধিকারে নিষ্ঠা দোষ বলিয়া জানিবে। গুণ ও দোষ উভয়ের ইহাই সিদ্ধান্ত।২

সমান বস্তুসমূহে শুদ্ধি অথবা অশুদ্ধির বিচার অর্থাৎ গুণে শুদ্ধি ও দোষে অশুদ্ধি দর্শন যাঁহারা করেন, তাঁহাদের সন্দেহের দ্বারা দ্রব্যসকলের গ্রাহ্য ও ত্যাজ্য নিরূপিত হইবে। গুণই শুভ, দোষই অশুভ।৩

হে নিষ্পাপ। ধর্ম্মের জন্য, ব্যবহারের নিমিত্ত ও প্রাণরক্ষার জন্য মনু প্রভৃতি রূপে ধার্ম্মিকগণের পালনীয় আচার দেখাইয়াছি। শুদ্ধের দ্বারা ধর্ম, অশুদ্ধের দ্বারা অধর্ম্ম ব্যবহারনিশ্চয়ে গুণ দোষ বলিয়া উহা গ্রাহ্য। প্রাণ রক্ষার জন্য আপৎকালে কিঞ্চিৎ গ্রহণ শুভ—অধিক গ্রহণ অশুভ।৪

ব্রহ্মা হইতে স্থাবরাদি ভূতগণের ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ এই পাঁচটিই আত্মায় মিলিত হইয়া শরীরে আরম্ভক হয়।৫

হে উদ্ধব! এই প্রাণিগণের স্বার্থসিদ্ধির জন্য (প্রবৃত্তি নিবৃত্তি নিয়মন দ্বারা ধর্ম্মাদি পুরুষার্থ সিদ্ধির জন্য) ধাতুসকল সমান হইলেও ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি বিষম নাম ও রূপ (শরীর) বেদের দ্বারা কল্পিত হইয়াছে।৬

হে সাধুপ্রধান। কর্ম্মসকলের সঙ্কোচের নিমিত্ত দেশকালাদিভাব পদার্থ, তৎসম্বন্ধি ধান্যাদি বস্তু-সকলের গুণ-দোষ আমি বিধান করিয়াছি।৭

অকৃষ্ণসারো দেশানামব্রহ্মণ্যোঽশুচির্ভবেৎ।
কৃষ্ণসারোঽপ্যসৌবীরকীকটাসংস্কৃতেরিণম্ ॥৮
কর্ম্মণ্যো গুণবান্ কালো দ্রব্যতঃ স্বত এব বা।
যতো নিবর্ত্ততে কর্ম্ম স দোষোঽকর্ম্মকঃ স্মৃতঃ ॥৯

দোষৌ (গুণ-দোষ) ময়া (আমাকর্ত্তৃক) বিধীয়েতে (বিধান করা হইয়াছে) ॥৭

দেশানাম্ (দেশসমূহের মধ্যে) অকৃষ্ণসারঃ (কৃষ্ণসার-নামক হরিণরহিত যে দেশ), (যাহা) অব্রহ্মণ্যঃ (ব্রাহ্মণভক্তহীন যে দেশ), (সে দেশ) অশুচিঃ (অপবিত্র) ভবেৎ (হইবে)। কৃষ্ণসারঃ অপি (কৃষ্ণসার থাকিলেও) অসৌবীরকীকটা-সংস্কৃতেরিণম্ (সৎপুরুষরহিত, মার্জ্জনাদি বিহীন অথচ ম্লেচ্ছবহুল, অনুর্ব্বর) এই সমস্তও অশুচি দেশ ॥৮

কর্ম্মণ্যঃ (কর্ম্মযোগ্য) কালঃ (কাল) দ্রব্যতঃ (দ্রব্যযোগে) বা (অথবা) স্বতঃ এব (স্বতঃই) গুণবান্ (গুণবান্), যতঃ (যাহা, সেই কাল) সদোষঃ (অশুদ্ধ) স্মৃতঃ ॥৯

দেশের মধ্যে কৃষ্ণসার-মৃগ প্রচাররহিত দেশ অশুচি। তাহার মধ্যেও ব্রাহ্মণ-ভক্তিরহিত দেশ অত্যন্ত অশুচি। কৃষ্ণসার মৃগ থাকিলেও সৎপুরুষ-রহিত কীকট, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, ম্লেচ্ছবহুল সম্মার্জ্জনাদি রহিত উষর—এই সকল দেশ অশুচি। সৎপুরুষযুক্ত কীকটও শুচি। ৮ (১)

শ্রাদ্ধাদি পুণ্য কর্মকরণের দ্রব্য লাভ হইলে স্বতঃ পূর্ব্বাহ্লাদি যে কাল কর্মযোগ্য সেই কাল গুণবান্—শুদ্ধ। যে কালে কর্ম নিবারিত হয়—যেমন সূতকাদি দশদিন—সে কাল কর্মের অযোগ্য —অশুদ্ধ।৯

দ্রব্য—বস্ত্রাদির জলাদির দ্বারা শুদ্ধি, মূত্রাদির দ্বারা অশুদ্ধি নির্ণীত হয়, ব্রাহ্মণ বচনের দ্বারা অর্থাৎ কোন বস্তু শুদ্ধ কি না এইরূপ সন্দেহস্থলে প্রাজ্ঞের

দ্রব্যস্য শুদ্ধ্যশুদ্ধী চ দ্রব্যেণ বচনেন চ।
সংস্কারেণাথ কালেন মহত্ত্বাল্পতয়াথবা ॥১০
শক্ত্যাশক্ত্যাথবা বুদ্ধ্যা সমৃদ্ধ্যা চ যদাত্মনে।
অঘং কুর্ব্বন্তি হি যথা দেশাবস্থানুসারতঃ ॥১১

দ্রব্যেণ (দ্রব্যের দ্বারা) বচনেন (ব্রাহ্মণের বাক্যদ্বারা) সংস্কারেণ (সংস্কারে) (অথবা) কালেন (কালে) মহত্ত্বাল্পতয়া (আধিক্যে বা অল্পতায়) দ্রব্যস্য (দ্রব্যের) শুদ্ধ্যশুদ্ধী (শুদ্ধি-অশুদ্ধি) নির্ণীত হয় ॥১০

অথ (আর) শক্ত্যা (শক্তি) বা (অথবা) অশক্ত্যা (অশক্তিবশে) বুদ্ধ্যা (জ্ঞান) চ (ও) সমৃদ্ধ্যা (সমৃদ্ধি অনুসারে) (যে) দেশাবস্থানুসারতঃ (দেশ ও অবস্থার অনুবর্ত্তনে) আত্মনে (জীবের) যৎ (যে) (পুণ্য) (বা) অঘং (পাপ) কুর্ব্বন্তি (করে), (তাহারও শুদ্ধি-অশুদ্ধি বিজ্ঞাত হইবে) ॥১১

বচনের দ্বারা তাহার মীমাংসা হয়। সংস্কার—পুষ্পাদির প্রোক্ষণের দ্বারা শুদ্ধি, অবঘ্রাণাদির দ্বারা অশুদ্ধি, কালদশাহাদিতে নবোদকাদির শুদ্ধি—পর্য্যুষিত অন্নাদির কাল অতিক্রমহেতু অশুদ্ধি। দ্রব্য—পরিমাণে অল্প হইলে স্পর্শদোষ হয়, বৃহৎ বা অধিক হইলে স্পর্শদোষ হয় না। অন্ত্যজাদি-স্পর্শে অল্পজলের অশুদ্ধি—তড়াগদির জলের অশুদ্ধি হয় না।১০

শক্তি :—সূর্য্যগ্রহণাদি কালে সমর্থের স্নানাদির দ্বারা শুদ্ধি; অসমর্থের স্নানাদি বিনাও শুদ্ধি বুদ্ধি :—পুত্র জন্মিলে তাহা না জানিলে অশুদ্ধি হয় না—শুনিলে অশুদ্ধি। সমৃদ্ধি :—জীর্ণ, মলিন, সেলাইকরা বস্ত্র ধনবানের ব্যবহারে অশুদ্ধি—দরিদ্রের তাহাতে অশুদ্ধি হয় না। দেশ, কাল, অবস্থা ভেদে

অঙ্গ-বঙ্গ-কলিঙ্গেষু সৌরাষ্ট্র-মাগধেষু চ।
তীর্থযাত্রা বিনা গত্বা পুনঃ সংস্কারমর্হতি ॥

(১) প্রাচীন মগধ দেশের নাম কীকট। কীকটের একাংশে গয়া। গয়া পরম পবিত্র প্রধান পিতৃতীর্থ। গয়ার যে অংশ সৎপুরুষগণ-রহিত তাহা অশুদ্ধ—তদ্ভিন্ন শুদ্ধ।

ধান্য-দার্ব্বস্থি-তন্তুনাং রস-তৈজস-চর্ম্মণাম্।
কালবায়্বগ্নিমৃত্তোয়ৈঃ পার্থিবানাং যুতাযুতৈঃ ॥১২

অমেধ্যলিপ্তং যদ্ যেন গন্ধং লেপং ব্যপোহতি।
ভজতে প্রকৃতিং তস্য তচ্ছৌচং তাবদিষ্যতে ॥১৩

স্নান-দান-তপোঽবস্থা-বীর্য্য-সংস্কার-কর্ম্মভিঃ।
মৎস্মৃত্যা চাত্মনঃ শৌচং শুদ্ধঃ কর্ম্মাচরেদ্ দ্বিজঃ ॥১৪

মন্ত্রস্য চ পরিজ্ঞানং কর্ম্মশুদ্ধির্মদর্পণম্।
ধর্ম্মঃ সম্পদ্যতে ষড়্ভিরধর্ম্মস্তু বিপর্য্যয়ঃ ॥১৫

কচিদ্ গুণোঽপি দোষঃ স্যাদ্দোষোঽপি বিধিনা গুণঃ।
গুণদোষার্থনিয়মস্তদ্ভিদামেব বাধতে ॥১৬

ধান্যদার্ব্বস্থিতন্তূনাং (ধান্য, কাষ্ঠ, অস্থি, তন্তুর) রস-তৈজস-চর্ম্মণাং (রস—জলাদি, সুবর্ণাদি—তৈজস, অজিনাদি—চর্ম্ম-সকলের) পার্থিবানাং (পার্থিব পদার্থসকলের) কালবায়্বগ্নি-মৃত্তোয়ৈঃ (কাল, বায়ু, অগ্নি, মৃত্তিকা, জল—তাহাদের সহিত) যুতাযুতৈঃ (যোগাযোগে) শুদ্ধি অশুদ্ধি হইয়া থাকে ॥১২

যৎ (যে) অমেধ্যলিপ্তং (অপবিত্র লিপ্ত) (বস্তু) যেন (যাহার দ্বারা) গন্ধং লেপং (গন্ধ ও লেপ) ব্যপোহতি (ত্যাগ করে), তস্য (তাহার) (পুনরায়) প্রকৃতিং (পূর্ব্বপ্রকৃতি) ভজতে (প্রাপ্ত হয়), তৎ (তাহা) তাবৎ (সেই পর্য্যন্ত) শৌচম্ (শুদ্ধি) ইষ্যতে (ইচ্ছা করে) ॥১৩

স্নানদানতপোঽবস্থা-বীর্য্যসংস্কারকর্ম্মভিঃ (স্নান, দান, তপস্যা, অবস্থা, কৌমারাদি শক্তি, উপনয়নাদি সংস্কার-কর্ম্মের দ্বারা) মৎস্মৃত্যা (আমার স্মরণে) আত্মনঃ (আত্মার) শৌচং (শুদ্ধি) ভবেৎ (হয়), (অতএব তাহাদের দ্বারা) শুদ্ধঃ সন্ (শুদ্ধ হইয়া) দ্বিজঃ (দ্বিজ) কর্ম্ম (কর্ম্ম) আচরেৎ (আচরণ করিবেন) ॥১৪

(সদ্গুরুমুখে) মন্ত্রস্য (মন্ত্রের) পরিজ্ঞানং (পরিজ্ঞান), মন্ত্রস্য (মন্ত্রের) শুদ্ধিঃ (শুদ্ধি) (কর্ম্মের) মদর্পণং (আমাতে অর্পণ) কর্ম্মশুদ্ধিঃ (কর্ম্মশুদ্ধি) (দেশ, কাল, দ্রব্য, কর্ত্তা, মন্ত্র ও কর্ম্ম এই) ষড়্ভিঃ (ছয়টির দ্বারা) ধর্ম্মঃ (ধর্ম্ম) সম্পদ্যতে (সম্পাদিত হয়); তু (কিন্তু) বিপর্য্যয়ঃ (যাহার বিপরীত অশুদ্ধ) অধর্ম্মঃ (অধর্ম্ম) ॥১৫

শুদ্ধি-অশুদ্ধির বিচার করিতে হয়। শৌচাদির সঙ্কোচ দোষের হইলেও ব্যাঘ্রাদি যুক্ত স্থানে অথবা রোগাদি স্থলে দোষের হয় না।১১

ধান্য, কাষ্ঠ, লৌকিক গ্রহ-চমসাদি, অস্থি গজদন্ত শঙ্খাদি, সূত্র ঊর্ণাতন্তু, ঘৃত তৈলাদি রসবস্তু, সুবর্ণাদি ধাতু, মৃগচর্ম্ম, মৃদঙ্গের চর্ম্মাদি, পথ-মধ্যস্থ কর্দ্দম, ঘট ইষ্টকাদি পার্থিব পদার্থসকলের যথাযথ কালাদির দ্বারা শুদ্ধি। সে স্থলেও কাক, অন্ত্যজাদির স্পর্শ-তারতম্যে, দেশ, কাল ও অবস্থা অনুসারেই শুদ্ধি-অশুদ্ধি হয়। এই সমস্ত পার্থিব পদার্থের কাল বায়ু, অগ্নি, মৃত্তিকা, জলাদির যোগাযোগে শুদ্ধি-অশুদ্ধি হইয়া থাকে।১২

অপবিত্র দ্রব্য লিপ্তবস্তু—যে ক্রিয়ায় গন্ধ ও লেপ ত্যাগ করিয়া পুনরায় তাহার পূর্ব্বপ্রকৃতি প্রাপ্ত হয়, সেই পর্য্যন্ত তাহার শৌচের ব্যবস্থা করা কর্ত্তব্য।১৩

স্নান, দান, তপস্যা, কৌমারাদি অবস্থা, শক্তি, উপনয়নাদি সংস্কার কর্ম্মের দ্বারা সকল অবস্থাতেই আমার স্মরণে আত্মার অর্থাৎ দেহাভিমানী কর্ত্তার শুদ্ধি থাকে, অতএব তাহাদের দ্বারা শুদ্ধ হইয়া দ্বিজ (শূদ্রাদিও) কর্ম্ম-আচরণ করিবেন।১৪

সদ্গুরুমুখে মন্ত্রের যথাযথ পরিজ্ঞান মন্ত্রশুদ্ধি, আমাতে অর্পণের দ্বারা কর্ম্মশুদ্ধি, দেশ, কাল, দ্রব্য, কর্ত্তা, মন্ত্র ও কর্ম্ম এই ছয়টির শুদ্ধির দ্বারা ধর্ম সম্পাদিত হয়। ইহার বিপর্য্যয় অর্থাৎ বিপরীত অধর্ম।১৫

শাস্ত্রের বিধানের বলে কোনস্থলে গুণও দোষ হয়, আবার কোথাও দোষও গুণ হইয়া থাকে। গুণ ও দোষের নিয়ন্তা শাস্ত্র—গুণদোষের ভিন্নতা নিশ্চয় করিতে শাস্ত্রই সমর্থ।১৬

সমানকর্ম্মাচরণং পতিতানাং ন পাতকম্।
ঔৎপত্তিকো গুণঃ সঙ্গো ন শয়ানঃ পতত্যধঃ ॥১৭
যতো যতো নিবর্ত্তেত বিমুচ্যেত ততস্ততঃ।
এষ ধর্ম্মো নৃণাং ক্ষেমঃ শোক-মোহ-ভয়াপহঃ ॥১৮
বিষয়েষু গুণাধ্যাসাৎ পুংসঃ সঙ্গস্ততো ভবেৎ।
সঙ্গাৎ তত্র ভবেৎ কামঃ কামাদেব কলির্নৃণাম্ ॥১৯

কলেৰ্দুর্ব্বিষহঃ ক্রোধস্তমস্তমনুবর্ত্ততে।
তমসা গ্রস্যতে পুংসশ্চেতনা ব্যাপিনী দ্রুতম্ ॥২০
তয়া বিরহিতঃ সাধো জন্তুঃ শূন্যায় কল্পতে।
ততোঽস্য স্বার্থবিভ্রংশো মূর্চ্ছিতস্য মৃতস্য চ ॥২১
বিষয়াভিনিবিশেন নাত্মানং বেদ নাপরম্।
বৃক্ষজীবিকয়া জীবন্ ব্যর্থং ভস্ত্রেব যঃ শ্বসন্ ॥২২

বিধিনা (বিধিবলে) কচিৎ (কোথাও) গুণঃ অপি (গুণও) দোষঃ (দোষ) স্যাৎ (হয়), দোষঃ অপি (দোষ ও) গুণঃ (গুণ হয়), (অতএব) গুণদোষার্থনিয়মঃ (গুণ-দোষের জন্য নিয়মনিয়ামক শাস্ত্র) তদ্‌ভিদাং (গুণ-দোষের ভেদ) বাধতে (বাধিত হয়) ॥১৬

সমানকর্ম্মাচরণং (সমান কর্ম্মের আচরণ, একজাতীয় কর্ম্মের অনুষ্ঠান) পতিতানাং (পতিতগণের) ন পাতকং (পাতক হয় না), (মদ্যাদিপানে অ-পতিতের পাতক হয়) (যতির যে) সঙ্গঃ (আসক্তি তাহা গৃহস্থের) ঔৎপত্তিকঃ (সহজ) গুণঃ (গুণ), অধঃ শয়ানঃ (ভূমীশায়ী) ন পততি (পতিত হয় না) ॥১৭

যতঃ যতঃ (যাহা যাহা হইতে) নিবর্ত্তেত (নিবৃত্ত হওয়া যায়), ততঃ ততঃ (তাহা তাহা হইতে) বিমুচ্যেত (বিমুক্ত হয়), নৃণাম্ (মানবগণের) এষঃ (এই) ধর্ম্মঃ (ধর্ম্ম) শোকমোহভয়াপহঃ (শোক-মোহ-ভয়-অপহারক) (অতএব) ক্ষেমঃ (মঙ্গলময়) ॥১৮

বিষয়েষু (বিষয়সমূহে) গুণাধ্যাসাৎ (গুণ আরোপণহেতু) পুংসঃ (পুরুষের) সঙ্গঃ (আসক্তি) ভবেৎ (হয়), ততঃ (অনন্তর) সঙ্গাৎ (সঙ্গ হইতে) কামঃ (কাম), তত্র (সেই বিষয়নিচয়ে) কামাৎ (কাম হইতে) এব (ই) নৃণাং (মানবগণের) কলিঃ (কলহ), কলেঃ (কলহ হইতে) দুর্ব্বিষহঃ (দারুণ, অসহনীয়) ক্রোধঃ (কোপ), তং (সেই ক্রোধ) তমঃ (সম্মোহ) অনুবর্ত্ততে (অনুগমন করে)। তমসা (তমের দ্বারা) পুংসঃ (পুরুষের) ব্যাপিনী (পূর্ব্বব্যাপ্য-স্থিতা হৃদয়স্থা) চেতনা (চেতন—কার্য্যা-কার্য্যস্মৃতি) দ্রুতং (সত্বর) গ্রস্যতে (গ্রস্ত হইয়া থাকে), সাধো (হে সাধো)। তয়া (চেতনা) রহিতঃ (রহিত) জন্তুঃ (জীব) শূন্যায় কল্পতে (শূন্য হইয়া যায়), ততঃ (সর্ব্বশূন্যত্ব হইতে) মূর্চ্ছিতস্য (মূর্চ্ছিত) মৃতস্য (মৃততুল্য) অস্য (ইহার) স্বার্থবিভ্রংশঃ (পুরুষার্থ হানি) (হয়) ॥১৯-২১

একজাতীয় কর্ম্মের অনুষ্ঠানে পতিতগণের পাতক হয় না। যেমন সুরাপান—তাহার দ্বারা অ-পতিত ব্যক্তির পাতক হয়, কিন্তু পতিতের তা হয় না যতির আসক্তি দোষ-জনক, কিন্তু গৃহস্থের তাহা স্বাভাবিক গুণ। যে ব্যক্তি ভূমিতলে শয়ন করিয়া আছে, সে আর অধঃপতিত হয় না, কারণ তাহার অধঃ নাই, তদ্রূপ পতিতের পতনের সম্ভাবনা নাই।১৭

যাহা যাহা হইতে নিবর্ত্তিত হয়, তাহা তাহা হইতেই বিমুক্ত হইয়া থাকে। মনুষ্যগণের এই ধর্ম্মই শোক, মোহ, অজ্ঞান এবং ভয় বিনাশক—অতএব মঙ্গলজনক।১৮

রূপাদি বিষয়সকল গুণের আরোপনিমিত্ত আসক্তি হয়, অনন্তর সেই আসক্তি হইতে কামনা সঞ্জাত হইয়া থাকে। কাম হইতেই মনুষ্যগণের কলহ এবং কলহ হইতে অতি অসহ্য ক্রোধ হয়; সেই ক্রোধ সম্মোহের অনুবর্ত্তন করিয়া থাকে—সেই তম অর্থাৎ অজ্ঞানের দ্বারা পুরুষের হৃদয়-স্থিতা চেতনা (কার্য্যাকার্য্য স্মৃতি) অতি সত্বর গ্রস্ত হয়। হে সাধো! চেতনাবিরহিত জীব শূন্য হইয়া যায় অর্থাৎ অসৎ তুল্য হয়। সেই সর্ব্ব-শূন্য মূর্চ্ছিত ও মৃততুল্যের পুরুষার্থ হানি হইয়া থাকে। ১৯-২১

বিষয়সমূদয়ে আগ্রহের নিমিত্ত আত্মা অথবা

ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়োরোচনং পরম্ ।
শ্রেয়োবিবক্ষয়া প্রোক্তা যথা ভৈষজ্যরোচনম্ ॥২৩
উৎপত্ত্যৈব হি কামেষু প্রাণেষু স্বজনেষু চ ।
আসক্তমনসো মর্ত্ত্যা আত্মনোঽনর্থহেতুষু ॥২৪
নতানবিদুষঃ স্বার্থং ভ্রাম্যতো বৃজিনাধ্বনি ।
কথং যুঞ্জ্যাৎ পুনস্তেষু তাংস্তমো বিশতো বুধঃ ॥২৫

এবং ব্যবসিতং কেচিদবিজ্ঞায় কুবুদ্ধয়ঃ ।
ফলশ্রুতিং কুসুমিতাং ন বেদজ্ঞা বদন্তি হি ॥২৬
কামিনঃ কৃপণা লুব্ধাঃ পুষ্পেষু ফলবুদ্ধয়ঃ ।
অগ্নিমুগ্ধা ধূমতান্তাঃ স্বং লোকং ন বিদন্তি তে ॥২৭
ন তে মামঙ্গ জানন্তি হৃদিস্থং য ইদং যতঃ ।
উক্থশস্ত্রা হ্যসুতৃপো যথা নীহারচক্ষুষঃ ॥২৮

বিষয়াভিনিবেশেন (বিষয়ে আগ্রহহেতু) আত্মানং (আত্মাকে) নাপরং (পরমাত্মাকে) ন বেদ (জানিতে পারে না)। বৃক্ষজীবিকয়া (বৃক্ষের ন্যায় জীবন ধারণ করত) ভস্ত্রা ইব (হাপরের ন্যায়) শ্বসন্ (শ্বাস ক্রিয়া করিয়া) যঃ (যে) ব্যর্থঃ (ব্যর্থ) জীবন্ (জীবিত থাকে), (সে মৃততুল্য) ॥২২

(রোগিগণের) ভৈষজ্যরোচনং (বিরস ঔষধে রুচি উৎপাদন) (তদ্রূপ) নৃণাং (মানবগণের) শ্রেয়ঃ বিবক্ষয়া (মঙ্গল করিবার ইচ্ছায়) ইয়ং (এই) ফলশ্রুতিঃ (ফলশ্রুতি) ময়া (আমাকর্ত্তৃক) প্রোক্তা (কথিত হইয়াছে), (তাহা) শ্রেয়ঃরোচনং (কর্ম্মসমূহে চি উৎপাদনের জন্য) ন পরম্ (পরমার্থপ্রদ নহে) ॥২৩

মর্ত্ত্যাঃ (মানবসকল) উৎপত্ত্যা (স্বভাবতঃ) এব (ই) আত্মনঃ (আত্মার) অনর্থহেতুষু (অনর্থহেতু) কামেষু (কাম পদার্থসমূহে) প্রাণেষু (আয়ু, ইন্দ্রিয়, বল, বীর্য্য প্রভৃতিতে) স্বজনেষু (পুত্রাদিতে) আসক্তমনসঃ (আসক্তিচিত্ত) হয় ॥২৪

স্বার্থম্ (পরমসুখ) অবিদুষঃ (অনভিজ্ঞ) নতান্ (প্রণত, বেদবাক্যে বিশ্বস্ত) (কামপথে) ভ্রাম্যতঃ (ভ্রাম্যমাণ) (অতএব) তমঃ (বৃক্ষাদি যোনি) বিশতঃ (নানা যোনিতে প্রবিষ্ট) পুনঃ (পুনরায়) তেষু (সেই কামনাসমূহে) বুধঃ (বেদ) তান্ (তাহাদিগকে) কথং (কেন) যুঞ্জ্যাৎ (প্রবর্ত্তিত করিবেন) ॥২৫

এবং (এইরূপ) ব্যবসিতম্ (বেদের অভিপ্রায়) অবিজ্ঞায় (না জানিয়া) কেচিৎ কুবুদ্ধয়ঃ (বহু কুবুদ্ধি মানব) ফলশ্রুতিং (ফলশ্রুতি) কুসুমিতাং (সফলা) বদন্তি (বলেন), কিন্তু (কিন্তু) বেদজ্ঞাঃ (বেদজ্ঞগণ) ন (বলেন না) ॥২৬

কামিনঃ (কামী) কৃপণাঃ (কৃপণ) লুব্ধাঃ (লোভিগণ) পুষ্পেষু (অবান্তর ফলসমূহে) ফলবুদ্ধয়ঃ (পরমফল বুদ্ধিবিশিষ্ট) অগ্নিমুগ্ধাঃ (অগ্নিসাধ্য কর্ম্ম অভিনিবেশে লুপ্তবিবেক) ধূমতান্তাঃ (ধূমমার্গ গমনে গ্লানিমান) তে (তাহারা) স্বং লোকং (আত্মতত্ত্ব) ন বিদন্তি (জানেনা) ॥২৭

পরমাত্মাকে জানিতে সমর্থ হয় না। বৃক্ষের মত জীবিত থাকিয়া কর্ম্মকারের ভস্ত্রার (হাপরের) মত শ্বাস-প্রশ্বাস গ্রহণ করত যে বৃথা জীবিত থাকে, সে মৃততুল্য।২২

যেরূপ বিরস ঔষধে রুচি উৎপাদনের জন্য রোগিগণের নিকট ঔষধের প্রশংসা করা হয়— উদ্দেশ্য ঔষধ সেবন করান, "তুমি নিম্ব খাও, তাহা হইলে তোমাকে লড্ডুক দিব" এইরূপ বলিয়া যেমন পিতা পুত্রের রোগ দূর করিবার জন্য ঔষধ সেবন করান, তদ্রূপ মনুষ্যগণের মোক্ষ বলিবার জন্য মঙ্গল কামনা করিয়া বেদে এই ফলশ্রুতি আমি বলিয়াছি —কেবল মঙ্গলজনক কার্য্যে রুচি উৎপাদনের জন্য— তাহা পরমার্থ প্রদান করিতে পারে না।২৩

মনুষ্যগণ স্বভাবতই আপনার অনর্থের হেতু, পশু প্রভৃতি কাম্য বিষয়ে আয়ু ইন্দ্রিয়, বল ও বীর্য্যাদি ও পুত্র, কলত্র, আত্মীয়স্বজনে আসক্তচিত্ত হইয়া থাকে।২৪

যাহারা এইরূপ পরম পুরুষার্থ বিজ্ঞ নহে, প্রণত (বেদবাক্যে বিশ্বস্ত) দুঃখমার্গে দেবাদি যোনিতে ভ্রমণকারী—তাহা হইতে বৃক্ষাদি যোনিভ্রমণশীল, বেদ তাহাদিগকে পুনর্ব্বার সেই কামনায় কেন প্রবর্ত্তিত করিবেন?২৫

তে মে মতমবিজ্ঞায় পরোক্ষং বিষয়াত্মকাঃ।
হিংসায়াং যদি রাগঃ স্যাদ্ যজ্ঞ এব ন চোদনা ॥২৯
হিংসাবিহারা হ্যালব্ধৈঃ পশুভিঃ স্বসুখেচ্ছয়া।
যজন্তে দেবতা যজ্ঞৈঃ পিতৄন্ ভূতপতীন্ খলাঃ ॥৩০

স্বপ্নোপমমমুং লোকমসন্তং শ্রবণপ্রিয়ম্।
আশিষো হৃদি সঙ্কল্প্য ত্যজন্ত্যর্থান্ যথা বণিক্ ॥৩১
রজঃ-সত্ত্ব-তমোনিষ্ঠা রজঃ-সত্ত্ব-তমোজুষঃ।
উপাসত ইন্দ্রমুখ্যান্ দেবাদীন্ ন তথৈব মাম্ ॥৩২

যথা (যেমন) নীহারচক্ষুষঃ (অন্ধকারব্যাপ্ত নয়ন) উক্থশস্ত্রাঃ (পশুহিংসাসাধনবিশিষ্ট) অসুতৃপঃ (প্রাণমাত্র পোষণপরায়ণ), তে (তাহারা) যতঃ (যাহা হইতে) ইদম্ (এই জগৎ) (উদ্ভূত হইয়াছে) অঙ্গ (হে উদ্ধব), তং (সেই) হৃদিস্থং (হৃদয়স্থিত) মাং (আমাকে) ন জানন্তি (জানে না) ॥২৮

(যাহারা) বিষয়াত্মকাঃ (বিষয়াবিষ্টচিত্ত) হিংসাবিহারাঃ (হিংসাক্রীড়) খলাঃ (খল), তে (তাহারা) মে (আমার) পরোক্ষং (পরোক্ষ) মতম্ (মত) অবিজ্ঞায় (না জানিয়া) স্বসুখেচ্ছয়া (আপনার সুখের ইচ্ছায়) আলব্ধৈঃ (হিংসিত) পশুভিঃ (পশু) যজ্ঞৈঃ (যজ্ঞের দ্বারা) পিতৄন্ (পিতৃগণ) দেবতাঃ (দেবতাসমূহ) ভূতপতীন্ (ভূতপতিগণকে) যজন্তে (অর্চ্চনা করে), হি (তথাহি) হিংসায়াং (হিংসাতে) যদি (যদি) রাগঃ (অনুরাগ) স্যাৎ (থাকে), (তাহা হইলে) যজ্ঞে এব (যজ্ঞেই) (সেই হিংসা কর্ত্তব্য) ন চোদনা (নিত্যবিধি নয়) ইহা পরিসংখ্যা বিধি ॥২৯-৩০

(সেই মন্দবুদ্ধিগণ) শ্রবণপ্রিয়ং (শ্রবণপ্রিয়) (অথচ) স্বপ্নোপমম্ (স্বপ্ন-সদৃশ) অসন্তম্ (অসতুল্য) অমুং লোকম্ (পরলোক) (এইরূপ) আশিষঃ (তৎ তৎ লোক প্রাপ্তব্য সুখসকল) হৃদি (হৃদয়ে) সংকল্প্য (সংকল্প করিয়া) যথা (যেমন) বণিক্ (বণিক্) (বহুধন আশায় সিদ্ধধন ত্যাগ করিয়া উভয় ভ্রষ্ট হয়, তদ্রূপ) অর্থান্ (অর্থসমুদয়) ত্যজন্তি নিয়োগ করে) ॥৩১

রজঃসত্ত্বতমোনিষ্ঠাঃ (রজঃ, সত্ত্ব ও তমোগুণে শ্রদ্ধাযুক্তগণ) (অতএব) রজঃসত্ত্বতমোজুষঃ (রজঃ-সত্ত্ব-তমোগুণসেবী) (যেমন) ইন্দ্রমুখ্যান্ (স্বীয় অনুরূপ ইন্দ্রাদি দেবতাগণকে) উপাসতে (সেবা করে), তথা এব (সেইরূপ) মাং (আমাকে) ন (উপাসনা করে না) ॥৩২

কোন কোন কুবুদ্ধিজন এইরূপ বেদের অভিপ্রায় না বুঝিয়া রমণীয়া ফলশ্রুতি বলেন, কিন্তু বেদজ্ঞ ব্যাসাদি তদ্রূপ বলেন না।২৬

বিষয় অভিলাষী, দীন, তৃষ্ণাকুল পুষ্পস্থানীয় স্বর্গাদিঅবান্তর ফলে পরম-ফলবুদ্ধি, অগ্নিসাধ্য কর্ম্মের দ্বারা লুপ্তবিবেক ও দেহান্তে ধূমমার্গ যাহাদের প্রাপ্য তাদৃশ জনগণ—আত্মতত্ত্ব বিদিত নহেন।২৭

হে অঙ্গ উদ্ধব! যেরূপ তমঃসমাচ্ছন্নদৃষ্টি সন্নিহিত বস্তুও জানিতে সমর্থ হয় না, সেরূপ পরহিংসাসাধনে প্রাণতর্পণপর, প্রাণমাত্র পোষণ-পরায়ণ যাহাঁরা, তাহারা যাহা হইতে এই জগৎ সমুৎপন্ন হইয়াছে—হৃদয়ে অবস্থান করিলেও তাদৃশ আত্মাস্বরূপ আমাকে অবগত নহে।২৮

মাংস ভক্ষণ ও তাহার ফলের জন্য যদি অনুরাগ থাকে, তাহা হইলে যজ্ঞেই তাহা করিবে—ইহা পরিসংখ্যা (১) বিধি, ইহা প্রেরণা নহে। আমার পরোক্ষ অস্ফুট মত না জানিয়া বিষয়াবিষ্টচিত্ত হিংসাক্রীড়াপরায়ণ ক্রুরস্বভাবগণ আপনার সুখের ইচ্ছায় পশুহিংসামূলক যজ্ঞসমূহের দ্বারা দেবতা, পিতৃগণ ও ভূতপতিগণকে অর্চ্চনা করিয়া থাকে।২৯-৩০

(১) যে কর্ম্মে উভয় ফললাভ হইবার সম্ভাবনা থাকে, সে স্থলে একের প্রতিষেধ পূর্ব্বক অন্যের প্রাপ্তির নাম, পরিসংখ্যা। যথা—'অগ্নিষোমীয়-পশুমালভেত' বলিলে 'অগ্নিষোমীয় পশু ব্যতীত অন্য পশুর হিংসা করিও না' ইহাই বুঝায়। এ স্থলে বৈধ ভোগ করা ব্যতীত অবৈধ ভোগ করিও না। এইমাত্র তাৎপর্য্য অবধারিত করা হয় মাত্র, কিন্তু অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তি যে উপদেশে ঘটে, তাহাকেই বিধিবাক্য বলা যায়।

ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈর্গত্বা রংস্যামহে দিবি।
তস্যান্ত ইহ ভূয়াস্ম মহাশালা মহাকুলাঃ ॥৩৩
এবং পুষ্পিতয়া বাচা ব্যাক্ষিপ্তমনসাং নৃণাম্।
মানিনাঞ্চাতিলুব্ধানাং মদ্বার্ত্তাপি ন রোচতে ॥৩৪

(যজ্ঞফলে) দিবি (স্বর্গে) গত্বা (গমন করিয়া) রংস্যামহে (আনন্দ করিব) (এই আশায়) ইহ (ইহলোকে) যজ্ঞৈঃ (যজ্ঞসমূহের দ্বারা) দেবতাঃ (দেবতাগণকে) ইষ্ট্বা (অর্চ্চনা করিয়া) তস্য (সেই ভোগের) অন্তে (অন্তে) মহাকুলাঃ (মহাবংশে) মহাশালাঃ (মহাগৃহস্থ) ভূয়াস্ম (হইব) এবং (এইরূপ) পুষ্পিতয়া (আপাতমধুর) বাচা (বাক্যের দ্বারা) ব্যাক্ষিপ্তমনসাং (বিক্ষিপ্তচিত্ত মানিনাং (দেহাভিমানী) চ (ও) অতিলুব্ধানাং (অতিশয় লোভী) নৃণাং (নরগণের) মদ্বার্ত্তা (আমার সম্বন্ধিনী কথা) অপি (ও) ন রোচতে (রুচিকর হয় না) ॥৩৩-৩৪

স্বপ্নতুল্য নশ্বর, শ্রবণপ্রিয় সেই স্বর্গাদি লোকের প্রাপ্তব্য সুখসকল হৃদয়ে সংকল্প করত বণিকের মত যজ্ঞাদি কর্ম্মে অর্থ ব্যয় করে। যেমন কোন বণিক্ দুস্তর সমুদ্রাদি লঙ্ঘনের দ্বারা বহুধন উপার্জ্জন ইচ্ছায় সঞ্চিত ধন ত্যাগ করিয়া উভয়তঃ ভ্রষ্ট হয়, স্বর্গসুখ লাভের প্রত্যাশায় যজ্ঞ করাও তদ্রূপ বিড়ম্বনামাত্র।৩১

এই হেতু রজঃসত্ত্ব-তমোগুণে শ্রদ্ধাসম্পন্ন রজঃ-সত্ত্ব-তমোগুণসেবী সেই সেই স্বভাবসমন্বিত ব্যক্তি ইন্দ্রাদি দেবতাগণের যে রূপ অর্চ্চনা করে, তদ্রূপ আমাকে উপাসনা করে না।৩২

ইহলোকে যজ্ঞের দ্বারা দেবতাগণকে অর্চ্চনা করত স্বর্গে গিয়া সুখ ঐশ্বর্য্য ভোগ করিব, সেই ভোগের অন্তে মর্ত্ত্যলোকে আসিয়া মহাকুলে জন্মগ্রহণ করিয়া মহাগৃহস্থ হইব—এইরূপ রমণীয় বেদবাক্যের দ্বারা বিক্ষিপ্তচিত্ত দেহাভিমানী অত্যন্ত লোভপরায়ণ নরগণের আমার লীলাগুণসম্বন্ধিনী কথা প্রীতিজনক হয় না।৩৩-৩৪

—"প্রাণেন্দ্রিয়-মনোময়"—ইহার অর্থ কি?

—প্রথম প্রাণময় পরাখ্য, অনন্তর মনোময় পশ্যন্ত্যাখ্য, পরে ইন্দ্রিয়ময় মধ্যমাখ্য, তারপর বৈখরী। ইহাদের স্থান মূলাধার, নাভি, হৃদয়, কণ্ঠদেশ।

পরা বাক্ মূলচক্রস্থা পশ্যন্তী নাভিসংস্থিতা।
হৃদিস্থা মধ্যমা জ্ঞেয়া বৈখরী কণ্ঠদেশগা॥

বেদা ব্রহ্মাত্মবিষয়া-স্ত্রিকাণ্ডবিষয়া ইমে।
পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষং মম চ প্রিয়ম্ ॥৩৫
শব্দব্রহ্ম সুদুর্ব্বোধং প্রাণেন্দ্রিয়মনোময়ম্।
অনন্তপারং গম্ভীরং দুর্ব্বিগাহ্যং সমুদ্রবৎ ॥৩৬

ত্রিকাণ্ডবিষয়া (কর্ম্ম ব্রহ্ম দেবতাত্মক) ইমে (এই) বেদাঃ (বেদসকল) ব্রহ্মাত্মবিষয়াঃ (ব্রহ্মই যে সকলের আত্মা এই প্রতিপাদনের) (ও) ঋষয়ঃ (মন্ত্রদ্রষ্টাগণ) পরোক্ষবাদাঃ (অপ্রত্যক্ষ-বাদী) পরোক্ষম্ (পরোক্ষ) এব (ই) মম (আমার) চ (ও) প্রিয়ম্ (প্রিয়)।৩৫

প্রাণেন্দ্রিয়মনোময়ম্ (প্রাণ ইন্দ্রিয় মনোময়) শব্দব্রহ্ম (শব্দব্রহ্ম) সুদুর্ব্বোধম্ (দুর্বিজ্ঞেয়), অনন্তপারং (অনন্তপার, সীমা বিরহিত), গম্ভীরং (গম্ভীরং), সমুদ্রবৎ (সমুদ্রেরন্যায়) দুর্বিগাহ্যম্ (দুরবগাহ) ॥৩৬

কর্ম্মকাণ্ড, দেবতাকাণ্ড ও ব্রহ্মকাণ্ড বিষয়ক এই বেদসকল ব্রহ্মাত্ম-বিষয়। ব্রহ্মই সকলের আত্মা। তাহা হইতে অন্য কিছু নাই—এইরূপ প্রতিপাদন-পরায়ণ ও ঋষিগণ পরোক্ষবাদী। পরোক্ষই আমার প্রিয়।৩৫

শব্দব্রহ্ম (বেদ) স্বরূপতঃ (অর্থতঃ) দুর্জ্ঞেয়, প্রাণেন্দ্রিয়-মনোময় (প্রাণ, ইন্দ্রিয় ও মনোময়), দেশ কালাদির দ্বারা অপরিচ্ছেদ্যত্ব হেতু অপার, অসীম, নিগূঢ়ার্থ ও সমুদ্রের মত দুরবগাহ।৩৬

বৈখরী শব্দনিষ্পত্তি মধ্যমা শ্রুতিগোচরা।
অন্তরার্থা চ পশ্যন্তী সূক্ষ্মা বাগনপায়িনী॥

বৈখরী বাক্যের দ্বারা শব্দনিষ্পত্তি সিদ্ধি হয়, মধ্যমা শ্রুতিগোচরা অনাহত নাদরূপা, পশ্যন্তী আন্তরার্থা এবং সূক্ষ্মা বাক্ অনপায়িনী অবিনাশিনী। পরা স্ফোটরূপিণী—অশেষ প্রণবরূপা অখণ্ডা নিত্যা॥

ময়োপবৃংহিতং ভূম্না ব্রহ্মণানন্তশক্তিনা।
ভূতেষু ঘোষরূপেণ বিসেষূর্ণেব লক্ষ্যতে ॥৩৭

অনন্তশক্তিনা (অনন্তশক্তি) ময়া (আমি) ভূম্না (স্বরূপবাহুল্যে) ভূতেষু (ভূতসমূহে) ঘোষরূপেণ (নাদরূপে) উপবৃংহিতং (অধিষ্ঠিত) (সেই সূক্ষ্মব্রহ্ম) বিসেষু (মৃণাল সমূহে) ঊর্ণা ইব (সূত্রের ন্যায়) লক্ষ্যতে (লক্ষিত হই) ॥৩৭

অনন্তশক্তি ভূমা পরম মহান্ ব্রহ্ম আমার দ্বারা অধিষ্ঠিত, সমস্ত প্রাণীতে সেই সূক্ষ্মব্রহ্ম নাদরূপে কমলনালে ঊর্ণাতন্তুর ন্যায় মণীষিগণকর্ত্তৃক লক্ষিত হন।৩৭

যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণামুদ্বমতে মুখাৎ।
আকাশাদ্ ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শরূপিণা ॥৩৮

হৃদয়াৎ (হৃদয়াকাশ হইতে) মুখাৎ (মুঁখবিবর দিয়া) ঊর্ণনাভিঃ (মাকড়্সা) যথা (যেমন) ঊর্ণাম্ (ঊর্ণাসূত্র) উদ্বমতে (বাহিরে প্রকটিত করে) তথা (তদ্রূপ) আকাশাৎ (হৃদয়াকাশ হইতে) স্পর্শরূপিণা (স্পর্শাদি-বর্ণ ব্যঞ্জক) (তথাভূত) মনসা (মনের দ্বারা) ॥৩৮

স্বরূপজ্যোতিরেবাস্তা পরা বাগনপায়িনী।
তস্যাং দৃষ্টায়াং স্বরূপায়ামধিকারো নিবর্ত্ততে ॥

অনাশিনী পরা বাক্ স্বরূপজ্যোতি, সেই স্বরূপ জ্যোতিরূপিণী পরাবাকের দর্শনে সমস্ত কর্ম্মাধিকার চলিয়া যায়। সাধক কর্ম্মশূন্য হইয়া যান।

ইহা ব্যষ্টি প্রাণময়াদি কথা বলা হইল—সমষ্টি প্রাণাদিময় নির্বিশেষ দেশ কালের দ্বারা অপরিচ্ছেদ্য।

—সমষ্টি প্রাণময়াদির সাক্ষাৎকার মানুষ কিরূপে লাভ করিতে পারে?

—পিণ্ডস্থ অনাহত নাদ শুনিতে শুনিতে যোগী আকাশরূপ ব্রহ্মাণ্ডে উপস্থিত হইলে ব্যষ্টি তখন সমষ্টিতে পরিণত হয়।

—ওঙ্কার প্রকাশিত স্পর্শময় উষ্ম অন্তস্থভূষিত, ইহা বিশেষভাবে বল।

—সূত বলিলেন,—হে ব্রহ্মন্! সমাহিত-চিত্ত ব্রহ্মার হৃদয়াকাশ হইতে একটি নাদ প্রাদুর্ভূত হয়—যাহা কর্ণপুট আচ্ছাদনে শ্রোত্রবৃত্তি নিরোধপূর্ব্বক আমরাও অন্তরে অনুভব করিতে সমর্থ হই। হে ব্রহ্মন্! যাঁহার উপাসনায় দ্বারা যোগিগণ আত্মার অধিভূত (দ্রব্য), অধ্যাত্ম(ক্রিয়া), অধিদৈব (কারক) অর্থাৎ বিষয়, ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতারূপ মল প্রক্ষালন পূর্ব্বক অপুনর্ভব (মুক্তিলাভ) করেন" শ্রীমদ্ভা ১২।৬।৩৭

অনন্তর সেই নাদ হইতে "অ" "উ" "ম" এই ত্রিমাত্রা বিশিষ্ট প্রণব আবির্ভূত হইলেন। তাঁহার উৎপত্তি অব্যক্ত এবং তাহা স্বরাট্, স্বতঃই হৃদয়ে প্রকাশমান এবং ভগবান্ পরমাত্মা পরব্রহ্মের লিঙ্গ (চিহ্ন) বোধের দ্বারস্বরূপ।

ইন্দ্রিয়বর্গ শূন্য হইলেও যাঁহার জ্ঞান বিলুপ্ত হয় না এবং শ্রবণেন্দ্রিয় আচ্ছাদন পূর্ব্বক শ্রোত্রবৃত্তিনিরোধ করিলেও যিনি সেই নাদ শুনিতে পান, তিনি পরমাত্মা এবং আত্মা হইতে আকাশে যাঁহার বেদলক্ষণা বাণীর অভিব্যক্তি হয়—তাহা ওঙ্কার।

সেই ওঙ্কার স্বপ্রকাশ, পরব্রহ্মের প্রকাশক এবং সনাতন সর্ব্বমন্ত্র সর্ব্ব-উপনিষদরূপ বেদের বীজ (কারণ)।

অনন্তর ভগবান্ ব্রহ্মা অন্তঃস্থ য র ল ব, উষ্ম শ ষ স হ, স্বর অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ৯ ১ এ ঐ ও ঔ; স্পর্শ ক খ গ ঘ ঙ, চ ছ জ, ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, এই ব্যঞ্জনবর্ণ সকল ও স্বরের হ্রস্ব দীর্ঘাদি ব্যঞ্জনের জিহ্বামূলীয় উপাধ্মানীয় আদি অক্ষরসমূহের পাঠক্রম নির্দ্দেশ করিলেন।

—তাহা হইলে নাদ হইতে ওঙ্কার এবং ওঙ্কার হইতে স্বর ব্যঞ্জনরূপ বর্ণমালাসমূহ আবির্ভূত হয়?

—হাঁ। ওঙ্কারের উৎপত্তি নাদ হইতে। অকার, উকার ও মকার—এই ত্রিমাত্রাবিশিষ্ট ওঙ্কারের মকার পাদটি নাদময়।

—নাদের স্বরূপ বিশেষভাবে বল।

—নাদঃ পরমপুরুষঃ—নাদ পরমপুরুষ।

'নাদ এব মহদ্ ব্রহ্ম পরমাত্মা পরঃ পুমান্"। নাদই মহদ্‌ব্রহ্ম, পরমাত্মা পরমপুরুষ। নাদই নির্গুণ শিব।

নাদের উপাসনায় যোগী মুক্ত হইয়া যান, পরমপদ লাভ করিয়া থাকেন।

—এই নাদলাভের উপায় কি?

—সদ্‌গুরু-কৃপাই পরম উপায়। "হংস" মন্ত্র জপে প্রায়ক্রমে জ্যোতির্ম্ময় নাদের আবির্ভাব হয়। গুরুদেবের উপদেশে প্রক্রিয়া-বিশেষের দ্বারা নাদ লাভ হইয়া থাকে। সগুণ

উদ্ধব উবাচ।
ছন্দোময়োঽমৃতময়ঃ সহস্রপদবীং প্রভুঃ।
ওঙ্কারাদ্ ব্যঞ্জিতস্পর্শ-স্বরোষ্মান্তঃস্থভূষিতাম্ ॥৩৯

বিচিত্রভাষাবিততাং ছন্দোভিশ্চতুরুত্তরৈঃ।
অনন্তপারাং বৃহতীং সৃজত্যাক্ষিপতে স্বয়ম্ ॥৪০

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),— প্রাণঃ (প্রাণরূপী হিরণ্যগর্ভ) ঘোষবান্ (নাদ উপাদানবান্—শব্দময়) ছন্দোময়ঃ (বেদমূর্ত্তিঃ) অমৃতময়ঃ (অমৃতময়) স্বয়ং (স্বয়ং) প্রভুঃ (ভগবান্) ওঙ্কারাৎ (প্রণব হইতে) ব্যঞ্জিতস্পর্শস্বরোষ্মান্তঃস্থভূষিতাং (উরঃ কণ্ঠাদি সঙ্গে প্রকাশিত স্পর্শাদি বর্ণভূষিতা) সহস্রপদবীং (বহুমার্গা) বিচিত্র-ভাষাবিততাং (বিচিত্র বৈদিক লৌকিকাদি ভাষার দ্বারা বিস্তৃত) চতুরুত্তরৈঃ (উত্তর উত্তর চারি চারি অক্ষরে বর্দ্ধিত) (ও) ছন্দোভিঃ (ছন্দঃ- সকলের দ্বারা নিবদ্ধ) অনন্তপারাং (অপারা) বৃহতীং (বেদ) সৃজতি (সৃজন করেন) চ (ও) আক্ষিপতে (উপসংহার করিয়া থাকেন) ॥৩৯-৪০

ঊর্ণনাভি (মাকড়শা) যেমন হৃদয়াকাশ হইতে মুখের দ্বারা তন্তু বহির্গত করে, তদ্রূপ বেদমূর্ত্তি স্বতঃ অমৃতময় প্রভু (সমর্থ) প্রাণোপাধি হিরণ্যগর্ভ নাদ উপাদানবান্ হইয়া স্পর্শরূপী নিমিত্তভূত মনের দ্বারা হৃদয়-আকাশ হইতে ওঙ্কার প্রকাশিত স্পর্শশর উষ্ম অর্থাৎ স্পর্শ—কাদি পঞ্চবর্গ, স্বর অকারাদি, উষ্মাণ শ স ষ হ, অন্তঃস্থ য র ল ব—তাহাদের দ্বারা ভূষিত বৈদিক লৌকিকাদি, বিবিধ ভাষার দ্বারা বিস্তৃত, পর পর চারি চারি অক্ষরে বর্দ্ধিত ছন্দঃসমূহের দ্বারা নিবদ্ধ, অপরিচ্ছন্ন অপার বেদ স্বয়ং সৃজন করেন ও উপসংহার করিয়া থাকেন ॥৩৮-৪০

সাক্ষাৎকারের পর সগুণ মন্ত্রের লয় হইলে ওঙ্কার নাদময় হইয়া লীলা করিয়া থাকেন।

—সমস্ত নাদ কি একই প্রকার ?

—না। কোটি হংস মন্ত্র জপে নাদ আবির্ভূত হন। প্রথম চিনি, দ্বিতীয় চিকিনি, তৃতীয় ঘণ্টানাদ, চতুর্থ শঙ্খনাদ, পঞ্চম বীণা আদি তন্ত্রী নাদ, ষষ্ঠ তাল নাদ (করতাল), সপ্তম বেণুনাদ, অষ্টম মৃদঙ্গ নাদ, নবম ভেরী নাদ, দশম মেঘনাদ।

প্রথম নাদ উপস্থিত হইলে গাত্র চিন্ চিন্ (ঝিম্ ঝিম্) করে। দ্বিতীয়ে গাত্রভঞ্জন (গা ভাঙ্গে গা মোচড়ায়), তৃতীয় নাদে স্বেদন ঘাম হয়। চতুর্থে শিরঃ কম্পিত হইতে থাকে, পঞ্চম নাদে তালু হইতে অমৃত ক্ষরণ হয়। ষষ্ঠ নাদে তালু-ক্ষরিত অমৃত পান হয়। সপ্তম নাদে গূঢ় বিজ্ঞান (গুহ্য বিষয়) সকলের জ্ঞান হয়। অষ্টমে পরা বাণী, নবমে দেহ অদৃশ্য, দিব্য নির্ম্মল চক্ষুলাভ হয়। দশমে পরমব্রহ্ম লাভ হয়।

—পরা বাণী, দেহ অদৃশ্য হয়—ইহার অর্থ কি ?

—ভিতর হইতে "সোঽহং" "ব্রহ্মাস্মি" "বদা বদা" ইত্যাদি বাণীসমূহ অনবরবে নিঃশব্দে উত্থিত হইতে থাকে। কোন আচার্য্য বলেন,—পরা বাণীর অর্থ উত্তম বাক্‌শক্তি। দেহ সুন্দর, চক্ষু নির্ম্মল হইয়া থাকে।

—তাহা হইলে "হংস" মন্ত্রজপে দশবিধ নাদ আবির্ভূত হয়। চরম মেঘনাদ, তাহার ধ্যানে পরমব্রহ্ম লাভ হইয়া থাকে।

—হাঁ। প্রারব্ধক্ষয়ে প্রণব ও ব্রহ্মের একত্ব চিন্তায় নাদরূপে সাক্ষাৎ জ্যোতির্ম্ময় শিবস্বরূপ পরমাত্মা মেঘ অপগত হইলে সূর্য্যের প্রকাশের মত আবির্ভূত হন। বৈষ্ণবী মুদ্রা ধারণ করিয়া (অন্তর্লক্ষ্য নিমেষ উন্মেষ বর্জ্জিত বাহ্যদৃষ্টির নাম বৈষ্ণবী মুদ্রা) দক্ষিণ কর্ণে ভিতর হইতে উত্থিত অনাহত ধ্বনি সর্ব্বদা শুনিতে হয়। ইহার অভ্যাসে বাহ্যধ্বনি আবৃত হইয়া যায়। এইরূপ একপক্ষ অর্থাৎ অকার-জাত নাদকে জয় করত দ্বিতীয় পক্ষ উকার-জাত নাদসমূহকে জয় করিয়া ক্রমে সম্পূর্ণ মকারোত্থ নাদ জয় হইলে নিঃশব্দ পরমপদ পরম ব্রহ্ম লাভ হইয়া থাকে।—নাদবিন্দূপনিষৎ।

—এই উপনিষদে কোন্ নাদ প্রথমে উপস্থিত হয় বলিয়াছেন ?

—প্রথম সমুদ্রগর্জ্জন, মেঘ, ভেরী (ড্রাম), নির্ঝর। মধ্যে মাদল, ঘণ্টা, ঢক্কা, শেষে কিঙ্কনী, বাঁশী, বীণা, ভ্রমর—এইরূপ ব্যক্ত নাদের কথা বলা হইয়াছে।

—ব্যক্ত নাদ কাহাকে বলে ?

—কোনরূপ বাহ্য শব্দের অনুকারী নাদের নাম ব্যক্ত নাদ, আর যাহা বাহ্য কোন শব্দের সহিত মিলে না—তাহা অব্যক্ত নাদ।

—নাদ কত প্রকার ?

—কোটি সহস্রপ্রকার নাদের কথা শ্রুতি বলিয়াছেন।

—নাদের সাধনা কি প্রকার ? তাহার সিদ্ধিলাভ হইলে কি হয় ?

—নাদের সাধনা--নিরন্ত নাদশ্রবণ। কোনরূপে একবার শব্দ জাগিয়া যাইলে আর কোন চিন্তা নাই। নাদ শুনিতে শুনিতে সমস্ত বাসনা ক্ষীণ হইয়া যায়। ব্রহ্মপ্রণবসংলগ্ন জ্যোতির্ম্ময় নাদই বিষ্ণুর পরমপদ। মন তাহাতে লীন হইয়া যায়। যতক্ষণ নাদ শ্রুতিগোচর হয়, ততক্ষণ আকাশ-সংকল্প থাকে—নিঃশব্দ পরমব্রহ্ম পরমাত্মা। নাদের স্থিতিকাল পর্য্যন্ত মন থাকে। নাদ লয় হইয়া যাইলে মনোন্মনী অর্থাৎ "ব্রহ্মাস্মি" এই জ্ঞানে স্থিতিলাভ হয়। সশব্দ ওঙ্কার ক্ষীণ হইলে নিঃশব্দ পরমপদ। সতত নাদের অনুসন্ধানে নিখিল বাসনা ক্ষীণ হইলে মন ও বায়ু নিরঞ্জনে বিলীন হয়। সহস্রকোটী নাদ, শত কোটি জ্যোতি সমস্ত ব্রহ্মপ্রণব নাদ লয় হইয়া যায়। "যস্মিন্ বিলীয়তে শব্দস্তৎপরং ব্রহ্ম গীয়তে।" শ্রুতি বলেন, সমস্ত চিন্তা ত্যাগ করিয়া সাবধান চিত্তে যোগসাম্রাজ্য-অভিলাষী সাধক নাদই অনুসন্ধান করিবেন। অনাহত শব্দের মেঘনাদ গুরু-নাদ প্রভৃতির অন্তর্গত মন, বিষ্ণুর পরমপদে সেই মন বিলীন হয়।

—আরও কতপ্রকার নাদ আছে ?

—বহু বহু। মৈত্রী উপনিষৎ নদী, কিঙ্কিনী, কাংস্য, রথচক্র, ভেকরব, বৃষ্টি, গুহায় বা কূপে কথা কহিবার অনুকারী নাদের কথা বলিয়াছেন।

শিবপুরাণে ঘোষ, কাঁসী, ভ্রমর, ঘণ্টা, বীণাদি তন্ত্রী, বাঁশী, দুন্দুভি (দামামা), শঙ্খ, মেঘ প্রভৃতি নাদের কথা কথিত হইয়াছে।

শিবসংহিতা মত্তভৃঙ্গ, বেণু, বীণাসদৃশ প্রথম ধ্বনি ; ক্রমে অভ্যাসে ঘণ্টারব ; শেষে মেঘনাদের কথা বর্ণনা করিয়াছেন।

যোগরসায়নে ঘণ্টা, শঙ্খ, বীণা, করতাল, বংশী, মৃদঙ্গ, ভেরীরব, মেঘগর্জ্জন-বৎ নাদের কথা দৃষ্ট হয়।

জাবালদর্শন-উপনিষদে প্রথমে শঙ্খধ্বনি, মধ্যে মেঘরব, বায়ু শিরোমধ্যগত হইলে গিরিপ্রস্রবণবৎ নাদ শ্রুত হয়—এরূপ উক্ত হইয়াছে।

তন্ত্রসারে দেখা যায়, মত্তভৃঙ্গগণের গীত প্রথম ; পরে বংশী, কাঁসী, বায়ুপূর্ণ বংশধ্বনি ; অনন্তর ঘণ্টারব গুরুগম্ভীর মেঘধ্বনি।

গোরক্ষসংহিতা বলেন,—প্রথমে ঝিল্লীনাদ, বংশীনাদ —পরে মেঘ, ঝর্ঝর, ভ্রমরী, ঘণ্টা, কাঁসী—অতঃপর তুরী, ভেরী, মৃদঙ্গ, আনক, দুন্দুভি ইত্যাদিক্রমে শ্রুতিগোচর হইয়া থাকে।

কোন আচার্য্য ব্যক্তনাদের কথা এইরূপ বলিয়াছেন,—সাগর, মেঘ, ঝরণা, নিনদ (গাড়ীর শব্দ), অগ্নি জ্বলন, ভেরী (ড্রাম), কাহল (ঢাক), দুন্দুভি (দামামা), মাদল, মৃদঙ্গ শঙ্খ, ঘণ্টা, কিঙ্কিনী (ক্ষুদ্রঘণ্টা), কাঁস, ঝাঁঝর, করতাল, বাঁশী, বীণা, তন্ত্রী (তারের যন্ত্র), নদথু (বৃষ শব্দ), ময়ূর, ভ্রমর, মত্ত মৌমাছি, ঝিঁঝিঁ, তুরী, (তাঁতের শব্দ), স্ত্রীলোকের গীত, বায়ুপূর্ণ বাঁশ, চিন্, ঘোষ (জন কোলাহল), ওঁ।

—চরম নাদ—সকলে এক প্রকার বলেন নাই ?

—না। মানুষের প্রকৃতি অনন্ত স্বচ্ছন্দশীল। নাদব্রহ্মও অনন্ত। কোন্ অধিকারীকে কিরূপ নাদ হইয়া আত্মসাৎ করেন, তাহা নির্ণয় করিবার সাধ্য কাহারও নাই। তবে ভগবান্ শঙ্কর এবং অন্যান্য অনেক যোগী মেঘনাদটীকে চরম-নাদ বলিয়াছেন। এই মেঘনাদের পরই তৈলধারার ন্যায় অবিচ্ছিন্ন, দীর্ঘঘণ্টানিনাদের মত জ্যোতির্ম্ময় ওঙ্কার নাদ আবির্ভূত হইয়া যোগীকে একীভূত করিয়া লয়েন। যোগি-গণের মধ্যে মতভেদের কারণ, যে যোগী আপনার প্রকৃতি অনুসারে যে ভাবে নাদব্রহ্মের কৃপা পাইয়াছেন, তিনি সেই ভাবেই লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। অনন্ত, অসীম, অপার কোটি সহস্র প্রকার নাদকে সীমার মধ্যে আবদ্ধ করিয়া বর্ণনা করিবার সাধ্য কাহারও নাই। শিবযোগ মেঘনাদই পাতঞ্জলোক্ত ধর্ম্মমেঘ সমাধি।

গায়ত্র্যুষ্ণিগথানুষ্টুপ্ চ বৃহতী পঙ্‌ক্তিরেব চ।
ত্রিষ্টুব্ জগত্যতিচ্ছন্দো হ্যত্যষ্ট্যতিজগদ্‌বিরাট্ ॥৪১

কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ।
ইত্যস্যা হৃদয়ং লোকে নান্যো মদ্ বেদ কশ্চন ॥৪২

অথ (অথ) গায়ত্রী (গায়ত্রী), উষ্ণিক্ (উষ্ণিক্), অনুষ্টুপ্ (অনুষ্টুপ), বৃহতী (বৃহতী), পঙ্‌ক্তিঃ (পঙ্‌ক্তি), ত্রিষ্টুপ্ (ত্রিষ্টুপ), অত্যষ্টি (অত্যষ্টি), জগতী (জগতী), অতিজগতী (অতিজগতী) বিরাট্ (বিরাট্) (এই সকল) ছন্দঃ (ছন্দ) ॥৪১

(কর্ম্মকাণ্ডের বিধিবাক্যে) কিং (কি) বিধত্তে (বিধান করে)? (দেবতাকাণ্ডের মন্ত্রে) কিম্ (কি) আচষ্টে (প্রকাশ করে)? (জ্ঞানকাণ্ডে) কিম্ (কি) অনূদ্য (পশ্চাদ্ বক্তব্য) বিকল্পয়েৎ (কি আশ্রয় করিয়া তর্ক বিতর্ক করে) ইতি (এই) অস্যাঃ (বেদবাক্যের) হৃদয়ং (তাৎপর্য্য, মর্ম) লোকে (সংসারে) মদন্যঃ (আমিভিন্ন) কশ্চন (কেহ) ন বেদ (জানে না) ॥৪২

যেমন অঙ্কুরে যে রস তাহাই তাহার বিস্তারভূত নানাকাণ্ড শাখাসকলে অবস্থিত, তদ্রূপ প্রণবের যে অর্থ পরমেশ্বর—তিনিই তাঁহার বিস্তারভূত সর্ব্ব বেদ কাণ্ড-শাখারূপে বিদ্যমান। সেই ছন্দঃসমূহে গায়ত্রী চতুর্বিংশতি অক্ষরা পর পর চতুরক্ষর বৃদ্ধির দ্বারা উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুপ্, জগতী, অতিচ্ছন্দ, অত্যষ্টি, অতিজগতী ও বিরাট্ এই সকল ছন্দঃ ॥৪১

কর্ম্মকাণ্ডে বিধিবাক্যের দ্বারা কি প্রকাশ করেন, জ্ঞানকাণ্ডে ও নিষেধের জন্য পশ্চাদ্ বক্তব্য কি আশ্রয় করিয়া তর্ক বিতর্ক করেন—ইহা বেদবাক্যের তাৎপর্য্য (অভিপ্রায়) জগতে আমি ব্যতীত তাহা কেহ জানে না ॥৪২

—ভক্ত জ্ঞানী সকলেই কি নাদ প্রাপ্ত হন?

—শব্দ হইতে জগতের সৃষ্টি এবং জগৎ শব্দেই লয় হইয়া থাকে। সাধনপথে জ্যোতি, নাদ, আকাশ—কি ভক্ত, কি জ্ঞানী, কি যোগী সকলেই পাইয়া থাকেন। নাদ আবির্ভূত হইলে সাধক কৃতার্থ হইবেন-ই।

—যাঁহারা অষ্টকালীন লীলাচিন্তা করেন?

—লীলাচিন্তায় সিদ্ধিকাল উপস্থিত হইলে লীলাচিন্তায় বাণী শেষ হইয়া যায়—সব ওঁকারে লয় হইতে থাকে। চরমে নাদই থাকেন।

—জ্ঞানিগণ কি বলেন?

—ভগবান্ শঙ্করাচার্য্য বলিয়াছেন,—

'নাদানুসন্ধানসমাধিমেকং মন্যামহে মান্যতমং লয়ানাম্ ॥'

সপাদ লক্ষ লয়যোগের মধ্যে একমাত্র নাদানুসন্ধানসমাধি লয়যোগসমূহের মধ্যে মান্যতম বলিয়া মনে করি।

যে কোন সাধন-মার্গে চরম প্রাপ্তি হইল নাদ। এই নাদ অবলম্বই সাধকগণ জ্যোতি আকাশাদি দৃশ্যসমূহ অতিক্রম করিয়া শব্দহীন, দৃশ্যহীন, অরূপরূপী, অনাম নামীর রাজ্যে উপস্থিত হন। তাঁহাকে শ্রুতি ও অন্যান্য শাস্ত্রসকল পরমপদ, বৈকুণ্ঠ, গোলক, কৈলাস—আর সন্তগণ সত্যরাজ্য বলিয়া থাকেন। শব্দেই জগৎ-উৎপত্তি এবং শব্দেই জগতের লয় হয়।

(১) প্রসংখ্যানেঽপ্যকুসীদস্য সর্ব্বথা
বিবেকখ্যাতের্ধর্মমেঘঃ সমাধিঃ ॥ কৈবল্যপাদ ৩০

প্রসংখ্যান সর্ব্ববিজ্ঞানাদি সামর্থ্য উপস্থিত হইলেও যিনি তাহার প্রতি লুব্ধ না হন, তাহার প্রকৃতি-পুরুষের বিবেক জ্ঞান হয়, তাহা হইলেই ধর্মমেঘ সমাধি হইয়া থাকে।

মাং বিধত্তেঽভিধত্তে মাং বিকল্প্যাপোহ্যতে হ্যহম্।
এতাবান্ সর্ব্ববেদার্থঃ শব্দ আস্থায় মাং ভিদাম্।
মায়ামাত্রমনূদ্যান্তে প্রতিষিধ্য প্রসীদতি ॥৪৩

মাং (আমাকে) (যজ্ঞরূপ) বিধত্তে (বিধান করেন), মাম্ এব (আমাকেই) (তত্তদ্দেবতারূপ) অভিধত্তে (অভিহিত করেন), (আকাশাদি প্রপঞ্চ আমা হইতে পৃথক্ অথবা অভিন্ন ইহা) বিকল্প্য (বিকল্পনা করিয়া) অপোহ্যতে (নিরাকৃত করেন—তাহাও আমি, আমা হইতে পৃথক্ কিছু নাই) সর্ব্ববেদার্থঃ (সকল বেদের তাৎপর্য্য) এতাবান্ (এইরূপ) এব (ই) শব্দঃ (শব্দ, বেদ) মাম্ (আমাকে) আস্থায় (আশ্রয় করিয়া) ভিদাং (কর্ম্মযোগ-জ্ঞানযোগরূপ বিভিন্নতা প্রকাশ করে) মায়ামাত্রম্ (মায়ামাত্র) ইতি (ইহা) অনূদ্য (পরিহার পূর্ব্বক, পশ্চাদ্ বক্তব্য) নেহ নানাস্তি কিঞ্চন (ইহলোকে নানা কিছু নাই এইরূপ) প্রতিষিধ্য (প্রতিষেধ করত) প্রসীদতি (নিবৃত্তব্যাপার হন) ॥৪৩

আমাকে যজ্ঞরূপ বিধান করেন, আমাকেই সেই সেই দেবতারূপে অভিহিত করেন, আকাশাদি প্রপঞ্চ আমা হইতে পৃথক্ অথবা অভিন্ন ইহা বিকল্পনা করিয়া নিরাকৃত করেন; তাহাও আমি—আমা হইতে অভিন্ন কিছু নাই—নিখিল বেদের অভিপ্রায় এইরূপই যেহেতু বেদ পরমার্থরূপ আমাকে আশ্রয় করিয়া কর্ম্মযোগ, জ্ঞানযোগ প্রভৃতি বিভিন্নতা প্রকাশ করে। মায়ামাত্র ইহা পরিহার পূর্ব্বক ইহলোকে 'না না কিছু নাই' এইরূপ প্রতিষেধ করত নিবৃত্তব্যাপার হন ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে একবিংশোঽধ্যায়ঃ।

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে একবিংশাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত একবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশঃ অধ্যায়ঃ।

[তত্ত্বানাং সংখ্যায়াঃ, পুরুষ-প্রকৃত্যোশ্চ বর্ণনম্।]

উদ্ধব উবাচ
কতি তত্ত্বানি বিশ্বেশ সংখ্যাতান্যৃষিভিঃ প্রভো।
নবৈকাদশ পঞ্চ ত্রীণ্যাত্থ ত্বমিহ শুশ্রুম ॥১
কেচিৎ ষড়্‌বিংশতিং প্রাহুরপরে পঞ্চবিংশতিম্।
সপ্তৈকে নব ষট্ কেচিচ্চত্বার্য্যেকাদশাপরে।
কেচিৎ সপ্তদশ প্রাহুঃ ষোড়শৈকে ত্রয়োদশ ॥২

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—বিশ্বেশ (হে বিশ্বেশ্বর)। ঋষিভিঃ (ঋষিগণ) কতি (কত) তত্ত্বানি (তত্ত্ব) সংখ্যা- তানি (সংখ্যানির্দ্দেশ করিয়াছেন)। প্রভো (হে প্রভো) ত্বং (আপনি) নব একাদশ পঞ্চ ত্রীণি (নব, একাদশ, পঞ্চ,

দ্বাবিংশ অধ্যায়।

তত্ত্বসকলের সংখ্যা এবং পুরুষ ও প্রকৃতির বর্ণন।

প্রত্যগ্‌রূপায় দিব্যায় রবিমণ্ডলবাসিনে
পুরুষেঽধিবাসায় তারকায় নমো নমঃ॥

শ্রীউদ্ধব বলিলেন,—হে বিশ্বেশ্বর। ঋষিগণ তত্ত্বসকলের সংখ্যা কত নির্দ্দেশ করিয়াছেন? হে প্রভো। আপনি নব, একাদশ, পঞ্চ ও তিন সাকল্যে

উদ্ধব উবাচ

এতাবত্ত্বং হি সংখ্যানামৃষয়ো যদ্ বিবক্ষয়া।
গায়ন্তি পৃথগায়ুষ্মন্নিদং নো বক্তুমর্হসি ॥৩

শ্রীভগবানুবাচ

যুক্তয়ঃ সন্তি সর্ব্বত্র ভাষন্তে ব্রাহ্মণা যথা।
মায়াং মদীয়ামুদ্‌গৃহ্য বদতাং কিং নু দুর্ঘটম্ ॥৪

নৈতদেবং যথাত্থ ত্বং যদহং বচ্মি তৎ তথা।
এবং বিবদতাং হেতুঃ শক্তয়ো মে দুরত্যয়াঃ ॥৫

যাসাং ব্যতিকরাদাসীদ্ বিকল্পো বদতাং পদম্।
প্রাপ্তে শমদমেঽপ্যেতি বাদস্তমনু শাম্যতি ॥৬

তিন সাকল্যে অষ্টবিংশতি (১) আত্থ (বলিয়াছেন), (তাহা) (আমরা) শুশ্রুম (শুনিয়াছি)। (তত্র) (সে বিষয়ে) কেচিৎ (কেহ) ষড়্‌বিংশতিম্ (ষড়্‌বিংশতি) অপরে (অন্য কেহ) পঞ্চবিংশতিং (পঞ্চবিংশতি) প্রাহুঃ (বলিয়াছেন), একে (কেহ) সপ্ত (সপ্ত) নব (নব) ষট্ (ষট্) অপরে কেচিৎ (অপরে কেহ) চত্বারি (চারি) একাদশ (একাদশ),

কেচিৎ (কেহ কেহ) সপ্তদশ (সপ্তদশ), একে (কেহ কেহ) ষোড়শ (ষোড়শ), কেচিৎ (কেহ কেহ) ত্রয়োদশ (ত্রয়োদশ) প্রাহুঃ (বলিয়াছেন), ঋষয়ঃ (ঋষিগণ) সংখ্যানাম্ (সংখ্যাসমূহের) এতাবত্ত্বং (নানাত্ব) যৎ (যে) বিবক্ষয়া (প্রয়োজন অভিপ্রায় করিয়া) পৃথক্ (ভিন্ন) গায়ন্তি (বলিয়াছেন), আয়ুষ্মন্ (হে আয়ুষ্মন্)। ত্বং (আপনি) হি ইদং (এই) নঃ (আমাদিগকে) বক্তুম্ অর্হসি (বলিবার যোগ্য হউন—বলুন) ॥১-৩

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন), ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণগণ) যথা (যে প্রকার) ভাষন্তে (বলেন), (তাহা) যুক্তয়ঃ (যুক্তি) সর্ব্বত্র (সকল স্থানে) (সেই সকলে) সন্তি (আছে), মদীয়াং (আমার) মায়াম্ (মায়া) উদ্‌গৃহ্য (স্বীকার করিয়া) বদতাং (বিবাদকারিগণের) কিং নু (কি?) দুর্ঘটম্ (সকলই অবিরুদ্ধ) ॥৪

ত্বং (তুমি) যথা (যে প্রকার) আত্থ (বলিতেছ), এতৎ (ইহা) ন এবম্ (এরূপ নহে); অহং (আমি) যৎ (যাহা) বচ্মি (বলিতেছি), তৎ (তাহাই) (যথার্থ) এবং (এইরূপ) বিবদতাং (বিবদমানগণের) (সম্বন্ধে) মে (আমার) দুরত্যয়াঃ (দুরতিক্রমণীয়া) শক্তয়ঃ (সত্ত্বাদি শক্তিসমূহ) হেতুঃ (কারণ), যাসাং (যে শক্তি সকলের) ব্যতিকরাৎ

অষ্টাবিংশতি তত্ত্ব বলিয়াছেন, তাহা আমরা শুনিয়াছি। তত্ত্ব-সম্বন্ধে কেহ ষড়্‌বিংশতি, অন্য কেহ পঞ্চবিংশতি বলিয়া থাকেন; কেহ সপ্ত, কেহ বা নব, ষট্, অপর কেহ চারি বা একাদশ বলেন।

কেহ সপ্তদশ, কেহ কেহ ষোড়শ, অন্য কেহ ত্রয়োদশ বলিয়াছেন। ঋষিগণ সংখ্যাসমূহের নানাত্ব যে প্রয়োজন অভিপ্রায় করিয়া পৃথক্ বলিয়া থাকেন, হে নিত্যমূর্ত্তে! আপনি আমাদিগকে তাহা বলুন।১-৩

শ্রীভগবান্ বলিলেন,—ব্রাহ্মণগণ তত্ত্বসম্বন্ধে যাহা বলেন, তাহা যুক্তিযুক্ত। আমার মায়া স্বীকার করিয়া ন্যূনাধিক যিনি যাহা বলিয়াছেন, তাহা সকলই অবিরুদ্ধ।৪

"তুমি যেরূপ বলিতেছ ইহা এইরূপ নহে—আমি যাহা বলিতেছি তাহাই সত্য" এইরূপ বিবাদকারিগণের সম্বন্ধে আমার দুরতিক্রমণীয়া সত্ত্বাদি শক্তিসকল কারণ। যে শক্তিসংহতির ক্ষোভহেতু বিবাদশীলগণের বিষয়ভেদ হয়, শম-দম অভ্যাসে সেই বিকল্প বিলীন হইয়া যায়—অনন্তর বিবাদও শান্তি হয়।৫-৬

---

(১) অষ্টাবিংশতি তত্ত্ব—প্রকৃতি, পুরুষ, মহৎ, অহংকার, পঞ্চ তন্মাত্র—এই নব; শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, ঘ্রাণ, বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, মন (একাদশ)—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম (পঞ্চ মহাভূত); সত্ত্ব, রজঃ ও তমঃ (গুণত্রয়)।

পরস্পরানুপ্রবেশাৎ তত্ত্বানাং পুরুষর্ষভ।
পৌর্ব্বাপর্য্যপ্রসংখ্যানং যথা বক্তুর্বিবক্ষিতম্ ॥৭

একস্মিন্নপি দৃশ্যন্তে প্রবিষ্টানীতরাণি চ।
পূর্ব্বস্মিন্ বা পরস্মিন্ বা তত্ত্বে তত্ত্বানি সর্ব্বশঃ ॥৮

পৌর্ব্বাপর্য্যমতোঽমীষাং প্রসংখ্যানমভীপ্সতাম্।
যথা বিবিক্তং যদ্‌বক্ত্রং গৃহ্নীমো যুক্তিসম্ভবাৎ ॥৯

অনাদ্যবিদ্যাযুক্তস্য পুরুষস্যাত্মবেদনম্।
স্বতো ন সম্ভবাদন্যস্তত্ত্বজ্ঞো জ্ঞানদো ভবেৎ ॥১০

পুরুষেশ্বরয়োরত্র ন বৈলক্ষণ্যমণ্বপি।
তদন্যকল্পনাপার্থা জ্ঞানঞ্চ প্রকৃতের্গুণঃ ॥১১

প্রকৃতির্গুণসাম্যং বৈ প্রকৃতের্নাত্মনো গুণাঃ।
সত্ত্বং রজস্তম ইতি স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ ॥১২

(ক্ষোভহেতু) বদতাং (বিবাদকারিগণের) পদং (বিষয়) বিকল্পঃ (ভেদ) আসীৎ (ছিল), শমদমে (শমদম) প্রাপ্তে (প্রাপ্ত হইলে) (সেই বিকল্প) এতি (বিলীন হয়) চ (আর) বাদঃ (বাদ) তম্ অনু (তাহার পশ্চাৎ) শাম্যতি (উপশম হয়) ॥৫-৬

পুরুষর্ষভ (হে পুরুষপ্রবর)! তত্ত্বানাং (তত্ত্বসমূহের) পরস্পরানুপ্রবেশাৎ (পরস্পর অনুপ্রবেশ হেতু) বক্তুঃ (বক্তার) যথা (যেরূপ) বিবক্ষিতং (বলিতে ইচ্ছার বিষয়) (উদ্দেশ্য) পৌর্ব্বাপর্য্যপ্রসংখ্যানং (পূর্ব্ব কারণ, অপর কার্য্য) (এইরূপ কার্য্যকারণভাবে গণনা হয়) ॥৭

পূর্ব্বস্মিন্ (পূর্ব্ব) বা (অথবা) পরস্মিন্ (পর) একস্মিন্ তত্ত্বে (তত্ত্বে) অপি (ই) ইতরাণি (অপর) তত্ত্বানি (তত্ত্বসমূহ) সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারে) প্রবিষ্টানি (প্রবিষ্ট) দৃশ্যন্তে চ (দেখিতে পাওয়া যায়)। কারণ-তত্ত্ব বা কার্য্য-তত্ত্ব—ইহার কোন একটী তত্ত্বে অন্য তত্ত্বসমূহ অনুপ্রবিষ্ট ॥৮

অতঃ (এই হেতু) অমীষাং (তত্ত্বসমূহের) পৌর্ব্বাপর্য্যং (কার্য্যকারণত্ব) প্রসংখ্যানম্ (ন্যূনাধিক) অভীপ্সতাং (বাদিগণের মধ্যে) যথা (যে) বিবক্ষয়া (বলিবার ইচ্ছায় নিশ্চিত) যদ্ বক্ত্রং (যাহার মুখ বক্তার অভীষ্ট) (তাহা) বিবিক্তং (নিশ্চিত, বিবেকসহ) যুক্তিসম্ভবাৎ (যুক্তি অনুসারে) বয়ং (আমরা) গৃহ্নীমঃ (গ্রহণ করিব) ॥৯

অনাদ্যবিদ্যাযুক্তস্য (অনাদি অবিদ্যাযুক্ত) পুরুষস্য (পুরুষের) আত্মবেদনং (যথার্থজ্ঞান) স্বতঃ (আপনা হইতে) ন সম্ভবাৎ (সম্ভব হয় না) (এই হেতু) অন্যঃ (অপর) তত্ত্বজ্ঞঃ (তত্ত্বজ্ঞ) জ্ঞানদঃ (জ্ঞানদাতা) ভবেৎ (হইবেন) ॥১০

পুরুষেশ্বরয়োঃ (জীব ও ব্রহ্মের) বৈলক্ষণ্যম্ (বিশেষ প্রভেদ) অণু (অতি সূক্ষ্ম) অপি ন (ও নাই) তদন্যকল্পনা (তাহাদের ভিন্ন কল্পনা) অপার্থা (ব্যর্থ) (যে জ্ঞানে এই ভিন্ন কল্পনা হয় সেই) জ্ঞানং (জ্ঞান) চ (ও) প্রকৃতেঃ (প্রকৃতির) গুণঃ (গুণ) ॥১১

হে পুরুষপ্রধান! তত্ত্বসকলের পরস্পর অনুপ্রবেশহেতু বক্তার যেরূপ বলিবার অভিপ্রায়, পূর্ব্ব কারণ পর কার্য্য এরূপভাবে গণনা করা হইয়া থাকে।৭

পূর্ব্ব অথবা পর তত্ত্বেই অপর তত্ত্বসকল সর্ব্বপ্রকারে প্রবিষ্ট দেখিতে পাওয়া যায়। কারণতত্ত্ব কিংবা কার্য্যতত্ত্ব—ইহার কোন একটি তত্ত্বে অন্য তত্ত্বসকল অনুপ্রবিষ্ট দৃষ্ট হইয়া থাকে।৮

এই হেতু তত্ত্বসকলের কার্য্যকারণত্ব ও ন্যূনাধিক ভোগের পর বাদিগণের মধ্যে যেমন বলিবার ইচ্ছায় যাহার যেরূপ অভিপ্রায় প্রবর্ত্তিত হয়, সেই সমস্ত নিশ্চিত যুক্তি অনুসারে আমরা গ্রহণ করিব।৯

অনাদি—উৎপত্তি রহিত, অবিদ্যাযুক্ত পুরুষের আত্মজ্ঞান আপনা হইতে সম্ভব হয় না। অন্য হইতে সম্ভবহেতু তত্ত্বজ্ঞ জ্ঞানদাতা পরমেশ্বর হইবেন ইহা বৈষ্ণবগণের মত।১০

ষড়্‌বিংশতি তত্ত্বপক্ষে চতুর্বিংশতি তত্ত্ব আর জীব ও ঈশ্বর। ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম—পঞ্চভূত; শব্দ, স্পর্শ, রূপ রস, গন্ধ—পঞ্চতন্মাত্র; শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, ঘ্রাণ—পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ—

সত্ত্বং জ্ঞানং রজঃ কর্ম্ম তমোঽজ্ঞানমিহোচ্যতে।
গুণব্যতিকরঃ কালঃ স্বভাবঃ সূত্রমেব চ ॥১৩
পুরুষঃ প্রকৃতির্ব্যক্তমহঙ্কারো নভোঽনিলঃ
জ্যোতিরাপঃ ক্ষিতিরিতি তত্ত্বান্যুক্তানি মে নব ॥১৪

শ্রোত্রং ত্বগ্ দর্শনং ঘ্রাণো জিহ্বেতি জ্ঞানশক্তয়ঃ।
বাক্-পাণ্যুপস্থ-পায্বঙ্ঘ্রিঃ কর্ম্মাণ্যঙ্গোভয়ং মনঃ ॥১৫
শব্দঃ স্পর্শো রসো গন্ধো রূপঞ্চেত্যর্থজাতয়ঃ।
গত্যুক্ত্যুৎসর্গশিল্পানি কর্ম্মায়তনসিদ্ধয়ঃ ॥১৬

গুণসাম্যং (গুণত্রয়ের সমতা) প্রকৃতিঃ (প্রকৃতি) গুণাঃ (গুণসকল) প্রকৃতেঃ (প্রকৃতির) ন আত্মনঃ (আত্মার নহে), (সেই গুণসমূহ) স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ (স্থিতি, উৎপত্তি ও সংহারকারণ) সত্ত্বং (সত্ত্ব) রজঃ (রজঃ) তমঃ (তম) ইতি (বলিয়া কথিত হয়) ॥১২

ইহ (গুণত্রয়ের মধ্যে) সত্ত্বং (সত্ত্ব), জ্ঞানং (জ্ঞান), রজঃ (রজ), কর্ম্ম (কর্ম), তমঃ (তম), অজ্ঞানম্ (অজ্ঞান) উচ্যতে (বলিয়া উক্ত হয়), গুণব্যতিকরঃ (গুণসমূহের ক্ষোভ যাহা হইতে হয় তিনি ঈশ্বর), কালঃ (কাল), স্বভাবঃ (স্বভাব), সূত্রম্ (সূত্র) (মহত্তত্ত্ব) এব চ (ই কথিত হন) ॥১৩

পুরুষঃ (পুরুষ), প্রকৃতিঃ (প্রকৃতি), ব্যক্তং (মহত্তত্ত্ব), অহঙ্কারঃ (অহঙ্কার), নভঃ (আকাশ), অনিলঃ (বায়ু), জ্যোতিঃ (অগ্নি), আপঃ (জল), ক্ষিতিঃ (পৃথিবী) ইতি (এই) ময়া (আমাকর্ত্তৃক) নবতত্ত্বানি (নবতত্ত্ব) উক্তানি (উক্ত হইয়াছে) ॥১৪

শ্রোত্রং (কর্ণ), ত্বক্ (ত্বক্), দর্শনং (নয়ন), ঘ্রাণঃ (নাসিকা), জিহ্বা (রসনা) ইতি (এই পঞ্চ) জ্ঞানশক্তয়ঃ (জ্ঞানেন্দ্রিয়)। অঙ্গ (হে প্রিয় উদ্ধব)। বাক্‌পাণ্যুপস্থপায্বঙ্ঘ্রিঃ বাক্য, হস্ত, জননেন্দ্রিয়:, গুহ্য, পাদ এই পাঁচটি) কর্ম্মাণি (কর্ম্মেন্দ্রিয়), মনঃ (মন) উভয়ম্ (জ্ঞান-কর্ম্মেন্দ্রিয়াত্মক) ॥১৫

শব্দঃ (শব্দ), স্পর্শঃ (স্পর্শ), রসঃ (রস), গন্ধঃ (গন্ধ) চ (ও) রূপম্ (রূপ) ইতি (এই পঞ্চ) অর্থজাতয়ঃ (জ্ঞানেন্দ্রিয়ের বিষয়) গত্যুক্ত্যুৎসর্গ-শিল্পানি (গমন, ভাষণ, মল-মূত্রত্যাগ ও শিল্প এই পাঁচটি) কর্ম্মায়তনসিদ্ধয়ঃ (কর্ম্মেন্দ্রিয় সমূহের ফল—তত্ত্ব নহে) ॥১৬

জীব ও ঈশ্বরের এই শরীরে অণু—অতিসূক্ষ্ম ও বৈলক্ষণ্য—বিসদৃশত্ব নাই। উভয়ের অন্যত্ব কল্পনা ব্যর্থ। (জ্ঞান ও সত্ত্বগুণ বৃত্তিহেতু তাহার অন্তর্ভূর্ত) প্রকৃতির গুণই।১১ (পঞ্চবিংশ তত্ত্বপক্ষে)।

স্থিতি, উৎপত্তি ও সংহারের হেতু সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণসকল প্রকৃতিরই—আত্মার নহে—যেহেতু গুণত্রয়ের সাম্যাবস্থাই প্রকৃতি।১২

এই গুণত্রয়ের মধ্যে সত্ত্ব—সত্ত্ববৃত্তিরূপ জ্ঞান প্রকৃতির গুণ, রজের বৃত্তি কর্ম, তমের বৃত্তি অজ্ঞান। এই হেতু কর্ম ও অজ্ঞানের রজস্তমোদ্বারা প্রকৃতির অন্তর্ভূর্ত গুণসমূহের ক্ষোভ করেন বলিয়া সেই ঈশ্বরের নাম কাল, সূত্র—মহত্তত্ত্বই স্বভাব। এইহেতু গুণত্রয় তিনটী তত্ত্ব। প্রকৃতি, মহত্তত্ত্ব ও ঈশ্বর এই তিনটী তত্ত্ব কেহ কেহ বলেন।১৩

পুরুষ, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, আকাশ, অনিল, জ্যোতি, সলিল, ক্ষিতি—আমি এইরূপ নবতত্ত্ব বলিয়াছি।১৪

কর্ণ, ত্বক্, নয়ন, নাসিকা, রসনা, এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় হে প্রিয় উদ্ধব! বাক্য, হস্ত, জননেন্দ্রিয়, গুহ্য ও পাদ এই পাঁচটি কর্ম্মেন্দ্রিয় এবং মন জ্ঞান-কর্ম্মেন্দ্রিয়াত্মক।১৫

শব্দ, স্পর্শ, রস, গন্ধ ও রূপ এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়ের বিষয়। গমন, কথন, মল-মূত্রত্যাগ ও শিল্প এই পাঁচটি কর্ম্মেন্দ্রিয় সকলের ফল—পৃথক্ তত্ত্ব নহে।১৬

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; মন, বুদ্ধি, চিত্ত, অহঙ্কার—অন্তরিন্দ্রিয় চতুষ্টয়; এই চতুর্ব্বিংশতি; জীব ও ঈশ্বর সাকল্যে ষড়্‌বিংশতি।

পঞ্চবিংশতি তত্ত্বপক্ষে চতুর্বিংশতি তত্ত্ব এবং ঈশ্বর।

সর্গাদৌ প্রকৃতির্হ্যস্য কার্য্য-কারণরূপিণী।
সত্ত্বাদিভিগুণৈর্ধত্তে পুরুষোঽব্যক্ত ঈক্ষতে ॥১৭
ব্যক্তাদয়ো বিকুর্ব্বাণা ধাতবঃ পুরুষেক্ষয়া।
লব্ধবীর্য্যাঃ সৃজন্ত্যণ্ডং সংহতাঃ প্রকৃতের্বলাৎ ॥১৮
সপ্তৈব ধাতব ইতি তত্রার্থাঃ পঞ্চ খাদয়ঃ।
জ্ঞানমাত্মোভয়াধারস্ততো দেহেন্দ্রিয়াসবঃ ॥১৯

অস্য (এই প্রপঞ্চের) সর্গাদৌ (সৃষ্টি, স্থিতি ও সংহার কার্য্যে) কার্য্য-কারণরূপিণী (কার্য্যকারণরূপিণী) প্রকৃতিঃ (প্রকৃতি) সত্ত্বাদিভিঃ (সত্ত্ব, রজঃ ও তমোগুণের সহায়ে) (সৃষ্টি-স্থিতি-সংহাররূপ অবস্থা) ধত্তে (ধারণ করেন)। অব্যক্তঃ (অব্যক্ত) পুরুষঃ (পুরুষ) ঈক্ষতে (কেবল দর্শনমাত্র করেন) (সাক্ষিরূপে বিদ্যমান থাকেন ॥১৭

পুরুষেক্ষয়া (পুরুষের দ্বারা) লব্ধবীর্য্যাঃ (লব্ধশক্তি) ব্যক্তাদয়ঃ (মহদাদি) বিকুর্ব্বাণাঃ ধাতবঃ (বিকৃতি হইতে প্রবৃত্তি) চ (ও) সংহতাঃ (মিলিত হইয়া) প্রকৃতেঃ (প্রকৃতির) বলাৎ (আশ্রয়ে) অণ্ডং (ব্রহ্মাণ্ড) সৃজন্তি (সৃষ্টি করে) ॥১৮

সপ্ত এব (সপ্ত) ধাতবঃ (তত্ত্ব) ইতি (ইহা) (যাঁহারা বলেন), তত্র (তাঁহাদের মতে) অর্থাঃ (পদার্থ) খাদয়ঃ (আকাশাদি) পঞ্চ (পঞ্চ) (আর) জ্ঞানম্ (জীব) উভয়- (দ্রষ্টা দৃশ্যের) আধারঃ (আত্মা) (এই সপ্ত) তস্মিন্ (তন্মধ্যে) দেহেন্দ্রিয়াসবঃ (দেহ, ইন্দ্রিয় ও প্রাণসমূহ ইহাদের অন্তর্নিবিষ্ট) ॥১৯

ষাড়ত্যত্রাপি ভূতানি পঞ্চ ষষ্ঠঃ পরঃ পুমান্।
তৈর্যুক্ত আত্মসম্ভূতৈঃ সৃষ্ট্বেদং সমুপাবিশৎ ॥২০
চত্বার্য্যেবেতি তত্রাপি তেজ আপোঽন্নমাত্মনঃ।
জাতানি তৈরিদং জাতং জন্মাবয়বিনঃ খলু ॥২১
সংখ্যানে সপ্তদশকে ভূতমাত্রেন্দ্রিয়াণি চ।
পঞ্চ পঞ্চৈকমনসা আত্মা সপ্তদশঃ স্মৃতঃ ॥২২

ষট্ ইতি (তত্ত্ব ছয়টি) (ইহা যাহারা বলেন), অত্র (এই স্থলে) অপি (ও) ভূতানি পঞ্চ (পঞ্চভূত) (আর) পরঃ পুমান্ (পরম পুরুষ) (এই) ষষ্ঠঃ (ষষ্ঠসংখ্যক) আত্মসম্ভূতৈঃ (আত্মসম্ভূত) তৈঃ (তাহাদের সহিত) যুক্তঃ (যুক্ত) (আত্মা) ইদং (এই) প্রপঞ্চং (প্রপঞ্চ) সৃষ্ট্বা (সৃষ্টি করিয়া) (তন্মধ্যে অনুপ্রবিষ্ট হন) ॥২০

(যাঁহারা) চত্বারি (চারিটি) এব (ই) ইতি (তত্ত্ব বলেন), তত্র (সেই স্থলে) অপি (ও) তেজঃ আপোঽন্নমাত্মনঃ (তেজ, জল, অন্ন, আত্মা—এই চারিটী) জাতানি (জাত হইয়াছে), তৈঃ (চারি তত্ত্বের দ্বারা) ইদং (এই জগৎ) জাতম্ (উৎপন্ন) অবয়বিনঃ (কার্য্যের) খলু জন্ম (উৎপত্তি) ইহারই অন্তর্ভূত) ॥২১

সপ্তদশকে সংখ্যানে (সপ্তদশ গণনায়) ভূতমাত্র (পঞ্চ-তন্মাত্র), ইন্দ্রিয়াণি (জ্ঞান কর্ম্মেন্দ্রিয় দশটী) একমনসা (একমনের সহিত) আত্মা (আত্মা) (এই) সপ্তদশঃ (সপ্তদশ) স্মৃতঃ (স্মৃত হয়) ॥২২

প্রকৃতি বিশ্বের উৎপত্তিকালে সত্ত্বাদিগুণের সাহায্যে সৃষ্টি, স্থিতি ও সংহাররূপ অবস্থা ধারণ করেন, কিন্তু পুরুষ অব্যক্ত অপরিণামীর ন্যায় কেবল দর্শন মাত্র করেন—সাক্ষিভাবে বিদ্যমান থাকেন।১৭

প্রকৃতি হইতে উৎপন্ন মহদাদি তত্ত্বসকল পুরুষের ঈক্ষণের দ্বারা শক্তিলাভ করিয়া পরস্পর মিলিত ও পরিণামান্তর প্রাপ্ত হইয়া প্রকৃতিবলে (প্রকৃতিকে আশ্রয় করিয়া) ব্রহ্মাণ্ড সৃজন করেন।১৮

যাঁহারা সপ্ত তত্ত্ব বলেন, তাঁহাদের মতে আকাশাদি পঞ্চ, জ্ঞান (জীব) ও দ্রষ্টা এবং দৃশ্যের আধার আত্মা—তন্মধ্যে দেহ, ইন্দ্রিয়, প্রাণসকল ইহাদের অন্তর্ভুক্ত।১৯

তত্ত্ব ছয়টী, যাঁহারা বলেন, এ স্থলে পঞ্চভূত এবং পরম পুরুষ—এই ষষ্ঠসংখ্যক। আত্মসম্ভূত তাহাদের সহিত মিলিত হইয়া আত্মা এই প্রপঞ্চ সৃষ্টি করিয়া তন্মধ্যে অনুপ্রবিষ্ট হন।২০

যাঁহারা চারিটী তত্ত্ব বলেন, সেইস্থলে তেজঃ, জল, অন্ন, আত্মা এই চারিটি তত্ত্বের দ্বারা জগৎ উৎপন্ন—কার্য্যের উৎপত্তি ইহারই অন্তর্ভূত।২১

সপ্তদশ তত্ত্ববাদী মতে পঞ্চ তন্মাত্র, জ্ঞান ও

তদ্বৎ ষোড়শসঙ্খ্যানে আত্মৈব মন উচ্যতে।
ভূতেন্দ্রিয়াণি পঞ্চৈব মন আত্মা ত্রয়োদশ ॥২৩
একাদশত্ব আত্মাসৌ মহাভূতেন্দ্রিয়াণি চ।
অষ্টৌ প্রকৃতয়শ্চৈব পুরুষশ্চ নবেত্যথ ॥২৪
ইতি নানাপ্রসঙ্খ্যানং তত্ত্বানামৃষিভিঃ কৃতম্।
সর্ব্বং ন্যায্যং যুক্তিমত্ত্বাদ্ বিদুষাং কিমশোভনম্ ॥২৫

ষোড়শসঙ্খ্যানে (ষোড়শ তত্ত্বগণনায়) তদ্বৎ (পূর্ব্ববৎ) ভূতেন্দ্রিয়াণি (ভূতপঞ্চক দশেন্দ্রিয়) মনঃ (এই ষোড়শতত্ত্ব)। (এখানে) মনঃ (মন) এব (ই) আত্মা (আত্মা)। (ত্রয়োদশ তত্ত্বপক্ষে) ভূতেন্দ্রিয়াণি পঞ্চ এব (পঞ্চভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়) ইতি দশ (এই দশ) মনঃ (মন) আত্মা (জীব) চ (ও) পরমাত্মা এই ত্রয়োদশ ॥২৩

(তত্ত্বসমূহের) একাদশত্বে (একাদশ তত্ত্বপক্ষে) মহাভূতেন্দ্রিয়াণি (মহাভূত পঞ্চ ও ইন্দ্রিয় পঞ্চক) (এই দশ) চ (ও) অসৌ (সেই) আত্মা (আত্মা) অথ (নবপক্ষে) অষ্টৌ প্রকৃতয়ঃ (অষ্ট প্রকৃতি) চ (এবং) পুরুষঃ (পুরুষ) (এই নবতত্ত্ব) ।২৪

তত্ত্বানাম্ (তত্ত্বসকলের) ইতি (এই প্রকারে) নানা প্রসংখ্যানং (নানারূপগণনা) ঋষিভিঃ (ঋষিগণ কর্ত্তৃক) কৃতম্ (অনুষ্ঠিত হইয়াছে), যুক্তিমত্ত্বাৎ (যুক্তিযুক্ত হেতু) (এই) সর্ব্বং (সমস্ত) ন্যায্যং (ন্যায্য) বিদুষাম্ (বিদ্বান্‌গণের) অশোভনং (অশোভন) কিম্ (কি) ।২৫

কর্ম্মেন্দ্রিয় দশক ও মনের সহিত আত্মা—এই সপ্তদশ বলিয়া স্মৃত হয় ।২২

পূর্ব্ব ষোড়শ তত্ত্বগণনায় ভূতপঞ্চক, ইন্দ্রিয় দশক ও মন এই ষোড়শ তত্ত্ব—এখানে মনই আত্মা। ত্রয়োদশ তত্ত্বপক্ষে পঞ্চভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (দশ) ও মন, আত্মা এবং পরমাত্মা—এই ত্রয়োদশ ।২৩

একাদশ তত্ত্বপক্ষে মহাভূত পঞ্চ, জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও আত্মা। নবতত্ত্বপক্ষে অষ্টপ্রকৃতি এবং পুরুষ—এই নয় ।২৪

তত্ত্বসকলের এবংবিধ নানারূপ গণনা ঋষিগণ কর্ত্তৃক অনুষ্ঠিত হইয়াছে। যুক্তিযুক্ত হেতু এই সকল যথার্থ বিদ্বান্‌গণের কি মনোরম নয়? ।২৫ (১)

উদ্ধব উবাচ

প্রকৃতিঃ পুরুষশ্চোভৌ যদ্যপ্যাত্মবিলক্ষণৌ।
অন্যোন্যাপাশ্রয়াৎ কৃষ্ণ দৃশ্যতে ন ভিদা তয়োঃ।
প্রকৃতৌ লক্ষ্যতে হ্যাত্মা প্রকৃতিশ্চ তথাত্মনি ॥২৬
এবং মে পুণ্ডরীকাক্ষ মহান্তং সংশয়ং হৃদি।
ছেত্তুমর্হসি সর্ব্বজ্ঞ বচোভির্নয়নৈপুণৈঃ ॥২৭

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—কৃষ্ণ (হে কৃষ্ণ)। প্রকৃতিঃ পুরুষঃ (প্রকৃতি পুরুষ) যদ্যপি (যদ্যপি) আত্মবিলক্ষণৌ (জড় অজড়স্বভাবহেতু ভিন্ন), (তাহা হইলে) অন্যোন্যাপাশ্রয়াৎ (পরস্পর আশ্রয় ভিন্ন), তয়োঃ (উভয়ের) ভিদা (ভিন্নত্ব) (কেন) ন দৃশ্যতে (দেখা যায় না) প্রকৃতৌ (প্রকৃতিতে) আত্মা (আত্মা) লক্ষ্যতে (লক্ষিত হন) তথা (এবং) আত্মনি (আত্মায়)

শ্রীউদ্ধব বলিলেন—হে কৃষ্ণ। প্রকৃতি ও পুরুষ যদ্যপি জড় অজড় স্বভাবহেতু ভিন্ন (আত্মবিলক্ষণ), তাহা হইলে পরস্পরের আশ্রয় ভিন্ন উভয়ের পৃথকত্ব কেন দৃষ্ট হয় না? প্রকৃতিতে আত্মা লক্ষিত এবং আত্মায় প্রকৃতি পরিদৃষ্ট হইয়া থাকেন। হে

—প্রকৃতি কে?

—প্রকৃতিরিতি চ ব্রহ্মণঃ সকাশান্নানাবিচিত্রজগন্নির্ম্মাণ-সামর্থ্যবুদ্ধিরূপা ব্রহ্মশক্তিরেব প্রকৃতিঃ॥

—নিরালম্বোপনিষদি।

—ব্রহ্মের সন্নিধানে নানা বিচিত্র জগৎ নির্ম্মাণ সামর্থ্য বুদ্ধিরূপা ব্রহ্মশক্তি প্রকৃতি।

—জীবের প্রকৃতি কি?

—প্রাচীনকর্ম্মসংস্কারাধীন-স্বাভাবঃ। প্রাচীন কর্ম্মসংস্কারের অধীন স্বভাবের নাম প্রকৃতি।

ত্বত্তো জ্ঞানং হি জীবানাং প্রমোষস্তেঽত্র শক্তিতঃ।
ত্বমেব হ্যাত্মমায়ায়া গতিং বেত্থ ন চাপরঃ ॥২৮

শ্রীভগবানুবাচ

প্রকৃতিঃ পুরুষশ্চেতি বিকল্পঃ পুরুষর্ষভ।
এষ বৈকারিকঃ সর্গো গুণব্যতিকরাত্মকঃ ॥২৯

মমাঙ্গ মায়া গুণমষ্যনেকধা
বিকল্পবুদ্ধীশ্চ গুণৈর্বিধত্তে।
বৈকারিকস্ত্রিবিধোঽধ্যাত্মমেক-
মথাধিদৈবমধিভূতমন্যৎ ॥৩০

(প্রকৃতি দৃষ্ট হয়) সর্ব্বজ্ঞ পুণ্ডরীকাক্ষ (হে সর্ব্বজ্ঞ কমললোচন)। এবং (এইরূপ) যে (আমার) হৃদি (হৃদয়ে) মহান্তং (মহান্) সংশয়ং (সন্দেহ) নয়নৈপুণৈঃ (নীতিনৈপুণ্য-যুক্ত) বচোভিঃ (বচনের দ্বারা) ছেত্তুম্ (ছেদন করিতে) অর্হসি (যোগ্য হউন) (ছেদন করুন)। ত্বত্তঃ (আপনা হইতে) জীবানাং (জীবগণের) জ্ঞানং (জ্ঞান) (হয়), তে (আপনার) শক্তিতঃ (মায়াকর্ত্তৃক সেই জ্ঞানের) প্রমোষঃ (চৌর্য্য, অপহরণ হয়), অত্র (এ বিষয়ে) ত্বম্ এব (আপনিই) আত্ম-মায়ায়াঃ (স্বকীয় মায়ার) গতিং (গতি) বেত্থ (জানেন), অপরঃ (অপর কেহ) ন চ (জানেনা) ॥২৬-২৮

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—প্রকৃতিঃ (প্রকৃতি) চ (ও) পুরুষঃ (পুরুষ) ইতি (এই) (যে) বিকল্পঃ (অত্যন্ত ভেদ) পুরুষর্ষভ (হে পুরুষ-প্রধান)। (সেই, এষঃ (এই) গুণব্যতিকরাত্মকঃ (গুণক্ষোভকৃত) বৈকারিকঃ (বিকার সম্পন্ন) সর্গঃ (সৃষ্টি) ॥২৯

অঙ্গ (হে উদ্ধব)। মম (আমার) গুণময়ী (গুণময়ী) মায়া (মায়া) অনেকধা (বহুপ্রকারা) বিকল্পবুদ্ধীঃ (ভেদজ্ঞান) গুণৈঃ (সত্ত্বাদি গুণের দ্বারা) বিধত্তে (প্রবর্ত্তিত হয়), বৈকারিকঃ (বৈকারিক) (ভেদ) ত্রিবিধঃ (তিন প্রকার) একম্ (প্রথম) অধ্যাত্মম্ (অধ্যাত্ম), অথ অন্যৎ (দ্বিতীয় অন্য) অধিভূতম্ (অধিভূত) চ (ও) (তৃতীয়) অধিদৈবম্ (অধিদৈব) ॥৩০

সর্ব্বজ্ঞ কমললোচন! আমার হৃদয়ে এইরূপ মহাসন্দেহ উপস্থিত হইয়াছে। আপনি নীতিনৈপুণ্যযুক্ত বাণীর দ্বারা তাহা ছেদন করুন। আপনা হইতে জীবগণের জ্ঞান হয়, আর আপনার শক্তি মায়াকর্ত্তৃক সেই জ্ঞান অপহৃত হয়। কেবলমাত্র আপনিই আপনার মায়ার গতি বিদিত আছেন—অন্য কেহ তাহা অবগত নহে।২৬-২৮

শ্রীভগবান্ বলিলেন—প্রকৃতি ও পুরুষ উভয়ের স্বরূপ অতিশয় ভিন্ন। হে পুরুষোত্তম! তাহা গুণক্ষোভকর বলিয়া দেহ ইন্দ্রিয় অন্তঃকরণাদি সৃষ্টি বিকারসম্পন্ন।২৯

হে প্রিয় উদ্ধব! আমার গুণময়ী মায়া বহুপ্রকারা। ভেদজ্ঞান সত্ত্বাদিগুণের দ্বারা প্রবর্ত্তিত হইয়া থাকে। প্রথম অধ্যাত্ম (ইন্দ্রিয়), দ্বিতীয় অধিভূত (বিষয়) ও তৃতীয় ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতাবৃন্দ—অধিদৈব।৩০

মায়া কি?

—অঘটনঘটনাপটীয়সী ঈশ্বরশক্তির নাম মায়া।

সা মায়া পালনীশক্তিঃ সৃষ্টিসংহারকারিণী।
—জ্ঞানসঙ্কলিনীতন্ত্র।

—সৃষ্টি-সংহার-কারিণী পালনী শক্তির নাম মায়া।

স বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা।
মায়ানাম মহাভাগ যয়া ইয়ং নির্ম্মমে বিভুঃ॥ ৩।৫।২৬ শ্রীমদ্ভা

জগন্নির্ম্মাণ কর্ত্তার সদ সন্ময়ী শক্তির নাম মায়া—যাহার দ্বারা এই সৃষ্টি রচনা করিয়া থাকেন।

মায়ৈব বিশ্বজননী নান্যা তত্ত্বধিয়া পরা।
যদা নাশং সমায়াতি বিশ্বং নাস্তি তদা খলু॥
—শিবসংহিতা-১ম পটল।

মায়াই বিশ্বজননী—অন্য অপর তত্ত্ব নহেন। যখন মায়া নাশ প্রাপ্ত হন, তখন বিশ্ব লয় হইয়া যায়।

—প্রকৃতির পরিচয় ভাল করিয়া দাও।

—অধ্যাত্মচিন্তক পণ্ডিতেরা প্রকৃতিকে তমঃ, অব্যক্ত, শিব-ধাম রজঃ, যোনি, সনাতন, বিকার, প্রলয়, প্রধান, প্রভব, লয়,

দৃগ্ রূপমার্কং বপুরত্র রন্ধ্রে
পরস্পরং সিধ্যতি যঃ স্বতঃ খে।
আত্মা যদেষামপরো য আদ্যঃ
স্বয়ানুভূত্যাখিলসিদ্ধসিদ্ধিঃ ॥৩১
এবং ত্বগাদি শ্রবণাদি চক্ষু-
র্জিহ্বাদি নাসাদি চ চিত্তযুক্তম্ ॥৩২

দৃক্ (চক্ষু), রূপং (রূপ), রন্ধ্রে (চক্ষু গোলকে) (প্রবিষ্ট) আর্কং বপুঃ (সূর্য্যের অংশ) (যথাক্রমে অধ্যাত্ম, অধিভূত, আধিদৈব এই তিনটী) পরস্পরং সিধ্যতি (পরস্পর সাপেক্ষভাবে প্রকাশমান)। আকাশে (আকাশে) যঃ (যে) অর্কঃ (মণ্ডলাত্মা ভাস্কর), সঃ তু (তিনি), স্বতঃ (স্বয়ং) সিধ্যতি (প্রকাশমান), যং (যেহেতু) এষাং (এই অধ্যাত্মাদির) যঃ (যিনি) আদ্যঃ (আদ্য) আত্মা (আত্মা) (সকলের কারণ (পরমাত্মা), (তিনি) স্বয়ানুভূত্যা (স্বপ্রকাশকত্ব হেতু) অখিলসিদ্ধসিদ্ধিঃ (অখিল সিদ্ধগণের সিদ্ধি যাহা হইতে হয় অর্থাৎ প্রকাশকগণেরও প্রকাশক) এবং (এই প্রকার) ত্বগাদি

তন্মধ্যে চক্ষু অধ্যাত্ম, রূপ অধিভূত, চক্ষু-গোলকে প্রবিষ্ট সূর্য্যাংশ অধিদৈব—এই তিনটি পরস্পর সাপেক্ষভাবে প্রকাশমান। আকাশে এই যে মণ্ডলাত্মা ভাস্কর, তিনি প্রতিযোগী অপেক্ষা-বিনাই প্রকাশমান, যেহেতু এই অধ্যাত্মাদির যিনি কারণ, আত্মাসকলের কারণ পরমাত্মা স্বতঃসিদ্ধ প্রকাশের হেতু অখিল সিদ্ধগণেরও প্রকাশ যাঁহা হইতে হয় সেই প্রকাশকগণের প্রকাশক তিনি। এই প্রকার ত্বগাদি, শ্রবণাদি, চক্ষু ও নাসাদি, চিত্তের সহিত যুক্ত অন্তঃকরণ আদি পদের দ্বারা তৎ তৎ ধর্ম্ম ও অধিদেবতার কথা বলা হইয়াছে।৩১

যথা ত্বক্, স্পর্শ, বায়ু, শ্রবণ, শব্দ, দিক্, চক্ষু, রূপ

অনুদ্রিক্ত, অন্যান, অকম্প, অচল, ধ্রুব, সৎ, অসৎ ও ত্রিগুণাত্মক নামে নির্দ্দেশ করিয়া থাকেন। অনুগীতা পর্ব্ব ৬৩ অধ্যায়।
মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্।
তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ ॥ ৪।১০ শ্বেতাশ্বতরো-

যোঽসৌ গুণক্ষোভকৃতো বিকারঃ
প্রধানমূলান্মহতঃ প্রসূতঃ।
অহং ত্রিবিন্মোহবিকল্পহেতু-
র্বৈকারিকস্তামস ঐন্দ্রিয়শ্চ ॥৩৩

(ত্বগাদি), শ্রবণাদি (শ্রবণাদি), চক্ষুঃ (চক্ষু) চ (ও) নাসাদি (নাসাদি), চিত্তযুক্তম্ (চিত্তের সহিত যুক্ত অন্তঃকরণও) (আদি শব্দের দ্বারা তৎ তৎ ধর্ম্মের এবং অধিদেবতাগণের কথা বলা হইয়াছে) ॥৩১-৩২

প্রধানমূলাৎ (প্রধানহেতুক) মহতঃ (মহত্তত্ত্ব হইতে) অসৌ (সেই) যঃ (যে) গুণক্ষোভকৃতঃ (সেই গুণক্ষোভকর) বিকারঃ (বিকার) প্রসূতঃ (উৎপন্ন হয়), (সেই) অহং (অহঙ্কার) বৈকারিকঃ (বৈকারিক) তামসঃ (তামস) (ও) ঐন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়জ) ইতি (এই) ত্রিবিৎ (ত্রিবিধ) মোহ-বিকল্পহেতুঃ (মোহ ও ভেদজ্ঞানের কারণ) ॥৩৩

সূর্য্যাংশ, জিহ্বা, রস, বরুণ, নাসা, গন্ধ, অশ্বিনীকুমারদ্বয় চিত্ত, চেতয়িতব্য, বাসুদেব—মনঃ মন্তব্য ও চন্দ্র—বুদ্ধি, বোদ্ধব্য, ব্রহ্মা—অহঙ্কার, অহং কর্ত্তব্য ও রুদ্র এইরূপ ত্রিবিধ জানিবে।৩২

গুণক্ষোভকারী কাল কিংবা পরমেশ্বর তাঁহা হইতে প্রধানমূলক মহত্ত্ব ও উদ্ভূত যে অহঙ্কার—তাহা ত্রিবিধ। বৈকারিক (সাত্ত্বিক), তামস ও ঐন্দ্রিয় (রাজস) অধিদেব, অধিভূত ও অধ্যাত্মাদিময়—তাহাই মোহ বিকল্পের হেতু, সত্য কিংবা মিথ্যা অথবা নিত্য এইরূপ বিকল্পে কারণ।৩৩

পনিষদি।
প্রকৃতিকে মায়া এবং পরমেশ্বরকে মায়াধীশ বলিয়া জানিবে। তাঁহার অবয়বরূপে কল্পিত বস্তুসকলের দ্বারা নিখিল জগৎ পরিপূর্ণ।

আত্মাপরিজ্ঞানময়ো বিবাদো
হস্তীতি নাস্তীতি ভিদার্থনিষ্ঠঃ।
ব্যর্থোঽপি নৈবোপরমেত পুংসাং
মত্তঃ পরাবৃত্তধিয়াং স্বলোকাৎ ॥৩৪

উদ্ধব উবাচ

ত্বত্তঃ পরাবৃত্তধিয়ঃ স্বকৃতৈঃ কর্ম্মভিঃ প্রভো।
উচ্চাবচান্ যথা দেহান্ গৃহ্ণন্তি বিসৃজন্তি চ ॥৩৫

তন্মমাখ্যাহি গোবিন্দ দুর্বিভাব্যমনাত্মভিঃ।
ন হ্যেতৎ প্রায়শো লোকে বিদ্বাংসঃ সন্তি বঞ্চিতাঃ ॥৩৬

শ্রীভগবানুবাচ

মনঃ কর্ম্মময়ং নৃণামিন্দ্রিয়ৈঃ পঞ্চভির্যুতম্।
লোকাল্লোকং প্রয়াত্যন্য আত্মা তদনুবর্ত্ততে ॥৩৭

অস্তি (আছে) ইতি (এই), নাস্তি (নাই) ইতি (এইরূপ) ভেদার্থনিষ্ঠঃ (ভেদজ্ঞানযুক্ত) আত্মা অপরিজ্ঞানময়ঃ (আত্মার অপরিজ্ঞানময়) বিবাদঃ (বিবাদ) ব্যর্থঃ অপি (মিথ্যাভূত হইলেও) স্বলোকাৎ (স্বরূপভূত) মত্তঃ (আমা হইতে) পরাবৃত্তধিয়াং (বহির্মুখ পুরুষগণের) (সেই বিবাদ) ন উপরমেত এব (বিরত হয় না) ॥৩৪

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—প্রভো (হে প্রভো)। ত্বত্তঃ (আপনা হইতে) পরাবৃত্তধিয়ঃ (বহির্মুখগণ) যথা (যে প্রকারে) স্বকৃতৈঃ (নিজকৃত) কর্ম্মভিঃ (কর্ম্মসকলের দ্বারা) উচ্চাবচান্ (উত্তম অধম) দেহান্ (দেহসকল) গৃহ্ণন্তি (গ্রহণ করে) চ (ও) বিসৃজন্তি (বিসর্জ্জন করে), অনাত্মভিঃ (অজ্ঞানিগণের) দুর্বিভাব্যং (অতি অভাবনীয়) তৎ (তাহা) মম (আমার সমীপে) আখ্যাহি (বলুন)। গোবিন্দ (হে গোবিন্দ)। লোকে (ইহলোকে) এতৎ (এতাদৃশ) বিদ্বাংসঃ (বিদ্বান্) ন সন্তি (নাই), যে (যাঁহারা) প্রায়শঃ (প্রায়ই) ন বঞ্চিতাঃ (মোহিত নহেন) ॥৩৫-৩৬

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন),—নৃণাং (মানবগণের) কর্ম্মময়ং (কর্ম্মময়) মনঃ (মন) পঞ্চভিঃ (পঞ্চ) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়ের সহিত) যুতং (যুক্ত হইয়া) লোকাৎ লোকং (লোক হইতে লোকান্তরে) প্রয়াতি (গমন করে) (মনের) অন্যঃ (অন্য) আত্মা (আত্মা) তৎ (মনের) অনুবর্ত্ততে (অনুবর্ত্তন করেন) ॥৩৭

"আছে" "নাই" এই ভেদজ্ঞানযুক্ত আত্মার অপরিজ্ঞানময় যে বিবাদ, তাহা ব্যর্থ হইলেও স্বরূপভূত আমা হইতে বহির্মুখ পুরুষগণের সে বিবাদ বিরত (নিবৃত্ত) হয় না।৩৪

শ্রীউদ্ধব বলিলেন,—আপনা হইতে বহির্মুখগণ যেরূপে নিজকৃত কর্ম্মসমূহের দ্বারা উৎকৃষ্ট অপকৃষ্ট শরীরসকল গ্রহণ করে ও বিসর্জ্জন করে—অল্পবুদ্ধিগণের সেই অত্যন্ত অভাবনীয় (বিষয়) আপনি আমার নিকট বলুন। হে গোবিন্দ যেহেতু এইরূপ বিদ্বান্ প্রায়ই জগতে নাই—সকলেই আপনার মায়ায় বঞ্চিত।৩৫-৩৬

শ্রীভগবান্ বলিলেন,—পঞ্চভূত বায়ু, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় বুদ্ধি-যুক্ত জীবগণের মনঃপ্রধান কর্ম্মময় লিঙ্গশরীর দেহ হইতে দেহান্তরের প্রতি গমন করে; আর আত্মা (জীব) স্বরূপতঃ অন্য হইলেও সেই মনের অনুগমন করে।৩৭ (১)

(১)—লিঙ্গদেহ কাহাকে বলে ?

বুদ্ধিকর্ম্মেন্দ্রিয়-প্রাণপঞ্চকৈঃ মনসা ধিয়া।
শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে।

পঞ্চপ্রাণ-মনোবুদ্ধি-দশেন্দ্রিয়সমন্বিতম্।
অপঞ্চীকৃত-ভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনম্॥

প্রাণ, অপান, সমান, ব্যান, উদান—পঞ্চবায়ু, দশ ইন্দ্রিয়, মন ও বুদ্ধিজাত সূক্ষ্ম বা লিঙ্গদেহ।

ধ্যায়ন্মনোঽনু বিষয়ান্ দৃষ্টান্ বানুশ্রুতানথ।
উদ্যৎ সীদৎ কর্ম্মতন্ত্রং স্মৃতিস্তদনু শাম্যতি ॥৩৮
বিষয়াভিনিবেশেন নাত্মানং যৎ স্মরেৎ পুনঃ।
জন্তোর্বৈ কস্যচিদ্ধেতোর্মৃত্যুরত্যন্তবিস্মৃতঃ ॥৩৯
জন্ম ত্বাত্মতয়া পুংসঃ সর্ব্বভাবেন ভূরিদ।
বিষয়স্বকৃতিং প্রাহুর্যথা স্বপ্নমনোরথঃ ॥৪০

স্বপ্নং মনোরথঞ্চেত্থং প্রাক্তনং ন স্মরত্যসৌ।
তত্র পূর্ব্বমিবাত্মানমপূর্ব্বঞ্চানুপশ্যতি ॥৪১
ইন্দ্রিয়ায়নসৃষ্ট্যেদং ত্রৈবিধ্যং ভাতি বস্তুনি।
বহিরন্তর্ভিদাহেতুর্জনোঽসজ্জনকৃদ্ যথা ॥৪২
নিত্যদা হ্যঙ্গ ভূতানি ভবন্তি ন ভবন্তি চ।
কালেনালক্ষ্যবেগেন সূক্ষ্মত্বাৎ তন্ন দৃশ্যতে ॥৪৩

অথ কর্ম্মতন্ত্রং (কর্ম্মাধীন) মনঃ (মন) দৃষ্টান্ (দৃষ্ট) বা (অথবা) অনুশ্রুতান্ (শ্রুত বৈদিক বিষয়সকল) ধ্যায়ৎ (ধ্যান করিতে করিতে) অনু (পশ্চাৎ) (ধ্যায়মানে) উদ্যৎ (আসক্ত হয়), (পূর্ব্ব বিষয়সমূহে) সীদৎ (অবসন্ন হইয়া পড়ে), অনু (অনন্তর) তৎস্মৃতিঃ (তাহার স্মৃতি) শাম্যতি (বিনষ্ট হয়) ॥৩৮

বিষয়াভিনিবেশেন (বিষয়সমূহের অভিনিবেশ) কস্যচিদ্ধেতোঃ (হর্ষাদির হেতু) পুনঃ (পুনরায়) আত্মানং (দেহকে) ন স্মরেৎ (স্মরণ করে না), জন্তোঃ (জীবের) যৎ (যাহা) যঃ অত্যন্তবিস্মৃতিঃ (অত্যন্ত বিস্মৃতি) (তাহাই) মৃত্যুঃ (মৃত্যু) ॥৩৯

ভূরিদ (হে ভূরিদ)। জন্ম (জন্ম) তু আত্মতয়া (দেহে আত্মবোধবশতঃ) পুংসঃ (পুরুষের) স্বপ্নমনোরথঃ (স্বপ্ন মনোরথ) যথা (যেমন) সর্ব্বভাবেন (সর্ব্বভাবে বিষয় স্বীকার করে), (তদ্রূপ তাহার) বিষয়স্বীকৃতিং (বিষয় স্বীকার) প্রাহুঃ (বিদ্বান্‌গণ বলেন) ॥৪০

ইত্থং (এই প্রকার) প্রাক্তনং (স্থূল দেহ) চ (ও) স্বপ্নং (স্বপ্ন) মনোরথম্ (মনোরথ) অসৌ (সেই জীব) ন স্মরতি (স্মরণ করে না)। পূর্ব্বম্ (পূর্ব্বসিদ্ধ) আত্মানম্ (দেহকে) অপূর্ব্বমিব (অদ্য জাত হইলাম) এইরূপ অনুপশ্যতি (দর্শন করে) ॥৪১

ইন্দ্রিয়ায়নসৃষ্ট্যা (ইন্দ্রিয়গণের অয়ন মন তাহার দেহান্তর অভিনিবেশ যে সৃষ্টি) (জন্য) বস্তুনি (পদার্থে) ইদং (এই) ত্রৈবিধ্যং (আধ্যাত্মিকাদিরূপ) ভাতি (প্রতিভাত হয়), অসজ্জনকৃৎ (দুষ্ট পুত্রোৎপাদক) জনঃ (জন) যথা (যেমন) বহিরন্তর্ভিদাহেতুঃ (বাহ্য এবং অন্তরে ভেদবান্ হন তদ্রূপ) ॥৪২

কর্ম্মাধীন মন দৃষ্ট বা বেদোক্ত বিষয়সকল অন্তে ধ্যান করিতে করিতে ধ্যায়মান বিষয় আবির্ভূত হয়—পূর্ব্ববিষয় সকলে লীয়মান হয়; অনন্তর সেই পুরুষের স্মৃতি (পূর্ব্বপরানুসন্ধান) নষ্ট হইয়া যায়।৩৮

কর্ম্মের দ্বারা উপস্থাপিত দেবাদি দেহে অত্যন্ত অভিনিবেশের দ্বারা যেহেতু পুনরায় পূর্ব্বদেহকে মন স্মরণ করেনা, সেইহেতু অত্যন্ত বিস্মৃতিই মৃত্যু।৩৯

হে ভূরিদ। জীবের স্বপ্ন মনোরথ যেরূপ সর্ব্বভাবে বিষয় স্বীকার করে, তদ্রূপ সর্ব্বভাবের দ্বারা অভেদে বিষয়স্বীকৃতি অর্থাৎ দেহাদিতে অভিমানই জন্ম—বিদ্বান্‌গণ বলিয়া থাকেন।৪০

স্বপ্নমনোরথ (ইচ্ছা) এইপ্রকার বর্ত্তমান স্বপ্নাদিতে সেই জীব দেহকে স্মরণ করে না—পূর্ব্বসিদ্ধ দেহকে "অদ্য জন্মিলাম" মনে করে; বর্ত্তমান দেহস্থ জীব যেমন প্রাক্তন স্থূল দেহ স্মরণ করেনা, তদ্রূপই বর্ত্তমান স্বপ্নস্থ বা মনোরথস্থ জীব প্রাক্তন স্বপ্ন অথবা মনোরথ স্মরণ করে না। আরও বর্ত্তমান দেহস্থ জীব পূর্ব্বসিদ্ধ আত্মাকে অপূর্ব্বের ন্যায় দর্শন করে—"আমি ছয় বৎসরের, আমি সাত বৎসরের, ইহার পূর্ব্বে আমি ছিলাম না" প্রতিক্ষণ আত্মাকে বিদিত হয়।৪১ (বিশ্বনাথ)

ইন্দ্রিয়গণের আশ্রয় যেমন তাহার দেহান্তরে অভিনিবেশে যে উৎপত্তি, তদ্দ্বারা আত্মায় তাহার

যথার্চ্চিষাং স্রোতসাঞ্চ ফলানাং বা বনস্পতেঃ।
তথৈব সর্ব্বভূতানাং বয়োঽবস্থাদয়ঃ কৃতাঃ ॥৪৪

সোঽয়ং দীপোঽর্চ্চিষাং যদ্বৎ স্রোতসাং তদিদং জলম্।
সোঽয়ং পুমানিতি নৃণাং মৃষা গীর্ধীর্ম্মৃষায়ুষাম্ ॥৪৫

অঙ্গ (হে উদ্ধব)! অলক্ষ্যবেগেন (অলক্ষ্য বেগ) কালেন (কালবশে) নিত্যদা (প্রতিক্ষণে) ভূতানি (ভূতসকল) ভবন্তি (উৎপন্ন হইতেছে) চ (ও) ন ভবন্তি (নাশ হইতেছে) (কালের) সূক্ষ্মত্বাৎ (সূক্ষ্মত্ব হেতু) তৎ (কালকৃত উৎপত্তি-বিনাশ) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না)। (কালবশে) অর্চ্চিষাং (দীপাদির) (পরিণামাদির দ্বারা) স্রোতসাং (নদীসমূহের) (গতিপ্রভৃতির দ্বারা) বনস্পতেঃ (বৃক্ষের) ফলানাং (ফল সকলের) (পরিপক্কতাহেতু বিপরিণাম হয়), তথা (সেইরূপ) এব (ই) সর্ব্বভূতানাং (সর্ব্বভূতের) বয়োঽবস্থাদয়ঃ (বালত্ব কিশোরত্ব প্রভৃতি বয়স ও অবস্থাদির ব্যবস্থা হইয়া থাকে) ॥৪৩-৪৪

(তথাপি যেমন) অর্চ্চিষাং (প্রদীপের জ্বালা সকলের) সঃ (সেই) অয়ং (এই) দীপঃ (দীপ) স্রোতসাং (স্রোতের) তৎ (সেই) ইদং (এই) জলং (জল)

অভিমানে উত্তম, অধম ও নীচত্ব এই ত্রৈবিধ্য অসতের ন্যায় প্রতিভাত হয়—এইরূপ আত্মা বাহ্য অভ্যন্তর ভেদের হেতু হন—বাহ্যবিষয়, আন্তর সুখাদি দেখেন যেমন জীব স্বপ্নে দেহসকলকে বহুরূপ দেখিয়া বহুরূপ হয়, তদ্রূপ। অথবা এই ত্রৈবিধ্য—অধ্যাত্ম, অধিভূত, অধিদৈব দৃষ্ট হয়। দুষ্ট পুত্র উৎপাদক পিতা স্বয়ং সম হইলেও পুত্রাভিমানে সেই অরি-মিত্রাদিতে যেমন ভেদহেতু হন, তদ্রূপ।৪২

হে অঙ্গ উদ্ধব! প্রতিক্ষণ শরীরসকল উৎপন্ন হয় ও বিনষ্ট হইয়া থাকে, তথাপি কালের সূক্ষ্মত্বহেতু অলক্ষ্যবেগ কালের দ্বারা উৎপত্তি, বিনাশে অবিবেকিগণ লক্ষ্য করে না।৪৩

যেমন দীপ জ্বালাদির (পরিণামাদির দ্বারা) এবং স্রোতের (গত্যাদির দ্বারা) (বনস্পতির ফল

মাস্বস্য কর্ম্মবীজেন জায়তে সোঽপ্যয়ং পুমান্।
ম্রিয়তে বামরো ভ্রান্ত্যা যথাগ্নির্দারুসংযুতঃ ॥৪৬

নিষেকগর্ভজন্মানি বাল্য-কৌমার-যৌবনম্।
বয়োমধ্যং জরা মৃত্যুরিত্যবস্থাস্তনোর্নব ॥৪৭

নৃণাং (নরগণের) সঃ (সেই) অয়ং (এই) পুমান্ (পুরুষ) ইতি (এইরূপ) মৃষায়ুষাং (অবিবেকিগণের) মৃষা (মিথ্যা) গীঃ (বাক্য) ধীঃ (জ্ঞান হয়) ॥৪৫

সঃ (সেই) অয়ং (এই) পুমান্ (পুরুষ) স্বস্য (আপনার) কর্ম্মবীজেন (কর্ম্মবীজের দ্বারা) জায়তে (উৎপন্ন) বা (অথবা) ম্রিয়তে (মৃত্যুগ্রস্ত) ন (হন না)। অমরঃ (অমর) অপি (হইয়াও) ভ্রান্ত্যা (ভ্রান্তিবশে) (অজ হইয়াও জন্ম হয়); যথা (যেমন) অগ্নিঃ (অগ্নি) দারুসংযুতঃ (কাষ্ঠের সহিত মিলিত) (অগ্নি যেমন কাষ্ঠ সংযোগে প্রকাশ পায়, কাষ্ঠনাশে অদৃশ্য হয়—জীবের জন্ম-মৃত্যুও তদ্রূপ) ॥৪৬

নিষেকগর্ভজন্মানি (বীজাধানে গর্ভজন্ম) বাল্য-কৌমার-যৌবনং (বাল্য, কৌমার, যৌবন), বয়োমধ্যং (প্রৌঢ়াবস্থা), জরা (জরা) মৃত্যুঃ (মৃত্যু) তনোঃ (শরীরের) (এই) নব অবস্থাঃ (নয়টী অবস্থা) ॥৪৭

সমূহের রূপাদির দ্বারা) অবস্থাবিশেষ কালের দ্বারাই কৃত হয়, তদ্রূপ সমস্ত দেহের বয়স কৌমার যৌবন আদি কালের দ্বারাই কৃত হইয়া থাকে।৪৪

দীপজ্বালাসকলের যেমন সেই এই দীপ, স্রোতের যেমন সেই জল—এইরূপ বাণী ও বুদ্ধি মিথ্যাই, তদ্রূপ সেই এই পুরুষ এই বাণী এবং বুদ্ধি ব্যর্থআয়ু অবিবেকী নরগণেরই হইয়া থাকে।৪৫

আপনার কর্ম্মরূপ বীজের দ্বারা সেই এই পুরুষও উৎপন্ন ও বিনষ্ট হন না। কাষ্ঠস্থিত (কাষ্ঠের সংযোগ ও বিয়োগাদির দ্বারা) অগ্নি আকল্প কাল থাকিলেও জন্মনাশ প্রাপ্ত হয়, তদ্রূপ দেহাদিতে অধ্যাসহেতুই জীব অজ হইয়াও জন্মগ্রহণ করেন, অমর হইয়াও মৃত হন।৪৬

এতা মনোরথময্যন্যস্যোচ্চাবচাস্তনূঃ।
গুণসঙ্গাদুপাদত্তে কচিৎ কশ্চিজ্জহাতি চ ॥৪৮
আত্মনঃ পিতৃ-পুত্রাভ্যামনুমেয়ৌ ভবাপ্যয়ৌ।
ন ভবাপ্যয়বস্তূনামভিজ্ঞো দ্বয়লক্ষণঃ ॥৪৯
তরোর্বীজ-বিপাকাভ্যাং যো বিদ্বান্ জন্মসংযমৌ।
তরোর্বিলক্ষণো দ্রষ্টা এবং দ্রষ্টা তনোঃ পৃথক্ ॥৫০

প্রকৃতেরেবমাত্মানমবিবিচ্যাবুধঃ পুমান্।
তত্ত্বেন স্পর্শসংমূঢ়ঃ সংসারং প্রতিপদ্যতে ॥৫১
সত্ত্বসঙ্গাদৃষীন্ দেবান্ রজসাসুর-মানুষান্।
তমসা ভূততির্য্যক্ত্বং ভ্রামিতো যাতি কর্ম্মভিঃ ॥৫২
নৃত্যতো গায়তঃ পশ্যন্ যথৈবানুকরোতি তান্।
এবং বুদ্ধিগুণান্ পশ্যন্নীহোঽপ্যনুকার্য্যতে ॥৫৩

হা (অহো) গুণসঙ্গাৎ (গুণসঙ্গহেতু) মনোরথময়ী (মনোরথময়ী অবস্থা) অন্যস্য (অন্যের) (আত্মার নয়) উচ্চাবচাঃ (উত্তম অধম) এতাঃ (এই) তনূঃ (শরীর) কশ্চিৎ (কেহ) উপাদত্তে (গ্রহণ করে) চ (ও) কচিৎ (কখন) জহাতি (ত্যাগ করিয়া থাকে) ॥৪৮

পিতৃপুত্রাভ্যাম্ (পিতার ঔর্দ্ধদৈহিক ক্রিয়া, পুত্রের জাতকর্ম্মের দ্বারা) আত্মনঃ (আপনার) ভবাপ্যয়ৌ (জন্মমৃত্যু) অনুমেয়ৌ (অনুমেয়, অনুমানযোগ্য), ভবাপ্যয়বস্তূনাম্ (জন্মমৃত্যুবিশিষ্ট বস্তুদেহের) অভিজ্ঞঃ (দ্রষ্টা) দ্বয়লক্ষণঃ (ভবাপ্যয় ধর্ম্মক) (জন্ম মৃত্যু ধর্ম্মক) ন (হন না) ॥৪৯

বীজবিপাকাভ্যাং (বীজ হইতে ও ফলপাকে) তরোঃ (বৃক্ষের) (যথাক্রমে) জন্মসংযমৌ (জন্ম ও নাশ) যঃ (যিনি) বিদ্বান্ (জানেন). (সেই) তরোঃ (তরু হইতে) বিলক্ষণঃ (বীজ পৃথক্) দ্রষ্টা (দর্শনকারী) এবং (এই প্রকারে) তনোঃ (দেহ হইতে) পৃথক্ (ভিন্ন) দ্রষ্টা (আত্মা) বিদিত হন ॥৫০

এবং (এইরূপ) প্রকৃতেঃ (প্রকৃতি বা উপাধি সকাশ হইতে) তত্ত্বেন (যথার্থভাবে) আত্মানম্ (আত্মাকে) অবিবিচ্য (বিবেচনা না করিয়া) অবুধঃ (মূঢ়) পুমান্ (পুরুষ) স্পর্শসংমূঢ়ঃ সন্ (বিষয়বিমুগ্ধ হইয়া) সংসারং (সংসার) প্রতিপদ্যতে (প্রাপ্ত হয়) ॥৫১

সত্ত্বসঙ্গাৎ (সত্ত্বসঙ্গে) (জীব) কর্ম্মভিঃ (কর্ম্মবশে) ঋষীন্ (ঋষি) (ও) দেবান্ (দেবতাগণ) রজসা (রজোগুণে) অসুর-মানুষান্ (অসুর ও মানবসমূহ) তমসা (তমোগুণের দ্বারা) ভূততির্য্যক্ত্বং (পশু ও পক্ষিত্ব) যাতি (প্রাপ্ত হয়) চ (ও) ভ্রামিতঃ (ভ্রামিত) ভবতি (হয়) ॥৫২

যথা (যেমন) নৃত্যতঃ (নৃত্যকারী) গায়তঃ (গানকারীকে) পশ্যন্ (দেখিয়া) জনঃ (দর্শক) তান্ (তাহার) অনুকরোতি (অনুকরণ করে) এবম্ (এই প্রকারে) অনীহঃ (নিরিচ্ছ জীব) অপি (ও) বুদ্ধিগুণান্ (বুদ্ধির গুণসমূহ) পশ্যন্ (দেখিয়া) অনুকার্য্যতে (অনুকরণ করে) ॥৫৩

নিষেক গর্ভজন্ম (জঠরে প্রবেশ, তন্মধ্যে বৃদ্ধি ও জন্মাদি) বাল্য, কৌমার, যৌবন, মধ্যবয়স, জরা অনন্তর মৃত্যু এইরূপ দেহের নব অবস্থা। (বাল্য পঞ্চবর্ষ পর্য্যন্ত, আ-ষোড়শ কৌমার, পঞ্চচত্বারিংশৎ বয়স পর্য্যন্ত যৌবন, আ-ষষ্টি মধ্যবয়স) ॥৪৭

এই মনোবিকার প্রাপ্ত উচ্চনীচ দেহের অবস্থা প্রকৃতি অবিবেকহেতু জীব গ্রহণ করে, কখনও পরিত্যাগ করিয়া থাকে। কোন পরমেশ্বর-অনুগৃহীত ভক্ত দ্রষ্টারূপে অবস্থান করত বিবেকজ্ঞানের দ্বারা দেহের অবস্থায় অবস্থাবান্ হন না ॥৪৮

পিতার মরণহেতু ঔর্দ্ধদৈহিক কর্ম্মাদির দ্বারা নাশদর্শনে ও জাত কর্ম্মাদির দ্বারা পুত্রের জন্মদর্শনে স্বীয় দেহের উৎপত্তি বিনাশ অনুমান করিতে হয়। জন্ম-মৃত্যু-বিশিষ্ট দেহসকলের অভিজ্ঞ (দ্রষ্টা) জন্ম-মরণ-ধর্ম্মক হন না ॥৪৯

বীজবিপাকের দ্বারা বৃক্ষের জন্মসংযম অর্থাৎ বীজ হইতে জন্ম—বিপাক হইতে নাশ যিনি জানেন, সে-ই দ্রষ্টা। যেমন বৃক্ষ হইতে বীজ ভিন্ন দেখা যায়, এইরূপ দেহের দ্রষ্টা জীবও দেহ হইতে পৃথক। (তরুশব্দ সমস্ত বৃক্ষের উপলক্ষণ—ফলপাকে নাশ) ॥৫০

এইরূপ প্রকৃতি হইতে যথার্থভাবে আত্মাকে বিবেচনা না করিয়া স্বরূপ-অনভিজ্ঞ পুরুষ বিষয়বিমুগ্ধ দৃষ্টির দ্বারা পুনঃপুনঃ যাতায়াত করিতে থাকে ॥৫১

যথাম্ভসা প্রচলতা তরবোঽপি চলা ইব।
চক্ষুষা ভ্রাম্যমাণেন দৃশ্যতে ভ্রমতীব ভূঃ ॥৫৪
যথা মনোরথধিয়ো বিষয়ানুভবো মৃষা।
স্বপ্নদৃষ্টাশ্চ দাশার্হ তথা সংসার আত্মনঃ ॥৫৫

অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥৫৬
তস্মাদুদ্ধব মা ভুঙ্ক্ষ্ব বিষয়ানসদিন্দ্রিয়ৈঃ।
আত্মাগ্রহণনির্ভাতং পশ্য বৈকল্পিকং ভ্রমম্ ॥৫৭

যথা (যেমন) (নৌকারোহী জনগণ) অম্ভসা (জলের) প্রচলতা (গতিবেগ নিমিত্ত) (তীরস্থ) তরবঃ অপি (বৃক্ষগণকেও) চলাঃ ইব (ধাবিতের ন্যায়) (দেখে) ভ্রাম্যমাণেন (ভ্রামিত) চক্ষুষা (চক্ষের দ্বারা) (যথা) ভূঃ (পৃথিবী) ভ্রমতী ইব (ভ্রমমাণার ন্যায়) দৃশ্যতে (দৃষ্ট হয়) (ইহা) যথা (যেমন) মৃষা (মিথ্যা) দাশার্হ (হে উদ্ধব)! তথা (তদ্রূপ) আত্মনঃ (আত্মার) (স্বপ্নদৃষ্ট, অলীক) সংসারঃ (সংসারও মিথ্যা) ।৫৪-৫৫

যথা (যেমন) স্বপ্নে (স্বপ্নে) অনর্থাগমঃ (সর্পাদি দংশনের অনুভব) (হয়, তদ্রূপ) বিষয়ান্ (বিষয়সকল) ধ্যায়তঃ (ধ্যানকারী) অস্য (এই আত্মার) অর্থে (বস্তু) অবিদ্যমানে (অবিদ্যমান হইলেও—না থাকিলেও) অর্থে (নিষ্ফল বস্তুতে) সংসৃতিঃ (সংসার) ন নিবর্ত্ততে (নিবারিত হয় না) ॥৫৬

উদ্ধব (হে উদ্ধব)! তস্মাৎ (সেই হেতু) অসদিন্দ্রিয়ৈঃ (অসংযত ইন্দ্রিয়গণের দ্বারা) বিষয়ান্ (বিষয় সকল) মা ভুঙ্ক্ষ্ব (ভোগ করিও না), আত্মাগ্রহণনির্ভাতং (জীবের অপ্রাপ্তিতে বিদ্যমান অজ্ঞানজন্য বিরাজমান) বৈকল্পিকং (বৈকল্পিক, বিকল্পপ্রাপ্ত) ভ্রমং (ভ্রম) পশ্য (দেখ) ॥৫৭

সত্ত্বসঙ্গ-সত্ত্বকার্য্য শম দমাদিতে অভিনিবেশ হইতে তদনুরূপ কর্ম্মসকলের দ্বারা চালিত হইয়া দেবত্ব, ঋষিত্ব, রজঃ কামপ্রবৃত্ত কর্ম্মের দ্বারা অসুরত্ব মানুষত্ব এবং তমঃপ্রবৃত্ত কর্ম্মের দ্বারা ভ্রামিত হইয়াও ভূতত্ব, তির্য্যক্ত্ব (পশু-পক্ষিত্ব) প্রাপ্ত হইয়া থাকে ।৫২

যেরূপ নৃত্য ও গানশীলকে দেখিতে দেখিতে পুরুষ তদগত স্বর তালাদিগতি ও শৃঙ্গার করুণাদি রস মনে অনুকরণ করে, তদ্রূপ নিষ্ক্রিয় নিরিচ্ছ আত্মাও বুদ্ধির গুণসকল দেখিয়া অনুকরণ করিয়া থাকে। (এই দৃষ্টান্তের দ্বারা দৃশ্যের ধর্ম্ম দ্রষ্টায় স্ফুরিত হয় দেখাইলেন) ।৫৩ (১)

নদীর স্রোতে নৌকায় আরোহণ পূর্ব্বক গমনকালে যেমন তীরস্থ বৃক্ষসকল ধাবিতের ন্যায় দৃষ্ট হয় যেরূপ ভ্রাম্যমাণ চক্ষুর দ্বারা পৃথিবীও ভ্রমণ করিতেছে মনে হয়—এই মনোরথ বুদ্ধিও স্বপ্নদৃষ্ট বুদ্ধি মিথ্যা, হে দাশার্হ! তদ্রূপ আত্মার বিষয়ানুভব সংসার দেহাদিতে আত্মার অধ্যাসও মিথ্যা ।৫৪-৫৫

বিষয়চিন্তাকারী এই পুরুষের স্বপ্নে বিষয়াদির অভাবকালেও অনর্থাগম (বিষয়নিষ্ঠ সুখ দুঃখের সম্বন্ধ) যেমন হয়, তদ্রূপ সুখদুঃখাদি আত্মায় না থাকিলেও বিষয়ধ্যানকারী পুরুষের সংসার-নিবৃত্তি হয় না ।৫৬

(১)—দ্রষ্টার দৃশ্যের ধর্ম্ম স্ফুরিত হয়?

—হাঁ। এইরূপে উত্তপ্ত লৌহপিণ্ডের ন্যায় বুদ্ধি ও ক্ষেত্রজ্ঞের পরস্পর অধ্যাসবশতঃ ক্ষেত্রজ্ঞে বুদ্ধির ধর্ম্ম হর্ষ-দুঃখাদি এবং বুদ্ধিতে ক্ষেত্রজ্ঞ-ধর্ম্ম সত্ত্বচিত্তাদি নিবিষ্ট হইয়া থাকে। (মোক্ষপর্ব্ব-১৯৪)

সংকল্প বিকল্পাত্মক মন, নিশ্চয়াত্মিকা বুদ্ধি, পূর্ব্ব বাসনা স্বভাব—এই তিনটী স্বযোনিজ অর্থাৎ আত্মযোনি। ভূতসমুদয় হইতে ইহারা সকলে উদ্ভূত হইয়াছে, কিন্তু সত্ত্বাদিগুণ হইতে কার্য্যস্বরূপ প্রাপ্ত হইয়া সত্ত্বাদিগুণকে অতিক্রম করিতে পারে না। কূর্ম্ম যেমন আপন অঙ্গ প্রসারণ পূর্ব্বক নিয়মিত করিয়া রাখে, তদ্রূপ বুদ্ধি ইন্দ্রিয়াদিকে সৃজন করিয়া তাহাদিগকে নিয়মিত করিয়া রাখে। পদতলের ঊর্দ্ধভাগ ও নিম্নভাগ এই সমস্ত শরীরের মধ্যে যাহা কিছু করণীয় দর্শন করা যায়, তত্তাবত্তেই বুদ্ধি বর্ত্তমান রহিয়াছে, অর্থাৎ দেহে

ক্ষিপ্তোঽবমানিতোঽসদ্ভিঃ প্রলব্ধোঽসূয়িতোঽথবা।
তাড়িতঃ সন্নিরুদ্ধো বা বৃত্ত্যা বা পরিহাপিতঃ ॥৫৮
নিষ্ঠ্যূতো মূত্রিতো বাজ্ঞৈর্বহুধৈবং প্রকম্পিতঃ।
শ্রেয়স্কামঃ কৃচ্ছ্রগত আত্মনাত্মানমুদ্ধরেৎ ॥৫৯

অসদ্ভিঃ (অসৎ) অজ্ঞৈঃ (অজ্ঞগণ কর্তৃক) ক্ষিপ্তঃ (আক্ষিপ্ত), অবমানিতঃ (অবমানিত), তাড়িতঃ (প্রহৃত), প্রলব্ধঃ (উপহসিত), অসূয়িতঃ (মিথ্যাদোষারোপের বিষয়ীভূত) অথবা (কিংবা) সন্নিরুদ্ধঃ (অবরুদ্ধ) বা (অথবা) বৃত্ত্যা (জীবিকা) পরিহাপিতঃ (বঞ্চিত) ॥৫৮

নিষ্ঠ্যূতঃ (নিষ্ঠীবনক্ষেপণে অপবিত্রীকৃত), মূত্রিতঃ (মূত্রের দ্বারা আর্দ্রীকৃত) এবং (এইরূপ) বহুধা (বহু প্রকারে) প্রকম্পিতঃ (পরমেশ্বর নিষ্ঠা হইতে প্রচ্যাবিত) কৃচ্ছ্রগতঃ (কষ্ট প্রাপ্ত হইলেও) শ্রেয়স্কামঃ (কল্যাণকামী) আত্মনা (ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক বুদ্ধি দ্বারা) আত্মানম্ (আত্মাকে, মনকে) উদ্ধরেৎ (উদ্ধার করিবেন, অর্থাৎ শ্রীনারায়ণকে স্মরণ করিবেন) ॥৫৯

অতএব হে উদ্ধব! অসংযত ইন্দ্রিয়গণের দ্বারা বিষয়সকল উপভোগ করিও না। অধিষ্ঠানভূত আত্মার অজ্ঞানে অবভাসিত—বস্তুতঃ অন্তঃকরণনিষ্ঠ বৈকল্পিক সুখদুঃখাদি ভ্রমসিদ্ধ দেখ।৫৭

দুর্জ্জনের দ্বারা আক্ষিপ্ত, তিরস্কৃত, উপহসিত অসূয়িত (মিথ্যা দোষারোপের বিষয়ীভূত) জীবিকাবঞ্চিত, তাড়িত ও অবরুদ্ধ, নিষ্ঠিবন দ্বারা অপবিত্রীকৃত, মূত্রের দ্বারা আর্দ্রীকৃত এইরূপ অজ্ঞগণ কর্তৃক বহুপ্রকার প্রকল্পিত অত্যাচারে আত্মনিষ্ঠা হইতে বিচলিত কষ্টপ্রাপ্ত হইয়াও মুক্তিকামী মানব ধৈর্য্যবিশিষ্ট বুদ্ধির দ্বারা আত্মাকে উদ্ধার করিবেন (ভগবদ্ধ্যাননিষ্ঠ হইবেন)।৫৮-৫৯

আমি এই অনুভবের বিষয় বুদ্ধির স্বরূপ। বুদ্ধি শব্দাদিগুণের চালনা করে—শব্দাদি স্বরূপতা প্রাপ্ত হয়। বুদ্ধিই মনের সহিত ইন্দ্রিয়গণকে প্রেরণা করিয়া থাকে। বুদ্ধি না থাকিলে বিষয় ও ইন্দ্রিয়সকল প্রথিত হয় না। মানবদেহে পঞ্চ ইন্দ্রিয় আছে—মন তাহাতে ষষ্ঠরূপে উক্ত হয়; বুদ্ধিকে সপ্তমী বলা যায়, ক্ষেত্রজ্ঞ অষ্টমরূপে অভিহিত হইয়া থাকেন। চক্ষুর আলোচনার নিমিত্ত মন সংশয় করে—বুদ্ধি নিশ্চয় করিয়া থাকে, ক্ষেত্রজ্ঞ সাক্ষীর স্বরূপ উক্ত হন॥ (মোক্ষধর্ম্ম ২৪৩)

বুদ্ধি মনুষ্যের ব্যবহারিক আত্মা। বুদ্ধি স্বয়ংই আত্মস্বরূপে অবস্থিতি করে, বুদ্ধি যৎকালে বিবিধ পদার্থ উৎপাদন করে, তখন মনঃশব্দবাচ্য হয়। ইন্দ্রিয়গণের পৃথক্‌ভাববশতঃ বুদ্ধি বিকৃত হয়—এই নিমিত্ত বুদ্ধি যখন শ্রবণ করে, তখন শ্রোত্র, যখন স্পর্শ করে তখন ত্বক্, যখন দর্শন করে তখন দৃষ্টি, যখন আস্বাদন করে, তখন রসনা, এবং যখন আঘ্রাণ করে তৎকালে ঘ্রাণ বলিয়া উক্ত হয়, অতএব বুদ্ধি পৃথক্ পৃথক্ রূপে বিকৃত হইয়া থাকে। বুদ্ধির বিকারসকলকে ইন্দ্রিয় কহে। চিদাত্মা অদৃশ্যভাবে তৎসমুদয়ে এবং সাত্ত্বিক, রাজসিক, তামসিক ভাব-ত্রিতয়ে বর্ত্তমান রহেন। পুরুষাধিষ্ঠিতা বুদ্ধিও উক্ত ভাবত্রয়ে অবস্থান করে, মনুষ্য কদাচিৎ সুখলাভ করে—কখন বা শোকাকুল হয়, এই সংসারে কখন কেহ নিরবচ্ছিন্ন সুখশালী অথবা দুরবগাহ দুঃখভোগী হয় না॥

বুদ্ধি যখন কোন বিষয় প্রার্থনা করে, তখন তাহাকে

উদ্ধব উবাচ।
যথৈবমনুবুধ্যেয়ং বদ নো বদতাং বর।
সুদুঃসহমিমং মন্য আত্মন্যসদতিক্রমম্ ॥৬০

উদ্ধবঃ উবাচ (শ্রীউদ্ধব বলিলেন),—সুদুঃসহং (সুদুঃসহ, অতি অসহ্য) মন্যে (মনে করি), বদতাং বর (হে বাগ্মিপ্রবর)! যথা (যে প্রকারে) এবং (আপনার কথিত) বিষয়ম্ (বিষয়) অনুবুধ্যেয়ং (উত্তমরূপে বুঝিতে পারি), (তদ্রূপ) নঃ (আমাদিগকে) বদ (বলুন) ॥৬০

হে বাগ্মিপ্রবর! যে প্রকারে আপনার কথিত বিষয় উত্তমরূপে বুঝিতে পারি, তাহা আমাকে বলুন।৬০

বিদুষামপি বিশ্বাত্মন্ প্রকৃতির্হি বলীয়সী।
ঋতে ত্বদ্ধর্ম্মনিরতান্ শান্তাংস্তে চরণালয়ান্ ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥৬১

বিশ্বাত্মন্ (হে বিশ্বাত্মন্)। (যেহেতু) প্রকৃতিঃ (প্রকৃতি) হি (নিশ্চিত) বলীয়সী (বলবতী), (এইজন্য) আত্মনি (আত্মার) অসদতিক্রমম্ (অসত্তের অপরাধ আক্রমণ) ইমং (এই) ত্বদ্ধর্ম্ম-নিরতান্ (ভগবদ্ধর্ম্মনিপুণ) তে (আপনার) শান্তান্ (শান্ত) চরণালয়ান্ (চরণাশ্রয়ী) ঋতে (বিনা) বিদুষাম্ অপি (বিদ্বান্‌গণেরও) ॥৬১

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে দ্বাবিংশাধ্যায়ে শ্রীশ্রীঠাকুরসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

উদ্ধব বলিলেন,—হে বিশ্বাত্মন্! যেহেতু আপনার শক্তিরূপা অবিদ্যা বলীয়সী, শ্রবণাদি ধর্ম্মে নিরত আপনার চরণাশ্রিত রাগাদি দোষরহিত ভক্তগণ ভিন্ন অসৎগণের আক্রমণ বিদ্বান্‌গণেরও সুদুঃসহ মনে করি।৬১

মন বলা যায় ॥ ২৪৭শ্লোকধর্ম্ম ॥

যেহেতু অতীত, অনাগত, বর্ত্তমান বিষয়সমূহকে বুদ্ধি আত্মার ন্যায় যুগপৎ প্রকাশ করে না, তজ্জন্য বুদ্ধি পরিণামিনী; আত্মা দর্শন করেন না, বুদ্ধিই দর্শন করে; আত্মা শ্রবণ করেন না, বুদ্ধিই শ্রবণ করে; অলুপ্তদৃক্ নিশ্চেষ্ট অবিক্রিয় আত্মা ইচ্ছা করেন না, বুদ্ধিই ইচ্ছা করে; তিনি দ্বেষ করেন না, বুদ্ধিই দ্বেষ করে; আত্মা কুপিত হন না, বুদ্ধিই কুপিতা হয়; তিনি নির্দুঃখ, বুদ্ধিই দুঃখিনী; তিনি নিঃসুখ, বুদ্ধি সুখিনী; তিনি অমুহ্যমান, বুদ্ধি মুহ্যমানা; তিনি কল্পনাশূন্য, বুদ্ধি কল্পনাবতী; তিনি স্মরণ করেন না, বুদ্ধি স্মরণ করে; তিনি কখন নিদ্রিত হন না, বুদ্ধিই নিদ্রিতা হয়; তিনি নিরাকার, বুদ্ধি সর্ব্বাকারা; তিনি স্বার্থ, বুদ্ধি অস্বার্থা; তিনি স্পন্দনশূন্য ও ত্রিকালশূন্য, বুদ্ধি সস্পন্দা এবং ত্রিকালস্থা; তিনি কূটস্থ, বুদ্ধি ক্ষণভঙ্গুরা; তিনি নিরপেক্ষ, বুদ্ধি সাপেক্ষা; তিনি অন্তর ও প্রত্যক্, বুদ্ধি পরাক্; তিনি নিরবধি, বুদ্ধি সাবধি—এইরূপে সর্ব্বদেহে তিনি বুদ্ধিকে প্রকাশ করেন ॥১০-১৫

নৈষ্কর্ম্ম্যসিদ্ধি—দ্বিতীয় অধ্যায়।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজ-কৃত দ্বাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

উদ্ধব-গীতাংশঃ সমাপ্তঃ

শ্রীশ্রীঠাকুর-শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিতআর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

একাদশ-স্কন্ধে

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ।

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতঃ।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ।

[তিতিক্ষু-দ্বিজস্যোপাখ্যানম্,—ভিক্ষুগীতা।]

শ্রীশুক উবাচ

স এবমাশংসিত উদ্ধবেন
ভাগবতমুখ্যেন দাশার্হমুখ্যঃ।
সভাজয়ন্ ভৃত্যবচোমুকুন্দ-
স্তমাবভাষে শ্রবণীয়বীর্য্যঃ॥১

শ্রীভগবানুবাচ

বার্হস্পত্য স নাস্ত্যত্র সাধুর্বৈ দুর্জ্জনেরিতৈঃ।
দুরুক্তৈর্ভিন্নমাত্মানং যঃ সমাধাতুমীশ্বরঃ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। দাশার্হমুখ্যঃ (দাশার্হাণাম্ মুখ্যঃ শ্রেষ্ঠঃ) শ্রবণীয়বীর্য্যঃ (শ্রবণীয়ং বীর্য্যং পরাক্রমঃ যস্য সঃ) সঃ মুকুন্দঃ (মুকং মুক্তিং সুখং বা দদাতি যঃ সঃ) ভাগবতমুখ্যেন উদ্ধবেন এবম্ আশংসিতঃ পৃষ্টঃ সন্, ভৃত্যবচঃ (ভৃত্যস্য বচঃ) সভাজয়ন্ সৎকুর্ব্বন্ তম্ উদ্ধবম্ অবভাষে উক্তবান্॥১

শ্রীভগবান্ উবাচ। হে বার্হস্পত্য। দুর্জ্জনেরিতৈঃ (দুর্জ্জনৈঃ ঈরিতৈঃ উক্তৈঃ) দুরুক্তৈঃ দুর্ব্বচনৈঃ ভিন্নং ক্ষুভিতম্ আত্মানং মনঃ সমাধাতুম্ ঈশ্বরঃ সমর্থঃ স্যাৎ, সঃ তথাভূতঃ সাধুঃ অত্র লোকে ন অস্তি এব ইতি ত্বয়া সত্যম্ এব উক্তম্॥২

ন তথা তপ্যতে বিদ্ধঃ পুমান্ বাণৈস্তু মর্ম্মগৈঃ।
যথা তুদন্তি মর্ম্মস্থা হ্যসতাং পরুষেষবঃ॥৩

কথয়ন্তি মহৎপুণ্যমিতিহাসমিহোদ্ধব।
তমহং বর্ণয়িষ্যামি নিবোধ সুসমাহিতঃ॥৪

কেনচিদ্ভিক্ষুণা গীতং পরিভূতেন দুর্জ্জনৈঃ।
স্মরতা ধৃতিযুক্তেন বিপাকং নিজকর্ম্মণাম্॥৫

অন্বয়ঃ

অসতাং মর্ম্মস্থাঃ (মর্ম্মসু এব স্থিতাঃ) পরুষেষবঃ (পরুষোক্তিরূপা ইষবঃ বাণাঃ) যথা তুদন্তি ব্যথয়ন্তি, মর্ম্মগৈঃ (প্রাকৃতৈঃ) বাণৈঃ বিদ্ধঃ পুমান্ তু তথা ন তপ্যতে॥৩

হে উদ্ধব। মহৎ পুণ্যং পুণ্যজনকং যম্ ইতিহাসং (বৃদ্ধাঃ) কথয়ন্তি, তম্ অহং বর্ণয়িষ্যামি, ত্বং সমাহিতঃ সন্ তং নিবোধ অবধারয়॥৪

দুর্জ্জনৈঃ পরিভূতেন অপি ধৃতিযুক্তেন কেনচিৎ ভিক্ষুণা নিজকর্ম্মণাং বিপাকং ফলং স্মরতা সতা গীতম্॥৫

ত্রয়োবিংশ অধ্যায়।

[তিতিক্ষু-দ্বিজের উপাখ্যান,—ভিক্ষু গীতা।]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ। যাঁহার পবিত্র কীর্ত্তি শ্রবণ করিবার জন্য সকলেই উদ্‌গ্রীব হইয়া অবস্থান করে, সেই দাশার্হগণের অগ্রগণনীয় ভগবান্ মুকুন্দ ভাগবত-প্রধান উদ্ধব কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া বিশেষ সন্তুষ্ট হইলেন এবং ভৃত্য উদ্ধবকৃত-প্রস্তাবের প্রশংসা করত তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন।১

হে বৃহস্পতিশিষ্য উদ্ধব। তুমি বলিয়াছ যে, দুর্ব্বিনীত ব্যক্তিগণের দুর্ব্বাক্যবাণে বিতাড়িত মনকে সমাহিত করিতে পারে, এমন সাধু ত জগতে নয়ন-গোচর হয় না, এ কথা সত্য বটে।২

কারণ অসৎ ব্যক্তিগণের মর্ম্মবিদারক পরুষবাণী যেমন হৃদয়কে বিদীর্ণ করে, প্রকৃত প্রস্তাবে মর্ম্ম-বিদারক বাণে বিদ্ধ হইলেও লোকে তাদৃশ বেদনা কখন অনুভব করে না।৩

হে উদ্ধব। মহাপবিত্র একটী পুরাতন ইতিহাস এতৎসম্বন্ধে বৃদ্ধগণ সর্ব্বদা যেরূপ বর্ণন করিয়া থাকেন, আমি তোমার নিকট তাহা সম্যক্ কীর্ত্তন করিতেছি; তুমি সমাহিতচিত্তে তাহা অবধারণ কর।৪

দুর্জ্জনগণের দুরুক্তিবাণে বিদীর্ণ-হৃদয় কোন এক ভিক্ষুক ব্রাহ্মণ ধৈর্য্যাবলম্বনে স্বকীয় কৃত কর্ম্মের ফল মনে মনে চিন্তা করত যেরূপ মনোগতভাব ব্যক্ত করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি; শ্রবণ কর।৫

অবন্তিষু দ্বিজঃ কশ্চিদাসীদাঢ্যতমঃ শ্রিয়া।
বার্ত্তাবৃত্তিঃ কদর্য্যস্তু কামী লুব্ধোঽতিকোপনঃ ॥৬
জ্ঞাতয়োঽতিথয়স্তস্য বাঙ্মাত্রেণাপি নার্চ্চিতাঃ।
শূন্যাবসথ আত্মাপি কালে কামৈরনর্চ্চিতঃ ॥৭
দুঃশীলস্য কদর্য্যস্য দ্রুহ্যন্তে পুত্রবান্ধবাঃ।
দারা দুহিতরো ভৃত্যা বিষণ্ণা নাচরন্ প্রিয়ম্ ॥৮

অবন্তিষু মালবেষু দেশেষু শ্রিয়া ধনাদিসম্পদা আঢ্যতমঃ, বার্ত্তাবৃত্তিঃ (বার্ত্তা কৃষি-বাণিজ্যাদিরূপা বৃত্তিঃ যস্য সঃ), কদর্য্যঃ (আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্। দেবতাতিথিভৃত্যাংশ্চ স কদর্য্য ইতি স্মৃতঃ ॥) কামী, লুব্ধঃ, অতিকোপনঃ কশ্চিৎ দ্বিজঃ আসীৎ ॥৬

তস্য জ্ঞাতয়ঃ অতিথয়ঃ চ তেন বাঙ্মাত্রেণ অপি ন অর্চ্চিতাঃ; শূন্যাবসথে ধর্ম্মকর্ম্মহীনে গৃহে স্থিতঃ আত্মা অপি কালে ভোগাবসরে কামৈঃ তেন ন অর্চ্চিতঃ ন সন্তোষিতঃ ॥৭

এবং দুঃশীলস্য কদর্য্যস্য তস্য পুত্রবান্ধবাঃ দারাঃ দুহিতরঃ ভৃত্যাঃ চ বিষণ্ণাঃ সন্তঃ প্রিয় ন আচরন্ অপি তু দ্রুহ্যন্তে স্ম ॥৮

এবম্ উভয়লোকতঃ চ্যুতস্য ইহলোকপরলোকসম্ভাবনা-

অবন্তিনামক মালব-প্রদেশে ধনধান্যসম্পন্ন অতি সমৃদ্ধিশালী একজন ব্রাহ্মণ বাস করিতেন। তিনি কৃষি ও বাণিজ্য প্রভৃতি বিবিধ উপায়ে ধনোপার্জ্জন করত কেবল সঞ্চয়ার্থই নিমগ্নচিত্ত ছিলেন; ধর্ম্ম কর্ম্মে উপেক্ষা করত দেবতা, অতিথি, পুত্র এবং কলত্র-গণকেও বঞ্চিত করিয়া, নিতান্ত কামপরতন্ত্র লোভী এবং অতি কোপনস্বভাবের পরিচয়ে কালাতিপাত করিতেন।৬

ঐ ব্রাহ্মণ স্বীয় জ্ঞাতিবর্গ বা অতিথিগণকে কখন মিষ্ট কথার প্রয়োগেও পরিতুষ্ট করেন নাই। ধর্ম্মকর্ম্মবিবর্জ্জিত তাদৃশ গৃহে অবস্থান পূর্ব্বক নিজের দেহকেও কখন অভিলষিত ভোগ প্রদানে পরিতৃপ্ত করেন নাই।৭

এই প্রকার নিতান্ত কৃপণের ন্যায় কুৎসিত ব্যবহারে কালাতিপাত করায়, তাঁহার পুত্র, কলত্র, কন্যা, বন্ধু, বান্ধব এবং ভৃত্যবর্গও দুঃখিত হইয়া, তাঁহার

তস্যৈবং যক্ষবিত্তস্য চ্যুতস্যোভয়লোকতঃ।
ধর্ম্মকামবিহীনস্য চুক্রুধুঃ পঞ্চভাগিনঃ ॥৯
তদবধ্যানবিস্রস্তপুণ্যস্কন্ধস্য ভূরিদ।
অর্থোঽপ্যগচ্ছন্নিধনং বহ্বায়াসপরিশ্রমঃ ॥১০
জ্ঞাতয়ো জগৃহুঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্দস্যব উদ্ধব।
দৈবতঃ কালতঃ কিঞ্চিদ্ ব্রহ্মবন্ধোর্নৃ-পার্থিবাৎ ॥১১

রহিতস্য, ধর্ম্মকামাবহীনস্য যক্ষবিত্তস্য (যক্ষাণাং বিত্তমিব কেবলং রক্ষণীয়ং বিত্তং যস্য তস্য), পঞ্চভাগিনঃ দেবপিতৃভূতমনুষ্য-ব্রহ্মর্ষয়ঃ পঞ্চমহাযজ্ঞদেবতাঃ চুক্রুধুঃ ॥৯

হে ভূরিদ! তদবধ্যানবিস্রস্তপুণ্যস্কন্ধস্য (তেষাং পঞ্চযজ্ঞ-ভাগিনাম্ অবধ্যানেন অনাদরেণ বিস্রস্তঃ নষ্টঃ পুণ্যস্কন্ধঃ পুণ্যলেশঃ যস্য তস্য), বহ্বায়াসপরিশ্রমঃ (বহ্বায়াসৈঃ কেবলং পরিশ্রমঃ যস্মিন্ সঃ এবম্ভূতঃ) অর্থঃ অপি নিধনং নাশম্ অগচ্ছৎ ॥১০

হে উদ্ধব! জ্ঞাতয়ঃ কিঞ্চিৎ ধনং, দস্যবঃ চ কিঞ্চিৎ ধনং জগৃহুঃ। দৈবতঃ গৃহদাহাদিনা, কালতঃ, নৃভ্যঃ চৌরাদিভ্যঃ, পার্থিবাৎ রাজভ্যঃ ব্রহ্মবন্ধোঃ হেতোঃ চ অর্থঃ নিধনম্ অগচ্ছৎ) ॥১১

সহিত সদ্ব্যবহার করিত না; বরং তাঁহার উপর অত্যাচারই করিত।৮

এইরূপ আচরণে ইহলোক এবং পরলোকে বঞ্চিত হইয়া, ধর্ম্ম ও ভোগ পরিত্যাগ পূর্ব্বক সেই ব্রাহ্মণ যক্ষের ন্যায় কেবল ধনকে সঞ্চয় মাত্র করিয়াছিলেন; সুতরাং কর্ত্তব্য পঞ্চমহাযজ্ঞের অকরণে দেবতা, পিতৃলোক, মনুষ্য, ভূতলোক এবং ব্রহ্মর্ষিগণ তৃপ্তির অভাবে তাঁহার প্রতি কোপই করিয়াছিলেন।৯

হে উদ্ধব! তুমি যেমন প্রচুর দানের দ্বারা জগতে কীর্ত্তি লাভ করিয়াছ, এই ব্রাহ্মণ সেইরূপ কেবল সঞ্চয়ের দ্বারা যথেষ্ট দুর্নামই সংগ্রহ করিয়াছিল। পঞ্চ মহাযজ্ঞের অনুষ্ঠান দ্বারা কোনরূপ পুণ্য-সঞ্চয়ের অভাবে, কেবল ধনসঞ্চয়ের দ্বারা তাঁহার পূর্ব্বকৃত পুণ্যের ক্ষয়ে বহু আয়াস-লব্ধ ধনও কালক্রমে বিনষ্ট হইয়া গেল।১০

হে উদ্ধব! তাঁহার জ্ঞাতিগণ কিছু ধন তাহার

স এবং দ্রবিণে নষ্টে ধর্ম্ম-কামবিবর্জ্জিতঃ।
উপেক্ষিতশ্চ স্বজনৈশ্চিন্তামাপ দুরত্যয়াম্ ॥১২
তস্যৈবং ধ্যায়তো দীর্ঘং নষ্টরায়স্তপস্বিনঃ।
খিদ্যতো বাষ্পকণ্ঠস্য নির্ব্বেদঃ সুমহানভূৎ ॥১৩
স চাহেদমহো কষ্টং বৃথাত্মা মেঽনুতাপিতঃ।
ন ধর্ম্মায় ন কামায় যস্যার্থায়াস ঈদৃশঃ ॥১৪

এবং দ্রবিণে নষ্টে ধর্ম্মকামবিবর্জ্জিতঃ সঃ স্বজনৈঃ উপেক্ষিতঃ সন্ দুরত্যয়াম্ অপারাং চিন্তাম্ আপ ॥১২

নষ্টরায়ঃ (নষ্টাঃ রায়ঃ অর্থাঃ যস্য তস্য) তপস্বিনঃ সন্তপ্তস্য, অতএব খিদ্যতঃ বাষ্পকণ্ঠস্য (বাষ্পম্ অশ্রু কণ্ঠে যস্য তস্য) এবং দীর্ঘং ধ্যায়তঃ তস্য সুমহান্ নির্ব্বেদঃ বৈরাগ্যপূর্ব্বকঃ বিবেকঃ অভূৎ ॥১৩

সঃ চ জাতনির্ব্বেদঃ ইদম্ আহ,—অহো। অত্যুৎকটং কষ্টং জাতং, যতঃ মে ময়া আত্মা দেহঃ বৃথা অনুতাপিতঃ, যস্য মম অর্থায়াসঃ ঈদৃশঃ (উৎকটঃ তস্য মম অর্থঃ) ন ধর্ম্মায় ন কামায় জাতঃ ॥১৪

নিকট হইতে সংগ্রহ করিল; কতক ধন দস্যুগণ অপহরণ করিল; কতক ধন গৃহদাহাদিতে ও কতক কালবশে স্বয়ংই বিনষ্ট হইয়া গেল। চোর কিছু লইল; অবশিষ্ট দুরন্ত রাজাও কতক আত্মসাৎ করিল।১১

এই প্রকারে ব্রাহ্মণের যাবতীয় ধনসম্পত্তি বিনষ্ট হইলে, স্বজনগণ সকলেই তাঁহাকে উপেক্ষা করিল; তখন তিনি ধর্ম্মের বা ভোগের অনুষ্ঠান না করায় ভাবি-আশায় নিরাশ হইয়া অপার চিন্তা-সাগরে নিমগ্ন হইলেন।১২

ধনক্ষয়ে নিতান্ত ব্যথিতহৃদয় ব্রাহ্মণ বাষ্পগদ্‌গদ-কণ্ঠে খেদ করত সুদীর্ঘ চিন্তায় সাতিশয় বিহ্বল হইলেন; তখন তাঁহার হৃদয়ে বৈরাগ্যপূর্ব্বক বিবেকের উদয় হইল।১৩

তিনি বৈরাগ্যের গভীর চিন্তায় নিমগ্ন হইয়া মনে মনে বলিয়াছিলেন,—অহো! কি ভীষণ দুঃখই সম্প্রতি আমার উপস্থিত হইল! আমি নিরর্থক দেহ ও মনকে দুঃখ দিয়াছি! অহো! আমার ধনোপার্জ্জনের কষ্ট এত অধিক; অথচ তাহার কোন অংশ ধর্ম্মকামার্থ এপর্য্যন্ত ব্যয়িত হইল না।১৪

প্রায়েণার্থঃ কদর্য্যাণাং ন সুখায় কদাচন।
ইহ চাত্মোপতাপায় মৃতস্য নরকায় চ ॥১৫
যশো যশস্বিনাং শুদ্ধং শ্লাঘ্যা যে গুণিনাং গুণাঃ।
লোভঃ স্বল্পোঽপি তান্ হন্তি শ্বিত্রো রূপমিবেপ্সিতম্ ॥১৬
অর্থস্য সাধনে সিদ্ধে উৎকর্ষে রক্ষণে ব্যয়ে।
নাশোপভোগ আয়াসস্ত্রাসশ্চিন্তা ভ্রমো নৃণাম্ ॥১৭

প্রায়েণ কদাচন কদর্য্যাণাম্ অর্থঃ সুখায় ন ভবতি, অপি তু ইহ আত্মোপতাপায়, তথা মৃতস্য নরকায় নরকোৎপাদনায় চ ভবতি ॥১৫

শ্বিত্রঃ শ্বেতকুষ্ঠং যথা ঈপ্সিতং রূপং হন্তি, তথা স্বল্পঃ অপি লোভঃ যশস্বিনাং যৎ শুদ্ধং যশঃ তথা গুণিনাং যে শ্লাঘ্যাঃ কীর্ত্তিতাঃ গুণাঃ তান্ সর্ব্বান্ এব হন্তি ॥১৬

অর্থস্য সাধনে সিদ্ধে অর্থে অপি তস্য উৎকর্ষে সম্বর্দ্ধনে, রক্ষণে ব্যয়বিনিয়োগে, নাশে উপভোগে নৃণাম্ আয়াসঃ কায়ক্লেশঃ, ত্রাসঃ, ভয়ং, চিন্তা শোকমাত্রং, ভ্রমঃ চ ইত্যাদয়ঃ ভবন্তি ॥১৭

আমি বিশেষরূপে অবধারণ করিলাম যে, আমার ন্যায় কদর্য্য ব্যক্তির ধন কখন সুখোৎপাদন করে না; বরং তাহার দ্বারা এ জগতে দুঃখেরই উপস্থিতি করায় এবং মরণের পর নরকেরই উৎপাদন করিয়া থাকে।১৫

যেমন এক শ্বিত্রনামক কুষ্ঠরোগ সর্ব্বাঙ্গসুন্দর পুরুষের যাবতীয় রূপকে হরণ করে, সেইরূপ স্বল্প পরিমাণ লোভও বিপুল-যশস্বীর বিশুদ্ধ যশঃ এবং গুণবান্ ব্যক্তির প্রার্থনীয় গুণগ্রামকে নিঃশেষে বিনষ্ট করিয়া ফেলে।১৬

অর্থকে উপার্জ্জন করিতে হইলে, যেমন বিবিধ ক্লেশ ও দুঃখ আছে, অর্থ থাকিলেও তাহার সম্বর্দ্ধন, রক্ষা, ব্যয়, নাশ এবং উপভোগাদিতেও মানবের বিবিধ কায়ক্লেশ, ভয়, শোকচিন্তা এবং ভ্রমেরও সম্ভাবনা আছে।১৭

স্তেয়ং হিংসানৃতং দম্ভঃ কামঃ ক্রোধঃ স্ময়ো মদঃ।
ভেদো বৈরমবিশ্বাসঃ সংস্পর্দ্ধা ব্যসনানি চ॥১৮
এতে পঞ্চদশানর্থা হ্যর্থমূলা মতা নৃণাম্।
তস্মাদনর্থমর্থাখ্যং শ্রেয়োঽর্থী দূরতস্ত্যজেৎ॥১৯
ভিদ্যন্তে ভ্রাতরো দারাঃ পিতরঃ সুহৃদস্তথা।
একা স্নিগ্ধাঃ কাকিণিনা সদ্যঃ সর্ব্বেঽরয়ঃ কৃতাঃ॥২০

স্তেয়ং চৌর্য্যং, হিংসা পরপীড়নম্, অনৃতং মিথ্যাবচনং, দম্ভঃ পরবঞ্চনানুরূপবেশধারণং, কামঃ পরকীয়বিত্তাপহারেচ্ছা, ক্রোধঃ তৎপ্রতিঘাতকেঽভিজ্বলনাত্মকঃ চিত্তবিকারঃ, স্ময়ঃ গর্ব্বঃ স্বস্মিন্ মহত্ত্ববুদ্ধিঃ, মদঃ বিবেকশূন্যতা, ভেদঃ বৈষম্যদর্শনঃ, বৈরম্ অবিশ্বাসঃ, সংস্পর্দ্ধা পরোৎকর্ষাসহনং, ব্যসনানি স্ত্রী-দ্যূত-মদ্য-বিষয়াণি ত্রীণি চ॥১৮

এতে পঞ্চদশ অর্থমূলাঃ (অর্থঃ এব মূলং কারণং যেষাং তে) হি নৃণাম্ অনর্থাঃ দুঃখহেতবঃ মতাঃ; শ্রেয়োঽর্থী মোক্ষার্থী জনঃ তস্মাৎ এতৎ অর্থাখ্যম্ (অর্থঃ ইতি আখ্যা নাম যস্য তম্) অনর্থং দূরতঃ ত্যজেৎ॥১৯

ভ্রাতরঃ দারাঃ পিতরঃ তথা সুহৃদঃ চ (ধনার্থং) ভিদ্যন্তে; একাঃ স্নিগ্ধাঃ অপি সর্ব্বে কাকিণিনাঃ (কাকিণী তাবন্মাত্রেণ অল্পীয়সা অর্থেন হেতুনা) সদ্যঃ এব (সৌহৃদং স্নেহং পরিত্যজ্য) অরয়ঃ শত্রবঃ কৃতাঃ ভবন্তি॥২০

বিষয়-সম্ভোগের অনুরোধে মানবকে চৌর্যবৃত্তি, হিংসা, মিথ্যাভাষণ, দম্ভ, কাম, ক্রোধ, গর্ব্ব, মত্ততা, বৈষম্যদৃষ্টি, বৈরতা, স্পর্দ্ধা, অসূয়া এবং স্ত্রী, দ্যূত-ক্রীড়া ও মদ্যপান এই পঞ্চদশ প্রকার অনর্থের মধ্যে পতিত হইতে হয়।১৮

এই পঞ্চদশ প্রকার অর্থজনিত অনর্থের দ্বারা মানবের দুঃখোৎপত্তি হইয়া থাকে; অতএব মুক্তি-কামী ব্যক্তির পক্ষে অনর্থমূলক এই অর্থসমূহকে দূর হইতে বিসর্জ্জন করাই সর্ব্বতোভাবে বিধেয়।১৯

পিতা, মাতা, পুত্র, কলত্র, ভ্রাতা, বন্ধু ও বান্ধবগণ সকলের সহিতই এক ধনের উপলক্ষে বিষম বিচ্ছেদ উপস্থিত হয়। যাহারা নিতান্ত আপনার এবং স্নেহের পাত্র, অতি স্বল্প পরিমাণ অর্থের অনুরোধে তাঁহাদের সহিতও সৌহার্দ্দ্যভঙ্গ হয়; অধিক কি! ধনের উপরোধে তাহাদিগকে শত্রুতে পরিণত করা হয়।২০

অর্থেনাল্পীয়সা হ্যেতে সংরব্ধা দীপ্তমন্যবঃ।
ত্যজন্ত্যাশু স্পৃধো ঘ্নন্তি সহসোৎসৃজ্য সৌহৃদম্॥২১
লব্ধ্বা জন্মামরপ্রার্থ্যং মানুষ্যং তদ্দ্বিজাগ্র্যতাম্।
তদনাদৃত্য যে স্বার্থং ঘ্নন্তি যান্ত্যশুভাং গতিম্॥২২
স্বর্গাপবর্গয়োর্দ্বারং প্রাপ্য লোকমিমং পুমান্।
দ্রবিণে কোঽনুষজ্জেত মর্ত্ত্যোঽনর্থস্য ধামনি॥২৩

অল্পীয়সা অর্থেন হেতুনা সংরব্ধাঃ ক্ষুভিতচিত্তাঃ, দীপ্তমন্যবঃ স্পৃধঃ স্পর্দ্ধমানাঃ সন্তঃ এতে সৌহৃদং সহসা উৎসৃজ্য তং ঘ্নন্তি; আশু শীঘ্রম্ এব ত্যজন্তি গৃহাৎ নিঃসারয়ন্তি॥২১

অমরপ্রার্থ্যং (অমরৈঃ অপি প্রার্থ্যম্ অভিলষণীয়ং) মানুষ্যং তত্রাপি তদ্দ্বিজাগ্র্যতাং (তেষু মানুষ্যেষু দ্বিজাগ্র্যতাং ব্রাহ্মণ্যং) জন্ম লব্ধ্বা তৎ অনাদৃত্য যে স্বার্থং ঘ্নন্তি মোক্ষং ন সাধয়ন্তি, তে অশুভাং গতিং নরকাদিকম্ এব যান্তি॥২২

স্বর্গাপবর্গয়োঃ দ্বারং সাধনভূতম্ ইমং লোকং মনুষ্যদেহং, প্রাপ্য কঃ বা বিবেকী মর্ত্তঃ মরণধর্ম্মশীলঃ পুমান্ অনর্থস্য ধামনি আশ্রয়ে দ্রবিণে ধনে অনুষজ্জেত আসক্তিং কুর্য্যাৎ॥২৩

অতি সামান্য ধনের নিমিত্ত তাঁহাদের চিত্তে ব্যথা দেওয়া হয়; তাঁহারা ক্রোধে প্রদীপ্ত হইয়া কলহ করত অকস্মাৎ সৌহার্দ্দ্য পরিত্যাগ করেন এবং তাদৃশ ধনলোভী কুটুম্বকে নষ্ট করিতে বা গৃহ হইতে দূরীকৃত করিতে কিছুমাত্র কুণ্ঠিত বা ভীত হন না।২১

অহো! মনুষ্যজীবন দেবতাগণেরও প্রার্থনীয়; তন্মধ্যে আবার শ্রেষ্ঠ ব্রাহ্মণকুলে জন্ম পরিগ্রহ করিয়া, যে ব্যক্তি তাহার মর্য্যাদার প্রতি উপেক্ষা করত মুক্তিসাধনে যত্নবান্ না হন, তিনি যে নরকার্ণবে নিপতিত হইবেন—তাহাতে আর সন্দেহ নাই।২২

জীব-জগতে মানব-যোনিই স্বর্গ ও মুক্তিলাভের শ্রেষ্ঠ দ্বার; তাদৃশ যোনি প্রাপ্ত হইয়া কোন্ বিবেকী পুরুষ দেহের অকিঞ্চিৎকরত্ব ও ক্ষণবিধ্বংসিত্বের প্রতি লক্ষ্য করিয়া ও অনর্থের আশ্রয়ীভূত ধনাদিতে আসক্ত হইয়া থাকে?২৩

দেবর্ষি-পিতৃ-ভূতানি জ্ঞাতিবন্ধূংশ্চ ভাগিনঃ।
অসংবিভজ্য চাত্মানং যক্ষবিত্তঃ পতত্যধঃ ॥২৪
ব্যর্থয়ার্থেহয়া বিত্তং প্রমত্তস্য বয়ো বলম্।
কুশলা যেন সিধ্যন্তি জরঠঃ কিন্নু সাধয়েৎ ॥২৫
কস্মাৎ সংক্লিশ্যতে বিদ্বান্ ব্যর্থয়ার্থেহয়াসকৃৎ।
কস্যচিন্মায়য়া নূনং লোকোঽয়ং সুবিমোহিতঃ ॥২৬

কিং ধনৈর্ধনদৈর্বা কিং কামৈর্বা কামদৈরুত।
মৃত্যুনা গ্রস্যমানস্য কর্ম্মভির্বোত জন্মদৈঃ ॥২৭
নূনং মে ভগবাংস্তুষ্টঃ সর্ব্বদেবময়ো হরিঃ।
যেন নীতো দশামেতাং নির্ব্বেদশ্চাত্মনঃ প্লবঃ ॥২৮

দেবর্ষিপিতৃভূতানি জ্ঞাতিবন্ধূন্ চ ভাগিনঃ ভাগার্হান্ আত্মানং চ অসংবিভজ্য অন্নাদিবিভাগেন অসন্তর্প্য যঃ যক্ষবিত্তঃ (যক্ষবৎ বিত্তরক্ষকঃ ভবতি সঃ) অধঃ পতন্তি ॥২৪

ব্যর্থয়া অর্থেহয়া ধনার্জ্জনব্যাপারেণ, প্রমত্তস্য মম বিত্তাদি সর্ব্বং বয়ঃ বলং চ গতম্; যেন বিত্তাদিনা কুশলাঃ ধর্ম্মাদয়ঃ সিধ্যন্তি অথবা বিবেকিনঃ সিধ্যন্তি বিমুচ্যন্তে। ইদানীং জরঠঃ বৃদ্ধঃ অহং নু কিং সাধয়ে ॥২৫

(এবম্ অনর্থং বিদ্বান্ জানন্ অপি) কস্মাৎ কারণাৎ অসকৃৎ নিরন্তরং ব্যর্থয়া অর্থেহয়া ধনোপার্জ্জনব্যাপারেণ সংক্লিশ্যতে। নূনং নিশ্চিতম্ অয়ং লোকঃ কস্যচিৎ মায়য়া সুবিমোহিতঃ ইতি ॥২৬

মৃত্যুনা গ্রস্যমানস্য জনস্য ধনৈঃ ধনদৈঃ বা কিং কামৈঃ, কামদৈঃ বা কিম্ উত জন্মদৈঃ কর্ম্মভিঃ বা কিং প্রয়োজনম্ ॥২৭

নূনং নিশ্চিতং মে মহ্যং সর্ব্বদেবময়ঃ ভগবান্ হরিঃ তুষ্টঃ প্রসন্নঃ; যেন হরিণা এতাং বিত্তনাশাদিরূপং দশাম্ অহং নীতঃ; যস্মাৎ আত্মনঃ জীবস্য (সংসারসমুদ্রতরণে) প্লবঃ এব নির্ব্বেদঃ বৈরাগ্যঃ জাতঃ ॥২৮

দেবলোক, পিতৃলোক, ভূতগ্রাম, জ্ঞাতি, বন্ধু, বান্ধব ও নিজের দেহ এবং যে কেহ এই ধনের অংশ-গ্রহণে অধিকারী এই সকলকে যথান্যায় ধনদানের দ্বারা পরিতৃপ্ত করে না, যে ব্যক্তি কেবল যক্ষের ন্যায় ধনকে সঞ্চিত করে মাত্র, সে অধঃপতিত হয়— তাহাতে আর সন্দেহ নাই।২৪

নিরর্থক ধনোপার্জ্জনের ব্যাপারে ব্যাপৃত থাকিয়া আমার বল, পরমায়ুঃ ও ধন সকলই বিনষ্ট হইল। অথচ বুদ্ধিমান্ ব্যক্তিগণ যে বিত্তাদির দ্বারা ধর্ম্ম, অর্থ ও কামাদির সঞ্চয় করিয়া অন্তে মুক্তিকে পর্য্যন্ত সংগ্রহ করিয়া থাকেন, আমি সেই ধনপ্রাপ্ত হইয়াও কেবল ব্যবহারের দোষে সেই সকল বিষয়ে বঞ্চিত হইলাম। সম্প্রতি বৃদ্ধ হইয়াছি; এক্ষণে আর কি উপায় অবলম্বন করিব।২৫

অহো! এতাদৃশ অনর্থের বিষয় অবগত হইয়াও, মানব নিরন্তর অনর্থক ধনোপার্জ্জনের ব্যাপারে কেন যে এত ক্লেশ সহ্য করে, তাহা অবধারণ করিতে পারি না! আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, কোন একজন মহাপুরুষের মহামায়ায় বিমোহিত হইয়াই জীব এতাদৃশ দুর্দ্দশাগ্রস্ত হয়।২৬

ভীষণ মৃত্যু যখন উপস্থিত হইয়া মানবকে আক্রমণ করিবে, তখন তাহার ধন বা ধনদাতার সহিত কোন সম্পর্কই থাকিবে না। তখন তাহার কাম বা অভিলষিত দ্রব্য সামগ্রীর দ্বারাই বা কি ফল উৎপন্ন হইবে। এবং জন্মপ্রদ কর্ম্মের দ্বারাই বা কি অভীষ্ট লাভ হইবে।২৭

এক্ষণে আমার নিশ্চয়ই বোধ হইতেছে যে, সর্ব্বদেবময় বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হইয়াছেন; তাঁহারই অনুগ্রহে আমি এতাদৃশ ধনহীন অবস্থাতে পরিণত হইয়াছি। এতাদৃশ দুরবস্থায় উপনীত না হইলে, আমার বৈরাগ্য কখনই উপস্থিত হইত না; এই বৈরাগ্যরূপ ভেলাকে অবলম্বন করিয়া জীব এই ভবজলধিকে অনায়াসে অতিক্রম করিয়া থাকে।২৮

সোঽহং কালাবশেষেণ শোষয়িষ্যেঽঙ্গমাত্মনঃ।
অপ্রমত্তোঽখিলে স্বার্থে যদি স্যাৎ সিদ্ধ আত্মনি ॥২৯
তত্র মামনুমোদেরন্ দেবাস্ত্রিভুবনেশ্বরাঃ।
মুহূর্ত্তেন ব্রহ্মলোকং খট্বাঙ্গঃ সমসাধয়ৎ ॥৩০

শ্রীভগবানুবাচ

ইত্যভিপ্রেত্য মনসা আবন্ত্যো দ্বিজসত্তমঃ।
উন্মুচ্য হৃদয়গ্রন্থীন্ শান্তো ভিক্ষুরভূন্মুনিঃ ॥৩১

সঃ জাতনির্ব্বেদঃ, যদি (আয়ুষঃ কালাবশেষঃ) স্যাৎ, তদা কালাবশেষেণাপি অহম্ আত্মনি মনসি সিদ্ধঃ তুষ্টঃ, এবম্ অখিলে স্বার্থে অপ্রমত্তঃ সাবধানঃ সন্ তপসা অঙ্গং শোষয়িষ্যে ॥২৯

তত্র এব স্থিতৌ ত্রিভুবনেশ্বরাঃ দেবাঃ মাম্ অনুমোদেরন্ অনুগৃহ্ণন্তু। যত্র মুহূর্ত্তেনাপি কালেন খট্বাঙ্গঃ ব্রহ্মলোকং সমসাধয়ৎ ॥৩০

শ্রীভগবান্ উবাচ। আবন্ত্যঃ অবন্তিদেশভবঃ দ্বিজসত্তমঃ মনসা ইতি এবম্ অভিপ্রেত্য বিচার্য্য, হৃদয়গ্রন্থীন্ অহঙ্কার-মমাকারান্ উন্মুচ্য শান্তঃ মুনিঃ মননশীলঃ, ভিক্ষুঃ অভূৎ ॥৩১

সম্প্রতি আমার যেমন বৈরাগ্যের উদয় হইয়াছে, তেমনই যদি জীবনের কিছুকালও অবশিষ্ট থাকে, তাহা হইলে মনে মনে সন্তুষ্ট থাকিয়া যাবতীয় স্বার্থে জলাঞ্জলি প্রদান করিব এবং বিশেষ সতর্কতার সহিত তপস্যার অনুষ্ঠানে দেহকে কর্ষণ করিব ।২৯

এরূপ অবস্থায় উপস্থিত হইতে পারিলে, ত্রিভুবনাধিপতি দেববৃন্দও আমার অনুকূল আচরণে অনুগ্রহ করিবেন। অতি সামান্য কালের অনুষ্ঠানার্থ আমি কুণ্ঠিত বা আশ্বাসশূন্য নহি; কারণ আমি জানি, খট্বাঙ্গ অতি অল্পকালের মধ্যে এতদনুষ্ঠানেই ব্রহ্মপদবী লাভ করিয়াছিলেন ।৩০

শ্রীভগবান্ বলিলেন,—অবন্তিদেশীয় সেই ব্রাহ্মণ মনে মনে এইরূপ বিচার করত হৃদয়ের গ্রন্থিস্বরূপ অহঙ্কার ও মমতাকে পরিহার পূর্ব্বক শান্তভাব অবলম্বন করিলেন এবং মনে মনে শ্রীভগবান্‌কে নিরন্তর চিন্তা করত সন্ন্যাস গ্রহণ করিলেন ।৩১

স চচার মহীমেতাং সংযতাত্মেন্দ্রিয়ানিলঃ।
ভিক্ষার্থং নগরগ্রামানসঙ্গোঽলক্ষিতোঽবিশৎ ॥৩২
তং বৈ প্রবয়সং ভিক্ষুমবধূতমসজ্জনাঃ।
দৃষ্ট্বা পর্য্যভবন্ ভদ্র বহ্বীভিঃ পরিভূতিভিঃ ॥৩৩
কেচিৎত্রিবেণুং জগৃহুরেকে পাত্রং কমণ্ডলুম্।
পীঠঞ্চৈকেঽক্ষসূত্রঞ্চ কন্থাঞ্চীরাণি কেচন ॥৩৪

সংযতাত্মেন্দ্রিয়ানিলঃ সঃ ইত্থম্ এতাং মহীং চচার তথা অসঙ্গঃ স্বাসক্তিশূন্যঃ অলক্ষিতঃ (স্বশ্রেষ্ঠ্যম্ অজ্ঞোতয়ন্) এব ভিক্ষার্থং নগরগ্রামান্ অবিশৎ ॥৩২

হে ভদ্র উদ্ধব! প্রবয়সং বৃদ্ধম্, অবধূতং মলিনং তং ভিক্ষুং দৃষ্ট্বা অসজ্জনাঃ বহ্বীভিঃ পরিভূতিভিঃ তিরস্কারসাধনৈঃ, পর্য্যভবন্ অবমেনিরে ॥৩৩

কেচিৎ তস্য ত্রিবেণুং ত্রিদণ্ডং জগৃহুঃ, একে কমণ্ডলুং পাত্রং জগৃহুঃ, একে পীঠম্ আসনম্, কেচন অক্ষসূত্রং কন্থাং চীরাণি চ জগৃহুঃ ॥৩৪

তিনি দেহ, ইন্দ্রিয়গ্রাম ও প্রাণপঞ্চকে সংযত করত পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন এবং নিজের যাবতীয় অভিমানে জলাঞ্জলি দিয়া, অনাসক্তভাবে নগরে নগরে ও গ্রামে গ্রামে ভিক্ষা-বৃত্তি দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করিতে লাগিলেন ।৩২

হে উদ্ধব! সেই মলিন-বেশধারী বৃদ্ধ ভিক্ষুককে অবলোকন করিয়া দুরাচারী ব্যক্তিগণ তিরস্কার-বাক্যে নানাপ্রকারে অবমানিত করিত ।৩৩

কেহ তাঁহার ত্রিদণ্ড কাড়িয়া লইত, কেহ বা কমণ্ডলু জলপাত্র বলপূর্ব্বক গ্রহণ করিত; কেহ আসন, কেহ অক্ষমালা, কেহ কন্থা ও চীরবসন খানিও সংগ্রহ করিয়া লইত ।৩৪

প্রদায় চ পুনস্তানি দর্শিতান্যাদদুর্ম্মুনেঃ।
অন্নঞ্চ ভৈক্ষসম্পন্নং ভুঞ্জানস্য সরিত্তটে ॥৩৫
মূত্রয়ন্তি চ পাপিষ্ঠাঃ ষ্ঠীবন্ত্যস্য চ মূর্দ্ধনি।
যতবাচং বাচয়ন্তি তাড়য়ন্তি ন ব্যক্তি চেৎ ॥৩৬
তর্জ্জয়ন্ত্যপরে বাগ্‌ভিঃ স্তেনোঽয়মিতিবাদিনঃ।
বধ্নন্তি রজ্জ্বা তং কেচিদ্ বধ্যতাং বধ্যতামিতি ॥৩৭

ক্ষিপন্ত্যেকেঽবজানন্ত এষ ধর্ম্মধ্বজঃ শঠঃ।
ক্ষীণবিত্ত ইমাং বৃত্তিমগ্রহীৎ স্বজনোজ্‌ঝিতঃ ॥৩৮
অহো এষ মহাসারো ধৃতিমান্ গিরিরাড়িব।
মৌনেন সাধয়ত্যর্থং বকবদ্দৃঢ়নিশ্চয়ঃ ॥৩৯
ইত্যেকে বিহসন্ত্যেনমেকে দুর্ব্বাতয়ন্তি চ।
তং ববন্ধুর্নিরুরুধুর্যথা ক্রীড়নকং দ্বিজম্ ॥৪০

দর্শিতানি তানি পুনঃ তস্মৈ প্রদায় তস্মাৎ মুনেঃ সকাশাৎ তে আদদুঃ। ভৈক্ষসম্পন্নং ভিক্ষয়া লব্ধম্ অন্নং সরিত্তটে নদীতীরে ভুঞ্জনস্য অস্য মূর্দ্ধনি তে পাপিষ্ঠাঃ মূত্রয়ন্তি, ষ্ঠীবন্তি ফুৎকারেণ শ্লেষ্মাণং প্রক্ষিপন্তি চ। যতবাচং তং তে বাচয়ন্তি। সঃ ন বক্তি চেৎ, তাড়য়ন্তি ॥৩৫-৩৬

অপরে বাগ্‌ভিঃ তর্জ্জয়ন্তি। তথা অয়ং স্তেনঃ চৌরঃ ইতি বাদিনঃ কেচিৎ তং রজ্জ্বা বধ্নন্তি তথা বধ্যতাং বধ্যতাম্ ইতি কেচিৎ বদন্তি ॥৩৭

এষঃ ধর্ম্মধ্বজঃ বহিরেব ধার্ম্মিকঃ অপি অন্তঃশঠঃ বঞ্চকঃ, ক্ষীণবিত্তঃ নষ্টধনঃ, অতএব স্বজনোজ্‌ঝিতঃ (স্বজনৈঃ উজ্‌ঝিতঃ ত্যক্তঃ সন্) ইমাং ভিক্ষাবৃত্তিম্ অগ্রহীৎ (নায়ং প্রকৃতঃ সন্ন্যাসী ইতি উক্ত্বা) একে ক্ষিপন্তি নিন্দন্তি অবজানন্তে চ ॥৩৮

অহো। এষঃ মহাসারঃ মহাবলঃ গিরিরাট্ ইব ধৃতিমান্ ধৈর্য্যশালী ; বকবৎ দৃঢ়নিশ্চয়ঃ সন্ মৌনেন অর্থং প্রয়োজনম্ অভিলষিতং সাধয়তি ॥৩৯

ইতি ইত্থং প্রকারেণ একে বিহসন্তি, একে চ এনং দুর্ব্বাতয়ন্তি তদুপর্য্যধোবায়ুং মুঞ্চন্তি চ। ক্রীড়নকং যথা তথা তং দ্বিজং কেচন ববন্ধুঃ (শৃঙ্খলৈঃ) নিরুরুধুঃ (কারাগৃহাদিষু) ॥৪০

আবার তাঁহাকে ঐ সমস্ত দেখাইয়া বলিত—অহে ব্রাহ্মণ ! এই তোমার সামগ্রী লহ। বলিয়া প্রদানও করিত বা সরাইয়া লইত।

ভিক্ষাবৃত্তি অবলম্বনে অনেক পর্য্যটন দ্বারা অন্নসংগ্রহ পূর্ব্বক যখন নদীতটে ভোজনার্থ উপবেশন করিতেন, তখন ঐ দুর্ব্বৃত্তগণ তাঁহার মস্তকে প্রস্রাব করিয়া দিত ; গাত্রে বিষ্ঠা প্রদান করিত এবং ফুৎকারের দ্বারা শ্লেষ্মার নিক্ষেপে তাঁহার সর্ব্বাঙ্গ প্লাবিত করিয়া দিত।

ব্রাহ্মণ যদি মৌনাবলম্বনে নিস্তব্ধ থাকিতেন, ঐ পাপিষ্ঠগণ যে কোন উপায়ে তাঁহাকে কথা কহাইত ; তাঁহাতেও যদি তিনি উত্তর প্রদানাদির দ্বারা তাহাদের সহিত কথা না কহিতেন, তিরস্কার বাক্যে তাঁহাকে তাড়না করিত। দেখ। এই লোকটা ব্রাহ্মণ নহে, চোর। এই বলিয়া কেহ কেহ সেই ব্রাহ্মণকে রজ্জুর দ্বারা বন্ধন করিত এবং 'ইহাকে মেরে ফেল ! মেরে ফেল'। বলিয়া চিৎকার-ধ্বনি করিত।৩৫-৩৭

'এই লোকটা ভণ্ডধার্ম্মিক ও ভয়ানক প্রবঞ্চক। ইহার ধন ও সম্পত্তি বিনষ্ট হওয়ায়, আত্মীয়গণের নিকট হইতে বিতাড়িত হইয়াছে; সম্প্রতি ভিক্ষাবৃত্তি অবলম্বনে সন্ন্যাসী সাজিয়া, ধার্ম্মিকের পরিচয় দিতেছে,'—এই বলিয়া নিন্দাবাদের দ্বারা তাহারা তাঁহার অপমান করিত।৩৮

অহো। এই ব্যক্তির দেহ কিরূপ বলবান্! অথচ পরিশ্রমব্যতীত জীবিকা নির্ব্বাহার্থ ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়াছে। ইনি গিরিরাজ হিমালয়ের ন্যায় ধৈর্য্যশালী এবং বকের ন্যায় দৃঢ়নিশ্চয় হইয়া কেবল মৌনাবলম্বনেই স্বীয় উদ্দেশ্যসাধনে যত্ন করিতেছে।৩৯

এই প্রকার নানাবিধ কটূক্তির প্রয়োগে কেহ উপহাস করিত, কেহ বা তাঁহার গাত্রে অধোবায়ু নিঃসারণ করিয়া দিত। ঐ ব্রাহ্মণকে ক্রীড়নক জ্ঞানে ঐ দুর্ব্বৃত্তগণ তাঁহার সহিত যথেচ্ছ ব্যবহার করিত। এমন কি, শৃঙ্খলাদির দ্বারা তাঁহাকে বন্ধন করত কারাগৃহের মধ্যে নিবদ্ধ রাখিত।৪০

এবং স ভৌতিকং দুঃখং দৈহিকং দৈবিকঞ্চ যৎ।
ভোক্তব্যমাত্মনো দিষ্টং প্রাপ্তং প্রাপ্তমবুধ্যত ॥৪১

পরিভূত ইমাং গাথামগায়ত নরাধমৈঃ।
পাতয়দ্ভিঃ স্বধর্মস্থো ধৃতিমাস্থায় সাত্ত্বিকীম্ ॥৪২

দ্বিজ উবাচ

নায়ং জনো মে সুখদুঃখহেতু র্ন
দেবতাত্মাগ্রহকর্মকালাঃ।

এবং সঃ ভৌতিকং দুর্জ্জনাদিকৃতং, দৈহিকং জ্বরাদিজনিতং, দৈবিকং শীতোষ্ণাদিপ্রভবং প্রাপ্তং যৎ দুঃখং, তৎ আত্মনঃ স্বস্ব দিষ্টং প্রারব্ধং ভোক্তব্যম্ এব ইতি সঃ অবুধ্যত নিশ্চিতবান্ ॥৪১

স্বধর্ম্মাৎ পাতয়দ্ভিঃ নরাধমৈঃ দুর্জ্জনৈঃ পরিভূতঃ অপি সাত্ত্বিকীং ধৃতিম্ আস্থায় স্বধর্ম্মস্থঃ (স্বধর্ম্মে স্থিতঃ সঃ দ্বিজঃ) ইমাং গাথাম্ অগায়ত ॥৪২

দ্বিজঃ উবাচ। অয়ং জনঃ দেবতা আত্মা গ্রহকর্ম্মকালাঃ চ

এই প্রকারে সেই ব্রাহ্মণ দুর্জ্জনাদিকৃত ভৌতিক দুঃখ, জ্বরাদি-জনিত দৈহিক দুঃখ এবং শীতোষ্ণাদি-জনিত দৈবিক বিবিধ দুঃখ নিরন্তর উপভোগ করিয়াও বিষণ্ণ বা বিহ্বল হইতেন না; প্রারব্ধ-জনিত যাবতীয় দুঃখকে অবশ্যই ভোগ করিতে হইবে; কখনই তাহার অন্যথা হইবে না—এইরূপ নিশ্চয় করত সেই ব্রাহ্মণ শান্তচিত্তে সকলই সহ্য করিতেন ।৪১

দুর্বৃত্ত নরাধমেরা তাঁহাকে স্বধর্ম্ম হইতে স্খলিত করিবার চেষ্টা করিলেও, সাত্ত্বিক ধৈর্য্য অবলম্বনে নিজ ধর্ম্মকে প্রতিপালন করত সেই ব্রাহ্মণ নিম্ন লিখিত উক্তিগুলির দ্বারা স্বীয় অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন ।৪২

ব্রাহ্মণ মনে মনে বলিয়াছিলেন যে, এই জন-সাধারণ বা দেবতানিচয়, গ্রহগণ, কর্ম্মকলাপ বা কাল

মনঃ পরং কারণমামনন্তি
সংসারচক্রং পরিবর্ত্তয়েদ্ যৎ ॥৪৩

মনো গুণান্ বৈ সৃজতে বলীয়-
স্ততশ্চ কর্ম্মাণি বিলক্ষণানি।
শুক্লানি কৃষ্ণান্যথ লোহিতানি
তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ো ভবন্তি ॥৪৪

মে মম সুখদুঃখহেতুঃ ন, শ্রুতয়ঃ তু মনঃ এব পরং কারণম্ ইতি আমনন্তি বর্ণয়ন্তি, যৎ যস্মাৎ মনসঃ এব সংসারচক্রং পরিবর্ত্তয়েৎ ॥৪৩

বলীয়ঃ মনঃ গুণান্ (বিষয়েষু রাগদ্বেষাদিবৃত্তিবিশেষান্) সৃজতি, ততঃ তেভ্যঃ গুণেভ্যঃ শুক্লানি সাত্ত্বিকানি পুণ্যানি, কৃষ্ণানি তামসানি পাপানি, লোহিতানি রাজসানি পুণ্যপাপ-মিশ্রাণি, পরং বিলক্ষণানি কর্ম্মাণি ভবন্তি। তেভ্যঃ চ কর্ম্মভ্যঃ সবর্ণাঃ কর্ম্মানুরূপাঃ সৃতয়ঃ যোনয়ঃ ভবন্তি। (পুণ্যাৎ দেবতাজন্ম; পাপাৎ পশ্বাদি জন্ম, মিশ্রাৎ মনুষ্যজন্ম) ॥৪৪

কখন আমার দুঃখের কারণ নহে; আমার আত্মাও দুঃখময় নহেন যে, তাঁহারই স্বভাববশতঃ আমাকে এত দুঃখ অনুভব করিতে হইতেছে। কেবল মনই যে সকল দুঃখকে আনয়ন করে এবং আমাকে সংসার-চক্রে নিরন্তর ঘূর্ণিত করে, শ্রুতিও তাহা স্পষ্টাক্ষরে স্বীকার করিয়াছেন ।৪৩

এই বলবান্ মন বিষয়ের অভিমুখে রাগদ্বেষাদিবিশিষ্ট বৃত্তির উদয় করিয়া দেয় এবং সেই সমস্ত বৃত্তির অনুসারে পুণ্যপ্রদ সাত্ত্বিক কর্ম্ম, পাপবহ তামসিক কৃষ্ণকর্ম্ম এবং পুণ্যপাপমিশ্রিত রাজসিক কর্ম্মের উৎপত্তি হইয়া থাকে। এই কর্ম্মের অনুসারেই জীববিচিত্র পুণ্যোৎপন্ন দেবযোনি পাপোৎপন্ন পশ্বাদি জন্ম এবং পাপপুণ্যের মিলনে উৎপন্ন মনুষ্য জন্ম পর্য্যায়ক্রমে প্রাপ্ত হইয়া থাকে ।৪৪

অনীহ আত্মা মনসা সমীহতা
হিরণ্ময়ো মৎসখ উদ্‌বিচষ্টে।
মনঃ স্বলিঙ্গং পরিগৃহ্য কামান্
জুষন্নিবদ্ধো গুণসঙ্গতোঽসৌ ॥৪৫

দানং স্বধর্ম্মো নিয়মো যমশ্চ
শ্রুতঞ্চ কর্ম্মাণি চ সদ্‌ব্রতানি।
সর্ব্বে মনোনিগ্রহলক্ষণান্তাঃ
পরো হি যোগো মনসঃ সমাধিঃ ॥৪৬

সমাহিতং যস্য মনঃ প্রশান্তং
দানাদিভিঃ কিং বদ তস্য কৃত্যম্।
অসংযতং যস্য মনো বিনশ্যদ্-
দানাদিভিশ্চেদপরং কিমেভিঃ ॥৪৭

সমীহতা সংকল্পবিকল্পৌ কুর্ব্বতা মনসা সহ (নিয়ন্তৃত্বেন বর্ত্তমানঃ) মৎসখঃ (মম জীবনং সখা হিতকর্ত্তা) আত্মা পরমেশ্বরঃ, যতঃ অনীহঃ অহং-মমাভিমানরহিতঃ, অতঃ হিরণ্ময়ঃ প্রকাশবহুলঃ জ্ঞানময়ঃ, উদ্‌বিচষ্টে (উচ্চৈঃ অভিরোহিতজ্ঞানেন কেবলং পশ্যতি, ন দুঃখসুখভোগো ভবতি)। অসৌ জীবস্তু স্বলিঙ্গং (স্বস্মিন্ আত্মনি লিঙ্গয়তি জ্ঞাপয়তি সংসারং তাদৃশং) মনঃ পরিগৃহ্য আত্মত্বেন স্বীকৃত্য, তস্য মনসঃ গুণসঙ্গতঃ (সংবন্ধঃ) কামান্ জুষন্ সেবমানঃ নিবদ্ধঃ ভবতি ॥৪৫

দানং, স্বধর্ম্মঃ স্ববর্ণাশ্রমোচিতকর্ম্মানুষ্ঠানং, নিয়মঃ যমঃ, শ্রুতম্ অধ্যয়নং, কর্ম্মাণি তীর্থযাত্রাদীনি, সদ্‌ব্রতানি একাদশ্যুপবাসাদীনি সর্ব্বে এব মনোনিগ্রহলক্ষণান্তাঃ (মনসঃ নিগ্রহলক্ষণঃ অন্তো নিষ্ঠাফলং যেষাং তে তথাভূতাঃ), যতঃ মনসঃ সমাধিঃ নিগ্রহঃ এব পরঃ যোগঃ জ্ঞানম্ ॥৪৬

যস্য মনঃ সমাহিতং বশীকৃতং প্রশান্তং, তস্য দানাদিভিঃ কিং কৃত্যং প্রয়োজনম্, অস্তি, তৎ বদ? যদি তু দানাদিভিঃ অপি যস্য মনঃ অসংযতং বশীকৃতং ন ভবতি, অপি তু বিনশ্যৎ (আলস্যাদিনা লীয়মানং ভবেৎ), তর্হি এভিঃ দানাদিভিঃ, তত্ অপরং প্রয়োজনং কিং স্যাৎ? ॥৪৭

এই সংকল্পবিকল্পকারী মনের অন্তরে নিয়ন্তারূপে যিনি নিত্য বিদ্যমান রহিয়াছেন, জীবের পরম সখা হিতকারী সেই পরমাত্মা কিন্তু অহঙ্কার বা মমতায় কোনমতে লিপ্ত নহেন। তাঁহার জ্ঞানের ইয়ত্তা নাই; তিনি সর্ব্বজ্ঞ-দৃষ্টিতে কেবল সাক্ষিভাবে সমস্ত অবলোকন করেন মাত্র; জীবভোগ্য সুখ বা দুঃখের অংশ নিজে কখনও উপভোগ করেন না। জীব কিন্তু সংসারাবভাসক মনকে আত্মজ্ঞানে স্বীকার করত মনের স্বরূপে আসক্ত হয় এবং মনের গুণে আপনাকে গুণবান্ বিবেচনা করত বিষয়সম্ভোগে বদ্ধ হইয়া থাকেন।৪৫

দান, স্ব স্ব বর্ণাশ্রমোচিত কর্ম্মের অনুষ্ঠান, যম, নিয়ম, অধ্যয়ন, তীর্থাদিতে গমন, একাদশ্যাদি উৎকৃষ্ট ব্রতের অনুষ্ঠান এবং অন্য যে কোন ধর্ম্ম-সম্বন্ধীয় কার্য্যের উল্লেখ শাস্ত্রাদিতে দেখিতে পাওয়া যায়, মনের নিগ্রহ করা পর্য্যন্তই যাবতীয় কর্ম্মের বিধান; কারণ মনের নিগ্রহই পরম যোগ এবং জ্ঞান বলিয়া অভিহিত হইয়াছে।৪৬

যে ব্যক্তির মন সমাহিত শান্তভাব অবলম্বন করিয়াছে, তাঁহার আর দানাদি নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান নিষ্প্রয়োজন। আর যদি দানাদি সৎকর্ম্মের অনুষ্ঠানে মনের সংযম না হইয়া থাকে, বরং আলস্যাদিতে মন বৃথা কালাতিপাত করে, তখন তাঁহার এই দানাদি পুণ্যকর্ম্মের দ্বারা কোন ফলই জন্মিল না বলিয়া স্বীকার করিতে হইবে।৪৭

মনোবশেঽন্যে হ্যভবন্ স্ম দেবা
মনশ্চ নান্যস্য বশং সমেতি।
ভীষ্মো হি দেবঃ সহসঃ সহীয়ান্
যুঞ্জ্যাদ্ বশং তং স হি দেবদেবঃ ॥৪৮
তং দুর্জ্জয়ং শত্রুমসহ্যবেগ-
মরুন্তুদং তন্ন বিজিত্য কেচিৎ।
কুর্ব্বন্ত্যসদ্বিগ্রহমেব মর্ত্ত্যৈ-
র্মিত্রাণ্যুদাসীনরিপূন্ বিমূঢ়াঃ ॥৪৯

অন্যে ব্রহ্মাদয়ঃ দেবাঃ মনোবশে অভবন্, মনঃ তু অন্যস্য দেবাদেঃ অপি বশং চ ন সমেতি ন গচ্ছতি। হি যস্মাৎ সঃ মনোলক্ষণঃ দেবঃ ভীষ্মঃ ভয়ঙ্করঃ, সহসঃ সহীয়ান্ বলবতোঽপি বলীয়ান্; অতঃ যঃ পুমান্ তং ভয়ংকরং মনঃ স্বস্য বশং যুঞ্জ্যাৎ কুর্য্যাৎ, সঃ তু দেবদেবঃ (দেবানাম্ অপি দেবঃ পূজন-যোগ্যঃ) ॥৪৮

কেচিৎ বিমূঢ়াঃ মূর্খাঃ তম্ অসহ্যবেগম্ অরুন্তুদম্ (অরুঃ মর্ম্ম তৎ তুদতি ব্যথয়তি ইতি) দুর্জ্জয়ং মনোরূপং শত্রুং ন বিজিত্য, তৎ তস্মাৎ (মনোবশবর্ত্তিত্বাদ্ধেতোঃ) অত্র সংসারে মর্ত্ত্যৈঃ সহ অসদ্বিগ্রহং কুর্ব্বন্তি, অন্যান্ মিত্রাণি উদাসীনরিপূন্ চ কুর্ব্বন্তি ॥৪৯

ব্রহ্মাদি যে কোন শ্রেষ্ঠ দেবতারই নাম উল্লেখ করা যাউক্ না কেন সকলেই মনের অধীন; অথচ মন কাহারও পরতন্ত্র নহে। মন সর্ব্বপ্রধান, দেবতাসকলের অপেক্ষাও বলবান্ এবং ভয়ঙ্কর! মনের সদৃশ অন্য কাহারও সামর্থ্য অনুভূত হয় না, অতএব যে ব্যক্তি সেই দুর্দ্দান্ত মনের নিগ্রহসাধনে সক্ষম হইয়াছেন, তিনিই সমগ্র সংসারকে স্বীয় বশে আনয়ন করিয়াছেন; তিনি দেববৃন্দেরও পূজার্হ এবং অভিবাদনের যোগ্য পাত্র।৪৮

যাহারা নিতান্ত অনভিজ্ঞ ও মূর্খ, তাহারাই কেবল এই অসহ্য-বিক্রম মর্ম্মবিদারক দুর্জ্জয় মনোরূপ শত্রুকে পরাজয় না করিয়া তাহার অধীনে অবস্থান পূর্ব্বক সংসারে মর্ত্ত্য মানবের সহিত নানাপ্রকার বিগ্রহ উৎপাদন করত কাহাকে মিত্র, কাহাকে শত্রু, কাহাকেও বা উদাসীন করিয়া তুলে।৪৯

দেহং মনোমাত্রমিমং গৃহীত্বা
মমাহমিত্যন্ধধিয়ো মনুষ্যাঃ।
এষোঽহমন্যোঽয়মিতি ভ্রমেণ
দুরন্তপারে তমসি ভ্রমন্তি ॥৫০
জনস্তু হেতুঃ সুখ-দুঃখয়োশ্চেৎ
কিমাত্মনশ্চাত্র হি ভৌময়োস্তৎ।
জিহ্বাং ক্বচিৎ সংদশতি স্বদদ্ভি-
স্তদ্বেদনায়াং কতমায় কুপ্যেৎ ॥৫১

মনোমাত্রং মনোভ্রমেণৈব ইমং স্বস্য দেহম্ অহম্ ইতি (তথা পুত্রাদিদেহং) মম ইতি এষ অহম্, অন্যঃ অয়ম্ ইতি ভ্রমেণ অন্ধধিয়ঃ মনুষ্যাঃ দুরন্ত-পারে তমসি অজ্ঞানপূর্ণসংসারে ভ্রমন্তি ॥৫০

চেৎ যদি, জনঃ সুখদুঃখয়োঃ হেতুঃ স্যাৎ, তদা অত্র অস্মিন্ পক্ষে আত্মনঃ কিম্? (সুখ-দুঃখয়োঃ কর্ম্মত্বং কর্ত্তৃত্বং বা যৎ তৎ উভয়ম্ অপি) হি নিশ্চিতং ভৌময়োঃ ভূমি-বিকারয়োঃ দেহয়োঃ এব, ন তু আত্মনঃ। ক্বচিৎ (জনঃ) স্বদদ্ভিঃ জিহ্বাং সংদশতি, তদা তস্যাং বেদনায়াং পীড়ায়াং কতমায় স কুপ্যেৎ ॥৫১

কেবল মনোনিষ্ঠ ভ্রান্তির অধীনেই জীব স্বীয় দেহে অহংজ্ঞানের পরিচয়ে এবং পুত্রাদিতে মমতার প্রকাশে এই আমি, এই ইনি অন্য, বলিয়া অন্ধের ন্যায় ঘোর অজ্ঞান-পূর্ণ সংসারে ভ্রমণ করিতে থাকে।৫০

সুখ বা দুঃখোৎপত্তির হেতুস্বরূপে যদি অন্য লোককেই নিরূপণ করা হয়, তাহা হইলে জীবাত্মার সহিত তাহার কোন সম্পর্ক থাকে না; কারণ দুঃখ বা সুখ পাঞ্চভৌতিক দেহাদিই প্রদান করিতেছে এবং পাঞ্চভৌতিক দেহেই তাহা

দুঃখস্য হেতুর্যদি দেবতাস্তু
কিমাত্মনস্তত্র বিকারয়োস্তৎ।
যদঙ্গমঙ্গেন নিহন্যতে ক্বচিৎ
ক্রুধ্যেত কস্মৈ পুরুষঃ স্বদেহে ॥৫২
আত্মা যদি স্যাৎ সুখদুঃখহেতুঃ
কিমন্যতস্তত্র নিজস্বভাবঃ।
ন হ্যাত্মনোঽন্যদ্ যদি তন্মৃষা স্যাৎ
ক্রুধ্যেত কস্মান্ন সুখং ন দুঃখম্ ॥৫৩
গ্রহা নিমিত্তং সুখ-দুঃখয়োশ্চেৎ
কিমাত্মনোঽজস্য জনস্য তে বৈ।
গ্রহৈর্গ্রহস্যৈব বদন্তি পীড়াং
ক্রুধ্যেত কস্মৈ পুরুষস্ততোঽন্যঃ ॥৫৪

যদি দেবতা দুঃখস্য হেতুঃ ভবেৎ, তদা তত্র পক্ষে আত্মনঃ কিম্; যতঃ তৎ উভয়ং সুখং দুঃখং চ বিকারয়োঃ এব। যৎ যদা ক্বচিৎ স্বদেহে এব কেনচিৎ অঙ্গেন কিঞ্চিৎ অঙ্গং নিহন্যতে তদা পুরুষঃ কস্মৈ ক্রুধ্যেত ॥৫২

আত্মা যদি সুখ-দুঃখয়োঃ হেতুঃ স্যাৎ, তৎ তস্মিন্ পক্ষে অন্যতঃ কিং দূষণম্? যতঃ অন্যস্মৈ কুপ্যেৎ, যতঃ সুখদুঃখাদিঃ নিজস্বভাবঃ এব। ননু আত্মনঃ ব্যতিরিক্তম্ অন্যৎ যদি হি নিশ্চিতং ন অস্তি, তর্হি তৎ মৃষা ভ্রান্ত্যা এব প্রতীতং স্যাৎ কিন্তু আত্মব্যতিরিক্তং বস্তুতঃ সুখং দুঃখং চ ন অস্তি; অতঃ কস্মাৎ হেতোঃ কস্মৈ ক্রুধ্যেত ॥৫৩

কিঞ্চ যদি গ্রহাঃ আদিত্যাদয়ঃ সুখদুঃখয়োঃ নিমিত্তম্ এবং তদা অজস্য আত্মনঃ, কিং? যতঃ জনস্য (জন্যতে ইতি জনঃ দেহঃ তস্য) তে গ্রহাঃ বৈ (দুঃখনিমিত্তং ভবন্তি) তথা গ্রহৈঃ (অন্তরীক্ষগতৈঃ) গ্রহস্য দেহস্য পীড়াং (দৈবজ্ঞাঃ) বদন্তি; পুরুষঃ তু ততঃ গ্রহাৎ দেহাৎ চ অন্যঃ কস্মৈ ক্রুধ্যেত ॥৫৪

অভিব্যক্ত হইয়া থাকে; আত্মা তাহা প্রদান করেন না এবং আত্মাতে তাহার অভিব্যক্তিও হয় না। যেমন স্বীয় দন্তের দ্বারা নিজের জিহ্বা দষ্ট হইলে যে বেদনা অনুভূত হয়, তজ্জন্য অন্যের প্রতি দোষারোপ করা যায় না, সেইরূপ সুখদুঃখের জন্যও অপর পুরুষকে দোষী করা অবিধেয়।৫১

মনুষ্যকে দুঃখাদিপ্রদানের হেতু না বলিয়া যদি দেবতাগণকেই হেতুরূপে স্থির করা যায়, তাহা হইলেও আত্মার সহিত তাহার সম্পর্ক কোথায়? কারণ ইন্দ্রিয় প্রভৃতি তত্ত্বগ্রামের উপর অধিষ্ঠাত্রীভাবে দেবতাগণ বিরাজ করেন; অতএব এক অঙ্গের দ্বারা অপর অঙ্গের ক্ষতি হইলে, যেমন বাহিরের কাহাকেও দোষী করা যায় না, সেইরূপ দেবতাকেও দুঃখের কারণরূপে নির্ণয় করিলে, দেবতান্তরের মধ্যেই পরস্পরের বিগ্রহ বলা হইল। প্রকৃত প্রস্তাবে দুঃখের অনুভবকর্ত্তা পুরুষ উপস্থিত দুঃখের জন্য কাহার উপর দোষারোপ করিবেন?৫২

তবে আত্মাকেই যদি সুখদুঃখের কারণরূপে নিরূপণ করা হয়, তাহা হইলে অন্য কাহাকেও তজ্জন্য দোষী বলা যায় না। কারণ আত্মার স্বভাবসিদ্ধ ধর্ম্মই যখন সুখ বা দুঃখ, তখন তজ্জন্য অন্য কেহ শত্রু বা মিত্ররূপে তিরস্কৃত বা পুরস্কৃত হইবার পাত্র নহে। কিন্তু আত্মাতিরিক্ত পদার্থই মিথ্যা ও ভ্রমমূলক; ভ্রান্তিবশতই তাহারা প্রতীত হইয়া থাকে। তখন আত্মব্যতিরিক্ত সুখ বা দুঃখ সমস্তই মিথ্যা ও অসৎ বলিয়া স্বীকার করিলে দুঃখানুভবের জন্য কাহার উপরই ক্রুদ্ধ হওয়া যায় না।৫৩

আদিত্যাদি গ্রহগণকেই যদি সুখদুঃখ প্রদানের নিদানরূপে নির্দ্দেশ করা হয়, তাহাতেই বা জন্মাদি বিকারবর্জ্জিত আত্মার সহিত কি সম্পর্ক সম্ভবপর হইতে পারে? কারণ গ্রহগণের সহিত জন্ম দেহেরই সম্পর্ক আছে; যে গ্রহের যে লগ্নে যে দেহের জন্ম হয়, তাহার সহিতই তাহার সুখ-দুঃখপ্রদানের সম্বন্ধ

কর্মাস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ
কিমাত্মনস্তদ্ধি জড়াজড়ত্বে।
দেহস্ত্বচিৎ পুরুষোঽয়ং সুপর্ণঃ
ক্রুধ্যেত কস্মৈ নহি কর্ম্মমূলম্ ॥৫৫
কালস্তু হেতুঃ সুখ-দুঃখয়োশ্চেৎ
কিমাত্মনস্তত্র তদাত্মকোঽসৌ।

কর্ম্ম সুখদুঃখয়োঃ হেতুঃ অস্তু ইতি চেৎ, তত্রাপি পক্ষে আত্মনঃ কিং? হি যস্মাৎ তৎ কর্ম্ম (তজ্জনিতসুখদুঃখাদিকং চ (সর্ব্বম্ একস্য জড়াজড়ত্বে) জড়চৈতন্যাত্মকত্বে সত্যেব স্যাৎ) অত্র তু দেহঃ অচিৎ জড়ঃ এব, অয়ং পুরুষঃ তু সুপর্ণঃ শুদ্ধজ্ঞান-স্বরূপঃ এব, অতঃ দুঃখাদিকং কর্ম্মমূলং ন; বিবেকী কেন নিমিত্তেন কস্মৈ ক্রুধ্যেত ॥৫৫

সুখ দুঃখয়োঃ হেতুঃ তু কালঃ ইতি চেৎ, তত্র পক্ষে আত্মনঃ কিং? যতঃ অসৌ কালঃ তদাত্মকঃ আত্মাংশভূতঃ এব। অতঃ যথা (স্বাংশভূত-বিস্ফুলিঙ্গাৎ) অগ্নেঃ তাপঃ ন ভবতি; যথা চ স্বাংশাৎ হিমকণাৎ হি হিমস্য তৎ শৈত্যং ন ভবতি, তথা পরস্য কারণভূতস্য আত্মনঃ স্বাংশভূতাৎ কালাৎ দ্বন্দ্বং সুখদুঃখাদিকং ন সম্ভবতি; অতঃ কেন নিমিত্তেন বিবেকী

ঘটে; কিন্তু যিনি সুখদুঃখের ভোক্তা জীবাত্মা, তিনি গ্রহও নহেন বা দেহও নহেন। অতএব নিজের অনুভূতির জন্য তিনি কাহাকে নিন্দা করিবেন?৫৪

কেবল কর্মকেই যদি সুখ-দুঃখের কারণরূপে নিরূপণ করা যায়, তাহাতেও আত্মার সহিত কোন সংস্রব হওয়া সঙ্গত নহে; কারণ জড় ও চেতনের একত্র অবিনাভাব সম্বন্ধই যেমন কর্ম্মের উৎপত্তি-কারণ, তখন তাহার স্বরূপও সেইরূপ চিজ্জড়াত্মক অবিনাভাবসম্বন্ধ পদার্থেই অভিব্যক্ত হইয়া থাকিবে। এস্থলে কিন্তু দেহ সম্পূর্ণ জড় এবং পুরুষ সম্পূর্ণ চেতন ও বিশুদ্ধ জ্ঞানস্বরূপ। অতএব সেই পুরুষে বা দেহে যখন দুঃখাদির উপলব্ধি করায়, তখন উভয়াত্মক কর্ম্ম কখন দুঃখাদির মূলীভূত কারণ নহে।৫৫

পূর্ব্বোক্ত পদার্থগুলিকে হেতু না বলিয়া কেবল কালকে যদি হেতুরূপে নির্ণয় করা যায়, তাহাও

নাগ্নের্হি তাপো ন হিমস্য তৎ স্যাৎ
ক্রুধ্যেত কস্মৈ ন পরস্য দ্বন্দ্বম্ ॥৫৬
ন কেনচিৎ ক্বাপি কথঞ্চনাস্য
দ্বন্দ্বোপরাগঃ পরতঃ পরস্য।
যথাহমঃ সংসৃতিরূপিণঃ স্যা-
দেবং প্রবুদ্ধো ন বিভেতি ভূতৈঃ ॥৫৭

কস্মৈ ক্রুধ্যেত ॥৫৬

কেনচিৎ অপি কর্ত্রা করণেন চ ক্বাপি দেশে কালে চ কথঞ্চন কেনাপি প্রকারেণ, পরস্য অসঙ্গস্য অস্য আত্মনঃ পরতঃ প্রকৃতিতঃ দ্বন্দ্বোপরাগঃ সুখদুঃখাদিসম্বন্ধং ভবতি যথা সংসৃতিরূপিণঃ (আত্মনি অবিদ্যমানাম্ অপি সংসৃতিং রূপয়তি প্রকাশয়তি যঃ তস্য) অহমঃ অহঙ্কারস্য যথা (স ভবতি, তথা আত্মনা ন ভবতি ইতি অহঙ্কারাধ্যাসাৎ এব আত্মনি প্রতীয়তে ন বাস্তবোঽস্তি অতএব) এবং প্রবুদ্ধঃ (দেহাত্মঃকরণাধ্যাসাৎ এব তত্র অহং মমাভিমানং ততো ভেদঃ রাগদ্বেষাদিঃ, ততঃ কর্ম্মাণি ততো জন্ম, সুখদুঃখাদি বস্তুতস্তু আত্মনি ন সন্তি ইতি বিদ্বান্) সঃ ভূতৈঃ কুত্রা ন বিভেতি ॥৫৭

অসঙ্গত। কারণ কালও পরমাত্মসম্ভূত। অতএব স্বীয় অংশসম্ভূত বিস্ফুলিঙ্গ হইতে অগ্নির যেমন তাপানুভব হয় না, এবং হিমকণা হইতে যেমন হিমস্বরূপের শৈত্যের বৃদ্ধি হয় না, সেইরূপ মূলীভূত আত্মার স্বীয় অংশোৎপন্ন কাল হইতে সুখদুঃখাদি দ্বন্দ্বভাবের উপচয় হওয়াও সম্পূর্ণ অসম্ভব। অতএব সুখদুঃখাদির নিমিত্ত কারণ বিবেচনায় বিবেকী কাহাকে অপরাধী সাব্যস্ত করিবেন?৫৬

অতএব আত্মাস্বরূপ জীব পরমার্থতঃ অসঙ্গ; তথাপি প্রকৃতি হইতে সমুৎপন্ন সুখদুঃখাদি দ্বন্দ্বসম্বন্ধ জীবস্বরূপে যাহা অনুভূত হয়, তাহা কখন অন্য কোন কর্ত্তা বা করণের উপলক্ষে কোন নির্দ্দিষ্ট কালে বা নির্দ্দিষ্ট প্রকারে যে ঘটে, তাহা নহে। এক অভিমানই সম্পর্কহীন সংসারকে আত্মস্বরূপে প্রতীত করায়। প্রকৃত প্রস্তাবে আত্মার সহিত সংসারের কোন

এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠা-
মধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং
তমো মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়ৈব ॥৫৮
শ্রীভগবানুবাচ
নির্ব্বিদ্য নষ্টদ্রবিণো গতক্লমঃ
প্রব্রজ্য গাং পর্য্যটমান ইত্থম্।
নিরাকৃতোঽসদ্ভিরপি স্বধর্ম্মা-
দকম্পিতোঽমুং মুনিরাহ গাথাম্ ॥৫৯
সুখদুঃখপ্রদো নান্যঃ পুরুষস্যাত্মবিভ্রমঃ।
মিত্রোদাসীনরিপবঃ সংসারস্তমসঃ কৃতঃ ॥৬০
তস্মাৎ সর্ব্বাত্মনা তাত নিগৃহাণ মনো ধিয়া।
ময্যাবেশিতয়া যুক্ত এতাবান্ যোগসংগ্রহঃ ॥৬১

পূর্ব্বতমৈঃ মহর্ষিভিঃ অধ্যাসিতাং স্বীকৃতাম্ এতাং পরাত্মনিষ্ঠাং (পরস্মিন্ আত্মনি নিষ্ঠাং নিরন্তরানুসন্ধানং) সমাস্থায় অঙ্গীকৃত্য, মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়া (মুকুন্দস্য মোক্ষদাতুঃ ভগবতঃ অঙ্ঘ্রিনিষেবয়া) দুরন্তপারং তমঃ সংসারম্ অহং তরিষ্যামি ॥৫৮

শ্রীভগবান্ উবাচ। নষ্টদ্রবিণঃ, গতক্লমঃ খেদরহিতঃ, নির্বিদ্য বিষয়ভোগাৎ বিরজ্য, (গৃহাৎ) প্রব্রজ্য, গাং পৃথিবীং পর্য্যটমানঃ ইত্থম্ উক্তপ্রকারেণ অসদ্ভিঃ দুর্জ্জনৈঃ নিরাকৃতঃ তিরস্কৃতঃ অপি স্বধর্ম্মাৎ ভগবদনুধ্যানাৎ অকম্পিতঃ অপ্রচলিতঃ, মুনিঃ মননশীলঃ, ব্রাহ্মণঃ অমুং পূর্ব্বোক্তং গাথাম্ আহ ॥৫৯

পুরুষস্য জীবস্য সুখদুঃখপ্রদঃ অন্যঃ ন অস্তি; (তৎ সর্ব্বম্) আত্মবিভ্রমঃ (আত্মনঃ মনসঃ ভ্রমঃ এব) তথা মিত্রোদাসীনরিপবঃ অপি কল্পিতাঃ এব। এবং পুরুষস্য সংসারঃ তমসঃ আত্মা জ্ঞানতঃ এব কৃতঃ ॥৬০

তস্মাৎ সংসারস্য ভ্রমকল্পিতত্বাৎ ময়ি আবেশিতয়া ধিয়া যুক্তঃ সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন মনঃ নিগৃহাণ সমাহিতং কুরু। হে তাত উদ্ধব! এতাবান্ এব যোগসংগ্রহঃ (যোগস্য সংগ্রহঃ পরমোৎকর্ষঃ উক্তঃ) ॥৬১

সংস্রব নাই। জলে সূর্য্য-প্রতিবিম্বের ন্যায়, অন্তঃকরণে আত্মার অধ্যাস ঘটে; এবং জলকম্পনে প্রতিবিম্বের কম্পনের ন্যায় চিত্তে অভিমানের উদয়ে চিত্তস্থ বাসনাজালে ও চিত্তপরিণামে সমুৎপন্ন দেহাদিতে আত্মার অধ্যাসবশতঃ তন্নিষ্ঠ সুখদুঃখাদি দ্বন্দ্বসমূহ আত্মা আপনাতে আরোপ করত সংসারে বদ্ধ হন; এই বিচারটি যাঁহার হৃদয়ে নিয়ত উদ্রিক্ত থাকে, তাঁহাকে আর সংসারভয়ে ভীত হইতে হয় না।৫৭

পূর্ব্ব পূর্ব্ব মহর্ষিগণের অনুষ্ঠিত এই পরমাত্মজ্ঞানের বিষয় নিরন্তর অনুশীলন করত, সেই মোক্ষদাতা শ্রীভগবানের চরণ-চিন্তনেই আমি এই দুরন্ত-পার ভীষণ সংসার-জলধিকে অবলীলাক্রমে অতিক্রম করিব।৫৮

শ্রীভগবান্ বলিলেন,—হে উদ্ধব! ঐ ব্রাহ্মণের যাবতীয় ধনসম্পত্তি বিনষ্ট হইলেও মনোমধ্যে কোন খেদের উদয় হয় নাই; বরং বিষয়-সম্ভোগ হইতে সহজে বিরত হইয়া সন্ন্যাসগ্রহণে সমগ্র ধরণীতলে উদাসীনের ন্যায় পর্য্যটন করিতে লাগিলেন। দুর্ব্বৃত্তগণের তাদৃশ অসদাচরণে নিগৃহীত হইলেও সেই ব্রাহ্মণ পরমাত্মচিন্তনরূপ ব্রাহ্মণের পরম ধর্ম্ম হইতে ক্ষণকালের জন্যও স্খলিত হন নাই। তিনি পরমাত্ম-চিন্তনে নিবিষ্টমনা হইয়াও পূর্ব্বোক্ত উক্তিসমুদায়ের উল্লেখ করিয়াছিলেন।৫৯

জীবশব্দ বাচ্য পুরুষচৈতন্যে সুখদুঃখের উপলব্ধি অন্য কোন কারণে হইতে পারে না; স্বকীয় উপাধিভূত মনের ভ্রমই যাবতীয় অনর্থের মূল; ইহার উপলক্ষে শত্রু, মিত্র বা উদাসীন প্রভৃতি বিচিত্র ভাব কেবল কল্পিত হইয়া থাকে মাত্র। আত্মস্বরূপের অনবধানতাই ভীষণ সংসারকে আনয়ন করে।৬০

অতএব বিষম ভ্রমরূপা অবিদ্যার দ্বারাই যখন সংসার কল্পিত হয়, তখন পরমাত্মস্বরূপ আমাতে চিত্ত

য এতাং ভিক্ষুণা গীতাং ব্রহ্মনিষ্ঠাং সমাহিতঃ।
ধারয়ঞ্ছ্রাবয়ঞ্ছৃণ্বন্ দ্বন্দ্বৈর্নৈবাভিভূয়তে ॥৬২

ভিক্ষুণা গীতাম্ এতাং ব্রহ্মনিষ্ঠাং যঃ জনঃ সমাহিতঃ এব ধারয়ন্ শৃণ্বন্ শ্রাবয়ন্ চ বর্ত্ততে সঃ দ্বন্দ্বৈঃ ক্ষুৎপিপাসাসুখ-দুঃখাদিভিঃ ন অভিভূয়তে ॥৬২

সমাহিত করত, সর্ব্বপ্রযত্নে মনেরই নিগ্রহ কর। হে বৎস! এই তোমার নিকট যোগের পরম উৎকর্ষের বিষয় সম্যক্ কীর্ত্তন করিলাম।৬১

সেই ভিক্ষুবেশধারী সন্ন্যাসী ব্রাহ্মণ কর্ত্তৃক পরিকীর্ত্তিত এই পরমাত্মচিন্তন-ব্যাপার যিনি সমাহিতচিত্তে ধারণ এবং শ্রবণ করত অন্যকে শ্রবণ করান, তাঁহাকে আর ক্ষুৎপিপাসা এবং শোকমোহাদি জনিত সুখদুঃখে কখন অভিভূত হইতে হয় না।৬২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে ত্রয়োবিংশাধ্যায়ে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ।

[সাংখ্যযোগবর্ণনম্।]

শ্রীভগবানুবাচ

অথ তে সংপ্রবক্ষ্যামি সাংখ্যং পূর্ব্বৈর্বিনিশ্চিতম্।
যদ্ বিজ্ঞায় পুমান্ সদ্যো জহ্যাদ্ বৈকল্পিকং ভ্রমম্ ॥১

আসীজ্জ্ঞানমথো হ্যর্থ একমেবাবিকল্পিতম্।
যদা বিবেকনিপুণা আদৌ কৃতযুগেঽযুগে ॥২

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ। পূর্ব্বৈঃ কপিলাদিভিঃ যৎ সাংখ্যং শাস্ত্রং বিনিশ্চিতং তৎ তে তুভ্যম্ অথ ইদানীম্ অহং সংপ্রবক্ষ্যামি, যৎ তত্ত্বং বিজ্ঞায় পুমান্ বৈকল্পিকং ভেদনিষ্ঠং ভ্রমং সদ্যঃ এব জহ্যাৎ ॥১

অথ দ্রষ্টৃত্বেন জ্ঞানং তথা দৃশ্যত্বেন হি অথ কৃৎস্নঃ অপি অর্থঃ পদার্থঃ আদৌ অযুগে (যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয়ে) কৃতযুগে চ যদা বিবেকনিপুণাঃ জনাঃ ভবন্তি, তদাপি অবিকল্পিতং ভেদশূন্যম্ একং ব্রহ্মণি লীনং জ্ঞানম্ এব আসীৎ ॥২

চতুর্বিংশ অধ্যায়।

[সাংখ্যযোগবর্ণন।]

শ্রীভগবান্ বলিলেন।—পূর্ব্ব পূর্ব্ব কপিলাদি আচার্য্যগণ কর্ত্তৃক বিনিশ্চিত যে অপূর্ব্ব সাংখ্যশাস্ত্রের নাম তুমি শ্রবণ করিয়াছ এবং যে পরম তত্ত্ব অবধারণ করিলে জীব ভ্রমনিবন্ধন ভেদপ্রদ অভিমান এবং মমতার হস্ত হইতে অব্যাহতি পায়, অদ্য তোমার নিকট সেই পরম তত্ত্বের উপদেশপ্রদান করিতেছি, শ্রবণ কর।১

সৃষ্টির পূর্ব্বে যখন কোন যুগাদির নিরূপণ ছিল না, তাদৃশ প্রলয়কালে দ্রষ্টৃরূপ জ্ঞান এবং দৃশ্যরূপ সমগ্র পদার্থ অভিন্নরূপে জ্ঞানস্বরূপ এক পরমব্রহ্মেই বিলীন ছিল; সত্যযুগেও বিবেকনিপুণ ব্যক্তিগণ এতদুভয়কে অভেদভাবেই গ্রহণ করিতেন।২

তন্মায়াফলরূপেণ কেবলং নির্বিকল্পিতম্।
বাঙ্মনোঽগোচরং সত্যং দ্বিধা সমভবদ্ বৃহৎ ॥৩
তয়োরেকতরো হ্যর্থঃ প্রকৃতিঃ সোভয়াত্মিকা।
জ্ঞানং ত্বন্যতমো ভাবঃ পুরুষঃ সোঽভিধীয়তে ॥৪
তমো রজঃ সত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ।
ময়া প্রক্ষোভ্যমাণায়াঃ পুরুষানুমতেন চ ॥৫

তৎ কেবলম্ একং, নির্ব্বিকল্পিতম্ বাঙ্মনসয়োঃ অগোচরম্ অবিষয়ং, সত্যং পরমার্থভূতং বৃহৎ ব্রহ্ম মায়াফলরূপেণ (মায়ায়াঃ অহং বহু স্যামিতি সংকল্পস্য ফলরূপেণ) দ্বিধা সমভবৎ ॥৩

তয়োঃ দ্বিধাভূতয়োঃ অংশয়োঃ মধ্যে একতরঃ পদার্থঃ উভয়াত্মিকা কার্য্যকারণাত্মিকা প্রকৃতিঃ ইতি অন্যতমঃ তু ভাবঃ জ্ঞানঃ চৈতন্যরূপঃ এব। সঃ পুরুষঃ ইতি অভিধীয়তে ॥৪

পুরুষানুমতেন পুরুষপ্রেরিতেন ময়া কালরূপেণ প্রক্ষোভ্যমাণায়াঃ আলোড়িতায়াঃ প্রকৃতেঃ সকাশাৎ তমো-রজঃ-সত্ত্বম্ ইতি গুণাঃ ত্রয়ঃ অভবন্ অভিব্যক্তাঃ বভূবুঃ ॥৫

সেই বাক্য এবং মনের অগোচরীভূত কেবল নির্ব্বিকল্প সত্যস্বরূপ অদ্বিতীয় পরমার্থভূত পরমব্রহ্ম "আমি বহু হইব" এই সংকল্পরূপা মায়ার প্ররোহ ফলে স্ব-স্বরূপে দুই ভাগে বিভক্ত হইলেন।৩

এতদুভয় অংশের মধ্যে একভাগে কার্য্য-কারণাত্মিকা প্রকৃতি নাম্নী দৃশ্যবর্গের মূল পদার্থ এবং অন্যভাগে চৈতন্যস্বরূপ জ্ঞান পৃথক্‌রূপে পরিচিত হইল; এই জ্ঞানস্বরূপ চৈতন্যভাগই পুরুষনামে অভিহিত হন।৪

এই পুরুষের প্রেরণারূপ ভগবচ্চেষ্টাশক্তিমহা-কালের উত্তেজনায় মূলা প্রকৃতির অন্তরে প্রক্ষোভিত ভাব উপস্থিত হয় এবং এই বিক্ষুব্ধতা প্রকৃতির সন্নিধান হইতে সত্ত্ব, রজঃ ও তম এই গুণত্রয় উদিত হইল।৫

এই গুণত্রয় হইতে ক্রিয়াশক্তিসম্পন্ন সূত্রাত্মা

তেভ্যঃ সমভবৎ সূত্রং মহান্ সূত্রেণ সংযুতঃ।
ততো বিকুর্বতো জাতোঽহংকারো যো বিমোহনঃ ॥৬
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবৃৎ।
তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ ॥৭
অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ।
তৈজসাদ্ দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ ॥৮

তেভ্যঃ গুণেভ্যঃ (ক্রিয়াশক্তিমৎ) সূত্রং সমভবৎ, সূত্রেণ তেন সংযুতঃ (জ্ঞানশক্তিমান্) মহান্ সমভবৎ। বিকুর্ব্বতঃ ততঃ মহতঃ সকাশাৎ যঃ বিমোহনঃ (জীবস্য দেহাদ্যধ্যাসরূপভ্রমহেতুঃ) স অহঙ্কারঃ জাতঃ ॥৬

স চ অহম্ অহঙ্কারঃ বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসঃ রাজসঃ, তামসঃ চ ইতি হি ত্রিবৃৎ ত্রিবিধঃ তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং তথা চিদচিন্ময়ঃ উভয়গ্রন্থিরূপঃ জাতঃ ॥৭

তন্মাত্রিকাৎ শব্দাদিতন্মাত্রকারণাৎ তামসাৎ অহঙ্কারাৎ ইন্দ্রিয়াণি দশ অভবন্। বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ (দিগ্‌বাতার্ক-প্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাশ্চন্দ্রঃ চ ইতি) একাদশ দেবতাঃ অভবন্ ॥৮

হিরণ্যগর্ভের উৎপত্তি হইল এবং এই সূত্রাত্মার সহিত মিলিত হইয়া জ্ঞানশক্তি মহত্তত্ত্ব বুদ্ধি-নামে অভিহিত হন। এই মহত্তত্ত্বের বিকারে অভিমান-নামক অহঙ্কার-তত্ত্বের উৎপত্তি হয়, যাহার প্রভাবে দেহাদিতে অধ্যাস-নিবন্ধন জীবের ভ্রম জন্মে।৬

এই অহঙ্কার আবার সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে ত্রিবিধ পরিকীর্ত্তিত এবং তন্মাত্র পঞ্চ, দশবিধ ইন্দ্রিয় ও মন এই অহঙ্কার-তত্ত্ব হইতে জন্মে। এই অহঙ্কার-তত্ত্বে চেতন ও অচেতন উভয়ভাবই বিদ্যমান থাকে।৭

শব্দাদি তন্মাত্রের কারণস্থানীয় তামসিক অহঙ্কার হইতে ক্ষিত্যপ্‌তেজ-মরুদ্ব্যোম নামক পঞ্চ মহাভূত উৎপন্ন হইল। তৈজসিক অহঙ্কার হইতে দশবিধ ইন্দ্রিয় এবং সাত্ত্বিক অহঙ্কার হইতে দিক্, বাত, অর্ক, প্রচেতা, অশ্বিনীকুমার, বহ্নি, ইন্দ্র, উপেন্দ্র

ময়া সংচোদিতা ভাবাঃ সর্বে সংহত্যকারিণঃ।
অণ্ডমুৎপাদয়ামাসুর্মমায়তনমুত্তমম্ ॥৯
তস্মিন্নহং সমভবমণ্ডে সলিলসংস্থিতৌ।
মম নাভ্যামভূৎ পদ্মং বিশ্বাখ্যং তত্র চাত্মভূঃ ॥১০
সোঽসৃজত্তপসা যুক্তো রজসা মদনুগ্রহাৎ।
লোকান্ সপালান্ বিশ্বাত্মা ভূর্ভুবঃ স্বরিতি ত্রিধা॥১১

ময়া সঞ্চোদিতাঃ প্রেরিতাঃ সংহত্যকারিণঃ সর্ব্বে তে ভাবাঃ মম উত্তমম্ আয়তনং ক্রীড়াস্থানম্ অণ্ডম্ উৎপাদয়ামাসুঃ ॥৯

সলিলসংস্থিতৌ (সলিলে সংস্থিতিঃ যস্য তস্মিন্) অণ্ডে অহং নারায়ণরূপেণ সমভবম্ স্থিতঃ। মম নাভ্যাং বিশ্বাখ্যং ব্রহ্মাণ্ডাত্মকং পদ্মম্ অভূৎ, তত্র চ পদ্মে আত্মভূঃ বৈরাজরূপঃ ব্রহ্মা আবির্ভূতঃ ॥১০

স বিশ্বাত্মা বিশ্বস্রষ্টা ব্রহ্মা তপসা যুক্তঃ সন্ মদনুগ্রহাৎ রজসা গুণেন ভূঃ (অতলাদিসহিতা) ভুবঃ অন্তরীক্ষলোকং, স্বঃ (দেবলোকাৎ সত্যলোকপর্য্যন্তঃ স্বর্গঃ) ইতি এবং ত্রিধা বিভক্তান্ সপালান্ লোকপালসহিতান্ লোকান্ অসৃজৎ ॥১১

তত্র স্বঃ স্বর্লোকঃ দেবানাম্ ওকঃ স্থানম্ আসীৎ ; ভুবঃ

মিত্র ও চন্দ্র নামে একাদশ জন পূর্ব্বোক্ত দশবিধ ইন্দ্রিয়ের এবং মনের অধিপতি দেবতা জন্মগ্রহণ করিলেন।৮

পরমাত্মস্বরূপ আমি কালরূপে সর্ব্বত্র বিরাজ করি। আমার প্রেরণায় পূর্বোক্ত সমষ্টিভাবসমূহ পরস্পরের একত্র মিলনে আমার ক্রীড়াভূমি এই ব্রহ্মাণ্ডের উৎপাদন করিয়াছে।৯

ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়া যখন কারণ-সলিলেই নিমগ্ন ছিল, তখন আমি নারায়ণ-মূর্ত্তিতে সেই ব্রহ্মাণ্ডে অবস্থিত ছিলাম। আমার নাভিকমল হইতে এই ব্রহ্মাণ্ডকোষ পদ্ম এবং সেই পদ্মে কমলানন ব্রহ্মা উৎপন্ন হইলেন।১০

এই ব্রহ্মাই বিশ্ব-সংসারের রচনা-কার্য্য সমাধা করিয়াছিলেন। প্রথমতঃ তিনি আমার নাভিকমলে উপবেশন পূর্ব্বক ঘোরতর তপস্যার অনুষ্ঠান করেন

দেবানামোক আসীৎ স্বর্ভূতানাং চ ভুবঃ পদম্।
মর্ত্ত্যাদীনাং চ ভূর্লোকঃ সিদ্ধানাং ত্রিতয়াৎ পরম্॥১২
অধোঽসুরাণাং নাগানাং ভূমেরোকোঽসৃজৎ প্রভুঃ।
ত্রিলোক্যাং গতয়ঃ সর্বাঃ কর্মণাং ত্রিগুণাত্মনাম্ ॥১৩
যোগস্য তপসশ্চৈব ন্যাসস্য গতয়োঽমলাঃ।
মহর্জনস্তপঃ সত্যং ভক্তিযোগস্য মদ্গতিঃ ॥১৪

লোকঃ ভূতানাং প্রেতপিশাচাদীনাং পাদং স্থানম্ আসীৎ। মর্ত্ত্যাদীনাং মনুষ্যাণাং, ভূর্লোকঃ পদম্ আসীৎ। সিদ্ধানাং ভৃগ্বাদীনাং ব্রহ্মর্ষীণাং ত্রিতয়াৎ লোকত্রয়াৎ পরং মহর্জ্জনাদিকম্ আসীৎ ॥১২

ভূমেঃ অধঃ অতলাদিকম্ অসুরাণাং নাগানাম্ ওকঃ স্থানং, প্রভুঃ ব্রহ্মা অসৃজৎ। ত্রিলোক্যাং মহর্লোকাদধঃ পাতালপর্য্যন্তায়াং ত্রিগুণাত্মনাং সত্ত্বাদিগুণত্রয়প্রযুক্তানাং সর্ব্বাঃ গতয়ঃ সর্ব্বাণি ফলানি ভবন্তি ॥১৩

যোগস্য প্রাণায়ামাদ্যষ্টাঙ্গযোগস্য, তপসঃ বাণপ্রস্থধর্ম্মস্য, ন্যাসস্য সন্ন্যাসাশ্রমধর্ম্মস্য (তারতম্যানুসারেণ) অমলাঃ রাগলোভাদিবিকাররহিতাঃ মহঃ জনঃ তপঃ সত্যম্ ইতি গতয়ঃ ভবন্তি। ভক্তিযোগস্য তু মদ্গতিঃ বৈকুণ্ঠলোকপ্রাপ্তিঃ ভবতি॥ ১৪

এবং আমার অনুগ্রহে সফলমনোরথ হইয়া রজোগুণের দ্বারা অতলাদি সহ ভূর্লোক, অন্তরীক্ষলোক সহ ভুবর্লোক এবং দেবলোক হইতে সত্যলোক পর্য্যন্ত স্বর্লোক এবং এই লোকপাল সহ সমগ্র ত্রিভুবনের রচনা করিলেন।১১

ইহাদের মধ্যে স্বর্লোক দেবতাগণের বাসস্থান হইল ; ভুবর্লোক প্রেত-পিশাচাদির আবাস স্থান এবং ভূর্লোক মর্ত্ত্য মানবগণের নিবাসস্থানরূপে নির্ণীত হইল। ভৃগু প্রভৃতি সিদ্ধ ব্রহ্মর্ষিগণ এই ত্রিভুবনের অতীত মহর্জনাদি লোকে বাস করিয়া থাকেন।১২

অসুর ও নাগগণের বাসার্থ ভগবান্ কমলযোনি ভূমির নিম্নে অতলাদি লোকের সৃষ্টি করিলেন। মহর্লোকের নিম্নে পাতাল পর্য্যন্ত স্থানসমূহে সত্ত্বাদি গুণত্রয়বিশিষ্ট যাবতীয় ব্যাপারের সমাবেশ

ময়া কলাত্মনা ধাত্রা কর্মযুক্তমিদং জগৎ।
গুণপ্রবাহ এতস্মিন্নুন্মজ্জতি নিমজ্জতি ॥১৫
অণুর্বৃহৎ কৃশঃ স্থূলো যো যো ভাবঃ প্রসিধ্যতি।
সর্বোঽপ্যুভয়সংযুক্তঃ প্রকৃত্যা পুরুষেণ চ ॥১৬
যস্তু যস্যাদিরন্তশ্চ স বৈ মধ্যং চ তস্য সন্।
বিকারো ব্যবহারার্থো যথা তৈজসপার্থিবঃ ॥১৭

যদুপাদায় পূর্বস্তু ভাবো বিকুরুতেঽপরম্।
আদিরন্তো যদা যস্য তৎ সত্যমভিধীয়তে ॥১৮

প্রকৃতির্হ্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ।
সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তত্ত্রিতয়ং ত্বহম্ ॥১৯

কালাত্মনা কালশক্তিনা ধাত্রা ফলপ্রদেন পরমেশ্বরেণ কর্ম্মযুক্তম্ ইদং জগৎ প্রাণিমাত্র এতস্মিন্ গুণপ্রবাহে সংসারে উন্মজ্জতি (আ সত্যলোকম্ উত্তমাঃ গতীঃ প্রাপ্নোতি) পুনঃ নিমজ্জতি (আ স্থাবরং নীচগতীঃ প্রাপ্নোতি) ॥১৫

অণুঃ বৃহৎ কৃশঃ স্থূলঃ যঃ যঃ ভাবঃ পদার্থঃ প্রসিধ্যতি, সঃ সর্ব্বোঽপি প্রকৃত্যা পুরুষেণ এব উভয়সংযুক্তঃ (উভয়েন সংযুক্তঃ এব) ॥১৬

যস্য কার্য্যস্য যঃ আদিঃ কারণম্, অন্তঃ লয়স্থানং চ তস্য মধ্যং মধ্যাবস্থা অপি সঃ এব সন্ সত্যঃ এব। যথা তৈজস-পার্থিবাঃ (তৈজসাঃ সুবর্ণকার্য্যভূতাঃ কটককুণ্ডলাদয়ঃ ন সুবর্ণাৎ পৃথক্, পার্থিবাঃ ঘটশরাবাদয়ঃ ন পৃথিব্যাঃ পৃথক্ তথা) বিকারঃ ব্যবহারার্থঃ মল্লীলাসিদ্ধ্যর্থঃ এব ॥১৭

যৎ রূপম্ উপাদায় উপাদানকারণতয়া স্বীকৃত্য, পূর্ব্বঃ কারণরূপমহদাদির্ভাবঃ পরম্ অহঙ্কারাদিকং বিকুরুতে সৃজতি, যৎ যদা যস্য আদি অন্তঃ চ বিবক্ষ্যতে, তদা তৎ সত্যং অভিধীয়তে ॥১৮

অস্য সতঃ কার্য্যস্য উপাদানং বা প্রকৃতিঃ, যঃ চ তস্যাঃ আধারঃ অধিষ্ঠাতা পরঃ পুরুষঃ, যশ্চ (গুণক্ষোভেণ) অভিব্যঞ্জকঃ কালঃ, তৎ ত্রিয়ং ব্রহ্মরূপঃ অহম্ এব ॥১৯

আছে।১৩

প্রাণায়ামাদি অষ্টাঙ্গ যোগ, বানপ্রস্থাশ্রমের যতিধর্ম্মরূপ তপস্যা এবং সন্ন্যাসাশ্রমোচিত ধর্ম্মের ফলস্বরূপ রাগলোভাদিশূন্য মহ, জন, তপ ও সত্য এই লোক চতুষ্টয় ভুবনত্রয়ের উর্দ্ধে উৎপন্ন হইয়াছে। কিন্তু ভক্তিযোগের দ্বারা মৎস্বরূপভূত বৈকুণ্ঠলোকেই জীবের গমন হইয়া থাকে।১৪

কালশক্তিস্বরূপ বিশ্ববিধানকারী সর্ব্বফলদাতা পরমেশ্বরের প্রেরণায় এই সমগ্র প্রাণিজগৎ সংসার-প্রবাহে পতিত থাকিয়া সত্যলোক পর্য্যন্ত উর্দ্ধগতিতে কখন আরোহণ করে এবং কখন বা স্থাবরযোনি পর্য্যন্ত নীচগতিতে নিমগ্ন হয়।১৫

অণু, বৃহৎ, স্থূল এবং কৃশ বলিয়া যে কোন ভাব বা পদার্থ জগতে বিদ্যমান আছে, সকলই সেই পুরুষ এবং প্রকৃতি এতদুভয়ের সংযোগে উৎপন্ন হইয়াছে।১৬

যে কার্য্যের যাহা আদি কারণ এবং অন্তেও যাহাতে সে বিলীন হয়, সম্প্রতি তাহার বর্ত্তমান মধ্যাবস্থাও সেই কারণাতিরিক্ত অন্য নহে। যেমন সুবর্ণাদি তৈজস পদার্থ হইতে সমুৎপন্ন কুণ্ডলাদি অলঙ্কারভাব সুবর্ণাতিরিক্ত নহে, যেমন মৃন্ময় ঘটশরাবাদি মৃদতিরিক্ত নহে, সেইরূপ আমার লীলার প্রকটনের নিমিত্ত প্রকাশমান বিকারসমূহও মূল কারণ অপেক্ষা কোন অংশে পৃথক্ নহে।১৭

যে রূপকে উপাদান-কারণ ভাবে স্বীকার করত ভাবান্তরের উপচয় হয়, সেই পূর্ব্ববর্ত্তী কারণরূপ মহদাদি তত্ত্ব যখন তদুৎপন্ন অহঙ্কার তত্ত্বকে উৎপাদন করে, তখন সেই অহঙ্কারের পক্ষে মহত্তত্ত্বকেই সত্য কারণনামে অভিহিত করা যায়।১৮

এই সত্যস্বরূপে প্রতীয়মান কার্য্যবর্গের উপাদানভূতা প্রকৃতি, প্রকৃতির আধারভূত অধিষ্ঠাতৃ চৈতন্যস্বরূপ পুরুষ এবং গুণত্রয়ের অভিব্যঞ্জক কাল এই তিন ভাবেই এক পরম ব্রহ্মস্বরূপ আমিই বিরাজ করিতেছি।১৯

সর্গঃ প্রবর্ত্ততে তাবৎ পৌর্বাপর্য্যেণ নিত্যশঃ।
মহান্ গুণবিসর্গার্থঃ স্থিত্যন্তো যাবদীক্ষণম্ ॥২০
বিরাণ্ময়াসাদ্যমানো লোককল্পবিকল্পকঃ।
পঞ্চত্বায় বিশেষায় কল্পতে ভুবনৈঃ সহ ॥২১
অন্নে প্রলীয়তে মর্ত্ত্যমন্নং ধানাসু লীয়তে।
ধানা ভূমৌ প্রলীয়ন্তে ভূমির্গন্ধে প্রলীয়তে ॥২২

এবং তাবৎ গুণবিসর্গার্থঃ (গুণেষু দেহেষু বিবিধতয়া সৃজ্যতে ইতি গুণবিসর্গঃ জীবঃ তস্য ধর্ম্মাদিষু পুরুষার্থঃ ভোগপ্রয়োজনং) মহান্ বহুলঃ সর্গঃ পৌর্ব্বাপর্য্যেণ পিতৃ-পুত্রাদিরূপেণ নিত্যশঃ অবিচ্ছেদেন প্রবর্ত্ততে যাবৎ স্থিত্যন্তঃ (স্থিতেঃ অন্তঃ) যাবৎ ঈক্ষণম্ ঈশ্বরস্য সংকল্পঃ এব ॥২০

লোককল্পবিকল্পকঃ (লোকানাং কল্পান্ ভেদান্ যস্মিন্ বিকল্পয়তি ইতি) বিরাট্ ব্রহ্মাণ্ডং ময়া কালাত্মনা আসাদ্যমানঃ প্রলয়ম্ এয্যমাণঃ ভুবনৈঃ সহ পঞ্চত্বায় পঞ্চমহাভূতরূপায় বিশেষায় বিভাগায় কল্পতে যোগ্যঃ ভবতি ॥২১

মর্ত্ত্যং শরীরং (যেন অন্নেন উপচিতম্ অস্মিন্নন্নে শত-বর্ষানাবৃষ্ট্যা ক্ষীণে সতি) প্রলীয়তে বিনশ্যতি। অন্নং ধানাসু (বীজমাত্রাবশেষতয়া) লীয়তে। ধানাঃ ভূমৌ প্রলীয়ন্তে (উপ্তাঃ ন প্ররোহন্তি); ভূমিঃ গন্ধে প্রলীয়তে (ভূতসূক্ষ্মরূপা ভবতি) ॥২২

এই প্রকারে বিবিধ দেহে জীবস্বরূপে বিরাজমান পুরুষের ভোগসম্পাদনার্থ পিতৃপুত্রাদিক্রমে বিপুল সৃষ্টি কেবল ঈশ্বরের সংকল্প ও স্থিতিকার্য্যের পরিসমাপ্তি পর্য্যন্ত নিরন্তর নিরবচ্ছিন্নে চলিতে থাকে।২০

কালরূপী আমার প্রতিপত্তিতে ব্রহ্মাণ্ড প্রলীন হইবার উপক্রম হইলে, লোকসমূহের বিভিন্ন কল্পের কল্পনাকারী স্বয়ং বিরাট্ ও পঞ্চ মহাভূতরূপে বিশেষ বিশেষ বিভাগে পরিণত হইয়া থাকেন।২১

মর্ত্ত্য দেহ যে অন্নের দ্বারা উপচিত হয়, শতবর্ষ অনাবৃষ্টিতে সেই অন্ন ক্রমশঃ ক্ষীণতা লাভে বিনষ্টপ্রায় হইয়া যায়; তখন অন্ন বীজরূপে পরিণত হয়; এবং বীজও ক্রমশঃ বিলীনপ্রায় হইয়া অঙ্কুরোৎপাদনের সামর্থ্য পরিত্যাগ করে এবং ভূমিরূপেই অবস্থান করে। ভূমিও গন্ধ তন্মাত্রায় পরিণত হইয়া সূক্ষ্মভাবে অবস্থান করে।২২

অপ্সু প্রলীয়তে গন্ধ আপশ্চ স্বগুণে রসে।
লীয়তে জ্যোতিষি রসো জ্যোতী রূপে প্রলীয়তে॥২৩
রূপং বায়ৌ স চ স্পর্শে লীয়তে সোঽপি চাম্বরে।
অম্বরং শব্দতন্মাত্র ইন্দ্রিয়াণি স্বযোনিষু ॥২৪
যোনির্বৈকারিকে সৌম্য লীয়তে মনসীশ্বরে।
শব্দো ভূতাদিমপ্যেতি ভূতাদির্মহতি প্রভুঃ ॥২৫

(শতবর্ষং বৃষ্ট্যা প্লাব্যমানঃ) গন্ধঃ অপ্সু প্রলীয়তে। (জ্যোতিষা শোষ্যমাণাম্ আপঃ স্বগুণে স্বকারণে রসে প্রলীয়ন্তে (রসমাত্রাবশেষাঃ ভবন্তি), রসঃ চ জ্যোতিষি লীয়তে; জ্যোতিঃ চ রূপে প্রলীয়তে (বায়ুনা অভিভূয়মানং রূপমাত্রং ভবতি) ॥২৩

রূপং বায়ৌ লীয়তে, সঃ চ বায়ুঃ স্পর্শে লীয়তে, সঃ চ স্পর্শঃ অম্বরে; অম্বরং শব্দতন্মাত্রে (অহঙ্কারেণ গ্রস্যমানং) লীয়তে, (তদেবং তামসাহঙ্কারস্য শব্দপর্য্যন্তং লয়মুক্তম্; রাজসাহঙ্কারস্যাপি লয়মুক্তং যথা) ইন্দ্রিয়াণি স্বযোনিষু স্বপ্রবর্ত্তকদেবতাসু লীয়ন্তে ॥২৪

হে সৌম্য। যোনিঃ তৈজসাহঙ্কারঃ বৈকারিকে সাত্ত্বিকা-হঙ্কারকার্য্যে, ঈশ্বরে সমর্থে মনসি লীয়তে। শব্দঃ ভূতাদিং তামসাহঙ্কার অপ্যেতি (তস্মিন্ লীয়তে), তথা প্রভুঃ সর্ব্বম্ জগন্মোহনে সমর্থঃ ত্রিবিধঃ অপি অহঙ্কারঃ মহতি লীয়তে (জড়াংশং বিহায় জ্ঞানক্রিয়াশক্তিময়রূপঃ ভবতি) ॥২৫

শতবৎসর কাল অতিবৃষ্টিতে গন্ধতন্মাত্রও জলে প্রলীন হয়; পরে প্রখর জ্যোতির প্রকোপে জলরাশি শুষ্কভাবাপন্ন হইয়া কেবল রসতন্মাত্রায় পরিণত হইয়া অবস্থান করে এবং রসও ক্রমশঃ জ্যোতিতে পরিণত হয়। জ্যোতিও বায়ুর প্রভাবে পরিণত হইয়া রূপতন্মাত্রভাবে অবস্থান করে।২৩

কালের প্রভাপে পরিণত হইয়া বায়ুও কেবল

স লীয়তে মহান্ স্বেষু গুণেষু গুণবত্তমঃ।
তেঽব্যক্তে সংপ্রলীয়ন্তে তৎকালে লীয়তেঽব্যয়ে॥২৬
কালো মায়াময়ে জীবে জীব আত্মনি ময্যজে।
আত্মা কেবল আত্মস্থো বিকল্পাপায়লক্ষণঃ॥২৭
এবমন্বীক্ষমাণস্য কথং বৈকল্পিকো ভ্রমঃ।
মনসো হৃদি তিষ্ঠেত ব্যোম্নীবার্কোদয়ে তমঃ॥২৮

সঃ গুণবত্তমঃ জ্ঞানক্রিয়াশক্তিমান্ মহান্ স্বেষু গুণেষু লীয়তে (গুণমাত্ররূপো ভবতি), তে গুণাঃ অব্যক্তে প্রকৃতৌ সংপ্রলীয়ন্তে ; তৎ সাম্যাবস্থাগতম্ অব্যক্তম্ অপি অব্যয়ে উপরতব্যাপারে কালে লীয়তে। তেন একীভূয় অবতিষ্ঠতে॥২৬

কালঃ মায়াময়ে মায়াপ্রবর্ত্তকে জ্ঞানময়ে (অবিদ্যা-প্রধানত্বাৎ) জীবে লীয়তে, জীবঃ তু অজে জন্মাদিরহিতে আত্মনি পরমাত্মনি ময়ি লীয়তে, বিকল্পাপায়লক্ষণঃ (বিকল্পাপায়ভ্যাম্ উৎপত্তি-প্রলয়াভ্যাং লক্ষ্যতে অধিষ্ঠানত্বেন অবধিত্বেন জ্ঞায়তে) আত্মা তু কেবলঃ নিরুপাধিঃ আত্মস্থঃ এব ভবতি কারণান্তরাভাবাৎ ন অন্যত্র লীয়তে॥২৭

যথা অর্কোদয়ে (অর্কস্য সূর্য্যস্য উদয়ে) ব্যোম্নি তমঃ ইব যথা (ন তিষ্ঠতি তথা) এবম্ (আত্মতত্ত্বম্) অন্বীক্ষমাণস্য পুংসঃ মনসঃ বৈকল্পিকঃ ভেদনিমিত্তঃ ভ্রমঃ অহং-মমাভিমানঃ কথং স্যাৎ হৃদি বা কথং তিষ্ঠেৎ ?২৮

স্পর্শতন্মাত্রায় কিছুকাল অবস্থান করিয়াই আকাশে বিলীন হয়। আকাশও শব্দতন্মাত্রায় উপনীত হইয়া অহঙ্কারভাবে পরিণত হয়। এই প্রকারে তামস অহঙ্কারের সৃষ্টি প্রতিনিবৃত্ত হয়। পরে রাজস অহঙ্কারের সম্বন্ধেও বলিতেছি—শ্রবণ কর। অর্থাৎ তৎকালে ইন্দ্রিয়বর্গও স্ব স্ব অধিষ্ঠাত্রী দেবতারূপ কারণতত্ত্বে ক্রমশঃ আত্ম-সমর্পণ পূর্ব্বক রাজস অহঙ্কার হইতে অভেদভাবে বিদ্যমান থাকে।২৪

রাজসিক অহঙ্কার এবং তাহাতে আশ্রিত দেবতানিচয় সাত্ত্বিক অহঙ্কারস্বরূপ প্রবলপরাক্রম মনের অন্তরে বিলীন হয়। এদিকে তামসিক অহঙ্কারের অবশিষ্ট কার্য্য শব্দতন্মাত্র এবং ভূতবর্গের আদিভূত অহঙ্কারও সাত্ত্বিক মহত্তত্ত্বে বিলীন হয়। এই সাত্ত্বিক মহত্তত্ত্বের প্রভাবেই জগৎসংসার মোহিত ! ইহাতে জড়াংশের পরিত্যাগে কেবল জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তিরই প্রকটন হইয়া থাকে।২৫

মহত্তত্ত্বও স্বীয় গুণময়ভাব পরিত্যাগ করিয়া স্বকীয় কারণ গুণস্বরূপেই বিশ্রাম করে অর্থাৎ তৎকালে কেবল গুণত্রয়ই অবশিষ্ট থাকে। উক্ত গুণত্রয় কাল-সহকারে বৈষম্যভাব পরিত্যাগ করিয়া আপনাদের সাম্যাবস্থারূপ প্রকৃতিতে প্রলীন হয় ; এবং প্রকৃতিও উপরত-ব্যাপার মহাকালে বিলীন হইয়া যায়।২৬

কালের অবসান-স্থলই সেই অদ্বিতীয় পরম পুরুষ ; তিনি জন্মাদি ষড়্ভাব বিকারবর্জ্জিত, মায়ারূপে উপাধির প্রবর্ত্তক এবং প্রজ্ঞার উদয়ে সমগ্র জীবের জীবনদাতা। উৎপত্তি এবং উপসংহাররূপ কার্য্যের অবসানে নিরুপাধিক আত্মস্বরূপেই তিনি অবস্থান করেন ; তাঁহার আর তদতিরিক্ত বিলীন হইবার স্থান নাই।২৭

যে ব্যক্তি এই প্রকার জগৎ, জীব ও পরমাত্মতত্ত্বের বিচার নিরন্তর করিয়া থাকেন, তাঁহার পক্ষে আমি ও আমার বলিয়া অনর্থক ভ্রমের সম্ভাবনা কোথায় ? দিবাকরের উদয়ে নভোমণ্ডলে যেমন তিমিররাশি আর স্থান পায় না, সেইরূপ বিচাররূপ জ্ঞানসূর্য্যের আলোক জ্ঞানী পুরুষের হৃদয়-মাঝারে ভেদজ্ঞান আর কোনমতে প্রতিষ্ঠালাভে সমর্থ হয় না।২৮

এষ সাংখ্যবিধিঃ প্রোক্তঃ সংশয়গ্রন্থিভেদনঃ
প্রতিলোমানুলোমাভ্যাং পরাবরদৃশা ময়া ॥২৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ।

সংশয়গ্রন্থিভেদনঃ সংসার-বন্ধ-নিবর্ত্তকঃ এষঃ সাংখ্যবিধিঃ আত্মবিবেকপ্রকারঃ পরাবরদৃশা কার্য্যকারণবাধাত্মদ্রষ্ট্রা ময়া, প্রতিলোমানুলোমাভ্যাম্ উৎপত্ত্যুপসংহারক্রমাভ্যাম্ এব প্রোক্তঃ বর্ণিতঃ ॥২৯

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুর্বিংশাধ্যায়ঃ সমাপ্তঃ।

হে উদ্ধব। আমি সর্ব্বজ্ঞ। কিছুই আমার নিকট অবিদিত নাই। সকল অবতারের মূলই আমি। আত্মানাত্ম-বিচাররূপ যে সাংখ্যজ্ঞানের প্রসাদে যাবতীয় হৃদয়-গ্রন্থি বিদূরিত হয়, আমি স্বয়ং সেই জ্ঞানমার্গ আমূলক তোমার নিকট বর্ণন করিলাম। এতদ্দ্বারা উৎপত্তি ও উপসংহারের উভয় ব্যাপারই বর্ণনা করা হইয়াছে।২৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত চতুর্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশঃ অধ্যায়ঃ।

[সত্ত্ব-রজস্তমোগুণবৃত্তিনিরূপণম্।]

শ্রীভগবানুবাচ।
গুণানামসম্মিশ্রাণাং পুমান্ যেন যথা ভবেৎ।
তন্মে পুরুষবর্য্যেদমুপধারয় শংসতঃ ॥১

শমো দমস্তিতিক্ষেক্ষা তপঃ সত্যং দয়া স্মৃতিঃ।
তুষ্টিস্ত্যাগোঽস্পৃহা শ্রদ্ধা হ্রীর্দয়াদিঃ স্বনির্বৃতিঃ ॥২

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ। হে পুরুষবর্য্য। অসম্মিশ্রাণাম্ অবিভক্তানাং গুণানাং মধ্যে যেন গুণেন যথা যাদৃশঃ পুমান্ ভবেৎ তৎ ইদং শংসতঃ কথয়তঃ মে মত্তঃ নিবোধ উপধারয় ॥১

তত্র শমঃ অন্তঃকরণবিধানঃ, দমঃ বাহেন্দ্রিয়বিধানঃ, তিতিক্ষা দ্বন্দ্বসহিষ্ণুতা, ঈক্ষা তত্ত্ব-বিবেকঃ, তপঃ চান্দ্রায়ণাদি, সত্যং যথার্থভাষণং, দয়া পরদুঃখপ্রহাণেচ্ছা, স্মৃতিঃ অনুভূত-বিষয়ানুধ্যানঃ, তুষ্টিঃ যথালাভসন্তোষঃ, ত্যাগঃ যথাযোগ্যব্যয়শীলত্বম্, অস্পৃহা বৈরাগ্যং, শ্রদ্ধা গুরু-বেদান্তবাক্যেষু বিশ্বাসঃ, হ্রীঃ লজ্জা, দয়া দানম্, আদিপদেন আর্জ্জববিনয়াদিঃ, স্বনির্বৃতিঃ আত্মানুভবজং সুখম্ ॥২

পঞ্চবিংশ অধ্যায়।

[সত্ত্ব, রজঃ ও তমোগুণবৃত্তিনিরূপণ।]

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে পুরুষশ্রেষ্ঠ উদ্ধব! অবিভক্ত গুণত্রয়ের মধ্যে প্রত্যেক পৃথক্ গুণের মাহাত্ম্যে পুরুষের যেরূপ স্বভাব ও ধর্ম্মের পরিচয় হয়, আমি তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি—শ্রবণ কর।১

তন্মধ্যে অন্তরিন্দ্রিয়ের নিগ্রহরূপ শম, বাহেন্দ্রিয়ের নিগ্রহরূপ দম, তিতিক্ষা, স্বধর্ম্মানুপালনরূপ তপস্যা, সত্যভাষণ, জীবের প্রতি দয়া,

কাম ঈহা মদস্তৃষ্ণা স্তম্ভ আশীর্ভিদা সুখম্।
মদোৎসাহো যশঃ প্রীতির্হাস্যং বীর্য্যং বলোদ্যমঃ ॥৩
ক্রোধো লোভোঽনৃতং হিংসা
যাচ্ঞা দম্ভঃ ক্লমঃ কলিঃ।
শোক-মোহৌ বিষাদার্তী নিদ্রাশা ভীরনুদ্যমঃ ॥৪
সত্ত্বস্য রজসশ্চৈতাস্তমসশ্চানুপূর্বশঃ।
বৃত্তয়ো বর্ণিতপ্রায়াঃ সন্নিপাতমথো শৃণু ॥৫

কামঃ ভোগাভিলাষঃ, ঈহ ব্যাপারপরতা, মদঃ দর্পঃ, তৃষ্ণা অধিকজিঘৃক্ষা, স্তম্ভঃ অনম্রতা, আশীঃ কামতঃ দেবারাধনঃ, ভিদা ভেদবুদ্ধিঃ, সুখং বিষয়সম্ভোগঃ, মদোৎসাহঃ (মদেন গর্ব্বেণ উৎসাহঃ যুদ্ধাগুভিনিবেশঃ), যশঃ, প্রীতিঃ স্তুতিপ্রিয়তা, হাস্যম্ উপহাসঃ, বীর্য্যং প্রভাবাবিষ্কারঃ, বলোদ্যমঃ (বলেনোদ্যমঃ) ॥৩

ক্রোধঃ অসহিষ্ণুতা, লোভঃ, অনৃতং মিথ্যাভাষণং, হিংসা পরদ্রোহচিন্তনং, যাচ্ঞা ধনাদিপ্রার্থনা, দম্ভঃ সদ্বেশ-সদাচার প্রদর্শনং, ক্লমঃ গ্লানিঃ, কলিঃ কলহঃ, শোকমোহৌ অনুশোচনং, ভ্রমশ্চ, বিষাদঃ দুঃখম্, আর্ত্তিঃ দৈন্যং, নিদ্রা তন্দ্রা, আশা, ভীঃ ভয়ঃ, অনুদ্যমঃ জাড্যম্ ইতি তমোবৃত্তয়ঃ ॥৪

অনুপূর্ব্বশঃ ক্রমেণৈব শ্লোকত্রয়েণ সত্ত্বস্য রজসঃ তমসঃ চ এতাঃ বৃত্তয়ঃ ময়া বর্ণিতপ্রায়াঃ; অথ সন্নিপাতং (মিলিতানাং সত্ত্বাদীনাং কার্য্যং) শৃণু ॥৫

পূর্ব্বানুসন্ধানরূপ স্মৃতি, যথালব্ধ ভোগে তুষ্টি, ত্যাগ, বৈরাগ্য, আস্তিক্যভাব, হ্রী অর্থাৎ অন্যায় কার্য্যে লজ্জা, দান, আর্জ্জব, বিনয় এবং আত্মরতি প্রভৃতি গুণগ্রাম সত্ত্বগুণের সম্পর্কে জীবের জন্মিয়া থাকে।২

রজোগুণের প্রভাবে কাম, প্রাপ্তির নিমিত্ত প্রবৃত্তিরূপ ঈহা, দর্প, আকাঙ্ক্ষা, গর্ব্ব, আশী অর্থাৎ ইষ্টলাভার্থ দেবার্চ্চনা, অহংবোধে ভেদবুদ্ধি, বিষয়ভোগে সুখ, যুদ্ধাদি বীর্য্যপ্রকাশক কার্য্যে উৎসাহ, যশের প্রার্থনা, স্তুতিপ্রিয়তা, হাস্যোপহাস, প্রভাবের পরিচয় এবং অন্যায় পূর্ব্বক বলের পরিচয়াদি বিবিধ বৃত্তি প্রকাশ পাইয়া থাকে।৩

তমোগুণের প্রকটনে ক্রোধ, লোভ, মিথ্যাব্যবহার, হিংসা, যাচ্ঞা, বঞ্চনা, শ্রম, কলহ, শোক, মোহ, বিষাদ, দৈন্য, তন্দ্রা, প্রত্যাশা, ভয় এবং নিরুৎসাহাদি অন্যান্য বৃত্তির উদয় হইয়া থাকে।৪

হে উদ্ধব! সত্ত্ব, রজঃ ও তমোগুণের পৃথক্ পৃথক্ বৃত্তিসমুদায় আমি পৃথক্‌ভাবে তোমার নিকট বর্ণন করিলাম; সম্প্রতি মিশ্রিতভাবে তাহাদের মিশ্রবৃত্তির যেরূপ উদয় হয়, তাহা বর্ণন করিতেছি—শ্রবণ কর।৫

সন্নিপাতস্ত্বহমিতি মমেত্যুদ্ধব যা মতিঃ।
ব্যবহারঃ সন্নিপাতো মনোমাত্রেন্দ্রিয়াসুভিঃ ॥৬
ধর্মে চার্থে চ কামে চ যদাসৌ পরিনিষ্ঠিতঃ।
গুণানাং সন্নিকর্ষোঽয়ং শ্রদ্ধা-রতি-ধনাবহঃ ॥৭
প্রবৃত্তিলক্ষণে নিষ্ঠা পুমান্ যর্হি গৃহাশ্রমে।
স্বধর্মে চানুতিষ্ঠেত গুণানাং সমিতির্হি সা ॥৮

হে উদ্ধব। অহং শাস্তঃ কামী ক্রোধীতি তথা মম শান্তিঃ মম কামঃ ক্রোধশ্চ ইতি যা মতিঃ সা তু সন্নিপাতঃ এব। তথা মনোমাত্রেন্দ্রিয়াসুভিঃ (মনশ্চ মাত্রাণি শব্দাদীনি ইন্দ্রিয়াণি চ অসবঃ প্রাণাঃ তৈঃ) মিলিতৈঃ যঃ ব্যবহারঃ, সঃ সন্নিপাতঃ এব ॥৬

অসৌ পুরুষঃ যদা ধর্ম্মে অর্থে কামে পরিনিষ্ঠিতঃ ভবতি, তদা অয়ং শ্রদ্ধারতিধনাবহঃ (শ্রদ্ধারতিধনানি সত্ত্বরজস্তমো-ময়ানি আবহতীতি) গুণানাং সন্নিকর্ষঃ সন্নিপাতকার্য্যম্ এব ॥৭

প্রবৃত্তিলক্ষণে কার্য্যে ধর্ম্মে যদা পুংসঃ নিষ্ঠা ভবতি, তথা পুমান্ যর্হি যদা গৃহাশ্রমে এব আসক্তঃ তিষ্ঠেৎ, অথ ধর্ম্মে নিত্যনৈমিত্তিকে অনু পশ্চাৎ তিষ্ঠেত, সা হি গুণানাং সমিতিঃ সন্নিপাতঃ এব ॥৮

আমি ও আমার বলিয়া মানবের যে বৃত্তির উদয় হয়, তাহাকেই গুণত্রয়ের মিশ্রভাবের বৃত্তি বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। ইহাতে ইন্দ্রিয়, প্রাণ ও মনের বৃত্তিসমূহ গুণত্রয়ের মিলনে সমুৎপন্ন, এই-রূপই অবধারণ করা যুক্তিসিদ্ধ।৬

ধর্ম্ম, অর্থ ও কাম-সম্বন্ধীয় ব্যাপারে মানব যখন

পুরুষং সত্ত্বসংযুক্তমনুমীয়াচ্ছমাদিভিঃ।
কামাদিভী রজোযুক্তং ক্রোধাদ্যৈস্তমসা যুতম্ ॥৯
যদা ভজতি মাং ভক্ত্যা নিরপেক্ষঃ স্বকর্মভিঃ।
তং সত্ত্বপ্রকৃতিং বিদ্যাৎ পুরুষং স্ত্রিয়মেব বা ॥১০
যদা আশিষ আশাস্য মাং ভজেত স্বকর্মভিঃ।
তং রজঃ প্রকৃতিং বিদ্যাদ্ধিংসামাশাস্য তামসম্ ॥১১

সত্ত্বং রজস্তম ইতি গুণা জীবস্য নৈব মে।
চিত্তজা যৈস্তু ভূতানাং সজ্জমানো নিবধ্যতে ॥১২
যদেতরৌ জয়েৎ সত্ত্বং ভাস্বরং বিশদং শিবম্।
তদা সুখেন যুজ্যেত ধর্মজ্ঞানাদিভিঃ পুমান্ ॥১৩
যদা জয়েত্তমঃ সত্ত্বং রজঃ সঙ্গং ভিদা চলম্।
তদা দুঃখেন যুজ্যেত কর্মণা যশসা শ্রিয়া ॥১৪

সত্ত্বযুক্তং পুরুষং শমাদিভিঃ অনুমীয়াৎ, রজোযুক্তং কামাদিভিঃ তথা ক্রোধাদ্যৈঃ তমসা যুক্তং পুরুষম্ অনুমীয়াৎ ॥৯

যদা নিরপেক্ষঃ সন্ ভক্ত্যা যঃ স্বকর্মভিঃ মাং ভজতি, তং পুরুষং স্ত্রিয়ম্ এব বা সত্ত্বপ্রকৃতিং সত্ত্ববৃত্তিযুক্তং বিদ্যাৎ ॥১০

আশিষঃ বিষয়ান্ আশাস্য অপেক্ষ্য স্বকর্মভিঃ যঃ যদা ভজেত, তং জনং রজঃপ্রকৃতিং রাজসং বিদ্যাৎ, তথা হিংসাং পরপীড়াম্ আশাস্য অপেক্ষ্য যঃ ভজেৎ, তং তামসং তমোবৃত্তিযুক্তং বিদ্যাৎ ॥১১

সত্ত্বঃ, রজঃ, তমঃ ইতি গুণাঃ, যতঃ এতে চিত্তজাঃ (জীবস্যৈব চিত্তে জায়ন্তে অভিব্যজ্যন্তে) অতঃ তে জীবস্য এব বন্ধকাঃ ভবন্তি; মে মম ঈশ্বরস্য বন্ধকাঃ ন ভবন্তি। যৈঃ তু গুণৈঃ সঃ জীবঃ ভূতানাং দেহেন্দ্রিয়ান্তঃকরণবিষয়াণাং মধ্যে সজ্জমানঃ আসক্তিং কুর্বন্ নিবধ্যতে (অতঃ জীবঃ সেবকঃ, ঈশ্বরঃ সেব্যঃ) ॥১২

যদা ভাস্বরং প্রকাশকং, বিশদং স্বচ্ছং, শিবং শান্তং, সত্ত্বং গুণঃ ইতরৌ রজস্তমগুণৌ জয়েৎ, তদা পুমান্ সুখেন ধর্মজ্ঞানাদিভিঃ চ যুজ্যেত ॥১৩

যদা সঙ্গং সঙ্গহেতুঃ, ভিদা ভেদহেতুঃ, চলং প্রবৃত্তিস্বভাবং রজঃ গুণঃ তমঃ সত্ত্বং জয়েৎ, তদা পুমান্ কর্মণা যশসা শ্রিয়া চ দুঃখেন এব যুজ্যেত ॥১৪

প্রবৃত্ত হয় এবং তাহার ফলে শ্রদ্ধা, রতি ও ধনাদি লাভ করে, তখন তাদৃশ ব্যবহারকে হে উদ্ধব! গুণত্রয়ের মিশ্রভাবের পরিচয় বলিয়া স্বীকার করা বিধেয়।৭

পুরুষ যখন প্রবৃত্তিলক্ষণ গৃহস্থাশ্রমে নিষ্ঠাবান্ হইয়া স্বধর্মের অনুষ্ঠানে অগ্রসর হয় এবং গৃহস্থাশ্রমে আসক্ত হয়, তখন সে সমস্ত কেবল গুণত্রয়ের একত্র সম্মিলনেই ঘটিয়া থাকে—এইরূপই সর্ব্বত্র স্বীকার্য্য।৮

শমদমাদি সদ্গুণের পরিচয়ে মানবকে সত্ত্বগুণবিশিষ্ট বলিয়া নিরূপণ করা যায়; কামাদি বৃত্তির পরিচয়ে রজোগুণযুক্ত ক্রোধাদি নিকৃষ্ট বৃত্তির পরিচয়ে তমোগুণবিশিষ্ট বলিয়া নির্দ্ধারণ করা যায়।৯

বিষয়-বাসনা পরিত্যাগ পূর্ব্বক বিশেষ ভক্তি-সহকারে মানব যখন স্বকীয় বর্ণাশ্রমোক্ত কর্ম্মের অনুষ্ঠান দ্বারা ভগবৎস্বরূপ আমার আরাধনা করে, তখন তাদৃশ স্ত্রী বা পুরুষকে সত্ত্বগুণবিশিষ্ট বলিয়াই অবধারণ করা কর্ত্তব্য।১০

কিন্তু বিষয়-সম্ভোগের প্রত্যাশায় মাত্র যাহারা কর্ম্মের অনুষ্ঠানে ভগবানের আরাধনা করে, তাহাদিগকে রজঃস্বভাব বলিয়া নিরূপণ করিতে হয়। আর যাহারা কেবল পরহিংসাদিকে লক্ষ্য করত আরাধনাদি ধর্ম্মকর্ম্মে প্রবৃত্ত হয়, তাহারা তামসিক প্রকৃতির লোক বলিয়া নিরূপিত।১১

সত্ত্ব রজঃ বা তমোগুণ কেবল জীবের উপরই স্ব স্ব প্রাধান্য বিস্তার করে; ভগবৎস্বরূপ আমার উপর তাহাদের কোন প্রতিপত্তি নাই। কারণ জীবের চিত্তেই তাহারা উপচিত হয় এবং গুণগ্রামের পরিণামে সমুৎপন্ন জীবের উপাধিভূত দেহ, ইন্দ্রিয়, মন, প্রাণ ও বুদ্ধি প্রভৃতি তত্ত্বসমূহের অন্তরে তন্ময়ভাবে আবদ্ধ জীব সংসারে ভ্রমণ করে।১২

সত্ত্বগুণ স্বপ্রকাশ, নির্ম্মল এবং ধর্ম্মজ্ঞানাদির উৎপাদক, পবিত্র ও সুখপ্রদ বস্তু; এই সত্ত্বের উদ্ভাসনে যখন যে জীবের হৃদয়ে রজোগুণ ও

যদা জয়েদ্ রজঃ সত্ত্বং তমো মূঢ়ং লয়ং জড়ম্।
যুজ্যেত শোক-মোহাভ্যাং নিদ্রয়া হিংসয়াঽশয়া॥১৫
যদা চিত্তং প্রসীদেত ইন্দ্রিয়াণাং চ নির্বৃতিঃ।
দেহাভয়ং মনোঽসঙ্গং তৎ সত্ত্বং বিদ্ধি মৎপদম্॥১৬
বিকুর্বন্ ক্রিয়য়া চাধীরনির্বৃত্তিশ্চ চেতসাম্।
গাত্রাস্বাস্থ্যং মনো ভ্রান্তং রজ এতৈর্নিশাময়॥১৭
সীদচ্চিত্তং বিলীয়েত চেতসো গ্রহণেঽক্ষমম্।
মনোনষ্টং তমো গ্লানিস্তমস্তদুপধারয়॥১৮
এধমানে গুণে সত্ত্বে দেবানাং বলমেধতে।
অসুরাণাং চ রজসি তমস্যুদ্ধব রক্ষসাম্॥১৯
সত্ত্বাজ্জাগরণং বিদ্যাদ্ রজসঃ স্বপ্নমাদিশেৎ।
প্রস্বাপং তমসা জন্তোস্তুরীয়ং ত্রিষু সন্ততম্॥২০

মূঢ়ং বিবেকভ্রংশকং, লয়ম্ আবরণাত্মকং, জড়ম্ অনুদ্যমাত্মকং তমঃ যদা রজঃ সত্ত্বং চ জয়েৎ, তদা জনঃ নিদ্রয়া হিংসয়া আশয়া চ শোকমোহাভ্যাম্ এব যুজ্যেত॥১৫

যদা চিত্তং প্রসীদেত শান্তং ভবেৎ, ইন্দ্রিয়াণাং চ নির্বৃতিঃ বিষয়াৎ উপরতিঃ ভবতি; দেহাভয়ং দেহে চ রোগাদি-ভয়রাহিত্যং ভবতি; মনঃ অসঙ্গং সর্ব্বসঙ্গরহিতং ভবতি; তৎ তদা মৎপদং মদুপলব্ধিস্থানং সত্ত্বম্ উদ্রিক্তং বিদ্ধি॥১৬

যদা এব ক্রিয়য়া বিকুর্ব্বন্ বিকারং প্রাপ্নুবন্ আধীঃ (আ সমন্তাৎ বিক্ষিপ্তা ধীঃ যস্য তথাভূতঃ ভবতি), চেতসাং বুদ্ধীন্দ্রিয়াণাম্ অনির্বৃত্তিঃ অনুপরতিঃ, গাত্রাস্বাস্থ্যং (গাত্রাণাং কর্ম্মেন্দ্রিয়াণাম্ অস্বাস্থ্যং বিকারাধিক্যং) মনঃ চ ভ্রান্তং চঞ্চলং ভবতি, তদা এতৈঃ হেতুভিঃ রজঃ উৎকটং নিশাময় জানীহি॥১৭

যদা সীদৎ তিরোভবৎ চেতসঃ গ্রহণে চিদাকারপরিণামে চ অক্ষমং সৎ চিত্তং বিলীয়েত; (সংকল্পাত্মকং) মনঃ চ নষ্টং লীনং, তমঃ অজ্ঞানং, গ্লানিঃ বিষাদঃ চ ভবতি, তৎ তদা তমঃ উৎকটঃ উপধারয় বিদ্ধি॥১৮

হে উদ্ধব! সত্ত্বে গুণে এধমানে দেবানাং বলম্ এধতে বর্দ্ধতে। রজসি এধমানে অসুরাণাং বলম্ এধতে তথা তমসি এধমানে রক্ষসাং বলম্ এধতে॥১৯

সত্ত্বাৎ জাগরণং বিদ্যাৎ, রজসঃ সকাশাৎ স্বপ্নম্ আদিশেৎ; তমসা চ প্রস্বাপং ভবতি; তুরীয়ং চতুর্থম্ অবস্থান্তরং নাম জন্তোঃ সন্ততম্ একরূপম্ আত্মতত্ত্বং ত্রিষু জাগরণাদিষু অবস্থিতম্ এব বিদ্যাৎ॥২০

তমোগুণ অভিভূত হয়, তখন ধর্ম্ম ও জ্ঞানাদির সঞ্চয়ে তিনি সুখসঙ্গে মিলিত হন।১৩

রজোগুণের দ্বারা অন্যসংসর্গ উপস্থিত হয়; ইহা অতি চঞ্চল এবং ভেদপ্রদ; সুতরাং রজোগুণের উদয়ে জীবহৃদয়ে যখন তমঃ ও সত্ত্বগুণ নিবৃত্ত হয়, তখন যশ ও ঐশ্বর্য্যাদির প্রার্থনায় কর্ম্ম করত জীব দুঃখ-সাগরেই নিরন্তর ভাসমান হইয়া থাকে।১৪

তমোগুণের প্রাদুর্ভাবে অজ্ঞানাবরণ প্রকটিত হইলে, উদ্যম নষ্ট হয় এবং বিচারজ্ঞান তিরোহিত হইয়া যায়; সুতরাং তমোগুণের উদ্রেকে সত্ত্ব ও রজোগুণ অভিভূত হইলে, জীব নিদ্রা, হিংসা ও আশাকুহকে অভিভূত হইয়া শোকে এবং মোহে জর্জ্জরিত হইয়া পড়ে।১৫

চিত্ত স্বচ্ছতালাভে যখন সুপ্রসন্ন হয়, ইন্দ্রিয়গ্রাম শান্তভাব অবলম্বন করে, দেহে রোগ শোক থাকে না এবং মনও আসক্তি পরিত্যাগ করে, তখনই তাহার হৃদয়ে পরমাত্মস্বরূপের প্রকটনস্থল সত্ত্বগুণের উদ্ভাসন হয়—এইরূপ অবধারণ করা বিধেয়।১৬

কিন্তু সর্ব্বদা কর্ম্মে ব্যতিব্যস্ত হইয়া যাহাদের চিত্ত নিরন্তর অস্থির হইয়া থাকে এবং সর্ব্বদা গ্লানিবোধ করে, দেহের সুস্থতা থাকে না এবং ইন্দ্রিয়গ্রামও নিরন্তর অতৃপ্ত এবং মনও চঞ্চল হয়; তখন এই সকল লক্ষণে রজোগুণের উদ্রেক বলিয়াই অবধারণ করা বিধেয়।১৭

চিত্ত যখন বিচারাদি চেতনক্রিয়ায় অক্ষম হইয়া যেন বিলীনপ্রায় হইয়া পড়ে, মনও সংকল্পাদি কার্য্যে অসমর্থ হয়, তখন তমোগুণের প্রভাবে অজ্ঞান এবং গ্লানিভাব হৃদয়কে আচ্ছন্ন করিয়া ফেলে।১৮

সত্ত্বগুণের উদ্রেকে দেবতাগণের বল বৃদ্ধি হয়, রজোগুণের প্রাধান্যে অসুর-কুলের তেজ বৃদ্ধি পায়

উপর্য্যুপরি গচ্ছন্তি সত্ত্বেন ব্রাহ্মণা জনাঃ।
তমসাধোঽধ আমুখ্যাদ্ রজসান্তরচারিণঃ ॥২১
সত্ত্বে প্রলীনাঃ স্বর্যান্তি নরলোকং রজোলয়াঃ।
তমোলয়াস্তু নিরয়ং যান্তি মামেব নির্গুণাঃ ॥২২

সত্ত্বেন গুণেন ব্রাহ্মণাঃ বেদার্থনিপুণাঃ জনাঃ উপর্য্যুপরি (আব্রহ্মণঃ ব্রহ্মলোকম্ অভিব্যাপ্য স্থানানি) গচ্ছন্তি, তমসা গুণেন আমুখ্যাৎ স্থাবরান্ অভিব্যাপ্য অধোঽধঃ লোকং গচ্ছন্তি, তথা রজসা অন্তরচারিণঃ মনুষ্যাঃ ভবন্তি ॥২১

সত্ত্বে (প্রবৃদ্ধে সতি) প্রলীনঃ মৃতাঃ জনাঃ স্বঃ স্বর্গং যান্তি; রজোলয়াঃ রজসি প্রবৃদ্ধে মৃতাঃ নরলোকং, তমোলয়াঃ তু নিরয়ং যান্তি, নির্গুণাঃ তু মাং পরমেশ্বরম্ এব যান্তি প্রাপ্নুবন্তি ॥২২

এবং তমোগুণের শ্রেষ্ঠতায় রাক্ষসগণের প্রাধান্যের পরিচয় হইয়া থাকে। হে উদ্ধব! এই নিবৃত্তি প্রবৃত্তি ও মোহস্বভাববিশিষ্ট দেবতা, অসুর ও রাক্ষসভাব এক ইন্দ্রিয়গ্রামের উপরই ক্রমান্বয়ে প্রকটিত হইয়া থাকে।১৯

সত্ত্বের প্রাদুর্ভাবে জীব জাগ্রত হয়, রজোগুণের ফলে স্বপ্ন অনুভব করে এবং তমের প্রভাবে ঘোর নিদ্রায় অভিভূত হইয়া পড়ে। কিন্তু যিনি এই ত্রিবিধ অবস্থার অন্তরে অবস্থান পূর্ব্বক সাক্ষিরূপে বিদ্যমান থাকেন, তিনিই প্রকৃত জীবের সর্ব্বত্রানুস্যূত নিত্যবিদ্যমান পরমার্থ ভাব।২০

বেদার্থবিজ্ঞ কর্ম্মঠ ব্রাহ্মণগণ বিহিত কর্ম্মানুষ্ঠানের দ্বারা উদ্রিক্ত সত্ত্বগুণের কল্যাণে উত্তরোত্তর উৎকৃষ্ট ব্রহ্মলোক পর্য্যন্ত সুখময় স্থানে গমন করিয়া থাকেন; তমোগুণের প্রভাবে জীব নিকৃষ্ট স্থাবর যোনিতে জন্ম গ্রহণ করিয়া থাকে এবং রজোগুণের উদ্রেকে মধ্যবর্ত্তী মনুষ্যযোনি লাভে জন্ম পরিগ্রহ করিয়া থাকে।২১

সত্ত্বগুণের উদয়কালে যদি কোন ব্যক্তির মৃত্যু হয়, তাহা হইলে মরণান্তে তাঁহার স্বর্গপ্রাপ্তি হইয়া থাকে। উদ্রিক্ত রজোগুণের আশ্রয়ে যদি কেহ মৃত্যুগ্রাসে পতিত হন, তাহা হইলে, মরণের পর তিনি মনুষ্যলোকে জন্ম ধারণ করেন এবং তমোগুণের প্রাবল্যকালে মৃত্যু ঘটিলে নরকস্থ হইতে হয়। কিন্তু যাঁহারা এই গুণের আক্রমণকে অতিক্রম করিতে পারেন, তাঁহাদিগকে আর সংসারপ্রবাহে পরিভ্রম করিতে হয় না; তাঁহারা অবলীলাক্রমে বিষ্ণুর পরমপদ মোক্ষপদবীতে আরোহণ করেন।২২

মদর্পণং নিষ্ফলং বা সাত্ত্বিকং নিজকর্ম্ম তৎ।
রাজসং ফলসংকল্পং হিংসাপ্রায়াদি তামসম্ ॥২৩
কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানং রজো বৈকল্পিকং চ যৎ।
প্রাকৃতং তামসং জ্ঞানং মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতম্ ॥২৪

মদর্পণং মদারাধনরূপং নিষ্ফলং ফলাভিসন্ধিরহিতং বা যৎ নিজকর্ম্ম (নিজং নিত্যং নৈমিত্তিকম্ অনুষ্ঠিতং কর্ম্ম) তৎ সাত্ত্বিকং; ফলসংকল্পং (ফলং সংকল্প্যতে যস্মিন্ তৎ) রাজসং, তথা হিংসাপ্রায়াদি হিংসাবহুলং কর্ম্ম তামসম্ এব জ্ঞেয়ম্ ॥২৩

কৈবল্যং দেহাদিব্যতিরিক্তম্ আত্মবিষয়ং জ্ঞানং হি সাত্ত্বিকং; বৈকল্পিকঃ ভেদবিষয়কং যৎ জ্ঞানং, তৎ রাজসং, প্রাকৃতং জ্ঞানং তামসং; মন্নিষ্ঠং পরমাত্মবিষয়কং জ্ঞানং হি নির্গুণং স্মৃতং কথিতম্ ॥২৪

ফলাকাঙ্ক্ষা পরিত্যাগ পূর্ব্বক নিত্য নৈমিত্তিকাদি বর্ণাশ্রমোক্ত কর্ম্মের অনুষ্ঠান দ্বারা যাঁহারা ভগবৎ-স্বরূপ আমারই কেবল আরাধনা করেন, তাঁহাদের সেই কর্ম্মকে সাত্ত্বিক কর্ম্ম নামে অভিহিত করা যায়। যাঁহারা ফলের প্রত্যাশায় কর্ম্ম করেন, তাঁহাদের সেই কর্ম্মকে রাজসিক কর্ম্ম বলে এবং হিংসাদি লোক-পীড়নের উদ্দেশে আচরিত কর্ম্মকে তামসিক নামে অভিহিত করা যায়।২৩

দেহাদি ব্যতিরিক্ত আত্মসাক্ষাৎকাররূপ জ্ঞানকে সাত্ত্বিক জ্ঞান, দেহাদিকে আত্মা বলিয়া উপলব্ধিরূপ জ্ঞানকে রাজসিক এবং জাগতিক পদার্থের জ্ঞান বা তাহাতে মমতার ভাবকে তামসিক জ্ঞাননামে অভিহিত করা যায়। কিন্তু পরমাত্মভাবের অনু-ভূতিকে নির্গুণ জ্ঞাননামে শাস্ত্রকারগণ নির্দ্দেশ

বনং তু সাত্ত্বিকো বাসো গ্রামো রাজস উচ্যতে।
তামসং দ্যূতসদনং মন্নিকেতং তু নির্গুণম্ ॥২৫
সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গী রাগান্ধো রাজসঃ স্মৃতঃ।
তামসঃ স্মৃতিবিভ্রষ্টো নির্গুণো মদপাশ্রয়ঃ ॥২৬
সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্রদ্ধা কর্মশ্রদ্ধা তু রাজসী।
তামস্যধর্মে যা শ্রদ্ধা মৎসেবায়াং তু নির্গুণা ॥২৭

বনং হি সাত্ত্বিকঃ বাসঃ বাসস্থানং, গ্রাম্যঃ বাসঃ রাজসঃ উচ্যতে; দ্যূতসদনং হি তামসং স্থানং, তথা মন্নিকেতং তু নির্গুণং স্মৃতম্ ॥২৫

সাত্ত্বিকঃ কারকঃ কর্ত্তা অসঙ্গী অনাসক্তঃ, রাগান্ধঃ ফলে স্বভিনিবেশবান্ তু রাজসঃ স্মৃতঃ, স্মৃতিবিভ্রষ্টঃ কর্ত্তব্যাকর্ত্তব্য-বিবেকমূঢ়ঃ তু তামসঃ; মদপাশ্রয়ঃ মদেকশরণঃ জনঃ হি নিরহঙ্কারত্বাৎ নির্গুণঃ স্মৃতঃ ॥২৬

আধ্যাত্মিকী অধ্যাত্মশাস্ত্রবিষয়া শ্রদ্ধা সাত্ত্বিকী; কর্ম্মশ্রদ্ধা রাজসী; অধর্ম্মে শ্রদ্ধা হি তামসী; মৎসেবায়াং তু যা শ্রদ্ধা সা নির্গুণা স্মৃতা ॥২৭

করিয়া থাকেন।২৪

অরণ্যই মানবের সাত্ত্বিক বাসস্থান; গ্রাম্য বাসকে রাজসিক বাস বলা যায়; দ্যূতস্থানাদি কুহকপূর্ণ স্থানকে তামসিক বাসস্থান বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে।২৫

বিষয়াসক্তিশূন্য কর্ম্মের কর্ত্তা সাত্ত্বিক, ফলাভিসন্ধি পূর্ব্বক কর্ম্মকর্ত্তা রাজসিক এবং হিতাহিত বিবেকবর্জ্জিত কর্ত্তাকে তামস-নামে অভিহিত করা হয়; কিন্তু যাঁহারা অভিমানে জলাঞ্জলি দিয়া পরমেশ্বরে আত্মসমর্পণ পূর্ব্বক কর্ম্মের অনুষ্ঠান করেন, তাঁহারা গুণাতীত কর্ত্তানামে অভিহিত হইয়া থাকেন।২৬

অধ্যাত্মশাস্ত্রবিষয়ক বিশ্বাসকে সাত্ত্বিকী শ্রদ্ধা, কর্ম্মবিষয়ক বিশ্বাস রাজসী শ্রদ্ধা এবং অভিচারাদি অধর্ম্ম-কর্ম্মে বিশ্বাসের নাম তামসী শ্রদ্ধা। ভগবদা-রাধনার্থ বিশ্বাস কিন্তু গুণাতীত শ্রদ্ধা নামে পরিকীর্ত্তিত হইয়া থাকে।২৭

পথ্যং পূতমনায়স্তমাহার্য্যং সাত্ত্বিকং স্মৃতম্।
রাজসং চেন্দ্রিয়প্রেষ্ঠং তামসং চার্ত্তিদাশুচি ॥২৮
সাত্ত্বিকং সুখমাত্মোত্থং বিষয়োত্থং তু রাজসম্।
তামসং মোহ-দৈন্যোত্থং নির্গুণং মদপাশ্রয়ম্ ॥২৯
দ্রব্যং দেশঃ ফলং কালো জ্ঞানং কর্ম চ কারকঃ।
শ্রদ্ধাবস্থাকৃতির্নিষ্ঠা ত্রৈগুণ্যঃ সর্ব এব হি ॥৩০

পথ্যং হিতং, পূতং শুদ্ধম্, অনায়স্তম্ অনায়াসতঃ প্রাপ্তম্ আহার্য্যং ভক্ষ্যভোজ্যাদি সাত্ত্বিকং স্মৃতম্, ইন্দ্রিয়প্রেষ্ঠম্ (ইন্দ্রিয়াণাং প্রেষ্ঠং ভোগকালে সুখদং কট্বম্লাদি) রাজসং স্মৃতম্; আর্ত্তিদাশুচি (আর্ত্তিদং রোগকারকম্, অশুচি অপবিত্রম্ অন্নং) হি তামসং স্মৃতম্ ॥২৮

আত্মোত্থম্ আত্মানুভাবজন্যং সুখং সাত্ত্বিকং স্মৃতম্; বিষয়োত্থং বিষয়ানুভবজন্যং সুখং তু রাজসং তথা মোহদৈন্যোত্থং (মোহেন মাদকবস্তুপ্রযুক্তবৈচিত্ত্যেন) জাতং তথা পুত্র-কলত্রাদ্যপচ্ছন্দেন জাতং সুখং হি তামসং স্মৃতম্। মদপাশ্রয়ং মদ্ধ্যানাদ্যুত্থং সুখং তু নির্গুণং জ্ঞেয়ম্ ॥২৯

পবিত্র হিতকর এবং অনায়াস-লভ্য ভোজন-সামগ্রীকেই সাত্ত্বিক-ভোজননামে অভিহিত করা যায়; কেবল ইন্দ্রিয়ের তৃপ্তিকর বিবেচনায় যে দ্রব্য সামগ্রী ভোজন করা হয়, তাহাকে রাজসিক আহার বলে এবং যে সকল কুৎসিত অপবিত্র সামগ্রী ভোজন করিলে শরীরে ব্যাধির উৎপত্তি হয়, তাহাকে তামসিক ভোজন বলিয়া ঋষিগণ নির্ব্বাচন করিয়াছেন।২৮

আত্মানুচিন্তনে যে তৃপ্তির উদয় হয়, তাহাকে সাত্ত্বিক সুখ বলে; বিষয়সম্ভোগে উৎপন্ন তৃপ্তিকে রাজসিক এবং মোহ বা দীনভাব হইতে সমুৎপন্ন সুখ তামসিক নামে অভিহিত হইয়া থাকে। কিন্তু ঈশ্বরচিন্তায় যে সুখ সমুৎপন্ন হয়, তাহাতে গুণের কোন সংস্রব নাই।২৯

সর্বে গুণময়া ভাবাঃ পুরুষাব্যক্তধিষ্ঠিতাঃ।
দৃষ্টং শ্রুতমনুধ্যাতং বুদ্ধ্যা বা পুরুষর্ষভ ॥৩১

এতাঃ সংসৃতয়ঃ পুংসো গুণকর্মনিবন্ধনাঃ।
যেনেমে নির্জিতাঃ সৌম্য মদ্ভাবায় প্রপদ্যতে ॥৩২

দ্রব্যং পথ্যপূতাদি দেশো বনগ্রামাদি, ফলং সাত্ত্বিকং সুখং, কালঃ (যদা ইতরৌ জয়েৎ সত্ত্বং ইত্যাদিনা যঃ অর্থাদুক্তঃ) জ্ঞানং সাত্ত্বিকং কৈবল্যং জ্ঞানং; কর্ম মদর্পণমিতি; কারকঃ সাত্ত্বিকঃ কর্তা, শ্রদ্ধা সাত্ত্বিকী অধ্যাত্মিকী; অবস্থা সত্ত্বাজ্জাগরণম ইতি, আকৃতিঃ (উপর্য্যুপরি গচ্ছন্তি ইত্যাদিনা দেবত্বাদিঃ), নিষ্ঠা স্বর্গাদিঃ, এবং সর্বাঃ অপি অয়ং ভাব ত্রৈগুণ্যঃ ত্রিগুণাত্মক: এব হি ॥৩০

হে পুরুষর্ষভ! (চক্ষুষা) দৃষ্টং, (শ্রোত্রেণ) শ্রুতং, বুদ্ধ্যা অনুধ্যাতং চ সর্ব্বে এব পুরুষাব্যক্তধিষ্ঠিতাঃ (পুরুষাব্যক্তাভ্যাং ধিষ্ঠিতাঃ অধিষ্ঠিতাঃ) ভাবাঃ পদার্থাঃ গুণময়াঃ গুণকার্য্যভূতাঃ এব ॥৩১

এতদর্থে দ্রব্য, দেশ, ফল, কাল, জ্ঞান কর্ম, কর্ত্তা, শ্রদ্ধা, অবস্থা, আকৃতি অর্থাৎ উত্তরোত্তর ঊর্দ্ধগতি বা স্বর্গাদি প্রাপ্তির বিষয় জীবসম্বন্ধে যে কোন পদার্থ বা ভাবের ব্যাপার বর্ণন করিলাম, সকলই গুণত্রয়ের অধীন এবং জীবের পক্ষে সংসারপ্রদ সন্দেহ নাই।৩০

হে পুরুষশ্রেষ্ঠ উদ্ধব! এতদ্ব্যতীত প্রকৃতি এবং পুরুষে অধিষ্ঠিত যে কোন ভাব বা পদার্থ জগৎ জগতে দেখা যায়, শুনা যায় বা বুদ্ধির দ্বারা বিবেচনা করা যায়, সে সমস্তই গুণত্রয়নিষ্ঠ মায়াময় বলিয়াই অবধারণ করিতে হইবে।৩১

হে উদ্ধব! পুরুষের গুণকর্মসমুদ্ভূত যাবতীয় সংসারপথই আমি তোমার নিকট বর্ণন করিলাম। যে ব্যক্তি বিশেষ নিষ্ঠার অনুশীলনে হৃদয়-জাত যাবতীয় গুণবৃত্তিসমূহকে স্বীয় অধিকারে আনয়ন

তস্মাদ্ দেহমিমং লব্ধ্বা জ্ঞান-বিজ্ঞানসম্ভবম্।
গুণসঙ্গং বিনির্ধূয় মাং ভজন্তু বিচক্ষণাঃ ॥৩৩

নিঃসঙ্গো মাং ভজেদ্ বিদ্বানপ্রমত্তো জিতেন্দ্রিয়ঃ।
রজস্তমশ্চাভিজয়েৎ সত্ত্বসংসেবয়া মুনিঃ ॥৩৪

পুংসঃ গুণকর্ম্মনিবন্ধনাঃ এতাঃ সংসৃতয়ঃ দেবমনুষ্যাদিযোনয়ঃ, হে সৌম্য! যেন জীবেন ইমে চিত্তজাঃ গুণাঃ নির্জ্জিতাঃ, সঃ ভক্তিযোগেন নির্জিতঃ মদ্ধ্যানপরঃ সন্ মদ্ভাবায় মোক্ষায় উপপদ্যতে যোগ্যো ভবতি ॥৩২

তস্মাৎ জ্ঞানবিজ্ঞানসম্ভবম্ (জ্ঞানবিজ্ঞানয়োঃ সম্ভবঃ যস্মিন্ তম্) ইমং মানুষং দেহং লব্ধ্বা গুণসঙ্গং বিনির্ধূয় ত্যক্ত্বা, বিচক্ষণাঃ বিবেকিনঃ মাং ভজন্তু ভক্তিং কুর্ব্বন্তু ॥৩৩

বিদ্বান্ বিবেকী, অপ্রমত্তঃ সাবধানঃ, নিঃসঙ্গঃ বিষয়াসক্তিরহিতঃ, জিতেন্দ্রিয়ঃ, মুনিঃ মননশীলঃ জনঃ মাং ভজেৎ, তথা সত্ত্বসংসেবয়া রজঃ তমশ্চ অভিজয়েৎ ॥৩৪

করিতে পারেন, তিনি ভগবানে অনুপমা ভক্তিলাভে জ্ঞানের চরম ফল মোক্ষপদবীতে আরোহণ করেন।৩২

হে উদ্ধব! শাস্ত্রীয় জ্ঞান এবং পরমাত্ম-সাক্ষাৎকার-রূপ বিজ্ঞানলাভের একান্ত আশ্রয় এই অপূর্ব্ব নরযোনি লাভ করিয়া, বৃথায় কালাতিপাত করিও না। বুদ্ধিমান্ ব্যক্তিগণের পক্ষে এতাদৃশ মানবযোনিলাভে গুণসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক আমার ভজনা করাই সর্ব্বতোভাবে বিধেয়।৩৩

জ্ঞানবিজ্ঞানসম্পন্ন মেধাবী ব্যক্তিগণ অপ্রমত্ত-ভাবে ইন্দ্রিয়গ্রামের নিগ্রহ করত, বিষয়াসক্তি বিসর্জ্জনে পরমাত্মস্বরূপ আমারই আরাধনা করিয়া থাকেন এবং মননাদির সহায়ে সত্ত্বগুণে পরি-নিষ্ঠিত থাকিয়া অবলীলাক্রমে রজঃ ও তমোগুণকে জয় করিয়া থাকেন।৩৪

সত্ত্বং চাভিজয়েদ্ যুক্তো নৈরপেক্ষ্যেণ শান্তধীঃ।
সম্পদ্যতে গুণৈর্ম্মুক্তো জীবো জীবং বিহায় মাম্ ॥৩৫
জীবো জীববিনির্ম্মুক্তো গুণৈশ্চাশয়সম্ভবৈঃ।
ময়ৈব ব্রহ্মণা পূর্ণো ন বহির্নান্তরশ্চরেৎ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে
পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫

নৈরপেক্ষ্যেণ উপশমাত্মকেন সত্ত্বেন সত্ত্বং চ অভিজয়েৎ; ততঃ শান্তধীঃ গুণৈঃ মুক্তঃ অতএব জীবং লিঙ্গশরীরং বিহায় জীবঃ মাং সম্পদ্যতে প্রাপ্নোতি ॥৩৫

জীবেন লিঙ্গশরীরেণ উপাধিনা তথা আশয়সম্ভবৈঃ (আশয়ঃ চিত্তং তত্র সম্ভবঃ প্রাদুর্ভাবঃ যেষাং তৈঃ) গুণৈঃ চ নির্ম্মুক্তঃ জীবঃ ব্রহ্মণা পূর্ণানন্দেন ময়া পূর্ণঃ ব্যাপ্তঃ, সন্ বহিঃ (বিষয়-ভোগেন) আন্তরং (তৎস্মরণেন) ন চরেৎ জীবন্মুক্তো ভবতি ॥৩৬

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে একাদশস্কন্ধে
পঞ্চবিংশঃ অধ্যায়ঃ।

উপশমাত্মক সত্ত্বগুণের প্রশান্ত প্রবাহে শান্তচিত্ত যোগীর হৃদয়ে সত্ত্বগুণের ক্রিয়াও নিবৃত্ত হইয়া যায়; তখন জীবোপাধি লিঙ্গশরীরের পরিত্যাগে গুণসঙ্গ হইতে নির্ম্মুক্ত জীব ভগবৎস্বরূপ আমাকেই প্রাপ্ত হইয়া থাকেন।৩৫

এই প্রকারে লিঙ্গদেহ হইতে বিনির্ম্মুক্ত জীব চিত্তজাত বাসনার কুহক হইতে নিষ্কৃতি লাভ করিলে, পূর্ণানন্দ ব্রহ্মস্বরূপেই নির্বৃতি লাভ করেন। তৎকালে বাহিরের বিষয়সমূহ এবং অন্তরের সংস্কার-জাল আর তাঁহার চিত্তকে আকর্ষণ করিতে পারে না; তিনি সংসার-স্রোতের পরপারে উপনীত হয়েন।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের
একাদশ-স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশঃ অধ্যায়ঃ।

[ঐলোপাখ্যানম্।]

শ্রীভগবানুবাচ

মল্লক্ষণমিমং কায়ং লব্ধা মদ্ধর্ম্ম আস্থিতঃ।
আনন্দং পরমাত্মানমাত্মস্থং সমুপৈতি মাম্ ॥১

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ। মল্লক্ষণং (মল্লক্ষণম্ মৎস্বরূপং লক্ষ্যতে যেন তম্) ইমং কায়ং নরদেহং লব্ধা মদ্ধর্মে মদারাধনে ভক্তিযোগে আস্থিতঃ সন্ আত্মস্থং (আত্মনি এব নিয়ন্তৃত্বেন স্থিতং) পরমাত্মানম্ আনন্দম্ আনন্দরূপং মাং সমুপৈতি

ষড়্‌বিংশ অধ্যায়।

[ঐল উপাখ্যান।]

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে উদ্ধব! মদীয় পরমানন্দস্বরূপ ভগবদ্ভাব যে নরকলেবরে স্পষ্টতঃ লক্ষিত হইতে পারে, সেই মানবদেহ প্রাপ্ত হইয়া যে জন ভক্তি ও শ্রদ্ধা-সহকারে সেই নিত্যানন্দস্বরূপ সর্ব্বান্তর্যামী পরমাত্মাতে চিত্ত সন্নিবিষ্ট করিতে পারেন, তিনি সেই পরমাত্মস্বরূপকেই

গুণময্যা জীবযোন্যা বিমুক্তো জ্ঞাননিষ্ঠয়া।
গুণেষু মায়ামাত্রেষু দৃশ্যমানেষ্ববস্তুতঃ।
বর্ত্তমানোঽপি ন পুমান্ যুজ্যতেঽবস্তুভির্গুণৈঃ ॥২

সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং কচিৎ।
তস্যানুগতস্তমস্যন্ধে পতত্যন্ধানুগান্ধবৎ ॥৩

ঐলঃ সম্রাড়িমাং গাথামগায়ত বৃহচ্ছ্রবাঃ
উর্বশীবিরহান্মুহ্যন্ নির্বিণ্ণঃ শোকসংযমে ॥৪

ত্যক্ত্বাত্মানং ব্রজন্তীং তাং নগ্ন উন্মত্তবন্নৃপঃ।
বিলপন্নন্বগাজ্জায়ে ঘোরে তিষ্ঠেতি বিক্লবঃ ॥৫

কামানতৃপ্তোঽনুজুষন্ ক্ষুল্লকান্ বর্ষযামিনীঃ।
ন বেদ যান্তীর্নায়ান্তীরুর্বশ্যাকৃষ্টচেতনঃ ॥৬

সম্যক্ আপ্নোতি ॥১

গুণময্যা জীবযোন্যা উপাধিভূতয়া প্রকৃত্যা বিমুক্তঃ, গুণেষু দেহাদিসঙ্ঘাতেষু বর্ত্তমানঃ অপি জীবঃ পুমান্ মায়ামাত্রেষু প্রকৃতিকার্য্যেষু দৃশ্যমানেষু জ্ঞাননিষ্ঠয়া অবস্তুতঃ অবস্তুত্বেন বুদ্ধ্বা অবস্তুভিঃ (বস্তুঃ আত্মা তদ্ব্যতিরিক্তৈঃ গুণৈঃ) ন যুজ্যতে আসক্তঃ ন ভবতি ॥২

শিশ্নোদরতৃপাম্ (শিশ্নোদরে তর্পয়ন্তি যে তে শিশ্নোদরতৃপঃ তেষাম্) অসতাং সঙ্গং কচিৎ কদাচিৎ অপি ন কুর্য্যাৎ, (যতঃ একস্যাপি) তস্য অসতঃ অনুগঃ অনুবর্ত্তী জনঃ অন্ধানুগান্ধবৎ (অন্ধম্ অনুগচ্ছতি যোঽন্ধস্তদ্বৎ) অন্ধে ঘোরে তমসি নরকে পততি ॥৩

বৃহচ্ছ্রবাঃ বিপুলকীর্ত্তিঃ, সম্রাট্ রাজচক্রবর্ত্তী ঐলঃ পুরূরবাঃ উর্বশীবিরহাৎ মুহ্যন্ মুহ্যমানঃ পুনঃ শোকসংযমে শোকাপগমে নির্বিণ্ণঃ বিবেকী সন্ ইমাং গাথাম্ অগায়ত ॥৪

(শয্যায়াম্) আত্মানং ত্যক্ত্বা ব্রজন্তীং তাম্ উর্বশীং বিহ্বলঃ ব্যাকুলঃ উন্মত্তবৎ নগ্নঃ নৃপঃ হে জায়ে। হে ঘোরে ভয়ঙ্করে। তিষ্ঠ। তিষ্ঠ। ইতি বিলপন্ অন্বগাৎ ॥৫

উর্বশ্যা আকৃষ্টচেতনঃ (আকৃষ্টা চেতনা বিবেকঃ যস্য সঃ) ঐলঃ তয়া সহ ক্ষুল্লকান্ তুচ্ছান্ অপি কামান্ অনু জুষন্ সেবমানঃ অপি অতৃপ্তঃ বর্ষযামিনীঃ (বর্ষাণাং যামিনীঃ রাত্রীঃ) যান্তীঃ অপযান্তীঃ আয়ান্তীঃ আগামিনীঃ চ ন বেদ ॥৬

আশ্রয়রূপে প্রাপ্ত হইয়া থাকেন।১

জীবের উপাধিভূত গুণময়ী মায়ার কুহক হইতে তিনি নিষ্কৃতি লাভ করেন এবং দেহাদি প্রাকৃতিক তত্ত্বগ্রামে বিদ্যমান থাকিয়াও জীবস্বরূপ পুরুষজ্ঞানের অনুশীলনে দৃশ্যমান প্রাকৃতিক কার্য্যবর্গকে মায়াময় অবস্তু বলিয়াই স্থির করিয়া থাকেন; সুতরাং আত্মাতিরিক্ত যাবতীয় কোন গুণেই আর তিনি আসক্ত হন না।২

শিশ্নোদর-পরায়ণ অসৎ ব্যক্তিগণের সহিত সংসর্গ করা কদাচ বিধেয় নহে। কারণ তাদৃশ দুষ্ট বহু লোকের কথা দূরে থাকুক, তাদৃশ একজন অসৎ লোকের সঙ্গ করিলেও অন্ধনির্দ্দিষ্ট পথে দ্বিতীয় অন্ধের দুরবস্থার ন্যায় অসদনুবর্ত্তী ব্যক্তিকে ঘোর অজ্ঞানপূর্ণ নরকার্ণবে নিপতিত হইতে হয়।৩

বিপুলকীর্ত্তি রাজচক্রবর্ত্তী পুরূরবা উর্বশীর বিরহে মোহিতপ্রায় হইলেন; পরে উক্ত অপ্সরাকে পুনঃপ্রাপ্ত হইলে, তাঁহার শোক-নিবারণ হইল; তখন তিনি শোকাপগমে শান্ত হইয়া, বিরহকালীন দুঃখ ও সম্ভোগে অতৃপ্তি স্মরণ করত নিম্নলিখিত বিবেকপূর্ণ উক্তির প্রয়োগ করিয়াছিলেন।৪

উর্বশী যখন মহারাজ ঐলকে পরিত্যাগ করিয়া শয্যা হইতে গাত্রোত্থান পূর্ব্বক প্রস্থান করিতেছিলেন, তখন উর্বশীর বিরহে পুরূরবা বিহ্বল হইয়া উন্মত্তের ন্যায় উলঙ্গবেশে, 'হে পত্নি! হে কঠোরহৃদয়ে! আমাকে পরিত্যাগ করিয়া প্রস্থান করিও না! দাঁড়াও! দাঁড়াও!" এই বলিয়া বিলাপ করত উর্বশীর পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়াছিলেন।৫

পরে গন্ধর্ব্বলোকে উভয়ের পুনরায় মিলন ঘটিলে, মহারাজ ঐল বহুকাল সঙ্গসুখ উপভোগ করিলেও তাঁহার চিত্ত শান্ত হয় নাই। উর্বশীর প্রেমে রাজার চিত্ত এতই আকৃষ্ট হইয়াছিল যে,

ঐল উবাচ।

অহো মে মোহবিস্তারঃ কামকশ্মলচেতসঃ।
দেব্যা গৃহীতকণ্ঠস্য নায়ুঃখণ্ডা ইমে স্মৃতাঃ ॥৭

নাহং বেদাভিনির্ম্মুক্তঃ সূর্য্যো বাভ্যুদিতোঽমুয়া।
মুষিতো বর্ষপূগানাং বতাহানি গতান্যুত ॥৮

অহো মে আত্মসম্মোহো যেনাত্মা যোষিতাং কৃতঃ।
ক্রীড়ামৃগশ্চক্রবর্ত্তী নরদেবশিখামণিঃ ॥৯

সপরিচ্ছদমাত্মানং হিত্বা তৃণমিবেশ্বরম্।
যান্তীং স্ত্রিয়ং চান্বগমং নগ্ন উন্মত্তবদ্ রুদন্ ॥১০

কুতস্তস্যানুভাবঃ স্যাৎ তেজ ঈশত্বমেব বা।
যোঽন্বগচ্ছং স্ত্রিয়ং যান্তীং খরবৎ পাদতাড়িতঃ ॥১১

কিং বিদ্যয়া কিং তপসা কিং ত্যাগেন শ্রুতেন বা।
কিং বিবিক্তেন মৌনেন স্ত্রীভির্যস্য মনো হৃতম্ ॥১২

ঐলঃ উবাচ। কামকশ্মলচেতসঃ (কামেন কশ্মলং ক্ষুভিতং চেতঃ যস্য তস্য) মে মোহবিস্তারঃ অহো। অনির্ব্বচনীয়ঃ। যতঃ দেব্যা উর্ব্বশ্যা গৃহীতকণ্ঠস্য মম ইমে আয়ুষঃ খণ্ডাঃ অহোরাত্ররূপাঃ ন স্মৃতাঃ ॥৭

অমুয়া উর্ব্বশ্যা মুষিতঃ মোহিতঃ অহং অভিনির্ম্মুক্তঃ অস্তগতঃ, অভ্যুদিতঃ বা সূর্য্যঃ ইতি বা ন বেদ। তথা বর্ষপূগানাং বর্ষসমূহানাং গতানি অহানি উত ন বেদ ॥৮

অহো। মে মম আত্মসম্মোহঃ। যেন মোহেন নরদেবশিখামণিঃ (নরদেবানাং শিখামণিঃ সর্ব্বোত্তমঃ) চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ অপি অহং যোষিতাং ক্রীড়ামৃগঃ বানরঃ ইব আত্মা কৃতঃ ॥৯

সপরিচ্ছদং রাজ্যাদিসহিতম্, ঈশ্বরং রাজচক্রবর্ত্তিনম্, আত্মানং মাং তৃণম্ ইব ত্যক্ত্বা যান্তীম্ অপি স্ত্রিয়ম্ অহম্ উন্মত্তবৎ নগ্নঃ এব রুদন্ অন্বগমম্ ॥১০

খরবৎ পাদতাড়িতঃ (পাদেন তিরস্কৃতঃ) যঃ অহং মাং ত্যক্ত্বা যান্তীং স্ত্রিয়ম্ অন্বগচ্ছং, তস্য মম অনুভাবঃ মাহাত্ম্যং, তেজঃ পরিভবসামর্থ্যম্, ঈশিত্বং জগৎস্বামিত্বং বা কুতঃ এব স্যাৎ ॥১১

যস্য মনঃ স্ত্রীভিঃ হৃতং, তস্য বিদ্যয়া দেবতোপাসনয়া কিং? তপসা উপবাসাদিক্লেশসহনেন কিং? ত্যাগেন দানেন, শ্রুতেন অধ্যয়নাদিনা বা কিং? বিবিক্তেন একান্তবাসেন, মৌনেন বা কিং ফলং স্যাৎ ॥১২

অতি তুচ্ছ ইন্দ্রিয়সুখে কত দিবা কত রাত্রি এবং কত যে সংবৎসর আসিল বা অতিবাহিত হইল, তিনি তাহার কোন সংবাদই রাখেন নাই; নিদ্রিতের ন্যায় কামভোগেই জীবন অতিবাহিত করিয়াছিলেন।৬

পরে বিবেকের উদয়ে তিনি মনে মনে আপনাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, অহো! কামকুলিত-চিত্ত বিবেকান্ধ আমার কিরূপ অনির্ব্বচনীয় মোহেরই বিস্তার হইয়াছিল। আমি সেই স্বর্গবেশ্যার কণ্ঠধারণ করিয়া দুর্ল্লভ জীবনের এত অধিককাল অজ্ঞাতের ন্যায় নিরর্থক অতিবাহিত করিয়াছি।।৭

উর্ব্বশীর প্রেমে আমি এতই মোহিত ছিলাম যে, দিবাকর উদিত হইতেন কি না এবং অস্ত যাইতেন কি না,—এ বিষয়েও অবগত ছিলাম না। এই প্রকারে যত দিবস এবং কত সংবৎসর যে অতিবাহিত হইয়াছিল, তাহার কোন সংবাদই আমি রাখি নাই।৮

অহো। আমার কি ভীষণ আত্মভ্রমই উপস্থিত হইয়াছে। এই মোহের প্রভাবে আমি রাজন্যগণের সর্ব্বশ্রেষ্ঠ রাজচক্রবর্ত্তীর আসনে সার্ব্বভৌমরূপে প্রথিত হইয়াও, কামিনীর ক্রীড়াপ্রদ একটী বানররূপে আপনাকে প্রস্তুত করিয়াছি।।৯

রাজ্যৈশ্বর্য্যের সহিত স্বকীয় রাজচক্রবর্ত্তী ভাবকে তৃণের ন্যায় তুচ্ছ করিয়া, আমি রোদন করিতে করিতে উন্মত্তের ন্যায় উলঙ্গবেশে একটি কামিনীর পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়াছি।।১০

গর্দ্দভীর অনুসরণে পাদতাড়িত গর্দ্দভের ন্যায় উর্ব্বশী কর্ত্তৃক তিরস্কৃত হইয়াও আমি তাহার পশ্চাদ্ধাবনে যখন বিরত হই নাই, তখন আমার

স্বার্থস্যাকোবিদং ধিঙ্ মাং মূর্খং পণ্ডিতমানিনম্।
যোঽহমীশ্বরতাং প্রাপ্য স্ত্রীভির্গো-খরবজ্জিতঃ ॥১৩
সেবতো বর্ষপূগান্ মে উর্ব্বশ্যা অধরাসবম্।
ন তৃপ্যত্যাত্মভূঃ কামো বহ্নিরাহুতিভির্যথা ॥১৪
পুংশ্চল্যাপহৃতং চিত্তং কো ন্বন্যো মোচিতুং ক্ষমঃ।
আত্মারামেশ্বরমৃতে ভগবন্তমধোক্ষজম্ ॥১৫
বোধিতস্যাপি দেব্যা মে সূক্তবাক্যেন দুর্মতেঃ।
মনোগতো মহামোহো নাপযাত্যজিতাত্মনঃ ॥১৬
কিমেতয়া নোঽপকৃতং রজ্জ্বা বা সর্পচেতসঃ।
দ্রষ্টুঃ স্বরূপাবিদুষো যোঽহং যদজিতেন্দ্রিয়ঃ ॥১৭
ক্বায়ং মলীমসঃ কায়ো দৌর্গন্ধ্যাদ্যাত্মকোঽশুচিঃ।
ক্ব গুণাঃ সৌমনস্যাদ্যা হ্যধ্যাসোঽবিদ্যয়া কৃতঃ ॥১৮

ঈশ্বরতাং প্রাপ্য অপি গোখরবৎ যঃ অহং স্ত্রীভিঃ জিতঃ তিরস্কারপূর্ব্বকং বশীকৃতঃ তং, স্বার্থস্য শ্রেয়সঃ, অকোবিদম্ অজ্ঞাতারং, পণ্ডিতমানিনং মূর্খং মাং ধিক্ ॥১৩

আহুতিভিঃ বহ্নিঃ যথা ন শাম্যতি প্রত্যুত বর্দ্ধতে, তথা উর্ব্বশ্যাঃ অধরাসবং বর্ষপূগান্ সেবতঃ সেবমানস্য মে মম আত্মভূঃ মনসিজঃ কামঃ ন তৃপ্যতি ॥১৪

পুংশ্চলা অপহৃতং চিত্তং মোচিতুং মোচয়িতুম্ আত্মারামেশ্বরম্ ভগবন্তম্ ঋতে বিনা কঃ অন্যু অন্যঃ ক্ষমঃ সমর্থঃ ॥১৫

দেব্যা উর্ব্বশ্যাঃ, ("পুরূরবো মা মৃথা" ইত্যাদিনা) সূক্তবাক্যেন যথার্থবচনেন বোধিতস্য অজিতাত্মনঃ দুর্ম্মতেঃ মে মম মনোগতঃ মহামোহঃ ন অপযাতি ॥১৬

যতঃ যথা রজ্জুস্বরূপাবিদুষঃ রজ্জুদ্রষ্টুঃ পুংসঃ তস্যাং সর্পকল্পনয়া বিদ্যতোঽপি রজ্জ্বা সর্পচেতসঃ কিম্ অপি ন অপকৃতম্, অতঃ যৎ যস্মাৎ যঃ অহম্ অজিতেন্দ্রিয়ঃ স্বরূপাবিদুষঃ দ্রষ্টুঃ নঃ অস্মাকং কামিনাম্ এতয়া উর্ব্বশ্যা কিম্ অপকৃতম্? ন কিঞ্চিদিত্যর্থঃ ॥১৭

মলীমসঃ অতিমলিনঃ, দৌর্গন্ধ্যাদ্যাত্মকঃ অতিদুর্গন্ধবিশিষ্টঃ, অশুচিঃ (স্ত্রিয়াঃ) কায়ঃ ক্ব। তস্মিন্ সৌমনস্যাদ্যাঃ (সুমনসাং পুষ্পাণামিব গন্ধ-শুচিত্ব-সৌকুমার্য্যাদ্যাঃ গুণাঃ চ ক্ব? অতঃ হি নিশ্চিতম্ অবিদ্যয়া কৃতঃ অধ্যাসঃ আরোপঃ এব সর্ব্বঃ ॥১৮

মাহাত্ম্য, তেজঃ বা জগতের উপর প্রভুত্ব করিবার সামর্থ্য কোথায়।।১১

যে ব্যক্তির মন সামান্য কামিনী কর্ত্তৃক অভিভূত হয়, তাহার পক্ষে দেবতার আরাধনা, উপবাসাদি ক্লেশসহনে তপস্যা, দান, অধ্যয়ন, নির্জ্জন-বাস বা মৌনাদি ব্রতের অবলম্বনে কি ফল সাধিত হইতে পারে?।১২

এই সংসারে সর্ব্বোপরি প্রভুত্ব প্রাপ্ত হইয়াও যখন আমি ষণ্ড বা খরের ন্যায় নারীর প্রেমে তিরস্কৃত হইয়াও বশীভূত হইয়াছি, তখন প্রকৃত শ্রেয়োলাভে অনভিজ্ঞ পণ্ডিতাভিমানী আমার ন্যায় মূর্খকে ধিক্।১৩

ঘৃতযুক্ত অনন্ত সমিধের আহুতিতে যেমন হুতাশন কখন উপশমিত-বেগ হন না, বরং উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইয়া থাকেন, সেইরূপ উর্ব্বশীর অধর-সুধা বহুসংখ্যক বৎসর পান করিয়াও আমার মনসিজ কাম কিছুমাত্র নিবৃত্ত না হইয়া বরং উত্তরোত্তর বৃদ্ধিই প্রাপ্ত হইয়াছে।১৪

পুংশ্চলী (বেশ্যা) কর্ত্তৃক অপহৃত মদীয় চিত্তকে পুনঃ প্রতিষ্ঠিত করিতে সেই আত্মারামগণের ঈশ্বর ভগবান্ অধোক্ষজ ব্যতীত অন্য কাহাকেও সমর্থ বলিয়া অনুভূত হয় না।১৫

কি আশ্চর্য্য। দেবী উর্ব্বশী বিবিধ যুক্তিযুক্ত বাক্যে আমাকে প্রবোধিত করিলেও আমি এতই নির্ব্বোধ ও অস্থির-প্রকৃতি যে, আমার মনোগত মহামোহ কিছুতেই নিবারিত হয় নাই।১৬

কিন্তু প্রকৃতপ্রস্তাবে আমার ন্যায় আত্মস্বরূপ-দর্শনে অনভিজ্ঞ ব্যক্তির পক্ষে এই উর্ব্বশীর দ্বারা কোন বিশেষ অনিষ্ট সাধিত হয় নাই। কারণ সর্পস্বরূপে অনভিজ্ঞ ব্যক্তি একটী রজ্জু দর্শনে তাহাতে সর্পের আরোপ করত যদি ভীত ও পদস্খলিত হইয়া আঘাত প্রাপ্ত হয়, তজ্জন্য রজ্জুর উপর দোষারোপ করা অবিধেয়; সেইরূপ আমি নিজে আত্মজ্ঞান-বিহীন অজিতেন্দ্রিয় হওয়ায় উর্ব্বশীর উপলক্ষে

পিত্রোঃ কিং স্বং নু ভার্য্যায়াঃ
স্বামিনোঽগ্নেঃ শ্বগৃধ্রয়োঃ।
কিমাত্মনঃ কিং সুহৃদামিতি যো নাবসীয়তে ॥১৯
তস্মিন্ কলেবরেঽমেধ্যে তুচ্ছনিষ্ঠে বিষজ্জতে।
অহো সুভদ্রং সুনসং সুস্মিতং চ মুখং স্ত্রিয়াঃ ॥২০

অয়ং কায়ঃ কিং পিত্রোঃ স্বং ধনং (জনকত্বাৎ), ভার্য্যায়াঃ নু (ভোগপ্রদত্বাৎ), স্বামিনঃ (তৎ পোষ্যত্বাৎ), অগ্নেঃ বা (অন্ত্যেষ্ট্যাং তদাহুতিত্বাৎ), শ্বগৃধ্রয়োঃ (ভক্ষ্যত্বাৎ), কিম্ আত্মনঃ (তৎকৃতশুভাশুভভাগিত্বাৎ), সুহৃদাং (তদুপকারিত্বাৎ) ইতি এবং যঃ ন অবসীয়েত নিশ্চীয়তে ?১৯

তস্মিন্ অমেধ্যে তুচ্ছনিষ্ঠে (তুচ্ছা কৃমিবিট্ভস্মলক্ষণা নিষ্ঠা অন্তঃ যস্য তস্মিন্) স্ত্রিয়াঃ কলেবরে অহো। সুভদ্রং সুখকরং, সুনসং শোভননাসিকং, সুস্মিতং (সুষ্ঠুস্মিতং যস্মিন্ তথাভূতং) স্ত্রিয়ামুখম্! ইতি মোহেন পুমান্ বিসজ্জতে ॥২০

পদস্খলিত হইয়াছি বটে; প্রকৃত প্রস্তাবে ইহাতে আমার দোষ ব্যতীত উৰ্ব্বশীকে অপরাধী করা অসঙ্গত।১৭

অতিমলিন দুর্গন্ধাদিবিশিষ্ট অশুচি নারীর কলেবর কোথায়। আর তাহাতে পুষ্পসমূহের স্থায় সুগন্ধি, বিশুদ্ধি এবং সুকুমারাদি সুন্দর গুণ-গ্রামই বা কোথায়। অতএব এ সমস্তই এক অবিদ্যার প্রভাবে ঘটিয়া থাকে।১৮

অতএব এই দেহটী যে কাহার সম্পত্তি, তাহা নিরূপণ করা প্রয়োজন। অর্থাৎ ইহা কি জন্মদাতা জনকজননীর ধন বা ভোগপ্রদ বলিয়া ভার্য্যার সম্পত্তি, কিংবাপোষণকর্ত্তা প্রভুর বা অন্তে আহুতি-রূপে গ্রহণ করেন বলিয়া দেহ বহ্নিরই ধন, কিংবা কুকুর ও শকুনে ভোজন করে, অতএব দেহ তাহাদেরই সম্পত্তি; অথবা দেহকৃত শুভাশুভ আত্মা জীব দেহস্থ হইয়া ভোগ করেন, সুতরাং ইহা আত্মারই ধন, অথবা উপকারী সুহৃদের সম্পত্তি, এই প্রকারে দেহ যে কাহার সম্পত্তি, তাহা যে নিরূপণ করিতে না পারে—।১৯

ত্বঙ্-মাংস-রুধির-স্নায়ু-মেদো-মজ্জাস্থিসংহতৌ।
বিণ্মূত্রপূয়ে রমতাং কৃমীণাং কিয়দন্তরম্ ॥২১
অথাপি নোপসজ্জেত স্ত্রীষু স্ত্রৈণেষু চার্থবিৎ।
বিষয়েন্দ্রিয়সংযোগান্মনঃ ক্ষুভ্যতি নান্যথা ॥২২

ত্বঙ্মাংসরুধিরস্নায়ুমেদোমজ্জাস্থিসংহতৌ (ত্বগাদীনাং সপ্তধাতূনাং সংহতৌ সংঘাতে) রমতাং পুরুষাণাং বিণ্মূত্রপূয়ে (মূত্রাদিসংহতৌ) রমতাং কৃমীণাং বা কিয়ং অন্তরম্? ন কিয়ান্ অপি ভেদঃ ॥২১

অতঃ যস্মাৎ বিষয়েন্দ্রিয়সংযোগাৎ এব মনঃ ক্ষুভ্যতি অন্যথা ন ক্ষুভ্যতি, অথাপি তস্মাৎ কদাপি অর্থবিদ বিবেকী স্ত্রীষু স্ত্রৈণেষু স্ত্রীবশ্যেষু, ন উপসজ্জেত ॥২২

সেই ব্যক্তিই এই নিকৃষ্ট কৃমি, বিষ্ঠা বা ভস্ম-পরিণামী কামিনীর কলেবরে অহো! কি সুন্দর নাসিকাবিশিষ্ট মৃদুমধুর মনোহর নারীর বদনকমল! বলিয়া মোহ-সাগরে নিপতিত হয়।২০

ত্বক্, মাংস, রুধির, স্নায়ু, মেদ, অস্থি ও মজ্জা এই সপ্তধাতুর মিলনে সমুৎপন্ন অথচ বিষ্ঠা ও মূত্রের আধারস্বরূপে বিদ্যমান এই দেহে রমণ করিয়া মানব যদি নিজের তৃপ্তিসাধন করে, তবে বিষ্ঠাভোজী কৃমির সহিত তাহার পার্থক্য কি? উভয় সম্বন্ধে মানব ও কৃমি উভয়ের প্রবৃত্তি ও ভোগকে তুল্যরূপেই প্রতীত করা যায়।২১

বিষয়ের সহিত ইন্দ্রিয়বর্গের মিলন না হইলে জীবের মন কখন ক্ষুব্ধ বা উত্তেজিত হয় না। যে কোন উত্তেজনা মনোমধ্যে উদয় হয়, বিষয়ের সহিত ইন্দ্রিয়বর্গের সমাগমই তাহার প্রধান কারণ; অতএব বিবেকিগণের পক্ষে কামিনী-সহবাস বিশেষতঃ স্ত্রৈণ অর্থাৎ স্ত্রীজিত কামুক পুরুষের সংসর্গ কোন মতে করা কর্ত্তব্য নহে।২২

অদৃষ্টাদশ্রুতাদ্ ভাবান্ন ভাব উপজায়তে।
অসম্প্রযুঞ্জতঃ প্রাণান্ শাম্যতি স্তিমিতং মনঃ ॥২৩
তস্মাৎ সঙ্গো ন কর্ত্তব্যঃ স্ত্রীষু স্ত্রৈণেষু চেন্দ্রিয়ৈঃ।
বিদুষাং চাপ্যবিস্রব্ধঃ ষড়্ বর্গঃ কিমু মাদৃশাম্ ॥২৪
শ্রীভগবানুবাচ
এবং প্রগায়ন্ নৃপদেবদেবঃ
স উর্বশীলোকমথো বিহায়।
আত্মানমাত্মন্যবগম্য মাং বৈ
উপারমজ্ জ্ঞানবিধূতমোহঃ ॥২৫
ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥২৬
সন্তোঽনপেক্ষা মচ্চিত্তাঃ প্রশান্তাঃ সমদর্শিনঃ।
নির্মমা নিরহংকারা নির্দ্বন্দ্বা নিষ্পরিগ্রহাঃ ॥২৭

অদৃষ্টাৎ অশ্রুতাৎ চ ভাবাৎ পদার্থাৎ ভাবঃ মনঃক্ষোভঃ ন উপজায়তে ; যতঃ প্রাণান্ ইন্দ্রিয়াণি, বিষয়েষু অসংপ্রযুঞ্জতঃ পুংসঃ মনঃ স্তিমিতং নিশ্চলং সৎ শাম্যতি ॥২৩

তস্মাৎ ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়সুখার্থং) স্ত্রীষু স্ত্রৈণেষু চ সঙ্গঃ ন কর্ত্তব্যঃ। ষড়্ বর্গঃ (পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি একঃ মনঃ) বিদুষাং চ অপি অবিস্রব্ধঃ (মদধীন ইতি ন বিশ্বসনীয়ঃ) মাদৃশাম্ অবিবেকিনাং ন বিশ্বসনীয়ঃ ইতি কিমু বক্তব্যম্ ॥২৪

শ্রীভগবান্ উবাচ। নৃপদেবদেবঃ (নৃপেষু দেবেষু চ দীব্যতীতি তথাভূতঃ) সঃ পুরূরবাঃ এবং প্রগায়ন্ উর্বশীলোকং বিহায় তত্র আসক্তিং ত্যক্ত্বা, অথ অনন্তরম্ আত্মনি এব আত্মানং পরমাত্মানং মাম্ অবগম্য জ্ঞাত্বা (তেন) জ্ঞানবিধূত-মোহঃ (জ্ঞানেন বিধূতঃ মোহঃ যস্য সঃ নিবৃত্তদেহাত্মভ্রমঃ সংসারাৎ) উপারমৎ (জীবন্মুক্তো বভূব) ॥২৫

ততঃ তস্মাৎ দুঃসঙ্গঃ উৎসৃজ্য বুদ্ধিমান্ জনঃ সৎসু সজ্জেত। সন্তঃ সাধবঃ এব অস্য মনোব্যাসঙ্গম্ (মনসঃ ব্যাসঙ্গঃ বিরুদ্ধাম্ আসক্তিম্) উক্তিভিঃ উপদেশবাক্যৈঃ ছিন্দন্তি ॥২৬

সন্তঃ হি অনপেক্ষাঃ বিষয়াভিলাষরহিতাঃ, মচ্চিত্তাঃ (ময়ি পরমানন্দরূপে চিত্তং যেষাং তে), প্রশান্তাঃ কাম-ক্রোধাদিরহিতাঃ, সমদর্শিনঃ, নির্ম্মমাঃ, নিরহঙ্কারাঃ অভিমান-শূন্যাঃ, নির্দ্বন্দ্বাঃ শোকাদিবিকাররহিতাঃ, নিষ্পরিগ্রহাঃ বিষয়ত্যাগিনঃ চ ॥২৭

ইন্দ্রিয়বর্গের নিরোধ করত নিমীলিতলোচনে সমাসীন ব্যক্তিরও সময়ে সময়ে যে চিত্তচাঞ্চল্য পরিদৃষ্ট হয়, তাহা কখন পূর্ব্বে দৃষ্ট বা শ্রুত বিষয়ের সংস্রব ব্যতীত সম্ভব হয় না। কারণ পূর্ব্বানুভূত বিষয়ের স্মরণেই পরে মনোগ্লানি জন্মিয়া থাকে। অতএব ইন্দ্রিয়গ্রামের নিরোধের দ্বারাই মন ক্রমশঃ নিশ্চল ভাব ধারণ করিয়া আত্মস্বরূপে উপশমিত হয়।২৩

আপনাকে পণ্ডিত বা আত্মানাত্ম-বিচারে পারদর্শী বিবেচনায় যখন পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্ বর্গকে বিশ্বাস করা কর্ত্তব্য নহে, তখন আমার ন্যায় বিচারহীন মানবের পক্ষে তাদৃশ বিশ্বাস-স্থাপনে অগ্রসর হইবার সম্বন্ধে আর বক্তব্য কি। অতএব ইন্দ্রিয়-চরিতার্থের দ্বারা প্রীতিলাভের প্রত্যাশায় কামিনী ও কামুকের সঙ্গ করা সম্পূর্ণ অবিধেয়।২৪

ভগবান্ শ্রীকৃষ্ণ তখন উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে পুরুষশ্রেষ্ঠ! নরদেবশিখামণি মহারাজ ঐল এই প্রকার মনোনিষ্ঠ ভাবসমূহ প্রকাশ করিয়া, উর্ব্বশীর সহবাস পরিত্যাগ করিলেন এবং স্বকীয় হৃদয়-মন্দিরে নিয়ন্তৃরূপে নিত্যবিদ্যমান মদীয় পরমাত্মভাবের চিন্তনে পরমজ্ঞান লাভ করিলেন; তাঁহার সংসারমোহ বিদূরিত হইল এবং জন্ম-মরণরূপ সংসারস্রোত হইতে তিনি নিষ্কৃতি লাভ করিলেন।২৫

অতএব দূষিতের সঙ্গ পরিহার পূর্ব্বক সাধুগণের সঙ্গ করাই বুদ্ধিমান্ ব্যক্তির অবশ্য কর্ত্তব্য। কারণ সাধুগণ বিবিধ উপদেশের দ্বারা সংসারী জীবের মনোগ্লানি ও সংশয় সহজে অপনোদিত করিয়া থাকেন।২৬

তেষু নিত্যং মহাভাগ মহাভাগেষু মৎকথাঃ।
সম্ভবন্তি হি তা নৃণাং জুষতাং প্রপুনন্ত্যঘম্ ॥২৮

তা যে শৃণ্বন্তি গায়ন্তি হ্যনুমোদন্তি চাদৃতাঃ।
মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ ভক্তিং বিন্দন্তি তে ময়ি ॥২৯

ভক্তিং লব্ধবতঃ সাধোঃ কিমন্যদবশিষ্যতে।
ময্যনন্তগুণে ব্রহ্মণ্যানন্দানুভবাত্মনি ॥৩০

হে মহাভাগ। তেষু মহাভাগেষু সাধুষু মৎকথাঃ নিত্যং সম্ভবন্তি প্রবর্ত্তন্তে। তাঃ কথাঃ জুষতাম্ আদরেণ শৃণ্বতাং নৃণাম্ অঘং পাপং প্রপুনন্তি নিবর্ত্তয়ন্তি॥২৮

আদৃতাঃ ময়ি আদরবন্তঃ অতঃ শ্রদ্দধানাঃ মৎপরাঃ যে তাঃ কথাঃ শৃণ্বন্তি, গায়ন্তি, অনুমোদন্তি চ, তে হি ময়ি ভক্তিং বিন্দন্তি॥২৯

অনন্তগুণে (অনন্তাঃ গুণাঃ শক্তয়ঃ যস্য যস্মিন্), আনন্দানুভবাত্মনি সচ্চিদানন্দবিগ্রহে, ব্রহ্মণি সর্ব্বকারণে ময়ি ভক্তিঃ লব্ধবতঃ সাধোঃ কিম্ অন্যৎ ফলম্ অবশিষ্যতে। অপি তু সর্ব্বং লভতে এব ॥৩০

সাধুগণ সংসারে কিছুরই প্রত্যাশা রাখেন না; তাঁহারা ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক শান্তচিত্তে কালাতিপাত করিয়া থাকেন। তাঁহারা কাহাকেও শত্রু বা মিত্র বলিয়া মনে করেন না; সুতরাং সর্ব্বত্র সমভাবে দৃষ্টি করত আত্মাভিমান ও মমতার বিসর্জ্জনে হর্ষশোকাদি দ্বন্দ্বের হস্ত হইতে নিঃসম্পর্কে বাস করেন। সাধুর হৃদয়ে পুত্র কলত্রাদির উৎকট স্নেহ আর কখন স্থান পায় না।২৭

হে মহাভাগ। তাদৃশ মহাভাগ্যবান্ সাধু পুরুষগণের সন্নিধানে মদীয় লীলাকথা নিত্যই আলোচিত হইয়া থাকে। মানবগণ শ্রদ্ধা ও ভক্তি সহকারে মদীয় লীলাকথা শ্রবণ করিলে, পাপ হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করেন।২৮

যে সকল ব্যক্তি ঈশ্বরপরায়ণ হইয়া বিশেষ শ্রদ্ধা সহকারে সেই সকল লীলাকথা শ্রবণ করেন, কীর্ত্তন করেন এবং তৎসম্বন্ধে অনুমোদন করেন, তাঁহারা পরমাত্মস্বরূপ আমাতে ভক্তিলাভ করিয়া থাকেন।২৯

ভগবানের সামর্থ্য অনন্ত। তিনি সর্ব্বশ্রেষ্ঠ সর্ব্বকারণকারণ এবং পরমানন্দ-রসের চরম বিগ্রহ। অতএব তাদৃশ ভগবানে যদি জীবের ভক্তিলাভ হয়, তবে আর তাহার অন্য কি লাভের অবশিষ্ট থাকে ?৩০

যথোপশ্রয়মাণস্য ভগবন্তং বিভাবসুম্।
শীতং ভয়ং তমোঽপ্যেতি সাধূন্ সংসেবতস্তথা ॥৩১

নিমজ্জ্যোন্মজ্জতাং ঘোরে ভবাব্ধৌ পরমায়ণম্।
সন্তো ব্রহ্মবিদঃ শান্তা নৌর্দৃঢ়েবাপ্সু মজ্জতাম্ ॥৩২

অন্নং হি প্রাণিনাং প্রাণ আর্ত্তানাং শরণং ত্বহম্।
ধর্ম্মো বিত্তং নৃণাং প্রেত্য সন্তোঽর্বাগ্
বিভ্যতোঽরণম্ ॥৩৩

ভগবন্তং বিভাবসুম্ অগ্নিম্ উপশ্রয়মাণস্য সেবমানস্য জনস্য যথা শীতং ভয়ং তমশ্চ অপ্যেতি নশ্যতি, তথা সাধূন্ সংসেবতঃ জনস্য অবিদ্যাকৃত-সংসার-ভয়ং নশ্যতি ইত্যর্থঃ॥৩১

অপ্সু মজ্জতাং যথা দৃঢ়া নৌঃ উত্তরণ সাধনং, তথা ঘোরে ভয়ঙ্করে ভবাব্ধৌ নিমজ্জ্যোন্মজ্জতাম্ উচ্চাবচাঃ যোনীঃ গচ্ছতাং জনানাং সম্বন্ধে শান্তাঃ ব্রহ্মবিদঃ সন্তঃ এব পরমায়ণং পরমাশ্রয়ঃ ॥৩২

কিঞ্চ অন্নং যথা প্রাণিনাং প্রাণঃ জীবনম্, আর্ত্তানাং পীড়িতানাং যথা অহং শরণং পীড়া নিবর্ত্তকঃ, যথা চ প্রেত্য পরলোকে ধর্ম্মঃ এব নৃণাং বিত্তং, তথা অর্বাক্ সংসারপতনাৎ বিভ্যতঃ পুংসঃ সন্তঃ এব অরণং রক্ষকাঃ ॥৩৩

যেমন ভগবান্ হুতাশনের আশ্রয়ে শীত, অন্ধকার ও তজ্জনিত ভয়ের কোন আশঙ্কা থাকে না, সেইরূপ সাধুগণের সংসর্গে সংসারী জীবের অজ্ঞান, জড়তা এবং ভাবী সংসার-ভয় আর থাকে না।৩১

জলমগ্ন ব্যক্তির পক্ষে নৌকাই যেমন উৎকৃষ্ট অবলম্বন ও উদ্ধারের উপায়, সেইরূপ এই ঘোর

সন্তো দিশন্তি চক্ষূংষি বহিরর্কঃ সমুত্থিতঃ।
দেবতা বান্ধবাঃ সন্তঃ সন্ত আত্মাহমেব চ ॥৩৪
বৈতসেনস্ততোঽপ্যেবমুর্বশ্যা লোকনিঃস্পৃহঃ।
মুক্তসঙ্গো মহীমেতামাত্মারামশ্চচার হ ॥৩৫

সমুত্থিতঃ সম্যগুদিতঃ অর্কঃ যথা বহির্বিষয়ে চক্ষূংষি দিশতি, তথা সন্তঃ জ্ঞানাত্মকানি চক্ষূংষি দিশন্তি। অতঃ সন্তঃ এব দেবতাঃ ইব আরাধ্যাঃ, বান্ধবাঃ ইব সৎকারার্হাঃ, আত্মাবৎ প্রীতিযোগ্যাঃ, কিং বহুনা সন্তঃ অহম্ এব সদৃষ্ট্যা সেব্যাঃ এব ॥৩৪

বৈতসেনঃ (বীতাঃ স্ত্রীত্বপ্রাপ্ত্যা বৈরূপ্যং গতা সেনা যস্য সঃ বীতসেনঃ সুদ্যুম্নঃ, তস্য পুত্রঃ বৈতসেনঃ পুরূরবাঃ) এবম্ উক্তপ্রকারেণ উর্ব্বশ্যাঃ লোকঃনিস্পৃহঃ (লোকাৎ স্থানাৎ অবলোকনাৎ বা নিঃস্পৃহঃ) মুক্তসঙ্গঃ আত্মারামঃ চ সন্ এতাং মহীং চচার হ ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ।২৬

শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে একাদশস্কন্ধে ষড়্‌বিংশাধ্যায়ে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ঃ সমাপ্তঃ।

সংসার-সাগরে নিমগ্ন মানবের পক্ষে শান্তচেতা ব্রহ্মজ্ঞানী সাধুগণই পরম আশ্রয় বলিয়া অবধারণ করিও।৩২

অন্ন যেমন প্রাণিবর্গের জীবনধারণের প্রধান উপায়, পীড়িত এবং উপতাপিত ব্যক্তির একমাত্র উৎকৃষ্ট অবলম্বনই যেমন আমি এবং মৃত্যুর পর পরলোকগত জীবের পক্ষে ইহ-সঞ্চিত ধর্ম্মই যেমন প্রধান সম্বল, সেইরূপ সংসার ভয়ে ভীত ব্যক্তির পক্ষে সাধুকেই উৎকৃষ্ট অবলম্বন বলিয়া অবধারণ করিতে হইবে।৩৩

দিবাকর উদিত হইয়া নৈশ অন্ধকারের নিবারণে যেমন বাহ্য বিষয়ের প্রতীতির জন্যই লোচনকে প্রণোদিত করেন, সাধু সেইরূপ সন্নিহিত হইয়া অজ্ঞান অন্ধকারের নিবারণে নববিধ ভজনের জন্য সংসারী জীবের জ্ঞান-নেত্রকে অগ্রসর করিয়া দেন। অতএব ভক্তিমার্গের অনুশীলনকারী সাধু ইন্দ্রাদি দেবতার ন্যায় আরাধনীয়, হিতকারী স্বজনবর্গের ন্যায় মাননীয়, আত্মার ন্যায় প্রিয়-পাত্র এবং সৎস্বরূপ ইষ্টদেবতার ন্যায় সম্ভজনীয়। প্রতিমাতে যেমন দেবতার আবির্ভাব হয়, সাধুর মূর্ত্তিতেই আমি সেইরূপ জীবের সন্নিধানে আবির্ভূত হইয়া থাকি।৩৪

সুদ্যুম্ন-নন্দন পুরূরবা এই প্রকার নির্ব্বেদ প্রকাশ করত উর্ব্বশীর প্রেমপরিহারে তদীয় লোক হইতে নিবৃত্ত হইলেন এবং পরমাত্মচিন্তনে পরিনিষ্ঠিত হইয়া অনাসক্তভাবে এই ভূমণ্ডলে বিচরণ করিতে লাগিলেন।৩৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশস্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত ষড়্‌বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তবিংশঃ অধ্যায়ঃ।

[সাঙ্গক্রিয়াযোগবর্ণনম্ ।]

উদ্ধব উবাচ

ক্রিয়াযোগং সমাচক্ষ্ব ভবদারাধনং প্রভো।
যস্মাত্ত্বাং যে যথার্চন্তি সাত্বতাঃ সাত্বতর্ষভ ॥১
এতদ্ বদন্তি মুনয়ো মুহুর্নিঃশ্রেয়সং নৃণাম্।
নারদো ভগবান্ ব্যাস আচার্য্যোঽঙ্গিরসঃ সুতঃ ॥২
নিঃসৃতং তে মুখাম্ভোজাদ্ যদাহ ভগবানজঃ।
পুত্রেভ্যো ভৃগুমুখ্যেভ্যো দেব্যৈ চ ভগবান্ ভবঃ ॥৩
এতদ্ বৈ সর্ববর্ণানামাশ্রমাণাং চ সম্মতম্।
শ্রেয়সামুত্তমং মন্যে স্ত্রী-শূদ্রাণাং চ মানদ ॥৪
এতৎ কমলপত্রাক্ষ কর্মবন্ধবিমোচনম্।
ভক্তায় চানুরক্তায় ব্রূহি বিশ্বেশ্বরেশ্বর ॥৫

শ্রীভগবানুবাচ

ন হ্যন্তোঽনন্তপারস্য কর্মকাণ্ডস্য চোদ্ধব।
সংক্ষিপ্তং বর্ণয়িষ্যামি যথাবদনুপূর্বশঃ ॥৬

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ। হে প্রভো সাত্বতর্ষভ! যস্মাৎ সাধন-সমূহাৎ যে সাত্বতাঃ ভক্তাঃ সাত্বতর্ষভং ভক্তপালকং ত্বাং যথা অর্চন্তি, তৎ ভবদারাধনং ক্রিয়াযোগং সমাচক্ষ্ব, কথয় ।১

নারদঃ, ভগবান্ ব্যাসঃ, (দেবানাম্) আচার্য্যঃ অঙ্গিরসঃ সুতঃ বৃহস্পতিঃ, অন্যে মুনয়ঃ মননশীলাঃ বিবেকিনঃ চ মুহুঃ পুনঃ পুনঃ এতৎ ভগবদর্চ্চনং, তব নৃণাং নিঃশ্রেয়সং মঙ্গলকরম্ ইতি বদন্তি ॥২

তে তব মুখাম্ভোজাৎ নিঃসৃতং তদুপদিষ্টং যৎ তত্ত্বং, তৎ ভগবান্ অজঃ ব্রহ্মা, স্বস্য পুত্রেভ্যঃ তথা ভগবান্ ভবঃ মহাদেবঃ দেব্যৈ পার্ব্বত্যৈ অপি আহ ॥৩

হে মানদ! ব্রহ্মাদীনাং সম্মতম্ এতৎ ত্বৎপূজনম্ এব সর্ব্ববর্ণানাং ত্রৈবর্ণিকানাম্, আশ্রমাণাং স্ত্রী-শূদ্রাণাং, শ্রেয়সাং ধর্ম্মাদিচতুর্বিধফলানাম্ উত্তমং সাধনম্ অহং মন্যে ॥৪

হে কমলপত্রাক্ষ পদ্মপলাশলোচন! হে বিশ্বেশ্বরেশ্বর! এতৎ কর্ম্মবন্ধবিমোক্ষণং ত্বদারাধনং তব অনুরক্তায় ভক্তায় মহ্যং ব্রূহি ॥৫

শ্রীভগবান্ উবাচ। হে উদ্ধব! অনন্তপারস্য (নাস্তি অন্তঃ গ্রন্থতঃ, পারঃ চ অনুষ্ঠানতঃ চ যস্য তস্য) কর্ম্মকাণ্ডস্য অন্তঃ হি ন অস্তি; অতঃ যথাবৎ অনুপূর্ব্বশঃ ক্রমেণ সংক্ষিপ্তং বর্ণয়িষ্যামি ॥৬

সপ্তবিংশ অধ্যায়।

[সাঙ্গ ক্রিয়াযোগ বর্ণন ।]

উদ্ধব বলিলেন,—হে ভক্তজনপালক প্রভো ভগবান্! ভক্ত সাধুগণ যে সাধনপ্রণালীর অনুষ্ঠানে আপনার অর্চ্চনা করিয়া থাকেন, সেই সকল ক্রিয়াযোগের বিষয় আমার নিকট কীর্ত্তন করুন।১

কারণ এতৎসম্বন্ধে দেবর্ষি নারদ, ভগবান্ ব্যাসদেব, অঙ্গিরা-নন্দন দেবগুরু বৃহস্পতি এবং অন্যান্য বিবেকী মুনিগণও এই ভগবদর্চ্চনাকেই জীবের নিঃশ্রেয়সপ্রদ বলিয়া বারংবার উপদেশ দিয়াছেন।২

ভবদীয় মুখপদ্ম-বিনিঃসৃত এই পবিত্র উপদেশভাগ ভগবান্ কমলাযোনিও তাঁহার মানসপুত্র ভৃগু প্রভৃতি মুনিবৃন্দকে প্রদান করিয়াছিলেন এবং অধিক কি! দেবাদিদেব ত্রিলোচনও ভবানীকে এইরূপ উপদেশই প্রদান করিয়াছিলেন।৩

হে মানদ! ব্রহ্মাদি দেবতাগণের অভিমত এই ভবদীয় যে পূজনকার্য্য দ্বিজাতিবর্গের, সকল বর্ণাশ্রমের এবং স্ত্রী ও শূদ্রগণের পক্ষেও ধর্ম্মাদি চতুর্ব্বিধ ফলপ্রাপ্তির সর্ব্বোৎকৃষ্ট উপায়, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি।৪

হে পদ্মপলাশলোচন! এই বিশ্ব-সংসারে যিনি যতই ঐশ্বর্য্য ও সামর্থ্যের পরিচয়ে শ্রেষ্ঠত্বলাভ করিয়াছেন, সেই সকলের সর্বশ্রেষ্ঠ এবং একমাত্র

বৈদিকস্তান্ত্রিকো মিশ্র ইতি মে ত্রিবিধো মখঃ।
ত্রয়াণামীপ্সিতেনৈব বিধিনা মাং সমর্চয়েৎ ॥৭
যদা স্বনিগমেনোক্তং দ্বিজত্বং প্রাপ্য পুরুষঃ।
যথা যজেত মাং ভক্ত্যা শ্রদ্ধয়া তন্নিবোধ মে ॥৮
অর্চায়াং স্থণ্ডিলেঽগ্নৌ বা সূর্য্যে বাপ্সু হৃদি দ্বিজে।
দ্রব্যেণ ভক্তিযুক্তোঽর্চ্চেৎ স্বগুরুং মামমায়য়া ॥৯

বৈদিকঃ, তান্ত্রিকঃ, মিশ্রঃ উভয়াত্মকঃ ইতি মে মম মখঃ পূজা ত্রিবিধঃ এব; তত্র ত্রয়াণাং মধ্যে ঈপ্সিতেন অভিলষিতেন অন্যতমেন বিধিনা প্রকারেণ মাং সমর্চ্চয়েৎ ॥৭

যদা (ত্রৈবর্ণিকঃ) পুরুষঃ স্বনিগমেন স্বাধিকারপ্রবৃত্তেন বেদেন উক্তং দ্বিজত্বম্ উপনয়নং প্রাপ্য শ্রদ্ধয়া ভক্ত্যা চ যথা মাং যজেত পূজয়েৎ, তৎ এতৎ প্রকারং মে মত্তঃ নিবোধ শৃণু ॥৮

অর্চ্চায়াং প্রতিমায়াং, স্থণ্ডিলে ভূমৌ, সূর্য্যে, অপ্সু বা হৃদি দ্রব্যেণ গন্ধপুষ্পাদিনা স্বগুরুং মাম্ অমায়য়া ফলাভি-

নিয়ন্তা আপনি মাত্র। আপনার নিকট কোন বিষয় অজ্ঞাত নাই। আমিও আপনার নিতান্ত শরণাগত আজ্ঞাবাহী ভক্ত! অতএব যাহাতে এই ঘোর কর্ম্মপাশ হইতে জীব অনায়াসে মুক্তিলাভ করিতে পারে, তাহারই উপায়-ভূত ভবদীয় আরাধনা কার্য্যের বিশেষ উপদেশ আমাকে প্রদান করুন! ৫

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে উদ্ধব! কর্মকাণ্ডের ইয়ত্তা নাই; এতৎ সম্বন্ধে গ্রন্থও অনন্ত এবং তাহার প্রকরণও অনন্ত। অতএব যথাবিধি প্রকরণ অনুসারে আমি অতি সংক্ষেপে বর্ণনা করিতেছি—শ্রবণ কর! ৬

বৈদিক, তান্ত্রিক এবং উভয়মিশ্রিত ভেদে ভগবানের উপাসনার প্রণালী তিন প্রকার আছে। অর্থাৎ বেদমন্ত্র এবং বেদোক্ত দ্রব্য সামগ্রীর আয়োজনে অনুষ্ঠিত ক্রমটিকে বৈদিক; তান্ত্রিক মন্ত্র, যন্ত্র ও উপচারের দ্বারা অনুষ্ঠিত প্রকরণকে তান্ত্রিক বলা যায় এবং এই উভয় প্রণালী ও

পূর্ব্বং স্নানং প্রকুর্ব্বীত ধৌতদন্তোঽঙ্গশুদ্ধয়ে।
উভয়ৈরপি চ স্নানং মন্ত্রৈর্মৃদ্গ্রহণাদিনা ॥১০
সন্ধ্যোপাস্ত্যাদিকর্ম্মাণি বেদেনাচোদিতানি মে।
পূজাং তৈঃ কল্পয়েৎ সম্যক্ সংকল্পঃ কর্মপাবনীম্ ॥১১
শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী।
মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা স্মৃতা ॥১২

সন্ধিলক্ষণকাপট্যত্যাগেন দ্বিজঃ ভক্তিযুক্তঃ এব অর্চ্চেৎ ॥৯

তত্র পূর্ব্বং ধৌতদন্তঃ সন্ অঙ্গশুদ্ধয়ে উভয়ৈঃ বৈদিকতান্ত্রিকমন্ত্রৈঃ মৃদ্গ্রহণাদিভিঃ দেহে মৃদ্গোময়লেপনাদিভিঃ স্নানং কুর্ব্বীত ॥১০

মম যানি সন্ধ্যোপাস্ত্যাদিকর্ম্মাণি সন্ধ্যোপাসনাদীনি কর্ম্মাণি বেদেন আচোদিতানি সাকল্যেন বিহিতানি, তৈঃ সহ সম্যক্‌সংকল্পঃ পূর্ণমনোরথঃ সন্ কর্ম্মপাবনীং কর্ম্মপাশবিমোচনীং মে মম পূজাং কল্পয়েৎ কুর্য্যাৎ ॥১১

উপচারের আয়োজনে প্রতিপাদিত প্রকরণকে মিশ্র-প্রণালী কহা যায়। ইহার মধ্যে স্বীয় অভিপ্রায় অনুসারে যে কোন প্রণালী অবলম্বনে মানব আমার অর্চ্চনা করিতে অগ্রসর হইবে, তাহাতেই শ্রেয়োলাভ হয়।৭

ব্রাহ্মণাদি বর্ণত্রয় স্ব স্ব অধিকারানুরূপ বেদোক্ত প্রণালীর দ্বারা উপনীত হইয়া শ্রদ্ধা ও ভক্তি সহকারে যে যে প্রকরণের অনুষ্ঠানে আমার অর্চ্চনা করিবেন, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি—শ্রবণ কর।৮

দ্বিজাতিগণ কর্ম্মফলের প্রতি আসক্তি পরিত্যাগ পূর্ব্বক ভগবৎস্বরূপ আমাকে অর্চ্চনা করিবার নিমিত্ত, গন্ধপুষ্পাদি বিবিধ উপচারের দ্বারা প্রতিমায়, স্থণ্ডিলে (ভূমিতে), সূর্য্যমণ্ডলে, জলে বা স্বীয় হৃদয়-মন্দিরে ভক্তি পূর্ব্বক আরাধনা করিতে পারেন।৯

সর্ব্বাগ্রে দন্তধাবন পূর্ব্বক স্নান করা বিধেয়; স্নানকালে বৈদিক ও তান্ত্রিক মন্ত্রের দ্বারা মৃত্তিকা

চলাচলেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীবমন্দিরম্।
উদ্বাসাবাহনে ন স্তঃ স্থিরায়ামুদ্ধবার্চনে ॥১৩
অস্থিরায়াং বিকল্পঃ স্যাৎ স্থণ্ডিলে তু ভবেদ্ দ্বয়ম্।
স্নপনং ত্ববিলেপ্যায়ামন্যত্র পরিমার্জনম্ ॥১৪
দ্রব্যৈঃ প্রসিদ্ধৈর্মদ্‌যাগঃ প্রতিমাদিষ্বমায়িনঃ।
ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি ॥১৫

স্নানালংকরণং প্রেষ্ঠমর্চায়ামেব তূদ্ধব।
স্থণ্ডিলে তত্ত্ববিন্যাসো বহ্নাবাজ্যপ্লুতং হবিঃ ॥১৬
সূর্য্যে চাভ্যর্হণং প্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ।
শ্রদ্ধয়োপাহৃতং প্রেষ্ঠং ভক্তেন মম বার্য্যপি ॥১৭
ভূর্য্যপ্যভক্তোপহৃতং ন মে তোষায় কল্পতে।
গন্ধো ধূপঃ সুমনসো দীপোঽন্নাদ্যং চ কিং পুনঃ ॥১৮

শৈলী শিলাময়ী, দারুময়ী কাষ্ঠময়ী, লৌহী সুবর্ণাদিময়ী, লেপ্যা মৃচ্চন্দনাদিভিঃ ভিত্তৌ লিখিতা, লেখ্যা চিত্ররূপা, সৈকতা সিকতাময়ী, মনোময়ী মনসৈব চিন্তিতা তথা মণিময়ী চ ইতি অষ্টবিধা প্রতিমা স্মৃতা ॥১২

প্রতিষ্ঠা (প্রকর্ষেণ তিষ্ঠতি অস্যামিতি প্রতিষ্ঠা প্রতিমা) পুনঃ চলা অচলা চ ইতি দ্বিবিধা ; (তত্র মনোময়ী প্রতিমায়াস্তু) জীবঃ জীবস্থানম্ এব মন্দিরম্। তত্র হে উদ্ধব। স্থিরায়াম্ (মন্দিরে প্রতিষ্ঠাপূর্ব্বকস্থাপিতায়াম্) অর্চ্চনে উদ্বাসাবাহনে (উদ্বাসঃ বিসর্জ্জনম্ আবাহনঞ্চ) ন স্তঃ ॥১৩

অস্থিরায়াং তু (উদ্বাসাবাহনয়োঃ) বিকল্পঃ স্যাৎ। তত্রাপি শালগ্রামে তু ন কুর্য্যাৎ স্থণ্ডিলে তু তৎ দ্বয়ং ভবেদেব। অবিলেপ্যায়াং মৃন্ময়লেখ্যব্যতিরিক্তায়াং স্নপনং স্যাৎ ; অন্যত্র বিলেপ্যায়াং বিলেখ্যায়াং চ পরিমার্জ্জনম্ এব ভবেৎ ॥১৪

প্রসিদ্ধৈঃ শাস্ত্রবিহিতৈঃ, যথালব্ধৈঃ দেশকালবিত্তানুসারেণ প্রাপ্তৈঃ দ্রব্যৈঃ অমায়িনঃ নিষ্কামস্য ভক্তস্য প্রতিমাদিষু মদ্‌যাগঃ মম পূজনং ভবতি। হৃদি তু মদ্‌যাগঃ ভাবেন (মনোময়ৈঃ এব দ্রব্যৈঃ) হি তু ভবতি ॥১৫

ও গোময়াদি অঙ্গে লেপন করত দেহশুদ্ধির জন্য অবগাহন স্নান করা বিধেয়।১০

ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের মধ্যে যে বর্ণের প্রতি যেরূপ বৈদিক সন্ধ্যাবন্দনাদির ব্যবস্থা আছে, যথাবিধি মন্ত্রাদি পূর্ব্বক সেই সকল সমাপন করিয়া, কর্ম্মপাশ-বিমোচনী মদীয় পূজার অনুষ্ঠান করিবেন।১১

শিলাময়ী, কাষ্ঠময়ী, সুবর্ণাদি ধাতুময়ী, মৃত্তিকা বা চন্দনাদির লেপনে প্রস্তুত করা, চিত্রপট, সিকতাময়ী, মনোময়ী এবং মণিময়ী ভেদে অষ্টবিধ প্রতিমাতে আমার অর্চ্চনার বিধান আছে।১২

প্রাণপ্রতিষ্ঠার দ্বারা ভগবদ্ভাবের আবির্ভাব হয়, এরূপ প্রতিমাও চলা ও অচলাভেদে দুই প্রকার। মনোময়ী জীবের হৃদয়রূপ প্রতিমাতে ভগবান্ নিত্যপ্রতিষ্ঠিত; তাদৃশ নিত্যপ্রতিষ্ঠিত প্রতিমাতে আর নিত্য আবাহন বা বিসর্জ্জনের প্রয়োজন নাই।১৩

অস্থিরা প্রতিমাতে কেবল আবাহন এবং বিসর্জ্জনের নিত্য আবশ্যক হয়; তন্মধ্যে শালগ্রামশিলায় আবাহন বা বিসর্জ্জন নাই। স্থণ্ডিলে এই দুইটিই প্রয়োজন। মৃন্ময়ী, লেখ্যা ও চিত্রে স্নানের প্রয়োজন নাই; কিন্তু লেপন-নির্ম্মিতা প্রতিমাতে স্নানের পরিবর্ত্তে মার্জ্জনা করিতে হইবে মাত্র।১৪

শাস্ত্রবিহিত এবং দেশ, কাল ও বিত্তানুসারে সংগৃহীত দ্রব্য সামগ্রীর আয়োজনে নিষ্কাম ভক্তি-সহকারে প্রতিমাসমূহে মদীয় পূজা হইয়া থাকে। জীবের হৃদয়রূপ মনোময়ী প্রতিমাতে ভগবদারাধনার্থ কোন উপচারের অপেক্ষা নাই; বিশুদ্ধভাবই তথায় পূজার উৎকৃষ্ট উপচার।১৫

হে উদ্ধব! প্রতিমাকে স্নান করাইয়া বেশ-ভূষার দ্বারা শোভিত করাই সেব্য-সেবকের তৃপ্তির কারণ হয় এবং প্রধান অঙ্গকে লক্ষ্য করিয়া তাহাতে অধিষ্ঠিত দেবতার উল্লেখ পূর্ব্বক মন্ত্রোচ্চারণে প্রতিমায় প্রাণাদির প্রতিষ্ঠা করা কর্ত্তব্য। হুতাশনে ঘৃতাপ্লুত সমিধ্ প্রদান, সূর্য্যে উপস্থান ও

শুচিঃ সম্ভৃতসম্ভারঃ প্রাগ্ দর্ভৈঃ কল্পিতাসনঃ।
আসীনঃ প্রাগুদগ্ বার্চেদর্চায়ামথ সম্মুখঃ ॥১৯
কৃতন্যাসঃ কৃতন্যাসাং মদর্চাং পাণিনা মৃজেৎ।
কলসং প্রোক্ষণীয়ং চ যথাবদুপসাধয়েৎ ॥২০

তদদ্ভির্দেবযজনং দ্রব্যাণ্যাত্মানমেব চ।
প্রোক্ষ্য পাত্রাণি ত্রীণ্যদ্ভিস্তৈস্তৈর্দ্রব্যৈশ্চ সাধয়েৎ ॥২১

হে উদ্ধব! স্নানালঙ্করণং চ অর্চ্চায়াম্ এব প্রেষ্ঠম্ (সেবকস্য প্রিয়ম্); স্থণ্ডিলে তু তত্ত্ববিন্যাসঃ (যথাস্থানম্ অঙ্গপ্রধান-দেবানাং তত্তন্মন্ত্রৈঃ স্থাপনং) তথা বহ্নৌ আজ্যাপ্লুতং হবিঃ, সূর্য্যে অভ্যর্হণং উপস্থানার্ঘ্যাদি, তথা সলিলে সলিলাদিভিঃ পূজনম্ এব প্রেষ্ঠং প্রিয়ম্ ভক্তেন শ্রদ্ধয়া উপহৃতম্ আনীতম্, বারিমাত্রম্ অপি মম প্রেষ্ঠং প্রিয়ং ভবতি; অশ্রদ্ধয়া দত্তং ভূরি অপি গন্ধাদিকং মে মম তোষায় ন কল্পতে। অতঃ গন্ধঃ ধূপঃ সুমনসঃ সঃ দীপঃ অন্নাদ্যং চ শ্রদ্ধয়া দত্তং চেৎ মম প্রেষ্ঠং ভবতি, তত্র পুনঃ কিম্?১৬-১৮

প্রাগেব সম্ভৃতসম্ভারঃ (সম্ভৃতাঃ সম্ভারাঃ পূজাসাধনানি যেন সঃ) প্রাগ্দর্ভৈঃ কল্পিতাসনঃ (কল্পিতম্ আসনং যেন সঃ স্নানাদিনা), শুচিঃ প্রাঙ্মুখঃ উদঙ্মুখঃ বা আসনে আসীনঃ, (স্থিরায়াম্) অর্চ্চায়াং তু সম্মুখঃ (অর্চ্চাভিমুখঃ উপবিষ্টঃ অথ অর্চ্চেৎ ॥১৯

(অথ গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং যথোপদেশং স্বস্মিন) কৃতন্যাসঃ (কৃতস্বাঙ্গ-করন্যাসঃ ভক্তঃ) কৃতন্যাসাং (কৃতঃ মূলমন্ত্রন্যাসঃ যস্যাং তাং) মদর্চ্চাং পাণিনা মৃজেৎ (নির্ম্মাল্য-দীপকর্ষণাদিনা শোধয়েৎ), কলসং পূর্ণকুম্ভং প্রোক্ষণীয়ং প্রোক্ষণার্থোদকপাত্রং চ যথাবৎ উপসাধয়েৎ চন্দনপুষ্পাদিভিঃ সংস্কুর্য্যাৎ ॥২০

তদদ্ভিঃ প্রোক্ষণীয়জলৈঃ দেবযজনং দেবপূজাস্থানাদিকং, দ্রব্যাণি, আত্মানং স্বদেহম্ এব চ প্রোক্ষ্য (দেশিকঃ পূজকঃ পাদ্যাদ্যর্থং) ত্রীণি পাত্রাণি অদ্ভিঃ কলসোদকৈঃ (পূরিতানি) তৈঃ তৈঃ দ্রব্যৈঃ চ সাধয়েৎ ॥২১

অর্ঘ্যপ্রদান এবং জলে জলাদি উপচার-প্রদানে ভগবানের অর্চ্চনা করিলেই তাঁহার প্রসন্নতালাভ করা যায়। ভক্ত যদি সামান্য বারিমাত্রও শ্রদ্ধা সহকারে আমার উদ্দেশ্যে প্রদান করে, তাহাও আমি প্রিয় বলিয়া জ্ঞান করি।১৬-১৭

কিন্তু প্রচুর পরিমাণে অপূর্ব্ব গন্ধাদি দ্রব্য-সামগ্রীও যদি অশ্রদ্ধাপূর্ব্বক প্রদান করে, তাহাতে আমার কিছুমাত্র সন্তোষ লাভ হয় না। অতএব গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্যাদি উপচারসামগ্রী বিশেষ শ্রদ্ধা-সহকারে প্রদত্ত হইলে যে আমার তৃপ্তি সাধন তাহাতে হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি?১৮

ভগবদারাধনার্থ উপবেশন করিবার পূর্ব্বে পূজাদ্রব্য সংগ্রহ পূর্ব্বক নিজের সমীপে প্রস্তুত রাখিবে এবং নিজে স্নানাদি দ্বারা পবিত্র হইয়া স্বয়ং পূর্ব্বাভিমুখী বা উত্তরাভিমুখী হইয়া প্রতিমাকে সম্মুখবর্ত্তী করত কুশাদিনির্ম্মিত বিহিত আসনে স্বয়ং উপবেশন করিবেন এবং ভগবানের আরাধনা আরম্ভ করিবেন।১৯

পরে গুরুকে প্রণাম পূর্ব্বক অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়; অনন্তর মূল মন্ত্রের উচ্চারণে প্রতিমাতেও অঙ্গন্যাসাদি করিয়া, হস্তমার্জ্জন দ্বারা প্রতিমার অঙ্গ হইতে নির্ম্মাল্যাদির অপসারণে অঙ্গ-সংস্কার করিবে। তদনন্তর একটী জলপূর্ণ কুম্ভ ও প্রোক্ষণার্থ উদকপাত্র স্থাপন পূর্ব্বক চন্দন ও পুষ্পাদির দ্বারা যথাবিধি তাহা সংস্কৃত করিবে।২০

ইহার পর প্রোক্ষণীয় উদকপাত্র হইতে জল লইয়া পূজার স্থান, পূজাদ্রব্য এবং স্বীয় কলেবর প্রোক্ষণ পূর্ব্বক পাদ্য, অর্ঘ্য ও আচমনীয়ার্থ তিনটী পাত্র পূর্ণ করিবে। এতদ্ব্যতীত শাস্ত্রোক্ত মাঙ্গল্য দ্রব্যও ঐ পাত্রত্রয়ে প্রদান করিবে।২১

পাদ্যার্ঘ্যাচমনীয়ার্থং ত্রীণি পাত্রাণি দৈশিকঃ।
হৃদা শীর্ষ্ণাথ শিখয়া গায়ত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥২২
পিণ্ডে বায়্বগ্নিসংশুদ্ধে হৃৎপদ্মস্থাং পরাং মম।
অণ্বীং জীবকলাং ধ্যায়েন্নাদান্তে সিদ্ধভাবিতম্ ॥২৩
তয়াত্মভূতয়া পিণ্ডে ব্যাপ্তে সম্পূজ্য তন্ময়ঃ।
আবাহ্যার্চাদিষু স্থাপ্য ন্যস্তাঙ্গং মাং প্রপূজয়েৎ ॥২৪
পাদ্যোপস্পর্শার্হণাদীনুপচারান্ প্রকল্পয়েৎ।
ধর্ম্মাদিভিশ্চ নবভিঃ কল্পয়িত্বাসনং মম ॥২৫
পদ্মমষ্টদলং তত্র কর্ণিকাকেসরোজ্জ্বলম্।
উভাভ্যাং বেদ-তন্ত্রাভ্যাং মহ্যং তূভয়সিদ্ধয়ে ॥২৬
সুদর্শনং পাঞ্চজন্যং গদাসীষু ধনুর্হলান্।
মুসলং কৌস্তুভং মালাং শ্রীবৎসং চানুপূজয়েৎ ॥২৭

তত্র পাদ্যার্ঘ্যাচমনীয়ার্থং তানি ত্রীণি পাত্রাণি দৈশিকঃ আচার্য্যঃ যথাক্রমং হৃদা, শীর্ষ্ণা, শিখয়া, হৃদয়ায় নমঃ, শিরসে স্বাহা, শিখায়ৈ বষট্ ইত্যাদিমন্ত্রৈঃ গায়ত্র্যা চ অভিমন্ত্রয়েৎ ॥২২

তদনন্তরং পিণ্ডে দেহে বায়্বগ্নিসংশুদ্ধে (কোষ্ঠগতেন বায়ুনা শোষিতে আধারগতেনাগ্নিনা দগ্ধে, পুনর্ললাটস্থ-চন্দ্রমণ্ডলামৃতপ্লাবনেন অমৃতময়ে জাতে সতি) হৃৎপদ্মস্থাং পরাং শ্রেষ্ঠাং নাদান্তে (নাদাঃ অকারোকারমকারবিন্দুনাদাঃ পঞ্চাশাঃ তত্র নাদান্তে) সিদ্ধভাবিতাং (সিদ্ধৈঃ ধ্যাতাং) মম অণ্বীং জীবকলাং (জীবঃ কলা অংশঃ যস্যাঃ তাং) মূর্ত্তিং ধ্যায়েৎ ॥২৩

তয়া আত্মভূতয়া স্বেনৈকভাবেন চিন্তিতয়া, মন্মূর্ত্যা ব্যাপ্তে পিণ্ডে স্বদেহে এব (মানসোপচারৈঃ মাং) সংপূজ্য তন্ময়ঃ সন্ অর্চ্চাদিষু আবাহ্য (স্থাপনমুদ্রয়া চ) স্থাপ্য স্থাপয়িত্বা, ন্যস্তাঙ্গং (ন্যস্তানি অঙ্গানি হৃদয়াদ্যঙ্গমন্ত্রদেবতাঃ যস্মিন্ তং) মাং প্রপূজয়েৎ ॥২৪

তত্র ধর্ম্মাদিভিঃ (ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি তথা অধর্ম্মাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাণি তৈঃ) নবভিঃ শক্তিভিঃ চ কর্ণিকাকেসরোজ্জ্বলম্ (কর্ণিকায়াঃ কেসরৈঃ তত্র সূর্য্যাদিমণ্ডলৈঃ উজ্জ্বলম্) অষ্টদলং পদ্মম্ এব মম আসনং কল্পয়িত্বা উভয়সিদ্ধয়ে ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে, উভাভ্যাম্ এব বেদতন্ত্রাভ্যাং পাদ্যোপস্পর্শার্হণাদীন্ উপচারান্ মহ্যং প্রকল্পয়েৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥২৫-২৬

(তত্রাবরণপূজায়াম্ আয়ুধাদিপূজামাহ) সুদর্শনং পাঞ্চজন্যং শংখং গদাসীষুংধনুর্হলান্ মুসলং চ তথা কৌস্তুভং মালাম্ উরসি শ্রীবৎসং চিহ্নং চ অনুপূজয়েৎ ॥২৭

পরে সেই পাদ্য অর্ঘ্য ও আচমনীয় পাত্র করাগ্রের দ্বারা স্পর্শ পূর্ব্বক আচার্য্য বা যজমান "হৃদয়ায় নম, শিরসে স্বাহা," এবং "শিখায় বষট্," এই ক্রম দ্বারা গায়ত্রীপাঠ পূর্ব্বক মন্ত্রপূত করিবেন।২২

তদনন্তর প্রাণায়াম করা আবশ্যক, এই প্রাণায়ামের দ্বারা কোষ্ঠগত বায়ু কর্ত্তৃক শোষিত, আধারগত অগ্নির দ্বারা দগ্ধ এবং ললাটস্থ চন্দ্রমণ্ডলগত অমৃতের ক্ষরণে পুনঃ অমৃতায়মান দেহের অভ্যন্তরে হৃদয়পদ্ম মধ্যে সিদ্ধসেবিত জীবকলিকাস্বরূপ মদীয় সর্ব্বোৎকৃষ্ট ভাগবতী মূর্ত্তিকে প্রণবোচ্চারণ পূর্ব্বক ধ্যান করিবেন।২৩

ধ্যানস্থ হইয়া স্বকীয় জীবভাবের সহিত পরমাত্মভাবের অভেদচিন্তনে ভগবন্মূর্ত্তির দ্বারাই যখন স্বীয় দেহ সম্পূর্ণ ব্যাপ্ত অবধারণ করিতে পারিবেন, তখন মানসোপচারে আত্মস্বরূপেই আমার পূজা করিবেন। এই প্রকারে ভগবদ্ভাবে তন্ময় হইয়া ভক্ত প্রতিমাদিতে আবাহন পূর্ব্বক সেই ভাব তাহাতে স্থাপন করিবেন। তখন সেই হৃদয়াদি অঙ্গ প্রত্যঙ্গে মন্ত্র ও দেবতার উল্লেখ পূর্ব্বক প্রতিষ্ঠিত প্রতিমাদিতে ভগবৎস্বরূপ আমার পূজা করিবেন।২৪

অনন্তর ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এবং অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য এবং অনৈশ্বর্য্য এই অষ্টবিধ দলে শোভিত, নববিধশক্তিতে উপচিত এবং সূর্য্যমণ্ডলের ন্যায় উজ্জ্বল কর্ণিকাকেসরে প্রতিভাত অষ্টদল পদ্মকে আমার আসনরূপে কল্পনা করত ভোগ এবং মুক্তিলাভের কামনায় উভয় বেদ এবং তন্ত্রোক্ত মন্ত্র ও প্রকরণ অনুসারে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ এবং নৈবেদ্যাদি উপচারের নিবেদনে আমার বাহ্যপূজা

নন্দং সুনন্দং গরুড়ং প্রচণ্ডং চণ্ডমেব চ।
মহাবলং বলং চৈব কুমুদং কুমুদেক্ষণম্ ॥২৮
দুর্গাং বিনায়কং ব্যাসং বিষ্বক্সেনং গুরূন্ সুরান্।
স্বে স্বে স্থানে ত্বভিমুখান্ পূজয়েৎ প্রোক্ষণাদিভিঃ ॥২৯
চন্দনোশীর-কর্পূর-কুঙ্কুমাগুরুবাসিতৈঃ।
সলিলৈঃ স্নাপয়েন্মন্ত্রৈর্নিত্যদা বিভবে সতি ॥৩০
স্বর্ণঘর্মানুবাকেন মহাপুরুষবিদ্যয়া।
পৌরুষেণাপি সূক্তেন সামভী রাজনাদিভিঃ ॥৩১

বস্ত্রোপবীতাভরণ-পত্র-স্রগ্-গন্ধলেপনৈঃ।
অলংকুর্বীত সপ্রেম মদ্ভক্তো মাং যথোচিতম্ ॥৩২
পাদ্যমাচমনীয়ং চ গন্ধং সুমনসোঽক্ষতান্।
ধূপ-দীপোপহার্য্যাণি দদ্যান্মে শ্রদ্ধয়ার্চকঃ ॥৩৩
গুড়-পায়স-সর্পীংষি শস্কুল্যাপূপ-মোদকান্।
সংযাব-দধি-সূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ ॥৩৪

ততঃ নন্দং, সুনন্দং, গরুড়ং, প্রচণ্ডং, চণ্ডং, মহাবলং, বলং, কুমুদং, কুমুদেক্ষণং, দুর্গাং, বিনায়কং, ব্যাসং, বিষ্বক্সেনং, গুরূন্ সুরান্ এবং স্বে স্বে স্থানে স্থিতান্ এতান্ দেবস্য অভিমুখান্ তান্ প্রোক্ষণাদিভিঃ পূজয়েৎ ॥২৮-২৯

বিভবে ঐশ্বর্য্যে বিদ্যমানে সতি চন্দনোশীরকর্পূরকুঙ্কুমাগুরুবাসিতৈঃ (উশীরং তৃণবিশেষমূলং) সলিলৈঃ (অন্যথা শুদ্ধৈরেব সলিলৈঃ) মন্ত্রৈঃ মন্ত্রপূর্ব্বকং মাং নিত্যদা স্নাপয়েৎ ॥৩০

স্বর্ণঘর্মানুবাকেন (স্বর্ণং ঘর্ম্মং পরিবেদনমিতি) মহাপুরুষবিদ্যয়া (জিতং তে পুণ্ডরীকাক্ষ ইত্যাদি), পৌরুষেণ সূক্তেন (সহস্রশীর্ষেত্যাদিনা) রাজনাদিভিঃ সামভিঃ মন্ত্রৈঃ মাং স্নাপয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩১

মদ্ভক্তঃ সপ্রেম যথা ভবতি তথা বস্ত্রোপবীতাভরণপত্রস্রগ্-গন্ধলেপনৈঃ যথোচিতং মাম্ অলং কুর্বীত ॥৩২

অর্চ্চকঃ পাদ্যম্, আচমনীয়ং, গন্ধং, সুমনসঃ পুষ্পাণি, অক্ষতান্, ধূপদীপোপহার্য্যাণি (উপহার্য্যং নৈবেদ্যং) মে মহ্যং শ্রদ্ধয়া দদ্যাৎ সমর্পয়েৎ ॥৩৩

(বিভবে) সতি, গুড়পায়সসর্পীংষি, শস্কুল্যাপূপমোদকান্ সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং মহ্যং কল্পয়েৎ ॥৩৪

সমাপন করিবে।২৫-২৬

ইহার পর সুদর্শন চক্র, পাঞ্চজন্য, শঙ্খ, গদা, ধনুঃ, বাণ, অসি, হল এবং মুষল এই অষ্টবিধ অস্ত্র, গলদেশে কৌস্তুভমণি ও বনমালা এবং বক্ষঃস্থলে শ্রীবৎসলাঞ্ছিত চিহ্নকে যথাক্রমে পূজা করিবে।২৭

অনন্তর আবরণ-দেবতার পূজা করা প্রয়োজন। যথা নন্দ, সুনন্দ, গরুড়, প্রচণ্ড, চণ্ড, মহাবল, বল, কুমুদ, কুমুদেক্ষণ, দুর্গা, গণেশ, ব্যাস, বিষ্বক্সেন, গুরুগণ এবং ইন্দ্রাদিলোকপালগণ মূলদেবতার অভিমুখে ও অষ্টদিকে স্ব স্ব স্থানে অবস্থান করিতেছেন, এইরূপ স্থির করত গন্ধাদি প্রদানে তাঁহাদিগেরও পূজা করিবে।২৮-২৯

যদি ঐশ্বর্য্য এবং অর্থসামর্থ্য থাকে, তাহা হইলে প্রত্যহই চন্দন, উশীর-তৃণ, কর্পূর, কুঙ্কুম ও অগুরুর মিলনে সুগন্ধীকৃত জলের দ্বারা মন্ত্র পূর্ব্বক আমার স্নান করান বিধেয়।৩০

স্বর্ণঘর্ম্মনামক বেদোক্ত অনুবাক্, মহাপুরুষ মন্ত্র এবং সহস্রশীর্ষাদি পুরুষসূক্ত এবং রাজনাদি মন্ত্রোচ্চারণ পূর্ব্বক আমার স্নান করাইবে।৩১

অনন্তর যাহাতে প্রেম ও ভক্তির উদয় হয়, তজ্জন্য বস্ত্র, উপবীত, আভরণ, তুলসীদল, মাল্য, গন্ধ এবং অনুলেপনাদির দ্বারা ভক্ত আমার প্রতিমাকে ভূষিত করিবে।৩২

পূজক পাদ্য, আচমনীয়, গন্ধ, ধূপ, দীপ এবং নৈবেদ্যাদি উপকরণ-সমূহ বিশেষ শ্রদ্ধাসহকারে আমাকে অর্পণ করিবে।৩৩

যদি ধনবল থাকে, তাহা হইলে গুড়, পায়স ঘৃত, তৈলপক্ক শস্কুলী, পিষ্টক, মোদক, পরমান্ন, দধি, সূপাদি ব্যঞ্জন ও বিবিধ উপকরণবিশিষ্ট নৈবেদ্যাদি প্রদানে নিত্যই আমার অর্চ্চনা করা

অভ্যঙ্গোন্মর্দনাদর্শ-দন্তধাবাভিষেচনম্ ।
অন্নাদ্য-গীত-নৃত্যাদি পর্বণি স্যুরুতান্বহম্ ॥৩৫
বিধিনা বিহিতে কুণ্ডে মেখলাগর্তবেদিভিঃ ।
অগ্নিমাধায় পরিতঃ সমূহেৎ পাণিনোদিতম্ ॥৩৬
পরিস্তীর্যাথ পর্যুক্ষেদন্বাধায় যথাবিধি ।
প্রোক্ষণ্যাসাদ্য দ্রব্যাণি প্রোক্ষ্যাগ্নৌ ভাবয়েত মাম্ ॥৩৭

(বিভবে সতি) অভ্যঙ্গোন্মর্দ্দনাদর্শদন্তধাবাভিষেচনম্ অন্নাদ্যগীতনৃত্যানি অন্বহং প্রতিদিনং কর্ত্তব্যানি স্যুঃ; তদভাবে পর্ব্বণি একাদশ্যাদৌ (যথাসম্ভবং কার্য্যাণি) ॥৩৫

বিধিনা স্বগৃহোক্তপ্রকারেণ, মেখলাগর্ত্তবেদিভিঃ বিহিতে কুণ্ডে অগ্নিম্ আধায় তম্ উদিতং প্রজ্বালিতম্ অগ্নিং পাণিনা পরিতঃ সমূহেৎ একত্র মেলয়েৎ ॥৩৬

অথ পুনঃ দর্ভৈঃ তং পরিস্তীর্য্য পর্য্যুক্ষেৎ সর্ব্বতঃ প্রোক্ষয়েৎ। ততঃ যথাবিধি অন্বাধায় (অন্বাধানসংজ্ঞকং ব্যাহৃতিভিঃ সমিৎ-প্রক্ষেপাদিরূপং কর্ম্ম কৃত্বা) অগ্নিরুত্তরতঃ) দ্রব্যাণি হোমোপযোগ্যানি আসাদ্য নিধায় প্রোক্ষণ্যা প্রোক্ষণীপাত্রোদকেন প্রোক্ষ্য অগ্নৌ অগ্নিস্বরূপে মাং ভাবয়েৎ ধ্যায়েৎ ॥৩৭

স্নিগ্ধ তৈলের দ্বারা গাত্রমার্জ্জন, দন্তধাবন, আদর্শপ্রদর্শন, অভিষেক, অন্নভোগ এবং নৃত্য গীতাদি উৎসবের সহিত যদি নিত্য আমার অর্চ্চনা করিবার সামর্থ্য না থাকে, তবে একাদশী প্রভৃতি পর্ব্বোপলক্ষেও তাদৃশ যথাসম্ভব আমার পূজা করিবে ।৩৫

স্ব স্ব গৃহোক্ত প্রকরণ অনুসারে মেখলা, গর্ত্ত ও বেদির বিধানে কুণ্ড প্রস্তুত করত অগ্ন্যাধান পূর্ব্বক হুতাশনকে প্রজ্বলিত করিবে এবং হোমবিধি অনুসারে প্রজ্বলিত হুতাশনকে জোড়হস্তে জলবেষ্টন পূর্ব্বক মিলিত করিয়া দিবে ।৩৬

পরে কুণ্ডের চতুর্দ্দিকে কুশের দ্বারা আস্তরণ করত যথাবিধি অন্বাধাননামক কর্ম্মের অনুষ্ঠানে প্রোক্ষণ করিবে। অনন্তর প্রোক্ষণীয় জলের দ্বারা প্রোক্ষণ পূর্ব্বক অগ্নির উত্তরদিক্ হইতে হোমের দ্রব্যসামগ্রী লইবে এবং অগ্নিস্বরূপে আমার মূর্ত্তি চিন্তা করিবে ।৩৭

তপ্তজাম্বূনদপ্রখ্যং শঙ্খ-চক্র-গদাম্বুজৈঃ ।
লসচ্চতুর্ভুজং শান্তং পদ্মকিঞ্জল্কবাসসম্ ॥৩৮
স্ফুরৎকিরীট-কটক-কটিসূত্র-বরাঙ্গদম্ ।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভং বনমালিনম্ ॥৩৯
ধ্যায়ন্নভ্যর্চ্য দারূণি হবিষাভিঘৃতানি চ ।
প্রাস্যাজ্যভাগাবাঘারৌ দত্ত্বা চাজ্যপ্লুতং হবিঃ ॥৪০

(অত্র ধ্যেয়ম্ আত্মরূপং বিশিনষ্টি) তপ্তজাম্বূনদপ্রখ্যং তপ্তসুবর্ণতুল্যতেজস্বিনম্, শঙ্খচক্রগদাম্বুজৈঃ লসচ্চতুর্ভুজং (লসন্তঃ শোভমানাঃ চত্বারঃ ভুজাঃ যস্য তং) শান্তং মনোজ্ঞ-রূপং, পদ্মকিঞ্জল্কবাসসম্ (পদ্মস্য কিঞ্জল্কাঃ কেশরাঃ তদ্বৎ বাসঃ যস্য তম্) ॥৩৮

স্ফুরৎকিরীট-কটকসূত্রবরাঙ্গদং শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎকৌস্তুভং যস্য তং) বনমালিনম্ ॥৩৯

ধ্যানকালে গালিতসুবর্ণ-সদৃশ আভাবিশিষ্ট, পদ্মকেশরের ন্যায় পীতবসনপরিহিত, চতুর্ভুজ, শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারী মদীয় মনোজ্ঞ মূর্ত্তির চিন্তা করিবে ।৩৮

মস্তকে কিরীট, গলদেশে কৌস্তুভমণি ও বনমালা, বক্ষঃস্থলে শ্রীবৎসলাঞ্ছিত চিহ্ন, হস্তে বলয়, কটিতে কটিসূত্র এবং অন্যান্য দিব্যাভরণে ভূষিত মদীয় মূর্ত্তির ভাবনা করিবে ।৩৯

এইরূপ ধ্যান পূর্ব্বক আমার অর্চ্চনা করিয়া ঘৃতাক্ত শুষ্ক সমিধ্ অগ্নিতে প্রদান করিবে। পরে প্রজাপতয়ে স্বাহা, ইন্দ্রায় স্বাহা এই মন্ত্রদ্বয়ে উত্তর, দক্ষিণ পারসন্ধি আরম্ভ করিয়া, অগ্নির মধ্য হইতে পরিধ্যান পর্য্যন্ত ঘৃতক্ষরণ রূপ আজ্য ভাগদ্বয় "অগ্নয়ে স্বাহা এবং সোমায় স্বাহা" এই মন্ত্রদ্বয়ে অগ্নিতে প্রদান করিবে। পরে ঘৃতাক্ত সমিধ্ লইয়া "ওঁ নমো নারায়ণায় স্বাহা" এই

জুহুয়ান্মূলমন্ত্রেণ ষোড়শর্চাবদানতঃ।
ধর্ম্মাদিভ্যো যথান্যায়ং মন্ত্রৈঃ স্বিষ্টকৃতং বুধঃ ॥৪১
অভ্যর্চ্যাথ নমস্কৃত্য পার্ষদেভ্যো বলিং হরেৎ।
মূলমন্ত্রং জপেদ্ ব্রহ্ম স্মরন্নারায়ণাত্মকম্ ॥৪২
দত্ত্বাচমনমুচ্ছেষং বিষ্বক্সেনায় কল্পয়েৎ।
মুখবাসং সুরভিমৎ তাম্বূলাদ্যমথার্হয়েৎ ॥৪৩

উপগায়ন্ গৃণন্ নৃত্যন্ কর্ম্মাণ্যভিনয়ন্ মম।
মৎকথাঃ শ্রাবয়ঞ্ছৃণ্বন্ মুহূর্ত্তং ক্ষণিকো ভবেৎ ॥৪৪
স্তবৈরুচ্চাবচৈঃ স্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি।
স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ ॥৪৫
শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাং চ পরস্পরম্।
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ ॥৪৬

(এবম্ভূতং মাং) ধ্যায়ন্ অর্ভ্যর্চ্য হবিষা ঘৃতেন অভিস্তৃতানি সংসিক্তানি দারূণি শুষ্কসমিধঃ প্রাস্য প্রক্ষিপ্য, আঘারৌ (প্রজাপতয়ে স্বাহা, ইন্দ্রায় স্বাহা ইতি চোত্তরদক্ষিণপারধিসন্ধিম্ আরভ্য অগ্নিমধ্যাদাপরিধ্যন্তং ঘৃতক্ষরণরূপৌ) আজ্যভাগৌ (অগ্নয়ে স্বাহা, সোমায় স্বাহা ইতি হোমরূপৌ) দত্ত্বা আজ্যপ্লুতং (আজ্যেন ঘৃতেন প্লুতং) হবিঃ মূলমন্ত্রেণ (ওঁ নমো নারায়ণায় স্বাহা ইত্যনেন) তথা ষোড়শর্চ্চা (ষোড়শঃ ঋচঃ যস্মিন্ তেন পুরুষসূক্তেন) অবদানতঃ (প্রত্যৃচং হোমং জ্ঞেয়ং তথা মন্ত্রৈঃ) জুহুয়াৎ। তথা মন্ত্রৈঃ স্বাহান্তৈঃ যথান্যায়ঃ পূজাক্রমেণ ধর্ম্মাদিভ্যঃ জুহুয়াৎ। ততঃ বুধঃ (অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ইত্যেবং) স্বিষ্টিকৃতং চ হুত্বা (অগ্নিস্থং ভগবন্তম্) অভ্যর্চ্চ্য অথ নমস্কৃত্য পার্ষদেভ্যঃ নন্দাদিভ্যঃ বলিং হরেৎ। (ততঃ পূজাস্থানমাগত্য তত্রোপবিশ্য) নারায়ণাত্মকং ব্রহ্ম স্মরন্ (যথাশক্তি) মূলমন্ত্রং জপেৎ (যতঃ অগ্নৌ, বহিশ্চ প্রতিমায়াং ভগবতো ভোজনসমাপ্তিং ধ্যাত্বা)। আচমনং দত্ত্বা উচ্ছেষং নৈবেদ্যশেষং বিষ্বক্সেনায় পার্ষদমুখ্যায় কল্পয়েৎ সমর্পয়েৎ। ততঃ সুরভিমৎ সুগন্ধবৎ তাম্বূলাদ্যং মুখবাসং দত্ত্বা অথ পুনরপি অর্হয়েৎ পুষ্পাঞ্জলিনা পূজয়েৎ। মম কর্ম্মাণি অভিনয়ন্ স্বস্মিন্ আবিষ্কুর্ব্বন্ উপগায়ন্ গৃণন্ নৃত্যন্ মৎকথাং শৃণ্বন্ অন্যেভ্যঃ শ্রাবয়ন্ চ মুহূর্ত্তং ক্ষণিকঃ উৎসবাবিষ্টঃ ভবেৎ ॥৪০-৪৪

উচ্চাবচৈঃ পৌরাণৈঃ প্রাচীনৈঃ স্তোত্রৈঃ প্রাকৃতৈঃ তত্তদ্দেশভাষাত্মকৈঃ অর্ব্বাচীনৈঃ স্তবৈঃ অপি স্তুবন্ হে ভগবন্ প্রসীদ! ইতি দণ্ডবৎ বন্দেত প্রণমেৎ ॥৪৫

মূলমন্ত্রের দ্বারা যথা সঙ্কল্পিত আহুতি অগ্নিতে প্রদান করিবে।৪০

তদনন্তর ষোড়শ ঋক্ উচ্চারণ পূর্ব্বক তাহার এক একটির দ্বারা এক এক বার আহুতি প্রদান করিবে এবং পুরুষ-সূক্তের দ্বারাও হোম করিবে। 'ধর্ম্মায় স্বাহা" ইত্যাদি স্বাহান্ত মন্ত্রে ধর্ম্মাদি প্রত্যেকের নামোচ্চারণ পূর্ব্বক পূজাক্রমে অগ্নিতে আহুতি প্রদান করিবে।

পরে হোতা "অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" এই মন্ত্রের দ্বারা স্বিষ্টিকৃত হোম সমাপন পূর্ব্বক অগ্নিস্বরূপে বিদ্যমান হুতাশনরূপী ভগবানের অর্চ্চনা, হোম এবং প্রণাম করিয়া, নন্দাদি পার্ষদগণের উদ্দেশে বলি প্রদান করিবে। পুনর্ব্বার পূজাস্থানে অগ্রসর হইয়া, আসনে উপবেশন পূর্ব্বক পূর্ণব্রহ্মকে স্মরণ করত যথাশক্তি মূলমন্ত্র জপ করিবে।৪১-৪২

এই প্রকারে অগ্নিমূর্ত্তিতে প্রতিমার ভাবে বাহ্যদৃষ্টিতে ভগবানের ভোজন সমাপন হইলে, এইরূপ চিন্তা করত ভগবান্‌কে আচমনীয় প্রদান করিবে। অনন্তর শেষ নৈবেদ্য পার্ষদশ্রেষ্ঠ বিষ্বক্‌সেনকে সমর্পণ করিবে। পরে বিবিধ কর্পূরাদি সুরভি দ্রব্যমিশ্রিত তাম্বূলাদি মুখবাসার্থ পদার্থ উৎসর্গ করিয়া, পুষ্পাঞ্জলি প্রদানে পূজা সমাপন করিতে হয়।৪৩

অনন্তর আমার বিচিত্র লীলার অভিনয়ে গান, নৃত্য, বক্তৃতা, কথালাপ এবং অপরকে সেই সকল বিষয় শ্রবণ করাইয়া কিছুকাল উৎসবনিষ্ঠ থাকিবে।৪৪

ইতি শেষাং ময়া দত্তাং শিরস্যাধায় সাদরম্।
উদ্‌বাসয়েচ্চেদুদ্‌বাস্যং জ্যোতির্জ্যোতিষি তৎ পুনঃ ॥৪৭

অর্চাদিষু যদা যত্র শ্রদ্ধা মাং তত্র চার্চয়েৎ।
সর্বভূতেষ্বাত্মনি চ সর্বাত্মাহমবস্থিতঃ ॥৪৮

এবং ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিক-তান্ত্রিকৈঃ।
অর্চন্নুভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দত্যভীপ্সিতাম্ ॥৪৯

মদর্চাং সম্প্রতিষ্ঠাপ্য মন্দিরং কারয়েৎ দৃঢ়ম্।
পুষ্পোদ্যানানি রম্যাণি পূজা-যাত্রোৎসবাশ্রিতাম্ ॥৫০

পূজাদীনাং প্রবাহার্থং মহাপর্বস্বথান্বহম্।
ক্ষেত্রাপণপুরগ্রামান্ দত্ত্বা মৎসার্ষ্টিতামিয়াৎ ॥৫১

বাহুভ্যাং (দক্ষিণোত্তরাভ্যাং পরস্পরং সংযুক্তাভ্যাং সহিতং) শিরঃ মৎপাদয়োঃ কৃত্বা (দণ্ডবৎ পতিত্বা) হে ভগবন্! হে ঈশ! মৃত্যুগ্রহার্ণবাৎ (মৃত্যুরেব গ্রহঃ মকরঃ যস্মিন্ তস্মাৎ সংসার-সাগরাৎ) ভীতম্ অতএব প্রপন্নং শরণাগতং মাং পাহি ইতি প্রার্থয়েৎ ॥৪৬

ইতি (অনয়া এব প্রার্থনয়া) ময়া দত্তাং শেষাং নির্মাল্যং শিরসি সাদরম্ আধায় ধৃত্বা চেৎ যদি মদ্রূপম্ উদ্‌বাস্যম্ উদ্‌বাসয়েৎ। (তথা প্রতিমায়াং স্থিতং) যৎ জ্যোতিঃ, তৎ পুনঃ (অপি হৃৎপদ্মস্থে) জ্যোতিষি এব উৎসবাসনীয়ম্ ॥৪৭

অর্চাদিষু যত্র যদা শ্রদ্ধা তত্র চ মাম্ অর্চয়েৎ। (অধিষ্ঠানেষু মুখ্যামুখ্যত্বং নাস্তি) যতঃ সর্বভূতেষু স্থাবর-জঙ্গমেষু আত্মনি চ সর্বাত্মা অহম্ অবস্থিতঃ এব ॥৪৮

এবং বৈদিকতান্ত্রিকৈঃ ক্রিয়াযোগপথৈঃ পূজামার্গৈঃ, মাম্ অর্চন্ অর্চয়ন্ পুমান্ উভয়তঃ ইহ অমুত্র চ অভীপ্সিতাং সিদ্ধিম্ ইষ্টং ফলং মত্তঃ এব বিন্দতি লভতে ॥৪৯

(পূজকঃ সমর্থশ্চেৎ তদা) দৃঢ়ং মন্দিরং কারয়েৎ, তত্র চ মদর্চাং মৎ প্রতিমাং সংপ্রতিষ্ঠাপ্য বহিঃ রম্যাণি পুষ্পোদ্যানানি কারয়েৎ; পূজাযাত্রোৎসবাশ্রিতান্ (পূজা প্রত্যহং, যাত্রা বিশিষ্টে পর্বণি বহুজনসমাগমঃ, উৎসবঃ বসন্তাদিমহোৎসবঃ, তদাশ্রিতান্ সাধনভূতান্ সর্বপদার্থান্ সম্পাদয়েৎ) ॥৫০

কখন বা উচ্চকণ্ঠে কখন বা মৃদুস্বরে পৌরাণিক স্তোত্র এবং সেই সেই দেশ ও ভাষাগত প্রাকৃতিক স্তবের দ্বারা আমার স্তব করত প্রার্থনা পূর্ব্বক বলিবে,—হে ভগবন্! আমার প্রতি প্রসন্ন হউন। এই বলিয়া দণ্ডবৎ প্রণাম করিবে ।৪৫

বদ্ধাঞ্জলি হইয়া মদীয় চরণসমীপে মস্তক অবনত করিবে এবং বলিবে, 'হে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন প্রভো পরমেশ্বর! মৃত্যুরূপ ভীষণ কুম্ভীর-ব্যাপ্ত সংসারসমুদ্র অবলোকনে আমি নিতান্তই ভীত হইয়াছি! আপনার চরণে শরণ লইলাম! আপনি আমাকে এই ঘোর বিপদ্ হইতে উদ্ধার করুন' ।৪৬

এইরূপ প্রার্থনার পর মদীয় নির্ম্মাল্যকে আমার প্রদত্ত প্রসাদজ্ঞানে আদরের সহিত মস্তকে ধারণ করিবে এবং আমার চিন্ময় মূর্ত্তিকে হৃদয়ে ধ্যান করিবে এবং প্রতিমাতে সমর্পিত আমার তেজোময় স্বরূপকে স্বকীয় হৃদয়-জ্যোতিতে সমাহিত করিবে ।৪৭

অর্চ্চাদি মদীয় অনুষ্ঠানের কোনরূপ শ্রেষ্ঠত্বাদি তারতম্য নাই; কারণ স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় জীবের হৃদয়-সরোবরে আমি নিত্য প্রতিষ্ঠিত থাকি; তবে ভাবুকের শ্রদ্ধা ও ভাবের অনুসারেই আমি প্রকটিত বা অপ্রকটিত হই—এই মাত্র বিশেষ ।৪৮

এই প্রকার বৈদিক ও তান্ত্রিক পূজামার্গ অবলম্বনে আমার অর্চ্চনা করিলে, মানব ইহজগতে এবং স্বর্গাদি পরলোকে আমার প্রসাদেই অভীপ্সিত ফললাভে কৃতার্থ হইয়া থাকেন ।৪৯

পূজকের যদি বিশেষ অর্থবল থাকে, তাহা হইলে আমার উদ্দেশে সুদৃঢ় মন্দির প্রস্তুত করত তন্মধ্যে আমার প্রতিমা প্রতিষ্ঠিত করিবেন; এবং তৎসমীপে মনোহর পুষ্পোদ্যানাদি প্রস্তুত করাইবেন। প্রত্যহ পূজা, পর্ব্বোপলক্ষ্যে জন-সমাগমরূপ যাত্রাদি, বসন্তকালীন মহোৎসবাদি, নিত্য নৈমিত্তিক কর্ম্ম

প্রতিষ্ঠয়া সার্বভৌমং সদ্মনা ভুবনত্রয়ম্।
পূজাদিনা ব্রহ্মলোকং ত্রিভির্মৎসাম্যতামিয়াৎ ॥৫২
মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি।
ভক্তিযোগং চ লভতে এবং যঃ পূজয়েত মাম্ ॥৫৩
যঃ স্বদত্তাং পরৈর্দত্তাং হরেত সুর-বিপ্রয়োঃ।
বৃত্তিং স জায়তে বিড্ভুগ্ বর্ষাণামযুতাযুতম্ ॥৫৪
কর্তুশ্চ সারথের্হেতোরনুমোদিতুরেব চ।
কর্মণাং ভাগিনঃ প্রেত্য ভূয়ো ভূয়সি তৎ ফলম্ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে
সপ্তবিংশোঽধ্যায়ঃ ।২৭

পূজাদীনাং প্রবাহার্থং সন্তত্যনুবৃত্ত্যর্থং তত্রাপি অন্বহম্ অথবা মহাপর্বসু তৎসিদ্ধ্যর্থং ক্ষেত্রাপণপুরগ্রামান্ দত্ত্বা মৎসার্ষ্টিতাং মৎসমানৈশ্বর্য্যম্ ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥৫১

প্রতিষ্ঠয়া ভগবৎপ্রতিমাস্থাপনেন ফলং সার্ব্বভৌমং, সদ্মনা মন্দিরনির্ম্মাণেন ভুবনত্রয়, পূজাদিনা ব্রহ্মলোকং; ত্রিভিঃ প্রতিষ্ঠাদিভিঃ, তু মৎসাম্যতাং মৎসারূপ্যম্ ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥৫২

নৈরপেক্ষ্যেণ ফলাভিসন্ধিরহিতেন, ভক্তিযোগেন মাম্ এব বিন্দতি প্রাপ্নোতি; যঃ এবং মাং পূজয়েৎ স ভক্তিযোগং লভতে ॥৫৩

যঃ জনঃ সুরবিপ্রয়োঃ দেবব্রাহ্মণয়োঃ স্বদত্তাং (স্বেন দত্তাং) পরৈঃ দত্তাং বা বৃত্তিং হরেত, সঃ বর্ষাণাম্ অযুতাযুতং বিড্ভুক্ বিষ্ঠাভোজী কৃমিঃ ভূত্বা জায়তে ॥৫৪

কর্ত্তুঃ প্রযোজ্যস্য, সারথেঃ সহকারিণঃ, হেতোঃ প্রযোজকস্য, অনুমোদিতুঃ চ প্রেত্য তৎ ফলং ভবতি; যতঃ এতে সর্ব্বে-এব কর্ম্মণাং ভাগিনঃ। তত্রাপি ভূয়সি কর্ম্মণি সারথ্যাদৌ ভূয়ঃ অধিকং ফলং ভবতি ॥৫৫

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
সপ্তবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

এবং তদুপযোগী কার্য্যসমূহ যাহাতে চিরকাল চলিতে পারে, তাহারও ব্যবস্থা করিবেন। যাহাতে এই সমস্ত কার্যকলাপ নির্ব্বিঘ্নে বহুকাল ধারাবাহিক-ক্রমে চলে, তাহার ব্যবস্থার জন্য ক্ষেত্র, আপণ, পুর ও গ্রামাদি দেবসেবায় সমর্পণ করিবেন। এইরূপ কার্য্যের দ্বারা ভক্ত মদীয় সার্ষ্টিতা লাভে কৃতার্থ হন।৫০-৫১

ভগবানের প্রতিমা প্রতিষ্ঠা করিবার ফলে সার্ব্বভৌম পদ, মন্দির প্রতিষ্ঠায় ভুবনত্রয় এবং সাধারণতঃ পূজার ফলে মানব ব্রহ্মলোক প্রাপ্ত হইয়া থাকেন। কিন্তু একত্র তিনটির অনুষ্ঠানে ভগবানের সারূপ্যলাভে মানব অধিকারী হন।৫২

ফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ পূর্ব্বক কেবল ভক্তি-সহকারে আরাধনাদি কর্ম্মের অনুষ্ঠান করিলে, মানব মদীয় স্বরূপ ও ভক্তির স্বরূপ লাভ করিয়া থাকেন।৫৩

কিন্তু যে ব্যক্তি নিজের দত্ত বা অন্যকর্ত্তৃক প্রদত্ত দেবতা বা ব্রাহ্মণের বৃত্তিকে হরণ করে, সে অনন্ত অযুতসংখ্যক বৎসর বিষ্ঠাভোজী কৃমি হইয়া নরকে জন্ম গ্রহণ করে।৫৪

ভগবদারাধকের কথা দূরে থাকুক, যে ব্যক্তি উক্ত তত্তৎ কার্য্যে কর্ত্তার সাহায্য করেন, যিনি উৎসাহ প্রদান করেন, অন্ততঃ কার্য্যে অনুমোদনও করেন, তাঁনিও মরণান্তে পূর্ব্বোক্ত ফলসমূহই লাভ করেন। কারণ, তাঁহারা সকলেই উক্ত কর্ম্মের ফলভাগী; তবে কর্ম্মের গুরুত্ব অনুসারে ফলেরও তারতম্য অবশ্য স্বীকার করিতে হইবে।৫৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
একাদশ-স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত পঞ্চবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশঃ অধ্যায়ঃ।

[পরমার্থনিরূপণম্ ।]

শ্রীভগবানুবাচ।

পরস্বভাবকর্ম্মাণি ন প্রশংসেন্ন গর্হয়েৎ।
বিশ্বমেকাত্মকং পশ্যন্ প্রকৃত্যা পুরুষেণ চ ॥১

পরস্বভাবকর্ম্মাণি যঃ প্রশংসতি নিন্দতি।
স আশু ভ্রশ্যতে স্বার্থাদসত্যভিনিবেশতঃ ॥২

তৈজসে নিদ্রয়াপন্নে পিণ্ডস্থো নষ্টচেতনঃ।
মায়াং প্রাপ্নোতি মৃত্যুং বা তদ্বন্নানার্থদৃক্ পুমান্ ॥৩

কিং ভদ্রং কিমভদ্রং বা দ্বৈতস্যাবস্তুনঃ কিয়ৎ।
বাচোদিতং তদনৃতং মনসা ধ্যাতমেব চ ॥৪

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ। প্রকৃত্যা গুণসাম্যরূপয়া, পুরুষেণ প্রকৃতিক্ষণকর্ত্রা নিমিত্তভূতেন চ সহ উৎপাদিতং বিশ্বম্ একাত্মকম্ (একঃ সর্ব্বাবয়বীয়ঃ পরমাত্মা এব আত্মা মূল-স্বরূপং যস্য তথাভূতং) পশ্যন্ পরস্বভাবকর্ম্মাণি (পরেষাং স্বভাবান্ শান্তঘোরমূঢ়ান্ তৎপ্রযুক্তানি কর্ম্মাণি চ) ন প্রশংসেৎ ন চ গর্হয়েৎ নিন্দেৎ ॥১

যঃ জনঃ পরস্বভাবকর্ম্মাণি প্রশংসতি নিন্দতি বা, সঃ অসতি মিথ্যাভূতে দেহগেহাদৌ অভিনিবেশতঃ অহংমমাত্মকাৎ হেতোঃ স্বার্থাৎ স্বরূপনিষ্ঠালক্ষণাৎ আশু শীঘ্রং ভ্রশ্যতে ॥২

তৈজসে রাজসাহঙ্কারকার্য্যে ইন্দ্রিয়গণে, নিদ্রয়া আপন্নে অভিভূতে সতি পিণ্ডস্থঃ দেহস্থঃ জীবঃ (কেবলং মনোমাত্রেণ) যথা মায়াং স্বপ্নরূপং প্রাপ্নোতি, (ততঃ মনসি অপি লীনে সতি) নষ্টচেতনঃ সন্ মৃত্যুং মৃত্যুতুল্যাং সুষুপ্তিং প্রাপ্নোতি, তদ্বৎ এব নানার্থদৃক্ দ্বৈতাভিনিবেশী পুমান্ মায়াং জন্মাদিরূপদেহাদ্যভিনিবেশং মৃত্যুং দেহপরিত্যাগং চ প্রাপ্নুবন্ ভ্রমতি ॥৩

অবস্তুনঃ মিথ্যাভূতস্য দ্বৈতস্য মধ্যে কি ভদ্রং স্তুতিযোগ্যং, কিং বা অভদ্রং নিন্দাযোগ্যম্ অস্তি। যতঃ বাচা উদিতম্ উক্তং (চক্ষুরাদিভিঃ গৃহীতং) মনসা ধ্যাতং চ যৎ কিয়ৎ অপি বস্তু তৎ সর্ব্বম্ অনৃতম্ অসত্যম্ এব ॥৪

অষ্টাবিংশ অধ্যায়।

[পরমার্থ নিরূপণ।]

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে উদ্ধব! এই বিচিত্র রচনাবিশিষ্ট বিশ্বসংসার গুণত্রয়ের সাম্যাবস্থারূপ প্রকৃতি হইতেই সমুৎপন্ন হইয়াছে; মহাপুরুষ পরমাত্মার ঈক্ষণে জড়া প্রকৃতিও চেতনার ন্যায়, প্রসব-ধর্ম্ম প্রাপ্ত হইয়া, এই অনন্ত জীব ও জগদ্ভাবের রচনা করিয়াছেন; সুতরাং এক পরমাত্মাই তুল্যরূপে সর্ব্বাবয়বে সর্ব্বত্র বিরাজ করিতেছেন। যে কোন অধিষ্ঠানে যে কোন স্বভাব বা কর্ম্মের পরিচয় হয়, সর্ব্বত্র সেই প্রকৃতি-পুরুষের সত্তার পরিচয় ব্যতীত অন্য কিছুই নহে। অতএব অন্যের দৌঃশীল্যাদি স্বভাব বা শান্ত ঘোর এবং মূঢ় কর্ম্মের সম্পর্কে কাহারও প্রতি প্রশংসা বা তিরস্কার করা বিবেকী ব্যক্তির পক্ষে সম্পূর্ণ অবিধেয়।১

যে ব্যক্তি অন্যের স্বভাব বা কর্ম্মের মধ্যে দোষ বা গুণের অনুসন্ধান করত সুখ্যাতি বা নিন্দা করিতে অগ্রসর হয়, সে স্বকীয় দেহ বা গৃহাদিতে অভিমান পূর্ব্বক আসক্ত হইয়া নিজের আত্মস্বরূপোপলব্ধি হইতেই অতি সত্বর বঞ্চিত হয়।২

রাজসিক অহঙ্কার হইতে সমুৎপন্ন ইন্দ্রিয়গ্রাম নিদ্রায় অভিভূত হইলে, দেহস্থ জীব কেবল মনো-মাত্রায় অবস্থান পূর্ব্বক মনোময় স্বপ্নমাত্র অনুভব করিতে থাকে এবং পরক্ষণে যখন মনও সুষুপ্তিতে বিলীন হয়, তখন জীবও সঙ্গশূন্যের ন্যায় মৃত্যুতুল্য সুষুপ্তিকে আশ্রয় করিয়া বিশ্রাম করে; সেইরূপ যাহারা বহু ব্যাপারে নিরন্তর ব্যস্ত থাকে, তাদৃশ দ্বৈতাভিনিবেশী পুরুষ দেহাদিতে অভিনিবেশ-জনিত জন্ম এবং দেহত্যাগরূপ মৃত্যুকে আলিঙ্গন করত জন্মজন্মান্তর পরিভ্রমণ করিয়া থাকে।৩

সমগ্র সংসারই মায়াময়; সুতরাং মিথ্যা ও কল্পিত মাত্র। বাক্যের দ্বারা যাহা বলা যায়,

ছায়া-প্রত্যাহ্বয়াভাসা হ্যসন্তোঽপ্যর্থকারিণঃ।
এবং দেহাদয়ো ভাবা যচ্ছন্ত্যামৃত্যুতো ভয়ম্ ॥৫
আত্মৈব তদিদং বিশ্বং সৃজ্যতে সৃজতি প্রভুঃ।
ত্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হ্রিয়তে হরতীশ্বরঃ ॥৬
তস্মান্ন হ্যাত্মনোঽন্যস্মাদন্যো ভাবো নিরূপিতঃ।
নিরূপিতেয়ং ত্রিবিধা নির্মূলা ভাতিরাত্মনি।
ইদং গুণময়ং বিদ্ধি ত্রিবিধং মায়য়া কৃতম্ ॥৭
এতদ্ বিদ্বান্ মদুদিতং জ্ঞান-বিজ্ঞাননৈপুণম্।
ন নিন্দতি ন চ স্তৌতি লোকে চরতি সূর্য্যবৎ ॥৮
প্রত্যক্ষেণানুমানেন নিগমেনাত্মসংবিদা।
আদ্যন্তবদসজ্‌জ্ঞাত্বা নিঃসঙ্গো বিচরেদিহ ॥৯

উদ্ধব উবাচ

নৈবাত্মনো ন দেহস্য সংসৃতির্দ্রষ্টৃদৃশ্যয়োঃ।
অনাত্মস্বদৃশোরীশ কস্য স্যাদুপলভ্যতে ॥১০

ছায়াপ্রত্যাহ্বয়াভাসাঃ (ছায়া মুখাদি প্রতিবিম্বং, প্রত্যাহ্বয়ঃ প্রতিধ্বনিঃ, আভাসঃ শুক্তৌ রজতাদেঃ, এতে) হি নিশ্চিতম্ অসন্তঃ মিথ্যাভূতাঃ অপি অর্থকারিণঃ ভবন্তি এবং দেহাদয়ঃ অপি ভাবাঃ পদার্থাঃ অসন্তঃ অপি আমৃত্যুতঃ লয়পর্য্যন্তং ভয়ং সংসারভয়ং যচ্ছন্তি দদতি ।৫

তৎ তস্মাৎ শ্রৌতাৎ বিচারাৎ ইদং সর্ব্বং বিশ্বম্ আত্মা এব; যতঃ প্রভুঃ সর্ব্বভবনযোগ্যঃ, ঈশ্বরঃ সর্ব্বকরণসমর্থঃ চ; অতঃ সঃ বিশ্বাত্মা এব স্বয়ম্ আত্মনা সৃজ্যতে আত্মানমেব সৃজতি চ, তথা ত্রায়তে ত্রাতি চ, হ্রীয়তে হরতি চ ॥৬

হি যস্মাৎ এবম্ অস্মাৎ আত্মনঃ সকাশাৎ অন্যস্মাৎ সৃজ্যাদি-ব্যতিরিক্তাৎ (বেদে) অন্যঃ ন নিরূপিতঃ, অতঃ আত্মনি জীবাত্মনি ইয়ং ত্রিবিধা দেহেন্দ্রিয়ান্তঃকারণরূপা নির্ম্মূলা ভ্রান্তিরূপা, ভাতিঃ প্রতীতিঃ (ইতি বিবেকিভিঃ) নিরূপিতা অতঃ ইদং ত্রিবিধম্ অপি বস্তু তত্র পরমাত্মনি মায়াকৃতং গুণময়ং সত্ত্বাদিগুণকার্য্যম্ এব ইতি ত্বং বিদ্ধি জানীহি ॥৭

চক্ষুরাদি প্রত্যেক ইন্দ্রিয়ের দ্বারা যে কোন বস্তুর প্রতীতি ঘটে এবং মনের দ্বারা যাহার স্মরণ বা কল্পনা করা হয়, সমস্তই দ্বৈতপ্রপঞ্চের অভিব্যক্তি মাত্র। অতএব যাহার আদ্যোপান্তই মিথ্যা ও মায়া-ময়, তাদৃশ দ্বৈত-প্রপঞ্চের অন্তরে কোনটী ভাল, বা কোনটী মন্দ বলিয়া একটী পদার্থও সুখ্যাতি বা অখ্যাতির পাত্র হইতে পারে না। তাহার ভালও মিথ্যা এবং মন্দও মিথ্যা।৪

তথাপি দর্পণাদিতে প্রতিবিম্ব, শব্দের প্রতিধ্বনি এবং শুক্তিকাদিতে রজতাদির অধ্যাস স্বরূপতঃ মিথ্যা হইলেও, যেমন কার্য্যতঃ এই তিনের ফল ও কার্য্য-কারিতা শক্তি প্রতীত হয়, সেইরূপ পদার্থভাবে পরিণত দেহাদি বস্তুনিচয় তত্ত্বতঃ মিথ্যা হইলেও, মুক্তি পর্য্যন্ত জীবকে সংসার-ভয় প্রদান করিয়া থাকে।৫

বেদান্তবিজ্ঞানে এই বিশ্ব-ব্রহ্মাণ্ডই পরমাত্মা বলিয়া অভিহিত আছেন। কারণ একাকী তিনি সমস্তই হইতে পারেন এবং সকলই করিতে পারেন; তিনি বিশ্বরূপে নিজেই প্রকাশিত হইয়াছেন, অথচ ঈশ্বররূপে আপনাকেই আপনি মুক্ত করিতেছেন; প্রলয়ে নিজেই প্রলীন হইয়া সংসারকে সংহার করিতেছেন।৬

বেদাদি যখন পরমাত্মাতিরিক্ত অন্য বস্তুর পৃথক্ সত্তাই স্বীকার করেন না, সলিলাদিতে ফেনের উদয়ের ন্যায় পরমাত্ম-সত্তাতেই নিখিল সংসারের উদ্ভাসন নিরূপিত—এইরূপ মীমাংসা। তখন দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণরূপ জীবাত্মাতে ত্রিবিধ ভাবের স্ফূর্ত্তির দ্বারা কেবল তত্ত্বহীন ভ্রান্তিরই পরিচয় হয়, এইরূপ বিবেকিগণ নিরূপণ করিয়া থাকেন।৭

ব্রহ্মস্বরূপ হইতে সমুৎপন্ন হইলেও এই ভাবত্রয় ব্রহ্মশক্তি মায়ারই কার্য্য এবং সত্ত্ব, রজঃ ও তমো-গুণময় বলিয়াই তুমি অবধারণ কর।৮

আত্মাব্যয়োঽগুণঃ শুদ্ধঃ স্বয়ংজ্যোতিরনাবৃতঃ।
অগ্নিবদ্দারুবদচিদ্দেহঃ কস্যেহ সংসৃতিঃ ॥১১

শ্রীভগবানুবাচ
যাবদ্ দেহেন্দ্রিয়প্রাণৈরাত্মনঃ সন্নিকর্ষণম্।
সংসারঃ ফলবাংস্তাবদপার্থোঽপ্যবিবেকিনঃ ॥১২

অতঃ যঃ এতৎ মদুদিতং ময়া উক্তং জ্ঞানবিজ্ঞাননৈপুণং (জ্ঞানবিজ্ঞানয়োঃ নৈপুণ্যং নিষ্ঠাং) বিদ্বান্ জানাতি, সঃ (পরস্বভাবকর্ম্মাণি) ন নিন্দতি, ন চ স্তৌতি, কিন্তু সূর্য্যবৎ নির্লিপ্তঃ এব লোকে চরতি ॥৮

প্রত্যক্ষেণ সন্নিকৃষ্টেন্দ্রিয়-বিষয়ক-জ্ঞানেন, লিঙ্গলিঙ্গি-পূর্ব্বকেন অনুমানেন, নিগমেন আপ্তবচনেন, আত্মসংবিদা স্বরূপানুভবেন চ এতৎ বিশ্বম্ আদ্যন্তবৎ উৎপত্তিবিনাশবৎ, (আত্মব্যতিরেকেণ) অসৎ জ্ঞাত্বা তত্র নিঃসঙ্গঃ আসক্তিরহিতঃ সন্ এব ইহ সংসারে বিচরেৎ ॥৯

উদ্ধবঃ উবাচ। হে ঈশঃ! অনাত্মস্বদৃশোঃ (অনাত্মা

জড়ঃ দেহঃ, স্বদৃক্ জীবঃ স্বতঃ সিদ্ধজ্ঞানঃ তয়োঃ) দ্রষ্টৃদৃশ্যয়োঃ (দ্রষ্টা সাক্ষী চেতনঃ, দৃশ্যঃ দেহঃ তয়োঃ) আত্মনঃ দেহস্য চ সংসৃতিঃ সুখদুঃখাদ্যনুভবরূপা এব ন সম্ভবতি। তথাপি যতঃ হি সংসৃতিঃ উপলভ্যতে, অতঃ সা সংসৃতিঃ কস্য সম্ভবতি ॥১০

আত্মা হি অব্যয়ঃ বিকাররহিতঃ যতঃ অগুণঃ রাগাদ্যভাবঃ, শুদ্ধঃ কর্ম্মকৃতমালিন্যরহিতঃ, স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ, অগ্নিবৎ অনাবৃতঃ অবিদ্যাকৃতাবরণশূন্যঃ; তথা দেহঃ তু দারুবৎ কাষ্ঠবৎ জড়ঃ, অতঃ ইহ দ্বয়োঃ মধ্যে কস্য সংসৃতিঃ ঘটতে ॥১১

জ্ঞান ও বিজ্ঞানের চরম মীমাংসা-স্বরূপ মৎ-কথিত এই ভাবকে যিনি সম্যক্ অবধারণ করিতে পারেন, তিনি আর কখন পরের চরিত্র বা কর্ম্মের উপর দোষাদোষের কল্পনায় সুখ্যাতি বা অখ্যাতি করেন না; লোকলোচন দিবাকরের ন্যায় তুল্য-দৃষ্টিতে সর্ব্বত্র লক্ষ্য করত জগতে বিচরণ করিয়া থাকেন।৯

বিষয়েন্দ্রিয়ের সংযোগ-জনিত প্রত্যক্ষ-জ্ঞান, চিহ্নদর্শনে চিহ্নিত বিষয়ের জ্ঞাননিষ্ঠ অনুমান-জ্ঞান এবং বেদাদি আপ্তবাক্যের প্রসাদে লব্ধ আত্মজ্ঞান-রূপ স্বরূপানুভূতির উদয়ে এই বিশ্ব সংসার যে পূর্ব্বে ছিল না এবং পরেও আর থাকিবে না, তাহা সুস্পষ্ট অবধারণ করা যাইতে পারে; তখন সর্ব্বান্তে এক পরমাত্মাই সর্ব্বত্র সাক্ষিরূপে বিরাজ করেন, ইহাই নিরূপিত তাৎপর্য্য। অতএব বিষয়াসক্তি বিসর্জ্জন করত নির্লিপ্তভাবে সংসারে বিচরণ করাই বিবেকী পুরুষগণের অবশ্য কর্ত্তব্য।১০

উদ্ধব বলিলেন,—হে প্রভো! দেহস্বরূপে দুইটী বস্তু অনুভূত হইয়া থাকে; একটী চৈতন্যস্বরূপ পুরুষ, অপরটী অচেতন দেহ; পুরুষ সর্ব্বসাক্ষী স্বতঃসিদ্ধ জ্ঞানবান্; তিনি কিছুতেই লিপ্ত নহেন। দেহ জ্ঞানহীন, জড় পদার্থ। অতএব সুখদুঃখাদির অনুভবরূপ সংসার এতদুভয়ের মধ্যে কোনটীরই হওয়া সম্ভব নহে। অথচ জন্মমরণরূপ সংসার-স্রোত স্পষ্টতঃ উপলব্ধ হইতেছে। অতএব এই সুখদুঃখাদির অনুভূতিরূপ সংসার যে কাহার উপর প্রতিপত্তি করে! আপনি অনুগ্রহ পূর্ব্বক তাহা আমার নিকট বর্ণন করুন।১১

বিশেষতঃ আত্মা গুণের অতীত, বিশুদ্ধ জ্ঞানময়; সুতরাং ক্রিয়ানিষ্ঠ মালিন্য বা রাগাদি বিকারভাব আত্মস্বরূপে কখন সঙ্গত নহে; অগ্নি যেমন ইন্ধনাদি দগ্ধ করত আত্মস্বরূপেই প্রকাশমান হয়, আত্মস্বরূপ চৈতন্যও সেইরূপ অবিদ্যাকৃত আবরণে কখন আবৃত থাকেন না; স্বপ্রকাশ জ্যোতিঃস্বরূপেই নিত্য বিরাজ করিয়া থাকেন। অথচ দেহও কাষ্ঠ লোষ্ট্রের ন্যায় চৈতন্যহীন জড় পদার্থ। অতএব এতদুভয়ের মধ্যে কাহার যে সংসার, তাহা আমি অবধারণ করিতে পারিতেছি না।১২

অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥১৩
যথা হ্যপ্রতিবুদ্ধস্য প্রস্বাপো বহ্বনর্থভৃৎ।
স এব প্রতিবুদ্ধস্য ন বৈ মোহায় কল্পতে ॥১৪
শোক-হর্ষ-ভয়-ক্রোধ-লোভ-মোহ-স্পৃহাদয়ঃ।
অহঙ্কারস্য দৃশ্যন্তে জন্ম মৃত্যুশ্চ নাত্মনঃ ॥১৫
দেহেন্দ্রিয়প্রাণমনোঽভিমানো
জীবোঽন্তরাত্মা গুণকর্মমূর্ত্তিঃ।
সূত্রং মহানিত্যুরুধেব গীতঃ
সংসার আধাবতি কালতন্ত্রঃ ॥১৬

শ্রীভগবান্ উবাচ। আত্মনঃ দেহেন্দ্রিয়প্রাণৈঃ সহ যাবৎ সন্নিকর্ষণং সম্বন্ধঃ, তাবৎ অপার্থঃ (আত্মনি অবিদ্যমানঃ) অপি সংসারঃ অবিবেকিনঃ সম্বন্ধে ফলবান্ স্ফূর্ত্তিবিশিষ্টঃ এব ভবতি ॥১২

স্বপ্নে মিথ্যাভূতে অপি বিষয়ান্ ধ্যায়তঃ অস্য পুংসঃ, অনর্থাগমঃ স্বশিরশ্ছেদাদি দুঃখাগমঃ যথা ভবতি, তথা অর্থে দেবমনুষ্যাদ্যাকারে দেহাদৌ অবিদ্যমানে মিথ্যাভূতে অপি বিষয়ান্ ধ্যায়তঃ পুংসঃ সংসৃতিঃ সুখদুঃখাদ্যনুভবঃ হি এব ন নিবর্ত্ততে ॥১৩

যথা অপ্রতিবুদ্ধস্য স্বপ্নান্ পশ্যতঃ পুরুষস্য প্রস্বাপঃ স্বপ্নদৃষ্টপদার্থঃ বহ্বনর্থভৃৎ (বহূন্ স্বশিরশ্ছেদাদ্যর্থান্ বিভর্ত্তি পুষ্ণাতি) সঃ প্রস্বাপঃ এব প্রতিবুদ্ধস্য স্বপ্নাদুত্থিতস্য মোহায় বৈ ন কল্পতে ভবতি, (তথা অজ্ঞস্য অনর্থহেতুরপি জ্ঞানিনস্তথা ন ভবতি) ॥১৪

শোকহর্ষভয়ক্রোধলোভমোহস্পৃহাদয়ঃ যথা অহঙ্কারস্য এব দৃশ্যন্তে, (সুষুপ্ত্যাদৌ তেষামদর্শনাৎ) এবং জন্ম মৃত্যুঃ চ দেহস্য এব ন তু আত্মনঃ তে দৃশ্যন্তে ॥১৫

দেহেন্দ্রিয়-প্রাণ-মনোঽভিমানঃ (দেহাদিষু অভিমানঃ যস্য সঃ) আত্মা এব (তেষাম্) অন্তঃস্থিতঃ জীবঃ এব গুণকর্মমূর্ত্তিঃ (গুণকর্মভ্যাং মূর্ত্তির্যস্য এব সূক্ষ্মোপাধিভিঃ সূত্রং মহান্ (ইত্যাদিশব্দৈঃ) উরুধা বহুধা এব গীতঃ, তথা কালতন্ত্রঃ (কালয়তীতি কালঃ পরমেশ্বরঃ তস্য অধীনঃ সন্) সংসারে আ সর্ব্বতঃ ধাবতি ॥১৬

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন—দেহ, ইন্দ্রিয় ও প্রাণক্রিয়ার সহিত যখন আত্মার সম্বন্ধ ঘটে, তখন আত্মস্বরূপে সংসার প্রকৃত প্রস্তাবে মিথ্যাভূত হইলেও, অবিবেকীর পক্ষে সংসার সত্য ও ফলপ্রদরূপে প্রতীত হইয়া থাকে। অবিবেকীর সমীপে তাহার মিথ্যাভাব কখন উপলব্ধ হয় না।১৩

যে সকল ব্যক্তি নিরন্তর উৎকট বিষয়-চিন্তাতেই কালাতিপাত করে, তাহারা শয়ান-কালে মিথ্যাভূত স্বপ্নের প্রভাবে স্বকীয় শিরশ্ছেদনাদি বিবিধ দুঃখ যেমন প্রত্যক্ষের ন্যায় অনুভব করে, সেইরূপ বিষয়-চিন্তায় ব্যাকুলহৃদয় মানবগণ মিথ্যাভূত সুখদুঃখের অনন্তস্রোতে নিরন্তর ভাসমান বলিয়া আপনাদিগকে অনুভব করে।১৪

লোকে যদবধি স্বপ্ন দর্শন করিতে থাকে, তদবধি স্বপ্নদৃষ্ট পদার্থকে কখন মিথ্যা বলিয়া ধারণা করিতে পারে না; সুতরাং স্বাপ্নিক পদার্থজনিত ব্যাঘ্রাদির আক্রমণ বা নিজের মস্তকচ্ছেদনাদিনিষ্ঠ বিবিধ অনর্থ আপনারাই উপভোগ করিয়া থাকে। কিন্তু নিদ্রাভঙ্গে গাত্রোত্থান করিলে, স্বপ্নদৃষ্ট পদার্থের চিন্তায় তাহার চিত্ত আর ব্যাকুল হয় না বা তজ্জনিত সুখদুঃখাদির অনুভব করে না; সেইরূপ অজ্ঞানীর পক্ষে সংসার অনর্থের কারণ হইলেও জ্ঞানীর পক্ষে তাদৃশ অনুভূত হয় না।১৫

শোক, হর্ষ, ভয়, ক্রোধ, লোভ, মোহ ও আকাঙ্ক্ষারূপ বৃত্তিসমূহ এক অহঙ্কার হইতেই উৎপন্ন প্রতীত হয়; কারণ গাঢ় নিদ্রার সময় নিদ্রিত ব্যক্তিতে এই সকলের মধ্যে কোন বৃত্তিরই পরিচয় থাকে না। সেইরূপ জন্ম এবং মৃত্যুও এক দেহের উপরই প্রতিপত্তি করে; আত্মস্বরূপে এতদুভয়ের কোন সম্পর্ক হওয়া নিতান্তই অসঙ্গত।১৬

অমূলমেতদ্ বহুরূপরূপিতং
মনোবচঃ-প্রাণশরীরকর্ম।
জ্ঞানাসিনোপাসনয়া শিতেন
ছিত্ত্বা মুনির্গাং বিচরত্যতৃষ্ণঃ ॥১৭
জ্ঞানং বিবেকো নিগমস্তপশ্চ
প্রত্যক্ষমৈতিহ্যমথানুমানম্।
আদ্যন্তয়োরস্য যদেব কেবলং
কালশ্চ হেতুশ্চ তদেব মধ্যে ॥১৮
যথা হিরণ্যং স্বকৃতং পুরস্তাৎ
পশ্চাচ্চ সর্বস্য হিরণ্ময়স্য।
তদেব মধ্যে ব্যবহার্য্যমাণং
নানাপদেশৈরহমস্য তদ্বৎ ॥১৯

এতৎ বহুরূপরূপিতম্ (অবিদ্যয়া বহুভিঃ দেবমনুষ্যাদিরূপৈঃ রূপিতং প্রকাশিতং, বস্তুতঃ) অমূলং নিস্তত্ত্বং মূলশূন্যং, মনোবচঃ প্রাণশরীরকর্ম্ম (মন আদিষু ক্রিয়তে ইতি মন আদি কর্ম্ম অহঙ্করণং), গুরোঃ ঈশ্বরস্য চ উপাসনয়া শিতেন তীক্ষ্ণীকৃতেন জ্ঞানাসিনা, জ্ঞানখড়্গেন ছিত্ত্বা অতৃষ্ণঃ বিষয়াভিলাষরহিতঃ, মুনিঃ মননশীলঃ, গাং ভূমিং বিচরতি ॥১৭

আদ্যন্তয়োঃ যৎ অস্তি অস্য জগতঃ, মধ্যে অপি হেতুঃ কারণং, কালঃ (কালয়তি প্রকাশয়তীতি কালশ্চ) কেবলং (পরমার্থভূতং ব্রহ্ম এব তদাত্মকম্ এব ইদং বিশ্বম্ ইত্যেবং) নিগমঃ বেদঃ, তপঃ স্বধর্ম্মঃ, প্রত্যক্ষং স্বানুভবঃ, ঐতিহ্যম্ উপদেশঃ, অথ অনুমানং তর্কঃ চ (ইত্যাদিভিঃ সাধনৈঃ জায়তে যঃ) বিবেকঃ তৎ জ্ঞানম্ এব ॥১৮

যথা স্বকৃতং (সুষ্ঠু কুণ্ডলাদিরূপেণ বিরচিতং) যৎ হিরণ্যং সর্ব্বস্য হিরণ্ময়স্য কুণ্ডলাদিকার্য্যস্য (উৎপত্তেঃ) পুরস্তাৎ চ অস্তি, তদেব মধ্যে নানাপদেশৈঃ (কটককুণ্ডলমিতি নানানামভিঃ) ব্যবহার্য্যমাণং ব্যবহারং প্রাপ্যমাণং ভবতি তদ্বৎ অস্য বিশ্বস্য কারণভূতঃ অহমেব আদ্যন্তরূপঃ মধ্যে নানাব্যবহারালম্বনং চ মত্তঃ ন পৃথক্ বিশ্বমিতি ॥১৯

দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও মনের উপর আত্মভাব চিন্তনে অভিমানী আত্মাই তাহাদের অন্তরে অবস্থানপূর্ব্বক জীব নামে অভিহিত হন; সুতরাং আত্মস্বরূপের সংবরণে সমুদিত গুণ ও কর্ম্মের মূর্ত্তিতেই আত্মা স্বরূপের পরিচয় দেন এবং ইন্দ্রিয়াদি লিঙ্গদেহ বা মহত্তত্ত্বাদি কারণদেহকে উপাধিরূপে স্বীকার করত বিশ্ব, তৈজস, প্রাজ্ঞ এবং দেব মনুষ্য ও তির্য্যগাদি নানা নামে অভিহিত হন এবং সর্ব্বভূতের কলনকারী মহা-কালরূপী পরমেশ্বরের বশবর্ত্তী হইয়া অনন্ত সংসার-তরঙ্গের অনন্তভাবে নিরন্তর ভাসমান হন।১৭

অঘটন-ঘটন-পটিয়সী প্রচণ্ড অবিদ্যার প্রভাবে দেবমনুষ্যাদি বহুরূপে প্রকাশমান, কিন্তু স্বরূপতঃ অমূলক ভিত্তিশূন্য অহঙ্কারই মন, দশবিধ ইন্দ্রিয়, ইন্দ্রিয়বর্গের ক্রিয়া, প্রাণন-শক্তি এবং উপাদানভূত দেহের রচনা করিয়া থাকে। অতএব সেই অহঙ্কারের মূলচ্ছেদন না করিলে, সংসার বিনিবৃত্ত হয় না। গুরু ও ভগবানে ভক্তিই জ্ঞানলাভের শ্রেষ্ঠ উপায়। তীব্র ভক্তির সম্পর্কে অন্তরস্থ জ্ঞানরূপ খড়্গকে শাণিত করিতে পারিলে, অহঙ্কারের মূল-দেশ অনায়াসে কর্ত্তিত করা যায়; তখন বিষয়াভিলাষ বিসর্জন করত ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক ধরণীতে পর্য্যটন করিলেও, আর সে যোগী সংসারে আভিভূত হন না।১৮

সৃষ্টির অগ্রে এবং অন্তে যিনি সৎস্বরূপে বিরাজ করেন এই ব্রহ্মাণ্ডের প্রকাশমান সৃষ্টিদশারূপ মধ্যাবস্থাতেও পরম কারণ উপাদানরূপে এবং প্রকাশক কালরূপে সেই পরমার্থভূত পরমব্রহ্মই সেই সেইরূপে বিরাজ করিতেছেন। বেদাধ্যয়ন, তপোঽনুষ্ঠানরূপ স্বধর্ম্মের অনুশীলন, প্রত্যক্ষানুভব, গুরুর উপদেশ অনুমান ও তর্কাদি সাধনের সহায়ে বিশ্ব ব্রহ্মাণ্ড ব্রহ্মময় বোধে যে বিবেকের উদয় হয়, তাহাকেই প্রকৃত জ্ঞাননামে অভিহিত করা যায়।১৯

[ষষ্ঠবর্ষ, জ্যৈষ্ঠ, ১৩৭৫] [দ্বাদশ সংখ্যা—স্নানযাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথকৃতান্বয়-বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পাদক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা] [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী ঃ—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

যুগ্ম-কর্ম্মকিঙ্কর ঃ—
কিঙ্কর বিমলানন্দ।
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস্.
ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড
এইচ্ (লণ্ডন)।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজাণ্ড্রা প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত।
১৫ই জ্যৈষ্ঠ, ১৩৭৫।

কার্য্যালয় ঃ—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা পরিবর্ত্তন পূর্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

ॐ শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌঘাট
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

প্রকাশকের নিবেদন।

পরমকারুণিক শ্রীভগবানের মহতী অনুকম্পায় এবং শাস্ত্রমূর্ত্তি পরমারাধ্য শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসওঙ্কারনাথমহারাজের অনন্ত ইচ্ছায় আর্য্যশাস্ত্রে বর্ত্তমান সংখ্যায় (স্নানযাত্রা জ্যৈষ্ঠ মাস ১৩৭৫) শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের প্রকাশনকার্য্য সম্পূর্ণ হইল।

পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের দিব্যলীলা ও গুণসমূহের সুপ্রকাশের আধার এই শ্রীমদ্-ভাগবতমহাপুরাণ পাঠ করিয়া পাঠকসমাজ আনন্দকন্দ শ্রীগোবিন্দের চরণারবিন্দে সুদৃঢ়া ভক্তিলাভ করত শ্রীভগবানের লীলাভূমি এই ভারতবর্ষে তাঁহার অপার মহিমা প্রচার পূর্ব্বক সর্ব্বসাধারণকে শ্রীভগবদ্‌ভক্তি বিতরণ করুন।

অধ্যাত্মমহাসাম্রাজ্যের একমাত্র নিকেতন এই ভারতবর্ষে আজ যাঁহার লীলাবিবর্ত্তনে কলিযুগের প্রাদুর্ভাবে দিকে দিকে ভোগপ্রবণতা-উচ্ছৃঙ্খলতা-অবিবেকিতা প্রভৃতির মহাতাণ্ডব আরম্ভ হইয়াছে, এই সেই ভারতবর্ষে সর্ব্ববিধ সমস্যা-জর্জ্জরিত মহাদুর্দ্দিনে শ্রীভগবানের প্রদর্শিত শাস্ত্রপথ অবলম্বন করা ব্যতীত অন্য কোন পথ নাই—যাহাতে আমরা সর্ব্ববিধ সমস্যা ও জ্বালা হইতে নিবৃত্তি লাভ করিয়া সুস্থ ও সুখী হইতে পারি। তাই করুণার্দ্রচিত্ত শ্রীশ্রীঠাকুর আমাদেরই হিতার্থে এই আর্য্যশাস্ত্র প্রবর্ত্তন করিয়া বিবিধ শাস্ত্র আলোচনা করিবার সুবর্ণ সুযোগ দিয়াছেন। ইহা পাঠ করিয়া অধিকারী অনুযায়ী সকলশ্রেণীর মানব স্বীয় কর্ত্তব্যপথ অবলম্বন করত চরম ও পরম কাম্যবস্তু লাভ করিয়া দুর্লভ এই মানবজন্ম ধন্য করিবেন।

এই আর্য্যশাস্ত্রের বহুল প্রচার কামনায় আমরা সহৃদয় ভক্ত পাঠক-পাঠিকাগণের অখণ্ড সর্ব্ববিধ সাহায্য কামনা করিয়া শ্রীশ্রীভগবানের চরণে তাঁহাদের অনন্ত ক্ষেম প্রার্থনা করি।

॥ মহাভারত ॥

মহাভারত—শ্রীভগবান্ বেদব্যাসবিরচিত ইতিহাসপুরাণশাস্ত্র। এই গ্রন্থে বিস্তৃতভাবে ভারতবর্ষের পূর্ব্বপুরুষগণের ইতিবৃত্ত ও কুরুপাণ্ডবের যুদ্ধ প্রভৃতি অগণিত জ্ঞাতব্যবিষয় সন্নিবিষ্ট আছে। শ্রীভগবান্ বেদব্যাস বেদ ও উপনিষদের নিগূঢ় তত্ত্ব সহজে সর্ব্বসাধারণের মধ্যে প্রচারের উদ্দেশে সুবিস্তৃতভাবে সকল ধর্ম্ম অবতারণা করিয়া ভারতবর্ষের মহাগৌরব কুরু-পাণ্ডবের বংশধারাপ্রমুখ প্রসিদ্ধ ও অপ্রসিদ্ধ উপাদেয় ইতিবৃত্তসমূহের বর্ণনপ্রসঙ্গে ভারতীয়মাত্রেরই ইতিকর্ত্তব্যতা এমন সুনিপুণভাবে এই গ্রন্থে সন্নিবেশ করিয়াছেন—যাহা না পড়িলে বুঝা যাইবে না এবং পড়িলে মহাজ্ঞান-বিজ্ঞানের অধিকারী হওয়া যাইবে।

পুরাকালে সমস্ত দেবতাগণ একদিন সরহস্য চতুর্ব্বেদ একদিকে এবং মহাভারত একদিকে রাখিয়া তুলাদণ্ডে পরিমাণ (ওজন) করিয়াছিলেন। তাহাতে দেখা যায়—মহাভারতই বেদ হইতে অধিক হয়, সেই হইতেই মহাভারতের 'মহাভারত' নাম প্রসিদ্ধ হয়।

এই গ্রন্থের মহত্ত্ব ও অধিক ভারবত্ত্ব দেখিয়াও পূর্ব্বাচার্য্যগণ 'মহাভারত' আখ্যা দিয়াছেন। এই মহাভারতই হইল সর্ব্বশাস্ত্র হইতে উৎকৃষ্ট এবং এই মহাভারত পাঠে মানুষ মোক্ষপর্য্যন্ত পুরুষার্থ লাভ করিতে সমর্থ হয়।

এই বিশাল গ্রন্থে অষ্টাদশটি পর্ব্ব এবং বহু উপপর্ব্ব আছে। হরিবংশও এই মহাভারতেরই অন্তর্গত, সুতরাং কেহ কেহ মহাভারত উনবিংশতিটি পর্ব্বসমন্বিত বলিয়া থাকেন এবং মহাভারতপারায়ণের সম্পূর্ণতাসাধনের জন্য মহাভারতপারায়ণের অঙ্গরূপে হরিবংশের পারায়ণ করিয়া থাকেন।

অষ্টাদশ মূল পর্ব্ব যথা,— ১। আদিপর্ব্ব, ২। সভাপর্ব্ব, ৩। বনপর্ব্ব, ৪। বিরাট্-পর্ব্ব, ৫। উদ্‌যোগপর্ব্ব, ৬। ভীষ্মপর্ব্ব, ৭। দ্রোণপর্ব্ব, ৮। কর্ণপর্ব্ব, ৯। শল্যপর্ব্ব, ১০। সৌপ্তিকপর্ব্ব, ১১। স্ত্রীপর্ব্ব, ১২। শান্তিপর্ব্ব, ১৩। অনুশাসনপর্ব্ব, ১৪। অশ্ব-মেধপর্ব্ব, ১৫। আশ্রমবাসপর্ব্ব, ১৬। মৌষলপর্ব্ব, ১৭। মহাপ্রাস্থানিকপর্ব্ব, ১৮। স্বর্গপর্ব্ব। হরিবংশরূপে ১৯ পর্ব্ব।

বর্ত্তমানে ঐ মহাভারত আর্য্যশাস্ত্রে প্রকাশিত হইবে। আমরা প্রত্যেক ভক্তপ্রাণ ব্যক্তিকে এই জন্য বিশেষ অনুরোধ করিতেছি, তাঁহারা এই বিষয়ে আমাদিগকে সর্ব্বতোভাবে সহায়তা করুন।

পরিশেষে শ্রীশ্রীপুরুষোত্তমভগবানের শ্রীচরণপঙ্কজে প্রার্থনা করি—তিনি আমাদিগকে যথাযথ-রূপে কর্ত্তব্যকর্ম্মে নিয়োজিত করিয়া সর্ব্বাঙ্গসুন্দররূপে শাস্ত্রপ্রকাশনকর্ম্মে প্রতিনিয়ত ব্যাপৃত রাখুন।

সম্পূজক—আর্য্যশাস্ত্র।
শ্রীসীতারামবৈদিকমহাবিদ্যালয়
৭/২, পি, ডব্লিউ, ডি, রোড,
কলিকাতা-৩৫।

বিজ্ঞানমেতৎ ত্রিয়বস্থমঙ্গ
গুণত্রয়ং কারণকার্য্যকর্ত্তৃ।
সমন্বয়েন ব্যতিরেকতশ্চ
যেনৈব তুর্য্যেণ তদেব সত্যম্ ॥২০
ন যৎ পুরস্তাদুত যন্ন পশ্চা-
ন্মধ্যে চ তন্ন ব্যপদেশমাত্রম্।
ভূতং প্রসিদ্ধং চ পরেণ যদ্ যৎ
তদেব তৎ স্যাদিতি মে মনীষা ॥২১

ত্রিয়বস্থং (য়কারস্য পৃথক্ পাঠশ্ছন্দোঽনুরোধেন) জাগ্রদাদি ত্র্যবস্থং যৎ এতৎ বিজ্ঞানং মনঃ, (তথা তত্তদবস্থাকারণভূতং চ যৎ গুণত্রয়ং) যৎ চ কারণকার্য্যকর্ত্তৃ (কারণম্ অধ্যাত্মানি ইন্দ্রিয়াণি, কার্য্যম্ অধিভূতং পৃথ্ব্যাদি, কর্ত্তৃ অধিদৈবম্ এবং গুণত্রয়কার্য্যভূতং ত্রিবিধং জগৎ) হে অঙ্গ। যেন তুর্য্যেণ সামান্যজ্ঞানমাত্রেণ সমন্বয়েন ভবতি (যেন অনুগতং ব্যাপ্তং সৎ প্রকাশতে) ব্যতিরেকতঃ সমাধ্যাদৌ যৎ তুর্য্যম্ অস্তি, তদেব সত্যম্ অহম্ এব ॥২০

যৎ ভূতং কার্য্যম্ (উৎপত্তেঃ) পুরস্তাৎ ন ভবতি, যৎ চ পশ্চাৎ নাশাৎ চ ন ভবতি, মধ্যে অপি তৎ পৃথক্ ন অস্তি; কিন্তু ব্যপদেশমাত্রং নামান্তরমাত্রং, যতঃ যৎ পরেণ অন্যেন ভূতং জাতং, প্রসিদ্ধং প্রকাশিতং চ তৎ তৎ এব কারণং প্রকাশকং চ (তাবন্মাত্রং) স্যাৎ (ন পৃথক্) ইতি মে মনীষা বুদ্ধিঃ ॥২১

অবিদ্যমানোঽপ্যবভাসতে যো
বৈকারিকো রাজসসর্গ এষঃ।
ব্রহ্ম স্বয়ংজ্যোতিরতো বিভাতি
ব্রহ্মেন্দ্রিয়ার্থাত্মবিকারচিত্রম্ ॥২২
এবং স্ফুটং ব্রহ্মবিবেকহেতুভিঃ
পরাপবাদেন বিশারদেন।
ছিত্ত্বাত্মসংদেহমুপারমেত
স্বানন্দতুষ্টোঽখিলকামুকেভ্যঃ ॥২৩

যঃ অয়ং বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তথা রাজসসর্গঃ তামসঃ সর্গঃ চ, সঃ এষঃ (সৃষ্টেঃ প্রাক্) অবিদ্যমানঃ অপি (সৃষ্টিকালে) অবভাসতে। সঃ সর্ব্বঃ ব্রহ্মপ্রকাশ্যঃ এব; ব্রহ্ম তু স্বয়ংজ্যোতিঃ স্বতঃসিদ্ধং সর্ব্বকারণং সর্ব্বপ্রকাশকং চ, অত ইন্দ্রিয়ার্থাত্ম-বিকারচিত্রম্ (ইন্দ্রিয়াণি অর্থাঃ তন্মাত্রাণি, আত্মা মনঃ দেবতাঃ চ বিকারাঃ পঞ্চমহাভূতানি এবং চিত্রং বিশ্বং) ব্রহ্ম এব অবভাতি ॥২২

এবং (শ্রুত্যৈতিহ্যানুমানৈঃ) স্ফুটং যথা স্যাৎ তথা ব্রহ্মবিবেকহেতুভিঃ তথা বিশারদেন নিপুণেন পরাপবাদেন (পরস্য দেহাদেঃ অপবাদেন আত্মত্বনিরাসেন) আত্মসন্দেহম্ আত্মবিষয়কং সন্দেহং ছিত্ত্বা স্বানন্দতুষ্টঃ সন্ অখিলকামুকেভ্যঃ (অখিলেভ্যঃ কামুকেভ্যঃ ইন্দ্রিয়েভ্যঃ) উপারমেত নিঃসঙ্গো ভবেৎ ॥২৩

কুণ্ডলাদি নির্ম্মিত হইবার পূর্ব্বে সেই সেই অলঙ্কারাদি নির্ম্মাণার্থ উপকরণরূপে সংগৃহীত সুবর্ণপিণ্ড যেমন তদ্দ্বারা অলঙ্কারাদির নির্ম্মাণ-দশাতেও আত্মরূপ পরিত্যাগ করে না; তবে তৎকালে ব্যবহারানুরূপ অলঙ্কারের কটক-কুণ্ডলাদির নামমাত্রে অভিহিত হয় মাত্র, সেইরূপ সৃষ্টির পূর্ব্বে এবং প্রলয়ে একরূপে বিদ্যমান আমিই এই সংসারের একমাত্র কারণ; তবে সৃষ্টিকালে বিচিত্র নাম ও রূপে আমিই অভিহিত হই; এই বিশ্ব-সংসার কোনমতে আমা হইতে পৃথক্ নহে* ।১৯

আমি যেমন সংসারের উপাদান কারণরূপে বিদ্যমান রহিয়াছি, সর্ব্বাবভাসক মূর্ত্তিতেও আমি ব্যতীত অন্য কেহই নাই। জীবের জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি নামক অবস্থাত্রয়, বিজ্ঞানমূর্ত্তি, মহত্তত্ত্ব, মহতের ও অহঙ্কারের অবস্থাভূত গুণত্রয়, কারণনামক অধ্যাত্ম ইন্দ্রিয়, কার্য্যস্বরূপ অধিভূত ক্ষিত্যাদি এবং কর্ত্তৃরূপ দেবতানিচয়, এই গুণত্রয়ের কার্য্যভূত তিন প্রকারে অভিব্যক্ত জগৎ হে উদ্ধব! যে তুরীয় চৈতন্যের দ্বারা প্রকাশিত হইতেছে এবং তন্ন তন্ন করিয়া সমাধিকালে যোগী যে তুরীয়

* অনবধানতাবশতঃ ২৮ অধ্যায়ের অনুবাদের সহিত মূলের শ্লোকসংখ্যা পরিবর্ত্তিত হইয়া গিয়াছে। অনুবাদে ৭ ও ৮ সংখ্যাটি ৭ শ্লোক সংখ্যা হইবে। অতঃপর ১টি করিয়া করিয়া ২৮৮৮ পৃষ্ঠায় ১৯ অনুবাদ পর্য্যন্ত ১৮ সংখ্যা হইবে।

নাত্মা বপুঃ পার্থিবমিন্দ্রিয়াণি
দেবা হ্যসুর্বায়ুর্জলং হুতাশঃ।
মনোঽন্নমাত্রং ধিষণা চ সত্ত্ব-
মহংকৃতিঃ খং ক্ষিতিরর্থসাম্যম্ ॥২৪

সমাহিতৈঃ কঃ করণৈর্গুণাত্মভি-
র্গুণো ভবেন্মৎসুবিবিক্তধাম্নঃ।
বিক্ষিপ্যমাণৈরুত কিং নু দূষণং
ঘনৈরুপেতৈর্বিগতৈ রবেঃ কিম্ ॥২৫

যথা নভো বায্যনলাম্বুভূগুণৈ-
র্গতাগতৈর্বর্তুগুণৈর্ন সজ্জতে।
তথাক্ষরং সত্ত্বরজস্তমোমলৈ-
রহংমতেঃ সংসৃতিহেতুভিঃ পরম্ ॥২৬

পার্থিবং বপুঃ শরীরম্, ইন্দ্রিয়াণি, (ইন্দ্রিয়ানুগ্রাহকাঃ অর্কাদয়ঃ) দেবাঃ, অসুঃ প্রাণঃ, বায়ুঃ জলং, হুতাশঃ অগ্নিঃ, অন্নমাত্রম্ অন্নময়ং মনঃ, ধিষণা বুদ্ধিঃ, সত্ত্বং চিত্তম্, অহংকৃতিঃ অহঙ্কারঃ, খম্ আকাশঃ, ক্ষিতিঃ, অর্থাঃ শব্দাদয়ঃ পঞ্চ, সাম্যং গুণত্রয়সাম্যং প্রকৃতিশ্চ (ঘটবৎ জড়ত্বাৎ) আত্মা ন ভবন্তি ইতি অনুমানপ্রয়োগঃ জ্ঞেয়ঃ ॥২৪

মৎ-সুবিবিক্তধাম্নঃ (মম সুষ্ঠু সম্যক্ বিবিক্তং ধাম স্বরূপং যেন তস্য) গুণাত্মভিঃ সত্ত্বাদিগুণপরিণামাত্মকৈঃ করণৈঃ সমাহিতৈঃ কঃ গুণঃ ভবেৎ। ঘনৈঃ উপেতৈঃ প্রাপ্তৈঃ, বিগতৈঃ বা যথা রবেঃ কিম্ (অপি গুণদোষৌ ন ভবতঃ, তথা) বিক্ষিপ্যমাণৈঃ তৈঃ করণৈঃ উত অথবা কিং নু দূষণং ভবেৎ ॥২৫

নভঃ আকাশঃ যথা বায়্বনলাম্বুভূগুণৈঃ (বায়ুশ্চ অনলশ্চ অম্বু চ ভূশ্চ তেষাং গুণৈঃ) তথা গতাগতৈঃ আগমাপায়িভিঃ ঋতুগুণৈঃ শীতোষ্ণাদিভিঃ বা ন সজ্জতে, তথা অহম্মতেঃ দেহাত্মহমিতি অভিমানবতঃ সংসৃতিহেতুভিঃ সত্ত্বাদিমলৈঃ তৎকার্যৈঃ বিষয়ৈঃ বা পরং প্রকৃতিবিলক্ষণম্ অক্ষয়ং ব্রহ্ম ন সজ্জতে ॥২৬

চৈতন্যের স্বরূপ সর্ব্বান্তে অনুভব করিয়া থাকেন, সেই পরমার্থ সৎস্বরূপ আমিই সর্ব্বাবভাসকরূপে সর্ব্বত্র অবস্থান করিতেছি।২০

উৎপত্তির পূর্ব্বে যে কার্য্য ছিল না এবং জগন্নাশের পর যে কার্য্য থাকে না, মধ্যাবস্থা সৃষ্টিকালেও যাহা সুবর্ণবৎ স্বরূপ পরিহার করে না, অথচ কেবল ভিন্ন ভিন্ন নামে অভিহিত হয় মাত্র, সেই সর্ব্বাবভাসক ভাবই ব্রহ্ম। কারণ যে কোন কার্য্য অন্যের দ্বারা উৎপাদিত ও প্রকাশিত হয়, সেই সেই কার্য্যের কারণ ও প্রকাশস্বরূপে আমিই মাত্র অবস্থান করিতেছি। আমি কার্য্যরূপে পরিণত না হইয়াও অলঙ্কারের পক্ষে সুবর্ণের ন্যায় সৃষ্ট জগৎ হইতে কোন অংশে পৃথক্ নহি। ইহাই আমার মীমাংসিত মত।২১

এই যে পরিদৃশ্যমান সাত্ত্বিক, রাজসিক বা তামসিক পদার্থসমূহ সৃষ্টির পূর্ব্বে না থাকিলেও সৃষ্টির সময়ে ব্রহ্ম কর্ত্তৃক অবভাসিত হইয়া প্রকাশ পাইতেছে, ব্রহ্ম কিন্তু সকলেরই উপাদান-কারণ এবং সকলেরই প্রকাশক। অতএব দশবিধ ইন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র, মন, দেবতা এবং পঞ্চ মহাভূতাদি বিচিত্র সংসাররূপে এক পরাৎপর পূর্ণব্রহ্মই অবভাসিত হইতেছেন।২২

অতএব প্রত্যক্ষ, অনুমান ও আপ্তবচনাদি ব্রহ্ম-বিচারের উপায় দ্বারা তীক্ষ্ণ আত্মানাত্মবিবেকের বলে দেহাদিতে আত্মাভিমান পরিহার করিবে এবং আত্মসম্বন্ধীয় সন্দেহের মূল উৎপাটন পূর্ব্বক শান্তচিত্তে যাবতীয় ইন্দ্রিয়-ক্রিয়া হইতে বিনিবৃত্ত হইবে এবং ভোগাসক্তিকে বিসর্জ্জন দিবে।২৩

পার্থিব দেহ, ইন্দ্রিয়বর্গ, ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী সূর্য্যাদি দেবতাগণ, প্রাণবায়ু, ক্ষিতি, আকাশ, জল, হুতাশন, অন্নময় মন, বুদ্ধি, চিত্ত, অহঙ্কার, শব্দাদি পঞ্চ মহাভূত এবং গুণত্রয়ের সাম্যাবস্থারূপ প্রকৃতি প্রভৃতি যাবতীয় পদার্থই স্থূল ঘটাদির ন্যায় জড় পদার্থ, ইহারা যে কখন আত্মা নহে, এইরূপ অনুমানাদির

তথাপি সঙ্গঃ পরিবর্জনীয়ো
গুণেষু মায়ারচিতেষু তাবৎ।
মদ্ভক্তিযোগেন দৃঢ়েন যাবদ্
রজো নিরস্যেত মনঃকষায়ঃ ॥২৭
যথাময়োঽসাধু চিকিৎসিতো নৃণাং
পুনঃ পুনঃ সন্তুদতি প্ররোহন্।
এবং মনোঽপক্বকষায়কর্ম
কুযোগিনং বিধ্যতি সর্বসঙ্গম্ ॥২৮

তথাপি (বিবেকরহিতেন পুংসা তু) দৃঢ়েন মদ্ভক্তিযোগেন মনঃকষায়ঃ (মনসঃ কষায়ঃ) রজঃ বিষয়েষু রাগঃ যাবৎ ন নিরস্যতে, তাবৎ মায়ারচিতেষু প্রকৃতিকার্য্যেষু গুণেষু বিষয়েষু সঙ্গঃ পরিবর্জ্জনীয়ঃ ॥২৭

যথা অসাধু চিকিৎসিতঃ (অসাধু অসম্যক্ যথা স্যাৎ তথা চিকিৎসিতঃ প্রতিকৃতঃ) নৃণাম্ আময়ঃ রোগঃ পুনঃ (প্ররোহন্ পুনঃ দেহং) তুদতি পীড়য়তি, এবম্ অপক্বকষায়কর্ম্ম (অপক্বাঃ অদগ্ধাঃ কষায়াঃ রাগাদয়ঃ কর্ম্মাণি চ যস্মিন্ তৎ) সর্ব্বসঙ্গং (সর্ব্বত্র ধনপুত্রাদিষু সজ্জমানং) মনঃ কুযোগিনং বিবেকরহিতং যোগিনং বিধ্যতি ভ্রংশয়তি ॥২৮

দ্বারা নির্ণয় করা প্রয়োজন।২৪

যে ব্যক্তি মদীয় পবিত্র পরমাত্মা-স্বরূপের সম্যক্ অবধারণে বিশেষরূপে সমর্থ হইয়াছেন, তাঁহার পক্ষে সত্ত্বাদি গুণসমূহে উপচিত ইন্দ্রিয়গ্রামের সমাধানে কোন বিশেষ উপকারের প্রত্যাশা নাই। কারণ দিবাকরের সন্নিধানে জলদাবলির উপস্থিতি বা অপগমে যেমন কোন ক্ষতিবৃদ্ধি ঘটে না, সেইরূপ পরমার্থদর্শী বিবেকীর ইন্দ্রিয়বর্গ বিক্ষিপ্ত হইলেও, প্রকৃত প্রস্তাবে কোন ব্যাঘাতের সম্ভাবনা নাই।২৫

নভোমণ্ডল যেমন বায়ু, অনল, সলিল এবং পার্থিব ধূলি প্রভৃতির গুণে এবং নিরন্তর পরিবর্তনশীল ঋতুসমূহের শীতোষ্ণাদি দোষে বা গুণে যেমন লিপ্ত হয় না অর্থাৎ ইহাদের উপস্থিতিতে তত্তদ্গুণাক্রান্তের ন্যায় লক্ষিত হইলেও আকাশ বস্তুতঃ আত্ম-

কুযোগিনো যে বিহতান্তরায়ৈ-
র্মনুষ্যভূতৈস্ত্রিদশোপসৃষ্টৈঃ।
তে প্রাক্তনাভ্যাসবলেন ভূয়ো
যুঞ্জন্তি যোগং ন তু কর্মতন্ত্রম্ ॥২৯
করোতি কর্ম ক্রিয়তে চ জন্তুঃ
কেনাপ্যসৌ চোদিত আ নিপাতাৎ।
ন তত্র বিদ্বান্ প্রকৃতৌ স্থিতোঽপি
নিবৃত্ততৃষ্ণঃ স্বসুখানুভূত্যা ॥৩০

মনুষ্যভূতৈঃ পুত্রকলত্রবন্ধুশিষ্যাদিরূপৈঃ ত্রিদশৈঃ দেবৈঃ, উপসৃষ্টৈঃ প্রেরিতৈঃ অন্তরায়ৈঃ বিঘ্নৈঃ যে কুযোগিনঃ বিহতাঃ ভ্রংশিতাঃ, তে হি প্রাক্তনাভ্যাসবলেন পূর্ব্বাভ্যস্তযোগবলেন ভূয়ঃ জন্মান্তরে অপি যোগং যুঞ্জন্তি কুর্ব্বন্তি, ন তু কর্ম্মতন্ত্রং কর্ম্মবিস্তারং (ন পূর্ব্বাভ্যাসস্য ব্যর্থতা) ॥২৯

অসৌ (বিদ্বুষঃ অজ্ঞঃ) জন্তুঃ কেনাপি অন্তর্যামিপ্রারব্ধাদিনা চোদিতঃ কর্ম্ম করোতি ক্রিয়তে চ, বিদ্বান্ তত্র প্রকৃতৌ দেহে স্থিতঃ অপি প্রারব্ধবশাৎ আ নিপাতাৎ মরণপর্য্যন্তং (দেহনির্ব্বাহকং ভোজনাদি কর্ম্ম করোতি, পরন্তু ন তথা বিক্রিয়তে যতঃ) স্বসুখানুভূত্যা স্বরূপানন্দানুভাবেন নিবৃত্ততৃষ্ণঃ, অতঃ ন সংসরতি ॥৩০

স্বরূপ পরিত্যাগ করে না, সেইরূপ দেহাদিতে অভিমান-নিবন্ধন সংসারের হেতুভূত সত্ত্বাদিগুণ-মালিন্যে বা গুণোদ্ভূত বিষয়ের সংস্রবে প্রকৃতির অতীত অক্ষয়স্বরূপ পরমপুরুষও কখন কিছুতেই লিপ্ত হন না।২৬

পরমার্থতঃ জীবাত্মার সহিত সংসারের সংস্রব না থাকিলেও, বিবেকহীন পুরুষের পক্ষে ভগবানে দৃঢ়া ভক্তি করা নিতান্তই আবশ্যক; এবং ভগবদ্ভক্তির প্রাবল্যে বিষয়ানুরাগরূপ মনের আসক্তি যদবধি নিবৃত্ত না হয়, তদবধি আর মায়াময় প্রাকৃতিক গুণরচিত ধন পুত্র কলত্রাদি বিষয়সমূহের আসক্তি বর্জ্জন করা বিধেয়।২৭

চিকিৎসার দ্বারা যে রোগের সম্পূর্ণ নিঃশেষে প্রতিকার করা না হয়, সে রোগ যেমন পুনরায়

তিষ্ঠন্তমাসীনমুত ব্রজন্তং
শয়ানমুক্ষন্তমদন্তমন্নম্ ।
স্বভাবমন্যৎ কিমপীহমান-
মাত্মানমাত্মস্থমতির্ন বেদ ॥৩১
যদি স্ম পশ্যত্যসদিন্দ্রিয়ার্থং
নানানুমানেন বিরুদ্ধমন্যৎ ।

ন মন্যতে বস্তুতয়া মনীষী
স্বাপ্নং যথোত্থায় তিরোদধানম্ ॥৩২
পূর্ব্বং গৃহীতং গুণকর্ম্মচিত্র-
মজ্ঞানমাত্মন্যবিবিক্তমঙ্গ ।
নিবর্ত্ততে তৎ পুনরীক্ষয়ৈব
ন গৃহ্যতে নাপি বিসৃজ্য আত্মা ॥৩৩

তিষ্ঠন্তম্, আসীনম্, উত বা ব্রজন্তং, শয়ানম্, উক্ষন্তং মূত্রয়ন্তম্, অন্নম্ অদন্তং তথা স্বভাবং স্বভাবপ্রাপ্তম্ অন্যৎ অপি কিঞ্চিৎ দর্শনস্পর্শনাদি ঈহমানং কুর্ব্বন্তম্ আত্মানং দেহম্ আত্মস্থমতিঃ (আত্মস্থা স্বরূপানুসন্ধাননিষ্ঠা মতিঃ যস্য স বিবেকী) ন বেদ নানুসন্ধত্তে ॥৩১

যদি অসদিন্দ্রিয়ার্থং (অসতাম্ ইন্দ্রিয়াণাম্ অর্থং শব্দাদি-বিষয়জাতং) নানানুমানেন নানাবিধানুমানেন বিরুদ্ধং দুঃখহেতুত্বেন প্রসিদ্ধং ততঃ অন্যৎ ভিন্নতয়া পশ্যতি ; যথা (স্বাপাৎ) উত্থায় প্রবুধ্য সংস্কারমাত্রেণ স্ফুরন্তম্ অতএব

স্বয়মেব তিরোদধানং স্বাপ্নং (স্বপ্নে দৃষ্টং দেহাদিবিষয়ং পুরুষার্থতয়া ন মন্যতে তদ্বৎ) মনীষী বিবেকী তৎ বস্তুতয়া পরমপুরুষার্থতয়া ন মন্যতে ॥৩২

পূর্ব্বং বদ্ধাবস্থায়াং গুণকর্ম্মচিত্রং (গুণৈঃ সত্ত্বাদিভিঃ তদনুরূপৈঃ কর্ম্মভিঃ চ যৎ ইদং চিত্রং দেহাদিরূপং) তথা অজ্ঞানং চ যৎ আত্মনি অবিবিক্তম্ অভিন্নতয়া গৃহীতম্ আসীৎ, হে অঙ্গ ! তৎ এব পুনঃ ঈক্ষয়া আত্মজ্ঞানেন নিবর্ত্ততে, আত্মা তু ন কেনাপি গৃহ্যতে উপাদীয়তে, নাপি বিসৃজ্যঃ ভবতি ॥৩৩

প্রবল হইয়া মানবদেহকে পীড়িত করে, সেইরূপ যে চিত্ত হইতে বিষয়ানুরাগ এবং কর্ম্মবাসনা নিঃশেষে নিবৃত্ত না হইয়াছে, তাদৃশ চিত্ত কুযোগীর হৃদয়কে সর্ব্বদাই যোগমার্গ হইতে পরিভ্রষ্ট করে ।২৮

পুত্র, কলত্র, স্বজন, বন্ধু বান্ধব এবং শত্রু ও মিত্রাদির মূর্ত্তিতে দেবতাগণ বিবিধ অন্তরায় প্রদান করত যে সকল কুযোগীকে বিবিধ যাতনা ও ব্যাঘাতের আনয়নে যোগপথ হইতে বিচ্যুত করেন, তাদৃশ কুযোগিগণ পূর্ব্বাভ্যস্ত যোগবলের প্রভাবে জন্মান্তরে পুনর্ব্বার যোগেরই অনুষ্ঠান করিয়া থাকেন ; একবার ভ্রষ্ট হইলেও কাম্যকর্ম্মের অনুশীলনে পূর্ব্বাভ্যস্ত যোগপথকে কখন বিস্মৃত হন না ।২৯

যাহারা বিবেকহীন মূর্খ, তাহারা কোন না কোন প্রারব্ধ কর্ম্মের ফলে অন্তর্যামীর প্রেরণায় পুনরায় কর্ম্ম করে এবং তদ্দ্বারা সংস্কারগ্রস্ত হয় ;

কিন্তু বিবেকী পুরুষ প্রাকৃতিক দেহে অবস্থান করিয়াও স্বরূপানন্দের অনুভূতিতে নিবৃত্ততৃষ্ণের ন্যায় বিচরণ করেন ; দেহের পতন যে পর্য্যন্ত না হয়, তদবধি প্রারব্ধমাত্র ভোগ করিয়াই অগ্রসর হইতে থাকেন ; দেহযাত্রানির্ব্বাহক কর্ম্মমাত্রেরই সম্পাদনে যত্ন করেন মাত্র ; নূতন কর্ম্মের সংস্কারকে আর হৃদয়ে স্থান দেন না ; সুতরাং তাঁহাদের সংসার-স্রোত সহজে বিনিবৃত্ত হইয়া যায় ।৩০

যাঁহার মতি আত্মস্বরূপের অনুসন্ধানেই সর্ব্বদা নিরত, তাদৃশ বিবেকী পুরুষ দেহের ব্যাপারে আর কোন অনুসন্ধান করেন না । দেহের উপবেশন, গমন, শয়ন, বিষ্ঠামূত্রাদির বিসর্জ্জন, অন্নভোজন বা স্বভাবনিষ্ঠ অন্য যে কোন দর্শন-স্পর্শনাদি ব্যাপারে আকাঙ্ক্ষা উপস্থিত হইলেও বিবেকীর চিত্ত তাহাতে আকৃষ্ট বা ব্যথিত হয় না ।৩১

যথা হি ভানোরুদয়ো নৃচক্ষুষাং
তমো নিহন্যান্ন তু সদ্ বিধত্তে।
এবং সমীক্ষা নিপুণা সতী মে
হন্যাত্তমিস্রং পুরুষস্য বুদ্ধেঃ ॥৩৪

এষ স্বয়ংজ্যোতিরজোঽপ্রমেয়ো
মহানুভূতিঃ সকলানুভূতিঃ।
একোঽদ্বিতীয়ো বচসাং বিরামে
যেনেষিতা বাগসবশ্চরন্তি ॥৩৫

এতাবানাত্মসংমোহো যদ্ বিকল্পস্তু কেবলে।
আত্মন্ ঋতে স্বমাত্মানমবলম্বো ন যস্য হি ॥৩৬

যন্নামাকৃতিভির্গ্রাহ্যং পঞ্চবর্ণমবাধিতম্।
ব্যর্থেনাপ্যর্থবাদোঽয়ং দ্বয়ং পণ্ডিতমানিনাম্ ॥৩৭

হি যতঃ, ভানোঃ উদয়ঃ যথা নৃচক্ষুষাং তমঃ অন্ধকারম্ এব হন্যাৎ, ন তু সৎ অপূর্ব্বং দর্শনেন্দ্রিয়ং বিধত্তে বিরচয়তি, এবং নিপুণা নিশ্চয়াত্মিকা মে মম সতী যথার্থা সমীক্ষা সাক্ষাৎকারঃ পুরুষস্য বুদ্ধেঃ তমিস্রং মোহকম্ অজ্ঞানম্ এব হন্যাৎ ॥৩৪

এষঃ আত্মা স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ, অজঃ জন্মাদি-বিকাররহিতঃ, অপ্রমেয়ঃ প্রমাতুমশক্যঃ, মহানুভূতিঃ অপরিচ্ছিন্নজ্ঞানৈশ্বর্য্যবান্, সকলানুভূতিঃ সর্ব্বসাক্ষী, একঃ সর্ব্বাত্মকঃ, অদ্বিতীয়ঃ নিরুপমঃ, বচসাং বিরামে (অগোচরত্বেন নিবৃত্তৌ সত্যাং) যেন ঈষিতা প্রেরিতাঃ বাক্ অসবঃ চরন্তি (স্ব স্ব বিষয়ে ইন্দ্রিয়াণি প্রবর্ত্তন্তে) ॥৩৫

যৎ যঃ কেবলে অভিন্নে, আত্মন্ আত্মনি, বিকল্পঃ ভেদঃ, সঃ এতাবান্ আত্মসম্মোহঃ (আত্মনঃ মনসঃ সম্মোহঃ ভ্রমঃ এব হি) যতঃ স্বম্ আত্মানম্ ঋতে বিনা যস্য বিকল্পস্য অবলম্বঃ আশ্রয়ঃ নাস্তি ॥৩৬

নামাকৃতিভিঃ (নামরূপোপলক্ষিতং) পঞ্চবর্ণং পঞ্চ-ভূতাত্মকম্ ইন্দ্রিয়গ্রাহ্যং যৎ দ্বয়ং দ্বৈতং দেহাদি, তৎ অবাধিতম্ (আত্মত্বম্ এব ইত্যয়ং) পাণ্ডিতমানিনাং পণ্ডিতাঃ বয়ম্ ইত্যভিমানবতাং ব্যর্থেন ভ্রমেণৈব অর্থবাদঃ; ন তু যথার্থঃ নির্ণয়ঃ ॥৩৭

দুষ্ট ইন্দ্রিয়গণের ভোগ্য শব্দাদি বিষয়-সমূহই তৃপ্তি ও সুখলাভের প্রধান কারণ বলিয়া প্রসিদ্ধ থাকিলেও, বিবেকী ব্যক্তিগণ বিবিধ অনুমানের সাহায্যে তাহাদিগকে তদ্বিপরীত অর্থাৎ দুঃখ এবং অতৃপ্তির কারণরূপে প্রতিপন্ন করিয়া থাকেন। নিদ্রাভঙ্গে স্বপ্নদৃষ্ট পদার্থসমূহ যেমন আপনা হইতেই বিলীন হইয়া যায়, কেবল সংস্কাররূপে মনোমধ্যে উদ্রিক্ত থাকিলেও জনগণ তাহাকে ব্যবহারোপযোগী মনে করেন না, সেইরূপ বিবেকী ব্যক্তিগণ ইন্দ্রিয়ভোগ্য পদার্থ-নিচয়কে পুরুষার্থপ্রদ বস্তু বলিয়া জ্ঞান করেন না।৩২

হে উদ্ধব! বদ্ধদশায় সত্ত্বাদি গুণগ্রাম এবং তদনুরূপ কর্ম্মের দ্বারা উপচিত এই বিচিত্র দেহাদি এবং অভিমানরূপ অহঙ্কারকে আত্মার অভিন্নভাবে যে গ্রহণ করা হইয়াছিল, সম্প্রতি আত্মজ্ঞানের প্রভাবে সে সমস্তই বিনিবৃত্ত হইয়া যায়। চৈতন্যস্বরূপ আত্মাকে দেহাদি প্রাকৃতিক পদার্থ কখন আত্মভাবে গ্রহণ করিতে পারে না এবং ত্যাগ করিতেও পারে না।৩৩

ভানুর উদয়ে যেমন মানব-লোচনের অন্ধকারই বিনিবৃত্ত হয়, লোচনদ্বয়ের কোন রূপ প্রাপ্তি বা গঠন হয় না, সেইরূপ পরমাত্মসম্বন্ধীয় মদীয় পবিত্র এবং স্বরূপ সাক্ষাৎকারের দ্বারা পুরুষবুদ্ধির মোহপ্রদ অজ্ঞানেরই নিবারণ হয় মাত্র; অজ্ঞানান্ধকারের নিবারণ হওয়া ব্যতীত বুদ্ধির কোনরূপ অবস্থান্তর বা গঠন হয় না।৩৪

আত্মা স্বপ্রকাশ এবং জন্মমরণাদি ছয়প্রকার বিকারের অতীত; তিনি সর্ব্বভাবময় এবং প্রত্যক্ষের ন্যায় সকল ভাবকে স্বয়ং অবলোকন করেন; তাঁহার সহিত অন্য তুলনীয় পদার্থ কিছুই নাই। তাঁহার জ্ঞানের সীমা নাই। তিনি সকল পদার্থ বা ভাবকে গ্রহণ করিয়া থাকেন; অথচ প্রত্যক্ষাদি কোন প্রমাণের দ্বারা তাহাকে অবধারণ করা যায় না; কারণ যিনি অবধারণ করিবেন,

যোগিনোঽপক্বযোগস্য যুঞ্জতঃ কায় উত্থিতৈঃ।
উপসর্গৈর্বিহন্যেত তত্রায়ং বিহিতো বিধিঃ ॥৩৮
যোগধারণয়া কাংশ্চিদাসনৈর্ধারণান্বিতৈঃ।
তপোমন্ত্রৌষধৈঃ কাংশ্চিদুপসর্গান্ বিনির্দহেৎ ॥৩৯
কাংশ্চিন্মমানুধ্যানেন নামসংকীর্ত্তনাদিভিঃ।
যোগেশ্বরানুবৃত্ত্যা বা হন্যাদশুভদাঞ্ছনৈঃ ॥৪০

কেচিদ্ দেহমিমং ধীরাঃ সুকল্পং বয়সি স্থিরম্।
বিধায় বিবিধোপায়ৈরথ যুঞ্জন্তি সিদ্ধয়ে ॥৪১

ন হি তৎ কুশলাদৃত্যং তদায়াসো হ্যপার্থকঃ।
অন্তবত্ত্বাচ্ছরীরস্য ফলস্যেব বনস্পতেঃ ॥৪২

অপক্বযোগস্য অনিষ্পন্নযোগস্য যোগং যুঞ্জতঃ যোগিনঃ কায়ঃ যদি অন্তরেব উৎপন্নৈঃ উত্থিতৈঃ উপসর্গৈঃ রোগাদিভিঃ হন্যেত অভিভূয়েত, তত্র তদা অয়ং বিধিঃ প্রতিকারঃ বিহিতঃ ॥৩৮

কাংশ্চিৎ (সন্তাপশৈত্যাদীন্), যোগধারণয়া সূর্য্যসোমাদি-ধারণয়া, (বাতাদিরোগান্) বায়ুধারণান্বিতৈঃ আসনৈঃ, কাংশ্চিৎ (পাপগ্রহসর্পাদিকৃতান্) উপসর্গান্ উপদ্রবান্ তপোমন্ত্রৌষধৈঃ বিনির্দ্দহেৎ নিবর্ত্তয়েৎ ॥৩৯

কাংশ্চিৎ (কামক্রোধাদীন্) মম অনুধ্যানেন নাম-সংকীর্ত্তনাদিভিঃ কাংশ্চিৎ অশুভদান্ দুঃখপ্রদান্, যোগেশ্বরানু-বৃত্ত্যা (যোগেশ্বরাণাম্ অনুবৃত্ত্যা অনুসরণেন) শনৈঃ ক্রমেণৈব হন্যাৎ ॥৪০

কেচিৎ পুনঃ ধীরাঃ জিতেন্দ্রিয়াঃ (এতৈঃ অন্যৈশ্চ) বিবিধোপায়ৈঃ দেহম্ এব সুকল্পং জরাদিশূন্যং সমর্থং তথা বয়সি তারুণ্যে স্থিরং চ বিধায় অথ সিদ্ধয়ে (পরকায়-প্রবেশাদি-সিদ্ধয়ে তত্তদ্ধারণারূপং যোগং) যুঞ্জন্তি ॥৪১

কিন্তু তৎসিদ্ধ্যর্থং যোগানুষ্ঠানং ন কুশলাদৃত্যং (কুশলৈঃ বিবেকিভিঃ আদৃত্যং আদরণীয়ং) ভবতি। হি যস্মাৎ বনস্পতেঃ তরুলস্য স্থায়িনঃ আত্মনঃ সম্বন্ধে ফলস্য অচিরস্থায়িনঃ ইব শরীরস্য অন্তবত্ত্বাৎ বিনাশিত্বাৎ তদায়াসঃ সিদ্ধ্যর্থায়াসঃ অপার্থকঃ নিষ্ফলঃ এব ॥৪২

সেই পদার্থই নিজে তিনি। ইন্দ্রিয়াদি জ্ঞানের পথসমূহ তাঁহার অবধারণে অক্ষম হইয়া প্রতিনিবৃত্ত হইলে স্পষ্ট উপলব্ধ হয় যে, যাঁহার প্রেরণায় জ্ঞানেন্দ্রিয় এবং কর্ম্মেন্দ্রিয় প্রভৃতি করণবর্গ স্ব স্ব নির্দ্দিষ্ট বিষয়ে প্রবর্ত্তিত হয়, সেই পদার্থই তিনি।৩৫

অভিন্ন আত্মস্বরূপেই বিচিত্র বিকল্পের উদ্ভাসন হইয়া মনোনিষ্ঠ ভ্রমেরও উদয় হইয়া থাকে। কারণ ভ্রমেরও একটী আশ্রয় আছে; মানসিক ভ্রম যাঁহাকে আশ্রয় করিয়া আত্মপরিচয় দেয়, তিনিই সত্যস্বরূপ সকলের আশ্রয়প্রদ আত্মা।৩৬

নাম এবং রূপোপলক্ষিত ইন্দ্রিয়ের গ্রাহ্য পঞ্চ-ভূতাত্মক দ্বৈত দেহাদিকে পণ্ডিতাভিমানী ব্যক্তিগণ সত্য ও আত্মস্বরূপ বলিয়া জ্ঞান করেন এবং বেদ-বাক্যকে অর্থবাদ মাত্র বলিয়া যে স্বীকার করেন, সে সমস্ত ভ্রম ও ব্যর্থ বিতণ্ডারই পরিচয় মাত্র।৩৭

অপক্বাবস্থাতে যোগধারণায় অগ্রসর যোগীর কলেবরে যদি আভ্যন্তরিক দোষনিবন্ধন রোগাদি ব্যাঘাতের উৎপত্তি হয়, তাহা হইলে তাহার প্রতি-কারের উপায় বর্ণন করিতেছি, শ্রবণ কর।৩৮

সন্তাপ ও শৈত্যাদিজনিত উৎপাত-সমূহের নিবারণার্থ সূর্য্য বা চন্দ্রে চিত্তের সমাধান করা বিধেয়। বায়ুজনিত রোগের উদয়ে আসনের সাহায্যে প্রাণায়াম করা কর্ত্তব্য। কোন প্রকার পাপগ্রহ বা সর্পাদি ভৌমিক উৎপাত উপস্থিত হইলে তপোঽনুষ্ঠান, মণিমন্ত্র ও ঔষধাদির প্রকরণে তাহার নিবারণ করা প্রয়োজন।৩৯

কামক্রোধাদি আভ্যন্তরিক রিপুর প্রাদুর্ভাবে মদীয় ভগবদ্ভাবে চিত্তের সমাধান ও মদীয় নামসংকীর্ত্তন করা প্রয়োজন। অন্যান্য দুঃখপ্রদ উৎপাতের উপস্থিতিতে যোগেশ্বরগণের অনুসরণ করিলে ক্রমশঃ সকল দুঃখই নিবৃত্ত হয়।৪০

যোগং নিষেবতো নিত্যং কায়শ্চেৎ কল্পতামিয়াৎ।
তচ্ছ্রদ্দধ্যান্ন মতিমান্ যোগমুৎসৃজ্য মৎপরঃ ॥৪৩
যোগচর্যামিমাং যোগী বিচরন্ মদপাশ্রয়ঃ।
নান্তরায়ৈর্বিহন্যেত নিঃস্পৃহঃ স্বসুখানুভূঃ ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ॥

অতঃ নিত্যং যোগং নিষেবতঃ (প্রাণায়ামাদিভিঃ) কায়ঃ চেৎ যদি কল্পতাং দার্ঢ্যম্ ইয়াৎ গচ্ছেৎ, তদাপি মতিমান্ বিবেকী মৎপরং যোগম্ উৎসৃজ্য তৎ দেহদার্ঢ্যাদিকং ন শ্রদ্দধ্যাৎ বিশ্বসেৎ, অপি তু মৎপর এব ভূয়াৎ ॥৪৩

নিস্পৃহঃ বিষয়াভিলাষরহিতঃ মদাশ্রয়ঃ যোগী ইমাং যোগচর্য্যাং বিচরন্ কুর্ব্বন্ অন্তরায়ৈঃ বিঘ্নৈঃ নৈব বিহন্যেত অপি তু স্বসুখানুভূঃ (স্বসুখে অনুভূঃ অনুভূতিঃ যস্য তথাভূতঃ ভবতি) ॥৪৪

ইত্যেকাদশে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

যাঁহারা জিতেন্দ্রিয় ধীর ব্যক্তি, তাঁহারা এতদ্ব্যতীত অন্যান্য বিবিধ উপায়ের দ্বারা দেহকে জরারোগাদিশূন্য করিতে পারেন; এবং তরুণ বয়সে ধৈর্য্য ও স্থৈর্য্য ধারণের দ্বারা যথাবিধি যোগের অনুষ্ঠানে পরকীয় শরীরে প্রবেশাদিরূপ বিবিধ সিদ্ধি লাভ করিতে পারেন।৪১

কিন্তু তাদৃশ সিদ্ধিপ্রদ যোগানুষ্ঠানকে বিবেকী ব্যক্তিগণ বিশেষ আদর করেন না। কারণ বনস্পতি হইতে যেমন বৎসরে বৎসরে উপযুক্ত ফলের উৎপত্তি এবং ধ্বংস হইয়া থাকে, সেইরূপ নিত্যসিদ্ধ আত্মস্বরূপ হইতে দেহরূপ বিবিধ অনিত্য ও অচিরস্থায়ী সিদ্ধির উদয়ে এবং ধ্বংসে কোন বিশেষ ফললাভ হয় না।৪২

প্রাণায়ামাদি যোগের নিরন্তর অনুষ্ঠানে যদি দেহ বিশেষ সুস্থ ও দৃঢ়ও হয়, তাহাতেও মতিমান্ ব্যক্তি তাদৃশ সিদ্ধিপ্রদ যোগানুষ্ঠানের অপেক্ষা ঈশ্বরপরায়ণ হইয়া তদুদ্দেশেই যোগের অনুষ্ঠান করিয়া থাকেন।৪৩

যাঁহারা বিষয়ের আসক্তিকে বিসর্জ্জন করিয়াছেন এবং ভগবানে চিত্ত সমাধান পূর্ব্বক যোগের অনুষ্ঠান করেন; তাঁহাদের আর কোন বাধা বিপ্রতিপত্তির সম্ভবনা থাকে না; তাঁহারা পরমানন্দরূপ আত্মসুখেই নির্বৃত থাকেন—।৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত অষ্টাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশঃ অধ্যায়ঃ।

[ভাগবতধর্ম্মনিরূপণম্, উদ্ধবস্য বদরিকাশ্রমগমনঞ্চ।]

উদ্ধব উবাচ

সুদুশ্চরামিমাং মন্যে যোগচর্য্যামনাত্মনঃ।
যথাঞ্জসা পুমান্ সিধ্যেৎ তন্মে ব্রূহ্যঞ্জসাচ্যুত ॥১
প্রায়শঃ পুণ্ডরীকাক্ষ যুঞ্জন্তো যোগিনো মনঃ।
বিষীদন্ত্যসমাধানান্মনোনিগ্রহকর্ষিতাঃ ॥২
অথাত আনন্দদুঘং পদাম্বুজং
হংসাঃ শ্রয়েরন্নরবিন্দলোচন।
সুখং নু বিশ্বেশ্বর যোগকর্ম্মভি-
স্ত্বন্মায়য়ামী বিহতা ন মানিনঃ ॥৩

কিং চিত্রমচ্যুত তবৈতদশেষবন্ধো
দাসেষ্বনন্যশরণেষু যদাত্মসাত্ত্বম্।
যোঽরোচয়ৎ সহ মৃগৈঃ স্বয়মীশ্বরাণাং
শ্রীমৎকিরীটতটপীড়িতপাদপীঠঃ ॥৪

অন্বয়ঃ

উদ্ধবঃ উবাচ। হে অচ্যুত! অনাত্মনঃ অজিতেন্দ্রিয়স্য ইমাং পূর্ব্বোক্তাং যোগচর্য্যাং সুদুশ্চরাং সুদুষ্করাম্ এব অহং মন্যে; অতঃ অঞ্জসা অনায়াসেন পুমান্ যথা সিধ্যেৎ বিমুচ্যেত, তৎ সাধনম্ (অঞ্জসা সুবোধং যথা স্যাৎ) তথা ব্রূহি ॥১

হে পুণ্ডরীকাক্ষ পদ্মপলাশলোচন! মনঃ যুঞ্জন্তঃ নিগৃহ্ণন্তঃ অতএব মনোনিগ্রহকর্ষিতাঃ (মনসঃ নিগ্রহে কর্ষিতাঃ পরিশ্রান্তাঃ) অপি অসমাধানাৎ অনিগ্রহাৎ যোগিনঃ প্রায়শঃ বহুশঃ বিষীদন্তি ক্লিশ্যন্তি ॥২

(যস্মাৎ জ্ঞানযোগেন ক্লেশোঽধিকতরঃ) অথাতঃ অতএব, হে অরবিন্দলোচন! যে হংসাঃ সারাসারবিবেকচতুরাঃ, আনন্দদুঘং পরমানন্দপূরকং তব পদাম্বুজং শ্রয়েরন্ সেবন্তে, তে এব নু নিশ্চিতং (সুখং লভন্তে) অমী যোগকর্ম্মভিঃ মানিনঃ গর্ব্বিতাঃ তু ত্বন্মায়য়া বিহতাঃ অভিভূতাঃ সন্তঃ হে বিশ্বেশ্বর! সংসারদুঃখম্ অনুভবন্তি ॥৩

হে অশেষবন্ধো! হে অচ্যুত! স্বয়ম্ ঈশ্বরাণাং ব্রহ্মাদীনাং শ্রীমৎকিরীটতটপীড়িতপাদপীঠঃ (শ্রীমন্তি কিরীটানি তেষাং তটানি অগ্রাণি তৈঃ পীড়িতং বিলুণ্ঠিতং পাদপীঠং যস্য তথাভূতঃ) অপি যঃ ভবান্ (শ্রীরামরূপেণ) মৃগৈঃ, বানরৈঃ সহ সখ্যম্ আরোচয়ৎ কৃতবান্, তস্য তব অনন্যশরণেষু (নাস্তি ত্বত্তঃ শরণং যেষাং তেষু) দাসেষু নন্দবলিপ্রভৃতিষু যৎ আত্মসাত্ত্বং তদধীনত্বং তৎ এতৎ কিং চিত্রম্ অসম্ভাবিতম্ ॥৪

একোনত্রিংশ অধ্যায়।

[ভাগবতধর্ম্মনিরূপণ এবং উদ্ধবের বদরিকাশ্রমে গমন।]

উদ্ধব বলিলেন,—হে অচ্যুত! আপনি যে যোগানুষ্ঠানের বিষয় বর্ণন করিলেন, অজিতেন্দ্রিয় ব্যক্তির পক্ষে তাদৃশ আচরণ করা নিতান্তই অসম্ভব বলিয়া আমি মনে করি। অতএব লোকে যাহাতে সহজে মুক্তি লাভ করিতে পারে, তাহার সুগম সাধন আমার নিকট আপনি বর্ণন করুন।১

হে পদ্মপলাশলোচন! মনের নিগ্রহার্থ বিশেষ পরিশ্রম করিলেও, তাহার সমাধানে যোগীরা সহজে কৃতকার্য্য হইতে পারেন না; সুতরাং তজ্জন্য বিশেষ কষ্টই পাইয়া থাকেন।২

জ্ঞান বা যোগপথে বিবিধ ক্লেশ থাকলেও, হে কমললোচন! যাহারা সার এবং অসার বিষয়ের বিচারে বিলক্ষণ চতুর, তাদৃশ পরমহংসগণ পরমানন্দপূর্ণ ভবদীয় চরণ-পদ্মকেই নিরন্তর আশ্রয় করিয়া নিয়ত আনন্দভোগই করিয়া থাকেন। কিন্তু যাঁহারা যোগাদির অনুষ্ঠানে বিলক্ষণ অভিমানী ও গর্ব্বিত হন, তাঁহারা ভবদীয় মহামায়ায় অভিভূত হইয়া হে বিশ্বপতে! নিরন্তর সংসার-দুঃখই অনুভব করিয়া থাকেন।৩

হে অচ্যুত! আপনি বিশ্ব সংসারের পরম হিতৈষী এবং প্রকৃত বন্ধু! কারণ, ব্রহ্মাদি দেবেন্দ্রগণ উজ্জ্বল কিরীট সহ মস্তক অবনত করিয়া যাঁহার চরণ-প্রান্তে লুণ্ঠিত হন, সেই আপনি রামাবতারে অতি তুচ্ছ শাখামৃগের সহিতও সখ্যতা স্থাপনে যখন

ত্বং ত্বাখিলাত্মদয়িতেশ্বরমাশ্রিতানাং
সর্বার্থদং স্বকৃতবিদ্ বিসৃজেত কো নু।
কো বা ভজেৎ কিমপি বিস্মৃতয়েঽনুভূত্যৈ
কিং বা ভবেন্ন তব পাদরজোজুষাং নঃ ॥৫

নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ
ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ।
যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্ব-
ন্নাচার্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি ॥৬

শ্রীশুক উবাচ।
ইত্যুদ্ধবেনাত্যনুরক্তচেতসা
পৃষ্টো জগৎক্রীড়নকঃ স্বশক্তিভিঃ।
গৃহীতমূর্ত্তিত্রয় ঈশ্বরেশ্বরো
জগাদ সপ্রেম মনোহরস্মিতঃ ॥৭

অথ অখিলাত্মদয়িতেশ্বরম্ (অখিলস্য জগতঃ আত্মানং চেতয়িতারং দয়িতং প্রেষ্ঠম্ ঈশ্বরং সর্ব্বপুরুষার্থপ্রদম্) আশ্রিতানাং সর্ব্বার্থদং ত্বং ত্বা ত্বাং স্বকৃতবিদ্ (স্বস্মিন্ অন্তর্য্যামিরূপেণ ত্বয়া যৎ কৃতম্ উপকারং তৎ বেত্তি যঃ তাদৃশঃ পুমান্) কঃ নু বিসৃজেৎ? তথা ভূত্যৈ ঐশ্বর্য্যায় ইন্দ্রিয়ভোগায় এব অথ অনু অনন্তরং বিস্মৃতয়ে তদ্বিস্মৃতয়ে এবং কিম্ অপি অন্যৎ কঃ ত্যজেৎ বা; তব পাদরজোজুষাং সেবকানাং নঃ অস্মাকং কিং বা ন ভবেৎ ?৫

হে ঈশ! যঃ ভবান্ আচার্য্যচৈত্ত্যবপুষা (আচার্য্যবপুষা গুরুরূপেণ বহিঃ, তথা চৈত্ত্যবপুষা অন্তর্য্যামিরূপেণ অন্তঃ) তনুভৃতাং প্রাণিনাম্ অশুভং প্রতিবন্ধকং পাপং বিষয়বাসনাং বিধুন্বন্ নিরস্যন্ স্বগতিং নিজরূপং ব্যনক্তি প্রকটয়তি, তৎ (ত্বয়া) কৃতম্ উপকারং স্মরন্তঃ ঋদ্ধমুদঃ প্রবৃদ্ধপরমানন্দাঃ কবয়ঃ ব্রহ্মবিদঃ অপি তস্য তব অপচিতিং প্রত্যুপকারম্ আনৃণ্যং ন এব উপযন্তি প্রাপ্নুবন্তি ॥৬

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ অতি অনুরক্তচেতসা (অনুরক্তং চেতঃ যস্য তেন) উদ্ধবেন পৃষ্টঃ জগৎক্রীড়নকঃ (জগৎ ক্রীড়নকং ক্রীড়াসাধনং যস্য সঃ) স্বশক্তিভিঃ গৃহীতমূর্ত্তিত্রয়ঃ (গৃহীতং মূর্ত্তিত্রয়ং ব্রহ্মবিষ্ণুরুদ্ররূপং যেন সঃ) মনোহরস্মিতঃ (মনোহরং স্মিতং যস্য সঃ) ঈশ্বরেশ্বরঃ (ঈশ্বরাণাং ব্রহ্মাদীনাম্ অপি ঈশ্বরঃ নিয়ন্তা) শ্রীকৃষ্ণঃ সপ্রেম জগাদ উবাচ ॥৭

তাহাদিগকেও কৃতার্থ করিয়াছেন, তখন অনন্যশরণ নন্দ এবং বলি প্রভৃতি দাসগণের নিকট নিজের বশ্যত্ব স্বীকার করায় আর বিশেষ বিচিত্র কি!।৪

আপনি নিখিল ব্রহ্মাণ্ডের চেতনপ্রদ পরমপ্রিয় এবং সর্ব্বপুরুষার্থপ্রদ ঈশ্বর। শরণার্থী ব্যক্তিকে সকল ফলই আপনি প্রদান করিয়া থাকেন। অন্তর্য্যামিরূপে আপনি জীবের যে সকল উপকারই করিয়া থাকেন—তাহা যে ব্যক্তি জানেন, তিনি আর আপনাকে কেন বিস্মৃত হইবেন? আপনার প্রদত্ত ইন্দ্রিয়ভোগ্য বিষয়ের স্মরণে বা অনুসরণে আপনাকেই ভুলাইয়া দেয়; অতএব তাদৃশ ভোগকে ইচ্ছাপূর্ব্বক কে উপভোগ করিতে অগ্রসর হয়? কিন্তু আপনার পাদপদ্মকে যাঁহারা সেবা করেন, তাদৃশ আমাদের ন্যায় ভবদীয় ভৃত্যবর্গের ত কোন ভোগেরই অভাব থাকে না।৫

হে জগৎপতে! বাহিরে আচার্য্য-মূর্ত্তিতে এবং অন্তরে অন্তর্য্যামি-ভাবে আপনি যখন দেহধারী জীবমাত্রেরই বিষয়-বাসনারূপ গুরুতর প্রতিবন্ধকের নিবারণে স্বকীয় পরমাত্মস্বরূপ তাহাদিগের নিকট প্রকাশ করিয়া থাকেন, তখন আপনার কৃত উপকারের স্মরণে ব্রহ্মবাদী বিচক্ষণগণ বিশেষ আনন্দই অনুভব করিয়া থাকেন। অতএব সৃষ্ট জগতের মধ্যে অন্য কেহ যে আপনার কৃত উপকারের প্রতিশোধ করিতে পারে, এরূপ কাহাকেও নয়নগোচর করি না এবং কোন মতেই তাহা সঙ্গতও নহে।৬

শ্রীশুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে নরনাথ! বালক যেমন

শ্রীভগবানুবাচ।
হন্ত তে কথয়িষ্যামি মম ধর্ম্মান্ সুমঙ্গলান্
যান্ শ্রদ্ধয়া চরন্ মর্ত্ত্যো মৃত্যুং জয়তি দুর্জ্জয়ম্ ॥৮

কুর্য্যাৎ সর্ব্বাণি কর্ম্মাণি মদর্থং শনকৈঃ স্মরন্।
ময্যর্পিতমনশ্চিত্তো মদ্ধর্ম্মাত্মমনোরতিঃ ॥৯

দেশান্ পুণ্যানাশ্রয়েত মদ্ভক্তৈঃ সাধুভিঃ শ্রিতান্।
দেবাসুরমনুষ্যেষু মদ্ভক্তাচরিতানি চ ॥১০

পৃথক্ সত্রেণ বা মহ্যং পর্ব্বযাত্রামহোৎসবান্।
কারয়েৎ গীতনৃত্যাদ্যৈর্ম্মহারাজবিভূতিভিঃ ॥১১

মামেব সর্ব্বভূতেষু বহিরন্তরপাবৃতম্।
ঈক্ষেতাত্মনি চাত্মানং যথা খমমলাশয়ঃ ॥১২

শ্রীভগবান্ উবাচ। হন্ত ভোঃ উদ্ধব! মম যান্ সুমঙ্গলান্ সুখরূপান্ ধর্ম্মান্ শ্রদ্ধয়া চরন্ অনুতিষ্ঠন্ মর্ত্ত্যঃ মানবঃ দুর্জ্জয়ম্ অপি মৃত্যুং জয়তি, তান্ ধর্ম্মান্ তে তুভ্যং কথয়িষ্যামি ॥৮

ময্যর্পিতমনশ্চিত্তঃ (ময়ি এব অর্পিতং মনঃ যৈঃ তেষু ভক্তেষু এব চিত্তং যস্য সঃ) মদ্ধর্ম্মাত্মমনোরতিঃ (মদ্ধর্ম্মৈঃ ভক্তৌ এব আত্মনঃ যস্য মনসঃ রতিঃ যস্য সঃ) এব মাং স্মরন্ শনকৈঃ অসম্ভ্রমতঃ মদর্থম্ এব মদারাধনার্থম্ এব সর্ব্বাণি কর্ম্মাণি কুর্য্যাৎ ॥৯

মদ্ভক্তৈঃ সাধুভিঃ শ্রিতান্ পুণ্যান্ দেশান্ তথা দেবাসুরমনুষ্যেষু মধ্যে মদ্ভক্তাচরিতানি চ কর্ম্মাণি আশ্রয়েত অনুসরেৎ ॥১০

পৃথক্ স্বয়ম্ একাকী এব সত্রেণ (অন্যৈঃ সহ মিলিত্বা বা) মহারাজবিভূতিভিঃ উৎকৃষ্টোপচারৈঃ নৃত্যগীতাদ্যৈঃ মহ্যং মৎপ্রীত্যর্থং পর্ব্বযাত্রামহোৎসবান্ (পর্ব্বসু একাদশ্যাদিষু যাত্রা বহুজনসমাগমঃ তত্র চ মহোৎসবান্) কারয়েৎ ॥১১

এবং কর্ম্মভিঃ অমলাশয়ঃ জনঃ (সর্ব্বত্র ব্যাপ্তং) খম্ আকাশং যথা, তথা বহিরন্তরপাবৃতম্ আবরণশূন্যম্ আত্মানং পরমেশ্বরং মাম্ এব সর্ব্বভূতেষু আত্মনি চ স্থিতম্ ঈক্ষেত পশ্যেৎ ॥১২

পুত্তলিকাদি লইয়া বাল্যক্রীড়া করে, ভগবান্ শ্রীকৃষ্ণ মনুষ্যবেশধারণে সেইরূপ এই সংসার লইয়া কেবল ক্রীড়া করিয়া থাকেন মাত্র। তিনি নিজের শক্তির বলে স্বয়ং ব্রহ্মাবিষ্ণুমহেশ্বররূপে অবতীর্ণ হইয়া এই সংসারের সকল কার্য্যই সাধিত করিয়া থাকেন। অনুরক্তচেতা উদ্ধব কর্ত্তৃক পূর্ব্বোক্ত ভাবে অভিহিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ প্রীত প্রসন্নচিত্তে ও সহাস্যবদনে উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।৭

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে উদ্ধব! মদীয় পবিত্র শান্তিপ্রদ যে সকল ধর্ম্মকে শ্রদ্ধাতিশয়ে অনুষ্ঠান করত মর্ত্ত্য-মানব দুর্জ্জয় মৃত্যুর হস্ত হইতে অনায়াসে অব্যাহতি লাভ করিতে পারে, আমি সেই সমস্ত ভাগবত-ধর্ম্মের বিষয় তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ।৮

মদীয় ভক্তের প্রতি বিশেষ অনুরক্তির প্রকাশে এবং মদীয় ধর্ম্মে মন ও প্রাণ সমর্পণ পূর্ব্বক আমাকে স্মরণ করত যাবতীয় কর্ম্মের অনুষ্ঠান করা বিধেয়।৯

যে সকল স্থানে মদ্ভক্ত সাধু ব্যক্তিগণ নিয়ত বাস করেন, সেই সকল দেশই পবিত্র, সেই সকল স্থানে এবং দেশেই বাস করা কর্ত্তব্য; দেবতা, মনুষ্য বা অসুরেরও মধ্যে যে কেহ আমার ভক্তির পরিচয় দিয়াছেন, তাঁহাদের সেই সকল আচরণের কথা সততই শ্রবণ করা কর্ত্তব্য।১০

একাকী বা অনেকের সহিত মিলিত হইয়া, মহারাজোচিত উপচারের সংগ্রহে নৃত্য, গীত ও বাদ্যাদির অনুষ্ঠানে একাদশ্যাদি পর্ব্বোপলক্ষে আমার উদ্দেশ্যে যাত্রাদি মহোৎসবের আয়োজন করিতে হয়।১১

এই প্রকার বিবিধ কর্ম্মের নিরন্তর অভ্যাসে চিত্তের মালিন্য যখন বিদূরিত হয়, তখন সাধক

ইতি সর্বাণি ভূতানি মদ্ভাবেন মহাদ্যুতে।
সভাজয়ন্ মন্যমানো জ্ঞানং কেবলমাশ্রিতঃ ॥১৩
ব্রাহ্মণে পুক্কসে স্তেনে ব্রহ্মণ্যেঽর্কে স্ফুলিঙ্গকে।
অক্রূরে ক্রূরকে চৈব সমদৃক্ পণ্ডিতো মতঃ ॥১৪
নরেষভীক্ষ্ণং মদ্ভাবং পুংসো ভাবয়তোঽচিরাৎ।
স্পর্ধাসূয়াতিরস্কারাঃ সাহঙ্কারা বিয়ন্তি হি ॥১৫

হে মহাদ্যুতে নির্ম্মলবুদ্ধে! ইতি অনেন প্রকারেণ যঃ কেবলং জ্ঞানরূপাং দৃষ্টিম্ আশ্রিতঃ সন্ সর্বাণি ভূতানি মদ্ভাবেন মন্যমানঃ (অতএব বিষমে) ব্রাহ্মণে পুক্কসে অন্ত্যজজাতি-বিশেষে, স্তেনে ব্রহ্মস্বহারিণি, ব্রহ্মণ্যে ব্রাহ্মণভক্তে, অর্কে স্ফুলিঙ্গে, অক্রূরে শান্তে, ক্রূরকে চ সমদৃক্ (সমম্ একরূপং মামেব পশ্যন্) সর্ব্বভূতানি সভাজয়ন্-পূজয়ন্ বর্ত্ততে, সঃ পণ্ডিতঃ মতঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৩-১৪

নরেষু মদ্ভাবং ঈশ্বরদৃষ্টিম্ অভীক্ষ্ণং নিত্যং ভাবয়তঃ কুর্ব্বতঃ পুংসঃ সাহঙ্কারাঃ (যস্মিন্ অহঙ্কারোৎপন্নাঃ) স্পর্দ্ধাসূয়াতি-রস্কারাঃ (সমেষু স্পর্দ্ধা, উত্তমেষু অসূয়া, হীনেষু তিরস্কারঃ তে সর্ব্বে) অচিরাৎ অস্মিন্ জন্মনি এব হি নিশ্চিতং বিয়ন্তি নশ্যন্তি ॥১৫

সকল ভূতের অন্তরে এবং বাহিরে নির্লিপ্তভাবে বিদ্যমান সর্ব্বভূতস্থ আমাকে নিজের হৃদয়-কমলে সুস্পষ্ট প্রতীত করিয়া থাকেন।১২

হে উদ্ধব! তুমি বিচারে বিলক্ষণ পারদর্শী। চরাচর জগৎসংসার সেই মহাবিভূতিবিশিষ্ট পরমেশের শক্তির পরিচয় বলিয়া মনে মনে স্থির সিদ্ধান্ত করাই প্রকৃত জ্ঞান; এই জ্ঞানকে অবলম্বন করিলে ভেদবুদ্ধি অপনোদিত হয়। তখন ব্রাহ্মণের সহিত চণ্ডাল, ব্রহ্মস্বাপহারীর সহিত ব্রাহ্মণসেবী, দিবাকরের সহিত অংশুকণা, ক্রূরকর্ম্মার সহিত শান্তচিত্ত জীবের মধ্যে পরমার্থতঃ কোন ভেদ-প্রতীতি যাঁহাদের হৃদয়ে আর হয় না, তাঁহারাই সর্ব্বত্র সমদর্শী পণ্ডিত নামে অভিহিত হন এবং জন-সমাজে সম্যক্ আদৃত হইয়া থাকেন।১৩-১৪

যে ব্যক্তি মানব-মাত্রেরই অন্তরে ভগবদ্ভাবের স্ফূর্ত্তি নিরন্তর চিন্তা করিতে পারেন, তাঁহাকে আর স্বকীয় দেহে অহঙ্কার-নিবন্ধন বিবিধ দোষে লিপ্ত হইতে হয় না। স্পর্দ্ধা, অসূয়া এবং তিরস্কার-বৃত্তি তাঁহার চিত্ত হইতে সম্পূর্ণ বিনষ্ট হইয়া যায়।১৫

বিসৃজ্য স্ময়মানান্ স্বান্ দৃশং ব্রীড়াং চ দৈহিকীম্।
প্রণমেদ্ দণ্ডবদ্ ভূমাবাশ্বচাণ্ডালগোখরম্ ॥১৬
যাবৎ সর্বেষু ভূতেষু মদ্ভাবো নোপজায়তে।
তাবদেবমুপাসীত বাঙ্মনঃকায়বৃত্তিভিঃ ॥১৭
সর্বং ব্রহ্মাত্মকং তস্য বিদ্যয়াত্মমনীষয়া।
পরিপশ্যন্নুপরমেৎ সর্বতো মুক্তসংশয়ঃ ॥১৮

অতঃ স্ময়মানান্ হসতঃ স্বান্ সখ্যাদীন্ দৈহিকীং দৃশং (অহমুত্তমঃ স তু নীচ ইতি দৃষ্টিং) তথা ব্রীড়াং লজ্জাং চ বিসৃজ্য আশ্বচাণ্ডালগোখরং চণ্ডালাদীন্ অভিব্যাপ্য ঈশ্বরদৃষ্ট্যা সর্ব্বান্ দণ্ডবৎ ভূমৌ প্রণমেৎ ॥১৬

এবং সর্ব্বেষু ভূতেষু মদ্ভাবঃ (সর্ব্বং মদাত্মকম্ ঈশ্বরাত্মকম্ ইতি ভাবঃ) যাবৎ ন উপজায়তে, তাবৎ বাঙ্মনঃ-কায়বৃত্তিভিঃ এবম্ উপাসীত ॥১৭

ততশ্চ তস্য সর্ব্বং ব্রহ্মাত্মকম্ এব ভবতি। ততশ্চ তয়া আত্মমনীষয়া সর্ব্বত্র পরমেশ্বরদৃষ্ট্যা জাতয়া সাক্ষাৎকারাত্মি-কয়া বিদ্যয়া পরিতঃ ব্রহ্মৈব পশ্যন্ সর্ব্বতঃ মুক্তসংশয়ঃ সন্ ক্রিয়ামাত্রাৎ উপরমেৎ ॥১৮

স্বজনবর্গের উপহাস-বাক্যকে উপেক্ষা করত নিজের শ্রেষ্ঠতা এবং অন্যের নীচতার প্রতি লক্ষ্য না করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য। তাদৃশ ভাবের লক্ষ্য হইলে স্বভাবতঃ লজ্জার উদয়ে পদার্থাবধারণের যোগ্যতা হ্রাস হইয়া যায়। অতএব লজ্জাদিকে বিসর্জন করত কুক্কুর, চণ্ডাল, গোরু এবং গর্দ্দভে পর্য্যন্ত ভগবদ্ভাবের পর্য্যালোচনা করত সকলকে দণ্ডবৎ ভূমিতে প্রণাম করিবে।১৬

যদবধি জীবমাত্রেতেই ভগবদ্ভাবের স্ফূর্ত্তি সম্যক্ উপলব্ধ না হয়, তদবধি কায়মনোবাক্যে এই

অয়ং হি সর্বকল্পানাং সধ্রীচীনো মতো মম।
মদ্ভাবঃ সর্বভূতেষু মনোবাক্কায়বৃত্তিভিঃ ॥১৯
ন হ্যঙ্গোপক্রমে ধ্বংসো মদ্ধর্মস্যোদ্ধবাণ্বপি।
ময়া ব্যবসিতঃ সম্যঙ্‌ নির্গুণত্বাদনাশিষঃ ॥২০
যো যো ময়ি পরে ধর্মঃ কল্পতে নিষ্ফলায় চেৎ।
তদায়াসো নিরর্থঃ স্যাদ্‌ ভয়াদেরিব সত্তম ॥২১

এষা বুদ্ধিমতাং বুদ্ধির্মনীষা চ মনীষিণাম্‌।
যৎ সত্যমনৃতেনেহ মর্ত্ত্যেনাপ্নোতি মামৃতম্‌ ॥২২
এষ তেঽভিহিতঃ কৃৎস্নো ব্রহ্মবাদস্য সংগ্রহঃ।
সমাসব্যাসবিধিনা দেবানামপি দুর্গমঃ ॥২৩
অভীক্ষ্ণশস্তে গদিতং জ্ঞানং বিস্পষ্টযুক্তিমৎ।
এতদ্‌ বিজ্ঞায় মুচ্যেত পুরুষো নষ্টসংশয়ঃ ॥২৪

সর্ব্বকল্পানাম্‌ (সর্ব্বেষাং উপায়ভেদানাং মধ্যে) অয়ং মনোবাক্‌কায়বৃত্তিভিঃ সর্ব্বভূতেষু মদ্ভাবঃ এব মম সধ্রীচীনঃ সমীচীনঃ মতঃ ॥১৯

হে অঙ্গ উদ্ধব! অনাশিষঃ নিষ্কামস্য মদ্ধর্মস্য উপক্রমে সতি অণু ঈষৎ অপি ধ্বংসঃ নাশঃ হি ন অস্তি, যতঃ ময়া সর্ব্বজ্ঞেন অস্য ধর্মস্য নির্গুণত্বাৎ অয়ং ধ্বংসাভাবঃ সম্যক্‌ ব্যবসিতঃ নিশ্চিতঃ ॥২০

হে সত্তম! ভয়াদেঃ ইব যথা কংসস্য ভয়ং, গোপীনাং কামঃ, চৈদ্যাদীনাং দ্বেষশ্চ ময়ি কল্পিতঃ সফলো জাতঃ, তথা নিরর্থঃ ব্যর্থঃ অপি তদায়াসঃ (ভোজন-গমনাদ্যায়াসঃ) যঃ যঃ পরে পরমেশ্বরে ময়ি নিষ্ফলায় কল্পতে চেৎ নিষ্কামতয়া অর্পিতঃ, তর্হি ধর্মঃ স্যাৎ (মৎপ্রীতিদ্বারা ফলদানায় কল্পতে) ॥২১

এষা হি বুদ্ধিমতাং বিবেকিনাং বুদ্ধিঃ বিবেকঃ তৎফলং, মনীষিণাং চ চতুরাণাং চ মনীষা চাতুর্য্যফলং, যৎ অনৃতেন (আত্মনি অধ্যস্তেন) মর্ত্ত্যেন মরণধর্ম্মবিশিষ্টেন দেহেন ইহ অস্মিন্‌ জন্মনি অমৃতং মরণশূন্যং সত্যং পরমাত্মানম্‌ এব প্রাপ্নোতি ॥২২

দেবানাম্‌ অপি দুর্গমঃ দুর্জ্ঞেয়ঃ এষঃ ব্রহ্মবাদস্য বেদান্ত-সিদ্ধান্তস্য কৃৎস্নঃ সমগ্রঃ সংগ্রহঃ সমাস-ব্যাসবিধিনা সংক্ষেপেণ বিস্তরতশ্চ তে তুভ্যং ময়া অভিহিতঃ কথিতঃ ॥২৩

যঃ মর্ত্ত্যঃ মনুষ্যঃ বিষ্ণোঃ কৃষ্ণস্য এতৎ জন্ম তৎকৃতানি কর্ম্মাণি কীর্ত্তয়েৎ শ্রাবয়েৎ চ, সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৭

এবং প্রভাসে নিহত অথচ যাহাদের কোন সন্ততি নাই, তাদৃশ বন্ধুগণের পরলোকের সাধন-ভূত দাহ ও পিণ্ডদানাদি কর্ম্ম যথাবিধি ক্রমান্বয়ে অর্জ্জুন নির্ব্বাহ করিলেন।২২

হে মহারাজ! এদিকে শ্রীহরি যেমন দ্বারকা পরিত্যাগ করিলেন, সেই মুহূর্ত্তেই কেবল ভগবানের আলয়টী ব্যতীত সমগ্র দ্বারকাভূমিকে সমুদ্র জলে প্লাবিত করিয়া ফেলিল।২৩

এই মন্দিরে কিন্তু ভগবান্ নিত্য সন্নিহিত আছেন। অতএব এই মন্দিরের স্মরণমাত্র করিলেও জীবের সকল পাপের মোচন হয় এবং যাবতীয় মঙ্গল লাভ হয়।২৪

অনন্তর অর্জ্জুন হতাবশিষ্ট স্ত্রী, বালক ও বৃদ্ধগণকে লইয়া ইন্দ্রপ্রস্থে গমন করিলেন এবং অনিরুদ্ধপুত্র বজ্রকে তথাকার সিংহাসনে অভিসিক্ত করিলেন।২৫

হে রাজেন্দ্র! অর্জ্জুনের মুখে সুহৃদগণের নিধন-বার্ত্তা শ্রবণ করিয়া যুধিষ্ঠিরাদি ভবদীয় পিতামহগণ আপনার ন্যায় বংশধরকে রাজ্যে অভিষিক্ত করিয়া মহাপ্রস্থান হিমালয়ে যাত্রা করিলেন।২৬

যে মানব ভগবানের এই অপূর্ব্ব জন্ম ও লীলা-বৃত্তান্ত কীর্ত্তন করেন এবং অন্যের নিকট শ্রবণ করান, তিনি সকল পাপ হইতে নিষ্কৃতি লাভ করিয়া থাকেন।২৭

ইত্থং হরের্ভগবতো রুচিরাবতার-
বীর্য্যাণি বালচরিতানি চ শংতমানি।
অন্যত্র চেহ শ্রুতানি গৃণন্ মনুষ্যো
ভক্তিং পরাং পরমহংসগতৌ লভেত ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥

ইত্থম্ এবং, যথা ত্বয়া শ্রুতানি তথা ভগবতঃ হরেঃ রুচিরাবতারং (রুচিরাবতারস্য) শন্তমানি পরমানন্দজনকানি বীর্য্যাণি ইহ পুরাণে অন্যত্র পুরাণান্তরে চ শ্রুতানি বাল্যচরিতানি চ গৃণন্ কীর্ত্তয়ন্ পুরুষঃ পরমহংসগতৌ (পরমহংসানাং গতৌ প্রাপ্যে) ভগবতি পরাং ভক্তিং লভতে প্রাপ্নোতি ॥২৮

ইত্যেকাদশস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একত্রিংশোঽধ্যায়ঃ

ভক্তদুঃখহারী ভগবান্ শ্রীহরির পরমানন্দজনক মধুর অবতার-লীলা এবং এই পুরাণে বা পুরাণান্তরে বর্ণিত এই সমস্ত অপূর্ব্ব বাল্যলীলা যে ব্যক্তি সর্ব্বদা কীর্ত্তন করেন, তিনি পরমহংসগণের প্রাপ্য দুর্ল্লভ ভগবৎপ্রেম ও ভক্তি অতি সত্বর লাভ করিয়া থাকেন।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের একাদশ-স্কন্ধে
পণ্ডিত শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃত একত্রিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাদশ-স্কন্ধঃ সমাপ্তঃ

শ্রীশ্রীঠাকুর-শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

দ্বাদশঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

শ্রীযাদবেন্দ্রনাথরায়ন্যায়তীর্থ কৃতবঙ্গভাষানুবাদসমলঙ্কৃতঃ।

দ্বাদশঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

[ভাবি-রাজবংশবর্ণনম্।]

রাজোবাচ।

স্বধামানুগতে কৃষ্ণে যদুবংশবিভূষণে।
কস্য বংশোঽভবৎ পৃথ্ব্যামেতদাচক্ষ্ব মে মুনে ॥১

শ্রীশুক উবাচ।

যোঽন্ত্যঃ পুরঞ্জয়ো নাম ভাব্যো বার্হদ্রথো নৃপঃ।
তস্যামাত্যস্তু শুনকো হত্বা স্বামিনমাত্মজম্ ॥২

প্রদ্যোতসংজ্ঞং রাজানং কর্তা যৎ-পালকঃ সুতঃ।
বিশাখযূপস্তৎপুত্রো ভবিতা রাজকস্ততঃ ॥৩

নন্দিবর্ধনস্তৎপুত্রঃ পঞ্চ প্রদ্যোতনা ইমে।
অষ্টত্রিংশোত্তরশতং ভোক্ষ্যন্তি পৃথিবীং নৃপাঃ ॥৪

শিশুনাগস্ততো ভাব্যঃ কাকবর্ণস্তু তৎসুতঃ।
ক্ষেমধর্মা তস্য সুতঃ ক্ষেত্রজ্ঞঃ ক্ষেমধর্মজঃ ॥৫

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ—হে মুনে! যদুবংশবিভূষণে যদুবংশস্যালঙ্কারভূতে কৃষ্ণে স্বধামানুগতে স্বলোকং গতবতি সতি পৃথ্ব্যাং কস্য বংশঃ অভবৎ, এতৎ মে আচক্ষ্ব ব্রূহি ॥১

শ্রীশুকঃ উবাচ—বার্হদ্রথঃ (বৃহদ্রথবংশীয়ঃ) যঃ অন্ত্যঃ (শেষনৃপঃ) পুরঞ্জয়ঃ নাম ভাব্যঃ (ভবিষ্যতি), তস্য অমাত্যঃ (মন্ত্রী) শুনকঃ স্বামিনং (প্রভুং পুরঞ্জয়ং) হত্বা প্রদ্যোতসংজ্ঞম্ (প্রদ্যোতনামানম্) আত্মজং (পুত্রং) রাজানং (কর্তা) (করিষ্যতি), যস্য সুতঃ পালকঃ (প্রদ্যোতাৎ পালকঃ ভবিষ্যতি ইতি ভাবঃ), তৎপুত্রঃ বিশাখযূপঃ, (ততঃ বিশাখযূপাৎ) রাজকঃ ভবিতা (ভবিষ্যতি) ॥২-৩

তৎপুত্রঃ (রাজকতনয়ঃ) নন্দিবর্দ্ধনঃ; ইমে পঞ্চ প্রদ্যোতনাঃ (প্রদ্যোতমূলকাঃ) অষ্টত্রিংশোত্তরশতং (অষ্টত্রিংশাধিক-শত-বৎসরং) পৃথিবীং ভোক্ষ্যন্তি ॥৪

ততঃ (নন্দিবর্দ্ধনাৎ) শিশুনাগঃ ভাব্যঃ, তৎসুতঃ কাকবর্ণঃ, তস্য সুতঃ ক্ষেমধর্মা, ক্ষেমধর্মজঃ ক্ষেত্রজ্ঞঃ ॥৫

প্রথম অধ্যায়।

[ভাবী রাজবংশ বর্ণন।]

মহারাজ পরীক্ষিৎ বলিলেন,—হে মুনে! যদুবংশের ভূষণস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ নিজধামে (লোকে) গমন করিলে পর কাহার বংশ পৃথিবীতে (রাজপদে) অধিষ্ঠিত হইবেন, তাহা আপনি আমার নিকট বর্ণন করুন।১

শ্রীশুকদেব বলিলেন—(মহারাজ! পরীক্ষিৎ পূর্বে নবমস্কন্ধের দ্বাবিংশ অধ্যায়ে পুরুবংশীয় উপরিচর বসুর পুত্র বৃহদ্রথ, বৃহদ্রথের পুত্র জরাসন্ধ, জরাসন্ধের পুত্র সহদেব এবং সহদেবের পুত্র মার্জ্জারির ক্রমিক বংশধর শ্রুতশ্রব হইতে রিপুঞ্জয় পর্য্যন্ত বিংশতি জন ভাবী রাজার কথাও বলা হইয়াছে। এই রিপুঞ্জয়ের অপর নাম পুরঞ্জয় হইবে।) এই যে বৃহদ্রথবংশীয় পুরঞ্জয়নামক ভাবী শেষ রাজা হইবেন, তাঁহার অমাত্য শুনক প্রভু পুরঞ্জয়কে বধ করিয়া প্রদ্যোতনামক নিজ পুত্রকে রাজা করিবেন। সেই প্রদ্যোতের পালকনামে এক পুত্র হইবে। সেই পালকের পুত্র বিশাখযূপ এবং তাঁহার পুত্র রাজক জন্ম গ্রহণ করিবেন। রাজকের পুত্র হইবেন নন্দিবর্ধন। প্রদ্যোতবংশধর (প্রদ্যোত, পালক, বিশাখযূপ, রাজক ও নন্দিবর্ধন) এই পাঁচজন রাজা একশত আটত্রিশবৎসর পৃথিবী ভোগ করিবেন।২-৪

অনন্তর শিশুনাগ রাজা হইবেন। তাঁহার পুত্র কাকবর্ণ এবং কাকবর্ণের পুত্র হইবেন ক্ষেমধর্মা। ক্ষেমধর্মজাত পুত্র হইবেন ক্ষেত্রজ্ঞ।

বিধিসারঃ সুতস্তস্যাজাতশত্রুর্ভবিষ্যতি।
দর্ভকস্তৎসুতো ভাবী দর্ভকস্যাজয়ঃ স্মৃতঃ ॥৬
নন্দিবর্ধন আজেয়ো মহানন্দিঃ সুতস্ততঃ।
শিশুনাগা দশৈবৈতে ষষ্ট্যুত্তরশতত্রয়ম্ ॥৭
সমা ভোক্ষ্যন্তি পৃথিবীং কুরুশ্রেষ্ঠ কলৌ নৃপাঃ।
মহানন্দিসুতো রাজন্ শূদ্রাগর্ভোদ্ভবো বলী ॥৮
মহাপদ্মপতিঃ কশ্চিন্নন্দঃ ক্ষত্রবিনাশকৃৎ।
ততো নৃপা ভবিষ্যন্তি শূদ্রপ্রায়াস্ত্বধার্মিকাঃ ॥৯

স একচ্ছত্রাং পৃথিবীমনুল্লঙ্ঘিতশাসনঃ।
শাসিষ্যতি মহাপদ্মো দ্বিতীয় ইব ভার্গবঃ ॥১০
তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ।
য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ ॥১১
নব নন্দান্ দ্বিজঃ কশ্চিৎ প্রপন্নানুদ্ধরিষ্যতি।
তেষামভাবে জগতীং মৌর্য্যা ভোক্ষ্যন্তি বৈ কলৌ ॥১২
স এব চন্দ্রগুপ্তং বৈ দ্বিজো রাজ্যেঽভিষেক্ষ্যতি।
তৎসুতো বারিসারস্তু ততশ্চাশোকবর্ধনঃ ॥১৩

তস্য (ক্ষেত্রজ্ঞস্য) সুতঃ বিধিসারঃ, অজাতশত্রুঃ (ন জাতঃ শত্রুঃ যস্য সঃ) ভবিষ্যতি, তৎসুতঃ দর্ভকঃ ভাবী (ভবিষ্যতি), দর্ভকস্য (পুত্রঃ) অজয়ঃ স্মৃতঃ (কথিতঃ) ॥৬

হে কুরুশ্রেষ্ঠ (পরীক্ষিৎ)। কলৌ আজেয়ঃ (অজেয়-পুত্রঃ) নন্দিবর্ধনঃ, ততঃ মহানন্দিঃ সুতঃ; এতে শিশুনাগাঃ (শিশুনাগমূলকাঃ) দশ এব নৃপাঃ কলৌ ষষ্ট্যুত্তরশতত্রয়ং (ষষ্ট্যধিক-ত্রিশতং) সমাঃ (বৎসরান্ ব্যাপ্য) পৃথিবীং ভোক্ষ্যন্তি। [হে] রাজন্। শূদ্রাগর্ভোদ্ভবঃ (শূদ্রাগর্ভজঃ) কশ্চিৎ মহানন্দিসুতঃ মহাপদ্মপতিঃ নন্দঃ [সঃ] (মহাপদ্ম-সংখ্যকসেনায়াঃ ধনস্য বা অধিপতিঃ) ক্ষত্রবিনাশকৃৎ (ক্ষত্রিয়ান্তকারী) [ভবিষ্যতি], ততঃ (তৎকালাদারভ্য) নৃপাঃ শূদ্রপ্রায়াঃ (প্রায়েণ শূদ্রাচারাঃ), তু [কিন্তু] অধার্মিকাঃ (ভবিষ্যন্তি) ॥৮-৯

দ্বিতীয়ঃ ভার্গবঃ (পরশুরামঃ) ইব অনুল্লঙ্ঘিতশাসনঃ (অনুৎক্রমণীয়মর্য্যাদঃ) মহাপদ্মঃ সঃ নন্দঃ একচ্ছত্রাম্ (অনন্যশাসনাং) পৃথিবীং শাসিষ্যতি ॥১০

তস্য সুমাল্যপ্রমুখাঃ অষ্টৌ সুতাঃ ভবিষ্যন্তি, যে রাজানঃ ইমাং মহীং শতং সমাঃ (শতবৎসরং যাবৎ) ভোক্ষ্যন্তি ॥১১

কশ্চিৎ দ্বিজঃ প্রপন্নান্ (শরণাগতান্) [নন্দঃ তৎপুত্রাশ্চ ইতি অষ্টৌ] নবনন্দান্ উদ্ধরিষ্যতি (উন্মূলয়িষ্যতি), তেষাম্ অভাবে কলৌ জগতীং মৌর্য্যাঃ (মৌর্য্যসংজ্ঞাঃ রাজান ইতি শেষঃ) জগতীং ভোক্ষ্যন্তি ॥১২

স এব দ্বিজঃ [চাণক্যঃ] চন্দ্রগুপ্তং রাজ্যে অভিষেক্ষ্যতি, তৎপুত্রঃ বারিসারঃ, ততঃ অশোকবর্দ্ধনঃ (ভবিষ্যতি) ॥১৩

তাঁহার পুত্র বিধিসার ও বিধিসারের অজাতশত্রু নামক এক পুত্র হইবে। অজাতশত্রুর পুত্র দর্ভক এবং দর্ভকের পুত্র অজয়নামে অভিহিত হইবেন। অজয়ের পুত্র নন্দিবর্ধন এবং তাঁহার পুত্র হইবেন মহানন্দি। হে কুরুশ্রেষ্ঠ পরীক্ষিৎ! শিশুনাগাদি (শিশুনাগ, কাকবর্ণ, ক্ষেত্রধর্মা, ক্ষেত্রজ্ঞ, বিধিসার, অজাতশত্রু, দর্ভক, অজয়, নন্দিবর্ধন ও মহানন্দি) এই দশজন রাজা কলিযুগে তিনশত ষাট্ বৎসর পৃথিবী ভোগ করিবেন। হে রাজন্! তাহার পর মহাপদ্মসংখ্যক সৈন্যের অধিপতি মহাবলশালী ক্ষত্রিয়বংশবিনাশকারী নন্দ নামে শূদ্রার গর্ভজাত মহানন্দির এক পুত্র হইবেন। (মহাপদ্মপতি বলিয়া এই নন্দরাজ মহাপদ্মনন্দ নামে বিখ্যাত হইবেন) অনন্তর (পৃথিবীতে) নৃপতিগণ শূদ্রতুল্য ও অধার্মিক হইবেন।৫-৯

এই মহাপদ্ম নন্দের আদেশ কখনও কেহ লঙ্ঘন করিতে পারিবে না। দ্বিতীয় পরশুরামের ন্যায় তিনি একচ্ছত্রা পৃথিবীকে শাসন করিবেন।১০

সেই নন্দরাজার সুমাল্য প্রভৃতি আটজন পুত্র জন্মগ্রহণ করিবেন এবং সেই আট পুত্রই রাজা হইয়া একশত বৎসর এই পৃথিবী ভোগ করিবেন।১১

(কৌটিল্য চাণক্য নামক) কোন এক ব্রাহ্মণ (প্রজাপালন-পরায়ণ) বিশ্বস্ত (নন্দ ও তাঁহার আট পুত্র) এই নয় জন নন্দরাজাকে উন্মূলিত করিবেন। তাঁহাদের অভাবে কলিকালে মৌর্য্যের (মুরাপুত্র চন্দ্রগুপ্তের) বংশধরগণ এই

সুযশা ভবিতা তস্য সঙ্গতঃ সুযশঃ-সুতঃ।
শালিশূকস্ততস্তস্য সোমশর্মা ভবিষ্যতি ॥১৪

শতধন্বা ততস্তস্য ভবিতা তদ্ বৃহদ্রথঃ।
মৌর্য্যা হ্যেতে দশ নৃপাঃ সপ্তত্রিংশচ্ছতোত্তরম্।
সমা ভোক্ষ্যন্তি পৃথিবীং কলৌ কুরুকুলোদ্‌বহ ॥১৫

হত্বা বৃহদ্রথং মৌর্য্যং তস্য সেনাপতিঃ কলৌ।
পুষ্যমিত্রস্তু শুঙ্গাহ্বঃ স্বয়ং রাজ্যং করিষ্যতি।
অগ্নিমিত্রস্ততস্তস্মাৎ সুজ্যেষ্ঠোঽথ ভবিষ্যতি ॥১৬

তস্য (অশোকবর্দ্ধনস্য) সুযশাঃ (পুত্রঃ) ভবিতা, সুযশঃসুতঃ সঙ্গতঃ, তস্য সুতঃ শালিশূকঃ, ততঃ সোমশর্ম্মা ভবিষ্যতি, তস্য সুতঃ শতধন্বা, তৎ (তস্মাৎ) বৃহদ্রথঃ ভবিতা॥

(হে) কুরুকুলোদ্বহ (কুরুসত্তম)। এতে দশ নৃপাঃ মৌর্য্যাঃ সপ্তত্রিংশচ্ছতোত্তরং সমাঃ (সপ্তত্রিংশদধিকশত-বৎসরং) কলৌ পৃথিবীং ভোক্ষ্যন্তি ॥১৪-১৫

কলৌ শুঙ্গাহ্বঃ শুঙ্গবংশীয়ঃ তস্য সেনাপতিঃ পুষ্যমিত্রঃ তু মৌর্য্যং বৃহদ্রথং হত্বা স্বয়ং রাজ্যং করিষ্যতি।

তস্মাৎ অগ্নিমিত্রঃ, ততঃ সুজ্যেষ্ঠঃ ভবিতা, ততঃ বসুমিত্রঃ, ভদ্রকঃ, পুলিন্দঃ সুতঃ (পুত্রঃ) [এতে ত্রয় ইতি] ভবিতা (ভবিষ্যতি)॥

পৃথিবী ভোগ করিবেন।১২

সেই—(চাণক্যনামক) ব্রাহ্মণই চন্দ্রগুপ্তকে রাজ্যে অভিষিক্ত করিবেন। চন্দ্রগুপ্তের পুত্র বারিসার ও বারিসারের অশোকবর্ধননামে এক পুত্র জন্মগ্রহণ করিবেন।১৩

সেই অশোকবর্ধনের সুযশা নামে এক পুত্র জন্মগ্রহণ করিবে। সুযশার পুত্র হইবেন সঙ্গত, সঙ্গতের পুত্র হইবেন শালিশূক, শালিশূকের সোমশর্মা পুত্র হইবেন। সোমশর্মার শতধন্বা এবং শতধন্বার বৃহদ্রথনামে এক পুত্র হইবেন।

হে কুরুকুলনন্দন পরীক্ষিৎ! (চাণক্যের সহিত চন্দ্রগুপ্তাদি নয় জন) এই দশজন মৌর্য্যবংশীয় নৃপতি কলিযুগে একশত সাঁইত্রিশ বৎসর পৃথিবী ভোগ

বসুমিত্রো ভদ্রকশ্চ পুলিন্দো ভবিতা ততঃ।
ততো ঘোষঃ সুতস্তস্মাদ্ বজ্রমিত্রো ভবিষ্যতি।
ততো ভাগবতস্তস্মাদ্ দেবভূতিরিতি শ্রুতঃ ॥১৭
শুঙ্গা দশৈতে ভোক্ষ্যন্তি ভূমিং বর্ষশতাধিকম্।
ততঃ কণ্বানিয়ং ভূমির্যাস্যত্যল্পগুণান্ নৃপ ॥১৮
শুঙ্গং হত্বা দেবভূতিং কণ্বোঽমাত্যস্তু কামিনম্।
স্বয়ং করিষ্যতে রাজ্যং বসুদেবো মহামতিঃ ॥১৯
তস্য পুত্রস্তু ভূমিত্রস্তস্য নারায়ণঃ সুতঃ।
নারায়ণস্য ভবিতা সুশর্মা নাম বিশ্রুতঃ ॥২০

ততঃ (পুলিন্দাৎ) সুতঃ ঘোষঃ, তস্মাৎ বজ্রমিত্রঃ ভবিষ্যতি, হে কুরূদ্বহ। ততঃ (বজ্রমিত্রাৎ) ভাগবতঃ, তস্মাৎ দেবভূতিঃ (ভবিষ্যতি) ॥১৬-১৭

(হে) নৃপ! এতে দশ শুঙ্গাঃ বর্ষশতাধিকং ভূমিং (পৃথিবীং) ভোক্ষ্যন্তি, ততো ইয়ং ভূমিঃ অল্পগুণান্ (অল্পগুণবিশিষ্টান্) কণ্বান্ (তন্নামপ্রসিদ্ধান্ নৃপতীন্) যাস্যতি (আশ্রয়িষ্যতি)॥

কণ্বঃ অমাত্যঃ (কণ্ববংশীয়মন্ত্রী) মহামতিঃ বসুদেবঃ কামিনং (পরস্ত্রীসেবিনং) শুঙ্গং হত্বা স্বয়ং রাজ্যং করিষ্যতে ॥১৮-১৯

তস্য পুত্রঃ ভূমিত্রঃ, ততো নারায়ণঃ সুতঃ [ভবিতা],

করিতে থাকিবেন।১৪-১৫

অতঃপর কলিযুগে এই মৌর্য্যবংশীয় প্রভু বৃহদ্রথকে বধ করিয়া তাঁহার সেনাপতি শুঙ্গবংশীয় পুষ্যমিত্র স্বয়ং রাজ্য শাসন করিবেন।

তারপর সেই পুষ্যমিত্রের অগ্নিমিত্র এবং অগ্নিমিত্রের সুজ্যেষ্ঠ নামক পুত্র জন্মিবেন। সুজ্যেষ্ঠের বসুমিত্র, বসুমিত্রের ভদ্রক এবং ভদ্রকের পুলিন্দ নামে পুত্র জন্ম গ্রহণ করিবেন।

সেই পুলিন্দের ঘোষ নামক এক পুত্র হইবে। ঘোষের পুত্র বজ্রমিত্র, বজ্রমিত্রের ভাগবত এবং ভাগবতের দেবভূতিনামক পুত্র জন্মগ্রহণ করিবেন। হে কুরুবংশবর্ধন পরীক্ষিৎ! পুষ্যমিত্র প্রভৃতি (পুষ্যমিত্র, অগ্নিমিত্র, সুজ্যেষ্ঠ, বসুমিত্র, ভদ্রক,

কণ্বায়না ইমে ভূমিং চত্বারিংশচ্চ পঞ্চ চ।
শতানি ত্রীণি ভোক্ষ্যন্তি বর্ষাণাংচ কলৌ যুগে ॥২১
হত্বা কাণ্বং সুশর্মাণং তদ্ভৃত্যো বৃষলো বলী।
গাং ভোক্ষ্যত্যন্ধ্রজাতীয়ঃ কঞ্চিৎ কালমসত্তমঃ ॥২২
কৃষ্ণনামাথ তদ্‌ভ্রাতা ভবিতা পৃথিবীপতিঃ।
শ্রীশান্তকর্ণস্তৎপুত্রঃ পৌর্ণমাসস্তু তৎসুতঃ ॥২৩
লম্বোদরস্তু তৎপুত্রস্তস্মাচ্চিবিলকো নৃপঃ।
মেঘস্বাতিশ্চিবিলকাদটমানস্তু তস্য চ ॥২৪
অনিষ্টকর্ম্মা হালেয়স্তলকস্তস্য চাত্মজঃ।
পুরীষভীরুস্তৎপুত্রস্ততো রাজা সুনন্দনঃ ॥২৫
চকোরো বহবো যত্র শিবস্বাতিররিন্দমঃ।
তস্যাপি গোমতীপুত্রঃ পুরীমান্ ভবিতা ততঃ ॥২৬
মেদশিরাঃ শিবস্কন্দো যজ্ঞশ্রীস্তৎসুতস্ততঃ।
বিজয়স্তৎসুতো ভাব্যশ্চন্দ্রবিজ্ঞঃ সলোমধিঃ ॥২৭
এতে ত্রিংশন্নৃপতয়শ্চত্বার্যব্দশতানি চ।
ষট্‌পঞ্চাশচ্চ পৃথিবীং ভোক্ষ্যন্তি কুরুনন্দন ॥২৮

নারায়ণস্য সুশর্মানাম বিশ্রুতঃ খ্যাতঃ (পুত্রো ভবিষ্যতি) ॥২০
ইমে কাণ্বায়নাঃ (কাণ্ববংশীয়নৃপতয়ঃ) কলিযুগে বর্ষাণাং ত্রীণি শতানি চত্বারিংশৎ পঞ্চ চ (ব্যাপ্য) ভূমিং ভোক্ষ্যন্তি ॥২১

কাণ্বং (কণ্ববংশীয়ং) সুশর্মাণং হত্বা তদ্ভৃত্যঃ (তস্য ভৃত্যঃ) অসত্তমঃ (অতিনিন্দিতঃ) অন্ধ্রজাতীয়ঃ বলী (বলি-নামকঃ) বৃষলঃ (শূদ্রঃ) কঞ্চিৎ কালং গাং (পৃথিবীং) ভোক্ষ্যতি ॥২২

অথ তদ্‌ভ্রাতা (বলিনঃ ভ্রাতা) কৃষ্ণনামা (কৃষ্ণঃ নাম যস্য সঃ) পৃথিবীপতিঃ ভবিতা তৎপুত্রঃ শ্রীশান্তকর্ণঃ, তৎপুত্রঃ পৌর্ণমাসঃ ॥২৩

তৎপুত্রঃ (পৌর্ণমাসপুত্রঃ) লম্বোদরঃ, তস্মাৎ নৃপতিঃ চিবিলকঃ, তস্মাৎ মেঘস্বাতিঃ, তস্য চ পুত্রঃ অটমানঃ ॥২৪

(তস্য অটমানস্য পুত্রঃ) অনিষ্টকর্ম্মা হালেয়ঃ, তস্য চ পুত্রঃ তলকঃ, তৎপুত্রঃ পুরীষভীরুঃ, ততঃ রাজা সুনন্দনঃ ॥২৫

[সুনন্দনসুতঃ] চকোরঃ, (ততঃ) বহবঃ (পুত্রাঃ ভবিতারঃ) যত্র (যেষু নবমঃ) অরিন্দমঃ (শত্রুজয়ী) শিবস্বাতিঃ ভবিতা, তস্য (শিবস্বাতেঃ) গোতমীপুত্রঃ, ততঃ পুরীমান্ ভবিতা ॥২৬

ততঃ (পুরীমতঃ) মেদশিরাঃ, (ততঃ) শিবস্কন্দঃ, (ততঃ) যজ্ঞশ্রীঃ, তৎসুতঃ বিজয়ঃ ভাব্যঃ, ততঃ চন্দ্রবিজ্ঞঃ, (ততঃ) সলোমধিঃ ॥২৭

(হে) কুরুনন্দন। এতে ত্রিংশন্নৃপতয়ঃ চত্বারি অব্দশতানি ষট্‌পঞ্চাশৎ চ (ষট্‌পঞ্চাশদধিক চতুঃশতবর্ষান্ ব্যাপ্য) পৃথিবীং ভোক্ষ্যন্তি ॥২৮

পুলিন্দ, ঘোষ, বজ্রমিত্র, ভাগবত ও দেবভূতি) এই দশজন শুঙ্গবংশীয় রাজা একশত বৎসরাধিক কাল এই পৃথিবী ভোগ করিবেন। হে রাজন্! তাহার পর এই পৃথিবী অত্যল্পগুণশালী কণ্বদিগের হস্তগত হইবে।১৬-১৮

শুঙ্গবংশীয় (শেষ) রাজা কামুক (পরকামিনীলোভী) দেবভূতিকে বধ করিয়া তাঁহার অমাত্য মহাবুদ্ধিমান্ বসুদেব নামক কণ্ব স্বয়ং রাজ্যপালন করিবেন।১৯

তাঁহার পুত্র ভূমিত্র, তাঁহার পুত্র নারায়ণ ও নারায়ণের পুত্র সুশর্মা জন্মলাভ করিবেন। কণ্ববংশীয় এই নৃপতিগণ কলিযুগে তিন শত পঁয়তাল্লিশ বৎসর পৃথিবী ভোগ করিবেন।২০-২১

অনন্তর কণ্ববংশীয় (শেষ) রাজা সুশর্মাকে বধ করিয়া তাঁহার ভৃত্য অত্যন্ত দুর্জ্জন বলী নামক অন্ধ্রজাতীয় এক শূদ্র কিছুকাল এই পৃথিবী ভোগ করিবে।২২

অতঃপর কৃষ্ণনামক বলীর ভ্রাতা পৃথিবীর অধিপতি হইবেন। তাঁহার পুত্র শ্রীশান্তকর্ণ ও তাঁহার পুত্র পৌর্ণমাস উৎপন্ন হইবেন।২৩

পৌর্ণমাসের পুত্র লম্বোদর এবং লম্বোদরের পুত্র চিবিলক রাজা হইবেন। চিবিলকের পুত্র মেঘস্বাতি, মেঘস্বাতির পুত্র অটমান, অটমানের পুত্র অনিষ্টকর্মা, অনিষ্টকর্মার পুত্র হালেয়, হালেয়ের পুত্র তলক, তলকের পুত্র পুরীষভীরু এবং পুরীষভীরুর পুত্র সুনন্দন যথাক্রমে রাজা হইবেন।২৪-২৫

সেই সুনন্দনের পুত্র হইবেন চকোর এবং

সপ্তাভীরা আবভৃত্যা দশ গর্দভিনো নৃপাঃ।
কঙ্কাঃ ষোড়শ ভূপালা ভবিষ্যন্ত্যতিলোলুপাঃ ॥২৯

ততোঽষ্টৌ যবনা ভাব্যাশ্চতুর্দশ তুরুষ্ককাঃ।
ভূয়ো দশ গুরুণ্ডাশ্চ মৌলা একাদশৈব তু ।৩০

এতে ভোক্ষ্যন্তি পৃথিবীং দশবর্ষশতানি চ।
নবাধিকাং চ নবতিং মৌলা একাদশ ক্ষিতিম্ ।৩১

ভোক্ষ্যন্ত্যব্দশতান্যঙ্গ ত্রীণি তৈঃ সংস্থিতে ততঃ।
কিলিকিলায়াং নৃপ তয়ো ভূতনন্দোঽথ বঙ্গিরিঃ ।৩২

শিশুনন্দিশ্চ তদ্ভ্রাতা যশোনন্দিঃ প্রবীরকঃ।
ইত্যেতে বৈ বর্ষশতং ভবিষ্যন্ত্যধিকানি ষট্ ॥৩৩

তেষাং ত্রয়োদশ সুতা ভবিতারশ্চ বাহ্লিকাঃ।
পুষ্পমিত্রোঽথ রাজন্যো দুর্মিত্রোঽস্য তথৈব চ ॥৩৪

(ততঃ পরং) সপ্ত আভীরাঃ আবভৃত্যাঃ (অবভৃতা নগরী, তদ্রাজানঃ ভবিষ্যন্তি), দশ গর্দ্দভিনঃ নৃপাঃ, ষোড়শ অতিলোলুপাঃ কঙ্কা ভূপালাঃ ভবিষ্যন্তি ॥২৯

ততঃ অষ্টৌ যবনাঃ চতুর্দ্দশ তুরুষ্ককাঃ (ভবিতারঃ), ভূয়ঃ (তৎপশ্চাৎ) দশ গুরুণ্ডাঃ, একাদশ মৌলা এব (ভাব্যাঃ) ॥৩০

এতে আভীরাদয়ঃ (ভূপাঃ) দশবর্ষশতানি নবাধিকাঞ্চ নবতিম্ (একোনশতাধিক-বর্ষসহস্রং) [ব্যাপ্য] পৃথিবীং ভোক্ষ্যন্তি। [ততঃ পূর্ব্বোক্তাঃ] একাদশ মৌলাঃ ত্রীণি অব্দশতানি ক্ষিতিং [ভোক্ষ্যন্তি]। অঙ্গ (হে পরীক্ষিৎ) ততঃ তৈঃ (সহ) সংস্থিতে (সংস্থিতেষু মৃতেষু মৌলেষু ইতি যাবৎ) অথ কিলিকিলায়াং (পুর্য্যাং) নৃপতয়ঃ ভবিষ্যন্তি, তেষাং ভূতনন্দঃ (প্রথমঃ) বঙ্গিরিঃ (দ্বিতীয়ঃ) ॥৩১-৩২

তদ্ভ্রাতা (তস্য বঙ্গিরেঃ ভ্রাতা) শিশুনন্দিঃ, [তস্য শিশুনন্দেঃ পুত্রঃ] যশোনন্দিঃ [তৎ পুত্রঃ] প্রবীরকঃ, এতে ষড়ধিকানি বর্ষশতং ভবিষ্যন্তি (পৃথিবীং ভোক্ষ্যন্তি) ॥৩৩

তেষাং (ভূতনন্দাদীনাং) বাহ্লিকাঃ (বহ্লিকনামানঃ) ত্রয়োদশ সুতাঃ ভবিতারঃ, পুষ্পমিত্রঃ রাজন্যঃ (রাজা) [ভবিষ্যতি], তথা অস্য চ দুর্মিত্রঃ এব পুত্রো (ভবিষ্যতি) ॥৩৪

চকোরের বহু (আটজন) পুত্র হইবেন। তাঁহাদের মধ্যে শত্রুবিমর্দনকারী কনিষ্ঠপুত্র শিবস্বাতি রাজা হইবেন। সেই শিবস্বাতির গোমতী নামে এক পুত্র হইবে এবং গোমতীর পুত্র হইবে পুরীমান্।২৬

পুরীমানের পুত্র মেদশিরা, মেদশিরার পুত্র শিবস্কন্দ, শিবস্কন্দের পুত্র যজ্ঞশ্রী, যজ্ঞশ্রীর পুত্র বিজয়, বিজয়ের পুত্র চন্দ্রাবিজ্ঞ এবং চন্দ্রবিজ্ঞের পুত্র সলোমধি পর পর রাজা হইবেন।২৭

হে কুরুনন্দন পরীক্ষিৎ! বলীপ্রমুখ এই সকল রাজা (কলিযুগে) চারিশত ছিয়াশী বৎসর এই পৃথিবী ভোগ করিবেন।২৮

অনন্তর অবভৃতিনগরীনিবাসী আভীর (বংশীয়) নামক সাতজন, গর্দ্দভী (বংশীয়) নামক দশজন এবং কঙ্ক (বংশীয়) নামক ষোলজন অতিলোভী ভূপাল পৃথিবী পালন করিবেন।২৯

তাহার পর আটজন যবন, চৌদ্দজন তুরস্ক, দশজন গুরুণ্ড এবং এগারজন মৌল পৃথিবীপালক হইবেন। হে রাজন্! এই সমস্ত (আভীর হইতে গুরুণ্ড পর্য্যন্ত পঁয়ষট্টিজন) রাজা একহাজার নিরানব্বই বৎসর পৃথিবী ভোগ করিবেন, আর (শেষোক্ত) এই একাদশজন মৌল (রাজা) তিনশত বৎসর পৃথিবী ভোগ করিবেন। এই মৌল (রাজগণ) পরলোকগত হইলে কিলকিলা নগরীতে ভূতনন্দ, বঙ্গিরি, শিশুনন্দি, শিশুনন্দির ভ্রাতা যশোনন্দি ও প্রবীরক রাজা হইবেন। ইঁহারা একশত ছয় বৎসর পৃথিবী পালন করিবেন।৩০-৩৩

সেই ভূতনন্দ প্রমুখ পাঁচজন রাজার বহ্লিকনামে তেরজন পুত্র রাজা হইবেন। অতঃপর পুষ্পমিত্র নামক এক ক্ষত্রিয় এবং তাঁহার পুত্র দুর্মিত্র রাজা হইবেন।৩৪

এককালা ইমে ভূপাঃ সপ্তান্ধ্রাঃ সপ্ত কোসলাঃ।
বিদূরপতয়ো ভাব্যা নিষধাস্তত এব হি ॥৩৫

মাগধানাং তু ভবিতা বিশ্বস্ফূর্জিঃ পুরঞ্জয়ঃ।
করিষ্যত্যপরো বর্ণান্ পুলিন্দ-যদু-মদ্রকান্ ॥৩৬

প্রজাশ্চাব্রহ্মভূয়িষ্ঠাঃ স্থাপয়িষ্যতি দুর্মতিঃ।
বীর্য্যবান্ ক্ষত্রমুৎসাদ্য পদ্মবত্যাং স বৈ পুরি।
অনুগঙ্গমাপ্রয়াগং গুপ্তাং ভোক্ষ্যতি মেদিনীম্ ॥৩৭

সৌরাষ্ট্রাবন্ত্যাভীরাশ্চ শূরা অর্বুদ-মালবাঃ।
ব্রাত্যা দ্বিজা ভবিষ্যন্তি শূদ্রপ্রায়া জনাধিপাঃ ॥৩৮
সিন্ধোস্তটং চন্দ্রভাগাং কৌন্তীং কাশ্মীরমণ্ডলম্।
ভোক্ষ্যন্তি শূদ্রা ব্রাত্যাদ্যা ম্লেচ্ছাশ্চাব্রহ্মবর্চসঃ।৩৯
তুল্যকালা ইমে রাজন্ ম্লেচ্ছপ্রায়াশ্চ ভূভৃতঃ।
এতেঽধর্মানৃতপরাঃ ফল্গুদাস্তীব্রমন্যবঃ ॥৪০
স্ত্রী-বাল-গো-দ্বিজঘ্নাশ্চ পরদারধনাদৃতাঃ।
উদিতাস্তমিতপ্রায়া অল্পসত্ত্বাল্পকায়ুষঃ ॥৪১

(ততঃ বাহ্লিকাৎ) সপ্ত অন্ধ্রাঃ, সপ্ত কোশলাঃ—ইমে চতুর্দ্দশ বিদূরপতয়ঃ নৈষধাঃ (নিষধদেশাধিপাঃ) ভূপাঃ এব ভাব্যাঃ ।৩৫

(ততঃ) বিশ্বস্ফূর্জ্জিঃ নাম মাগধানাং রাজা ভবিতা, (স চ) পরঃ দ্বিতীয়ঃ পুরঞ্জয়ঃ (অতি প্রবৃদ্ধঃ সন্) বর্ণান্ (ব্রাহ্মণাদীন্) পুলিন্দ-যদু-মদ্রকান্ (পুলিন্দাঃ যদবঃ মদ্রকাঃ তান্ তৎসংজ্ঞকান্) [ম্লেচ্ছপ্রায়ান্] করিষ্যতি ।৩৬

(সঃ) দুর্মতিঃ বীর্য্যবান্ বিশ্বস্ফূর্জ্জিঃ আব্রহ্মভূয়িষ্ঠাঃ (ত্রৈবর্ণ্য-সংস্থানহীনাঃ) প্রজাঃ স্থাপয়িষ্যতি, সঃ বৈ ক্ষত্রম্ (ক্ষত্রিয়-জাতিম্) উৎসাদ্য (উৎসার্য্য) পদ্মবত্যাং পুরি (রাজবসতিঃ) অনুগঙ্গম্ (গঙ্গাদ্বারম্ আরভ্য) আপ্রয়াগং (প্রয়াগপর্য্যন্তং) গুপ্তাং (পালিতাং) মেদিনীং ভোক্ষ্যতি ।৩৭

সৌরাষ্ট্রাবন্ত্যাভীরাঃ (সৌরাষ্ট্রাঃ আবন্ত্যঃ আভীরাঃ) অর্ব্বুদমালবাঃ (অর্ব্বুদাঃ মালবাশ্চ) শূরাঃ দ্বিজাঃ ব্রাত্যাঃ উপনয়নাদিসংস্কারহীনাঃ ভবিষ্যন্তি, জনাধিপাঃ (রাজানঃ) শূদ্রপ্রায়াঃ (ভবিষ্যন্তি) ।৩৮

আব্রহ্মবর্চ্চসঃ (বেদাচারপরিহীনাঃ) ব্রাত্যাদ্যাঃ শূদ্রাঃ ম্লেচ্ছাঃ সিন্ধোঃ তটং চন্দ্রভাগাং কৌন্তীং কাশ্মীরমণ্ডলং ভোক্ষ্যন্তি ।৩৯

(হে) রাজন্! ইমে ম্লেচ্ছপ্রায়াঃ ভূভৃতঃ (ভূপালাঃ) তুল্যকালাঃ এতে অধর্মানৃতপরাঃ (অধর্ম্মে অনৃতে মিথ্যা পরাঃ আসক্তাঃ) ফল্গুদাঃ (অল্পদাতারঃ) তীব্রমন্যবঃ (অত্যন্তক্রোধনাঃ) ।৪০

[এতে] স্ত্রীবালগোদ্বিজঘ্নাঃ (স্ত্রীবালকগোদ্বিজহন্তারঃ) পরদারধনাদৃতাঃ (পরদারেষু পরধনেষু চ লোলুপাঃ) অল্প-সত্ত্বাল্পকায়ুষঃ (অল্পপ্রাণবলত্বাৎ অল্পকালজীবিনঃ) [অতএব] উদিতাস্তমিতপ্রায়াঃ (উদিতা অভ্যুত্থিতা এব অস্তমিতপ্রায়াঃ) মৃতাঃ (ভবিষ্যন্তি) ।৪১

অতঃপর (সেই বাহ্লিকবংশ হইতে) সাতজন অন্ধ্র, সাতজন কোশল, বিদূরপতি সকল, নিষধপতি সকল (নিজ নিজ প্রদেশের নামে প্রসিদ্ধি লাভ করিয়া) একই সময়ে (নিজ নিজ প্রদেশ-পালকরূপে) রাজ্য শাসন করিবেন।৩৫

তদনন্তর অপর পুরঞ্জয় (পূর্ব্বকথিত পুরঞ্জয়ের ন্যায় বিখ্যাত) বিশ্বস্ফূর্জ্জি মাগধদিগের রাজা হইবেন। তিনি (ব্রাহ্মণাদি) বর্ণসমূহকে পুলিন্দ, যদু ও মদ্রতুল্য (ম্লেচ্ছপ্রায়) করিয়া তুলিবেন।৩৬

পরাক্রমশালী দুর্মতি সেই বিশ্বস্ফূর্জ্জি পদ্মাবতী পুরীতে (রাজধানী স্থাপন পূর্ব্বক) ক্ষত্রিয় জাতিকে উৎসন্ন করিয়া নিজরাজ্যে (ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ভিন্ন) নীচজাতিবহুল প্রজা স্থাপন করিবেন এবং গঙ্গাদ্বার (হরিদ্বার) হইতে প্রয়াগ পর্য্যন্ত নিজ পালিতা ভূমি ভোগ করিবেন।৩৭

তাহার পর সৌরাষ্ট্র, অবন্তি, আভীর, শূর, অর্ব্বুদ ও মালবদেশীয় দ্বিজ (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য) গণ (উপনয়নাদিসংস্কার বর্জিত) ব্রাত্য হইয়া পড়িবেন এবং নৃপতিগণও শূদ্রতুল্য হইবেন।৩৮

তখন (বেদোক্ত-ক্রিয়া-ত্যাগ জন্য) ব্রহ্মতেজঃ-শূন্য, (উপনয়নাদি-সংস্কার বিহীন) ব্রাত্য দ্বিজ (ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য) গণ, শূদ্র ও ম্লেচ্ছগণ সিন্ধুনদীর তটভূমি, কুন্তীদেশীয় চন্দ্রভাগানদীর তীরভূভাগ এবং কাশ্মীরমণ্ডল ভোগ করিবেন।৩৯

অসংস্কৃতাঃ ক্রিয়াহীনা রজসা তমসাবৃতাঃ।
প্রজাস্তে ভক্ষয়িষ্যন্তি ম্লেচ্ছা রাজন্যরূপিণঃ ॥৪২
তন্নাথাস্তে জনপদাস্তচ্ছীলাচারবাদিনঃ।
অন্যোন্যতো রাজভিশ্চ ক্ষয়ং যাস্যন্তি পীড়িতাঃ ॥৪৩

অসংস্কৃতাঃ (গর্ভাধানাদিসংস্কাররহিতাঃ) ক্রিয়াহীনাঃ রজসা তমসা বৃতাঃ তে রাজন্যরূপিণঃ (বিকৃতক্ষত্রিয়াঃ) ম্লেচ্ছাঃ (ধনাদ্যপহারেণ) প্রজাঃ ভক্ষয়িষ্যন্তি (পরিপীড়য়িষ্যন্তি) ॥৪২

তন্নাথাঃ (তাদৃশাঃ পূর্ব্বোক্তা এব নাথাঃ পরিচালকাঃ যেষাং) তে জনপদাঃ (জনপদবাসিনঃ প্রজানিবহাঃ) তচ্ছীলাচারবাদিনঃ (তেষাং শীলম্ আচারঞ্চ অনুকুর্ব্বন্তঃ) অন্যোন্যতঃ (পরস্পরং) (তৈঃ) রাজভিশ্চ পীড়িতাঃ (সন্তঃ) ক্ষয়ং যাস্যন্তি ॥৪৩

ইতি দ্বাদশস্কন্ধে প্রথমাধ্যায়ান্বয়ঃ সমাপ্তঃ।

হে রাজন্! ম্লেচ্ছপ্রায় এই পৃথিবীপালকগণ একই সময়ে পৃথিবী শাসন করিবেন। ইঁহারা অধার্মিক, মিথ্যাপরায়ণ, অতি অল্পদাতা, অত্যন্ত ক্রোধী, স্ত্রী-বালক ও দ্বিজ হত্যাকারী, পরস্ত্রী ও পরধর্মলোলুপ, অসময়ে জন্ম ও মরণবহুল, অল্পবল ও অল্পায়ু হইবেন ॥৪০-৪১

সংস্কারবিহীন, ধর্মকর্মবিবর্জিত এবং রজোগুণে ও তমোগুণে সমাচ্ছন্ন এই ক্ষত্রিয়রূপী ম্লেচ্ছরাজগণ প্রজাগণকে (জীবিকাদি অপহরণাদি দ্বারা) গ্রাস করিয়া ফেলিবেন ॥৪২

এই সকল রাজা যাহাদের অধিপতি হইবেন, তাঁহাদেরও এই সকল রাজার মত চরিত্র, আকার ও বাক্য হইবে। এই সকল দেশবাসী জনগণ পরস্পরের (মধ্যে কলহ) দ্বারা ও রাজগণ কর্ত্তৃক নিপীড়িত হইয়া ক্ষয় (বিনাশ) প্রাপ্ত হইবে ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের প্রথম-স্কন্ধে শ্রীযাদবেন্দ্রনাথরায়ন্যায়তীর্থ-কৃত দ্বাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

[কলিযুগস্য দোষঃ, কল্ক্যবতারস্যাবির্ভাবঃ, সত্যযুগস্যোৎপত্তেশ্চ বর্ণনম্।]

শ্রীশুক উবাচ
ততশ্চানুদিনং ধর্মঃ সত্যং শৌচং ক্ষমা দয়া।
কালেন বলিনা রাজন্ নঙ্ক্ষ্যত্যায়ুর্বলং স্মৃতিঃ ॥১

অন্বয়ঃ

[হে] রাজন্ (পরীক্ষিৎ)! ততঃ (কলেঃ প্রবৃত্ত্যনন্তরম্) অনুদিনং (প্রত্যহং) বলিনা (বলবতা) কালেন ধর্মঃ সত্যং শৌচং ক্ষমা দয়া আয়ুঃ বলং স্মৃতিঃ নঙ্ক্ষ্যতি (এতে) নাশং যাস্যন্তি ॥১

দ্বিতীয় অধ্যায়।

[কলিযুগের দোষ, কল্কি অবতারের আবির্ভাব ও সত্যযুগের উৎপত্তি কথা বর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ পরীক্ষিৎ! অনন্তর বলবান্ কালের প্রভাবে দিন দিন (জনগণের) ধর্ম, সত্য, শৌচ, ক্ষমা, দয়া, আয়ুঃ, বল ও স্মৃতি বিনষ্ট হইতে থাকিবে ॥১

বিত্তমেব কলৌ নৃণাং জন্মাচারগুণোদয়ঃ।
ধর্মন্যায়ব্যবস্থায়াং কারণং বলমেব হি ॥২

দাম্পত্যেঽভিরুচির্হেতুর্মায়ৈব ব্যাবহারিকে।
স্ত্রীত্বে পুংস্ত্বে চ হি রতির্বিপ্রত্বে সূত্রমেব হি ॥৩

লিঙ্গমেবাশ্রমখ্যাতাবন্যোন্যাপত্তিকারণম্।
অবৃত্ত্যা ন্যায়দৌর্বল্যং পাণ্ডিত্যে চাপলং বচঃ ॥৪

অনাঢ্যতৈবাসাধুত্বে সাধুত্বে দম্ভ এব তু।
স্বীকার এব চোদ্বাহে স্নানমেব প্রসাধনম্ ॥৫

দূরে বার্য়য়নং তীর্থং লাবণ্যং কেশধারণম্।
উদরম্ভরতা স্বার্থঃ সত্যত্বে ধার্ষ্ট্যমেব হি ॥৬

দাক্ষ্যং কুটুম্বভরণং যশোঽর্থে ধর্মসেবনম্।
এবং প্রজাভির্দুষ্টাভিরাকীর্ণে ক্ষিতিমণ্ডলে।
ব্রহ্মবিট্‌ক্ষত্রশূদ্রাণাং যো বলী ভবিতা নৃপঃ ॥৭

কলৌ নৃণাং (মানবানাং) জন্মাচারগুণোদয়ঃ (জন্ম আচারঃ গুণাঃ তেষামুদয়ঃ প্রকাশঃ) বিত্তম্ এব (যস্য বিত্তং বর্ত্ততে, স সৎকুলজন্মা সদাচারঃ সদ্‌গুণ ইতি ভাবঃ), ধর্মন্যায়ব্যবস্থায়াং বলম্ এব [এবং ধর্মস্য ন্যায়স্য চ ব্যবস্থায়াং বলম্ এব] হি কারণম্ ॥২

দাম্পত্যে (পতিপত্নীভাবে) হি অভিরুচিঃ হেতুঃ ব্যাবহারিকে (ক্রয়বিক্রয়াদৌ) মায়া (ছলনা) স্ত্রীত্বে পুংস্ত্বে চ রতিঃ [এবং] বিপ্রত্বে সূত্রম্ (যজ্ঞসূত্রং) [হেতুঃ] এব ॥৩

আশ্রমখ্যাতৌ (আশ্রমাণাং জ্ঞানে) লিঙ্গম্ (দণ্ডাজিনাদি-চিহ্নমেব কারণম্) [ভবতি], অন্যোন্যাপত্তিকারণম্ (আশ্রমাদাশ্রমান্তরপ্রাপ্তৌ চ দণ্ডাজিনশিখাত্যাগাদিকমেব কারণম্) [ভবতি], অবৃত্ত্যা (মুদ্রার্পণাসামর্থ্যেনৈব) ন্যায়দৌর্বল্যম্ (পরাজয়ঃ), পাণ্ডিত্যে বচঃ চাপল্যম্ (বহুভাষণম্) [হেতুর্ভবতি] ॥৪

অসাধুত্বে (চৌর্য্যাদ্যভিযোগে) অনাঢ্যতা, সাধুত্বে দম্ভ এব হি, উদ্বাহে চ স্বীকারঃ, স্নানং প্রসাধনং (কেশসংস্কারাদি) হি ॥৫

দূরে (দূরস্থং, দূরে বর্ত্তমানমিত্যর্থঃ) বার্য্যয়নং (জলাশয়ঃ) তীর্থং, লাবণ্যে কেশধারণম্, উদরম্ভরতা (স্বকীয়োদরপূরণং) স্বার্থঃ (পুরুষার্থঃ), সত্যত্বে ধৃষ্টতা [হেতুঃ ভবতি]। দাক্ষ্যং দক্ষতাখ্যাপনং কুটুম্বভরণং (পুত্রকলত্রাদিপোষণং)। যশোঽর্থে (কীর্ত্তিলাভায়) ধর্মসেবনম্ (ধর্মাচরণম্), এবং দুষ্টাভিঃ প্রজাভিঃ এবং (এবম্ভূতচরিত্রযুক্তপ্রজাভিঃ) ক্ষিতিমণ্ডলে আকীর্ণে (সতি) ব্রহ্মবিট্‌-ক্ষত্রশূদ্রাণাং ব্রাহ্মণ-(ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাণাং) [মধ্যে] যঃ বলী (বলবান্), [সঃ] নৃপঃ (রাজা) ভবিতা (ভবিষ্যতি) ॥৬-৭

কলিযুগে বিত্ত (ধন)-ই মনুষ্যগণের জন্ম, আচার ও উৎকর্ষের কারণ হইবে এবং (দৈহিক) বলই (শক্তিই) ধর্ম ও ন্যায় নিরূপণের কারণ হইবে।২

(কলিকালে) ভার্য্যা ও স্বামীভাবে (দাম্পত্য ভাবে) অভিরুচিই (স্বীয় পছন্দই) কারণ হইবে; ক্রয় ও বিক্রয়াদি ব্যাবহারিক বিষয়ে মায়াই (ছল-প্রতারণাই) কারণ হইবে। স্ত্রী ও পুরুষের শ্রেষ্ঠত্ববিষয়ে রতিই (অত্যন্ত আসক্তিই) হেতু হইবে এবং ব্রাহ্মণত্ববিষয়ে (যজ্ঞ) সূত্র (ধারণ) মাত্রই কারণ হইবে।৩

(কলিযুগে) আশ্রমসমূহের জ্ঞান-বিষয়ে এবং দানদীক্ষাদি দ্বারা পরস্পরের মিলন বিষয়ে দণ্ড, অজিন (মৃগচর্ম্মাদি) প্রভৃতি চিহ্নই হেতুরূপে প্রকাশ পাইবে। (সদোষনির্দোষত্বাদি) বিচার বিষয়ে দুর্বলতাই (দোষযুক্ততার) কারণরূপে নির্ণীত হইবে এবং (লোকরঞ্জন-নিমিত্ত) বহু (চপল) ভাষণই পাণ্ডিত্যের কারণ হইবে।৪

(কলিকালে) ধনহীনতা (দারিদ্র্য) অসাধুতার ও গর্ব (অহঙ্কার) সাধুতার কারণ হইবে। স্বীকার (মিলনে সম্মতি প্রকাশই) বিবাহের কারণ হইবে এবং স্নানই হইবে প্রসাধন (অলঙ্কার)।৫

(কলিকালে) দূরবর্তী জলাশয় হইবে তীর্থ, (মস্তকে) কেশধারণ (কেশবিন্যাস প্রসাধন) হইবে সৌন্দর্য্যের হেতু; স্বোদর-পূরণতা হইবে পুরুষার্থ; ধৃষ্টতা হইবে সত্যবাদিতার কারণ; পরিজন-

প্রজা হি লুব্ধৈ রাজন্যৈর্নির্ঘৃণৈর্দস্যুধর্মভিঃ।
আচ্ছিন্নদারদ্রবিণা যাস্যন্তি গিরিকাননম্ ॥৮
শাকমূলামিষক্ষৌদ্রফলপুষ্পাষ্টিভোজনাঃ।
অনাবৃষ্ট্যা বিনঙ্ক্ষ্যন্তি দুর্ভিক্ষকরপীড়িতাঃ ॥৯
শীতবাতাতপপ্রাবৃড়্ হিমৈরন্যোন্যতঃ প্রজাঃ।
ক্ষুত্তৃড়্ভ্যাং ব্যাধিভিশ্চৈব সন্তপ্স্যন্তে চ চিন্তয়া ॥১০
ত্রিংশদ্বিংশতিবর্ষাণি পরমায়ুঃ কলৌ নৃণাম্ ॥১১
ক্ষীয়মাণেষু দেহেষু দেহিনাং কলিদোষতঃ।
বর্ণাশ্রমবতাং ধর্মে নষ্টে বেদপথে নৃণাম্ ॥১২
পাষণ্ডপ্রচুরে ধর্মে দস্যুপ্রায়েষু রাজসু।
চৌর্য্যানৃতবৃথাহিংসানানাবৃত্তিষু বৈ নৃষু ॥১৩
শূদ্রপ্রায়েষু বর্ণেষুচ্ছাগপ্রায়াসু ধেনুষু।
গৃহপ্রায়েষ্বাশ্রমেষু যৌনপ্রায়েষু বন্ধুষু ॥১৪
অণুপ্রায়াস্বোষধীষু শমীপ্রায়েষু স্থাস্নুষু।
বিদ্যুৎপ্রায়েষু মেঘেষু শূন্যপ্রায়েষু সদ্মসু ॥১৫
ইত্থং কলৌ গতপ্রায়ে জনেষু খরধর্মিষু।
ধর্মত্রাণায় সত্ত্বেন ভগবানবতরিষ্যতি ॥১৬

লুব্ধৈঃ নির্ঘৃণৈঃ (নির্দয়ৈঃ) দস্যুধর্মভিঃ (লুণ্ঠনপরায়ণৈঃ) রাজন্যৈঃ (নৃপৈঃ) (প্রজাঃ) প্রজাঃ আচ্ছিন্ন-দারদ্রবিণাঃ (আচ্ছিন্না বলেন অপহৃতা দারা দ্রবিণং ধনাদি যাসাং তাঃ) [স্বগৃহং ত্যক্ত্বা] গিরিকাননং (দুর্গমারণ্যং) যাস্যন্তি ॥৮

অনাবৃষ্ট্যা (অনাবৃষ্টিবশাৎ) দুর্ভিক্ষকরপীড়িতাঃ (অর্থাভাবজনিতকরভারক্লিষ্টাঃ) শাকমূলামিষক্ষৌদ্রফলপুষ্পাষ্টি-ভোজনাঃ (শাকং, মূলম্, আমিষং, ক্ষৌদ্রং, মধু, ফলং, পুষ্পম্, অষ্টিঃ বীজং, তানি ভোক্ষ্যন্তি যাঃ তাঃ) [প্রজাঃ] বিনঙ্ক্ষ্যন্তি (নাশং যাস্যন্তি) ॥৯

অন্যোন্যতঃ (পরস্পরঃ) শীতবাতাতপপ্রাবৃড়্ হিমৈঃ (শীতং, বাতঃ, আতপঃ সূর্য্যতাপঃ, প্রাবৃট্ বর্ষা, হিমং, শিশিরঃ তৈঃ) ক্ষুত্তৃড়্ভ্যাং (ক্ষুধা, তৃট্ তৃষ্ণা তাভ্যাং) ব্যাধিভিঃ (রোগৈঃ) চিন্তয়া চ (দুশ্চিন্তয়া) প্রজাঃ সন্তপ্স্যন্তে (তাপং প্রাপ্স্যন্তে) ॥১০

কলৌ নৃণাং (নরাণাং) পরমায়ুঃ ত্রিংশদ্বিংশতিবর্ষাণি (পঞ্চাশদ্বৎসরাঃ) [ভবিষ্যন্তি]

কলিদোষতঃ (কলিকল্মষাৎ) দেহিনাং (শরীরিণাং) দেহেষু ক্ষীয়মাণেষু, বর্ণাশ্রমবতাং (বর্ণাশ্রমান্ পালয়তাং) (নরাণাং) বেদপথে (বেদমার্গাবলম্বিনি) ধর্মে নষ্টে (বিনাশং গতে), ধর্মেপাষণ্ডপ্রচুরে (দুর্বৃত্তবহুলে সতি) রাজসু নৃপেষু) দস্যুপ্রায়েষু, নৃষু (মানবনিবহেষু) চৌর্য্যানৃতবৃথাহিংসা-নানাবৃত্তিষু (চৌর্য্যম্, অনৃতং মিথ্যা, বৃথাহিংসা যাগাতন্তরেণ পশুবধঃ, নানাবৃত্তিঃ বৃত্তিসাঙ্কর্য্যং তেষু সৎসু), বর্ণেষু শূদ্রপ্রায়েষু, ধেনুষু ছাগপ্রায়াসু (ছাগবৎক্ষুদ্রস্বরূপাসু অল্পদুগ্ধপ্রদানরতাসু চ), আশ্রমেষু গৃহপ্রায়েষু (গৃহমাত্রাবস্থানেন আশ্রমনাম্না পরিচীয়মানেষু), বন্ধুষু যৌনপ্রায়েষু বৈবাহিক সম্বন্ধমাত্রত্বেষু), ওষধিষু অণুপ্রায়েষু (ব্রিহ্যাদি-

পরিপোষণ হইবে দক্ষতা ; যশের নিমিত্তই ধর্মানুষ্ঠান হইবে।৬

এইরূপ নানাপ্রকার দোষদুষ্ট (প্রজা) জনগণের দ্বারা ভূমণ্ডল পরিব্যাপ্ত হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণের মধ্যে যিনি বলবান্ হইবেন, তিনিই রাজা হইবেন।৭

(কলিকালে) লোভী, নিষ্ঠুর ও দস্যুর ন্যায় আচরণকারী গণ বলপূর্বক কর্ত্তৃক প্রজাগণের স্ত্রী ও অপহৃত হইলে তাহারা পর্ব্বতে ও বনে চলিয়া যাইবে।৮

কলিযুগে জনগণ শাক, মূল, আমিষ, মধু, ফল, ফুল ও বীজ ভোজন করিবে, অনাবৃষ্টিবশতঃ দুর্ভিক্ষ ও রাজকরে নিপীড়িত হইয়া বিনষ্ট হইবে। শীত, ঝড়, রোদ, বর্ষা ও হিমে ; পরস্পরের মধ্যে কলহে, ক্ষুধা ও তৃষ্ণায়, বিবিধরোগে এবং চিন্তায় সন্তপ্ত হইবে। মনুষ্যের আয়ু হইবে পঞ্চাশ বৎসর।৯-১১

কলিযুগের দোষে দেহধারী (জীব) সকলের দেহ দুর্বল হইলে, বর্ণাশ্রমপরায়ণ (মনুষ্য) গণের বেদ-মার্গানুসারী ধর্ম বিনষ্ট হইলে, ধর্ম বেদবিরুদ্ধ-মত-

চরাচরগুরোর্বিষ্ণোরীশ্বরস্যাখিলাত্মনঃ।
ধর্মত্রাণায় সাধূনাং জন্ম কর্মাপনুত্তয়ে ॥১৭

শম্ভলগ্রামমুখ্যস্য ব্রাহ্মণস্য মহাত্মনঃ।
ভবনে বিষ্ণুযশসঃ কল্কিঃ প্রাদুর্ভবিষ্যতি ॥১৮

অশ্বমাশুগমারুহ্য দেবদত্তং জগৎপতিঃ।
অসিনাসাধুদমনমষ্টৈশ্বর্যগুণান্বিতঃ ॥১৯

বিচরন্নাশুনা ক্ষৌণ্যাং হয়েনাপ্রতিমদ্যুতিঃ।
নৃপলিঙ্গচ্ছদো দস্যূন্ কোটিশো নিহনিষ্যতি ॥২০

অথ তেষাং ভবিষ্যন্তি মনাংসি বিশদানি বৈ।
বাসুদেবাঙ্গরাগাতিপুণ্যগন্ধানিলস্পৃশাম্।
পৌরজানপদানাং বৈ হতেষ্বখিলদস্যুষু ॥২১

তেষাং প্রজাবিসর্গশ্চ স্থবিষ্ঠঃ সম্ভবিষ্যতি।
বাসুদেবে ভগবতি সত্ত্বমূর্তৌ হৃদি স্থিতে ॥২২

গুণান্বয়েষু), স্থাণুষু (বৃক্ষেষু) শমীপ্রায়েষু (অগ্নিগর্ভত্বাদ্ দগ্ধাবশেষিতেষু), মেঘেষু বিদ্যুৎপ্রায়েষু (বিদ্যুদ্বহুলেষু), সদ্মসু (গৃহেষু) শূন্য- প্রায়েষু (রাগাদিভির্বিনষ্টপ্রায়েষু) [সৎসু] ইত্থম্ (এতাবতীভিরবস্থাভিঃ) কলৌ গতপ্রায়ে (অল্পাবশিষ্টে) জনেষু খরধর্মিষু (দুঃসহচেষ্টিতেষু) সত্ত্বেন (সত্ত্বগুণেন) ভগবান্ ধর্মত্রাণায় (ধর্মরক্ষণায়) অবতরিষ্যতি (অবতীর্ণো ভবিষ্যতীত্যর্থঃ) ॥১২-১৬

সাধূনাং ধর্মত্রাণায় (ধর্মরক্ষণায়) অখিলাত্মনঃ চরাচর-গুরোঃ ঈশ্বরস্য বিষ্ণোঃ জন্ম কর্মাপনুত্তয়ে (জীবানাং মোক্ষায়) [ভবতি] ॥১৭

[সঃ ভগবান্] কল্কিঃ শম্ভলগ্রামমুখ্যস্য (শম্ভলগ্রামে মুখ্যস্য প্রধানস্য) মহাত্মনঃ বিষ্ণুযশসঃ (বিষ্ণুযশা ইতি নামকস্য) ব্রাহ্মণস্য ভবনে প্রাদুর্ভবিষ্যতি ॥১৮

অষ্টৈশ্বর্যগুণান্বিতঃ (অণিমাদ্যষ্টৈশ্বর্য্যযুক্তঃ) অপ্রতিমদ্যুতিঃ (অতুল্যকান্তিঃ) জগৎপতিঃ [সঃ] আশুগম্ (শীঘ্রগামিনম্) অসাধুদমনম্ (অসদ্বিমর্দ্দিনং) দেবদত্তম্ (তন্নামকম্) অশ্বম্ আরুহ্য [তেন] আশুনা (আশুগতিনা) হয়েন (অশ্বেন) ক্ষৌণ্যাং (পৃথিব্যাং) বিচরন্ কোটিশঃ (অসংখ্যান্) নৃপ-লিঙ্গচ্ছদঃ (রাজবেশচ্ছন্নান্) দস্যূন্ অসিনা (খড়্গেন) নিহনিষ্যতি ॥১৯-২০

বহুল হইলে, রাজগণ দস্যুপ্রায় হইলে, মনুষ্যগণ চৌর্য্য মিথ্যা ও বৃথাহিংসা প্রভৃতি নানাপ্রকার কুবৃত্তিপরায়ণ হইলে, ব্রাহ্মণাদিবর্ণত্রয় শূদ্রপ্রায় হইলে, ধেনুসকলে (আকারে ও দুগ্ধাদিদানে) ছাগলের তুল্য হইলে, (সন্ন্যাসাদি) আশ্রমগুলি গৃহস্থাশ্রম-তুল্য হইলে, বন্ধুগণ যৌনসম্পর্ক (বিবাহসম্বন্ধ) প্রধান হইলে (অর্থাৎ বিবাহাদিসম্পর্ক যাহাদের সহিত নাই তাহারা বন্ধুরূপে পরিজ্ঞাত না হইলে), ওষধি (ফল পক্ব হইলে যে সব গাছ মরিয়া যায়)-সকল ক্ষুদ্র হইলে, বৃক্ষসমূহ শমীবৃক্ষতুল্য (ক্ষুদ্র) হইলে, মেঘসমূহ বিদ্যুদ্বহুল হইলে, গৃহসমূহ (ধর্মকর্মাদি-বর্জিত হইয়া) শূন্যপ্রায় হইলে, জনগণ (সদ্ধর্ম-বিঘাতক হইয়া) গর্দভধর্মা হইলে এবং এইভাবে কলিযুগ প্রায় অতীত হইতে চলিলে ধর্মের সমুদ্ধারের (পুনঃপ্রতিষ্ঠার) জন্য ভগবান্ সত্ত্বগুণ অবলম্বন করিয়া আবির্ভূত হইবেন।১২-১৬

সজ্জনগণের ধর্ম (ভোগেচ্ছুগণের স্বর্গাদি-সাধন ধর্ম ও মুমুর্ষুগণের মোক্ষসাধন ধর্ম) রক্ষার ও মোক্ষের জন্য চরাচর সমস্ত জগতের গুরু সর্বাত্মা সর্বেশ্বর বিষ্ণু (অবতাররূপে) জন্ম পরিগ্রহ করিবেন।১৭

শম্ভলনামক গ্রামে সর্বশ্রেষ্ঠ ব্রাহ্মণ মহাত্মা বিষ্ণুযশার গৃহে কল্কি-অবতার আবির্ভূত হইবেন।১৮

অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যযুক্ত সত্যসঙ্কল্পাদি-গুণ-সমন্বিত অতুলনীয় দীপ্তিশালী সেই জগৎপতি কল্কিদেব অসাধুগণের দমনকারী দেবদত্তনামক এক দ্রুতগামী অশ্বে আরোহণ পূর্বক পৃথিবীতে বিচরণ করিতে করিতে খড়্গের দ্বারা কোটি কোটি রাজ-বেশধারী (অথচ) প্রচ্ছন্ন দস্যুকে বধ করিবেন।১৯-২০

এইরূপে সমস্ত দস্যু নিহত হইলে সত্ত্বমূর্তি ভগবান্ বাসুদেব জনগণের হৃদয়ে অবস্থান করিলে (কল্কিরূপী ভগবান্) বাসুদেবের (কুঙ্কুমচন্দনাদি)

যদাবতীর্ণো ভগবান্ কল্কির্ধর্মপতির্হরিঃ।
কৃতং ভবিষ্যতি তদা প্রজাসূতিশ্চ সাত্ত্বিকী ॥২৩
যদা চন্দ্রশ্চ সূর্য্যশ্চ তথা তিষ্য-বৃহস্পতী।
একরাশৌ সমেষ্যন্তি ভবিষ্যতি তদা কৃতম্ ॥২৪

যোঽতীতা বর্ত্তমানা যে ভবিষ্যন্তি চ পার্থিবাঃ।
তে ত উদ্দেশতঃ প্রোক্তা বংশীয়াঃ সোমসূর্যয়োঃ ॥২৫
আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্ বর্ষসহস্রং তু শতং পঞ্চ দশোত্তরম্ ॥২৬

অথ অখিলেষু দস্যুষু হতেষু (সৎসু) বাসুদেবাঙ্গরাগাতিপুণ্যগন্ধানিলস্পৃশাং (বাসুদেবস্য অঙ্গ-রাগেণ চন্দনাদিনা অতিপুণ্যগন্ধঃ যঃ অনিলঃ তং স্পৃশন্তীতি তথা) তেষাং পৌরজানপদানাং (পৌরাণাং পুরবাসিনাং জানপদানাং জনপদবাসিনাং প্রজানাং) মনাংসি বিশদানি (নির্ম্মলানি) ভবিষ্যন্তি ॥২১

সত্ত্বমূর্ত্তৌ ভগবতি বাসুদেবে হৃদি স্থিতে (সতি) তেষাং (জানপদানাং) প্রজাবিসর্গঃ (সন্ততি-সৃষ্টিঃ) স্থবিষ্ঠঃ (প্রচুরঃ) ভবিষ্যতি ॥২২

যদা ভগবান্ হরিঃ ধর্ম্মপতিঃ কল্কিঃ অবতীর্ণঃ ভবিষ্যতি, তদা কৃতং (সত্যযুগং) ভবিষ্যতি [এবং] প্রজাসূতিঃ (প্রজাসৃষ্টিঃ) সাত্ত্বিকী (সত্ত্বরূপা) [ভবিষ্যতি] ॥২৩

চন্দ্রঃ সূর্য্যঃ তথা তিষ্যবৃহস্পতী (তিষ্যঃ পুষ্যানক্ষত্রং, বৃহস্পতিঃ তৌ) [এতে] যদা একরাশৌ সমেষ্যন্তি, তদা কৃতং (সত্যযুগং) ভবিষ্যতি ॥২৪

সোমসূর্য্যয়োঃ (চন্দ্রসূর্য্যয়োঃ) বংশজাঃ [যে] পার্থিবাঃ (পৃথিবীপতয়ঃ) অতীতাঃ বর্ত্তমানাঃ ভবিষ্যন্তি চ, তে তে উদ্দেশতঃ (সঙ্ক্ষেপতঃ) প্রোক্তাঃ (কথিতাঃ) ॥২৫

[হে রাজন্!] ভবতঃ জন্ম আরভ্য নন্দাভিষেচনং যাবৎ—এতৎ দশোত্তরং পঞ্চশতং বর্ষসহস্রং [সার্দ্ধশতসহস্রবর্ষমেব তৎ-পরিমাণ-কালঃ] ॥২৬

অঙ্গরাগের দ্বারা অতিপবিত্র গন্ধযুক্ত বায়ু স্পৃষ্ট পুরবাসী ও দেশবাসী জনগণের মন নির্ম্মল হইবে এবং তাহাদের পুত্রপৌত্রাদি সন্তানসৃষ্টি সম্যক্রূপে বৃদ্ধিপ্রাপ্ত হইবে।২১-২২

যখন ধর্মপালক ভগবান্ কল্কিরূপী শ্রীহরি (পৃথিবীতে) অবতীর্ণ হইবেন, তখন সত্যযুগ আরম্ভ হইবে এবং সন্তান উৎপত্তিও সত্ত্বপ্রধান হইবে।২৩

যখন চন্দ্র, সূর্য্য, পুষ্যানক্ষত্র ও বৃহস্পতি এক রাশিতে একই সময়ে (সমানভাবে) প্রবেশ করিবেন, তখন সত্যযুগ আরম্ভ হইবে।২৪

(হে মহারাজ পরীক্ষিত!) চন্দ্র ও সূর্য্যবংশজাত যে সকল রাজা অতীতকালে ছিলেন, যাঁহারা বর্তমানে আছেন এবং যাঁহারা ভবিষ্যতে জন্মপরিগ্রহ করিবেন, সংক্ষেপে আমি সেই সকল রাজার কথা আপনার নিকট বর্ণন করিলাম।২৫

মহারাজ আপনার জন্ম হইতে আরম্ভ করিয়া নন্দের রাজ্যাভিষেক পর্য্যন্ত (কালের পরিমাণ হইবে) একহাজার পাঁচশত দশ বৎসর*।২৬

* জরাসন্ধের পৌত্র ও সহদেবের পুত্র মার্জারি মহারাজ পরীক্ষিতের সমসাময়িক। নবমস্কন্ধের দ্বাবিংশ অধ্যায়ে মার্জারি হইতে রিপুঞ্জয় পর্যন্ত বিংশতি জন রাজার সহস্রবর্ষ রাজত্বের কথা উল্লিখিত হইয়াছে। এই দ্বাদশস্কন্ধের প্রথম অধ্যায়ে রিপুঞ্জয়ের পর প্রদ্যোতপ্রমুখ পাঁচজন রাজা একশত আটত্রিশ বৎসর এবং তাহার পর শিশুনাগ প্রভৃতি রাজগণের তিনশত ষাট বৎসর রাজত্বের কথা উল্লিখিত হইয়াছে। তার পরবর্তী রাজা হইলেন নন্দ। অতএব পরীক্ষিতের সমসাময়িক মার্জারি হইতে নন্দের রাজ্যাভিষেকের পূর্ব পর্য্যন্ত একহাজার চারিশত আটানব্বই বৎসর হয়। এই শ্লোকের যথাশ্রুত অর্থগ্রহণ করিলে মাত্র একহাজার একশত পনের বৎসর হয়। পূর্বাপর সামঞ্জস্য রক্ষার জন্য মূল শ্লোকের "পঞ্চ" শব্দটিকে "শতং" পদের সহিত অন্বয় করিয়া দশোত্তরং "পঞ্চশতং" অর্থ করিতে হয়। পঞ্চদশোত্তরং শতং নহে। তাহাতেও ১৪৯৮ পরিগণিত বর্ষ অপেক্ষা যে দ্বাদশবর্ষ অধিক হয়, তাহা শিশুপাল বংশের পতন ও নন্দবংশের অভ্যুত্থানের মধ্যবর্তী কাল বলিয়া গ্রহণ করা যাইতে পারে।২৬

সপ্তর্ষীণাং তু যৌ পূর্ব্বৌ দৃশ্যেতে উদিতৌ দিবি।
তয়োস্তু মধ্যে নক্ষত্রং দৃশ্যতে যৎ সমং নিশি ॥২৭
তেনৈব ঋষয়ো যুক্তাস্তিষ্ঠন্ত্যব্দশতং নৃণাম্।
তে ত্বদীয়ে দ্বিজাঃ কাল অধুনা চাশ্রিতা মঘাঃ ॥২৮
বিষ্ণোর্ভগবতো ভানুঃ কৃষ্ণাখ্যোঽসৌ দিবং গতঃ।
তদাবিশৎ কলির্লোকং পাপে যদ্ রমতে জনঃ ॥২৯
যাবৎ স পাদপদ্মাভ্যাং স্পৃশন্নাস্তে রমাপতিঃ।
তাবৎ কলির্বৈ পৃথিবীং পরাক্রান্তুং ন চাশকৎ ॥৩০
যদা দেবর্ষয়ঃ সপ্ত মঘাসু বিচরন্তি হি।
তদা প্রবৃত্তস্তু কলির্দ্বাদশাব্দশতাত্মকঃ ॥৩১

যদা মঘাভ্যো যাস্যন্তি পূর্ব্বাষাঢ়াং মহর্ষয়ঃ।
তদা নন্দাৎ প্রভৃত্যেষ কলির্বৃদ্ধিং গমিষ্যতি ॥৩২

যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাহনি।
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ ॥৩৩

[সপ্তনক্ষত্রাত্মকানাং] সপ্তর্ষীণাং [মধ্যে] পূর্ব্বৌ যৌ দিবি উদিতে দৃশ্যেতে, (পূর্ব্বয়োঃ, প্রথময়োর্দ্বয়োরিতি শেষঃ) মধ্যে যৎ নিশি রাত্রৌ দক্ষিণতঃ সমং (সমদেশাবস্থিতম্ অশ্বিন্যাদিষু অন্যতমং নক্ষত্রং দৃশ্যতে) তেন এব (তথৈব-যুক্তাঃ) ঋষয়ঃ নৃণাম্ অব্দশতং (মনুষ্যপরিমাণেন শত-বৎসরং) [যাবৎ তিষ্ঠন্তি]; তে দ্বিজাঃ অধুনা ত্বদীয়ে কালে মঘাঃ আশ্রিতাঃ (বর্ত্তন্তে) ॥২৭-২৮

ভগবতঃ বিষ্ণোঃ কৃষ্ণাখ্যঃ অসৌ (কৃষ্ণনামা অবতারঃ) ভানুঃ (কৃষ্ণসূর্য্যঃ) যদা দিবং গতঃ (অন্তর্ধানং চক্রে), তদা কলিঃ লোকম্ আবিশৎ (জনহৃদয়ম্ অধিকৃতবান্), যৎ (যস্মাৎ কারণাদিত্যর্থঃ) জনঃ পাপে রমতে ॥২৯

সঃ রমাপতিঃ (বিষ্ণুঃ) যাবৎ পাদপদ্মাভ্যাং (চরণ-কমলাভ্যাং [পৃথিবীং] স্পৃশন্ আস্তে (বর্ত্ততে স্ম), তাবৎ কলিঃ [পৃথিবীং] পরাক্রন্তুং (আক্রমিতুং) ন অশকৎ (ন শক্তবান্) ॥৩০

যদা সপ্ত দেবর্ষয়ঃ মঘাসু বিচরন্তি, তদা দ্বাদশাব্দশতাত্মকঃ (দিব্যমানেন দ্বাদশশতবৎসরাত্মকঃ) কলিঃ প্রবৃত্তঃ ॥৩১

মঘাভ্যঃ (মঘানক্ষত্রাৎ) যদা মহর্ষয়ঃ (সপ্তর্ষয়ঃ) পূর্ব্বাষাঢ়াং (পূর্ব্বষাঢ়ানক্ষত্রং) যাস্যন্তি, তদা নন্দাৎ প্রভৃতি (নন্দনৃপতিমারভ্য) এষঃ কলিঃ বৃদ্ধিং গমিষ্যতি ॥৩২

যস্মিন্ (সময়ে) কৃষ্ণঃ দিবং (স্বস্থানং মহাবৈকুণ্ঠমিতি শেষঃ) যাতঃ, তদা অহনি তস্মিন্ এব (সময়ে) কলিযুগং প্রতিপন্নম্ (প্রবিষ্টম্) ইতি পুরাবিদঃ (অতীতজ্ঞাঃ) প্রাহুঃ (কথয়ন্তি স্ম) ॥৩৩

সপ্তর্ষিগণের মধ্যে (পুলহ ও ক্রতুনামক) যে দুইজন ঋষিকে রাত্রিকালে গগনমণ্ডলে উদিত হইতে দেখা যায়, সেই দুই ঋষির মধ্যে দক্ষিণ-ভাগে সমদেশে অবস্থিত যে কোন এক নক্ষত্রকে দেখা যায়, সেই নক্ষত্রের সহিত যুক্ত সেই ঋষিগণ মনুষ্যপরিমাণে একশত বৎসর অবস্থান করিয়া থাকেন। হে রাজন্ পরীক্ষিৎ! আপনার সময়ে এখন সেই ব্রাহ্মণ ঋষিগণ মঘানক্ষত্রকে আশ্রয় করিয়া অবস্থিত রহিয়াছেন ।২৭-২৮

সেই সময় (মঘা নক্ষত্রকে আশ্রয় করিয়া সপ্তর্ষি-মণ্ডলের অবস্থান সময়ে) ভগবান্ বিষ্ণুর (পূর্ণা-বতার) শ্রীকৃষ্ণনামক (শুদ্ধসত্ত্বাত্মক দেহ) তেজঃ নিজধামে গমন করিয়াছেন এবং তখনই কলি পৃথিবীতে প্রবেশ করিয়াছে; এই কলির প্রভাবেই জনগণ পাপকার্য্যে রত হইয়া আছে ।২৯

(যদিও শ্রীকৃষ্ণ পৃথিবীতে বর্তমান থাকা কালেই কলি মর্ত্যমণ্ডলে প্রবেশ করিয়াছিল, তথাপি) সেই রমাপতি শ্রীকৃষ্ণ যে পর্য্যন্ত চরণকমলযুগলের দ্বারা পৃথিবীকে স্পর্শ করিয়া বর্তমান ছিলেন, সে পর্য্যন্ত কলি পৃথিবীকে আক্রমণ করিতে সমর্থ হয় নাই ।৩০

যখন হইতে এই সপ্ত দেবর্ষি মঘানক্ষত্রে বিচরণ করিতে আরম্ভ করেন, তখন হইতেই কলিপ্রবৃত্তি (দিব্য পরিমাণে) দ্বাদশশতবৎসর অতীত (হওয়ায় কলিসন্ধ্যা অতিক্রান্ত) হইয়াছে ।৩১

যখন এই সপ্তর্ষিমণ্ডল মঘানক্ষত্র হইতে পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে গমন করিবেন, তখন এই কলি

দিব্যাব্দানাং সহস্রান্তে চতুর্থে তু পুনঃ কৃতম্ ।
ভবিষ্যতি যদা নৃণাং মন আত্মপ্রকাশকম্ ॥৩৪

ইত্যেষ মানবো বংশো যথা সংখ্যায়তে ভুবি ।
তথা বিট্‌শূদ্রবিপ্রাণাং তাস্তা জ্ঞেয়া যুগে যুগে ॥৩৫

এতেষাং নামলিঙ্গানাং পুরুষাণাং মহাত্মনাম্ ।
কথামাত্রাবশিষ্টানাং কীর্ত্তিরেব স্থিতা ভুবি ॥৩৬

দেবাপিঃ শন্তনোর্ভ্রাতা মরুশ্চেক্ষ্বাকুবংশজঃ ।
কলাপগ্রাম আসাতে মহাযোগবলান্বিতৌ ॥৩৭

তাবিহৈত্য কলেরন্তে বাসুদেবানুশিক্ষিতৌ ।
বর্ণাশ্রমযুতং ধর্ম্মং পূর্ব্ববৎ প্রথয়িষ্যতঃ ॥৩৮

কৃতং ত্রেতা দ্বাপরং চ কলিশ্চেতি চতুর্যুগম্ ।
অনেন ক্রমযোগেন ভুবি প্রাণিষু বর্ত্ততে ॥৩৯

দিব্যাব্দানাং (দিব্যবৎসরাণাং) সহস্রান্তে (দিব্য-সহস্রবর্ষাবসানে) চতুর্থে (চতুর্থ-কলিযুগে অতীতে ইত্যর্থঃ) পুনঃ কৃতং সত্যযুগং ভবিষ্যতি, তদা নৃণাং মনঃ আত্মপ্রকাশকং [ভবিষ্যতি] ॥৩৪

ভুবি ইতি এষ মানবো (মনোঃ সম্বন্ধী) বংশঃ (ক্ষত্রিয়াণাং বংশবিস্তারঃ) যথা সংখ্যায়তে (গণনাবিষয়ীভূতঃ ক্রিয়তে), তথা বিট্‌শূদ্রবিপ্রাণাং (ব্রাহ্মণ-বৈশ্য-শূদ্রাণাং) তাঃ তাঃ (পরিগণনাঃ) যুগে যুগে জ্ঞেয়াঃ ॥৩৫

নামলিঙ্গানাং (নাম এব লিঙ্গং জ্ঞাপকং যেষাং তেষাং) কথামাত্রাবশিষ্টানাম্ (কথামাত্রেণৈব অবশিষ্টানাম্) এতেষাং মহাত্মনাং মহাপুরুষাণাং [ক্ষত্রবিট্‌শূদ্রাণাং] ভুবি কীর্ত্তিঃ এব স্থিতা [ন পুত্রাদয়ঃ রাজ্যং বা] ॥৩৬

[সোমবংশজঃ] শান্তনোঃ ভ্রাতা দেবাপিঃ ইক্ষ্বাকুবংশজঃ মরুশ্চ কলাপগ্রামে (তন্নামনগরে) আসাতে (তিষ্ঠতে), [তৌ] বাসুদেবানুশিক্ষিতৌ (শ্রীকৃষ্ণাৎ শিক্ষাং প্রাপ্তবন্তৌ), [অতএব] মহাযোগবলধর্ম্মান্বিতৌ (মহাযোগবলেন ধর্ম্মেণ চ অন্বিতৌ) কলেঃ অন্তে তৌ ইহ এত্য (আগত্য) বর্ণাশ্রমযুতং (বর্ণৈঃ আশ্রমৈশ্চ যুক্তং) ধর্ম্মং পূর্ব্ববৎ (যথা সত্যাদিযুগে তথা) প্রথয়িষ্যতঃ (বিস্তারয়িষ্যতঃ) ॥৩৭-৩৮

কৃতংত্রেতা দ্বাপরং কলিশ্চ ইতি চতুর্যুগম্ অনেন ক্রম-যোগেন (ক্রমাৎ ক্রমং) ভুবি প্রাণিষু বর্ত্ততে (প্রাণিহৃদয়ম্ অধিকৃত্য প্রবর্ত্ততে) ॥৩৯

নন্দরাজ হইতে আরম্ভ করিয়া অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হইবে ।৩২

যেদিন শ্রীকৃষ্ণ নিজধামে গমন করিলেন, সেইদিন তখনই কলিযুগ প্রবৃত্ত হইয়াছে,—ইহা পুরাবিদ্ পণ্ডিতগণ বলিয়া থাকেন ।৩৩

দিব্যপরিমাণে এক সহস্র (কলিসন্ধ্যা ও সন্ধ্যাংশ দুইশত বৎসর গ্রহণ করিলে এক হাজার দুইশত) বৎসরান্তে চতুর্থ (কলি) যুগ অতীত হইলে, যখন জনগণের মন আত্মপ্রকাশক হইবে, তখন পুনরায় সত্যযুগ আরম্ভ হইবে ।৩৪

পৃথিবীতে এই (বৈবস্বত) মনুর বংশ (উত্তম, মধ্যম ও অধম অবস্থাদি) যেরূপ সম্যক্‌রূপে কথিত হইল, প্রতিযুগে বৈশ্য, শূদ্র ও ব্রাহ্মণগণের বংশও সেইরূপ (অবস্থা প্রাপ্ত) হইয়া থাকে বুঝিতে হইবে ।৩৫

কথামাত্রে অবশিষ্ট (পূর্ববর্ণিত) এই সকল নাম ও রূপবিশিষ্ট মহাপুরুষগণের কীর্তিই পৃথিবীতে অবস্থিত রহিয়াছে। (তাঁহাদের পুত্র ও রাজ্যাদি বর্তমানে কিছুরই অস্তিত্ব নাই) ।৩৬

শান্তনুর ভ্রাতা (চন্দ্রবংশীয়) দেবাপি ও ইক্ষ্বাকুবংশজাত (সূর্যবংশীয়) মরু (এই দুইজন) মহাযোগবলে বলীয়ান্ হইয়া এখন কলাপগ্রামে অবস্থান করিতেছেন ।৩৭

কলিযুগের অবসানে (সত্যযুগের প্রারম্ভে) তাঁহারা দুইজন ভগবান্ বাসুদেব কর্তৃক উপদিষ্ট হইলে এই লোকসমাজে আসিয়া পূর্বের ন্যায় বর্ণাশ্রমযুক্ত ধর্ম সংস্থাপন করিবেন ।৩৮

সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারিটি যুগ এইরূপ ক্রমবিধানে পৃথিবীতে প্রাণিগণের উপর প্রবর্তিত হইয়া থাকে ।৩৯

রাজন্নেতে ময়া প্রোক্তা নরদেবাস্তথাপরে।
ভূমৌ মমত্বং কৃত্বান্তে হিত্বেমাং নিধনং গতাঃ ॥৪০

কৃমিবিড়্ভস্মসংজ্ঞান্তে রাজনাম্নোঽপি যস্য চ।
ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ ॥৪১

কথং সেয়মখণ্ডা ভূঃ পূর্বৈর্মে পুরুষৈর্ধৃতা।
মৎপুত্রস্য চ পৌত্রস্য মৎপূর্বা বংশজস্য বা ॥৪২

তেজোঽবন্নময়ং কায়ং গৃহীত্বাত্মতয়াবুধাঃ।
মহীং মমতয়া চোভৌ হিত্বান্তেঽদর্শনং গতাঃ ॥৪৩

যে যে ভূপতয়ো রাজন্ ভুঞ্জতে ভুবমোজসা।
কালেন তে কৃতাঃ সর্বে কথামাত্রাঃ কথাসু চ ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২

হে রাজন্! ময়া প্রোক্তাঃ এতে নরদেবাঃ (নৃপতয়ঃ) তথা অপরে বিপ্র-বৈশ্য-শূদ্রাদয়ঃ (লোকাঃ) ভূমৌ (ভূতলে) মমত্বং কৃত্বা (মমতাং বিস্তার্য্য) অন্তে ইমাং (পৃথিবীং) হিত্বা (পরিত্যজ্য) নিধনং গতাঃ ॥৪০

রাজনাম্নঃ (রাজেতি সংজ্ঞিতস্য) অপি যস্য চ অন্তে (মরণোত্তরকালে) কৃমিবিড়্ভস্মসংজ্ঞা (কৃময়ঃ কীটাঃ বিট্ বিষ্ঠা, ভস্ম ইতি সংজ্ঞা) [যঃ] তৎকৃতে (দেহাদিনিমিত্তায়) [যৎ] ভূতধ্রুক্ (প্রাণিপীড়কঃ) [ভবতি সঃ] কিং স্বার্থং বেদ (জানাতি)? যতঃ (দেহাদেরনুধ্যানাৎ) নিরয়ঃ (নরকাদি) ভবতি ॥৪১

[অয়মপি তস্য চিন্তাবিষয়ঃ] মে (মম) পূর্ব্বপুরুষৈঃ ধৃতা (পালিতা) সা ইয়ম্ অখণ্ডা ভূঃ মৎপূর্ব্বা (অহমেব পূর্ব্বঃ রক্ষিতা যস্যাঃ সা) কথং মৎপুত্রস্য পৌত্রস্য চ বংশজস্য বা [ভবেৎ?] ॥৪২

তে অবুধাঃ (অবিবেকিনঃ) মমতয়া তেজোঽবন্নময়ং (তেজঃ, অপ্, জলম্, অন্নং তন্ময়ং) কায়ং (শরীরং) মহীং [চ] আত্মতয়া (মমত্ববুদ্ধ্যা) গৃহীত্বা [অন্তে] উভৌ (দেহরাজ্যে) হিত্বা অদর্শনং (মৃত্যুং) গতাঃ ॥৪৩

[হে] রাজন্! যে যে ভূপতয়ঃ ওজসা (বলেন) ভুবং ভুঞ্জতে (ভোগং কুর্ব্বন্তি), তে সর্ব্বে কালেন (কালবশাৎ) কথাসু চ কথামাত্রা (কথা এব মাত্রাঃ পরিণতয়ঃ যেষাং তে তথা) কৃতাঃ (পর্য্যবসিতাঃ বভূবুঃ) ॥৪৪

দ্বাদশস্কন্ধে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

হে মহারাজ পরীক্ষিৎ! আমার বর্ণিত এই সকল রাজা এবং অন্যান্য জন (ব্রাহ্মণ, বৈশ্য ও শূদ্র)-গণও পৃথিবীতে মমতা স্থাপন করিয়া অবসানে এই পৃথিবী পরিত্যাগ পূর্ব্বক নিধন প্রাপ্ত হইয়াছেন।৪০

"রাজা" এই নাম ধারণ করিলেও পরিণামে যে দেহের নাম কৃমি, বিষ্ঠা ও ভস্মই হইয়া থাকে, সেই দেহের জন্য যে (ব্যক্তি) প্রাণিহিংসা করে, সে (ব্যক্তি) কি স্বার্থ (কাহাকে বলে) জানিতে পারে? (বস্তুতঃ প্রাণিহিংসায় স্বার্থ সিদ্ধি হয় না) যেহেতু প্রাণিহিংসার ফলে নরকই হইয়া থাকে।৪১

আমার পূর্বপুরুষগণের অধিকারে অবস্থিতা এই অখণ্ডা পৃথিবী আমার অধিকারে থাকার পর পুত্র-পৌত্রাদি ক্রমে আমার বংশধরগণের অধিকারে কি প্রকারে থাকিবে (পৃথিবীর প্রতি এইরূপ মমতা স্থাপন করিয়াও পূর্ব পূর্ব নৃপতিগণ নিধন প্রাপ্ত হইয়াছেন)।৪২

এই বিজ্ঞ (ভূপতি)-গণও তেজ, জল ও অন্ন (পৃথিবী) ময় শরীরকে আত্মরূপে এবং পৃথিবীকে নিজস্ব বলিয়া বুঝিয়া জীবনাবসানে (দেহ ও পৃথিবী) উভয়ই পরিত্যাগ পূর্বক বিলীন হইয়া গিয়াছেন।৪৩

হে রাজন্ পরীক্ষিৎ! যে সকল ভূপতি পরাক্রমের দ্বারা পৃথিবী ভোগ করিয়াছিলেন, তাঁহারা সকলেই কাল কর্তৃক প্রাসঙ্গিক আলোচনার কথামাত্রে পর্য্যবসিত হইয়াছেন। (অতএব অনিত্য দেহগেহাদির প্রতি আসক্তি পরিহার করিয়া আত্যন্তিক দুঃখাবসানের জন্য ভগবান্ শ্রীকৃষ্ণের উপাসনাই অনুষ্ঠেয়।)।৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দ্বাদশ-স্কন্ধে
শ্রীযাদবেন্দ্রনাথন্যায়তীর্থ-কৃত দ্বিতীয়
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ।

[পৃথিব্যা হাস্যোক্তিঃ, যুগধর্মঃ, কালদোষশ্চেতি কথনম্, কালদোষনিবৃত্তেরুপায়বর্ণনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

দৃষ্ট্বাত্মনি জয়ে ব্যগ্রান্ নৃপান্ হসতি ভূরিয়ম্।
অহো মা বিজিগীষন্তি মৃত্যোঃ ক্রীড়নকা নৃপাঃ ॥১

কাম এষ নরেন্দ্রাণাং মোঘঃ স্যাদ্ বিদুষামপি।
যেন ফেনোপমে পিণ্ডে যেঽতিবিশ্রম্ভিতা নৃপাঃ ॥২

পূর্বং নির্জিত্য ষড়্বর্গং জেষ্যামো রাজমন্ত্রিণঃ।
ততঃ সচিবপৌরাপ্তকরীন্দ্রানস্য কণ্টকান্ ॥৩

এবং ক্রমেণ জেষ্যামঃ পৃথ্বীং সাগরমেখলাম্।
ইত্যাশাবদ্ধহৃদয়া ন পশ্যন্ত্যন্তিকেঽন্তকম্ ॥৪

সমুদ্রাবরণাং জিত্বা মাং বিশন্ত্যব্ধিমোজসা।
কিয়দাত্মজয়স্যৈতন্মুক্তিরাত্মজয়ে ফলম্ ॥৫

যাং বিসৃজ্যৈব মনবস্তৎসুতাশ্চ কুরূদ্বহ।
গতা যথাগতং যুদ্ধে তাং মাং জেষ্যন্ত্যবুদ্ধয়ঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুক উবাচ—ইয়ং ভূঃ জয়ব্যগ্রান্ (পৃথিবীজয়ে উদযুক্তান্) নৃপান্ দৃষ্ট্বা আত্মনি হসতি—অহো। (আশ্চর্য-মেতৎ) মৃত্যোঃ ক্রীড়নকাঃ (যমস্য ক্রীড়াপুত্তলিকাঃ) নৃপাঃ মা (মাং) বিজিগীষন্তি (জেতুমিচ্ছন্তি) ॥১

যে নৃপাঃ অতিবিশ্রম্ভিতাঃ (দেহে বিশ্বস্তাঃ) [তেষাং] ফেনোপমে (ফেনতুল্যে ক্ষণভঙ্গুরে ইত্যর্থঃ) পিণ্ডে (দেহে) নরেন্দ্রাণাং (নৃপাণাং) যেন (যতঃ) এষ কামঃ (অভিলাষঃ) [নরেন্দ্রাণাং কা কথা] বিদুষাং (পণ্ডিতানাম্ অপি) মোঘঃ (ব্যর্থঃ) স্যাৎ ॥২

পূর্বং (প্রাক্) ষড়্বর্গং (ইন্দ্রিয়ষড়্বর্গং) নির্জিত্য (সঞ্চিতবলো ভূত্বা ইতি ভাবঃ) [পশ্চাৎ] রাজমন্ত্রিণঃ [বশীকরিষ্যামঃ], ততঃ সচিবপৌরাপ্তকরীন্দ্রান্ (সচিবাঃ অমাত্যাঃ, পৌরাঃ, আপ্তাঃ বন্ধবঃ, করীন্দ্রাঃ হস্তিরক্ষকাঃ তান্) [জেষ্যামঃ], অথ (অনন্তরং) কণ্টকান্ (প্রতিপক্ষান্) অস্য অপাস্য (দূরীকৃত্বেতি ভাবঃ) [জেষ্যাম ইত্যন্বয়ঃ] এবং ক্রমেণ সাগরমেখলাং (সমুদ্রবেষ্টিতাং) পৃথ্বীং জেষ্যামঃ ইত্যাশাবদ্ধহৃদয়াঃ (এবম্ভূতাশয়া আবদ্ধচিত্তাঃ) অন্তিকে (সমীপে) অন্তকং (যমং) ন পশ্যন্তি ॥৩-৪

[কেচন নৃপাঃ] সমুদ্রাবরণাং (সাগরাবৃতাং) মাম্ (পৃথিবীং) ওজসা (বলেন) জিত্বা [অতিতৃষ্ণয়া রত্নাদ্যাহরণার্থং] অব্ধিং (সাগরং) বিশন্তি (প্রবিশন্তি)—এতৎ আত্মজয়স্য (ইন্দ্রিয়স্য) কিয়ৎ, আত্মজয়ে মুক্তিঃ [এব] ফলম্ ॥৫

তৃতীয় অধ্যায়।

[পৃথিবীর হাস্যোক্তি, যুগধর্ম, কালদোষ ও কালদোষ নিবৃত্তির উপায় বর্ণন]

শ্রীশুকদেব বলিয়াছিলেন—(মহারাজ পরীক্ষিৎ।) নৃপতিগণকে পৃথিবী (আত্মা) জয়ে ব্যাকুল দেখিয়া পৃথিবী (এই বলিয়া) হাসিতে থাকেন—হায়। (আশ্চর্য্য) যমের খেলার পুতুল রাজারা আমাকে জয় করিতে চায়।১

যে কামনা ফেনার ন্যায় (অনিত্য) দেহপিণ্ডে রাজগণের অতিশয় বিশ্বাস উৎপাদন করিয়া থাকে, জ্ঞানী হইলেও সেইসব রাজার সেই কামনা বিফল হইয়া যায়।২

প্রথমে আমরা ষড়্বর্গ (চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক্, জিহ্বা ও মনঃ) কে জয় করিয়া (যেহেতু "নাচানির্জিতষড়্বর্গো রাজা বৈ রাজ্যমর্হতি," ষড়্বর্গকে জয় না করিলে রাজা রাজ্য-শাসনের যোগ্য হন না।) তারপর (ক্রমে ক্রমে এই পৃথিবী) জয়ের কণ্টক (বাধা) স্বরূপ প্রতিপক্ষ নৃপতি, মন্ত্রী, অমাত্য, পুরবাসী, (রাজহিতৈষী,) ধনী বিশ্বস্তগণ ও হস্তি-পালকগণকে (মাহুত) জয় করিব এবং এই ক্রমে সাগরপরিবেষ্টিতা পৃথিবীকে জয় করিব। এই প্রকার আশা (রূপ বন্ধনরজ্জু) পাশে আবদ্ধহৃদয় নৃপতিগণ সমীপবর্তী যমকে দেখিতে পান না।৩-৪

কোন কোন রাজা সমুদ্র পরিবেষ্টিতা আমাকে জয় করিয়াও (সন্তুষ্ট না হইয়া) পরাক্রমের দ্বারা সমুদ্রে (সমুদ্রমধ্যবর্তী দ্বীপে) প্রবেশ করেন। কিন্তু এই পৃথিবী প্রভৃতি আত্মজয় (ষড়িন্দ্রিয়)

মৎকৃতে পিতৃ-পুত্রাণাং ভ্রাতৄণাং চাপি বিগ্রহঃ।
জায়তে হ্যসতাং রাজ্যে মমতাবদ্ধচেতসাম্ ॥৭
মমৈবেয়ং মহী কৃৎস্না ন তে মূঢ়েতি বাদিনঃ।
স্পর্ধমানা মিথো ঘ্নন্তি ম্রিয়ন্তে মৎকৃতে নৃপাঃ ॥৮
পৃথুঃ পুরূরবা গাধির্নহুষো ভরতোঽর্জ্জুনঃ।
মান্ধাতা সগরো রামঃ খট্বাঙ্গো ধুন্ধুহা রঘুঃ ॥৯
তৃণবিন্দুর্যযাতিশ্চ শর্যাতিঃ শন্তনুর্গয়ঃ।
ভগীরথঃ কুবলয়াশ্বঃ ককুৎস্থো নৈষধো নৃগঃ ॥১০

হিরণ্যকশিপুর্বৃত্রো রাবণো লোকরাবণঃ।
নমুচিঃ শম্বরো ভৌমো হিরণ্যাক্ষোঽথ তারকঃ ॥১১

অন্যে চ বহবো দৈত্যা রাজানো যে মহেশ্বরাঃ।
সর্বে সর্ববিদঃ শূরাঃ সর্বে সর্বজিতোঽজিতাঃ ॥১২

মমতাং ময্যবর্তন্ত কৃত্বোচ্চৈর্মর্ত্যধর্মিণঃ।
কথাবশেষাঃ কালেন হ্যকৃতার্থাঃ কৃতা বিভো ॥১৩

[হে] কুরূদ্বহ (কুরুবংশধর)। মনবঃ (আদিরাজানঃ) তৎসুতাশ্চ (তেষাং পুত্রাদয়ঃ) [যুদ্ধে জয়াশাং পরিত্যজ্য] যাং বিসৃজ্য যথাগতম্ (যথাজ্ঞানং) (স্বস্বজ্ঞানমনতিক্রম্য) [বিরক্তা ভূত্বা বনং গতাঃ], অবুদ্ধয়ঃ (মূঢ়াঃ) তাং (তাদৃশীং) মাং জেষ্যন্তি (জেতুমিচ্ছন্তি) ॥৬

মৎকৃতে (মদর্থং) রাজ্যে মমতাবদ্ধচেতসাম্ (মমতয়া আবদ্ধহৃদয়ানাম্) অসতাং (লোকানাং) পিতৃপুত্রাণাং (পিত্রা সহ পুত্রাণাং) ভ্রাতৄণাম্ অপি [পরস্পরং] বিগ্রহঃ (যুদ্ধং) জায়তে—"ইয়ং কৃৎস্না মহী মম এব হে মূঢ়। ন তে (তব)" ইতি বাদিনঃ স্পর্দ্ধমানাঃ নৃপাঃ মৎকৃতে মদর্থং মিথঃ পরস্পরং ঘ্নন্তি ম্রিয়ন্তে চ ॥৭-৮

পৃথুঃ, পুরূরবাঃ, গাধিঃ (বিশ্বামিত্রঃ), নহুষঃ, ভরতঃ, অর্জ্জুনঃ (কার্ত্তবীর্য্যার্জ্জুনঃ), মান্ধাতা সগরঃ, রামঃ (তন্নাম্না খ্যাতঃ, ন তু দাশরথিঃ), খট্বাঙ্গঃ, ধুন্ধুহা (ধুন্ধুনামাসুরঘাতী ধুন্ধুমার ইত্যর্থঃ), রঘুঃ, তৃণবিন্দুঃ, যযাতিঃ, শর্য্যাতিঃ, শন্তনুঃ, গয়ঃ, ভগীরথঃ, কুবলয়াশ্বঃ, ককুৎস্থঃ, নৈষধঃ, নৃগঃ, হিরণ্যকশিপুঃ, বৃত্রঃ লোকরাবণঃ (লোকভয়ঙ্করঃ) রাবণঃ (দশাননঃ), নমুচিঃ, শম্বরঃ, ভৌমঃ, হিরণ্যাক্ষঃ, তারকঃ অথ অন্যে চ বহবঃ দৈত্যাঃ রাজানঃ যে মম ঈশ্বরাঃ (নাথাঃ) সর্ব্বে সর্ব্ববিদঃ (সর্ব্বজ্ঞাঃ) শূরাঃ, সর্ব্বে সর্ব্বজিতাঃ [অপি] অজিতাঃ [আসন্] বিভো (হে পরীক্ষিৎ।) [এতে] মর্ত্ত্যধর্ম্মিণঃ (মানুষাঃ) ময়ি উচ্চৈঃ কৃত্বা অবর্ত্তন্ত, [কিন্তু] ময়া [তে] অকৃতার্থাঃ কথাবশেষাঃ (কথামাত্রেণ অবশেষঃ যেষ্যাং তে তথাভূতাঃ) কৃতাঃ ॥৯-১৩

জয়ের তুলনায় কতটুকু (তুচ্ছ?) আত্মজয়ের ফল মুক্তি।৫

হে কুরুবংশধর (এ স্থলে এই সম্বোধনের দ্বারা মহারাজ যুধিষ্ঠিরের প্রতি ভূমিদেবী কর্তৃক ভূমিগীত উপদিষ্ট হইতেছে বুঝিতে হইবে) মহারাজ পরীক্ষিৎ। (শ্রীশুকদেব পৃথিবীর উক্তিই বর্ণন করিতেছেন) মনুগণ ও মনুর পুত্রগণ আমাকে পরিত্যাগ করিয়াই যেমন (একাকী) আসিয়াছিলেন, তেমন (এককই) চলিয়া গিয়াছেন। বুদ্ধিশূন্য রাজগণ (তথাপি) আমাকে যুদ্ধে জয় করিতে ইচ্ছা করিয়া থাকে।৬

আমাকে লাভ করিবার জন্য রাজ্যের প্রতি মমতাবদ্ধচিত্ত অসাধু পিতা, পুত্র ও ভ্রাতৃগণের মধ্যেও যুদ্ধ হইয়া থাকে।৭

"হে মূর্খ। এই সম্পূর্ণা ভূমি আমারই, তোমার নহে"—এইরূপ বলিয়া নৃপতিগণ আমাকে লাভ করিবার জন্যই স্পর্দ্ধাপূর্ব্বক পরস্পরকে হত্যা করিয়া থাকে ও নিজেরাও নিহত হয়।৮

পৃথু, পুরূরবা, গাধি, নহুষ, ভরত, কার্ত্তবীর্য্যার্জ্জুন, মান্ধাতা, সগর, রাম, খট্বাঙ্গ, ধুন্ধুমার, রঘু, তৃণবিন্দু, যযাতি, শর্য্যাতি, শন্তনু, গয়, ভগীরথ, কুবলয়াশ্ব, ককুৎস্থ, নৈষধ, নৃগ, হিরণ্যকশিপু; বৃত্র, লোকপীড়নকারী রাবণ; নমুচি, শম্বর, ভৌম্য নরক, হিরণাক্ষ ও তারক এবং অন্যান্য যে সকল আমার অধিপতি দৈত্যগণ ও রাজগণ আমাতে অত্যন্ত মমতা

কথা ইমাস্তে কথিতা মহীয়সাং
বিতায় লোকেষু যশঃ পরেয়ুষাম্।
বিজ্ঞান-বৈরাগ্যবিবক্ষয়া বিভো
বচো বিভূতীর্ন তু পারমার্থ্যম্ ॥১৪

যস্তূত্তমঃশ্লোকগুণানুবাদঃ
সংগীয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ।
তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং
কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥১৫

[হে] বিভো। (পরীক্ষিৎ।) পরেয়ুষাং (পরলোকগতানাং) মহীয়সাং লোকেষু যশঃ বিতায় (বিস্তীর্য্য) ইমাঃ [যাঃ] কথাঃ তে (তব সন্নিধৌ) বিজ্ঞানবৈরাগ্যবিবক্ষয়া (বিজ্ঞানং বিষয়াণামনিত্যতাজ্ঞানং, বৈরাগ্যং বিবেকিতা, তয়োঃ বিবক্ষয়া বক্তুমিচ্ছয়া) [প্রকাশীকৃতাঃ এতা যাঃ] বচোবিভূতীঃ (তাঃ বাগ্বিলাসমাত্রাঃ) [জানীহি], তু (কিন্তু) পারমার্থ্যং (পরমার্থযুক্তং) ন ॥১৪

অভীক্ষ্ণং (নিঃশেষেণ) অমঙ্গলঘ্নঃ (দুরিতাপহারী) যঃ উত্তমঃশ্লোকগুণানুবাদঃ (ভগবৎকথাকীর্ত্তনং) প্রস্তূয়তে (কথ্যতে), কৃষ্ণে অমলাং ভক্তিম্ অভীপ্সমানঃ (অভীষ্টতয়া মন্যমানঃ জনঃ) তম্ এব (কৃষ্ণগুণানুবাদমাত্রম্) অভীক্ষ্ণং (নিত্যশঃ) শৃণুয়াৎ ॥১৫

বুদ্ধি স্থাপন করিয়া বর্ত্তমান ছিলেন এবং যাঁহারা সকলেই সর্ব্বজ্ঞ, বীর, সর্ব্বজয়ী ও (অপর কর্ত্তৃক) অজিত ছিলেন, হে বিভো। মরণশীল তাঁহারা সকলেই অকৃতার্থ হইয়া কাল কর্ত্তৃক কথামাত্রে অবশিষ্ট রহিয়াছেন।৯-১৩

হে (রাজ্যাদি-বিষয়-বাসনা পরিত্যাগ সমর্থ।) বিভো! বিজ্ঞান (বিবিধ বিষয়ের অনিত্যতাজ্ঞান) ও (বিষয়) বৈরাগ্য উপদেশ দানের অভিলাষে পৃথিবীতে কীর্ত্তিবিস্তার পূর্ব্বক পরলোকগত সেই মহাপ্রভাবশালী রাজগণের চরিত্রকাহিনী আপনার নিকট বর্ণন করিলাম। (এই সকল চরিত্রগাথা মহামুনি ব্যাসাদির) বাক্যের ঐশ্বর্য্যস্বরূপ। এই সকল চরিতকথার (বৈরাগ্যসাধনতা থাকিলেও) মুক্তি-দায়ক ভক্তিসাধনরূপ পরমার্থতা নাই।১৪

রাজোবাচ।
কেনোপায়েন ভগবন্ কলের্দোষান্ কলৌ জনাঃ।
বিধমিষ্যন্ত্যুপচিতাংস্তন্মে ব্রূহি যথা মুনে ॥১৬
যুগানি যুগধর্মাশ্চ মানং প্রলয়-কল্পয়োঃ।
কালস্যেশ্বররূপস্য গতিং বিষ্ণোর্মহাত্মনঃ ॥১৭

শ্রীশুক উবাচ।
কৃতে প্রবর্ত্ততে ধর্মশ্চতুষ্পাত্তজ্জনৈর্ধৃতঃ।
সত্যং দয়া তপো দানমিতি পাদা বিভোর্নৃপ ॥১৮

রাজা (পরীক্ষিৎ) উবাচ,—[হে] মুনে। জনাঃ কলৌ উপচিতান্ (সঞ্চিতান্) কলেঃ দোষান্ কেন উপায়েন বিধমিষ্যন্তি (নাশয়িষ্যন্তি)? তৎ মে ব্রূহি; [এবং] যথা যুগানি যুগধর্ম্মান্ প্রলয়কল্পয়োঃ (সংহারস্থিতিকালয়োঃ) মানম্ (পরিমাণম্) ঈশ্বররূপস্য কালস্য মহাত্মনঃ বিষ্ণোঃ গতিম্ [মে ব্রূহীত্যন্বয়ঃ] ॥১৬-১৭

ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি নির্মল ভক্তিভাব লাভের অভিলাষী ব্যক্তি বেদ ও মুনিগণ কর্ত্তৃক সম্যক্‌ভাবে পরিগীত (কীর্ত্তিত) উত্তমঃশ্লোক (পবিত্রকীর্ত্তি) শ্রীকৃষ্ণের সেই সকল উত্তম ও অমঙ্গলবিনাশক গুণগাথা প্রত্যহ নিরন্তর শ্রবণ করিবেন।১৫

শ্রীমন্মহারাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন,—হে ভগবন্ মুনিপ্রবর! কলিকালের জনগণ কি উপায়ে বৃদ্ধিপ্রাপ্ত কলিকালের দোষ (পাপ)-রাশি বিদূরিত করিতে পারিবে—সেই সকল বিবরণ এবং সুযোগসকল, যুগধর্ম্মসকল, প্রলয় (বিনাশ) ও কল্প (স্থিতি), কালের পরিমাণ, মহানুভব শ্রীকৃষ্ণ ঈশ্বররূপী কালের গতি আপনি আমার নিকট যথাযথভাবে বর্ণন করুন।১৬-১৭

সন্তুষ্টাঃ করুণা মৈত্রাঃ শান্তা দান্তাস্তিতিক্ষবঃ।
আত্মারামাঃ সমদৃশঃ প্রায়শঃ শ্রমণা জনাঃ ॥১৯

ত্রেতায়াং ধর্মপাদানাং তুর্যাংশো হীয়তে শনৈঃ।
অধর্মপাদৈরনৃত-হিংসা-সন্তোষ-বিগ্রহৈঃ ॥২০

তদা ক্রিয়া-তপোনিষ্ঠা নাতিহিংস্রা ন লম্পটাঃ।
ত্রৈবর্গিকাস্ত্রয়ীবৃদ্ধা বর্ণা ব্রহ্মোত্তরা নৃপ ॥২১

তপঃ-সত্য-দয়া-দানেষর্দ্ধং হ্রসতি দ্বাপরে।
হিংসাতুষ্ট্যনৃত-দ্বেষৈর্ধর্মস্যাধর্মলক্ষণৈঃ ॥২২

যশস্বিনো মহাশীলাঃ স্বাধ্যায়াধ্যয়নে রতাঃ।
আঢ্যাঃ কুটুম্বিনো হৃষ্টা বর্ণাঃ ক্ষত্রদ্বিজোত্তরাঃ ॥২৩

কলৌ তু ধর্মহেতূনাং তুর্য্যাংশোঽধর্মহেতুভিঃ।
এধমানৈঃ ক্ষীয়মাণো হ্যন্তে সোঽপি বিনঙ্ক্ষ্যতি ॥২৪

শ্রীশুকঃ উবাচ,—তজ্জনৈঃ (তৎকালীন-জনৈঃ) ধৃতঃ (ব্যবহৃতঃ) ধর্ম্মঃ কৃতে (সত্যযুগে) চতুষ্পাৎ (চতুষ্পদযুক্তঃ) প্রবর্ত্ততে; হে নৃপ! সত্যং দয়া তপঃ দানম্ [ইতি] বিভোঃ (ধর্ম্মস্য) [চত্বারঃ] পাদাঃ, [তত্র] প্রায়শঃ করুণাঃ (দয়াবন্তঃ), মৈত্রাঃ (মিত্রভাবাপন্নাঃ), শান্তাঃ (অন্তরিন্দ্রিয়-সংযতাঃ), দান্তাঃ (বহিরিন্দ্রিয়নিগ্রহিতারঃ), তিতিক্ষবঃ (ক্ষমাশীলাঃ) আত্মারামাঃ (আত্মনি রমন্তে যে তে), সমদৃশঃ (সর্ব্বত্র তুল্যদর্শিনঃ) শ্রমণাঃ আত্মাভ্যাসবন্তঃ [ভবন্তি] ॥১৮-১৯

ত্রেতায়াং [অনৃতেন সত্যং, হিংসয়া দয়া, অসন্তোষেণ তপঃ, বিগ্রহেণ শৌচম্ এবংরূপৈঃ] অনৃতহিংসাসন্তোষ-বিগ্রহৈঃ (অনৃতং মিথ্যা, হিংসা, অসন্তোষঃ, বিগ্রহঃ কলহঃ তৈঃ) অধর্মপাদৈঃ ধর্মপাদানাং (সত্যাদীনাং) তুর্য্যাংশঃ (চতুর্থভাগৈকভাগঃ) শনৈঃ হীয়তে (হ্রসতি) ॥২০

তদা [লোকাঃ] ক্রিয়াতপোনিষ্ঠাঃ (ক্রিয়ায়াং তপসি চ নিষ্ঠিতাঃ), নাতিহিংসাঃ (প্রায়েণ হিংসাশূন্যাঃ), ন লম্পটাঃ (স্ত্রীষু ন অত্যাসক্তাঃ), ত্রৈবর্গিকাঃ (ধর্মঃ, কামঃ, অর্থঃ এতে ত্রিবর্গাঃ, এতেষু বিশেষনিষ্ঠাবন্তঃ), ত্রয়ীবৃদ্ধাঃ (ত্রয়ী বেদাঃ, তেষু বৃদ্ধাঃ পরিপক্বজ্ঞানশালিন ইত্যর্থঃ) [এবং] হে নৃপ! বর্ণাঃ ব্রহ্মোত্তরাঃ (ব্রাহ্মণাধিক্যসম্পন্নাঃ) [ভবন্তি] ॥২১

দ্বাপরে হিংসাতুষ্ট্যনৃতদ্বেষৈঃ (হিংসা, অতুষ্টিঃ অসন্তোষঃ, অনৃতং, দ্বেষঃ তৈঃ অধর্ম্মলক্ষণৈঃ) ধর্মস্য তপঃ-সত্য-দয়াদানেষু (তপঃ, সত্যং, দয়া, দানং তেষু), অর্দ্ধং হ্রসতি ॥২২

[দ্বাপরে লোকাঃ] যশস্বিনঃ (প্রশংসাপ্রিয়াঃ), মহাশীলাঃ (উচ্চস্বভাবশীলাঃ), স্বাধ্যায়াধ্যয়নে (বেদাধ্যয়নে রতাঃ) [সর্ব্বে] আঢ্যাঃ (ধনিনঃ), কুটুম্বিনঃ (বহুবান্ধবাঃ), হৃষ্টাঃ [এবং] বর্ণাঃ ক্ষত্রদ্বিজোত্তরাঃ (ক্ষত্রিয়বৈশ্যবহুলাঃ) [ভবন্তি] ॥২৩

কলৌ এধমানৈঃ বৃদ্ধিং গতৈঃ অধর্ম্মহেতুভিঃ (পাপ-কারণৈঃ) ধর্ম্মপাদানাং [যঃ ক্ষীয়মাণঃ] তুর্য্যাংশঃ (চতুর্থ-ভাগঃ) [অবশিষ্যতে], তু (কিন্তু) সঃ অপি অন্তে (অন্তিম-কলৌ) বিনঙ্ক্ষ্যতি (সমূলং নশ্যতি) ॥২৪

শ্রীশুকদেব বলিলেন—হে নৃপ (পরীক্ষিৎ)! সত্য-যুগে সেই যুগের জনগণ কর্ত্তৃক বিধৃত পরিপূর্ণ ধর্ম্মের সত্য, দয়া, তপস্যা ও দানরূপ চতুষ্পাদ (বিশিষ্ট) ধর্ম্ম প্রবর্ত্তিত হইয়া থাকে। সেই (সত্য) যুগে প্রায় সকল ব্যক্তিই সন্তুষ্ট, দয়াশীল, মিত্র-ভাবাপন্ন, শান্ত (ইন্দ্রিয়দমনপরায়ণ), দান্ত, সহিষ্ণু আত্মারাম, আত্মতৃপ্ত, সমদর্শী ও তত্ত্বজ্ঞান অর্জনে শ্রমশীল হইয়া থাকেন।১৮-১৯

ত্রেতাযুগে মিথ্যা, হিংসা, অসন্তোষ ও কলহরূপ অধর্ম্মের পাদচতুষ্টয় দ্বারা যথাক্রমে (উক্ত সত্য, দয়া, তপস্যা ও দানরূপ) চতুষ্পাদ ধর্ম্মের প্রত্যেকের এক-চতুর্থাংশ হ্রাস পাইতে থাকে। হে মহারাজ! তখন জনগণ (যজ্ঞাদি) কর্ম্মনিষ্ঠ ও তপস্যানিষ্ঠ হন, অতিহিংস্র ও অতিশয় ধূর্ত (বিষয়লোভী) হন না এবং ধর্ম্মাদি (ধর্ম্ম, অর্থ, কামরূপ) ত্রিবর্গপরায়ণ, (ঋক্, সাম ও যজুঃ রূপ) বেদবিদ্যায় নিপুণ ও ব্রাহ্মণপ্রধান • অর্থাৎ ব্রাহ্মণকেই প্রধান জানিয়া তদুপদেশে সংসারযাত্রাদি নির্ব্বাহশীল অথবা ব্রাহ্মণের সংখ্যাধিক্য ঘটিয়া থাকে।২০-২১

দ্বাপর-যুগে অধর্ম্মের চিহ্ন হিংসা, অসন্তোষ, মিথ্যা ও কলহের দ্বারা ধর্ম্মের তপস্যা, সত্য, দয়া ও দান এই চতুষ্পাদের প্রত্যেকের অর্দ্ধেক হ্রাসপ্রাপ্ত হইয়া থাকে। তখন বর্ণ (জাতি)-সমূহ যশস্কামী, সাধুচরিত্র, স্বাধ্যায় (বেদাদিশাস্ত্রাধ্যয়নে) প্রবৃত্ত,

তস্মিঁল্লুব্ধা দুরাচারা নির্দয়াঃ শুষ্কবৈরিণঃ।
দুর্ভগা ভূরিতর্ষাশ্চ শূদ্রদাশোত্তরাঃ প্রজাঃ ॥২৫
সত্ত্বং রজস্তম ইতি দৃশ্যন্তে পুরুষে গুণাঃ।
কালসঞ্চোদিতাস্তে বৈ পরিবর্তন্ত আত্মনি ॥২৬
প্রভবন্তি যদা সত্ত্বে মনো বুদ্ধীন্দ্রিয়াণি চ।
তদা কৃতযুগং বিদ্যাজ্‌জ্ঞানে তপসি যদ্ রুচিঃ ॥২৭

তস্মিন্ (কলৌ) প্রজাঃ [লোকাঃ] লুব্ধাঃ, দুরাচারাঃ, নির্দয়াঃ, শুষ্কবৈরিণঃ (নিরর্থক-কলহ-কারিণঃ), দুর্ভগাঃ, ভূরিতর্ষাঃ (সাতিশয়-কামাসক্তাঃ), শূদ্রদাশোত্তরাঃ (শূদ্রকৈবর্ত্তপ্রধানাঃ) [ভবিষ্যন্তি] ॥২৫

সত্ত্বং রজঃ তমঃ ইতি গুণাঃ [স্বভাবতঃ সর্ব্বস্মিন্] পুরুষে দৃশ্যন্তে, তে বৈ (কিন্তু) কালসঞ্চোদিতাঃ (কলিপ্রভাবপ্রেরিতাঃ সন্তঃ) আত্মনি পরিবর্ত্তন্তে ॥২৬

যদা সত্ত্বে মনঃ বুদ্ধীন্দ্রিয়াণি চ (বুদ্ধিঃ ইন্দ্রিয়াণি) প্রভবন্তি (প্রতিতিষ্ঠন্তি), যৎ (যস্মিন্) জ্ঞানে তপসি চ অভিরুচিঃ, তদা কৃতযুগং (সত্যযুগং) বিদ্যাৎ (জানীহি) ॥২৭

আঢ্য (বিদ্যা ও বিত্তে ধনী) কুটুম্বাদিবপগরিজনবিশিষ্ট, হৃষ্টচিত্ত, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়প্রধান (উভয়ের প্রাধান্য) হইয়া থাকেন।২২-২৩

কিন্তু কলিযুগে ধর্ম্মের (তপঃ, সত্য, দয়া, দানরূপ) পাদচতুষ্টয়ের (অবশিষ্ট) একচতুর্থাংশও (ক্রমশঃ) বৃদ্ধিপ্রাপ্ত (মিথ্যা, হিংসা, অসন্তোষ ও কলহরূপ) অধর্মের পাদচতুষ্টয়ের দ্বারা ক্ষয়প্রাপ্ত হইতে হইতে অবশেষে বিনষ্ট হইবে। সেই (কলি) কালে জনগণ লোভী, দুরাচার, নির্দ্দয়, অকারণশত্রুভাবাপন্ন, হতভাগ্য, অতিশয় বিষয়লোভী এবং শূদ্র ও কৈবর্ত্তপ্রধান (সংখ্যাধিক্য ও প্রাধান্য) হইবে।২৪-২৫

পুরুষের (জনগণের) মধ্যে সত্ত্ব রজঃ ও তমঃ এই (তিনটি) গুণ দেখা যায়; আর সেই (গুণত্রয়) গুলি কালকর্ত্তৃক প্রেরিত হইয়া (জীবের) আত্মায় (মনে) পরিবর্তন লাভ করে।২৬

যদা ধর্মার্থকামেষু ভক্তির্ভবতি দেহিনাম্।
তদা ত্রেতারজোবৃত্তিরিতি জানীহি বুদ্ধিমন্ ॥২৮
যদা লোভস্ত্বসন্তোষো মানো দম্ভোঽথ মৎসরঃ।
কর্মণাং চাপি কাম্যানাং দ্বাপরং তদ্ রজস্তমঃ ॥২৯
যদা মায়ানৃতং তন্দ্রা নিদ্রা হিংসা বিষাদনম্।
শোকো মোহো ভয়ং দৈন্যং স কলিস্তামসঃ স্মৃতঃ ॥৩০

[হে বুদ্ধিমন্।] যদা দেহিনাং কাম্যেষু কর্মসু যশাস [চ] ভক্তিঃ (আসক্তিঃ), তদা রজোবৃত্তিঃ (রজঃপ্রধানা) ত্রেতা ইতি জানীহি ॥২৮

যদা [লোকাঃ] লোভঃ, অসন্তোষঃ, মানঃ, দম্ভঃ অথ (এবং) (মৎসরঃ) মাৎসর্য্যঃ [এভিঃ যুক্তাঃ ভবিষ্যন্তি], [লোকানাং] কাম্যানাম্ অপি কর্ম্মণাং [প্রীতিশ্চ ভবিষ্যতি], তৎ রজস্তমঃ (রজস্তমঃপ্রধানং) দ্বাপরং [জানীহি] ॥২৯

যদা [লোকাঃ] মায়া, অনৃতং, তন্দ্রা, নিদ্রা, হিংসা, বিষাদনং (দুঃখং), শোকঃ, মোহঃ, ভয়ং, দৈন্যং (এভিঃ যুক্তাঃ ভবিষ্যন্তি তদা) তামসঃ (তমোময়ঃ) কলিঃ স্মৃতঃ ॥৩০

(জনগণের) মন, বুদ্ধি ও ইন্দ্রিয়সকল যখন সত্ত্বগুণে প্রবর্তিত হয়, তখন সত্যযুগ বলিয়া জানিবেন—যেহেতু তখন জ্ঞান ও তপস্যার প্রতি রুচি জন্মিয়া থাকে।২৭

হে বুদ্ধিমন্ মহারাজ! যখন দেহধারী জনগণের কাম্য কর্মসমূহে ও যশে অভিরুচি দেখা যায়, তখন তাহা রজোগুণপ্রধান ত্রেতাযুগ বলিয়া জানিবেন।২৮

যখন দেহি (জন)-গণের লোভ, অসন্তোষ, অভিমান গর্ব ও মাৎসর্য্যে এবং কাম্য কর্মসমূহে রুচি হয়, তখন রাজোগুণ ও তমোগুণপ্রধান দ্বাপরযুগ বলিয়া জানিবেন।২৯

আর যখন জনগণের ছল, মিথ্যা, তন্দ্রা, হিংসা, বিষাদ, শোক, মোহ, ভয়, দীনতা (ক্ষুদ্রতা) আসে, সেই কাল তামস (তমোগুণাচ্ছন্ন) কলিকাল নামে অভিহিত হইয়া থাকে।৩০

যস্মাৎ ক্ষুদ্রদৃশো মর্ত্ত্যাঃ ক্ষুদ্রভাগ্যা মহাশনাঃ।
কামিনো বিত্তহীনাশ্চ স্বৈরিণ্যশ্চ স্ত্রিয়োঽসতীঃ ॥৩১
দস্যুৎকৃষ্টা জনপদা বেদাঃ পাষণ্ডদূষিতাঃ।
রাজানশ্চ প্রজাভক্ষাঃ শিশ্নোদরপরা দ্বিজাঃ ॥৩২
অব্রতা বটবোঽশৌচা ভিক্ষবশ্চ কুটুম্বিনঃ।
তপস্বিনো গ্রামবাসা ন্যাসিনোঽত্যর্থলোলুপাঃ ॥৩৩

যস্মাৎ (কলের্হেতোঃ, কলেঃ প্রভাবাদিত্যর্থঃ) মর্ত্ত্যাঃ ক্ষুদ্রদৃশঃ (নীচদৃষ্টয়ঃ), ক্ষুদ্রভাগ্যাঃ (অল্পভাগ্যাঃ), মহাশনাঃ (বহ্বাহারাঃ), বিত্তহীনাঃ [অপি] কামিনঃ, স্ত্রিয়ঃ স্বৈরিণ্যঃ (বেশ্যাঃ) [অতএব] অসতীঃ (অসত্যঃ, সতীত্বহীনা ইত্যর্থঃ); জনপদাঃ দস্যুৎকৃষ্টাঃ (দস্যুপ্রচুরাঃ), বেদাঃ পাষণ্ডদূষিতাঃ (পাষণ্ডাঃ বেদবিরুদ্ধাচারিণঃ তৈঃ দূষিতাঃ কদর্থীকৃতাঃ), রাজানঃ প্রজাভক্ষাঃ (প্রজাপীড়কাঃ), দ্বিজাঃ শিশ্নোদরপরাঃ (কামলম্পটাঃ উদরম্ভরাশ্চ), বটবঃ (ব্রাহ্মণ-বালকাঃ) অব্রতাঃ অশৌচাঃ (উপনয়নহীনাঃ শৌচরহিতাঃ), কুটুম্বিনঃ (গৃহস্থাঃ) ভিক্ষবঃ (ভিক্ষাপ্রার্থিনঃ, ন স্বয়ং ভিক্ষা-দাতার ইতি ভাবঃ), তপস্বিনঃ [বনং হিত্বা] গ্রামবাসাঃ (নগরবাসিনঃ), ন্যাসিনঃ (যতয়ঃ) অর্থলোলুপাঃ (অত্যর্থং ধনলোভিনঃ) [ভবিষ্যন্তি] ॥৩১-৩৩

[কলিকালকামিন্যঃ] হ্রস্বকায়াঃ (ক্ষুদ্রকায়াঃ), মহাহারাঃ (বহু ভোজনাঃ), ভূর্য্যপত্যাঃ (বহুসন্তানাঃ), গতহ্রিয়ঃ

সেই (কলির প্রভাব) হেতুবশতঃ মনুষ্যগণ নীচ (অধর্মবিষয়ে) দৃষ্টিসম্পন্ন, অল্পভাগ্যযুক্ত, অধিক ভোজনশীল, (ভোগ্য বিষয়ে) কামুক, দরিদ্র হইয়া থাকে এবং (সতী) রমণীগণও অসতীগণের আশ্রিত হইয়া স্বেচ্ছাচারিণী হইয়া থাকে ।৩১

(কলির প্রভাবে) জনপদ (লোকালয়-গ্রাম)-সমূহ দস্যুপ্রধান, বেদসমূহ (ধর্মধ্বজী) পাষণ্ডগণ কর্তৃক দূষিত, রাজগণ প্রজাশোষণকারী ও ব্রাহ্মণগণ শিশ্ন (কাম)-পরায়ণ ও উদরপরায়ণ হইবে। ব্রহ্মচারিগণ ব্রত ও শৌচবিহীন, গৃহস্থগণ ভিক্ষাজীবী, তপস্বিগণ গ্রামবাসী ও সন্ন্যাসিগণ অত্যন্ত অর্থলোভী হইবেন ।৩২-৩৩

হ্রস্বকায়া মহাহারা ভূর্য্যপত্যা গতহ্রিয়ঃ।
শশ্বৎ কটুকভাষিণ্যশ্চৌর্য্যমায়োরুসাহসাঃ ॥৩৪
পণয়িষ্যন্তি বৈ ক্ষুদ্রাঃ কিরাটাঃ কূটকারিণঃ।
অনাপদ্যপি মংস্যন্তে বার্ত্তাং সাধু-জুগুপ্সিতাম্ ॥৩৫
পতিং ত্যক্ষ্যন্তি নির্দ্রব্যং ভৃত্যা অপ্যখিলোত্তমম্।
ভৃত্যং বিপন্নং পতয়ঃ কৌলং গাশ্চাপয়স্বিনীঃ ॥৩৬

(ত্যক্তলজ্জাঃ), শশ্বৎ কটুকভাষিণ্যঃ (সর্ব্বদা অপ্রিয়বাদিন্যঃ), চৌর্য্যমায়োরুসাহসাঃ (চৌর্য্যং, মায়া প্রবঞ্চনা, উরুসাহসম্ অতীবসাহসং যাসাং তাঃ) [তথাবিধা ভবিষ্যন্তি] ॥৩৪

কূটকারিণঃ (কূটব্যবসায়িনঃ বঞ্চকা ইত্যর্থঃ) ক্ষুদ্রাঃ (ধনহীনাঃ) কিরাটাঃ (বণিজঃ) [অর্থাভাবাৎ ছলেন কাপট্যেন] পণয়িষ্যন্তি (ক্রয়বিক্রয়াদি ব্যবহারং বর্ত্তয়িষ্যন্তি), [সর্ব্বে জনাঃ] অনাপদি অপি (আপৎকালস্য অনুপস্থিতত্বে অপি, আপৎ-কালে বণিজবৃত্তাবদোষত্বমাখ্যায়েতি ভাবঃ) জুগুপ্সিতাং (নিন্দিতাং) বার্ত্তাং বৃত্তিং সাধু মংস্যন্তে ॥৩৫

[ভার্য্যাঃ] নির্দ্রব্যং (ধনহীনং) পতিং (স্বামিনং), ভৃত্যাঃ অখিলোত্তমং (সর্ব্বগুণসম্পন্নং) পতিং (পালকং), পতয়ঃ কৌলং (কুলপরম্পরাগতং, পুরাতনমিতি ভাবঃ) বিপন্নং (রোগাদিনা কর্ম্মসু অসক্তং) ভৃত্যং ত্যক্ষ্যন্তি (ত্যজন্তি), [গোস্বামিনঃ] অপয়স্বিনীঃ (দুগ্ধদোহাঃ) গাঃ [ত্যক্ষ্যন্তি] ॥৩৬

(এই কলির প্রভাবে রমণীগণ) খর্বাকৃতি, অত্যধিক ভোজনকারিণী, বহুসন্তানবতী, নির্লজ্জা, সতত কটুভাষিণী, চৌর্য্য, বঞ্চনা ও দুঃসাহসপরায়ণা হইবে ।৩৪

(কলির প্রভাবে) নীচাশয় ও প্রবঞ্চক বণিক্-গণই ক্রয়বিক্রয়াদি কার্য্য করিবে। অধিক কি, আপৎকাল উপস্থিত না হইলেও মনুষ্যগণ নিন্দিত কার্য্য করিয়া জীবিকানির্বাহকে উত্তমবৃত্তি বলিয়া মনে করিবে ।৩৫

(কলিকালে) প্রভু সর্বপ্রকারে শ্রেষ্ঠ হইলেও ধনহীন হইয়া পড়িলে ভৃত্যগণ কুলপরম্পরাগত সেই প্রভুকে পরিত্যাগ করিবে এবং প্রভুগণও বিপন্ন

পিতৃভ্রাতৃসুহৃজ্জ্ঞাতীন্ হিত্বা সৌরতসৌহৃদাঃ।
ননান্দৃশ্যালসংবাদা দীনাঃ স্ত্রৈণাঃ কলৌ নরাঃ ॥৩৭
শূদ্রাঃ প্রতিগ্রহীষ্যন্তি তপোবেষোপজীবিনঃ।
ধর্মং বক্ষ্যন্ত্যধর্মজ্ঞা অধিরুহ্যোত্তমাসনম্ ॥৩৮
নিত্যমুদ্বিগ্নমনসো দুর্ভিক্ষকরকর্শিতাঃ।
নিরন্নে ভূতলে রাজন্নবৃষ্টিভয়াতুরাঃ॥৩৯

কলৌ সৌরতসৌহৃদাঃ (সৌরতং সুরতনিমিত্তং সৌহৃদং যেষাং তে) স্ত্রৈণাঃ (স্ত্রীলম্পটাঃ) দীনাঃ নরা পিতৄন্ ভ্রাতৄন্ সুহৃজ্জ্ঞাতীন্ (সুহৃদঃ জ্ঞাতয়শ্চ তান্) হিত্বা (ত্যক্ত্বা) ননান্দৃশ্যালসংবাদাঃ (ননান্দারঃ ভার্য্যাভগিন্যঃ, শ্যালাঃ শ্যালকাঃ তৈঃ সহ সংবাদঃ মন্ত্রণা যেষাং তে তথা) [ভবিষ্যন্তি] ॥৩৭

তপোবেশোপজীবিনঃ (তপস্বিবেশেন জীবিকার্থিনঃ) শূদ্রাঃ প্রতিগ্রহীষ্যন্তি (প্রতিগ্রহং করিষ্যন্তি), অধর্মজ্ঞাঃ (ধর্মজ্ঞানহীনাঃ) উত্তমাসনম্ (ধর্ম্মবক্তৃনামাসনম্) অধিরুহ্য ধর্মং বক্ষ্যন্তি ॥৩৮

হে রাজন্! ভূতলে নিরন্নে (অন্নাভাবে সতি) অনাবৃষ্টিভয়াতুরাঃ (অনাবৃষ্টিজনিতভীতিকাতরাঃ) দুর্ভিক্ষকরকর্শিতাঃ (অর্থাভাবতয়া করদানক্লিষ্টাঃ) [প্রজাঃ] নিত্যম্ উদ্বিগ্নমনসঃ (ব্যাকুলিতচিত্তাঃ) ভবিষ্যন্তি ॥৩৯

কুলক্রমাগত ভৃত্যকে এবং (পুনরায়) দুগ্ধদানে অসমর্থ গাভীসকলকে পরিত্যাগ করিবে।৩৬

কলিকালে রতিক্রীড়াসম্পর্কীয় (ব্যক্তিতে) সৌহার্দ্দ্যভাবাপন্ন (ভার্য্যার ভগিনী, ভ্রাতা প্রভৃতি), স্ত্রীবশীভূত ও নীচাশয় মনুষ্যগণ পিতা, ভ্রাতা, বন্ধু ও জ্ঞাতিগণকে পরিত্যাগ করিয়া শ্যালী ও শ্যালকগণের সহিত পরমর্শ করিবে।৩৭

(কলিযুগে) তপস্বীর বেশ ধারণ করিয়া শূদ্রগণ দান গ্রহণ করিবে। আর অধার্মিক ব্যক্তিগণ উত্তম আসনে অধিরূঢ় হইয়া ধর্মকথার উপদেশ প্রদান করিবে ॥৩৮

হে মহারাজ (পরীক্ষিৎ)! (কলিকালে) পৃথিবী (খাদ্য) অন্নবিহীন হইয়া পড়িলে অনাবৃষ্টির ভয়ে কাতর প্রজাগণ সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত এবং দুর্ভিক্ষ ও রাজকরে নিপীড়িত হইবে।৩৯

বাসোঽন্নপানশয়নব্যবায়স্নানভূষণৈঃ।
হীনাঃ পিশাচসন্দর্শা ভবিষ্যন্তি কলৌ প্রজাঃ ॥৪০
কলৌ কাকিণিকেঽপ্যর্থে বিগৃহ্য ত্যক্তসৌহৃদাঃ।
ত্যক্ষ্যন্তি চ প্রিয়ান্ প্রাণান্ হনিষ্যন্তি স্বকানপি ॥৪১
ন রক্ষিষ্যন্তি মনুজাঃ স্থবিরৌ পিতরাবপি।
পুত্রান্ ভার্য্যাঞ্চ কুলজাং ক্ষুদ্রাঃ শিশ্নোদরম্ভরাঃ ॥৪২

কলৌ প্রজাঃ বাসোঽন্নপানশয়নব্যবায়স্নানভূষণৈঃ (বাসঃ বসনং, পানং পানীয়ং, শয়নং শয্যা, ব্যবায়ঃ মৈথুনং, স্নানং, ভূষণম্ অলঙ্কারঃ, তৈঃ) হীনাঃ পিশাচসন্দর্শাঃ (পিশাচাকৃতয়ঃ) ভবিষ্যন্তি ॥৪০

কলৌ কাকিণিকে (বিংশতিবরাটকমাত্রে) অপি [অতিতুচ্ছে] অর্থে (বিষয়ীভূতে) বিগৃহ্য (বৈরং কৃত্বা) ত্যক্তসৌহৃদাঃ (পরিত্যক্ত সৌহার্দ্দাঃ সন্তঃ) প্রিয়ান্ প্রাণান্ ত্যক্ষ্যন্তি, স্বকান্ অপি প্রাণান্ হনিষ্যন্তি (আত্মঘাতং করিষ্যন্তি) ॥৪১

শিশ্নোদরম্ভরাঃ (শিশ্নোদরপরায়ণাঃ) [অতএব] ক্ষুদ্রাঃ (হীনচেতসঃ) মনুজাঃ (মনুষ্যাঃ) স্থবিরৌ (বৃদ্ধৌ) অপি পিতরৌ (জননীং জনকং) পুত্রান্ কুলজাং (সৎকুলজাতাং) ভার্য্যাং চ ন রক্ষিষ্যন্তি ॥৪২

কলিকালে বস্ত্র, অন্ন, পান, শয্যা, পত্নীসুখ, স্নান, ভূষণাদি ভোগে বঞ্চিত জনগণ পিশাচের মত (কঙ্কালসার কুৎসিত) দর্শনাযোগ্য (পিশাচাকৃতি) হইবে।৪০

কলিযুগে মাত্র পাঁচগণ্ডা কড়ির জন্যও মানুষেরা বিবাদ করিয়া পরস্পরের মধ্যে সৌহার্দ্দ্য (এমন কি) প্রিয়তম প্রাণকেও পরিত্যাগ করিবে এবং আত্মীয়স্বজনকেও হত্যা করিবে।৪১

নীচপ্রবৃত্তিসম্পন্ন শিশ্নোদরপরায়ণ মনুষ্যসকল (কলিকালে) বৃদ্ধ পিতামাতাকে, পুত্রগণকে এবং সদ্‌বংশজাতা পত্নীকেও রক্ষা (পালন) করিবে না।৪২

কলৌ ন রাজন্ জগতাং পরং গুরুং
ত্রিলোকনাথানতপাদপঙ্কজম্ ।
প্রায়েণ মর্ত্যা ভগবন্তমচ্যুতং
যক্ষ্যন্তি পাষণ্ডবিভিন্নচেতসঃ ॥৪৩

যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ
পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্ ।
বিমুক্তকর্মার্গল উত্তমাং গতিং
প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ ॥৪৪

পুংসাং কালকৃতান্ দোষান্ দ্রব্যদেশাত্মসম্ভবান্ ।
সর্বান্ হরতি চিত্তস্থো ভগবান্ পুরুষোত্তমঃ ॥৪৫

শ্রুতঃ সংকীর্তিতো ধ্যাতঃ পূজিতশ্চাদৃতোঽপি বা ।
নৃণাং ধুনোতি ভগবান্ হৃৎস্থো জন্মাযুতাশুভম্ ॥৪৬

যথা হেম্নি স্থিতো বহ্নির্দুর্বর্ণং হন্তি ধাতুজম্ ।
এবমাত্মগতো বিষ্ণুর্যোগিনামশুভাশয়ম্ ॥৪৭

বিদ্যাতপঃপ্রাণনিরোধমৈত্রী-
তীর্থাভিষেকব্রতদানজপ্যৈঃ ।
নাত্যন্তশুদ্ধিং লভতেঽন্তরাত্মা
যথা হৃদিস্থে ভগবত্যনন্তে ॥৪৮

[হে] রাজন্ ! কলৌ পাষণ্ডবিভিন্নচেতসঃ (পাষণ্ডৈঃ বিভিন্নম্ অন্যথাকৃতং চেতঃ যেষাং তৈঃ) মর্ত্যাঃ প্রায়েণ ন ত্রিলোকনাথানতপাদপঙ্কজং (ত্রিলোকনাথৈঃ ব্রহ্মাদ্যৈঃ আনতং নমস্কৃতং পাদপঙ্কজং যস্য তং) জগতাং পরমগুরুং ভগবন্তম্ অচ্যুতং ন যক্ষ্যন্তি (ন পূজয়িষ্যন্তি) ॥৪৩

ম্রিয়মাণঃ আতুরঃ (রোগী) [শয্যায়াং] পতন্ [বাক্‌শক্তি-হীনতয়া] স্খলন্ (সম্যক্ উচ্চারয়িতুমসমর্থঃ) [অতএব] বিবশঃ পুমান্ যন্নামধেয়ং (যস্য নাম) গৃণন্ (গ্রহণং কুর্ব্বন্) বিমুক্তকর্মার্গলঃ (কর্ম্মবন্ধাৎ বিমুক্তঃ সন্) উত্তমাং গতিং প্রাপ্নোতি, কলৌ জনাঃ তং [ভগবন্তমপি] ন যক্ষ্যন্তি ॥৪৪

চিত্তস্থঃ পুরুষোত্তমঃ ভগবান্ পুংসাং কলিকৃতান্ দ্রব্য-দেশাত্মসম্ভবান্ (দ্রব্যদেশাত্মভিঃ সম্ভবো যেষাং তান্) সর্ব্বান্ (অন্যান্ অপি প্রাচীনার্ব্বাচীনান্) দোষান্ হরতি ॥৪৫

শ্রুতঃ সঙ্কীর্ত্তিতঃ ধ্যাতঃ (চিন্তিতঃ) পূজিতঃ অপি বা আদৃতঃ ভগবান্ হৃৎস্থঃ (সন্) নৃণাং জন্মাযুতাশুভং (অযুত-জন্মার্জ্জিতং পাপং) ধুনোতি (নাশয়তি) ॥৪৬

[তাম্রাদিসংযুক্তে] হেম্নি (সুবর্ণে) স্থিতঃ বহ্নিঃ যথা ধাতুজং দুর্ব্বর্ণং (মালিন্যং) হন্তি এবম্ (এবংপ্রকারং) আত্মগতো (হৃদয়স্থঃ) বিষ্ণুঃ যোগিনাম্ (তস্মিন্ বিষ্ণৌ যুক্ত-যোগিনাম্) অশুভাশয়ং (দুর্ব্বাসনাং) [হন্তি] ॥৪৭

হে মহারাজ (পরীক্ষিৎ) ! কলিযুগে মর্ত্যবাসি-(জন)গণ পাষণ্ডগণ কর্তৃক বিভ্রান্তচিত্ত হইয়া (ব্রহ্মাদি) ত্রৈলোক্যাধিপতিগণও যাঁহার পাদপদ্মে প্রণাম করিয়া থাকেন, জগতের সেই পরমগুরু ভগবান্ অচ্যুত (শ্রীকৃষ্ণ)কে প্রায়শঃ পূজা করিবে না ।৪৩

ম্রিয়মাণ বিপন্ন, পতিত, স্খলিত বা অবশ হইয়াও পুরুষ যাঁহার নাম উচ্চারণ করিলে কর্ম-(ফলভোগ) রূপ প্রতিবন্ধক হইতে বিমুক্ত হইয়া উত্তমগতি লাভ করিয়া থাকে, কলিকালে মানুষ তাঁহার (সেই ভগবান্ অচ্যুতের) পূজা করিবে না ।৪৪

ভগবান্ পুরুষোত্তম (ভক্ত) জনগণের হৃদয়ে অবস্থানপূর্ব্বক (অশুদ্ধ অন্নাদি) দ্রব্য (ভক্ষণ ও গ্রহণ), (অপবিত্র) দেশ (গমন), ও চিত্ত (মালিন্যাদি জন্য) সমুৎপন্ন কলিকাল (কর্তৃক) সমুৎপাদিত সমূহ পাপ বিনাশ করিয়া থাকেন ।৪৫

মনুষ্যগণ ভগবানের (নাম) শ্রবণ, সংকীর্ত্তন, চিন্তন ও পূজনে তাঁহাকে সমাদর করিলে তিনি তাহাদের হৃদয়ে অবস্থান পূর্বক দশ হাজার বৎসরেরও (সঞ্চিত) পাপরাশি বিনাশ করিয়া থাকেন ।৪৬

অগ্নি যেমন স্বর্ণে অবস্থিত হইয়া সেই স্বর্ণে (সোনা) র (তামা প্রভৃতি) ধাতু (মিশ্রণ) জন্য মালিন্যাদি দোষ নষ্ট করিয়া থাকে, সেইরূপ (ভগবান্) বিষ্ণু আত্ম (চিত্ত)গত হইয়া যোগি-গণের অশুভ বাসনা বিনষ্ট করিয়া থাকেন ।৪৭

ভগবান্ অনন্ত হৃদয়ে অবস্থান করিলে অন্তরাত্মা

তস্মাৎ সর্বাত্মনা রাজন্ হৃদিস্থং কুরু কেশবম্ ।
ম্রিয়মাণো হ্যবহিতস্ততো যাসি পরাং গতিম্ ॥৪৯
ম্রিয়মাণৈরভিধ্যেয়ো ভগবান্ পরমেশ্বরঃ ।
আত্মভাবং নয়ত্যঙ্গ সর্বাত্মা সর্বসংশ্রয়ঃ ॥৫০
কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তসঙ্গঃ পরং ব্রজেৎ ॥৫১

কৃতে যদ্ ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে
তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

ভগবতি অনন্তে হৃদিস্থে (সতি) অন্তরাত্মা যথা অত্যন্তশুদ্ধিং লভতে, [তথা] বিদ্যা-তপঃ-প্রাণ-নিরোধ-মৈত্রী-তীর্থাভিষেকব্রতদানজপ্যৈঃ (বিদ্যা দেবোপাসনা, তপঃ, প্রাণনিরোধঃ প্রাণায়ামঃ, মৈত্রী, তীর্থাভিষেকঃ তীর্থস্নানং, ব্রতং, দানং, জপ্যং জপঃ তৈঃ) [ন লভতে], [হে] রাজন্ ! তস্মাৎ সর্বাত্মনা অবহিতঃ (সন্) কেশবং হৃদিস্থং কুরু, ততঃ (তথাকৃতে) ম্রিয়মাণঃ পরাং (গতিং) [ত্বং] যাসি হি ॥৪৮-৪৯

অঙ্গ (হে রাজন্) ! ম্রিয়মাণৈঃ অভিধ্যেয়ঃ (ধ্যাতুং শক্যঃ) [চেৎ] সর্বাত্মা সর্বসংশ্রয়ঃ ভগবান্ পরমেশ্বরঃ [তান্] আত্মভাবং (পরমপ্রেমাত্মতাং, স্বস্বরূপমিত্যর্থঃ) নয়তি (প্রাপয়তি) ॥৫০

[হে] রাজন্ ! দোষনিধেঃ (সর্বদোষাকরস্য) কলেঃ একঃ মহান্ গুণঃ অস্তি, কৃষ্ণস্য কীর্ত্তনাৎ এব [জনঃ] মুক্তসঙ্গঃ (ছিন্ন-বন্ধনঃ) পরমাত্মানং ব্রজেৎ (প্রাপ্নুয়াৎ) ॥৫১

কৃতে (সত্যযুগে) বিষ্ণুং ধ্যায়তঃ যৎ, ত্রেতায়াং মখৈঃ (যজ্ঞৈঃ) যজতঃ [যৎ], দ্বাপরে পরিচর্য্যায়াং (সেবায়াং) [যৎ], কলৌ হরিকীর্ত্তনাৎ [তৎ তৎ সর্বং ভবতি] ॥৫২

ইতি দ্বাদশস্কন্ধে তৃতীয়াধ্যায়ান্বয়ঃ সমাপ্তঃ ।

(মনঃ) যেমন অত্যন্ত পবিত্রতা লাভ করে, শাস্ত্রাধ্যয়ন, তপস্যা (বর্ণাশ্রমধর্ম পরিপালন), প্রাণনিরোধ, (সর্বজীবে সমান দয়ারূপা) মৈত্রী, (গঙ্গাদি) তীর্থস্নান, ব্রত, দান ও জপের দ্বারাও অন্তরাত্মা (মনঃ) সেইরূপ বিশুদ্ধি লাভ করে না ।৪৮

অতএব মহারাজ ! আপনি সর্বান্তঃকরণে (ভগবান্) কেশবকে হৃদয়ে স্থাপন করুণ, যেহেতু ম্রিয়মাণ ব্যক্তিও ভগবানে মনোনিবেশ করিয়া তাহার ফলে উত্তমগতি প্রাপ্ত হইয়া থাকে ।৪৯

মহাত্মন্ ! সর্বাত্মা (সকলের আত্মস্বরূপ) সকলের কারণ ভগবান্ পরমেশ্বর মৃতপ্রায় ব্যক্তির ধ্যানের বিষয় হইয়াও তাহাদিগকে নিজ সাম্য (সাযুজ্য ও মুক্তি) ভাব প্রদান করিয়া থাকেন ।৫০

হে রাজন্ ! দোষনিধি (দোষসমূহের আকর) কলিযুগের একটি মহান্ গুণ আছে যে, (কলিযুগে) ভগবান্ শ্রীকৃষ্ণের (নাম) সংকীর্তনের ফলেই (জীব) সংসারবন্ধন হইতে মুক্ত হইয়া পরমপুরুষকে প্রাপ্ত হইয়া থাকে ।৫১

সত্যযুগে বিষ্ণুর ধ্যানকারী ব্যক্তি যে ফল লাভ করিতে পারেন, ত্রেতাযুগে বিষ্ণুর যজ্ঞাদিকারী ব্যক্তি যে ফল লাভ করিতে পারেন, দ্বাপরযুগে ভগবান্ বিষ্ণুর পরিচর্য্যায় সেবকের যে ফল লাভ হইতে পারে, কলিযুগে একমাত্র হরিনাম সঙ্কীর্তনেই সেই সমস্ত ফলই লাভ হইয়া থাকে ।৫২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
দ্বাদশ-স্কন্ধে শ্রীযাদবেন্দ্রনাথরায়ন্যায়তীর্থ-কৃত তৃতীয়
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

চতুর্থঃ অধ্যায়ঃ।

[সংহারকালস্য স্থিতিকালস্য চ পরিমাণম্, প্রলয়াদীনাং বর্ণনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

কালস্তে পরমাণ্বাদির্দ্বিপরার্ধাবধির্নৃপ।
কথিতো যুগমানং চ শৃণু কল্প-লয়াবপি ॥১

চতুর্যুগসহস্রং চ ব্রহ্মণো দিনমুচ্যতে।
স কল্পো যত্র মনবশ্চতুর্দশ বিশাম্পতে ॥২

তদন্তে প্রলয়স্তাবান্ ব্রাহ্মী রাত্রিরুদাহৃতা।
ত্রয়ো লোকা ইমে তত্র কল্পন্তে প্রলয়ায় হি ॥৩

এষ নৈমিত্তিকঃ প্রোক্তঃ প্রলয়ো যত্র বিশ্বসৃক্।
শেতেঽনন্তাসনো বিশ্বমাত্মসাৎকৃত্য চাত্মভূঃ ॥৪

দ্বিপরার্ধে ত্বতিক্রান্তে ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ।
তদা প্রকৃতয়ঃ সপ্ত কল্পন্তে প্রলয়ায় বৈ ॥৫

এষ প্রাকৃতিকো রাজন্ প্রলয়ো যত্র লীয়তে।
অণ্ডকোষস্তু সংঘাতো বিঘাত উপসাদিতে ॥৬

অন্বয়ঃ

[হে] নৃপ (পরিক্ষিৎ)। পরমাণ্বাদিঃ (পরমঃ অণুঃ, অতিসূক্ষ্ম ইত্যর্থঃ; সঃ আদির্যস্ত, পরমাণুমারভ্য ইতি ভাবঃ) দ্বিপরার্দ্ধাবধিঃ (দ্বিপরার্দ্ধম্ অবধিঃ সীমা যস্ত) [সঃ] কালঃ তে [ময়া] কথিতঃ, অথ (অনন্তরং) কল্পলয়ৌ (কল্পঃ লয়শ্চ তৌ) শৃণু ॥১

[হে] বিশাং পতে। চতুর্যুগসহস্রং (চতুঃসহস্রযুগং) ব্রহ্মণঃ দিনম্ উচ্যতে, সঃ কল্পঃ, যত্র চতুর্দ্দশমনবঃ [ভবন্তি] ॥২

তদন্তে (কল্পকালাবসানে) প্রলয়ঃ [ভবতি]। [যথা চতুর্যুগসহস্রং ব্রহ্মণো দিনং] তাবান্ (চতুর্যুগসহস্রপ্রমাণঃ কালঃ) ব্রাহ্মী রাত্রিঃ উদাহৃতা, যত্র (ব্রাহ্মরাত্রৌ) ইমে এবং লোকাঃ প্রলয়ায় কল্পন্তে ॥৩

এষঃ নৈমিত্তিকঃ প্রলয়ঃ প্রোক্তঃ, যত্র আত্মভূঃ বিশ্বসৃক্ (বিশ্বস্রষ্টা শ্রীনারায়ণঃ) বিশ্বম্ আত্মসাৎ কৃত্য (স্বস্মিন্ উপসংহৃত্য) অনন্তাসনঃ (অনন্তশয্যামধিশয়ানঃ) শেতে ॥৪

পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ দ্বিপরার্দ্ধে অতিক্রান্তে তদা সপ্তপ্রকৃতয়ঃ (মহদহঙ্কারপঞ্চতন্মাত্রাণি) [এতানি] প্রলয়ায় কল্পন্তে। বিঘাতে (বিনাশকালে) উপসাদিতে (উপসন্নে, সন্নিহিতে সতি) [মহদাদীনাং সপ্তপ্রকৃতীনাং] সঙ্ঘাতঃ (সমূহঃ) অণ্ডকোষঃ (ব্রহ্মাণ্ডং) যত্র (যস্যামবস্থায়াং) লীয়তে (লীনো ভবতি) [হে] রাজন্। এষঃ প্রাকৃতিকঃ প্রলয়ঃ ॥৫-৬

চতুর্থ অধ্যায়।

(সংহার কাল ও স্থিতিকালের পরিমাণ এবং কালের গতি প্রভৃতির পূর্বাধ্যায়ের প্রশ্নের উত্তরে প্রলয়াদি বর্ণন।)

শ্রীশুকদেব বলিয়াছিলেন পরমাণুতে যাহার আরম্ভ এবং পরার্দ্ধদ্বয় যাহার শেষ, সেই কাল (বৃত্তান্ত) (তৃতীয়স্কন্ধের একাদশ অধ্যায়ে) আমি আপনার নিকট বর্ণনা করিয়াছি। যুগের পরিমাণও বলিয়াছি। এখন আপনি স্থিতি ও সংহারকালের পরিমাণ শ্রবণ করুণ।১

হে মনুষ্যাধিপতে। চারিহাজার যুগ ব্রহ্মার একদিন বলিয়া কথিত হয়, তাহাই (আবার) এক কল্প; এই এক কল্পে (ক্রমে ক্রমে) চৌদ্দজন মনু (উৎপন্ন) হইয়া থাকেন।২

(প্রলয় চারি প্রকার—নৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক ও নিত্য। এখানে নৈমিত্তিক প্রলয়ের কথা বলা হইতেছে) (এই চারিহাজার যুগস্বরূপ) ব্রহ্মার একদিনের অবসানে সেই (চারি হাজার যুগ) পরিমাণ প্রলয়কাল; তাহাই ব্রহ্মার এক রাত্রি বলিয়া কথিত হয়; সেই ব্রাহ্মী রাত্রিতে এই (স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল) লোকত্রয় প্রলয়ে নিমগ্ন থাকে। ইহাই নৈমিত্তিক প্রলয় নামে কথিত। এই (প্রলয়) কালে বিশ্বকে নিজ মধ্যে উপসংহার করিয়া বিশ্বস্রষ্টা (নারায়ণ) অনন্ত (শেষনাগ) শয্যায় শয়ন করেন; ব্রহ্মাও তাহাতে শয়ন করেন।৩-৪

পরমেষ্ঠী ব্রহ্মার (পরমায়ু) দুই পরার্ধকাল

পর্জ্জন্যঃ শতবর্ষাণি ভূমৌ রাজন্ ন বর্ষতি।
তদা নিরন্নে হ্যন্যোন্যং ভক্ষমাণাঃ ক্ষুধার্দিতাঃ।
ক্ষয়ং যাস্যন্তি শনকৈঃ কালেনোপদ্রুতাঃ প্রজাঃ ॥৭
সামুদ্রং দৈহিকং ভৌমং রসং সাংবর্তকো রবিঃ।
রশ্মিভিঃ পিবতে ঘোরৈঃ সর্বং নৈব বিমুঞ্চতি ॥৮
ততঃ সংবর্ত্তকো বহ্নিঃ সঙ্কর্ষণমুখোত্থিতঃ।
দহত্যনিলবেগোত্থঃ শূন্যান্ ভূবিবরানথ ॥৯

উপর্যধঃ সমন্তাচ্চ শিখাভির্বহ্নি-সূর্য্যয়োঃ।
দহ্যমানং বিভাত্যণ্ডং দগ্ধগোময়পিণ্ডবৎ ॥১০

ততঃ প্রচণ্ডপবনো বর্ষাণামধিকং শতম্।
পরঃ সাংবর্তকো বাতি ধূম্রং খং রজসাবৃতম্ ॥১১

ততো মেঘকুলান্যঙ্গ চিত্রবর্ণান্যনেকশঃ।
শতং বর্ষাণি বর্ষন্তি নদন্তি রভসস্বনৈঃ ॥১২

[হে] রাজন্। [যদা] পর্জ্জন্যঃ (মেঘঃ) শতবর্ষাণি [ব্যাপ্য] ভূমৌ (ভূতলে) ন বর্ষতি (বৃষ্টিং ন করিষ্যতি), তদা নিরন্নে (অন্নাভাবে) ক্ষুধার্দিতাঃ প্রজাঃ অন্যোন্যং (পরস্পরং) ভক্ষ্যমাণাঃ [অতএব] উপদ্রুতাঃ কালেন শনকৈঃ (ক্রমশঃ) ক্ষয়ং যাস্যন্তি ॥৭

সংবর্ত্তকঃ রবিঃ (প্রলয়সূর্য্যঃ) ঘোরৈঃ রশ্মিভিঃ (প্রখরকিরণৈঃ) সামুদ্রং রসং (সাগরজলং) ভৌমং (মৃত্তিকারসং) দৈহিকং (রক্তং) সর্ব্বং পিবতে (আকর্ষতি) [বিন্দুমাত্রম্ অপি রসং] ন বিমুঞ্চতি (ন ত্যক্ষ্যতি) ॥৮

ততঃ সঙ্কর্ষণমুখোত্থিতঃ (সঙ্কর্ষণবদনোদ্ভূতঃ) সংবর্ত্তকঃ বহ্নিঃ (প্রলয়ানলঃ) অনিলবেগোত্থঃ (বায়ুবেগোদ্ধতঃ সন্) শূন্যান্ (দৈহিকরসাকর্ষণাৎ বহ্নিরহিতান্) ভূবিবরান্ পাতালাদীন্ দহন্তি [ধক্ষ্যতি] ॥৯

বহ্নিসূর্য্যয়োঃ (বহ্নেঃ সূর্য্যস্য) শিখাভিঃ (জ্বালাভিঃ) উপরি অধঃ সমন্তাচ্চদহ্যমানম্ অণ্ডং (ব্রহ্মাণ্ডং) দগ্ধগোময়পিণ্ডবৎ বিভাতি ॥১০

ততঃ পরঃ প্রচণ্ডঃ পবনঃ (প্রলয়ানিলঃ) বর্ষাণাম্ অধিকং শতং কিঞ্চিদধিকশতবর্ষং [ব্যাপ্য] বাতি, [তদা] রজসা আবৃতং খং (আকাশং) ধূম্রং (ধূমাচ্ছন্নং) [ভবিষ্যতি] ॥১১

অঙ্গ (হে রাজন্।) ততঃ অনেকশঃ চিত্রবর্ণানি (বিচিত্রবর্ণময়ানি) মেঘকুলানি (মেঘমালাঃ) শতং বর্ষাণি বর্ষন্তি, রভসস্বনৈঃ (ভীষণশব্দৈঃ) নর্দন্তি (নাদং করিষ্যন্তি) ॥১২

অতীত হইলে তখন (মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ও ব্যোমের সূক্ষ্মতমাংশ) সাত প্রকৃতিও প্রলয় প্রাপ্ত হইয়া থাকে। হে মহারাজ। ইহাই প্রাকৃতিক প্রলয় নামে কথিত হয়। এই প্রাকৃতিক প্রলয়ে কালবিনাশের কারণ (বিঘাত) উপস্থাপিত করিলে উক্ত মহদাদি সাতটি প্রকৃতির (সংঘাত) কার্যস্বরূপ ব্রহ্মাণ্ড (কোষ) মূল প্রকৃতিতে লয়প্রাপ্ত হয়।৫-৬

হে রাজন্! (এই প্রাকৃতিক প্রলয়কালে) তখন মেঘ পৃথিবীতে একশত বৎসর বর্ষণ করে না। তখন সেই অন্নহীন পৃথিবীতে কালকর্ত্তৃক উৎপীড়িত জনগণ ক্ষুধায় কাতর হইয়া পরস্পরকে ভক্ষণ করিতে করিতে ধীরে ধীরে ক্ষয়প্রাপ্ত হয়।৭

তখন (প্রলয়কালের) সম্বর্তক (নামক) সূর্য্য তীক্ষ্ণ কিরণসমূহের দ্বারা সমুদ্রস্থিত, শরীরস্থিত ও পৃথিবীস্থিত সমস্ত রস (আকর্ষণ দ্বারা) পান করিয়া ফেলেন—মোটেই বর্ষণ (ত্যাগ) করেন না।৮

তাহার পর সঙ্কর্ষণদেবের মুখ হইতে উত্থিত সম্বর্তক নামক (প্রলয়কালের) অগ্নি বায়ুবেগে উত্থিত (প্রজ্বলিত) হইয়া (সূর্য্যের রসাকর্ষণে প্রাণহীন) শূন্য (ত্রিলোকসহ) পাতাললোকসমূহকে দগ্ধ করিয়া থাকে।৯

তখন উপরে, নীচে ও চতুর্দ্দিকে অগ্নি ও সূর্য্যের জ্বালাসকলের দ্বারা দগ্ধ হইতে হইতে ব্রহ্মাণ্ড দগ্ধ গোময়পিণ্ডের ন্যায় প্রকাশ পায়।১০

তারপর অত্যন্ত বেগবান্ (প্রলয়কালীন) সম্বর্তক নামক প্রচণ্ড বায়ু একশতবর্ষেরও অধিককাল প্রবাহিত হইতে থাকে। তাহাতে আকাশ ধূলির

তত একোদকং বিশ্বং ব্রহ্মাণ্ডবিবরান্তরম্ ॥১৩
তদা ভূমের্গন্ধগুণং গ্রসন্ত্যাপ উদপ্লবে।
গ্রস্তগন্ধা তু পৃথিবী প্রলয়ত্বায় কল্পতে ॥১৪
অপাং রসমথো তেজস্তা লীয়ন্তেঽথ নীরসাঃ।
গ্রসতে তেজসো রূপং বায়ুস্তদ্রহিতং তদা ॥১৫
লীয়তে চানিলে তেজো বায়োঃ খং গ্রসতে গুণম্।
স বৈ বিশতি খং রাজংস্ততশ্চ নভসো গুণম্ ॥১৬

শব্দং গ্রসতি ভূতাদির্নভস্তমনু লীয়তে।
তৈজসশ্চেন্দ্রিয়াণ্যঙ্গ দেবান্ বৈকারিকো গুণৈঃ ॥১৭

মহান্ গ্রসত্যহংকারং গুণাঃ সত্ত্বাদয়শ্চ তম্।
গ্রসতেঽব্যাকৃতং রাজন্ গুণান্ কালেন চোদিতম্ ॥১৮

ন তস্য কালাবয়বৈঃ পরিণামাদয়ো গুণাঃ।
অনাদ্যনন্তমব্যক্তং নিত্যং কারণমব্যয়ম্ ॥১৯

ততঃ ব্রহ্মাণ্ডবিবরান্তরং (ব্রহ্মাণ্ডবিবরমধ্যগতং) বিশ্বম্ একোদকং (জলময়ং) [ভবিষ্যতি] তদা উদকেন প্লাবিতে সতি) আপঃ ভূমেঃ গন্ধগুণং গ্রসন্তি। গ্রস্তগন্ধা (গ্রস্তঃ গন্ধঃ যস্যাঃ সা) পৃথিবীপ্রলয়ত্বায় (অভাবায়নাশায়েত্যর্থঃ) কল্পতে ॥১৩-১৪

অথো [তেজঃ] অপাং রসং [গ্রসতে, অতএব আপঃ] নীরসাঃ (সন্তঃ) তেজসি আলীয়ন্তে, (নিঃশেষেণ লয়ং যান্তি)। বায়ুঃ তেজসঃ রূপং গ্রসতে, তদা তদ্রহিতং (রূপরহিতং) তেজঃ অনিলে লীয়তে, বায়োঃ গুণং খং (আকাশং)

গ্রসতে, [হে] রাজন্। সঃ বায়ুঃ খং বিশতি, ততঃ ভূতাদিঃ (তামসাহঙ্কারঃ) নভসঃ (আকাশস্য) গুণং শব্দং গ্রসতি, নভঃ তম্ (তামসাহঙ্কারম্) অনুলীয়তে, তৈজসঃ (তৈজসাহঙ্কারঃ) ইন্দ্রিয়াণি [গ্রসতি], অঙ্গ (হে পরীক্ষিৎ!) বৈকারিকঃ [অহঙ্কারঃ] দেবান্ (ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবান্) গুণৈঃ (বৃত্তিভিঃ সহ) [গ্রসতি], মহান্ অহঙ্কারং গ্রসতি, সত্ত্বাদয়ঃ গুণাশ্চ তং (মহান্তং) [গ্রসন্তি], [হে] রাজন্। অব্যাকৃতং (প্রধানং প্রকৃতিরিত্যর্থঃ) কালেন চোদিতং (প্রেরিতং সৎ) গুণান্ (সত্ত্বাদীন্) গ্রসতে ॥১৫-১৮

দ্বারা সমাচ্ছন্ন হইয়া ধূম্রবর্ণ হয়।১১

হে রাজন্! তাহার পর নানারঙের নানাপ্রকার মেঘরাশি একশত বৎসর বর্ষণ করিতে থাকে, গম্ভীর নাদে গর্জন করিতে থাকে।১২

অনন্তর ব্রহ্মাণ্ডের অন্তর্গত শূন্যস্থানের সহিত সমগ্র পৃথিবী একটিমাত্র (মহাসমুদ্রে) জলরাশিতে পরিব্যাপ্ত হইয়া থাকে। এক মহাসমুদ্রের জলে প্লাবিত হইয়া গেলে পৃথিবীর (বিশেষ) গুণ গন্ধকে জল গ্রাস করিয়া ফেলে। গন্ধশূন্যা পৃথিবী তখন (তাহার কারণ জলে) বিলীন হইয়া যায়।১৩-১৪

অতঃপর জলের (বিশেষ) গুণ রসকে তেজঃ গ্রাস করিয়া থাকে; তখন (রসগুণশূন্য) নীরস জল তাহার কারণ তেজে লীন হইয়া যায়। তারপর বায়ু তেজের (গুণ) রূপকে গ্রাস (আত্মসাৎ) করিয়া লয়; তখন রূপ (গুণ) শূন্য তেজ নিজের কারণ বায়ুতে লয় প্রাপ্ত হয়। তাহার পর আকাশ বায়ুর স্পর্শগুণকে গ্রাস করিয়া ফেলে, তখন স্পর্শ (গুণ)-শূন্য বায়ুও আকাশে লীন হইয়া যায়। হে রাজন্! তাহার পর ভূতাদি তামস অহঙ্কার আকাশের শব্দগুণকে গ্রাস করিয়া লয়, তখন শব্দগুণশূন্য আকাশ সেই তামস অহঙ্কারে বিলীন হয়। হে মহাত্মন্! অনন্তর তৈজস (রাজস) অহঙ্কার গুণবৃত্তিসকলের সহিত ইন্দ্রিয়সমূহকে গ্রাস করে এবং বৈকারিক (সাত্বিক) অহঙ্কার (ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ) দেবগণকে গ্রাস করে। হে রাজন্! তাহার পর মহত্তত্ত্ব এই (সাত্বিক, রাজস ও তামস) ত্রিবিধ অহঙ্কারতত্ত্বকে গ্রাস করে এবং সত্ত্বাদিগুণত্রয় এই মহত্তত্ত্বকেও গ্রাস করে। অনন্তর কালকর্তৃক প্রেরিত মূল প্রকৃতি সত্ত্বাদি গুণসমূহকে আত্মসাৎ করিয়া গুণসমূহের সাম্যাবস্থা আনয়ন করে, তাহার পর (সাম্যাবস্থাপন্নমূল) প্রকৃতি পরমতত্ত্ব পুরুষে লীন হয়।১৫-১৮

ন যত্র বাচো ন মনো ন সত্ত্বং
তমো রজো বা মহদাদয়োঽমী।
ন প্রাণবুদ্ধীন্দ্রিয়দেবতা বা
ন সন্নিবেশঃ খলু লোককল্পঃ ॥২০
ন স্বপ্নজাগ্রন্ন চ তৎ সুষুপ্তং
ন খং জলং ভূরনিলোঽগ্নিরর্কঃ।
সংসুপ্তবচ্ছূন্যবদপ্রতর্ক্যং
তন্মূলভূতং পদমামনন্তি ॥২১
লয়ঃ প্রাকৃতিকো হ্যেষ পুরুষাব্যক্তয়োর্যদা।
শক্তয়ঃ সম্প্রলীয়ন্তে বিবশাঃ কালবিদ্রুতাঃ ॥২২
বুদ্ধীন্দ্রিয়ার্থরূপেণ জ্ঞানং ভাতি তদাশ্রয়ম্।
দৃশ্যত্বাব্যতিরেকাভ্যামাদ্যন্তবদবস্তু যৎ ॥২৩

অনাদ্যনন্তম্ (আদ্যন্তরহিতম্) অব্যক্তম্ অব্যয়ম্ (অপক্ষয়রহিতং) কারণং নিত্যং (সনাতনম্), তস্য কালাবয়বৈঃ (অহোরাত্রাদিভিঃ) পরিণামাদয়ঃ (বিপরিণামাঃ) ন (বিদ্যন্তে) ॥১৯

যত্র (কারণে) বচঃ ন, মনঃ ন, সত্ত্বং তমঃ রজঃ অমী মহদাদয়ঃ বা ন, প্রাণবুদ্ধীন্দ্রিয়দেবতাঃ (প্রাণঃ, বুদ্ধিঃ, ইন্দ্রিয়াণি তেষাং দেবতাঃ) বা ন, লোককল্পঃ (লোকরূপঃ সন্নিবেশঃ) রচনা [এতে] ন খলু [বিশন্তি] ॥২০

ন চ [তত্র] স্বপ্নজাগ্রৎ (স্বপ্নঃ জাগ্রৎ তদবস্থাদ্বয়মিত্যর্থঃ) তৎ (স্বপ্নজাগ্রদবস্থাযুক্তং) সুষুপ্তং ন, ন খং জলং ভূঃ অনিলঃ অগ্নিঃ অর্কঃ। তৎ [ইন্দ্রিয়াদ্যভাবাৎ] সং সুপ্তবৎ শূন্যবৎ অপ্রতর্ক্যং (তর্কস্যাবিষয়ীভূতং) [অথচ] তন্মূলভূতং পদম্ [ইতি পণ্ডিতাঃ] আমনন্তি (ব্যাখ্যায়ন্তে) ॥২১

যদা পুরুষাব্যক্তয়োঃ (প্রকৃতিপুরুষয়োঃ) শক্তয়ঃ (তত্ত্বাদিশক্তয়ঃ) কালবিদ্রুতাঃ (কালপ্রেরিতাঃ) [অতএব] বিবশাঃ (সন্তঃ) সংপ্রলীয়ন্তে, [তদা] এষঃ প্রাকৃতিকঃ লয়ঃ [সম্ভবতি] ॥২২

বুদ্ধীন্দ্রিয়ার্থরূপেণ অন্তর্বহিরিন্দ্রিয়ার্থরূপেণ (অন্তরিন্দ্রিয়বহিরিন্দ্রিয়বিষয়রূপেণ) [পরমাত্মলক্ষণং] জ্ঞানং তদাশ্রয়ং (তেষামাশ্রয়রূপং) ভাতি, [যতঃ] দৃশ্যত্বাব্যতিরেকাভ্যাং (দৃশ্যত্বং তৎপ্রকাশকত্বং, অব্যতিরেকস্তদব্যতিরেকঃ, তাভ্যাং যৎ আদ্যন্তবৎ, [তৎ] অবস্তু ॥২৩

কালের অবয়ব (দিবা-রাত্রি-মাস-বর্ষাদি)-সমূহের দ্বারা সেই পরমতত্ত্বের পরিণামাদি (ভাববিকার) গুণসমূহ (সমুৎপন্ন) হয় না। এই পরমতত্ত্ব অনাদি, অনন্ত, অব্যক্ত (অতএব) নিত্য, অব্যয় ও (সমস্ত কারণেরও) সর্বকারণ।১৯

এই পরমতত্ত্বের (পরিমাণাদি স্বরূপ নিরূপণে) বাক্য (ভাষা) ও মনঃ প্রবর্তিত হয় না (অর্থাৎ কোনও বাক্যের দ্বারা তাহা প্রকাশ করা যায় না—"যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" এই শ্রুতি) তাঁহাতে সত্ত্ব, রজঃ, তমোগুণ বা মহত্তত্ত্বাদিও বর্তমান থাকে না। প্রাণ, বুদ্ধি, ইন্দ্রিয়, ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাসমূহও নাই অথবা ত্রৈলোক্য রচনাসন্নিবেশ (ভূরাদিসপ্তলোক নির্মাণ কল্পনার উপাদানও) বিদ্যমান থাকে না। তাঁহাতে স্বপ্ন নাই—জাগরণ নাই—সুষুপ্তি নাই,—নাই তাঁহাতে আকাশ,—নাই তাঁহাতে জল,—নাই তাঁহাতে পৃথিবী, বায়ু, অগ্নি, সূর্য্য (সর্বনিরপেক্ষ স্বানন্দতৃপ্ত বলিয়া) সম্যক্‌ভাবে সুপ্তের (নিদ্রিতের) ন্যায়—শূন্যের মত অপ্রতর্ক্য (যুক্তিবিচার প্রভৃতি তর্কের দ্বারা অনিরূপণীয়)রূপে অবস্থিত। তাঁহাকেই (সেই পরমতত্ত্বকেই সকলের) মূলভূত (সর্বকারণস্বরূপ) পদ (লয়স্থান) বলিয়া বেদসমূহ বর্ণন করিয়া থাকেন।২০-২১

যখন এইভাবে পুরুষ ও (অব্যক্ত) প্রকৃতির পরতত্ত্বে লয় হয়, তখন (পৃথিবী হইতে আরম্ভ করিয়া মহত্তত্ত্ব পর্য্যন্ত) শক্তিসমূহ কালকর্ত্তৃক পরিচালিত হইতে থাকিলে অবশ হইয়া (পূর্বকথিতরূপে নিজ নিজ কারণে) লয়প্রাপ্ত হয় এবং ইহাই প্রাকৃতিক প্রলয় নামে কথিত হইয়া থাকে।২২

(অনন্তর চেতন ও অচেতন পদার্থসমূহ এক ব্রহ্ম হইতে অভিন্ন এই শ্রৌতসিদ্ধান্ত অবলম্বন করিয়া সাংখ্যাদিসিদ্ধান্ত নিরাকরণপূর্বক আত্যন্তিক

দীপশ্চক্ষুশ্চ রূপং চ জ্যোতিষো ন পৃথগ্ ভবেৎ।
এবং ধীঃ খানি মাত্রাশ্চ ন স্যুরন্যতমাদৃতাৎ ॥২৪
বুদ্ধের্জাগরণং স্বপ্নঃ সুষুপ্তিরিতি চোচ্যতে।
মায়ামাত্রমিদং রাজন্ নানাত্বং প্রত্যগাত্মনি ॥২৫

দীপঃ, চক্ষুঃ, রূপং চ [যথা] জ্যোতিষঃ (জ্যোতিরংশরূপত্বাৎ) পৃথক্ ন ভবেৎ, এবং (তথা) ধীঃ (বুদ্ধিঃ) খানি (ইন্দ্রিয়াণি) মাত্রাঃ (বিষয়াঃ) অন্যতমাৎ (কার্য্যাৎ অত্যন্তব্যতিরেকত্বাৎ) ঋতাৎ (ব্রহ্মণঃ) ন [পৃথগ্ভূতাঃ] স্যুঃ (ভবন্তি) ॥২৪

জাগরণং স্বপ্নঃ সুষুপ্তিঃ ইতি বুদ্ধেঃ [অবস্থা] উচ্যতে [হে রাজন্] প্রত্যগাত্মনি নানাত্বম্ (নানারূপত্বম্) ইদং মায়ামাত্রম্ ॥২৫

যথা জলধরা ব্যোম্নি ভবন্তি ন ভবন্তি চ।
ব্রহ্মণীদং তথা বিশ্বমবয়ব্যুদয়াপ্যয়াৎ ॥২৬
সত্যং হ্যবয়বঃ প্রোক্তঃ সর্ব্বাবয়বিনামিহ।
বিনার্থেন প্রতীয়েরন্ পটস্যেবাঙ্গ তন্তবঃ ॥২৭

জলধরাঃ (মেঘাঃ) ব্যোম্নি (আকাশে) যথা ভবন্তি ন ভবন্তি চ, ব্রহ্মণি ইদং বিশ্বং তথা উদয়াপ্যয়াৎ (উদয়াৎ বৃদ্ধেঃ অপ্যয়াৎ ক্ষয়াৎ) অবয়বি (আত্মবৎ) ॥২৬

অঙ্গ (হে রাজন্ !) পটস্য (বস্ত্রস্য) তন্তবঃ (সূত্রাণি) ইব অর্থেন বিনা যথা পৃথক্ প্রতীয়েরন্ (প্রতীয়ন্তে), [তথা স্থূলবস্তুনাম্] অবয়বঃ (কারণং) প্রোক্তঃ সত্যং (ব্যভিচাররহিত ইত্যর্থঃ) ॥২৭

প্রলয়ের স্বরূপ প্রদর্শন করা যাইতেছে। গৃহাদিতে মমত্বাভিমান, দেহাদিতে আত্মত্বাভিমান, নিজের স্বাধীন সামর্থ্যাভিমান প্রভৃতি পরিহার করিয়া সাধন (শমদমাদি) সম্পত্তিদ্বারা নিত্য শুদ্ধবুদ্ধস্বরূপ ভাবনায় ব্রহ্মভাবাপন্ন হইতে পারিলে মোক্ষ হইয়া থাকে—তাহাকেই নিত্যপ্রলয় বলা হয়। (অতএব বেদবিরোধরূপে প্রতিভাত সাংখ্যবৈশেষিকপ্রমুখ ব্রহ্মৈকাত্মকত্বপক্ষের অস্বীকারকারিগণের মত অপ্রমাণ বলিয়া সমস্তই ব্রহ্মের কার্য্যরূপে ব্রহ্ম-স্বরূপ তাহা বর্ণন করিতেছেন) দৃশ্যত্ব (জীবগণের ভোগসিদ্ধি) ও আব্যতিরেক (আ-সম্যক্, ব্যতিরেক, লোকসৃষ্টির ব্যাপাররহিত মোক্ষ) অর্থাৎ জীবগণের ভোগ ও মোক্ষ সিদ্ধির জন্য বুদ্ধি, ইন্দ্রিয়সমূহ ও শব্দাদি বিষয়সমূহরূপে ইহাদের আশ্রয় জ্ঞান (ব্রহ্ম)ই প্রকাশ পাইয়া থাকেন। অর্থাৎ কল্পনা (ভ্রম) অপগত হইলে কল্পিত বস্তুসমূহের আশ্রয়ই অবশিষ্ট থাকে; সমস্ত জগৎ ব্রহ্মের বিবর্ত। যাহার আদি ও অন্ত আছে, তাহা অবস্তু অর্থাৎ অনিত্য, জগতের আদি ও অন্ত আছে—তাহা ব্রহ্মের কার্য্য সুতরাং অনিত্য; জগৎকারণ ব্রহ্মই একমাত্র নিত্য—বস্তু।২৩

দীপ, চক্ষু ও রূপ যেমন তেজ হইতে পৃথক্ বস্তু নয়, সেইরূপ বুদ্ধি, ইন্দ্রিয়সমূহ ও (মাত্রা) শব্দাদি-বিষয়সমূহ স্বরূপতঃ ভিন্নরূপ (ঋতাৎ) নিত্য সত্য পরমকারণ ব্রহ্ম হইতে ভিন্ন নয়।২৪

জাগরণ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিনটিকে বুদ্ধির তিনটি অবস্থা বলিয়া বলা হয়; হে রাজন্। বস্তুতঃ চেতনস্বরূপ (জীব ও ব্রহ্মের ঐক্যবশতঃ) জীবাত্মায় এই অবস্থাত্রয়ের প্রতীতি (অববোধ) (অঘটনঘটন নিপুণা) মায়াশক্তির কার্য্যমাত্র। (বস্তুতঃ চেতন-স্বরূপ জীবাত্মাতেও বিকারাদি কিছুই হইতে পারেনা।২৫

আকাশে যেমন মেঘসকল উৎপন্ন হয় আবার লয় প্রাপ্ত হয়, সেইরূপ (পরা ও অপরা প্রকৃতিদ্বয় সংযুক্ত রূপ) অবয়বী বিশ্ব (সৃষ্টির জন্য) ব্রহ্মে উৎপন্নও হয় আবার (সংহারের জন্য) বিলয়প্রাপ্তও হইয়া থাকে।২৬

মহাত্মন্! বস্ত্রে (অবয়বী)-র সূত্রগুলি যেমন সত্য, সেইরূপ জগতে ঘট প্রাসাদ প্রভৃতি অবয়বী পদার্থসমূহের কারণ অবয়বসমূহ সত্য বলিয়া বলা হইয়া থাকে। তাহা না হইলে (অর্থ) অবয়ব-রূপ কারণ পদার্থ ছাড়া অবয়বীরূপ

যৎ সামান্য-বিশেষাভ্যামুপলভ্যেত স ভ্রমঃ।
অন্যোন্যাপাশ্রয়াৎ সর্বমাদ্যন্তবদবস্তু যৎ ॥২৮

বিকারঃ খ্যায়মানোঽপি প্রত্যগাত্মানমন্তরা।
ন নিরূপ্যোঽস্ত্যণুরপি স্যাচ্চেচ্চিৎসম আত্মবৎ ॥২৯

ন হি সত্যস্য নানাত্বমবিদ্বান্ যদি মন্যতে।
নানাত্বং ছিদ্রয়োর্যদ্বজ্জ্যোতিষোর্বাতয়োরিব ॥৩০

যথা হিরণ্যং বহুধা সমীয়তে
নৃভিঃ ক্রিয়াভির্ব্যবহারবর্ত্মসু।
এবং বচোভির্ভগবানধোক্ষজো
ব্যাখ্যায়তে লৌকিক-বৈদিকৈর্জনৈঃ ॥৩১

সামান্য-বিশেষাভ্যাং (সামান্যং কারণং, বিশেষঃ কার্য্যং তাভ্যাং) যৎ উপলভ্যতে সঃ ভ্রমঃ, অন্যোন্যাপাশ্রয়াৎ (পরস্পরাপেক্ষ্যত্বেন) যৎ আদ্যন্তবৎ, তৎ সর্ব্বম্ অবস্তু (মিথ্যা-ভূতমিত্যর্থঃ) ॥২৮

খ্যায়মানঃ (প্রকাশমানঃ) অপি বিকারঃ (প্রপঞ্চঃ) প্রত্যাগাত্মানম্ অন্তরা (প্রত্যগাত্মপ্রকাশং বিনা) অণুঃ অপি (অণুমাত্রোঽপি ন নিরূপ্যঃ অস্তি স্যাৎ) চেৎ [তর্হি সঃ] চিৎসমঃ (চিদ্রূপেণ আত্মনা সমঃ সপ্রকাশো ভবেৎ) [তথা চ সতি সঃ অপি] আত্মবৎ (পরমাত্মা ইব) ॥২৯

সত্যস্য নানাত্বং নহি (নাস্তি), অবিদ্বান্ (অজ্ঞঃ) যদি নানাত্বং মন্যতে, [তৎ] ছিদ্রয়োঃ (ঘটাকাশমহাকাশয়োঃ) জ্যোতিষোঃ [জলস্থস্য আকাশস্থস্য চ] সূর্য্যয়োঃ বাতয়োঃ (বাহ্যবায়োঃ দেহস্থবায়োশ্চ) ইব যাবৎ [নানাত্বং তদ্বৎ] ॥৩০

[একং] হিরণ্যং (সুবর্ণং) যথা ব্যবহারবর্ত্মসু (অলঙ্কারাদিব্যবহারকর্ম্মসু) নৃভিঃ (মানুষৈঃ) ক্রিয়াভিঃ (রচনাভেদৈঃ) বহুধা প্রতীয়তে, এবং (তদ্বৎ) লৌকিক-বৈদিকৈঃ বচোভিঃ জনৈঃ ভগবান্ অধোক্ষজঃ [বহুধা] ব্যাখ্যায়তে (ব্যাখ্যাতো ভবতি) ॥৩১

কার্য্য-পদার্থের উৎপত্তিও প্রতীত হইত।* সুতরাং ব্রহ্ম জগৎ আকারে বিবর্তিত হন। ব্রহ্ম ছাড়া জগৎ উৎপন্নই হইতে পারিত না, তাই তিনি জগতের উপাদান ও নিমিত্তকারণ।২৭

(ব্যাবহারিক জগতে কার্য্য ও কারণের পরস্পর আশ্রিতত্ব দেখা যায় না বলিয়া) কারণ মৃত্তিকা-পিণ্ডাদি সামান্যরূপে কার্য্য ঘটাদি বিশেষরূপে যে অত্যন্ত পার্থক্য বোধ হইয়া থাকে, তাহা (অসৎ-কার্য্যবাদিগণের) ভ্রম। (যেহেতু মৃত্তিকা ছাড়া ঘটের পৃথক্ বস্তুসত্তা নাই, সুতরাং কার্য্য ও কারণ নাম ও রূপে ভিন্ন হইলেও তত্ত্বাংশে ভিন্ন নহে। এইরূপে কার্য্যজগৎ ব্রহ্মস্বরূপ হইলেও জগদ্-বুদ্ধি পরিত্যাগ করিয়া ব্রহ্মভাবপ্রাপ্তিই মুক্তি।) যাহা অবস্তু—যাহা যাহা কার্য্য সেই সমস্তই আদি ও অন্তযুক্ত বলিয়া সমস্ত কার্য্যজগৎই অনিত্য এবং এই সকলের কারণ বলিয়া ব্রহ্মই একমাত্র সত্য। (আর সেই নিত্য ব্রহ্মস্বরূপ প্রাপ্তিই মুক্তি)।২৮

ঘটপটাদিনামও নীলপীতাদি আকারে জ্ঞানের বিকার প্রকাশিত হইলেও জীবাত্মার মধ্যে তাহার এক কণাও নিরূপিত (সংশ্লিষ্ট) হয় না। জীবাত্মার মধ্যে যদি জ্ঞানরূপ গুণ থাকে, তাহা হইলে তাহা জ্ঞানস্বরূপ জীবাত্মার তুল্য (নিত্য) (ইহা দ্বারা জ্ঞান প্রভৃতি গুণ আত্মাকে আশ্রয় করিয়া থাকে—"বুদ্ধ্যাদি গুণবান্ আত্মা" এই তার্কিক মত নিরস্ত হইল। বস্তুতঃ আত্মা জ্ঞানস্বরূপ—জ্ঞানের আশ্রয় নহে।) ।২৯

* তাহা কিন্তু হয় না—তাৎপর্য্য এই যে ঘট, শরাব, প্রভৃতি মৃত্তিকাজাত বস্তুসমূহের এক একটা নাম ও এক একটা স্বতন্ত্র রূপ থাকিলেও আসলে তাহা মৃত্তিকা ছাড়া অন্য কিছু নহে। সেইরূপ ঘটপট—গাছ পাতা—বাঘ সিংহ প্রভৃতি যাহা আমরা সর্বদা দেখিতেছি সেগুলিরও পৃথক্ পৃথক্ একটা নাম ও পৃথক্ পৃথক্ একটা রূপ থাকিলেও আসলে সেইগুলি তাহাদের মূল উপাদানকারণ ব্রহ্ম ছাড়া অন্য কিছুই নহে। এই নামরূপ লইয়াই জগৎ আর সেই নামরূপ বাদ দিলে যে সৎ চিৎ ও আনন্দের প্রকাশ—তাহাই ব্রহ্মের স্বরূপ।

যথা ঘনোঽর্কপ্রভবোঽর্কদর্শিতো
হ্যর্কাংশভূতস্য চ চক্ষুষস্তমঃ।
এবং ত্বহং ব্রহ্মগুণস্তদীক্ষিতো
ব্রহ্মাংশকস্যাত্মন আত্মবন্ধনঃ ॥৩২
ঘনো যদার্কপ্রভবো বিদীর্যতে
চক্ষুঃস্বরূপং রবিমীক্ষতে তদা।

অর্কপ্রভবঃ (সূর্য্যাৎ জাতঃ) ঘনঃ (মেঘঃ) অর্কদর্শিতঃ (অর্কেণৈব প্রকাশিতঃ) [অপি] অর্কাংশভূতস্য চক্ষুষঃ তমঃ (আবরকঃ ভবতি) এবং (তদ্বৎ) অহং (অহঙ্কারঃ) ব্রহ্মগুণঃ (ব্রহ্মকার্য্যভূতঃ) তদীক্ষিতশ্চ [অপি] ব্রহ্মাংশকস্য আত্মনঃ (জীবস্য) আত্মবন্ধনং (ব্রহ্মস্বরূপদর্শনপ্রতিবন্ধকঃ) [ভবেৎ] ॥৩২

যথা অর্কপ্রভবঃ ঘনঃ [যদা] বিদীর্য্যতে (বিদীর্ণো ভবতি), তদা চক্ষুঃস্বরূপং রবিম্ ঈক্ষতে, [তদ্বৎ] যদা আত্মনঃ

সত্যের (ব্রহ্মের) নানাত্ব (বহুত্ব) সম্ভব হয় না। যদি কেহ ছিদ্রদ্বয়ের (অর্থাৎ মহাকাশ ও ঘটাকাশের) ন্যায় জ্যোতির্দ্বয়ের (সূর্য্যাদির বিম্ব ও প্রতিবিম্বের) ন্যায় বায়ুদ্বয়ের মহাবায়ু ও প্রাণাদি স্বল্পবায়ুর , ন্যায় ব্রহ্মের নানাত্ব কল্পনা করে, তাহা হইলে সে ব্যক্তি অজ্ঞ।৩০

যেমন একই স্বর্ণ (ক্রয়বিক্রয় প্রভৃতি নানা প্রকার) ব্যাবহারিক মার্গে নানাপ্রকার (নির্মাণ) কার্য্যের দ্বারা মনুষ্যগণকর্তৃক (বালা, হার, কুণ্ডল প্রভৃতি) নানাভাবে প্রতীত হয়, সেইরূপ অধোক্ষজ (ইন্দ্রিয়জন্য জ্ঞানের অতীত) (সর্ব্বশক্তিমান্ সর্বজ্ঞ সর্ব্বকারণেরও কারণ) একই ভগবান্ (পুরাণশাস্ত্রজ্ঞানী) সাধারণ জনগণ ও বেদসমূহতত্ত্বজ্ঞ ব্যক্তিগণ কর্তৃক নানাপ্রকার (বিশ্ব হইতে ব্রহ্ম অভিন্ন, ভিন্ন বা ভিন্নাদি) বাক্যসমূহের দ্বারা ব্যাখ্যাত হইয়া থাকেন।৩১

সূর্য্য হইতে উৎপন্ন এবং সূর্য্য কর্তৃক প্রকাশিত মেঘ যেমন সূর্য্যের (তেজঃপদার্থের) অংশস্বরূপ চক্ষুর (তম.) সূর্য্যদর্শনের প্রতিবন্ধক হয়, সেইরূপ ব্রহ্ম শক্তি (গুণ) কার্য্য ও ব্রহ্ম দ্বারা প্রকাশিত (অহং) "অহং" "মম" আমি আমার স্বরূপ অহঙ্কার ব্রহ্মের অংশরূপ জীবের আত্মবন্ধন অর্থাৎ ব্রহ্মস্বরূপ হওয়ার প্রতিবন্ধক হইয়া থাকে।৩২

যদা হ্যহঙ্কার উপাধিরাত্মনো
জিজ্ঞাসয়া নশ্যতি তর্হ্যনুস্মরেৎ ॥৩৩
যদৈবমেতেন বিবেকহেতিনা
মায়াময়াহংকরণাত্মবন্ধনম্ ।
ছিত্ত্বাচ্যুতাত্মানুভবোঽবতিষ্ঠতে
তমাহুরাত্যন্তিকমঙ্গ সম্প্লবম্ ॥৩৪

উপাধিঃ অহঙ্কারঃ জিজ্ঞাসয়া (ব্রহ্মজিজ্ঞাসয়া) নশ্যতি, তর্হি (তদা) অনুস্মরেৎ [ব্রহ্ম ইতি শেষঃ] ॥৩৩

অঙ্গ হে [রাজন্ !] এতেন বিবেকহেতিনা (জ্ঞানাসিনা) মায়াময়াহঙ্করণাত্মবন্ধনং (মায়াময়ং যৎ অহঙ্করণম্ অহঙ্কারঃ তেন আত্মবন্ধনং তৎ) ছিত্ত্বা [যঃ] অচ্যুতাত্মানুভবঃ (অচ্যুতে ভগবতি আত্মনঃ অনুভবঃ সঃ) যদাবতিষ্ঠতে, তম্ আত্যন্তিকং সংপ্লবম্ (আত্যন্তিকপ্রলয়ম্ আহুঃ) ॥৩৪

সূর্য্য হইতে উৎপন্ন মেঘ যখন বায়ুপ্রবাহের দ্বারা ছিন্নভিন্ন হইয়া যায়, তখন যেমন চক্ষুঃ তাহার নিজরূপ সূর্য্যকে দেখিতে পায়, সেইরূপ যখন জীবাত্মার (উপাধি "অহং" "মম" এই প্রকার অভিমান—অহঙ্কার) (বেদান্ততত্ত্ব) জিজ্ঞাসা (রূপ সূক্ষ্মবিচার) দ্বারা বিনাশপ্রাপ্ত হয়, তখন জীব আত্মস্বরূপ ও পরমাত্মস্বরূপের একত্ব দর্শন করিতে পারে।৩৩

যখন এইভাবে জীবাত্মা ও পরমাত্মার স্বরূপ বিবেক (জ্ঞান)রূপ শস্ত্রের দ্বারা মায়াময় অহঙ্কাররূপ আত্মবন্ধনকে ছিন্ন করিয়া পূর্ণ-পরমাত্মাকে অনুভব করিতে থাকে, হে মহাত্মন্। তখন সেই মোক্ষকেই বিবেকিগণ আত্যন্তিক (সংপ্লব) প্রলয় বলিয়া থাকেন।৩৪

নিত্যদা সর্বভূতানাং ব্রহ্মাদীনাং পরন্তপ।
উৎপত্তি-প্রলয়াবেকে সূক্ষ্মজ্ঞাঃ সম্প্রচক্ষতে ॥৩৫
কালস্রোতোজবেনাশু হ্রিয়মাণস্য নিত্যদা।
পরিণামিনামবস্থাস্তা জন্মপ্রলয়হেতবঃ ॥৩৬
অনাদ্যন্তবতানেন কালেনেশ্বরমূর্ত্তিনা।
অবস্থা নৈব দৃশ্যন্তে বিয়তি জ্যোতিষামিব ॥৩৭
নিত্যো নৈমিত্তিকশ্চৈব তথা প্রাকৃতিকো লয়ঃ।
আত্যন্তিকশ্চ কথিতঃ কালস্য গতিরীদৃশী ॥৩৮

[হে] পরন্তপ (পরীক্ষিৎ)। একে (কেচন) সূক্ষ্মজ্ঞাঃ (সূক্ষ্মদর্শিনঃ) ব্রহ্মাদীনাং (ব্রহ্মাদি-স্থাবরান্তানাং সর্ব্বভূতানাং) নিত্যদা (অহরহঃ) উৎপত্তিপ্রলয়ৌ সংপ্রচক্ষতে (ব্রুবন্তি) ॥৩৫

কালস্রোতোবেগেন (কালরূপস্রোতসো বেগেন) নিত্যদা (প্রত্যহং) আশু হ্রিয়মাণস্য (আকৃষ্যমাণস্য) পরিণামিনাম্ (দেহাদীনাং) [যাম্] অবস্থাঃ, তাঃ জন্মপ্রলয়হেতবঃ (উৎপত্তিবিনাশয়োঃ কারণম্) ॥৩৬

অনেন অনাদ্যন্তবতা (আদ্যন্তরহিতেন) ঈশ্বরমূর্ত্তিনা কালেন [পরিণামিপদার্থানাং] [কৃতা] অবস্থা বিয়তি (আকাশে) জ্যোতিষাম্ ইব ন দৃশ্যন্তে এব ॥৩৭

নিত্যঃ নৈমিত্তিকঃ প্রাকৃতিকঃ তথা আত্যন্তিকঃ লয়ঃ কথিতঃ কালস্য গতিঃ ঈদৃশী [এব] ॥৩৮

হে শত্রুপীড়ক মহারাজ। কোন কোন সূক্ষ্মদর্শী পণ্ডিত ব্রহ্ম হইতে আরম্ভ করিয়া সমস্ত ভূত (জীব)-দেহের প্রতিক্ষণে উৎপত্তি ও প্রলয় (বিনাশ) হয় বলিয়া বর্ণন করেন (ইহাই নিত্য প্রলয়) ।৩৫

প্রতিক্ষণে উৎপত্তি-বিনাশশীল দীপশিখা প্রভৃতির যে সকল অবস্থা—সেই সকল অবস্থাই কালপ্রবাহের বেগে সত্বর পরিবর্তনশীল দেহাদি তাবৎ পদার্থের প্রতিক্ষণে যে উৎপত্তি ও বিনাশ হইয়া থাকে, তাহা (দীপশিখার দৃষ্টান্তে) অনুমান করা যায়।৩৬

আকাশে সূর্য্যাদি জ্যোতিষ্কসকলের (চলাচল) অবস্থার ন্যায় এই আদি ও অন্তহীন (অর্থাৎ নিত্য) ঈশ্বরমূর্তি (যেহেতু কালই বিষ্ণুর স্বরূপ) কালের দ্বারা (পরিচালিত প্রতিক্ষণে পরিবর্তনশীল সমস্ত জগতের কৃত অবস্থা সকলও দেখিতে পাওয়া যায় না।৩৭

নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক ও আত্যান্তিক প্রলয় কথিত হইল, কালের গতি এইপ্রকার (দুর্বিজ্ঞেয়।) ।৩৮

এতাঃ কুরুশ্রেষ্ঠ জগদ্বিধাতু-
র্নারায়ণস্যাখিলসত্ত্বধাম্নঃ।
লীলাকথাস্তে কথিতাঃ সমাসতঃ
কার্ৎস্ন্যেন নাজোঽপ্যভিধাতুমীশঃ ॥৩৯
সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষো-
র্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য।
লীলাকথারসনিষেবণমন্তরেণ
পুংসো ভবেদ্ বিবিধদুঃখদবার্দিতস্য ॥৪০

[হে] কুরুশ্রেষ্ঠ। অখিলসত্ত্বধাম্নঃ (সমস্তজীবগতেঃ) জগদ্বিধাতুঃ (বিশ্বনিয়ন্তুঃ) নারায়ণস্য এতাঃ লীলাকথাঃ সমাসতঃ (সংক্ষেপেণ) তে কথিতাঃ, অজঃ (ব্রহ্মা) অপি কার্ৎস্ন্যেন (নিঃশেষেণ) [তাঃ] অভিধাতুং (কথয়িতুং) ন ঈশঃ (সমর্থঃ) ॥৩৯

বিবিধদুঃখার্দিতস্য (নানাদুঃখপীড়িতস্য) অতিদুস্তরং সংসারসিন্ধুম্ (সংসারসাগরম্) উত্তিতীর্ষোঃ (সংসারসাগরপারং গন্তুমিচ্ছোঃ) পুংসঃ পুরুষোত্তমস্য ভগবতঃ লীলাকথারসনিষেবণমন্তরেণ (লীলাকথারসনিষেবণং বিনা) অন্যঃ প্লবঃ (পোতঃ আশ্রয় ইতি যাবৎ) ন ভবেৎ ॥৪০

হে কৌরবশ্রেষ্ঠ। জগতের বিধাতা অখিল প্রাণীর আশ্রয় ভগবান্ নারায়ণের এই সমস্ত লীলা-কথা সংক্ষেপে বর্ণন করিলাম, স্বয়ং ব্রহ্মাও এই সকল (লীলাকথা) সম্পূর্ণরূপে বর্ণন করিতে সমর্থ নহেন।৩৯

বিবিধ দুঃখ(রূপ)-দাবানলে পীড়িত অত্যন্ত দুস্তর এই সংসারসমুদ্র পার হইতে অভিলাষী পুরুষের পুরুষোত্তম শ্রীভগবানের লীলাকথার

পুরাণসংহিতামেতামৃষির্নারায়ণোঽব্যয়ঃ।
নারদায় পুরা প্রাহ কৃষ্ণদ্বৈপায়নায় সঃ ॥৪১

স বৈ মহ্যং মহারাজ ভগবান্ বাদরায়ণঃ।
ইমাং ভাগবতীং প্রীতঃ সংহিতাং বেদসম্মিতাম্ ॥৪২

এতাং বক্ষ্যত্যসৌ সূত ঋষিভ্যো নৈমিষালয়ে।
দীর্ঘসত্রে কুরুশ্রেষ্ঠ সম্পৃষ্টঃ শৌনকাদিভিঃ ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পরমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪

[হে] মহারাজ। অব্যয়ঃ ঋষিঃ নারায়ণঃ এতাং পুরাণ-সংহিতাং পুরা নারদায় প্রাহ [কথিতবান্), [হে] কুরুশ্রেষ্ঠ। সঃ (নারদঃ) কৃষ্ণদ্বৈপায়নায় (বেদব্যাসায়) [প্রাহ], ভগবান্ বাদারায়ণঃ (ব্যাসঃ) প্রীতঃ সন্ মহ্যম্ (শুকায়) ইমাং বেদসম্মিতাং ভাগবতীং প্রাহ। (ততঃ) নৈমিষালয়ে (নৈমিষারণ্যে) দীর্ঘসত্রে (দ্বাদশবার্ষিক-যজ্ঞক্ষেত্রে) শৌনকাদিভিঃ সংপৃষ্টঃ (সন্) অসৌ সূতঃ এতাং ঋষিভ্যঃ বক্ষ্যতি ॥৪১-৪৩

দ্বাদশস্কন্ধে চতুর্থাধ্যায়াম্বয়ঃ সমাপ্তঃ।

রসাস্বাদন ব্যতীত অন্য কোন (সংসারসাগর পারের) ভেলা নাই।৪০

পুরাকালে অব্যয় (সনাতন) নারায়ণঋষি দেবর্ষি নারদকে এই (ভাগবতনামক) পুরাণ-সংহিতা উপদেশ প্রদান করিয়াছিলেন। অনন্তর নারদ মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসকে তাহা (সেই ভাগবত-পুরাণ-সংহিতা) উপদেশ প্রদান করেন।৪১

হে মহারাজ! (পরীক্ষিৎ!) সেই ভগবান্ বেদব্যাসই প্রসন্ন হইয়া আমাকে বেদতুল্য এই ভাগবতী সংহিতা উপদেশ প্রদান করিয়াছেন।৪২

হে কুরুপ্রধান! এই যে সম্মুখে সূত বসিয়া আছেন, তিনিই নৈমিষারণ্যে দীর্ঘকালব্যাপী যজ্ঞে শৌনকপ্রমুখ মুনিগণ কর্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাদের নিকট এই ভাগবতী সংহিতা বর্ণনা করিবেন।৪৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দ্বাদশস্কন্ধে পণ্ডিত শ্রীযাদবেন্দ্রনাথ রায় ন্যায়তর্কতীর্থ-কৃত চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ।

[শ্রীশুকদেবকর্তৃকাত্মতত্ত্বোপদেশদ্বারা মহারাজস্য পরীক্ষিতস্তক্ষকদংশনজনিত-মৃত্যুভয়নিবারণবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।

অত্রানুবর্ণ্যতেঽভীক্ষ্ণং বিশ্বাত্মা ভগবান্ হরিঃ।
যস্য প্রসাদজো ব্রহ্মা রুদ্রঃ ক্রোধসমুদ্ভবঃ ॥১

অন্বয়ঃ

[জগতঃ কর্তা] ব্রহ্মা [অপি] যস্য প্রসাদতঃ (অনুগ্রহাৎ জাতঃ) [স ন স্বতন্ত্রঃ পরন্তু পরতন্ত্র এব] রুদ্রঃ [যস্য]

পঞ্চম অধ্যায়।

[শুকদেব কর্তৃক আত্মতত্ত্বোপদেশের দ্বারা মহারাজ পরীক্ষিতের তক্ষকদংশনজনিত মৃত্যুভয় নিবারণ বর্ণন]

শ্রীশুকদেব বলিলেন,—(হে মহারাজ!) ব্রহ্মা যাঁহার প্রসন্নতা হইতে এবং রুদ্র যাঁহার ক্রোধ হইতে জন্মগ্রহণ করিয়াছেন, এই মহাপুরাণে নিখিল জগতের আত্মস্বরূপ সেই ভগবান্ শ্রীহরিই পুনঃ পুনঃ বর্ণিত হইয়াছেন।১

ত্বং তু রাজন্ মরিষ্যেতি পশুবুদ্ধিমিমাং জহি ।
ন জাতঃ প্রাগভূতোঽদ্য দেহবত্ত্বং ন নঙ্ক্ষ্যসি ॥২

ন ভবিষ্যসি ভূত্বা ত্বং পুত্র-পৌত্রাদিরূপবান্ ।
বীজাঙ্কুরবদ্ দেহাদের্ব্যতিরিক্তো যথানলঃ ॥৩

স্বপ্নে যথা শিরশ্ছেদং পঞ্চত্বাদ্যাত্মনঃ স্বয়ম্ ।
যস্মাৎ পশ্যতি দেহস্য তত আত্মা হ্যজোঽমরঃ ॥৪

ঘটে ভিন্নে যথাকাশ আকাশঃ স্যাদ্ যথা পুরা ।
এবং দেহে মৃতে জীবো ব্রহ্ম সম্পদ্যতে পুনঃ ॥৫

মনঃ সৃজতি বৈ দেহান্ গুণান্ কর্ম্মাণি চাত্মনঃ ।
তন্মনঃ সৃজতে মায়া ততো জীবস্য সংসৃতিঃ ॥৬

স্নেহাধিষ্ঠানবর্ত্যগ্নিসংযোগো যাবদীয়তে ।
ততো দীপস্য দীপত্বমেবং দেহকৃতো ভবঃ ।
রজঃ-সত্ত্ব-তমোবৃত্ত্যা জায়তেঽথ বিনশ্যতি ॥৭

ক্রোধসম্ভবঃ [সঃ অপি ন স্বতন্ত্রঃ], সঃ বিশ্বাত্মা ভগবান্ হরিঃ অত্র (ভাগবতে) অভীক্ষ্ণম্ (বাহুল্যেন) অনুবর্ণ্যতে ॥১

[হে] রাজন্ ! ত্বং মরিষ্যে ইতি ইমাং পশুবুদ্ধিং (অবিবেকং) জহি (ত্যজ), [যতঃ] দেহবৎ (দেহবান্) ত্বং প্রাক্ ন জাতঃ, ন অদ্য অভূতঃ, নঙ্ক্ষ্যসি (ন বিনাশং প্রাপ্স্যসি) ॥২

বীজাঙ্কুরবৎ (বীজাৎ যথা অঙ্কুরঃ তদ্বৎ ত্বং) পুত্রপৌত্রাদিরূপবান্ (পুত্রপৌত্রাদিরূপেণ) ভূত্বা ন পুনঃ ভবিষ্যসি, অনলঃ যথা কাষ্ঠাৎ ব্যতিরিক্তঃ, [তথা ত্বম্ অপি] দেহাদেঃ ব্যতিরিক্তঃ ॥৩

স্বপ্নে যথা (যেন কারণেন) স্বয়ম্ আত্মনঃ শিরশ্ছেদম্ এবং জাগরণে যস্মাৎ (যেন হেতুনা) দেহস্য পঞ্চত্বাদি (মৃত্যুং) পশ্যতি, [তদিদং ভ্রমমাত্রম্ বস্তুতঃ] আত্মা হি অজঃ অমরঃ (জন্ম-মরণশূন্যঃ) ॥৪

ঘটে ভিন্নে (ভগ্নে) পুরা (পূর্ব্বং) [যথা আকাশঃ আসীৎ, তথা (ঘটাকাশঃ) স্যাৎ (ভবেৎ), এবং দেহে মৃতে জীবঃ পুনঃ ব্রহ্ম (পরমাত্মানং) সম্পদ্যতে ॥৫

মনঃ আত্মনঃ (জীবস্য) দেহান্ গুণান্ কর্ম্মাণি চ সৃজতি, তন্মনঃ মায়া সৃজতে, ততঃ (তেন) জীবস্য সংসৃতিঃ (সংসারঃ) ॥৬

হে রাজন্ ! (যেহেতু আপনি এই ভাগবত-সংহিতা শ্রবণ করিয়া তত্ত্বজ্ঞান লাভ করিয়াছেন অতএব) "আমি মরিয়া যাইব" (অবিবেক জনিত) এই পশু(তুল্য) বুদ্ধি পরিত্যাগ করুণ। দেহের ন্যায় (দেহ যেমন পূর্বে ছিলনা, বর্তমানে জন্মিয়াছে আবার ভবিষ্যতে নষ্টও হইয়া যাইবে—সেইরূপ—আত্মস্বরূপ) আপনি পূর্বে অবর্তমান থাকিয়া আজ জন্মগ্রহণ করেন নাই বা ভবিষ্যতে বিনষ্টও হইয়া যাইবেন না ।২

(আত্মস্বরূপ) আপনি জন্মগ্রহণ করিয়া বীজাঙ্কুরের ন্যায় (বীজ হইতে অঙ্কুর, অঙ্কুর হইতে আবার বীজ, আবার বীজ হইতে অঙ্কুর, এইরূপ পরম্পরায়) পুত্র, পৌত্রাদিরূপে পুন. পুনঃ উৎপন্ন হইবেন না। অনলের ন্যায় (অগ্নি যেমন কাষ্ঠরাশি হইতে ভিন্ন সেইরূপ) আপনি দেহাদি (দেহ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি, প্রাণ, অহঙ্কার প্রভৃতি) হইতে ভিন্ন ।৩

জীবাত্মা স্বপ্নে যেমন (স্বপ্ন দেহ হইতে পৃথক্‌রূপে থাকিয়া) নিজেই নিজের (স্বপ্নদেহের) মস্তক ছেদন প্রভৃতি দেখিতে পায়, সেইরূপ জীবাত্মা জাগ্রৎ অবস্থায়ও জাগ্রদ্ দেহ হইতে পৃথক্ থাকিয়া নিজের দেহের মরণাদি (বিকার) দেখিয়া থাকে, অতএব আত্মা জন্ম ও মরণশূন্য ।৪

ঘট ভাঙ্গিয়া গেলে ঘটের উপরিস্থিত (ঘটাচ্ছন্ন) আকাশ যেমন পুনরায় অনাবৃত (মহান্) আকাশ-স্বরূপ হইয়া থাকে, সেইরূপ দেহ নষ্ট হইলে (দেহের উৎপত্তির কারণ প্রকৃতি বা অদৃষ্ট প্রভৃতি না থাকিলে) জীব (দেহাদি আবরণশূন্য হইয়া পুনরায় ব্রহ্মস্বরূপতা প্রাপ্ত হইয়া থাকে ।৫

যে মন জীবের দেহ, গুণ ও কর্মসমূহ সৃষ্টি করে, সেই মনকে সৃষ্টি করে প্রকৃতি বা মায়া। আবার

ন তত্রাত্মা স্বয়ং জ্যোতির্যো ব্যক্তাব্যক্তয়োঃ পরঃ।
আকাশ ইব চাধারো ধ্রুবোঽনন্তোপমস্ততঃ ॥৮
এবমাত্মানমাত্মস্থমাত্মনৈবামৃশ প্রভো।
বুদ্ধ্যানুমানগর্ভিণ্যা বাসুদেবানুচিন্তয়া ॥৯
চোদিতো বিপ্রবাক্যেন ন ত্বাং ধক্ষ্যতি তক্ষকঃ।
মৃত্যবো নোপধক্ষ্যন্তি মৃত্যূনাং মৃত্যুমীশ্বরম্ ॥১০

অহং ব্রহ্ম পরং ধাম ব্রহ্মাহং পরমং পদম্।
এবং সমীক্ষ্য চাত্মানমাত্মন্যাধায় নিষ্কলে ॥১১

দশন্তং তক্ষকং পাদে লেলিহানং বিষাননৈঃ।
ন দ্রক্ষ্যসি শরীরং চ বিশ্বং চ পৃথগাত্মনঃ ॥১২

স্নেহাধিষ্ঠানবর্ত্ত্যগ্নিসংযোগঃ. (স্নেহঃ তৈলাদি, অধিষ্ঠানং দীপাধারঃ, বর্ত্তিঃ, অগ্নিসংযোগঃ প্রজ্বালনং) যাবৎ (যাবতা কালেন) ঈয়তে (ঘটতে), তাবৎ (তাবতা কালেন) দীপস্য দীপত্বং, দেহকৃতঃ ভবঃ (জন্ম) এবং (এবমেব) রজঃ-সত্ত্ব-তমো-বৃত্ত্যা (দেহঃ) জায়তে, নশ্যতি, (অথ উত্ত বা) [তত্র আত্মা] ন জায়তে, ন বা নশ্যতি। [যতঃ] ব্যক্তাব্যক্তয়োঃ (স্থূলসূক্ষ্ম-দেহয়োঃ পরঃ (অন্যঃ) [সঃ] স্বয়ংজ্যোতিঃ [এবং] আকাশ ইব ধ্রুবঃ নির্বিকারঃ, আধারঃ, ততঃ (তস্মাৎ) অনন্তোপমঃ (নাস্তি অন্ত উপমা যস্য সঃ বিভুরিতি শেষঃ) ॥৭-৮

[হে] প্রভো (ভূপতে)। অনুমানগর্ভিণ্যা (বুদ্ধ্যাদি-প্রবর্ত্তকত্বেন যৎ আত্মনঃ অনুমানং, তদেব গর্ভস্তদযুক্তয়া বুদ্ধ্যা) বাসুদেবানুচিন্তয়া এবং আত্মস্থম্ আত্মানম্ আত্মনা এব আমৃশ (সম্যক্ বিচারয়) [এবং কৃতে] বিপ্রশাপেন প্রচোদিতঃ (প্রেরিতঃ) তক্ষকঃ ত্বাং ন ধক্ষ্যতি (দংশনেন দগ্ধং ন করিষ্যতি) [তক্ষকস্য কা কথা, তথাকৃতে] মৃত্যূনাম্ ঈশ্বরং মৃত্যুং (মৃত্যুজিতং ত্বাং) মৃত্যবঃ [অপি] ন উপধক্ষ্যন্তি (গ্রসিষ্যন্তি) ॥৯-১০

"অহং (অহমেব) পরং ধাম ব্রহ্ম, অহং পরং পদং ব্রহ্ম এবং সমীক্ষ্য (নির্ণীয়) নিষ্কলে (নির্লেপে) আত্মনি আত্মানম্ আধায় বিষাননৈঃ (বিষপূর্ণমুখৈঃ) পাদে দশন্তং লেলিহানং (সর্পং) তক্ষকং ন দ্রক্ষ্যসি, আত্মনঃ পৃথক্ শরীরং বিশ্বঞ্চ ন [দ্রক্ষ্যসি] ॥১১-১২

সেই মায়া (প্রকৃতি) হইতেই জীবের সংসার হইয়া থাকে।৬

তৈল, তাহার আধার, সলিতা ও অগ্নির সংযোগে যতক্ষণ বিদ্যমান থাকে, ততক্ষণ প্রদীপের প্রদীপত্ব। (তৈলাদি-সংযোগের অভাবে দীপশিখা প্রকাশ না পাইলে আর সেই দীপের দীপত্ব থাকে না) সেইরূপ দেহ, ইন্দ্রিয়, মন, প্রাণ প্রভৃতির সংযোগে (কার্য্য-কারণরূপ প্রকৃতিনিবন্ধন) জীবের (জন্মমরণ প্রবাহরূপ) সংসার (মায়া বা প্রকৃতি প্রতিনিবৃত্ত হইলে আর জীবের সংসার বলিয়া কিছু থাকে না)।৭

(এই প্রকৃতির কার্য্য) দেহই রজোগুণ, সত্ত্বগুণ ও তমোগুণের বৃত্তির দ্বারা মানুষ, দেবতা ও পশু-পক্ষী প্রভৃতি তির্য্যগ্‌জাতিরূপে জন্মায় আবার মরিয়াও যায়; সেই দেহে যে আত্মা (থাকেন) তাঁহার জন্ম ও মৃত্যু নাই; তিনি (আত্মা) স্বপ্রকাশ; (ব্যক্ত) শরীর ও (অব্যক্ত) প্রকৃতি হইতে পৃথক্; (অদৃশ্যত্বনিবন্ধন) আকাশের ন্যায় দেহাদির আধার; তিনি ধ্রুব (নিত্য-সত্য); সুতরাং তিনি (আদি ও) অন্তবিহীন এবং অবিকারী।৮

হে (নিগ্রহানুগ্রহসমর্থ) প্রভো! আপনি এই প্রকার (বেদার্থানুগত) বিচার ও যুক্তিযুক্ত বুদ্ধির দ্বারা ভগবান্ শ্রীবাসুদেবের (ভক্তিভাবে) অনুচিন্তন পূর্ব্বক নির্মলচিত্তে অন্তর্য্যামী (তত্ত্বের), পরমাত্মা (তত্ত্বের) বিচার করুন।৯

(এইরূপ আত্মানুচিন্তন করিলে) ব্রহ্মশাপে প্রেরিত তক্ষক আপনাকে দগ্ধ করিতে পারিবে না। আর মৃত্যুর কারণসমূহ ও সেই মৃত্যু সকলের মৃত্যু-স্বরূপ (ঈশ্বররূপে) সমর্থ আপনাকেও দগ্ধ করিতে পারিবে না।১০

"আমি সকলের আশ্রয় পূর্ণ ব্রহ্ম; আমিই পরম প্রাপ্য বস্তু এইরূপে" (চিন্তা করিতে করিতে) স্বকীয়

এতত্তে কথিতং তাত যদাত্মা পৃষ্টবান্ নৃপ।
হরের্বিশ্বাত্মনশ্চেষ্টাং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥১৩

[হে] নৃপ। [ত্বয়া] যৎ আত্মা পৃষ্টবান্ (জিজ্ঞাসিতবান্) এতৎ তে কথিতং, [হে] তাত (বৎস।) বিশ্বাত্মনঃ হরেঃ চেষ্টাং (লীলাং) কিং ভূয়ঃ (পুনঃ) শ্রোতুম্ ইচ্ছসি ॥১৩

নিষ্কলঙ্ক আত্মায় (ধ্যেয়) পরমাত্মাকে স্থাপন করিয়া (ব্রহ্মের সহিত একীভূতরূপে) দর্শন করিলে আপনি ওষ্ঠপ্রান্তে লেহনবিরত, বিষপূর্ণ মুখের দ্বারা পদদংশনকারী তক্ষককে আত্মা হইতে পৃথক্ শরীরকে এমন কি এই বিশ্বকেও দেখিতে পাইবেন না।১২

হে তাত! মহারাজ! বিশ্বাত্মা শ্রীহরির যে লীলা-চরিত্র আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, সেই সমস্তই আমি আপনাকে বলিলাম। আপনি পুনরায় আর কি কিছু শুনিতে ইচ্ছা করেন?১৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫

দ্বাদশস্কন্ধস্য পঞ্চমাধ্যায়াম্বয়ঃ সমাপ্তঃ।

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দ্বাদশ-স্কন্ধে শ্রীযাদবেন্দ্রনাথন্যায়তীর্থ-কৃত পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ।

[শ্রীশুকদেবস্য প্রস্থানম্, পরীক্ষিতো মুক্তিঃ, জনমেজয়স্য সর্পযজ্ঞঃ, বেদস্য শাখাবর্ণনঞ্চ।]

সূত উবাচ।

এতন্নিশম্য মুনিনাভিহিতং পরীক্ষিদ্
ব্যাসাত্মজেন নিখিলাত্মদৃশা সমেন।
তৎপাদমূলমুপসৃত্য নতেন মূর্দ্ধা
বদ্ধাঞ্জলিস্তমিদমাহ স বিষ্ণুরাতঃ ॥১

রাজোবাচ।

সিদ্ধোঽস্ম্যনুগৃহীতোঽস্মি ভবতা করুণাত্মনা।
শ্রাবিতো যচ্চ মে সাক্ষাদনাদিনিধনো হরিঃ ॥২
নাত্যদ্ভুতমহং মন্যে মহতামচ্যুতাত্মনাম্।
অজ্ঞেষু তাপতপ্তেষু ভূতেষু যদনুগ্রহঃ ॥৩

অন্বয়ঃ

অস্য বিশ্বস্য সর্গাদেঃ (সৃষ্টিপ্রভৃতেঃ) [যঃ] অবিদ্যাকর্মকারকঃ (অবিদ্যায়াঃ কর্ম্মকর্ত্তা জীবঃ) হেতুঃ, যম্ [কেচন] অনুশায়িনম্ (নিমিত্তং) অপরে (কেচিৎ) অব্যাকৃতং (প্রধানং , প্রাহুঃ (প্রোক্তবন্তঃ) ॥১৮

কর্মচেষ্টা লীলাই বিশ্বের "রক্ষা" নামে কথিত হইয়া থাকে।১৪

মনু, দেবগণ, মনুপুত্রগণ, সুরেশ্বরগণ, ঋষিগণ ও শ্রীহরির অংশাবতারগণ—এই ষড়্‌বর্গের অধিকারে যে যে কাল থাকে, তাহাকে মন্বন্তর বলা হয়।১৫

ব্রহ্মা হইতে উৎপন্ন রাজাদের (অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ) তিনকালে বর্ত্তমান যে কুল (বংশপরম্পরা) তাহাকে "বংশ" বলে। সেই সেই বংশে জাত বংশধরগণের আচরিত অতীত ঘটনাকে "বংশানুচরিত" বলা হইয়া থাকে।১৬

স্বাভাবিক কারণে (সকলের চরমকারণ ভগবানের ইচ্ছাবশতঃ) এই বিশ্বের নৈমিত্তিক, প্রাকৃতিক, নিত্য ও আত্যন্তিক এই চারপ্রকার প্রলয় (পূর্বে ইহাদের স্বরূপ বলা হইয়াছে) পণ্ডিতগণ "সংস্থা" নামে অভিহিত করিয়া থাকেন।১৭

(যে কর্মদ্বারা পুনঃ পুনঃ জন্মগ্রহণ করিতে হয়, তাদৃশ কর্মকারী অজ্ঞান) অবিদ্যার কার্য্য সম্পাদনকারী জীব এই বিশ্বের সৃষ্টি প্রভৃতি হেতু বলিয়া জীবই "হেতু" নামে উক্ত হয়। কেহ কেহ এই জীবকে মোহবশতঃ নানাবিধ কর্মবাসনা প্রদায়ক অনাদি অবিদ্যা (অজ্ঞান) যুক্ত সংসার-

ব্যতিরেকান্বয়ো যস্য জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তিষু।
মায়াময়েষু তদ্ ব্রহ্ম জীববৃত্তিষ্বপাশ্রয়ঃ ॥১৯
পদার্থেষু যথা দ্রব্যং তন্মাত্রং রূপ-নামসু।
বীজাদিপঞ্চতান্তাসু হ্যবস্থাসু যুতাযুতম্ ॥২০

মায়াময়েষু (মিথ্যাভূতেষু) জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু জীববৃত্তিষু (জীবস্বভাবেষু) যস্য ব্যতিরেকান্বয়ঃ (ব্যতিরেকেণ সহ অন্বয়শ্চ, অন্বয়ব্যতিরেকেণ ইত্যর্থঃ) [প্রবৃত্তিঃ] পদার্থেষু (ঘটপটাদিষু) যথা দ্রব্যং রূপনামসু (বাচ্যবাচকবস্তুষু) [যথা] তন্মাত্রং (সত্তামাত্রং) বীজাদি (বীজং গর্ভাধানম্ আদির্যাসাং তৎ) পঞ্চতান্তাসু (পঞ্চতা অন্তঃ যাসাং তাসু) [এতাসু] অবস্থাসু যুতাযুতম্ (ওতপ্রোতং) [যৎ] তৎ ব্রহ্ম [বিশেষাম্] অপাশ্রয়ঃ (আশ্রয়ঃ) ॥১৯-২০

ভোগী বলিয়া থাকেন, আবার অপর কয়েকজন প্রাকৃতজগতে নির্লিপ্ত বাসনাশূন্য মুক্তিকামীও বলিয়া থাকেন।১৮

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরূপ জীবের অবস্থানসমূহে (ব্রহ্ম হইতে তৃণগুচ্ছ পর্য্যন্ত) মায়াকল্পিত পদার্থগুলিতে যাঁহার অন্বয় (যে জীবশক্তি থাকিলে জীব থাকে ; যে প্রকৃতিশক্তি থাকিলে মায়াকল্পিত প্রাকৃত পদার্থ থাকে) ও ব্যতিরেক (যে জীবশক্তি না থাকিলে জীব থাকে না ; যে প্রকৃতিশক্তি না থাকিলে মায়াময় প্রাকৃত পদার্থও থাকে না) আছে, (চরাচর বিশ্বে যিনি ওতঃপ্রোতভাবে আবদ্ধ) সেই ব্রহ্মই "অপাশ্রয়" নামে কথিত। (অপাশ্রয় শব্দে অপগত হইয়াছে আশ্রয় যাহার অর্থাৎ যাঁহার আশ্রয় নাই অথচ তিনিই সকলের আশ্রয়) বুঝিতে হইবে। ন্যায়মতে সর্বগতত্ব বলা যায়।১৯

(বৃক্ষ ও ঘটাদি) পদার্থগুলিতে যেমন সেই সেই পদার্থের বীজ (উৎপত্তির মূলীভূত কারণ) হইতে বিনাশ পর্য্যন্ত অবস্থাসমূহের মধ্যে (মৃত্তিকাদি) কারণ দ্রব্য যেমন যুক্ত থাকে, (ঘট, শরাব প্রভৃতির নাম ও রূপ পৃথক্ হইলে তাহাতে মৃত্তিকা যেমন কারণদ্রব্যরূপে যুক্ত থাকে) আবার বিযুক্তও থাকে (ঘট, শরাবাদির প্রতীতিকালে মৃত্তিকা-বোধ

বিরমেত যদা চিত্তং হিত্বা বৃত্তিত্রয়ং স্বয়ম্।
যোগেন বা তদাত্মানং বেদেহায়া নিবর্ত্ততে ॥২১

এবং লক্ষণলক্ষ্যাণি পুরাণানি পুরাবিদঃ।
মুনয়োঽষ্টাদশ প্রাহুঃ ক্ষুল্লকানি মহান্তি চ ॥২২

ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবং চ শৈবং লৈঙ্গং সগারুড়ম্।
নারদীয়ং ভাগবতমাগ্নেয়ং স্কান্দসংজ্ঞিতম্ ॥২৩

ভবিষ্যং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং সবামনম্।
বারাহং মাৎস্যং কৌর্মং চ ব্রহ্মাণ্ডাখ্যমিতি ত্রিষট্ ॥২৪

ব্রহ্মন্নিদং সমাখ্যাতং শাখাপ্রণয়নং মুনেঃ।
শিষ্যশিষ্য-প্রশিষ্যাণাং ব্রহ্মতেজোবিবর্ধনম্ ॥২৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে
সপ্তমোঽধ্যায়ঃ ॥৭

চিত্তং যদা [ভূতভাবিবর্ত্তমানরূপং] বৃত্তিত্রয়ং হিত্বা স্বয়ং বিরমেত, যোগেন বা আত্মানং বেদ, তদা ঈহায়াঃ (চেষ্টাতঃ) নিবর্ত্ততে ॥২১

এবং লক্ষণলক্ষ্যাণি (এবংবিধৈর্লক্ষণৈঃ লক্ষ্যভূতানি) পুরাণানি পুরাবিদঃ (পুরাণজ্ঞাঃ) মুনয়ঃ ক্ষুল্লকানি (ক্ষুদ্রাণি) মহান্তি (বিপুলানি) চ অষ্টাদশ প্রাহুঃ ॥২২

ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবং শৈবং লৈঙ্গং সগারুড়ং (গরুড়কথিতং, গারুড়ং) নারদীয়ং ভাগবতম্ আগ্নেয়ং স্কান্দসংজ্ঞিতং (স্কান্দং) ভবিষ্যং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং সবামনং (বামন-বৃত্তান্তং বামনং) বারাহং মৎস্যং কৌর্ম্মং ব্রহ্মাণ্ডাখ্যং (ব্রহ্মাণ্ডং) ইতি ত্রিষট্ (ত্রিগুণিতাঃ ষট্, অষ্টাদশ ইতি যাবৎ) [এতানি অষ্টাদশ পুরাণানি মুনয়ঃ প্রাহুঃ] ॥২৩-২৪

[হে] ব্রহ্মন্। মুনেঃ (ব্যাসস্য) শাখাপ্রণয়নম্ (বেদেভ্যঃ বিভজ্য বেদশাখারূপেণ প্রকাশিতম্) এতৎ [ময়া] সমাখ্যাতং, [এতৎ] শিষ্য-শিষ্যপ্রশিষ্যাণাং (শিষ্যাণাং, তৎ শিষ্যাণাং তৎশিষ্যাণাঞ্চ) ব্রহ্মতেজোবিবর্দ্ধনং (ব্রহ্মতেজঃ ব্রহ্মবর্চ্চসং তদ্বিবর্দ্ধনং বর্দ্ধনকারণং) [জানাহি] ॥২৫

ইতি শ্রীমদ্ভাগবতান্বয়ে দ্বাদশস্কন্ধস্য সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

হয় না, আবার ঘটশরাবাদি বিনষ্ট হইলে তাহা নামরূপ পরিত্যাগ করিয়া মৃত্তিকায় পর্যবসিত হইলে কার্য্যদ্রব্য হইতে বিযুক্ত নয়) সেইরূপ কার্য্যভূত সমস্ত রূপে ও নামে যিনি চিৎশক্তি ও অচিৎশক্তিরূপে যুক্ত অথচ নিজ (সচ্চিদানন্দ) স্বরূপে বিযুক্ত, সেই ব্রহ্মই "অপাশ্রয়" পদবাচ্য।২০

যখন চিত্ত (সর্গাদি নয়টি পুরাণ লক্ষণের অনুচিন্তনে চিত্তবৃত্তি নিরোধরূপ) যোগবলে (অপাশ্রয়রূপে লক্ষণস্থ দশম পদার্থ) পরমাত্মাকে জানিতে পারে এবং (জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তিরূপ) তিনটি বৃত্তি (অবস্থা) পরিহার করিয়া (অবস্থাত্রয়াতীত হইয়া) সেই পরমাত্মাতে (বিশেষভাবে রমণশীলরূপে) বিরত হয়, তখন চিত্ত নিজেই (সংসারবিষয়ক) প্রযত্ন হইতে নিবৃত্ত হইয়া থাকে।২১

পুরাণজ্ঞ মুনিগণ এইরূপ লক্ষণের দ্বারা লক্ষিত (ক্ষুদ্র ও মহৎ) ছোট ও বড় আঠারখানি পুরাণ (সংখ্যা) বলিয়াছেন।২২

(১) ব্রহ্মপুরাণ, (২) পদ্মপুরাণ, (৩) বিষ্ণুপুরাণ, (৪) শিবপুরাণ, (৫) লিঙ্গপুরাণ, (৬) গরুড়পুরাণ, (৭) নারদপুরাণ, (৮) ভাগবতপুরাণ, (৯) অগ্নিপুরাণ, (১০) স্কন্দপুরাণ, (১১) ভবিষ্যপুরাণ, (১২) ব্রহ্মবৈবর্তপুরাণ, (১৩) মার্কণ্ডেয়পুরাণ, (১৪) বামনপুরাণ, (১৫) বরাহপুরাণ, (১৬) মৎস্যপুরাণ, (১৭) কূর্মপুরাণ ও (১৮) ব্রহ্মাণ্ডপুরাণ—এই আঠারখানি পুরাণ।২৩-২৪

হে ব্রহ্মন্! মহামুনি ব্যাসের শিষ্য, তাঁহার শিষ্য ও প্রশিষ্যগণের এই বেদশাখা প্রণয়ন আমি সম্যক্‌রূপে বর্ণন করিলাম। ইহা শ্রবণ ও কীর্তন করিলে ব্রহ্মতেজ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে।২৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের
দ্বাদশ-স্কন্ধে শ্রীযাদবেন্দ্রনাথন্যায়তীর্থ-কৃত সপ্তম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টমঃ অধ্যায়ঃ।

[মার্কণ্ডেয়মুনেস্তপস্যায়াঃ শ্রীভগবৎস্তবস্য চ বর্ণনম্।]

শৌনক উবাচ।

সূত জীবং চিরং সাধো বদ নো বদতাং বর।
তমস্যপারে ভ্রমতাং নৃণাং ত্বং পারদর্শনঃ ॥১

আহুশ্চিরায়ুষমৃষিং মৃকণ্ডুতনয়ং জনাঃ।
যঃ কল্পান্তে উর্বরিতো যেন গ্রস্তমিদং জগৎ ॥২

স বা অস্মৎকুলোৎপন্নঃ কল্পেঽস্মিন্ ভার্গবর্ষভঃ।
নৈবাধুনাপি ভূতানাং সংপ্লবঃ কোঽপি জায়তে ॥৩

এক এবার্ণবে ভ্রাম্যন্ দদর্শ পুরুষং কিল।
বটপত্রপুটে তোকং শয়ানং ত্বেকমদ্ভুতম্ ॥৪

এষ নঃ সংশয়ো ভূয়ান্ সূত কৌতূহলং যতঃ।
তং নশ্ছিন্ধি মহাযোগিন্ পুরাণেষ্বপি সম্মতঃ ॥৫

অন্বয়ঃ

[হে] সাধো। [ত্বং] চিরং জীব, [হে] সূত। অপারে তমসি (সংসারে) ভ্রমতাং নৃণাং ত্বং পারদর্শনঃ, [হে] বদতাং বর (বাগ্মিশ্রেষ্ঠ।) নঃ (অস্মাকং) [সমীপে পৌরাণিকবার্ত্তাঃ] বদ (কথয়) ॥১

জনাঃ মৃকণ্ডুতনয়ম্ (মার্কণ্ডেয়ম্) ঋষিং চিরায়ুষং (চিরজীবিনং) প্রাহুঃ (কথয়ন্তি) ; কল্পান্তে ইদং জগৎ গ্রস্তং সৎ (জগতি গ্রস্তে বিলুপ্তে সতি) যেন (প্রকারেণ) সঃ (মার্কণ্ডেয়ঃ) উর্বরিতঃ (অবশিষ্টঃ) [আসীৎ], [তদ্ বদেত্যন্বয়ঃ] ॥২

সঃ ভার্গবর্ষভঃ (ভৃগুবংশপ্রবরঃ) অস্মিন্ কল্পে অস্মৎকুলোৎপন্নঃ (অস্মাকং কুলে জাতঃ), [কিন্তু] অধুনা অপি ভূতানাং সপ্লবঃ (প্রলয়ঃ) কঃ অপি ন জায়তে এব ॥৩

একঃ (একাকী) একার্ণবে (একার্ণবীভূতসাগরজলে) ভ্রাম্যন্ (সঃ মার্কণ্ডেয়ঃ) বটপত্রপুটে (বটপত্রস্য দ্রোণ্যাং) শয়ানম্ একম্ অদ্ভুতং তোকং (বালকং) পুরুষং দদর্শ কিল ॥৪

[একার্ণবীকৃতাবস্থায়াং জলমধ্যে মার্কণ্ডেয়স্য ভ্রমণং তত্রাপি বটপত্রপুটকে বালকস্য শয়নাবস্থা] এষ নঃ (অস্মাকং) ভূয়ান্ (মহান্) সংশয়ঃ (অস্মাৎ ব্যাপারাৎ অস্মাকং] কৌতূহলং [জাতম্] ; [হে] মহাযোগিন্ (নিরতিশয়যোগপ্রভাবসম্পন্ন।) যতঃ (যস্মাৎ) [ত্বং] পুরাণেষু (ইতিহাসেষু) অপি সম্মতঃ (সম্যক্প্রাজ্ঞঃ), [ততঃ] নঃ (অস্মাকং) তং (সংশয়ং) ছিন্ধি (নিরাকুরু) ॥৫

অষ্টম অধ্যায়।

(মার্কণ্ডেয় মুনির তপস্যা ও শ্রীভগবৎ-স্তব বর্ণন)

শ্রীশৌনক বলিয়াছিলেন,—হে বাগ্মিপ্রধান। সাধো। সূত! আপনি চিরজীবী হউন। এই অপার (জন্মমরণপ্রবাহ প্রচলিত সংসাররূপ) অন্ধকারে ভ্রমণকারী মনুষ্যগণের (পর) পার দেখার (নিষ্কৃতি লাভের) উপায় আমাদিগকে বলুন।১

লোকে মৃকণ্ডুঋষির পুত্র (মার্কণ্ডেয় ঋষি)-কে চিরজীবী বলিয়া থাকেন। যে (প্রলয়কাল) এই জগৎ গ্রাস করিয়া থাকে, সেই কল্পান্ত (প্রলয়) কালেও যে মার্কণ্ডেয় ঋষি প্রলয়ে পৃথিবী সমুদ্রে নিমগ্ন হইলেও কিরূপে পৃথিবীতে (জীবিত) রহিলেন? (প্রথম সংশয়)।২

সেই ভৃগুবংশশ্রেষ্ঠ (মার্কণ্ডেয়) এই (বর্তমান) কল্পেই আমাদের (ভৃগু) বংশে উৎপন্ন ; * এই কল্পেও প্রাণিগণের কোন প্রকার (নৈমিত্তিক বা প্রাকৃতিক) প্রলয় হয় নাই? (প্রলয়ে বর্তমান ছিলেন কি প্রকারে সম্ভব? দ্বিতীয় সংশয়)।৩

আর তিনি একাকী প্রলয়সমুদ্রে ভ্রমণ করিতে করিতে বটপত্রের পুটে (ঠোঙ্গায়) শয়নকারী এক অদ্ভুত বালক পুরুষকেও দেখিয়াছিলেন (তাহাই বা কি করিয়া সম্ভব? (তৃতীয় প্রশ্ন)।৪

হে মহাযোগিন্ সূত! (কেবল মহাযোগী নহেন) যেহেতু আপনি পুরাণশাস্ত্রে অভিজ্ঞ ; আমাদেরও জানার কৌতূহল জন্মিয়াছে, অতএব আমাদের এই মহাসংশয় আপনি ছেদন (দূর) করুণ।৫

* ভৃগুর পুত্র ধাতা, ধাতার পুত্র মৃকণ্ডু, মৃকণ্ডুর পুত্র মার্কণ্ডেয়। ভৃগুর আর একপুত্র চ্যবন, চ্যবনের পুত্র প্রমতি, সেই বংশধারা ক্রমে রুরু, শুনক ও তৎপুত্র শৌনকও ভৃগুবংশোৎপন্ন।

সূত উবাচ।

প্রশ্নস্ত্বয়া মহর্ষেঽয়ং কৃতো লোকভ্রমাপহঃ।
নারায়ণকথা যত্র গীতা কলিমলাপহা ॥৬

প্রাপ্তদ্বিজাতিসংস্কারো মার্কণ্ডেয়ঃ পিতুঃ ক্রমাৎ।
ছন্দাংস্যধীত্য ধর্মেণ তপঃস্বাধ্যায়সংযুতঃ ॥৭

বৃহদ্‌ব্রতধরঃ শান্তো জটিলো বল্কলাম্বরঃ।
বিভ্রৎ কমণ্ডলুং দণ্ডমুপবীতং সমেখলম্ ॥৮

কৃষ্ণাজিনং সাক্ষসূত্রং কুশাংশ্চ নিয়মর্দ্ধয়ে।
অগ্ন্যর্ক-গুরু-বিপ্রাত্মস্বর্চয়ন্ সন্ধ্যয়োর্হরিম্ ॥৯

সায়ং প্রাতঃ স গুরবে ভৈক্ষ্যমাহৃত্য বাগ্‌যতঃ।
বুভুজে গুর্বনুজ্ঞাতঃ সকৃন্নো চেদুপোষিতঃ ॥১০

এবং তপঃস্বাধ্যায়পরো বর্ষাণামযুতাযুতম্।
আরাধয়ন্ হৃষীকেশং জিগ্যে মৃত্যুং সুদুর্জয়ম্ ॥১১

সূত উবাচ,—[হে] মহর্ষে (শৌনক)! অয়ং লোকভ্রমাপহঃ (লোকানং ভ্রমাপহারী) প্রশ্নঃ ত্বয়া কৃতঃ, যত্র (যস্মিন্) প্রশ্নবিষয়ে নারায়ণকথা (ভগবতো লীলা) গীতা (কীর্ত্তিতা), [সা জিজ্ঞাসা] কলিমলাপহা (কলিকলুষনাশিনী) [ভবিতা] ॥৬

মার্কণ্ডেয়ঃ পিতুঃ (জনকসকাশাৎ) ক্রমাৎ (গর্ভাধানাদিমারভ্য যথাক্রমং) প্রাপ্তদ্বিজাতিসংস্কারঃ (লব্ধোপনয়নঃ) ধর্ম্মেণ (যথাবিধি) ছন্দাংসি (বেদান্) অধীত্য তপঃ-স্বাধ্যায়সংযুতঃ (তপঃ তপস্যা, স্বাধ্যায়ঃ নিত্যং বেদপাঠঃ তেষু সংযুক্তঃ অনুরক্তঃ) [অভবৎ] ॥৭

বৃহদ্‌ব্রতধরঃ (অকৃতসমাবর্তনঃ নৈষ্ঠিকব্রহ্মচারীত্যর্থঃ), শান্তঃ, জটিলঃ (জটাধারী), বল্কলাম্বরঃ (বৃক্ষত্বক্‌পরিধায়ী) [মার্কণ্ডেয়ঃ] নিয়মর্দ্ধয়ে (সংযমবৃদ্ধ্যর্থং) সমেখলং (মেখলা, শরপত্রনির্ম্মিতকটিবন্ধনরজ্জুঃ, তৎসহিতং) দণ্ডম্, উপবীতং (যজ্ঞসূত্রং), কমণ্ডলুং, সাক্ষসূত্রং (অক্ষসূত্রং জপমালা, তৎ সহিতং), কৃষ্ণাজিনং (মৃগচর্ম্ম) কুশান্ চ বিভ্রৎ (ধারয়ন্) সন্ধ্যয়োঃ (সায়ং প্রাতঃ) অগ্ন্যর্কগুরুবিপ্রাত্মসু (অগ্নিঃ, অর্কঃ সূর্য্যঃ, গুরুঃ, বিপ্রঃ তেষু আধারেষিত্যর্থঃ) হরিম্ অর্চ্চয়ন্ (পূজয়ন্) সায়ং প্রাতঃ স্বগুরবে ভৈক্ষ্যম্ (ভিক্ষালব্ধং বস্তু) আহৃত্য (ভিক্ষিত্বা আনীয়) গুর্ব্বনুজ্ঞাতঃ (গুরুণা লব্ধানুজ্ঞঃ) বাগ্‌যতঃ (মৌনী) সকৃৎ (একবারং) বুভুজে (ভক্ষিতবান্); [ভিক্ষাটনং কৃত্বা] নো চেৎ (যদি ন, ভিক্ষাং যদি ন লেভে ইত্যর্থঃ) [তর্হি] উপোষিতঃ (উপবাসং কৃতম্) ॥৮-১০

এবং (এবংপ্রকারেণ) তপঃ-স্বাধ্যায়পরঃ (তপঃ-স্বাধ্যায়েষু পরায়ণঃ সন্) [মার্কণ্ডেয়ঃ] বর্ষাণাম্ অযুতাযুতং কল্পকালং যাবজ্জীবনমিত্যর্থঃ (হৃষীকেশম্) আরাধয়ন্ সুদুর্জয়ং মৃত্যুং জিগ্যে (জিতবান্) ॥১১

শ্রীসূত বলিতে লাগিলেন,—হে মহর্ষি! আপনি যে প্রশ্ন করিয়াছেন, তাহা দ্বারা লোকের ভ্রম বিনষ্ট হইবে। (এই প্রশ্নের উত্তরে) যাহাতে কলিকালের পাপবিনাশক নারায়ণের কথা গীত হইবে।৬

গর্ভাধানাদি সংস্কারক্রমে পিতার নিকট হইতে (উপনয়ননামক) দ্বিজাতিসংস্কারপ্রাপ্ত মার্কণ্ডেয় বেদসমূহ অধ্যয়ন পূর্বক ধর্মের সহিত তপস্যা ও স্বাধ্যায় (নিত্য বেদপাঠে) নিযুক্ত হন। তিনি বৃহৎ (নৈষ্ঠিক ব্রতচারী) ব্রতধারণকারী, শান্ত, জটাধারী, বল্কলরূপবস্ত্র পরিধানকারী হইয়া কমণ্ডলু, দণ্ড, মেখলার সহিত যজ্ঞোপবীত, কৃষ্ণাজিন জপাক্ষমালা ও কুশগুচ্ছ ধারণপূর্ব্বক ধর্মবৃদ্ধির জন্য (প্রাতঃ ও সায়ং) সন্ধ্যাদ্বয়ে অগ্নি, সূর্য্য, গুরু, ব্রাহ্মণ ও আত্মায় শ্রীহরির অর্চনা করিতেন এবং সন্ধ্যাকালে ও প্রাতঃকালে গুরুর জন্য ভিক্ষান্ন আহরণ করিয়া গুরুর আদেশ পাইলে মৌনী হইয়া একবারমাত্র ভোজন করিতেন, গুরুর অনুমতি বা ভিক্ষা না পাইলে উপবাস করিতেন। এইপ্রকার তপস্যা ও (নিত্যস্বাধ্যায়) বেদঅধ্যয়নে তৎপর মার্কণ্ডেয়ঋষি অযুত অযুত বৎসর ভগবান্ হৃষীকেশের আরাধনা করিয়া অত্যন্ত দুর্জয় মৃত্যুকে জয় করিয়াছিলেন।৭-১১

ব্রহ্মা ভৃগুর্ভবো দক্ষো ব্রহ্মপুত্রাশ্চ যেঽপরে।
নৃ-দেব-পিতৃ-ভূতানি তেনাসন্নতিবিস্মিতাঃ ॥১২
ইত্থং বৃহদ্‌ব্রতধরস্তপঃ-স্বাধ্যায়-সংযমৈঃ।
দধ্যাবধোক্ষজং যোগী ধ্বস্তক্লেশান্তরাত্মনা ॥১৩
তস্যৈবং যুঞ্জতশ্চিত্তং মহাযোগেন যোগিনঃ।
ব্যতীয়ায় মহান্ কালো মন্বন্তরষড়াত্মকঃ ॥১৪

ব্রহ্মা, ভবঃ (মহাদেবঃ), ভৃগুঃ, দক্ষঃ, পরে (অপরে) যে ব্রহ্মপুত্রাঃ (মরীচ্যাদয়ঃ), নৃদেবপিতৃভূতানি (নরাঃ, দেবাঃ, পিতরঃ, ভূতানি) তে তেন (মার্কণ্ডেয়াচরণেন) অতিবিস্মিতাঃ আসন্ (বভূবুঃ) ॥১২

তপঃ-স্বাধ্যায়সংযমৈঃ (তপঃ, স্বাধ্যায়ঃ, সংযমঃ, তৈঃ) ইত্থং বৃহদ্‌ব্রতধরঃ [সঃ] যোগী (মার্কণ্ডেয়ঃ) ধ্বস্তক্লেশান্তরাত্মনা (ধ্বস্তাঃ বিদূরিতাঃ ক্লেশাঃ রোগাদয়ঃ যস্য, তেন অন্তরাত্মনা প্রত্যাহৃতেন মনসা) অধোক্ষজং (হরিং) দধ্যৌ (চিন্তয়ামাস) ॥১৩

মহাযোগেন [হরৌ] এবং চিত্তং যুঞ্জতঃ (অভিনিবেশয়তঃ) তস্য যোগিনঃ (মার্কণ্ডেয়স্য) [সম্বন্ধে] মন্বন্তরষড়াত্মকঃ (মন্বন্তরাণাং ষট্, তদাত্মকঃ) মহান্ (সুদীর্ঘঃ) কালঃ ব্যতীয়ায় (অতীতঃ) ॥১৪

ব্রহ্মা, মহেশ্বর, ভৃগু, দক্ষ, ব্রহ্মার অন্যান্য পুত্রগণ, মনুষ্যগণ, দেবগণ, পিতৃগণ ও ভূতগণ (মার্কণ্ডেয় ঋষির) সেই মৃত্যুঞ্জয় দর্শনে অত্যন্ত বিস্মিত হইলেন।১২

তপস্যা, নিত্য (স্বধ্যায়) বেদাধ্যয়ন ও সংযমের দ্বারা বৃহদ্ (নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য) ব্রতধারী ও যোগী মার্কণ্ডেয় ঋষি (অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশরূপ) ক্লেশবিধ্বস্ত অন্তঃকরণে (ভগবান্ অধোক্ষজ) শ্রীকৃষ্ণের ধ্যান করিতে লাগিলেন।১৩

এইরূপে মহান্ যোগের দ্বারা পরমাত্মাতে চিত্তের যোগসমাহিত অবস্থায় সেই মহাযোগীর (মার্কণ্ডেয় ঋষির) সুদীর্ঘ ছয় মন্বন্তর কাল অতিবাহিত হইয়া গেল।১৪

এতৎ পুরন্দরো জ্ঞাত্বা সপ্তমেঽস্মিন্ কিলান্তরে।
তপোবিশঙ্কিতো ব্রহ্মন্নারেভে তদ্‌বিঘাতনম্ ॥১৫
গন্ধর্বাপ্সরসঃ কামং বসন্তমলয়ানিলৌ।
মুনয়ে প্রেষয়ামাস রজস্তোকমদৌ তথা ॥১৬
তে বৈ তদাশ্রমং জগ্মুর্হিমাদ্রেঃ পার্শ্ব উত্তরে।
পুষ্পভদ্রা নদী যত্র চিত্রাখ্যা চ শিলা বিভো ॥১৭

[হে] ব্রহ্মন্! সপ্তমে অস্মিন্ অন্তরে (মন্বন্তরে) পুরন্দরঃ (ইন্দ্রঃ) এতৎ (মার্কণ্ডেয়তপঃ) জ্ঞাত্বা তপোবিশঙ্কিতঃ (মৎপদং গ্রহীষ্যতীতি শঙ্কমানঃ) তদ্বিঘাতনম্ (তস্য তপোবিঘ্নম্) আরেভে (আরব্ধবান্) কিল ॥১৫

[সঃ ইন্দ্রঃ] মুনয়ে (মুনিং ভ্রংশয়িতুং) গন্ধর্বাপ্সরসঃ (গন্ধর্বৈঃ সহ অপ্সরসঃ অপ্সরাঃ) কামং (মদনং) বসন্তং মলয়ানিলং (মলয়পবনং) অপি রজস্তোকমদৌ (লোভং মদঞ্চ) প্রেষয়ামাস (প্রেরিতবান্) [মুনেরাশ্রম ইতি শেষঃ] ॥১৬

[হে] বিভো! (মাননীয়!) হিমাদ্রেঃ (হিমালয়স্য) উত্তরে পার্শ্বে যত্র পুষ্পভদ্রানদী [প্রবাহিতা], চিত্রাখ্যা (চিত্রানাম্নী) শিলা চ [বর্ত্ততে], তে (গন্ধর্বাদয়ঃ) তদাশ্রমং (তত্র মুনেরাশ্রমে) জগ্মুঃ (গতবন্তঃ) ॥১৭

হে ব্রহ্মন্! মার্কণ্ডেয় ঋষির এই উগ্র তপস্যার কথা জানিতে পারিয়া এই সপ্তম (বৈবস্বত) মন্বন্তরে (তপস্যা দ্বারা মার্কণ্ডেয়ের ইন্দ্রত্বলাভের আশঙ্কায়) তাঁহার তপস্যায় ভীত দেবরাজ ইন্দ্র তাঁহার তপস্যায় বিঘ্ন ঘটাইতে আরম্ভ করিলেন।১৫

তিনি (তপোভ্রষ্ট করার জন্য মার্কণ্ডেয়) মুনির নিকট গন্ধর্বগণ, অপ্সরাগণ কামদেব, (ঋতুরাজ) বসন্ত, মলয়বাতাস, রজোগুণের পুত্র লোভ ও মদকে পাঠাইলেন।১৬

হে প্রভো! তাঁহারা হিমালয়ের উত্তর পার্শ্বে যেস্থানে পুষ্পভদ্রা নদী ও চিত্রানামক শিলা আছে, সেই স্থানে তাঁহার আশ্রমে গমন করিলেন।১৭

তদাশ্রমপদং পুণ্যং পুণ্যদ্রুমলতাঞ্চিতম্ ।
পুণ্যদ্বিজকুলাকীর্ণং পুণ্যামলজলাশয়ম্ ॥১৮

মত্তভ্রমরসংগীতং মত্তকোকিলকূজিতম্ ।
মত্তবর্হিনটাটোপং মত্তদ্বিজকুলাকুলম্ ॥১৯

বায়ুঃ প্রবিষ্ট আদায় হিমনির্ঝরশীকরান্ ।
সুমনোভিঃ পরিষ্বক্তো ববাবুত্তম্ভয়ন্ স্মরম্ ॥২০

তৎ আশ্রমপদং পুণ্যং, পুণ্যদ্রুমলতাঞ্চিতং (পবিত্রতরুলতান্বিতং), পুণ্যদ্বিজকুলাকীর্ণং (পবিত্রদ্বিজগণাধ্যাসিতং), পুণ্যামলজলাশয়ং (পূতস্বচ্ছজলাশয়যুক্তং), মত্তভ্রমরসঙ্গীতং (মত্তভ্রমরাণাং সঙ্গীতং গুঞ্জিতং যত্র) মত্তকোকিলকূজিতং (মত্তকোকিলানাং কূজিতং যত্র, মত্তবর্হিনটাটোপং (মত্তবর্হিণঃ মত্তময়ূরা এব নটাঃ নৃত্যকারিণঃ তেষাম্ আটোপঃ কেকারবো যস্মিন্), মত্তদ্বিজকুলাকুলং (মত্তানাং দ্বিজানাং পক্ষিণাং কুলৈঃ সমূহৈঃ আকুলং পরিব্যাপ্তম্) ॥১৮-১৯

বায়ুঃ (মলয়ানিলঃ) [তত্র] প্রবিষ্টঃ (সন্) সুমনোভিঃ (সুরভিকুসুমৈঃ সহ) পরিষ্বক্তঃ (আসক্তঃ) হিমনির্ঝরশীকরান্ (শীতলনির্ঝরকণান্) আদায় স্মরম্ (মদনম্) উত্তম্ভয়ন্ (বিজৃম্ভয়ন্) ববৌ (প্রবাহিতঃ ভবতি) ॥২০

উদ্যচ্চন্দ্রনিশাবক্ত্রঃ (উদ্যন্ চন্দ্রো যস্মিন্ তাদৃশং নিশাবক্ত্রং রজনীমুখং যস্মিন্ সঃ) কুসুমাকরঃ (বসন্তঃ) প্রবালস্তবকালিভিঃ (প্রবালানাং পল্লবানাং স্তবকাঃ গুচ্ছাঃ তেষাং আলয়ঃ শ্রেণয়ঃ যেষু তৈঃ) গোপদ্রুমলতাজালৈঃ (গাঃ কিরণান্ পান্তি রক্ষন্তি যে দ্রুমাঃ বৃক্ষাঃ লতাশ্চ তেষাং জালৈঃ সমূহৈঃ সহ) অত্র আসীৎ (অবতীর্ণো বভূব) ॥২১

উদ্যচ্চন্দ্রনিশাবক্ত্রঃ প্রবালস্তবকালিভিঃ ।
গোপদ্রুমলতাজালৈস্তত্রাসীৎ কুসুমাকরঃ ॥২১

অন্বীয়মানো গন্ধর্বৈর্গীতবাদিত্রযূথকৈঃ ।
অদৃশ্যতাত্তচাপেষুঃ স্বঃস্ত্রীযূথপতিঃ স্মরঃ ॥২২

হুত্বাগ্নিং সমুপাসীনং দদৃশুঃ শক্রকিঙ্করাঃ ।
মীলিতাক্ষং দুরাধর্ষং মূর্তিমন্তমিবানলম্ ॥২৩

ননৃতুস্তস্য পুরতঃ স্ত্রিয়োঽথো গায়কা জগুঃ ।
মৃদঙ্গ-বীণা-পণবৈর্বাদ্যং চক্রুর্মনোরমম্ ॥২৪

গীতবাদিত্রযূথকৈঃ (গায়কবাদকানাং যূথকৈঃ যূথবদ্ভিঃ সম্প্রদায়িভিরিতি শেষঃ) গন্ধর্বৈঃ অন্বীয়মানঃ (অন্বিতঃ) স্বঃস্ত্রীযূথপতিঃ (স্বঃস্ত্রিয়ঃ অপ্সরসঃ তাসাং যূথস্য পতিঃ) স্মরঃ (কামঃ) আত্তচাপেষুঃ (গৃহীতধনুর্বাণঃ) অদৃশ্যত ॥২২

শক্রকিঙ্করাঃ (ইন্দ্রভৃত্যাঃ মদনাদয়ঃ) [তত্র আগত্য] অগ্নিং হুত্বা সমুপাসীনম্ (অগ্নৌ আহুতিং বিধায় সম্যক্ উপবিষ্টং) মীলিতাক্ষং (মুদিতনয়নং) দুরাধর্ষং (অভিভবিতুমশক্যং) মূর্তিমন্তম্ (বিগ্রহবন্তম্) অনলম্ (বহ্নিম্) ইব [তং] দদৃশুঃ ॥২৩

অথো (অথ) স্ত্রিয়ঃ (অপ্সরসঃ) তস্য পুরতঃ (অগ্রে) ননৃতুঃ (নৃত্যং কৃতবত্যঃ), গায়কাঃ জগুঃ (গীতং কৃতবন্তঃ), [বাদকাঃ] মৃদঙ্গবীণাপণবৈঃ (মৃদঙ্গাদিবাদ্যযন্ত্রৈঃ) মনোরমং (চিত্তাকর্ষকং) বাদ্যং চক্রুঃ ॥২৪

পবিত্র বৃক্ষ ও লতায় সুশোভিত, পুণ্যব্রাহ্মণসমূহ-পরিপূর্ণ, পবিত্র ও নির্মল জলাশয়সমন্বিত, মত্ত ভ্রমরগণের গুঞ্জনে ও মত্ত কোকিলকুলের কূজনে মুখরিত, মত্ত ময়ূররূপ নটগণের নৃত্যবিলাসে অলঙ্কৃত ও মত্ত পক্ষীসমূহে পরিব্যাপ্ত পবিত্র সেই মার্কণ্ডেয়মুনির আশ্রমে প্রবেশ করিয়া (মলয়) পবন শিশির ও নির্ঝরজলের কণা গ্রহণপূর্বক পুষ্পগুচ্ছের সহিত আলিঙ্গিত (সম্পর্কিত) হইয়া কাম উদ্দীপন করিতে করিতে প্রবাহিত হইতে লাগিল ।১৮-২০

উদীয়মান চন্দ্রসমন্বিত সন্ধ্যায় কিশলয় ও গুচ্ছের সহিত (ভ্রমরাদির গুঞ্জন মুখরিত) কিরণশালী বৃক্ষ এবং লতাসমূহে সুশোভিত বসন্ত (ঋতু) তথায় আবির্ভূত হইলেন ।২১

দেবরমণী (অপ্সরো-) গণের পতি, ধনুর্বাণধারী, সঙ্গীত ও বাদ্যকারী গন্ধর্বসমূহে পরিবৃত কামদেবও দেখা দিলেন ।২২

অনন্তর ইন্দ্রের (গন্ধর্বাদি সেই) অনুচরগণ অগ্নিতে হোম করিয়া সমুপবিষ্ট, দেহধারী অগ্নির ন্যায় দুর্ধর্ষ ও মুদ্রিতচক্ষু মার্কণ্ডেয় ঋষিকে দেখিতে

সন্দধেঽস্ত্রং স্বধনুষি কামঃ পঞ্চমুখং তদা।
মধুর্মনো রজস্তোক ইন্দ্রভৃত্যা ব্যকম্পয়ন্ ॥২৫
ক্রীড়ন্ত্যাঃ পুঞ্জিকস্থল্যাঃ কন্দুকৈঃ স্তনগৌরবাৎ।
ভৃশমুদ্বিগ্নমধ্যায়াঃ কেশবিস্রংসিতস্রজঃ ॥২৬
ইতস্ততোভ্রমদ্দৃষ্টেশ্চলন্ত্যা অনুকন্দুকম্
বায়ুর্জহার তদ্বাসঃ সূক্ষ্মং ত্রুটিতমেখলম্ ॥২৭

তদা কামঃ স্বধনুষি পঞ্চমুখম্ (শোষণ-মোহন-সন্দীপন তাপন-মাদনাখ্যানি পঞ্চ মুখানি যস্য তৎ) অস্ত্রং সন্দধে যোজয়ামাস, মধুঃ (বসন্তঃ) রজস্তোকঃ (লোভমদৌ) [এতে ইন্দ্রভৃত্যাঃ] [ঋষেঃ] মনঃ ব্যকম্পয়ন্ (বিশেষেণ অকম্পয়ন্) ॥২৫

কন্দুকৈঃ ক্রীড়ন্ত্যাঃ (খেলয়ন্ত্যাঃ) ইতস্ততঃ (সর্ব্বদিক্ষু) অনুকন্দুকং (কন্দুকান্ প্রতি) ভ্রমদ্দৃষ্টেঃ (দত্তচঞ্চলনয়নায়াঃ) [অতএব] চলন্ত্যাঃ (চঞ্চলায়াঃ) স্তনগৌরবাদ্ (পীতস্তন-ভারাদ্) ভৃশম্ (অত্যর্থম্) উদ্বিগ্নমধ্যায়াঃ (নিবত্তিশয়কুঞ্চিত-কট্যাঃ) কেশবিস্রংসিতস্রজঃ (কেশেভ্যঃ বিস্রংসিতাঃ স্রজঃ মালাঃ যস্যাঃ তস্যাঃ) পুঞ্জিকস্থল্যাঃ (তন্নাম্ন্যাঃ অপ্সরসঃ) ত্রুটিতমেখলং (স্রস্তকটিবন্ধং) সূক্ষ্মং তৎ বাসঃ (তদ্বস্ত্রং) বায়ুঃ জহার (অপহৃতবান্) ॥২৬-২৭

বিসসর্জ্জ তদা বাণং মত্বা তং স্বজিতং স্মরঃ।
সর্বং তত্রাভবন্মোঘমনীশস্য যথোদ্যমঃ ॥২৮
ত ইত্থমপকুর্বন্তো মুনেস্তত্তেজসা মুনে।
দহ্যমানা নিববৃতুঃ প্রবোধ্যাহিমিবার্ভকাঃ ॥২৯
ইতীন্দ্রানুচরৈর্ব্রহ্মন্ ধর্ষিতোঽপি মহামুনিঃ।
যন্নাগাদহমো ভাবং ন তচ্চিত্রং মহৎসু হি ॥৩০

স্মরঃ (কামঃ) তং (ঋষিং) স্বজিতং (আত্মাধীনং কামবশগমিতি শেষঃ) মত্বা তদা (তস্মিন্নবসরে বাণং (পূর্ব্বোক্তং শোষণাদিকং) বিসসর্জ্জ (প্রযুক্তবান্), [কিন্তু] অনীশস্য (নির্দৈবস্য) উদ্যমঃ যথা [তথা] সর্ব্বং তত্র ঋষৌ মোঘম্ (নিষ্ফলম্) অভবৎ (জাতম্) ॥২৮

[হে] মুনে (শৌনক!) ইত্থম্ (এবম্প্রকারেণ) অপকুর্ব্বন্তঃ (অপকারিণঃ) তে (কামাদয়ঃ) মুনেঃ তেজসা দহ্যমানাঃ (সন্তঃ) অহিং (সর্পং) প্রবোধ্য (জাগ্ৰা) অর্ভকাঃ (বালকাঃ) ইব নিববৃতুঃ (নিবৃত্তাঃ) ॥২৯

[হে] ব্রহ্মন্! ইন্দ্রানুচরৈঃ ইতি (ইত্থং) ধর্ষিতঃ অপি মহামুনিঃ (মার্কণ্ডেয়ঃ) যৎ অহমঃ (অহঙ্কারস্য) ভাবং (বিকারং) ন অগাৎ (প্রাপ্তবান্), তৎ মহৎসু (মহাজনেষু ন হি চিত্রম্ (ন আশ্চর্য্যম্) ॥৩০

পাইলেন।২৩

তারপর (দেব) রমণীগণ নৃত্য করিতে লাগিলেন, গন্ধর্বগণ গান করিতে লাগিলেন, মৃদঙ্গ, বীণা ও পণবসমূহের দ্বারা মনোরম বাদ্যও আরম্ভ করিয়া দিলেন।২৪

তখন কামদেব নিজধনুতে (শোষণ, দীপন, সম্মোহন, তাপন ও উন্মাদন এই) পঞ্চমুখ বাণ যোজনা করিলেন এবং তখনই বসন্ত, রজোগুণের পুত্র (লোভ) ও মদ প্রভৃতি ইন্দ্রভৃত্যগণ সেই মুনির মন বিচলিত করিয়া দিতে চেষ্টা করিলেন।২৫

কন্দুক লইয়া ক্রীড়ারতা পুঞ্জকস্থলী নাম্নী এক অপ্সরা (স্বর্গের বেশ্যা) স্তনভারবশতঃ যাহার কটিদেশ যেন ভাঙ্গিয়া পড়িতেছিল, যাহার মাথার চুল হইতে ফুলের মালা স্খলিত হইয়া পড়িতেছিল, যে নিজেই খেলার কন্দুকের সঙ্গে সঙ্গে ছুটিতেছিল, যাহার দৃষ্টি (চাহনী) ইতস্তত সঞ্চারিত হইতেছিল, (কটিদেশের) চন্দ্রহার আলগা হইয়া গেলে তাহার সূক্ষ্ম (পরার) কাপড়খানি বায়ু হরণ করিয়া লইল।২৬-২৭

তখন কামদেব মার্কণ্ডেয়মুনিকে জয় করিয়া ফেলিয়াছেন মনে করিয়া (পঞ্চমুখ) বাণ প্রয়োগ করিলেন, কিন্তু অসমর্থ ব্যক্তির উদ্যমের ন্যায় সেই মার্কণ্ডেয়মুনিতে তাঁহাদের সকল চেষ্টা নিষ্ফল হইয়া গেল।২৮

হে মুনিবর! সাপকে জাগাইতে গিয়া বালকগণ যেমন (জাগরিত সাপের নিকট হইতে) পলায়ন করে, (গন্ধর্বাদি) ইন্দ্রানুচরগণও সেইরূপ এইভাবে

দৃষ্ট্বা নিস্তেজসং কামং সগণং ভগবান্ স্বরাট্।
শ্রুত্বানুভাবং ব্রহ্মর্ষের্বিস্ময়ং সমগাৎ পরম্ ॥৩১

তস্যৈবং যুঞ্জতশ্চিত্তং তপঃ-স্বাধ্যায়-সংযমৈঃ।
অনুগ্রহায়াবিরাসীন্নরনারায়ণো হরিঃ ॥৩২

তৌ শুক্লকৃষ্ণৌ নবকঞ্জলোচনৌ
চতুর্ভুজৌ রৌরববল্কলাম্বরৌ।
পবিত্রপাণী উপবীতকং ত্রিবৃৎ
কমণ্ডলুং দণ্ডমৃজুং চ বৈণবম্ ॥৩৩

পদ্মাক্ষমালামুত জন্তুমার্জনং
বেদং চ সাক্ষাত্তপ এব রূপিণৌ।
তপত্তড়িদ্বর্ণপিশঙ্গরোচিষা
প্রাংশূ দধানৌ বিবুধর্ষভার্চিতৌ ॥৩৪

তে বৈ ভগবতো রূপে নর-নারায়ণাবৃষী।
দৃষ্ট্বোত্থায়াদরেণোচ্চৈর্নানামাঙ্গেন দণ্ডবৎ ॥৩৫

স তৎসন্দর্শনানন্দনির্বৃতাত্মেন্দ্রিয়াশয়ঃ।
হৃষ্টরোমাশ্রুপূর্ণাক্ষো ন সেহে তাবুদীক্ষিতুম্ ॥৩৬

ভগবান্ (ঐশ্বর্য্যশালী) স্বরাট্ (স্বর্গাধিপতিঃ ইন্দ্রঃ) সগণং (নিজগণসহিতং) কামং নিস্তেজসং (ম্লানং) দৃষ্ট্বা বিপ্রর্ষেঃ (মার্কণ্ডেয়স্য) অনুভাবং (মাহাত্ম্য) শ্রুত্বা পরং বিস্ময়ম্ অগাৎ (প্রাপ্তবান্) ॥৩১

তপঃস্বাধ্যায়সংযমৈঃ (তপআদিভিঃ) এবং (এবং, প্রকারেণ) চিত্তং যুঞ্জতঃ তস্য (তস্মৈ) অনুগ্রহায় নরনারায়ণঃ (নরনারায়ণরূপঃ) হরিঃ [তত্র] আবিরাসীৎ (আবির্ভূতঃ) ॥৩২

তৌ শুক্লকৃষ্ণৌ (একঃ শুক্লঃ অপরঃ কৃষ্ণঃ) নবকঞ্জলোচনৌ (নবকমলনয়নৌ) চতুর্ভুজৌ রৌরববল্কলাম্বরৌ (রৌরবং কৃষ্ণাজিনং বল্কলং বৃক্ষত্বক্, তে অম্বরে বসনে যয়োঃ তৌ) পবিত্রপাণী (কুশহস্তৌ) ত্রিবৃৎ (ত্রিগুণং) উপবীতকং (যজ্ঞসূত্রং) কমণ্ডলুম্ ঋজুং (অবক্রং) বৈণবং (বংশসম্বন্ধিনং) দণ্ডঞ্চ (দধানৌ) ॥৩৩

সাক্ষাৎ তপ এব (তপোমূর্ত্তী) [তৌ] পদ্মাক্ষমালাং (পদ্মমালাম্ অক্ষমালাঞ্চ) উত জন্তুমার্জনং (জন্তূনাং জনানাং মার্জনং শোধনকরণং) বেদং (কুশমুষ্টিং) দধানৌ প্রাংশূ উন্নতৌ [তৌ] বিবুধর্ষভার্চিতৌ (বিবুধানাং দেবানাম্ ঋষভাঃ শ্রেষ্ঠাঃ তৈঃ পূজিতৌ) তপত্তড়িদ্বর্ণপিশঙ্গরোচিষা (তপত্তড়িদ্বর্ণং দীপ্যমানবিদ্যুৎসঙ্কাশং যৎ পিশঙ্গরোচিঃ পিঙ্গলকান্তিঃ) (তয়া) রূপিণৌ (মূর্ত্তিমন্তৌ) ॥৩৪

[সঃ মার্কণ্ডেয়ঃ] তে ভগবতো রূপে ঋষী নরনারায়ণৌ বীক্ষ্য উত্থায় উচ্চৈঃ (মহতা) আদরেণ অঙ্গেন (শরীরেণ) দণ্ডবৎ ননাম (প্রণতবান্) ॥৩৫

মার্কণ্ডেয় ঋষির অপকার করিতে আরম্ভ করিয়া মুনির তেজে দগ্ধ হইতে হইতে সেই স্থান হইতে পলায়ন করিলেন।২৯

হে ব্রহ্মন্! ইন্দ্রানুচরগণের দ্বারা এইভাবে ধর্ষিত হইয়াও মহামুনি যে মোহগ্রস্ত হন নাই—তাহা মহদ্ব্যক্তিগণের পক্ষে বিচিত্র নহে।৩০

ঐশ্বর্য্যশালী ইন্দ্র অনুচরগণের সহিত কামদেবকে নিস্তেজ দেখিয়া এবং ব্রহ্মর্ষি মার্কণ্ডেয়ের প্রভাব শুনিয়া অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইলেন।৩১

এইরূপে তপস্যা, বেদপাঠ ও সংযমের দ্বারা পরমাত্মাতে চিত্তসংযোজনকারী সেই মার্কণ্ডেয় মুনির প্রতি অনুগ্রহ করিবার জন্য নর-নারায়ণ-রূপধারী শ্রীহরি আবির্ভূত হইলেন। যে যুগলমূর্ত্তি (ব্রহ্মা, ইন্দ্র প্রভৃতি) শ্রেষ্ঠ দেবগণ কর্তৃক পূজিত, শুক্লবর্ণ নর ও কৃষ্ণবর্ণ নারায়ণ ঋষি, চতুর্ভুজ, যাঁহাদের নয়ন নূতন পদ্মের ন্যায়, কৃষ্ণাজিন ও বল্কল যাঁহাদের (পরিধেয়) বস্ত্র, হস্তে তাঁহাদের পবিত্র (অযুক্ত কুশগুচ্ছ), দীপ্তিশালী বিদ্যুদ্বর্ণের ন্যায় পিঙ্গলবর্ণ (দেহ) কান্তি দ্বারা দেহধারী, সাক্ষাৎ তপস্যার ন্যায় উন্নতদেহ, ত্রিগুণিত (নবগুণ) যজ্ঞোপবীত, কমণ্ডলু, সরল বংশদণ্ড, পদ্মবীজের জপমালা, (মশকাদিনিবারক) জন্তুমার্জন (চামরবিশেষ) ও দর্ভমুষ্টি যাঁহারা (হস্তে) ধারণ করিয়া ছিলেন (সেই নর ও নারায়ণ ঋষি আবির্ভূত হইলেন)।৩৩-৩৪

মার্কণ্ডেয় ঋষি ভগবানের সেই মূর্ত্তিদ্বয় নর ও

উত্থায় প্রাঞ্জলিঃ প্রহ্ব ঔৎসুক্যাদাশ্লিষন্নিব।
নমো নম ইতীশানৌ বভাষে গদ্গদাক্ষরঃ ॥৩৭
তয়োরাসনমাদায় পাদয়োরবনিজ্য চ।
অর্হণেনানুলেপেন ধূপমাল্যৈরপূজয়ৎ ॥৩৮
সুখমাসনমাসীনৌ প্রসাদাভিমুখৌ মুনী।
পুনরানম্য পাদাভ্যাং গরিষ্ঠাবিদমব্রবীৎ ॥৩৯

সঃ তৎসন্দর্শনানন্দনির্বৃতাত্মেন্দ্রিয়াশয়ঃ (তৎ তয়োঃ সন্দর্শনেন যঃ আনন্দঃ তেন নির্বৃতাঃ উপশান্তাঃ আত্মেন্দ্রিয়াশয়ঃ দেহেন্দ্রিয়মনাংসি যস্য সঃ) হৃষ্টরোমা (কণ্টকিতকলেবরঃ) অশ্রুপূর্ণাক্ষঃ (অশ্রুজলাপ্লুতলোচনঃ) [অতএব] তৌ উদীক্ষিতুং (দ্রষ্টুং) ন সেহে (ন সমর্থঃ) ॥৩৬

[সঃ] উত্থায় প্রাঞ্জলিঃ (কৃতাঞ্জলিঃ) প্রহ্বঃ (নম্রঃ সন্) ঔৎসুক্যাৎ (ঔৎসুক্যবশেন) আশ্লিষন্ (আলিঙ্গন্) ইব নমো নমঃ ইতি ঈশানৌ (ঈশৌ) [তৌ নরনারায়ণৌ] গদ্গদাক্ষরং (সগদ্গদং) বভাষে (কথয়ামাস) ॥৩৭

তয়োঃ আসনম্ আদায় (দত্ত্বা) পাদয়োঃ অবনিজ্য (প্রক্ষাল্য) অর্হণেন (অর্ঘ্যেণ) অনুলেপনেন (চন্দনাদিনা) ধূপমাল্যৈঃ (ধূপৈঃ মাল্যৈশ্চ) অপূজয়ৎ ॥৩৮

নারায়ণ ঋষিকে দর্শনমাত্রই উত্থিত হইয়া অত্যন্ত আদরের সহিত সাষ্টাঙ্গে দণ্ডবৎ প্রণাম করিলেন।৩৫

তাঁহাদের দর্শনজাত আনন্দে যাঁহার দেহ, ইন্দ্রিয় ও মন বিগলিত হইয়া পড়িল, রোমরাজি পুলকিত ও চক্ষুদুইটি আনন্দাশ্রুপূর্ণ হওয়ায় সেই মার্কণ্ডেয় ঋষি তাঁহাদের দিকে তাকাইয়া দেখিতে পারিলেন না।৩৬

তিনি উঠিয়া পড়িয়া অতি নম্রভাবে করযোড়ে অত্যন্ত ঔৎসুক্যবশতঃ আলিঙ্গন করিতে করিতেই যেন (কণ্ঠবিজড়িত) গদ্গদস্বরে সেই ঈশ্বরমূর্ত্তিদ্বয়কে "নমো নমঃ" বলিতে লাগিলেন।৩৭

তিনি তাঁহাদের দুইমূর্ত্তিকে আসন দিয়া পদযুগল প্রক্ষালন করিয়া দিয়া অর্ঘ্য (গন্ধাদি) অনুলেপন, ধূপ ও মাল্যের দ্বারা তাঁহাদের পূজা করিলেন।৩৮

মার্কণ্ডেয় উবাচ।

কিং বর্ণয়ে তব বিভো যদুদীরিতোঽসুঃ
সংস্পন্দতে তমনু বাঙ্মনইন্দ্রিয়াণি।
স্পন্দন্তি বৈ তনুভৃতামজশর্বয়োশ্চ
স্বস্যাপ্যথাপি ভজতামসি ভাববন্ধুঃ ॥৪০

মুনিঃ (মার্কণ্ডেয়ঃ) প্রসাদাভিমুখৌ (প্রসন্নতয়া অভিমুখাগতৌ) আসনে সুখম্ আসীনৌ গরিষ্ঠৌ (শ্রেষ্ঠৌ) পুনঃ পাদাভ্যাম্ আনম্য (পাদেষু প্রণম্য) ইদম্ (বক্ষ্যমাণম্) অব্রবীৎ ॥৩৯

[হে] বিভো! তব (ত্বাং) কিং বর্ণয়ে (বর্ণয়ামি)। যৎ (যতঃ) [ত্বয়া এব] উদীরিতঃ (প্রেরিতঃ) অসুঃ (প্রাণঃ) সংস্পন্দতে (প্রবর্ত্ততে), তম্ অনু (ত্বাং) বাঙ্মনইন্দ্রিয়াণি চ স্পন্দন্তি, [ন কেবলং প্রকৃতানাং] তনুভৃতাং (দেহিনাং), অজ-শর্ব্বয়োশ্চ (ব্রহ্মণঃ শঙ্করস্য চ) [তনুঃ মনঃ ইন্দ্রিয়াণি চ স্পন্দতে অতঃ] স্বস্য অপি (মমাপি) [তথা], তথাপি (যদ্যেবং) [ততঃ] ভজতাং [ত্বং] ভাববন্ধুঃ (ভাবেন প্রেম্না বন্ধুঃ বশ্যঃ) অসি (ভবসি) ॥৪০

আসনে সুখে সমাসীন, অনুগ্রহপ্রদানে উন্মুখ পূজ্যতম সেই নরনারায়ণ ঋষির শ্রীচরণে পুনরায় প্রণামপূর্ব্বক মার্কণ্ডেয় ঋষি এইরূপ বলিতে লাগিলেন।৩৯

হে ব্যাপক! আমি আপনার কি বর্ণন করিতে পারি? দেহধারি-প্রাণিগণের, ব্রহ্মা ও শিবের, এবং আমার নিজেরও প্রাণ যে আপনা কর্ত্তৃক অনুপ্রেরিত হইয়াই স্পন্দিত হইয়া থাকে, তারপর বাক্য, মনঃ ও ইন্দ্রিয়সমূহ কার্য্যে প্রবর্ত্তিত হয় (কদাপি কাহারও কোনপ্রকার স্বাতন্ত্র্য না থাকিলেও) তথাপি আপনি ভজনকারিগণের ভাবগ্রহণ করিয়াই বন্ধুরূপে বশীভূত হইয়া থাকেন।৪০

মূর্ত্তী ইমে ভগবতো ভগবংস্ত্রিলোক্যাঃ
ক্ষেমায় তাপবিরমায় চ মৃত্যুজিত্যৈ।
নানা বিভর্ষ্যবিতুমন্যতনূর্যথেদং
সৃষ্ট্বা পুনর্গ্রসসি সর্বমিবোর্ণনাভিঃ ॥৪১

তস্যাবিতুঃ স্থিরচরেশিতুরঙ্ঘ্রিমূলং
যৎস্থং ন কর্মগুণকালরুজঃ স্পৃশন্তি।
যদ্ বৈ স্তুবন্তি নিনমন্তি যজন্ত্যভীক্ষ্ণং
ধ্যায়ন্তি বেদহৃদয়া মুনয়স্তদাপ্ত্যৈ ॥৪২

নান্যং তবাঙ্ঘ্র্যুপনয়াদপবর্গমূর্ত্তেঃ
ক্ষেমং জনস্য পরিতো ভিয় ঈশ বিদ্মঃ।
ব্রহ্মা বিভেত্যলমতো দ্বিপরার্ধধিষ্ণ্যঃ
কালস্য তে কিমুত তৎকৃতভৌতিকানাম্ ॥৪৩

তদ্ বৈ ভজাম্যৃতধিয়স্তব পাদমূলং
হিত্বেদমাত্মচ্ছদি চাত্মগুরোঃ পরস্য।
দেহাদ্যপার্থমসদন্ত্যমভিজ্ঞমাত্রং
বিন্দেত তে তর্হি সর্বমনীষিতার্থম্ ॥৪৪

[হে] ভগবন্। ভগবতঃ ইমে মূর্ত্তী ত্রিলোক্যাঃ (ত্রৈলোক্যস্য) ক্ষেমায়, তাপবিরমায় (দুঃখশান্ত্যৈ) মৃত্যুজিত্যৈ (মোক্ষায়) [ভবান্] ইদং (জগৎ) যথা অবিতুং (পালয়িতুং) নানা (বহুবিধাঃ) অন্যতনূঃ (মৎস্যকূর্ম্মাদিরূপাঃ) বিভর্ষি (ধারয়সি) [তথা] ঊর্ণনাভিরিব সর্ব্বং গ্রসসি ॥৪১

অবিতুঃ (রক্ষিতুঃ) তস্য (ভবদাদেঃ) স্থিরচরেশিতুঃ (স্থাবরজঙ্গমানামীশ্বরস্য) অঙ্ঘ্রিমূলং (পাদমূলং) [ভজামি], যৎস্থং (যস্মিন্ পাদমূলে স্থিতং) কর্ম্মগুণকালরুজঃ (কর্ম্মগুণ-কালানাং রুজঃ ভয়ঃ) [পূর্ব্বোক্তাস্তাপাদয়ঃ] ন স্পৃশন্তি, যদ্বৈ (পাদমূলং) (বেদাঃ হৃদয়েষু যেষাং তে) মুনয়ঃ তদাপ্ত্যৈ, (তৎপ্রাপ্তয়ে) অভীক্ষ্ণং (নিত্যং) স্তুবন্তি, নিনমন্তি (প্রণমন্তি) যজন্তি ধ্যায়ন্তি চ ॥৪২

[হে] ঈশ। অপবর্গমূর্ত্তেঃ (সাক্ষাৎ মোক্ষমূর্ত্তেঃ) তব অঙ্ঘ্র্যুপনয়াৎ (শ্রীমচ্চরণাশ্রয়াৎ অন্যং চরণপ্রাপ্তিং বিনা) পরিতো ভিয়ঃ (সংসারভীতস্য) [অন্যং] ক্ষেমং ন বিদ্মঃ (জানীমঃ); দ্বিপরার্দ্ধধিষ্ণ্যঃ (দ্বিপরার্দ্ধং ধিষ্ণ্যং স্থানম্ অবস্থিতির্যস্য) [অতিদীর্ঘকালস্থায়ী যঃ] ব্রহ্মা তে কালস্য ইতঃ (ভ্রূবিজৃম্ভাদিরূপাৎ কালাৎ) অলং (নিরতিশয়ং) বিভেতি (ভয়ং প্রাপ্নোতি), অতঃ [তৎকৃতানাং] ভৌতিকানাং (ব্রহ্মণঃ সৃষ্টানাং প্রাণিনাং) কিম্ উত (কিং বক্তব্যম্ ?) ॥৪৩

তৎ (তস্মাৎ) অপার্থং (নিষ্ফলং) অসৎ অন্ত্যম্ (বিনাশশীলং) অভিজ্ঞমাত্রম্ (আত্মরূপেণ প্রতীতিবিষয়ং) ইদম্ আত্মচ্ছদি (আত্মানং ছদয়তি যৎ, তৎ আত্মচ্ছাদকং) দেহাদি (দেহগেহাদি—মমত্বং) হিত্বা (ত্যক্ত্বা) ঋতধিয়ঃ (সত্যজ্ঞানস্য) পরস্য (শ্রেষ্ঠস্য) আত্মগুরোঃ তব পাদমূলং ভজামি, যদি [ভজেত] তর্হি তে (সকাশাৎ) সর্ব্বমনীষিতার্থং (অখিলবাঞ্ছিতফলং) বিন্দেত (লভেত) ॥৪৪

ভগবন্! আপনি যেমন এই বিশ্বসংরক্ষণের জন্য (মৎস্য-কূর্ম্ম-বরাহাদি) নানাবিধ শরীর ধারণ করিয়া থাকেন, সেইরূপ আপনার এই নর ও নারায়ণমূর্ত্তি দুইটিও ত্রিলোকের মঙ্গলের জন্য, (সংসারে বিবিধ) তাপনিবৃত্তির জন্য ও (সংসারের পুনঃপুনঃ জন্ম ও মরণ নিবারণ পূর্ব্বক) মৃত্যুজয়ের জন্য (আবির্ভূত)। মাকড়শার (সূত্রবিস্তার ও তাহা উপসংহার করার) মত আপনি সমগ্র (বিশ্ব) সৃষ্টি করিয়া পুনরায় তাহার সংহার করিয়া থাকেন ॥৪১

স্থাবর ও জঙ্গমসমূহের অধিপতি ও পালনকর্ত্তা সেই ভগবানের শ্রীচরণ ভজনা করি। সেই শ্রীচরণাশ্রয়ে অবস্থিত ব্যক্তিকে কর্ম্ম, গুণ ও কালের মালিন্য স্পর্শ করিতে পারে না। (যাঁহাদের হৃদয়ে বেদসমূহ ধৃত হইয়া থাকে সেই) বেদহৃদয় মুনিগণ সেই শ্রীচরণপ্রাপ্তির জন্য সেই শ্রীচরণেরই স্তব করিয়া থাকেন (নিঃশেষভাবে সমস্ত নিজেকে সমর্পণ করিয়া) নমস্কার করিয়া থাকেন, পূজা ও ধ্যান করিয়া থাকেন ॥৪২

হে ঈশ্বর। চতুর্দ্দিকে ভয়-পরিব্যাপ্ত মানুষের পক্ষে মুক্তিস্বরূপ আপনার শ্রীচরণে আশ্রয় গ্রহণ ব্যতীত অন্য কোন উপায় আছে বলিয়া আমরা

সত্ত্বং রজস্তম ইতীশ তবাত্মবন্ধো
মায়াময়াঃ স্থিতিলয়োদয়হেতবোঽস্য।
লীলাধৃতা যদপি সত্ত্বময়ী প্রশান্ত্যৈ
নান্যে নৃণাং ব্যসনমোহভিয়শ্চ যাভ্যাম্ ॥৪৫
তস্মাত্তবেহ ভগবন্নথ তাবকানাং
শুক্লাং তনুং স্বদয়িতাং কুশলা ভজন্তি।
যৎ সাত্বতাঃ পুরুষরূপমুশন্তি সত্ত্বং
লোকো যতোঽভয়মুতাত্মসুখং ন চান্যৎ ॥৪৬
তস্মৈ নমো ভগবতে পুরুষায় ভূম্নে
বিশ্বায় বিশ্বগুরবে পরদেবতায়ৈ।
নারায়ণায় ঋষয়ে চ নরোত্তমায়
হংসায় সংযতগিরে নিগমেশ্বরায় ॥৪৭

[হে] ঈশ। অস্য (জগতঃ) স্থিতিলয়োদয়হেতবঃ (স্থিতিঃ পালনং, লয়ঃ সংহারঃ, উদয়ঃ সৃষ্টিঃ, তেষাং হেতবঃ, সৃষ্টিস্থিতিবিনাশকারণমিত্যর্থঃ) সত্ত্বং রজঃ তম ইতি তব (ত্বয়া) মায়াময়াঃ লীলা ধৃতাঃ, আত্মবন্ধো (হে প্রাণনাথ।) [তথাপি তাসাং মধ্যে] যদপি (যদ্যপি) প্রশান্ত্যৈ (সম্যক্ শান্ত্যর্থং) সত্ত্বময়ী (লীলা ধৃতাঃ) [পরন্তু] যাভ্যাং (রজস্তমোভ্যাং) ব্যসনমোহভিয়ঃ (ব্যসনজনিতো মোহঃ, তস্মাদ্ ভিয়ঃ ভয়হেতবঃ) [ভবন্তি], অন্যে রজস্তমোময্যৌ ন নৃণাং [প্রশান্ত্যৈ, তথাপি এতাভিস্ত্র এব লীলা মায়াময়াঃ] ॥৪৫

[হে] ভগবন্। অথ তস্মাৎ (অস্মাদেব কারণাৎ) ইহ (অস্মিন্ বিষয়ে) তব তাবকানাং (তাবতীনাং সত্ত্বরজস্তমোমূর্ত্তীনাং) [মধ্যে] কুশলাঃ (নিপুণাঃ) স্বদয়িতাং (নিজপ্রিয়াং) শুক্লাম্ (সত্ত্বময়ীং) [রূপম্] উশন্তি (উপাসতে), যতঃ (যৎসেবনাৎ) লোকঃ অভয়ম্ উত আত্মসুখং (আত্মভূতং সুখং ন কর্ম্মফলমিতি যাবৎ) ন চ অন্যৎ (লভতে) ॥৪৬

তস্মৈ (তদ্বিধায়) ভগবতে পুরুষায় ভূম্নে (সর্ব্বব্যাপকায়) বিশ্বায় (দেবমনুষ্যতির্য্যগাদিসর্ব্বস্বরূপায়) বিশ্বগুরবে (ভক্তিজ্ঞানবৈরাগ্যাণামুপদেশকায়) পরমদেবতায়ৈ (অভীষ্টদেবায়) নারায়ণায় ঋষয়ে নরোত্তমায় হংসায় (শুক্লায়) সংযতগিরে (নিয়তবাক্যায়) [অথচ] নিগমেশ্বরায় (বেদপ্রবর্ত্তকায়) নমঃ ॥৪৭

জানি না। দুই পরার্ধকালস্থায়ি স্থানে অধিষ্ঠিত ব্রহ্মাও আপনার কালশক্তির বেগ হইতে অত্যন্ত ভয় পাইয়া থাকেন—সেই ব্রহ্মার সৃষ্ট প্রাণিগণের সম্বন্ধে আর বলার বা কি আছে? ।৪৩

সেই জন্যই আমি তুচ্ছ, নিষ্ফল ও আত্মার আচ্ছাদক দেহাদি পরিত্যাগ করিয়া আত্মগুরু ও সত্যজ্ঞানস্বরূপ পূর্ণ পরমাত্মা আপনার পাদমূল ভজনা করিতেছি। আপনার নিকট হইতেই ক্ষেত্রজ্ঞ স্বরূপাদিমাত্র অথবা সকল প্রকার (মনীষিত) অভিলষিত বস্তুও লাভ করা যায়।৪৪

হে পরমেশ্বর। আত্মবন্ধো! এই বিশ্বের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের কারণ সত্ত্ব, রজঃ ও তমঃ (এই গুণত্রয়ে বিষ্ণু, ব্রহ্মা ও রুদ্ররূপ ত্রিবিধ লীলামূর্ত্তি) মূর্ত্তিতে আপনিই যে মায়াময়ী লীলা ধারণ করিয়াছিলেন, তথাপি আপনার সত্ত্বময়ী মূর্ত্তিই মুক্তির কারণ। রজোময়ী বা তমোময়ী মূর্ত্তি (মুক্তির কারণ) নহে। বরং সেই রজোময়ী ও তমোময়ী মূর্ত্তি হইতে মানুষের দুঃখ, মোহ ও ভয় হইয়া থাকে।৪৫

অতএব হে ভগবন্। এই সংসারে আপনার নিজের ও আপনার ভক্তগণের প্রিয় আপনার শুক্ল (শুদ্ধ সত্ত্বময়) বিগ্রহকে জ্ঞানিগণ ভজনা করিয়া থাকেন; যেহেতু সাত্বত ভক্তগণ শুদ্ধসত্ত্বকে পরমপুরুষের রূপ মনে করেন। (যে শুদ্ধসত্ত্বময় বিগ্রহ ভজনার ফলে) যাহা হইতে ভগবল্লোক (বৈকুণ্ঠাদি) লাভ, অভয় ও আত্মসুখ হইয়া থাকে; অন্য কিছু (জন্মমরণপ্রবাহরূপ সংসার) হয় না।৪৬

(অতএব) সেই পরমপুরুষ, বিশ্বব্যাপক বিশ্বরূপ, বিশ্বগুরু, পরমদেবতা, পরমহংস (শুক্ল) স্বরূপ; সংযতবাক্ (অযথা কথা যিনি বলেন না) (বেদমার্গ প্রবর্তক রূপে) নিগমেশ্বর, নর ও নারায়ণ ঋষিদ্বয়রূপী ভগবানকে নমস্কার।৪৭

যং বৈ ন বেদ বিতথাক্ষপথৈর্ভ্রমদ্ধীঃ
সন্তং স্বখেষ্বসুষু হৃদ্যপি দৃক্‌পথেষু।
তন্মায়য়াবৃতমতিঃ স উ এব সাক্ষা-
দাদ্যস্তবাখিলগুরোরুপসাদ্য বেদম্ ॥৪৮

যদ্দর্শনং নিগম আত্মরহঃপ্রকাশং
মুহ্যন্তি যত্র কবয়োঽজপরা যতন্তঃ।
তং সর্ববাদবিষয়প্রতিরূপশীলং
বন্দে মহাপুরুষমাত্মনিগূঢ়বোধম্ ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে
অষ্টমোঽধ্যায়ঃ ॥৮

স্বখেষু (নিজেন্দ্রিয়েষু) অসুষু (প্রাণেষু) দৃক্‌পথেষু (দৃষ্টিবিষয়ীভূতেষু) হৃদি অপি (নিয়ন্তৃত্বেন) সন্তং (বিদ্যমানমপি) তন্মায়য়া আবৃতমতিঃ [অতএব] বিতথাক্ষপথৈঃ (কপটেন্দ্রিয়মার্গৈঃ) ভ্রমদ্ধীঃ (বিক্ষিপ্তমতিঃ) যং ন বেদ (জানাতি), [হে] অখিলগুরো! [অন্যেষাং কা কথা] সাক্ষাৎ আদ্যশ্চ (ব্রহ্মা অপি) [যং ন বেদ], স উ (ভো!) বেদম্ (বেদতাৎপর্য্যম্) উপসাদ্য (লব্ধ্বা) তে (ত্বাং) (সাক্ষাদ্ বেদ) ॥৪৮

আত্মরহঃপ্রকাশং (আত্মনঃ তব রহস্যপ্রকাশং) যদ্দর্শনং (যস্য তব জ্ঞানং) নিগমে (বেদশাস্ত্রে এব) [ভবতি], যত্র (ত্বয়ি) অজপরাঃ (অজঃ ব্রহ্মা পরঃ শ্রেষ্ঠঃ যেষাং তে ব্রহ্মমুখাঃ) কবয়ঃ (অতীতদর্শিনঃ) যতন্তঃ (কৃতপ্রযত্নাঃ) [অপি] মুহ্যন্তি (মোহম্ আপ্নুবন্তি), সর্ব্ববাদাঃ বিষয়প্রতিরূপশীলং (সর্ব্বেষাং সাংখ্যবাদিনাং বাদবিষয়াঃ ভেদাভেদাদয়ঃ তেষাং প্রতিরূপং তত্তদনুসারি শীলং স্বভাবো যস্য তৎ) গূঢ়বোধং (দুর্বিজ্ঞেয়ং) মহাপুরুষম্ (আত্মনি) (হৃদয়ে) বন্দে (প্রণমামি) ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দ্বাদশস্কন্ধস্য অষ্টমাধ্যায়ান্বয়ঃ

আপনার মায়ায় যাহার বুদ্ধি আবৃত ও নিষ্ফল ইন্দ্রিয়মার্গে যাহার বুদ্ধি ভ্রমণ করে, সেই জীব নিজের ইন্দ্রিয়সমূহে, প্রাণে ও হৃদয়ে (নিয়ন্তৃরূপে) এবং দৃষ্টিপথে (অবতাররূপে) বিরাজমান যে আপনাকে জানিতে পারে না; (অধিক কি) সেই প্রসিদ্ধ প্রথম ব্রহ্মাও সাক্ষাৎ আপনাকে জানিতে পারে না। (কিন্তু) সেই জীব (আবার) অখিলগুরু আপনার প্রবর্তিত বেদ অবলম্বন করিয়া (বেদমার্গে গিয়া) আপনাকে (তাদৃশ বিলক্ষণরূপে) জানিতে পারে।৪৮

বেদ অধ্যয়ন দ্বারাই পরমাত্মরহস্যের প্রকাশক আপনার জ্ঞান জন্মিয়া থাকে। ব্রহ্মা প্রমুখ জ্ঞানিগণ আপনার জ্ঞান লাভে প্রযত্ন করিয়াও মোহগ্রস্ত হইয়া পড়েন। অন্যান্য সকল মতবাদের বিষয়সমূহের প্রতিকূল যাহার স্বভাব, স্বকীয় আত্মাতেই যাঁহার জ্ঞান গুপ্ত, সেই (পূর্ব্বানুভূতস্বরূপ) মহাপুরুষকে আমি বন্দনা করি।৪৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দ্বাদশ-স্কন্ধে শ্রীযাদবেন্দ্রনাথরায়ন্যায়তীর্থ-কৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ।

[মার্কণ্ডেয়মুনের্ভগবন্মায়াদর্শনম্]

সূত উবাচ

সংস্তুতো ভগবানিত্থং মার্কণ্ডেয়েন ধীমতা।
নারায়ণো নরসখঃ প্রীত আহ ভৃগূদ্বহম্ ॥১

শ্রীভগবানুবাচ।

ভো ভো ব্রহ্মর্ষিবর্য্যাসি সিদ্ধ আত্মসমাধিনা।
ময়ি ভক্ত্যানপায়িন্যা তপঃ-স্বাধ্যায়-সংযমৈঃ ॥২

বয়ং তে পরিতুষ্টাঃ স্ম ত্বদ্বৃহদ্‌ব্রতচর্য্যয়া।
বরং প্রতীচ্ছ ভদ্রং তে বরদেশাদভীপ্সিতম্ ॥৩

অন্বয়ঃ

সূতঃ উবাচ,—ধীমতা মার্কণ্ডেয়েন ইত্থং (এবংপ্রকারেণ) সংস্তুতঃ ভগবান্ নরসখঃ (জীবসুহৃৎ) নারায়ণঃ (প্রীতঃ সন্) ভৃগূদ্বহম্ (ভৃগুকুলশ্রেষ্ঠং শৌনকম্) আহ ॥১

শ্রীভগবান্ উবাচ,—ভো ভো ব্রহ্মর্ষিবর্য্য! (ব্রহ্মর্ষিপ্রবর!) আত্মসমাধিনা (চিত্তৈকাগ্র্যেণ) ময়ি অনপায়িনা (বিশুদ্ধয়া) ভক্ত্যা তপঃস্বাধ্যায়সংযমৈঃ (তপ আদিভিঃ) [ত্বং] সিদ্ধঃ অসি ॥২

ত্বদ্বৃহদ্‌ব্রতচর্য্যয়া (ভবদীয়নৈষ্ঠিকব্রহ্মচর্য্যেণ) বয়ং তে পরিতুষ্টাঃ স্ম, [হে] ভদ্র! অহং তে (তুভ্যং) বরদঃ অস্মি, তৎ (তস্মাৎ) ঈপ্সিতং বরং প্রতীচ্ছ (গৃহাণ) ॥৩

ঋষিরুবাচ।

জিতং তে দেবদেবেশ প্রপন্নার্ত্তিহরাচ্যুত।
বরেণৈতাবতালং নো যদ্ ভবান্ সমদৃশ্যত ॥৪

গৃহীত্বাজাদয়ো যস্য শ্রীমৎপাদাব্জদর্শনম্।
মনসা যোগপক্কেন স ভবান্ মেঽক্ষিগোচরঃ ॥৫

অথাপ্যম্বুজপত্রাক্ষ পুণ্যশ্লোকশিখামণে।
দ্রক্ষ্যে মায়াং যয়া লোকঃ সপালো বেদ সদ্ভিদাম্ ॥৬

অন্বয়ঃ

ঋষিঃ উবাচ—[হে] দেবদেবেশ! তে (ত্বয়া) জিতং (উৎকর্ষো দর্শিতঃ), [হে] প্রপন্নার্ত্তিহর (প্রপন্নানাং শরণৈষিণাম্ আর্ত্তিহর দুঃখহর)! [হে] অচ্যুত! যৎ (যস্মাৎ) ভবান্ সমদৃশ্যত (প্রত্যক্ষীভূতঃ), [ততঃ] নঃ এতাবতা বরেণ অলম্ (পর্য্যাপ্তং, অপরেণ বরেণ প্রয়োজনং নাস্তীত্যর্থঃ) ॥৪

অজাদয়ঃ (ব্রহ্মাদয়ঃ) যোগপক্কেন (যোগপরিপাকেন) যস্য (তব) শ্রীমৎপাদাব্জদর্শনং (শ্রীযুক্তপাদপদ্মদর্শনং) মনসা [অপি] গৃহীত্বা [কৃতার্থাঃ ভবন্তি], স ভবান্ [মম] অক্ষিগোচরঃ (প্রত্যক্ষীভূতঃ) ॥৫

নবম অধ্যায়।

(মার্কণ্ডেয় ঋষির ভগবন্মায়াদর্শন)

সূত বলিয়াছিলেন, (হে শৌনক!) বুদ্ধিমান্ মার্কণ্ডেয়মুনি এই প্রকার স্তব করিলে নরঋষির সখা ভগবান্ নারায়ণঋষি সন্তুষ্ট হইয়া সেই ভৃগু-বংশধর মার্কণ্ডেয়কে বলিতে লাগিলেন।১

শ্রীভগবান্ নারায়ণঋষি বলিয়াছিলেন,—হে ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ! তুমি তপস্যা, নিত্য (স্বাধ্যায়) বেদাধ্যয়ন, সংযম, আমার প্রতি অচলা ভক্তি ও আত্মবিষয়ক সমাধির দ্বারা সিদ্ধ হইয়াছ।২

তোমার বৃহৎ নৈষ্ঠিক ব্রহ্মচর্য্যব্রত আচরণে আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি। তোমার মঙ্গল হউক। আমি বরদাতা হইয়াছি। তোমার অভি-লষিত বর গ্রহণ কর।৩

শ্রীমার্কণ্ডেয় ঋষি বলিয়াছিলেন,—হে মহাদেবেশ! হে শরণাগতের ক্লেশনাশন! হে অচ্যুত! আপনার জয় হউক। আপনি আমার নয়নগোচর হইয়াছেন—ইহাই আমার পক্ষে যথেষ্ট; আর বরের প্রয়োজন নাই।৪

ব্রহ্মাদিলোকপালগণ যোগসিদ্ধচিত্তে যাঁহার শ্রীচরণকমলদর্শন গ্রহণ করিয়া কৃতার্থ হইয়া থাকেন, সেই আপনি আমার নয়নগোচর হইয়াছেন।৫

তথাপি হে পদ্মপলাশলোচন! হে পুণ্যশ্লোক-গণের চূড়ামণি! ব্রহ্মাদি লোকপালের সহিত জনসমূহ যাহার প্রভাবে সৎকারণে নানাপ্রকার

সূত উবাচ।

ইতীড়িতোঽর্চিতঃ কামমৃষিণা ভগবান্ মুনে।
তথেতি স স্ময়ন্ প্রাগাদ্ বদর্য্যাশ্রমমীশ্বরঃ ॥৭

তমেব চিন্তয়ন্নর্থমৃষিঃ স্বাশ্রম এব সঃ।
বসন্নগ্ন্যর্ক-সোমাম্বু-ভূ-বায়ু-বিয়দাত্মসু ॥৮

ধ্যায়ন্ সর্বত্র চ হরিং ভাবদ্রব্যৈরপূজয়ৎ।
ক্বচিৎ পুজাং বিসস্মার প্রেমপ্রসারসংপ্লুতঃ ॥৯

অথাপি (তথাপি) [হে] অম্বুজপত্রাক্ষ (পদ্মপত্রনয়ন।) [হে] পুণ্যশ্লোকশিখামণে (হে পুণ্যশ্লোকচূড়ামণে।) [তব] মায়াং দ্রক্ষ্যে (দ্রষ্টুমিচ্ছামি)—যয়া সপালঃ (ব্রহ্মাদিলোক-পালসহিতঃ) লোকঃ সন্তিদাং (সতি বস্তুনি) ভিদাং (ভেদং) বেদ (পশ্যতি) [তাং মায়াং দ্রক্ষ্য ইতি শেষঃ] ॥৬

সূত উবাচ,—[হে] মুনে শৌনক। ঋষিণা ইতি (ইত্থং) কামং (যথেষ্টম্ ঈড়িতঃ) (স্তুতঃ) অর্চ্চিতঃ (পূজিতঃ) ভগবান্ ঈশ্বরঃ সঃ স্ময়ন্ (ঈষৎহাস্যং কুর্ব্বন্) তথা ইতি (উক্ত্বা) বদর্য্যাশ্রমং প্রাগাৎ (গতবান্) ॥৭

ঋষিঃ স্বাশ্রমে এব বসন্ সঃ (মার্কণ্ডেয়ঃ) অগ্ন্যর্ক-সোমাম্বুভূবায়ুবিয়দাত্মসু (অগ্নিঃ, অর্কঃ সূর্য্যঃ, সোমঃ চন্দ্রঃ, অম্বু জলং, ভূঃ পৃথিবী, বায়ুঃ, বিয়ৎ আকাশম্, আত্মা দেহঃ তেষু) তম্ এব অর্থং (প্রয়োজনং, মায়াদর্শনমিতি যাবৎ) চিন্তয়ন্ (চিন্তিতঃ) ॥৮

ভেদ দেখিয়া থাকেন, আমি আপনার সেই মায়া দেখিতে ইচ্ছা করি।৬

সূত বলিয়াছিলেন,—হে মুনে! মার্কণ্ডেয় ঋষি সেই ভগবান্ ঈশ্বরের এইরূপ স্তব ও পর্য্যাপ্ত পূজা করিলে, তিনি ঈষৎ হাস্যসহকারে "তাহাই হউক" বলিয়া বদরিকাশ্রমে প্রস্থান করিলেন।৭

অনন্তর সেই মার্কণ্ডেয় ঋষি ভগবানের মায়া-দর্শন বিষয়ে চিন্তা করিতে করিতে নিজের আশ্রমেই অবস্থান পূর্বক অগ্নি, সূর্য্য, চন্দ্র, জল, পৃথিবী, বায়ু, আকাশ, আত্মায় এবং সমস্ত দ্রব্যে শ্রীহরির ধ্যান করিতে করিতে মনোময় দ্রব্যসমূহদ্বারা তাঁহার পূজা

তস্যৈকদা ভৃগুশ্রেষ্ঠ পুষ্পভদ্রাতটে মুনেঃ।
উপাসীনস্য সন্ধ্যায়াং ব্রহ্মন্ বায়ুরভূন্মহান্ ॥১০

তং চণ্ডশব্দং সমুদীরয়ন্তং
বলাহকা অন্বভবন্ করালাঃ।
অক্ষস্থবিষ্ঠা মুমুচুস্তড়িদ্ভিঃ
স্বনন্ত উচ্চৈরভিবর্ষধারাঃ ॥১১

[সঃ মার্কণ্ডেয়ঃ] সর্ব্বত্র চ হরিং ধ্যায়ন্ ভাবদ্রব্যৈঃ (মনোময়বস্তুভিঃ মানসোপচারৈরিত্যর্থঃ) হরিম্ অপূজয়ৎ (পূজয়ামাস), ক্বচিৎ প্রেমপ্রসারসংপ্লুতঃ (প্রেমবারিবেগেন আপ্লুতঃ) পূজাং বিসস্মার (বিস্মৃতবান্) ॥৯

[হে] ভৃগুশ্রেষ্ঠ। [হে] ব্রহ্মন্। একদা পুষ্পভদ্রা-নদীতটে উপাসীনস্য (স্থিতস্য) তস্য মুনেঃ সন্ধ্যায়াং মহান্ (প্রচণ্ডঃ) বায়ুঃ অভূৎ (প্রবাহিতঃ) ॥১০

করালাঃ (ভয়ঙ্করাঃ) বলাহকাঃ (মেঘাঃ) চণ্ডশব্দং (ভীষণশব্দং) সমুদীরয়ন্তং (কুর্ব্বন্তং) তম্ (বায়ুম্) অনু (পশ্চাৎ) অভবন্ (প্রাদুর্ভূতাঃ), অক্ষস্থবিষ্ঠাঃ (অক্ষঃ রথাঙ্গঃ, তদ্বৎ স্থবিষ্ঠাঃ স্থূলাঃ [তে মেঘাঃ] তড়িদ্ভিঃ (বিদ্যুদ্ভিঃ সহ) [মিলিতাঃ সন্তঃ] উচ্চৈঃ (মহৎ) স্বনন্তঃ (গর্জনং কুর্ব্বন্তঃ) অভি (সমন্তাৎ) বর্ষধারাঃ (বৃষ্টিধারাঃ) মুমুচুঃ ॥১১

করিতে লাগিলেন। কখন কখনও বা প্রেমধারায় অভিষিক্ত হইয়া পূজা ভুলিয়া যাইতে লাগিলেন।৮-৯

হে ব্রহ্মন্ ভৃগুবংশশ্রেষ্ঠ! একদিন সন্ধ্যাকালে মার্কণ্ডেয় মুনি পুষ্পভদ্রানদীর তীরে বসিয়া আছেন—এমন সময় প্রবল ঝড় উঠিল।১০

ভীষণ শব্দে সমুত্থিত সেই ঝড়ের সঙ্গে সঙ্গে ভয়ঙ্কর মেঘও উঠিল। আর বিদ্যুতের সহিত সেই মেঘমালা উচ্চৈঃস্বরে গর্জন করিতে করিতে সমস্তস্থানে রথের চাকার মত স্থূল জলধারা বর্ষণ করিতে লাগিল।১১

ততো ব্যদৃশ্যন্ত চতুঃসমুদ্রাঃ
সমন্ততঃ ক্ষ্মাতলমাগ্রসন্তঃ।
সমীরবেগোর্ম্মিভিরুগ্রনক্র-
মহাভয়াবর্তগভীরঘোষাঃ ॥১২

অন্তর্বহিশ্চাদ্ভিরতিদ্যুভিঃ খরৈঃ
শতহ্রদাভীরুপতাপিতং জগৎ।
চতুর্বিধং বীক্ষ্য মহাত্মনা মুনি-
র্জলাপ্লুতাং ক্ষ্মাং বিমনাঃ সমত্রসৎ ॥১৩

তস্যৈবমুদ্বীক্ষত ঊর্ম্মিভীষণঃ
প্রভঞ্জনাঘূর্ণিতবার্মহার্ণবঃ।
আপূর্যমাণো বর্ষদ্ভিরম্বুদৈঃ
ক্ষ্মামপ্যধাদ্ দ্বীপবর্ষাদ্রিভিঃ সমম্ ॥১৪

সক্ষ্মান্তরিক্ষং সদিবং সভাগণং
ত্রৈলোক্যমাসীৎ সহ দিগ্ভিরাপ্লুতম্।
স এক এবোর্বরিতো মহামুনি-
র্বভ্রাম বিক্ষিপ্য জটা জড়ান্ধবৎ ॥১৫

ততঃ সমীরবেগোর্ম্মিভিঃ (সমীরাঃ বায়বঃ তেষাং যো বেগঃ, তেন যে ঊর্ম্ময়ঃ তরঙ্গাঃ তৈঃ) ক্ষ্মাতলং (বসুধাতলং) সমন্ততঃ (সর্ব্বদিক্ষু) আগ্রসন্তঃ (সম্যক্ গ্রসিতাঃ) উগ্রনক্র-মহাভয়াবর্ত্তগভীরঘোষাঃ (উগ্রাঃ অত্যুৎকটাঃ নক্রাঃ কুম্ভীরাদয়ঃ জলজন্তবঃ যেষু, মহাভয়াঃ আবর্ত্তাঃ যেষু, গম্ভীরঃ ঘোষো যেষু তে চ তে চ তে চ) চতুঃসমুদ্রাঃ ব্যদৃশ্যন্ত (প্রাদুর্ভূতাঃ) ॥১২

অতিদ্যুভিঃ (অতিক্রান্তা দ্যৌঃ স্বর্গলোকং যাভিঃ তাভিঃ) অদ্ভিঃ (জলৈঃ), খরৈঃ (সূর্য্যরশ্মিভিঃ), শতহ্রদাভিঃ (বিদ্যুদ্ভিঃ) আত্মনা সহ চতুর্বিধং (জরায়ুজাদি চতুর্বিধং) জগৎ অন্তঃ বহিশ্চ উপতাপিতং, [এবং] ক্ষ্মাং (পৃথিবীং) জলাপ্লুতাং বীক্ষ্য মুনিঃ বিমনাঃ (সন্) সমত্রসৎ (ভয়ং প্রাপ) ॥১৩

তস্য এবং উদ্বীক্ষতঃ (তৎসমক্ষ এব) ঊর্ম্মিভীষণঃ (ঊর্ম্মিভিঃ ভীষণঃ) প্রভঞ্জনাঘূর্ণিতবাঃ (প্রভঞ্জনেন প্রলয়-বায়ুনা, আঘূর্ণিতং বার্ উদকং যস্মিন্ সঃ) বর্ষণশীলৈঃ বর্ষদ্ভিঃ অম্বুদৈঃ (মেঘৈঃ) আপূর্য্যমাণঃ মহার্ণবঃ দ্বীপবর্ষাদ্রিভিঃ (দ্বীপাদিভিঃ সহ) ক্ষ্মাম্ অপ্যধাৎ (ছাদয়ামাস) ॥১৪

সক্ষ্মান্তরিক্ষং (ভূম্যন্তরীক্ষস্থপ্রাণিসহিতং), সদিবং (স্বর্গস্থদেবতাসহিতং), সভাগণং (সনক্ষত্রং) ত্রৈলোক্যং দিগ্ভিঃ সহ আপ্লুতম্ আসীৎ, একঃ সঃ উর্ব্বরিতঃ (অবশিষ্টঃ) জটাঃ বিক্ষিপ্য জড়ান্ধবৎ বভ্রাম (ভ্রাম্যমাণঃ) [আসীৎ] ॥১৫

তারপর ভয়ঙ্কর জলজন্তুপূর্ণ মহাভয়জনক জল ভ্রমিবিশিষ্ট গম্ভীর গর্জনকারী চতুর্দ্দিকে বর্তমান চারিটি (মহা)-সমুদ্র বায়ুবেগে উত্থাপিত (উত্তাল) তরঙ্গমালা দ্বারা পৃথিবীকে গ্রাস করিতেছে দেখা গেল।১২

আকাশ অতিক্রমকারী জলরাশি ও প্রচণ্ড (বায়ুর সহিত) বিদ্যুন্মালা দ্বারা নিজের সহিত (জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই) চতুর্বিধ জীবজগৎকে ভিতরে ও বাহিরে নিপীড়িত এবং পৃথিবীকে জলপ্লাবিত দেখিয়া মার্কণ্ডেয় ঋষি ভীত ও ব্যাকুলিত হইয়া পড়িলেন। ৩

তাঁহারই দেখা অবস্থায় বৃষ্টির জলধারায় সম্যক্‌রূপে পরিপূর্ণ হইতে হইতে তরঙ্গ (ঢেউ)-মালার দ্বারা ভীষণ, প্রচণ্ড বায়ুবেগে ঘূর্ণিত জলরাশিপূর্ণ মহাসমুদ্র দ্বীপ (ভারত ও ইলাবৃতাদি), বর্ষ ও পর্বতসমূহের সহিত পৃথিবীকে সমাচ্ছাদিত করিয়া ফেলিল।১৪

দিক্‌সকলের সহিত, পৃথিবী ও গগনের সহিত, স্বর্গের সহিত (আকাশস্থিত সূর্য্য নক্ষত্রাদি) জ্যোতির্গণের সহিত এই ত্রিলোক জলপ্লাবিত হইয়া গেল। একমাত্র অবশিষ্ট সেই মহামুনি (মার্কণ্ডেয়) জটাজাল ছড়াইয়া দিয়া জড় ও অন্ধের মত পরি-ভ্রমণ করিতে লাগিলেন।১৫

ক্ষুত্তৃট্‌পরীতো মকরৈস্তিমিঙ্গিলৈ-
রুপদ্রুতো বীচিনভস্বতা হতঃ।
তমস্যপারে পতিতো ভ্রমন্ দিশো
ন বেদ খং গাং চ পরিশ্রমেষিতঃ ॥১৬
ক্বচিদ্ গতো মহাবর্তে তরলৈস্তাড়িতঃ ক্বচিৎ।
যাদোভির্ভক্ষ্যতে ক্বাপি স্বয়মন্যোন্যঘাতিভিঃ ॥১৭
ক্বচিচ্ছোকং ক্বচিন্মোহং ক্বচিদ্ দুঃখং সুখং ভয়ম্।
ক্বচিন্মৃত্যুমবাপ্নোতি ব্যাধ্যাদিভিরুতার্দিতঃ ॥১৮
অযুতাযুতবর্ষাণাং সহস্রাণি শতানি চ।
ব্যতীয়ুর্ভ্রমতস্তস্মিন্ বিষ্ণুমায়াবৃতাত্মনঃ ॥১৯
স কদাচিদ্ ভ্রমংস্তস্মিন্ পৃথিব্যাঃ ককুদি দ্বিজঃ।
ন্যগ্রোধপোতং দদৃশে ফল-পল্লবশোভিতম্ ॥২০
প্রাগুত্তরস্যাং শাখায়াং তস্যাপি দদৃশে শিশুম্।
শয়ানং পর্ণপুটকে গ্রসন্তং প্রভয়া তমঃ ॥২১
মহামরকতশ্যামং শ্রীমদ্‌বনপঙ্কজম্।
কম্বুগ্রীবং মহোরস্কং সুনাসং সুন্দরভ্রুবম্ ॥২২
শ্বাসৈজদলকাভাতং কম্বুশ্রীকর্ণদাড়িমম্।
বিদ্রুমাধরভাসেষচ্ছোণায়িত-সুধাস্মিতম্ ॥২৩

ক্ষুত্তৃট্‌পরীতঃ (ক্ষুধাতৃষ্ণাভ্যাং পরিতপ্তঃ) মকরৈঃ তিমিঙ্গিলৈশ্চ উপদ্রুতঃ, বীচিনভস্বতা (বীচিনা তরঙ্গেণ, নভস্বতা (বায়ুনা) আহতঃ, [অতএব] পরিশ্রমেষিতঃ (পরিশ্রমেণ ইষিতঃ ব্যাপ্তঃ) [সঃ ঋষিঃ] অপারে তমসি (অন্ধকারে পতিতঃ সন্ ভ্রমন্ দিশঃ খং (আকাশং) গাং পৃথিবীং ন বেদ (ন জ্ঞাতঃ) ॥১৬

ক্বচিৎ মহাবর্তে মগ্নঃ, ক্বচিৎ তরলৈঃ (তরঙ্গৈঃ) তাড়িতঃ, ক (ক্বচিৎ) [স্বজাতিবিরোধাৎ] অন্যোন্যঘাতিভিঃ (পরস্পরাক্রমণপরায়ণৈঃ যাদোভিঃ) স্বয়ম্ অপি ভক্ষিতঃ (ভক্ষণপ্রায়াক্রান্তঃ সন্) ক্বচিৎ শোকং ক্বচিৎ মোহং ক্বচিৎ দুঃখং ভয়ং [ক্বচিৎ উপদ্রবেভ্যঃ কথঞ্চিৎ আত্মানং রক্ষয়িত্বা] সুখম্, উত (অপরন্তু) [অনিয়তরৌদ্রবৃষ্টিসেবনাৎ] ব্যাধ্যাদিভিঃ (রোগাদিভিঃ) অর্দিতঃ ক্বচিৎ মৃত্যুম্ অবাপ্নোতি (মৃতকল্পো ভবতি) ॥১৭-১৮

বিষ্ণুমায়াবৃতাত্মনঃ (বিষ্ণুমায়য়া আবৃতঃ আত্মা যস্য তস্য মার্কণ্ডেয়স্য) তস্মিন্ (একার্ণবে) ভ্রমতঃ অযুতাযুতবর্ষাণাং শতানি সহস্রাণি চ (অপরিমেয়কালাঃ) ব্যতীয়ুঃ (অতিক্রান্তাঃ) ॥১৯

সঃ দ্বিজঃ কদাচিৎ (এবম্ভূতাবস্থায়াং) তস্মিন্ (একার্ণবে) ভ্রমন্ (ভাসমানঃ) পৃথিব্যাঃ ককুদি (উন্নতপ্রদেশে) ফলপল্লব-শোভিতং ন্যগ্রোধপোতং (বটবৃক্ষরূপম্ আশ্রয়ং) দদৃশে ॥২০

মকর, তিমিঙ্গিল (নামক জলজন্তু) দ্বারা উৎপীড়িত, (জলের) তরঙ্গ ও বায়ুবেগে আহত, পরিশ্রান্ত, ক্ষুধা ও তৃষ্ণায় ব্যাকুল, অপার অন্ধকারে নিমজ্জিত সেই (মার্কণ্ডেয়) মুনি ভ্রমণ করিতে করিতে দিক্‌গণ, আকাশ, পৃথিবী কিছুই জানিতে পারিলেন না।১৬

তিনি স্বয়ং কখনও মহান্ জলভ্রমিতে ঢুকিয়া যাইতে লাগিলেন, কখনও চঞ্চল তরঙ্গআঘাতে আহত হইতে থাকিলেন এবং কখনও বা পরস্পর আঘাতকারী জলজন্তুগণ কর্তৃক ভক্ষিত হইতে লাগিলেন এবং কখনও শোক, কখনও মোহ, কখনও দুঃখ, কখনও সুখ, কখনও ভয়, কখনও মূর্চ্ছা প্রাপ্ত হইতে লাগিলেন।১৭-১৮

এইরূপে বিষ্ণুমায়ায় বিমোহিতচিত্ত হইয়া সেই মহাসমুদ্রে ভ্রমণ করিতে করিতে সেই মহামুনির শত শত, হাজার হাজার, অযুত অযুত বৎসর কাটিয়া গেল।১৯

সেই মহাসমুদ্রে (এইরূপে) ভ্রমণ করিতে করিতে সেই ব্রাহ্মণ মার্কণ্ডেয় একদিন পৃথিবীর উচ্চপ্রদেশে ফল ও পল্লব পরিশোভিত একটি ছোট বটগাছ দেখিতে পাইলেন।২০

তাহার (সেই বটগাছের) পূর্ব-উত্তর (ঈশান) দিকের শাখায় নিজ দেহকান্তিতে অন্ধকার বিধ্বংসকারী, পর্ণপুটে (পাতার ঠোঙায়) শয়ান (শয়নকারী) এক শিশুকেও দেখিতে পাইলেন।২১

যিনি উৎকৃষ্ট ইন্দ্রনীলমণির ন্যায় শ্যামবর্ণ, যাঁহার

পদ্মগর্ভারুণাপাঙ্গং হৃদ্যহাসাবলোকনম্।
শ্বাসৈজদ্‌বলিসংবিগ্ননিম্ননাভিদলোদরম্ ॥২৪
চার্বঙ্গুলিভ্যাং পাণিভ্যামুন্নীয় চরণাম্বুজম্।
মুখে নিধায় বিপ্রেন্দ্রো ধয়ন্তং বীক্ষ্য বিস্মিতঃ ॥২৫
তদ্দর্শনাদ্ বীতপরিশ্রমো মুদা
প্রোৎফুল্লহৃৎপদ্মবিলোচনাম্বুজঃ।
প্রহৃষ্টরোমাদ্ভুতভাবশঙ্কিতঃ
প্রষ্টুং পুরস্তং প্রসসার বালকম্ ॥২৬
তাবচ্ছিশোর্বৈ শ্বসিতেন ভার্গবঃ
সোঽন্তঃশরীরং মশকো যথাবিশৎ।
তত্রাপ্যদো ন্যস্তমচষ্ট কৃৎস্নশো
যথা পুরামুহ্যদতীব বিস্মিতঃ ॥২৭

অপি তস্য বটতরোঃ প্রাগুত্তরস্যাং (পূর্ব্বোত্তরকোণস্থিতায়াং) শাখায়াং পর্ণপুটকে শয়নং প্রভয়া তমঃ (অন্ধকারং) প্রসন্তং শিশুং দদৃশে ॥২১

শ্রীমদ্‌বদনপঙ্কজং (শ্রীমৎ রম্যং মুখকমলং যস্য তং), মহামরকতশ্যামং (মহামরকতঃ মণিবিশেষঃ, তদ্বৎ শ্যামং), কম্বুগ্রীবং (কম্বুবৎ ত্রিরেখাযুতা গ্রীবা যস্য তং), মহোরস্কং (প্রশস্তবক্ষসং), সুনসং (শোভননাসিকং), সুন্দরভ্রুবং (মনোহরভ্রূযুগলযুক্তং), শ্বাসৈজদলকাভাতং (শ্বাসৈঃ এজন্তঃ কম্পমানাঃ অলকাঃ তৈঃ আভাতং শোভিতং), কম্বুশ্রীকর্ণদাড়িমং (কম্বুবদবর্ত্তনয়েন শ্রীর্যয়োস্তৌ কম্বুশ্রিয়ৌ তয়োঃ কর্ণয়োর্দাড়িমপুষ্পে যস্য তং), বিদ্রুমাধরভাসেষচ্ছোণায়িতসুধাস্মিতং (বিদ্রুমঃ মণিঃ, তত্তুল্যাধরভাসা তৎসদৃশাধরকান্ত্যা ঈষচ্ছোণায়িতম্ অরুণাদিময়ং সুধাতুল্যং স্মিতং হসিতং যস্য তং) পদ্মগর্ভারুণাপাঙ্গং ('পদ্মগর্ভবৎ আ ঈষৎ অরুণাপাঙ্গৌ নেত্রপ্রান্তৌ যস্য), হৃদ্যহাসাবলোকনং (হৃদ্যঃ হৃদয়গ্রাহী হাসঃ যস্মিন্ তৎসহ অবলোকনং সহাসমনোহরদৃষ্টিবিভ্রমঃ) শ্বাসৈজদ্‌বলিসংবিগ্ননিম্ননাভিদলোদরং (শ্বাসৈঃ এজন্তঃ বলয়ঃ ত্রির্য্যগ্‌নিম্নরেখাভিঃ সংবিগ্না চঞ্চলা নিম্না গভীরা নাভির্যস্মিন তৎ তদ্বৎ দলোদরং দলবৎ অশ্বত্থপত্রসমানাম্ উদরং যস্য তং) চার্ব্বঙ্গুলিভ্যাং (চারবঃ অঙ্গুলয়ঃ যয়োঃ তাভ্যাং) পাণিভ্যাম্ (করাভ্যাম্) উন্নীয় (আকৃষ্য) চরণাম্বুজং মুখে নিধায় ধয়ন্তং (পিবন্তং) [তং] বীক্ষ্য সঃ বিপ্রেন্দ্রঃ বিস্মিতঃ [অভূৎ] ॥২২-২৫

তদ্দর্শনাৎ প্রোৎফুল্লহৃৎপদ্মবিলোচনাম্বুজঃ (প্রোৎফুল্লং বিকসিতং হৃৎপদ্মং বিলোচনাম্বুজং নয়নকমলং চ যস্য সঃ) মুদা (হর্ষেণ) বীতপরিশ্রমঃ (বিগতক্লান্তিঃ) অদ্ভুতভাবশঙ্কিতঃ (অদ্ভুতভাবম্ অত্যাশ্চর্য্যরূপং তেন শঙ্কিতঃ সন্ (অপি) প্রহৃষ্টরোম-বালকং প্রষ্টুং (তং কশ্চিৎ জ্ঞাতুং) পুরঃ (অগ্রে) প্রসসার (চলিতঃ) ॥২৬

মশকঃ যথা [জন্তু] শ্বসিতেন (শ্বাসযোগেন) অন্তঃ-

বদনকমল অশেষভাবে শোভিত, গ্রীবাদেশ শঙ্খের মত, বক্ষঃস্থল বিশাল, নাসিকা ও ভ্রূযুগল সুন্দর, শ্বাসবেগে কম্পিত অলক (মাথার কুন্তল)-রাজিশোভিত কর্ণদ্বয় দাড়িম-পুষ্পে বিশেষিত, অমৃতের ন্যায় (যাঁহার) মৃদু হাস্য, প্রবালের ন্যায় অধরের দীপ্তিতে রঞ্জিত, নয়নপ্রান্ত পদ্মগর্ভের ন্যায় অরুণবর্ণ, হাস্য ও অবলোকন (অতি মনোরম) হৃদয়গ্রাহী, (উদরের) বলিসমূহ ও গভীর নিম্ননাভি, নিশ্বাস বায়ুদ্বারা চঞ্চল, যিনি মনোহর অঙ্গুলিযুক্ত হস্তদ্বয়ের দ্বারা একটি চরণকমল উঠাইয়া ধরিয়া তাহা মুখে রাখিয়া চুষিতেছিলেন,—এইরূপে সেই শিশুকে দেখিয়া দ্বিজোত্তম মার্কণ্ডেয় অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইলেন।২২-২৫

সেই শিশুর দর্শনে তাঁহার পরিশ্রম দূরীভূত হইল, আনন্দে তাঁহার হৃদয়পদ্ম ও নয়নপদ্ম উৎফুল্ল হইয়া উঠিল, (গাত্রে) রোমাঞ্চ (শীহরণ) আসিল; এই অবস্থায় বালকের ন্যায় অদ্ভুতভাবে শঙ্কিত হইয়া সেই বালককে জিজ্ঞাসা করার জন্য তাঁহার দিকে অগ্রসর হইলেন।২৬

(অগ্রসর হওয়া মাত্র) তখনই সেই মার্কণ্ডের শিশুর নিঃশ্বাসবায়ুতে (আকৃষ্ট হইয়া) মশকের ন্যায় তাঁহার শরীরের মধ্যে প্রবেশ করিলেন এবং তথায় (বালকের শরীরমধ্যে) (প্রলয়ের) পূর্ব্বের ন্যায় এই জগৎকে সমগ্রভাবে বিন্যস্ত (সজ্জিত) দেখিতে

খং রোদসী ভগণানদ্রিসাগরান্
দ্বীপান্ সবর্ষান্ ককুভঃ সুরাসুরান্।
বনানি দেশান্ সরিতঃ পুরাকরান্
খেটান্ ব্রজানাশ্রমবর্ণবৃত্তয়ঃ ॥২৮
মহান্তি ভূতান্যথ ভৌতিকান্যসৌ
কালং চ নানাযুগকল্পকল্পনম্।
যৎ কিঞ্চিদন্যদ্ ব্যবহারকারণং
দদর্শ বিশ্বং সদিবাবভাসিতম্ ॥২৯
হিমালয়ং পুষ্পবহাং চ তাং নদীং
নিজাশ্রমং তত্র ঋষী অপশ্যত।
বিশ্বং বিপশ্যন্ শ্বসিতাচ্ছিশোর্বৈ
বহির্নিরস্তো ন্যপতল্লয়াব্ধৌ ॥৩০
তস্মিন্ পৃথিব্যাঃ ককুদি প্ররূঢ়ং
বটং চ তৎপর্ণপুটে শয়ানম্।
তোকং চ তৎপ্রেমসুধাস্মিতেন
নিরীক্ষিতোঽপাঙ্গনিরীক্ষণেন ॥৩১
অথ তং বালকং বীক্ষ্য নেত্রাভ্যাং ধিষ্ঠিতং হৃদি।
অভ্যযাদতিসংক্লিষ্টঃ পরিষ্বক্তুমধোক্ষজম্ ॥৩২
তাবৎ স ভগবান্ সাক্ষাদ্ যোগাধীশো গুহাশয়ঃ।
অন্তর্দধ ঋষেঃ সদ্যো যথেহানীশনির্মিতা ॥৩৩

শরীরম্ (উদরম্) আবিশৎ [তথা যাবৎ] সঃ ভার্গবঃ শিশোঃ [শ্বসিতেন তস্য] [অন্তঃশরীরং প্রবিষ্টঃ] তাবৎ যথা পুরা (প্রলয়াৎ প্রাক্) কৃৎস্নশঃ (সাকল্যেন) অদঃ জগৎ সুতরং বিস্তৃতম্ অচষ্ট (দৃষ্টবান্), [তথা] তত্র শিশৌ [দৃষ্ট্বা] বিস্মিতঃ [সন্] অতীব অমুহ্যৎ ॥২৭

